শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীহরিভক্তিবিলাসঃ

প্রথমার্দ্ধঃ

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভা-সভাজনগণ-পূজাভাজনেন শ্রীচৈতন্যমনোঽভীষ্টসংস্থাপকবরেণ

শ্রীল-সনাতনগোস্বামিপাদেন প্রণীত-

স্বদ্বিরচিতদিগ্‌দর্শিনীটীকা-সমলঙ্কৃতশ্চ

তদনুজ্ঞয়া শ্রীল-গোপালভট্টগোস্বামিপাদেন-সমাহৃতপ্রমাণাবলী-সম্বলিতঃ

নবদ্বীপ রাজকীয় সংস্কৃত মহাবিদ্যালয়াধ্যাপক প্রাক্তন অধ্যক্ষ
পণ্ডিত শ্রীকানাইলাল অধিকারী-পঞ্চতীর্থকৃত-মূলানুবাদঃ

শ্রীচৈতন্যগৌড়ীয়মঠ-প্রতিষ্ঠানস্য প্রতিষ্ঠাতা ওঁ শ্রীমদ্ভক্তিদয়িত-মাধব-গোস্বামি-মহারাজ-
বিষ্ণুপাদস্য অধস্তনেন বর্ত্তমানাচার্য্যেণ
ত্রিদণ্ডিস্বামি-শ্রীমদ্ভক্তিবল্লভতীর্থ-মহারাজেন সম্পাদিতঃ

প্রথম-সংস্করণম্

৫১৩-শ্রীগৌরাব্দ

নদীয়া, শ্রীধামমায়াপুর, ঈশোদ্যানস্থিত "শ্রীচৈতন্যবাণী"-ইত্যাখ্য-মুদ্রাযন্ত্রে
ত্রিদণ্ডিস্বামি-শ্রী[illegible]-মহারাজেন মুদ্রিতঃ প্রকাশিতশ্চ

শ্রীশ্রীহরিভক্তিবিলাসঃ

প্রথমার্দ্ধঃ

শ্রীল-সনাতনগোস্বামিপাদেন প্রণীত-

শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ (রেজিঃ)
ঈশোদ্যান
পোঃ-শ্রীমায়াপুর (নদীয়া)

শ্রীশ্রীহরিভক্তিবিলাসঃ প্রথমার্দ্ধঃ

শ্রীশ্রীহরিভক্তিবিলাসঃ

প্রথমার্দ্ধঃ

শ্রীল-সনাতনগোস্বামিপাদেন প্রণীত-

শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ (রেজিঃ)
ঈশোদ্যান
পোঃ-শ্রীমায়াপুর (নদীয়া)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীহরিভক্তিবিলাসঃ

প্রথমার্দ্ধঃ

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভা-সভাজনগণ-পূজাভাজনেন শ্রীচৈতন্যমনোঽভীষ্টসংস্থাপকবরেণ
শ্রীল-সনাতনগোস্বামিপাদেন প্রণীত-
স্তদ্বিরচিতদিগ্‌দর্শিনীটীকা-সমলঙ্কৃতশ্চ

তদনুজ্ঞয়া শ্রীল-গোপালভট্টগোস্বামিপাদেন-সমাহৃতপ্রমাণাবলী-সম্বলিতঃ

নবদ্বীপ রাজকীয় সংস্কৃত মহাবিদ্যালয়াধ্যাপক প্রাক্তন অধ্যক্ষ
পণ্ডিত শ্রীকানাইলাল অধিকারী-পঞ্চতীর্থকৃত-মূলানুবাদঃ

শ্রীচৈতন্যগৌড়ীয়মঠ-প্রতিষ্ঠানস্য প্রতিষ্ঠাতা ওঁ শ্রীমদ্ভক্তিদয়িত-মাধব-গোস্বামি-মহারাজ-
বিষ্ণুপাদস্য অধস্তনেন বর্ত্তমানাচার্য্যেণ
ত্রিদণ্ডিস্বামি-শ্রীমদ্ভক্তিবল্লভতীর্থ-মহারাজেন সম্পাদিতঃ

প্রথম-সংস্করণম্

৫১৩-শ্রীগৌরাব্দ

নদীয়া, শ্রীধামমায়াপুর, ঈশোদ্যানস্থিত "শ্রীচৈতন্যবাণী"-ইত্যাখ্য-মুদ্রাযন্ত্রে
ত্রিদণ্ডিস্বামি-শ্রী[illegible]-মহারাজেন মুদ্রিতঃ প্রকাশিতশ্চ

শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর আবির্ভাব-তিথি

২৭ মাধব,	৫১৩ শ্রীগৌরাব্দ
৪ ফাল্গুন,	১৪০৬ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারী,	২০০০ খৃষ্টাব্দ

প্রাপ্তিস্থান :—

১। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ
ঈশোদ্যান
পোঃ শ্রীমায়াপুর, জেলা নদীয়া
পিন্-৭৪১৩১৩

২। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ
৩৫, সতীশ মুখার্জ্জি রোড
কলিকাতা-৭০০০২৬

৩। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ
মথুরা রোড
পোঃ বৃন্দাবন, মথুরা
(উত্তরপ্রদেশ)

৪। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ
গ্র্যাণ্ড রোড
পোঃ পুরী-৭৫২০০১ (ওড়িষ্যা)

৫। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ
শ্রীজগন্নাথ মন্দির
পোঃ আগরতলা-৭৯৯০০১
(ত্রিপুরা)

৬। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ
পল্টন বাজার
পোঃ গৌহাটী-৭৮১০০৮
(আসাম)

৭। শ্রীগৌড়ীয় মঠ
পোঃ তেজপুর-৭৮৪০০১
(আসাম)

নিবেদন

প্রারম্ভে শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা পরমারাধ্য শ্রীল গুরুদেব নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিদয়িত মাধব গোস্বামী মহারাজের শ্রীপাদপদ্মে অসংখ্য সাষ্টাঙ্গ দণ্ডবৎ প্রণতি জ্ঞাপন-পূর্ব্বক তাঁহার কৃপাশীর্ব্বাদ প্রার্থনা করিতেছি।

"স্মার্ত্ত-পরমার্থভেদে বৈদিক আর্য্য-শাস্ত্র দুই ভাগে বিভক্ত। যাঁহারা স্মার্ত্ত-বিভাগের অধিকারী, তাঁহারা স্বভাবতঃ পরমার্থ-শাস্ত্রে রুচি প্রাপ্ত হন না। নিজ নিজ রুচিঅনুসারেই মানবের বিচার-সিদ্ধান্ত-ক্রিয়া ও জীবনের উদ্দেশ্য গঠিত হয়। স্মার্ত্তগণ নিজ নিজ রুচিসম্মত শাস্ত্রে অধিকতর বিশ্বাস করেন। পারমার্থিক-শাস্ত্রে তাঁহাদের সেরূপ অধিকার না থাকায় সেরূপ অবস্থাও প্রকাশ করেন না। এরূপ বিভাগের কর্ত্তা—বিধাতা। সুতরাং ইহাতে জগৎপাতার একটী গূঢ় উদ্দেশ্য আছে, সন্দেহ নাই। আমরা যতদূর জানিতে পারিয়াছি, সে উদ্দেশ্য এই যে, স্বীয় স্বীয় অধিকারে স্থির থাকিতে পারিলেই জীবের ক্রমোন্নতি হয়। অধিকারচ্যুত হইলেই পতন হয়। মানবগণ স্বীয় স্বীয় কর্ম্মানুসারে কর্ম্মাধিকার ও ভক্ত্যধিকার বলে দ্বিবিধ অধিকার লাভ করিয়া থাকেন। যে-পর্য্যন্ত মানবের কর্ম্মাধিকার থাকে, সে-পর্য্যন্ত তাঁহার স্মার্ত্ত-পথই শ্রেয়ঃ। কর্ম্মাধিকার অতিক্রম-পূর্ব্বক যখন তিনি ভক্ত্যধিকারে প্রবেশ করেন, তখন তাঁহার পারমার্থিক-পথে স্বভাবতঃ রুচি জন্মে। এতন্নিবন্ধন বিধাতা স্মার্ত্ত-পরমার্থ-ভেদে দ্বিবিধ শাস্ত্র করিয়াছেন।

স্মার্ত্তশাস্ত্র মানবগণকে সর্ব্বদা কর্ম্মাধিকার নিষ্ঠা লাভ করাইবার চেষ্টায় অনেক প্রকার বিধি-বিধান করিয়াছেন। এমন কি সেই সকল বিধি-বিধানে বিশেষ নিষ্ঠা দিবার জন্য পরমার্থ-শাস্ত্রের প্রতি অনেক স্থলে ঔদাসীন্য প্রকাশ করিয়াছেন। বস্তুতঃ শাস্ত্র এক হইলেও লোকের নিকট ইহার দুই প্রকার ভাব। অধিকার-নিষ্ঠা ব্যতীত জীবের মঙ্গল হয় না। তাই শাস্ত্র স্মার্ত্ত-পরমার্থ-ভেদে দ্বিবিধ বলিয়া প্রতীত।"

—শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর

নির্ব্বিণ্ণানাং জ্ঞানযোগো ন্যাসিনামিহ কর্ম্মসু। তেষ্বনির্ব্বিণ্ণচিত্তানাং কর্ম্মযোগস্তু কামিনাম্॥
যদৃচ্ছয়া মৎকথাদৌ জাতশ্রদ্ধস্তু যঃ পুমান্। ন নির্ব্বিণ্ণো নাতিসক্তো ভক্তিযোগোঽস্য সিদ্ধিদঃ॥

—শ্রীভাঃ ১১।২০।৭।৮

শ্রীকৃষ্ণ উদ্ধবকে বলিতেছেন—'যাঁহাদের কর্ম্ম ও কর্ম্মফলে নির্ব্বেদ জন্মিয়াছে, তাঁহারা জ্ঞানযোগের অধিকারী। আর যাহাদের কর্ম্মভোগ-বাসনা দূর হয় নাই, সেই সকল কামিগণই কর্ম্মযোগের অধিকারী।

পূর্ব্ব-সুকৃতিফলে আমার কথায় যাঁহার দৃঢ় বিশ্বাস জন্মিয়াছে, অথচ সংসারে অত্যধিক বিরক্তি বা অত্যাসক্তি নাই, তাঁহার পক্ষেই ভক্তিযোগ সিদ্ধিদায়ক।'

ভক্ত ভোগও করেন না, ত্যাগও করেন না। 'মালিক'—এই মিথ্যা অভিমানে ভোগ ও ত্যাগের বিচার আসে। ভক্ত সেবা করেন। হরিসম্বন্ধি বস্তুকে প্রাপঞ্চিক মনে করিয়া ত্যাগ—ফল্গুবৈরাগ্য। যুক্তবৈরাগ্য—আসক্তিরহিত, সম্বন্ধ সহিত, বিষয়সমূহ সকলি মাধব।

'পরোক্ষবাদো বেদোঽয়ং বালানামনুশাসনম্।' —শ্রীভাঃ ১১।৩।৪৪

'বেদ স্বয়ং পরোক্ষবাদ এবং অজ্ঞ, অশান্ত, বাল-স্বভাবতুল্য জীবগণের অনুশাসন। পিতা যেরূপ রোগগ্রস্ত সন্তানের আরোগ্য জন্য তাহাকে মিষ্টান্নের প্রলোভন দেখাইয়া ঔষধ সেবন করান, শাস্ত্রও সেইরূপ কর্ম্মনিবৃত্তির উদ্দেশ্যেই কর্ম্মবিধানের ফলে প্রলোভন দেখাইয়া কর্ম্মমূঢ় জীবসকলকে কর্ম্মে প্রবৃত্ত করান।'

যাঁহারা পঞ্চমপুরুষার্থ 'কৃষ্ণপ্রেম' লাভের জন্য আকাঙ্ক্ষাযুক্ত, তাঁহাদের ভক্ত্যনুকূল ব্রতাদি পালনের জন্য পরম করুণাময় কলিযুগপাবনাবতারী শ্রীগৌরহরি নিজপার্ষদ শ্রীল সনাতন গোস্বামিপাদকে বৈষ্ণব-

স্মৃতি শ্রীহরিভক্তিবিলাস রচনার জন্য নির্দ্দেশ দিয়াছেন। শ্রীমন্মহাপ্রভুর নির্দ্দিষ্ট বিষয়সমূহের প্রমাণ সংগ্রহের দায়িত্ব শ্রীগোপাল ভট্ট গোস্বামীর উপর অর্পিত হয়। এই জন্য শ্রীল সনাতন গোস্বামী হরিভক্তি বিলাসে প্রত্যেক অধ্যায়ে গোপালভট্ট গোস্বামীর নাম সংযোজিত করিয়াছেন। শ্রীল সনাতন গোস্বামী শাস্ত্রের সুমীমাংসার জন্য দিগ্দর্শনী-টীকা লিখিয়াছেন।

নবদ্বীপ রাজকীয় সংস্কৃত মহাবিদ্যালয়ের বৈষ্ণবদর্শনশাস্ত্রের অধ্যাপক ও প্রাক্তন অধ্যক্ষ পণ্ডিত শ্রীকানাইলাল অধিকারী, পঞ্চতীর্থ-কৃত মূল শ্লোকের অনুবাদ প্রদত্ত হইল। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠের অস্থায়ী যুগ্ম-সম্পাদক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী মহারাজ, কলিকাতা মঠের মঠরক্ষক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান হৃষীকেশ মহারাজ এবং শ্রীমঠের বিশিষ্ট সদস্য শ্রীনৃত্যগোপাল ব্রহ্মচারী এই গ্রন্থ মুদ্রণে আনুকূল্য করিয়া অস্মদীয় পরমারাধ্য শ্রীল গুরুদেবের আশীর্ব্বাদ ভাজন হইয়াছেন ও বৈষ্ণবগণের আনন্দবর্দ্ধন করিয়াছেন।

শুদ্ধভক্তিলাভেচ্ছু ভক্তগণের গ্রন্থটীর অত্যাবশ্যকতা হওয়ায় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবারিধি পরিব্রাজক মহারাজ শ্রীধাম মায়াপুর, ঈশোদ্যানস্থ মূল শ্রীচৈতন্য গৌড়ীয় মঠে সংস্থাপিত শ্রীচৈতন্যবাণী প্রেস হইতে উক্ত গ্রন্থ মুদ্রণ এবং প্রুফ সংশোধনের যত্ন করিয়া শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের আশীর্ব্বাদ ভাজন হইয়াছেন।

ভক্তিবল্লভ তীর্থ

শ্রীল সনাতন গোস্বামীর সংক্ষিপ্ত চরিতামৃত

"যা রূপমঞ্জরীপ্রেষ্ঠা পুরাসীদ্রতিমঞ্জরী। সোচ্যতে নামভেদেন লবঙ্গমঞ্জরী বুধৈঃ॥
সাদ্য গৌরাভিন্নতনুঃ সর্ব্বারাধ্যঃ সনাতনঃ। তমেব প্রাবিশৎ-কার্য্যান্মুনিরত্নং সনাতনঃ॥"

—গৌরগণোদ্দেশ ১৮১ শ্লোক

কৃষ্ণলীলায় যিনি রূপমঞ্জরীপ্রেষ্ঠা রতিমঞ্জরী অথবা লবঙ্গমঞ্জরী, তিনিই গৌরলীলায় গৌরাভিন্নতনু শ্রীসনাতন গোস্বামীরূপে অবতীর্ণ হইয়াছেন। চতুঃসনের অন্তর্গত 'সনাতন' যাহাতে প্রবিষ্ট আছেন।

'শ্রীগৌড়ীয় বৈষ্ণব অভিধানে' এইরূপ লিখিত আছে যে শ্রীল সনাতন গোস্বামী আনুমানিক ১৪১০ শকাব্দে (১৫৪৪ সম্বৎ, ১৪৮৮ খৃষ্টাব্দে) আবির্ভূত হইয়াছিলেন। শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুর রচিত শ্রীভক্তিরত্নাকর গ্রন্থে শ্রীল সনাতন গোস্বামীর ঊর্দ্ধতন সাতপুরুষের কথা জানা যায়। শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর শ্রীচৈতন্যচরিতামৃতের অনুভাষ্যে শ্রীল সনাতন গোস্বামীর বংশপরিচয় সম্বন্ধে এইরূপ লিখিয়াছেন—"ভরদ্বাজগোত্রীয় জগদ্গুরু 'সর্ব্বজ্ঞ' নামক এক মহাতপা দ্বাদশ শক শতাব্দীতে কর্ণাটদেশে ব্রাহ্মণ রাজবংশে সমুদিত হন। তাঁহার পুত্র অনিরুদ্ধের রূপেশ্বর ও হরিহর নামক তনয়দ্বয় জন্মে। কিন্তু তাঁহারা উভয়েই রাজ্য হইতে বঞ্চিত হইলে জ্যেষ্ঠ রূপেশ্বর শিখরভূমিতে বাস স্থাপন করেন। রূপেশ্বরের পুত্র পদ্মনাভ গঙ্গাতীরে নৈহাটী নামক গ্রামে বাস করিয়া পাঁচটী পুত্র লাভ করেন। তন্মধ্যে সর্ব্বকনিষ্ঠ মুকুন্দের পুত্র মহাসদাচারী কুমারদেব—সনাতন, রূপ ও অনুপমের জনক। কুমারদেব বাক্‌লা চন্দ্রদ্বীপে বাস করেন। তদানীন্তন যশোহর প্রদেশের অন্তর্গত ফতেয়াবাদ নামক স্থানে তাঁহার আলয় ছিল। তাঁহার কতিপয় পুত্রের মধ্যে তিনটী পুত্র বৈষ্ণবধর্ম্ম গ্রহণ করেন। শ্রীবল্লভ চন্দ্রদ্বীপ হইতে নিজজ্যেষ্ঠ ভ্রাতা শ্রীরূপ ও শ্রীসনাতনের সহিত গৌড়ে রামকেলি গ্রামে কর্ম্মোপলক্ষে বাস করিয়াছিলেন। এখানেই শ্রীজীব গোস্বামীর জন্ম হয়। নবাব সরকারে কার্য্য করায় তিনজনেই মল্লিক উপাধি লাভ

করেন। শ্রীমন্মহাপ্রভু যে-কালে রামকেলিতে গিয়াছিলেন, সেই সময়ে অনুপমের সহিত তাঁহার প্রথম সাক্ষাৎ হয়। শ্রীরূপ গোস্বামী বিষয়কার্য্য ত্যাগ করিয়া শ্রীমহাপ্রভুর চরণোদ্দেশ্যে শ্রীবৃন্দাবনে যাইবার কালে বল্লভ তাঁহার সঙ্গী হন।" —চৈঃ চঃ আ ১০।৮৪ অনুভাষ্য। এতদ্ব্যতীত তদতিরিক্ত নির্ভরযোগ্য কোনও বর্ণন পাওয়া যায় না। প্রাচীন ইতিহাস সম্বন্ধে গবেষকগণ এতদ্বিষয়ে সম্পাত করিতে পারেন।

শ্রীল সনাতন গোস্বামী অল্পবয়সে অধ্যাপক শিরোমণি বিদ্যাবাচস্পতির নিকট সর্ব্বশাস্ত্র অধ্যয়ন করিয়াছিলেন। শ্রীমদ্ভাগবতশাস্ত্রে তাঁহার প্রগাঢ় অনুরাগ ছিল। তিনি শ্রেষ্ঠ ভরদ্বাজগোত্রীয় ব্রাহ্মণবংশে আবির্ভূত হইলেও ম্লেচ্ছের চাকুরী করিয়া ছিলেন বলিয়া বৈষ্ণবোচিত দৈন্যবশতঃ নিজেকে সর্ব্বদা দীন হীন জ্ঞান করিতেন।

"শ্রীসনাতনের গুরু বিদ্যাবাচস্পতি। মধ্যে মধ্যে রামকেলি-গ্রামে তাঁর স্থিতি ॥
সর্ব্বশাস্ত্র অধ্যয়ন করিলা যাঁর ঠাঁই। যৈছে গুরুভক্তি কহি ঐছে সাধ্য নাঞি ॥"
—ভক্তিরত্নাকর ১।৫৯৮-৫৯৯

"যবন দেখিলে পিতা প্রায়শ্চিত্ত করয়। হেন যবনের সঙ্গ নিরন্তর হয় ॥
করি' মুখাপেক্ষা যবনের গৃহে যান। এ হেতু আপনা মানে ম্লেচ্ছের সমান ॥
যৈছে মনোবৃত্তি তাহা কিছু নাহি হয়। ইথে অতি দীন হীন আপনা মানয় ॥
যবে মগ্ন হ'ন দৈন্য-সমুদ্র-মাঝারে। ম্লেচ্ছাদিক হৈতে নীচ মানে আপনারে ॥
নীচজাতি-সঙ্গে সদা নীচ ব্যবহার। এই হেতু নীচজাত্যাদিক উক্তি তাঁ'র ॥
বিপ্ররাজ হৈয়া মহাখেদ-যুক্তান্তরে। আপনাকে বিপ্র-জ্ঞান কভু নাহি করে ॥"
—ভক্তিরত্নাকর ১।৬০৯-৬১৪

"রামানন্দ-দ্বারে কন্দর্পের দর্পনাশে। দামোদর-দ্বারে নিরপেক্ষ পরকাশে ॥
হরিদাস-দ্বারে সহিষ্ণুতা জানাইল। সনাতন-রূপদ্বারে দৈন্য প্রকাশিল ॥"
—ভক্তিরত্নাকর ১।৬৩০-৬৩১

'শ্রীগৌড়ীয় বৈষ্ণব অভিধানে' শ্রীল সনাতন গোস্বামীর পিতামহ কিভাবে মুসলমান বাদশাহের রাজকার্য্যে নিয়োজিত হইয়াছিলেন এবং তাঁহার অধস্তনক্রমে শ্রীল সনাতন গোস্বামী আসিয়াছিলেন তাহার সংক্ষিপ্ত বর্ণন পাওয়া যায়, যথা—সুলতান বার্‌বকশাহের সময়ে (১৪৬০-১৪৭০ খৃঃ) শ্রীল সনাতনের পিতামহ মুকুন্দ গৌড়ে রাজসরকারে প্রবেশ করিয়া ছিলেন। বার্‌বকশাহ রাজ্য ও অন্তঃপুর রক্ষার জন্য আবিসিনীয়া হইতে বহু ক্রীতদাস ও খোজাকে আনিয়া চাকুরী দিয়াছিলেন—ইহাদিগকে 'হাব্‌সি' বলে। বার্‌বকশাহের মৃত্যুর পরে তাহার পুত্র ইউসুফ, ইউসুফের মৃত্যুর পর ফতেশাহ রাজা হইলেন। ফতেশাহের সময়ে হাব্‌সিরা চক্রান্ত করিয়া ফতেশাহকে হত্যা করিয়া পাঁচ-ছয় বৎসর পর্য্যন্ত রাজত্ব করিয়াছিল। শেষ হাব্‌সিরাজার উজীর বা মন্ত্রী ছিলেন হুসেনশাহ। তিনিই পরে গৌড়ের বাদশাহ হইলেন। ফতেশাহের সময়ে মুকুন্দ স্বধাম প্রাপ্ত হইলে তাঁহার স্থলে সনাতন নিযুক্ত হইলেন। হাব্‌সীদের অত্যাচার সনাতন সহ্য করিয়া পরে হুসেনশাহের সময়ে নিজ যোগ্যতাবলে উচ্চ রাজপদবী লাভ করিলেন এবং ক্রমশঃ প্রধানমন্ত্রী হইলেন। শ্রীরূপগোস্বামী উপমন্ত্রী, (বা অর্থমন্ত্রী) হইলেন।' শ্রীসনাতনের মুসলমান রাজপ্রদত্ত নাম ছিল 'সাকর মল্লিক' এবং শ্রীরূপের নাম 'দবরীখাস'।

"রাজা কহে, শুন, মোর মনে যেই লয়। সাক্ষাৎ ঈশ্বর, ইঁহা নাহিক সংশয় ॥
এত কহি রাজা গেলা নিজ-অভ্যন্তরে। তবে দবিরখাস আইলা আপনার ঘরে ॥
ঘরে আসি দুই ভাই যুকতি করিঞা। প্রভু দেখিবারে চলে বেশ লুকাঞা।
অর্দ্ধরাত্রে দুই ভাই আইলা প্রভু-স্থানে। প্রথমে মিলিলা নিত্যানন্দ-হরিদাস সনে ॥
তাঁরা দুইজন জানাইল প্রভুর গোচরে। রূপ, সাকরমল্লিক আইলা তোমা দেখিবারে ॥"
—চৈঃ চঃ মধ্য ১।১৮০-১৮৪

শ্রীকৃষ্ণলীলার পার্ষদগণই শ্রীগৌরলীলাপুষ্টির জন্য অবতীর্ণ হইয়াছিলেন। শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু তদীয় পার্ষদগণের দ্বারা জগদ্বাসীকে বিভিন্ন বিষয়ে শিক্ষা প্রদান করিয়াছেন।

"হরিদাসদ্বারা নাম-মাহাত্ম্য-প্রকাশ। সনাতনদ্বারা ভক্তিসিদ্ধান্ত বিলাস ॥
শ্রীরূপদ্বারা ব্রজের রসপ্রেমলীলা। কে কহিতে পারে গম্ভীর চৈতন্যের খেলা ?"
—চৈঃ চঃ অন্ত্য ৫।৮৬-৮৭

"সনাতন কৃপায় পাইনু ভক্তির সিদ্ধান্ত। শ্রীরূপ-কৃপায় পাইনু ভক্তিরসপ্রান্ত ॥"
—চৈঃ চঃ আদি ৫।২০৩

শ্রীল সনাতন গোস্বামী শ্রীভক্তিসিদ্ধান্তাচার্য্য সম্বন্ধ-জ্ঞানপ্রদাতা।

বিশ্বব্যাপী শ্রীচৈতন্য মঠ ও শ্রীগৌড়ীয় মঠসমূহের প্রতিষ্ঠাতা অস্মদীয় পরম গুরুপাদপদ্ম নিত্যলীলা-প্রবিষ্ট ও ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ তাঁহার অনুকম্পিত শিষ্যগণের প্রতি কৃপা-পরবশ হইয়া "বৈষ্ণব কে ?" স্বরচিত গীতিতে যে উপদেশামৃত প্রদান করিয়াছেন, তাহাতে শ্রীচৈতন্য-চরিতামৃতের 'সনাতনশিক্ষাপ্রসঙ্গ' মাত্র উল্লিখিত হইয়াছে। তিনি লিখিয়াছেন—

"তাই দুষ্ট মন, নির্জ্জন ভজন,
প্রচারিছ ছলে কুযোগী-বৈভব।
প্রভু সনাতনে, পরম যতনে,
শিক্ষা দিল যাহা, চিন্ত সেইসব ॥"

শ্রীমন্মহাপ্রভু সনাতন গোস্বামীকে বা সনাতন গোস্বামীকে অবলম্বন করিয়া জগদ্বাসীকে যে শিক্ষা দিয়াছেন তাহা পরম যত্নের সহিত চিন্তা করিতে শ্রীল প্রভুপাদের উপদেশ।

শ্রীমন্মহাপ্রভু সন্ন্যাস গ্রহণের পর শান্তিপুর হইয়া পুরীতে এবং তথা হইতে দক্ষিণ ভারতে গিয়া-ছিলেন। দক্ষিণ ভারত হইতে পুরীতে ফিরিয়া গৌড়দেশ হইয়া বৃন্দাবনযাত্রাকালে যে সময়ে শ্রীমন্মহাপ্রভু কানাইর নাটশালা হইতে প্রত্যাবর্ত্তন করিলেন, সেই সময় কুলিয়া হইতে যাত্রাকালে মহাপ্রভুর সহিত লক্ষকোটি লোক ছিল। শ্রীমন্মহাপ্রভু মালদহে রামকেলি গ্রামে পৌঁছিলে শ্রীমন্মহাপ্রভুর সহিত শ্রীরূপ-সনাতনের প্রথম সাক্ষাৎকার হয়। শ্রীমন্মহাপ্রভুর সহিত অসংখ্য হিন্দু দেখিয়া যবনরাজা বাদশাহ প্রথমে সন্দেহ করিয়াছিলেন। বাদশাহ যাহাতে মহাপ্রভুর সহিত শত্রুতা না করে, ক্ষত্রিয় কেশব বাদশাহকে সেইভাবে প্রবোধ দিলেন। শ্রীরূপগোস্বামীও (দবীরখাসও) মহাপ্রভুর মহিমা কীর্ত্তন করতঃ বাদশাহের সৌভাগ্যের কথা বলিয়া তাঁহাকে উৎসাহিত করিলেন। ক্ষত্রিয় কেশব গোপনে ব্রাহ্মণ পাঠাইয়া মহাপ্রভুকে শীঘ্র অন্যত্র চলিয়া যাইতে পরামর্শ দিলেন। শ্রীরূপ সনাতন যুক্তি করিয়া উভয়ে মহাপ্রভুর পাদপদ্মে উপনীত হইয়া অত্যন্ত দৈন্যোক্তি জ্ঞাপনপূর্ব্বক বলিলেন—

"জগাই মাধাই হৈতে কোটি কোটি গুণ। অধম পতিত পাপী আমি দুইজন ॥
ম্লেচ্ছজাতি, ম্লেচ্ছসঙ্গী, করি ম্লেচ্ছকর্ম্ম। গো-ব্রাহ্মণ-দ্রোহি-সঙ্গে আমার সঙ্গম ॥
মোর কর্ম্ম, মোর হাতে-গলায় বান্ধিঞা। কুবিষয়বিষ্ঠা-গর্ত্তে দিয়াছে ফেলিয়া ॥
আমা উদ্ধারিতে বলী নাহি ত্রিভুবনে। পতিতপাবন তুমি—সবে তোমা বিনে ॥"
—চৈঃ চঃ মধ্য ১।১৯৬-১৯৯

"আপনে অযোগ্য দেখি' মনে পাঙ ক্ষোভ। তথাপি তোমার গুণে উপজায় লোভ ॥
বামন হঞা চাঁদ ধরিতে ইচ্ছা করে। তৈছে মোর এই বাঞ্ছা উঠয়ে অন্তরে ॥"
—ঐ ২০৪-২০৫

শ্রীমন্মহাপ্রভু রূপ-সনাতনের দৈন্যোক্তি শুনিয়া কৃপার্দ্র চিত্ত হইয়া বলিলেন—"তোমরা আমার পুরাতন দাস, আজি হইতে তোমাদের নাম 'রূপ', 'সনাতন'। গৌড়ে—রামকেলিগ্রামে আমি আসিয়াছি তোমাদের সহিত মিলিবার জন্য। অচিরেই কৃষ্ণ তোমাদিগকে উদ্ধার করিবেন।"

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ শ্রীচৈতন্যচরিতামৃত মধ্যলীলা প্রথম পরিচ্ছেদের ২০৮ পয়ারের স্বকৃত অনুভাষ্যে এইরূপ লিখিয়াছেন—"শ্রীমহাপ্রভু প্রসাদদানে দবির-খাসের নাম 'রূপ' এবং সাকর-মল্লিকের নাম 'সনাতন' রাখিয়াছিলেন। বৈধ কনিষ্ঠাধিকারে, নামকরণ—একটী সংস্কার। যাহারা নামপ্রসাদ অবজ্ঞা করে, তাহাদের হরিভক্তির সম্ভাবনা নাই; জড়প্রতিষ্ঠায় তাহারা মত্ত থাকে। 'শঙ্খচক্রাদ্যূর্দ্ধ পুণ্ড্রধারণাদ্যাত্মলক্ষণম্। তন্নামকরণঞ্চৈব বৈষ্ণবত্বমিহোচ্যতে।' প্রাকৃত সহজিয়াগণের মধ্যে বিষ্ণুদাস্যপর নামকরণের অভাব থাকায় বর্ত্তমানকালে তাহারা 'গৌড়ীয় বৈষ্ণব'-শব্দবাচ্য নহে। অবৈষ্ণবগণ বৈষ্ণবগুরুপ্রদত্ত নামের অপ্রাপ্তিতে দেহাত্মবুদ্ধিক্রমে আপনাদের হরিসম্বন্ধ না জানিয়া প্রাগ্‌বর্ণোচিত নামাদিসংরক্ষণে প্রমত্ত থাকে।"

রামকেলিতে মহাপ্রভুর সঙ্গী নিত্যানন্দপ্রভু, হরিদাস ঠাকুর, শ্রীবাস পণ্ডিত, গদাধর পণ্ডিত, মুকুন্দ দত্ত, জগদানন্দ পণ্ডিত, মুরারি গুপ্ত এবং বক্রেশ্বর পণ্ডিত আদি ভক্তগণের দ্বারা শ্রীমন্মহাপ্রভু রূপসনাতনের উপর আশীর্ব্বাদ করাইলেন। বিদায়কালে সুবিচক্ষণ সনাতন গোস্বামী মহাপ্রভুর পাদপদ্মে এই বলিয়া নিবেদন করিলেন—

"ইহা হৈতে চল, প্রভু, ইহা নাহি কাজ। যদ্যপি তোমারে ভক্তি করে গৌড়রাজ॥
তথাপি যবনজাতি, না করিহ প্রতীতি। তীর্থযাত্রায় এত সংঘট্ট ভাল নহে রীতি॥
যাঁহা সঙ্গে চলে এই লোক লক্ষকোটি। বৃন্দাবন যাইবার এ নহে পরিপাটী॥"

—চৈঃ চঃ মধ্য ১।২২২-২২৪

শ্রীমন্মহাপ্রভু কানাইর নাটশালা পর্য্যন্ত যাইয়া সনাতনের পরামর্শের কথা চিন্তা করিয়া বৃন্দাবন না যাইয়া প্রত্যাবর্ত্তন পথে শান্তিপুর হইয়া পুরী যাত্রা করিলেন।

"গণসহ সনাতন-রূপে কৃপা করি। রামকেলি হৈতে যাত্রা কৈলা গৌরহরি।"

—ভক্তিরত্নাকর ১।৬৩৫

শ্রীকৃষ্ণলীলার পার্ষদদ্বয় শ্রীরূপ-সনাতন শ্রীগৌরলীলার পুষ্টির জন্য অবতীর্ণ হইয়া সাধক-লীলাভিনয়কালে রামকেলিতে শ্রীমন্মহাপ্রভুর দর্শন লাভের পরে তীব্র বৈরাগ্য ও ব্যাকুলতা প্রকট করিলেন। শ্রীচৈতন্য মহাপ্রভুর পাদপদ্ম শীঘ্র লাভের আশায় তাঁহারা কৃষ্ণমন্ত্রে দুইটী পুরশ্চরণ করাইলেন।

শ্রীরূপগোস্বামী চাকুরী হইতে অবসর গ্রহণ করিয়া সনাতন গোস্বামীর জন্য গৌড়দেশে মুদিখানায় দশ হাজার মুদ্রা রাখিয়া নিজের সঞ্চিত সমস্ত ধন লইয়া বাক্‌লা চন্দ্রদ্বীপে গেলেন, ব্রাহ্মণ, বৈষ্ণব ও কুটুম্বগণকে অর্থ বণ্টন করিয়া দিলেন এবং এক চৌথি বিভিন্ন বিশ্বাসভাজন ব্যক্তির কাছে স্থাপ্য রাখিলেন। তৎপরে, মহাপ্রভু বনপথে কবে বৃন্দাবন যাত্রা করিবেন—তাহা জানিবার জন্য রূপগোস্বামী দুই ব্যক্তিকে পুরুষোত্তমধামে প্রেরণ করিলেন।

বাদশাহ হুসেনশাহ সনাতন গোস্বামীকে ছোট ভাইরূপে দেখিতেন এবং খুবই প্রীতি করিতেন। সনাতন গোস্বামী চিন্তা করিলেন, রাজার প্রীতি—বিষয়ী ব্যক্তির প্রীতি বন্ধনের কারণ। কোনও প্রকারে রাজা ক্রুদ্ধ হইলে বিষয়ের বন্ধন হইতে রেহাই পাওয়া যায়। বিষয়ী ব্যক্তির ক্রোধ ও অনাদর হইতে হিত সাধিত হয়। এইজন্য শ্রীল সনাতন গোস্বামী অস্বাস্থ্যের ছলে রাজকার্য্য না করিয়া নিজগৃহে পণ্ডিতগণকে লইয়া ভাগবতচর্চ্চা করিতে লাগিলেন। হঠাৎ সনাতন রাজকার্য্য ত্যাগ করায় বাদশাহ চিন্তিত হইলেন। সনাতনের অসুস্থতা সংবাদ পাইয়া তিনি বৈদ্য পাঠাইলেন। বৈদ্য দেখিয়া আসিয়া বাদশাহকে সনাতন সুস্থ এবং তাঁহার পণ্ডিতগণের সহিত ভাগবত আলোচনার কথা জানাইলেন। তচ্ছ্রবণে বাদশাহ নিজেই সনাতনের নিকট আসিয়া তাঁহাকে অনেক প্রীতিপূর্ণ বাক্যের দ্বারা বুঝাইবার চেষ্টা করিলেন। কিন্তু সনাতন রাজকার্য্য করিতে স্বীকৃত হইলেন না এবং ওড়িষ্যার বাদশাহের সঙ্গে যুদ্ধে যাইতেও অনিচ্ছা প্রকাশ করিলেন। বাদশাহ চিন্তিত হইয়া সনাতনকে কারারুদ্ধ করিয়া যুদ্ধে গেলেন।

শ্রীমন্মহাপ্রভু বনপথে বৃন্দাবন যাত্রা করিয়াছেন সংবাদ পাইয়া শ্রীরূপগোস্বামীর ছোট ভাই অনুপম মল্লিককে সঙ্গে লইয়া বৃন্দাবনাভিমুখে যাত্রা করিলেন এবং যে কোনও প্রকারে কারাগার হইতে মুক্ত হইয়া আসিবার জন্য সঙ্কেতে 'যদুপতেঃ ক্ব গতা মথুরা পুরী, রঘুপতেঃ ক্ব গতোত্তর কোশলা। ইতি বিচিন্ত্য কুরুস্ব মনঃ স্থিরং, ন সদিদং জগদিত্যবধারণ' লিখিয়া সনাতন গোস্বামীর নিকট পত্র পাঠাইলেন।

পত্রের সঙ্কেত বুঝিয়া সনাতন গোস্বামী আনন্দিত হইলেন। সুবুদ্ধিমান সনাতন কি করিয়া কারাগার হইতে মুক্ত হইবেন চিন্তা করিয়া কারারক্ষককে—যাহাকে তিনিই পূর্ব্বে উক্ত চাকুরীতে নিয়োজিত করিয়াছিলেন—প্রথমে অনেক প্রশংসামুখে 'একজন মুক্ত করিলে ঈশ্বর তাহাকে উদ্ধার করেন' ইত্যাদি বাক্যের দ্বারা উৎসাহিত করিলেও যবনকারারক্ষকের মন দ্রবীভূত হইল না। তখন তিনি প্রত্যুপকার প্রার্থনা করিলেন অর্থাৎ তিনি তাহাকে চাকুরী দিয়াছিলেন সেই উপকারের বিনিময়ে প্রত্যুপকার চাহিলেন। তৎসত্ত্বেও কারারক্ষক উক্ত কার্য্য করিতে স্বীকৃত না হইলে সনাতন গোস্বামী তাহাকে তদ্বিনিময়ে পাঁচ সহস্র মুদ্রার প্রলোভন দেখাইলেন। মুদ্রার কথা শুনিয়া যবন কারারক্ষকের কঠোর মনোভাব শিথিল হইল, কিন্তু মুক্তি দিলে বাদশাহের দ্বারা দণ্ডিত হওয়ার আশঙ্কা প্রকাশ করিল। সনাতন তাহাকে বুঝাইলেন—'বাদশাহ যুদ্ধে গিয়াছেন—যদি ফিরিয়া আসেন বলিতে হইবে সনাতন বাহ্য-কৃত্যে গিয়াছিল, গঙ্গা দেখিয়া ঝাঁপ দিল কোথায় চলিয়া গেল দেখিতে পাইলাম না। তিনি আরও বলিলেন তিনি এখানে থাকিবেন না, দরবেশ হইয়া মক্কায় যাইবেন, সুতরাং তাহার চিন্তা নাই। এইভাবে বহু প্রকার স্তোকবাক্যে ও মিষ্টবাক্যে বুঝাইলেও যবনমন প্রসন্ন না হইলে সনাতন গোস্বামী মুদিখানায় রক্ষিত অর্থ হইতে সাত হাজার মুদ্রা আনিয়া যবন কারারক্ষকের সম্মুখে রাশি করিলেন। মুদ্রা দেখিয়া যবনের লোভ হইল, বেড়ী কাটিয়া সনাতনকে গঙ্গা পার করাইয়া দিল।

যখন আত্মার অহৈতুকী ভক্তি প্রকটিত হয়—যখন যথার্থতঃ ভগবানের জন্য হৃদয়ের ব্যাকুলতা আসে, তখন জগতের সমস্ত সুখস্বাচ্ছন্দ্যের বিচার বিসর্জ্জিত হয়। অহৈতুকী ভক্তির আনুষঙ্গিক ফলরূপে বৈরাগ্য প্রকাশিত হয়। প্রধানমন্ত্রী সনাতন গোস্বামী রিক্তহস্তে জেল হইতে মুক্ত হইয়া রাজপথ পরিত্যাগ করতঃ গ্রাম্য পথ দিয়া দুর্ব্বারগতিতে চলিতে চলিতে পাতড়া পর্ব্বতে আসিয়া উপস্থিত হইলেন। পর্ব্বত পার হওয়ার রাস্তা খুঁজিয়া না পাইয়া সনাতন গোস্বামী একজন ভূম্যধিকারীর (দস্যু-দলপতির) সাহায্য প্রার্থনা করিলেন। সনাতন গোস্বামীর পুরাতন ভৃত্য ঈশান সঙ্গে ছিলেন। ভূম্যধিকারী হাতগণিতার মাধ্যমে জানিতে পারিয়াছিল ঈশানের নিকট আটটী মোহর আছে, এজন্য সনাতনকে খুব আদর যত্ন করিতে লাগিল। সুবুদ্ধিমান্ রাজমন্ত্রী সনাতন চিন্তা করিলেন, অপরিচিত ব্যক্তির এত আদর যত্নের কারণ কি, সন্দেহ হওয়ায় ঈশানকে জিজ্ঞাসা করিলেন তাহার নিকট কিছু আছে কি না। ঈশান একটী মোহর গোপন করতঃ সাতটী মোহরের কথা বলিলেন। সনাতন গোস্বামী 'সঙ্গে কেনে আনিয়াছ এই কালযম ?' এই বাক্যের দ্বারা ঈশানকে মৃদু ভর্ৎসনা করতঃ তাহার নিকট হইতে সাতটী মোহর লইয়া ভূম্যধিকারীকে দিলেন এবং পর্ব্বত পার করিয়া দিতে অনুরোধ করিলেন। ভূম্যধিকারী তখন ঈশানের নিকট আটটী মোহর থাকার কথা এবং রাত্রিতেই তাহাদিগকে হত্যা করার সঙ্কল্পের কথা জানাইয়া প্রসন্ন চিত্তে মোহর ফেরৎ দিতে চাহিলেও সনাতন গোস্বামী তাহা গ্রহণ করিলেন না। কারণ বিচক্ষণ ব্যক্তি সর্ব্বদা জানেন—'অব্যবস্থিত-চিত্তস্য প্রসাদপি ভয়ঙ্করঃ'; 'ধূর্ত্তস্য বচনে কাস্থা, কচিৎ সত্যং কৃচিৎ মৃষা, কৃচিৎ রৌদ্রং, কৃচিৎ বৃষ্টিঃ শ্রাবণস্য ঘনো যথা।' ধূর্ত্তের বচনের কোনও স্থিরতা নাই।

পর্ব্বত পার হওয়ার পর সনাতন গোস্বামী ঈশানকে অবশিষ্ট মোহর লইয়া দেশে ফিরিয়া যাইতে বলিলেন। 'মোহর' রক্ষা করিবে এইরূপ জড়নির্ভরশীলতা থাকিলে তাহার সংসার ত্যাগের অধিকার হয় না। অনধিকারী ব্যক্তি সংসার ত্যাগ করিলে ত্যক্তাশ্রম দূষিত হয়। সনাতন গোস্বামী তাঁহার ভৃত্য ঈশানের মাধ্যমে এই শিক্ষা দিলেন। ঈশানকে বিদায় দিয়া চলিতে চলিতে পাটনার অপর পারে

হাজিপুরে আসিয়া পৌঁছিলেন। সেখানে ভগিনীপতি শ্রীকান্তের সহিত সনাতন গোস্বামীর সাক্ষাৎকার হইল। শ্রীকান্ত সনাতন গোস্বামীকে বিশ্রামের জন্য কএকদিন থাকিতে অনুরোধ করিলেও মহাপ্রভুর দর্শনে ব্যাকুল সনাতন গোস্বামী অপেক্ষা করিতে অস্বীকার করিলেন। তখন শ্রীকান্ত একটী মূল্যবান্ ভোটকম্বল দিলেন। সনাতন গোস্বামী বারাণসী পৌঁছিয়া শ্রীচন্দ্রশেখর বৈদ্যের গৃহে শ্রীমন্মহাপ্রভুর অবস্থিতির কথা জানিতে পারিয়া পরমানন্দিত হইলেন। প্রথমে শ্রীচন্দ্রশেখরের গৃহাভ্যন্তরে প্রবেশ না করিয়া বহির্দ্বারে বসিয়া থাকিলেন। অন্তর্য্যামী শ্রীমন্মহাপ্রভু ভক্তের আগমন জানিতে পারিয়া চন্দ্রশেখরের মাধ্যমে তাঁহাকে গৃহাভ্যন্তরে আসিতে বলিলে সনাতন গোস্বামী গৃহে প্রবিষ্ট হইলেন। মহাপ্রভু ছুটিয়া গিয়া আলিঙ্গন করিলেন। ভক্ত ও ভগবানের অপূর্ব্ব মিলনে উভয়ের অদ্ভুত প্রেমবিকার প্রকটিত হইল। মহাপ্রভু সনাতনকে নিজ পার্শ্বে বসাইয়া অত্যন্ত স্নেহাপ্লুত হইয়া তাঁহার অঙ্গ মার্জ্জন করিতে লাগিলেন। সনাতন গোস্বামী সঙ্কুচিত হইয়া তাঁহাকে স্পর্শ করিতে নিষেধ করিলে মহাপ্রভু বলিলেন—

(প্রভু কহে)—"তোমা স্পর্শি আত্ম পবিত্রিতে। ভক্তিবলে পার তুমি ব্রহ্মাণ্ড শোধিতে॥
তোমা দেখি, তোমা স্পর্শি, গাই তোমার গুণ। সর্ব্বেন্দ্রিয়-ফল—এই শাস্ত্রের নিরূপণ॥"

—চৈঃ চঃ মধ্য ২০।৫৬, ৬০

শ্রীচৈতন্য মহাপ্রভু নিজে পবিত্র হইবেন এবং ব্রহ্মাণ্ডকে পবিত্র করিবেন, এইজন্য সনাতন গোস্বামীকে স্পর্শ করিতেছেন; এইকথা বলিয়াই পুনঃ সঙ্গে সঙ্গে বলিতেছেন—শুন সনাতন, 'কৃষ্ণ কৃপার সমুদ্র, পতিতপাবন, তোমাকে মহারৌরবরূপ নরক হইতে উদ্ধার করিলেন।' অর্থাৎ এখানে সনাতন গোস্বামী শ্রীকৃষ্ণের নিত্যপার্ষদ শুদ্ধভক্ত—ইহা জানাইয়া পুনঃ তাঁহাকে অবলম্বন করিয়া জগদ্বাসীকে শিক্ষা দিতেছেন —জগতে প্রতিপত্তি—বিষয়-বৈভবলাভ সৌভাগ্যের কথা নহে, উহা অত্যন্ত দুর্ভাগ্যের পরিচয়। স্থূল সূক্ষ্ম ইন্দ্রিয়তর্পণের জন্য সাংসারিক বৈভব-লাভ নরক-প্রাপক। মায়ামোহিত বদ্ধজীব ন্যায়-অন্যায় উপায়ে অর্থ ও জাগতিক প্রতিপত্তি-লাভের জন্য প্রয়াস করিয়া থাকে। কদাচিৎ এইরূপ আদর্শ গৃহস্থভক্ত পাওয়া যায়, যিনি কৃষ্ণকেই একমাত্র ভোক্তা জানিয়া তাঁহার সেবাতেই সম্পূর্ণ বিষয় নিয়োজিত করেন, বিষয়কে ভোগ্যরূপে দর্শন করেন না।

শ্রীমন্মহাপ্রভু শ্রীচন্দ্রশেখরের গৃহে থাকিতেন এবং শ্রীতপন মিশ্রের গৃহে ভিক্ষা নির্ব্বাহ করিতেন। শ্রীমন্ মহাপ্রভুর নির্দ্দেশে সনাতন গোস্বামী শ্রীচন্দ্রশেখর বৈদ্য এবং শ্রীতপন মিশ্রের সহিত মিলিত হইলেন। তপন মিশ্রের নিমন্ত্রণে সনাতন গোস্বামীও তাঁহার গৃহে মহাপ্রভুর অবশেষ প্রসাদ পাইতে লাগিলেন। বহুদিন কারাগারে থাকায় সনাতন গোস্বামীর কেশ-শ্মশ্রু অত্যন্ত বৃদ্ধি পাইয়াছিল। মহাপ্রভু তাঁহাকে ক্ষৌরকার্য্য করিয়া ভদ্র হইয়া আসিতে বলিলেন। বৈষ্ণবগণের পক্ষে দাড়ি-মোচ রাখা বিধি নহে। চাতুর্ম্মাস্য ব্রতাদি পালনের জন্য নখরোম রক্ষা করিলেও অন্য সময়ে ক্ষৌরকার্য্য করিয়া ভদ্রভাবে থাকা বৈষ্ণবসদাচার। তবে বৈষ্ণব সন্ন্যাসীর প্রতি পূর্ণিমায় ক্ষৌর বিহিত। প্রতিদিন ক্ষৌর-কর্ম্মদ্বারা বিলাসিতার প্রশ্রয় দেওয়াও কর্ত্তব্য নহে।

সনাতন ক্ষৌরকার্য্যের পর গঙ্গাস্নান করিয়া আসিলে শ্রীচন্দ্রশেখর নূতন বস্ত্র দিতে চাহিলেন, সনাতন উহা গ্রহণ করিলেন না। পরে তপন মিশ্র নূতন বস্ত্র লইয়া আসিলে সনাতন উহা গ্রহণ না করিয়া তাঁহার পরিধেয় পুরাতন বস্ত্র চাহিয়া লইলেন। যিনি হাজার হাজার লোককে বস্ত্র দিতে পারেন, আজ তিনি নূতন বস্ত্র লইতে সংকোচ বোধ করিতেছেন। ভগবদ্ভজনের জন্য যখন নিষ্কপট আর্ত্তি জাগে, তখন ভাল পোষাক, ভাল আহারের প্রতি রুচি থাকে না। বৈষ্ণবপ্রদত্ত দ্রব্য বা বৈষ্ণবগণের ব্যবহৃত বস্ত্র প্রসাদরূপে গ্রহণ করিলে বিষয়ের বিষদোষ থাকে না। সনাতন গোস্বামীর প্রতিটি আচরণের মধ্যে নিঃশ্রেয়সার্থী সাধকের অপূর্ব্ব শিক্ষণীয় বিষয় আছে। সনাতন গোস্বামীর বৈরাগ্য দেখিয়া মহাপ্রভু খুবই প্রসন্ন হই-

লেন। 'মহাপ্রভুর ভক্ত যত বৈরাগ্য প্রধান। যাহা দেখি তুষ্ট হন গৌর ভগবান্ ॥' জাগতিক ভোগ-বিলাসে প্রমত্ততা ও প্রতিযোগিতা আসিলে পারমার্থিক জীবনের পতন ঘটে।

একজন মহারাষ্ট্রীয় বিপ্র, সনাতন গোস্বামী যতদিন কাশীতে থাকিবেন, ততদিন তাঁহার গৃহে ভিক্ষা গ্রহণার্থ নিমন্ত্রণ করিলে সনাতন গোস্বামী বলিলেন,—'তিনি একস্থানে প্রত্যহ ভিক্ষা গ্রহণ না করিয়া মাধুকরী-ভিক্ষার দ্বারাই জীবিকা নির্ব্বাহ করিবেন।' শুদ্ধ হরিভজনকারী ব্যক্তির দেহারাম-স্পৃহাও থাকে না।

সনাতন গোস্বামীর পুরাতন বস্ত্রের বহির্ব্বাস ও উত্তরীয়ের সহিত মূল্যবান্ ভোটকম্বলের প্রতি মহাপ্রভু বার বার দৃষ্টি দিতে থাকিলে সনাতন গোস্বামী বুঝিলেন মহাপ্রভুর উহাতে সুখ হইতেছে না। সনাতন গোস্বামী গঙ্গাতটে যাইয়া একজন গৌড়ীয়বাবাজীকে ঐ ভোটকম্বলটি দিয়া তাঁহার ব্যবহৃত কাঁথা পরিধান করিয়া আসিলেন। মহাপ্রভু তাহা দেখিয়া সন্তুষ্ট হইলেন।

"প্রভু কহে—ইহা আমি করিয়াছি বিচার। বিষয়-রোগ খণ্ডাইল কৃষ্ণ যে তোমার ॥
সে কেনে রাখিবে তোমার শেষ বিষয়ভোগ। রোগ-খণ্ডি সদ্বৈদ্য না রাখে শেষ রোগ ॥
তিন মুদ্রার ভোট গায়, মাধুকরী গ্রাস। ধর্ম্মহানি হয়, লোকে করে উপহাস ॥"

—চৈঃ চঃ মধ্য ২০।৯০-৯২

শ্রীমন্মহাপ্রভু স্বয়ং ভগবান্ হইয়াও সর্ব্বোত্তম আচার্য্যের লীলা করিতেছেন। তিনি যেমন স্বয়ং আচরণ করিয়া জগদ্বাসীকে শিক্ষা দিয়াছেন, তাঁহার পার্ষদগণও তদ্রূপ।

"আপনি করিমু ভক্তভাব অঙ্গীকারে। আপনি আচরি' ভক্তি শিখামু সবারে ॥
আপনি না কৈলে ধর্ম্ম শিখান না যায়। এই ত' সিদ্ধান্ত গীতা ভাগবতে গায় ॥"

—চৈঃ চঃ আ ৩।২০-২১

শ্রেষ্ঠ ব্যক্তি যেরূপ আচরণ করেন, তদিতর ব্যক্তিগণ তাহাকে প্রমাণ মনে করিয়া তাহার অনুকরণ করেন।

"যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ। স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে ॥"

—গীতা ৩।২১

শ্রীমন্মহাপ্রভু সনাতনের প্রতি প্রসন্ন হইয়া তাঁহাতে শক্তি সঞ্চার করিলে তাঁহার সদ্ধর্ম্ম-বিষয়ে প্রশ্ন করিবার যোগ্যতা হইল। ভগবৎকৃপা ব্যতীত তত্ত্ববিষয়ে পরিপ্রশ্ন বা নিষ্কপট জিজ্ঞাসারও উদয় হয় না। নিজে যাহা বুঝিয়াছি তাহাই ঠিক—এইরূপ মনে করিয়া অথবা নিজের পাণ্ডিত্য জাহির করিবার জন্য যে প্রশ্ন, তাহাকে তর্কপন্থা বলে, তাহাতে বস্তু লাভ হয় না। প্রপত্তির দ্বারা তত্ত্ববস্তু জানিবার জন্য নিষ্কপট ইচ্ছা হইতে যে প্রশ্ন, তাহাকে পরিপ্রশ্ন বলে।

"তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া। উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ ॥"

—গীতা ৪।৩৪

যখন মানুষের সংসার ক্ষয়োন্মুখ হয়, সংসার হইতে মুক্তিলাভের দিন আসে, তখন গুরুপাদপদ্মে কি প্রশ্নের উদয় হয়, তাহা নিত্যসিদ্ধ পার্ষদ শ্রীসনাতন গোস্বামী অজ্ঞ সাধকাভিমানে শ্রীমন্মহাপ্রভুর নিকট প্রশ্ন করিয়া জগদ্বাসীকে জানাইতেছেন—

"নীচ-জাতি, নীচ-সঙ্গী, পতিত অধম। কুবিষয়-কূপে পড়ি' গোঙাইনু জনম ॥
আপনার হিতাহিত কিছুই না জানি। গ্রাম্য-ব্যবহারে পণ্ডিত, তাই সত্য মানি ॥
কৃপা করি' যদি মোরে করিয়াছ উদ্ধার। আপন কৃপাতে কহ কর্ত্তব্য আমার ॥
'কে আমি কেনে আমায় জারে তাপত্রয়'। ইহা নাহি জানি—'কেমনে হিত হয়' ॥
'সাধ্য'-'সাধনতত্ত্ব' পুছিতে না জানি। কৃপা করি' সব তত্ত্ব কহ ত' আপনি ॥"

—চৈঃ চঃ মধ্য ২০।৯৯-১০৩

সনাতন গোস্বামীর প্রথম প্রশ্ন 'আমি কে' ? সর্ব্বাগ্রে নিঃশ্রেয়সার্থী সাধকের এই প্রশ্ন হৃদয়ে উদিত হইবে। স্বরূপ নির্ণয়ে ভুল হইলে, প্রয়োজন-নির্দ্ধারণে ভুল হইবে ; প্রয়োজন-নির্দ্ধারণে ভুল হইলে, সমস্ত পরিশ্রম, সাধন-প্রচেষ্টা বৃথা হইবে। স্বরূপ-নির্ণয়ের উপর কর্ত্তব্য, ধর্ম্ম, স্বার্থ নির্ণীত হইয়া থাকে। দেহকেই ব্যক্তি মনে করিলে নিজের দেহের প্রয়োজন এবং দেহসম্বন্ধযুক্ত অপর দেহের প্রয়োজনেতেই স্বার্থবুদ্ধি হইবে, তৎসম্বন্ধীয় করণীয় কার্য্যকে কর্ত্তব্য বলিয়া মনে হইবে এবং তাহার অনুকূল বিচারেতে নীতি-দুর্নীতি বা ধর্ম্ম নির্ণীত হইবে। সূক্ষ্মদেহকে ব্যক্তি মনে করিলে তাহার সমৃদ্ধিতেই স্বার্থবুদ্ধি এবং অপর ব্যক্তিগণকে তদ্বিষয়ে সহায়তাকেই কর্ত্তব্য বা ধর্ম্ম বলিয়া বোধ হইবে। যাঁহারা স্থূল সূক্ষ্মদেহ-দ্বয়ের অতিরিক্ত আত্মাকেই ব্যক্তি বলিয়া জানেন, তাঁহাদের আত্মার সমৃদ্ধিতে বা আত্মার প্রয়োজন প্রাপ্তিতে স্বার্থবুদ্ধি এবং অপর ব্যক্তিগণের আত্মার সমৃদ্ধিতে সহায়তাকেই কর্ত্তব্য বা ধর্ম্ম বলিয়া বিবেচনা করেন। পারমার্থিক সুবিচক্ষণ ব্যক্তিগণ যতদিন স্থূল-সূক্ষ্ম দেহধারণরূপ অবাঞ্ছিত অবস্থায় থাকেন, ততদিন তিনি আত্মার প্রকৃত স্বরূপের স্বার্থের অনুকূলে উক্ত দেহদ্বয়ের সুযোগ সুবিধা গ্রহণ করিয়া থাকেন, তৎপ্রতিকূলে নহে।

শ্রীচৈতন্য মহাপ্রভু সনাতন-শিক্ষায় জীবের স্বরূপনির্ণয়ে—জীবকে পরমেশ্বর কৃষ্ণের নিত্যদাস, তাঁহার তটস্থাশক্তি এবং তাঁহার ভেদাভেদপ্রকাশ বলিয়াছেন। তিনি সাধ্য-সাধন নির্ণয়ে বা সম্বন্ধ-অভি-ধেয়-প্রয়োজন নির্দ্ধারণে যে উপদেশ প্রদান করিয়াছেন, তাহাতে 'কৃষ্ণ'ই সম্বন্ধ, কৃষ্ণভক্তি অভিধেয় বা সাধন এবং কৃষ্ণপ্রেম প্রয়োজন বা সাধ্যরূপে নির্ণীত হইয়াছে।

"বেদশাস্ত্র কহে—সম্বন্ধ, অভিধেয়, প্রয়োজন। 'কৃষ্ণ'—প্রাপ্যসম্বন্ধ, 'ভক্তি'—প্রাপ্যের সাধন ॥
অভিধেয়-নাম ভক্তি, 'প্রেম' প্রয়োজন। পুরুষার্থ-শিরোমণি প্রেম—মহাধন ॥"

—চৈঃ চঃ মধ্য ২০।১২৪-১২৫

উপরি উক্ত বিষয়টী শ্রীল কবিরাজ গোস্বামী শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থে মধ্যলীলা বিংশ পরিচ্ছেদ হইতে ত্রয়োবিংশ পরিচ্ছেদ পর্য্যন্ত এই তিনটি পরিচ্ছেদে বহু শাস্ত্রপ্রমাণ ও যুক্তির সহিত বিস্তৃতভাবে আলোচনা করিয়াছেন। সনাতন গোস্বামীর চরিত্রলিখন বিস্তার আশঙ্কায় উহার বিচার-বিশ্লেষণ এখানে সংক্ষিপ্ত করা হইল। মূল কথা এই—ঈশ্বর-জীব সম্বন্ধে ভেদপর শ্রুতি ও অভেদপর শ্রুতি আছে। আচার্য্যগণ অদ্বৈতবাদ, দ্বৈতবাদ, বিশিষ্টাদ্বৈতবাদ, শুদ্ধাদ্বৈতবাদ এবং দ্বৈতাদ্বৈতবাদ প্রভৃতি মত প্রচার করিয়াছেন। শাস্ত্র মানিতে হইলে শাস্ত্রের সবটাই—শাস্ত্রের ভেদপর ও অভেদপর প্রমাণসমূহ মানা সুসমীচীন এবং তাহাদের মধ্যে কি সামঞ্জস্য, তাহা অবধারণের চেষ্টা করা উচিত। শ্রীচৈতন্য মহাপ্রভু সবটার সামঞ্জস্য প্রদর্শনার্থ 'অচিন্ত্যভেদাভেদ' সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন—যাহা পৃথিবীর সর্ব্বত্র সমাদৃত হইয়াছে এবং আলোড়নের সৃষ্টি করিয়াছে।

শ্রীমন্মহাপ্রভু শ্রীল সনাতন গোস্বামীকে চারিটী বিশেষ সেবাভার প্রদান করিয়াছিলেন—(১) শুদ্ধ-ভক্তিশাস্ত্র প্রচার—শুদ্ধভক্তিসিদ্ধান্ত সংস্থাপন, (২) লুপ্ততীর্থ উদ্ধার, (৩) বৃন্দাবনে শ্রীকৃষ্ণসেবা প্রকাশ, (৪) বৈষ্ণব আচার, বৈষ্ণব-স্মৃতিগ্রন্থ সঙ্কলনপূর্ব্বক বৈষ্ণবসদাচার প্রবর্ত্তন ও প্রচার এবং বৈষ্ণবসমাজ সংস্থাপন।

"তুমিহ করিহ ভক্তিশাস্ত্রের প্রচার। মথুরায় লুপ্ততীর্থের করিহ উদ্ধার ॥
বৃন্দাবনে কৃষ্ণসেবা, বৈষ্ণব আচার। ভক্তিস্মৃতিশাস্ত্র করি' করিহ প্রচার ॥"

—চৈঃ চঃ মধ্য ২৩।৯৭-৯৮

শ্রীল সনাতন গোস্বামী শুদ্ধভক্তিসিদ্ধান্ত সংস্থাপন এবং বৈষ্ণবসদাচার প্রবর্ত্তনের জন্য চারিটী গ্রন্থরত্ন রচনা করেন—(১) হরিভক্তিবিলাস টীকা—'দিগ্‌দর্শিনী', (২) দশম স্কন্ধের টিপ্পনী বা বৃহদ্ বৈষ্ণবতোষণী, (৩) লীলাস্তব বা দশমচরিত, (৪) বৃহদ্ ভাগবতামৃত (টীকাসহ ভাগবতামৃত খণ্ডদ্বয়)।

লেন। 'মহাপ্রভুর ভক্ত যত বৈরাগ্য প্রধান। যাহা দেখি তুষ্ট হন গৌর ভগবান্ ॥' জাগতিক ভোগ-বিলাসে প্রমত্ততা ও প্রতিযোগিতা আসিলে পারমার্থিক জীবনের পতন ঘটে।

একজন মহারাষ্ট্রীয় বিপ্র, সনাতন গোস্বামী যতদিন কাশীতে থাকিবেন, ততদিন তাঁহার গৃহে ভিক্ষা গ্রহণার্থ নিমন্ত্রণ করিলে সনাতন গোস্বামী বলিলেন,—'তিনি একস্থানে প্রত্যহ ভিক্ষা গ্রহণ না করিয়া মাধুকরী-ভিক্ষার দ্বারাই জীবিকা নির্ব্বাহ করিবেন।' শুদ্ধ হরিভজনকারী ব্যক্তির দেহারাম-স্পৃহাও থাকে না।

সনাতন গোস্বামীর পুরাতন বস্ত্রের বহির্বাস ও উত্তরীয়ের সহিত মূল্যবান্ ভোটকম্বলের প্রতি মহাপ্রভু বার বার দৃষ্টি দিতে থাকিলে সনাতন গোস্বামী বুঝিলেন মহাপ্রভুর উহাতে সুখ হইতেছে না। সনাতন গোস্বামী গঙ্গাতটে যাইয়া একজন গৌড়ীয়বাবাজীকে ঐ ভোটকম্বলটি দিয়া তাঁহার ব্যবহৃত কাঁথা পরিধান করিয়া আসিলেন। মহাপ্রভু তাহা দেখিয়া সন্তুষ্ট হইলেন।

"প্রভু কহে—ইহা আমি করিয়াছি বিচার। বিষয়-রোগ খণ্ডাইল কৃষ্ণ যে তোমার ॥
সে কেনে রাখিবে তোমার শেষ বিষয়ভোগ। রোগ-খণ্ডি সদ্বৈদ্য না রাখে শেষ রোগ ॥
তিন মুদ্রার ভোট গায়, মাধুকরী গ্রাস। ধর্ম্মহানি হয়, লোকে করে উপহাস ॥"

—চৈঃ চঃ মধ্য ২০।৯০-৯২

শ্রীমন্মহাপ্রভু স্বয়ং ভগবান্ হইয়াও সর্ব্বোত্তম আচার্য্যের লীলা করিতেছেন। তিনি যেমন স্বয়ং আচরণ করিয়া জগদ্বাসীকে শিক্ষা দিয়াছেন, তাঁহার পার্ষদগণও তদ্রূপ।

"আপনি করিমু ভক্তভাব অঙ্গীকারে। আপনি আচরি' ভক্তি শিখামু সবারে ॥
আপনি না কৈলে ধর্ম্ম শিখান না যায়। এই ত' সিদ্ধান্ত গীতা ভাগবতে গায় ॥"

—চৈঃ চঃ আ ৩।২০-২১

শ্রেষ্ঠ ব্যক্তি যেরূপ আচরণ করেন, তদিতর ব্যক্তিগণ তাহাকে প্রমাণ মনে করিয়া তাহার অনুকরণ করেন।

"যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ। স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে ॥"

—গীতা ৩।২১

শ্রীমন্মহাপ্রভু সনাতনের প্রতি প্রসন্ন হইয়া তাঁহাতে শক্তি সঞ্চার করিলে তাঁহার সদ্ধর্ম্ম-বিষয়ে প্রশ্ন করিবার যোগ্যতা হইল। ভগবৎকৃপা ব্যতীত তত্ত্ববিষয়ে পরিপ্রশ্ন বা নিষ্কপট জিজ্ঞাসারও উদয় হয় না। নিজে যাহা বুঝিয়াছি তাহাই ঠিক—এইরূপ মনে করিয়া অথবা নিজের পাণ্ডিত্য জাহির করিবার জন্য যে প্রশ্ন, তাহাকে তর্কপন্থা বলে, তাহাতে বস্তু লাভ হয় না। প্রপত্তির দ্বারা তত্ত্ববস্তু জানিবার জন্য নিষ্কপট ইচ্ছা হইতে যে প্রশ্ন, তাহাকে পরিপ্রশ্ন বলে।

"তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া। উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ ॥"

—গীতা ৪।৩৪

যখন মানুষের সংসার ক্ষয়োন্মুখ হয়, সংসার হইতে মুক্তিলাভের দিন আসে, তখন গুরুপাদপদ্মে কি প্রশ্নের উদয় হয়, তাহা নিত্যসিদ্ধ পার্ষদ শ্রীসনাতন গোস্বামী অজ্ঞ সাধকাভিমানে শ্রীমন্মহাপ্রভুর নিকট প্রশ্ন করিয়া জগদ্বাসীকে জানাইতেছেন—

"নীচ-জাতি, নীচ-সঙ্গী, পতিত অধম। কুবিষয়-কূপে পড়ি' গোঙাইনু জনম ॥
আপনার হিতাহিত কিছুই না জানি। গ্রাম্য-ব্যবহারে পণ্ডিত, তাই সত্য মানি ॥
কৃপা করি' যদি মোরে করিয়াছ উদ্ধার। আপন কৃপাতে কহ কর্ত্তব্য আমার ॥
'কে আমি কেনে আমায় জারে তাপত্রয়'। ইহা নাহি জানি—'কেমনে হিত হয়' ॥
'সাধ্য'-'সাধনতত্ত্ব' পুছিতে না জানি। কৃপা করি' সব তত্ত্ব কহ ত' আপনি ॥"

—চৈঃ চঃ মধ্য ২০।৯৯-১০৩

সনাতন গোস্বামীর প্রথম প্রশ্ন 'আমি কে'? সর্ব্বাগ্রে নিঃশ্রেয়সার্থী সাধকের এই প্রশ্ন হৃদয়ে উদিত হইবে। স্বরূপ নির্ণয়ে ভুল হইলে, প্রয়োজন-নির্দ্ধারণে ভুল হইবে; প্রয়োজন-নির্দ্ধারণে ভুল হইলে, সমস্ত পরিশ্রম, সাধন-প্রচেষ্টা বৃথা হইবে। স্বরূপ-নির্ণয়ের উপর কর্ত্তব্য, ধর্ম্ম, স্বার্থ নির্ণীত হইয়া থাকে। দেহকেই ব্যক্তি মনে করিলে নিজের দেহের প্রয়োজন এবং দেহসম্বন্ধযুক্ত অপর দেহের প্রয়োজনেতেই স্বার্থবুদ্ধি হইবে, তৎসম্বন্ধীয় করণীয় কার্য্যকে কর্ত্তব্য বলিয়া মনে হইবে এবং তাহার অনুকূল বিচারেতে নীতি-দুর্নীতি বা ধর্ম্ম নির্ণীত হইবে। সূক্ষ্মদেহকে ব্যক্তি মনে করিলে তাহার সমৃদ্ধিতেই স্বার্থবুদ্ধি এবং অপর ব্যক্তিগণকে তদ্বিষয়ে সহায়তাকেই কর্ত্তব্য বা ধর্ম্ম বলিয়া বোধ হইবে। যাঁহারা স্থূল সূক্ষ্মদেহ-দ্বয়ের অতিরিক্ত আত্মাকেই ব্যক্তি বলিয়া জানেন, তাঁহাদের আত্মার সমৃদ্ধিতে বা আত্মার প্রয়োজন প্রাপ্তিতে স্বার্থবুদ্ধি এবং অপর ব্যক্তিগণের আত্মার সমৃদ্ধিতে সহায়তাকেই কর্ত্তব্য বা ধর্ম্ম বলিয়া বিবেচনা করেন। পারমার্থিক সুবিচক্ষণ ব্যক্তিগণ যতদিন স্থূল-সূক্ষ্ম দেহধারণরূপ অবাঞ্ছিত অবস্থায় থাকেন, ততদিন তিনি আত্মার প্রকৃত স্বরূপের স্বার্থের অনুকূলে উক্ত দেহদ্বয়ের সুযোগ সুবিধা গ্রহণ করিয়া থাকেন; তৎপ্রতিকূলে নহে।

শ্রীচৈতন্য মহাপ্রভু সনাতন-শিক্ষায় জীবের স্বরূপনির্ণয়ে—জীবকে পরমেশ্বর কৃষ্ণের নিত্যদাস, তাঁহার তটস্থাশক্তি এবং তাঁহার ভেদাভেদপ্রকাশ বলিয়াছেন। তিনি সাধ্য-সাধন নির্ণয়ে বা সম্বন্ধ-অভিধেয়-প্রয়োজন নির্দ্ধারণে যে উপদেশ প্রদান করিয়াছেন, তাহাতে 'কৃষ্ণ'ই সম্বন্ধ, কৃষ্ণভক্তি অভিধেয় বা সাধন এবং কৃষ্ণপ্রেম প্রয়োজন বা সাধ্যরূপে নির্ণীত হইয়াছে।

"বেদশাস্ত্র কহে—সম্বন্ধ, অভিধেয়, প্রয়োজন। 'কৃষ্ণ'—প্রাপ্যসম্বন্ধ, 'ভক্তি'—প্রাপ্যের সাধন ॥
অভিধেয়-নাম ভক্তি, 'প্রেম' প্রয়োজন। পুরুষার্থ-শিরোমণি প্রেম—মহাধন ॥"

—চৈঃ চঃ মধ্য ২০।১২৪-১২৫

উপরি উক্ত বিষয়টী শ্রীল কবিরাজ গোস্বামী শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থে মধ্যলীলা বিংশ পরিচ্ছেদ হইতে ত্রয়োবিংশ পরিচ্ছেদ পর্য্যন্ত এই তিনটি পরিচ্ছেদে বহু শাস্ত্রপ্রমাণ ও যুক্তির সহিত বিস্তৃতভাবে আলোচনা করিয়াছেন। সনাতন গোস্বামীর চরিত্রলিখন বিস্তার আশঙ্কায় উহার বিচার-বিশ্লেষণ এখানে সংক্ষিপ্ত করা হইল। মূল কথা এই—ঈশ্বর-জীব সম্বন্ধে ভেদপর শ্রুতি ও অভেদপর শ্রুতি আছে। আচার্য্যগণ অদ্বৈতবাদ, দ্বৈতবাদ, বিশিষ্টাদ্বৈতবাদ, শুদ্ধাদ্বৈতবাদ এবং দ্বৈতাদ্বৈতবাদ প্রভৃতি মত প্রচার করিয়াছেন। শাস্ত্র মানিতে হইলে শাস্ত্রের সবটাই—শাস্ত্রের ভেদপর ও অভেদপর প্রমাণসমূহ মানা সুসমীচীন এবং তাহাদের মধ্যে কি সামঞ্জস্য, তাহা অবধারণের চেষ্টা করা উচিত। শ্রীচৈতন্য মহাপ্রভু সবটার সামঞ্জস্য প্রদর্শনার্থ 'অচিন্ত্যভেদাভেদ' সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন—যাহা পৃথিবীর সর্ব্বত্র সমাদৃত হইয়াছে এবং আলোড়নের সৃষ্টি করিয়াছে।

শ্রীমন্মহাপ্রভু শ্রীল সনাতন গোস্বামীকে চারিটী বিশেষ সেবাভার প্রদান করিয়াছিলেন—(১) শুদ্ধ-ভক্তিশাস্ত্র প্রচার—শুদ্ধভক্তিসিদ্ধান্ত সংস্থাপন, (২) লুপ্ততীর্থ উদ্ধার, (৩) বৃন্দাবনে শ্রীকৃষ্ণসেবা প্রকাশ, (৪) বৈষ্ণব আচার, বৈষ্ণব-স্মৃতিগ্রন্থ সঙ্কলনপূর্ব্বক বৈষ্ণবসদাচার প্রবর্ত্তন ও প্রচার এবং বৈষ্ণবসমাজ সংস্থাপন।

"তুমিহ করিহ ভক্তিশাস্ত্রের প্রচার। মথুরায় লুপ্ততীর্থের করিহ উদ্ধার ॥
বৃন্দাবনে কৃষ্ণসেবা, বৈষ্ণব আচার। ভক্তিস্মৃতিশাস্ত্র করি' করিহ প্রচার ॥"

—চৈঃ চঃ মধ্য ২৩।৯৭-৯৮

শ্রীল সনাতন গোস্বামী শুদ্ধভক্তিসিদ্ধান্ত সংস্থাপন এবং বৈষ্ণবসদাচার প্রবর্ত্তনের জন্য চারিটী গ্রন্থরত্ন রচনা করেন—(১) হরিভক্তিবিলাস টীকা—'দিগ্‌দর্শিনী', (২) দশম স্কন্ধের টিপ্পনী বা বৃহদ্ বৈষ্ণবতোষণী, (৩) লীলাস্তব বা দশমচরিত, (৪) বৃহদ্ ভাগবতামৃত (টীকাসহ ভাগবতামৃত খণ্ডদ্বয়)।

তিনি শ্রীব্রজমণ্ডলের লুপ্ততীর্থ উদ্ধার এবং বৃন্দাবনে শ্রীরাধামদনমোহন বিগ্রহসেবা প্রকাশিত করিয়াছেন। বৈষ্ণবস্মৃতি—বৈষ্ণবের লৌকিক আচারবিষয়ক ব্যবহারশাস্ত্র শ্রীহরিভক্তিবিলাস গ্রন্থ রচনাসম্বন্ধে শ্রীমন্মহাপ্রভু স্বয়ং সূত্র করিয়া সনাতন গোস্বামীকে দিগ্দর্শন করাইয়া দিয়াছিলেন।

"আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে। কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিঃ॥"

—ভাঃ ১।৭।১০

শ্রীমন্মহাপ্রভু বাসুদেব সার্ব্বভৌমের নিকট ভাগবতের এই শ্লোকের ১৮ প্রকার ব্যাখ্যা করিয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভুর নিকট উক্ত শ্লোকের ব্যাখ্যা শুনিবার জন্য সনাতন গোস্বামী প্রার্থনা করিলে শ্রীমন্মহাপ্রভু উহার ৬১ প্রকার ব্যাখ্যা করেন।

অতঃপর শ্রীমন্মহাপ্রভু মায়াবাদী শ্রীপ্রকাশানন্দাদি কাশীবাসী সন্ন্যাসিগণকে বৈষ্ণব করিয়া সনাতন গোস্বামীকে উত্তমরূপে সংস্কার করতঃ বৃন্দাবনে যাইতে আদেশ করিলেন, নিজে নির্জ্জন বনপথে পুরী যাত্রা করিলেন। শ্রীল সনাতন গোস্বামী রাজপথ দিয়া মথুরায় পৌঁছিলে সুবুদ্ধি রায়ের সহিত তাঁহার সাক্ষাৎকার হয়। সেই সময় সুবুদ্ধি রায় মহাপ্রভুর উপদেশে হরিনামসংকীর্ত্তনরূপ প্রায়শ্চিত্তের ব্যবস্থা গ্রহণ করতঃ শুষ্ক কাষ্ঠ বিক্রয় করিয়া বহু কষ্টে জীবিকা নির্ব্বাহ ও বৈষ্ণবসেবার ব্যবস্থা করিতেন।

শ্রীল সনাতন গোস্বামী শ্রীসুবুদ্ধি রায় ও সনোড়িয়া বিপ্রের সহিত শ্রীব্রজমণ্ডলের দ্বাদশবন ভ্রমণ করিয়াছিলেন। তিনি তাঁহাদের নিকট জানিতে পারিলেন—শ্রীরূপ গোস্বামী ও অনুপম দ্বাদশবন পরিক্রমান্তে গঙ্গাতীরপথে বঙ্গদেশে যাত্রা করিয়াছেন।

শ্রীমন্মহাপ্রভুর পরিক্রমাকালে আরিট্ গ্রামে রাধাকুণ্ড ও শ্যামকুণ্ডের আবিষ্কার পূর্ব্বক গোবর্দ্ধনে হরিদেব দর্শনের পর ইচ্ছা হইল গোবর্দ্ধনধারী গোপালদেব দর্শন করিবেন। গোপাল গোবর্দ্ধন পর্ব্বতের উপর বিরাজিত আছেন। শ্রীমন্মহাপ্রভু গোবর্দ্ধনের উপরে উঠিয়া দর্শন করিবেন না, কিন্তু কিভাবে তিনি গোপাল দর্শন করিবেন চিন্তা করিতেছেন, সেই সময়ে গোপাল ম্লেচ্ছভয় উঠাইয়া গাঁঠোলী গ্রামে আসিলে মহাপ্রভু গোপালের দর্শন লাভ করিলেন। মাঝে মাঝে শ্রীগোপালদেব গোবর্দ্ধন হইতে এইভাবে গাঁঠোলি গ্রামে আসিবার লীলা করিতেন। শ্রীল সনাতন গোস্বামীরও সেইভাবে গাঁঠোলীতে গোপাল দর্শনের সৌভাগ্য হইয়াছিল।

শ্রীরূপগোস্বামী বৃন্দাবন হইতে যাত্রা করতঃ বাংলাদেশে পৌঁছিতে বিলম্ব হওয়ায় গৌড়ীয় ভক্তগণের সহিত একত্রে নীলাচলে যাইতে না পারিয়া কিছুদিন বাদে নীলাচলে পৌঁছিয়া শ্রীল হরিদাস ঠাকুরের সহিত মিলিত হইলেন এবং তাঁহার নিকট অবস্থান করিতে লাগিলেন। সেই সময় শ্রীমন্মহাপ্রভু রূপ গোস্বামীকে সনাতন গোস্বামী সম্বন্ধে জিজ্ঞাসা করিলে রূপ গোস্বামী জানাইলেন তিনি প্রয়াগ হইতে গঙ্গাপথে আসায় সনাতন গোস্বামীর সহিত সাক্ষাৎকার হয় নাই।

শ্রীল সনাতন গোস্বামী শ্রীব্রজমণ্ডল পরিক্রমার পর মাথুরমণ্ডল হইতে একাকী ঝারীখণ্ডপথে নীলাচল যাত্রা করিলেন। পথে জলের দোষে তাঁহার শরীরে কণ্ডুরসা হইল। তিনি দৈন্য ও নির্ব্বেদযুক্ত হইয়া পথে চিন্তা করিলেন—তিনি নীচজাতি, তাঁহার শরীর ঘৃণ্য, জগন্নাথ মন্দিরে যাওয়ার, জগন্নাথ দর্শনের এবং মহাপ্রভু জগন্নাথ মন্দিরের নিকট থাকায় তাঁহারও দর্শন-সৌভাগ্য হইবে না, জগন্নাথের সেবকগণের সহিত স্পর্শ হইলেও অপরাধ হইবে, সুতরাং রথাগ্রে শ্রীমন্মহাপ্রভুর নৃত্যকালে তাঁহার শরীর ত্যাগ করাই শ্রেয়ঃ—এইরূপ বিচার করিলেন। পুরীতে পৌঁছিয়া হরিদাস ঠাকুরের নিকট আসিয়া তাঁহার চরণ বন্দনা করিলেন। হরিদাস ঠাকুর তাঁহাকে আলিঙ্গন করিলেন। তিনি হরিদাস ঠাকুরের সঙ্গে অবস্থান করিতে লাগিলেন। শ্রীমন্মহাপ্রভু হরিদাস ঠাকুরকে দর্শন দিতে আসিলে সনাতন গোস্বামী মহাপ্রভুর দর্শন লাভ করিয়া কৃতকৃতার্থ হইলেন। মহাপ্রভু প্রেমাবিষ্ট হইয়া তাঁহাকে আলিঙ্গন করিতে গেলে সনাতন গোস্বামী নিজেকে অপবিত্রজ্ঞানে দূরে সরিতে লাগিলেন, কিন্তু মহাপ্রভু জোর করিয়া তাঁহাকে আলিঙ্গন

করিলেন। মহাপ্রভুর শ্রীঅঙ্গে পাঁচড়া ঘা-এর রস লাগিয়া গেল। তাহা দেখিয়া সনাতন গোস্বামীর হৃদয় বিদীর্ণ হইল। শ্রীমন্মহাপ্রভু সনাতনকে রূপ গোস্বামী ও অনুপমের সংবাদ জানাইয়া অনুপমের ইষ্টনিষ্ঠা ও রঘুনাথধাম প্রাপ্তির কথা জানাইলেন। একদিন অন্তর্য্যামী মহাপ্রভু সনাতন গোস্বামীর হৃদ্‌গত ভাব বুঝিয়া অকস্মাৎ সনাতন গোস্বামীকে লক্ষ্য করতঃ বলিতে লাগিলেন—

"সনাতন, দেহত্যাগে কৃষ্ণ যদি পাইয়ে। কোটি দেহ ক্ষণেকে তবে ছাড়িতে পারিয়ে॥
দেহত্যাগে কৃষ্ণ না পাই, পাইয়ে ভজনে। কৃষ্ণপ্রাপ্তের উপায় কোন নাহি ভক্তি বিনে॥"

—চৈঃ চঃ অন্ত্য ৪।৫৫-৫৬

এতৎপ্রসঙ্গে শ্রীমন্মহাপ্রভু সনাতন গোস্বামীকে অবলম্বন করিয়া শিক্ষা দিলেন দেহত্যাগরূপ তমোধর্ম্মের দ্বারা ভগবান্‌কে পাওয়া যায় না। ভজনের মধ্যে শ্রেষ্ঠ নববিধা ভক্তি, আবার তন্মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ নামসংকীর্ত্তন। সর্ব্বশেষে শ্রীল সনাতন গোস্বামী তাঁহার কত প্রিয়, তাহা জানাইবার জন্য বলিলেন—

(প্রভু কহে)—"তোমার দেহ মোর নিজ-ধন। তুমি মোরে কৈরাছ আত্মসমর্পণ॥
পরের দ্রব্য তুমি কেনে চাহ বিনাশিতে? ধর্ম্মাধর্ম্ম বিচার কিবা না পার করিতে?
তোমার শরীর—মোর প্রধান সাধন। এ শরীরে সাধিমু আমি বহু প্রয়োজন॥"

—চৈঃ চঃ অন্ত্য ৪।৭৬-৭৮

চাতুর্ম্মাস্যকালে গৌড়দেশের ও ওড়িষ্যার ভক্তগণ পুরুষোত্তমে আসিলে সনাতন গোস্বামীর সহিত সকলের মিলন হইল। রথযাত্রায় রথাগ্রে শ্রীমন্মহাপ্রভুর নৃত্য দর্শন করিয়া সনাতন গোস্বামী বিস্মিত হইলেন। শ্রীগৌড়ীয় বৈষ্ণবগণ চাতুর্ম্মাস্যান্তে গৌড়দেশে প্রত্যাবর্ত্তন করিলে সনাতন গোস্বামী পুরীতেই অবস্থান করিতে লাগিলেন। শ্রীমন্মহাপ্রভু জ্যৈষ্ঠমাসে কিছুদিন যমেশ্বর টোটায় অবস্থান করিয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভু সনাতনকে তথায় মধ্যাহ্নে আসিবার জন্য আহ্বান করিলে সনাতন গোস্বামী হৃষ্টমনে জগন্নাথ মন্দিরের সম্মুখে সিংহদ্বারের পথে না যাইয়া দ্বিপ্রহরে সমুদ্রের তপ্ত-বালুকারাশির উপর দিয়া চলিয়া শ্রীমন্মহাপ্রভুর নিকট উপনীত হইলেন। দেহস্মৃতি না থাকায় পায়ে ফোস্কা পড়িল, তাহাও অনুভব করিলেন না। সিংহদ্বারের পথে না আসার কারণ মহাপ্রভু জিজ্ঞাসা করিলে সনাতন গোস্বামী বলিলেন—

"সিংহদ্বারে যাইতে মোর নাহি অধিকার। বিশেষ ঠাকুরের তাঁহা সেবক-প্রচার॥
সেবক গতাগতি করে, নাহি অবসর। তাঁর স্পর্শ হৈলে, সর্ব্বনাশ হবে মোর॥"

—চৈঃ চঃ অন্ত্য ৪।১২৬-১২৭

শ্রীমন্মহাপ্রভু সনাতনের দৈন্যোক্তিপূর্ণ এবং মর্য্যাদাপ্রদানরূপ বাক্য শ্রবণ করতঃ সন্তুষ্ট হইয়া বলিলেন—

"যদ্যপিও তুমি হও জগৎপাবন। তোমা-স্পর্শে পবিত্র হয় দেব মুনিগণ॥
তথাপি ভক্ত-স্বভাব—মর্য্যাদা-রক্ষণ। মর্য্যাদা-পালন হয় সাধুর ভূষণ॥
মর্য্যাদা-লঙ্ঘনে লোক করে উপহাস। ইহলোক, পরলোক—দুই হয় নাশ॥
মর্য্যাদা রাখিলে, তুষ্ট হয় মোর মন। তুমি ঐছে না করিলে করে কোন্ জন?"

—চৈঃ চঃ অন্ত্য ৪।১২৯-১৩২

শ্রীমন্মহাপ্রভু সনাতন গোস্বামীকে বার বার আলিঙ্গন করিলে সনাতনের শরীরের কণ্ডুরসা পুনঃ পুনঃ মহাপ্রভুর অঙ্গে লাগায় একদিন সনাতন জগদানন্দ পণ্ডিতকে ইষ্টগোষ্ঠী প্রসঙ্গে দুঃখ করিয়া উক্ত অসুবিধার কথা নিবেদন করিলেন এবং উক্ত অপরাধ হইতে নিষ্কৃতির উপায় জিজ্ঞাসা করিলেন। শ্রীজগদানন্দ পণ্ডিত তাঁহাকে বৃন্দাবন যাইবার পরামর্শ দিলেন। শ্রীমন্মহাপ্রভু পুনরায় হরিদাস ঠাকুরের স্থানে আসিয়া সনাতনকে জোর পূর্ব্বক আলিঙ্গন করিলে সনাতন অত্যন্ত নির্ব্বেদযুক্ত হইয়া মহাপ্রভুকে তাঁহার হৃদয়ের দুঃখ এই বলিয়া নিবেদন করিতে লাগিলেন যে—তাঁহার পুরীতে আসা গুরুতর অপরাধের কারণ

হইয়াছে, পুনঃ পুনঃ তাঁহার কদর্য্য কণ্ডুক্লেদযুক্ত শরীরের স্পর্শ মহাপ্রভুর অঙ্গে লাগিতেছে। তিনি বৃন্দাবন যাইতে মহাপ্রভুর আদেশ প্রার্থনা করিলেন এবং পণ্ডিত জগদানন্দও ঐরূপ পরামর্শ দিয়াছেন তাহাও জানাইলেন। শ্রীমন্মহাপ্রভু উহা শুনিয়া ক্রুদ্ধ হইয়া বলিলেন—

"কালিকার বটুয়া জগা ঐছে গর্ব্বী হৈল। তোমা-সবারেহ উপদেশ করিতে লাগিল ?
ব্যবহারে-পরমার্থে তুমি—তার গুরুতুল্য। তোমারে উপদেশ করে, না জানে আপন মূল্য ?
আমার উপদেষ্টা তুমি—প্রামাণিক আর্য্য। তোমারেহ উপদেশে বালকা—করে ঐছে কার্য্য ॥"

—চৈঃ চঃ অন্ত্য ৪।১৫৮-১৬০

শ্রীজগদানন্দের প্রতি মহাপ্রভুর শাসন বাক্য শ্রবণ করিয়া শ্রীল সনাতন গোস্বামী জগদানন্দের সৌভাগ্য প্রজ্ঞাপণ করতঃ বলিলেন—

"জগদানন্দে পিয়াও আত্মীয়তা-সুধারস। মোরে পিয়াও গৌরবস্তুতি-নিম্ব-নিশিন্দা-রস ॥"

—ঐ ৪।১৬৩

উহা শুনিয়াও শ্রীমন্মহাপ্রভু পণ্ডিত জগদানন্দের কার্য্যের অসমর্থন জানাইলেন। শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ অনুভাষ্যে এইরূপ লিখিয়াছেন—"যাহার যে মর্য্যাদা, সেই মর্য্যাদা অতিক্রম পূর্ব্বক নিজের গুরুত্ব উপলব্ধি করিয়া সম্মানের পাত্রকে পরামর্শ-প্রদান-কার্য্যে মহাপ্রভু উৎসাহ দেন নাই, অধিকন্তু জগদানন্দসদৃশ বয়ঃকনিষ্ঠের তাদৃশ ব্যবহারের অনুমোদন করিলেন না।" শ্রীমন্মহাপ্রভু সনাতনের অপ্রাকৃত শরীরকে প্রাকৃতবুদ্ধিতে দর্শন নিষেধ করিলেন।

"তোমার দেহ তুমি কর বীভৎস-জ্ঞান। তোমার দেহ আমারে লাগে অমৃত-সমান ॥
অপ্রাকৃত দেহ তোমার প্রাকৃত কভু নয়। তথাপি তোমার তাতে প্রাকৃত-বুদ্ধি হয় ॥"

—চৈঃ চঃ অন্ত্য ৪।১৭২-১৭৩

শ্রীহরিদাস ঠাকুর তাহাদের প্রতি মহাপ্রভুর প্রশংসাবাক্য অস্বীকার করিলে মহাপ্রভু হরিদাস ঠাকুরকে পুনরায় বুঝাইয়া বলিলেন—

"তোমারে লাল্য আপনাকে লালক-অভিমান। লালকের লাল্যে নহে দোষ পরিজ্ঞান ॥
আপনারে হয় মোর অমান্য-সমান। তোমা-সবারে করোঁ মুঞি বালক-অভিমান ॥
মাতার যৈছে বালকের 'অমেধ্য' লাগে গায়। ঘৃণা নাহি জন্মে, আর মহাসুখ পায় ॥
প্রভু কহে—বৈষ্ণবদেহ প্রাকৃত কভু নয়। অপ্রাকৃত দেহ ভক্তের চিদানন্দময় ॥
দীক্ষাকালে ভক্ত করে আত্মসমর্পণ। সেইকালে কৃষ্ণ তারে করে আত্মসম ॥
সেই দেহ করে তার চিদানন্দময়। অপ্রাকৃত-দেহে তাঁর চরণ ভজয় ॥
সনাতনের দেহে কৃষ্ণ কণ্ডু উপজাঞা। আমা পরীক্ষিতে ইহা দিলা পাঠাঞা ॥
ঘৃণা করি' আলিঙ্গন না করিতাম যবে। কৃষ্ণ-ঠাঞি অপরাধী হইতাম তবে ॥
পারিষদ-দেহ এই, না হয় দুর্গন্ধ। প্রথম দিবসে পাইলুঁ চতুঃসম-গন্ধ ॥"

—চৈঃ চঃ অন্ত্য ৪

এইবার শ্রীমন্মহাপ্রভু সনাতনকে আলিঙ্গন করিলে সঙ্গে সঙ্গে সনাতনের দেহ কণ্ডু অন্তহিত হইয়া সুবর্ণের ন্যায় হইল।

শ্রীমন্মহাপ্রভু সনাতনকে পুরীতে সেই বৎসর অবস্থান করতঃ পর বৎসরে বৃন্দাবন যাইতে আদেশ প্রদান করিলেন। দোলযাত্রান্তে শ্রীল সনাতন গোস্বামী মহাপ্রভুর নিকট বিদায় গ্রহণ করতঃ বনপথে বৃন্দাবনে পৌঁছিলেন, পরে শ্রীরূপগোস্বামীও বৃন্দাবনে আসিয়া উপস্থিত হইলেন।

পরবর্ত্তিকালে শ্রীল জগদানন্দপণ্ডিত শ্রীমন্মহাপ্রভুর অনুজ্ঞা লইয়া মথুরাতে সনাতন গোস্বামীর সহিত মিলিত হইলে সনাতন গোস্বামী আনন্দিত হইলেন। তাহাকে সঙ্গে লইয়া দ্বাদশবন ভ্রমণ করিলেন।

গোকুলে অবস্থান কালে সনাতন গোস্বামীর চেষ্টায় জগদানন্দ পণ্ডিত অবস্থান করিলেও উভয়ে পৃথক্‌ভাবে আহার করিতেন। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর অমৃতপ্রবাহ ভাষ্যে লিখিয়াছেন—'সনাতন তখন মাধুকরী ভিক্ষায় প্রাপ্ত রুটির টুক্‌রা খাইয়া জীবন নির্ব্বাহ করিতে অভ্যাস করিয়াছিলেন। ভাত না খাইলে নিজের প্রতিদিন চলিবে না বলিয়া জগদানন্দ-পণ্ডিত দেবালয়ে গিয়া পাক করিতেন। ব্রজের দেবালয়ে ভাত-ডাল প্রসাদ হইত না।' একদিন জগদানন্দ-পণ্ডিত সনাতনকে প্রসাদ পাইতে নিমন্ত্রণ করিলেন। সনাতন-গোস্বামী শ্রীজগদানন্দ-পণ্ডিতের অদ্ভুত চৈতন্য নিষ্ঠা প্রদর্শনের জন্য নিজে 'মুকুন্দ সরস্বতী' নামক একজন সন্ন্যাসীপ্রদত্ত রক্তবস্ত্র মস্তকে পরিধান করিয়া জগদানন্দের নিকট পেঁছিলেন। জগদানন্দ পণ্ডিত যখন জানিলেন যে উহা মহাপ্রভুর প্রদত্ত নহে, তখন ভাতের হাড়ি লইয়া সনাতনকে মারিতে উদ্যত হইলেন এবং বলিলেন—

"তুমি মহাপ্রভুর হও পার্ষদ-প্রধান। তোমা সম মহাপ্রভুর প্রিয় নাহি আন॥
অন্য সন্ন্যাসীর বস্ত্র তুমি ধর শিরে। কোন্ ঐছে হয়—ইহা পারে সহিবারে॥"

—চৈঃ চঃ অন্ত্য ১৩।৫৬-৫৭

শ্রীসনাতন গোস্বামী জগদানন্দ পণ্ডিতের গৌরপ্রেমনিষ্ঠার প্রশংসা করিয়া বলিলেন—

(সনাতন কহে) এ "সাধুপণ্ডিত মহাশয়। তোমা সম চৈতন্যের প্রিয় কেহ নয়॥
ঐছে চৈতন্য নিষ্ঠা যোগ্য তোমাতে। তুমি না দেখাইলে ইহা শিখিমু কেমতে?
যাহা দেখিবারে বস্ত্র মস্তকে বান্ধিলুঁ। সেই অপূর্ব্ব প্রেম এই প্রত্যক্ষ দেখিলুঁ॥
রক্তবস্ত্র বৈষ্ণবের পরিতে না যুয়ায়। কোন প্রবাসীরে দিমু, কি কাজ উহায়?"

—চৈঃ চঃ অন্ত্য ১৩।৫৮-৬১

এই প্রকারে ব্রজে দুই মাস থাকার পর শ্রীমন্মহাপ্রভুর বিরহ সহ্য করিতে না পারিয়া শ্রীজগদানন্দ-পণ্ডিত সনাতন গোস্বামীর নিকট বিদায় লইয়া পুরী যাত্রা করিলেন। শ্রীল সনাতন গোস্বামী বিদায় কালে ব্যাকুল হইলেন, মহাপ্রভুকে দিবার জন্য ব্রজের রাসস্থলীর বালু, গোবর্দ্ধন শিলা, শুষ্ক পাকা পীলুফল ও গুঞ্জামালা দিলেন। শ্রীজগদানন্দপণ্ডিত পুরীতে পেঁছিয়া সনাতন গোস্বামীর প্রদত্ত দ্রব্যসমূহ মহাপ্রভুকে দিলেন। মহাপ্রভুর ভক্তগণ বৃন্দাবনের পীলুফল পরম আদরের সহিত আস্বাদন করিয়া সুখ লাভ করিলেন।

শ্রীল সনাতন গোস্বামী বৃন্দাবনে দ্বাদশ-আদিত্য টীলায় মঠ স্থাপন নিশ্চয় করিয়া তথায় পরে শ্রীরাধা-মদনমোহন মন্দির প্রতিষ্ঠা করেন। এইরূপ কথিত হয় যে, মুলতানের ধনাঢ্য ক্ষত্রিয় শ্রীকৃষ্ণদাস কপূর শ্রীমদনমোহন মন্দির, ভোগশালাদি নির্ম্মাণ এবং নিত্য রাজসেবার ব্যবস্থা করিয়া দিয়াছিলেন। তিনি পরে শ্রীল সনাতন গোস্বামীর চরণাশ্রিতও হইয়াছিলেন।

শ্রীমন্মহাপ্রভুর নির্দ্দেশক্রমে শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামী বৃন্দাবনে আসিয়া শ্রীরূপ-সনাতনের সহিত অবস্থান করিয়া ছিলেন এবং তাঁহাদিগকে প্রত্যহ সুমধুর কণ্ঠে শ্রীমদ্ভাগবত শ্রবণ করাইতেন।

গোকুল-মহাবনে থাকাকালে শ্রীল সনাতন গোস্বামী রমণরেতিতে অন্যান্য গোপবালকগণের সহিত ক্রীড়ায়ও মদনগোপালকে দর্শন করিয়াছিলেন। শ্রীভক্তিরত্নাকরে শ্রীল নরহরি চক্রবর্ত্তী ঠাকুর উহা সুন্দররূপে বর্ণন করিয়াছেন—

"অহে শ্রীনিবাস! স্থান করহ দর্শন। এইখানে ছিলেন গোস্বামী সনাতন॥
মহাবনবাসী যত লোক ভাগ্যবান্। সনাতনে দেখিলেই সবে পায় প্রাণ॥
সনাতন মদনগোপাল দরশনে। মহাসুখে পাইয়া রহয়ে মহাবনে॥
'রমণক'-বালু এই যমুনার তীরে। এথা রঙ্গে মদনগোপাল ক্রীড়া করে॥
একদিন মহাবনবাসী শিশুসনে। গোপশিশুরূপে আইলা এই দিব্য পুলিনে॥

নানা খেলা খেলয়ে—তা' দেখি সনাতন। মনে বিচারয়ে এ সামান্য শিশু নন।
খেলা সাঙ্গ করি শিশু গমন করিতে। সনাতন চলিলেন তাহার পশ্চাতে॥
মন্দিরে প্রবেশে শিশু, তথা সনাতন। শিশু না দেখিয়া দেখে মদনমোহন॥
সনাতন মদনগোপালে প্রণমিয়া। আইলেন বাসাঘরে কিছু না কহিয়া॥
গোস্বামীর প্রেমাধীন মদনগোপাল। ব্যাপিল জগতে যাঁ'র চরিত্র রসাল॥"

—ভক্তিরত্নাকর ১।১৭৭-১৮৬

শ্রীল সনাতন যখন গোবর্দ্ধনে ছিলেন তখন অজাচিতভাবে প্রত্যহ গিরিরাজ পরিক্রমা করিতেন। ক্রমশঃ বৃদ্ধ হইলে তিনি গোবর্দ্ধন পরিক্রমা করিয়া পরিশ্রান্ত হইয়া পড়িতেন। তাঁহার পথশ্রম দেখিয়া একদিন গোপীনাথ গোপবালকরূপে তাঁহার নিকট উপস্থিত হইয়া হাওয়া করিয়া তাহার শ্রম দূরে করিলেন। সেই গোপবালক গোবর্দ্ধনে চড়িয়া শ্রীকৃষ্ণের চরণচিহ্নাঙ্কিত শিলা আনিয়া সনাতন গোমীকে দিয়া—'আপনি বৃদ্ধ হইয়াছেন, এত পরিশ্রম করেন কেন? এই গোবর্দ্ধন শিলা দিতেছি, ইহাকে প্রত্যহ পরিক্রমা করিলেই আপনার গিরিরাজ পরিক্রমা হইবে।'—এইরূপ বলিয়া অন্তর্হিত হইলেন। গোপবালককে দেখিতে না পাইয়া সনাতন ব্যাকুল হইয়া কাঁদিতে লাগিলেন। প্রসঙ্গটী ভক্তিরত্নাকর গ্রন্থে পঞ্চম তরঙ্গে বর্ণিত আছে। এই স্থানটির নাম চক্রতীর্থ। মানসী গঙ্গার উত্তরতটে চক্রেশ্বর মহাদেব (বা চলিত ভাষায় চাক্‌লেশ্বর মহাদেব) অবস্থিত। তথায় সম্মুখে একটী প্রাচীন নিম্ববৃক্ষ। এই নিম্ববৃক্ষের নীচে শ্রীল সনাতন গোস্বামী প্রভুর ভজন কুটীর। তাহার উত্তরে একটী মন্দিরে গৌর-নিত্যানন্দের শ্রীমূর্ত্তি আছেন। বর্ত্তমানে শ্রীসনাতন গোস্বামীর সেবিত গোবর্দ্ধন শিলা বৃন্দাবনে শ্রীরাধাদামোদর মন্দিরে বিরাজিত আছেন। এখানকার মহিমা এইরূপে শুনা যায়। সনাতনগোস্বামী যখন সেখানে অবস্থান করিয়া ভজন করিতেন তখন সেখানে প্রথমদিকে মশার খুব উপদ্রব ছিল। মশার উপদ্রবে হরিনাম করা এবং গ্রন্থ লিখার খুবই বিঘ্ন হওয়ায় সনাতন গোস্বামী অন্যত্র যাইবেন স্থির করিলেন। সেইদিন রাত্রিতে চক্রেশ্বর মহাদেব সনাতনকে স্বপ্নে বলিলেন,—তাঁহার কোন চিন্তা নাই, তিনি নিরুপদ্রবে ভজন করুন, মশা আর থাকিবে না। অদ্ভুত ঘটনা পরদিন সেখানে কোনও মশা ছিল না।

শ্রীল সনাতন গোস্বামী নন্দগ্রামে পাবনসরোবরের তটে কুটীরে অবস্থান করতঃ ভজন করিয়াছিলেন। এখানেও শ্রীকৃষ্ণ গোপবালকরূপে সনাতন গোস্বামীকে দুগ্ধ এবং কুটীর নির্ম্মাণ করিয়া থাকিতে নির্দ্দেশ দিয়াছিলেন। এখানেই শ্রীরূপগোস্বামী সনাতনকে দুগ্ধান্ন (পরমান্ন) ভোজন করাইতে ইচ্ছা করিলে শ্রীমতী রাধারাণী গোপবালিকার বেশে পরমান্নের সামগ্রী-ঘৃত-দুগ্ধ-চাল-চিনি সব দিয়াছিলেন। শ্রীরূপ-গোস্বামী উহা রন্ধন করিয়া ভোগ দিয়া সনাতন গোস্বামীকে প্রসাদ দিলে সনাতন গোস্বামী উহা সেবন করিয়া পরম তৃপ্তি লাভ করিলেন। শ্রীরূপ গোস্বামীকে সনাতন গোস্বামী জিজ্ঞাসা করিলেন দ্রব্যগুলি কোথা হইতে সংগৃহীত হইয়াছে। শ্রীরূপগোস্বামী সব বৃত্তান্ত বলিলে শ্রীল সনাতন গোস্বামী বুঝিলেন শ্রীমতী রাধারাণীকে কষ্ট দেওয়া হইয়াছে, ঐরূপ কার্য্য করিতে পুনঃ নিষেধ করিলেন।

শ্রীল সনাতন গোস্বামী সম্বন্ধে এইরূপ একটী কাহিনীর কথা শুনা যায়—একজন অত্যন্ত দরিদ্র শিবভক্ত ব্রাহ্মণ ছিলেন। তিনি দারিদ্র্য দুঃখে কষ্ট পাইয়া শিবের নিকট ধন প্রার্থনা করিলেন। শিব তাহাকে স্বপ্নে আদেশ করিলেন বৃন্দাবনে সনাতন গোস্বামীর নিকট ধন আছে, তাঁহার নিকট গেলে ধন পাওয়া যাইবে। দরিদ্র ব্রাহ্মণ স্বপ্নাদিষ্ট হইয়া বৃন্দাবনে গেলেন এবং সনাতন গোস্বামীর নিকট পৌঁছিলেন, কিন্তু সনাতন গোস্বামীর পরিধেয় মলিন বসন এবং কৃশ দেখিয়া তাহা অন্তরে বিশ্বাস হইলে না যে উনি ধন দিতে পারেন। তথাপি স্বপ্নাদেশের কথা সনাতন গোস্বামীকে নিবেদন করিলেন। সনাতন গোস্বামী উহা শুনিয়া আকাশ হইতে পড়িলেন, বলিলেন তিনি মাধুকরী ভিক্ষা করিয়া কোনও প্রকারে জীবন ধারণ করেন, কোথায় ধন পাইবেন। দরিদ্র ব্রাহ্মণ দুঃখিত হইয়া প্রত্যাবর্ত্তন করিলেন, মনে মনে

চিন্তা করিলেন শিবের স্বপ্নাদেশও ভুল হইল। সনাতন গোস্বামী ভাবিয়া বিস্মিত হইলেন, শিব তাঁহার নিকট ব্রাহ্মণকে কেন পাঠাইলেন, অনেক চিন্তার পর তাঁহার মনে পড়িল একটি স্পর্শমণির কথা, যাহা ময়লা আবর্জ্জনার মধ্যে প্রোথিত আছে। মনে পড়ার সঙ্গে সঙ্গে তিনি লোক পাঠাইয়া ব্রাহ্মণকে ডাকাইয়া আনিলেন এবং আবর্জ্জনার ভিতর হইতে স্পর্শমণিটী লইতে বলিলেন। স্পর্শমণিটী পাইয়া ব্রাহ্মণ খুবই আনন্দিত হইলেন। মনে করিলেন এখন তাহার মত ধনী পৃথিবীতে আর কেহই থাকিবে না। কিন্তু কিছু দূর যাওয়ার পর আবার চিন্তা হইল এত বড় একটা মূল্যবান জিনিষের কথা সনাতন গোস্বামীর মনেই ছিল না, তাহা হইলে তাঁহার নিকট আরও কিছু মহামূল্যবান্ ধন রহিয়াছে, আমি বোধহয় বঞ্চিত হইয়াছি। তিনি কি ধনে ধনী হইয়া মূল্যবান্ মণিকে অগ্রাহ্য করিলেন। এইরূপ চিন্তা করিয়া ব্রাহ্মণ পুনঃ প্রত্যাবর্ত্তন করতঃ সনাতন গোস্বামীর নিকট নিজ সন্দেহের কথা ব্যক্ত করতঃ বলিলেন,—তাহার নিকট নিশ্চয়ই আরও বহু মূল্যবান্ ধন আছে, যেজন্য তিনি স্পর্শমণিকে অগ্রাহ্য করিলেন। তখন সনাতন গোস্বামী ব্রাহ্মণকে কৃষ্ণপ্রেমধনের সর্ব্বোত্তমতা এবং পার্থিব সম্পদের অকিঞ্চিৎকরতা ও দুঃখ-প্রদত্ব বুঝাইলেন, ব্রাহ্মণ সনাতন গোস্বামীকে এইরূপ প্রার্থনা জ্ঞাপন করিয়াছিলেন—যে ধনে হইয়া ধনী, মণিরে মান না মণি, তার এক কণ মাগি নত শিরে, সনাতন গোস্বামী তাহাকে কৃপা করতঃ কৃষ্ণপ্রেমধন প্রদান করিলেন।

পুরাতন শ্রীরাধামদনমোহন মন্দিরের পার্শ্বেই শ্রীসনাতন গোস্বামী প্রভুপাদের সমাধি মন্দির অবস্থিত।

শ্রীল সনাতন গোস্বামী ১৪৮০ শকাব্দ (১৬১৫ সম্বৎ, ১৫৫৮ খৃষ্টাব্দে) আষাঢ়ী পূর্ণিমা তিথিতে তিরোধান লীলা করেন।

শ্রীরূপ সনাতন শ্রীব্রজমণ্ডলে কিভাবে ভজন করিতেন তাহা শ্রীচৈতন্যচরিতামৃতে এইরূপ বর্ণিত আছে—

"অনিকেত দুঁহে, বনে যত বৃক্ষগণ। এক এক বৃক্ষের তলে এক এক রাত্রি শয়ন॥
বিপ্রগৃহে স্থূলভিক্ষা, কাঁহা মাধুকরী। শুষ্ক রুটী-চানা চিবায় ভোগ-পরিহরি॥
করোঁয়া-মাত্র হাতে, কাঁথা, ছিঁড়া-বহির্বাস। কৃষ্ণকথা, কৃষ্ণনাম, নর্ত্তন-উল্লাস॥
অষ্টপ্রহর কৃষ্ণভজন, চারিদণ্ড শয়নে। নাম-সংকীর্ত্তন-প্রেমে, সেহ নহে কোন দিনে॥
কভু ভক্তিরসশাস্ত্র করয়ে লিখন। চৈতন্যকথা শুনে, করে চৈতন্য-চিন্তন॥"

—চৈঃ চঃ মধ্য ১১।১২৭-১৩১

শ্রীল গোপাল ভট্ট গোস্বামীর সংক্ষিপ্ত চরিতামৃত

"অনঙ্গমঞ্জরী যাসীৎ সাদ্য গোপালভট্টকঃ। ভট্টগোস্বামিনং কেচিৎ আহুঃ শ্রীগুণমঞ্জরীম্॥"

—গৌরগণোদ্দেশদীপিকা

কৃষ্ণলীলায় যিনি অনঙ্গমঞ্জরী, কাহারও মতে গুণমঞ্জরী, তিনি শ্রীগৌরলীলা পুষ্টির জন্য শ্রীগোপাল ভট্ট গোস্বামীরূপে অবতীর্ণ হইয়াছিলেন। শ্রীল গোপাল ভট্ট গোস্বামী ১৪২২ শকাব্দে, ১৫০০ খৃষ্টাব্দে, (মতান্তরে ১৪২৫ শকাব্দে, ১৫০৩ খৃষ্টাব্দে) দক্ষিণ ভারতে শ্রীরঙ্গক্ষেত্রে শ্রীব্যেঙ্কট ভট্টের পুত্ররূপে আবির্ভূত হইয়াছিলেন। শ্রীরঙ্গমের নিকটে কাবেরী নদীর তীরে বেলগুণ্ডীগ্রামে তাঁহাদের নিবাস ছিল। শ্রীগোপাল ভট্ট গোস্বামী শ্রীমন্মহাপ্রভুর কৃপায় স্বপ্নে শ্রীমন্মহাপ্রভুর নবদ্বীপলীলা সম্পূর্ণই দর্শন করিয়াছিলেন, ইহা ভক্তিরত্নাকরে ১ম তরঙ্গে গোপাল ভট্ট-চরিত্র বর্ণন হইতে আমরা জানিতে পারি। তিনি কৃষ্ণলীলার পার্ষদ হইয়া গৌরলীলা পুষ্টির জন্য বহু দূরদেশে দক্ষিণ ভারতে আবির্ভূত হইলেও নন্দনন্দন কৃষ্ণ শচীনন্দন

গৌরহরিরূপে আবির্ভূত হইয়াছেন এবং সন্ন্যাসগ্রহণ করিয়াছেন, ইহা পূর্ব্বেই জানিতে পারিয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভুর সন্ন্যাসবেষ গোপাল ভট্ট গোস্বামীর ভাল লাগে নাই। নির্জ্জনে খেদে তিনি বিস্তর ক্রন্দন করিতে থাকিলে মহাপ্রভু তাঁহাকে স্বপ্নযোগে নদীয়ালীলা সম্পূর্ণ দর্শন করাইলেন এবং প্রেমাবিষ্ট হইয়া তাঁহাকে ক্রোড়ে করিয়া অশ্রুজলে সিক্ত করিলেন।

"এত কহি গোপালেরে করি প্রভু কোলে। গোপালের অঙ্গসিক্ত কৈল নেত্রজলে॥
কহিল এসব কথা রাখিহ গোপনে। হইল পরমানন্দ গোপালের মনে॥"

—ভক্তিরত্নাকর ১।১২৩-১২৪

১৪৩৩ শকাব্দে শ্রীমন্মহাপ্রভু শ্রীরঙ্গক্ষেত্রে শুভ পদার্পণ করিলে রামানুজীয় বৈষ্ণব শ্রীব্যেঙ্কট ভট্ট শ্রীমন্মহাপ্রভুকে চাতুর্ম্মাস্যকালে তাঁহার গৃহে অবস্থানের জন্য প্রার্থনা জ্ঞাপন করিয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভু তাঁহাকে নিষ্ঠাবান্ বৈষ্ণব জানিয়া তাঁহার নিমন্ত্রণ স্বীকার করিলেন। শ্রীমন্মহাপ্রভুর পার্ষদ শ্রীগোপাল ভট্টের আবির্ভাবের কথা জানিয়া গোপাল ভট্টকে এবং তৎসম্বন্ধে তাঁহার পরিজনবর্গকে কৃপা করিবার জন্যই শ্রীমন্মহাপ্রভুর শ্রীরঙ্গমে শুভাগমনলীলা এবং ব্যেঙ্কট ভট্টের গৃহে অবস্থান-লীলা।

যে সময়ে শ্রীমন্মহাপ্রভু শ্রীব্যেঙ্কট ভট্টের গৃহে অবস্থান করিয়াছিলেন, সেই সময়ে গোপাল ভট্ট অল্প-বয়স্ক বালক ছিলেন। শ্রীমন্মহাপ্রভুর পাদসম্বাহনাদি সাক্ষাৎ সেবার তাঁহার সৌভাগ্য হইয়াছিল। শ্রীমন্মহাপ্রভু শ্রীব্যেঙ্কট ভট্ট এবং তাঁহার পরিজনবর্গের সেবায় সন্তুষ্ট হইলেও লক্ষ্য করিলেন, ব্যেঙ্কট ভট্টের হৃদয়ে কিছু অভিমান আছে। ব্যেঙ্কট ভট্টের মনোগত ভাব এইরূপ ছিল—শ্রীলক্ষ্মীনারায়ণই সর্ব্বোত্তম আরাধ্য ; শ্রীনারায়ণ অবতারী, কৃষ্ণ, রাম, নৃসিংহাদি তাঁহারই অবতার, কারণ নারায়ণের জন্ম নাই, নারায়ণ অজ ; কৃষ্ণ রামাদি অবতারের জন্ম আছে, সুতরাং শ্রীচৈতন্য মহাপ্রভু নারায়ণের অবতার কৃষ্ণের আরাধনা করেন, তাঁহারা অবতারী নারায়ণের আরাধনা করেন। দর্পহারী মধুসূদন সকলের দম্ভ নাশ করিয়া থাকেন। শ্রীমন্মহাপ্রভু শ্রীব্যেঙ্কট ভট্টের দর্পহরণের জন্য একদিন ভঙ্গী করিয়া ব্যেঙ্কট ভট্টকে পরিহাসচ্ছলে বলিলেন,—দেখ ব্যেঙ্কট ভট্ট তোমার আরাধ্য নারায়ণের সমান ঐশ্বর্য্য কাহারও নাই, তোমার আরাধ্যা লক্ষ্মীদেবীরও ঐশ্বর্য্যের তুলনা নাই। পক্ষান্তরে আমার আরাধ্য কৃষ্ণের কোন ঐশ্বর্য্য নাই, বনফুলমালা, ময়ূরপুচ্ছাদি ধারণ করিয়া থাকেন, নন্দগোয়ালার ছেলে, রাখাল বালকগণের সঙ্গে জঙ্গলে বাছুর চরায় এবং আমার আরাধ্যা গোপীগণেরও কোন ঐশ্বর্য্য নাই, তাঁহারা দরিদ্রা গোয়া-লিনী। তোমার নিকট আমার প্রশ্ন এই,—'তোমার আরাধ্যা লক্ষ্মীদেবী কৃষ্ণসঙ্গ-লালসায় কৃষ্ণের রাস-লীলায় প্রবেশাধিকার লাভের জন্য বৃন্দাবনে (শ্রীবনে) কেন তপস্যা করিয়াছিলেন ? শ্রীব্যেঙ্কট ভট্ট সঙ্গে সঙ্গে তদুত্তরে বলিলেন—"ইহাতে কি দোষ হইয়াছে, লক্ষ্মীপতি নারায়ণ যিনি, রাধাপতি কৃষ্ণও তিনি। 'সিদ্ধান্ততস্ত্বভেদেঽপি শ্রীশ-কৃষ্ণস্বরূপয়োঃ রসেনোৎকৃষ্যতে কৃষ্ণরূপমেষা রসস্থিতিঃ ॥' কৃষ্ণেতে রসের আধিক্য থাকায় লক্ষ্মীদেবী কৃষ্ণসঙ্গ লালসায় তপস্যা করিয়াছিলেন।" শ্রীমন্মহাপ্রভু বলিলেন,—"আমি দোষের কথা বলিতেছি না। কৃষ্ণে ও নারায়ণে তত্ত্বে কোনও ভেদ নাই। একই তত্ত্বে মাত্র রসগত ভেদ। মাধুর্য্যলীলায় যিনি কৃষ্ণ, ঐশ্বর্য্যলীলায় তিনি নারায়ণ। কৃষ্ণলীলায় যিনি রাধিকা, নারায়ণলীলায় তিনি লক্ষ্মীদেবী, সুতরাং কৃষ্ণসঙ্গ লালসায় লক্ষ্মীদেবীর তপস্যাতে সতীত্বের হানি হয় নাই, তথাপি কৃষ্ণ-সঙ্গলালসায় তিনি বৃন্দাবনে তপস্যা করিয়াছিলেন। তোমার নিকট আমার এই দ্বিতীয় প্রশ্ন, লক্ষ্মীদেবী তপস্যা করিয়াও কেন কৃষ্ণের রাসলীলায় প্রবেশাধিকার পান নাই ?" শ্রীব্যেঙ্কট ভট্ট তাহার কোন উত্তর দিতে না পারায় অত্যন্ত দুঃখিত হইলেন। শ্রীমন্ মহাপ্রভু ব্যেঙ্কট ভট্টের দুঃখ দেখিয়া তাঁহার দুঃখ অপনোদনের জন্য প্রবোধ দিয়া বলিলেন,—"তুমি নিজেই পূর্ব্বে বলিয়াছ সিদ্ধান্ততঃ লক্ষ্মীপতি নারায়ণ ও কৃষ্ণে কোনও ভেদ নাই, তবে কৃষ্ণের রসোৎকর্ষতা আছে। নারায়ণে আড়াইটি রসের অভিব্যক্তি আছে। নন্দনন্দন কৃষ্ণে পঞ্চ মুখ্য রস, সপ্ত গৌণ রস—এই দ্বাদশ রসের পূর্ণ অভিব্যক্তি। ঐশ্বর্য্যলীলাময়বিগ্রহ

নারায়ণের লীলাপুষ্টির জন্য ঐশ্বর্য্যময়ী আশ্রয়বিগ্রহ শ্রীলক্ষ্মীদেবী। সেই লক্ষ্মীদেবী মাধুর্য্যলীলা পুষ্টির জন্য রাধিকা। শ্রীরাধিকা বা তাঁহার বিস্তার গোপীগণের—কৃষ্ণের আশ্রয়বিগ্রহের আনুগত্য ব্যতীত বিষয়বিগ্রহ কৃষ্ণের মাধুর্য্য আস্বাদন হয় না। লক্ষ্মীদেবী গোপীগণের আনুগত্য করেন নাই, ঐশ্বর্য্যভাব লইয়া তপস্যা করিয়াছিলেন, এইজন্য পুনঃ পুনঃ তাঁহার নারায়ণেরই সঙ্গলাভ হইয়াছে, কৃষ্ণসঙ্গ হয় নাই। পক্ষান্তরে শ্রুতিগণ গোপীগণের আনুগত্য করায় রাগমার্গে কৃষ্ণসেবা লাভ করিয়াছিলেন। ঈশ্বরবুদ্ধি থাকাকাল পর্য্যন্ত রাগানুগ ব্রজভজন সম্ভব হয় না।

"প্রভু কহে, কৃষ্ণের এক সজীব লক্ষণ। স্বমাধুর্য্যে সর্ব্বচিত্ত করে আকর্ষণ॥
ব্রজলোকের ভাবে পাইয়ে তাঁহার চরণ। তাঁরে ঈশ্বর করি নাহি জানে ব্রজজন॥
কেহ তাঁরে পুত্রজ্ঞানে উদুখলে বান্ধে। কেহ সখাজ্ঞানে জিনি' চড়ে তাঁর কান্ধে॥
ব্রজেন্দ্রনন্দন বলি তাঁরে জানে ব্রজজন। ঐশ্বর্য্যজ্ঞানে নাহি কোন সম্বন্ধ মানন॥
ব্রজলোকের ভাবে যেই করয়ে ভজন। সেই ব্রজে পায় শুদ্ধ ব্রজেন্দ্রনন্দন॥"

—চৈঃ চঃ মধ্য ৯।১২৭-১৩১

আমার আরাধ্যা গোপীগণ কৃষ্ণ রাসলীলাকালে অন্তর্দ্ধান করিলে ব্যাকুলভাবে কৃষ্ণের দর্শনের জন্য ক্রন্দন করিতে থাকিলে কৃষ্ণ তাঁহাদের নিকট চতুর্ভুজ নারায়ণরূপে প্রকটিত হইয়াছিলেন। গোপীগণ নারায়ণের সঙ্গ করা ত' দূরের কথা, তাঁহাকে প্রণাম করিয়া চলিয়া গেলেন। কিন্তু রাধারাণী তথায় উপস্থিত হইলে কৃষ্ণের দুইভুজ শ্রীঅঙ্গে প্রবিষ্ট হইয়া গেল, দ্বিভুজ মুরলীধররূপে তিনি প্রকাশিত হইলেন। ঐ স্থানকে এইজন্য পৈসধাম বা পৈঠধাম বলে। উহা গোর্দ্ধনের নিকটে অবস্থিত। নন্দনন্দন শ্রীকৃষ্ণই অবতারী। নারায়ণ, রাম, নৃসিংহাদি তাঁহারই অবতার। কৃষ্ণ স্বয়ং ভগবান্।

"যাঁর ভগবত্তা হইতে অন্যের ভগবত্তা। স্বয়ং ভগবান্ বলিতে তাঁহাতেই সত্তা॥
এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্। ইন্দ্রারিব্যাকুলং লোকং মৃড়য়ন্তি যুগে যুগে॥"

—ভাঃ ১।৩।২৮

শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর কৃপায় ও সঙ্গপ্রভাবে শ্রীব্যেঙ্কট ভট্ট, তাঁহার ভ্রাতা শ্রীপ্রবোধানন্দ সরস্বতী, ব্যেঙ্কট ভট্টের পুত্র গোপাল ভট্ট গোস্বামী, পরিজনবর্গ লক্ষ্মীনারায়ণের উপাসনা পরিত্যাগ করতঃ সর্ব্বতো-ভাবে রাধাকৃষ্ণের উপাসনায় নিয়োজিত হইলেন, তাঁহারা রাধাকৃষ্ণের ঐকান্তিক ভক্ত হইলেন। শ্রীল গোপাল ভট্ট গোস্বামী তাঁহার পিতৃব্য ত্রিদণ্ডিযতি শ্রীমৎ প্রবোধানন্দ সরস্বতীপাদের নিকট দীক্ষা গ্রহণ করিয়াছিলেন। শ্রীহরিভক্তিবিলাস গ্রন্থে এই বিষয়ে প্রমাণ পাওয়া যায়।

"ভক্তেবিলাসাংশ্চিন্যুতে প্রবোধানন্দস্য শিষ্যো ভগবৎপ্রিয়স্য।
গোপালভট্টো রঘুনাথদাসং সন্তোষয়ন্ রূপ-সনাতনৌ চ॥"

"গোপালের মাতাপিতা মহাভাগ্যবান্। শ্রীচৈতন্যপদে যে সঁপিল মনঃপ্রাণ॥
বৃন্দাবনে যাইতে পুত্রেরে আজ্ঞা দিয়া। দুঁহে সঙ্গোপন হইলা প্রভু সঙরিয়া॥
কতদিনে গোপাল গেলেন বৃন্দাবন। রূপ-সনাতন সঙ্গে হইল মিলন॥"

—ভক্তিরত্নাকর ১ম তরঙ্গ

শ্রীরূপগোস্বামী ও শ্রীসনাতন গোস্বামী নীলাচল ধামে শ্রীমন্মহাপ্রভুকে বৃন্দাবনে গোপাল ভট্টের আগমনসংবাদ পত্রে লিখিয়া জানাইলে শ্রীমন্মহাপ্রভু রূপসনাতনের নিকট পত্রোত্তরে পরমানন্দ প্রকাশ করতঃ গোপাল ভট্টকে নিজ ভ্রাতার ন্যায় স্নেহ করিতে লিখিলেন। শ্রীল সনাতন গোস্বামী শ্রীগোপাল ভট্ট গোস্বামীর নামে শ্রীহরিভক্তিবিলাস গ্রন্থ প্রণয়ন করিলেন। শ্রীল রূপ গোস্বামীও গোপাল ভট্টকে প্রাণসম প্রিয়জ্ঞানে শ্রীরাধারমণ সেবায় নিয়োজিত করিলেন। শ্রীল গোপাল ভট্ট গোস্বামী ষড়্‌গোস্বামীর অন্যতম হইলেন। শ্রীগোপাল ভট্ট গোস্বামী নিজেকে অত্যন্ত দীনহীন জ্ঞান করিতেন। তিনি শ্রীল কবিরাজ

গোস্বামীকে শ্রীচৈতন্য চরিতামৃতে তাঁহার প্রসঙ্গ বর্ণন করিতে নিষেধ করিয়াছিলেন। এইজন্য কবিরাজ গোস্বামী তাঁহার আজ্ঞা লঙ্ঘন করিতে না পারিয়া তাঁহার নামমাত্র উল্লেখ করিয়াছেন। শ্রীল শ্রীজীব গোস্বামীও ষট্‌সন্দর্ভে শ্রীগোপাল ভট্ট গোস্বামীর লিখিত গ্রন্থের সহায়তায় ষট্‌সন্দর্ভ লিখিয়াছেন বলিয়া উল্লেখ করিয়াছেন। শ্রীল গোপাল ভট্ট গোস্বামী সৎক্রিয়াসার দীপিকা গ্রন্থের রচয়িতা, হরিভক্তিবিলাস গ্রন্থের সম্পাদক ও ষট্‌সন্দর্ভের পূর্ব্ব লেখক। ইনি বিল্বমঙ্গলের কৃষ্ণকর্ণামৃতের টিপ্পনী লিখিয়া বৈষ্ণবগণের পরমানন্দ বর্দ্ধন করিয়াছেন। শ্রীনিবাস আচার্য্য ও শ্রীগোপীনাথ পূজারী ইঁহার শিষ্য। শ্রীগোপীনাথ পূজারী শ্রীল গোপাল ভট্ট গোস্বামীর শিষ্য হওয়া সম্বন্ধে এইরূপ একটি বৃত্তান্ত শুনা যায়—হরিদ্বারের নিকটবর্ত্তী সাহারাণপুরে শ্রীগোপাল ভট্ট গোস্বামী শুভবিজয় করিলে একজন সরল ভক্তিমান্ ব্রাহ্মণ নিষ্কপটভাবে গোস্বামিপাদের বহু সেবা করিয়াছিলেন। সেই ব্রাহ্মণ অপুত্রক ছিলেন। শ্রীল গোপাল ভট্ট গোস্বামী তাঁহার হৃদ্‌গতভাব জানিয়া হরিভক্তিপরায়ণ সুপুত্র হইবে বলিয়া তাঁহাকে আশীর্ব্বাদ প্রদান করিয়াছিলেন। ব্রাহ্মণ তখন তাঁহার প্রথম পুত্রকে শ্রীগোপাল ভট্ট গোস্বামীর সেবায় সমর্পণ করিবেন বলিয়া বাক্য দিয়াছিলেন। সেই পুত্রই শ্রীগোপীনাথ পূজারী।

শ্রীমন্মহাপ্রভু শ্রীল গোপাল ভট্ট গোস্বামীর প্রতি স্নেহাবিষ্ট হইয়া তাঁহার নিকট স্বীয় ডোর, কৌপীন, কৃষ্ণবর্ণের কাঠের আসন প্রেরণ করিয়াছিলেন এইরূপ জানা যায়। শ্রীবৃন্দাবনে শ্রীরাধারমণ মন্দিরে মহাপ্রভুর ডোর, কৌপীন ও আসন পূজিত হইতেছেন। শ্রীগোপাল ভট্ট গোস্বামী যখন উত্তর ভারতে তীর্থভ্রমণে ছিলেন তখন গণ্ডকী নদীর তীরে একটি শালগ্রামশিলা প্রাপ্ত হইয়াছিলেন। তিনি সেই শালগ্রামশিলাকে ব্রজেন্দ্রনন্দন কৃষ্ণরূপে নিত্য আরাধনা করিতেন। একদিন তাঁহার মনে এইরূপ ভাবনা হইল যদি শালগ্রাম শ্রীবিগ্রহরূপে প্রকাশিত হইতেন তিনি তাঁহাকে পোষাকাদি পরাইয়া সজ্জিত করিতে পারিতেন। পরদিনই ভক্তবাসনা পূর্ত্তির জন্য শ্রীশালগ্রাম শ্রীরাধারমণ বিগ্রহরূপে প্রকটিত হইলেন। শ্রীবিগ্রহের বামপার্শ্বে শ্রীমতী রাধিকা নাই। তৎপরিবর্ত্তে সিংহাসনের বামপার্শ্বে শ্রীমতীর প্রতিভূরূপে একটি রৌপ্য মুকুট সংরক্ষিত আছে। এইরূপ কথিত আছে যে শ্রীগোপাল ভট্ট গোস্বামী দ্বাদশটী শালগ্রামের সেবা প্রত্যহ করিতেন। তাঁহার মনে এইরূপ ইচ্ছা হইল যদি শালগ্রাম শ্রীবিগ্রহরূপে প্রকটিত হইতেন, তাহা হইলে তিনি উত্তমরূপে সেবা করিতে পারিতেন। অন্তর্য্যামী ভগবান্ তাঁহার হৃদ্‌গতভাব বুঝিয়া একজন শেঠের মাধ্যমে অনেক উপকরণ ও বস্ত্রালঙ্কার প্রেরণ করিলেন। শ্রীগোপাল ভট্ট গোস্বামী শালগ্রাম শ্রীবিগ্রহরূপে প্রকটিত না হইলে কিরূপে বস্ত্রের দ্বারা সজ্জিত করিবেন চিন্তা করিলেন। তিনি রাত্রিতে শালগ্রামকে শয়ন দিলে পরদিন প্রাতে উঠিয়া দেখিলেন বারটি শালগ্রামের মধ্যে একটি শালগ্রাম শ্রীরাধারমণ বিগ্রহরূপে প্রকটিত হইয়াছেন। শ্রীকৃষ্ণের অদ্ভুত প্রাকট্য ও করুণার কথা শুনিয়া শ্রীরূপ গোস্বামী ও শ্রীসনাতন গোস্বামী প্রভৃতি বৈষ্ণবগণ রাধারমণবিগ্রহ দর্শন করিতে আসিলেন এবং দর্শন করিয়া প্রেমাপ্লুত হইলেন। বৈশাখী পূর্ণিমাতিথিতে শ্রীরাধারমণের অভিষেক কার্য্য সম্পন্ন হইয়া থাকে। বৃন্দাবনে শ্রীরাধারমণ মন্দিরের বিশেষ প্রসিদ্ধি আছে।

১৫০৭ শকাব্দে আষাঢ়ী কৃষ্ণা-পঞ্চমী [মতান্তরে শুক্লা পঞ্চমী, মতান্তরে ১৫৮৮ খৃষ্টাব্দ (১৫০০ শকাব্দ) শ্রাবণ কৃষ্ণা-ষষ্ঠী তিথিতে] তিথিতে শ্রীল গোপাল ভট্ট গোস্বামী তিরোধানলীলা করেন। শ্রীরাধারমণ মন্দিরের পশ্চাতে তাঁহার সমাধি মন্দির আছে। শ্রীনিবাস আচার্য্য রচিত 'ষড়্‌গোস্বাম্যষ্টক' পাঠে আমরা গোস্বামিগণের মহিমা সম্যক্ অবধারণে সমর্থ হইব।

বিষয়-সূচী

ষষ্ঠ-বিলাস

সপ্তম-বিলাস

অষ্টম-বিলাস

শ্রীশ্রীহরিভক্তিবিলাসঃ

মাতৃকাক্রমে প্রথম ও তৃতীয় চরণের শ্লোক-সূচী

[প্রথম সংখ্যাটিতে বিলাস এবং দ্বিতীয় সংখ্যাটিতে শ্লোক বুঝিতে হইবে]

ন

হ

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীহরিভক্তিবিলাসঃ

প্রথম-বিলাসঃ

শ্রীশ্রীরাধারমণায় নমঃ

অথ মঙ্গলাচরণম্

চৈতন্যদেবং ভগবন্তমাশ্রয়ে
শ্রীবৈষ্ণবানাং প্রমুদেঽঞ্জসা লিখন্।
আবশ্যকং কর্ম্ম বিচার্য্য সাধুভিঃ
সার্দ্ধং সমাহৃত্য সমস্তশাস্ত্রতঃ ॥ ১ ॥

অনুবাদ—শ্রী—ষড়্বিধ ঐশ্বর্য্যপূর্ণ, শ্রী—শ্রীরাধা-সম্বলিত, হরি—আদ্যহরি শ্রীকৃষ্ণ ও তাঁহার বিলাস পরব্যোমপতি শ্রীনারায়ণ এবং পরাবস্থ শ্রীনৃসিংহ ও শ্রীরামচন্দ্র বিষয়ে যে ভক্তি জীবের পরমপ্রয়োজন—"লাভো মদ্ভক্তিরুত্তমঃ" শ্রীমদ্ভাগবত একাদশ স্কন্ধে অর্থাৎ শ্রীনারায়ণাদিতে যে ভক্তি তাহা জীবের 'লাভ' এবং শ্রীকৃষ্ণে যে ভক্তি তাহা 'পরম লাভ' ঐভক্তিদেবীর লক্ষাধিক যে বিচিত্র মহিমা সমন্বিত শ্রদ্ধাদি সাধন-ভক্তি, ভাবভক্তি ও প্রেমভক্তির অঙ্গসমূহের লীলা-নিকেতন—এই শ্রীগ্রন্থখানির নাম—শ্রীশ্রীহরিভক্তি-বিলাস। "হরিরেব সদারাধ্য সর্ব্বদেবেশ্বরেশ্বরঃ। ইতরে ব্রহ্মরুদ্রাদ্যা নাবজ্ঞেয়া কদাচন॥" অর্থাৎ ব্রহ্মাদি সকল দেবতার ঈশ্বর শ্রীনারায়ণ তাঁহারও ঈশ্বর আদ্যহরি শ্রীকৃষ্ণ, তিনিই সর্ব্বদা আরাধ্য। পরন্তু ব্রহ্মরুদ্রাদিদেবগণ কখনই বৈষ্ণবের অবজ্ঞার পাত্র নহেন। সেইরূপ 'যস্মিন্ শাস্ত্রে পুরাণে বা হরিভক্তির্ন দৃশ্যতে। তচ্চ শাস্ত্রং ন দ্রষ্টব্যং যদি ব্রহ্মা স্বয়ং বদেৎ॥" যে শাস্ত্রে বা পুরাণে শ্রীহরি-ভক্তির উপদেশ বা মহিমা কীর্ত্তিত না হয়, ঐ শাস্ত্র স্বয়ং ব্রহ্মাকর্ত্তৃক উপদিষ্ট হইলেও তাহা বৈষ্ণবগণের দর্শনীয় নহে॥ অতএব এই গ্রন্থের নামটি বিশেষ তাৎপর্য্য পূর্ণ॥ এইগ্রন্থখানি বিংশ বিলাসে সম্পূর্ণ।

তন্মধ্যে এই প্রথম বিলাসটির নাম—"গৌরব"। কারণ এই বিলাসে উপাসকের শ্রীগুরু পাদাশ্রয়ের প্রয়োজন, নিত্যতা, শ্রীগুরুদেবের বিশেষ বিশেষ লক্ষণ, শিষ্যলক্ষণ, শ্রীগুরুশিষ্যপরীক্ষা, শ্রীগুরুসেবা-বিধি, শিষ্যপ্রার্থনা, শ্রীভগবানের মহিমা, শ্রীভগবদভিন্ন বৈষ্ণব মন্ত্র মহিমাদি বর্ণিত হইয়াছেন। অতএব ইহার নাম—গৌরব বিলাস। অথ—অনন্তর গ্রন্থ-কার এই সুদুষ্কর গ্রন্থ প্রণয়ন কার্য্যে প্রবৃত্ত হইয়া প্রথমতঃ আরাধ্যদেব শ্রীশ্রীরাধারমণের শ্রীচরণে প্রণাম ও তদভিন্ন পরমগুরু ও শ্রীমৎ ইষ্টদেব ভগ-বান চৈতন্যদেবের শ্রীচরণাশ্রয়রূপ মঙ্গলাচরণ করিতেছেন—নির্ব্বিঘ্নে গ্রন্থ সমাপ্তি ও সদাচার শিক্ষা-দানের জন্য। যিনি 'চৈতন্য'—বিশুদ্ধ জ্ঞানস্বরূপ ও 'দেব'—জগৎপূজ্য অর্থাৎ সর্ব্বদেবময় হইয়াও জ্ঞানঘনমূর্ত্তি, অথবা চিত্তের অধিষ্ঠাতৃদেব শ্রীবাসু-দেব, অথবা শ্রীচৈতন্যদেব—প্রাণনাথ, তাঁহার শ্রীচরণ আশ্রয় করি। কারণ, শ্রীমদ্বৈষ্ণবগণের অবশ্যকৃত্য যে সকল ভক্তি অঙ্গ তাহা সদাচার পরায়ণ বৈষ্ণব-গণের সহিত বিচারপূর্ব্বক লিখিবার জন্য, তাহাও বৈষ্ণবগণেরই পরমানন্দ বর্দ্ধনের জন্য।

আমি ক্ষুদ্র হইলেও সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ ভগবান্ যিনি কারুণ্যাদি অনন্তকল্যাণ গুণবান্ স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণই শ্রীকৃষ্ণচৈতন্য, তাঁহার শ্রীচরণ আশ্রয়ে কিছুই

অসিদ্ধ থাকে না। তাঁহার শক্তিতেই সমর্থ, তাঁহার প্রেরণাতেই, তাঁহার শ্রীচরণাশ্রয় মহিমাতেই অনায়াসে আমি এই কার্য্যে প্রবৃত্ত হইয়াছি, স্বতন্ত্রভাবে আমি কিছুই করিতেছি না, ইহাতে আমার কোন ঔদ্ধত্যাদি নাই। স্বমতে ব্যাখ্যা—সর্ব্বজনপ্রসিদ্ধ ভগবান্ শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর শ্রীচরণাশ্রিত আমি, আমার পক্ষে কিছুই দুষ্কর নহে, সকলই সুখসাধ্য।

ভক্তি অঙ্গসমূহ সমস্ত শাস্ত্রত শ্রুতি স্মৃতি পুরাণ পঞ্চরাত্রাদিতে সর্ব্বত্র বর্ণিত থাকিলেও সকলশাস্ত্র হইতে সমাহৃত্য সম্পূর্ণ আহরণ করিয়া আনিয়া যথাযোগ্য বিচারপূর্ব্বক এই শ্রীগ্রন্থে প্রমাণ পদ্যসমূহ একত্র সাজাইয়া লিখিতেছি ॥ ১ ॥

শ্রীল-সনাতনগোস্বামি-পাদ-কৃতা

'দিগ্দর্শিনী-টীকা'

শ্রীশ্রীমদনমোহনঃ কৃষ্ণো জয়তি

ব্রহ্মাদিশক্তিপ্রদমীশ্বরং তং,
দাতুং স্বভক্তিং কৃপয়াবতীর্ণম্।
চৈতন্যদেবং শরণং প্রপদ্যে,
যস্য প্রসাদাৎ স্ববশেহর্থসিদ্ধিঃ ॥
লিখ্যতে ভগবদ্ভক্তি-বিলাসস্য যথামতিঃ।
টীকা 'দিগ্দর্শিনী' নাম তদেকাংশার্থবোধিনী ॥

সুদুষ্করে কর্ম্মণি প্রবর্ত্তমানো গ্রন্থকারস্তৎসংসিদ্ধয়ে প্রথমং পরমগুরুরূপং শ্রীমদিষ্টদৈবতং শরণত্বেনাশ্রয়তি—চৈতন্যেতি, চৈতন্যং বিশুদ্ধং জ্ঞানং তদ্রূপো যো দেবো জগৎপূজ্যস্তং, দেবেষু মধ্যে যো জ্ঞানঘনস্তমিত্যর্থঃ; যদ্বা, চৈতন্যস্য চিত্তস্য দেবোঽধিষ্ঠাতা যঃ শ্রীবাসুদেবস্তম্; অথবা চৈতন্যং চেতনা জীবনহেতুস্তস্য দেবো নাথস্তং প্রাণেশ্বরমিত্যর্থঃ, আশ্রয়ে শরণং যামি। কিমর্থম্? শ্রীমতাং বৈষ্ণবানামাবশ্যকমবশ্যকৃত্যং যৎ কর্ম্ম তৎ সাধুভিঃ সদাচারপরৈর্বৈষ্ণবৈরেব সমং বিচার্য্য লিখন্ লিখিতুং, হেতৌ শতৃঙ্। তচ্চ কিমর্থম্? তেষামেব প্রকৃষ্টমুদে পরমহর্ষায়। ননু তব নীচস্য কথমেতৎ সিধ্যতু? তত্রাহ—ভগবন্তমিতি, সর্বৈশ্বর্য্যযুক্তং কারুণ্যাদ্যখিল-ভজনীয়গুণবন্তং বা, শ্রীকৃষ্ণমিতি বা, 'কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মি'তি শ্রীভাগবতোক্তেঃ। এবং পক্ষত্রয়ে ক্রমেণ সম্বন্ধনীয়ম্। তাদৃশস্য মহাপ্রভোরাশ্রয়ণেন ন কিমপ্যসাধ্যমিতি ভাবঃ। কিঞ্চ, তচ্ছক্ত্যৈব তন্নিয়োজনেন বা তন্মাহাত্ম্যেন বা অহমত্র প্রবৃত্তোঽস্মি, ন তু স্বাতন্ত্র্যাদিনেতি নিজৌদ্ধত্যাদিপরিহারঃ। স্বমতে চ শ্রীচৈতন্যদেবেতি—প্রসিদ্ধসংজ্ঞং ভগবন্তং মহাপ্রভুং, তৎকারুণ্যমহিম্না তদাশ্রিতস্য মম ন কিমপি দুষ্করং, সর্ব্বমেব সুখসাধ্যমিত্যর্থঃ। ননু তৎ সর্ব্বং শ্রুতিস্মৃতিপুরাণাগমাদিষু সর্ব্বত্র বর্ত্তত এব কিং তল্লিখনেন? তত্রাহ—সমস্তেভ্যঃ শাস্ত্রেভ্যঃ সম্যক্ আহৃত্য আনীয়, তত্র তত্র স্থানে স্থিতমহমত্র যথাযোগ্যং সঙ্গময্য তত্তৎ-পদ্যজাতমেকত্রীকৃত্য লিখিষ্যামীত্যর্থঃ ॥ ১ ॥

ভক্তের্বিলাসাংশ্চিনুতে প্রবোধা-
নন্দস্য শিষ্যো ভগবৎপ্রিয়স্য।
গোপালভট্টো রঘুনাথদাসং
সন্তোষয়ন্ রূপসনাতনৌ চ ॥ ২ ॥

অনুবাদ—শ্রীভগবান্ যাঁহার প্রিয় বা শ্রীভগবান্ শ্রীকৃষ্ণচৈতন্যদেবের প্রিয়পার্ষদ শ্রীপ্রবোধানন্দ সরস্বতীপাদের শিষ্য শ্রীগোপাল ভট্ট আমি শ্রীভক্তির বিলাস—পরমমহিমাযুক্ত বিচিত্র অঙ্গ ভেদসমূহ বিংশ বিলাসে আহরণ করিতেছি। এই জন্য এই গ্রন্থের নাম শ্রীহরিভক্তিবিলাস বা শ্রীভগবদ্ভক্তিবিলাস। (শ্রীগোপাল ভট্ট পাদও শ্রীশ্রীরাধারমণ দেবের ও শ্রীকৃষ্ণচৈতন্যদেবের অতিপ্রিয়)। বিশ্ববৈষ্ণবরাজসভার সভাপতিদ্বয় শ্রীরূপ ও শ্রীসনাতন গোস্বামিকে এবং নিজসঙ্গী শ্রীরঘুনাথদাস গোস্বামীকে সন্তোষ দান করিবার নিমিত্ত এই গ্রন্থ আহরণ করিতেছি ॥২

টীকা—বিলাসান্ পরম-বৈভবরূপান্ ভেদান্, চিনুতে সমাহরতি; ভক্তিবিলাসানাং চয়নেনাস্য গ্রন্থস্য ভক্তিবিলাসেতি সংজ্ঞায়াং কারণমেকমুদ্দিষ্টম্; ভগবৎ-প্রিয়স্যেতি—বহুব্রীহিণা, তৎপুরুষেণ বা সমাসেন, তস্য মাহাত্ম্যজাতং প্রতিপাদিতম্; এবং তচ্ছিষ্যস্য শ্রীগোপালভট্টস্যাপি তাদৃক্ত্বং বোদ্ধব্যম্। শ্রীরঘুনাথদাসো নাম গৌড়কায়স্থ-কুলাব্জভাস্করঃ পরমভাগবতঃ শ্রীমথুরাশ্রিতস্তদাদীন্ নিজসঙ্গিনঃ সন্তোষয়িতুমিত্যর্থঃ ॥ ২ ॥

মথুরানাথপাদাব্জপ্রেমভক্তিবিলাসতঃ ।
জাতং ভক্তিবিলাসাখ্যং তদ্ভক্তাঃ শীলয়ন্ত্বিমং ॥৩॥

অনুবাদ—শ্রীমথুরানাথ ভগবান্ শ্রীকৃষ্ণের চরণ-কমলে যে শ্রীগোপালভট্টের প্রেমভক্তি, তাহার উল্লাস হইতে জাত এই শ্রীহরিভক্তিবিলাস নামক গ্রন্থ, এই গ্রন্থ ভক্তিক্ষেত্র শ্রীমথুরামণ্ডলের অধীশ্বর শ্রীগোবিন্দ দেবের শ্রীচরণকমলের ভক্তভ্রমরগণ অভ্যাস করুণ, শ্রবণ করুণ ও প্রচার করুণ ॥ ৩ ॥

টীকা—শ্রীমথুরানাথস্য শ্রীকৃষ্ণস্য ভগবতঃ পাদাব্জে বিষয়ে যা গোপালভট্টস্য প্রেমভক্তিস্তস্যা বিলাসতঃ উল্লাসাৎ ; যদ্বা, মথুরায়াং যো নাথস্তস্য প্রভোঃ শ্রীকৃষ্ণস্য পাদাব্জয়োর্ভক্তিবিলাসঃ ভক্তিক্ষেত্রত্বাৎ তস্মাজ্জাতমিতি গ্রন্থস্য ভক্তিবিলাসেত্যাখ্যায়াং কারণান্তরং জ্ঞেয়ম্ । ইমং গ্রন্থং তদ্ভক্তাঃ শ্রীমথুরানাথপাদাব্জে ভ্রমরাঃ শীলয়ন্ত অভ্যস্যন্ত্বিত্যর্থঃ । শোভয়ন্ত্বিতি পাঠে দোষাপকরণেন নিরন্তর-শ্রবণ-প্রচারণাদিনা বা অলঙ্কুর্বন্ত্বিতি বিনয়বিশেষঃ ॥ ৩ ॥

জীয়াসুরাত্যন্তিকভক্তিনিষ্ঠাঃ
শ্রীবৈষ্ণবা মাথুরমণ্ডলেঽত্র ।
কাশীশ্বরঃ কৃষ্ণবনে চকাস্তু
শ্রীকৃষ্ণদাসশ্চ সলোকনাথঃ ॥ ৪ ॥

অনুবাদ—এই মথুরামণ্ডলে অবস্থানকারী শ্রীগোবিন্দচরণকমলে অতিশয় ভক্তিরসিক শ্রীবৈষ্ণবগণ শ্রীভগবদ্‌ভক্তি প্রবর্ত্তনরূপ নিজ নিজ উৎকর্ষ আবিষ্কার পূর্ব্বক বিরাজ করুন। শ্রীলোকনাথ গোস্বামীর সহিত শ্রীকৃষ্ণদাস ও শ্রীকাশীশ্বর গোস্বামী শ্রীবৃন্দাবনে শ্রবণ কীর্ত্তনাদি ভক্তির সহিত সুখে অবস্থান করুন। অর্থাৎ ইঁহাদের শ্রীবৃন্দাবনে অবস্থান-কালেই এই শ্রীগ্রন্থ রচিত হইয়াছিল ॥ ৪ ॥

টীকা—শোভাপাদনঞ্চাস্য গ্রন্থস্য শ্রীমথুরানাথ-চরণারবিন্দভক্তিরসিকানাং শ্রীমথুরায়াং সুখনিবাসেন স্বতএব সম্পদ্যত ইত্যাদ্যভিপ্রায়েণাশাস্তে—জীয়াসুরিতি। শ্রীভগবদ্ভক্তিপ্রবর্ত্তনাদিলক্ষণ-নিজোৎকর্ষমাবিষ্কুর্বন্ত্বিত্যর্থঃ,—মথুরামণ্ডলে শ্রীমথুরানগরমধ্যে প্রায়স্তত্রৈব তেষামবস্থিতেঃ। কৃষ্ণবনং বৃন্দাবনং, তাপনীয়শ্রুত্যুক্তানুসারাৎ ; তস্মিন্ ক্রীড়তু শ্রবণ-কীর্ত্তনাদি-ভক্ত্যা সুখং নিবসত্ত্বিত্যর্থঃ। লোকনাথেন সহ বর্ত্তত ইতি তথা সঃ, ইত্যন্যোঽন্যং তয়োঃ প্রীতিঃ বিশেষঃ সূচিতঃ ; এবঞ্চ যদৈষাং তত্র তত্র নিবাসস্তদানীময়ং গ্রন্থো জাত ইত্যাদ্যপি সূচিতম্ ॥ ৪ ॥

তত্র লেখ্যপ্রতিজ্ঞা

আদৌ সকারণং লেখ্যং শ্রীগুর্ব্বাশ্রয়ণং ততঃ ।
গুরুঃ শিষ্যঃ পরীক্ষাদির্ভগবান্ মনবোঽস্য চ ।
মন্ত্রাধিকারী সিদ্ধাদি-শোধনং মন্ত্রসংস্ক্রিয়া ॥ ৫ ॥

অনুবাদ—এই শ্রীহরিভক্তিবিলাসে প্রথম হইতে বিংশ বিলাসে বর্ণিত বিষয় সমূহের সংক্ষিপ্ত সূচীপত্র —প্রথম বিলাসে শ্রীগুরুপাদপদ্ম আশ্রয়, প্রয়োজন সহ, শ্রীগুরুলক্ষণ, শিষ্যলক্ষণ, উভয়ের পরীক্ষাদি, শ্রীভগবৎতত্ত্ব, শ্রীবৈষ্ণবমন্ত্র মাহাত্ম্যাদি, মন্ত্রের অধিকারী নির্ণয়, সিদ্ধাদি শোধন, মন্ত্রসংস্কার ॥ ৫ ॥,

টীকা—লিখন্নিতি, যল্লিখিতং তল্লেখ্যমেব প্রতিজানীতে—আদাবিত্যাদি-ত্রয়োবিংশতিভিঃ। কারণ-সহিতং শ্রীগুরোরাশ্রয়ণম্ উপসত্তিরাদৌ লেখ্যং ; লেখ্যমিত্যস্য লিঙ্গবচনব্যত্যয়েন যথাযথং সর্ব্বত্রান্বয়ঃ। ততস্তদনন্তরং গুরুঃ কীদৃশ ইতি তস্য লক্ষণং লেখ্যমিত্যর্থঃ। অস্য ভগবতো মনবো মন্ত্রাশ্চ তন্মাহাত্ম্যাদিকঞ্চ লেখ্যমিত্যর্থঃ ॥ ৫ ।

দীক্ষা নিত্যং ব্রাহ্মকালে শুভোত্থানং পবিত্রতা ॥ ৬ ॥

অনুবাদ—দ্বিতীয় বিলাসে দীক্ষাবিধি। তৃতীয় বিলাসে সদাচার—নিত্যকৃত্য—[দশমবিলাসে শরণাগতি পর্য্যন্ত] প্রতিদিন ব্রাহ্মমুহূর্ত্তে সূর্য্যোদয়ের পূর্ব্বে ৪ দণ্ড (১ ঘণ্টা ৩৬ মিঃ) শুভকর্ম্মের জন্য কৃষ্ণ কৃষ্ণ কীর্ত্তন করিয়া শয্যাত্যাগ। মুখপ্রক্ষালন দন্তধাবন, শুদ্ধবস্ত্রপরিধানাদি পবিত্রতা ॥ ৬ ॥

টীকা—দীক্ষা তদ্বিধির্লেখ্যেত্যর্থঃ। এবমগ্রেঽপি সর্ব্বত্র মূলগ্রন্থানুসারেণ যথাযথমূহ্যম্। নিত্যমিত্যস্য শরণাগতিরিত্যন্তমনুবৃত্তিঃ, শরণাগতেরপি নিত্যকৃত্যেঽন্তর্ভাবেন তদবধি নিত্যকৃত্যানামেব লিখনাৎ, অত এব তদন্তরং নিত্যকৃত্যাব্যবচ্ছেদার্থং পক্ষেষ্বিবতি লেখ্যম্। ব্রাহ্মকালে ব্রাহ্মমুহূর্ত্তে, শুভং শুভকর্ম্মার্থং

কৃষ্ণ কৃষ্ণেতি কীর্ত্তনাদিনা মঙ্গলাবহং বা যদুত্থানং শয্যাত্যাগস্তৎ। পবিত্রতা পাণিপাদ-প্রক্ষালন-দন্তধাবনাচমনাদিনা শুচিত্বম্ এতদাদি সর্ব্বং যদ্যপ্যগ্রে স্বতএব তত্তৎপ্রকরণতো ব্যক্তং ভাবি, তথাপি সুখবোধার্থমধুনাত্র কিঞ্চিদভিব্যজ্যতে ॥ ৬ ॥

প্রাতঃ-স্মৃত্যাদি কৃষ্ণস্য বাদ্যাদ্যৈশ্চ প্রবোধনম্।
নির্ম্মাল্যোত্তারণাদ্যাদৌ মঙ্গলারাত্রিকং ততঃ ॥ ৭ ॥

অনুবাদ—প্রাতঃকালীয় শ্রীকৃষ্ণের লীলা শ্রবণ কীর্ত্তনাদি, বাদ্যাদি সহ শ্রীভগবৎ প্রবোধন, নির্মাল্য উত্তারণাদি মঙ্গল আরত্রিক ॥ ৭ ॥

টীকা—প্রাতরিতি, নিত্যমিতবৎ মধ্যাহ্ন-কৃত্যং যাবদনুবর্ত্তত এব; এবং মধ্যাহ্নাদিকং চোহ্যম্। স্মৃতিঃ স্মরণম্, আদিশব্দেন প্রাতঃকীর্ত্তন-প্রণমন-বিজ্ঞাপনাদি; প্রবোধনং বাদ্যৈঃ, আদিশব্দাৎ স্তুতি-পাঠাদিভিঃ; নির্ম্মাল্যোত্তারণম্, আদিশব্দেন শ্রীমুখ-প্রক্ষালনদন্তকাষ্ঠার্পণাদি, আদাবিতি প্রথমং নির্ম্মাল্যোত্তারণস্যাবশ্যকত্বাৎ ॥ ৭ ॥

মৈত্রাদিকৃত্যং শৌচাচমনং দন্তস্য ধাবনম্।
স্নানং তান্ত্রিকসন্ধ্যাদি দেবসদ্মাদিসংক্রিয়া ॥ ৮ ॥

অনুবাদ—অনন্তর মলত্যাগাদি কৃত্য, শৌচ, আচমন, দন্তধাবন—শয্যাত্যাগের পর করাই উত্তম। প্রাতঃ স্নান, তান্ত্রিক সন্ধ্যাদি, আদি-পদে জলে ভগবৎপূজা। চতুর্থ বিলাসে ভগবন্মন্দির সংমার্জনাদি, স্বস্তিকনির্ম্মাণ ধ্বজপতাকাদি আরোপণ, পীঠপাত্র বস্ত্রাদিসংস্কার ॥ ৮ ॥

টীকা—নিজদন্ত-ধাবনং যদ্যপ্যুত্থানানন্তরমেব কৃত্যমিতি পবিত্রতান্তঃ পূর্ব্বং প্রবিষ্টমেব, তথাপি শৌচাদিবিধিপ্রসঙ্গতোহত্র তদ্বিধিমাত্রলিখনম্। তান্ত্রিকী সন্ধ্যা তদুপাস্তিঃ, আদিশব্দেন জলে ভগবৎপূজা। দেবসদ্মনঃ ভগবদালয়স্য সংক্রিয়া সংমার্জনাদিনা তথা স্বস্তিকনির্ম্মাণ-ধ্বজপতাকাদ্যারোপণেন চ আদিশব্দাৎ পীঠপাত্রবস্ত্রাদিসংস্কারঃ ॥ ৮ ॥

তুলস্যাদ্যাহৃতির্গেহ-স্নানমুষ্ণোদকাদিকম্।
বস্ত্রং পীঠং চোর্দ্ধ্বপুণ্ড্রং শ্রীগোপীচন্দনাদিকম্ ॥ ৯ ॥

অনুবাদ—তুলসীচয়ণ, পুষ্পাদি আহরণ, নিজ-গৃহে মধ্যাহ্ন স্নান, তাহার বিধি, তাহাও নিকটে গঙ্গাদি তীর্থস্নানের সুযোগ না থাকিলে বা মন্দির সংস্কারাদির পর পূজার জন্য পুনরায় উষ্ণজলে স্নান ব্যবস্থা, স্নানের পর নিজ পরিধেয় বস্ত্র, পীঠ-অর্থাৎ নিজ বসিবার আসন। উর্দ্ধ্বপুণ্ড্র তিলক ধারণ, শ্রীগোপীচন্দনাদিদ্বারা ॥ ৯ ॥

টীকা—তুলস্যাঃ, আদিশব্দাৎ পুষ্পাদীনাঞ্চাহরণম্, গেহে নিজগেহে স্নানং তদ্বিধিঃ, তচ্চ বহিস্তীর্থাভাবেন কিংবা শ্রীভগবদালয়সংস্কারাদ্যনন্তরমেব পূজার্থং পুনঃ স্নানাপেক্ষয়া জ্ঞেয়ং, তত্রৈবোষ্ণোদকামলকাদি-স্নানব্যবস্থা চ; বস্ত্রং স্নানানন্তরং নিজপরিধেয়ম্, পীঠম্ আচমনাদ্যর্থং নিজাসনম্ ॥ ৯ ॥

চক্রাদিমুদ্রা মালা চ গৃহসন্ধ্যার্চ্চনং গুরোঃ।
মাহাত্ম্যঞ্চাথ কৃষ্ণস্য দ্বারবেশ্মান্তরার্চ্চনম্ ॥ ১০ ॥

অনুবাদ—তিলক ধারণের পর চন্দন দ্বারা বিধিমার্গে চক্রাদি মুদ্রাধারণ এবং তুলসীমালা ধারণ, গৃহে বসিয়া নিজ আহ্নিক পূজা। শ্রীগুরুদেবের পূজা ও মাহাত্ম্য কীর্ত্তন, অষ্টকপাঠ ইত্যাদি। কারণ শ্রীগুরুপূজার পরই শ্রীভগবৎ পূজার বিধান। অতঃপর পঞ্চম বিলাসে শ্রীকৃষ্ণ মন্দিরের দ্বারপূজা ॥১০॥

টীকা—গুরোরর্চনং মাহাত্ম্যঞ্চ; অথেতি—গুরু-পূজানন্তরমেব ভগবৎপূজায়া বিধেয়ত্বাৎ। দ্বারং, বেশ্মান্তরঞ্চ গৃহমধ্যং তয়োরর্চনম্ ॥ ১০ ॥

পূজার্থাসনমর্ঘ্যাদি-স্থাপনং বিঘ্নবারণম্।
শ্রীগুর্ব্বাদিনতির্ভূতশুদ্ধিঃ প্রাণবিশোধনম্ ॥ ১১ ॥

অনুবাদ—পূজার নিমিত্ত আসন, নিজ বসিবার জন্য নহে। অর্ঘ্যাদি পাত্র যথাস্থানে স্থাপন ও পাদ্যাদি পাত্রে প্রয়োজনীয় দ্রব্যস্থাপন, মঙ্গলঘট স্থাপন ও বিঘ্ননিবারণ, শ্রীগুরুদেবাদির প্রণতি ভূতশুদ্ধি প্রাণায়াম ॥ ১১ ॥

টীকা—পূজার্থেতি—পূর্ব্বলিখিতাৎ নিজপীঠাদ্ভে-

দার্থম্, অর্ঘ্যপাত্রাদীনাং স্থাপনমিতি তত্তদ্দ্রব্যাণাং তত্তৎপাত্রে চ, তত্তৎপাত্রাণাঞ্চ তত্তৎস্থানেষু ধারণং, তথা মঙ্গলঘটস্থাপনঞ্চেত্যর্থঃ ; প্রাণবিশোধনং প্রাণায়াম ইত্যর্থঃ ॥ ১১ ॥

ন্যাসা মুদ্রাপঞ্চকঞ্চ কৃষ্ণধ্যানান্তরর্চ্চনে ।
পূজাপদানি শ্রীমূর্ত্তি-শালগ্রামশিলাস্তথা ॥ ১২ ॥

অনুবাদ—মাতৃকাদি ন্যাস, অঙ্গন্যাস, করন্যাস, ঋষ্যাদি স্মরণ। মুদ্রাপঞ্চক বেণুমুদ্রা, বনমালা মুদ্রাদি, শ্রীকৃষ্ণধ্যান, মানসপূজা, পূজাস্থান সমূহ শ্রীঅর্চ্চামূর্ত্তি, শ্রীশালগ্রাম শিলা ॥ ১২ ॥

টীকা—ন্যাসাঃ মাতৃকাদীনামৃষ্যাদ্যন্তনাম্ ; মুদ্রাপঞ্চকম্—বেণুবনমালাদি-মুদ্রাঃ পঞ্চ ; কৃষ্ণস্য ধ্যানম্—অথ প্রকটসৌরভেত্যাদ্যুক্তম্ ; অন্তরর্চনঞ্চ—ধ্যানানন্তরমন্তর্যাগঃ। পূজায়াঃ পদানি স্থানানি—শ্রীশালগ্রামশিলাদীনি সূর্য্যাগ্ন্যাদীনি চ ; শ্রীমূর্ত্তয়ঃ শ্রীভগবৎপ্রতিকৃতয়ঃ শ্রীশালগ্রামশিলাশ্চ তত্তল্লক্ষণাদি ॥ ১২ ॥

দ্বারকোদ্ভবচক্রাণি শুদ্ধয়ঃ পীঠপূজনম্ ।
আবাহনাদি তন্মুদ্রা আসনাদিসমর্পণম্ ॥ ১৩ ॥

অনুবাদ—দ্বারকাচক্র, শুদ্ধি—সর্ব্ববিধ উপকরণ ক্ষালনাদি। ষষ্ঠবিলাসে—পীঠপূজা, শ্রীদেবতার আবাহনাদি ও তাহার মুদ্রা প্রদর্শন, আসনাদি সমর্পণ, আদিপদে—স্বাগত, পাদ্য, অর্ঘ্য আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয় সমর্পণ ॥ ১৩ ॥

টীকা—শুদ্ধয়ঃ ক্ষালনাদিনা, শ্রীমূর্ত্ত্যাদীনামাবাহনম্, আদি-শব্দাৎ সংস্থাপন-সন্নিধাপনাদিসপ্তকম্ ; তন্মুদ্রাঃ—আবাহনাদি-মুদ্রাঃ, আসনস্য, আদিশব্দাৎ স্বাগতানন্তরমর্ঘ্যপাদ্যাচমনীয়-মধুপর্ক-পুনরাচমনীয়ানাঞ্চ সমর্পণম্ ॥ ১৩ ॥

স্নপনং শঙ্খঘণ্টাদিবাদ্যং নামসহস্রকম্ ।
পুরাণপাঠো বসনমুপবীতং বিভূষণম্ ॥ ১৪ ॥

অনুবাদ—শ্রীমূর্ত্তিস্নান, শঙ্খবাদ্যাদি, সহস্রনাম-পাঠ, পুরাণপাঠ, পরিধেয় ও উত্তরীয় বসন দান, উপবীত ও বিভূষণ দান ॥ ১৪ ॥

টীকা—স্নপনেঽভ্যঙ্গদ্রব্যপঞ্চামৃতোদ্বর্ত্তনাদীনি ন পৃথক্ লিখিতানি, তেষাং স্নপনাঙ্গত্বাৎ, এবমন্যদপ্যূহ্যম্ ; ভগবতঃ স্নানে শঙ্খ-স্নপনস্য ঘণ্টাবাদ্যস্য চ ফলবিশেষোক্তেঃ, শঙ্খঘণ্টয়োর্মাহাত্ম্যম্, আদিশব্দাত্তত্রৈব শঙ্খাদিবাদ্যস্য চ মাহাত্ম্যং লেখ্যমিত্যর্থঃ ; বসনাদিকং স্নপনানন্তরং ভগবতেঽর্পণম্ ॥ ১৪ ॥

গন্ধঃ শ্রীতুলসীকাষ্ঠ-চন্দনং কুসুমানি চ ।
পত্রাণি তুলসী চাঙ্গোপাঙ্গাবরণপূজনম্ ॥ ১৫ ॥

অনুবাদ—গন্ধ চন্দন, শ্রীতুলসীকাষ্ঠ চন্দন দান। সপ্তম বিলাসে—বিবিধ সুগন্ধি পুষ্প, পত্র, তুলসী প্রদান এবং অঙ্গ—মন্ত্রবর্ণ, উপাঙ্গ-বেণু প্রভৃতি, আবরণ-গোপসখাদির পূজন ॥ ১৫ ॥

টীকা—গন্ধান্তর্গতস্যাপি শ্রীতুলসীকাষ্ঠচন্দনস্য পৃথক্ লেখো মাহাত্ম্য-বিশেষতঃ, এবমন্যদপ্যূহ্যম্, পত্রাণি বিল্বাদীনাং ; অঙ্গানাম্ মন্ত্রবর্ণাদীনাম্, উপাঙ্গানাঞ্চ বেণ্বাদীনাম্, আবরণানাঞ্চ গোপকুমারাদীনাং পূজা ॥ ১৫ ॥

ধূপো দীপশ্চ নৈবেদ্যং পানং হোমো বলিক্রিয়া ।
অবগণ্ডুষাদ্যাস্যবাসো দিব্যগন্ধাদিকং পুনঃ ॥ ১৬ ॥

অনুবাদ—অষ্টম বিলাসে—ধূপ, দীপ, নৈবেদ্য, পানীয়দান, হোম, বলিক্রিয়া-পার্শ্বদেবগণকে ভগবৎ প্রসাদাংশ প্রদান, মুখপ্রক্ষালন, তাম্বূলাদি মুখবাসদান, দিব্যগন্ধাদি লেপন ॥ ১৬ ॥

টীকা—বলিক্রিয়া—বিষ্বক্সেনাদিভ্যো ভগবদুচ্ছিষ্টাংশপ্রদানম্। অবগণ্ডুষং গণ্ডুষার্থজলম্। আদি-শব্দেন দন্তশোধন-পুনরাচমন-শ্রীমুখমার্জনাদি, আস্যবাসঃ লবঙ্গ-তাম্বূলাদি-মুখবাসঃ ॥ ১৬ ॥

রাজোপচারা গীতাদি মহানীরাজনং তথা ॥ ১৭ ॥

অনুবাদ—ছত্রচামরাদি রাজোপচার, গীতবাদ্য নৃত্যাদি সহ মহা আরত্রিক ॥ ১৭ ॥

কৃষ্ণ কৃষ্ণেতি কীর্ত্তনাদিনা মঙ্গলাবহং বা যদুত্থানং শয্যাত্যাগস্তৎ। পবিত্রতা পাণিপাদ-প্রক্ষালন-দন্তধাবনাচমনাদিনা শুচিত্বম্ এতদাদি সর্ব্বং যদ্যপ্যগ্রে স্বত এব তত্তৎপ্রকরণতো ব্যক্তং ভাবি, তথাপি সুখবোধার্থমধুনাত্র কিঞ্চিদভিব্যজ্যতে ॥ ৬ ॥

প্রাতঃ-স্মৃত্যাদি কৃষ্ণস্য বাদ্যাদ্যৈশ্চ প্রবোধনম্।
নির্ম্মাল্যোত্তারণাদ্যাদৌ মঙ্গলারাত্রিকং ততঃ ॥ ৭ ॥

অনুবাদ—প্রাতঃকালীয় শ্রীকৃষ্ণের লীলা শ্রবণ কীর্ত্তনাদি, বাদ্যাদি সহ শ্রীভগবৎ প্রবোধন, নির্ম্মাল্য উত্তারণাদি মঙ্গল আরত্রিক ॥ ৭ ॥

টীকা—প্রাতরিতি, নিত্যমিতবৎ মধ্যাহ্ন-কৃত্যং যাবদনুবর্ত্তত এব; এবং মধ্যাহ্নাদিকং চোহ্যম্। স্মৃতিঃ স্মরণম্, আদিশব্দেন প্রাতঃকীর্ত্তন-প্রণমন-বিজ্ঞাপনাদি; প্রবোধনং বাদ্যৈঃ, আদিশব্দাৎ স্তুতি-পাঠাদিভিঃ; নির্ম্মাল্যোত্তারণম্, আদিশব্দেন শ্রীমুখ-প্রক্ষালনদন্তকাষ্ঠার্পণাদি, আদাবিতি প্রথমং নির্ম্মাল্যোত্তারণস্যাবশ্যকত্বাৎ ॥ ৭ ॥

মৈত্রাদিকৃত্যং শৌচাচমনং দন্তস্য ধাবনম্।
স্নানং তান্ত্রিকসন্ধ্যাদি দেবসদ্মাদিসংস্ক্রিয়া ॥ ৮ ॥

অনুবাদ—অনন্তর মলত্যাগাদি কৃত্য, শৌচ, আচমন, দন্তধাবন—শয্যাত্যাগের পর করাই উত্তম। প্রাতঃ স্নান, তান্ত্রিক সন্ধ্যাদি, আদি-পদে জলে ভগবৎপূজা। চতুর্থ বিলাসে ভগবন্মন্দির সংমার্জনাদি, স্বস্তিকনির্ম্মাণ ধ্বজপতাকাদি আরোপণ, পীঠপাত্র বস্ত্রাদিসংস্কার ॥ ৮ ॥

টীকা—নিজদন্ত-ধাবনং যদ্যপ্যুত্থানানন্তরমেব কৃত্যমিতি পবিত্রতাস্তঃ পূর্ব্বং প্রবিষ্টমেব, তথাপি শৌচাদিবিধিপ্রসঙ্গতোহত্র তদ্বিধিমাত্রলিখনম্। তান্ত্রিকী সন্ধ্যা তদুপাস্তিঃ, আদিশব্দেন জলে ভগবৎপূজা। দেবসদ্মনঃ ভগবদালয়স্য সংস্ক্রিয়া সংমার্জনাদিনা তথা স্বস্তিকনির্ম্মাণ-ধ্বজপতাকাদ্যারোপণেন চ আদি-শব্দাৎ পীঠপাত্রবস্ত্রাদিসংস্কারঃ ॥ ৮ ॥

তুলস্যাদ্যাহৃতির্গেহ-স্নানমুষ্ণোদকাদিকম্।
বস্ত্রং পীঠং চোর্দ্ধপুণ্ড্রং শ্রীগোপীচন্দনাদিকম্ ॥ ৯ ॥

অনুবাদ—তুলসীচয়ণ, পুষ্পাদি আহরণ, নিজ-গৃহে মধ্যাহ্ন স্নান, তাহার বিধি, তাহাও নিকটে গঙ্গাদি তীর্থস্নানের সুযোগ না থাকিলে বা মন্দির সংস্কারাদির পর পূজার জন্য পুনরায় উষ্ণজলে স্নান ব্যবস্থা, স্নানের পর নিজ পরিধেয় বস্ত্র, পীঠ-অর্থাৎ নিজ বসিবার আসন। উর্দ্ধপুণ্ড্র তিলক ধারণ, শ্রীগোপীচন্দনাদিদ্বারা ॥ ৯ ॥

টীকা—তুলস্যাঃ, আদিশব্দাৎ পুষ্পাদীনাঞ্চাহরণম্, গেহে নিজগেহে স্নানং তদ্বিধিঃ, তচ্চ বহিস্তীর্থাভাবেন কিংবা শ্রীভগবদালয়সংস্কারাদ্যনন্তরমেব পূজার্থং পুনঃ স্নানাপেক্ষয়া জ্ঞেয়ং, তত্রৈবোষ্ণোদকামলকাদি-স্নানব্যবস্থা চ; বস্ত্রং স্নানানন্তরং নিজপরিধেয়ম্, পীঠম্ আচমনাদ্যর্থং নিজাসনম্ ॥ ৯ ॥

চক্রাদিমুদ্রা মালা চ গৃহসন্ধ্যার্চ্চনং গুরোঃ।
মাহাত্ম্যঞ্চাথ কৃষ্ণস্য দ্বারবেশ্মান্তরার্চ্চনম্ ॥ ১০ ॥

অনুবাদ—তিলক ধারণের পর চন্দন দ্বারা বিধিমার্গে চক্রাদি মুদ্রাধারণ এবং তুলসীমালা ধারণ, গৃহে বসিয়া নিজ আহ্নিক পূজা। শ্রীগুরুদেবের পূজা ও মাহাত্ম্য কীর্ত্তন, অষ্টকপাঠ ইত্যাদি। কারণ শ্রীগুরুপূজার পরই শ্রীভগবৎ পূজার বিধান। অতঃপর পঞ্চম বিলাসে শ্রীকৃষ্ণ মন্দিরের দ্বারপূজা ॥১০॥

টীকা—গুরোরর্চনং মাহাত্ম্যঞ্চ; অথেতি—গুরুপূজানন্তরমেব ভগবৎপূজায়া বিধেয়ত্বাৎ। দ্বারং, বেশ্মান্তরঞ্চ গৃহমধ্যং তয়োরর্চনম্ ॥ ১০ ॥

পূজার্থাসনমর্ঘ্যাদি-স্থাপনং বিঘ্নবারণম্।
শ্রীগুর্ব্বাদিনতির্ভূতশুদ্ধিঃ প্রাণবিশোধনম্ ॥ ১১ ॥

অনুবাদ—পূজার নিমিত্ত আসন, নিজ বসিবার জন্য নহে। অর্ঘ্যাদি পাত্র যথাস্থানে স্থাপন ও পাদ্যাদি পাত্রে প্রয়োজনীয় দ্রব্যস্থাপন, মঙ্গলঘট স্থাপন ও বিঘ্ননিবারণ, শ্রীগুরুদেবাদির প্রণতি ভূতশুদ্ধি প্রাণায়াম ॥ ১১ ॥

টীকা—পূজার্থেতি—পূর্ব্বলিখিতাৎ নিজপীঠাদ্ভে-

দার্থম্, অর্ঘ্যপাত্রাদীনাং স্থাপনমিতি তত্তদ্দ্রব্যাণাং তত্তৎপাত্রে চ, তত্তৎপাত্রাণাঞ্চ তত্তৎস্থানেষু ধারণং, তথা মঙ্গলঘটস্থাপনঞ্চেত্যর্থঃ ; প্রাণবিশোধনং প্রাণায়াম ইত্যর্থঃ ॥ ১১ ॥

ন্যাসা মুদ্রাপঞ্চকঞ্চ কৃষ্ণধ্যানান্তরর্চ্চনে ।
পূজাপদানি শ্রীমূর্ত্তি-শালগ্রামশিলাস্তথা ॥ ১২ ॥

অনুবাদ—মাতৃকাদি ন্যাস, অঙ্গন্যাস, করন্যাস, ঋষ্যাদি স্মরণ। মুদ্রাপঞ্চক বেণুমুদ্রা, বনমালা মুদ্রাদি, শ্রীকৃষ্ণধ্যান, মানসপূজা, পূজাস্থান সমূহ শ্রীঅর্চ্চামূর্ত্তি, শ্রীশালগ্রাম শিলা ॥ ১২ ॥

টীকা—ন্যাসাঃ মাতৃকাদীনামৃষ্যাদ্যন্তনাম্ ; মুদ্রাপঞ্চকম্—বেণুবনমালাদি-মুদ্রাঃ পঞ্চ ; কৃষ্ণস্য ধ্যানম্—অথ প্রকটসৌরভেত্যাদ্যুক্তম্ ; অন্তরর্চনঞ্চ—ধ্যানানন্তরমন্তর্যাগঃ। পূজায়াঃ পদানি স্থানানি—শ্রীশালগ্রামশিলাদীনি সূর্য্যাগ্ন্যাদীনি চ ; শ্রীমূর্ত্তয়ঃ শ্রীভগবৎপ্রতিকৃতয়ঃ শ্রীশালগ্রামশিলাশ্চ তত্তল্লক্ষণাদি ॥ ১২ ॥

দ্বারকোদ্ভবচক্রাণি শুদ্ধয়ঃ পীঠপূজনম্ ।
আবাহনাদি তন্মুদ্রা আসনাদিসমর্পণম্ ॥ ১৩ ॥

অনুবাদ—দ্বারকাচক্র, শুদ্ধি—সর্ব্ববিধ উপকরণ ক্ষালনাদি। ষষ্ঠবিলাসে—পীঠপূজা, শ্রীদেবতার আবাহনাদি ও তাহার মুদ্রা প্রদর্শন, আসনাদি সমর্পণ, আদিপদে—স্বাগত, পাদ্য, অর্ঘ্য আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয় সমর্পণ ॥ ১৩ ॥

টীকা—শুদ্ধয়ঃ ক্ষালনাদিনা, শ্রীমূর্ত্ত্যাদীনামাবাহনম্, আদি-শব্দাৎ সংস্থাপন-সন্নিধাপনাদিসপ্তকম্ ; তন্মুদ্রাঃ—আবাহনাদি-মুদ্রাঃ, আসনস্য, আদিশব্দাৎ স্বাগতানন্তরমর্ঘ্যপাদ্যাচমনীয়-মধুপর্ক-পুনরাচমনীয়ানাঞ্চ সমর্পণম্ ॥ ১৩ ॥

স্নপনং শঙ্খঘণ্টাদিবাদ্যং নামসহস্রকম্ ।
পুরাণপাঠো বসনমুপবীতং বিভূষণম্ ॥ ১৪ ॥

অনুবাদ—শ্রীমূর্ত্তিস্নান, শঙ্খবাদ্যাদি, সহস্রনামপাঠ, পুরাণপাঠ, পরিধেয় ও উত্তরীয় বসন দান, উপবীত ও বিভূষণ দান ॥ ১৪ ॥

টীকা—স্নপনেঽভ্যঙ্গদ্রব্যপঞ্চামৃতোদ্বর্ত্তনাদীনি ন পৃথক্ লিখিতানি, তেষাং স্নপনাঙ্গত্বাৎ, এবমন্যদপ্যূহ্যম্ ; ভগবতঃ স্নানে শঙ্খ-স্নপনস্য ঘণ্টাবাদ্যস্য চ ফলবিশেষোক্তেঃ, শঙ্খঘণ্টয়োর্মাহাত্ম্যম্, আদিশব্দাত্তত্রৈব শঙ্খাদিবাদ্যস্য চ মাহাত্ম্যং লেখ্যমিত্যর্থঃ ; বসনাদিকং স্নপনানন্তরং ভগবতেঽর্পণম্ ॥ ১৪ ॥

গন্ধঃ শ্রীতুলসীকাষ্ঠ-চন্দনং কুসুমানি চ ।
পত্রাণি তুলসী চাঙ্গোপাঙ্গাবরণপূজনম্ ॥ ১৫ ॥

অনুবাদ—গন্ধ চন্দন, শ্রীতুলসীকাষ্ঠ চন্দন দান। সপ্তম বিলাসে—বিবিধ সুগন্ধি পুষ্প, পত্র, তুলসী প্রদান এবং অঙ্গ—মন্ত্রবর্ণ, উপাঙ্গ-বেণু প্রভৃতি, আবরণ-গোপসখাদির পূজন ॥ ১৫ ॥

টীকা—গন্ধান্তর্গতস্যাপি শ্রীতুলসীকাষ্ঠচন্দনস্য পৃথক্ লেখো মাহাত্ম্য-বিশেষতঃ, এবমন্যদপ্যূহ্যম্, পত্রাণি বিল্বাদীনাং ; অঙ্গানাম্ মন্ত্রবর্ণাদীনাম্, উপাঙ্গানাঞ্চ বেণ্বাদীনাম্, আবরণানাঞ্চ গোপকুমারাদীনাং পূজা ॥ ১৫ ॥

ধূপো দীপশ্চ নৈবেদ্যং পানং হোমো বলিক্রিয়া ।
অবগণ্ডূষাদ্যাস্যবাসো দিব্যগন্ধাদিকং পুনঃ ॥ ১৬ ॥

অনুবাদ—অষ্টম বিলাসে—ধূপ, দীপ, নৈবেদ্য, পানীয়দান, হোম, বলিক্রিয়া-পার্শ্বদেবগণকে ভগবৎ প্রসাদাংশ প্রদান, মুখপ্রক্ষালন, তাম্বূলাদি মুখবাসদান, দিব্যগন্ধাদি লেপন ॥ ১৬ ॥

টীকা—বলিক্রিয়া—বিষ্বক্সেনাদিভ্যো ভগবদুচ্ছিষ্টাংশপ্রদানম্। অবগণ্ডূষং গণ্ডূষার্থজলম্। আদিশব্দেন দন্তশোধন-পুনরাচমন-শ্রীমুখমার্জনাদি, আস্যবাসঃ লবঙ্গ-তাম্বূলাদি-মুখবাসঃ ॥ ১৬ ॥

রাজোপচারা গীতাদি মহানীরাজনং তথা ॥ ১৭ ॥

অনুবাদ—ছত্রচামরাদি রাজোপচার, গীতবাদ্য নৃত্যাদি সহ মহা আরত্রিক ॥ ১৭ ॥

টীকা—রাজোপচারাঃ ছত্রচামরাদয়ঃ, গীতম্ আদিশব্দাৎ বাদ্যং নৃত্যঞ্চ, শঙ্খাদীনাং বাদনং পূর্ব্বং স্নানসম্বন্ধি, অধুনা চ মহানীরাজনবিষয়কমিতি ভেদঃ ॥ ১৭ ॥

শঙ্খাদিবাদনং সাম্বু-শঙ্খনীরাজনং স্তুতিঃ।
নতিঃ প্রদক্ষিণা কর্ম্মাদ্যর্পণং জপযাচনে।
আগঃক্ষমাপণং নানাগাংসি নির্ম্মাল্যধারণম্ ॥ ১৮ ॥

অনুবাদ—শঙ্খধ্বনি, সজলশঙ্খনীরাজন, স্তব-স্তুতিপাঠ, প্রণাম, প্রদক্ষিণ, কর্ম্মার্পণ, জপ, প্রার্থনা, পাপ অপরাধাদি ক্ষমাপণ, নির্ম্মাল্যধারণ ॥ ১৮ ॥

টীকা—জলযুক্তশঙ্খেন নিরাজনং, জপঃ যাচনঞ্চ প্রার্থনা, আগসামপরাধানাং ক্ষমাপণং, নানা—নানা-বিধান্যাগাংসি। নির্ম্মাল্যস্য শ্রীভগবৎপাদাব্জোত্তীর্ণস্য তুলস্যাদের্নিজমস্তকে ধারণম্ ॥ ১৮ ।

শঙ্খাম্বু তীর্থং তুলসীপূজা তন্মৃত্তিকাদি চ।
ধাত্রী স্নাননিষেধস্য কালো বৃত্তেরুপার্জ্জনম ॥ ১৯ ॥

অনুবাদ—নবমবিলাসে—শঙ্খজল মস্তকে ধারণ, শ্রীচরণামৃত পান, তুলসীবনপূজা, তুলসীমৃত্তিকা ও কাষ্ঠমালাদি ধারণ মাহাত্ম্য, ধাত্রী মাহাত্ম্য। উৎসবাদিতে আগত অস্পৃশ্য ব্যক্তির স্পর্শে বা উৎসবান্তে স্নান নিষেধ। অতঃপর নিজনিজ শাস্ত্রাদি অধ্যয়ন অধ্যাপনদ্বারা শুক্লবৃত্তি জীবিকা উপার্জন ॥ ১৯ ॥

টীকা—শঙ্খাম্বু—শ্রীভগবন্নীরাজিত-শঙ্খজলং তীর্থং শ্রীচরণোদকং, তুলসীবনে শ্রীভগবতস্তুলস্যাশ্চ পূজনং, তস্যাস্তুলস্যা মৃত্তিকা-কাষ্ঠাদি, ধাত্রী আমলকী তন্মাহাত্ম্যমিত্যর্থঃ ॥ ১৯ ॥

মধ্যাহ্নে বৈশ্বদেবাদি শ্রাদ্ধং চানর্প্যমচ্যুতে।
বিনার্চ্চামশনে দোষাস্তথানর্পিতভোজনে ॥ ২০ ॥
নৈবেদ্যভক্ষণং সন্তঃ সৎসঙ্গোঽসদসঙ্গতিঃ।
অসদ্গতির্বৈষ্ণবোপহাস-নিন্দাদি-দুষ্ফলম্ ॥ ২১ ॥

অনুবাদ—মধ্যাহ্নে বৈষ্ণব-শ্রাদ্ধবিধি, (শ্রীভগবানে অর্পণের অযোগ্য বস্তুদান নিষেধ,) শ্রীভগবানকে অর্পণ না করিয়া ভোজনে দোষ, প্রসাদী নৈবেদ্য ভক্ষণ বিধি ॥ ২০ ॥

অনুবাদ—দশমবিলাসে—শ্রীভগবদ্ভক্তগণ সাধু, সৎসঙ্গ করণীয়, অসৎসঙ্গ বর্জ্জনীয়, অসদ্গণের গতি, বৈষ্ণবগণের উপহাসনিন্দাদি দ্বারা যে কুফল ॥ ২১ ॥

টীকা—বৈশ্বদেবাদিকং শ্রাদ্ধঞ্চ বৈষ্ণবৈর্যথা কার্য্যং তদ্বিধিরিত্যর্থঃ, বৈষ্ণবকৃত্যানামেব লিখনাৎ; অচ্যুতে শ্রীভগবতি, অনর্প্যম্ অর্পণাযোগ্যম্, অর্চাং ভগবৎ-পূজাং বিনা ভোজনে দোষাঃ; তথেতি—ভগবত্যনর্পিতস্য দ্রব্যস্য ভোজনে চ দোষাঃ; সন্তঃ শ্রীভগবদ্ভক্তাঃ, অসদ্ভিরসঙ্গতিঃ অসৎসঙ্গপরিত্যাগ ইত্যর্থঃ; অসতাং গতির্নিষ্ঠা, বৈষ্ণবানামুপহাসাদিনা যদ্দুষ্টং ফলং ভবতি তৎ, যদ্যপ্যসদ্গত্যন্তর্গতমেব তৎ স্যাৎ, তথাপি বিশেষতো বৈষ্ণববিষয়কাপরাধলক্ষণ-পরমা-সাধুত্বপরিহারার্থং পৃথগ্ লিখিতম্ ॥ ২০-২১ ॥

সতাং ভক্তির্বিষ্ণুশাস্ত্রং শ্রীমদ্ভাগবতং তথা।
লীলাকথা চ ভগবদ্ধর্ম্মাঃ সায়ং নিজক্রিয়াঃ ॥ ২২ ॥
কর্ম্মপাতপরীহারস্ত্রিকালার্চ্চা বিশেষতঃ।
নক্তংকৃত্যান্যথো পূজাফলসিদ্ধ্যাদিদর্শনম্ ॥ ২৩ ॥

অনুবাদ—সাধুগণের প্রতিভক্তি—অভিগমন ও স্তুতিদ্বারা সম্মান প্রদর্শন, বৈষ্ণবশাস্ত্রপাঠ শ্রবণাদি, শ্রীমদ্ভাগবত শ্রবণ কীর্ত্তনপূজনাদি, লীলাকথা শ্রবণ-কীর্ত্তনাদি, ভগবদ্ধর্ম্ম সমূহ ও তাহার মাহাত্ম্য। একাদশ বিলাসে—সন্ধ্যাকালে নিজক্রিয়া সন্ধ্যা উপাসনাদি, বৈষ্ণবগণের কর্ম্মপাতে দোষ নাই। বিশেষতঃ বৈষ্ণবগণের ত্রিকাল অর্চ্চন। রাত্রিকৃত্য, গীতবাদ্যাদিসহ শ্রীভগবানের শয়ন উপচার দান। অনন্তর পূজাফল প্রাপ্তির উপায়, আদি পদে পূজাতে অশক্ত ব্যক্তির পূজা দর্শনে বা শ্রীমূর্ত্তিদর্শনে পূজাফল প্রাপ্তি হয় ॥ ২২-২৩ ॥

টীকা—ভক্তিঃ অভিগমনস্তুত্যাদিনা সম্মাননং, লীলাকথেতি—ভগবল্লীলা-কথায়াঃ শ্রবণ-কীর্ত্তনাদি, তত্ত্যাগে দোষশ্চ, নিজক্রিয়াঃ সন্ধ্যোপাস্ত্যাদি-কর্ম্মাণি; বৈষ্ণবানাং কর্ম্মপাতস্য পরীহারঃ—তদ্দোষনিরাকরণ-সিদ্ধান্ত ইত্যর্থঃ; বিশেষতস্ত্রিকালার্চনম্—কালত্রয়-

পূজাবিধিবিশেষ ইত্যর্থঃ ; নক্তং-কৃতানি—গীতবাদ্যাদিপূর্ব্বক-শ্রীভগবচ্ছয়নোপচারকল্পনাদীনি, পূজাফলস্য সিদ্ধিঃ যথা সম্পূর্ণতা স্যাৎ, তৎপ্রকার ইত্যর্থঃ ; আদি-শব্দেন অশক্তস্য পূজাফলপ্রাপ্ত্যুপায়ঃ দর্শনম্—পূজায়াঃ শ্রীমূর্ত্তের্বা অবলোকনম্ ॥ ২২-২৩ ॥

বিষ্ণ্বর্থদানং বিবিধোপচারা ন্যূনপূরণম্ ।
শয়নং মহিমার্চ্চায়াঃ শ্রীমন্নাম্নস্তথাদ্ভুতঃ ॥ ২৪ ॥
নামাপরাধা ভক্তিশ্চ প্রেমাথাশ্রয়ণাদয়ঃ ।
পক্ষেষ্বেকাদশী সাঙ্গা শ্রীদ্বাদশ্যষ্টকং মহৎ ॥২৫॥
কৃত্যানি মার্গশীর্ষাদি-মাসেষু দ্বাদশস্বপি ।
পুরশ্চরণ-কৃত্যানি মন্ত্রসিদ্ধস্য লক্ষণম্ ॥ ২৬ ॥
মূর্ত্ত্যাবির্ভাবনং মূর্তিপ্রতিষ্ঠা কৃষ্ণ-মন্দিরম্ ।
জীর্ণোদ্ধৃতিঃ শ্রীতুলসীবিবাহোঽনন্যকর্ম্ম চ । ॥ ২৭॥

অনুবাদ—শ্রীভগবদুদ্দেশ্যে কপিলা গাভীদান, বিবিধ উপচার, উপচার বিশেষের অভাবে তাহার সমাধান, নিজ শয়নবিধি, শ্রীভগবৎ পূজনের মহিমা, শ্রীভগবন্নামমহিমা অদ্ভুত ॥ ২৪ ॥

অনুবাদ—পদ্মপুরানোক্ত দশবিধ নামাপরাধসমূহ, শ্রীনামসেবাদ্বারা নামাপরাধ ক্ষয় । শ্রীভগবদ্ভক্তির সুদুর্ল্লভতা, মাহাত্ম্য, লক্ষণ প্রেমা-প্রেমসম্পত্তির লক্ষণ, শরণাগতি, আদিপদে উচ্চনীচ—আচার সমূহ ॥ এই পর্য্যন্ত নিত্য দৈনন্দিনকৃত্য, অতঃপর দ্বাদশ ও ত্রয়োদশ বিলাসে—পক্ষকৃত্য শ্রীএকাদশী ব্রত, অঙ্গসমূহ—দশমী একাদশী ও দ্বাদশী পালন নিয়মসমূহ। অষ্টমহাদ্বাদশী ব্রতনিয়ম, মাহাত্ম্য জাগরণ ইত্যাদি ॥ ২৫ ॥

অনুবাদ—চতুর্দ্দশ ও পঞ্চদশ বিলাসে—অগ্রহায়নাদি একাদশ মাসকৃত্য বিধি ।

ষোড়শ বিলাসে—কাত্তিকমাস ব্রত-বিধি মাহাত্ম্য।

সপ্তদশ বিলাসে—ইষ্টমন্ত্রের পুরশ্চরণ বিধি, মন্ত্রসিদ্ধের লক্ষণ ॥ ২৬ ॥

অষ্টাদশ বিলাসে—শ্রীমূত্তির আবির্ভাব প্রকার।

উনবিংশ বিলাসে—শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠা বিধি ।

বিংশ বিলাসে—শ্রীকৃষ্ণমন্দির নির্ম্মাণ বিধি মাহাত্ম্য ।

জীর্ণমন্দির সংস্কার, শ্রীতুলসীবিবাহ পদ্ধতি, অনন্যভক্তের লক্ষণ ॥ ২৬-২৭ ॥

পূর্ব্বোক্ত বিষয় সমূহের বিচারপূর্ব্বক শাস্ত্রীয়-প্রমাণ সহ বিস্তৃত বর্ণন করিতেছেন। তন্মধ্যে শ্রীগুরু চরণাশ্রয়ের কারণ বলিতেছেন—

টীকা—বিষ্ণ্বর্থং কপিলাদি-দানং, তদ্দুগ্ধাদিনা নিত্যপূজাসিদ্ধের্নিত্যপূজার্থদ্রব্যদানাভিপ্রায়তো বা নিত্যকৃত্যমধ্যে লিখিতম্ ; ন্যূনপূরণমলব্ধোপচার-সমাধানং, শয়নং নিজশয়নবিধি অর্চ্চায়াঃ শ্রীভগবৎ-পূজায়া মহিমা মাহাত্ম্যং, শ্রীমন্নাম্নশ্চ মহিমা অদ্ভুত ইতি শ্রীভগবন্নাম-মাহাত্ম্যেঽর্থবাদকল্পনা পরমদোষাবহা, নামসেবয়া নামাপরাধক্ষয়শ্চেত্যপি সূচয়তি ; ভক্তিঃ শ্রীভগবদ্ভক্তের্দৌর্ল্লভ্যাদি-মাহাত্ম্যং লক্ষণঞ্চেত্যর্থঃ ; প্রেমা প্রেমসম্পত্তিলক্ষণমিত্যর্থঃ ; আশ্রয়ণং শরণাগতিস্তস্য কাদাচিৎকত্বেঽপি নিত্যকৃত্যান্তর্ল্লেখো নিত্যং শ্রীভগবৎস্থানাশ্রয়ণাদিলক্ষণতয়া নিত্যানুকূল্যস্য সঙ্কল্পাদিলক্ষণতয়া চ নিত্যকৃত্যান্তরেব পর্য্যবসানাৎ ; আদি-শব্দেন উচ্চাবচসদাচারাঃ ; এবং লেখ্যনিত্যকৃত্যানি ক্রমেণ প্রতিজ্ঞায় পক্ষকৃত্য-মাস-কৃত্যাদীনি লেখ্যানি প্রতিজানীতে—পক্ষেষ্বিত্যাদিনা। অঙ্গানি—দশম্যাদি-দিনত্রয়নিয়মাঃ, জাগরণং, দ্বাদশ্যপেক্ষণাদীনি চ, তৈঃ সহিতমেকাদশীব্রতং তত্তন্মাহাত্ম্যং তত্তদ্‌ব্রতদিন-নির্ণয়াদি চেত্যর্থঃ, এবমন্যদপূহ্যম্ ; সাঙ্গেতি—লিঙ্গবচনব্যত্যয়েন অগ্রেঽপি সর্ব্বত্র যথাযথং যোজ্যম্ ; সিদ্ধস্য পুরশ্চরণাদিনা সিদ্ধমন্ত্রস্যেত্যর্থঃ ; মূর্ত্তীনাং শ্রীভগবৎপ্রতিমানামাবির্ভাবনং শিল্পাদিদ্বারা নিষ্পাদনমিত্যর্থঃ ; কথঞ্চিদ্বৈগুণ্যে শ্রীমূর্ত্তেঃ পুনঃ সংস্কারঃ প্রতিষ্ঠাবিধান্তর্গত এবেতি পৃথক্ নোল্লিখিতঃ ; এবং প্রকারাদিনির্ণয়-বৃক্ষরোপণাদিকমপি মন্দিরানুষঙ্গিকতয়া পৃথক্ নোল্লিখিতম্ ; জীর্ণানাং প্রাসাদাদীনাম্ উদ্ধৃতিরুদ্ধারঃ, অনন্যানামেকান্তিনাং কৃত্যম্ ॥ ২৪-২৭ ॥

তত্র শ্রীগুরূপসত্তি-কারণম্

কৃপয়া কৃষ্ণদেবস্য তদ্ভক্তজনসঙ্গতঃ ।
ভক্তের্ম্মাহাত্ম্যমাকর্ণ্য তামিচ্ছন্ সদ্‌গুরুং ভজেৎ ॥২৮

অনুবাদ—শ্রীকৃষ্ণচন্দ্রের কৃপাহেতু তাঁহার ভক্তজনগণের সঙ্গলাভ হয়, ঐ ভক্তসঙ্গফলে শ্রীভক্তির

মাহাত্ম্যশ্রবণ করিয়া মোক্ষলঘুতাকৃদ্ ভক্তিলাভেচ্ছু সদ্গুরুচরণাশ্রয় করিবেন ॥ ২৮ ॥

টীকা—অধুনা প্রতিজ্ঞাতং তত্তদেব বিস্তার্য (বিচার্য) লিখতি—তত্রেত্যাদিনা যাবৎসমাপ্তি ; তত্র তেষু শ্রীগুরূপসত্তেঃ প্রপদোত উপাসীত সংশ্রয়ীত্যেতাদিনাঽগ্রে লেখ্যায়াঃ কারণমিদং লিখ্যত ইতি শেষ ; এবমগ্রেঽপি সর্ব্বত্র ; তদেব লিখতি—কৃপয়েত্যাদিনা পুরুষো বেদেত্যন্তেন। কৃষ্ণদেবস্য কৃপয়া যত্তস্য ভক্তজনৈঃ সঙ্গস্তস্মাৎ, মাহাত্ম্যং মোক্ষাদপ্যাধিক্যাদি, তাং ভক্তিং, সন্তং লেখ্যলক্ষণৈরুত্তমং গুরুমাশ্রয়েৎ ॥ ২৮ ॥

অত্রানুভূয়তে নিত্যং দুঃখশ্রেণী পরত্র চ।
দুঃসহা শ্রূয়তে শাস্ত্রাত্তিতীর্ষেদপি তাং সুধীঃ ॥ ২৯ ॥

অনুবাদ—সুধীব্যক্তি ইহলোকে প্রতিদিন দুঃখপরম্পরা অনুভব করিয়া এবং শাস্ত্র হইতে পরলোকেও দুঃসহ দুঃখ সমূহ শ্রবণ করিয়া তাহা হইতে উদ্ধারলাভের ইচ্ছায় ও ভক্তিমাহাত্ম্য শ্রবণকারী সদ্গুরুচরণাশ্রয় করিবেন। অন্যথা আত্মঘাতী ব্যাধের ন্যায় কুধী ॥ ২৯ ॥

টীকা—নন্ন বিষয়সুখাসক্তানাং তাদৃশজ্ঞানং দুর্ঘটমেবেতি কুতো ভক্তীচ্ছাঽস্ত ? সত্যং, দুঃখসাগরতরণেচ্ছয়াপি ভক্তিং বাঞ্ছন্ সদ্গুরুমপেক্ষেতৈবেত্যাশয়েন লিখতি—অত্রেতি ; দুঃখস্য শ্রেণী-পরম্পরা শাস্ত্রাচ্ছ্রূয়ত ইতি বেদবাক্যে বিশ্বাসাৎ সাপি প্রত্যেতব্যৈব, ন ত্ববিশ্বসনীয়েত্যর্থঃ ; অতস্তাং দুঃখশ্রেণীমপি তরীতুমিচ্ছেৎ, মা তাদৃশ-মাহাত্ম্যং ভক্তিমিচ্ছত্বিত্যহো বত শোচ্যতেত্যপি-শব্দার্থঃ ; সুধীশ্চেৎ, অন্যথা বিচারাভাবেন পশুবন্নির্বুদ্ধিরেবেত্যর্থঃ ; যদ্বা, মিথ্যা-দুঃখাবলীসহনেন ব্যাধাদিবৎ কুধীরেবেত্যথঃ ॥ ২৯ ॥

তথা চোক্তমেকাদশস্কন্ধে (শ্রীভাঃ ১১।৯।২৯) ভগবতা শ্রীদত্তেন—

লব্ধ্বা সুদুর্লভমিদং বহুসম্ভবান্তে,
মানুষ্যমর্থদমনিত্যমপীহ ধীরঃ।
তূর্ণং যতেত ন পতেদনুমৃত্যু যাব,-
ন্নিঃশ্রেয়সায় বিষয়ঃ খলু সর্ব্বতঃ স্যাৎ ॥৩০॥

অনুবাদ—এ বিষয়ে শ্রীমদ্ভাগবতে (১১।৯।২৯) শ্রীদত্তাত্রেয়—বলিয়াছেন বহু জন্ম ভ্রমণের পর এই সংসারে মনুষ্যজন্ম অনিত্য হইলেও অর্থদ নিত্য পরমমঙ্গলপ্রদ, সুদুর্ল্লভ এই মনুষ্যদেহ ভগবদনুগ্রহে পাইয়া ক্ষণভঙ্গুর এই শরীর পতনের পূর্ব্বপর্য্যন্ত বিবেকী ব্যক্তি সত্বর পরমমঙ্গল লাভের জন্য যত্ন করিবেন। বিষয়—জাগতিক ভোগ্য বস্তু নিশ্চয়ই পশু আদি নিকৃষ্ট জন্মেও সর্ব্বত্র সুলভ। কিন্তু মনুষ্যদেহ ব্যতীত নিত্যসত্যের সন্ধান লাভ হয় না ॥ ৩০ ॥

টীকা—স্বলিখিতমেতদেব মহাপুরাণোক্তপদ্যদ্বয়েন প্রমাণয়তি—তথা চোক্তমিতি ; 'যে শ্রীভাগবতাদীনাং শ্লোকার্থা বিদিতা হি তে। সুদুর্গমস্তথাপ্যর্থস্তেষু কশ্চিদ্বিশিষ্যতে (বিশদ্যতে) ॥' তথাহি—মৃত্যোরনু পশ্চাৎ যাবন্ন পতেৎ তাবদেব নিঃশ্রেয়সায় তূর্ণং যতেত ; যদ্বা, অনু নিরন্তরং মৃত্যবো মরণানি যস্য ; যদ্বা, মৃত্যুহেতবো রোগাদয়ো মৃত্যব ইব বিবিধবহুলমহাদুঃখানি বা যস্মিন্ তৎ, বিষয়স্তু সর্ব্বতঃ পশ্বাদি-যোনিষ্বপি স্যাদেব ॥ ৩০ ॥

স্বয়ং শ্রীভগবতা চ (শ্রীভা ১১।২০।১৭)—

নৃদেহমাদ্যং সুলভং সুদুর্ল্লভং,
প্লবং সুকল্পং গুরুকর্ণধারম্।
ময়ানুকূলেন নভস্বতেরিতং,
পুমান্ ভবাব্ধিং ন তরেৎ স আত্মহা ॥৩১॥

অনুবাদ—স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণও বলিয়াছেন (১১।২০।১৭)—যে ব্যক্তি এই মনুষ্যদেহ প্লব—ভব সমুদ্রপারের নৌকা, আদ্য—এই দেহদ্বারা উপার্জ্জিত সর্ব্বফলপ্রাপ্তির মূল, সুদুর্ল্লভ হইলেও যদৃচ্ছাক্রমে সুখলভ্য সুযোগ্য এবং গুরুকর্ণধার নাবিকযুক্ত, আর স্মরণমাত্র আমার ন্যায় অনুকূল পবন প্রেরিত হইয়াও ভবসমুদ্র পার না হয়, সে ব্যক্তি আত্মঘাতী। অর্থাৎ এই মনুষ্যদেহকে গুরুপদাশ্রয়রূপ কর্ণধার যুক্ত করিয়া, কর্ণধার পরিচালিত নৌকাকে আশ্রয় করিয়া, শ্রীগুরু কর্ত্তৃক ভগবদুন্মুখী করিয়া অনুকূলবায়ুপ্রেরিতের ন্যায় স্মরণ মাত্রেই শ্রীকৃষ্ণ অধিষ্ঠিত এই মনুষ্যদেহ দ্বারা ভবসাগর উত্তীর্ণ না হয়, হে উদ্ধব সেই ব্যক্তি আত্মঘাতী—আত্মার শত্রু ॥ ৩১ ॥

টীকা—স্বয়মিতি — নিজেষ্টদৈবত - শ্রীকৃষ্ণাভি-প্রায়েণ ; যদ্বা, 'কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্' (শ্রীভা ১।৩।২৮) ইত্যভিপ্রায়েণ ; চকারাদুক্তমিতি পূর্বগতপদেনান্বয়ঃ, এবমগ্রেঽপি বোদ্ধব্যম্ ; নৃদেহং প্লবং নাবং প্রাপ্যেত্য-ধ্যাহারঃ, আদ্যং সর্ব্বফলানাং মূলম্, এতদুপার্জিত-কর্ম্মভিঃ সর্ব্বফলাবাপ্তেঃ ; সুদুর্লভমুদ্যমকোটিভিরপি প্রাপ্তুমশক্যং, তথাপি সুলভং সৎ, যদৃচ্ছয়া লব্ধত্বাৎ ; সুকল্পং পটুতরং, গুরুঃ সংশ্রিতমাত্র এব কর্ণধারো নেতা যস্য তৎ, ময়া স্মৃতমাত্রেণানুকূলেন মারুতেন প্রেরিতম্ ; যদ্বা, অত্রাপি কৃত্বেত্যধ্যাহার্য্যং, বক্তৃগাম্ভী-র্য্যেণ তদুক্তৌ স্বভাবত উন্নেয়-শতাপাতাৎ। তত-শ্চায়মর্থঃ —নৃদেহমিদং গুরুকর্ণধারং কৃত্বা কর্ণধার-নীয়মান-প্লববদাশ্রয়মাত্রেণ গুরুণা সংকৃত্যাভিমুখং প্রবর্ত্ত্য তথানুকূলবাত-প্রেরিতবৎ স্মৃতিমাত্রেণ ময়াধি-ষ্ঠিতং সৎ কৃতার্থং কৃত্বা যো ন তরেৎ, স আত্ম-হেবেতি ॥ ৩১ ॥

———

অথ শ্রীগুরূপসত্তিঃ

তত্রৈব (শ্রীভাঃ ১১।৩।২১) শ্রীপ্রবুদ্ধ-যোগেশ্বরোক্তৌ—

তস্মাদ্গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয় উত্তমম্।
শাব্দে পরে চ নিষ্ণাতং ব্রহ্মণ্যুপশমাশ্রয়ম্ ॥ ৩২॥

অনুবাদ—এইভাবে শ্রীগুরু চরণাশ্রয়ের কারণ উল্লেখ করিয়া শ্রীগুরুচরণাশ্রয় কার্য্যটি লিখিতেছেন—শ্রীভাগবতে (১১।৩।২১) শ্রীপ্রবুদ্ধ যোগেশ্বরের উক্তিতে—সুতরাং যিনি উত্তম কল্যাণ জানিবার ইচ্ছা করেন, তিনি শ্রীগুরুচরণাশ্রয় করিবেন, যিনি শব্দ-ব্রহ্ম বেদতত্ত্বজ্ঞ ও পরব্রহ্মের সাক্ষাদনুভব যুক্ত এবং শ্রীকৃষ্ণে মোক্ষলঘুতাকৃদ্ ভক্তিযোগাশ্রিত—সর্ব্বদা শ্রবণকীর্ত্তনাদি পরায়ণ, তিনি বৈষ্ণবপ্রবর ॥ ৩২ ॥

টীকা—এবং কারণমুল্লিখ্য কার্য্যং লিখতি—তস্মাদিত্যাদিনা। শাব্দে ব্রহ্মণি বেদাখ্যে ন্যায়তো নিষ্ণাতং তত্ত্বজ্ঞম্, অন্যথা সংশয়নিরাসকত্বাযোগ্য-ত্বাৎ ; পরে চ ব্রহ্মণি অপরোক্ষানুভবেন নিষ্ণাতম্, অন্যথা বোধসঞ্চারাযোগাৎ ; পরব্রহ্ম-নিষ্ণাতত্বদ্যো-তকমাহ - উপশমাশ্রয়ং পরমশান্তমিতি ; যদ্বা, পরে ব্রহ্মণি শ্রীকৃষ্ণে শমো মোক্ষস্তদুপরি বর্ত্তত ইত্যুপশমো ভক্তিযোগস্তদাশ্রয়ং, সদা শ্রবণকীর্ত্তনাদিপরং শ্রীবৈষ্ণ-ববরমিত্যর্থঃ। অন্যৎ সমানম্ ॥ ৩২ ॥

———

স্বয়ং শ্রীভগবদুক্তৌ (ভাঃ ১১।১০।৫)—

মদভিজ্ঞং গুরুং শান্তমুপাসীত মদাত্মকম্ ॥ ৩৩ ॥

অনুবাদ—স্বয়ং শ্রীভগবানের উক্তিতে (ভাঃ ১১। ১০।৫)—শ্রীগুরুচরণাশ্রয়—যিনি সর্ব্বভাবে আমার স্বরূপ ও ভক্তবাৎসল্যাদি গুণসমূহ ঐশ্বর্য্য ও মাধুর্য্য অনুভব পূর্ব্বক আমাকে জানিয়াছেন, অতএব আমাতে যাঁহার চিত্ত আবিষ্ট এবং শান্ত একনিষ্ঠ—এইরূপ শ্রীগুরুদেবকে অতিশয় আগ্রহের সহিত সেবা করিবে ॥ ৩৩ ॥

টীকা—মাম্ অভিতো ভক্তবাৎসল্যাদি মাহাত্ম্যা-নুভবপূর্ব্বকং জানাতীতি তথা তম্, অতএব ময়ি আত্মা চিত্তং তং, বহুব্রীহৌ কঃ ; অস্য পদ্যস্য পূর্ব্বা-র্ধম্—'যমানভীক্ষ্ণং সেবেত নিয়মান্ মৎপরঃ ক্বচিৎ' ইত্যত্রানুপযুক্তত্বান্ন লিখিতম্, এবমন্যত্রাপ্যগ্রে জ্ঞেয়ম্ ॥ ৩৩ ॥

———

ক্রমদীপিকায়াঞ্চ—

বিপ্রং প্রধ্বস্তকামপ্রভৃতি-রিপুঘটং নির্ম্মলাঙ্গং গরিষ্ঠাং
ভক্তিং কৃষ্ণাঙ্ঘ্রিপঙ্কেরুহযুগল-রজোরাগিণীমুদ্বহন্তম্।
বেত্তারং বেদশাস্ত্রাগমবিমলপথাং সম্মতং সৎসু দান্তং
বিদ্যাং যঃ সংবিবিৎসুঃ প্রবণ-
তনুমনা দেশিকং সংশ্রয়েত ॥ ৩৪ ॥

শ্রুতাবপি (মু ১।২।১২, ছা ৬।১৪।২)—

তদ্বিজ্ঞানার্থং সদ্গুরুমেবাভিগচ্ছেৎ
সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্।
আচার্য্যবান্ পুরুষো বেদ ॥ ৩৫ ॥

অনুবাদ—শ্রীকেশবাচার্য্য রচিত ক্রমদীপিকা গ্রন্থেও বর্ণিত হইয়াছে—যিনি বেদজ্ঞ, কাম-ক্রোধ-লোভ-মোহ-মদ-মাৎসর্য্য-প্রভৃতি ষড়্রিপুজয়ী ব্যাধি-হীন, শ্রীকৃষ্ণচরণকমলরেণুতে উত্তমা রাগভক্তিমান, বেদাদি পঞ্চরাত্র শাস্ত্রোক্ত বিশুদ্ধ ভক্তিপথের বিধি-নিষেধ বেত্তা, সৎসমাজে আদরণীয়, যাঁহার ইন্দ্রিয়বর্গ

বশীভূত—এইরূপ আচার্য্যকে কায়মনোবাক্যে আশ্রয় করিবেন, যিনি ভক্তিবিদ্যা জানেছ্ ॥ ৩৪ ॥

অনুবাদ—শ্রুতিতেও (মুণ্ডক ১।২।১২, ছান্দেগ্যে ৬।১৪।২) উক্ত হইয়াছে—ব্রহ্মবিদ্যা জানিবার জন্য উপায়ন হস্তে বেদাদি শাস্ত্রজ্ঞ ও উপাসনারত সদ্‌গুরুর নিকট গমন করিবে। সদ্‌গুরুচরণাশ্রিত ব্যক্তিই শ্রীকৃষ্ণতত্ত্ব জানিতে পারেন ॥ ৩৫ ॥

টীকা—নির্ম্মলাঙ্গং ব্যাধিরহিতং, বেদশাস্ত্রাগমানাং যে বিমলাঃ পন্থানো মার্গা স্তেষাং বেত্তারং, সৎসু সতাং মতং সম্মতং, বিদ্যাং সংসারদুঃখতরণাদ্যুপায়ং মন্ত্রং, প্রবণা নম্রা বিনীতা দেশিকৈকপরা বা তনুর্মনশ্চ যস্য তথাভূতঃ সন্, দেশিকং গুরুম্, এবং প্রবণ-তনু-মনস্ত্বাদি শ্রুত্যুক্তসমিৎপাণিত্বাদি চ গুরূপসত্তেরাদ্য-প্রকারো জ্ঞেয়ঃ ॥ ৩৪-৩৫ ॥

অথ গুরূপসত্তি-নিত্যতা

শ্রীভাগবতে দশমস্কন্ধে (৮৭।৩৩) শ্রুতিস্তুতৌ—

বিজিতহৃষীক-বায়ুভিরদান্তমনস্তুরগং
য ইহ যতন্তি যন্তুমতিলোলমুপায়খিদঃ।
ব্যসনশতান্বিতাঃ সমবহায় গুরোশ্চরণং
বণিজ ইবাজ সন্ত্যকৃতকর্ণধারা জলধৌ ॥ ৩৬ ॥

অনুবাদ—সদ্‌গুরু চরণাশ্রয়ের নিত্যতা—শ্রীভাগবতে (১০।৮৭।৩৩) বেদস্তুতিতে—ইন্দ্রিয়বর্গ ও প্রাণবায়ুকে জয় করিয়াও যাঁহারা অতিচঞ্চলমনরূপ অশ্বকে দমিত করিতে ইচ্ছা করিয়া বহুবিধ সাধন ক্লেশ ভোগ করিতেছেন এবং বহুবিঘ্নসঙ্কুল হইয়াছেন—শ্রীগুরুচরণাশ্রয় ব্যতীত হে ভগবন্—তাঁহারা যেমন সমুদ্রে কর্ণধার বিহীন নৌকাশ্রিত বণিক শ্রেণীর ন্যায় ॥ ৩৬ ॥

টীকা—বিজিতেন্দ্রিয়প্রাণৈরপি অদমিত-মনোঽশ্বং যে নিযন্তুং প্রযতন্তে, গুরোশ্চরণমনাশ্রিত্য তে উপায়েষু খিদ্যন্তে ক্লিশ্যন্তীত্যুপায়খিদঃ সন্তো বহুব্যসনাকুলা ইহ সংসারসমুদ্রে সন্তি তিষ্ঠন্তি পুনঃপুনর্দুঃখমেব প্রাপ্নুবন্তীত্যর্থঃ। হে অজ ভগবন্! অকৃতকর্ণধরা অস্বীকৃত-নাবিকা বণিজো যথা তদ্বৎ ॥ ৩৬ ॥

শ্রুতৌ চ (কঠ ১।২।৯)—

নৈষা তর্কেণ মতিরাপনেয়া
প্রোক্তান্যেনৈব সুজ্ঞানায় প্রেষ্ঠা ॥ ৩৭ ॥

অনুবাদ—কঠোপনিষদেও (১।২।৯) ধর্ম্মরাজ নচিকেতাকে বলিতেছেন—উত্তম জ্ঞানলাভের পরম-যোগ্যা তোমার এই সুকোমল মতিটি নিজ কুতর্কদ্বারা বা অন্যের প্ররোচনা দ্বারা কুপথগামী করিও না॥৩৭

টীকা—শোভনজ্ঞানায় প্রেষ্ঠা পরমযোগ্যত্বেন প্রিয়তমা এষা মতিস্তর্কেণ নিজন্যায়েন হেতুনা প্রোক্তো-দন্যেন বিধিনা কৃত্বা নাপনেয়া অপমার্গে ন প্রবেশ-নীয়েত্যর্থঃ ॥ ৩৭ ॥

অথ বিশেষতঃ শ্রীগুরোর্লক্ষণানি

মন্ত্রমুক্তাবল্যাম্—

অবদাতান্বয়ঃ শুদ্ধঃ স্বোচিতাচারতৎপরঃ।
আশ্রমী ক্রোধরহিতো বেদবিৎ সর্ব্বশাস্ত্রবিৎ ॥৩৮॥
শ্রদ্ধাবাননসূয়শ্চ প্রিয়বাক্ প্রিয়দর্শনঃ।
শুচিঃ সুবেশস্তরুণঃ সর্ব্বভূতহিতে রতঃ ॥ ৩৯ ॥
ধীমাননুদ্ধতমতিঃ পূর্ণোঽহন্তা বিমর্শকঃ।
সগুণোঽর্চাসু কৃতধীঃ কৃতজ্ঞঃ শিষ্যবৎসলঃ ॥ ৪০ ॥

অনুবাদ—অনন্তর শ্রীগুরুদেবের বিশেষলক্ষণ সমূহ—মন্ত্রমুক্তাবলীতে—পাতিত্যাদি দোষরহিত সদ্‌বংশজাত, স্বয়ংও নির্দ্দোষ, নিজ আশ্রমোচিত আচারনিষ্ঠ, আশ্রমী অক্রোধ, বেদাদি সর্ব্বশাস্ত্রবিৎ, ভক্তিপথে শ্রদ্ধাবান, অন্যের গুণে দোষারোপকারী নহেন, মিষ্টভাষী, সুদর্শন, পবিত্র, সুবেশধারী তরুণ, সর্ব্বজীবের হিতাকাঙ্ক্ষী ॥ ৩৮-৩৯ ॥

অনুবাদ—বুদ্ধিমান, অনুদ্ধত স্বভাব, আকাঙ্ক্ষা শূন্য, অহিংসক, তত্ত্ববিচারক, বাৎসল্যাদি গুণযুক্ত স্থিরচিত্ত, শ্রীভগবৎ শ্রীবিগ্রহ পূজাতে কৃতনিশ্চয় প্রত্যুপকারক, শিষ্যবৎসল ॥ ৪০ ॥

টীকা—শাব্দে পরে চ নিষ্ণাতম্' (শ্রীভা ১১।৩।২১) ইত্যাদিনা প্রাক্ সামান্যতঃ সংক্ষেপেণ গুরুলক্ষণান্যু-ল্লিখ্যাধুনা তান্যেব বিশেষতো বিস্তার্য্য, কিংবা পূর্ব্বং গুর্ব্বাশ্রয়ণানুষঙ্গেন গৌণতয়া লিখিত্বেদানীং মুখ্যত্বেন লিখতি—অবদাতে ত্যাদিনা, অবদাতঃ শুদ্ধঃ পাতি-

ত্যাদিদোষরহিতোঽন্বয়ো বংশো যস্য, সদ্বংশজাত ইত্যর্থঃ; শুদ্ধঃ স্বয়মপি পাতিত্যাদিদোষরহিতঃ, অহন্তা অহিংসকঃ; যদ্বা, অহন্তায়া বিমর্শকস্তত্ত্ব-বিচারকঃ, গুণা বাৎসল্যাদয়স্তদ্যুক্তঃ, অর্চাসু ভগবৎ-পূজাসু, পাঠান্তরে সগুণস্য সত্ত্বগুণাধিষ্ঠাতুঃ কারু-ণ্যাদিগুণযুক্তস্য বা ভগবতঃ অর্চাসু প্রতিমাসু কৃতধীঃ তৎপূজায়াং কৃতনিশ্চয় ইত্যর্থঃ ॥ ৩৮-৪০ ॥

নিগ্রহানুগ্রহে শক্তো হোমমন্ত্রপরায়ণঃ।
উহাপোহ-প্রকারজ্ঞঃ শুদ্ধাত্মা যঃ কৃপালয়ঃ।
ইত্যাদিলক্ষণৈর্যুক্তো গুরুঃ স্যাদ্গরিমা-নিধিঃ ॥ ৪১ ॥

অনুবাদ—যিনি শিষ্যকে শাসন ও কৃপা করিতে সমর্থ, হোমমন্ত্রে নিপুণ, গ্রহণ বর্জ্জনের প্রকারজ্ঞ, শুদ্ধচিত্ত এবং কৃপালুতাদি লক্ষণযুক্ত গৌরবগুণনিধি তিনি গুরুদেব হইবেন ॥ ৪১ ॥

টীকা—গরিমেত্যাকারান্তত্বমার্ষত্বাৎ সোঢ়ব্যম্; যদ্বা, গরিম্ন আ সম্যক্ নিধি-নিধানং, যদ্বা, সাক্ষাদ-গরিমরূপো নিধিরূপশ্চেতি পদদ্বয়ম্; গরিমাম্বুধিরিতি পাঠস্তু স্পষ্ট এব ॥ ৪১ ॥

অগস্ত্যসংহিতায়াঞ্চ—

দেবতোপাসকঃ শান্তো বিষয়েষ্বপি নিস্পৃহঃ।
অধ্যাত্মবিদ্ব্রহ্মবাদী বেদশাস্ত্রার্থকোবিদঃ ॥ ৪২ ॥
উদ্ধর্ত্তুং চৈব সংহর্ত্তুং সমর্থো ব্রাহ্মণোত্তমঃ।
তত্ত্বজ্ঞো যন্ত্রমন্ত্রাণাং মর্ম্মভেত্তা রহস্যবিৎ ॥ ৪৩ ॥
পুরশ্চরণকৃদ্ধোমমন্ত্রসিদ্ধ প্রয়োগবিৎ।
তপস্বী সত্যবাদী চ গৃহস্থো গুরুরুচ্যতে ॥ ৪৪ ॥

অনুবাদ—অগস্ত্য সংহিতাতেও শ্রীগুরুলক্ষণ সমূহ দৃষ্ট হয়—শ্রীবিগ্রহোপাসক, শান্ত, বিষয়স্পৃহা-হীন, আত্ম-অনাত্মবিৎ বেদধ্যাপক, বেদাদি শাস্ত্রার্থ বক্তা, মন্ত্রোদ্ধার ও মন্ত্রসংস্কারে নিপুণ, ব্রাহ্মণোত্তম, যন্ত্রমন্ত্রসম্বন্ধে তত্ত্বজ্ঞ, সংশয় গ্রন্থি ভেদকারী, শাস্ত্রের গূঢ়ার্থ বেত্তা, মন্ত্রপুরশ্চরণকারী, হোমমন্ত্রে সিদ্ধ, মন্ত্র-প্রয়োগে সিদ্ধ, তপস্বী ও সত্যবাদী গৃহস্থ (আশ্রম-বাসী) গুরুরূপে কথিত হন ॥ ৪২-৪৪ ॥

টীকা—ব্রহ্মবাদী—বেদাধ্যাপকঃ, মর্ম্মভেত্তা—সংশয়গ্রন্থিচ্ছেত্তা ॥ ৪২-৪৪ ॥

বিষ্ণুস্মৃতৌ—

পরিচর্য্যাযশোলাভলিপ্সুঃ শিষ্যাদ্গুরুর্নহি।
কৃপাসিন্ধুঃ সুসম্পূর্ণঃ সর্ব্বসত্ত্বোপকারকঃ ॥ ৪৫ ॥
নিস্পৃহঃ সর্ব্বতঃ সিদ্ধঃ সর্ব্ববিদ্যাবিশারদঃ।
সর্ব্বসংশয়সংছেত্তাঽনলসো গুরুরাহৃতঃ ॥ ৪৬ ॥

অনুবাদ—বিষ্ণুস্মৃতিতে উক্ত হইয়াছে,—পূর্ব্বোক্ত লক্ষণ যুক্ত হইলেও গুরু কেবল নিজপরিচর্য্য, যশ-ও ধনাদি লাভেচ্ছায় শিষ্য করিবেন না। পরন্তু পরম-দয়ালু লোকহিতার্থ শিষ্য করিবেন। স্বয়ং শ্রীভগ-বৎকৃপায় সুসম্পূর্ণ সুতরাং সর্ব্বপ্রাণীর উপকারক, নিস্পৃহ, সর্ব্বভাবে সিদ্ধ, সর্ব্ববিদ্যা বিশারদ, সকল সংশয় ছেদনকারী অনলস এই সকল গুরুর লক্ষণ ॥ ৪৬ ॥

টীকা—তত্তদগুণযুক্তোঽপি কেবলং নিজপরি-চর্য্যাদ্যর্থং শিষ্যানুবন্ধকো গুরুরপেক্ষ্য ইতি লিখতি—পরিচর্য্যেতি। লাভো ধনাদিঃ, শিষ্যাৎ দীক্ষয়েৎ শিষ্যং কুর্য্যাদিত্যর্থঃ; যদ্বা, শিষ্যাৎ শিষ্যতঃ সকাশাৎ পরিচর্য্যাদিলিপ্সুর্যঃ, স গুরুর্ন ভবতীত্যর্থঃ; তর্হি কিমর্থং গুরুঃ স্যাৎ? ইত্যপেক্ষায়াং লিখতি—কৃপাসিন্ধুরিতি; পরমদয়ালুতয়া লোকহিতার্থমেবেতি ভাবঃ; অত্রোক্তানাং সুসম্পূর্ণ ইত্যাদীনাং বিশেষণানাং হেতুহেতুমত্তোহ্যা; আহৃতো ব্যাহৃত উক্তো বা, গুরু-রাড়য়মিতি পাঠঃ ক্বচিৎ ॥ ৪৫-৪৬ ॥

শ্রীনারদপঞ্চরাত্রে শ্রীভগবদন্নারদসংবাদে—

ব্রাহ্মণঃ সর্ব্বকালজ্ঞঃ কুর্য্যাৎ সর্ব্বেষ্বনুগ্রহম্।
তদভাবাদ্দ্বিজশ্রেষ্ঠ শান্তাত্মা ভগবন্ময়ঃ ॥ ৪৭ ॥
ভাবিতাত্মা চ সর্ব্বজ্ঞঃ শাস্ত্রজ্ঞঃ সৎক্রিয়াপরঃ।
সিদ্ধিত্রয়সমাযুক্ত আচার্য্যত্বেঽভিষেচিতঃ ॥ ৪৮ ॥
ক্ষত্রবিট্-শূদ্রজাতীনাং ক্ষত্রিয়োঽনুগ্রহে ক্ষমঃ।
ক্ষত্রিয়স্যাপি চ গুরোরভাবাদীদৃশো যদি ॥ ৪৯ ॥
বৈশ্যঃ স্যাত্তেন কার্য্যশ্চ দ্বয়ে নিত্যমনুগ্রহঃ।
সজাতীয়েন শূদ্রেণ তাদৃশেন মহামতে।
অনুগ্রহাভিষেকৌ চ কার্য্যৌ শূদ্রস্য সর্ব্বদা ॥ ৫০ ॥

অনুবাদ—শ্রীনারদপঞ্চরাত্রে শ্রীনারদের প্রতি শ্রীভগবদুপদেশে—পঞ্চরাত্রোক্ত পঞ্চ কালজ্ঞ ব্রাহ্মণ সকল বর্ণের প্রতি মন্ত্রাদি উপদেশ দ্বারা অনুগ্রহ করিবেন। উপযুক্ত ব্রাহ্মণের অভাবে হে দ্বিজশ্রেষ্ঠ নারদ! ক্ষত্রিয় শান্তস্বভাব ভগবন্ময়, শুদ্ধচিত্ত, সর্ব্বজ্ঞ, শাস্ত্রজ্ঞ, সৎক্রিয়াপরায়ণ, সিদ্ধিত্রয়—পুরশ্চরণাদি দ্বারা মন্ত্র গুরু দেবতা এই তিনের সাধনযুক্ত, মন্ত্র-পুরশ্চরণের পর নিজগুরু কর্ত্তৃক মন্ত্রোপদেষ্টা রূপে অভিষিক্ত, অন্যথা মন্ত্রদানের অধিকার হয় না, আচার্য্যপদে অভিষিক্ত ক্ষত্রিয় গুরু ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র জাতীয় সাধকগণকে অনুগ্রহরূপ মন্ত্রদানে সমর্থ। এইরূপ ক্ষত্রিয় গুরুর অভাব যদি হয়, ঐরূপ গুণযুক্ত বৈশ্যগুরু বৈশ্য ও শূদ্র সাধককে অনুগ্রহ করিতে নিত্য সমর্থ। হে মহামতি শ্রীনারদ। ঐরূপ গুণযুক্ত শূদ্র গুরুও সজাতীয় শূদ্রের প্রতি সর্ব্বদা অনুগ্রহরূপ মন্ত্রদান ও গুরুকার্যের জন্য শিষ্যকে অভিষিক্ত করিবেন ॥ ৫০ ॥

টীকা—এবং বিপ্র এব গুরুঃ স্যাদিত্যায়াতং, তদভাবে কিং কার্য্যমিতি লিখতি—ব্রাহ্মণ ইতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ; সর্ব্বে পঞ্চরাত্রবিধানোক্তাঃ পঞ্চ কালাস্তান্ জানাতীতি তথা সঃ, সর্ব্বেষু বর্ণেষু অনুগ্রহং মন্ত্রপ্রদানাদিকং, তদভাবাচ্চ ক্ষত্রিয়ঃ, ক্ষত্রাদীনামনুগ্রহে ক্ষম ইতি দ্বাভ্যামন্বয়ঃ; হে দ্বিজশ্রেষ্ঠ শ্রীনারদ! শান্তাত্মা শান্তস্বভাবঃ, ভাবিতাত্মা শুদ্ধচিত্তঃ, সর্ব্বং দীক্ষাবিধানাদিকং জানাতীতি তথা সঃ; সিদ্ধিত্রয়ং পুরশ্চরণাদিনা-মন্ত্র-গুরু-দেবতানাং যৎ সাধনং তেন সংযুক্তঃ; আচার্য্যত্বে মন্ত্রোপদেষ্টৃত্বে, পুরশ্চরণানন্তরং নিজগুরুণাভিষিক্তঃ, অন্যথোপদেশেঽধিকারানুপপত্তেঃ; তচ্চোক্তং তত্রৈব পুরশ্চরণানন্তরমভিষেকান্তে—'ততোঽভিসিচ্য বিধিনা স্বাধিকারে নিযোজয়েৎ। গৃহীত্বা তেন কর্ত্তব্যং গুরুত্বমিতরেষু চে॥' ইতি। অস্যার্থঃ—স্বাধিকারে উপদেষ্টৃত্বাদিকে নিযোজয়েদ্-গুরুঃ তেন শিষ্যেণেতি, ঈদৃশঃ—উক্তলক্ষণক্ষত্রিয়-সদৃশঃ, দ্বয়ে বৈশ্যশূদ্রয়োরিত্যর্থঃ; অন্যত্র প্রাতিলোম্য-দোষাপত্তেঃ, তচ্চাগ্রে নিষিদ্ধমেব, তাদৃশেন উক্তলক্ষণ-ক্ষত্রিয়সদৃশেন ॥ ৪৭-৫০ ॥

———

কিঞ্চ—

বর্ণোত্তমেঽথ চ গুরৌ সতি যা বিশ্রুতেঽপি চ।
স্বদেশতোঽথ বান্যত্র নেদং কার্য্যং শুভার্থিনা ॥ ৫১ ॥

অনুবাদ—আরও বর্ণোত্তম লক্ষণাক্রান্ত গুরু স্বদেশে বা অন্যত্র আছেন জানিয়া শুভার্থী ব্যক্তি অন্য বর্ণকে গুরু করিবেন না ॥ ৫১ ॥

টীকা—তত্রৈবাপবাদমাহ—বর্ণোত্তম ইতি, ইদম্—অনুগ্রহাদিকম্ ॥ ৫১ ॥

———

বিদ্যমানে তু যঃ কুর্য্যাৎ যত্র তত্র বিপর্য্যয়ম্।
তস্যেহামুত্র নাশঃ স্যাত্তস্মাচ্ছাস্ত্রোক্তমাচরেৎ।
ক্ষেত্রবিট্শূদ্রজাতীয়ঃ প্রাতিলোম্যং ন দীক্ষয়েৎ ॥ ৫২॥

অনুবাদ—বর্ণোত্তম গুরু বিদ্যমান থাকিতে যিনি ইহার বিপর্য্যয় করেন তাঁর ইহলোকে ও পরলোকে সর্ব্ববিষয়ের ক্ষতি হয়। অতএব শাস্ত্রোক্ত বিধি আচরণ করিবেন। ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র জাতীয় ব্যক্তি ব্যতিক্রমে অর্থাৎ শূদ্র বৈশ্যকে, বৈশ্য ক্ষত্রিয়কে এবং ক্ষত্রিয় ব্রাহ্মণকে দীক্ষা প্রদান করিবেন না ॥৫২

টীকা—ইহ লোকেঽমুত্র চ তস্য নাশঃ সর্ব্বার্থ-হানিঃ স্যাৎ ॥ ৫২ ॥

———

পাদ্মে চ—

মহাভাগবতশ্রেষ্ঠো ব্রাহ্মণো বৈ গুরুর্নৃণাম্।
সর্ব্বেষামেব লোকানামসৌ পূজ্যো যথা হরিঃ ॥ ৫৩॥

অনুবাদ—পদ্মপুরাণেও কথিত আছে—মহাভাগবত শ্রেষ্ঠ অর্থাৎ অশেষ বৈষ্ণবধর্ম্মরত ও শ্রীভগবৎ মাহাত্ম্যাদি জ্ঞানবান ব্রাহ্মণই সর্ব্ববর্ণের গুরু এবং ইনিই সর্ব্বলোকের পূজ্য, যেমন শ্রীহরি সকলের পূজ্য ॥ ৫৩ ॥

টীকা—মহাভাগবতশ্রেষ্ঠোঽশেষবৈষ্ণবধর্ম্মরতঃ শ্রীভগবন্মাহাত্ম্যাদিজ্ঞানবাংশ্চ, অস্য লক্ষণমগ্রে ভগবদ্ভক্তলক্ষণে বিশেষতো ব্যক্তং ভাবি ॥ ৫৩ ॥

———

মহাকুলপ্রসূতোঽপি সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ।
সহস্রশাখাধ্যায়ী চ ন গুরুঃ স্যাদবৈষ্ণবঃ ॥৫৪॥ ইতি।

এখন বিশেষ বিধি বলিতেছেন—

অনুবাদ—অবৈষ্ণব ব্যক্তি মহাকুলে জন্মগ্রহণ করিলেও, সর্ব্বযজ্ঞে দীক্ষিত হইলেও এবং বেদের সহস্র শাখা অধ্যয়ন করিলেও বৈষ্ণবের গুরু হইবেন না ॥ ৫৪ ॥

টীকা – ব্রাহ্মণোঽপি সৎকুলধর্ম্মাধ্যয়নাদিনা প্রখ্যাতোঽপি অবৈষ্ণবশ্চেত্তর্হি গুরুর্ন ভবতীতি সর্ব্বত্রাপবাদং লিখতি—মহাকুলেতি, কুলে মহতি জাতোঽপীতি ক্বচিৎ পাঠঃ ; অতএবোক্তং পঞ্চরাত্রে—'অবৈষ্ণবোপদিষ্টেন মন্ত্রেণ নিরয়ং ব্রজেৎ ! পুনশ্চ বিধিনা সম্যগ্গ্রাহয়েদ্বৈষ্ণবাদ্গুরোঃ ॥' ইতি। ইতিশব্দ-প্রয়োগোঽত্রোদাহৃতানামন্যত্র বচনানাং প্রায়ো নিজগ্রন্থবচনতো ব্যবচ্ছেদার্থম্, এবমগ্রেঽপ্যন্যত্র, যদ্যপি প্রতিপ্রকরণান্তে উদাহৃত-তত্তচ্ছাস্ত্রবচনান্তে চ সর্ব্বত্র-ইতিশব্দো যুজ্যেত, তথাপি তত্তদ্ব্যবচ্ছেদঃ প্রকরণাদীনামভেদাদ্ ব্যক্ত এবেতি গ্রন্থবাহুল্যভয়ান্ন লিখিতঃ ॥ ৫৪ ॥

———

গৃহীত-বিষ্ণুদীক্ষাকো বিষ্ণুপূজাপরো নরঃ।
বৈষ্ণবোঽভিহিতোঽভিজ্ঞৈরিতরোঽস্মাদবৈষ্ণবঃ ॥৫৫॥

অনুবাদ—এখন প্রশ্ন হইল অবৈষ্ণব কে, ইহার উত্তরে সামান্যভাবে বৈষ্ণবের লক্ষণ বলিতেছেন যিনি বিষ্ণুমন্ত্রে দীক্ষিত এবং বিষ্ণুপূজা পরায়ণ ব্যক্তিই বৈষ্ণব নামে কথিত, ইহা অভিজ্ঞগণ বলিয়া থাকেন। ইহার বিপরীত অবৈষ্ণব জানিবেন। অতএব পঞ্চরাত্রে কথিত হইয়াছে—অবৈষ্ণব উপদিষ্ট মন্ত্রসাধনদ্বারা নরকগামী হইতে হয়। তজ্জন্য পুনরায় বৈষ্ণবশাস্ত্রবিধি অনুসারে বৈষ্ণব গুরু হইতে বিষ্ণুমন্ত্র গ্রহণ করিবেন ॥ ৫৫ ॥

টীকা—অবৈষ্ণব ইত্যুক্তং, তত্রাদৌ সামান্যতো বৈষ্ণবলক্ষণং লিখন্ তদিতরত্বেনা-বৈষ্ণবং লক্ষয়তি —গৃহীতেতি ; অস্মাদ্বৈষ্ণবাদিতরো ভিন্নঃ ॥ ৫৫ ॥

———

অথ অগুরুলক্ষণম্

তত্ত্বসাগরে—

বহ্বাশী দীর্ঘসূত্রী চ বিষয়াদিষু লোলুপঃ।
হেতুবাদরতো দুষ্টোঽবাগ্বাদী গুণনিন্দকঃ ॥ ৫৬॥
অরোমা বহুরোমা চ নিন্দিতাশ্রম-সেবকঃ।
কালদন্তোঽসিতৌষ্ঠশ্চ দুর্গন্ধি-শ্বাসবাহকঃ ॥ ৫৭ ॥
দুষ্টলক্ষণসম্পন্নো যদ্যপি স্বয়মীশ্বরঃ।
বহু-প্রতিগ্রহাসক্ত আচার্য্যঃ শ্রী-ক্ষয়াবহঃ ॥ ৫৮ ॥

অনুবাদ —তত্ত্বসাগরে—বহুভোজী দীর্ঘসত্রী অর্থাৎ অলস, বিষয়াদিতে লোভযুক্ত, হেতুবাদরত অর্থাৎ শাস্ত্র বিরুদ্ধ তর্ককারী, দুষ্টবুদ্ধি সম্পন্ন অপরের অকথ্য পাপাদি বক্তা এবং গুণের নিন্দা কারী, শরীরে লোমহীন অথবা বহুলোম যুক্ত, নিন্দিত আশ্রমের সেবাকারী, কৃষ্ণদন্ত, কৃষ্ণবর্ণ ওষ্ঠ যুক্ত দুর্গন্ধী শ্বাস-বাহী, দুষ্ট লক্ষণ যুক্ত, যদিও স্বয়ং সমর্থ তথাপি বহু দান গ্রহণ কারী এই প্রকার আচার্য্য স্বীকার করিলে সর্ব্ববিধ সম্পদ ক্ষয় হয় ॥ ৫৬-৫৮ ॥

টীকা—ঈশ্বরঃ দানাদিষু সমর্থস্তথাপি চেদ্ বহু-প্রতিগ্রহাসক্তঃ ॥ ৫৬ ॥

টীকা—অবাগ্বাদী — অবাচ্য - পরপাপাদিবক্তা, ॥ ৫৮ ॥

গুরুর লক্ষণ-সম্বন্ধে বিশেষ দ্রষ্টব্য

গুরুর লক্ষণ-সম্বন্ধে স্বয়ং ভগবান্ শ্রীমহাপ্রভুর উক্তি—

"কিবা বিপ্র, কিবা ন্যাসী, শূদ্র কেনে নয়।
যেই কৃষ্ণতত্ত্ববেত্তা, সেই গুরু হয় ॥"

—শ্রীচৈতন্যচরিতামৃত ম ৮।১২৭

উক্ত পয়ারের 'অমৃতপ্রবাহ'-ভাষ্যে শ্রীল ভক্তি-বিনোদ ঠাকুর লিখিয়াছেন,—"প্রভু কহিলেন,—আমি ব্রাহ্মণঘরে জন্ম গ্রহণ করিয়া সন্ন্যাস গ্রহণ করিয়াছি, সুতরাং শূদ্রদিগের নিকট ধর্ম্মশিক্ষা আমার অনুচিত, এরূপ মনে করিও না ; কেননা বর্ণাশ্রম-রূপ ধর্ম্মশিক্ষা ও দীক্ষাতেই ব্রাহ্মণ-গুরুর প্রয়োজনীয়তা। কিন্তু কৃষ্ণতত্ত্ব জ্ঞান—সর্ব্বজীবের পরমার্থ ; এই তত্ত্বজ্ঞানের 'গুরু' হইবার অধিকার-বিচারে এইমাত্র সিদ্ধান্তিত আছে যে, বিপ্রই হউন বা শূদ্রজাতিই হউন, গৃহস্থই হউন বা সন্ন্যাসীই, হউন, কৃষ্ণতত্ত্ববেত্তাই 'গুরু' হইতে পারেন। শ্রীহরিভক্তি-বিলাসে উচ্চবর্ণে যোগ্যপুরুষ থাকিতে, হীনবর্ণ ব্যক্তির নিকট হইতে কৃষ্ণমন্ত্র লওয়া উচিত নয়, এরূপ যে কথা আছে, তাহা লোকাপেক্ষি-বৈষ্ণবপর ; অর্থাৎ সংসারে যাঁহারা প্রচলিত-বিধিমতে কথঞ্চিৎ

পরমার্থের উদ্দেশ করিতে ইচ্ছা করেন, তাঁহাদের পক্ষে। পরন্তু যাঁহারা বৈধী ও রাগানুগা ভক্তির তাৎপর্য্য জানিয়া বিশুদ্ধ কৃষ্ণভক্তি পাইতে ইচ্ছা করেন, তাঁহাদের সম্বন্ধে উপযুক্ত কৃষ্ণতত্ত্ব-বেত্তা যে কোন বংশে বা যে কোন আশ্রমেই পাওয়া যা'ন, তাঁহাকে 'গুরু' বলিয়া বরণ করাই বিধি।' শ্রীহরিভক্তিবিলাস-ধৃত পদ্মপুরাণ-বচন,—"ন শূদ্রাঃ ভগবদ্-ভক্তাস্তেঽপি ভাগবতোত্তমাঃ। সর্ব্ববর্ণেষু তে শূদ্রাঃ যে ন ভক্তাঃ জনার্দ্দনে॥ ষট্‌কর্ম্মনিপুণো বিপ্রো মন্ত্রতন্ত্রবিশারদঃ। অবৈষ্ণবো গুরুর্ন স্যাদ্বৈষ্ণবঃ শ্বপচো গুরুঃ। মহাকুলপ্রসূতোঽপি সর্ব্বযজ্ঞেষু দীক্ষিত। সহস্রশাখাধ্যায়ী চ ন গুরুঃ স্যাদবৈষ্ণবঃ॥ বিপ্রক্ষত্রিয়বৈশ্যাশ্চ গুরবঃ শূদ্রজন্মনাম্। শূদ্রাশ্চ গুরবস্তেষাং ত্রয়াণাং ভগবৎপ্রিয়াঃ॥"

প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর শ্রীচৈতন্যচরিতামৃত, মধ্যলীলা, ২৪শ পরিচ্ছেদের ৩২৫ পয়ারের অনুভাষ্যে গুরুর লক্ষণ সম্বন্ধে নিম্নলিখিত বিচার লিখিয়াছেন।

গুরু-লক্ষণ, (পাদ্মে)—"মহাভাগবতশ্রেষ্ঠো ব্রাহ্মণো বৈ গুরুর্নৃণাম্। সর্ব্বেষামেব লোকানামসৌ পূজ্যো যথা হরিঃ॥ মহাকুলপ্রসূতোঽপি সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ। সহস্রশাখাধ্যায়ী চ ন গুরুঃ স্যাদবৈষ্ণব॥" যস্য যল্লক্ষণং প্রোক্তং পুংসো বর্ণাভিব্যঞ্জকম্। যদন্যত্রাপি দৃশ্যেত তত্তেনৈব বিনির্দ্দিশেৎ॥ ভা ৭।১১। ৩৫ শ্লোকোক্ত লক্ষণানুসারেই ব্রাহ্মণাদি 'বর্ণ' নির্দ্দিষ্ট হন। ঐ শ্লোকের শ্রীধরস্বামিপাদের টীকা—"শমাদিভিরেব ব্রাহ্মণাদিব্যবহারো মুখ্যঃ, ন জাতিমাত্রাদিত্যাহ—যস্যেতি। যদ্ যদি অন্যত্র বর্ণান্তরেঽপি দৃশ্যেত তদ্বর্ণান্তরং তেনৈব লক্ষণনিমিত্তেনৈব বর্ণেন বিনির্দ্দিশেৎ, ন তু জাতিনিমিত্তেনেত্যর্থঃ।" মহাভারতটীকায় নীলকণ্ঠ বলেন,—"শূদ্রোঽপি শমাদ্যুপেতো ব্রাহ্মণ এব। ব্রাহ্মণোঽপি কামাদ্যুপেতঃ শূদ্র এব।" ব্রাহ্মণ বলিয়া আপনাকে পরিচয় দিলেই বা অনভিজ্ঞগণের দ্বারা তাদৃশ পরিচয় লাভ করিলেই যে কোন ব্যক্তি গুরুপদে যোগ্য 'ব্রাহ্মণ' বলিয়া বিবেচিত হইবেন, এরূপ নহে। শ্রীঠাকুর নরোত্তম, শ্যামানন্দ প্রভৃতি সদ্‌ব্রাহ্মণগুরুগণ আপনারা প্রকৃত-প্রস্তাবে শুদ্ধ ব্রাহ্মণ ছিলেন বলিয়াই শ্রীগঙ্গানারায়ণ-রামকৃষ্ণাদি শৌক্র ব্রাহ্মণগণ তাঁহাদিগকে গুরুপদের যোগ্য বিশুদ্ধ 'ব্রাহ্মণ' বলিয়া নিরূপণ করিয়াছিলেন। 'মহাভাগবত' বলিলে তাপ, পুণ্ড্র, বিষ্ণুদাস্যপর নাম, মন্ত্র ও উপাসনা-বিশিষ্ট পঞ্চসংস্কারসম্পন্ন, অর্চ্চন, মন্ত্রপঠন, যোগ, যাগ, বন্দন, নাম-সঙ্কীর্ত্তন, সেবা-চিহ্নদ্বারা গাত্রাঙ্কন, বৈষ্ণবারাধন-সম্পন্ন,—এই নবেজ্যা-কর্ম্মকারক এবং উপাস্য ভগবান্, তৎপরম-পদ, তদ্‌দ্রব্য ও জীবাত্মা ;—এই অর্থপঞ্চকজ্ঞ অর্থাৎ পঞ্চতত্ত্বার্থবিদ্ ব্রাহ্মণকেই জানিতে হইবে। "তাপাদি-পঞ্চসংস্কারী নবেজ্যা-কর্ম্মকারকঃ। অর্থ পঞ্চকবিদ্ বিপ্রো মহাভাগবতঃ স্মৃতঃ॥" এইরূপ মহাভাগবতগণের মধ্যে শ্রেষ্ঠতা লাভ করিয়া যিনি মানবগণের মধ্যে হরিতুল্য পূজনীয় হন, তিনিই 'গুরু'-পদলাভের যোগ্য। আবার মহাকুলজন্মা, সর্ব্বযজ্ঞে দীক্ষিত ব্যক্তি এবং বেদের সহস্রশাখাধ্যয়নে পারঙ্গত ব্যক্তিও 'অবৈষ্ণব' হইলে কখনও 'গুরু' হইতে পারেন না। যেখানে বৈষ্ণবতা হইতে ব্রাহ্মণতা—'ভিন্ন' অর্থাৎ যেখানে ব্রাহ্মণ—বৈষ্ণবের আনুগত্যবিহীন, সেখানে তাদৃশ ব্রাহ্মণের গুরুযোগ্য ব্রহ্মণ্য নাই; আবার যেখানে বৈষ্ণবতা আছে, তথায় লৌকিক-দৃষ্টিতে শৌক্র-বর্ণান্তর দৃষ্ট হইলেও যথার্থ শুদ্ধব্রাহ্মণতার অভাব নাই। আচার্য্যকৃত্য অধ্যাপন প্রভৃতি আচার অপরবর্ণের সম্ভাবনা না থাকায় গুরু-পদের যোগ্যতায় ব্রাহ্মণতা—স্বতঃসিদ্ধ। বৈষ্ণবমাত্রেই জগতের গুরু, সুতরাং তাঁহাদের ব্রাহ্মণাচার ও ব্রাহ্মণত্ব সর্ব্বদাই সঙ্গে সঙ্গে বর্ত্তমান। বাহিরে নিজ-দৈন্য জ্ঞাপন করিতে গিয়া, অনেকে লৌকিকদৃষ্টিযোগ্য ব্রাহ্মণাচার গ্রহণ করেন নাই, তাহাতে বৈষ্ণবের ব্রাহ্মণতার কোন দিনই অভাব হয় না।"

অথ শিষ্যলক্ষণানি

মন্ত্রমুক্তাবল্যাম্—

শিষ্যঃ শুদ্ধান্বয়ঃ শ্রীমান্ বিনীতঃ প্রিয়দর্শনঃ।
সত্যবাক্ পুণ্যচরিতোঽদভ্রধীর্দম্ভবর্জিতঃ॥ ৫৯॥
কামক্রোধপরিত্যাগী ভক্তশ্চ গুরু-পাদয়োঃ।
দেবতা-প্রবণঃ কায়মনোবাগ্‌ভির্দিবানিশম্॥ ৬০॥

অনুবাদ—মন্ত্রমুক্তাবলীতে কথিত আছে—শাসন যোগ্য শিষ্য শুদ্ধবংশজাত, রূপবান্, বিনীত, সুন্দর দর্শন, সত্যবাদী, পবিত্র আচার সম্পন্ন, মহাবুদ্ধি, দম্ভ রহিত, কামক্রোধপরিত্যাগী শ্রীগুরুচরণে ভক্তিমান ও দেবতার প্রতি কায়মনো বাক্যে দিবানিশি শ্রদ্ধাবান্ ॥ ৫৯-৬০ ॥

টীকা—অদভ্রধীঃ মহাবুদ্ধিঃ ॥ ৫৯ ॥

নীরুজো নির্জিতাশেষপাতকঃ শ্রদ্ধয়ান্বিতঃ ।
দ্বিজদেবপিতৄণাঞ্চ নিত্যমর্চ্চাপরায়ণঃ ॥ ৬১ ॥
যুবা বিনিয়তাশেষকরণঃ করুণালয়ঃ ।
ইত্যাদিলক্ষণৈর্যুক্তঃ শিষ্যো দীক্ষাধিকারবান্ ॥ ৬২॥

অনুবাদ—নীরোগী, অশেষ পাতক শুন্য, শ্রদ্ধাবান্, দেব, দ্বিজ ও পিতৃগণের নিত্য পূজা পরায়ণ, যুবা, সকল ইন্দ্রিয়জয়ী করুণাবান ইত্যাদি লক্ষণযুক্ত শিষ্য দীক্ষার অধিকারী ॥ ৬১-৬২ ॥

একাদশস্কন্ধে চ (শ্রীভাঃ ১১।১০।৬)—
অমান্যমৎসরো দক্ষো নির্ম্মমো দৃঢ়সৌহৃদঃ ।
অসত্বরোঽর্থজিজ্ঞাসুরনসূয়ুরমোঘবাক্ ॥ ৬৩ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতে একাদশ স্কন্ধে বর্ণিত আছে যথা—অমানী, মাৎসর্য্যহীন, অনলস, দেহাদিতে অহং মমতা শূন্য শ্রীগুরুদেবে ও ইষ্টদেবে দৃঢ় প্রীতিযুক্ত, অব্যগ্র তত্ত্বজ্ঞানে ইচ্ছুক, অসূয়া রহিত, ব্যর্থ আলাপ শূন্য ইত্যাদি ॥ ৬৩ ॥

টীকা – দক্ষঃ অনলসঃ, নির্ম্মমঃ জায়াদিষু মমতাশূন্যঃ, গুরৌ তু দৃঢ়সৌহৃদঃ, অসত্বরঃ অব্যগ্রঃ, অমোঘবাক্ ব্যর্থালাপ-রহিতঃ ॥ ৬৩ ॥

অথোপেক্ষ্যাঃ

অগস্ত্যসংহিতায়াম্—
অলসা মলিনা ক্লিষ্টা দাম্ভিকাঃ কৃপণাস্তথা ।
দরিদ্রা রোগিণো রুষ্টা রাগিণো ভোগলালসাঃ ॥ ৬৪॥
অসূয়া-মৎসরগ্রস্তাঃ শঠা পরুষবাদিনঃ ।
অন্যায়োপার্জ্জিতধনাঃ পরদাররতাশ্চ যে ॥ ৬৫ ॥
বিদুষাং বৈরিণশ্চৈব অজ্ঞাঃ পণ্ডিতমানিনঃ ।
ভ্রষ্টব্রতাশ্চ যে কষ্টবৃত্তয়ঃ পিশুনাঃ খলাঃ ॥ ৬৬ ॥
বহ্বাশিনঃ ক্রূরচেষ্টা দুরাত্মানশ্চ নিন্দিতাঃ ।
ইত্যেবমাদয়োঽপ্যন্যে পাপিষ্ঠাঃ পুরুষাধমাঃ ॥ ৬৭ ॥

অনুবাদ—অগস্ত্য সংহিতায় বলিতেছেন—শিষ্য সৎগুণহীন হইলেও ভক্তিযুক্ত, আর্ত্ত বা শরণাগত ব্যক্তিকে শিষ্যরূপে স্বীকার করিলেও শ্রীগুরুদেব শাস্ত্রোক্ত দোষযুক্ত ব্যক্তিকে উপেক্ষা করিবেন। যেমন—অলস, মলিন চিত্ত, বৃথা ক্লেশকারী, দাম্ভিক, কৃপণ, দরিদ্র, রোগী, রুষ্ট, বিষয়াসক্ত, লুব্ধ (ভোগ লালসাযুক্ত), অসূয়া ও মৎসর, শঠ, রুক্ষভাষী অন্যায় ভাবে ধন উপার্জ্জনকারী, পরদার রত, বিজ্ঞ ব্যক্তির বিরোধী, অজ্ঞ হইয়াও পণ্ডিত অভিমানী, ব্রত নিয়ম ভঙ্গকারী, কষ্টে জীবিকা সংগ্রহকারী, পরের দোষ কীর্ত্তন কারী, পর দুঃখদায়ী, বহুভোজী ক্রূরকর্ম্মা দুরাত্মা, নিন্দিতস্বভাব, পাপিষ্ঠ, পুরুষাধম ইত্যাদি অন্যান্য দোষযুক্ত ব্যক্তিকে বর্জ্জন করিবেন ॥ ৬৪-৬৭ ॥

টীকা—তত্তদ্গুণহীনানপি ভক্ত্যার্ত্ত্যা বা প্রপন্নান্ স্বীকুর্ব্বতাপি শ্রীগুরুণা লেখ্যদোষবন্তোঽবশ্যমুপেক্ষ্যা ইত্যাশয়েন তান্ লিখতি—অলসা ইতি প্রঞ্চভিঃ ; ক্লিষ্টাঃ বৃথাক্লেশকা রিণঃ, রাগিণো বিষয়াসক্তাঃ, ভোগলালসা লুব্ধা ইত্যর্থঃ ॥ ৬৪ ॥

টীকা—পিশুনাঃ পরদোষসূচকঃ, খলাঃ পরদুঃখদাঃ ॥ ৬৬ ॥

অকুতোভ্যোঽনিবার্য্যাশ্চ গুরুশিক্ষাসহিষ্ণবঃ ।
এবম্ভূতাঃ পরিত্যাজ্যাঃ শিষ্যত্বে নোপকল্পিতাঃ ॥ ৬৮॥

অনুবাদ—যাহাদিগকে অকার্য্য হইতে নিবারণ করা যায় না এবং শ্রীগুরুদেবের শিক্ষাতে অসহিষ্ণু তাহারা শিষ্য হইবার অনুপযুক্ত, শ্রীগুরুদেব ইহাদিগকে পরিত্যাগ করিবেন ॥ ৬৮ ॥

টীকা—গুরুশিক্ষায়া অসহনশীলাঃ শিষ্যত্বে ন কেনাপ্যুকল্পিতা ন বিহিতাঃ, শিষ্যা ন কৃতা ইত্যর্থঃ ; যদ্বা, উপকল্পিতা ন ভবন্তি, শিষ্যত্বং নার্হন্তি, শিষ্যা ন কার্য্যা ইত্যর্থঃ ॥ ৬৮ ॥

যদ্যেতে হ্যপকুর্ব্বেরন্ দেবতাক্রোশভাজনাঃ।
ভবন্তীহ দরিদ্রাস্তে পুত্র-দার-বিবর্জ্জিতাঃ॥ ৬৯॥
নারকাশ্চৈব দেহান্তে তির্য্যঞ্চঃ প্রভবন্তি তে॥ ৭০॥

অনুবাদ—শ্রীগুরুদেব লোভাদির বশবর্ত্তী হইয়া ঐরূপ ব্যক্তিকে শিষ্যত্বে স্বীকার করিলে শ্রীগুরুদেবে মহাদোষসমূহ পর্য্যবসিত হয়—ইহলোকে দেবতার আক্রোশ ভাজন, দরিদ্র ও পুত্রদার বর্জ্জিত হইবেন এবং দেহান্তে নরক ভোগ ও পরে পশু-পক্ষী জন্ম গ্রহণ করিতে হইবে॥ ৬৯-৭০॥

টীকা—লোভাদিনা তেষাং স্বীকারেণ শ্রীগুরৌ মহাদোষাঃ পর্য্যবস্যন্তীত্যাহ—যদ্যেত ইতি সার্দ্ধেন॥ ৬৯-৭০॥

———

হয়শীর্ষপঞ্চরাত্রে—
জৈমিনিঃ সুগতশ্চৈব নাস্তিকো নগ্ন এব চ।
কপিলশ্চাক্ষপাদশ্চ ষড়েতে হেতুবাদিনঃ॥ ৭১॥
এতন্মতানুসারেণ বর্ত্তন্তে যে নরাধমাঃ।
তে হেতুবাদিনঃ প্রোক্তাস্তেভ্যস্তন্ত্রং ন দাপয়েৎ॥ইতি ৭২

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে কথিত আছে—জৈমিনি, সুগত, নাস্তিক, নগ্ন, কপিল, অক্ষপাদ (গৌতম) ইঁহারা ছয়জন হেতুবাদী অর্থাৎ তার্কিক,। যেসকল নরাধম ইঁহাদের মত অনুসারে চলেন তাহারা যুক্তিবাদী বা তার্কিক বলিয়া গণ্য হয়। ইঁহাদিগকে উপাসনা বিধি শিক্ষা দান করিবেন না॥ ৭১-৭২॥

———

তয়োঃ পরীক্ষা চান্যোহন্যমেকাব্দং সহবাসতঃ।
ব্যবহার-স্বভাবানুভবেনৈবাভিজায়তে॥ ৭৩॥

অনুবাদ—অন্ততঃ এক বৎসর গুরু-শিষ্য একত্র বাস করিয়া পরস্পর ব্যবহার ও স্বভাব জানিয়া পরে গুরু-শিষ্য সম্বন্ধ করিবেন॥ ৭৩॥

টীকা—তয়োঃ গুরুশিষ্যয়োঃ, অন্যোহন্যমিত্যস্য পরার্দ্ধেনাপ্যন্বয়ঃ, ব্যবহারঃ চেষ্টা, স্বভাবঃ শীলং, তয়োরনুভবেনৈব জায়তে॥ ৭৩॥

———

অথ পরীক্ষণম্

মন্ত্রমুক্তাবল্যাম্—
তয়োর্বৎসরবাসেন জ্ঞাতাহন্যোহন্যস্বভাবয়োঃ।
গুরুতা শিষ্যতা চেতি নান্যথৈবেতি নিশ্চয়ঃ॥ ৭৪॥

অনুবাদ—মন্ত্রমুক্তাবলীতে উক্ত হইয়াছে—গুরু-শিষ্য এক বৎসর একত্রে বাস দ্বারা পরস্পরের স্বভাব জানিয়া গুরু ও শিষ্য নিশ্চয় করিবেন। অন্য প্রকারে সম্ভব নহে॥ ৭৪॥

———

শ্রুতিশ্চ—
নাসম্বৎসরবাসিনে দেয়াৎ॥ ৭৫॥

অনুবাদ—শ্রুতিতেও উক্ত হইয়াছে—শিষ্য এক-বৎসর নিকটে বাস না করিলে মন্ত্র দান করিবেন না॥ ৭৫॥

———

সারসংগ্রহেঽপি—
সদ্‌গুরুঃ স্বাশ্রিতং শিষ্যং বর্ষমেকং পরীক্ষয়েৎ॥৭৬॥

অনুবাদ—সারসংগ্রহে ও উক্ত হইয়াছে—সদ্-গুরু নিজ আশ্রিত শিষ্যকে এক বৎসর পরীক্ষা করি-বেন॥ ৭৬॥

———

রাজ্ঞি চামাত্যজা দোষাঃ পত্নীপাপং স্বভর্ত্তরি।
তথা শিষ্যার্জ্জিতং পাপং গুরুঃ প্রাপ্নোতি নিশ্চিতম্॥

অনুবাদ—যেমন মন্ত্রীবর্গের দোষসমূহ রাজাতে বর্ত্তিত হয় এবং পত্নীর পাপ নিজ স্বামীতে, সেইরূপ শিষ্যের অর্জ্জিত পাপ গুরু নিশ্চয় পাইয়া থাকেন॥৭৭

টীকা—গুরুণা ত্ববশ্যমেব শিষ্য-পরীক্ষা কার্য্যে-ত্যত্র হেতুমাহ—রাজ্ঞীতি॥ ৭৭॥

———

ক্রমদীপিকায়াস্তু—
সন্তোষয়েদকুটিলার্দ্রতরাত্মা
তং স্বৈর্ধনৈঃ স্ববষাপ্যনুকূলবাণ্যা।
অব্দত্রয়ং কমলনাভধিয়াতিধীর-
স্তুষ্টে বিবক্ষতু গুরাবথ মন্ত্রদীক্ষাম্॥ ৭৮॥

অনুবাদ—ক্রমদীপিকাতে উক্ত হইয়াছে—শ্রীগোপালমন্ত্র দীক্ষাতে তিন বৎসর শ্রীগুরুসেবার পর দীক্ষা দান করা তত্ত্ববিদ্‌গণের সম্মত—অকুটিল চিত্তে নিজধন, নিজ শরীরও অনুকূল বাক্যের দ্বারা তিন বৎসর শ্রীগুরুদেবের সেবা করিয়া তাঁহার সন্তোষ বিধান করিবে, শ্রীভগবৎ বুদ্ধিতে অতিধীর ব্যক্তি। শ্রীগুরুদেব সন্তুষ্ট হইলে মন্ত্রদীক্ষা প্রার্থনা করিবে ॥ ৭৮ ॥

টীকা—এবং 'বর্ষমেকং পরীক্ষা চ ততো দীক্ষেতি নিশ্চিতম্'। তত্র শ্রীগোপালমন্ত্রবরদীক্ষায়াং বর্ষত্রয়-গুরুসেবানন্তরমেব দীক্ষেতি তত্ত্ববিদাং মতং লিখন্ দীক্ষাপ্রাক্তনগুরুসেবাবিধিঞ্চ সংক্ষেপেণ দর্শয়তি—সন্তোষয়েদিতি ; তং গুরুং, বিবক্ষতু বক্তুমিচ্ছতু, দীক্ষার্থং প্রার্থনাং কুর্য্যাদিত্যর্থঃ ; অব্দত্রয়মিত্যত্র বিশেষো গ্রন্থান্তরাদ্দ্রষ্টব্যঃ ; তথাহি—'ত্রিষু বর্ষেষু বিপ্রস্য ষট্‌সু বর্ষেষু ভূভৃতঃ। বিশো নবসু বর্ষেষু পরীক্ষা তু প্রশস্যতে ॥ সমাস্বপি দ্বাদশসু তেষাং যে বৃষলাদয়ঃ' ইতি। যচ্চ শারদাতিলকাদাবুক্তম্—'একাব্দেন ভবেদ্বিপ্রো ভবেদব্দদ্বয়ান্নৃপঃ। ভবেদব্দ-ত্রয়েবৈশ্যঃ শূদ্রো বর্ষচতুষ্টয়ৈঃ ॥' ইতি, তদত্যন্তপূর্ব্ব-পরিশীলিতবিষয়মিতি বিবেচনীয়ম্ ॥ ৭৮ ॥

অথ বিশেষতঃ শ্রীগুরুসেবাবিধিঃ

কৌর্ম্মে শ্রীব্যাসগীতায়াম্—

উদকুম্ভং কুশান্ পুষ্পং সমিধোঽস্যাহরেৎ সদা।
মার্জ্জনং লেপনং নিত্যমঙ্গানাং বাসসাং চরেৎ ॥ ৭৯ ॥
নাস্য নির্ম্মাল্যশয়নং পাদুকোপানহাবপি।
আক্রামেদাসনং ছায়ামাসন্দীং বা কদাচন ॥ ৮০ ॥
সাধয়েদ্দন্তকাষ্ঠাদীন্ কৃত্যং চাস্মৈ নিবেদয়েৎ ॥ ৮১॥

অনুবাদ—অনন্তর বিশেষরূপে শ্রীগুরুসেবাবিধি বলিতেছেন কূর্ম্মপুরাণের শ্রীব্যাসগীতাতে—শিষ্য সর্ব্বদা শ্রীগুরুদেবের জলপাত্র, কুশ, পুষ্প ও যজ্ঞকাষ্ঠ আহরণ করিবেন। শ্রীগুরুদেবের গৃহ নিত্য মার্জ্জন ও লেপন, এবং শ্রীঅঙ্গসেবা ও বস্ত্র প্রক্ষালনাদি করিবেন ॥ ৭৯ ॥

অনুবাদ—শিষ্য শ্রীগুরুদেবের নির্ম্মাল্য, শয্যা, কাষ্ঠপাদুকা ও চর্ম্মপাদুকা, আসন, ছায়া ও আসন্দী অর্থাৎ ভোজনপাত্রের আধার ত্রিপদী প্রভৃতি কখনও লঙ্ঘন করিবে না ॥ ৮০ ॥

অনুবাদ—শ্রীগুরুদেবের দন্তকাষ্ঠ প্রভৃতি সমাধান করিবে এবং কর্ত্তব্য বিষয় জিজ্ঞাসা করিবে ॥ ৮১ ॥

টীকা—সন্তোষয়েদিত্যাদিনা সামান্যতঃ সংক্ষেপেণ লিখিতং শ্রীগুরুসেবাবিধিং বিশেষতো বিস্তার্য্য লিখতি—উদকুম্ভমিত্যাদিনা ; অস্য গুরোর্মার্জনাদিকং গৃহস্য অঙ্গানাং চেত্যর্থঃ ; তত্রাঙ্গানাং লেপনং চন্দনাদিনেতি জ্ঞেয়ম্। পাদুকোপানহোশ্চর্ম্মকাষ্ঠাদিভেদেনাবান্তরভেদঃ, আসন্দীং—ভোজনপাত্রাধারত্রিপদিকাম ॥ ৭৯-৮১ ॥

অনাপৃচ্ছ্য ন গন্তব্যং ভবেৎ প্রিয়হিতে রতঃ।
ন পাদৌ সারয়েদস্য সন্নিধানে কদাচন ॥ ৮২ ॥
জৃম্ভাহাস্যাদিকঞ্চৈব কণ্ঠপ্রাবরণং তথা।
বর্জয়েৎ সন্নিধৌ নিত্যমথাস্ফোটনমেব চ ॥ ৮৩ ॥

অনুবাদ—শ্রীগুরুদেবের আদেশ না লইয়া কোথাও যাইবে না। তাঁহার প্রিয় হিতকর কার্য্যে নিযুক্ত থাকিবে। কখনও তাঁহার নিকটে পাদ-প্রসারণ করিয়া বসিবে না ॥ ৮২ ॥

অনুবাদ—শ্রীগুরুদেবের নিকট হাইতোলা, উচ্চ-হাস্য, উচ্চভাষাদি বলা, বস্ত্রদ্বারা কণ্ঠ আবরণ, এবং অঙ্গুলী ফোটান ইত্যাদি করিবে না ॥ ৮৩ ॥

টীকা—সারয়েৎ প্রসারয়েৎ, আদিশব্দাদুচ্চৈর্ভাষাদি, আস্ফোটনমঙ্গুল্যাদীনাম্ ॥ ৮২-৮৩ ॥

কিঞ্চ—

শ্রেয়স্তু গুরুবদ্বৃত্তিনিত্যমেব সমাচরেৎ।
গুরুপুত্রেষু দারেষু গুরোশ্চৈব স্ববন্ধুষু ॥ ৮৪ ॥

অনুবাদ—আরও, গৃহী গুরুদেবের পুত্র পরিবার ও বন্ধুজনের প্রতি ব্যবহার শ্রীগুরুসম্বন্ধীয় হিসাবে মঙ্গলকর কার্য্য আচরণ করিবে ॥ ৮৪ ॥

টীকা—নিত্যং গুরুপুত্রাদিষু শ্রেয়ঃ হিতং সম্যগাচরেৎ ; গুরুবদ্বৃত্তিঃ গুরাবিব গুরুপুত্রাদিষ্বপি বৃত্তির্ব্যবহারো যস্য তথাভূতঃ সন্, স্বা জ্ঞাতয়ো, বন্ধবঃ

সম্বন্ধিনস্তেষু ; পাঠান্তরে শ্রেয়ো যথা স্যাত্তথা গুরাবিব তদ্ধিয়াচরেৎ ; যদাচরেৎ, তৎ শ্রেয় ইতি বা ॥ ৮৪ ॥

উৎসাদনং বৈ গাত্রাণাং স্নাপনোচ্ছিষ্টভোজনে।
ন কুর্য্যাদ্গুরুপুত্রস্য পাদয়োঃ শৌচমেব চ ॥ ৮৫ ॥
গুরুবৎ পরিপূজ্যাশ্চ সবর্ণা গুরুযোষিতঃ।
অসবর্ণাস্তু সংপূজ্যাঃ প্রত্যুত্থানাভিবাদনৈঃ ॥ ৮৬ ॥
অভ্যঞ্জনং স্নাপনঞ্চ গাত্রোৎসাদনমেব চ।
গুরুপত্ন্যা ন কার্য্যাণি কেশানাঞ্চ প্রসাধনম্ ॥ ৮৭ ॥

অনুবাদ—গুরুপুত্রের গাত্রমর্দ্দন, স্নান করান, উচ্ছিষ্ট ভোজন ও পাদপ্রক্ষালন নিষিদ্ধ ॥ ৮৫ ॥

অনুবাদ—সবর্ণা গুরুপত্নী গুরুবৎ পূজ্যা, অসবর্ণা প্রত্যুত্থান ও অভিবাদন দ্বারা পূজনীয়া ॥ ৮৬ ॥

অনুবাদ—গুরুপত্নীর গাত্রে তৈল মর্দ্দন, স্নান করান, উদ্বর্ত্তন ও কেশ প্রসাধন শিষ্যের কর্ত্তব্য নহে ॥ ৮৭ ॥

টীকা—তত্রাপবাদমাহ—উৎসাদনমিতি ত্রিভিঃ। গাত্রাণামুৎসাদনম্ উদ্বর্ত্তনম্, শৌচং প্রক্ষালনম্, অসবর্ণা ইতি পূর্ব্বং ব্রাহ্মণানাং ক্ষত্রিয়াদিকন্যাপরিগ্রহাৎ; যদ্যপ্যেতৎ সর্ব্বং শ্রীব্যাসদেবেন বেদাধ্যাপকগুরু-সেবামধিকৃত্যোক্তং, তথাপি সাঙ্গবেদাধ্যাপনে মন্ত্রোপ-দেশশ্চ স্বত এব সিধ্যতীত্যেবং মন্ত্রগুরু-বেদগুর্ব্বোর-ভেদাৎ, বিশেষতশ্চ সেবাবিধিসাম্যাদত্র লিখিতমিতি দিক্। এবমন্যত্রাপ্যূহ্যম্ ॥ ৮৫-৮৭ ॥

দেব্যাগমে শ্রীশিবোক্তৌ—

গুরুশয্যাসনং যানং পাদুকে পাদপীঠকম্।
স্নানোদকং তথা ছায়াং লঙ্ঘয়েন্ন কদাচন ॥ ৮৮ ॥

অনুবাদ—দেবীতন্ত্রে শ্রীশিবের উক্তি—শ্রীগুরু-দেবের শয্যা, আসন, যান, পাদুকা, পাদপীঠ স্নানজল ও ছায়া শিষ্য কখনও লঙ্ঘন করিবে না ॥ ৮৮ ॥

গুরোরগ্রে পৃথক্পূজামদ্বৈতঞ্চ পরিত্যজেৎ।
দীক্ষাং ব্যাখ্যাং প্রভুত্বঞ্চ গুরোরগ্রে বিবর্জ্জয়েৎ ॥ ৮৯॥

অনুবাদ—গুরুদেবের অগ্রে পৃথক্ পূজা, অভেদোক্তি, দীক্ষা, শাস্ত্রব্যাখ্যা ও প্রভুত্ব বিশেষভাবে বর্জ্জন করিবে ॥ ৮৯ ॥

টীকা—অদ্বৈতমভেদোক্তিম্; দীক্ষামন্যস্মৈ দীক্ষা-প্রদানম্ ॥ ৮৯ ॥

শ্রীনারদোক্তৌ—

যত্র যত্র গুরুং পশ্যেৎ তত্র তত্র কৃতাঞ্জলিঃ।
প্রণমেদ্দণ্ডবদ্ভূমৌ ছিন্নমূল ইব দ্রুমঃ ॥ ৯০ ॥
গুরোর্বাক্যাসনং যানং পাদুকোপানহৌ তথা।
বস্ত্রং ছায়াং তথা শিষ্যো লঙ্ঘয়েন্ন কদাচন ॥ ৯১ ॥

অনুবাদ—দেবর্ষি শ্রীনারদের উক্তিতে—যেখানে যেখানে শ্রীগুরুকে দর্শন করিবে, সেখানে সেখানে করযোড়ে ছিন্নমূল বৃক্ষের ন্যায় ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিবে। শ্রীগুরুর বাক্য, আসন, যান, কাষ্ঠপাদুকা, চর্ম্মপাদুকা, বস্ত্র ও ছায়া শিষ্য কখনও লঙ্ঘন করিবে না ॥ ৯০-৯১ ॥

টীকা—পাদুকোপানহোশ্চর্ম্মকাষ্ঠাদিভেদেনাবান্তর-ভেদঃ পূর্ব্বমেব লিখিতঃ ॥ ৯০-৯১ ॥

শ্রীমনুস্মৃতৌ—

নোদাহরেদ্গুরোর্নাম পরোক্ষমপি কেবলম্ ॥
ন চৈবাস্যানুকুর্ব্বীত গতিভাষণচেষ্টিতম্ ॥ ৯২ ॥

অনুবাদ—মনুস্মৃতিতে উক্তি আছে—বিশেষণ ও শ্রীশব্দ ব্যতীত কেবল শ্রীগুরুর নামাক্ষর মাত্র অসাক্ষাতেও উচ্চারণ করিবে না। সেইরূপ শ্রীগুরু-দেবের গতি ভাষণ ও চেষ্টার অণু করণ করিবে না ॥ ৯২ ॥

টীকা—কেবলং শুদ্ধং নামাক্ষরমাত্রকমিত্যর্থঃ ॥ ৯২ ॥

গুরোর্গুরৌ সন্নিহিতে গুরুবদ্বৃত্তিমাচরেৎ।
ন চাবিসৃষ্টো গুরুণা স্বান্ গুরূনভিবাদয়েৎ ॥ ৯৩ ॥

অনুবাদ—শ্রীগুরুর গুরু পরমগুরু নিকটস্থ হইলে শ্রীগুরুর ন্যায় ব্যবহার করিবে। পারমার্থিক

গুরু কর্ত্তৃক আদিষ্ট না হইয়া নিজ পিত্রাদি গুরু-বর্গকে প্রণামাদি করিবে না ॥ ৯৩ ॥

টীকা—স্বান্ গুরূন্ পিত্রাদীন্ ॥ ৯৩ ॥

শ্রীনারদপঞ্চরাত্রে—

যথা তথা যত্র তত্র ন গৃহ্ণীয়াচ্চ কেবলম্ ।
অভক্ত্যা ন গুরোর্নাম গৃহ্ণীয়াচ্চ যতাত্মবান্ ॥ ৯৪ ॥
প্রণবঃ শ্রীস্ততো নাম বিষ্ণুশব্দাদনন্তরম্ ।
পাদ-শব্দসমেতঞ্চ নতমূর্ধাঞ্জলীযুতঃ ॥ ৯৫ ॥

অনুবাদ—শ্রীনারদপঞ্চরাত্রে উক্ত হইয়াছে—শ্রীগুরুদেবের কেবল নাম—যেমন তেমন ভাবে যেখানে সেখানে অভক্তিভাবে উচ্চারণ করিবে না। সংযতচিত্তে অবনত মস্তকে করযোড়ে প্রথমতঃ প্রণব ওঁ শ্রী অমুক বিষ্ণুপাদ—এইভাবে নাম গ্রহণ করিবে ॥ ৯৪-৯৫ ॥

টীকা—তর্হি কুত্রচিৎ কথং গৃহ্ণীয়াদিত্যপেক্ষায়া-মাহ—গৃহ্ণীয়াচ্চেত্যাদিনা ; অঞ্জলীতি দীর্ঘত্বমার্ষম্ ; ওঁ শ্রীঅমুকবিষ্ণুপাদা ইত্যেবং, তচ্চ নতমূর্ধাঞ্জলিযুক্তঃ সন্ গৃহ্ণীয়াদিত্যর্থঃ ॥ ৯৪-৯৫ ॥

কিঞ্চ—

ন তমাজ্ঞাপয়েন্মোহাত্তস্যাজ্ঞাং ন চ লঙ্ঘয়েৎ ।
নানিবেদ্য গুরোঃ কিঞ্চিদ্ভোক্তব্যং বা গুরোস্তথা ॥৯৬॥

অনুবাদ—আরও, উক্তি আছে—মোহবশতঃ কখনও শ্রীগুরুকে আদেশ করিবে না এবং তাঁহার আজ্ঞা লঙ্ঘন করিবে না। শ্রীগুরুদেবকে নিবেদন না করিয়া তাঁহার দ্রব্য কিছুই ভোজন করিবে না। দীক্ষা গ্রহণের পর এই সকল নিয়ম শিষ্য কর্ত্তৃক পালনীয় ॥ ৯৬ ॥

অন্যত্র চ—

আয়ান্তমগ্রতো গচ্ছেদগচ্ছন্তং তমনুব্রজেৎ ।
আসনে শয়নে বাপি ন তিষ্ঠেদগ্রতো গুরোঃ ॥ ৯৭ ॥
যৎ কিঞ্চিদন্নপানাদি প্রিয়ং দ্রব্যং মনোরমম্ ।
সমর্প্য গুরবে পশ্চাৎ স্বয়ং ভুঞ্জীত প্রত্যহম্ ॥ ৯৮ ॥

অনুবাদ—অন্য শাস্ত্রেও কথিত আছে—শ্রীগুরু-দেবকে আসিতে দেখিয়া আগাইয়া যাইবে, যাইবার সময় তাঁহার পশ্চাৎ গমন করিবে। শ্রীগুরুদেবের অগ্রে আসনে বা শয়নে থাকিবে না ॥ ৯৭ ॥

অনুবাদ—যাহা কিছু ভোজ্য ও পানীয় মনোহর প্রিয় দ্রব্য শ্রীগুরুকে সমর্পণ করিয়া পরে নিজে প্রত্যহ ভোজন করিবে ॥ ৯৮ ॥

শ্রীবিষ্ণুস্মৃতৌ—

ন গুরোরপ্রিয়ং কুর্য্যাৎ তাড়িতঃ পীড়িতোঽপি বা ।
নাবমন্যেত তদ্বাক্যং নাপ্রিয়ং হি সমাচরেৎ ॥ ৯৯ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুস্মৃতিতে উক্তি আছে—শ্রীগুরু-দেব কর্ত্তৃক তাড়িত বা পীড়িত হইয়াও শ্রীগুরুর অপ্রিয় কার্য্য করিবে না। তাঁহার বাক্যের অব-মাননা এবং তাহার অপ্রিয় আচরণ করিবে না ॥৯৯॥

আচার্য্যস্য প্রিয়ং কুর্য্যাৎ প্রাণৈরপি ধনৈরপি ।
কর্ম্মণা মনসা বাচা স যাতি পরমাং গতিম্ ॥ ১০০ ॥

অনুবাদ—প্রাণ ও ধন দ্বারা আচার্য্যের প্রিয়কার্য্য করিবে, কায় মনোবাক্যে এইরূপ সেবা করিলে সেই সেই শিষ্য পরমা গতি লাভ করে ॥ ১০০ ॥

টীকা—মোহাদপি গুরোঃ কিঞ্চিন্ন ভোক্তব্যং, তচ্চাজ্ঞাং বিনেতি বোদ্ধব্যম্, অন্যথাজ্ঞালঙ্ঘনদোষা-পত্তেঃ ; এতচ্চ সর্ব্বং দীক্ষানন্তরমপি শিষ্যস্য কৃত্যং জ্ঞেয়ং, সদৈব গুরুভক্তেরনুষ্ঠেয়ত্বাৎ ; অতএবৈতৎ দীক্ষানন্তরমপি কৃচিদুক্তমস্তি ॥ ৯৬-১০০ ॥

অন্যথা দ্বয়োরপি মহাদোষঃ—

শ্রীনারদপঞ্চরাত্রে—

যো ব্যক্তি ন্যায়রহিতমন্যায়েন শৃণোতি যঃ ।
তাবুভৌ নরকং ঘোরং ব্রজতঃ কালমক্ষয়ম্ ॥ ১০১ ॥

অনুবাদ—শ্রীনারদ পঞ্চরাত্রে বর্ণিত আছে—পূর্ব্বোক্ত শাস্ত্রবিধি অনুসারে গুরুশিষ্য পরীক্ষা এবং শ্রীগুরুসেবাদি ব্যতীত দীক্ষা দানে ও শিষ্য কর্ত্তৃক

দীক্ষা গ্রহণে মহা অনর্থ—সম্ভাবনা যিনি শাস্ত্রবিধি ব্যতীত মন্ত্র উপদেশ করেন এবং শ্রীগুরুসেবা ব্যতীত মন্ত্রগ্রহণ করেন, তাহাদের উভয়ের দীর্ঘকাল ভয়ঙ্কর নরক ভোগ হয় ॥ ১০১ ॥

টীকা—পরীক্ষাং বিনা গুরুসেবাদিং বিনা চ মন্ত্রস্য কথনে গ্রহণে চ মহাননর্থ ইতি লিখতি—যো বক্তীতি ; ন্যায়ঃ দ্বয়োরন্যোহন্য-পরীক্ষণপূর্ব্বক-গুরু-সেবাদি-প্রকারস্তদ্রহিতম্ ॥ ১০১

অথ শিষ্যপ্রার্থনা

বৈষ্ণবতন্ত্রে—

ত্রায়স্ব ভো জগন্নাথ গুরো সংসারবহ্নিনা ।
দগ্ধং মাং কালদষ্টঞ্চ ত্বামহং শরণং গতঃ ॥১০২॥ইতি

অনুবাদ—বৈষ্ণবতন্ত্রে—এইরূপে শ্রীগুরুসেবা দ্বারা শ্রীগুরুর সন্তোষ বিধানের পর মন্ত্রদীক্ষার জন্য শিষ্যপ্রার্থনা করিবেন—হে শ্রীগুরুদেব আপনি জগ-তের প্রভু সংসারের ত্রিতাপজ্বালা হইতে আমাকে রক্ষা করুন, কালরূপ সর্পের দংশনে বিষের জ্বালায় দগ্ধ আমাকে উদ্ধার করুন, আমি আপনার শরণাগত ॥ ১০২ ॥

টীকা—এবং সেবয়া গুরুসন্তোষণানন্তরং মন্ত্র-দীক্ষার্থং যথা শিষ্যেণ প্রার্থয়িতব্যং তদ্বিজ্ঞাপয়িতুং লিখতি—ত্রায়স্বেতি ॥ ১০২ ॥

তত্র শ্রীবাসুদেবস্য সর্ব্বদেবশিরোমণেঃ ।
পাদাম্বুজৈকভাগেব দীক্ষা গ্রাহ্যা মনীষিভিঃ ॥ ১০৩॥

অনুবাদ—মনীষীগণ কর্ত্তৃক শ্রীগুরুদেবের নিকট সর্ব্বদেব শিরোমণি শ্রীকৃষ্ণচন্দ্রের শ্রীচরণ কমল ভজনরূপ মন্ত্রদীক্ষাশ্রয় কর্ত্তব্য অন্য দীক্ষা গ্রহণে নির্ব্বুদ্ধিতা প্রকাশ পায় ॥ ১০৩॥

টীকা—তত্র তস্যাং গৃহ্যমাণায়াং দীক্ষায়াং পাদা-ম্বুজমেকমেব ভজতি আশ্রয়তীতি তথা সা ; মনীষি-ভিরিতি, অন্যথা নির্ব্বুদ্ধিতৈবেতি ভাবঃ ॥ ১০৩ ॥

অথ শ্রীভগবন্মাহাত্ম্যম্

প্রথমস্কন্ধে (শ্রীভাঃ ২।২৩)—

সত্ত্বং রজস্তম ইতি প্রকৃতেগুর্ণাস্তৈ-
র্যুক্তঃ পরঃ পুরুষ এক ইহাস্য ধত্তে ।
স্থিত্যাদয়ে হরিবিরিঞ্চিহরেতিসংজ্ঞাঃ
শ্রেয়াংসি তত্র খলু সত্ত্বতনোর্নৃণাং স্যুঃ ॥ ১০৪ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতে ১ম স্কন্ধে ২য় অধ্যায়ে ২৩ শ্লোকে—সত্ত্ব রজঃ ও তমঃ প্রকৃতির গুণত্রয় যুক্ত হইয়া একমাত্র পরমপুরুষ বিশ্বের সৃষ্টি স্থিতি ও প্রলয় কার্য্যের জন্য ব্রহ্মা বিষ্ণু ও মহেশ্বর এই তিন নাম ধারণ করিয়াছেন, তন্মধ্যে সত্ত্বমূর্ত্তি শ্রীবাসুদেব বিষ্ণুই নিশ্চয় মানবগণের শুভফল দান করেন ॥১০৪

টীকা—তত্র হেতুং দর্শয়ন্ শ্রীবাসুদেবস্য ভগবতো মাহাত্ম্যং লিখতি—সত্ত্বমিত্যাদিনা ; তত্র ব্রহ্মাদীনাং ত্রয়াণামপীশ্বরত্বেহপ্যেকাত্মত্বেহপি চ শ্রীবাসুদেবস্যা-ধিক্যমাহ—সত্ত্বমিতি ; ইহ যদ্যপ্যেক এব পরঃ পুমান্ ঈশ্বরঃ অস্য বিশ্বস্য স্থিতিসৃষ্টিলয়ার্থং হরি-বিরিঞ্চি-হরেতিসংজ্ঞা ধত্তে, তথাপি তত্র তেষাং মধ্যে সত্ত্বতনোঃ শ্রীবাসুদেবাদেব শ্রেয়াংসি শুভফলানি স্যুঃ ॥ ১০৪ ॥

কিঞ্চ (শ্রীভাঃ ১।১৮।২১)—

অথাপি যৎপাদনখাবসৃষ্টং
জগদ্বিরিঞ্চোপহৃতার্হণাম্ভঃ ।
সেশং পুনাত্যন্যতমো মুকুন্দাৎ
কো নাম লোকে ভগবৎপদার্থঃ ॥ ১০৫ ॥

অনুবাদ—আরও প্রথমস্কন্ধের অষ্টাদশ অধ্যা-য়ের একবিংশ শ্লোকে উক্ত হইয়াছে—যদিও এই তিন মূর্ত্তিই ঈশ্বর, তথাপি ব্রহ্মা কর্ত্তৃক প্রদত্ত অর্ঘ্যজল যাঁহার শ্রীচরণ নখ হইতে নিঃসৃত হইয়া শ্রীশিবের মস্তকে পতিত হইয়া তাঁহার সহিত জগৎ পবিত্র করিতেছেন, সেই ভগবান্ মুকুন্দ ব্যতীত অন্য কে ভগবৎ পদবাচ্য হইবেন ? অর্থাৎ শ্রীব্রহ্মা ও শিব যাঁহার উপাসক, সেই সর্ব্বেশ্বর বিষ্ণুই একমাত্র উপাস্য ॥ ১০৫ ॥

টীকা—অথাপি যদ্যপি ত্রয় এবৈতে ঈশ্বরাস্তথা-

পীত্যর্থঃ ; যদ্বা, অথেত্যর্থান্তরে ; বিরিঞ্চিনোপহৃতং সমর্পিতমর্হণাম্ভঃ অর্ঘ্যোদকং যস্য পাদনখাদবসৃষ্টং নিঃসৃতমপি, যদ্বা, পাদনখেনাবক্তয়া তাক্তমপি ঈশ-সহিতং জগৎ পুনাতি ; বিরিঞ্চোপহৃতং শেষমিত্যনেন শ্রীব্রহ্ম-শিবয়োরপ্যুপাসকত্বমুক্তম্। তস্মান্মুকুন্দা-দ্ব্যতিরিক্তঃ কো নাম ভগবৎপদার্থোঽভিধেয়ঃ, সর্ব্বে-শ্বরঃ স বিষ্ণুরেক এবেত্যর্থঃ ॥ ১০৫ ॥

———

শ্রীদশমস্কন্ধে (৮৯।১৪)—

তন্নিশম্যাথ মুনয়ো বিস্মিতা মুক্তসংশয়াঃ।
ভূয়াংসং শ্রদ্দধুর্বিষ্ণুং যতঃ ক্ষেমো যতোঽভয়ম্ ॥১০৬

অনুবাদ—শ্রীদশমস্কন্ধে ৮৯ অধ্যায়ে ১৪ শ্লোকে—জগদীশ্বর ত্রয়ের মধ্যে কোন মূর্ত্তি উপাস্য এই সংশয় মীমাংসার জন্য প্রেরিত ভৃগুমুনি পরীক্ষা করিয়া ফিরিলে পর তাঁহার নিকট ভগবান্ শ্রীবিষ্ণুর মহিমা শ্রবণ করিয়া সরস্বতী তীরবাসী মুনিগণ বিস্মিত ও সংশয় মুক্ত হইয়া তাঁহাতে অতিশয় শ্রদ্ধাযুক্ত হই-লেন। কারণ, শ্রীবিষ্ণু হইতেই পরমমঙ্গল ও অভয় লাভ হয় ॥ ১০৬ ॥

টীকা—তদ্ ভৃগুবর্ণিতং শ্রীভগবন্মাহাত্ম্যং বিস্মিতা তাদৃশাপরাধেঽপি নির্ব্বিকারত্বেন, যদ্বা, অবিস্মিতা-স্তস্য স্বতএব তথা সম্ভাবনয়া ; ভূয়াংসং মহত্তমং ; শ্রদ্দধুঃ নিশ্চিতবন্তঃ ॥ ১০৬ ॥

———

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণ-সংবাদে—

ব্যামোহায় চরাচরস্য জগতস্তে তে পুরাণাগমা-
স্তাং তামেব হি দেবতাং পরমিকাং জল্পন্তু কল্পাবধি।
সিদ্ধান্তে পুনরেক এব ভগবান্ বিষ্ণুঃ সমস্তাগম-
ব্যাপারেষু বিবেচনব্যতিকরং নীতেষু নিশ্চীয়তে ॥১০৭

অনুবাদ—পদ্মপুরাণে বৈশাখ মাহাত্ম্যে যম-ব্রাহ্মণ সংবাদে উক্ত হইয়াছে—সৃষ্টির আদি হইতে অন্ত্যপর্যন্ত সেই সেই ও আগম শাস্ত্র সমূহ জগদ্বাসীর মোহ উৎপাদনের জন্য নিজ নিজ বর্ণিত দেবগণকে শ্রেষ্ঠ বলিলেও সমস্ত শাস্ত্রের সম্মিলিত প্রয়োজন তত্ত্ব—বিচারস্থলে সিদ্ধান্তে উপনীত হইলে জানা যাইবে একমাত্র ভগবান বিষ্ণুই সর্ব্বেশ্বর ও উপাস্য—ইহাই নিশ্চিত হয় ॥ ১০৭ ॥

টীকা—জল্পন্ত্বিত্যুপহাসে, 'জানন্ত এব জানন্তু' ইত্যাদিবৎ, সমস্তানামাগমানাং শাস্ত্রাণাং ব্যাপারেষু প্রয়োজনেষু বিবেচনস্য ব্যাপারস্য দূষণত্বেন তদেব স্কন্দপুরাণাদিবিচারস্য ব্যতিকরমাসঙ্গং প্রাপিতেষু সৎসু সিদ্ধান্তে বিষয়ে বিষ্ণুরেক এব ভগবান্ সর্ব্বেশ্বর ইতি নিশ্চীয়তে ॥ ১০৭ ॥

———

নারসিংহে—

সত্যং সত্যং পুনঃ সত্যমুৎক্ষিপ্য ভুজমুচ্যতে।
বেদাচ্ছাস্ত্রং পরং নাস্তি ন দেবঃ কেশবাৎ পরঃ ॥১০৮

অনুবাদ—শ্রীনৃসিংহ পুরাণে উক্ত হইয়াছে—বাহু উত্তোলন পূর্ব্বক ত্রিসত্য করিয়া মৎকর্তৃক উক্ত হইতেছে—যেমন বেদ হইতে শ্রেষ্ঠ শাস্ত্র নাই, সেই-রূপ শ্রীকৃষ্ণ হইতে পরম ঈশ্বর নাই ॥ ১০৮ ॥

———

যতঃ পাদ্মে—

অরিমিত্রং বিষং পথ্যমধর্ম্মো ধর্ম্মতাং ব্রজেৎ।
সুপ্রসন্নে হৃষীকেশে বিপরীতে বিপর্য্যয়ঃ ॥ ১০৯ ॥

অনুবাদ—যেহেতু পদ্ম পুরাণে কথিত হইয়াছে—হৃষীকেশ শ্রীকৃষ্ণ সুপ্রসন্ন হইলে শত্রু—মিত্র হয়, বিষ—পথ্য হয় এবং অধর্ম্ম—ধর্ম্ম হয়, আর তিনি অপ্র-সন্ন হইলে তদ্বিপরীত মিত্র—শত্রু, পথ্য—বিষ, ধর্ম্ম—অধর্ম্ম হইয়া যায় ॥ ১০৯ ॥

———

তত্রৈব শ্রীভগবদ্বাক্যম্—

মন্নিমিত্তং কৃতং পাপমপি ধর্ম্মায় কল্পতে ॥
মামনাদৃত্য ধর্ম্মোঽপি পাপং স্যান্মৎপ্রভাবতঃ ॥১১০॥

অনুবাদ—শ্রীপদ্ম পুরাণেই শ্রীভগবদ্‌বাক্য—আমার নিমিত্ত কৃত চৌর্য্যাদি পাপও আমার প্রভাবে ধর্ম্ম হয়, আমাকে অনাদর করিয়া ধর্ম্মানুষ্ঠান করি-লেও তাহা পাপে পরিণত হয় ॥ ১১০ ॥

টীকা—বেদাচ্ছাস্ত্রং পরং পরমং নাস্তীতি দৃষ্টান্তত্বেনোক্তম্ ॥ ১০৮-১১০ ॥

———

অতএবোক্তং স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে—

বাসুদেবং পরিত্যজ্য যোঽন্যদেবমুপাসতে।
স্বমাতরং পরিত্যজ্য স্বপচীং বন্দতে হি সঃ ॥ ১১১॥

অনুবাদ—এই কারণে স্কন্দপুরাণে শ্রীব্রহ্ম নারদ সংবাদে উক্ত হইয়াছে—শ্রীভগবদ্ভজন পরিত্যাগ করিয়া অন্যদেবতার ভজনে দোষ—শ্রীবাসুদেব শ্রীকৃষ্ণের উপাসনা ত্যাগ করিয়া যে ব্যক্তি অন্য দেবকে উপাসনা করে, সেই ব্যক্তি নিজ মাতাকে পরিত্যাগ করিয়া চণ্ডালিনীকে বন্দনা করে ॥ ১১১॥

টীকা—এবং ব্রহ্মাদিভ্যোঽখিলদেবেভ্যো মাহাত্ম্যং বিলিখ্যাধুনা তৎপরিত্যাগেনান্যদেবতাভজনস্য দূষণত্বেন তদেব স্কন্দপুরাণাদি-বাক্যৈর্দ্রঢ়য়তি—বাসুদেবমিত্যাদিনা। উপাসত ইত্যার্ষম্, উপাস্তে ॥ ১১১ ॥

তত্রৈবান্যত্র—

বাসুদেবং পরিত্যজ্য যোঽন্যদেবমুপাসতে।
ত্যক্তামৃতং স মূঢ়াত্মা ভুঙ্‌ক্তে হালাহলং বিষম্ ॥১১২

অনুবাদ—স্কন্ধ পুরাণে অন্যত্র উক্ত হইয়াছে—যে ব্যক্তি বাসুদেব শ্রীকৃষ্ণকে পরিত্যাগ করিয়া অন্য দেবকে উপাসনা করে, সেই মূঢ়চিত্ত অমৃত ত্যাগ ত্যাগ করিয়া হলাহল বিষ পান করে ॥ ১১২ ॥

মহাভারতে—

যস্তু বিষ্ণুং পরিত্যজ্য মোহাদন্যমুপাসতে।
স হেমরাশিমুৎসৃজ্য পাংশুরাশিং জিঘৃক্ষতি ॥ ১১৩॥
অনাদৃত্য তু যো বিষ্ণুমন্যদেবং সমাশ্রয়েৎ।
গঙ্গাম্ভসঃ স তৃষ্ণার্তো মৃগতৃষ্ণাং প্রধাবতি ॥ ১১৪ ॥

অনুবাদ—মহাভারতে কথিত আছে—যে ব্যক্তি শ্রীবিষ্ণুকে পরিত্যাগ করিয়া মোহহেতু অন্যকে উপাসনা করে, সেই ব্যক্তি সুবর্ণরাশি ত্যাগ করিয়া ভস্মরাশি পাইতে ইচ্ছা করে। শ্রীভগবান্ বিষ্ণুকে অনাদর করিয়া যে ব্যক্তি অন্যদেবকে আশ্রয় করে, সেই তৃষ্ণাতুর গঙ্গাজল ত্যাগ করিয়া মরুভূমি স্থিত মরীচির প্রতি ধাবিত হয় ॥ ১১৩-১১৪ ॥

টীকা—গঙ্গাম্ভসঃ সকাশাৎ, তৎপরিত্যজ্যেত্যর্থঃ ॥ ১১৩-১১৪ ॥

পঞ্চরাত্রে—

যো মোহাদ্বিষ্ণুমন্যেন হীনদেবেন দুর্ম্মতিঃ।
সাধারণং সকৃদ্ব্রূতে সোঽন্ত্যজো নান্ত্যজোঽন্ত্যজঃ ॥১১৫

অনুবাদ—পঞ্চরাত্রে—মোহহেতু যে দুর্ম্মতি শ্রীবিষ্ণুকে অন্য ক্ষুদ্রদেবতার সহিত (সাধারণ) একবার সমান বলে, সেই অন্ত্যজ ও জাতি অন্ত্যজ—অন্ত্যজ নহে ॥ ১১৫ ॥

বৈষ্ণবতন্ত্রে—

ন লভেয়ুঃ পুনর্ভক্তিং হরেরৈকান্তিকীং জড়াঃ।
একাগ্রমনসশ্চাপি বিষ্ণুসামান্যদর্শিনঃ ॥ ১১৬ ॥

অনুবাদ—বৈষ্ণবতন্ত্রে উক্ত হইয়াছে—শ্রীবিষ্ণুর সহিত অন্য দেবতার সমানদর্শী কর্ম্মজড় স্মার্ত্তগণ যোগী হইলেও শ্রীহরিতে ঐকান্তিকী ভক্তিলাভ করিতে পারিবে না ॥ ১১৬ ॥

টীকা—অস্তু তাবৎ পরিত্যাগে ন দোষঃ, অন্যদেবসামান্য-দৃষ্ট্যৈব মহাননর্থ ইতি লিখতি—ঘ ইতি; মোহাদপি হীনেন বিষ্ণবপেক্ষয়া নিকৃষ্টেন দেবেন; জাতাবেকত্বম্; সাধারণং তুল্যং; সকৃদপি, অন্ত্যজঃ অত্যন্তনীচঃ স এব, ন তু চণ্ডালাদিরিত্যর্থঃ ॥ ১১৫-১১৬ ॥

অন্যত্র চ—

যস্তু নারায়নং দেবং ব্রহ্মরুদ্রাদিদৈবতৈঃ।
সমত্বেনৈব বীক্ষেত স পাষণ্ডী ভবেৎ সদা ॥১১৭॥ইতি

অনুবাদ—অন্যত্রও উক্ত হইয়াছে—ব্রহ্ম-রুদ্রাদি দেবগণের সহিত শ্রীনারায়ণকে যে ব্যক্তি সমভাবে দর্শন করে, সে সর্ব্বদা পাষণ্ডী থাকিবে। ভাবার্থ এই যে—শ্রীব্রহ্ম ও রুদ্র গুণাবতার, ইন্দ্রাদি দেবগণ বিভূতি, ভগবান্ শ্রীনারায়ণ অবতারী পরমেশ্বর—ইহাই শাস্ত্র সিদ্ধান্ত। শাস্ত্র অনাদর কারী পাষণ্ডী—পাষণ্ডিনস্তু বিজ্ঞেয়াঃ সৎশাস্ত্র পরিপন্থিনঃ ॥ ১১৭ ॥

টীকা—কিঞ্চ, যস্ত্বিতি, আদিশব্দেন ইন্দ্রাদয়ঃ; অয়ং ভাবঃ,—শ্রীব্রহ্মরুদ্রৌ গুণাবতারৌ, ইন্দ্রাদয়ো বিভূতয়ঃ, ভগবান্ শ্রীনারায়ণোঽবতারী পরমেশ্বর ইত্যেতৎ শাস্ত্রৈঃ প্রতিপাদ্যতে, অতোঽন্যৈঃ সহ তস্য

সাম্যদৃষ্ট্যা শাস্ত্রানাদরেণ পাষণ্ডিতা নিষ্পাদ্যত ইতি ; অতএবোক্তং বৃহৎসহস্রনামস্তোত্রে শ্রীমহাদেবেন—নাবৈষ্ণবায় দাতব্যং বিকল্পোপহতাত্মনে। ভক্তি-শ্রদ্ধাবিহীনায় বিষ্ণুসামান্য-দর্শিনে ॥' ইতি। তদন্তে শ্রীদুর্গাদেব্যা চ—'অহো সর্ব্বেশ্বরো বিষ্ণুঃ সর্ব্বদেবোত্তমোত্তমঃ। জগদাদিগুরুর্মূঢ়ৈঃ সামান্য ইব বীক্ষ্যতে ॥' ইতি ॥ ১১৭ ॥

সহস্রনামস্তোত্রাদৌ শ্লোকৌঘাঃ সন্তি চেদৃশাঃ।
বিশেষতঃ সত্ত্বনিষ্ঠৈঃ সেব্যো বিষ্ণুর্ন চাপরঃ ॥১১৮॥

অনুবাদ—শ্রীভগবন্মাহাত্ম্য প্রতিপাদক পূর্ব্বোক্তরূপ বহু শ্লোক সহস্রনাম স্তোত্রাদিতে আছে। বিশেষতঃ সত্ত্বগুণ বিশিষ্ট ব্যক্তিগণ কর্ত্তৃক শ্রীবিষ্ণুই আরাধ্য, অন্যদেবগণ নহে ॥ ১১৮ ॥

তথা চ হরিবংশে শ্রীশিববাক্যম্—
হরিরেব সদারাধ্যো ভবদ্ভিঃ সত্ত্বসংস্থিতৈঃ।
বিষ্ণুমন্ত্রং সদা বিপ্রাঃ
পঠধ্বং ধ্যাত কেশবম্ ॥ ১১৯ ॥ ইতি।
ঈদৃঙ্মাহাত্ম্যবাক্যেষু সংগৃহীতেষু সর্ব্বতঃ।
গ্রন্থবাহুল্যদোষঃ স্যাল্লিখ্যন্তেঽপেক্ষিতানি তৎ ॥১২০॥

অনুবাদ—সেইরূপ হরিবংশেও শ্রীমহাদেবের বাক্যে—হে বিপ্রগণ আপনারা বেদজ্ঞ ও সত্ত্বগুণ বিশিষ্ট অতএব শ্রীহরি আরাধনাই সর্ব্বদা আপনাদের কর্ত্তব্য এবং বেদপাঠ ও কেশবের ধ্যান করুন। এইরূপে শাস্ত্র সমূহ হইতে কর্ণরসায়ন বহু মাহাত্ম্য বাক্যসংগ্রহ করিতে থাকিলে গ্রন্থ বাহুল্য দোষ হইবে, অতএব একান্ত প্রয়োজনীয় বাক্য সমূহ এখন হইতে লিখিতেছি ॥ ১১৯-১২০ ॥

টীকা—ঈদৃশাঃ শ্রীভগবন্মাহাত্ম্যপরা ইত্যর্থঃ ; তথা চ তত্রৈব শ্রীমহাদেববাক্যম্—'ন যান্তি তৎপরং শ্রেয়ো বিষ্ণুং সর্ব্বেশ্বরেশ্বরম্। সর্ব্বভাবৈরনাশ্রিত্য পুরাণং পুরুষোত্তমম্ ॥ তমেব তপসা নিত্যং ভজামি স্তৌমি চিন্তয়ে। তেনাদ্বিতীয়মহিমা জগৎপূজ্যোঽস্মি পার্ব্বতি ॥' ইতি। তত্রৈব নামমধ্যে—'সর্ব্বদেবৈকশরণং সর্ব্বদেবৈকদৈবতম্। সূর্য্যকোটিপ্রতীকাশো যমকোটিদুরাসদঃ ॥ ব্রহ্মকোটিজগৎস্রষ্টা বায়ুকোটিমহাবলঃ। কোটীন্দুজগদানন্দী শম্ভুকোটি-মহেশ্বরঃ ॥' ইত্যাদি। তদন্তে চ শ্রীদুর্গাদেবীবাক্যম্—'অহো বত মহৎ কষ্টং সমস্তসুখদে হরৌ। বিদ্যমানেঽপি সর্ব্বেশে মূঢ়াঃ ক্লিশ্যন্তি সংসৃতৌ ॥ যমুদ্দিশ্য সদা নাথো মহেশোঽপি দিগম্বরঃ। জটাভস্মানুলিপ্তাঙ্গস্তপস্বী বীক্ষ্যতে জনৈঃ। ততোঽধিকোঽস্তি কো দেবো লক্ষ্মীকান্তান্মধুদ্বিষঃ ॥' ইত্যাদি। বীক্ষ্যতে জনৈরিতি —ন ত্বেতদপ্রত্যক্ষং, কিন্তু সাক্ষাৎ সর্ব্বলোকৈর্দৃশ্যত এবেত্যর্থঃ। আদিশব্দেন লঘুসহস্রনামস্তোত্রাদিঃ ; তত্র লঘুসহস্রনামস্তোত্রে আরম্ভে—'পরমং যো মহত্তেজঃ পরমং যো মহত্তপঃ। পরমং যো মহদ্ব্রহ্ম পরমং যঃ পরায়ণম্। পবিত্রাণাং পবিত্রং যো মঙ্গলানাঞ্চ মঙ্গলম্। দৈবতং দেবতানাঞ্চ ভূতানাং যোঽব্যয়ঃ পিতা ॥' ইত্যাদি। অন্তে চ—'দ্যৌঃ সচন্দ্রার্কনক্ষত্রা খং দিশো ভূর্মহোদধিঃ। বাসুদেবস্য বীর্য্যেণ বিধৃতানি মহাত্মনঃ ॥' ইত্যাদি চ। বিশেষত ইতি তমসা রজসা চোপহতচিত্তাঃ কিল কথঞ্চিদন্যং বা ভজন্তাং নাম, সাত্ত্বিকৈস্তুবশ্যং শ্রীবিষ্ণুরেব ভজনীয় ইত্যর্থঃ। অতো যোঽন্যং ভজেৎ, স তমোরজোদূষিত ইতি ভাবঃ। পঠধ্বং জপত, ধ্যাতেত্যার্ষং, ধ্যায়ত। ননু ঈদৃশানি হৃৎকর্ণরসায়নানি শ্রীভগবন্মাহাত্ম্যপরাণি বচনানি সর্ব্বশাস্ত্রতঃ সমাহৃত্যাপরাণ্যপি লিখ্যন্তাম্। তত্রাহ—ঈদৃগিতি ; গ্রন্থস্য বাহুল্যং বিস্তরস্তেন তদ্রূপো বা দোষো ভবেৎ, তৎ তস্মাৎ হেতোঃ, যদ্বা, তদিত্যব্যয়ং তানীত্যর্থঃ ; যাবন্তি যত্রাপেক্ষিতানি ভবন্তি, তাবন্ত্যেব তত্র লিখ্যন্তে, ন ত্বধিকানীত্যর্থঃ ; এতেন চেদৃশানি বহুতরাণি বচনানি সন্তীতি বোধিতম্। লিখ্যন্ত ইতি বর্ত্তমাননির্দ্দেশাদগ্রেঽপ্যেবমেব লেখ্যানীতি জ্ঞেয়ম্ ॥১১৮-১২০

অথ শ্রীবৈষ্ণবমন্ত্রমাহাত্ম্যম্

আগমে—
মন্ত্রান্ শ্রীমন্ত্ররাজাদীন্ বৈষ্ণবান্ গুর্ব্বনুগ্রহাৎ।
সর্ব্বৈশ্বর্য্যং জপন্ প্রাপ্য যাতি বিষ্ণোঃ পরং পদম্ ॥১২১

অনুবাদ—আগম শাস্ত্রে—শ্রীগুরুদেবের অনুগ্রহ রূপ প্রসন্নতা লাভ করিয়া শ্রীমন্ত্ররাজ প্রভৃতি বৈষ্ণব-

মন্ত্রসমূহ জপ করিতে করিতে সর্ব্ব ঐশ্বর্য্যলাভে শ্রীবিষ্ণুর পরমধর্ম্মে সাধক গমন করেন ॥ ১২১ ॥

পুণ্যং বর্ষসহস্রৈর্যৈঃ কৃতং সুবিপুলং তপঃ।
জপন্তি বৈষ্ণবান্মন্ত্রান্নরাস্তে লোকপাবনাঃ ॥ ১২২ ॥

অনুবাদ—যাঁহারা বহু সহস্র বৎসর হইতে ভূরি ভূরি পুণ্য ও তপস্যা করিয়াছেন তাঁহারাই শ্রীবিষ্ণু-মন্ত্র জপকারী ও জগৎ পবিত্রকারী ॥ ১২২ ॥

বৈষ্ণবে চ—
প্রজপন্ বৈষ্ণবান্মন্ত্রান্ যং যং পশ্যতি চক্ষুষা।
পদা বা সংস্পৃশেৎ সদ্যো
মুচ্যতেঽসৌ মহাভয়াৎ ॥ ১২৩ ॥ ইতি।

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণেও বর্ণিত আছে—বিষ্ণু-মন্ত্রসমূহ উত্তমরূপে জপ করিতে করিতে সাধক যাহাকে দর্শন বা পদদ্বারা স্পর্শ করিবেন, সেই ব্যক্তি সদ্য মহাভয় হইতে মুক্তিলাভ করিবে ॥ ইতি ॥১২৩॥

লিখ্যতে বিষ্ণুমন্ত্রাণাং মহিমাথ বিশেষতঃ।
তাৎপর্য্যতঃ শ্রীগোপালমন্ত্রমাহাত্ম্যপুষ্টয়ে ॥ ১২৪ ॥

অনুবাদ—স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্রের অষ্টা-দশাক্ষর শ্রীগোপালমন্ত্ররাজের মাহাত্ম্য পুষ্টির জন্য তাঁহার অবতারবৃন্দের মন্ত্রমাহাত্ম্যও বিশেষ ভাবে লিখিতেছি—ইহাই গ্রন্থকারের আশয় ॥ ১২৪ ॥

টীকা—এবং সামান্যতো লিখিত্বা বিশেষতো লিখিতুং প্রতিজানীতে—লিখ্যন্ত ইতি। অথ সামান্যতো লিখনানন্তরমধুনা বিশেষতো লিখ্যতে। ননু অগ্রে শ্রীমদনগোপালদেবস্য সম্মোহনাখ্যাষ্টা-দশাক্ষরমন্ত্রপূজাবিধিরেব লেখ্যস্তৎ কিমন্যমন্ত্রমাহাত্ম্য-লিখনেন? তত্রাহ—তাৎপর্য্যত ইতি। অয়মর্থঃ—শ্রীগোপালদেবোঽয়মবতারী 'কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্' (শ্রীভাঃ ১।৩।২৮) ইত্যুক্তেঃ, বিচিত্রমাহাত্ম্যবিশেষ-প্রকটনাচ্চ, অতোঽবতারাণাং মাহাত্ম্যেন তস্যৈব মাহাত্ম্যবিশেষসিদ্ধেঃ, সাক্ষাত্তন্মন্ত্রস্যাপি মাহাত্ম্যং স্বতঃ পুষ্টমেব স্যাৎ, অতস্তদর্থমেব লিখ্যত ইতি ॥১২৪॥

তত্র দ্বাদশাক্ষরাষ্টাক্ষরয়োর্মাহাত্ম্যম্—

পদ্মপুরাণে দেবদূতবিকুণ্ডলসংবাদে—
সাঙ্গং সমুদ্রং সন্ন্যাসং সঋষিচ্ছন্দদৈবতম্।
সদীক্ষাবিধি সধ্যানং সযন্ত্রং দ্বাদশাক্ষরম্ ॥ ১২৫ ॥
অষ্টাক্ষরঞ্চ মন্ত্রেশং যে জপন্তি নরোত্তমাঃ।
তান্ দৃষ্ট্বা ব্রহ্মহা শুধ্যেত্তে যতো বিষ্ণবঃ স্বয়ম্ ॥১২৬
শঙ্খিনশ্চক্রিণো ভূত্বা ব্রহ্মায়ুর্বনমালিনঃ।
বসন্তি বৈষ্ণবে লোকে বিষ্ণুরূপেণ তে নরাঃ ॥১২৭॥

অনুবাদ—পদ্মপুরাণে দেবদ্যুতি-বিকুণ্ডল সংবাদে—যে সকলব্যক্তি দ্বাদশাক্ষর ও অষ্টাক্ষর মন্ত্র-রাজকে মুদ্রা, অঙ্গ, ন্যাস, ঋষি, ছন্দ, দেবতা দীক্ষা-বিধি, ধ্যান ও যন্ত্রাদি সহ জপ করেন তাঁহারাই নরোত্তম, তাঁহাদের দর্শনে ব্রহ্মঘাতী মহাপাতকীও শুদ্ধ হয়, যেহেতু তাঁহারা বিষ্ণু সম ॥ ১২৫-১২৬ ॥

অনুবাদ—সেই সকল সাধক ব্রহ্মার ন্যায় আয়ুষ্কাল প্রাপ্ত হইয়া শঙ্খচক্র ও বনমালা ধারণ করিয়া পার্ষদের ন্যায় বিষ্ণুলোকে বাস করেন ॥১২৭

টীকা—তত্র শ্রীবৈষ্ণবতন্ত্রেষু মধ্যে; ছন্দেত্য-দন্তত্বমার্ষং ছন্দোভঙ্গভয়াৎ। বিষ্ণব ইতি বিষ্ণু-সারূপ্যপ্রাপ্তেঃ; বিষ্ণো রূপেণেত্যনুক্তবর্ণাকারাদি-গ্রহণার্থম্ ॥ ১২৫-১২৭ ॥

তত্রৈব দ্বাদশাক্ষরস্য চতুর্থস্কন্ধে (৮।৫৩) শ্রীধ্রুবং প্রতি শ্রীনারদোক্তৌ—
জপশ্চ পরমো গুহ্যঃ শ্রূয়তাং মে নৃপাত্মজ।
যং সপ্তরাত্রং প্রপঠন্ পুমান্ পশ্যতি খেচরান্ ॥১২৮॥

অনুবাদ—তন্মধ্যে দ্বাদশাক্ষর মন্ত্রের মহিমা শ্রীমদ্ভাগবত চতুর্থ স্কন্ধে (৮।৫৩) শ্রীধ্রুবের প্রতি শ্রীনারদের উক্তিতে—হে রাজকুমার! পরম গোপ-নীয় জপ্য মন্ত্র আমার নিকট শ্রবণ কর, যে মন্ত্র সপ্তরাত্র জপ করিলে মনুষ্য আকাশচারী দেবগণের দর্শন পায় ॥ ১২৮ ॥

টীকা—সামান্যতো দ্বয়োরপি লিখিত্বাধুনা বিশে-ষতো লিখতি—তত্রেতি। তত্র দ্বয়োর্দ্বাদশাক্ষরাষ্টা-ক্ষরয়োরেব মধ্যে। শ্রীনৃপাত্মজ! হে শ্রীধ্রুব ॥১২৮॥

শ্রীবিষ্ণুপুরাণে—

গত্বা গত্বা নিবর্ত্তন্তে চন্দ্রসূর্য্যাদয়ো গ্রহাঃ।
অদ্যাপি ন নিবর্ত্তন্তে দ্বাদশাক্ষরচিন্তকাঃ ॥ ১২৯ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে—চন্দ্র সূর্য্যাদি গ্রহগণ পুনঃ পুনঃ ভ্রমণ করিতেছেন কিন্তু দ্বাদশাক্ষর মন্ত্র চিন্তাকারীগণ আজপর্য্যন্ত বিষ্ণুলোক হইতে ফিরিয়া আসেন নাই ॥ ১২৯ ॥

———

অষ্টাক্ষরস্য যথা,—নারদপঞ্চরাত্রে—

ত্রয়ো বেদাঃ ষড়ঙ্গানি ছন্দাংসি বিবিধাঃ সুরাঃ।
সর্ব্বমষ্টাক্ষরান্তঃস্থং যচ্চান্যদপি বাঙ্ময়ম্ ॥ ১৩০ ॥
সর্ব্ববেদান্তসারার্থঃ সংসারার্ণবতারণঃ।
গতিরষ্টাক্ষরো নৃণাং ন পুনর্ভবকাঙ্ক্ষিণাম্ ॥১৩১॥
যত্রাষ্টাক্ষরসংসিদ্ধো মহাভাগো মহীয়তে।
ন তত্র সঞ্চরিষ্যন্তি ব্যাধিদুর্ভিক্ষতস্করাঃ ॥ ১৩২ ॥
দেবদানব-গন্ধর্ব্বাঃ সিদ্ধ-বিদ্যাধরাদয়ঃ।
প্রণমন্তি মহাত্মানমষ্টাক্ষরবিদং নরম্ ॥ ১৩৩ ॥
ব্যক্তং হি ভগবানেব সাক্ষান্নারায়ণঃ স্বয়ম্।
অষ্টাক্ষরস্বরূপেণ মুখেষু পরিবর্ত্ততে ॥ ১৩৪ ॥

অনুবাদ—ষড়ঙ্গ সহ বেদত্রয়, বিবিধ ছন্দ ও দেবগণ এবং আরও যাহা কিছু বাঙ্ময় শাস্ত্র সকলই অষ্টাক্ষর মন্ত্রমধ্যে আছেন। সর্ব্ববেদান্তের সারার্থ, সংসার সমুদ্রের পারদর্শী অষ্টাক্ষর মন্ত্র মোক্ষলাভেচ্ছু মনুষ্যগণের গতি। অষ্টাক্ষর মন্ত্রসিদ্ধ মহাভাগ্যবান্ ব্যক্তি যেস্থানে বিরাজ করেন, সেস্থানে ব্যাধি দুর্ভিক্ষ ও চোরসকল গমন করিতে পারে না। দেব দানব গন্ধর্ব্বগণ ও সিদ্ধ বিদ্যাধরাদি দেবানুচরগণ অষ্টাক্ষরবিদ্ মহাত্মাকে প্রণাম করেন। শাস্ত্রসকলে প্রসিদ্ধি আছে—সাক্ষাৎ-নারায়ণ ভগবানই স্বয়ং অষ্টাক্ষর মন্ত্ররূপে সাধকগণের মুখমধ্যে পুনঃ পুনঃ উচ্চারিত হইতেছেন ॥ ১৩০-১৩৪ ॥

টীকা—ন পুনর্ভবেত্যত্র সমাসেঽপি মকার-স্থিতিরার্ষত্বাৎ। মুখেষু পরিবর্ত্ততে আবির্ভবতীতি বাঙ্ময়স্বরূপত্বাৎ ॥ ১২৯-১৩৪ ॥

———

পাদ্মোত্তরখণ্ডে—

এবমষ্টাক্ষরো মন্ত্রো জ্ঞেয়ঃ সর্ব্বার্থসাধকঃ।
সর্ব্বদুঃখহরঃ শ্রীমান্ সর্ব্বমন্ত্রাত্মকঃ শুভঃ ॥ ১৩৫ ॥

অনুবাদ—পদ্মপুরাণের উত্তর খণ্ডে—অষ্টাক্ষর মন্ত্র ধর্ম্ম অর্থ কামমোক্ষপ্রদ, সর্ব্বদুঃখহর, সর্ব্বশোভা ও সম্পৎপ্রদ এবং স্বরূপতঃ মঙ্গল কর ॥ ১৩৫ ॥

টীকা—শ্রীঃ সর্ব্বশোভাসম্পত্তির্বা তদ্বান্, সেবকস্য শ্রীপ্রদ ইত্যর্থঃ, স্বতশ্চ শুভঃ মঙ্গলস্বরূপঃ ॥১৩৫

———

লিঙ্গপুরাণে—

কিমন্যৈর্বহুভির্মন্ত্রৈঃ কিমন্যৈর্বহুভির্ব্রতৈঃ।
নমো নারায়ণায়েতি মন্ত্রঃ সর্ব্বার্থসাধকঃ ॥ ১৩৬ ॥
তস্মাৎ সর্ব্বেষু কালেষু নমো নারায়ণেতি যঃ।
জপেৎ স যাতি বিপ্রেন্দ্র বিষ্ণুলোকং সবান্ধবঃ ॥১৩৭

অনুবাদ—লিঙ্গপুরাণে—অন্য বহুমন্ত্র জপের কি প্রয়োজন? অন্যান্য বহু ব্রতের কি প্রয়োজন—নমো নারায়ণায়—এই মন্ত্রই সর্ব্বার্থপ্রদ। অতএব সর্ব্বকালে নমো নারায়ণায় এই মন্ত্র যিনি জপ করেন, হে বিপ্র শ্রেষ্ঠ! সবান্ধবে তিনি বিষ্ণুলোকে গমন করেন ॥ ১৩৬-১৩৭ ॥

———

ভবিষ্যপুরাণে—

অষ্টাক্ষরো মহামন্ত্রঃ সর্ব্বপাপহরঃ পরঃ।
সর্ব্বেষাং বিষ্ণুমন্ত্রাণাং রাজত্বে পরিকীর্ত্তিতঃ ॥১৩৮॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—অষ্টাক্ষর মহামন্ত্র সর্ব্বপাপহর, শ্রেষ্ঠ, সকল বিষ্ণুমন্ত্রের রাজা বলিয়া পরিকীর্ত্তিত ॥ ১৩৮ ॥

———

শ্রীশুকব্যাসসংবাদে চ—

নমো নারায়ণায়েতি মন্ত্রঃ সর্ব্বার্থসাধকঃ।
ভক্তানাং জপতাং তাত স্বর্গমোক্ষ-ফলপ্রদঃ ॥ ১৩৯ ॥
এষ এব পরো মোক্ষ এষ স্বর্গ উদাহৃতঃ।
সর্ব্ববেদরহস্যেভ্যঃ সার এষ সমুদ্ধৃতঃ ॥ ১৪০ ॥
বিষ্ণুনা বৈষ্ণবানান্তু হিতায় মনুনা পুরা।
কীর্ত্তিতঃ সর্ব্বপাপঘ্নঃ সর্ব্বকামপ্রদায়কঃ ॥ ১৪১ ॥

অনুবাদ—শ্রীশুক-ব্যাস-সংবাদেও কথিত আছে হে পুত্র! শুক শ্রবণ কর—নমো নারায়ণায়—এই মন্ত্র সর্ব্বার্থ সাধক, জপকারী ভক্তগণের স্বর্গ ও মোক্ষ ফলপ্রদ অথবা—ইহাই পরমমোক্ষ, ইহাই স্বর্গ। সর্ব্ববেদের সার গোপনীয় ইহা শ্রীবিষ্ণুকর্ত্তৃক উদ্ধৃত বৈষ্ণবগণের মঙ্গলের জন্য পুরাকালে মনুকর্ত্তৃক কথিত সর্ব্বপাপহর সর্ব্বকামপ্রদ ॥ ১৩৯-১৪১ ॥

নারায়ণায় নম ইত্যয়মেব সত্যং
সংসারঘোরবিষ-সংহরণায় মন্ত্রঃ।
শৃণ্বন্তু সত্যমতয়ো মুদিতাস্তরাগা
উচ্চৈস্তরামুপদিশাম্যহমূর্দ্ধ্ববাহুঃ ॥ ১৪২ ॥

অনুবাদ—ভয়ঙ্কর সংসার বিষ নাশের মন্ত্র—নারায়ণায় নমঃ—ইহাই সত্য। সংসারে বৈরাগ্যবান্ সত্যনিষ্ঠ শিষ্যগণ আনন্দে শ্রবণ কর—আমি উদ্ধ্ববাহু হইয়া উচ্চৈঃস্বরে উপদেশ করিতেছি ॥১৪২॥

ভূত্বোর্দ্ধ্ববাহুরদ্যাহং সত্যপূর্ব্বং ব্রবীমি বঃ।
হে পুত্রশিষ্যাঃ শৃণুত ন মন্ত্রোঽষ্টাক্ষরাৎ পরঃ ॥১৪৩

অনুবাদ—উর্দ্ধ্ববাহু হইয়া অদ্য আমি সত্য করিয়া বলিতেছি—হে পুত্র ও শিষ্যগণ শ্রবণ কর—অষ্টাক্ষর মন্ত্র হইতে শ্রেষ্ঠ আর কিছু নাই ॥১৪৩॥

টীকা—হে তাত! হে শ্রীশুক! বিষ্ণুনা সমুদ্ধৃতঃ, মনুনা কীর্ত্তিতঃ জপ্তঃ লোকেষু বা কথিতঃ মুদিতাশ্চ তেঽস্তরাগাশ্চ বিরক্তাশ্চ, হে শিষ্যাঃ ॥ ১৩৬-১৪৩ ॥

অতএবোক্তং গারুড়ে—

আসীনো বা শয়ানো বা তিষ্ঠানো যত্র তত্র বা।
নমো নারায়ণায়েতি মন্ত্রৈকশরণো ভবেৎ ॥ ১৪৪ ॥

অনুবাদ—অতএব গরুড় পুরাণে উক্ত হইয়াছে—বসিয়া শুইয়া বা দাঁড়াইয়া যেখানে সেখানে থাক—নমো নারায়ণায়—এই মন্ত্রের একমাত্র আশ্রিত হও ॥ ১৪৪ ॥

টীকা—তিষ্ঠান ইত্যার্ষং তিষ্ঠন্ ॥ ১৪৪ ॥

অথ শ্রীনারসিংহানুষ্টুভ-মন্ত্ররাজস্য মাহাত্ম্যম্

তাপনীয়শ্রুতিষু—

দেবা হ বৈ প্রজাপতিমব্রুবন্—তস্য আনুষ্টুভ-মন্ত্ররাজস্য নারসিংহস্য ফলং নো ব্রুহীতি। স হোবাচ প্রজাপতিঃ—য এতং মন্ত্ররাজং নারসিংহ-মানুষ্টুভং নিত্যমধীতে, স আদিত্যপূতো ভবতি, সোঽগ্নিপূতো ভবতি, স বায়ুপূতো ভবতি, স সূর্য্যপূতো ভবতি, স চন্দ্রপূতো ভবতি, স সত্যপূতো ভবতি, স ব্রহ্মপূতো ভবতি, স বিষ্ণুপূতো ভবতি, স রুদ্রপূতো ভবতি, স সর্ব্বপূতো ভবতি ॥ ১৪৫ ॥

অনুবাদ—তপনীয় শ্রুতিতে—দেবগণ নিশ্চিতরূপে প্রজাপতিকে বলিলেন—হে ব্রহ্মন্ সুপ্রসিদ্ধ অনুষ্টুভছন্দে পঠিত মন্ত্ররাজ নৃসিংহদেবের মন্ত্রের ফল আমাদিগকে বলুন। প্রজাপতি বলিলেন—যে ব্যক্তি এই মন্ত্ররাজ নারসিংহ মন্ত্র নিত্য পাঠ করেন, তিনি—দিব্যস্নান, আগ্নেয়স্নান, বায়বীয় স্নান, সৌর-স্নান, চান্দ্রস্নান, সত্যস্নান, ব্রাহ্মস্নান, বিষ্ণুস্মরণ রূপ মান্ত্রস্নান, ভস্মস্নান, এবং সর্ব্ববিধ স্নানের ফল পান ॥ ১৪৫ ॥

তত্রৈবান্তে—

অনুপনীতশতমেকমেকেনোপনীতেন তৎসমম্ উপনীতশতমেকমেকেন গৃহস্থেন তৎসমং, গৃহস্থশত-মেকমেকেন বানপ্রস্থেন তৎসমং, বানপ্রস্থশতমেক-মেকেন যতিনা তৎসমং, যতীনাস্তু শতং পূর্ণরুদ্র-জাপকেন তৎসমং, রুদ্রজাপকশতমেকমেকেনাথ-র্ব্বাঙ্গিরসশাখাধ্যাপকেন তৎসমম্, অথর্ব্বাঙ্গিরসশাখা-ধ্যাপকশতমেকমেকেন মন্ত্ররাজাধ্যাপকেন তৎসমং, তদ্বা, এতৎ পরং ধাম মন্ত্ররাজাধ্যাপকস্য যত্র ন দুঃখাদি যত্র ন সূর্য্যো ভাতি, যত্র ন বায়ুর্বাতি, যত্র ন চন্দ্রমাস্তপতি, যত্র ন নক্ষত্রাণি ভান্তি, যত্র নাগ্নি-র্দহতি, যত্র ন মৃত্যুঃ প্রবিশতি, যত্র ন দোষঃ। তৎ সদানন্দং শাশ্বতং শান্তং সদাশিবং ব্রহ্মাদিবন্দিতং যোগিধ্যেয়ং, যত্র গত্বা ন নিবর্ত্তন্তে যোগিনঃ। তদেত-দৃচাভ্যুক্তং—তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্। তদ্বিপ্রাসো বিপন্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে, বিষ্ণোর্যৎ পরমং পদম্ ॥১৪৬॥

অনুবাদ—উক্ত শ্রুতির পরিশেষে লিখিত আছে—উপনয়ন বিহীন শত ব্যক্তি একজন উপনীত ব্যক্তির সমান, শতজন উপনীত ব্যক্তি একজন গৃহস্থের সমান, শতজন গৃহস্থ একজন বানপ্রস্থের সমান, শতজন বানপ্রস্থীর সমান একজন সন্ন্যাসী, শত সন্ন্যাসী সম একজন শৈব, শত শৈব সম একজন অথর্ব্ববেদ ও আঙ্গিরস শাখাধ্যায়ী, শত অথর্ব্ববেদ ও আঙ্গিরস শাখাধ্যায়ী সম একজন মন্ত্ররাজাধ্যাপক, ইহার পরম ধাম প্রাপ্তি, যিনি মন্ত্ররাজের অধ্যাপক (উপদেষ্টা) যে ধামে দুঃখাদি নাই, যেখানে প্রাকৃত সূর্য্য আলোক দেয় না, যেখানে বায়ু প্রবাহিত হয় না, যেখানে চন্দ্র আলোক দেয় না, যেখানে নক্ষত্রসমূহ প্রকাশ পায় না, যেখানে অগ্নি দাহ করে না, যেস্থানে মৃত্যুপ্রবেশ করে না, যেখানে কোন দোষ নাই। তাহা সদানন্দ, শাশ্বত, শান্ত, সদাশুভ, ব্রহ্মাদির বন্দিত, যোগীগণের ধ্যেয়। যেস্থানে ভক্তিযোগিগণ গিয়া আর ফিরে না। তাহাই এই ঋক্‌মন্ত্রদ্বারা কীর্ত্তিত হইয়াছে—তাহাই বিষ্ণুর পরমপদ, দিব্যসূরিগণ সর্ব্বদা বিষ্ফারিত নেত্রেদর্শন করিতেছেন ॥ ১৪৬ ॥

অথ শ্রীরামমন্ত্রাণাং মাহাত্ম্যম্

আগস্ত্যসংহিতায়াম্—

সর্ব্বেষু মন্ত্রবর্গেষু শ্রেষ্ঠং বৈষ্ণবমুচ্যতে।
গাণপত্যেষু শৈবেষু শাক্তসৌরেষ্বভীষ্টদম্ ॥ ১৪৭॥

অনুবাদ—অগস্ত্য সংহিতাতে উক্ত হইয়াছে—মন্ত্রবর্গ সমূহের মধ্যে বৈষ্ণবমন্ত্র শ্রেষ্ঠ—গাণপত্য, শৈব, শাক্ত ও সৌরসম্প্রদায়ের মন্ত্র হইতে বৈষ্ণবসম্প্রদায়ের মন্ত্র শ্রেষ্ঠ ও অভীষ্ট ফলপ্রদ ॥ ১৪৭ ॥

বৈষ্ণবেষ্বপি মন্ত্রেষু রামমন্ত্রাঃ ফলাধিকাঃ।
গাণপত্যাদিমন্ত্রেষু কোটিকোটিগুণাধিকাঃ ॥ ১৪৮ ॥
বিনৈব দীক্ষাং বিপ্রেন্দ্র পুরশ্চর্য্যাং বিনৈব হি।
বিনৈব ন্যাসবিধিনা জপমাত্রেণ সিদ্ধিদাঃ ॥ ১৪৯ ॥

অনুবাদ—পুনঃ বৈষ্ণবমন্ত্র সমূহের মধ্যে শ্রীরামমন্ত্র অধিক ফলপ্রদ। গাণপত্যাদি মন্ত্রসমূহ হইতে শ্রীরামমন্ত্র কোটি কোটি গুণে অধিক। হে দ্বিজবর! দীক্ষা পুরশ্চর্য্যাদি ব্যতীতই এবং ন্যাসবিধি ব্যতীতই শ্রীরামমন্ত্র জপমাত্রেই সিদ্ধিদ ॥১৪৮-১৪৯॥

মন্ত্রেষ্বষ্টস্বনায়াস-ফলদোঽয়ং ষড়ক্ষরঃ।
ষড়ক্ষরোঽয়ং মন্ত্রস্তু মহাঘৌঘনিবারণঃ ॥ ১৫০ ॥

অনুবাদ—অষ্টবিধ শ্রীরামমন্ত্রমধ্যে ষড়ক্ষর মন্ত্র অনায়াসে ফলপ্রদ। 'ওঁ নমো রামায়' এই ষড়ক্ষর মন্ত্র মহাপাতক সমূহ নিবারক ॥ ১৫০ ॥

মন্ত্ররাজ ইতি প্রোক্তঃ সর্ব্বেষামুত্তমোত্তমঃ।
দৈনন্দিনন্তু দুরিতং পক্ষমাসর্ত্তুবর্ষজম্ ॥ ১৫১ ॥
সর্ব্বং দহতি নিঃশেষং তুলাচলমিবানলঃ।
ব্রহ্মহত্যাসহস্রাণি জ্ঞানাজ্ঞানকৃতানি চ ॥ ১৫২ ॥
স্বর্ণস্তেয়-সুরাপান-গুরুতল্পযুতানি চ।
কোটিকোটিসহস্রাণি হ্যপপাপানি যান্যপি।
সর্ব্বাণ্যপি প্রণশ্যন্তি রামমন্ত্রানুকীর্ত্তনাৎ ॥ ১৫৩ ॥

অনুবাদ—রামমন্ত্র সমূহের মধ্যে এই ষড়ক্ষর মন্ত্র শ্রেষ্ঠ হওয়ায় ইহাকে 'মন্ত্ররাজ' বলা হইয়াছে। দৈনন্দিন কৃত পাপ, পক্ষ, মাস, ঋতু ও বর্ষজাত পাপ সকলই নিঃশেষে দগ্ধ করেন—যেমন অগ্নি তুলা-পর্ব্বতকে নিঃশেষে দগ্ধ করে। অসংখ্য ব্রহ্মহত্যা-পাপ, জ্ঞানকৃত ও অজ্ঞানকৃত পাপ, স্বর্ণ চৌর্য্য, সুরাপান, গুরুতল্পগতপাপ এবং কোটি কোটি সহস্র সহস্র যে সকল উপপাতক সকলই রামমন্ত্র নিরন্তর কীর্ত্তন ফলে প্রনষ্ট হয় ॥ ১৫১-৫৩ ॥

তাপনীয়শ্রুতিষু চ—

য এতত্তারকং ব্রাহ্মণো নিত্যমধীতে স পাপ্মানং তরতি, স মৃত্যুং তরতি, স ভ্রূণহত্যাং তরতি, স সর্ব্বহত্যাং তরতি, স সংসারং তরতি, স সর্ব্বং তরতি, স বিমুক্তাশ্রিতো ভবতি, সোঽমৃতত্বঞ্চ গচ্ছতি ॥১৫৪॥

অনুবাদ—শ্রীরামতাপনিশ্রুতিতে উক্ত হইয়াছে—যে ব্রাহ্মণ এই তারকব্রহ্ম রামমন্ত্র নিত্য অধ্যয়ন করেন, তিনি পাপমুক্ত হন, তিনি মৃত্যুকে অতিক্রম করেন, তিনি ভ্রূণ ইত্যাদি সর্ব্ববিধ হত্যা পাপ

হইতে মুক্ত হন, তিনি সংসার মুক্ত হন, তিনি সর্ব্ববিধ দোষ হইতে উত্তীর্ণ হন, তিনি ভক্তের আশ্রিত হন, তিনি মোক্ষ প্রাপ্ত হন ॥ ১৫৪ ॥

অথ শ্রীগোপালদেবমন্ত্রমাহাত্ম্যম্

মন্ত্রাস্তু কৃষ্ণদেবস্য সাক্ষাদ্ভগবতো হরেঃ।
সর্ব্বাবতারবীজস্য সর্ব্বতো বীর্য্যবত্তমাঃ ॥ ১৫৫ ॥

অনুবাদ—স্বয়ং ভগবান্ সর্ব্ব অবতারের অবতারী শ্রীকৃষ্ণদেবের মন্ত্রসকল অবতার সকলের মন্ত্রসমূহ হইতে অধিক বীর্য্যশালী ॥ ১৫৫ ॥

টীকা—সর্ব্বতঃ সর্ব্বেভ্যঃ শ্রীনৃসিংহ-রঘুনাথাদি-মন্ত্রেভ্যোঽপি বীর্য্যবত্তমাঃ পরমপ্রভাববন্তঃ। তত্র হেতুঃ—সর্ব্বাবতারবীজস্য, 'কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্' (শ্রীভাঃ ১৷৩৷২৮)—ইত্যবতারিত্বোক্তেঃ ॥ ১৫৫ ॥

তথাচ বৃহদ্গৌতমীয়ে শ্রীগোবিন্দ-বৃন্দাবনাখ্যে—
সর্ব্বেষাং মন্ত্রবর্য্যাণাং শ্রেষ্ঠো বৈষ্ণব উচ্যতে
বিশেষাৎ কৃষ্ণমনবো ভোগমোক্ষৈকসাধনম্ ॥১৫৬॥

অনুবাদ—সেইরূপই বৃহদ্গৌতমীয়-তন্ত্রের শ্রীগোবিন্দ-বৃন্দাবন-নামক খণ্ডে উক্ত হইয়াছে—অন্য সকল মন্ত্র হইতে বৈষ্ণবমন্ত্র শ্রেষ্ঠ। বৈষ্ণবমন্ত্র সকল হইতে বিশেষগুণযুক্ত শ্রীকৃষ্ণমন্ত্র সকল ভোগ ও মোক্ষের একমাত্র সাধক ॥ ১৫৬ ॥

যস্য যস্য চ মন্ত্রস্য যো যো দেবস্তথা পুনঃ।
অভেদাত্তন্মনূনাঞ্চ দেবতা সৈব ভাষ্যতে ॥ ১৫৭ ॥
কৃষ্ণ এব পরং ব্রহ্ম সচ্চিদানন্দবিগ্রহঃ।
স্মৃতিমাত্রেণ তেষাং বৈ ভুক্তিমুক্তিফলপ্রদঃ ॥১৫৮॥ইতি

অনুবাদ—যে যে মন্ত্রের সেই সেই দেবতা নির্দ্দিষ্ট থাকিলেও অবতারীতে সর্ব্ব অবতারের সমন্বয় হেতু এবং সচ্চিদানন্দ বিগ্রহ শ্রীকৃষ্ণই পরব্রহ্ম বলিয়া তিনিই সকলমন্ত্রের দেবতা আরাধ্য ভগবান্ এবং স্মরণমাত্রেই সাধকসকলের ভুক্তি ও মুক্তিফল প্রদান করেন ॥ ১৫৭-১৫৮ ॥

তত্রাপি ভগবত্তাং স্বাং তন্বতো গোপলীলয়া।
তস্য শ্রেষ্ঠতমা মন্ত্রাস্তেষ্বপ্যষ্টাদশাক্ষরঃ ॥ ১৫৯ ॥

অনুবাদ—তথাপি ব্রজে গোপলীলায় অশেষ-বিশেষে নিজ ভগবত্তা প্রকট করায় শ্রীবৃন্দাবন বিহারীর মন্ত্র সকল শ্রেষ্ঠতম, তাহা হইতেও অষ্টাদশাক্ষর মন্ত্র শ্রেষ্ঠতমোত্তম ॥ ১৫৯ ॥

টীকা—তত্র তেষু শ্রীদ্বারকানাথদেবতাদিমন্ত্রেষ্বপি মধ্যে তস্য শ্রীকৃষ্ণদেবস্যৈব গোপলীলয়া নিজাং ভগবত্তাং তন্বতঃ বিস্তারয়তঃ সতো যে মন্ত্রাস্ত এব শ্রেষ্ঠতমাঃ ; তেষ্বপি মধ্যেঽষ্টাদশাক্ষরঃ সম্মোহনাখ্যয়া প্রসিদ্ধঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ ॥ ১৫৯ ॥

অথ অষ্টাদশাক্ষরমন্ত্রমাহাত্ম্যম্

তাপনীয়শ্রুতিষু—

ওঁ মুনয়ো হ বৈ ব্রাহ্মণমূচুঃ। কঃ পরমো দেবঃ, কুতো মৃত্যুর্বিভেতি, কস্য জ্ঞানেনাখিলং জ্ঞাতং ভবতি, কেনেদং বিশ্বং সংসরতীতি। তানু হোবাচ ব্রাহ্মণঃ—কৃষ্ণো বৈ পরমং দৈবতম, গোবিন্দান্মৃত্যুর্বিভেতি, গোপীজনবল্লভজ্ঞানেনাখিলং বিজ্ঞাতং ভবতি, স্বাহয়েদং সংসরতি। তমু হোচুঃ—কঃ কৃষ্ণ, গোবিন্দঃ কোঽসাবিতি, গোপীজনবল্লভঃ কঃ, কা স্বাহেতি। তানুবাচ ব্রাহ্মণঃ—পাপকর্ষণো গোভূমিবেদবিদিতো বেদিতা গোপীজনাবিদ্যাকলাপ্রেরকস্তন্মায়া চেতি সকলং পরং ব্রহ্মৈব, তদ্যো ধ্যায়তি রসতি ভজতি সোঽমৃতো ভবতীতি। তে হোচুঃ—কিং তদ্রূপং, কিং রসনং, কথং হো তদ্ভজনং, তৎ সর্ব্বং সুবিবিদিষতামাখ্যাহীতি। তদু হোবাচ হৈরণ্যঃ—গোপবেশমভ্রাভং তরুণং কল্পদ্রুমাশ্রিতমিত্যাদি ॥ ১৬০ ॥

অনুবাদ—শ্রীগোপাল তাপনীশ্রুতিতে—সনকাদি মুনিগণ প্রকাশ্যে পরব্রহ্মবিদ্ ব্রহ্মাকে প্রশ্ন করিলেন—পরমারাধ্যদেব কে ? মৃত্যু কাঁহা হইতে ভয় পায়, কাঁহার জ্ঞান দ্বারা সর্ব্ববিজ্ঞান লাভ হয় ? কাঁহা-কর্ত্তৃক এই উচ্চ নীচ গতিতে প্রবাহিত হইতেছে ?

তাহাদিগকে ব্রহ্মা বলিলেন—কৃষ্ণই পরমব্রহ্ম পরমারাধ্যদেব, গোবিন্দ হইতে মৃত্যু ভয় পায়, গোপীজনবল্লভজ্ঞান দ্বারা সর্ব্ববিজ্ঞান লাভ হয়, স্বাহা-কর্ত্তৃক এই সংসার প্রবাহ চলিতেছে।

তাঁহাকে মুনিগণ পুনরায় প্রশ্ন করিলেন—কৃষ্ণ কে? এই গোবিন্দ কে? গোপীজন বল্লভ কে? তাঁহাদিগকে ব্রহ্মা বলিলেন—পাপকর্ষণকারী কৃষ্ণ, গো-ভূমি-বেদবিদ্ গোবিন্দ, তাঁহাকে যাহারা জানেন—গোপীজন, তাঁহারাই সর্ব্ববিদ্যা, গোবিন্দের প্রাপ্তির উপায় শক্তিবিশেষ, তাঁহাদের প্রেরক বল্লভ। তাঁহার মায়াশক্তি স্বাহা—এই সকলই পরব্রহ্ম শক্তি-শক্তিমান অভেদহেতু। তাঁহাকে যিনি ধ্যান করেন, কীর্ত্তনাদিদ্বারা রস আস্বাদন করেন, ভজন-সেবা করেন তিনি অমৃত হন। ইতি। মুনিগণ প্রশ্ন করিলেন—তাঁহার ধ্যেয় রূপ কি? কি আস্বাদন, তাঁহার ভজন কি? সেই সকল সুষ্ঠুভাবে জানিতে ইচ্ছুক আমাদের নিকট বলুন।

হিরণ্যগর্ভ ব্রহ্মা তাঁহাদিগকে বলিলেন—গোপ-বেশ, ঘনশ্যামবর্ণ, তরুণ, কল্পদ্রুমতলবাসী ইত্যাদি ॥ ১৬০ ॥

কিঞ্চ, তত্রৈবাগ্রে—

ভক্তিরস্য ভজনং তদিহামুত্রোপাধি-নৈরাশ্যেনামুষ্মিন্মনঃকল্পনমেতদেব চ নৈষ্কর্ম্ম্যম্; কৃষ্ণং তং বহুধা বিপ্রা যজন্তি, গোবিন্দং সন্তং বহুধা আরাধয়ন্তি, গোপীজনবল্লভো ভুবনানি দধ্রে, স্বাহাশ্রিতো জগদেজয়ৎ স্বরেতাঃ ॥ ১৬১ ॥

অনুবাদ—আরও ঐতাপনীর কিছু অগ্রে কীর্ত্তিত আছে—ইঁহার ভজন—ভক্তি, সেই ভজন ইহপর-লোকের ভোগপিপাসা রহিত হইয়া এই শ্রীকৃষ্ণেই মনের পরম আবিষ্টতা, ইহাই নিষ্কামভাব। সেই কৃষ্ণকে বেদজ্ঞ ঋষিগণ শান্ত-দাস্যাদি বহুভাবে যজনা করেন, গোবিন্দকে বহুভাবে নবধা ভক্তিতে আরাধনা করেন, গোপীজনবল্লভ ভুবনসমূহকে ধারণ করেন, স্বাহাতে আশ্রিতজন আত্মসমর্পণ পূর্ব্বক প্রেমভাব বিকার অশ্রুকম্প আদিপ্রকাশে মহা ঐশ্বর্য্য প্রকাশ করেন ॥ ১৬১ ॥

বায়ুর্যথৈবাপঘনং প্রবিষ্টো
জন্যে জন্যে পঞ্চরূপো বভূব।
কৃষ্ণস্তথৈকোঽপি জগদ্ধিতার্থং
শব্দেনাসৌ পঞ্চপদোঽবভাতি ॥ ১৬২ ॥ ইতি।

অনুবাদ—একই বায়ু প্রাণিগণের প্রতি শরীরে প্রবিষ্ট হইয়া প্রাণ, অপান, সমান, উদান, ব্যান—এই পঞ্চরূপ ধারণ করিয়াছেন, সেইরূপ একই পরব্রহ্ম শ্রীকৃষ্ণ জগতের মঙ্গলের জন্য অষ্টাদশাক্ষর মন্ত্রমধ্যে শব্দব্রহ্ম পঞ্চপদী গোপালবিদ্যারূপে প্রকাশ পাইয়াছেন ॥ ১৬২ ॥

কিঞ্চ। তত্রৈবোপাসনবিধিকথনানন্তরং—

একো বশী সর্ব্বগঃ কৃষ্ণ ঈড্য
একোঽপি সন্ বহুধা যোঽবভাতি।
তং পীঠস্থং যেঽনুযজন্তি ধীরা-
স্তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্ ॥ ১৬৩ ॥

অনুবাদ—এক—অসমোর্দ্ধ স্বয়ং ভগবান্, বশী—সর্ব্ববশয়িতা, সর্ব্বগ—সর্ব্বব্যাপক, শ্রীকৃষ্ণ ঈড্য—সর্ব্বস্তুত্য, অচিন্ত্য অনন্ত শক্তি মান হেতু এক হইয়াও তিনি বহুমূর্ত্তিতে প্রকাশিত থাকেন। শ্রীশুক-দেব, লীলাশুক বিল্বমঙ্গলাদি ধীর ব্যক্তিগণ শ্রীবৃন্দা-বনাদি যোগপীঠে নিরন্তর ভজন করেন, তাঁহারাই নিত্য সুখ লাভ করেন অন্যে সে সুখ পায় না ॥ ১৬৩ ॥

নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানা-
মেকো বহূনাং যো বিদধাতি কামান্।
তং পীঠগং যেঽনুযজন্তি বিপ্রা-
স্তেষাং সিদ্ধিঃ শাশ্বতং নেতরেষাম্ ॥ ১৬৪ ॥

অনুবাদ—শ্রীগোবিন্দ নিত্য আরাধ্যহেতু তাঁহার আরাধকগণও নিত্য এবং নিত্য চেতন জীবগণেরও নিত্যচেতয়িতা শ্রীকৃষ্ণ, তিনি এক হইয়াও বহু সাধ-কের বাসনা পূরণে, রাসে শতকোটি গোপীর প্রেম বিনিময়ে সমর্থ। তাঁহাকে যে ধীর সাধকগণ শ্রীবৃন্দাবন যোগপীঠে নিরন্তর ভজন করেন, তাঁহা-দেরই নিত্যানন্দসিদ্ধি লাভ হয়, অন্যের নহে ॥১৬৪॥

এতদ্ধি বিষ্ণোঃ পরমং পদং যে
নিত্যোদ্যুক্তাঃ সংযজন্তে ন কামাৎ।
তেষামসৌ গোপরূপঃ প্রযত্নাৎ
প্রকাশয়েদাত্মপদং তদেব ॥ ১৬৫ ॥

অনুবাদ—যে সাধকগণ এই শ্রীকৃষ্ণের মন্ত্রাত্মক মন্ত্ররূপ পরমপদ নিষ্কাম ভাবে সযত্নে নিত্য আরাধনা করেন, তাঁহাদের সমক্ষে ইনি গোপরূপ প্রযত্ন-সহকারে প্রকাশ পূর্ব্বক সদ্য গোলোকে স্থান দেন ॥ ১৬৫ ॥

যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং যো
বিদ্যাস্তস্মৈ গোপয়তি স্ম কৃষ্ণঃ।
তং হ দেবমাত্মবৃত্তিপ্রকাশং
মুমুক্ষুর্বৈ শরণমনুব্রজেৎ ॥ ১৬৬ ॥

অনুবাদ—যে পরমেশ্বর শ্রীকৃষ্ণ সৃষ্টির প্রাক্-কালে ব্রহ্মাকে সৃষ্টি করিয়াছেন, যিনি সেই ব্রহ্মাকে অষ্টাদশাক্ষর গোপালবিদ্যা দান করিয়াছেন, সেই আত্মজ্ঞান প্রেমভক্তি দাতাকে মুমুক্ষুগণ নিরন্তর শরণ প্রার্থনা করিবেন ॥ ১৬৬ ॥

ওঁকারেণান্তরিতং যে জপন্তি
গোবিন্দস্য পঞ্চপদং মনুং তম্।
তস্মৈ চাসৌ দর্শয়েদাত্মরূপং
তথা মুমুক্ষুরভ্যসেন্নিত্যশান্ত্যৈ ॥ ১৬৭ ॥

অনুবাদ—অগ্রে ও শেষে ওঁকার সম্পুটিত করিয়া যাঁহারা শ্রীগোবিন্দের এই পঞ্চপদ মন্ত্র জপ করেন, শ্রীগোবিন্দ প্রীত হইয়া তাঁহাকে আত্মরূপ প্রদর্শন করান। অতএব নিত্যশান্তির জন্য মুমুক্ষু এই মন্ত্র যথাবিধি পুনঃ পুনঃ অভ্যাস করিবেন ॥ ১৬৭ ॥

তস্মাদন্যে পঞ্চপদাদভূবন্
গোবিন্দস্য মনবো মানবানাম্।
দশার্ণাদ্যাস্তেঽপি সংক্রন্দনাদ্যৈ-
রভ্যস্যন্তে ভূতিকামৈর্যথাবৎ ॥ ১৬৮ ॥

অনুবাদ—ইহা হইতে শ্রীগোবিন্দের অন্য দশাক্ষরাদি মন্ত্রসকল মানবগণের হিতার্থে ইন্দ্রাদিদেবগণ ঐশ্বর্য্য কামনায় যথাবিধি অভ্যাস করিতেছেন, সনকাদি মুক্তি কামনায় ও শ্রীনারদাদি ভক্তি কামনায় জপ করিতেছেন ॥ ১৬৮ ॥

কিঞ্চ। তত্রৈব—

তদু হোবাচ ব্রাহ্মণোঽসাবনবরতং মে ধ্যাতঃ স্তুতঃ পরার্দ্ধান্তে সোঽববুধ্যত, গোপবেশো মে পুরুষঃ পুরস্তাদাবির্ব্বভূব। ততঃ প্রণতেন ময়ানুকূলেন হৃদা মহ্যমষ্টাদশার্ণং স্বরূপং সৃষ্টয়ে দত্ত্বান্তর্হিতঃ; পুনঃ সিসৃক্ষা মে প্রাদুরভূৎ। তেষ্বক্ষরেষু ভবিষ্যজ্জগদ্রূপং প্রাকাশয়ৎ। তদিহ কাদাপো, লাৎ পৃথিবী, ঈতোঽগ্নিবিন্দোরিন্দুস্তন্নাদাদর্ক ইতি ক্লীংকারাদসৃজম্। কৃষ্ণাদাকাশং খাদ্বায়ুরিত্যুত্তরাৎ সুরভিং বিদ্যাং প্রাদুরকার্ষম্। তদুত্তরাত্তদুত্তরাৎ স্ত্রী-পুমাদি চেদং সকলমিদমিতি ॥ ১৬৯ ॥

অনুবাদ—আরও উক্ত তাপনীতে উক্ত হইয়াছে—পুনরায় ব্রহ্মা জিজ্ঞাসিত হইয়া বলিলেন—যথাবিধি অনবরত আমাকর্ত্তৃক ধ্যাত ও স্তুত হইয়া আমার আয়ুর পরার্দ্ধকাল অর্থাৎ পঞ্চাশ বৎসর গত হইলে পর শ্রীগোবিন্দ প্রীত হইয়া আমার সম্মুখে গোপবেশ-পুরুষ আবির্ভূত হইলেন। আমি প্রণাম করিলে পর সদয়-হৃদয়ে আমাকে অষ্টাদশাক্ষর-স্বরূপ মন্ত্ররাজের অর্থ ও শক্তি ভবিষ্যৎ জগৎ সৃষ্টির নিমিত্ত প্রদান করিয়া অন্তর্হিত হইলেন। অতঃপর আমার সৃষ্টি বাসনা পুনরায় জাগরিত হইল। ঐ অষ্টাদশাক্ষর-মন্ত্র-বর্ণ সকল হইতে পরিদৃশ্যমান জগৎ প্রকাশিত করাইলেন।

মন্ত্রের বীজাক্ষর—'ক' হইতে জল, 'ল' হইতে পৃথিবী 'ঈ' হইতে অগ্নি, ० বিন্দু হইতে আকাশ, নাদ হইতে সূর্য্য আবির্ভূত হইলেন। ইহাই সূক্ষ্ম সৃষ্টি। পরে স্থূল জগৎ কৃষ্ণ হইতে আকাশ, য়—হইতে বায়ু, গোবিন্দ হইতে সুরভি, গোপীজনবল্লভ হইতে বেদাদি চতুঃষষ্টি কলাবিদ্যা প্রাদুর্ভূত হইলেন। স্বাহা হইতে স্ত্রী-পুরুষাদি প্রাকৃত জগৎ সৃষ্ট হইলেন ॥ ১৬৯ ॥

তথা চ গৌতমীয়তন্ত্রে—

ক্লীংকারাদসৃজদ্বিশ্বমিতি প্রাহ শ্রুতেঃ শিরঃ।
লকারাৎ পৃথিবী জাতা ককারাজ্জলসম্ভবঃ ॥১৭০॥
ঈকারাদ্বহ্নিরুৎপন্নো নাদাদ্বায়ুরজায়ত।
বিন্দোরাকাশসম্ভূতিরিতি ভূতাত্মকো মনুঃ।
স্বা-শব্দেন চ ক্ষেত্রজ্ঞো হেতি চিৎপ্রকৃতিঃ পরা।
তয়োরৈক্যসমুদ্ভূতিমুখবেষ্টন-বর্ণকঃ।
অতএব হি বিশ্বস্য লয়ঃ স্বাহার্ণকে ভবেৎ ॥ ১৭১॥

অনুবাদ—সেইরূপই গৌতমীয়তন্ত্রে উক্ত হইয়াছে—ব্রহ্মা ক্লীংকার হইতে বিশ্ব সৃজন করিলেন—ইহা শ্রুতিশির তাপনী বলিয়াছেন। যথা লকার হইতে পৃথিবীজাত হইলেন, ককার হইতে জল উৎপত্তি, ঈকার হইতে অগ্নি উৎপন্ন, নাদ হইতে বায়ু, ০ বিন্দু হইতে আকাশ সম্ভূত হইলেন এই কারণে মন্ত্রকে পঞ্চভূতাত্মক বলা হয়। স্বা—শব্দ হইতে আত্মা ও পরমাত্মা ক্ষেত্রজ্ঞ, হা—পরা চিৎশক্তি। উভয়ের মিলনে সৃষ্টি। মুখবেষ্টিন বর্ণ-প্রণব। যাহাতে বিশ্বের লয় ॥ ১৭০-১৭১ ॥

———

পুনশ্চ সা শ্রুতিঃ—

এতস্যৈব যজনেন চন্দ্রধ্বজো গতমোহমাত্মানং বেদয়িত্বা ওঁকারান্তরালকং মনুমাবর্ত্তয়ৎ। সঙ্গরহিতোঽভ্যানয়ৎ। তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্। তস্মাদেনং নিত্যমভ্যসেৎ ॥ ১৭২ ॥ ইত্যাদি।

অনুবাদ—পুনরায় ঐ শ্রুতি—এইমন্ত্র যজন দ্বারা চন্দ্র ধ্বজ রাজা মোহত্যাগ পূর্ব্বক আত্মতত্ত্ব জ্ঞান লাভ করেন। প্রণব পুটিত মন্ত্র অষ্টাদশাক্ষর জপ করেন। জড়সঙ্গ ত্যাগপূর্ব্বক শ্রীবিষ্ণুর পরমপদ লাভ করেন। অতএব এই মন্ত্র নিত্য জপ করিবেন ॥ ১৭২ ॥

———

অত্রৈবাগ্রে, তদত্র গাথা—

যস্য পূর্ব্বপদাদ্ভূমির্দ্বিতীয়াৎ সলিলোদ্ভবঃ।
তৃতীয়াত্তেজ উদ্ভূতং চতুর্থাদ্গন্ধবাহনঃ ॥ ১৭৩ ॥
পঞ্চমাদম্বরোৎপত্তিস্তমেবৈকং সমভ্যসন্।
চন্দ্রধ্বজোঽগমদ্বিষ্ণোঃ পরমং পদমব্যয়ম্ ॥ ১৭৪ ॥

অনুবাদ—এই শ্রুতির অগ্রে—যে মন্ত্রের পূর্ব্ব-পদ হইতে ভূমি, দ্বিতীয় পদ হইতে জল, তৃতীয় পদ হইতে তেজ, চতুর্থ পদ হইতে বায়ু, পঞ্চম পদ হইতে আকাশ উৎপত্তি। একমাত্র সেই মন্ত্র জপ করিয়া চন্দ্রধ্বজ রাজা নিত্য-শাশ্বত শ্রীবিষ্ণুর ধাম গমন করিয়াছেন ॥ ১৭৪ ॥

———

ততো বিশুদ্ধং বিমলং বিশোক-
মশেষলোভাদিনিরস্তসঙ্গম্।
যত্তৎ পদং পঞ্চপদং তদেব
স বাসুদেবো ন যতোঽন্যদস্তি ॥ ১৭৫ ॥

অনুবাদ—অথ বিশুদ্ধ সত্ত্বময়, অতএব বিমল—রজস্তমোগুণশূন্য, অতএব বিশোক, অতএব লোভ-মোহাদির সঙ্গরহিত, যে শ্রীগোলোকাখ্যধাম, তাহাই পঞ্চপদ মন্ত্রময়, শ্রীবাসুদেবাত্মক। একই তত্ত্ব ত্রিধা আবির্ভূত মন্ত্র ধাম ও অধিষ্ঠাতৃ দেবরূপে। অচিন্ত্য ভেদাভেদ তত্ত্ব। সেই বাসুদেবের বৈভব স্বরূপশক্তি বিলাস ধাম, তাঁহা হইতে অত্যন্ত ভিন্ন নহে তাঁহারই অন্তর্ভূত অন্তরঙ্গ বৈভব ॥ ১৭৫ ॥

———

তমেকং গোবিন্দং সচ্চিদানন্দবিগ্রহং পঞ্চপদং বৃন্দাবনসুরভূরুহতলাসীনং সততং সমরুদ্গণোঽহং পরময়া স্তুত্যা তোষয়ামি ॥ ১৭৬ ॥ ইতি।

অনুবাদ—সর্ব্বশেষে ব্রহ্মা নিজ আরাধ্য তত্ত্বের উপদেশ করিতেছেন—সেই একমাত্র অসমোর্দ্ধ সচ্চিদানন্দ বিগ্রহ শ্রীগোবিন্দদেব পঞ্চপদ মন্ত্রাত্মক শ্রীবৃন্দাবনে কল্পতরুতলে বিরাজিত, সর্ব্বদা মরুদ-দেবগণের সহিত আমি মনে মনে ধ্যানে স্তব দ্বারা তাঁহার সন্তোষ বিধান করি ॥ ১৭৬ ॥

———

কিঞ্চ, স্তুত্যনন্তরম্—

অমুং পঞ্চপদং মন্ত্রমাবর্ত্তয়েদ্যঃ, স যাত্যনায়াসতঃ কেবলং তৎ। অনেজদেকং মনসো জবীয়ো, ন যদ্দেবা আপ্নুবন্ পূর্ব্বমর্শাৎ ॥ ১৭৭ ॥

অনুবাদ—আরও স্তুতির পর—এই পঞ্চপদ অষ্টাদশাক্ষর মন্ত্র যিনি জপ করেন, তিনি অনায়াসে

নির্ম্মল সেই ধামে গমন করেন। তিনি একত্র স্থির থাকিয়াও মন হইতেও দ্রুতগামী ইন্দ্রিয়ের অধিষ্ঠাতৃ দেবগণ তাঁহাকে পাইতে পারে না, যেহেতু তিনি অনাদির আদি ॥ ১৭৭ ॥

টীকা—হ স্ফুটং, বৈ প্রসিদ্ধং, ব্রাহ্মণং ব্রহ্মবেত্তারং ব্রহ্মাণমিত্যর্থঃ। তদ্‌ব্রহ্ম দৈবতমিতি পূর্ব্বপ্রক্রান্তং বা; পাপকর্ষণ ইতি। দ্বিতীয়স্য পদস্যার্থঃ—গৌঃ স্বর্গঃ, গো-ভূমি-বেদেষু বিদিতঃ, তেষাঞ্চ বেদিতেতি। তৃতীয়স্যার্থঃ—গোপীজনোঽবিদ্যায়াঃ কলাঃ স্ত্রীত্বাৎ অংশাস্তৎপ্রেরকঃ; যদ্বা, গোপীজনা এব আ সম্যক্ বিদ্যা, প্রাপ্ত্যুপায়ত্বাৎ সৈব কলা শক্তিবিশেষস্তস্যাঃ প্রেরক ইতি। চতুর্থস্য—তন্মায়া চেতি পঞ্চম স্যেতি দিক্। রসতি আস্বাদয়তি কীর্ত্তনাদিনা, এজয়ৎ ঐজয়ৎ চেষ্টাং কারয়ামাস, গোপীজনবল্লভ এবেত্যর্থঃ। স্বরেতাঃ স্বস্মাদুদ্ভূতমিত্যর্থঃ। অপঘনং শরীরং, জন্যে জন্যে প্রতিশরীরং, পঞ্চপদঃ অষ্টাদশাক্ষরোঽয়ং মন্ত্রঃ। প্রেম্ণৈবাত্মবৃত্তেঃ প্রকাশো যস্য তৎ, পাঠান্তরং সুগমম্। নিত্যশান্ত্যৈ নিত্যায়ৈ অবিনশ্বরায়ৈ শান্ত্যৈ সুখায়, অবুধ্যত প্রবোধং প্রাপ্তঃ, পুনশ্চ স্বতঃ সন্ প্রাকাশয়দ্ ভগবানেব; যদ্বা, ণি-প্রত্যয়স্যাত্রানধিকার্থত্বং প্রাকাশতেত্যর্থঃ; প্রকাশয়মিতি বা পাঠঃ। কাৎ ককারাৎ, আপো জলং, লকারাৎ পৃথিবী, ঈকারাদগ্নিঃ, বিন্দোঃ সকাশাচ্চন্দ্রঃ, তস্য নাদাদর্কঃ, যাৎ যকারাৎ বায়ুরভূদিতি শেষঃ। উত্তরাৎ গোবিন্দায়েত্যস্মাৎ, সুরভিং গোজাতিং, তদুত্তরাৎ গোপীজনেত্যস্মাৎ বিদ্যাশ্চতুর্দ্দশ, তদুত্তরাৎ বল্লভেত্যাদিতঃ। বেদয়িত্বা বিদিত্বা, অন্যাভ্যো বা বিজ্ঞাপ্য। ওঁ কারান্তরালকং প্রণবপুটিতমিত্যর্থঃ। অভিত আনয়ৎ সাধয়ামাস। যস্য পূর্ব্বপদাদিত্যাদি চ কল্পান্তরে প্রকারান্তরাভিপ্রায়েণ। পূর্ব্বমর্শাৎ পরামর্শাৎ; যদ্বা, পূর্ব্বেষাং মর্শাৎ বিচারাদপীতি ॥১৬০-১৭৭ ॥

তস্মাৎ কৃষ্ণ এব পরো দেবস্তং ধ্যায়েত্তং রসয়েত্তং ভজেদিতি, ওঁ তৎ সদিতি ॥ ১৭৮ ॥

অনুবাদ—পূর্ব্বোক্ত অশেষ ভগবত্তা প্রকটনপর শ্রীকৃষ্ণই পরমেশ্বর, তাঁহাকেই ধ্যান করিবে, তাঁহাকেই প্রেমানন্দে কীর্ত্তন করিবে, তাঁহাকেই অর্চ্চন করিবে, তাঁহাকেই প্রেমরসাপ্লুত হইয়া ভজন করিবে। তিনিই পরব্রহ্ম ওঁতৎসৎ ইতি ॥ ১৭৮ ॥

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে চ, দেবীং প্রতি শ্রীমহাদেবোক্তাষ্টাদশাক্ষরপ্রসঙ্গ এব—

ধর্ম্মার্থকামমোক্ষাণামীশ্বরো জগদীশ্বরঃ।
সন্তি তস্য মহাভাগা অবতারাঃ সহস্রশঃ ॥ ১৭৯ ॥
তেষাং মধ্যেঽবতারাণাং বালত্বমতিদুর্ল্লভম্।
অমানুষাণি কর্ম্মাণি তানি তানি কৃতানি চ ॥ ১৮০ ॥
শাপানুগ্রহকর্ত্তৃত্বে যেন সর্ব্বং প্রতিষ্ঠিতম্।
তস্য মন্ত্রং প্রবক্ষ্যামি সাঙ্গোপাঙ্গমনুত্তমম্ ॥ ১৮১ ॥

অনুবাদ—ত্রৈলোক্য সম্মোহনতন্ত্রেও অষ্টাদশাক্ষর মন্ত্র প্রসঙ্গেই দেবীর প্রতি শ্রীমহাদেব বলিতেছেন—ধর্ম্ম অর্থ কাম মোক্ষাদি পুরুষার্থ প্রদানে সমর্থ এইরূপ সহস্র সহস্র জগদীশ্বর শ্রীকৃষ্ণের অবতার মহামহিমবৃন্দ আছেন। সেই সকল অবতারের মধ্যে বাল্যলীলা অতি দুর্ল্লভ। শ্রীকৃষ্ণ বাল্যলীলামধ্যে বহু অত্যাশ্চর্য্য অমানুষিক লীলা করিয়াছেন। ঐ সকল লীলামধ্যে সকলের প্রতি দণ্ড ও অনুগ্রহ প্রকাশ পাইয়াছে। তাঁহারই সর্ব্বোত্তম মন্ত্র, অঙ্গ ও উপাঙ্গ সহ বলিব ॥ ১৭৯-১৮১ ॥

যস্য বিজ্ঞানমাত্রেণ নরঃ সর্ব্বজ্ঞতামিয়াৎ।
পুত্রার্থী পুত্রমাপ্নোতি ধনার্থী লভতে ধনম্ ॥ ১৮২ ॥

অনুবাদ—যে মন্ত্রের বিশেষ জ্ঞান ফলে মনুষ্য সর্ব্বজ্ঞতা লাভ করে, পুত্রার্থী পুত্র পায় ধনার্থী ধনলাভ করে ॥ ১৮২ ॥

সর্ব্বশাস্ত্রার্থপারজ্ঞো ভবত্যেব ন সংশয়ঃ।
ত্রৈলোক্যঞ্চ বশীকুর্য্যাৎ ব্যাকুলীকুরুতে জগৎ ॥১৮৩॥

অনুবাদ—সর্ব্বশাস্ত্রার্থ তত্ত্বজ্ঞ হয়, ইহাতে কোন সংশয় নাই। ত্রিলোককেও নিজ বশীভূত করিতে পারে, জগৎকে ব্যাকুলিত করিতে পারে ॥ ১৮৩ ॥

মোহয়েৎ সকলং সোঽপি মারয়েৎ সকলান্ রিপূন্।
বহুনা কিমিহোক্তেন মুমুক্ষুর্মোক্ষমাপ্নুয়াৎ ॥ ১৮৪॥

অনুবাদ—সকলকে তিনি মোহিত করিতে পারেন, শত্রুগণকে বিনাশ করিতে পারেন। অধিক কি বলিব মুমুক্ষু মুক্তি লাভ করে ॥ ১৮৪ ॥

যথা চিন্তামণিঃ শ্রেষ্ঠো যথা গৌশ্চ যথা সতী।
যথা দ্বিজো যথা গঙ্গা তথাসৌ মন্ত্র উত্তমঃ ॥ ১৮৫॥
যথাবদখিলশ্রেষ্ঠং যথাশাস্ত্রন্তু বৈষ্ণবম্।
যথা সুসংস্কৃতা বাণী তথাসৌ মন্ত্র উত্তমঃ ॥ ১৮৬॥

অনুবাদ—যেমন মণিগণমধ্যে চিন্তামণি শ্রেষ্ঠ, প্রাণিগণমধ্যে গাভী, স্ত্রীগণমধ্যে পতিব্রতা, মনুষ্য মধ্যে দ্বিজ, নদী মধ্যে গঙ্গা, সেইরূপ মন্ত্রগণ মধ্যে এই অষ্টাদশাক্ষর মন্ত্র শ্রেষ্ঠ। যেমন অখিল শাস্ত্রমধ্যে বৈষ্ণবশাস্ত্র শ্রেষ্ঠ, যেমন সুসংস্কৃত বাক্য শ্রেষ্ঠ, সেইরূপ এই মন্ত্র উত্তম ॥ ১৮৫-১৮৬ ॥

টীকা—বালত্বং শৈশবং চাঞ্চল্যং বা, যেন বালত্বেন হেতুনা সর্ব্বং জগৎ শপনেঽনুগ্রহণে চ প্রতিষ্ঠাং প্রাপ্তম্। তদ্বাল্যচরিতাদি-মহিম্না বিশ্বমেব সর্ব্বার্থ-শক্তিবিশেষযুক্তমভূদিত্যর্থঃ। শ্রেষ্ঠঃ সর্ব্বার্থসাধনে পরমোত্তমঃ। যথা চিন্তামণ্যাদয়ঃ সর্ব্বার্থসাধকাঃ, তথা মন্ত্রোত্তমোঽসৌ অষ্টাদশাক্ষরমন্ত্রোঽপি সর্ব্বার্থ-সাধক ইত্যর্থঃ। যদ্বা, যথা মণিষু চিন্তামণিঃ শ্রেষ্ঠঃ, গোষু গৌঃ কামধেনুঃ, যদ্বা, পশুষু গৌঃ, নারীষু চ সতী, বর্ণেষু বিপ্রঃ, নদীষু গঙ্গা, তথাসৌ মন্ত্রেষূত্তম ইত্যর্থঃ। এবমগ্রেঽপি। যথাবৎ সম্যক্তয়া অখিলেষু শাস্ত্রেষু শ্রেষ্ঠম্ ॥ ১৮০-১৮৬ ॥

কিঞ্চ—

অতো ময়া পরেশানি প্রত্যহং জপ্যতে মনুঃ।
নৈতেন সদৃশঃ কশ্চিজ্জগত্যস্মিন্ চরাচরে ॥১৮৭॥

অনুবাদ—আরও—হে পরমেশ্বরি! অতএব আমি প্রত্যহ এই মন্ত্র জপ করি, এই চরাচর জগতে এই মন্ত্র সদৃশ আর মন্ত্র নাই ॥ ১৮৭ ॥

শ্রীসনৎকুমার কল্পেঽপি—

গোপালবিষয়া মন্ত্রাস্ত্রয়স্ত্রিংশৎ প্রভেদতঃ।
তেষু সর্ব্বেষু মন্ত্রেষু মন্ত্ররাজমিমং শৃণু ॥ ১৮৮ ॥
সুপ্রসন্নমিমং মন্ত্রং তন্ত্রে সম্মোহনাহ্বয়ে।
গোপনীয়স্ত্বয়া মন্ত্রো যত্নেন মুনিপুঙ্গব ॥ ১৮৯ ॥
অনেন মন্ত্ররাজেন মহেন্দ্রত্বং পুরন্দর।
জগাম দেবদেবেশো বিষ্ণুনা দত্তমঞ্জসা ॥ ১৯০ ॥

অনুবাদ—শ্রীসনৎকুমার তন্ত্রেও—শ্রীগোপালকৃষ্ণ বিষয়ক তেত্রিশ প্রকার মন্ত্র আছেন, তন্মধ্যে ইহাই মন্ত্র-রাজ। সম্মোহন তন্ত্রে ইহাকে 'সুপ্রসন্ন' মন্ত্র বলা হইয়াছে, হে মুনিশ্রেষ্ঠ! আপনি যত্নপূর্ব্বক এই মন্ত্র গোপনে রক্ষা করিবেন। বর্ত্তমান মন্বন্তরে দেব-রাজ পুরন্দর এই মন্ত্র জপদ্বারা মহেন্দ্রপদ প্রাপ্ত হইয়াছেন—শ্রীবিষ্ণুর নিকট হইতে এই মন্ত্র লাভ করিয়া দেবলোকের আধিপত্য লাভ করিয়াছেন ॥ ১৮৮-১৯০ ॥

টীকা—মুনিপুঙ্গব হে নারদ ॥ ১৮৯ ॥

দুর্ব্বাসসঃ পুরা শাপাদসৌভাগ্যেন পীড়িতঃ।
স এব সুভগত্বং বৈ তেনৈব পুনরাপ্তবান্ ॥ ১৯১ ॥

অনুবাদ—পুরাকালে ইন্দ্র দুর্ব্বাসার শাপবশতঃ দুর্ভাগ্য পীড়িত হইলেও মন্ত্ররাজের জপবলে পুনরায় সৌভাগ্যবান্ হইয়াছিলেন ॥ ১৯১ ॥

বহুনা কিমিহোক্তেন পুরশ্চরণসাধনৈঃ।
বিনাপি জপমাত্রেণ লভতে সর্ব্বমীপ্সিতম্ ॥১৯২॥ ইতি

অনুবাদ—এসম্বন্ধে আর অধিক কি বলিব—পুরশ্চরণাদি সাধনসমূহ ব্যতীতও কেবল জপ দ্বারাই এই মন্ত্র সর্ব্ববিধ বাঞ্ছিত প্রদান করেন ॥১৯২॥ ইতি।

প্রভুং শ্রীকৃষ্ণচৈতন্যং তং নতোঽস্মি গুরূত্তমম্।
কথঞ্চিদাশ্রয়াদ্যস্য প্রাকৃতোঽপ্যুত্তমো ভবেৎ ॥১৯৩॥

অনুবাদ—আমার পরমগুরু শ্রীভগবান্ শ্রীকৃষ্ণ-চৈতন্য মহাপ্রভুতে প্রণত হই। পরম্পরাক্রমে যাঁহার কিঞ্চিৎমাত্র আশ্রয়ফলে কনিষ্ঠ সাধকও উত্তম হয় ॥ ১৯৩ ॥

টীকা—এবং তত্তন্মাহাত্ম্য-লিখনেঽযোগ্যস্যাপ্যাত্মনো ভগবন্মহামহিম্না যোগ্যতাং সম্ভাবয়ন্ পরমগুরুং শ্রীভগবন্তং প্রণমতি—প্রভুমিতি ॥ ১৯৩ ॥

অথ অধিকারিনির্ণয়ঃ

তান্ত্রিকেষু চ মন্ত্রেষু দীক্ষায়াং যোষিতামপি।
সাধ্বীনামধিকারোঽস্তি শূদ্রাদীনাঞ্চ সদ্ধিয়াম্ ॥১৯৪॥

অনুবাদ—তন্ত্রোক্ত মন্ত্রসমূহের দীক্ষাতে শ্রদ্ধালু দ্বিজাতির অধিকার আছেই, অধিকন্তু পতিব্রতা রমণী-গণের এবং শ্রীগুরু সেবাপরায়ণ সৎ শূদ্রাদিরও অধি-কার আছে—ইহাই সপ্রমাণ করা হইতেছে ॥১৯৪॥

টীকা—সদ্ধিয়াম্ উত্তমবুদ্ধীনাং বিপ্রসেবাদি-পরাণামিত্যর্থঃ ॥ ১৯৪ ॥

তথা চ স্মৃত্যর্থসারে, পাদ্মে চ বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদাম্বরীষ-সংবাদে—

আগমোক্তেন মার্গেণ স্ত্রীশূদ্রৈশ্চৈব পূজনম্।
কর্ত্তব্যং শ্রদ্ধয়া বিষ্ণোশ্চিন্তয়িত্বা পতিং হৃদি ॥১৯৫॥

অনুবাদ—স্মৃত্যর্থসারে ও পদ্মপুরাণে বৈশাখ-মাহাত্ম্যে শ্রীনারদ-অম্বরীষ সংবাদে—আগম-শাস্ত্রোক্ত বিধি অনুসারে দীক্ষিত স্ত্রীগণ পতিকে হৃদয়ে চিন্তা করিয়া শ্রদ্ধাসহ ভক্তিরাজ্যে প্রবেশ পূর্ব্বক এবং দীক্ষিত শূদ্রগণ কর্তৃকও শ্রীবিষ্ণুর পূজন কর্ত্তব্য ॥ ১৯৫ ॥

শূদ্রাণাং চৈব ভবতি নাম্না বৈ দেবতার্চ্চনম্।
সর্ব্বে চাগমমার্গেণ কুর্য্যুর্বেদানুসারিণা ॥ ১৯৬ ॥

অনুবাদ—বেদানুসারি—আগমবিধি অনুসারে দীক্ষালাভ করিয়া সকলেই ইষ্টদেবতার অর্চ্চন করিবেন, বিশেষতঃ অদীক্ষিত শূদ্রগণেরও শ্রীনাম-জপসহ ইষ্টদেবতার অর্চ্চন কর্ত্তব্য—ইহাই বিধি ॥ ১৯৬ ॥

স্ত্রীণামপ্যধিকারোঽস্তি বিষ্ণোরারাধনাদিষু।
পতিপ্রিয়হিতানাঞ্চ শ্রুতিরেষা সনাতনী ॥ ১৯৭ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুর আরাধনাদি সেবাকার্য্যে দীক্ষিত স্ত্রীগণেরও অধিকার আছে, বিশেষতঃ পতি-প্রিয় হিতাকাঙ্ক্ষিণী গণের অধিকার আছে—ইহাই সনাতন বেদবিধি ॥ ১৯৭ ॥

অগস্ত্যসংহিতায়াং শ্রীরামমন্ত্ররাজমুদ্দিশ্য—

শুচিব্রততমাঃ শূদ্রা ধার্ম্মিকা দ্বিজসেবকাঃ।
স্ত্রিয়ঃ পতিব্রতাশ্চান্যে প্রতিলোমানুলোমজাঃ।
লোকাশ্চাণ্ডালপর্য্যন্তাঃ
সর্ব্বেঽপ্যত্রাধিকারিণঃ ॥১৯৮ ॥ ইতি।

অনুবাদ—অগস্ত্য সংহিতাতে শ্রীরামমন্ত্ররাজকে উদ্দেশ করিয়া উক্ত হইয়াছে—ধার্ম্মিক, দ্বিজসেবক ও পবিত্রব্রতধারী শূদ্রগণ এবং পতিব্রতা স্ত্রীগণ, ইহা ব্যতীত অন্যে বর্ণবাহ্য প্রতিলোম বা অনুলোম জাত, অথবা জাতি-চণ্ডাল পর্য্যন্ত ব্যক্তিগণ সকলেই এই ষড়ক্ষর শ্রীরামমন্ত্ররাজের দীক্ষাতে অধিকারী ॥ ১৯৮ ॥ ইতি

গুরুশ্চ সিদ্ধসাধ্যাদিমন্ত্রদানে বিচারয়েৎ।
স্বকুলান্যকুলত্বঞ্চ বালপ্রৌঢ়ত্বমেব চ ॥ ১৯৯ ॥
স্ত্রী-পুং-নপুংসকত্বঞ্চ রাশিনক্ষত্র-মেলনম্।
সুপ্ত-প্রবোধ-কালঞ্চ তথা ঋণ-ধনাদিকম্ ॥ ২০০ ॥

অনুবাদ—অতঃপর শ্রীগুরুদেব সিদ্ধ-সাধ্যাদি মন্ত্রদানে স্বকুল-অন্যকুল, বাল-প্রৌঢ়, স্ত্রী-পুং-নপুং-সত্ব, রাশি-নক্ষত্র-মেলন সুপ্ত-প্রবোধ কাল, সেইরূপ ঋণ-ধনাদি বিচার করিবেন ॥ ২০০ ॥

টীকা—রাশিমেলনং নক্ষত্রমেলনঞ্চ। আদি-শব্দেন রাশিশুদ্ধিরিত্যেবমষ্টধা শোধনং জ্ঞেয়ম্ ॥ ২০০ ॥

অথ সিদ্ধসাধ্যাদি-শোধনম্

সারদাতিলকে—

প্রাক্-প্রত্যগগ্রা রেখাঃ স্যুঃ পঞ্চ যাম্যোত্তরাগ্রগাঃ।
তাবত্যশ্চ চতুষ্কোষ্ঠচতুষ্কং মণ্ডলং ভবেৎ ॥ ২০১ ॥

অনুবাদ—শঙ্করাচার্য্যকৃত সারদাতিলকে—প্রথ-মতঃ পূর্ব্ব-পশ্চিমে পঞ্চ রেখা টানিয়া পরে দক্ষিণ-

উত্তরে পঞ্চ রেখা টানিলে সমচতুষ্কোণ ১৬টি কোষ্ঠ হইবে। উহার মধ্যে আবার ৪টি চতুষ্কোণ কোষ্ঠ হইবে। নিম্নে ঐ যন্ত্র আঁকিয়া দেওয়া হইল। উহাকে অকথহচক্র বা সিদ্ধ্যাদি শোধন যন্ত্র বলা হয় ॥ ২০১ ॥

টীকা—যদ্যপ্যেতৎ সিদ্ধিসাধ্যাদিজ্ঞানং মুদ্রাদর্শন-প্রকারবদ্বিনা গুরুমুখাৎ সম্যগ্ বিজ্ঞাতং ন স্যাৎ, তথাপ্যত্র শব্দার্থ এব কেবলং লিখ্যতে। তথা হি—প্রাঞ্চি পূর্ব্বাণি, প্রত্যঞ্চি পশ্চিমানি অগ্রাণি যাসাং তাঃ, পূর্ব্বপশ্চিমাভিমুখা উর্দ্ধাঃ পঞ্চরেখা লেখ্যা ইত্যর্থঃ। তথা যাম্যোত্তরাগ্রগা দক্ষিণোত্তরমুখাস্তাবত্যঃ পঞ্চৈব রেখা উর্দ্ধরেখোপরি সমকোষ্ঠাভিপ্রায়েণ তির্য্যক্ লেখ্যা ইত্যর্থঃ। ততশ্চ, চত্বারি কোষ্ঠচতুষ্কাণি যস্মিন্ তথাভূতং মণ্ডলং ভবেৎ। এবং চতুভিঃ কোষ্ঠৈরেকং কোষ্ঠং জ্ঞেয়মিত্যেবং চত্বারি কোষ্ঠানি মুখ্যানি ভবন্তি। পুনশ্চ একস্যৈবাবান্তরকোষ্ঠানি চত্বারীত্যেবং ষোড়শ কোষ্ঠানি ভবন্তি। তদ্রূপমেকং চতুরস্রং মণ্ডলং স্যাদিত্যর্থঃ। এতচ্চ দীক্ষামণ্ডলাদিবন্নাম্নৈব মণ্ডলং, ন তু মণ্ডলাকারং, চতুষ্কোণত্বাৎ ॥ ২০১ ॥

———

ইন্দ্বগ্নি-রুদ্র-নব-নেত্র-যুগেন-দিক্ষু
ঋত্বষ্ট-ষোড়শ-চতুর্দ্দশ-ভৌতিকেষু।
পাতাল-পঞ্চদশ-বহ্নি-হিমাংশুকোষ্ঠে
বর্ণাল্লিখেল্লিপিভবান্ ক্রমশস্তু ধীমান্ ॥ ২০২ ॥

অনুবাদ—ঐ যন্ত্রে বর্ণলিপির অকারাদি ১৬টি স্বরবর্ণ এবং ককারাদি হ পর্য্যন্ত ৩৩টি ব্যঞ্জন বর্ণ(১) বুদ্ধিমান ব্যক্তি বিন্যাস করিবেন(২) ॥ ২০২ ॥

(১) এস্থলে ক্ষকারান্ত বলিতে ক্ষ পরিত্যাগ করিয়া হ পর্য্যন্ত উনপঞ্চাশদ্ বর্ণ বুঝিতে হইবে। কারণ, ক্ষ এই বর্ণ 'ক, ষ' এই উভয় বর্ণ মিলনে উৎপন্ন।

(২) ইহার তাৎপর্য্য যথা—ইন্দু ১, অগ্নি ৩, রুদ্র ১১, নব ৯, নেত্র ২, যুগ ৪, ইন ১২, দিক ১০, ঋতু ৬, অষ্ট ৮, ষোড়শ ১৬, চতুর্দ্দশ ১৪, ভৌতিক ৫, পাতাল ৭, পঞ্চদশ ১৫, বহ্নি ৩—হিমাংশু ১ অর্থাৎ অঙ্কের গতি বামা বলিয়া ১৩। এইরূপ সাঙ্কেতিক কোষ্ঠে যথাক্রমে অকারাদি বর্ণ বিন্যাস করিবে। অর্থাৎ ১ম কোষ্ঠে অ, ৩য় কোষ্ঠে আ, ১১শ কোষ্ঠে ই, ৯ম কোষ্ঠে ঈ, ২য় কোষ্ঠে (গৃহে) উ, ৪র্থ কোষ্ঠে ঊ, ১২শ কোষ্ঠে ঋ, ১০ম কোষ্ঠে ৠ, ৬ষ্ঠ কোষ্ঠে ঌ, ৮ম কোষ্ঠে ৡ, ১৬শ কোষ্ঠে এ, ১৪শ কোষ্ঠে ঐ, ৫ম কোষ্ঠে ও, ৭ম কোষ্ঠে ঔ. ১৫শ কোষ্ঠে অং, ১৩শ কোষ্ঠে অঃ,

পুনরায় ১ম গৃহে (কোষ্ঠে) ক, ৩য় গৃহে খ, ১১শ গৃহে গ, এই প্রকার ষোড়শ কোষ্ঠে বর্ণ বিন্যাস করিয়া যে পর্য্যন্ত উনপঞ্চাশৎ বর্ণ শেষ না হইবে সে পর্য্যন্ত এইরূপ পুনরায় ১ম হইতে উক্তনিয়মে বর্ণ বিন্যাস করিবে। তাহা হইলে চতুষ্কোষ্ঠচতুষ্ক মণ্ডল হইবে। ইহাই সিদ্ধাদিশোধন যন্ত্র। সাধারণের সম্যক্ অবগতির জন্য যন্ত্রটীর প্রতিকৃতি নিম্নে প্রদত্ত হইল, যথা—

সিদ্ধাদিশোধন যন্ত্র

[ক]　　[পূর্ব্ব]　　[খ]

১ ইন্দু বা হিমাংশু অ ক থ হ	২ নেত্র উ ঙ প	৩ অগ্নি আ খ দ	৪ যুগ ঊ চ ফ
৫ ভৌতিক ও ড ব	৬ ঋতু ঌ ঝ ম	৭ পাতাল ঔ ঢ শ	৮ অষ্ট ৡ ঞ য
৯ নব ঈ ঘ ন	১০ দিক ৠ জ ভ	১১ রুদ্র ই গ ধ	১২ ইন ঋ ছ ব
১৩ বহ্নি-হিমাংশু অঃ ত স	১৪ চতুর্দ্দশ ঐ ঠ ল	১৫ পঞ্চদশ অং ণ স	১৬ ষোড়শ এ ট র

উত্তর (বামে)　　দক্ষিণ (ডানে)

[গ]　　[পশ্চিম]　　[ঘ]

টীকা—তস্মিন্ মণ্ডলে চ যৎ কর্ত্তব্যং, তদাহ—ইন্দ্বিতি। লিপিভবান্ বর্ণান্—অকারাদি-ক্ষকারান্ত-পঞ্চাশদক্ষরাণি। যদ্বা, ককার-ষকার-সংযোগসিদ্ধ-ক্ষকার-ব্যতিরিক্তান্ পঞ্চাশদ্বার্ণান্ ইন্দ্বাদি-সংখ্যা-সঙ্কেতিতেষু কোষ্ঠেষু ক্রমশঃ অকারাদিক্রমেণ ইন্দ্বাদি-ক্রমেণ চ লিখেৎ। তত্র ইন্দুশ্চন্দ্র একঃ, তস্মিন্ আদ্যে কোষ্ঠে অকারং লিখেদিত্যর্থঃ; এবং অগ্নৌ তৃতীয়ে অকারং, রুদ্রে একাদশে ইকারম্, ইনে সূর্য্যে দ্বাদশকোষ্ঠে, ভৌতিকে পঞ্চমে মহাভূতপঞ্চকত্বাৎ, বহ্ন্যস্ত্রয়ঃ, হিমাংশুরেকঃ, অঙ্কস্য বামগতিত্বাদ্বহ্নি-হিমাংশুভ্যাং দ্বাভ্যাং ত্রয়োদশেতি জ্ঞেয়ম্, তত্র চ ত্রয়োদশকোষ্ঠে অকারস্য ষোড়শবর্ণম্ অ ইতি বর্ণং লিখেদিত্যর্থঃ। পুনস্তথৈব প্রথমকোষ্ঠে ককার ইত্যেবং যাবদ্বর্ণাবলীসমাপ্তি পুনঃপুনর্লিখেৎ। এবমেব শ্রীকৃষ্ণ-দেবাচার্য্যেণাপি নৃসিংহপরিচর্য্যাগ্রন্থে লিখিতম্—'আদ্যাগ্নীশ-গ্রহাক্ষাশ্বিধ-সূর্য্যদিগ্রস-দিগ্‌গজাঃ। কলা-মন্বিষু-সপ্তাহবিশ্বে বর্ণান্ পুনর্ন্যসেৎ ॥'২০২॥ ইতি ॥

জন্মর্ক্ষাক্ষরতো বীক্ষ্য যাবন্মন্ত্রাদিমাক্ষরম্।
চতুর্ভিঃ কোষ্ঠকৈস্ত্বেকমিতি কোষ্ঠচতুষ্টয়ে ॥২০৩॥
পুনঃ কোষ্ঠকোষ্ঠেষু সব্যতো জন্মভাক্ষরাৎ।
সিদ্ধ-সাধ্য-সুসিদ্ধারিক্রমাজ্‌জ্ঞেয়া বিচক্ষণৈঃ ॥২০৪॥

অনুবাদ—সাধকের জন্ম নক্ষত্রের অনুরূপ (জ্যোতিষ শাস্ত্রোক্ত) নামাদ্যক্ষরের সহিত দীক্ষা মন্ত্রের আদ্যক্ষর মিলাইয়া চারিটি প্রকোষ্ঠের একই-রূপ হয় তবে, পুনরায় জন্মনক্ষত্রের আদ্যঅক্ষর বামাবর্ত্তে সিদ্ধ-সাধ্য-সুসিদ্ধ ও অরি-ক্রমে বিচক্ষণ ব্যক্তি মিলাইয়া বিচার করিবেন(১) ॥ ২০৩-২০৪ ॥

টীকা—ততঃ শিষ্যস্য যজ্জন্মক্ষত্রানুরূপ-নামাদ্য-ক্ষরং নামপ্রথমাক্ষরমিত্যর্থঃ; মধ্যদেশাদাবত্র প্রায়ো জন্মনক্ষত্রানুরূপ-নামাদ্যক্ষরকরণাৎ। তস্মাদারভ্য মন্ত্রস্য গ্রাহ্যস্য আদিমাক্ষরমাদ্যবর্ণং যাবদ্ বীক্ষ্যং বিচারয়িতব্যম্; যদ্বা, সিদ্ধাদিগণনয়া গুণদোষাদিকং দ্রষ্টব্যমিত্যর্থঃ। কথং কুত্র? তদাহ—চতুর্ভিঃ কোষ্ঠৈরেকং কোষ্ঠং দ্রষ্টব্যম্, এবং তন্মণ্ডলে কোষ্ঠ-চতুষ্টয়ং স্যাৎ, তস্মিন্ প্রথমং বীক্ষ্য; যদ্বা, সিদ্ধাদি-ক্রমা জ্ঞেয়াঃ, ইত্যনেন পরেণান্বয়ঃ। পশ্চাত্তৎকোষ্ঠ-চতুষ্টয়স্য যান্যবান্তরাণি কোষ্ঠানি ষোড়শ তেষু চ জ্ঞেয়া ইতি প্রকারদ্বয়ম্। তচ্চ জন্মনক্ষত্রাক্ষরাৎ সব্যতঃ বামগত্যেত্যর্থঃ। অতএবোক্তং শ্রীকৃষ্ণদেবা-চার্য্যেণ তত্রৈব—সব্যে নামাদ্যাক্ষরতঃ সিদ্ধাদিক্রম ইষ্যতে। ইতি। এবং সিদ্ধাদিকোষ্ঠস্থানং চ তেনৈব দর্শিতম্—'নবৈকপঞ্চভিঃ সিদ্ধঃ সাধ্যঃ ষড়্‌দশ-পঞ্চকৈঃ। সুসিদ্ধস্ত্রিসপ্তরুদ্রৈস্তুর্যাষ্টদ্বাদশৈ রিপুঃ ॥' ইতি। এবং সারদা তিলকস্য মতং বিলিখ্য শ্রীকৃষ্ণ-দেবাচার্য্যমতং লিখতি—কৃচিচ্চেত্যাদিনা। চতুর্ষ্য পদেষু কোষ্ঠেষু তিষ্ঠতি বর্ত্তত ইতি। তথা তস্যাং লিপৌ চতুষ্কোণমণ্ডলরূপলেখে, সাধকস্য শিষ্যস্য আখ্যা নাম তস্যা আদিবর্ণতঃ প্রথমাক্ষরমারভ্য মন্ত্র-স্যাদ্যাক্ষরপর্য্যন্তং মুহুর্মুহুর্গণনীয়ম্। সাধকানামাদ্যা-ক্ষরতঃ সব্যে বামে ক্রমেণ সিদ্ধাদয়ো জ্ঞেয়া ইত্যর্থঃ। যত্র মন্ত্রস্যাদ্যাক্ষরং তত্র সিদ্ধঃ, ততো দ্বিতীয়ে কোষ্ঠে সাধ্যঃ, তৃতীয়ে প্রসিদ্ধঃ, চতুর্থেঽরিঃ—ইত্যেতদ্‌হ্যম্; অতএব তস্য সব্যত ইতুক্তমিতি দিক্ ॥ ২০৩ ॥

সিদ্ধঃ সিধ্যতি কালেন সাধ্যস্তু জপ-হোমতঃ।
সুসিদ্ধো গ্রহমাত্রেণ অরির্মূলনিকৃন্তনঃ ॥ ২০৫ ॥

অনুবাদ—যদি গণনা দ্বারা সিদ্ধের কোটায় মন্ত্র পড়ে, তাহা হইলে, যথাকালে মন্ত্র সিদ্ধ হইবেন, সাধ্যের কোটায় পড়িলে জপহোমাদি পুরশ্চরণ দ্বারা মন্ত্রসিদ্ধ হইবেন, সুসিদ্ধের কোটায় পড়িলে গ্রহণ মাত্র মন্ত্র ফলপ্রদ হইবেন। অরি—শত্রুর কোটায় পড়িলে মন্ত্র সাধনের মূল কাটিয়া দেন ॥ ২০৫ ॥

টীকা—তত্র চ গণনয়া সিদ্ধাদিস্থানং প্রাপ্তে সতি

(১) সিদ্ধসাধ্যাদি পরিজ্ঞানের ক্রম এই প্রকার যে—নয়, এক, পাঁচ হইলে সিদ্ধ; ছয়, দশ, দুই সাধ্য; তিন, সাত, এগার, সুসিদ্ধ; চার, আট, বার শত্রু। গণনার দ্বিবিধ নিয়ম উল্লিখিত আছে, প্রথম চারিটি বৃহৎ মণ্ডল হইয়া, দ্বিতীয় মধ্যগত ষোলটি মণ্ডল হইয়া ক্রমবিধানে গণনা করিলে উক্ত সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ, অরি পরস্পর মিলিতভাবে ষোল প্রকার এবং সমুদায়ে বিংশতি প্রকার হয়। যথা—১। সিদ্ধ, ২। সাধ্য, ৩। সুসিদ্ধ, ৪। অরি, ৫। সিদ্ধসিদ্ধ, ৬। সিদ্ধসাধ্য, ৭। সিদ্ধসুসিদ্ধ, ৮। সিদ্ধঅরি, ৯। সাধ্যসিদ্ধ, ১০। সাধ্যসাধ্য, ১১। সাধ্যসুসিদ্ধ, ১২। সাধ্যঅরি, ১৩। সুসিদ্ধসিদ্ধ, ১৪। সুসিদ্ধসাধ্য, ১৫। সুসিদ্ধ সুসিদ্ধ, ১৬। সুসিদ্ধঅরি, ১৭। অরিসিদ্ধ, ১৮। অরিসাধ্য, ১৯। অরি সুসিদ্ধ ও ২০। অরিঅরি।

মন্ত্রাদ্যক্ষরে যৎ ফলং স্যাৎ, তদাহ—সিদ্ধা ইত্যাদি-পঞ্চভিঃ। গ্রহঃ গ্রহণং তন্মাত্রেণ অচিরাদেব সিধ্যতীত্যর্থঃ ॥ ২০৫ ॥

সিদ্ধসিদ্ধো যথোক্তেন দ্বিগুণাৎ সিদ্ধসাধকঃ।
সিদ্ধসুসিদ্ধোঽর্দ্ধজপাৎ সিদ্ধারির্হন্তি বান্ধবান্ ॥২০৬॥
সাধ্যসিদ্ধো দ্বিগুণিকঃ সাধ্যসাধ্যো হ্যনর্থকঃ।
তৎসুসিদ্ধস্ত্রিগুণিতাৎ সাধ্যারির্হন্তি গোত্রজান্ ॥২০৭॥
সুসিদ্ধসিদ্ধোঽর্দ্ধজপাত্তৎসাধ্যস্তু গুণাধিকাৎ।
তৎসুসিদ্ধো গ্রহাদেব সুসিদ্ধারিঃ স্বগোত্রহা ॥২০৮॥
অরিসিদ্ধঃ সুতান্ হন্যাদরিসাধ্যস্তু কন্যকাঃ।
তৎসুসিদ্ধস্তু পত্নীঘ্নস্তদরির্হন্তি সাধকম্ ॥২০৯॥ইতি।

অনুবাদ—সিদ্ধ-সিদ্ধ মন্ত্র তন্ত্রোক্ত বিধি অনুসারে ফলপ্রদ হন, সিদ্ধ-সাধক মন্ত্র দ্বিগুণ জপ-হোমাদি দ্বারা ফলপ্রদ হয়, সিদ্ধসুসিদ্ধ অর্দ্ধসংখ্যক জপ দ্বারা ফলপ্রদ হন, সিদ্ধারি—বান্ধবাদিকে বিনাশ করে, সাধ্যসিদ্ধ দ্বিগুণ জপদ্বারা ফলপ্রদ, সাধ্য-সাধ্য নিষ্ফল হয়, সাধ্য-সুসিদ্ধ ত্রিগুণ জপাদি দ্বারা ফলপ্রদ, সাধ্য-অরি বংশজাত সকলকে বিনাশ করে, সুসিদ্ধ অর্দ্ধ সংখ্যা জপদ্বারা ফলপ্রদ, সুসিদ্ধ-সাধ্য অধিক গুণ জপে ফলপ্রদ, সুসিদ্ধ-সুসিদ্ধ গ্রহণ মাত্রই ফলপ্রদ, সুসিদ্ধারি নিজ গোত্রকে বিনাশ করে। অরি-সিদ্ধ পুত্রদিগকে বিনাশ করে, অরি-সাধ্য কন্যাগণকে বিনাশ করে। অরি-সুসিদ্ধ পত্নীহা, অরি-অরি সাধককে বিনাশ করে ॥ ২০৬-২০৯ ॥ ইতি ॥

টীকা—এবং চতুষ্কোষ্ঠব্যবস্থয়া ফলমুক্ত্বাধুনা তদবান্তর-ষোড়শকোষ্ঠব্যবস্থয়া পূর্ব্বাপরাভ্যা চতুর্ধান্যোঽন্যসংযোগেন ফলমাহ—সিদ্ধসিদ্ধ ইতি চতুর্ভিঃ। তৎসুসিদ্ধঃ সাধ্যসুসিদ্ধঃ, তৎসাধ্য সুসিদ্ধসাধ্যঃ, তৎসুসিদ্ধঃ সুসিদ্ধসুসিদ্ধঃ, এবমগ্রেঽপি ॥২০৬-২০৯॥

তথা চ তন্ত্রে, অস্য চ মন্ত্রবিশেষেঽপবাদঃ—
ন সিংহার্কবরাহাণাং প্রসাদপ্রবণস্য চ।
বৈদিকস্য চ মন্ত্রস্য সিদ্ধাদীন্নৈব শোধয়েৎ ॥২১০॥
স্বপ্নলব্ধে স্ত্রীয়া দত্তে মালামন্ত্রে চ ত্র্যক্ষরে।
একাক্ষরে তথা মন্ত্রে সিদ্ধাদীন্নৈব শোধয়েৎ ॥২১১॥
সকুলান্যকুলত্বাদি বিজ্ঞেয়ং চাগমান্তরাৎ।
ন বিস্তরভয়াদত্র ব্যর্থত্বাদপি লিখ্যতে ॥ ২১২ ॥

অনুবাদ—শ্রীনৃসিংহমন্ত্র, সূর্য্যমন্ত্র, বরাহদেবের মন্ত্র এবং প্রসন্নতাস্বভাব মন্ত্র এবং বৈদিক মন্ত্রের সিদ্ধাদি শোধনের প্রয়োজন নাই। স্বপ্নপ্রাপ্ত মন্ত্রে, শ্রীগুরুপ্রদত্ত মন্ত্রে, মালামন্ত্রে (বিংশতি অক্ষরাধিক), ত্রিবীজযুক্ত মন্ত্রে, একাক্ষর মন্ত্রে সিদ্ধাদি শোধনের প্রয়োজন নাই। সকুল অকুলাদি শোধনবিচার অন্য আগম শাস্ত্র হইতে জানিবেন। গ্রন্থবিস্তার ভয়ে এবং শ্রীগোপালমন্ত্র উপাসকগণের প্রয়োজনাভাবহেতু লিখিতেছি না ॥ ২১০-২১২ ॥

টীকা – অস্য এবমুক্তস্য সিদ্ধাদিশোধনস্য ॥ ২১০-২১২ ॥

শ্রীমদ্গোপালদেবস্য সর্ব্বৈশ্বর্য্য-প্রদর্শিনঃ।
তাদৃক্শক্তিষু মন্ত্রেষু ন হি কিঞ্চিদ্বিচার্য্যতে ॥২১৩॥

অনুবাদ—সর্ব্ববিধ ঐশ্বর্য্য প্রদর্শনকারী শ্রীগোপালদেবের মন্ত্রে এবং ঐরূপ শক্তিশালীমন্ত্রে শোধনাদি বিচারের প্রয়োজন নাই ॥ ২১৩ ॥

টীকা—ব্যর্থত্বে হেতুং লিখতি—শ্রীমদিতি। তাদৃশী শ্রীগোপালদেবসদৃশী শক্তির্যেষাং তেষু ॥২১৩॥

তথা চ ক্রমদীপিকায়াম্—
সর্ব্বেষু বর্ণেষু তথাশ্রমেষু নারীষু নানাহ্বয়জন্মভেষু।
দাতা ফলানামভিবাঞ্ছিতানাং
দ্রাগেব গোপালকমন্ত্র এষঃ ॥২১৪॥

অনুবাদ— প্রমাণ ক্রমদীপিকাগ্রন্থে — সর্ব্ববর্ণে, সকল আশ্রমে, স্ত্রীলোক বিষয়ে নানাবিধ জন্মনক্ষত্রে অভিলষিত অতিসত্বর ফলপ্রদানে সমর্থ এই অষ্টাদশাক্ষর শ্রীগোপালমন্ত্র ॥ ২১৪ ॥

টীকা—নানাবিধা আহ্বয়া নামানি জন্মভানি চ জন্মনক্ষত্রাণি যেষাং বর্ণাদীনাং তেষ্বপি ; যদ্বা, তেষাং নানাহ্বয়জন্মভেষু সৎস্বপি এষ শ্রীগোপালমন্ত্রোঽভিবাঞ্ছিতানাং ফলানাং শীঘ্রমেব দাতা ॥ ২১৪ ॥

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে চ, অষ্টাদশাক্ষরমন্ত্রমধিকৃত্য শ্রীশিবেনোক্তম্—
ন চাত্র শাত্রবা দোষা নর্ণস্বাদিবিচারণা।
ঋক্ষরাশিবিচারো বা ন কর্ত্তব্যো মনৌ প্রিয়ে ॥২১৫॥

অনুবাদ—ত্রৈলোক্য সম্মোহন তন্ত্রেও অষ্টাদশাক্ষর মন্ত্রবিষয়ে শ্রীমহাদেব বলিয়াছেন—হে দেবি এই মন্ত্রে শত্রু সম্বন্ধীয় দোষ নাই। ঋণ দোষ নাই, নিজপর-বিচার নাই, অথবা রাশি নক্ষত্র বিচার কর্ত্তব্য নহে ॥ ২১৫ ॥

টীকা—অত্র অস্মিন্ মন্ত্রে শাত্রবাঃ শত্রুসম্বন্ধিনো দোষাঃ সিদ্ধাদিশোধনোক্তাঃ, ঋণঞ্চ স্বং ধনঞ্চ তদাদি-বিচারণা চ ন কর্ত্তব্যা; অন্যমন্ত্রাণাং দোষানাহ—কেচিদিতি; উক্তঞ্চ ছিন্নাদীনাং লক্ষণং সারদাতিলকে—'মনোর্যস্যাদিমধ্যান্তেষ্বানীলং বীজমুচ্যতে। সংযুক্তং বা বিযুক্তং বা স্বরাক্রান্তং ত্রিধা পুনঃ ॥ চতুর্ধা পঞ্চধা বাথ সমন্ত্রশ্ছিন্নসংজ্ঞকঃ। মায়া নমামি চ পদং নাস্তি যস্মিন্ স কীলিতঃ ॥ একং মধ্যে দ্বয়ং মূর্ধ্নি যস্মিন্মন্ত্রপুরন্দরৌ। ন বিদ্যেতে স মন্ত্রঃ স্যাৎ স্তম্ভিতঃ সিদ্ধিরোধনঃ ॥ আদিমধ্যাবসানেষু ভবেদর্ণ-চতুষ্টয়ম্। যস্য মন্ত্রঃ স মলিনো মন্ত্রবিত্তং বিবর্জ্জয়েৎ ॥ মন্ত্রো বাপ্যথবা বিদ্যা সপ্তাধিক-দশাক্ষরঃ। ফট্‌কারপঞ্চকাদির্যো মদোন্মত্ত উদীরিতঃ ॥ যস্য মধ্যে দকারো বা ক্রোধো বা মূর্ধনি ত্রিধা (দ্বিধা)। অস্ত্রং তিষ্ঠতি মন্ত্রঃ স তিরস্কৃত ইতীরিতঃ ॥' ইত্যাদি। অয়মষ্টাদশাক্ষরঃ শ্রীগোপালমন্ত্র ॥ ২১৫ ॥

কেচিচ্ছিন্নাশ্চ রুদ্ধাশ্চ কেচিন্মদসমুদ্ধতাঃ।
মলিনাঃ স্তম্ভিতাঃ কেচিৎ কীলিতা দূষিতা অপি।
এতৈর্দোষৈর্যুতো নায়ং
যতস্ত্রিভুবনোত্তমঃ ॥ ২১৬ ॥ ইতি।

অনুবাদ—কোন কোন মন্ত্র ছিন্ন, কোন মন্ত্র রুদ্ধ, কোন মন্ত্র মদোন্মত্ত, কোন মন্ত্র মলিন, কোন মন্ত্র স্তম্ভিত, কোন মন্ত্র কীলিত, কোন মন্ত্র দূষিত—বিভিন্ন মন্ত্র এইসকল দোষে দূষিত হইলেও ত্রিভুবনোত্তম এই অষ্টাদশাক্ষর গোপালমন্ত্র এই সকল দোষযুক্ত নহেন ॥ ২১৬ ॥

সামান্যতশ্চ তথা বৃহদ্‌গৌতমীয়ে—

অথ কৃষ্ণমনূন্ বক্ষ্যে দৃষ্টাদৃষ্টফলপ্রদান্।
যান্ বৈ বিজ্ঞায় মুনয়ো লেভিরে মুক্তিমঞ্জসা ॥২১৭

অনুবাদ—অতঃপর দৃষ্ট ও অদৃষ্ট ফলপ্রদ কৃষ্ণমন্ত্রসমূহ বলিতেছি—যে সকল মন্ত্র জানিয়াও মননশীল সাধকগণ সহজে মুক্তিলাভ করেন ॥২১৭॥

গৃহস্থা বনগাশ্চৈব যতয়ো ব্রহ্মচারিণঃ।
স্ত্রিয়ঃ শূদ্রাদয়শ্চৈব সর্ব্বে যত্রাধিকারিণঃ ॥ ২১৮ ॥

অনুবাদ—যে শ্রীকৃষ্ণমন্ত্রে ব্রহ্মচারি গৃহস্থ বনবাসী ও সন্ন্যাসীগণ এবং স্ত্রীগণ, শূদ্রগণ সকলেই অধিকারী ॥ ২১৮ ॥

নাত্র চিন্ত্যোঽরিশুদ্ধ্যাদির্নারিমিত্রাদিলক্ষণম্।
ন বা প্রয়াসবাহুল্যং সাধনে ন পরিশ্রমঃ ॥ ২১৯ ॥

অনুবাদ—এই মন্ত্রে শত্রুমিত্রাদি লক্ষণ বিচার বা শুদ্ধি প্রভৃতির কথা চিন্তা করিবে না, অথবা সাধনে প্রয়াস বা পরিশ্রম বাহুল্য নাই ॥ ২১৯ ॥

অজ্ঞানতূলরাশেশ্চ অনলঃ ক্ষণমাত্রতঃ।
সিদ্ধসাধ্য-সুসিদ্ধারিরূপা নাত্র বিচারণা ॥ ২২০ ॥

অনুবাদ—তুলারাশিকে ভস্ম করিতে অগ্নির যেমন ক্ষণকালও লাগে না, সেইরূপ অজ্ঞান ধ্বংস করিতে এই মন্ত্রের ক্ষণকালও লাগে না ॥ ২২০ ॥

সর্ব্বেষাং সিদ্ধমন্ত্রাণাং যতো ব্রহ্মাক্ষরো মনুঃ।
প্রজাপতিরবাপাগ্র্যং দেবরাজ্যং শচীপতিঃ।
অবাপুস্ত্রিদশাঃ স্বর্গং
বাগীশত্বং বৃহস্পতিঃ ॥২২১॥ ইত্যাদি।

অনুবাদ—সিদ্ধমন্ত্রসমূহের মধ্যে যেহেতু এই ব্রহ্মাক্ষর মন্ত্র প্রজাপতি ব্রহ্মা প্রথমতঃ প্রাপ্ত হন, ইন্দ্র দেবরাজ্য প্রাপ্ত হন, দেবগণ স্বর্গ এবং বৃহস্পতি বাচস্পতি উপাধি প্রাপ্ত হন ॥ ইত্যাদি ॥ ২২১ ॥

তথাত্রৈবান্তে—

বিষ্ণুভক্ত্যা বিশেষেণ কিং ন সিধ্যতি ভূতলে।
কীটাদি-ব্রহ্মপর্য্যন্তং গোবিন্দানুগ্রহান্মুনে ॥ ২২২ ॥

অনুবাদ—সেইরূপ এই গ্রন্থের শেষে—বিশেষতঃ বিষ্ণুভক্তি দ্বারা এই ভূলোকে কি না সিদ্ধ হয়, হে

মুনিবর শ্রীগোবিন্দের অনুগ্রহে কীট হইতে ব্রহ্মা পর্য্যন্ত সকলেই সিদ্ধ হইতে পারেন ॥ ২২২ ॥

সর্ব্বসম্পত্তিনিলয়াঃ সর্ব্বত্রাপ্যকুতোভয়াঃ।
ইত্যাদি কথিতং কিঞ্চিন্মাহাত্ম্যং বো মুনীশ্বরাঃ ॥২২৩

অনুবাদ—হে মুনীশ্বরগণ তোমাদের নিকট সর্ব্ব-সম্পদের আশ্রয় ও সর্ব্ববিধ ভয়নিবারক ইত্যাদি কিঞ্চিৎ এই মন্ত্র-মাহাত্ম্য বলিলাম ॥ ২২৩ ॥

আকাশে তারকা যদ্বৎ সিন্ধোঃ সৈকতসৃষ্টিবৎ।
এতদ্‌বিজ্ঞানমাত্রেণ লভেন্মুক্তিং চতুর্ব্বিধাম্ ॥২২৪॥

অনুবাদ—আকাশে যেমন তারকা এবং সমুদ্রে যেমন বালিসৃষ্টি, সেইরূপ এই মন্ত্রের মহিমা অগণিত। ইহা জানিলে চতুর্ব্বিধ মুক্তিলাভ হয় ॥ ২২৪

এতদন্যেষু মন্ত্রেষু দোষাঃ সন্তি পরে চ যে।
তদর্থং মন্ত্রসংস্কারা লিখ্যন্তে তন্ত্রতো দশ ॥ ২২৫ ॥

অনুবাদ—এই শ্রীকৃষ্ণমন্ত্র ব্যতীত অন্য মন্ত্রে যে সকল দোষ আছে তাহার শোধন জন্য তন্ত্র হইতে দশবিধ মন্ত্রসংস্কার লিখিতেছি ॥ ২২৫ ॥

টীকা—এবং সম্মোহনতন্ত্রাদ্যুক্তপ্রকারেণ; অন্যেষু শ্রীগোপালদেবমন্ত্রব্যতিরিক্তেষু; পরে সিদ্ধাদিশোধনোক্তদোষতোঽন্যেঽপি ছিন্নত্বাদয়ঃ, তদর্থমিতি—যে কেচিদন্যমন্ত্রসাধকা ভবেয়ুস্তেষাং তদ্দোষশোধনার্থমিত্যর্থঃ; তচ্চ তাৎপর্য্যেণ শ্রীগোপালদেবমন্ত্রমাহাত্ম্য-বিখ্যাপনার্থমেবেতি ভাবঃ। তন্ত্রত আগমশাস্ত্রোক্তা ইত্যর্থঃ ॥ ২২৫ ॥

অথ মন্ত্রসংস্কারাঃ

সারদাতিলকে—

জননং জীবনঞ্চেতি তাড়নং রোধনং তথা।
অথাভিষেকো বিমলীকরণাপ্যায়নে পুনঃ।
তর্পণং দীপনং গুপ্তির্দশৈতা মন্ত্রসংস্ক্রিয়াঃ ॥ ২২৬॥

অনুবাদ—শ্রীশঙ্করাচার্য্যকৃত সারদাতিলকে—জনন, জীবন, তাড়ন, রোধন, অভিষেক, বিমলীকরণ, আপ্যায়ন, তর্পণ, দীপন ও গুপ্তি—এই দশবিধ সংস্কার ॥ ২২৬ ॥

মন্ত্রাণাং মাতৃকামধ্যাদুদ্ধারো জননং স্মৃতম্।
প্রণবান্তরিতান্ কৃত্বা
মন্ত্রবর্ণান্ জপেৎ সুধীঃ ॥ ২২৭ ॥
এতজ্জীবনমিত্যাহুর্মন্ত্রতন্ত্রবিশারদাঃ।
মনোর্বর্ণান্ সমালিখ্য তাড়য়েচ্চন্দনাম্ভসা ॥২২৮॥
প্রত্যেকং বায়ুনা মন্ত্রী তাড়নং তদুদাহৃতম্।
বিলিখ্য মন্ত্রং তং মন্ত্রী প্রসূনৈঃ করবীরজৈঃ ॥২২৯
তন্মন্ত্রাক্ষরসংখ্যাতৈর্হন্যাদ্‌যত্তেন রোধনম্।
স্বতন্ত্রোক্তবিধানেন মন্ত্রী মন্ত্রার্ণসংখ্যয়া ॥ ২৩০ ॥
অশ্বত্থপল্লবৈর্মন্ত্রমভিষিঞ্চেদ্বিশুদ্ধয়ে।
সংচিন্ত্য মনসা মন্ত্রং জ্যোতির্মন্ত্রেণ নির্দ্দহেৎ ॥২৩১॥
মন্ত্রে মূলত্রয়ং মন্ত্রী বিমলীকরণং ত্বিদম্।
তার-ব্যোমাগ্নি-মনুযুগ্‌দণ্ডী জ্যোতির্মনুর্মতঃ।
কুশোদকেন জপ্তেন প্রত্যর্ণং প্রোক্ষণং মনোঃ ॥২৩২॥
তেন মন্ত্রেণ বিধিবদেতদাপ্যায়নং স্মৃতম্।
মন্ত্রেণ বারিণা মন্ত্রে তর্পণং তর্পণং স্মৃতম্ ॥২৩৩॥
তার-মায়া-রমাযোগো মনোর্দীপনমুচ্যতে।
জপ্যমানস্য মন্ত্রস্য গোপনং ত্বপ্রকাশনম্ ॥ ২৩৪ ॥

অনুবাদ—(১) মাতৃকা বর্ণমালা হইতে মন্ত্র বর্ণ সকলের উদ্ধার—ইহাই 'জনন', (২) তন্ত্রমন্ত্র বিশারদগণ বলেন—সুধীব্যক্তি আদি ও অন্তে প্রণব পুটিত করিয়া জপ করিলে—ইহাকে 'জীবন' সংস্কার বলে। (৩) মন্ত্রের বর্ণসমূহ লিখিয়া চন্দনজল ও বায়ুবীজ দ্বারা তাড়ন প্রত্যেকটি বর্ণকে—তাহাই 'তাড়ন'। (৪) সাধক মন্ত্রবর্ণ সমূহকে করবীর বীজ দ্বারা লিখিয়া ঐ পুষ্প দ্বারা বর্ণ সংখ্যানুযায়ী তাড়ন করিবে—উহাই 'রোধন'। (৫) সাধক তন্ত্রোক্ত বিধান অনুসারে মন্ত্রবর্ণ সংখ্যানুসারে অশ্বত্থপত্র সমূহ দ্বারা মন্ত্রকে বিশুদ্ধির জন্য অভিষেক করিবে। (৬) মনে মনে সাধক মন্ত্রকে চিন্তা করিয়া বহ্নি বীজ দ্বারা দহন করিবেন—উহাই বিমলীকরণ অথবা—প্রণব, ব্যোমবীজ ও অগ্নিবীজ যুক্ত হইলে উহাকে জ্যোতিঃ-মন্ত্র বলা হয়। (৭) জপ কালে মন্ত্রের প্রতিটি বর্ণকে

কুশজলদ্বারা ছিটা দিলে উহাকে প্রোক্ষণ বা আপ্যায়ন বলে। (৮) যন্ত্রে মন্ত্র লিখিয়া তাহার উপর মন্ত্রপূত জলদ্বারা তর্পণ—উহাই তর্পণ ॥ (৯) প্রণব, মায়া-বীজ ও লক্ষ্মীবীজ যোগ করিয়া জপ করিলে উহাকে মন্ত্রের দীপন বলে। (১০) জপকালে মন্ত্রের অপ্রকাশনকে গুপ্তি বা গোপন বলে ॥ ২২৭-২৩৪ ॥

টীকা—জ্যোতির্মন্ত্রেণেত্যুক্তং, তমেবাহ—তারমিতি ॥ ২৩২ ॥

বলিত্বাৎ কৃষ্ণমন্ত্রাণাং সংস্কারাপেক্ষণং নহি।
সামান্যোদ্দেশমাত্রেণ তথাপ্যেতদুদীরিতম্ ॥ ২৩৫॥

ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে গৌরবো নাম প্রথমো বিলাসঃ।

অনুবাদ—প্রভাবশালী শ্রীকৃষ্ণমন্ত্র সমূহের সংস্কারের অপেক্ষা নাই। তথাপি সাধারণ মন্ত্রের জন্য ইহা বলা হইল ॥ ২৩৫ ॥

ইতি শ্রীগোপালভট্ট বিলিখিত শ্রীভগবদ্ভক্তিবিলাসে 'গৌরব'-নামক প্রথম বিলাস অনুবাদ সমাপ্ত হইলেন ॥ ১ ॥

টীকা—ব্যোমেত্যাদিনা তত্তদ্বীজং বোধ্যতে, এবমগ্রে মায়াদাবপি ॥ ২৩৪-২৩৫ ॥

ইতি শ্রীভগবদ্ভক্তিবিলাস-টীকায়াং দিগ্‌দর্শিন্যাং প্রথমো বিলাসঃ।

দ্বিতীয়-বিলাসঃ

তং শ্রীমৎকৃষ্ণচৈতন্যদেবং বন্দে জগদ্‌গুরুম্।
যস্যানুকম্পয়া শ্বাপি মহাব্ধিং সন্তরেৎ সুখম্ ॥ ১ ॥

অনুবাদ—মদীয় পরম গুরুদেব ও জগদ্‌গুরু স্বয়ং ভগবান্ পরমাত্মা শ্রীমৎকৃষ্ণচৈতন্য দেবকে বন্দনা করি। যাঁহার অনুগ্রহে অতিক্ষুদ্র কুক্কুরও যেমন মহাসমুদ্রকে সুখে সাঁতার দিয়া পার হইতে পারে। সেইরূপ অতিক্ষুদ্র আমিও বিবাদসঙ্কুল এই দীক্ষাবিধি শ্রীমন্মহাপ্রভুর কৃপায় অনায়াসে লিখিতে পারিব ॥ ১ ॥

টীকা—

নমঃ শ্রীকৃষ্ণায় ভগবতে ভদ্রবনচন্দ্রায়।
অন্ধঃ পশ্যতি শাস্ত্রাণি শিলা তরতি বারিধিম্।
যস্য প্রভাবতো বন্দে তং শ্রীচৈতন্যমীশ্বরম্ ॥
কর্ত্তব্যাংশস্য বিজ্ঞানমবশ্যং সম্যগিষ্যতে।
অতো যন্তত্র সংক্ষিপ্তো গ্রন্থঃ সোঽয়ং প্রপঞ্চ্যতে ॥

তত্রাদৌ বিবিধমতাকুলিত-দীক্ষাবিধি-লিখনে পরমাশক্তস্যাপ্যাত্মনো ভগবদনুগ্রহেণ শক্ততাং সম্ভাবয়ন্নিব প্রারিপ্সিতসিদ্ধয়ে পূর্ব্ববদ্‌পরমগুরুরূপমিষ্টদেবতং প্রণমতি—তমিতি; শ্রীমান্ কৃষ্ণশ্চাসৌ চৈতন্যদেবশ্চ পরমাত্মেতি তম্; পক্ষে শ্রীকৃষ্ণচৈতন্যেতি বিখ্যাতদেবমীশ্বরম্; সাক্ষাত্তস্যোপদেষ্টৃত্বাসম্ভবেঽপি চিত্তাধিষ্ঠাতৃত্বাদিনা সর্ব্বেষামপি জীবানাং পরমগুরুতয়াত্মনোঽপি স এব গুরুরিত্যভিপ্রেত্য লিখতি—জগদ্‌গুরুমিতি। পক্ষে সর্ব্বত্রৈব ভগবন্নাম-সংকীর্ত্তন-প্রধান-ভক্তি-প্রচারণাজ্জগতাং গুরুত্বেন বিশেষতো দীনজনবিষয়ক-সমগ্রোপদেশানুগ্রহণে গুরুমিতি ॥১॥

অথ দীক্ষাবিধিঃ

দীক্ষাবিধিলিখ্যতেঽত্রানুসৃত্য ক্রমদীপিকাম্।
বিনা দীক্ষাং হি পূজায়াং
নাধিকারোঽস্তি কস্যচিৎ ॥ ২ ॥

অনুবাদ—শ্রীকেশবাচার্য্য বিরচিত প্রাচীন 'ক্রমদীপিকা' অনুসরণ করিয়া দীক্ষা বিধি লিখিত হইতেছে। যেহেতু দীক্ষা ব্যতীত কাহারও ইষ্টদেবের পূজাতে অধিকার হয় না ॥ ২ ॥

টীকা—ক্রমদীপিকামনুসৃত্যেতি শ্রীকেশবাচার্য্যবিরচিতক্রমদীপিকাখ্যগ্রন্থোক্তানুসারেণৈব, ন তু তদুক্তবিরোধেনেত্যর্থঃ। দীক্ষাবিধিলিখনে হেতুঃ—বিনেতি; হি যতঃ ॥ ২ ॥

অথ দীক্ষা-নিত্যতা

আগমে—

দ্বিজানামনুপেতানাং স্বকর্ম্মাধ্যয়নাদিষু ।
যথাধিকারো নাস্তীহ স্যাচ্চোপনয়নাদনু ॥ ৩ ॥
তথাত্রাদীক্ষিতানান্তু মন্ত্রদেবার্চ্চনাদিষু ।
নাধিকারোঽস্ত্যতঃ কুর্য্যাদাত্মানং শিবসংস্তুতম্ ॥৪॥

অনুবাদ—আগমশাস্ত্রে উক্ত আছে—উপনয়ন বিহীন দ্বিজ বালকগণের যেমন নিজকর্ম্ম ও বেদ অধ্যয়নাদিতে অধিকার নাই, কিন্তু উপনয়নের পর অধিকার হয়ই। সেইরূপ ভক্তিপথে অদীক্ষিত গণেরও ইষ্টমন্ত্রজপে এবং ইষ্টদেবের অর্চ্চনাদিকার্য্যে অধিকার নাই। অতএব শ্রীবিষ্ণু দীক্ষাগ্রহণ দ্বারা নিজেকে শ্রীশিবেরও প্রশংসনীয় করিবে। শ্রীবিষ্ণু-পূজা অবশ্য কর্ত্তব্য বিধায় দীক্ষার নিত্যত্ব সিদ্ধ হইল ॥ ৩-৪ ॥

স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীব্রহ্মনারদ-সংবাদে—

তে নরাঃ পশবো লোকে কিং তেষাং জীবনে ফলম্।
যৈর্নলব্ধা হরেদীক্ষা নার্চ্চিতো বা জনার্দ্দনঃ ॥ ৫ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে কার্ত্তিকব্রত প্রসঙ্গে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে উক্ত আছে—এই জগতে যে সকল মনুষ্য শ্রীগুরুদেবের নিকট হইতে শ্রীহরির দীক্ষা-বিধি অনুসারে মন্ত্র গ্রহণ করে নাই এবং শ্রীজনার্দ্দনের অর্চ্চন করে নাই, তাহারা পশু সম, তাহাদের জীবন নিষ্ফল অতএব ব্রহ্মবাক্যে দীক্ষার নিত্যতা ॥ ৫ ॥

টীকা—অনুপেতানাম্ অকৃতোপনয়নানাম্ ; উপ-নয়নাৎ যজ্ঞোপবীতদানাৎ অনু অনন্তরম্ ; তু অধি-কারঃ স্যাদেব ; শিবসংস্তুতমিতি দীক্ষিত মিত্যর্থঃ, প্রধানত্বেন শ্রীবিষ্ণুদীক্ষাগ্রহণাৎ শ্রীশিবস্যাপি সম্যক্ স্তুতিবিষয়মিতি ভাবঃ ; এবঞ্চ দীক্ষাং বিনা পূজায়া-মনধিকারাৎ। তথা,—'শালগ্রামশিলাপূজাং বিনা যোঽশ্নাতি কিঞ্চন। স চাণ্ডালাদিবিষ্ঠায়ামাকল্পং জায়তে কৃমিঃ ॥' ইত্যাদি-বচনৈঃ পূজায়াশ্চাবশ্য-কত্বাদ্দীক্ষায়া নিত্যত্বং সিধ্যতি। শ্রীশালগ্রামশিলা-ধিষ্ঠানং বর্গেষু মুখ্যত্বাৎ সর্ব্বাণ্যেব ভগবদধিষ্ঠানান্যুপ-লক্ষয়তি ; নিত্যত্বমেব ব্রহ্মবচনেন সাধয়তি—তে নরা ইতি। 'জনার্দ্দনো যৈর্নাৰ্চ্চিতঃ' ইতি দীক্ষাং বিনার্চ্চনাসিদ্ধেঃ ॥ ৩-৫ ॥

তত্রৈব শ্রীরুক্মাঙ্গদমোহিনীসংবাদে বিষ্ণুযামলে চ—

অদীক্ষিতস্য বামোরু কৃতং সর্ব্বং নিরর্থকম্ ।
পশুযোনিমবাপ্নোতি দীক্ষাবিরহিতো জনঃ ॥ ৬ ॥

অনুবাদ—সেইরূপ শ্রীরুক্মাঙ্গদ মহারাজ ও মোহিনী-সংবাদে এবং বিষ্ণুযামলে—হে শোভনে অদীক্ষিত-ব্যক্তির সর্ব্বকর্ম্মই নিষ্ফল, দীক্ষাহীন ব্যক্তি মৃত্যুর পর পশুজন্ম প্রাপ্ত হয় ॥ ৬ ॥

বিশেষতো বিষ্ণুযামলে—

স্নেহাদ্বা লোভতো বাপি যো গৃহ্ণীয়াদদীক্ষয়া ।
তস্মিন্ গুরৌ সশিষ্যে তু দেবতাশাপ আপতেৎ ॥৭॥

অনুবাদ—বিষ্ণুযামলে বিশেষ বিধি—দীক্ষাবিধি ব্যতীত যে ব্যক্তি স্নেহ বা লোভবশতঃ শিষ্য গ্রহণ করেন, শিষ্যের সহিত সেই শ্রীগুরুদেবের উপর দেবতা সকলের বা মন্ত্রের অধিষ্ঠাতৃদেবের অভিশাপ পতিত হয় ॥ ৭ ॥

টীকা—অদীক্ষয়া দীক্ষাবিধি-ব্যতিরেকেণ। দেব-তানাং সর্ব্বাসামেব, তন্মন্ত্রাধিষ্ঠাতৃদেবতায়া বা শাপঃ ; যদ্যপি পূর্ব্বং লিখিতায়াঃ শ্রীগুরূপসত্তেনিত্যতয়া দীক্ষায়া অপি নিত্যতা সিদ্ধৈব, তথাপ্যুপসত্তেরাশ্রয়ণ-মাত্রতা-বিবক্ষয়া দীক্ষায়াশ্চ সবিধি-মন্ত্রগ্রহণাদিরূপ-তয়া পৃথগুল্লেখ ইতি দিক্ ॥ ৭ ॥

বিষ্ণুরহস্যে চ—

অবিজ্ঞায় বিধানোক্তাং হরিপূজাবিধি-ক্রিয়াম্ ।
কুর্ব্বন্ ভক্ত্যা সমাপ্নোতি শতভাগং বিধানতঃ ॥৮॥

অনুবাদ—শ্রীবিষ্ণুরহস্যেও উক্ত হইয়াছে—যে কোন ভাবে শ্রীভগবদর্চ্চনে শাস্ত্রে মহাফল শুনা যায়, অতএব শ্রীগুরুর নিকট হইতে দীক্ষাগ্রহণের আগ্রহ কেন ? ইহার উত্তরে বলিতেছেন—শ্রীহরিপূজা বিধির অনুষ্ঠান, পূর্ব্ব পূর্ব্ব মহাজনের উপদেশ শ্রীগুরু-দেবের নিকট হইতে না জানিয়া ভক্তিভাবে করিলে

শতভাগের একভাগ ফল পাওয়া যায়। আর শ্রীগুরু-দেবের নিকট জানিয়া করিলে সম্পূর্ণ ফল পাওয়া যায়"। ৮ ॥

টীকা—ননু যথাকথঞ্চিদ্ভগবদর্চ্চনেন মহাফলং শ্রূয়তে, অতো গুরোঃ সকাশাদ্দীক্ষাগ্রহণে কোঽয়-মাগ্রহ? তত্রাহ—অবিজ্ঞায়েতি। হরিপূজাবিধেঃ ক্রিয়ামনুষ্ঠানং বিধানোক্তং পূর্ব্বপূর্ব্বৈরুপদেষ্টৃভির্যথাবিধ্যেবোপদিষ্টাং শ্রীগুরুমুখাদবিজ্ঞায় বিশে-ষেণাজ্ঞাত্বা বিধানতো ভক্ত্যা কুর্ব্বন্নপি শতাংশা-নামেকমংশং লভতে। গুর্ব্বনপেক্ষয়া পূর্ব্ব-পূর্ব্ব-শিষ্টদর্শিতমার্গানাদরেণ পূজাফলং ন সম্যগ্ভবতীতি ভাবঃ ॥ ৮ ॥

অথ দীক্ষামাহাত্ম্যম্

বিষ্ণুযামলে—

দিব্যং জ্ঞানং যতো দদ্যাৎ কুর্য্যাৎ পাপস্য সংক্ষয়ম্।
তস্মাদ্দীক্ষেতি সা প্রোক্তা দেশিকৈস্তত্ত্বকোবিদৈঃ ॥৯
অতো গুরুং প্রণম্যৈবং সর্ব্বস্বং বিনিবেদ্য চ।
গৃহ্ণীয়াদ্বৈষ্ণবং মন্ত্রং দীক্ষাপূর্ব্বং বিধানতঃ ॥১০॥

অনুবাদ—বিষ্ণুযামলে—তত্ত্বজ্ঞ উপদেশকগণ বলেন—যাহা হইতে দিব্যজ্ঞান লাভ হয় এবং পাপের সম্পূর্ণ ক্ষয় হয়, এইহেতু উহাকে দীক্ষা বলা হই-য়াছে। অতএব শ্রীগুরুদেবের চরণে সর্ব্বস্ব নিবেদন পূর্ব্বক প্রণাম করিয়া শাস্ত্রবিধি অনুসারে প্রথমতঃ দীক্ষা অনুষ্ঠান করিয়া বৈষ্ণব মন্ত্রগ্রহণ করিবে ॥৯-১০

স্কান্দে তত্রৈব শ্রীব্রহ্মনারদ-সংবাদে—

তপস্বিনঃ কর্ম্মনিষ্ঠাঃ শ্রেষ্ঠাস্তে বৈ নরা ভুবি।
প্রাপ্তা যৈস্তু হরেদীক্ষা সর্ব্বদুঃখবিমোচনী ॥ ১১ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে কার্ত্তিকব্রত প্রসঙ্গে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে—এই জগতে তপস্বী, কর্ম্মী ও জ্ঞানী হইতে তাহারাই পরমোত্তম যাঁহারা সর্ব্বদুঃখ বিমো-চনী শ্রীহরির দীক্ষা লাভ করিয়াছেন ॥ ১১ ॥

তত্ত্বসাগরে চ—

যথা কাঞ্চনতাং যাতি কাংস্যং রসবিধানতঃ।
তথা দীক্ষাবিধানেন দ্বিজত্বং জায়তে নৃণাম্ ॥১২॥

অনুবাদ—তত্ত্বসাগরে—যেমন কাংস্য বা তাম্র রস অর্থাৎ পারদাদি যোগে স্বর্ণতা প্রাপ্ত হয়, সেইরূপ দীক্ষা বিধান দ্বারা সকল মানুষেরই দ্বিজত্ব—বিপ্রতা লাভ হয় ॥ ১২ ॥

টীকা—নিত্যত্বমেব দ্রঢ়য়ন্ নিত্যত্বেঽপি দর্শ-পৌর্ণমাসাদিবৎ ফলবিশেষঞ্চ দর্শয়ন্ দীক্ষামাহাত্ম্যং লিখতি—দিব্যমিতি ত্রিভিঃ; তপস্বিন ইতি। শ্রেষ্ঠা জ্ঞানাদিনিষ্ঠেভ্যঃ পরমোত্তমাঃ, নৃণাং সর্ব্বেষামেব দ্বিজত্বং বিপ্রতা ॥ ৯-১২ ॥

অথ দীক্ষাকালঃ, তত্র মাসশুদ্ধিঃ

আগমে—

মন্ত্রস্বীকরণং চৈত্রে বহুদুঃখফলপ্রদম্।
বৈশাখে রত্নলাভঃ স্যাজ্জ্যৈষ্ঠে তু মরণং ধ্রুবম্ ॥১৩॥
আষাঢ়ে বন্ধুনাশায় শ্রাবণে তু ভয়াবহম্।
প্রজাহানির্ভাদ্রপদে সর্ব্বত্র শুভমাশ্বিনে ॥ ১৪ ॥
কার্ত্তিকে ধনবৃদ্ধিঃ স্যান্মার্গশীর্ষে শুভপ্রদম্।
পৌষে তু জ্ঞানহানিঃ স্যান্মাঘে মেধাবিবর্দ্ধনম্।
ফাল্গুনে সর্ব্ববশ্যত্বমাচার্য্যৈঃ পরিকীর্ত্তিতম্ ॥১৫॥

অনুবাদ—অথ দীক্ষাকাল নির্ণয়, তন্মধ্যে মাস-শুদ্ধি—আগমশাস্ত্রে-চৈত্রমাসে মন্ত্রগ্রহণে বহু দুঃখ ফল-প্রদ, বৈশাখে রত্নলাভ হয়, জ্যৈষ্ঠমাসে কিন্তু মরণ নিশ্চিত। আষাঢ়ে বন্ধুনাশ, শ্রাবণে ভয়াবহ, ভাদ্র-মাসে প্রজাহানি, আশ্বিনে সর্ব্বত্র শুভ, কার্ত্তিকে ধন-বৃদ্ধি হয়, অগ্রহায়নে শুভপ্রদ, পৌষে কিন্তু জ্ঞানহানি হয়, মাঘে মেধাবৃদ্ধি, ফাল্গুনে সর্ব্ববশীকরণ আচার্য্য-গণ বলিয়াছেন ॥ ১৩-১৫ ॥

ক্বচিচ্চ—

সমৃদ্ধিঃ শ্রাবণে নূনং জ্ঞানং স্যাৎ কার্ত্তিকে তথা।
ফাল্গুনেঽপি সমৃদ্ধিঃ স্যান্মলমাসং পরিত্যজেৎ ॥১৬

অনুবাদ—কোথাও অর্থাৎ অগস্ত্যসংহিতানুসারে শ্রীরামার্চ্চনচন্দ্রিকাতে—শ্রাবণে সমৃদ্ধি নিশ্চিত, সেই-

রূপ কাত্তিকে জ্ঞান লাভ হয়, ফাল্গুনেও সমৃদ্ধি হয়, মলমাসে দীক্ষা গ্রহণ করিবে না ॥ ১৬ ॥

টীকা— কৃচিচ্ছেতি—অগস্ত্যসংহিতাদ্যনুসারি-শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াম্। পূর্ব্বোক্তেনাবিরোধস্তু মন্ত্র-ভেদেন বিবিধিফলভেদাপেক্ষয়া মতভেদেন বা জ্ঞেয়ঃ; এবমগ্রেঽপি ॥ ১৬ ॥

———

গৌতমীয়ে—

মন্ত্রারম্ভস্তু চৈত্রে স্যাৎ সমস্ত-পুরুষার্থদঃ।
বৈশাখে রত্নলাভঃ স্যাৎ জ্যৈষ্ঠে তু মরণং ধ্রুবম্ ॥১৭
আষাঢ়ে বন্ধুনাশঃ স্যাৎ পূর্ণায়ুঃ শ্রাবণে ভবেৎ।
প্রজানাশো ভবেদ্ ভাদ্রে আশ্বিনে রত্নসঞ্চয়ঃ ॥১৮॥
কাত্তিকে মন্ত্রসিদ্ধিঃ স্যান্মার্গশীর্ষে তথা ভবেৎ।
পৌষে তু শত্রুপীড়া স্যান্মাঘে মেধাবিবর্দ্ধনম্।
ফাল্গুনে সর্ব্বকামাঃ স্যুর্মলমাসং পরিত্যজেৎ ॥১৯॥

অনুবাদ—গৌতমীয় তন্ত্রে—শ্রীগোপালমন্ত্রদীক্ষা-রম্ভ চৈত্রমাসে সমস্ত পুরুষার্থপ্রদ হয়, বৈশাখে রত্ন লাভ হয়, জ্যৈষ্ঠে মরণ নিশ্চিত। আষাঢ়ে বন্ধুনাশ হয়, শ্রাবণে পূর্ণায়ু লাভ হয়, ভাদ্রে প্রজানাশ, আশ্বিনে রত্ন সঞ্চয়, কাত্তিকে মন্ত্র সিদ্ধি হয়, অগ্রহায়নে তাহাই হয়, পৌষে শত্রুপীড়া হয়, মাঘে মেধাবৃদ্ধিকর, ফাল্গুনে সর্ব্ব কামনা পূরণ হয়, মলমাসে দীক্ষা গ্রহণ করিবে না ॥ ১৭-১৯ ॥

———

স্কান্দে তত্রৈব শ্রীরুক্মাঙ্গদ-মোহিনীসংবাদে—

কাত্তিকে তু কৃতা দীক্ষা নৃণাং জন্মনিকৃন্তনী।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন দীক্ষাং কুর্ব্বীত কাত্তিকে ॥২০॥

অনুবাদ—স্কন্দপুরাণে রুক্মাঙ্গদমোহিনী-সংবাদে—কাত্তিকমাসে দীক্ষানুষ্ঠান করিলে মনুষ্যগণের পুনর্জ্জন্ম হয় না, অতএব সর্ব্বপ্রযত্নসহকারে কাত্তিক-মাসে দীক্ষা গ্রহণ করিবে ॥ ২০ ॥

———

শ্রীমদ্গোপালমন্ত্রাণাং দীক্ষায়ান্তু ন দুষ্যতি।
চৈত্রমাসে যদুক্তা তদ্দীক্ষা তত্রৈব দেশিকৈঃ ॥ ২১ ॥

অনুবাদ—অন্যত্র অন্যমন্ত্র সম্বন্ধে চৈত্রমাসে দীক্ষা নিষিদ্ধ থাকিলেও পূর্ব্ব মহাজন শ্রীকেশবাচার্য্য এবং গৌতমীয়-তন্ত্রে শ্রীগোপালমন্ত্র সম্বন্ধে দীক্ষার বিধান আছে, অতএব শ্রীমদ্ গোপালমন্ত্রের দীক্ষায় দোষ নাই ॥ ২১ ॥

টীকা—এবং নিষিদ্ধেঽপি চৈত্রে শ্রীগোপালমন্ত্র-দীক্ষামনুজানাতি—শ্রীমদিতি। যদ্‌যস্মাত্তেষাং শ্রী-গোপালমন্ত্রাণাং দীক্ষা চৈত্রে এব উক্তা শ্রীকেশবাচার্য্যা-দিভিঃ। তথা চ ক্রমদীপিকায়াম্—চৈত্রে কৃত্বৈব তন্মাসি কর্ম্মেতি। ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে চ—'মধু-মাসে তু সংপ্রাপ্তে দ্বাদশ্যাং সমুপোষিতঃ। আপূর্য্য-মাণপক্ষে তু সংশুদ্ধিং ভাবয়েত্তত ॥' ২১ ॥ ইতি।

———

অথ বারশুদ্ধিঃ

রবৌ গুরৌ তথা সোমে
কর্ত্তব্যং বুধ-শুক্রয়োঃ ॥ ২২ ॥

অনুবাদ—গৌতমীয় তন্ত্রে—রবি, গুরু, সোম, বুধ ও শুক্রবারে দীক্ষা দান বা গ্রহণ কর্ত্তব্য ॥২২॥

———

অথ নক্ষত্রশুদ্ধিঃ

নারদতন্ত্রে—

রোহিণী শ্রবণার্দ্রা চ ধনিষ্ঠা চোত্তরাত্রয়ঃ।
পুষ্যং শতভিষশ্চৈব দীক্ষানক্ষত্রমুচ্যতে ॥ ২৩ ॥

অনুবাদ—নারদতন্ত্রে—রোহিণী, শ্রবণা, আর্দ্রা, ধনিষ্ঠা, উত্তরাষাঢ়া, উত্তর-ভাদ্রপদ, উত্তর-ফল্গুনী, পুষ্যা, শতভিষা—এই সকলকে দীক্ষানক্ষত্র বলা হয় ॥ ২৩ ॥

———

কৃচিচ্চ—

অশ্বিনী-রোহিণী-স্বাতি-বিশাখা-হস্তভেষু চ।
জ্যৈষ্ঠোত্তরাত্রয়েষ্বেব কুর্য্যান্মন্ত্রাভিষেচনম্ ॥ ২৪ ॥

অনুবাদ—কোথাও বা—অশ্বিনী, রোহিণী, স্বাতি, বিশাখা, হস্তা, জ্যেষ্ঠা ও উত্তরাষাঢ়া, উত্তর ভাদ্রপদ, উত্তরফল্গুনী—এইসকল নক্ষত্রেই দীক্ষা দান করি-বেন ॥ ২৪ ॥

টীকা—অশ্বিন্যাদিনক্ষত্রেষ্বত্র পূর্ব্বোক্তেন বিরোধ-ভাবেঽপি ততো বিশেষলাভেন কৃচিচ্চেতি প্রয়োগঃ; এবমগ্রেঽপি। মন্ত্রাভিষেচনং দীক্ষাম্ ॥ ২৪ ॥

অথ তিথিশুদ্ধিঃ

সারসংগ্রহে—

দ্বিতীয়া পঞ্চমী চৈব ষষ্ঠী চৈব বিশেষতঃ।
দ্বাদশ্যামপি কর্ত্তব্যং ত্রয়োদশ্যামথাপি চ ॥ ২৫ ॥

অনুবাদ—সারসংগ্রহে—দ্বিতীয়া, পঞ্চমী, ষষ্ঠী, বিশেষতঃ দ্বাদশী এবং ত্রয়োদশীতে দীক্ষা দান কর্ত্তব্য ॥ ২৫ ॥

কৃচিচ্চ—

পূর্ণিমা পঞ্চমী চৈব দ্বিতীয়া সপ্তমী তথা।
ত্রয়োদশী চ দশমী প্রশস্তা সর্ব্বকামদা ॥২৬॥ ইতি।

অনুবাদ—অন্যত্রও—পূর্ণিমা পঞ্চমী দ্বিতীয়া, সপ্তমী, ত্রয়োদশী ও দশমী সর্ব্বকামদা ও দীক্ষাতে প্রশস্তা ॥ ইতি ॥ ২৬ ॥

এবং শুদ্ধে দিনে শুক্লপক্ষে শুক্রগুর্ব্বুদয়ে।
সল্লগ্নে চন্দ্রতারানুকূলে দীক্ষা প্রশস্যতে ॥ ২৭ ॥

অনুবাদ—কারিকা—এইসকল প্রমাণানুসারে শুদ্ধদিনে, শুক্লপক্ষে গুরু ও শুক্রের উদয়ে, সৎলগ্নে অনুকূল চন্দ্র তারা শুদ্ধি থাকিলে দীক্ষা গ্রহণ প্রশস্ত ॥ ২৭ ॥

টীকা—শুক্রস্য গুরোশ্চ বৃহস্পতেরুদয়ে সতি ন ত্বস্ত-সময়ে ॥ ২৭ ॥

অথ অত্রাপবাদঃ (বিশেষবিধিঃ)

রুদ্রযামলে—

সত্তীর্থেঽর্কবিধুগ্রাসে তন্তুদামনপর্ব্বণোঃ।
মন্ত্রদীক্ষাং প্রকুর্ব্বীত মাসর্ক্ষাদি ন শোধয়েৎ ॥ ২৮ ॥

অনুবাদ—সৎতীর্থে সূর্য্যচন্দ্র গ্রহণে, শ্রাবণে শ্রীকৃষ্ণের পবিত্রারোপণ দ্বাদশী দিনে, চৈত্রমাসে শ্রীজগন্নাথদেবের দমনক অর্পণ উৎসবে মন্ত্রদীক্ষা দান বা গ্রহণ করিবেন, ঐসময় মাস বার তিথি নক্ষত্রাদির শোধনের অপেক্ষা নাই ॥ ২৮ ॥

টীকা—তন্তুপর্ব্ব শ্রাবণে পবিত্রারোপণোৎসবঃ, দামনপর্ব্ব চৈত্রে দমনকারোপণোৎসবস্তয়োঃ ॥২৮॥

সুলগ্নচন্দ্রতারাদিবলমত্র সদৈব হি।
লব্ধোঽত্র মন্ত্রো দীর্ঘায়ুঃ-সম্পৎ-সন্ততি-বর্দ্ধনঃ ॥২৯॥

অনুবাদ—এই সময়ে উত্তমলগ্ন, চন্দ্রতারাদির বল সর্ব্বক্ষণই থাকে, অতএব ঐ সময় মন্ত্র গ্রহণ করিলে দীর্ঘায়ু, সম্পদ, সন্ততি বৃদ্ধিকর ॥ ২৯ ॥

টীকা—অত্র সত্তীর্থাদৌ ॥ ২৯ ॥

অন্যত্র—

সূর্য্যগ্রহণ-কালেন সমানো নাস্তি কশ্চন।
তত্র যদ্‌যৎ কৃতং সর্ব্বমনন্তফলদং ভবেৎ।
ন মাস-তিথি-বারাদিশোধনং সূর্য্যপর্ব্বণি ॥ ৩০ ॥

অনুবাদ—অন্যত্র—সূর্য্যগ্রহণ কালের সমান শুভ লগ্ন আর কিছুই নাই। ঐকালে যাহা যাহা করা হইবে তাহাই অনন্তগুণ ফলপ্রদ হইবে। মাস তিথি বার প্রভৃতির শোধন সূর্য্যগ্রহণে প্রয়োজন নাই ॥৩০॥

টীকা—সত্তীর্থাদিষ্বপি মধ্যে সূর্য্যপর্ব্বণঃ প্রাশস্ত্যং দর্শয়তি—সূর্য্যেতি সার্দ্ধেন ॥ ৩০ ॥

তত্ত্বসাগরে চ—

দুর্ল্লভে সদ্‌গুরূণাঞ্চ সকৃৎ সঙ্গ উপস্থিতে।
তদনুজ্ঞা যদা লব্ধা স দীক্ষাবসরো মহান্ ॥৩১॥

অনুবাদ—তত্ত্বসাগরে—সদ্‌গুরু সঙ্গলাভ বড়ই দুর্ল্লভ, সুতরাং একবার সঙ্গ উপস্থিত হইলে, তাঁহার অনুমতি যখনই লাভ হইবে, তখনই দীক্ষালাভের মহাশুভ সময় ॥ ৩১ ॥

গ্রামে বা যদি বারণ্যে ক্ষেত্রে বা দিবসে নিশি।
আগচ্ছতি গুরুর্দৈবাদ্‌যদা দীক্ষা তদজ্ঞয়া ॥ ৩২ ॥

অনুবাদ—গ্রামে, অরণ্যে বা ক্ষেত্রে, দিবসে বা রাত্রিতে শ্রীগুরুদেব দৈবাৎ যখনই আগমন করিবেন তাঁহারই আজ্ঞাতে তখনই দীক্ষার শুভ সময় ॥৩২॥

———

যদৈবেচ্ছা তদা দীক্ষা গুরোরাজ্ঞানুরূপতঃ ।
ন তীর্থং ন ব্রতং হোমো ন স্নানং ন জপক্রিয়া ।
দীক্ষায়াঃ করণং কিন্তু স্বেচ্ছাপ্রাপ্তে তু সদ্‌গুরৌ ॥৩৩

অনুবাদ—শ্রীগুরুদেবের ইচ্ছা ও আজ্ঞানুসারে তখনই দীক্ষার শুভকাল। তীর্থ, ব্রত, হোম, স্নান, জপক্রিয়া ইত্যাদি দীক্ষার কারণ নহে, কিন্তু ভাগ্যক্রমে সদ্‌গুরুদেবের দর্শন ও তাঁহার ইচ্ছাই দীক্ষার কারণ ॥ ৩৩ ॥

টীকা—তত্র তত্রাপি পুনরপবাদং দর্শয়তি—যদৈবেতি সার্দ্ধেন ॥ ৩৩ ॥

———

অথ মণ্ডপনির্ম্মাণবিধিঃ

ক্রিয়াবত্যাদিভেদেন ভবেদ্দীক্ষা চতুর্ব্বিধা ।
তত্র ক্রিয়াবতী দীক্ষা সংক্ষেপেণৈব লিখ্যতে ॥৩৪॥
ভূমিং সংস্কৃত্য তস্যাং চার্চ্চয়িত্বা বাস্তু-দেবতাঃ ।
সপ্তহস্তমিতং কুর্য্যান্মণ্ডপং রম্যবেদিকম্ ॥ ৩৫ ॥
অষ্টধ্বজং চতুর্দ্বারং ক্ষীরপাদপতোরণম্ ।
ত্রিগুণীকৃতসূত্রাঢ্যং কুশমালাভিবেষ্টিতম্ ॥ ৩৬ ॥

অনুবাদ—ক্রিয়াবতী, কলাবতী, বর্ণময়ী ও বেধময়ী ভেদে দীক্ষা চতুর্ব্বিধা। সারদা-তিলকে বর্ণিত আছে। তন্মধ্যে ক্রিয়াবতী দীক্ষা সংক্ষেপেই লিখিত হইতেছে। প্রথমতঃ ভূমিসংস্কার করিয়া তাহাতে বাস্তুদেবতাগণের অর্চ্চন করিয়া সপ্তহস্ত পরিমিত চতুষ্কোণ সুন্দর বেদিযুক্ত মণ্ডপ নির্ম্মাণ করিবেন। মণ্ডপের চতুর্দ্বারে দুইটি করিয়া ৮টি ধ্বজারোপণ এবং ক্ষীরবৃক্ষ অর্থাৎ প্লক্ষাদি বৃক্ষের শাখা ১ হস্ত পরিমিত ভূমিতে পুতিয়া তোরণ—বহির্দ্বার রচনা করিবেন। ত্রিগুণীকৃত কুশরজ্জুদ্বারা চতুর্দ্দিকে বেষ্টন করিবেন ॥ ৩৪-৩৬ ॥

টীকা—আদি-শব্দেন কলাত্মা (কলাবতী) বর্ণময়ী বেধময়ী চ ; তথা চ সারদাতিলকে—'চতুর্ব্বিধা সা সন্দিষ্টা ক্রিয়াবত্যাদিভেদতঃ । ক্রিয়াময়ী বর্ণময়ী বেধময়্যপি ॥' ৩৪ ॥ ইতি ।

টীকা—সংস্কৃত্য তুষকেশাঙ্গারাস্থি-শর্করাদিদোষাপসারণেনোপস্কৃত্য, বাস্তুদেবতার্চ্চন-বিধিস্তু প্রসিদ্ধ এব, সারদাতিলকাদি-গ্রন্থসম্মতোঽগ্রে প্রাসাদনির্ম্মাণে লেখ্যো বাহুল্যভয়াদত্র ন লিখ্যতে । সপ্তভির্হস্তৈঃ পরিমিতম্, কেচিচ্চ ষড়্‌ভিরষ্টভির্দ্বাদশভিঃ ষোড়শভির্বা হস্তৈর্মিতং মণ্ডপমিচ্ছন্তি ; তথা চ বশিষ্ঠসংহিতায়াম্—'ষড়্‌দ্বাদশাষ্টভির্হস্তৈঃ ষোড়শৈর্বা সমন্ততঃ' ইতি। রম্যা অত্যন্ত-দৈর্ঘ্যহ্রস্বোচ্চনীচত্বাদিরাহিত্যেন শোভনা বেদিকা যস্মিন্ তৎ, তাঞ্চ মণ্ডপমধ্যে রচয়েৎ ; তথা চোক্তম্—'পঞ্চহস্তমিতাং তত্র চতুরস্রাং চতুর্ম্মুখাম্। হস্তমাত্রোচ্ছ্রিতাং রম্যাং মধ্যে বেদীং প্রকল্পয়েৎ ॥' ইতি ; বশিষ্ঠসংহিতায়াঞ্চ—'বায়ব্যে বাথ ঐশান্যে পূজাবেদীং প্রকল্পয়েৎ। হস্তোন্নতাঞ্চ বিস্তীর্ণাং চতুরস্রাং সমন্ততঃ ॥' ইতি। অত্র চ বিরোধো মতভেদাদিনা মণ্ডপভেদেন পরিহরণীয়ঃ ; মণ্ডপানুমানেনৈব মধ্যে বেদীমুত্তমাং রচয়েদিতি স্থিতিঃ ॥ ৩৫ ॥

টীকা—মণ্ডপমেব বিশিনষ্টি—অষ্টেতি। অষ্টদিক্ষু অষ্টৌ ধ্বজা যস্মিন্ তৎ, ক্ষীরযুক্তৈঃ পাদপৈঃ প্লক্ষাদিভির্হস্তমাত্রং ভূম্যন্তর্নিখাতৈস্তোরণং বহির্দ্বারং যস্মিন্ তৎ ; তথা চ মৎস্যপুরাণে—'প্লাক্ষং দ্বারং ভবেৎ পূর্ব্বং যাম্যমৌড়ুম্বরং ভবেৎ। পশ্চাদশ্বত্থঘটিতং নৈয়গ্রোধং তথোত্তরম্ ॥' ইতি। ত্রিগুণীকৃতেন সূত্রেণ আঢ্যয়া যুক্তয়া কুশমালয়া অভিতো বেষ্টিতং, সর্ব্বতো নিবদ্ধ-কুশ-জাতেন ত্রিগুণিতসূত্রেণ পরিবৃতমিত্যর্থঃ ; কেচিচ্চ ত্রিসূত্র্যা কুশময়রজ্জ্বাপবেষ্টিতমিত্যাহুঃ ॥ ৩৬ ॥

———

অথ কুণ্ডনির্ম্মাণবিধিঃ

তস্মিংশ্চ দিশি কৌবের্য্যাং চতুষ্কোণং ত্রিমেখলম্ ।
কুণ্ডং কুর্য্যাচ্চতুর্ব্বিংশত্যঙ্গুলিপ্রমিতং বুধঃ ॥ ৩৭ ॥
খাতং ত্রিমেখলোচ্ছ্রায়সহিতং তাবদাচরেৎ ।
তস্মাৎ খাতাদ্বহিঃ কুর্য্যাৎ কণ্ঠমেকাঙ্গুলং ধ্রুবম্ ॥

অনুবাদ—ঐ মণ্ডপের উত্তর দিকে চতুষ্কোণ ত্রিমেখলাযুক্ত একহস্ত পরিমিত খাত-দীর্ঘ-প্রস্থকুণ্ড

হইবে। সেই খাতের ১ অঙ্গুলি বাহিরে তিনটি মেখলা রচনা করিবে ॥ ৩৭-৩৮ ॥

টীকা—তস্মিন্ মণ্ডপে, তিস্রো মেখলাঃ খাতাদ্বহিরুপর্য্যুপরি যথাবিধি নির্ম্মায়মাণা বপ্রা যস্মিন্ তৎ ॥ ৩৭ ॥

টীকা—তাবচ্চতুর্ব্বিংশত্যঙ্গুলিপরিমিতং খাতঞ্চ তিসৃণাং মেখলানামুচ্ছ্রায়ো নবাঙ্গুল-পরিমিতস্তেন সহিতমেব কুর্য্যাৎ, ন তু ভূম্যন্তরে চ তাবৎ সর্ব্বং খাতং খনেদিত্যর্থঃ। এবঞ্চ মেখলাত্রয়াদধঃ পঞ্চদশাঙ্গুলানি খনেৎ, তেন চ মেখলাত্রয়োচ্ছ্রায়েণ চ মিলিত্বা চতুর্ব্বিংশত্যঙ্গুলগর্ত্তসম্পত্ত্যা যথোক্তং কুণ্ডং সিধ্যতীতি জ্ঞেয়ম্। কেচিচ্চ মন্যন্তে—ভূম্যন্তরে চতুর্ব্বিংশত্যঙ্গুলিপরিমিতং খাতম্ কুর্য্যাৎ, তস্মাদুপরি মেখলাত্রয়ং পৃথগেবেতি, যৎ খাতং মেখলাত্রয়াধোভূম্যন্তঃ কৃতমস্তি তস্মাৎ; ধ্রুবমবশ্যমেব ॥ ৩৮ ॥

তত্রাদ্যমেখলোচ্ছ্রায়বিস্তারৌ চতুরঙ্গুলৌ।
ত্র্যঙ্গুলৌ তৌ দ্বিতীয়ায়াস্তৃতীয়ায়া যুগাঙ্গুলৌ ॥৩৯॥

অনুবাদ—তন্মধ্যে আদ্যমেখলা ৪ অঙ্গুলি উচ্চতা ও বিস্তার, দ্বিতীয় মেখলা ৩ অঙ্গুলি উচ্চ ও বিস্তার, তৃতীয় মেখলা ২ অঙ্গুলি উচ্চ ও বিস্তার—মোট ৯ অঙ্গুলি উচ্চ ॥ ৩৯ ॥

টীকা—তত্র কুণ্ডে, আদ্যায়াঃ প্রথমায়া মেখলায়া উচ্ছ্রায় উচ্চতা বিস্তারঃ, দ্বিতীয়মেখলায়াস্তু তৌ উচ্ছ্রায়বিস্তারৌ, যুগাঙ্গুলৌ দ্ব্যঙ্গুলৌ; এবমাসামুচ্ছ্রায়ো নবাঙ্গুলপরিমিতঃ সিদ্ধঃ ॥ ৩৯ ॥

যোনিঞ্চ পশ্চিমে ভাগে মেখলাত্রিতয়োপরি।
ষড়ঙ্গুলাঞ্চ বিস্তারে দৈর্ঘ্যে চ দ্বাদশাঙ্গুলাম্ ॥ ৪০ ॥

অনুবাদ—পশ্চিমভাগে মেখলা তিনটির উপরে যোনি ৬ অঙ্গুলি বিস্তারে, ১২ অঙ্গুলি দীর্ঘ রচনা করিবে ॥ ৪০ ॥

একাঙ্গুলাং তথোচ্ছ্রায়ে মধ্যে ছিদ্রসমন্বিতাম্।
গজাধরাকৃতিং কুর্য্যাদ্বিধিবন্মেখলান্বিতাম্ ॥ ৪১ ॥

অনুবাদ—১ অঙ্গুলি উচ্চ, মধ্যে ছিদ্রযুক্ত, হস্তির অধরের ন্যায় আকৃতি বিশিষ্ট যথাবিধি মেখলাযুক্ত যোনি রচনা করিবে ॥ ৪১ ॥

টীকা—জয়তি সর্ব্বোত্তমতয়া বর্ত্ততে শ্রীকৃষ্ণঃ, জনেষু নিবসতি অন্তর্য্যামিতয়েতি তথা সঃ, অতো দেবক্যাং জন্মেতি বাদমাত্রং যস্য সঃ, যদুবরাঃ পরিষৎ সভা-সেবকরূপাঃ যস্য সঃ, ইচ্ছামাত্রেণ নিরসনসমর্থোঽপি দোর্ভিরধর্ম্মং নিরস্যন্ ক্ষিপন্, স্থিরচরবৃজিনঘ্নঃ অধিকারিবিশেষানপেক্ষয়া বৃন্দাবনতরুগবাদীনাং সংসারদুঃখহন্তা, তথা বিলাসবৈদগ্ধ্যনপেক্ষয়া ব্রজবনিতানাং পুরবনিতানাঞ্চ সুস্মিতেন শ্রীমতা মুখেনৈব কামদেবং বৰ্দ্ধয়ন্, কামশ্চাসৌ দীব্যতি বিজিগীষতে সংসারমিতি দেবশ্চ তং, ভোগদ্বারা মোক্ষপ্রদমিত্যর্থঃ। অথবা, 'শ্রীধরস্বামিপাদানাং ব্যাখ্যাতোঽধিকমত্র যৎ। কিঞ্চিল্লিখামি তত্তৈস্তু ক্ষন্তব্যং গুরবো হি তে ॥' শ্রীকৃষ্ণো জয়তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে; তদেব প্রতিপাদয়তি—জনানাং জীবানাং নিবাস আশ্রয়ঃ; যদ্বা জনেষু নিজভক্তেষু নিতরাং প্রাকট্যেন বাসো যস্য; অতএব ভক্তবাৎসল্যেন দেবক্যাং জন্ম আবির্ভাবঃ বাদশ্চ ভাষণং তদাশ্বাসনাদ্যর্থং তাদৃশনিজভক্তেষু জন্মকারণাদিকথনরূপো যস্য তথা; যদুবরস্য যাদবরাজস্য কংসপিতুরপি উগ্রসেনস্য; যদ্বা, যদূনাং সামান্যেন সর্ব্বেষামেব যাদবানাং বরা দিব্যা সভা সুধর্ম্মাখ্যা যস্মাৎ। তথা জন্মমাত্রেণৈবাপনীতমপি অধর্ম্মং নিজভক্তবিনোদার্থং স্বৈঃ সৌন্দর্য্যাদিনা অসাধারণৈর্দোর্ভিরস্যন্নধর্ম্মহেতুদৈত্যাদিবধেন বিনাশয়ন্, দোর্ভিরিতি বহুত্বং ভারতাদ্যুক্তানুসারেণ ভারতযুদ্ধাদৌ চতুর্ভুজানাং, তথা হরিবংশোক্তানুসারেণ বাণযুদ্ধাদাবষ্টভুজানাং চ প্রকটনাৎ। যদ্বা, দোর্ভিরিব দোর্ভিঃ ভক্তবাৎসল্যেন সাহায্যকল্পিতৈরিত্যর্থঃ। যদ্বা, ক্ষত্রিয়াণাং ভগবতো বাহুজত্বাৎ বলাধিক্যাদ্যপেক্ষয়া কার্যকারণাভেদেন দোর্ভিঃ ক্ষত্রিয়ৈরিত্যুক্তং, তত্রাপি স্বৈর্নিজৈঃ যাদবপাণ্ডবাদিভিঃ; স্থিরাণাং চরাণাঞ্চ সর্ব্বেষামপি তদানীন্তনানাং জীবানাং সংসারদুঃখহন্তা। ব্রজপুরবনিতানাং, যদ্বা, ব্রজ এব পুরং বিচিত্রবিলাসবৈদগ্ধীবিষয়ত্বাৎ তদ্বনিতানাম্; কামেষু দেবঃ শ্রেষ্ঠস্তদেকনিষ্ঠত্বাৎ পরমপ্রেমপরিণতিরূপকামবিশেষাঞ্চ তং বৰ্দ্ধয়ন্, তচ্চ নিজেন সুস্মিতেন শ্রীমুখেনৈব। এবং তেনৈব পরমমোহনসৌন্দর্য্যাদিনা তাদৃশকামবৰ্দ্ধনান্মোক্ষানন্দেঽপি সামান্যভজনানন্দেঽপি চ পরমনৈরপেক্ষ্যাদ্যুক্তমেব তৎ কামস্য শ্রৈষ্ঠ্যম্। বৰ্দ্ধয়ন্নিতি বর্ত্তমানত্বেন তাদৃশকামস্য পরমপ্রেমপরিণামলক্ষণতয়া প্রেম্নশ্চাতৃপ্তিস্বভাবকতয়া পরিচ্ছেদাভাবো দর্শিতঃ। এবং দশমস্কন্ধশেষে নিখিল-লীলাকথনান্তে তথোক্ত্যা সর্ব্বদৈব তাভিঃ সহ সংযোগঃ সূচিতঃ কিঞ্চ, শতৃঙন্তপদস্যাবশ্যকক্রিয়াপদসহিতান্বয়েন তাসাং তাদৃশকামবৰ্দ্ধনেনৈব, জয়তীতি—পরমমোৎকর্ষতাভিপ্রেতা। এবং তদর্থমেব দেবক্যাং জন্মাদিকমিত্যেবং সর্ব্বমবতারপ্রয়োজনং তত্রৈব পর্য্যবস্যতীতি দিক্। 'মঙ্গলায়াস্য পদ্যস্য পাঠ্য-মানস্য সর্ব্বতঃ। বিস্তার্য্য লিখিতোঽত্রার্থো লেখোঽগ্রে যো হি দুর্গমঃ ॥ ২৩ ॥

———

স্মৃতে সকলকল্যাণভাজনং যত্র জায়তে।
পুরুষং তমজং নিত্যং ব্রজামি শরণং হরিম্ ॥২৪॥

অনুবাদ—যাঁহাকে স্মরণ করিলে সর্ব্ববিধ-কল্যাণপাত্র হওয়া যায়, সেই জন্মরহিত সনাতন পুরুষ শ্রীহরির শরণ গ্রহণ করি ॥ ২৪ ॥

টীকা—এবং মঙ্গলাচর্য্য সর্ব্বকর্ম্মসিদ্ধয়ে ভগবদেকশরণো ভবেদিত্যাশয়েন লিখতি—স্মৃত ইতি। যত্র যস্মিন্ হরৌ ॥ ২৪ ॥

———

বিদগ্ধগোপালবিলাসিনীনাং
সম্ভোগচিহ্নাঙ্কিতসর্ব্বগাত্রম্।
পবিত্রমাম্নায়গিরামগম্যং ব্রহ্ম
প্রপদ্যে নবনীতচৌরম্ ॥ ২৫ ॥

অনুবাদ—শ্রুতিবাক্যের অগম্য পরব্রহ্ম হইয়াও পবিত্র হইয়াও বিদগ্ধ গোপাল বিলাসিনীদিগের নখ-দন্ত-ক্ষতাদিদ্বারা সর্ব্বগাত্রে চিহ্নযুক্ত, নবনীতচৌর সেই শ্রীকৃষ্ণের শরণ গ্রহণ করি ॥ ২৫ ॥

টীকা—কৌশিকীবৃত্তিগানাদ্যভিপ্রায়েণ শ্রীকৃষ্ণস্য প্রাতঃকালীন-রূপ-লীলাদি-স্মরণকীর্ত্তনার্থং লিখতি—বিদগ্ধেতি। পবিত্রমপি বেদবাক্যাগোচরং, পরব্রহ্মাপি বিদগ্ধানাং গোপরমণীনাং সম্ভোগস্য চিহ্নৈ-

র্নখক্ষতাদিভিরঙ্কিতানি সর্ব্বগাত্রাণি যস্য তং প্রপদ্যে। নবনীতস্য প্রাতর্দধিমন্থনোত্থিতস্য, চৌরং চৌর্য্যেণ ভক্ষয়ন্তমিত্যর্থঃ ; তথা চ তচ্চিহ্নাঙ্কিতমপি জ্ঞেয়ম্ ॥ ২৫ ॥

দশমস্কন্ধে (৪৬।৪৬)—
উদ্‌গায়তীনামরবিন্দলোচনং
ব্রজাঙ্গনানাং দিবমস্পৃশধ্বনিঃ।
দধ্নশ্চ নির্ম্মন্থনশব্দমিশ্রিতো
নিরস্যতে যেন দিশামমঙ্গলম্ ॥ ২৬ ॥ ইতি

অনুবাদ—দশমস্কন্ধে ৪৬ অধ্যায়ে বর্ণিত হইয়াছে—পদ্মপলাশ লোচন শ্রীকৃষ্ণের গুণগান তৎপর ব্রজ-গোপিকাগণের কণ্ঠস্বর, দধিমন্থন হইতে উত্থিত শব্দের সহিত মিশ্রিত হইয়া গগন মণ্ডল স্পর্শ করিতেছে। সেই শব্দদ্বারা দিক্‌সমূহের জীবসকলের অশুভ নাশ প্রাপ্ত হয় ॥ ২৬ ॥

টীকা—এবং সাক্ষাদ্ভগবতঃ কীর্ত্তনস্মরণে লিখিত্বা প্রিয়জনপ্রেমদ্বারাপি কীর্ত্তনস্মরণবিশেষং লিখতি—উদ্‌গায়তীনামিতি। দিশাং দশদিক্‌স্থানাং জীবানাম্ অমঙ্গলম্ ঐহিকামুষ্মিকমখিলমভদ্রম্ ; যদ্বা, অকারো বিষ্ণুস্তদ্রূপং মঙ্গলং, কিংবা, ন বিদ্যতে মঙ্গলং যস্মাৎ তদমঙ্গলম্ অনুত্তমাদিবৎ পরমমঙ্গলমিত্যর্থঃ। তচ্চ মুখ্যবৃত্ত্যা শ্রীভগবৎপ্রেমৈব, যৎ যেন ধ্বনিনা দিশঃ প্রতি নিতরাং রস্যতে আস্বাদং কার্য্যতঃ ইত্যর্থঃ ॥২৬॥

পঠেৎ পুনশ্চ সাধূনাং সম্প্রদায়ানুসারতঃ।
চতুঃশ্লোকীমিমাং সর্ব্বদোষশান্ত্যৈ শুভাপ্তয়ে ॥২৭॥

অনুবাদ—সাধুগণের সম্প্রদায় অনুসারে সর্ব্ব-প্রকার দোষ শান্তির নিমিত্ত এবং শুভফললাভের জন্য পুনরায় এই শ্লোক চতুষ্টয় পাঠ করিবে ॥ ২৭ ॥

টীকা—যদ্যপি লেখ্যশ্লোকচতুষ্টয়ে শ্রীগোপাল-দেবস্য কীর্ত্তনস্মরণবিশেষো নাস্তি, তথাপি বহুল-শিষ্টাচারাপেক্ষয়া তৎ পঠিতব্যমিতি লিখতি—পঠে-দিতি। সর্ব্বেষাং দুঃস্বপ্নাদিদোষাণাং শান্তয়ে—ইত্যেষাং শ্লোকানাং প্রায়ো গজেন্দ্রমোক্ষাখ্যানপরতয়া দুঃস্বপ্নাদ্যুপশান্তয় ইত্যাদি তত্রত্যোক্ত্যভিপ্রায়েণ ॥২৭॥

প্রাতঃ স্মরামি ভবভীতি-মহার্ত্তিশান্ত্যৈ
নারায়ণং গরুড়বাহনমব্জনাভম্।
গ্রাহাভিভূত-বরবারণমুক্তিহেতুং
চক্রায়ুধং তরুণবারিজপত্রনেত্রম্ ॥ ২৮ ॥

অনুবাদ—আমি ভবভয়রূপ মহারোগের উপ-শমের নিমিত্ত গরুড়বাহন পদ্মনাভ কুম্ভীর দ্বারা অভিভূত গজরাজের মুক্তির কারণস্বরূপ, চক্ররূপ অস্ত্রধারী নবীন কমলদল লোচন শ্রীনারায়ণকে প্রাতঃ কালে স্মরণ করি ॥ ২৮ ॥

প্রাতর্নমামি মনসা বচসা চ মূর্দ্ধ্না,
পাদারবিন্দযুগলং পরমস্য পুংসঃ।
নারায়ণস্য নরকার্ণবতারণস্য
পারায়ণপ্রবণ-বিপ্রপরায়ণস্য ॥ ২৯ ॥

অনুবাদ—যিনি বেদাধ্যয়ন পরায়ণ ব্রাহ্মণের এক মাত্র আশ্রয়, আমি প্রাতঃকালে মন, বাক্য ও মস্তক দ্বারা সেই নরকার্ণবতারণ পরমপুরুষ শ্রীনারায়ণের পাদপদ্ম যুগলে প্রণাম করি ॥ ২৯ ॥

টীকা—পারায়ণং বেদাধ্যয়নসাকল্যং তস্মিন্ প্রবণস্তৎপর ইত্যর্থঃ। যদ্বা, পারায়ণেন প্রবণঃ প্রণতো যো বিপ্রস্তস্য পরং পরমম্ অয়নমাশ্রয়স্তস্য ॥ ২৯ ॥

প্রাতর্ভজামি ভজতামভয়ঙ্করং তং,
প্রাক্ সর্ব্বজন্মকৃত-পাপভয়াবহত্যৈ।
যো গ্রাহবক্ত্রপতিতাঙ্ঘ্রিগজেন্দ্রঘোর-
শোকপ্রণাশমকরোদ্ধৃত-শঙ্খচক্রঃ ॥ ৩০ ॥

অনুবাদ—কুম্ভীর মুখে পদ পতিত হওয়ায় গজ-রাজ দারুণ শোকে অভিভূত হইলে যিনি শঙ্খ-চক্র ধারণ পূর্ব্বক গজরাজের শোক দূর করিয়াছিলেন, আমি আমার পূর্ব্ব পূর্ব্ব জন্মে কৃত নিখিল পাপ ভয় বিনাশের নিমিত্ত ভজন কারিগণের সেই অভয় দান-দানকারী শ্রীভগবানকে ভজনা করি ॥ ৩০ ॥

শ্লোকত্রয়মিদং পুণ্যং প্রাতঃ প্রাতঃ পঠেত্তু যঃ।
লোকত্রয়গুরুস্তস্মৈ দদ্যাদাত্মপদং হরিঃ ॥৩১॥ ইতি।

অনুবাদ—প্রত্যহ প্রভাত কালে যিনি এই তিনটি শ্লোক পাঠ করেন, ত্রিলোকের গুরু শ্রীহরি তাঁহাকে আত্মপদ প্রদান করেন ॥ ৩১ ॥

টীকা—ভগবৎকীর্ত্তনস্মরণে এব সর্ব্বতীর্থাভিষেক ইত্যত্র প্রমাণং লিখতি—সকৃদিতি। কল্পশতত্রয়মিত্যস্য নিত্যে তাৎপর্য্যং সদৈবেত্যর্থঃ ॥ ৩১ ॥

———

তদেতল্লিখিতং কুত্র কুত্রচিদ্ব্যবহারতঃ।
কিন্তু স্বাভীষ্টরূপাদি শ্রীকৃষ্ণস্য বিচিন্তয়েৎ ॥ ৩২ ॥

অনুবাদ—কোন কোন স্থলে ব্যবহারানুযায়ী পূর্ব্বে উল্লিখিত তথ্য পুনরায় লিখিত হইল, সাধক কিন্তু নিজের অভীষ্ট অনুসারে শ্রীকৃষ্ণের রূপলীলা প্রভৃতির ভাবনা করিবেন ॥ ৩২ ॥

———

ইত্থং বিদধ্যাদ্ভগবৎকীর্ত্তন-স্মরণাদিকম্।
সর্ব্বতীর্থাভিষেকং বৈ বহিরন্তর্বিশোধনম্ ॥ ৩৩ ॥

অনুবাদ—এই প্রকারে শ্রীভগবানের নামকীর্ত্তন এবং নাম স্মরণাদি করিবে তাহা হইলেই সর্ব্বতীর্থাভিষেকের ফল, বহিঃশুদ্ধি এবং অন্তঃশুদ্ধি হইবে ॥ ৩৩ ॥

———

তথা চ স্কান্দে স্কন্দং প্রতি শ্রীশিবোক্তৌ—
সকৃন্নারায়ণেত্যুক্ত্বা পুমান্ কল্পশতত্রয়ম্।
গঙ্গাদিসর্ব্বতীর্থেষু স্নাতো ভবতি পুত্রক ॥ ৩৪ ॥

অনুবাদ—এই বিষয়ে স্কন্দপুরাণে-কার্ত্তিকেয়ের প্রতি শ্রীশিবোক্তি—হে পুত্র। তিনশত কল্প সতত গঙ্গা আদি সমগ্র তীর্থে স্নান করিলে যে ফললাভ হয়। 'নারায়ণ' এই শব্দ একবার উচ্চারণ দ্বারা মানুষ সেই ফল পাইতে পারে ॥ ৩৪ ॥

———

অন্যত্র চ—
শয়নাদুত্থিতো যস্তু কীর্ত্তয়েন্মধুসূদনম্।
কীর্ত্তনাত্তস্য পাপস্য নাশমায়াত্যশেষতঃ ॥৩৫॥ ইতি।

অনুবাদ—অন্যত্রও বর্ণিত হইয়াছে যে—যিনি শয্যা পরিত্যাগ করিয়া মধুসূদন নাম কীর্ত্তন করেন, সেই কীর্ত্তন প্রভাবেই তাহার পাপসমূহ নিঃশেষে ক্ষয়-প্রাপ্ত হয় ॥ ৩৫ ॥

টীকা—কথং বহিরন্তর্বিশোধনম্? তল্লিখতি—শয়নাদিতি। কীর্ত্তনাৎ কেবলাদেব ॥ ৩৫ ॥

———

মাহাত্ম্যং কীর্ত্তনস্যাগ্রে লেখ্যং মুখ্যপ্রসঙ্গতঃ।
স্মরণস্য তু মাহাত্ম্যমধুনা লিখ্যতে কিয়ৎ ॥ ৩৬ ॥

অনুবাদ—মুখ্য প্রসঙ্গ হওয়ায় কীর্ত্তনের মাহাত্ম্য অগ্রে লিখিত হইবে এখন স্মরণের মাহাত্ম্য কিঞ্চিৎ লিখিত হইতেছে ॥ ৩৬ ॥

টীকা—মুখ্যে প্রসঙ্গে ইতি কীর্ত্তনস্যৈব প্রাধান্যেন প্রসঙ্গে সতি লেখ্যম্, অধুনা চান্যসঙ্গত্যা গৌণত্বাৎ লিখিতুমযোগ্যমিত্যর্থঃ, এবমগ্রেঽপি জ্ঞেয়ম্ ॥ ৩৬ ॥

———

তত্রাদৌ তস্য নিত্যতা

পাদ্মে বৃহৎসহস্রনামস্তোত্রে—
স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ।
সর্ব্বে বিধিনিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করাঃ ॥ ৩৭ ॥

অনুবাদ—প্রথমতঃ শ্রীহরিস্মরণের নিত্যতা—পাদ্মে বৃহৎ সহস্রনামস্তোত্রে বলিতেছেন—সর্ব্বদা শ্রীবিষ্ণুর স্মরণ কর্ত্তব্য, কখনও বিস্মৃত হইবে না, শাস্ত্রোক্ত সর্ব্ববিধ বিধি ও নিষেধ এই বিষ্ণুস্মরণ ও বিস্মরণের অনুগ্রহ ॥ ৩৭ ॥

টীকা—জাতুচিৎ কদাচিদপি ন বিস্মর্ত্তব্যঃ। এতয়োঃ স্মরণ-বিস্মরণয়োরেব কিঙ্করাঃ অনুগাঃ; স্মৃতৌ সর্ব্বে বিধয়স্তৎকৃতপুণ্যানি, বিস্মৃতৌ চ সর্ব্বে নিষেধাস্তৎকৃতপাপানি, স্বয়মেবানুগচ্ছন্তীত্যর্থঃ ॥ ৩৭॥

———

স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীমদগস্ত্যোক্তৌ—
সা হানিস্তন্মহচ্ছিদ্রং সা চান্ধজড়মূকতা।
যন্মুহূর্ত্তং ক্ষণং বাপি বাসুদেবো ন চিন্ত্যতে ॥ ৩৮॥

অনুবাদ—স্কন্দপুরাণে—কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীমৎ অগস্ত্য মুনির উক্তি—যে মুহূর্ত্ত বা ক্ষণ শ্রীবাসুদেবের চিন্তায় অতিবাহিত না হয় তাহাই ক্ষতি, তাহাই

মহৎ ছিদ্র, তাহাই অন্ধতা, জড়তা এবং মূর্খতা স্বরূপ ॥ ৩৮ ॥ (ছিদ্র—অনর্থ)

কাশীখণ্ডে চ শ্রীধ্রুবচরিতে—

ইয়মেব পরা হানিরুপসর্গোঽয়মেব চ।
অভাগ্যং পরমং চৈতদ্বাসুদেবং ন যৎ স্মরেৎ ॥৩৯॥

অনুবাদ—কাশীখণ্ডে ধ্রুবমহারাজের চরিত্রবর্ণন প্রসঙ্গে উক্ত হইয়াছে—বাসুদেবকে স্মরণ না করিলে তাহাই বিশেষ হানি, তাহাই উপসর্গ, তাহাই বিশেষ অভাগ্য স্বরূপ ॥ ৩৯ ॥

যে মুহূর্ত্তাঃ ক্ষণা যে চ যাঃ কাষ্ঠা যে নিমেষকাঃ।
ঋতে বিষ্ণুস্মৃতের্যাতা-
স্তেষু মুষ্টো যমেন সঃ ॥ ৪০ ॥ ইতি।

অনুবাদ—শ্রীবিষ্ণুস্মরণ ব্যতীত যে সমস্ত মুহূর্ত্ত, যে সমস্ত ক্ষণ, যে সকল কাষ্ঠা এবং যে সমস্ত নিমেষ অতীত হয়, বিষ্ণুস্মরণ রহিত জন সেই সকল মুহূর্ত্তাদিতেই যমদ্বারা বঞ্চিত হইয়া থাকে ॥ ৪০ ॥ (কাষ্ঠা=১৮ নিমেষ)

টীকা—ঋতে বিষ্ণুস্মৃতেবিষ্ণুস্মরণং বিনা, যস্য জনস্য, যাতা অপগতাঃ তেষু মুহূর্ত্তাদিষু মুষ্টো বঞ্চিতো বশীকৃত ইত্যর্থঃ ॥ ৪০ ॥

নিত্যত্বেঽপ্যস্য মাহাত্ম্যং বিচিত্রফলদানতঃ।
জ্ঞেয়ং শাস্ত্রোদিতং দর্শপৌর্ণমাসাদিবদ্বুধৈঃ ॥ ৪১ ॥

অনুবাদ—দর্শপৌর্ণমাস এবং অগ্নি-হোত্রাদিবৎ বিষ্ণুস্মরণের নিত্যত্ব হইলেও নানাপ্রকার ফলদান হেতু বুধগণ শাস্ত্রে ইহার মাহাত্ম্য বর্ণন করিয়াছেন ॥ ৪১ ॥

টীকা—ননু শাস্ত্রেষু স্মরণস্য তত্তৎফলশ্রবণাৎ কথং নিত্যত্বং সিধ্যেদিত্যাশঙ্ক্যাহ—নিত্যত্বেঽপীতি। অস্য স্মরণস্য শাস্ত্রোদিতং বিচিত্রফলদানতো মাহাত্ম্যং দর্শপৌর্ণমাসাদিবৎ ; আদি-শব্দাদগ্নিহোত্রাদি, যথা তেষাং নিত্যত্বেঽপি সতি ফলানি শ্রূয়ন্তে, তথাত্রাপি বুধৈঃ শাস্ত্রবিদ্ভির্জ্ঞেয়ম্ ; এতচ্চ মীমাংসাশাস্ত্র-নিপুণৈঃ শ্রীকৃষ্ণদেবাচার্য্যাদিভিরেকাদশীপ্রসঙ্গে বিবৃত্য লিখিতমস্তীতি নাত্র বিস্তার্য্যতে। এবমগ্রেঽপি সর্ব্বত্রৈব বোদ্ধব্যমিতি ॥ ৪১ ॥

অথ স্মরণমাহাত্ম্যম্

(তত্র সর্ব্বতীর্থস্নানাধিকত্বম্)

উক্তঞ্চ স্মার্ত্তৈরপি—

মান্ত্রং পার্থিবমাগ্নেয়ং বায়ব্যং দিব্যমেব চ।
বারুণং মানসং চেতি স্নানং সপ্তবিধং স্মৃতম্ ॥৪২॥
শন্ন আপস্তু বৈ মান্ত্রং মৃদালম্ভস্তু পার্থিবম্।
ভস্মনা স্নানমাগ্নেয়ং স্নানং গোরজসানিলম্ ॥ ৪৩ ॥
আতপে সতি যা বৃষ্টির্দিব্যং স্নানং তদুচ্যতে।
বহির্নদ্যাদিষু স্নানং বারুণং প্রোচ্যতে বুধৈঃ।
ধ্যানং যন্মনসা বিষ্ণোর্মানসং
তৎ প্রকীর্ত্তিতম্ ॥ ৪৪ ॥

অনুবাদ—প্রথমতঃ স্মরণের সর্ব্বতীর্থ স্নানাধিকত্ব যথা—স্মার্ত্তগণও বলিয়াছেন যে, মন্ত্র, পার্থিব, আগ্নেয়, বায়ব্য, দিব্য, বারুণ ও মানস স্নান এই সাত প্রকার বলিয়া কথিত। 'শন্ন আপঃ' ইত্যাদি মন্ত্রোচ্চারণ করিয়া স্নানকে মন্ত্রে স্নান, মৃত্তিকা স্পর্শ করিয়া স্নানকে পার্থিব স্নান, ভস্মদ্বারা স্নানকে আগ্নেয়স্নান গোধূলিদ্বারা স্নানকে বায়ব্য স্নান ও রৌদ্র বিদ্যমানে বৃষ্টি হইলে তাহাতে স্নানকে দিব্য-স্নান। নদী পুষ্করিণী প্রভৃতিতে স্নানকে বুধগণ বারুণস্নান বলেন। মনে মনে যে বিষ্ণুধ্যান তাহাকেই মানসস্নান বলিয়া জানিতে হইবে ॥ ৪২-৪৪ ॥

টীকা—স্মার্ত্তৈরপীতি—ভগবদ্ভক্তিপরৈরুচ্যত এব স্মৃত্যুক্তকর্ম্মপরৈরপ্যুক্তমিত্যর্থঃ। শং ন আপস্ত্বিতি মন্ত্রাদ্যবর্ণাঃ, ইদমপি স্মার্ত্তানামেব মতং, বৈষ্ণবানান্তু মূলমন্ত্রাদিনৈব। মৃদঃ মৃত্তিকায়া আলম্ভঃ স্পর্শনং যস্মিন্ তৎ, মনসা ধ্যানমিতি কেবলমনঃসংযোগ-মাত্ররূপং স্মরণং লক্ষ্যতে, ধ্যানমিত্যুক্তেঽপি মনসেতি প্রয়োগাৎ ॥ ৪২-৪৪ ॥

কিঞ্চ—

অসামর্থ্যেন কায়স্য কালদেশাদ্যপেক্ষয়া।
তুল্যফলানি সর্ব্বাণি স্যুরিত্যাহ পরাশরঃ ॥ ৪৫ ॥

স্নানানাং মানসং স্নানং মন্বাদ্যৈঃ পরমং স্মৃতম্ ।
কৃতেন যেন মুচ্যন্তে গৃহস্থা অপি বৈ দ্বিজাঃ ॥ ৪৬ ॥

অনুবাদ—পরাশর মুনি বলিয়াছেন—শরীর যদি অসমর্থ হয়, তাহা হইলে দেশ, কাল ও অধিকারীর অপেক্ষা না করিয়া সকল প্রকার স্নানেরই সমান ফল হইয়া থাকে। মনু প্রভৃতি বলিয়াছেন যে, স্নান দ্বারা গৃহস্থাশ্রমী দ্বিজগণ মুক্তিলাভ করেন, সেইমানস স্নানই সকল প্রকার স্নানের মধ্যে শ্রেষ্ঠ ॥ ৪৫-৪৬ ॥

টীকা—ন চৈতেষু ব্যাপারতারতম্যাদিনা তারতম্যং জ্ঞেয়মিতি লিখতি—অসামর্থ্যেনেতি, কালাদ্যপেক্ষয়া চ ; আদিশব্দেন অধিকারী গ্রাহ্যঃ ; কিঞ্চ, স্নানানামিতি দ্বিজা ইতি—তেষামেব স্নানাদৌ মুখ্যত্বাৎ ; হে দ্বিজা ইতি বা ॥ ৪৫-৪৬ ॥

(পরমশোধকত্বম্)

গারুড়ে শ্রীনারদোক্তৌ, বিষ্ণুধর্ম্মে চ পুলস্ত্যোক্তৌ—

অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা ।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ ॥৪৭

অনুবাদ—এখন মানস স্নানের পরম শোধকত্ব বলা হইতেছে—গরুড় পুরাণে শ্রীনারদের উক্তিতে এবং বিষ্ণুধর্ম্মে পুলস্ত্য ঋষির উক্তিতে আছে—অপবিত্র অথবা পবিত্র কিংবা সকল প্রকার অর্থাৎ যে কোন অবস্থাতেই হোক পুণ্ডরীকাক্ষকে স্মরণ করিলে স্মরণ কারীর বাহ্য এবং অভ্যন্তর শুদ্ধ হয় ॥ ৪৭ ॥

টীকা—স বাহ্যাভ্যন্তর ইতি—বাহ্যেন শরীরাদিনা আভ্যন্তরেণ চ মনআদিনা সহ শুদ্ধোঽভূদিত্যর্থঃ ॥৪৭

যদ্যপ্যুপহতঃ পাপৈর্ম্মনসাত্যন্তদুস্তরৈঃ ।
তথাপি সংস্মরন্ বিষ্ণুং স বাহ্যাভ্যন্তর শুচিঃ ॥৪৮

অনুবাদ—মনেও গণনা করিয়া শেষ করা যায় না এরূপ রাশিকৃত পাপসমূহদ্বারা দূষিত হইয়াও বিষ্ণুস্মরণ করিলে বাহ্য ও অভ্যন্তর শুদ্ধ হইয়া থাকে ॥ ৪৮ ॥

টীকা—মনসাঽপি অত্যন্তদুস্তরৈঃ, অনন্তত্বাৎ গণয়িতুমশক্যৈঃ, কিং পুনর্ব্বাচেত্যর্থঃ ; যদ্বা, মনঃসঙ্কল্পিতেনাপি প্রায়শ্চিত্তশতেন পরমাপরিহার্য্যৈঃ, কিং পুনঃ সাক্ষাৎপ্রায়শ্চিত্তকর্ম্মানুষ্ঠানেনেত্যর্থঃ, তস্য দুষ্করত্বাৎ ; যদ্বা, মনসা সংস্মরন্ ইত্যন্বয়ঃ। ততশ্চ মনসেতি কেবলং মনসি কথঞ্চিৎ সংযোগমাত্রমভিপ্রেতম্ ॥ ৪৮ ॥

(পাপোন্মূলনত্বম্)

শ্রীবিষ্ণুপুরাণে—

প্রায়শ্চিত্তান্যশেষাণি তপঃকর্ম্মাত্মকানি বৈ ।
যানি তেষামশেষাণাং কৃষ্ণানুস্মরণং পরম্ ॥ ৪৯ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুস্মরণ দ্বারা পাপের উন্মূলনত্ব বর্ণিত হইয়াছে— বিষ্ণুপুরাণে বলা হইয়াছে সকলপ্রকার প্রায়শ্চিত্ত, তপস্যা, দান, জপ এবং ব্রত প্রভৃতির মধ্যে শ্রীকৃষ্ণ স্মরণই সর্ব্বপ্রধান ॥ ৪৯ ॥

টীকা—তপাংসি কৃচ্ছ্রাদীনি, কর্ম্মানি দানজপাদীনি তদাত্মকানি, তেষাং মধ্যে তেভ্যো বা পরং শ্রেষ্ঠম্ ॥ ৪৯ ॥

কৃতে পাপেঽনুতাপো বৈ যস্য পুংসঃ প্রজায়তে ।
প্রায়শ্চিত্তন্তু তস্যৈকং হরিসংস্মরণং পরম্ ॥ ৫০ ॥

অনুবাদ—পাপ আচরণ করিবার পর যাহার অনুতাপ জন্মে তাহার পক্ষে একমাত্র শ্রীহরিস্মরণই সর্ব্বশ্রেষ্ঠ প্রায়শ্চিত্ত ॥ ৫০ ॥

টীকা—শ্রেষ্ঠত্বমেবাহ—কৃত ইতি। প্রকর্ষেণ জায়তে, তস্যৈব মন্বাদ্যুক্তানাং তপোদানাদীনাং মধ্যে একং কিঞ্চিত্তদনুরূপং প্রায়শ্চিত্তং, তদননুতপ্তস্য তেষ্বনধিকারাৎ ; হরিস্মরণন্তু পরম্ অনুতাপানপেক্ষয়াপি নিঃশেষপাপক্ষয়হেতুত্বাৎ 'অবশেনাপি যন্নাম্নি কীর্ত্তিতে' ইতি, 'হরির্হরতি পাপানি' ইত্যাদ্যুক্তেঃ ॥ ৫০ ॥

কিঞ্চ—

কলিকল্মষমত্যুগ্রং নরকার্ত্তিপ্রদং নৃণাম্ ।
প্রযাতি বিলয়ং সদ্যঃ সকৃদ্‌যত্রানুসংস্মৃতে ॥ ৫১ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—শ্রীহরিকে একবার স্মরণ করিলেই মানবগণের নরক-যন্ত্রণা-প্রদ অতিঘোর কলিকল্মষ তৎক্ষণাৎ বিনাশ প্রাপ্ত হয় ॥৫১

টীকা—অধুনা পরমদুষ্পরিহর-কলিমহাপাতকস্যাপি নাশকমিত্যাহ—কলীতি। সদ্যস্তৎকালীনমেব কলিসুদুস্তরম্। যদ্বা, যত্র যস্মিন্ হরৌ, অনুকরণেনাপি সংস্মৃতে সতি, অনুকরণেনাপি স্মৃতেঃ, সম্যক্ত্বাভিপ্রায়েণ সং-শব্দঃ ॥ ৫১ ॥

———

কৌর্ম্মে শ্রীভগবদুক্তৌ—

যে মাং জনাঃ সংস্মরন্তি কলৌ সকৃদপি প্রভুম্।
তেষাং নশ্যতি তৎপাপং ভক্তানাং পুরুষোত্তমে ॥ ৫২

অনুবাদ—কূর্ম্মপুরাণে শ্রীভগবান বলিয়াছেন—কলিকালে যে সকল মনুষ্য প্রভু স্বরূপ আমাকে স্মরণ করেন, পুরুষোত্তম আমাতে ভক্তিমান্, সেই জনগণের কলিকালের সুদুস্তর পাপ সদ্যঃই ধ্বংস প্রাপ্ত হয় ॥ ৫২ ॥

টীকা—তস্য কলেরপি পাপম্, যতস্তেন স্মরণেনৈব, পুরুষোত্তমে ময়ি, ভক্তানাং ভক্তিমতাং সতাম্ ॥ ৫২ ॥

———

বৃহন্নারদীয়ে শুক্রবলি-সংবাদে—

হরির্হরতি পাপানি দুষ্টচিত্তৈরপি স্মৃতঃ।
অনিচ্ছয়াপি সংস্পৃষ্টো দহত্যেব হি পাবকঃ ॥৫৩॥

অনুবাদ—বৃহন্নারদীয় পুরাণে-শুক্রবলি-সংবাদে বর্ণিত হইয়াছে—দুষ্টচিত্ত ব্যক্তিগণ দ্বারা স্মৃত হইয়াও শ্রীহরি তাহাদিগের পাপসমূহ হরণ করেন, যেমন অনিচ্ছাদ্বারাও সংস্পৃষ্ট অগ্নি দগ্ধ করিয়া থাকে ॥ ৫৩ ॥

———

তত্রৈব প্রায়শ্চিত্ত-প্রসঙ্গান্তে—

মহাপাতকযুক্তো বা যুক্তো বা সর্ব্বপাতকৈঃ।
স বৈ বিমুচ্যতে সদ্যো যস্য বিষ্ণুপরং মনঃ ॥ ৫৪ ॥

অনুবাদ—ঐ পুরাণেই প্রায়শ্চিত্ত-প্রসঙ্গের শেষে বলা হইয়াছে—মহাপাতক যুক্ত হউক অথবা সর্ব্বপাতকযুক্ত হউক, যাঁহার ভগবান শ্রীবিষ্ণুতে মন আবিষ্ট হইয়াছে তিনি তৎক্ষণাৎ পাতক হইতে মুক্ত হন ॥ ৫৪ ॥

———

ব্রহ্মবৈবর্ত্তে—

কর্ম্মণা মনসা বাচা যঃ কৃতঃ পাপসঞ্চয়ঃ।
সোঽপ্যশেষঃ ক্ষয়ং যাতি স্মৃত্বা কৃষ্ণাঙ্ঘ্রিপঙ্কজম্ ॥৫৫

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বলা হইয়াছে—কর্ম্মদ্বারা, মনদ্বারা ও বাক্য দ্বারা যে সমস্ত পাপ সঞ্চিত হয়, শ্রীকৃষ্ণপাদপদ্ম-স্মরণ দ্বারা সেই সকল পাতকও ক্ষয় হইয়া থাকে ॥ ৫৫ ॥

———

অতএবোক্তং স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীপরাশরেণ—

যমমার্গং মহাঘোরং নরকাংশ্চ যমং তথা।
স্বপ্নেঽপি ন নরঃ পশ্যেদ্যঃ স্মরেদ্‌গরুড়ধ্বজম্ ॥৫৬

অনুবাদ—অতএব স্কন্দপুরাণে কার্ত্তিক প্রসঙ্গে পরাশর বলিয়াছেন—গরুড় বাহন শ্রীহরিকে যিনি স্মরণ করেন, তাঁহাকে স্বপ্নেও মহাভয়ঙ্কর যমমার্গ, নরকসমূহ এবং ধর্ম্মরাজ যমকে দর্শন করিতে হয় না ॥ ৫৬ ॥

টীকা—'স্বপ্নেঽপি ন নরঃ পশ্যেৎ' ইতি পাপানুৎপত্তেঃ, কথঞ্চিৎ জাতস্যাপি সংক্ষয়াদ্বা ॥ ৫৬ ॥

———

ষষ্ঠস্কন্ধে (১।১৯) শ্রীশুকেন—

সকৃন্মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো-
র্নিবেশিতং তদ্গুণরাগি যৈরিহ।
ন তে যমং পাশভৃতশ্চ তদ্ভটান্
স্বপ্নেঽপি পশ্যন্তি হি চীর্ণনিষ্কৃতাঃ ॥ ৫৭ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে শ্রীশুকদেব বলিয়াছেন—শ্রীকৃষ্ণের শ্রীপাদপদ্মে, ভগবদ্-গুণাদিতে যাঁহারা অনুরাগী, তাঁহারা স্বীয় মনকে একবার মাত্র যদি নিবেশিত করেন তাঁহারা স্বপ্নেও যম বা পাশধারী যমদূতগণকে দর্শন করেন না। যেহেতু শ্রীভগবৎপাদপদ্মে মনোনিবেশ দ্বারাই তাঁহাদের সমস্ত প্রায়শ্চিত্ত অনুষ্ঠিত হইয়া যায় ॥ ৫৭ ॥

টীকা—সকৃদপি, এবম্ অপি-শব্দস্য সর্ব্বত্রান্বয়াদয়মর্থঃ—কিং পুনঃ সদা, কিং পুনঃ সর্ব্বেন্দ্রিয়াণি, কিং পুনঃ সর্ব্বাঙ্গসৌন্দর্য্যাদৌ, কিং পুনঃ স্বতো নিবিষ্টং, কিং পুনস্তদ্রূপ-নামানুরাগীতি। কারুণ্যাদিনা গুণরাগিত্বেনোপকারাপেক্ষয়া সোপাধিকত্বাপত্তে-

ত্বস্য ন্যূনতয়া কৈমুতিকন্যায়সিদ্ধিঃ। তথা যৈরপি কৈশ্চিৎ ইহাপি যত্র কুত্রচিদিতি; তথা কুতো যাম্যা যাতনাঃ, কুতশ্চ বন্ধনার্থানীতপাশান্, কুতশ্চ নির্বলান্ যমদূতানিতি; তথা কুতঃ সাক্ষাত্তন্ময়তর্জ্জনাদিকমনুভবেয়ুরিতি; যতঃ চীর্ণনিষ্কৃতাঃ তেনৈব কৃতপ্রায়শ্চিত্তাঃ; এবং যথা কথঞ্চিৎ স্মরণমাত্রেণ সর্ব্বপাপক্ষয়াৎ সর্ব্বেষামেব নরকাদ্যভাবোঽভিপ্রেতঃ; ইত্থঞ্চ বিষ্ণুপরং মনঃ ইত্যত্র বিষ্ণ্বাশ্রয়ং কথঞ্চিৎ তৎসমীপগমিতি জ্ঞেয়ম্। তথাহরিসংস্মরণমিত্যাদৌ সংশব্দাদিকং ভগবৎস্মরণস্য সর্ব্বস্মরণতঃ সম্যক্‌তয়া স্বরূপনির্দ্দেশমাত্রপরং, ন তু বিশেষণপরমিতি দিক্। যদ্যপি পরমশোধকত্বপাপোন্মূলনত্বয়োরভেদ এব পর্য্যবস্যতি, তথাপি পরমশোধকত্বস্য তাৎকালিকপাপাদ্যশুদ্ধিতো বাহ্যাভ্যন্তরপবিত্রতামাত্র-লক্ষণত্বেন পাপোন্মূলনত্বস্য চানেকজন্মকৃতবাসনাশেষপাপক্ষপণরূপতয়া কশ্চিদ্ভেদঃ কল্প্যঃ; এবমন্যত্রাপি জ্ঞেয়ম্ ॥ ৫৭ ॥

সর্ব্বাপদ্বিমোচকত্বম্

শ্রীবিষ্ণুপুরাণে প্রহলাদোক্তৌ—

দন্তা গজানাং কুলিশাগ্রনিষ্ঠুরাঃ
শীর্ণা যদেতে ন বলং মমৈতৎ।
মহাবিপৎপাতবিনাশনোঽয়ং
জনার্দ্দনানুস্মরণানুভাবঃ ॥ ৫৮ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে প্রহলাদ মহারাজের উক্তিতে জানা যায় যে হস্তিগণের দন্ত বজ্রের অগ্রভাগ অপেক্ষাও কঠিন, সেগুলিও যখন বিদীর্ণ হইল, তখন বুঝিতে হইবে ইহা আমার বল নহে, মহাবিপদ্‌পাতের বিনাশকারী জনার্দ্দনের স্মরণ প্রভাবেই ইহা ঘটিয়াছে ॥ ৫৮ ॥

বামনপুরাণে চ—

বিষ্টয়ো ব্যতিপাতাশ্চ যেঽন্যে দুর্নীতিসম্ভবাঃ।
তে সর্ব্বে স্মরণাদ্বিষ্ণোর্নাশমায়ান্ত্যুপদ্রবাঃ ॥ ৫৯ ॥

অনুবাদ—শ্রীবামনপুরাণে বর্ণিত আছে যে বিষ্টি, ব্যতীপাত এবং অন্যান্য দুর্নীতিজাত উপদ্রব সবকিছুই শ্রীবিষ্ণুস্মরণ দ্বারাই নাশ প্রাপ্ত হয় ॥ ৫৯ ॥

পাদ্মে মাঘমাহাত্ম্যে দেবদ্যুতিস্তুতৌ—

যস্য স্মরণমাত্রেণ ন মোহো ন চ দুর্গতিঃ।
ন রোগো ন চ দুঃখানি তমনন্তং নমাম্যহম্ ॥ ৬০ ॥

অনুবাদ—পদ্মপুরাণে মাঘমাহাত্ম্যে দেবদ্যুতি তাঁহার স্তবে বলিতেছেন—যাঁহার স্মরণ মাত্রে মোহ নাশ প্রাপ্ত হয়, দুর্গতি অপগত হয়, রোগ এবং দুঃখও পলাইয়া যায়, আমি সেই অনন্তকে প্রণাম করি ॥৬০॥

দুর্ব্বাসনোন্মূলনত্বম্

দ্বাদশস্কন্ধে (৩।৪৭)—

যথা হেম্নি স্থিতো বহ্নির্দৌর্বর্ণ্যং হন্তি ধাতুজম্।
এবমাত্মগতো বিষ্ণুর্যোগিনামশুভাশয়ম্ ॥ ৬১ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতের দ্বাদশস্কন্ধে বলা হইয়াছে—সুবর্ণের সহিত যুক্ত হইয়া অগ্নি যেরূপ সুবর্ণের সহিত মিশ্রিত তাম্রাদি ধাতু জাত মালিন্য ধ্বংস করে, সেই প্রকার শ্রীবিষ্ণু আত্মগত হইয়া যোগিগণের অশুভ সমূহ নাশ করেন ॥ ৬১ ॥

টীকা—ধাতুজং তাম্রাদিসংশ্লেষজাতং, হেম্নো দৌর্বর্ণ্যং মালিন্যং হেম্নি স্থিতঃ সন্ বহ্নিরেব হরতি, এবং যোগিনামপি সতাম্ আত্মগতো মনসি প্রাপ্তঃ স্মৃতঃ সন্, বিষ্ণুরেব, ন তু যোগাদিকমিত্যর্থঃ ॥ ৬১ ॥

সর্ব্বমঙ্গলকারিত্বম্

পাণ্ডবগীতায়াম্—

লাভস্তেষাং জয়স্তেষাং কুতস্তেষাং পরাভবঃ।
যেষামিন্দীবরশ্যামো হৃদয়স্থো জনার্দ্দনঃ ॥ ৬২ ॥

অনুবাদ—পাণ্ডবগীতায় বলা হইয়াছে যে—যাঁহাদিগের হৃদয়ে ইন্দীবর শ্যাম জনার্দ্দন অবস্থান করেন তাঁহাদের সর্ব্বত্রই লাভ এবং সকল বিষয়েই তাঁহাদিগের জয়। তাঁহাদের পরাজয় কোথায়? ৬২॥

সর্ব্বসৎকর্ম্ম ফলপ্রদত্বম্

স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গেঽগস্ত্যোক্তৌ—

দেবেষু যজ্ঞেষু তপঃসু চৈব
দানেষু তীর্থেষু ব্রতেষু চৈব।
ইষ্টেষু পূর্ত্তেষু চ যৎ প্রদিষ্টং
নৃণাং স্মৃতে তৎফলমচ্যুতে চ ॥ ৬৩ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীঅগস্ত্যের উক্তিতে জানা যায়, দানে, ব্রতে, তপস্যায়, তীর্থ ও যজ্ঞবিষয়ে ইষ্ট কর্ম্মে এবং পূর্ত্তকর্ম্মে মানবগণের জন্য যে সমস্ত বিধান নির্দ্দিষ্ট হইয়াছে একমাত্র শ্রীভগবৎ-স্মরণের দ্বারাই সেই সকলের ফল লভ্য হয়॥ ৬৩॥

কর্ম্মসাদ্গুণ্যকারিত্বম্

বৃহন্নারদীয়ে—

ন্যূনাতিরিক্ততা সিদ্ধা কলৌ বেদোক্তকর্ম্মণাম্।
হরিস্মরণমেবাত্র সম্পূর্ণফলদায়কম্ ॥ ৬৪ ॥

অনুবাদ—বৃহন্নারদীয় পুরাণে—কলিযুগে বেদে উক্ত কর্ম্ম সকলের অবশ্য ন্যূনতা ও আধিক্য হয় এই বিষয়ে শ্রীহরিস্মরণই সম্পূর্ণ ফলদায়ক ॥ ৬৪ ॥

টীকা—সিদ্ধেতি—স্বভাবতোঽবশ্যং স্যাদবেত্যর্থঃ ॥ ৬৪ ॥

স্মৃতৌ চ—

প্রমাদাৎ কুর্ব্বতাং কর্ম্ম প্রচ্যবেতাধ্বরেষু যৎ।
স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাদিতি স্মৃতিঃ ॥৬৫॥

অনুবাদ—স্মৃতি শাস্ত্রেও উক্ত হইয়াছে—যজ্ঞ-ক্রিয়ার কর্ম্ম কর্ত্তৃগণে অনবধানতা বশতঃ যে কর্ম্মাঙ্গ-হানি হয় তাহা বিষ্ণুস্মরণ হইতেই সম্পূর্ণ হয় ॥৬৫॥

সর্ব্বকর্ম্মাধিকত্বম্

বৃহন্নারদীয়ে কলিপ্রসঙ্গে—

তুলাপুরুষদানানাং রাজসূয়াশ্বমেধয়োঃ।
ফলং বিষ্ণোঃ স্মৃতিসমং ন জাতু দ্বিজসত্তম ॥ ৬৬॥

অনুবাদ—বৃহন্নারদীয় পুরাণে কলিপ্রসঙ্গে উক্ত হইয়াছে যে, হে দ্বিজশ্রেষ্ঠ! তুলাপুরুষদান, রাজসূয় যজ্ঞ এবং অশ্বমেধযজ্ঞ—এই সকলের ফল কখনও শ্রীবিষ্ণুস্মরণের সমান নহে ॥ ৬৬ ॥

দ্বাদশস্কন্ধে (৩।৪৮)—

বিদ্যাতপঃপ্রাণনিরোধমৈত্রী-
তীর্থাভিষেকব্রতদানজপ্যৈঃ।
নাত্যন্তশুদ্ধিং লভতেঽন্তরাত্মা
যথা হৃদিস্থে ভগবত্যনন্তে ॥ ৬৭ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতে দ্বাদশ স্কন্ধে—ভগবান অনন্ত অন্তঃকরণ মধ্যস্থ হইলে অন্তরাত্মা যে প্রকার অতিশয় বিশুদ্ধ হয় বিদ্যা, তপঃ, প্রাণায়াম, মৈত্রী, তীর্থসেবা, ব্রত, দান এবং জপদ্বারা সেই প্রকার বিশুদ্ধ হওয়ার সম্ভাবনা নাই ॥ ৬৭ ॥

টীকা—বিদ্যা উপাসনা অধ্যয়নং বা, তপঃ স্বধর্ম্মাচরণম্, প্রাণনিরোধঃ প্রাণায়ামঃ, মৈত্রী ভূতেষু স্নেহঃ, অন্তরাত্মা মনঃ, হৃদিস্থে স্মৃতে ॥ ৬৭॥

সর্ব্বভয়াপহারিত্বম্

বিষ্ণুপুরাণে হিরণ্যকশিপুং প্রতি শ্রীপ্রহলাদোক্তৌ—

ভয়ং ভয়ানামপহারিণি স্থিতে
মনস্যনন্তে মম কুত্র তিষ্ঠতি।
যস্মিন্ স্মৃতে জন্মজরোদ্ভবানি
ভয়ানি সর্ব্বাণ্যপযান্তি তাত ॥ ৬৮ ॥

মোক্ষপ্রদত্বম্

তত্রৈবান্যত্র—

বিষ্ণুসংস্মরণাৎ ক্ষীণসমস্তক্লেশসঞ্চয়ঃ।
মুক্তিং প্রযাতি স্বর্গাপ্তিস্তস্য বিঘ্নোঽনুমীয়তে ॥ ৬৯ ॥

অনুবাদ—পিতা হিরণ্যকশিপুর প্রতি প্রহলাদ কহিতেছেন হে তাত! যাঁহার স্মরণে জন্ম ও জরা-জন্য সর্ব্বপ্রকার ভয় দূরীভূত হয়, সেই সকল ভয় নাশকারী শ্রীঅনন্ত যখন আমার হৃদয়ে অবস্থান করিতেছেন তখন ভয় কোথায়? অন্যত্র স্মরণের মোক্ষপ্রদত্ত বলা হইয়াছে—বিষ্ণুস্মরণ বশতঃ যাহার

পাপমূল রাগ প্রভৃতি ক্ষয় হয়, তিনি মুক্তিলাভ করেন। কাজেই তাঁহার স্বর্গাদি প্রাপ্তি তাঁহার বিঘ্নকারক বলিয়াই কথিত হয় ॥ ৬৮-৬৯ ॥

টীকা—বিষ্ণোঃ সংস্মরণাৎ ক্ষীণঃ ক্ষয়ং গতঃ সমস্তক্লেশানাং পাপমূলানাং রাগাদীনাং সঞ্চয়ঃ সমূহো যস্য সঃ, স্বর্গপ্রাপ্তিস্তু তস্যাতিতুচ্ছত্বাৎ বিঘ্নপ্রায়েবেত্যর্থঃ ॥ ৬৯ ॥

বৃহন্নারদীয়ে—

বরং বরণ্যে বরদং পুরাণং
নিজপ্রভা-ভাসিতসর্ব্বলোকম্।
সঙ্কল্পিতার্থপ্রদমাদিদেবং
স্মৃত্বা ব্রজেন্মোক্ষপদং মনুষ্যঃ ॥ ৭০ ॥

অনুবাদ—বৃহন্নারদীয় পুরাণে বলা হইয়াছে—যিনি পরমমহান যিনি বর প্রদানকারী পুরাণ পুরুষ, যিনি নিজের অঙ্গ-কান্তিদ্বারা সকল লোককে প্রকাশ করেন এবং যিনি অভীষ্ট বিষয়ের ফলদাতা মনুষ্যগণ সেই আদিদেবকে স্মরণ করিলে মুক্তিপদ প্রাপ্ত হইয়া থাকে ॥ ৭০ ॥

টীকা—বরং বরেণ্যং পরমশ্রেষ্ঠমিত্যর্থঃ ; যদ্বা, বরং শ্রেষ্ঠং বরেণ্যং সর্ব্বৈর্বরণযোগ্যমিত্যর্থঃ ॥ ৭০ ॥

স্কান্দে —

যস্য স্মরণমাত্রেণ জন্মসংসারবন্ধনাৎ।
বিমুচ্যতে নমস্তস্মৈ বিষ্ণবে প্রভবিষ্ণবে ॥ ৭১ ॥

তত্রৈব কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীপরাশরোক্তৌ—

তদৈব পুরুষো মুক্তো জন্মদুঃখজরাদিভিঃ।
ভক্ত্যা তু পরয়া নূনং যদৈব স্মরতে হরিম্ ॥ ৭২ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে বর্ণিত আছে—যাঁহাকে স্মরণ করিলে জন্মমৃত্যুরূপ সংসার হইতে মুক্তি লাভ হয় সেই ঐশ্বর্য্য ময় শ্রীবিষ্ণুকে নমস্কার। আবার তাহাতেই শ্রীপরাশর বলিয়াছেন পরমভক্তিদ্বারা যখনই শ্রীহরিকে স্মরণ করা যায় তখনই মনুষ্য জন্ম দুঃখ জরা প্রভৃতি হইতে সন্দেহাতীত ভাবে মুক্ত হয় ॥ ৭১-৭২ ॥

টীকা—প্রভবিষ্ণবে নিত্যপ্রভাবশীলায়, অতোঽত্র ন কিমপি বিচার্য্যমিতি ভাবঃ। তথাহি পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে—'ন চাত্র সংশয়ঃ কার্য্য ঈশিতৃত্বমিদং হরেঃ। রাজা হি কস্যচিদ্ধৃত্বা সর্ব্বস্বং চেৎ প্রযচ্ছতি। পরস্মৈ তস্য কস্তত্র নিয়ন্তা স্যাৎ প্রভোর্যথা' ॥ ৭১ ॥ ইতি

ভগবৎপ্রসাদনম্

বৃহন্নারদীয়ে—

যেন কেনাপ্যুপায়েন স্মৃতো নারায়ণোঽব্যয়ঃ।
অপি পাতকযুক্তস্য প্রসন্নঃ স্যান্ন সংশয়ঃ ॥ ৭৩ ॥

অনুবাদ—বৃহন্নারদীয়ে বলা হইয়াছে—যে ভাবেই হোক শ্রীবিষ্ণু স্মৃত হইলে পাপীর প্রতিও তিনি অনুগ্রহ প্রকাশ করেন ॥ ৭৩ ॥

শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকত্বম্

বামনপুরাণে—

অনাদ্যনন্তমজরামরং হরিং
যে সংস্মরন্ত্যহরহর্নিয়তং নরা ভুবি।
তৎ সর্ব্বগং ব্রহ্ম পরং পুরাণং
তে যান্তি বৈষ্ণবপদং ধ্রুবমব্যয়ঞ্চ ॥ ৭৪ ॥

অনুবাদ—অতঃপর শ্রীবিষ্ণুস্মরণের শ্রীবৈকুণ্ঠ লোকপ্রাপকত্ব বলা হইতেছে—তথাহি শ্রীবামনে—এই ধরাতলে যে সকল মনুষ্য সর্ব্বদাই নিরবচ্ছিন্নরূপে অনাদি অনন্ত জরামরণশূন্য শ্রীহরিকে স্মরণ করেন তাঁহারা সেই সর্ব্বগ ব্রহ্মস্বরূপ পরম, পুরাতন, নিত্য এবং অব্যয় বৈষ্ণবপদলাভ করেন ॥ ৭৪ ॥

টীকা—বৈষ্ণবপদং শ্রীবিষ্ণোঃ স্থানং, তস্যৈব বিশেষণং সর্ব্বগমিত্যাদি, সচ্চিদানন্দরূপত্বাৎ ॥ ৭৪ ॥

পাদ্মে দেবদূতবিকুণ্ডলসংবাদে যমস্য দূতানুশাসনে—

যে স্মরন্তি সকৃদ্দূতাঃ প্রসঙ্গেনাপি কেশবম্।
তে বিধ্বস্তাখিলাঘৌঘা
যান্তি বিষ্ণোঃ পরং পদম্ ॥ ৭৫ ॥

অনুবাদ—পদ্মপুরাণে দেবদূত-বিকুণ্ডল-সংবাদে যমের দূতানুশাসন—হে দূতগণ! যাঁহারা প্রসঙ্গ-

ক্রমেও একবার শ্রীকেশবকে স্মরণ করেন, তাঁহারা সমস্ত পাতকরাশি ধ্বংস করিয়া শ্রীবিষ্ণুর পরমধামে গমন করিয়া থাকেন ॥ ৭৫ ॥

টীকা—হে দূতাঃ ! পরং সর্ব্বতঃ শ্রেষ্ঠম্ ॥ ৭৫ ॥

———

ব্রহ্মপুরাণে বিষ্ণুরহস্যে চ—

শাঠ্যেনাপি নরা বিষ্ণুং যে স্মরন্তি জনার্দ্দনম্ ।
তেঽপি যান্তি তনুং ত্যক্ত্বা বিষ্ণুলোকমনাময়ম্ ॥৭৬॥

অনুবাদ—ব্রহ্মপুরাণে এবং শ্রীবিষ্ণুরহস্যে বলা-হইয়াছে—সে সকল মানব শঠতা বশতঃও জনার্দ্দন বিষ্ণুকে স্মরণ করে তাহারও দেহত্যাগের পর সর্ব্ব-দোষ রহিত বিষ্ণুলোক প্রাপ্ত হয় ॥ ৭৬ ॥

টীকা—অনাময়ং সর্ব্বদোষরহিতম্ ॥ ৭৬ ॥

———

বিষ্ণুধর্ম্মোত্তরে—

নিরাশীর্নির্ম্মমো যস্তু বিষ্ণোর্ধ্যানপরো ভবেৎ ।
তৎপদং সমবাপ্নোতি যত্র গত্বা ন শোচতি ॥ ৭৭ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—মমতাশূন্য ও বাসনা-শূন্য হইয়া যিনি বিষ্ণুধ্যানে নিযুক্ত থাকেন তিনি শোক তাপ হীন সেই শ্রীবিষ্ণু-লোক গমন করেন ॥ ৭৭ ॥

———

স্বারূপ্যপ্রাপণম্

কাশীখণ্ডে শ্রীবিন্দুমাধব-প্রসঙ্গে অগ্নিবিন্দুস্তৌ—

যে ত্বাং ত্রিবিক্রম সদা হৃদি শীলয়ন্তি
কাদম্বিনীরুচিররোচিষমম্বুজাক্ষ ।
সৌদামিনীবিলসিতাংশুকবীতমূর্ত্তে
তেঽপি স্পৃশন্তি তব কান্তিমচিন্ত্যরূপাম্ ॥ ৭৮ ॥

অনুবাদ—কাশীখণ্ডে বিন্দুমাধব-প্রসঙ্গে অগ্নিবিন্দু স্তুতিতে বলা হইয়াছে—হে ত্রিবিক্রম ! হে অম্বুজাক্ষ ! তুমি কদাম্বিনীবৎ সুন্দর কান্তি, হে সৌদামিনী বিল-সিত পীতবস্ত্র-সমাবৃত বিগ্রহ ! যাঁহারা সর্ব্বদা তোমাকে হৃদয়ে ধ্যান করেন, তাঁহারাও তোমার অচিন্ত্যরূপা কান্তি প্রাপ্ত হন ॥ ৭৮ ॥

টীকা—শীলয়ন্তি অভ্যস্যন্তি, স্পৃশন্তি কিঞ্চিৎ সাদৃশ্যেন লভন্তে, ইহৈব যথা শ্রীপ্রহলাদোদ্ধবাদয়ঃ ; অত্র চ পেশস্কারিস্মরণাৎ কীটোঽপ্য এবেতি দৃষ্টান্তো দ্রষ্টব্যঃ ॥ ৭৮ ॥

———

শ্রীভগবদ্গীতাসু (৮।৫)—

অন্তকালে চ মামেব স্মরন্মুক্ত্বা কলেবরম্ ।
যঃ প্রযাতি স মদ্ভাবং যাতি নাস্ত্যত্র সংশয়ঃ ॥ ৭৯ ॥

অনুবাদ—শ্রীগীতায়—মরণ সময়ে যিনি আমাকে স্মরণ করিতে করিতে এই শরীর পরিত্যাগ করেন তিনি আমাকেই প্রাপ্ত হন ইহাতে সংশয় নাই ॥ ৭৯ ॥

টীকা—অপ্যর্থে চকারঃ, অন্তকালেঽপি, কিং পুনঃ সর্ব্বকালং স্বস্থাবস্থায়ামিত্যর্থঃ । মদ্ভাবং মত্ত্বং মৎসারূপ্যমিতি যাবৎ ॥ ৭৯ ॥

———

শ্রীভগবদ্বশীকরণম্

দশমস্কন্ধে (৮।১১) পৃথুকোপাখ্যানে—

স্মরতঃ পাদকমলমাত্মানপি যচ্ছতি ।
কিন্ত্বর্থকামান্ ভজতো নাত্যভীষ্টান্ জগদ্গুরুঃ ॥৮০

অনুবাদ—দশমে পৃথুকোপাখ্যানে—যাঁহার চরণ কমল স্মরণ করিলে যিনি নিজেকে পর্য্যন্ত দান করিয়া থাকেন অর্থাৎ স্মরণকারীর বশীভূত হন সেই জগদ্গুরুকে ভজনকরিলে যেকোন অভিলষিত বস্তু যে লভ্য হইবে তাহাতে আর সন্দেহ কি ? ৮০ ॥

টীকা—অর্থান্ কামাংশ্চ যচ্ছতি, ইতি কিং বক্তব্যমিত্যর্থঃ । কথম্ভুতান্ নাত্যভীষ্টান্ ভগবতো ভজতো বা জনস্য অনতিপ্রিয়ান্, পরিণামবিরসত্বাৎ । জগদ্গুরুরিতি—ভক্তস্য কথঞ্চিদত্যভীষ্টানপি সতঃ তস্মৈ পিতা পুত্রায়াপথ্যমিব ন দদ্যাদিতি ভাবঃ ॥৮০॥

———

স্বতঃ পরমফলত্বম্

বৈষ্ণবে—

বাসুদেবে মনো যস্য জপহোমার্চ্চনাদিষু ।
তস্যান্তরায়ো মৈত্রেয় দেবেন্দ্রত্বাদি সৎ ফলম্ ॥ ৮১॥

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে—পরাশর বলিলেন—হে মৈত্রেয় ! জপ, হোম ও অর্চ্চনাদি কার্য্যে যাঁহার মন

বাসুদেবে সমর্পিত ইন্দ্রত্বাদি সৎকর্ম্মফল এবং মুক্তি প্রভৃতি ফলও তাঁহার পক্ষে অন্তরায় স্বরূপ'। ৮১ ॥

টীকা—জপাদিষু কর্ম্মসু তৎসাদ্গুণ্যার্থমপি যস্য বাসুদেবে মনঃ, যেন শ্রীকৃষ্ণস্মরণং কৃতমিত্যর্থঃ। যদ্বা, যেষু ক্রিয়মাণেষ্বপি বাসুদেব এব মনঃ জপাদি-সাধ্যম্ ঐন্দ্র্যপদম্, আদিশব্দাদ্ব্রাহ্মঞ্চ তত্তৎকৃতচিত্ত-শুদ্ধ্যাদি-জাতং মুক্ত্যাদিকমপি সর্ব্বমন্যৎ ফলং বিঘ্ন এব, তৎস্মরণস্যৈব পরমফলত্বাৎ ॥ ৮১ ॥

গারুড়ে—

মহতস্তপসো মূলং প্রসবঃ পুণ্যসন্ততেঃ।
জীবিতস্য ফলং স্বাদু নিয়তং স্মরণং হরেঃ ॥ ৮২॥

অনুবাদ—গরুড়পুরাণে বলা হইয়াছে—বিষ্ণু-স্মরণ নিশ্চয়ই মহতী তপস্যার মূল, পুণ্যসমূহের উৎপাদক এবং জীবনের স্বাদবহুল ফল ॥ ৮২ ॥

টীকা—প্রসবঃ ফলং, নিয়তং নিশ্চিতমেব ॥৮২॥

দ্বিতীয়স্কন্ধে—

এতাবান্ সাংখ্যযোগাভ্যাং স্বধর্ম্মপরিনিষ্ঠয়া।
জন্মলাভঃ পরঃ পুংসামন্তে নারায়ণস্মৃতিঃ ॥ ৮৩ ॥

অনুবাদ—দ্বিতীয় স্কন্ধে—স্বধর্ম্মে নিরত থাকিয়া আত্মানাত্ম বিচার ও অষ্টাঙ্গ যোগ এই দুই প্রকার উপায় দ্বারা শেষে যে নারায়ণ স্মরণ তাহাই মানুষের পরম লাভ ॥ ৮৩ ॥

টীকা—সাংখ্যমাত্মানাত্মবিবেকঃ, যোগোঽষ্টাঙ্গ-স্তাভ্যাম্; তথা স্বধর্ম্মে পরিতো নিষ্ঠয়া চ কৃত্বা পুংসাং জন্মনো যো লাভঃ ফলং এতাবানেব, ন ত্বন্য ইতি যোগাদীনাং তদেকপরতোক্তা। কোঽসৌ? তদাহ—নারায়ণস্য স্মৃতিরিতি। অন্তে তু স্মৃতিঃ পরমো লাভঃ, ন তন্মহিমানং বক্তুং শক্যত ইত্যর্থঃ। যদ্বা, অন্তেঽপি স্মৃতিঃ পরমো লাভঃ, কিং পুনরাজন্ম সদা স্মৃতিরিত্যর্থঃ। অন্যৎ সমানম্ ॥ ৮৩ ॥

অতএব জরাসন্ধনিরুদ্ধনৃপবর্গৈঃ প্রার্থিতং দশমস্কন্ধে (৭৩।১৫)—

তং নঃ সমাদিশোপায়ং যেন তে চরণাব্জয়োঃ।
স্মৃতির্যথা ন বিরমেদপি সংসরতামিহ ॥ ৮৪ ॥

শ্রীনারদেনাপি (ভাঃ ১০।৬৯।১৮)—

দৃষ্টং তবাঙ্ঘ্রিকমলং জনতাপবর্গং
ব্রহ্মাদিভির্হৃদি বিচিন্ত্যমগাধবোধৈঃ।
সংসারকূপপতিতোত্তরণাবলম্বং
ধ্যায়ংশ্চরাম্যনুগৃহাণ যথা স্মৃতিঃ স্যাৎ ॥ইতি॥৮৫॥

অনুবাদ—দশমে জরাসন্ধ কর্ত্তৃক অবরুদ্ধ রাজগণের প্রার্থনাতে এবং শ্রীনারদবাক্যে উক্ত হইয়াছে—হে ভগবন্ আমাদিগকে এইরূপ কোন উপায় বলুন যাহার দ্বারা আমরা সংসারী হইলেও আপনার শ্রীপাদ-পদ্ম সর্ব্বদা স্মরণ-পথে উদিত থাকে। ভক্তবৃন্দের মুক্তি প্রদানকারী আপনার শ্রীপাদপদ্ম দর্শন করিলাম। অগাধবোধ ব্রাহ্মণ প্রভৃতি দেবগণ যাঁহাকে হৃদয়পদ্মে ধারণ করিয়া ধ্যান করেন, সংসার-কূপে পতিত জনগণের উদ্ধারের আশ্রয় স্বরূপ সেই শ্রীপাদ-পদ্ম ধ্যান করিতে করিতে যেন চিরকাল বিচরণ করি—এই জাতীয় স্মৃতি যাহাতে নষ্ট না হয়, আপনি আমার প্রতি এই অনুগ্রহ করুন ॥ ৮৪-৮৫ ॥

টীকা—যেন উপায়েন, যথা যথাবৎ স্মৃতিঃ প্রেমস্মরণমিত্যর্থঃ। যদ্বা যথাবৎ সংসরতাং দেহা-দ্যাসক্ত্যা নিতরাং সংসারদুঃখং লভমানানামপীত্যর্থঃ ॥ ৮৪ ॥

টীকা—জনতায়া ভক্তবর্গস্যাপবর্গরূপং, ব্রহ্মাদি-ভিরপি হৃদি চিন্ত্যমেব; সংসারকূপে পতিতানামুত্তর-ণায় সুখোত্থানায় অবলম্বম্ আশ্রয়ম্, ঈদৃশং তবাঙ্ঘ্রি-কমলং ময়া দৃষ্টম্, অতঃ কৃতার্থোঽস্মি; তথাপি ভগবৎস্মৃতির্যথা স্যাত্তথানু-গৃহাণ, যেন তবাঙ্ঘ্রিং ধ্যায়ন্নেব চরামি; যদ্বা, অধুনা দৃষ্টম্ অন্যত্র গতোঽপীমং ত্বদঙ্ঘ্রিং ধ্যায়ন্নেব; কিঞ্চ, যথাবৎ স্মৃতিঃ স্যাদিত্যনুগ্রহং কুরু; যদ্বা, এবমনন্যগতিকত্বেন মম ত্বদীয়াঙ্ঘ্রিকমলধ্যানং কদাচিদেতদ্দর্শনঞ্চ ভবেদেব, কিন্তু মদ্বিষয়িকা তব স্মৃতির্মনোবৃত্তির্যথা স্যাত্তথানু-গৃহাণ; যদ্বা, দৃষ্টত্বাদন্যত্র গতোঽপ্যেতদেব চিন্তয়ন্ চরিষ্যামি, কিন্ত্বনেনানুগ্রহেণালম্ অধুনা তথানুগ্রহং কুরু যথা অস্মৃতিঃ স্মরণাভাবঃ স্যাৎ। অন্যত্র গতস্য সতস্তৎস্মরণেন বিরহ-দুঃখবৃদ্ধের্বরমস্মরণমেবানুগ্রহ ইত্যর্থঃ। এতচ্চ সদা শ্রীকৃষ্ণপাদপদ্মান্তিকে বাস-

মলভমানন্য প্রেমোদ্রেকবাক্যগাম্ভীর্য্যম্, এবমপি স্মরণ-স্যৈব পরমমাহাত্ম্যং পর্য্যবস্যতীতি দিক্ ॥ ৮৫ ॥

কৃষ্ণস্মরণমাহাত্ম্যমহাব্ধিদুস্তরো ধিয়া।
যো যিযাসতি তৎপারং স হি চৈতন্যবঞ্চিতঃ ॥৮৬॥

অনুবাদ —শ্রীকৃষ্ণস্মরণ-মাহাত্ম্যরূপ দুস্তর মহা-সিন্ধু যিনি মনের দ্বারাও পার হইতে অভিলাষী হন, তিনি চেতনাহীন অথবা শ্রীচৈতন্যদেবের মায়ায় বঞ্চিত ॥ ৮৬ ॥

টীকা—ধিয়া দুস্তরঃ অর্থতো বচনতশ্চ বুদ্ধ্যাপি, অস্তু তাবল্লিখনেন, পারং গন্তুম, শক্যমিত্যর্থঃ। ধিয়েত্যস্যাগ্র এবান্বয়ঃ, তস্য পারং যো যাতুমিচ্ছতি, চৈতন্যেন বঞ্চিতঃ অচেতন ইত্যর্থঃ। স্বমতে শ্রীচৈতন্য-দেবেন মায়য়া প্রতারিতঃ পরিত্যক্তো বেত্যর্থঃ, নিজাশক্যে কর্ম্মণি প্রবৃত্তেঃ ॥ ৮৬ ॥

ততঃ পাদোদকং কিঞ্চিৎ প্রাক্ পীত্বা তুলসীদলৈঃ।
গৃহীতেনাচরেত্তেন স্বমূর্দ্ধন্যভিষেচনম্ ॥ ৮৭ ॥
অথাদৌ শ্রীগুরুং নত্বা শ্রীকৃষ্ণস্য পদাব্জয়োঃ।
কিঞ্চিদ্বিজ্ঞাপয়ন্ সর্ব্বস্বকৃত্যান্যর্পয়েন্নমেৎ ॥ ৮৮ ॥

অনুবাদ—তারপর কিঞ্চিৎ চরণামৃত তুলসীপত্র-সহ পান করিয়া ঐ চরণামৃত নিজমস্তকে গ্রহণ করিবে। তারপর শ্রীগুরুদেবকে নমস্কার করিয়া শ্রীকৃষ্ণের পদযুগলে কিঞ্চিৎ নিবেদন সহকারে নিজ-কৃত্যকর্ম্ম সকল সমর্পণ ও প্রণাম করিবে ॥৮৭-৮৮॥

টীকা—পাদোদকং শ্রীভগবচ্চরণামৃতং প্রাক্ আদৌ পীত্বেত্যত্র কারণমগ্রে লেখ্যম্—'শালগ্রামশিলা-তোয়মপীত্বা যস্তু মস্তকে। প্রক্ষেপণং প্রকুর্ব্বীত ব্রহ্মহা স নিগদ্যতে ॥' ইতি। তুলসীদলৈঃ কৃত্বা সহ বা গৃহীতেন তেন পাদোদকেনৈব স্বমস্তকেঽভি-ষেকং কুর্য্যাৎ ॥ ৮৭ ॥

টীকা—বিজ্ঞাপনদ্বারৈব সর্ব্বাণি স্বস্য কৃত্যানি অর্পয়ন্ নমেৎ সাষ্টাঙ্গপ্রণামং কুর্য্যাৎ, অগ্রে যথা-বিধীতি লিখনাৎ ॥ ৮৮ ॥

অথ প্রাতঃপ্রণামঃ

বামনপুরাণে—
সর্ব্বমঙ্গলমঙ্গল্যং বরেণ্যং বরদং শিবম্।
নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ ॥ ৮৯ ॥

অনুবাদ—শ্রীবামনপুরাণে—সকল মঙ্গলেরও মঙ্গল, শ্রেষ্ঠ বরদানকারী মঙ্গলময় শ্রীনারায়ণকে নমস্কার করিয়া সমস্ত কার্য্য করিবে ॥ ৮৯ ॥

অথ বিজ্ঞাপনম্

বিষ্ণুধর্ম্মোত্তরে—
যদুৎসবাদিকং কর্ম্ম তত্ত্বয়া প্রেরিতো হরে।
করিষ্যামি ত্বয়াজ্ঞেয়মিতি বিজ্ঞাপনং মম ॥ ৯০ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত হইয়াছে—হে হরে! আমি আপনার দ্বারা অনুপ্রেরিত হইয়া যাহা করিব, তাহা আপনার আদেশ অনুসারেই করিব ইহাই আমার বিজ্ঞাপন ॥ ৯০ ॥

টীকা—বিজ্ঞাপয়ন্নিতি লিখিতং তৎপ্রকারমেব লিখতি—যদিতি। তচ্চ ত্বদাজ্ঞেয়মিত্যেব করিষ্যামি ॥ ৯০ ॥

প্রাতঃ প্রবোধিতো বিষ্ণো হৃষীকেশেন যত্ত্বয়া।
যদ্যৎ কারয়সীশান তৎ করোমি ত্বদাজ্ঞয়া ॥ ৯১ ॥

ত্রৈলোক্যচৈতন্যময়াদিদেব
শ্রীনাথ বিষ্ণো ভবদাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং
সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে ॥ ৯২ ॥

অনুবাদ—হে বিষ্ণো! হে হৃষীকেশ! হে ঈশান! আমি আপনার কর্ত্তৃক প্রাতঃকালে জাগরিত হইয়াছি। আপনি যাহা যাহা করান আমি আপনার অজ্ঞানুবর্ত্তী হইয়া তাহা তাহাই করি। হে ত্রিলোকের চৈতন্য স্বরূপ! হে শ্রীনাথ! হে বিষ্ণো! হে আদিদেব! আপ-নার আজ্ঞাতেই গাত্রোত্থান করিয়া আপনার প্রীত্যর্থে সংসার যাত্রার অনুষ্ঠান করিব ॥ ৯১-৯২ ॥

টীকা—কারয়সীতি করোত্যর্থস্য সর্ব্বধাত্বর্থেহন্তর্ভাবাৎ। বাহ্যাভ্যন্তরসর্ব্বেন্দ্রিয়চেষ্টিতং ব্যাপ্নোষি ॥৯১

টীকা—সংসারযাত্রাং লোকব্যবহারম্ ॥ ৯২ ॥

সংসারযাত্রামনুবর্ত্তমানং ত্বদাজ্ঞয়া শ্রীনৃহরেহন্তরাত্মন্।
স্পর্দ্ধা-তিরস্কার-কলি-প্রমাদভয়ানি
মা মাভিভবন্তু ভূমন্ ॥ ৯৩ ॥
জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তি-
র্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।
ত্বয়া হৃষীকেশ হৃদি স্থিতেন,
যথা নিযুক্তোঽস্মি তথা করোমি ॥৯৪॥

অনুবাদ—হে শ্রীনৃসিংহদেব। হে অন্তরাত্মন্। হে ভূমন্। আমি যখন আপনার আদেশানুসারে সংসার-যাত্রা নির্ব্বাহ করিব, তখন স্পর্দ্ধা. তিরস্কার, কলহ, প্রমাদ ও ভয়সকল যেন আমার ক্ষতি না করে। আমি ধর্ম্ম জানি কিন্তু উহাতে আমার প্রবৃত্তি নাই, আমি অধর্ম্ম জানি কিন্তু তাহা হইতে নিবৃত্ত হইতে পারি না। হে হৃষীকেশ। তুমি আমার হৃদয়ে অব-স্থিত থাকিয়া আমাকে যে ভাবে পরিচালনা কর, আমি সেইরূপই করি ॥ ৯৩-৯৪ ॥

অথ প্রমাণ-বাক্যানি

মহাভারতে—

নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ ॥ ৯৫ ॥

অনুবাদ—শ্রীমহাভারতে—হে ব্রহ্মণ্যদেব ! গো-ব্রাহ্মণহিতকারী, জগতের কল্যাণকারী, শ্রীকৃষ্ণ শ্রীগোবিন্দ, তোমাকে পুনঃ পুনঃ প্রণাম ॥ ৯৫ ॥

গরুড়পুরাণে—

অসুরবিবুধসিদ্ধৈর্জ্ঞায়তে যস্য নান্তঃ
সকলমুনিভিরন্তশ্চিন্ত্যতে যো বিশুদ্ধঃ।
নিখিলহৃদি নিবিষ্টো বেত্তি যঃ সর্ব্বসাক্ষী
তমজমমৃতমীশং বাসুদেবং নতোঽস্মি ॥ ৯৬ ॥

অনুবাদ—শ্রীগরুড়পুরাণে—অসুর, দেবতা ও সিদ্ধগণের জ্ঞানের অগম্য, মুনিগণ যাঁহাকে হৃদয়াভ্যন্তরে চিন্তা করেন, যিনি নির্ম্মল, সকলের হৃদয়ে যাঁহার অবস্থান, সর্ব্বজ্ঞ ও সকলের সাক্ষীস্বরূপ অজ, অমৃত অর্থাৎ বিশুদ্ধ সত্ত্বস্বরূপ—ঈশ্বর শ্রীবাসুদেবকে প্রণাম করি ॥ ৯৬ ॥

বিষ্ণুপুরাণে—

যজ্ঞিভির্যজ্ঞপুরুষো বাসুদেবশ্চ সাত্বতৈঃ।
বেদান্তবেদিভির্বিষ্ণুঃ
প্রোচ্যতে যো নতোঽস্মি তম্ ॥ ৯৭ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে— যাজ্ঞিকগণের নিকট যিনি যজ্ঞপুরুষ, ভক্তগণের নিকট বাসুদেব এবং বেদান্তবিদ্‌গণের শ্রীবিষ্ণু, আমি তাঁহাকে প্রণাম করি ॥ ৯৭ ॥

এবং বিজ্ঞাপয়ন্ ধ্যায়ন্ কীর্ত্তয়ংশ্চ যথাবিধি।
প্রণামানাচরেচ্ছক্ত্যা চতুঃসংখ্যাবরান্ বুধঃ ॥ ৯৮ ॥

অনুবাদ—বিজ্ঞব্যক্তি এই প্রকার বিজ্ঞাপন, স্মরণ ও কীর্ত্তন করিয়া শক্তি অনুসারে বিধিমত কমপক্ষে চারি বার প্রণাম করিবেন ॥ ৯৮ ॥

টীকা—মা মাং, ভূমন্ হে মহত্তম, এবং যদুৎসবাদিকং কর্ম্মেত্যাদিনোক্তম্ ; যথাবিধীতি পদ্ভ্যাং করাভ্যাং জানুভ্যামিত্যাদিনাগ্রে লেখ্যপ্রকারেণেত্যর্থঃ। চতুঃসংখ্যা অবরা অন্ত্যা যেষু তান্, চতুঃসংখ্যায়া ন্যূনান্ন কুর্য্যাৎ, অধিকানেব কুর্য্যাদিত্যর্থঃ ॥৯৩-৯৮॥

শ্রীগোপীচন্দনেনোর্দ্ধ্বপুণ্ড্রং কৃত্বা যথাবিধি।
আসীত প্রাঙ্মুখো ভূত্বা শুদ্ধস্থানে শুভাসনে ॥ ৯৯ ॥

অনুবাদ—এরপর গোপীচন্দন দ্বারা বিধিত অনুসারে ললাটে ঊর্দ্ধ্বপুণ্ড্র অর্থাৎ শ্রীহরিমন্দির তিলক নির্ম্মাণ করিয়া পবিত্র স্থানে পবিত্র আসনে বসিবেন ॥ ৯৯ ॥

টীকা—যথাবিধি হরিমন্দিরনির্ম্মাণাদিপ্রকারেণ, শুভে উত্তমে বিহিতাসনে, তত্তৎ সর্ব্বমগ্রে ব্যক্তং ভাবি ॥ ৯৯ ॥

তথা চ নারদীয়পঞ্চরাত্রে—

নির্গত্যাচম্য বিধিবৎ প্রবিশ্য চ পুনঃ সুধীঃ।
আসনে প্রাঙ্মুখো ভূত্বা বিহিতে চোপবিশ্য বৈ ॥১০০॥

অনুবাদ—শ্রীনারদ পঞ্চরাত্র গ্রন্থেও বলা হইয়াছে—সুধী ব্যক্তি গৃহ হইতে বহির্গত হইয়া (মলমূত্রাদি ত্যাগের পর) যথারীতি আচমন পূর্ব্বক গৃহে পুনরায় প্রবিষ্ট হইয়া শুদ্ধ আসনে পূর্ব্বদিকে মুখ করিয়া বসিবেন ॥ ১০০ ॥

টীকা—নির্গত্য গৃহান্নিঃসৃত্য মূত্রোৎসর্গাদিকং কৃত্বেত্যর্থঃ। বিধিবদাচম্য অস্য ক্রিয়ান্বয়শ্লোকোঽত্রানুপযুক্তত্বাৎ ন লিখিতঃ ॥ ১০০ ॥

সম্প্রদায়ানুসারেণ ভূতশুদ্ধিং বিধায় চ।
প্রাণায়ামাংশ্চ বিধিবৎ কৃষ্ণং ধ্যায়েৎ যথোদিতম্ ১০১

তথা চোক্তম্—

উপপাতকেষু সর্ব্বেষু পাতকেষু মহৎসু চ।
প্রবিশ্য রজনীপাদং বিষ্ণুধ্যানং সমাচরেৎ ॥ ১০২ ॥

অনুবাদ—তারপর নিজের সম্প্রদায় অনুসারে যথা নিয়মে ভূতশুদ্ধি ও প্রাণায়াম করিয়া যথা উক্ত বিধানে শ্রীকৃষ্ণকে চিন্তা করিবেন। তাই বলা হইয়াছে সমস্ত উপপাতক ও মহাপাতক সকলের বিনাশ ইচ্ছা করিয়া শাস্ত্র বিহিত কৃত্য সমাপ্ত করিয়া গৃহে প্রবিষ্ট হইয়া রাত্রিশেষে শ্রীবিষ্ণুকে ধ্যান করিবে ॥ ১০১-১০২ ॥

টীকা—নিজসম্প্রদায়স্যানুসারেণেতি ভূতশুদ্ধেবিবিধরূপত্বাৎ প্রাণায়ামাংশ্চ বিধায় ॥ ১০১ ॥

বৈহায়সপঞ্চরাত্রে চ—

তথৈব রাত্রিশেষন্তু কালং সূর্য্যোদয়াবধি।
কর্ত্তব্যং সজপং ধ্যানং নিত্যমারাধকেন বৈ ॥ ১০৩॥

অনুবাদ—তথা বৈহায়স পঞ্চরাত্রেও কথিত হইয়াছে—উক্ত প্রকারে আরাধনাকারীজন সূর্য্যের উদয় পর্য্যন্ত নিশার শেষভাগে নিত্যই জপ ও ধ্যান করিবেন ॥ ১০৩ ॥

টীকা—উপপাতকাদিষ্বপি নিমিত্তেষু, কিং পুনর্বিষ্ণুধ্যানার্থম্ ; রাত্রেঃ শেষং কালং ব্যাপ্য তস্মাৎ আরভ্য ইত্যর্থঃ ॥ ১০২-১০৩ ॥

বিভজ্য পঞ্চধা রাত্রিং শেষে দেবার্চ্চনাদিকম্।
জপং হোমং তথা ধ্যানং নিত্যং কুর্ব্বীত সাধকঃ ১০৪

অতএব বিষ্ণুস্মৃতৌ—

রাত্রেস্তু পশ্চিমে যামে
মুহূর্ত্তো ব্রাহ্ম উচ্যতে ইতি ॥ ১০৫ ॥

অনুবাদ—সাধকব্যক্তি রাত্রিকে পাঁচ ভাগে ভাগ করিয়া শেষভাগে নিত্য দেবপূজাদি, জপ, হোম ও ধ্যান করিবেন। অতএব শ্রীবিষ্ণুস্মৃতিতেও রাত্রির শেষ প্রহরের শেষ মুহূর্ত্তের নাম ব্রাহ্মমুহূর্ত্ত বলা হইয়াছে ॥ ১০৪-১০৫ ॥

টীকা—আদিশব্দেন প্রণামোর্দ্ধ্বপুণ্ড্রভূতশুদ্ধি-প্রাণায়ামাদিঃ ॥ ১০৪ ॥

পাদোদপানাদীনাঞ্চ স বিধির্মহিমাগ্রতঃ।
লেখ্যোঽধুনা তু ধ্যানস্য স সংক্ষেপেণ লিখ্যতে ॥১০৬

অনুবাদ—এখন সংক্ষেপে ধ্যানের নিয়ম ও মাহাত্ম্য বলা হইতেছে। পাদোদকপান প্রভৃতির নিয়ম ও মাহাত্ম্য পরে বলা হইবে ॥ ১০৬ ॥

টীকা—বিধিঃ তৎপানমন্ত্রোচ্চারণাদিপ্রকারস্তৎসহিতঃ, সধ্যানস্য বিধির্মহিমা চেত্যর্থঃ ॥ ১০৬ ॥

অথ প্রাতর্ধ্যানম্

তাপনীয়শ্রুতিষু—

সৎপুণ্ডরীকনয়নং মেঘাভং বৈদ্যুতাম্বরম্।
দ্বিভুজং মৌনমুদ্রাঢ্যং বনমালিনমীশ্বরম্ ॥ ১০৭ ॥
গোপগোপীগবাবীতং সুরদ্রুমলতাশ্রয়ম্।
দিব্যালঙ্করণোপেতং রত্নপঙ্কজমধ্যগম্ ॥ ১০৮ ॥
কালিন্দীজলকল্লোলসঙ্গিমারুতসেবিতম্।
চিন্তয়ংশ্চেতসি কৃষ্ণং মুক্তো ভবতি সংসৃতেঃ ॥১০৯

অনুবাদ—যথাতাপনীয় শ্রুতি—শ্রীকৃষ্ণকে প্রস্ফুটিত পদ্মসদৃশ—নেত্রবিশিষ্ট, নীরদকান্তি, বিদ্যুতের মত পীতাম্বরধারণকারী দ্বিভুজ মৌনমুদ্রাযুক্ত বন-

মালাধারী, ঈশ্বর, গোপ-গোপী ও গোসমূহে পরিবেষ্টিত, কল্পবৃক্ষতলে সমাসীন, দিব্যালংকারে সমলংকৃত, রক্তোৎপলের অন্তর্ভাগে সন্নিবিষ্ট, যমুনা-জলের তরঙ্গসংসর্গী বায়ু দ্বারা সেবিত কৃষ্ণকে চিন্তা করিলে সংসার-বন্ধন হইতে মুক্তিলাভ হইয়া থাকে ॥ ১০৭-১০৯ ॥

টীকা—গোপৈর্গোপীভির্গোভিশ্চ আবীতং পরিবেষ্টিতম্ ॥ ১০৮ ॥

মৃত্যুঞ্জয়সংহিতানুসারোদিতসারদাতিলকে চ—

স্মরেদ্বৃন্দাবনে রম্যে মোহয়ন্তমনারতম্ ।
গোবিন্দং পুণ্ডরীকাক্ষং গোপকন্যাঃ সহস্রশঃ ॥১১০॥
আত্মনো বদনাম্ভোজপ্রেরিতাক্ষিমধুব্রতাঃ ।
কামবাণেন বিবশাশ্চিরমাশ্লেষণোৎসুকাঃ ॥ ১১১ ॥

অনুবাদ— মৃত্যুঞ্জয়-সংহিতানুসারে — সারদাতিলকেও বর্ণিত হইয়াছে—সহস্র সহস্র গোপবালিকা শ্রীকৃষ্ণের বদনপদ্মে নিজ নিজ নয়ন-ভ্রমর নিযুক্ত করিয়া অবস্থান করিতেছেন এবং প্রেমবশে বিবশ হইয়া আলিঙ্গনের জন্য উৎকণ্ঠিতা হইয়াছেন ॥১১০-১১১॥

মুক্তাহারলসৎপীনোত্তুঙ্গস্তনভরানতাঃ ।
স্রস্তধম্মিল্লবসনা মদস্খলিতভাষণাঃ ॥ ১১২ ॥
দন্তপংক্তিপ্রভোদ্ভাসিস্পন্দমানাধরাঞ্চিতাঃ ।
বিলোভয়ন্তীবিবিধৈর্বিভ্রমৈর্ভাবগর্ভিতৈঃ ॥ ১১৩ ॥

অনুবাদ—মুক্তাহার দ্বারা অলংকৃত পীন ও উন্নত কুচযুগলের ভারে অবনতা হইয়া পড়িয়াছেন, তাঁহাদের বেণীবন্ধন ও বস্ত্রাদি আলুথালু, মত্ততা বশতঃ তাঁহাদের বাক্য স্খলিত দশনশ্রেণীর প্রভাদ্বারা বিকম্পিত অধরে তাঁহারা শোভিত আর তাঁহারা নানাবিধ শৃঙ্গারাদি ভাবময় বিভ্রমদ্বারা কৃষ্ণকে প্রলুব্ধ করিতেছেন। সুন্দর বৃন্দাবনমধ্যে নিত্য সেইসকল গোপকন্যা মোহনকারী পদ্মপলাশ নয়ন শ্রীগোবিন্দকে স্মরণ করিবে ॥ ১১২-১১৩ ॥

টীকা—গোপকন্যা এব বিশিনষ্টি—আত্মন ইতি ত্রিভিঃ। গোবিন্দস্য বদনাম্ভোজে প্রেরিতা অক্ষিমধুব্রতা যাভিস্তাঃ, বিলোভয়ন্তীর্গোবিন্দমেব ॥ ১১১-১১৩

ফুল্লেন্দীবরকান্তিমিন্দুবদনং বর্হাবতংসপ্রিয়ং
শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরম্ ।
গোপীনাং নয়নোৎপলার্চ্চিত-
তনুং গো-গোপসঙ্ঘাবৃতং
গোবিন্দং কলবেণুবাদন-পরং
দিব্যাঙ্গভূষং ভজে ॥ ইতি ॥ ১১৪ ॥

অনুবাদ—যিনি প্রস্ফুটিত নীল পদ্মের মত কান্তিমান, যাঁহার বদন চন্দ্রের মত কমনীয়, ময়ূর-পিচ্ছ ভূষণ যাঁহার প্রীতিকর, যিনি শ্রীবৎস চিহ্নিত, সুশোভন কৌস্তুভধারী, যাঁহার পরিধানে পীতবসন, যাঁহার দৃশ্য মনোরম, গোপিকাগণের মনোহর নেত্র-কমলদ্বারা পূজিত বিগ্রহ এবং যিনি গোপগণ দ্বারা পরিবৃত, সেই কলবেণু বাদনশীল দিব্যাঙ্গ ভূষাধারী শ্রীগোবিন্দকে আমি ভজনা করি ॥ ১১৪ ॥

শ্রীগৌতমীয়তন্ত্রাদৌ তদ্ধ্যানং প্রথিতং পরম্ ।
অগ্রতোঽত্রাপি সংলেখ্যং যদিষ্টং তত্র তদ্ভজেৎ ॥১১৫

অনুবাদ—শ্রীগৌতমীয় তন্ত্রাদিতে কৃষ্ণধ্যান বর্ণিত আছে। এই গ্রন্থেও পরে বর্ণিত হইবে। সেই সকল ধ্যানের মধ্যে যাঁহার যে ধ্যানে প্রীতি হইবে, তিনি সেই ধ্যান দ্বারাই শ্রীকৃষ্ণকে ধ্যান করিবেন ॥ ১১৫ ॥

টীকা—আদিশব্দেন ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রসনৎকুমারকল্পাদিতন্ত্রাঃ। তস্য গোবিন্দস্য পরঞ্চ ধ্যানং প্রসিদ্ধমেব, অত্র গ্রন্থেঽপ্যগ্রতো লেখ্যম্, ক্রমদীপিকোক্তমথ প্রকটসৌরভেত্যাদি, শ্রীগৌতমীয়তন্ত্রে চ 'পীতাম্বরধরঃ' ইত্যাদি। তত্র ধ্যানে যস্য যৎ প্রিয়ং স্যাৎ, তৎ সংসেবতাম্। তত্র শ্রীগৌতমীয়তন্ত্রে 'নবীননীরদশ্যামম্' ইত্যাদিকং সুপ্রসিদ্ধমেব। সম্মোহনতন্ত্রে চ শ্রীশিবেনোক্তম্—'শৃণু দেবি প্রবক্ষ্যামি রহস্যং ভুবনেশ্বরি। তবৈব পৌরুষং রূপং গোপিকাবদনামৃতম্। সদা নিষেবিতং রাগাদ্ভবদ্বিরহভীরুণা। সত্যভামাদিরূপাভির্মায়ামূর্ত্তিভিরষ্টভিঃ। ধ্যায়েন্মদনগোপালং সংজ্ঞয়া ভুবনত্রয়ে। ধ্যানং তস্য প্রবক্ষ্যামি সর্ব্বপাপপ্রণাশনম্। সর্ব্বরোগোপশমনং সৎপুত্রাবাপ্তিকারকম্। সৌভাগ্যদায়কং নৃণাং স্ত্রীণাঞ্চৈব বিশেষতঃ ॥ কিমত্র বহু নোক্তেন ধ্যানেনানেন ভাবিনি। যদ্যদিচ্ছতি তৎ সর্ব্বং নরঃ প্রাপ্নোত্য-

সংশয়ম্ ॥ শ্রীমদ্বালার্কসঙ্কাশং পদ্মরাগারুণপ্রভম্ । বন্ধুকবন্ধুরালোকং সন্ধ্যারাগোপমদ্যুতিম্ ॥ মুকুটানেকমাণিক্যপ্রভাপল্লবিতাম্বরম্ । কিরীটোপান্তবিন্যস্ত-বর্হিবর্হাবতংসকম্ ॥ কস্তূরীতিলকাক্রান্তকমনীয়ালকস্থলম্ । স্মরকোদণ্ডবিন্যস্ত-সুসান্দ্রকুটিলভ্রুবম্ ॥ স্মেরগণ্ডস্থলং শ্রীমদুন্নতায়তনাসিকম্ ॥ করুণালহরীপূর্ণ-কর্ণান্তায়তলোচনম্ । কর্ণাবলম্বি-সৌবর্ণ-কর্ণিকারাবতংসিনম্ । নিস্তল-স্থূল-মাণিক্য-চারু-মৌক্তিককুণ্ডলম্ ॥ দন্তাংশুসুসমাশ্লিষ্টকোমলাধর-পল্লবম্ । অসাধারণসৌভাগ্যচিবুকোদ্দেশশোভিতম্ ॥ শশাঙ্কবিম্বাহঙ্কারশ্লাঘানন্দকরাননম্ । অনর্ঘ্যরত্নগ্রৈবেয়বিলসৎ-কম্বুকন্ধরম্ ॥ সৌরভালোলৈরালম্বৈঃ শুভৈর্মন্দারদামভিঃ । তদংশুমৌক্তিকৈর্হারৈর্বৈজয়ন্ত্যা চ মালয়া ॥ শ্রীবৎসকৌস্তুভাভ্যাঞ্চ পরিষ্কৃতভুজান্তরম্ । রত্নকঙ্কণকেয়ূরৈর্ভূষিতৈর্দশভির্ভুজৈঃ ॥ চক্রং পুষ্পশরং পদ্মং শূলং শঙ্খেন্দুকার্মুকম্ । গদাং পাশঞ্চ মুরলীং বিভ্রাণং মোহনাকৃতিম্ ॥ নিম্ননাভিং রোমরাজিবলিমৎপল্লবোদরম্ । বিশঙ্কট-কটীদেশং বাচালমণিমেখলম্ ॥ স্ফুরৎ-সৌদামিনীচ্ছায়াদায়াদ-কনকাম্বরম্ । মণিমঞ্জীর-কিরণৈঃ কিঞ্জল্কিতপদাম্বুজম্ ॥ শাণোল্লীঢ়মণিশ্রেণী-রম্যাঙ্ঘ্রিনখমণ্ডলম্ ॥ আপাদকণ্ঠমামুক্ত-ভূষাশত-মনোহরম্ । কল্পবৃক্ষ-মহারামে মহিতে রত্নমণ্ডপে । চিন্তামণিমহাপীঠে মধ্যে হৈমসরোরুহে ॥ কর্ণিকোপরি সংদীপ্তে শ্রীমচ্চক্রাসনে শুভে । তিষ্ঠন্তং দেবদেবেশং ত্রিভঙ্গী-ললিতাকৃতিম্ । বামাংসশিখরো-পান্তব্যালোলমণিকুণ্ডলম্ । উদঞ্চিত-ভ্রুবং কিঞ্চিৎ সুশোণাধরপল্লবম্ । গানব্যাজামৃত-রসৈর্ব্যঞ্জিতশ্রুতিবৈভবৈঃ । তত্তৎস্বরানুগুণ্যেন বেণু-রন্ধ্রাণ্যনুক্রমাৎ ॥ আবৃণ্বন্তং বিবৃণ্বন্তং মুহুরঙ্গুলি-পল্লবৈঃ । উপাস্যমানমানন্দাৎ সদারৈর্দিবিষদ্গণৈঃ ॥ কৃতদুন্দুভিনির্ঘোষৈর্মুক্তপ্রসবৃষ্টিভিঃ । ধ্যায়েন্মদন-গোপালং মন্ত্রী শুচিরলঙ্কৃতঃ ॥ সর্ব্বান্ কামানবাপ্নোতি দুর্ল্লভানপ্যযত্নতঃ ॥' ইতি । তত্রৈবান্যত্র—'ধ্যায়েদ্ বৃন্দাবনে সম্যক্ সিদ্ধচারণবেষ্টিতে । গো-গোপ-গোপিকাক্রান্তে কল্পপাদপশোভিতে ॥ তন্মধ্যে দ্বিভুজং ধ্যায়েৎ পঞ্চবর্ষমথাচ্যুতম্ । স্নিগ্ধেন্দ্রনীলরুচিরং পূর্ণ-চন্দ্রনিভাননম্ ॥ প্রসন্নবদনং শন্তং স্নিগ্ধনীলালকাবৃতম্ । কাকপক্ষধরং মন্ত্রী দামভূষিতমূর্দ্ধজম্ ॥ কিঙ্কিণী-জাল-সদ্রত্নকটিসূত্রবিভূষিতম্ । মুক্তাদামলসদগাত্রং হরিচন্দনচর্চ্চিতম্ ॥ কেয়ূরকটকানদ্ধং রত্নোল্লসিত-কুণ্ডলম্ । দধানং দক্ষিণে পাণৌ নবনীতং সুশোভনম্ ॥ বামে হাটকসন্নদ্ধাং যষ্টিং মিষ্টাং সুশোভনাম্ । হেমপদ্মোপরি স্বৈরং নৃত্যন্তং বনমালিনম্ ॥' ইতি । অস্মিংশ্চ ধ্যানে পঞ্চবর্ষত্বাদিনা পূর্ব্বস্মিংশ্চারুণ-কান্তিদশভুজত্বাদিনা নিজমনোহৃত্যা ধ্যানদ্বয়মিদং মূলে ন লিখিতমিতি জ্ঞেয়ম্ । অত্র চান্যত্র সৌন্দর্য্য-বিশেষাদ্যুক্ত্যপেক্ষয়া লিখিতং সনৎকুমারকল্পে চ—'কহ্লারকুসুমশ্যামমম্ভোরুহনিভেক্ষণম্ । বেণুনাদ-রতং দেবং বর্হিবর্হাবতংসকম্ ॥ দিব্যপীতাম্বরধরং পূর্ণচন্দ্রনিভাননম্ । বন্যোত্তমালকুসুমৈঃ শোভিতং বনমালয়া ॥ নেত্রোৎপলৈশ্চ গোপীনামর্চ্চিতং সুন্দরা-কৃতিম্ ॥ হার-কেয়ূর-মুকুট-কুণ্ডলোদরবন্ধনৈঃ ॥ বিরাজমানং শ্রীবৎসকৌস্তুভোদ্ভাসিতোরসম্ । গোপী-জনৈঃ পরিবৃতং মূলে কল্পতরো স্থিতম্ ॥ গোপালৈ-র্গোপনিবহৈঃ শুদ্ধসত্ত্বৈরমৎসরৈঃ । আবৃতং দেবতা-বৃন্দৈঃ পুষ্পাঞ্জলিকরৈর্দিবি ॥ বেণুনাদসমাবিষ্টচিত্ত-বৃত্তিভিরন্বিতম্ । দিব্যেন বেণুনাদেন নয়ন্তং স্ববশং জগৎ ॥' ইতি । এতচ্চ পূর্ব্বাচার্য্যৈর্লিখিতত্বাদত্র ন লিখিতমিতি দিক্ ॥ ১১৫ ॥

অথ ধ্যান মাহাত্ম্যম্, তত্র পাপপ্রণাশনত্বম্

বৃহৎশাতাতপস্মৃতৌ—

পক্ষোপবাসাৎ যৎ পাপং পুরুষস্য প্রণশ্যতি ।
প্রাণায়ামশতেনৈব যৎপাপং নশ্যতে নৃণাম্ ॥ ১১৬ ॥
প্রাণায়ামসহস্রেণ যৎ পাপং নশ্যতে নৃণাম্ ।
ক্ষণমাত্রেণ তৎ পাপং হরের্ধ্যানাৎ প্রণশ্যতি ॥ ১১৭॥

অনুবাদ—বৃহৎশাতাতপ-স্মৃতিতে বর্ণিত আছে যে, পক্ষকাল উপবাসী থাকিলে লোকের যে পাপ নাশপ্রাপ্ত হয় শত সংখ্যক প্রাণায়াম দ্বারা মনুষ্য-গণের যে পাপ ধ্বংস হয়, ক্ষণমাত্র কৃষ্ণ ধ্যানদ্বারা সেই সকল পাতক শীঘ্রই বিনষ্ট হয় ॥১১৬-১১৭॥

বিষ্ণুধর্ম্মে—

সর্ব্বপাপপ্রসক্তোঽপি ধ্যায়ন্নিমিষমচ্যুতম্ ।
ভূয়স্তপস্বী ভবতি পঙ্‌ক্তিপাবনপাবনঃ ॥ ১১৮ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মে উক্ত হইয়াছে—যদি কেহ সকল পাতকে পাতকী হইয়াও নিমেষমাত্র শ্রীভগবানকে ধ্যান করে, তাহা হইলে সেই ব্যক্তি পুনরায় তপস্বী হইয়া নিজ শ্রেণীর পবিত্রতাকারীগণেরও পবিত্রতাকারী হইয়া থাকে ॥ ১১৮ ॥

টীকা—ভূয়োঽধিকং যথা স্যাত্তথা, পঙ্‌ক্তেঃ পাবনাদপি পাবনঃ পরমপাবন ইত্যর্থঃ ॥ ১১৮ ॥

———

বিষ্ণুপুরাণে চ—

ধ্যায়েন্নারায়ণং দেবং স্নানাদিষু চ কর্ম্মসু ।
প্রায়শ্চিত্তং হি সর্ব্বস্য দুষ্কৃতস্যেতি নিশ্চিতম্ ॥ ১১৯

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণেও বর্ণিত আছে যে, স্নানাদি সকল কর্ম্মেই শ্রীনারায়ণদেবকে ধ্যান করিতে হয়। নারায়ণ-ধ্যান নিশ্চয়ই অখিল দুষ্কর্ম্মের প্রায়শ্চিত্ত স্বরূপ ॥ ১১৯ ॥

———

কলিদোষহরত্বম্

বৃহন্নারদীয়ে কলিপ্রসঙ্গে—

সমস্তজগদাধারং পরমার্থস্বরূপিণম্ ।
ঘোরে কলিযুগে প্রাপ্তে বিষ্ণুং ধ্যায়ন্ন সীদতি ॥১২০॥

অনুবাদ—বৃহন্নারদীয় পুরাণে কলিপ্রস্তাবে লিখিত আছে—ঘোর কলিকাল উপস্থিত হইলে যিনি নিখিল জগতের আধার পরমার্থস্বরূপ শ্রীবিষ্ণুকে ধ্যান করেন তিনি কখনও ক্লেশ ভোগ করেন না ॥ ১২০ ॥

———

সর্ব্বকর্ম্মাধিকারিত্বম্

স্কান্দে কার্ত্তিকমাহাত্ম্যে অগস্ত্যোক্তৌ—

কিন্তস্য বহুভিস্তীর্থৈঃ কিন্তস্য বহুভির্ব্রতৈঃ ।
যো নিত্যং ধ্যায়তে দেবং নারায়ণমনন্যধীঃ ॥১২১॥

অনুবাদ—স্কন্দপুরাণে কার্ত্তিক-মাহাত্ম্যে শ্রীঅগস্ত্য বলিয়াছেন যে—যিনি একান্তমনে নিরন্তর শ্রীনারায়ণের ধ্যান করেন, তাঁহার বহুবিধ তীর্থে ও বহুপ্রকার ব্রতানুষ্ঠানে কি প্রয়োজন ? ১২১ ॥

———

মোক্ষপ্রদত্বম্

বৃহন্নারদীয়ে প্রদক্ষিণ-মাহাত্ম্যান্তে—

যে মানবা বিগতরাগপরাপরজ্ঞা,
নারায়ণং সুরগুরুং সততং স্মরন্তি ।
ধ্যানেন তেন হতকিল্বিষবেদনান্তে
মাতুঃ পয়োধররসং ন পুনঃ পিবন্তি ॥ ১২২ ॥

অনুবাদ—বৃহন্নারদীয় পুরাণে প্রদক্ষিণ মহাত্ম্যের শেষে লিখিত আছে যাঁহারা ঈশ্বরের তত্ত্ব জানেন এবং যাঁহাদের বিষয়ানুরাগ দূর হইয়াছে, তাঁহারা দেবগুরু শ্রীনারায়ণকে যে সর্ব্বদা ধ্যান করেন, সেই ধ্যান-ফলেই পাতকশূন্য হন। সুতরাং তাঁহাদিগকে পুনরায় মাতৃস্তন্য পান করিতে হয় না। অর্থাৎ তাঁহাদের জন্মমৃত্যুর আবর্ত্ত নাশপ্রাপ্ত হয় ॥ ১২২ ॥

টীকা—বিগতরাগাশ্চ তে পরাপরজ্ঞাশ্চ কারণ-কার্য্যাভিজ্ঞাঃ পরমেশ্বরজীবতত্ত্বাজ্ঞা বা ধ্যানরূপেণ তেন স্মরণেন সততস্মরণাৎ। অত্র চ বামনপুরাণে—'তে ধৌতপাণ্ডুরপটা ইব রাজহংসাঃ, সংসারসাগর-জলস্য তরন্তি পারম্' ইতি পরার্দ্ধম্ ॥ ১২২ ॥

———

শ্রীবৈকুণ্ঠপ্রাপকত্বম্

স্কান্দে শ্রীব্রহ্মোক্তৌ—

মুহূর্ত্তমপি যো ধ্যায়েন্নারায়ণমতন্দ্রিতঃ ।
সোঽপি সদ্‌গতিমাপ্নোতি কিং পুনস্তৎপরায়ণঃ ॥১২৩

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্মা বলিতেছেন—যিনি ভগবানের ধ্যান পরায়ণ, তাঁহার কথা আর কি বলিব ? যিনি অনলস ভাবে মুহূর্ত্তকালও শ্রীনারায়নকে ধ্যান করেন তিনি সদ্‌গতি প্রাপ্ত হন ॥১২৩॥

টীকা—অতন্দ্রিতঃ অনলসঃ সন্, সতীমুত্তমাং, সতাং বা ভক্তানাং গতিং গম্যং প্রাপ্যং শ্রীবৈকুণ্ঠ-লোকম্ ॥ ১২৩ ॥

———

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণ-সংবাদে—

ধ্যায়ন্তি পুরুষং দিব্যমচ্যুতঞ্চ স্মরন্তি যে ।
লভন্তে তেঽচ্যুতস্থানং শ্রুতিরেষা পুরাতনী ॥ ১২৪ ॥

অনুবাদ—পদ্মপুরাণে বৈশাখ-মাহাত্ম্যে যম-ব্রাহ্মণ-সংবাদে বর্ণিত হইয়াছে যে— যাঁহারা দিব্যপুরুষ

শ্রীঅচ্যুতের ধ্যান ও স্মরণ করেন তাঁহারা অচ্যুতের স্থান লাভ করেন ; ইহা প্রাচীন বেদোক্তি ॥ ১২৪ ॥

টীকা—ধ্যায়ন্তি—শ্রীপাদাব্জতলমারভ্য শ্রীকেশাগ্রপর্য্যন্তং তত্তৎ-সৌন্দর্য্যাদিসহিতং চিন্তয়ন্তি ; অপ্যর্থে চকারঃ, ধ্যায়ন্তীত্যেতদন্ত, যে স্মরন্ত্যপি—যথাকথঞ্চিৎ ভগবতি মনঃ সংযোজয়ন্তি, তেঽপি ; এবং ধ্যানস্মরণয়োরভেদঃ কল্পনীয়ঃ ; ধ্যায়ন্তীতি স্মরন্তীতি পৃথক্ প্রয়োগাৎ। অতএবাগ্রে লেখ্যঃ ভেদঃ কল্প্যেত সামান্যবিশেষাভ্যাং তয়োরিতি, কেচিচ্চ কল্পয়ন্তি লঘুলঘুচ্চারণং স্মরণং কীর্ত্তনন্তূচ্চৈরিতি, কুত্রচিন্নামকীর্ত্তনপ্রসঙ্গেঽস্মরণোক্তেঃ ; তচ্চাসঙ্গতমিব। 'শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণম্' ইত্যাদৌ বাগুপাসনারূপাৎ কীর্ত্তনান্মানসোপাসনারূপস্য স্মরণস্য পৃথগুক্তেঃ ; এবঞ্চ নামকীর্ত্তনপ্রসঙ্গে স্মরণং নাম্ন এব মনসি চিন্তনমিতি জ্ঞেয়মিতি দিক্ ॥ ১২৪ ॥

সারূপ্যপ্রাপণম্

একাদশস্কন্ধে (৫।৪৮)—

বৈরেণ যং নৃপতয়ঃ শিশুপাল-শাল্ব-
পৌণ্ড্রাদয়ো গতিবিলাসবিলোকনাদ্যৈঃ
ধ্যায়ন্ত আকৃতধিয়ঃ শয়নাসনাদৌ
তৎসাম্যমাপুরনুরক্তধিয়াং পুনঃ কিম্ ॥ ১২৫ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতে একাদশস্কন্ধে শ্রীনারদোক্তি—হে বাসুদেব। শিশুপাল, শাল্ব ও পৌণ্ড্রক ইত্যাদি নৃপতিগণ অমিত্র ভাবে শয়ন ভোজনাদি সময়েও গতি-বিলাস ও অবলোকনাদি সহকারে যাঁহার আকৃতি চিন্তা করিয়া স্বারূপ্যমুক্তি পাইয়াছে, তাঁহার যাঁহারা অনুরাগী ভক্ত তাঁহাদের কথা আর কি বলিব ? ১২৫ ॥

টীকা—শয়নাদৌ বৈরেণাপি যং ভগবন্তং ধ্যায়ন্তঃ গত্যাদিভিঃ আকৃতধিয়ঃ তত্তদাকারা ধীর্যেষাং তথাভূতাঃ সন্তস্তৎসাম্যং সারূপ্যং প্রাপুঃ, ততোঽনুরক্তধিয়াং তৎসাম্যপ্রাপ্তির্ভবতীতি কিং বাচ্যম্ ॥ ১২৫ ॥

চতুর্থস্কন্ধে (২০।২৯) শ্রীপৃথূক্তৌ—

ভজন্ত্যথ ত্বামতএব সাধবো,
ব্যুদস্তমায়াগুণ-বিভ্রমোদয়ম্।
ভবৎপদানুস্মরণাদৃতে সতাং,
নিমিত্তমন্যদ্ভগবন্ন বিদ্মহে ॥ ১২৬ ॥

অনুবাদ—চতুর্থস্কন্ধে-শ্রীপৃথু বলিতেছেন—হে ভগবন্ ! আপনি দীনবৎসল বলিয়াই সাধুগণ আপনাকে ভজন করিয়া থাকেন। আপনাতে মায়াগুণের বিলাসজাত কোন কার্য্য নাই। সুতরাং আপনার চরণকমল সেবাব্যতীত স্বজনের অন্য কোন কৃত্য নাই ॥ ১২৬ ॥

স্কন্দপুরাণে ব্রহ্মোক্তৌ চ —

আলোড্য সর্ব্বশাস্ত্রাণি বিচার্য্য চ পুনঃ পুনঃ।
ইদমেব সুনিষ্পন্নং ধ্যেয়ো নারায়ণঃ সদা ॥ ১২৭ ॥

অনুবাদ—স্কন্ধপুরাণে ব্রহ্মা বলিতেছেন—বারংবার সকলশাস্ত্র মন্থন ও বিচার পূর্ব্বক ইহাই সুনির্দ্ধারিত হইল যে, সতত শ্রীনারায়ণ-ধ্যানই আবশ্যক ॥ ১২৭ ॥

অতএবোক্তং হয়শীর্ষপঞ্চরাত্রে নারায়ণব্যূহস্তবে—

যে ত্যক্তলোকধর্ম্মার্থা বিষ্ণুভক্তিবশং গতাঃ।
ধ্যায়ন্তি পরমাত্মানং
তেভ্যো নিত্যং নমো নমঃ ॥ ইতি ॥ ১২৮ ॥
স্মরণে যত্তু মাহাত্ম্যং তদ্ধ্যানেঽপ্যখিলং বিদুঃ।
ভেদঃ কল্প্যেত সামান্য-
বিশেষাভ্যাং তয়োঃ কিয়ান্ ॥ ১২৯ ॥

অনুবাদ—অতএব শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রে শ্রীনারায়ণ ব্যূহস্তবে উক্ত হইয়াছে—ইহলোকে যাহারা লোকধর্ম্ম পরিত্যাগ করিয়া বিষ্ণুভক্ত হইয়া পরমাত্মা শ্রীকৃষ্ণের ধ্যান করেন তাঁহাদিগকে নিত্য বারংবার প্রণাম করি। শ্রীকৃষ্ণ স্মরণের ও ধ্যানের মহিমা সমান। সামান্য ও বিশেষ বিচারে উভয়ের মধ্যে সামান্য কিছু পার্থক্য ভাবা হয় ॥ ১২৮-১২৯ ॥

টীকা—সামান্যম্—ভগবতি মনঃসংযোজনমাত্রং, বিশেষঃ—শ্রীমূর্ত্ত্যঙ্গলাবণ্যাদি-ভাবনা, তাভ্যাং তয়োঃ স্মরণধ্যানয়োঃ কিয়ান্ অল্প এব ভেদঃ কল্প্যতে, এতচ্চ বিবিচ্য লিখিতমেব ॥ ১২৯ ॥

অথ শ্রীভগবৎপ্রবোধনম্

ততো দেবালয়ে গত্বা ঘণ্টাদ্যুদ্‌ঘোষপূর্ব্বকম্ ।
প্রবোধ্য স্তুতিভিঃ কৃষ্ণং
নীরাজ্য প্রার্থয়েদিদম্ ॥ ১৩০ ॥

অনুবাদ—শৌচ, আচমন, স্মরণ ও ধ্যানের পর দেবালয়ে গমন করিয়া প্রবোধন যোগ্য ঘণ্টাদি বাদ্য করিয়া স্তুতিসমূহ দ্বারা শ্রীকৃষ্ণকে জাগরিত করিয়া নীরাজন পূর্ব্বক এইরূপ প্রার্থনা করিবে ॥ ১৩০ ॥

টীকা—স্তুতিভিঃ শ্রুতিস্তুত্যা অন্যাভিশ্চ প্রবোধনোপযুক্তাভিঃ, নীরাজ্য প্রথমং দীপমাত্রেণ নীরাজনং কৃত্বা ॥ ১৩০ ॥

তৃতীয়স্কন্ধে (৯।২৫)
সোঽসাবদভ্রকরুণো ভগবান্ বিবৃদ্ধ-
প্রেমস্মিতেন নয়নাম্বুরুহং বিজৃম্ভন্ ।
উত্থায় বিশ্ববিজয়ায় চ নো বিষাদং
মাধ্ব্যা গিরাপনয়তাৎ পুরুষঃ পুরাণঃ ॥ ১৩১ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে শ্রীব্রহ্মার উক্তি—পুরাণপুরুষ সেই ভগবান অত্যন্ত দয়ালু, তিনি প্রথিত প্রেমযুক্ত হাস্যদ্বারা নিজ নয়ন-কমল উন্মীলন করিয়া এই জগতের উদ্ভব ও আমার প্রতি করুণা প্রকাশের জন্য গাত্রোত্থানপূর্ব্বক মধুর বাক্যে আমার বিষাদ দূর করুন ॥ ১৩১ ॥

টীকা—বিজৃম্ভন্ বিজৃম্ভয়ন্ প্রকাশয়ন্ ॥ ১৩১ ॥

দেব প্রপন্নার্তিহর প্রসাদং কুরু কেশব ।
অবলোকনদানেন ভূয়ো
মাং পারয়াচ্যুত ॥ ইতি ॥ ১৩২ ॥

অনুবাদ—হে দেব ! হে শরণাগতরক্ষক ! হে কেশব ! আমার প্রতি কৃপা প্রকাশ করুন। হে অচ্যুত পুনরায় দর্শন দান করিয়া আমাকে পবিত্র করুন ॥ ১৩২ ॥

দেবালয়ং প্রবিশ্যাথ স্তোত্রাণীষ্টানি কীর্ত্তয়ন্ ।
কৃষ্ণস্য তুলসীবর্জ্জং নির্ম্মাল্যমপসারয়েৎ ॥ ১৩৩ ॥

অনুবাদ—তারপর দেবগৃহে প্রবেশ করিয়া স্তুতি কিংবা শ্রীকৃষ্ণের সহস্র নামাদিকীর্ত্তন সহকারে তুলসী ব্যতীত অন্যান্য নির্ম্মাল্য-সমূহ অপসারণ করিবে ॥ ১৩৩ ॥

অথ নির্ম্মাল্যোত্তারণম্

অত্রিস্মৃতৌ—
প্রাতঃকালে সদা কুর্য্যান্নির্ম্মাল্যোত্তারণং বুধঃ ।
তৃষিতাঃ পশবো বদ্ধাঃ কন্যকা চ রজস্বলা ।
দেবতা চ সনির্ম্মাল্যা হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥ ১৩৪॥

নারসিংহে শ্রীযমোক্তৌ—
দেবমাল্যাপনয়নং দেবাগারে সমূহনম্ ।
স্নাপনং সর্ব্বদেবানাং গোপ্রদানসমং স্মৃতম্ ॥১৩৫॥

অনুবাদ—অত্রিস্মৃতিতে বলা হইয়াছে—বিচক্ষণ ব্যক্তি সর্ব্বদা প্রভাত সময়ে নির্ম্মাল্য অপসারণ করিবেন। তৃষ্ণার্ত্ত পশু রজ্জুবদ্ধ থাকিলে, অনূঢ়াবস্থায় কন্যা রজস্বলা হইলে এবং দেবতা নির্ম্মাল্য সংযুক্তাবস্থায় থাকিলে উহারা পূর্ব্ব সঞ্চিত পুণ্য ধ্বংস করিয়া থাকেন ॥ ১৩৪ ॥

অনুবাদ—শ্রীনরসিংহপুরাণে শ্রীযমরাজ বলিতেছেন—দেব-নির্ম্মাল্য অপসারণ করিলে, সম্মার্জ্জনী দ্বারা দেবালয়ের মার্জ্জন করিলে এবং দেব সকলকে স্নান করাইলে গোদান তুল্য ফল হয়, এইরূপ প্রসিদ্ধি আছে ॥ ১৩৫ ॥

টীকা—ইষ্টানি স্বস্য কৃষ্ণস্য বা প্রিয়াণি সহস্রনামাদীনি ; দেবস্য মাল্যং নির্ম্মাল্যং, তস্য অপনয়নমুত্তারণং, সমূহনং মার্জ্জন্যা তৃণাদ্যপসারণম্ ॥১৩৩-১৩৫ ॥

নারদপঞ্চরাত্রে—
যঃ প্রাতরুত্থায় বিধায় নিত্যং
নির্ম্মাল্যমীশস্য নিরাকরোতি ।
ন তস্য দুঃখং ন দরিদ্রতা চ
নাকালমৃত্যুর্ন চ রোগমাত্রম্ ॥ ১৩৬ ॥

অনুবাদ—শ্রীনারদ পঞ্চরাত্রে বলা হইয়াছে যে—যিনি প্রাতঃকাল গাত্রোত্থান করিয়া নিত্যক্রিয়া সমাপ্ত করিয়া শ্রীকৃষ্ণের নির্ম্মাল্য অপসারণ করেন তাঁহার

দুঃখ নাই, দারিদ্র্য নাই, অকালমৃত্যু নাই এবং রোগ মাত্রেরও সম্ভাবনা নাই ॥ ১৩৬ ॥

অরুণোদয়বেলায়াং নির্ম্মাল্যং শল্যতাং ব্রজেৎ।
প্রাতস্তু স্যান্মহাশল্যং ঘটিকামাত্রযোগতঃ ॥ ১৩৭ ॥

অনুবাদ—অরুণোদয় বেলায় শ্রীবিগ্রহের গাত্রে নির্ম্মাল্য শল্যবৎ কষ্ট-প্রদ, প্রাতঃকালে মহাশল্যবৎ ॥ ১৩৭ ॥

অতিশল্যং বিজানীয়াত্ততো বজ্রপ্রহারবৎ।
অরুণোদয়বেলায়াং শল্যং তৎ ক্ষমতে হরিঃ ॥১৩৮॥
ঘটিকায়ামতিক্রান্তৌ ক্ষুদ্রং পাতকমাবহেৎ।
মুহূর্ত্তে সমতিক্রান্তে পূর্ণং পাতকমুচ্যতে ॥ ১৩৯ ॥
অতিপাতকমেব স্যাৎ ঘটিকানাং চতুষ্টয়ে।
মুহূর্ত্তত্রিতয়ে পূর্ণে মহাপাতকমুচ্যতে ॥ ১৪০ ॥
ততঃ পরং ব্রহ্মবধো মহাপাতকপঞ্চকম্।
প্রহরে পূর্ণতাং যাতে প্রায়শ্চিত্তং ততো ন হি ॥১৪১॥

অনুবাদ—নির্ম্মাল্য সরাণ না হইলে যদি এক দণ্ড অতিক্রান্ত হয় তাহা হইলে অতিশল্য হয় এবং তারপর বজ্রপ্রহার সদৃশ হয়, ইহা জানিতে হইবে। অরুণোদয় কালে নির্ম্মাল্য অপসারণ না করিলে যে শল্য সদৃশ হয় শ্রীহরি তাহা ক্ষমা করেন। ঘটিকা-কাল অতীত হইলে নির্ম্মাল্য ক্ষুদ্র পাতকের সঞ্চার করে, মুহূর্ত্তকাল গত হইলে তাহা পূর্ণপাতক বলিয়া কথিত হয়, চারিদণ্ডকাল অতীত হইলে অতিপাতক হয়, মুহূর্ত্তত্রয় সম্পূর্ণ হইলে মহাপাতক বলিয়া অভি-হিত হয়, তৎপরে ব্রহ্মহত্যা ও পঞ্চ মহাপাপের সমান হইয়া থাকে এবং প্রহরকাল সম্পূর্ণ হইলে আর তাহার কোন প্রকার প্রায়শ্চিত্ত নাই ॥ ১৩৮-১৪১ ॥

নির্ম্মাল্যস্য বিলম্বে তু প্রায়শ্চিত্তমথোচ্যতে।
অতিক্রান্তে মুহূর্ত্তার্দ্ধে সহস্রং জপমাচরেৎ ॥ ১৪২ ॥
পূর্ণে মুহূর্ত্তে সংজাতে সহস্রং সার্দ্ধমুচ্যতে।
সহস্রদ্বিতয়ং কুর্য্যাৎ ঘটিকানাং চতুষ্টয়ে ॥ ১৪৩ ॥
মুহূর্ত্তত্রিয়েঽতীতে অযুতং জপমাচরেৎ।
প্রহরে পূর্ণতাং যাতে পুরশ্চরণমুচ্যতে।
প্রহরে সমতিক্রান্তে প্রায়শ্চিত্তং ন বিদ্যতে ॥ ১৪৪ ॥

অনুবাদ—এখন নির্ম্মাল্য অপসারণে বিলম্বজন্য দোষের প্রায়শ্চিত্ত বলা হইতেছে। একদণ্ড (অর্দ্ধ-মুহূর্ত্তকাল) গত হইলে সহস্র সংখ্যা জপ করিবে, মুহূর্ত্তকাল পূর্ণ হইলে দেড় হাজার জপ করিবার কথা বলা হইয়াছে। চারিদণ্ডকাল অতীত হইলে দুই সহস্র জপ করিতে হয়, তিন মুহূর্ত্ত গত হইলে অযুত সংখ্যা জপ করিবে, আর প্রহর কাল পূর্ণ হইলে পুরশ্চরণের কথা বলা হইয়াছে, কিন্তু প্রহর কাল গত হইলে তাহার আর কোন প্রায়শ্চিত্ত বিহিত নাই ॥ ১৪২-১৪৪ ॥

অথ শ্রীমুখপ্রক্ষালনম্

শ্রীহস্তাঙ্ঘ্রিমুখাম্ভোজক্ষালনায় চ তদ্‌গৃহে।
গণ্ডূষাণি জলৈর্দত্ত্বা দন্তকাষ্ঠং সমর্পয়েৎ ॥ ১৪৫ ॥

অনুবাদ—ভগবান শ্রীকৃষ্ণের শ্রীহস্ত, শ্রীপদ ও শ্রীমুখকমল ধৌত করাইবার জন্য পিকদানীর মধ্যে জল দিয়া গণ্ডূষ দিয়া দাঁতমাজার জন্য দাঁতন দিতে হইবে ॥ ১৪৫ ॥

জিহ্বোল্লেখনিকাং দত্ত্বা পাদুকে শুদ্ধমৃত্তিকাম্।
সলিলঞ্চ পুনর্দদ্যাদ্বাসোঽপি মুখমার্জ্জনম্ ॥ ১৪৬ ॥
ততঃ শ্রীতুলসীং পুণ্যামর্পয়েৎ ভগবৎপ্রিয়াম্।
তন্মাহাত্ম্যঞ্চ তন্মুখ্যপ্রসঙ্গে লেখ্যমগ্রতঃ ॥ ১৪৭ ॥

অনুবাদ—জিহ্বা-মার্জ্জনিকা, পাদুকাদ্বয় ও পবিত্র মৃত্তিকা দিয়া পুনরায় জল ও মুখ মুছিবার জন্য বস্ত্র প্রদান করিবে তারপর ভগবৎ প্রিয়া শ্রীতুলসী অর্পণ করিতে হইবে। ইহার মহিমা মুখ্য প্রস্তাবে বলা হইবে ॥ ১৪৬-১৪৭ ॥

টীকা— ভগবৎপ্রিয়ামিতি মুখপ্রক্ষালনবসরেঽপ্যস্মিন্ তৎসমর্পণে তথা তুলসীব্যতিরিক্তনির্ম্মাল্যোত্তারণে চ কারণং জ্ঞেয়ম্ ॥ ১৪৭ ॥

অথ দন্তকাষ্ঠাদ্যর্পণমাহাত্ম্যম্

বিষ্ণুধর্ম্মোত্তরে—

দন্তকাষ্ঠপ্রদানেন দন্তসৌভাগ্যমৃচ্ছতি।
জিহ্বোল্লেখনিকাং দত্ত্বা বিরোগস্তুভিজায়তে ॥ ১৪৮॥
পাদুকায়াঃ প্রদানেন গতিমিষ্টামবাপ্নুয়াৎ।
মৃত্তাগদানাদ্দেবস্য ভূমিমাপ্নোত্যনুত্তমাম্ ॥ ১৪৯ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে বর্ণিত আছে—শ্রীকৃষ্ণকে দন্তকাষ্ঠ প্রদান দ্বারা দন্ত সৌভাগ্য লাভ হয়, জিহ্বা মার্জ্জনিকা দেওয়ায় নীরোগ হওয়ার সৌভাগ্যলাভ এবং পাদুকা প্রদানদ্বারা অভীষ্ট গতি লাভ হয় আর মাটি দেওয়ায় মাটি অর্থাৎ উত্তমাভূমি লাভ হয় ॥ ১৪৮-১৪৯ ॥

অথ মঙ্গলনীরাজনম্

পঠিত্বাথ প্রিয়ান্ শ্লোকান্ মহাবাদিত্রনিস্বনৈঃ।
প্রভোর্নীরাজনং কুর্য্যান্মঙ্গলাখ্যং জগদ্ধিতম্ ॥ ১৫০ ॥
নীরাজনন্ত্বিদং সর্ব্বৈঃ কর্ত্তব্যং শুচিবিগ্রহৈঃ।
পরমশ্রদ্ধয়োত্থায় দ্রষ্টব্যঞ্চ সদা নরৈঃ ॥ ১৫১ ॥
স্ত্রীণাং পুংসাঞ্চ সর্ব্বেষামেতৎ সর্ব্বেষ্টপূরকম্।
সমস্তদৈন্যদারিদ্র্যদুরিতাদ্যুপশান্তিকৃৎ ॥ ১৫২ ॥

অনুবাদ—অতঃপর শ্রীকৃষ্ণের প্রিয় শ্লোক-সকল পাঠ করিয়া মহা বাদ্যধ্বনি সহকারে শ্রীকৃষ্ণের জগন্মঙ্গলকর মঙ্গল নীরাজন করিতে হইবে। ইহা নরনারী সকলেরই সমস্ত অভীষ্ট পূর্ণ করে এবং সর্ব্বপ্রকার দুঃখ দারিদ্র্য ও পাতকাদি বিনাশ করিয়া থাকে। সকলেই পবিত্র দেহ মনে এই আরাত্রিক করিবে। মনুষ্যেরা শ্রদ্ধার সহিত গাত্রোত্থান করিয়া ভগবানে মন সমর্পণ করিয়া ইহা দর্শন করিবে ॥ ১৫০-১৫২ ॥

টীকা—শ্লোকান্—'বর্হাপীড়ং কৃচিৎ' ইতি, 'বিনাশয়' ইত্যাদীন্ ; মঙ্গলমিত্যাখ্যা যস্য তৎ ॥১৫০॥

অথ প্রাতঃস্নানার্থোদ্যমঃ

ততোঽরুণোদয়স্যান্তে স্নানার্থং নিঃসরেদ্বহিঃ।
কীর্ত্তয়ন্ কৃষ্ণনামানি তীর্থং গচ্ছেদনন্তরম্ ॥ ১৫৩ ॥

অনুবাদ—এরপর অরুণোদয় কাল অতীত হইলে স্নানের জন্য বাহিরে যাইবে। তারপর শ্রীকৃষ্ণনাম করিতে করিতে পবিত্র জলাশয়ে নদী প্রভৃতিতে গমন করিবে ॥ ১৫৩ ॥

তথা চ শুক্রস্মৃতৌ—

ব্রাহ্মে মুহূর্ত্তে চোত্থায় শুচির্ভূত্বা সমাহিতঃ।
স্বস্তিকাদ্যাসনং বধ্বা ধ্যাত্বা কৃষ্ণপদাম্বুজম্ ॥ ১৫৪ ॥
ততো নির্গত্য নিলয়ান্নামানীমানি কীর্ত্তয়েৎ।
শ্রীবাসুদেবানিরুদ্ধপ্রদ্যুম্নাধোক্ষজাচ্যুত।
শ্রীকৃষ্ণানন্ত গোবিন্দ সঙ্কর্ষণ নমোঽস্তু তে ॥ ১৫৫ ॥

অনুবাদ—শুক্রস্মৃতিতে বলা হইয়াছে—ব্রাহ্ম-মুহূর্ত্তে শয্যাত্যাগ করিয়া স্থির ও শুদ্ধচিত্তে স্বস্তিকাদি আসনে উপবেশন পূর্ব্বক শ্রীকৃষ্ণের চরণ-কমল ধ্যান করিবে। তারপর বাড়ী হইতে বাহির হইয়া হে শ্রীবাসুদেব! হে অনিরুদ্ধ! হে প্রদ্যুম্ন! হে অধোক্ষজ! হে অচ্যুত! হে শ্রীকৃষ্ণ! হে অনন্ত! হে গোবিন্দ! হে সঙ্কর্ষণ! এই সমস্ত নাম কীর্ত্তন করিয়া প্রণাম করিবে ॥ ১৫৪-১৫৫ ॥

গত্বা তীর্থাদিকং তত্র নিক্ষিপ্য স্নানসাধনম্।
বিধিনাচর্য্য মৈত্রাদিকৃত্যং শৌচং বিধায় চ।
আচম্য খানি সম্মার্জ্য স্নানং কুর্য্যাৎ যথোচিতম্ ॥১৫৬

অনুবাদ—তারপর জলাশয়াদিতে যাইয়া সেখানে স্নানদ্রব্য সকল সংরক্ষণ পূর্ব্বক যথা নিয়মে মল-ত্যাগাদি কর্ম্ম, শৌচ, আচমন ও ইন্দ্রিয়চ্ছিদ্র সকল প্রক্ষালন করিয়া বর্ণাশ্রমাদির অনুরূপ স্নান করিবে ॥ ১৫৬ ॥

টীকা—বিধিনেতি সর্ব্বত্রান্বেতি। মৈত্রং পুরী-ষোৎসর্গস্তদাদিকং, খানি ইন্দ্রিয়চ্ছিদ্রাণি, যথোচিতং বর্ণাশ্রমাদ্যনুরূপম্ ; অত্র চ প্রায়ো গৃহস্থস্যৈব লেখ্য-শ্রীভগবৎপূজাবিধিযোগ্যত্বাৎ তস্যৈবায়মাচারো জ্ঞেয়ঃ। অতএব শ্রীবিষ্ণুপুরাণাদ্যুক্তানি প্রায়ো গৃহিধর্ম্ম-বচনান্যেব লিখিতানীতি দিক্ ॥ ১৫৬ ॥

অথ মৈত্রাদিকৃত্যবিধিঃ

শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্বসগর-সংবাদে গৃহিধর্ম্মকথনে—
ততঃ কল্যে সমুত্থায় কুর্য্যান্মৈত্রং নরেশ্বর।
নৈঋ্ঋত্যামিষুবিক্ষেপমতীত্যাভ্যধিকং গৃহাৎ॥ ১৫৭॥
দূরাদাবসথান্মূত্রং পুরীষঞ্চ সমুৎসৃজেৎ।
পাদাবসেচনোচ্ছিষ্টে প্রক্ষিপেন্ন গৃহাঙ্গনে॥ ১৫৮॥
আত্মচ্ছায়াং তরোশ্চায়াং গোসূর্য্যাগ্ন্যনিলাংস্তথা।
গুরুং দ্বিজাতীংশ্চ বুধো ন মেহেত কদাচন॥ ১৫৯॥

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্ব-সগর-সংবাদে গৃহিধর্ম্ম-বর্ণন-প্রসঙ্গে বলা হইয়াছে—হে রাজন্! অতঃপর প্রভাতকালে গাত্রোত্থান করিয়া গৃহ হইতে শরক্ষেপের দূরত্বের বেশী দূরে গিয়া মলত্যাগ করিবে। যদি গ্রামের নৈঋ্ঋতদিকে শরক্ষেপের দূরত্ব না পাওয়া যায় তাহা হইলে যে দিকেই হউক বাড়ী হইতে দূরে যাইয়া মলমূত্র ত্যাগ করিবে। পা ধোওয়া জল ও এঁঠো জিনিষ গৃহ প্রাঙ্গণে নিক্ষেপ অবিধি। পণ্ডিত-ব্যক্তি নিজছায়াতে, বৃক্ষের ছায়াতে, গো, সূর্য্য, অগ্নি বায়ু, গুরু ও বিপ্রের অভিমুখে কখনও মলমূত্রত্যাগ করিবে না॥ ১৫৭-১৫৯॥

টীকা—কল্যে উষসি, গ্রামস্য নৈঋ্ঋত্যাং দিশি॥ ১৫৭॥

টীকা—তদসম্ভবে স্বগৃহাদ্দূরে মূত্রাদ্যুৎসর্গং কুর্য্যাৎ॥ ১৫৮॥

টীকা—গবাদীন্ গুরুং দ্বিজাতীংশ্চ প্রতি তদভিমুখো ন মেহেদিত্যর্থঃ॥ ১৫৯॥

ন কৃষ্টে শস্যমধ্যে বা গোব্রজে জনসংসদি।
ন বর্ত্মনি ন নদ্যাদিতীর্থেষুপুরুষর্ষভ॥ ১৬০॥
নাপ্সু নৈবাম্ভসস্তীরে ন শ্মশানে সমাচরেৎ।
উৎসর্গং বৈ পুরীষস্য মূত্রস্য চ বিসর্জনম্॥ ১৬১॥

অনুবাদ—হে পুরুষ শ্রেষ্ঠ! কর্ষণ করা জমিতে, শষ্যমধ্যে, গোষ্ঠে, জনসমাজে, পথিমধ্যে, নদী প্রভৃতি তীর্থে, জলমধ্যে, জলের ধারে ও শ্মশানে মলমূত্র ত্যাগ করা উচিত নয়॥ ১৬০-১৬১॥

উদঙ্মুখো দিবোৎসর্গং বিপরীতমুখো নিশি।
কুর্ব্বীতানাপদি প্রাজ্ঞো মূত্রোৎসর্গঞ্চ পার্থিব॥ ১৬২॥
তৃণৈরাচ্ছাদ্য বসুধাং বস্ত্রপ্রাবৃতমস্তকঃ।
তিষ্ঠেন্নাতিচিরং তত্র নৈব কিঞ্চিদুদীরয়েৎ॥ ১৬৩॥

অনুবাদ—বিপদ্‌কাল ব্যতীত বুদ্ধিমান ব্যক্তি দিনের বেলা উত্তরমুখ এবং রাত্রিকালে দক্ষিণমুখ হইয়া তৃণদ্বারা ভূতল আচ্ছাদন ও বস্ত্রদ্বারা মস্তক আবৃত করতঃ মলমূত্র-ত্যাগ করিবে। মলমূত্রত্যাগের সময় কথা বলিবে না এবং সেখানে বেশীক্ষণ থাকিবে না॥ ১৬২-১৬৩॥

তথা কৌর্ম্মে ব্যাসগীতায়াম্—
নিধায় দক্ষিণে কর্ণে ব্রহ্মসূত্রমুদঙ্মুখঃ।
অন্তর্ধাপ্য মহীং কাষ্ঠৈঃ পত্রৈর্লোষ্ট্রৈস্তৃণেন বা॥ ১৬৪॥
প্রাবৃত্য তু শিরঃ কুর্য্যাদ্বিণ্মূত্রস্য বিসর্জ্জনম্।
ন চৈবাভিমুখঃ স্ত্রীণাং গুরুব্রাহ্মণয়োর্গবাম্।
ন দেবদেবালয়য়োর্নাপামপি কদাচন॥ ১৬৫॥
নদীং জ্যোতীংষি বীক্ষিত্বা ন বায়ুগ্নিমুখোঽপি বা।
প্রত্যাদিত্যং প্রত্যনলং প্রতিসোমং তথৈব চ॥ ১৬৬॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় বলা হইয়াছে—দক্ষিণকর্ণে যজ্ঞোপবীত স্থাপন করিয়া উত্তর-মুখ হইয়া কাষ্ঠ, পত্র, লোষ্ট্র কিংবা তৃণদ্বারা ভূতল আচ্ছাদন করিয়া এবং বসনদ্বারা মস্তক আবৃত করিয়া মলমূত্র ত্যাগ করিবে। স্ত্রীজাতি, গুরুজন, ব্রাহ্মণ, গো, দেবতা, দেবমন্দির, ও জল এই সকলের অভিমুখে অর্থাৎ এই সমস্ত ব্যক্তি বা দ্রব্যের দিকে মুখ করিয়া মলমূত্র ত্যাগ অবিধি। নদী ও নক্ষত্রের দিকে তাকাইয়া অথবা বায়ুর সম্মুখনা হইয়া এবং সূর্য্য, চন্দ্র ও অগ্নির দিকে মুখ করিয়া মলমূত্র ত্যাগ করিবে না॥ ১৬৪-১৬৬॥

টীকা—তথেতি গৃহিধর্ম্মকথন এবেত্যর্থঃ। শ্রীবিষ্ণুপুরাণতঃ কিঞ্চিদ্বিশেষমপেক্ষ্য শ্রীকূর্ম্মপুরাণ-কাশীখণ্ডবচনানি লিখতি—নিধায়েত্যাদি। এবমগ্রেঽপি সর্ব্বমূহ্যম্॥ ১৬৪॥

টীকা—বীক্ষিত্বেত্যার্ষং পশ্যন্নিত্যর্থঃ। প্রত্যাদিত্য-মিতি তত্তদভিমুখঃ সন্ন কুর্য্যাদিতি পূর্ব্ববদর্থঃ॥ ১৬৬

কাশীখণ্ডে শ্রীস্কন্দাগস্ত্য-সংবাদে—

ততশ্চাবশ্যকং কর্ত্তুং নৈঋ‍র্তীং দিশমাশ্রয়েৎ।
গ্রামাদ্ধনুঃশতং গচ্ছেন্নগরাচ্চ চতুর্গুণম্ ॥ ১৬৭ ॥
কর্ণোপবীত্যুদগ্বক্ত্রো দিবসে সন্ধ্যয়োরপি।
বিণ্মূত্রে বিসৃজেন্মৌনী নিশায়াং দক্ষিণামুখঃ ॥১৬৮॥
নালোকয়েদ্দিশো ভাগান্
জ্যোতিশ্চক্রং নভোঽমলম্।
বামেন পাণিনা শিশ্নং
ধৃত্বোত্তিষ্ঠেৎ প্রযত্নবান্ ॥ ১৬৯ ॥

অনুবাদ—কাশীখণ্ডে কার্ত্তিকেয় অগস্ত্য সংবাদে লিখিত হইয়াছে—অনন্তর আবশ্যকীয় কর্ত্তব্য সমাধানের নিমিত্ত নৈঋ‍র্তদিকে গমন করিবে। গ্রাম হইতে কমপক্ষে ৪০০ হাত এবং নগর হইতে তাহার চারিগুণ অর্থাৎ ১৬০০ হাত দূরে গমন করিবে। কানে পৈতা দিয়া দিনের বেলা এবং উভয় সন্ধ্যায় উত্তর মুখে ও রাত্রিতে দক্ষিণ মুখে কোন দিকে দৃষ্টিপাত না করিয়া সযত্নে বামহস্তদ্বারা শিশ্নধারণ করিয়া গাত্রোত্থান করিবে ঐ সময় কোন বাক্যব্যয় করিবে না ॥ ১৬৭-১৬৯ ॥

তত্রৈবাগ্রে—

ন মূত্রং গোব্রজে কুর্য্যান্ন বল্মীকে ন ভস্মনি।
ন গর্ত্তেষু সসত্ত্বেষু ন তিষ্ঠন্ন ব্রজন্নপি ॥ ১৭০ ॥
যথাসুখমুখো রাত্রৌ দিবা ছায়ান্ধকারয়োঃ।
ভীতিষু প্রাণবাধায়াং কুর্য্যান্মলবিসর্জ্জনম্ ॥ ১৭১ ॥

অনুবাদ—ঐ প্রসঙ্গেই বর্ণিত আছে—গোচারণস্থানে, উইঢিপির উপর, ছাইগাদার উপর এবং প্রাণিযুক্ত গর্ত্তে মলমূত্রত্যাগ করিবে না। দাঁড়াইয়া এবং যাইতে যাইতে মূত্রত্যাগ করিতে নাই। প্রাণহানির ভয় উপস্থিত হইলে যে কোন দিকে মুখ করিয়া এবং ছায়া অন্ধকারেও মলমূত্র ত্যাগ করা যায় ॥১৭০-১৭১

অথ শৌচবিধিঃ

শ্রীবিষ্ণুপুরাণে তত্রৈব—

বল্মীকমূষিকোৎখাতাং মৃদং নান্তর্জ্জলাত্তথা।
শৌচাবশিষ্টাং গেহাচ্চ ন দদ্যাল্লেপসম্ভবাম্ ॥ ১৭২॥
অন্তঃপ্রাণ্যবপন্নাঞ্চ হলোৎখাতাঞ্চ পার্থিব।
পরিত্যজেন্মৃদশ্চৈতাঃ সকলাঃ শৌচসাধনে ॥ ১৭৩॥
একা লিঙ্গে গুদে তিস্রো দশ বামকরে নৃপ।
হস্তদ্বয়ে চ সপ্তান্যা মৃদঃ শৌচোপপাদিকাঃ ॥ ১৭৪ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্ব-সগর-সংবাদে গৃহিধর্ম্ম বর্ণন প্রসঙ্গে উল্লিখিত হইয়াছে—হে রাজন্, বল্মীক ও মূষিক কর্ত্তৃক উদ্ধৃত মৃত্তিকা, সলিল মধ্যগত মৃত্তিকা, শৌচের অবশিষ্ট মৃত্তিকা এবং গৃহের ভিত্তিস্থিত মৃত্তিকা শৌচ কার্য্যে গ্রহণ করিবে না। মধ্যে কীট সমূহ কর্ত্তৃক অধিকৃত, লাঙ্গল দ্বারা উৎপাটিত মাটী শৌচকার্য্যে ব্যবহার করিবে না। হে নৃপতি! শৌচসাধন মৃত্তিকা শিশ্নে একবার, গুহ্যস্থানে তিনবার বামহস্তে দশবার এবং দুই হস্তে সাতবার মর্দ্দন করিতে হয় ॥ ১৭২-১৭৪ ॥

টীকা—লেপসম্ভবাং ভিত্তিগতাম্ ॥ ১৭২ ॥

টীকা—অন্তর্মধ্যে প্রাণিভিঃ কীটৈঃ অবপন্নাম্। উপহতাম্। পাঠান্তরে—অণুভিঃ সূক্ষ্মৈঃ প্রাণিভিরবপন্নাম্ ॥ ১৭৩ ॥

যমস্মৃতৌ—

তিস্রস্তু পাদয়োর্দেয়াঃ শুদ্ধিকামেন নিত্যশঃ ॥ ১৭৫॥

কিঞ্চ—

তিস্রস্তু মৃত্তিকা দেয়াঃ কৃত্বা তু নখশোধনম্ ॥ ১৭৬॥

অনুবাদ—যমস্মৃতিতে বলা হইয়াছে—শুদ্ধিলাভ করিতে ইচ্ছুক ব্যক্তি প্রতিদিন দুইপদে ৩ বার করিয়া মৃত্তিকা দিবেন এবং নখ শোধন করিয়া হস্ত দ্বয়েও তিন তিন বার মৃত্তিকা দিতে হইবে ॥ ১৭৫-১৭৬ ॥

টীকা—এবং মতভেদঃ সপাদুকনিষ্পাদুকাদিভেদেন কল্প্যঃ, পাদয়োরিতি প্রত্যেকং তিস্র ইতি জ্ঞেয়ম্; দেয়া হস্তয়োরিতি শেষঃ ॥ ১৭৫-১৭৬ ॥

কাশীখণ্ডে চ তত্রৈব—

গুহ্যে দদ্যান্মৃদং চৈকাং পায়ৌ পঞ্চাম্বুসান্তরাঃ।
দশ বামকরে চাপি সপ্ত পাণিদ্বয়ে মৃদঃ ॥ ১৭৭ ॥
একৈকাং পাদয়োর্দদ্যাৎ তিস্রঃ পাণ্যোর্মৃদঃ স্মৃতাঃ।
ইত্থং শৌচং গৃহী কুর্য্যাদ্‌গন্ধলেপক্ষয়াবধি ॥ ১৭৮ ॥

ক্রমাদ্দ্বিগুণমেতত্তু ব্রহ্মচর্য্যাদিষু ত্রিষু।
দিবাবিহিতশৌচাচ্চ রাত্রাবর্দ্ধং সমাচরেৎ ॥ ১৭৯ ॥
রুজার্দ্ধঞ্চ তদর্দ্ধঞ্চ পথি চৌরাদিপীড়িতে।
তদর্দ্ধং যোষিতাপি স্বাস্থ্যে ন্যূনং ন কারয়েৎ।
আর্দ্রধাত্রীফলোন্মানা মৃদঃ শৌচে প্রকীর্ত্তিতাঃ ॥১৮০

অনুবাদ—কাশীখণ্ডে কার্ত্তিকেয়-অগস্ত্য-সংবাদে বলা হইয়াছে—শিশ্নে একবার, মলদ্বারে পাঁচবার, বামহস্তে দশবার, দুই হস্তে সাতবার, দুইপদে একবার আর পুনরায় দুই হস্তে তিনবার জলযুক্ত মৃত্তিকা দেওয়ার ব্যবস্থা আছে। গন্ধ সম্পূর্ণ দূর হওয়া পর্য্যন্ত এই শৌচ কার্য্য বিধেয়। ব্রহ্মচর্য্যাদি আশ্রম ত্রয়ে এই শৌচবিধি যথাক্রমে দ্বিগুণ অর্থাৎ গৃহস্থ অপেক্ষা ব্রহ্মচারী দ্বিগুণ, বানপ্রস্থী তিন গুন এবং ভিক্ষুর পক্ষে চতুর্গুণ বুঝিতে হইবে। দিনের বেলা যে শৌচবিধি নির্দ্দিষ্ট হইয়াছে রাত্রিবেলা তাহার অর্দ্ধেক করিলেই চলিবে। পীড়িত অবস্থাতেও অর্দ্ধেক আচরণের ব্যবস্থা। তস্করাদি দ্বারা আক্রান্ত পথে তাহার অর্দ্ধ এবং নারীজাতি তাহার অর্দ্ধ আচরণ করিবে। শরীর সুস্থ থাকিলে শৌচের ন্যূনতা করিবে না। এক এক বারে আর্দ্র আমলকী ফলের পরিমাণ মৃত্তিকা শৌচকার্য্যে নির্দ্দিষ্ট হইয়াছে। ॥ ১৭৭-১৮০ ॥

টীকা—অম্বুসান্তরাঃ—মধ্যে মধ্যে জলসহিতাঃ ॥ ১৭৭ ॥

শঙ্খস্মৃতৌ—

মৃত্তিকা তু সমুদ্দিষ্টা ত্রিপর্ব্বী পূর্য্যতে যয়া ॥ ১৮১ ॥

অনুবাদ—শঙ্খ-স্মৃতিতে বলা হইয়াছে—যাহাতে ত্রিপর্ব্বী পূর্ণ হয় অর্থাৎ মধ্যস্থিত অঙ্গুলী-ত্রয়ের প্রথম গ্রন্থি পরিপূর্ণ পরিমিত মৃত্তিকার ব্যবস্থা সমুদ্দিষ্ট হইয়াছে ॥ ১-১ ॥

টীকা—ত্রিপর্ব্বী মধ্যবর্ত্ত্যঙ্গুলিত্রয়স্যাদিপর্ব্বত্রয়ম্; এষা চ গুদব্যতিরিক্তে জ্ঞেয়া ॥ ১৮১ ॥

দক্ষস্মৃতৌ—

অর্দ্ধপ্রসৃতিমাত্রা তু প্রথমা মৃত্তিকা স্মৃতা।
দ্বিতীয়া চ তৃতীয়া চ তদর্দ্ধং পরিকীর্ত্তিতা ॥ ১৮২ ॥

অনুবাদ—দক্ষ-স্মৃতিতে বলা হইয়াছে—প্রথম বারের মৃত্তিকার পরিমাণ অর্দ্ধাঞ্জলির অর্দ্ধ এবং দ্বিতীয় তৃতীয় বারের পরিমাণ তাহার অর্দ্ধ নিরূপিত হইয়াছে ॥ ১৮২ ॥

টীকা—অতএব লিখতি—অর্দ্ধেতি। প্রথমা গুদে দেয়ানাম্যাদ্যা ॥ ১৮২ ॥

অথ কেবলমূত্রোৎসর্গে

দক্ষঃ—

একা লিঙ্গে তু সব্যে ত্রিরুভয়োর্মৃদ্দ্বয়ং স্মৃতম্ ॥১৮৩

অনুবাদ—অনন্তর কেবল মূত্রত্যাগ-বিষয়ে দক্ষের উক্তি—শিশ্নে একবার, বামহস্তে তিনবার এবং পরে উভয়হস্তে দুইবার মৃত্তিকা প্রদানের ব্যবস্থা ॥১৮৩॥

ব্রাহ্মে—

পাদয়োর্দ্বে গৃহীত্বা চ সুপ্রক্ষালিতপাণিনা।
আচম্য তু ততঃ শুদ্ধঃ স্মৃত্বা বিষ্ণুং সনাতনম্ ॥১৮৪॥

অনুবাদ—ব্রহ্মপুরাণে এই বিষয়ে বলা হইয়াছে—পদদ্বয়ে দুইবার মৃত্তিকা প্রদান পূর্ব্বক উত্তমরূপে ধৌতহস্ত দ্বারা অচমন করিয়া সনাতন হরিকে স্মরণ পূর্ব্বক পবিত্র হইবে ॥ ১৮৪ ॥

অথ আচমনবিধিঃ

বিষ্ণুপুরাণে তত্রৈব—

অচ্ছেনাগন্ধফেনেন জলেনাবুদ্বুদেন চ।
আচামেত মৃদং ভূয়স্তথাদদ্যাৎ সমাহিতঃ ॥ ১৮৫ ॥
নিষ্পাদিতাঙ্ঘ্রিশৌচস্তু পাদাবভ্যুক্ষ্য বৈ পুনঃ।
ত্রিঃ পিবেৎ সলিলং তেন
তথা দ্বিঃ পরিমার্জ্জয়েৎ ॥ ১৮৬ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্ব-সগর-সংবাদে বর্ণিত আছে—স্বচ্ছ, গন্ধরহিত, ফেনশূন্য, বুদ্বুদহীন জল দ্বারা আচমন করিবে। পুনর্বার সাবধান হইয়া চরণে মৃত্তিকা দিবে। পাদশৌচ সমাপনান্তে পুনর্ব্বার পাদদ্বয় ধৌত করিয়া তিনবার আচমন করিবে।

এবং ঐ জলদ্বারাই দুইবার মুখ ধৌত করিবে ॥১৮৫-১৮৬ ॥

টীকা—সব্যে হস্তে, উভয়োর্হস্তয়োঃ ; আচামেতেত্যাচমনং প্রস্তুত্য তস্য পূর্ব্বাঙ্গমাহ—মৃদমিতি। অন্যাং মৃদমাদদ্যাৎ, তথা চ নিষ্পাদিতমঙ্ঘ্রিশৌচং যেন সঃ ; যদ্বা, ভূয়োহন্যাং মৃদং দদ্যাৎ পাদয়োরিতি শেষঃ ; ততশ্চাচামেদিত্যর্থঃ। তেন পাদাভ্যুক্ষণঃ ত্রিঃস্নানশেষসলিলেন দ্বিঃ পরিমার্জ্জয়েন্মুখমিতি শেষঃ ॥ ১৮৩-১৮৬ ॥

শীর্ষণ্যানি ততঃ খানি মূর্দ্ধানঞ্চ মৃদালভেৎ।
বাহূ নাভিঞ্চ তোয়েন হৃদয়ঞ্চাপি সংস্পৃশেৎ ॥১৮৭॥

অনুবাদ—তারপর নেত্রনাসিকা ইত্যাদিতে ও মাথায় মাটি ছোঁয়াইয়া হাতে নাভিতে ও হৃদয়ে জলস্পর্শ করাইবে ॥ ১৮৭ ॥

টীকা—আলভেৎ স্পৃশেৎ, অসঞ্জপন্নিতি পাঠে মৌনী ভূত্বেত্যর্থঃ ॥ ১৮৭ ॥

অত্র চ বিশেষো দক্ষেণোক্তঃ—

প্রক্ষাল্য হস্তৌ পাদৌ চ ত্রিঃ পিবেদম্বু বীক্ষিতম্।
সংবৃত্তাঙ্গুষ্ঠমূলেন দ্বিঃ প্রমৃজ্যাত্ততো মুখম্ ॥ ১৮৮ ॥
সংহত্য তিসৃভিঃ পূর্ব্বমাস্যমেবমুপস্পৃশেৎ।
অঙ্গুষ্ঠেন প্রদেশিন্যা ঘ্রাণং পশ্চাদনন্তরম্ ॥ ১৮৯ ॥
অঙ্গুষ্ঠানামিকাভ্যান্তু চক্ষুঃশ্রোত্রে পুনঃ পুনঃ।
কনিষ্ঠাঙ্গুষ্ঠয়োর্নাভিং হৃদয়ন্তু তলেন বৈ।
সর্ব্বাভিস্তু শিরঃ পশ্চাদ্বাহূ চাগ্রেণ সংস্পৃশেৎ ॥১৯০

অনুবাদ—এই বিষয়ে দক্ষ যাহা বলেন তাহা হইল—দুই হস্ত ও দুই চরণ ধৌত করিয়া দেখিয়া তিনবার আচমন করিবে। পরে ঈষৎ কুঞ্চিত অঙ্গুষ্ঠমূল দ্বারা দুইবার মুখ মার্জ্জনা করিবে। প্রথমে তিন অঙ্গুলি একত্রিত করিয়া মুখ মণ্ডল স্পর্শ করিবে তারপর অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা নাসিকা স্পর্শ করিয়া অঙ্গুষ্ঠ ও অনামিকাদ্বারা বারংবার চক্ষুদ্বয় ও কর্ণযুগল স্পর্শ করিবে। তারপর কনিষ্ঠাঙ্গুলিও অঙ্গুষ্ঠযোগে নাভি, করতল দ্বারা হৃদয়, সকল অঙ্গুলি দ্বারা মস্তক এবং ঐ সমস্ত অঙ্গুলির অগ্রভাগ দ্বারা বাহুদ্বয় স্পর্শ করিবে ॥ ১৮৮-১৯০ ॥

তথা কাশীখণ্ডে তত্রৈব—

প্রাগাস্য উদগাস্যো বা সূপবিষ্টঃ শুচৌ ভুবি।
উপস্পৃশেদ্বিহীনায়াং তুষাঙ্গারাস্থিভস্মভিঃ ॥ ১৯১ ॥
অনুষ্ণাভিরফেনাভিরদ্ভির্হৃদ্গাভিরত্বরঃ।
ব্রাহ্মণো ব্রহ্মতীর্থেন দৃষ্টিপূতাভিরাচমেৎ ॥ ১৯২ ॥
কণ্ঠগাভির্নৃপঃ শুধ্যেত্তালুগাভিস্তথোরুজঃ।
স্ত্রীশূদ্রাবাস্যসংস্পর্শমাত্রেণাপি বিশুধ্যতঃ ॥ ১৯৩ ॥

অনুবাদ—কাশীখণ্ডেও বলা হইয়াছে যে—পূর্ব্বমুখ ও উত্তর মুখ হইয়া তুষ, অঙ্গার, অস্থি ও ভস্ম রহিত পবিত্রস্থানে স্থিরভাবে বসিয়া চঞ্চলতা পরিহার করিয়া শীতল ফেনরহিত, দুর্গন্ধশূন্য সুস্বাদু জলদ্বারা আচমন করিবে। ব্রাহ্মণ ব্রহ্মতীর্থ যোগে দৃষ্টিপূত জলদ্বারা, ক্ষত্রিয় কণ্ঠগামী জলদ্বারা, বৈশ্য তালুগত জলদ্বারা এবং নারীজাতি ও শূদ্র জলে মুখস্পর্শ মাত্র আচমন করিয়া পবিত্র হইবেন ॥ ১৯১-১৯৩ ॥

যাজ্ঞবল্কস্মৃতৌ—

পাদক্ষালনশেষেণ নাচামেৎ বারিণা দ্বিজঃ।
যদ্যাচামেৎ প্লাবয়িত্বা ভূমৌ বৌধায়নোঽব্রবীৎ ॥১৯৪

অনুবাদ—যাজ্ঞবল্ক্য স্মৃতিতে বলা হইয়াছে—বিপ্রজাতি চরণ ধৌতাবশিষ্ট জলদ্বারা আচমন করিবেন না। উহাদ্বারা আচমন করিতে হইলে ভূমিতে কিঞ্চিৎ জল নিক্ষেপ করিয়া আচমন করিবেন, বৌধায়ন এই কথা বলেন ॥ ১৯৪ ॥

টীকা—ভূমৌ প্লাবয়িত্বা কিঞ্চিদ্বারি প্রক্ষিপ্য ॥ ১৯৪ ॥

ভরদ্বাজস্মৃতৌ—

পাণিনা দক্ষিণেনৈব সংহতাঙ্গুলিনাচমেৎ।
মুক্তাঙ্গুষ্ঠকনিষ্ঠেন নখস্পৃষ্টা অপস্ত্যজেৎ ॥ ১৯৫ ॥

অনুবাদ—ভরদ্বাজস্মৃতিতে উল্লিখিত হইয়াছে—অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠা ব্যতীত আঙ্গুলগুলি একত্রিত করিয়া

দক্ষিণ হস্তদ্বারা আচমন করিবে। নখ দ্বারা স্পৃষ্ট জলে আচমন করিবে না ॥ ১৯৫ ॥

———

কৌর্ম্মে চ ব্যাসগীতায়াম্—

ভুক্ত্বা পীত্বা চ সুপ্ত্বা চ স্নাত্বা রথ্যোপসর্পণে।
ওষ্ঠৌ বিলোমকৌ স্পৃষ্ট্বা বাসো বিপরিধায় চ ॥১৯৬
রেতোমূত্রপুরীষাণামুৎসর্গেঽনৃতভাষণে।
ষ্ঠীবিত্বাধ্যয়নারম্ভে কাসশ্বাসাগমে তথা ॥ ১৯৭ ॥
চত্বরং বা শ্মশানং বা সমভ্যস্য দ্বিজোত্তমঃ।
সন্ধ্যয়োরুভয়োস্তদ্বদাচান্তোঽপ্যাচমেৎ পুনঃ ॥ ১৯৮॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় বর্ণিত হইয়াছে—ব্রাহ্মণ আচমনান্তে ভোজন, পান, নিদ্রা হইতে উত্থান ও স্নান করিয়া এবং পর্য্যটন, লোমহীন ওষ্ঠদ্বয় স্পর্শ, বসনপরি ধান, মলমূত্র ও শুক্রবিসর্জ্জন, মিথ্যা-বাক্য প্রয়োগ ও থুতুত্যাগ করিয়া, অধ্যয়নের আরম্ভে কাস ও শ্বাসের সমাগমে, চত্বরে বা শ্মশানে ভ্রমণের পর এবং উভয় সন্ধ্যায় পুনরায় আচমন করিবেন ॥ ১৯৬-১৯৮ ॥

টীকা—সমভ্যস্য পরিভ্রমণেন সম্যক্ স্পৃষ্টা ইত্যর্থঃ ॥ ১৯৮ ॥

———

কিঞ্চ—

শিরঃ প্রাবৃত্য কণ্ঠং বা মুক্তকচ্ছশিখোঽপি বা।
অকৃত্বা পাদয়োঃ শৌচমাচান্তোঽপ্যশুচির্ভবেৎ ॥ ১৯৯
সোপানৎকো জলস্থো বা নোষ্ণীষী চাচমেদ্বুধঃ।
ন চৈব বর্ষধারাভির্হস্তোচ্ছিষ্টে তথা বুধঃ ॥ ২০০ ॥
নৈকহস্তার্পিতজলৈর্বিনা সূত্রেণ বা পুনঃ।
ন পাদুকাসনস্থো বা বহির্জানুরথাপি বা ॥ ২০১ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে যে—মস্তক ও গলা ঢাকা দিয়া কিংবা কাছা ও শিখা মুক্ত করিয়া, পদদ্বয়ে মৃত্তিকাশৌচ না করিয়া আচমন করিলেও অশুচি হয়। প্রাজ্ঞব্যক্তি চরণে চর্ম্মপাদুকা ধারণ, জলমধ্যে অবস্থান ও মস্তকে উষ্ণীষ বন্ধন করিয়া আচমন করিবেন না। বৃষ্টির ধারাসমূহে, এঁঠো-হাতে তথা একহাতে দেওয়া জলে অথবা পৈতাশূন্য হইয়া কিংবা পাদুকার উপর বসিয়া অথবা হাঁটু বাহিরে রাখিয়া আচমন করিবেন না ॥ ১৯৯-২০১ ॥

টীকা - পাদয়োঃ শৌচমকৃত্বেতি ভোজন-পান-শয়নাদৌ পাদয়োরশুদ্ধ্যভাবেঽপ্যা-চমনসাঙ্গতার্থং শৌচমুক্তম্ ॥ ১৯৯ ॥

টীকা—হস্তে উচ্ছিষ্টে সতি, সন্ধিরার্ষঃ ॥ ২০০ ॥

———

অথ বৈষ্ণবাচমনম্

ত্রিঃ পানে কেশবং নারায়ণং মাধবমপ্যথ।
প্রক্ষালনে দ্বয়োঃ পাণ্যো-
গোবিন্দং বিষ্ণুমপ্যভৌ ॥ ২০২ ॥
মধুসূদনমেকঞ্চ মার্জ্জনেঽন্যং ত্রিবিক্রমম্ ॥ ২০৩ ॥
উন্মার্জ্জনেঽপ্যধরয়োর্বামনশ্রীধরাবুভৌ ॥ ২০৪ ॥

অনুবাদ যথাবিধানে তিনবার আচমনকালে কেশব, নারায়ণ ও মাধবকে; দুইবার হাত ধোয়ার সময় গোবিন্দ ও শ্রীবিষ্ণুকে, মার্জ্জনকালে মধুসূদন ও ত্রিবিক্রমকে; অধর ও ওষ্ঠ মার্জ্জন সময়ে বামন ও শ্রীধরকে স্মরণ করিতে হইবে ॥ ২০২-২০৪ ॥

টীকা—তত্র লিখিতাচমনবিধৌ শ্রীভগবন্নামজপেন কঞ্চিদ্বিশেষং তান্ত্রিক সম্মতং লিখতি—ত্রিঃ পান ইত্যাদি ষড্‌ভিঃ। ত্রিঃ পানাদৌ কেশবাদিকং কৃষ্ণান্তং চতুর্বিবংশতিসংখ্যাকং শ্রীভগবন্নাম নমোঽন্তং চতুর্থ্যন্তঞ্চ কেশবায় নম ইত্যাদি প্রয়োগেণ ক্রমাজ্জপন্ সন্ যথাবিধি আচমনং কুর্য্যাদিতি সর্ব্বেরন্বয়ঃ। ত্রিঃপানে বারত্রয়জলাচমনে কেশবাদিত্রয়ম্ ॥ ২০২ ॥

টীকা—মধুসূদনমেকমন্যঞ্চ ত্রিবিক্রমমিত্যুভাবিত্যর্থঃ ॥ ২০৩ ॥

টীকা—অপিশব্দাদধরয়োর্মার্জ্জন ইতি জ্ঞেয়ম্। উভাবিতি পুংস্ত্বং সংজ্ঞা-সংজ্ঞিনোরভেদ-বিবক্ষয়া ॥ ২০৪ ॥

———

প্রক্ষালনে পুনঃ পাণ্যোর্হৃষীকেশঞ্চ পাদয়োঃ।
পদ্মনাভং প্রোক্ষণে তু মূর্দ্ধ্নি দামোদরং ততঃ ॥২০৫
বাসুদেবং মুখে সঙ্কর্ষণং প্রদ্যুম্নমিত্যুভৌ।
নাসয়োর্নেত্রযুগলেঽনিরুদ্ধং পুরুষোত্তমম্।
অধোক্ষজং নৃসিংহঞ্চ কর্ণয়োর্নাভিতোঽচ্যুতম্ ॥২০৬

এবং ঐ জলদ্বারাই দুইবার মুখ ধৌত করিবে॥১৮৫-১৮৬॥

টীকা—সব্যে হস্তে, উভয়োর্হস্তয়োঃ ; আচামেতেত্যাচমনং প্রস্তুত্য তস্য পূর্ব্বাঙ্গমাহ—মৃদমিতি। অন্যাং মৃদমাদদ্যাৎ, তথা চ নিষ্পাদিতমভিন্নশৌচং যেন সঃ ; যদ্বা, ভূয়োঽন্যাং মৃদং দদ্যাৎ পাদয়োরিতি শেষঃ ; ততশ্চাচামেদিত্যর্থঃ। তেন পাদাভ্যুক্ষণঃ ত্রিঃস্নানশেষসলিলেন দ্বিঃ পরিমার্জ্জয়েন্মুখমিতি শেষঃ॥ ১৮৩-১৮৬॥

শীর্ষণ্যানি ততঃ খানি মূর্দ্ধানঞ্চ মৃদালভেৎ।
বাহু নাভিঞ্চ তোয়েন হৃদয়ঞ্চাপি সংস্পৃশেৎ॥১৮৭॥

অনুবাদ—তারপর নেত্রনাসিকা ইত্যাদিতে ও মাথায় মাটি ছোঁয়াইয়া হাতে নাভিতে ও হৃদয়ে জলস্পর্শ করাইবে॥ ১৮৭॥

টীকা—আলভেৎ স্পৃশেৎ, অসঞ্জপন্নিতি পাঠে মৌনী ভূত্বেত্যর্থঃ॥ ১৮৭॥

অত্র চ বিশেষো দক্ষেণোক্তঃ—

প্রক্ষাল্য হস্তৌ পাদৌ চ ত্রিঃ পিবেদম্বু বীক্ষিতম্।
সংবৃত্তাঙ্গুষ্ঠমূলেন দ্বিঃ প্রমৃজ্যাত্ততো মুখম্॥ ১৮৮॥
সংহত্য তিসৃভিঃ পূর্ব্বমাস্যমেবমুপস্পৃশেৎ।
অঙ্গুষ্ঠেন প্রদেশিন্যা ঘ্রাণং পশ্চাদনন্তরম্॥ ১৮৯॥
অঙ্গুষ্ঠানামিকাভ্যান্তু চক্ষুঃশ্রোত্রে পুনঃ পুনঃ।
কনিষ্ঠাঙ্গুষ্ঠয়োর্নাভিং হৃদয়ন্তু তলেন বৈ।
সর্ব্বাভিস্তু শিরঃ পশ্চাদ্বাহু চাগ্রেণ সংস্পৃশেৎ॥১৯০

অনুবাদ—এই বিষয়ে দক্ষ যাহা বলেন তাহা হইল—দুই হস্ত ও দুই চরণ ধৌত করিয়া দেখিয়া তিনবার আচমন করিবে। পরে ঈষৎ কুঞ্চিত অঙ্গুষ্ঠমূল দ্বারা দুইবার মুখ মার্জ্জনা করিবে। প্রথমে তিন অঙ্গুলি একত্রিত করিয়া মুখ মণ্ডল স্পর্শ করিবে তারপর অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা নাসিকা স্পর্শ করিয়া অঙ্গুষ্ঠ ও অনামিকাদ্বারা বারংবার চক্ষুদ্বয় ও কর্ণযুগল স্পর্শ করিবে। তারপর কনিষ্ঠাঙ্গুলিও অঙ্গুষ্ঠযোগে নাভি, করতল দ্বারা হৃদয়, সকল অঙ্গুলি দ্বারা মস্তক এবং ঐ সমস্ত অঙ্গুলির অগ্রভাগ দ্বারা বাহুদ্বয় স্পর্শ করিবে॥ ১৮৮-১৯০॥

তথা কাশীখণ্ডে তত্রৈব—

প্রাগাস্য উদগাস্যো বা সূপবিষ্টঃ শুচৌ ভুবি।
উপস্পৃশেদ্বিহীনায়াং তুষাঙ্গারাস্থিভস্মভিঃ॥ ১৯১॥
অনুষ্ণাভিরফেনাভিরদ্ভির্হৃদ্‌গাভিরত্বরঃ।
ব্রাহ্মণো ব্রহ্মতীর্থেন দৃষ্টিপূতাভিরাচমেৎ॥ ১৯২॥
কণ্ঠগাভির্নৃপঃ শুধ্যেত্তালুগাভিস্তথোরুজঃ।
স্ত্রীশূদ্রাবাস্যসংস্পর্শমাত্রেণাপি বিশুধ্যতঃ॥ ১৯৩॥

অনুবাদ—কাশীখণ্ডেও বলা হইয়াছে যে—পূর্ব্বমুখ ও উত্তর মুখ হইয়া তুষ, অঙ্গার, অস্থি ও ভস্ম রহিত পবিত্রস্থানে স্থিরভাবে বসিয়া চঞ্চলতা পরিহার করিয়া শীতল ফেনরহিত, দুর্গন্ধশূন্য সুস্বাদু জলদ্বারা আচমন করিবে। ব্রাহ্মণ ব্রহ্মতীর্থ যোগে দৃষ্টিপূত জলদ্বারা, ক্ষত্রিয় কণ্ঠগামী জলদ্বারা, বৈশ্য তালুগত জলদ্বারা এবং নারীজাতি ও শূদ্র জলে মুখস্পর্শ মাত্র আচমন করিয়া পবিত্র হইবেন॥ ১৯১-১৯৩॥

যাজ্ঞবল্কস্মৃতৌ—

পাদক্ষালনশেষেণ নাচামেৎ বারিণা দ্বিজঃ।
যদ্যাচামেৎ স্রাবয়িত্বা ভূমৌ বৌধায়নোঽব্রবীৎ॥১৯৪

অনুবাদ—যাজ্ঞবল্ক্য স্মৃতিতে বলা হইয়াছে—বিপ্রজাতি চরণ ধৌতাবশিষ্ট জলদ্বারা আচমন করিবেন না। উহাদ্বারা আচমন করিতে হইলে ভূমিতে কিঞ্চিৎ জল নিক্ষেপ করিয়া আচমন করিবেন, বৌধায়ন এই কথা বলেন॥ ১৯৪॥

টীকা—ভূমৌ স্রাবয়িত্বা কিঞ্চিদ্বারি প্রক্ষিপ্য॥ ১৯৪॥

ভরদ্বাজস্মৃতৌ—

পাণিনা দক্ষিণেনৈব সংহতাঙ্গুলিনাচমেৎ।
মুক্তাঙ্গুষ্ঠকনিষ্ঠেন নখস্পৃষ্টা অপস্ত্যজেৎ॥ ১৯৫॥

অনুবাদ—ভরদ্বাজস্মৃতিতে উল্লিখিত হইয়াছে—অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠা ব্যতীত আঙ্গুলগুলি একত্রিত করিয়া

দক্ষিণ হস্তদ্বারা আচমন করিবে। নখ দ্বারা স্পৃষ্ট জলে আচমন করিবে না ॥ ১৯৫ ॥

———

কৌর্ম্মে চ ব্যাসগীতায়াম্—

ভুক্ত্বা পীত্বা চ সুপ্ত্বা চ স্নাত্বা রথ্যোপসর্পণে।
ওষ্ঠৌ বিলোমকৌ স্পৃষ্ট্বা বাসো বিপরিধায় চ ॥১৯৬
রেতোমূত্রপুরীষাণামুৎসর্গেঽনৃতভাষণে।
ষ্ঠীবিত্বাধ্যয়নারম্ভে কাসশ্বাসাগমে তথা ॥ ১৯৭ ॥
চত্বরং বা শ্মশানং বা সমভ্যস্য দ্বিজোত্তমঃ।
সন্ধ্যয়োরুভয়োস্তদ্বদাচান্তোঽপ্যাচমেৎ পুনঃ ॥ ১৯৮॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় বর্ণিত হইয়াছে—ব্রাহ্মণ আচমনান্তে ভোজন, পান, নিদ্রা হইতে উত্থান ও স্নান করিয়া এবং পর্য্যটন, লোমহীন ওষ্ঠদ্বয় স্পর্শ, বসনপরি ধান, মলমূত্র ও শুক্রবিসর্জ্জন, মিথ্যা-বাক্য প্রয়োগ ও থুতুত্যাগ করিয়া, অধ্যয়নের আরম্ভে কাস ও শ্বাসের সমাগমে, চত্বরে বা শ্মশানে ভ্রমণের পর এবং উভয় সন্ধ্যায় পুনরায় আচমন করিবেন ॥ ১৯৬-১৯৮ ॥

টীকা—সমভ্যস্য পরিভ্রমণেন সম্যক্ স্পৃষ্টা ইত্যর্থঃ ॥ ১৯৮ ॥

———

কিঞ্চ—

শিরঃ প্রাবৃত্য কণ্ঠং বা মুক্তকচ্ছশিখোঽপি বা।
অকৃত্বা পাদয়োঃ শৌচমাচান্তোঽপ্যশুচির্ভবেৎ ॥ ১৯৯
সোপানৎকো জলস্থো বা নোষ্ণীষী চাচমেদ্বুধঃ।
ন চৈব বর্ষধারাভির্হস্তোচ্ছিষ্টে তথা বুধঃ ॥ ২০০ ॥
নৈকহস্তার্পিতজলৈর্বিনা সূত্রেণ বা পুনঃ।
ন পাদুকাসনস্থো বা বহির্জানুরথাপি বা ॥ ২০১ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে যে—মস্তক ও গলা ঢাকা দিয়া কিংবা কাছা ও শিখা মুক্ত করিয়া, পদদ্বয়ে মৃত্তিকাশৌচ না করিয়া আচমন করিলেও অশুচি হয়। প্রাজ্ঞব্যক্তি চরণে চর্ম্মপাদুকা ধারণ, জলমধ্যে অবস্থান ও মস্তকে উষ্ণীষ বন্ধন করিয়া আচমন করিবেন না। বৃষ্টির ধারাসমূহে, এঁঠো-হাতে তথা একহাতে দেওয়া জলে অথবা পৈতাশূন্য হইয়া কিংবা পাদুকার উপর বসিয়া অথবা হাঁটু বাহিরে রাখিয়া আচমন করিবেন না ॥ ১৯৯-২০১ ॥

টীকা - পাদয়োঃ শৌচমকৃত্বেতি ভোজন-পান-শয়নাদৌ পাদয়োরশুদ্ধ্যভাবেঽপ্যা-চমনসাঙ্গতার্থং শৌচমুক্তম্ ॥ ১৯৯ ॥

টীকা—হস্তে উচ্ছিষ্টে সতি, সন্ধিরার্ষঃ ॥ ২০০ ॥

———

অথ বৈষ্ণবাচমনম্

ত্রিঃ পানে কেশবং নারায়ণং মাধবমপ্যথ।
প্রক্ষালনে দ্বয়োঃ পাণ্যো-
গোবিন্দং বিষ্ণুমপ্যভৌ ॥ ২০২ ॥
মধুসূদনমেকঞ্চ মার্জ্জনেঽন্যং ত্রিবিক্রমম্ ॥ ২০৩ ॥
উন্মার্জ্জনেঽপ্যধরয়োর্বামনশ্রীধরাবুভৌ ॥ ২০৪ ॥

অনুবাদ যথাবিধানে তিনবার আচমনকালে কেশব, নারায়ণ ও মাধবকে ; দুইবার হাত ধোয়ার সময় গোবিন্দ ও শ্রীবিষ্ণুকে, মার্জ্জনকালে মধুসূদন ও ত্রিবিক্রমকে ; অধর ও ওষ্ঠ মার্জ্জন সময়ে বামন ও শ্রীধরকে স্মরণ করিতে হইবে ॥ ২০২-২০৪ ॥

টীকা—তত্র লিখিতাচমনবিধৌ শ্রীভগবন্নামজপেন কঞ্চিদ্বিশেষং তান্ত্রিক সম্মতং লিখতি—ত্রিঃ পান ইত্যাদি ষড়্ভিঃ। ত্রিঃ পানাদৌ কেশবাদিকং কৃষ্ণান্তং চতুর্ব্বিংশতিসংখ্যকং শ্রীভগবন্নাম নমোঽন্তং চতুর্থ্যন্তঞ্চ কেশবায় নম ইত্যাদি প্রয়োগেণ ক্রমাজ্জপন্ সন্ যথাবিধি আচমনং কুর্য্যাদিতি সর্ব্বেরন্বয়ঃ। ত্রিঃপানে বারত্রয়জলাচমনে কেশবাদিত্রয়ম্ ॥ ২০২ ॥

টীকা—মধুসূদনমেকমন্যঞ্চ ত্রিবিক্রমমিত্যুভাবিত্যর্থঃ ॥ ২০৩ ॥

টীকা—অপিশব্দাদধরয়োর্মার্জ্জন ইতি জ্ঞেয়ম্। উভাবিতি পুংস্ত্বং সংজ্ঞা-সংজ্ঞিনোরভেদ-বিবক্ষয়া ॥ ২০৪ ॥

———

প্রক্ষালনে পুনঃ পাণ্যোর্হৃষীকেশঞ্চ পাদয়োঃ।
পদ্মনাভং প্রোক্ষণে তু মূর্দ্ধ্নি দামোদরং ততঃ ॥২০৫
বাসুদেবং মুখে সঙ্কর্ষণং প্রদ্যুম্নমিত্যুভৌ।
নাসয়োর্নেত্রযুগলেঽনিরুদ্ধং পুরুষোত্তমম্।
অধোক্ষজং নৃসিংহঞ্চ কর্ণয়োর্নাভিতোঽচ্যুতম্ ॥২০৬

জনার্দনঞ্চ হৃদয়ে উপেন্দ্রং মস্তকে ততঃ ।
দক্ষিণে তু হরিং বাহৌ বামে কৃষ্ণং যথাবিধি ।
নমোঽন্তঞ্চ চতুর্থ্যন্তমাচামেৎ ক্রমতো জপন্ ॥ ২০৭॥
অশক্তঃ কেবলং দক্ষং স্পৃশেৎ কর্ণং তথা চ বাক্ ।
কুর্ব্বীতালভনং বাপি দক্ষিণশ্রবণস্য বৈ ॥ ২০৮ ॥

অনুবাদ—পুনর্বার হস্তদ্বয় প্রক্ষালন কালে হৃষীকেশকে ; পদদ্বয় ধৌত করার সময় পদ্মনাভকে ; মস্তক প্রক্ষালনকালে দামোদরকে, মুখ প্রক্ষালন সময়ে বাসুদেবকে নাসাযুগল ধৌত করার সময় সঙ্কর্ষণ ও প্রদ্যুম্নকে ; নয়নদ্বয়ে অনিরুদ্ধ ও পুরুষোত্তমকে, কর্ণদ্বয়ে অধোক্ষজ ও নৃসিংহদেবকে, নাভিদেশে অচ্যুতকে, হৃদয়ে জনার্দ্দনকে, মস্তকদেশে উপেন্দ্রকে, দক্ষিণ বাহুতে হরিকে এবং বাম বাহুতে শ্রীকৃষ্ণকে যথাক্রমে চতুর্থী-বিভক্তি সংযোগে ও নমঃ শব্দান্ত পূর্ব্বক জপ করিয়া আচমন করিবে। (কেশবায় নমঃ, নারায়ণায় নমঃ ইত্যাদিরূপে) রোগাদি কারণে অসামর্থ্য ঘটিলে কেবলমাত্র দক্ষিণকর্ণ স্পর্শ করিবে। এই বিষয়ে বচন আছে—অসমর্থ ব্যক্তি কেবলমাত্র দক্ষিণ কর্ণ স্পর্শ করিবে ॥ ২০৫-২০৮ ॥

টীকা—পাণ্যোর্দ্বয়োঃ প্রক্ষালনে হৃষীকেশমেকমেব, পাদয়োশ্চ প্রক্ষালনে পদ্মনাভমেকং, ততস্তদনন্তরং মূর্দ্ধ্নঃ প্রোক্ষণে দামোদরমেকম্ ॥ ২০৫ ॥

টীকা—নাসয়োস্তু দ্বয়োঃ সঙ্কর্ষণং প্রদ্যুম্নঞ্চেতি দ্বৌ, নাভিতঃ নাভৌ ॥ ২০৬ ॥

টীকা—যথাবিধীতি পূর্ব্বলিখিতাচমনবিধানুসারেণ। ত্রিঃপানপ্রকারঃ মার্জ্জনাদাবঙ্গুলিনিয়মশ্চ তথা ওষ্ঠমার্জ্জনমূর্দ্ধোষ্ঠক্রমেণ নাসাদিস্পর্শশ্চ, দক্ষিণক্রমেণেত্যাদিপ্রকারশ্চ সদাচারতো জ্ঞেয় ইত্যর্থঃ। তথা চাগমতঃ শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াম্—'কেশবাদ্যৈস্ত্রিভিঃ পীত্বা দ্বাভ্যাং প্রক্ষালয়েৎ করৌ। দ্বাভ্যামোষ্ঠৌচ সংমার্জ্জ্য দ্বাভ্যামুন্মার্জ্জনং তথা। একেন হস্তৌ প্রক্ষাল্য পাদাবপি তথৈকতঃ। সংপ্রোক্ষ্যৈকেন মূর্দ্ধানং ততঃ সঙ্কর্ষণাদিভিঃ। আস্যনাসাক্ষিকর্ণাংশ্চ নাভ্যুরঃস্কন্ধকান্ স্পৃশেৎ। এবমাচমনং কৃত্বা সাক্ষান্নারায়ণো ভবেৎ। 'কেশব-নারায়ণ-মাধব-গোবিন্দ-বিষ্ণু-মধুসূদন-ত্রিবিক্রম-বামন-শ্রীধর-হৃষীকেশ-পদ্মনাভ-দামোদর-বাসুদেব-সঙ্কর্ষণ-প্রদ্যুম্ন-অনিরুদ্ধ-পুরুষোত্তম-অধোক্ষজ-নৃসিংহ-অচ্যুত-জনার্দ্দন-উপেন্দ্র-হরি-কৃষ্ণ-ভগবন্নামভিরেভিশ্চতুর্থ্যন্তৈর্নমোঽন্তৈরিত্যাদি ॥ ২০৭ ॥

টীকা—ইন্দ্রিয়চ্ছিদ্রাদিমার্জ্জনে চ অশক্ত্যাদ্যপেক্ষয়া স্মৃত্যুক্তং পক্ষান্তরং লিখতি—অশক্ত ইতি। রোগাদিনা অসমর্থশ্চেৎ তর্হি কেবলং দক্ষং নিজদক্ষিকর্ণং স্পৃশেৎ ; ননু তত্র কিং প্রমাণং ? তত্র লিখতি—তথা চ বাগিতি, যতস্তথৈব বচনমস্তীত্যর্থঃ। তামেব মার্কণ্ডেয়পুরাণে শ্রীমদালসোক্তাং লিখতি—কুর্ব্বীতেতি। আলভনং স্পর্শনম্, বৈ প্রসিদ্ধৌ, তচ্চ স্মৃতিপুরাণাদিবৎ সুপ্রসিদ্ধমেবেত্যর্থঃ। কেচিচ্চ ত্রির্জ্জলাচমনাশক্তাবপি পক্ষমেতং মন্যন্তে। তত্র চ জলাদ্যসম্ভবেঽপি, এতচ্চ কেবলমিত্যনেনাপি সূচিতম্। তচ্চ তত্রৈবোক্তম্—'যথা বিভবতো হ্যেতৎ পূর্ব্বাভাবে ততঃ পরম্' ইতি। অস্যার্থঃ—বিভবঃ সামর্থ্যাদিঃ, পূর্ব্বোক্তত্রিরাচমনাসম্ভবে ততোঽনন্তরমুক্তং দক্ষিণকর্ণালভনাদিকং কার্য্যং, নান্যদিত্যর্থঃ ॥ ২০৮ ॥

———

অথ দন্তধাবনবিধিঃ

তত্র কাত্যায়নঃ—
উত্থায় নেত্রং প্রক্ষাল্য শুচির্ভূত্বা সমাহিতঃ ।
পরিজপ্য চ মন্ত্রেণ ভক্ষয়েদ্দন্তধাবনম্ ॥ ২০৯ ॥

মন্ত্রশ্চায়ম্—
আয়ুর্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ ।
ব্রহ্ম প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বং নো ধেহি বনস্পতে ॥২১০॥

অনুবাদ—এই বিষয়ে ঋষি কাত্যায়ন বলেন—নিদ্রা হইতে গাত্রোত্থান পূর্ব্বক নেত্রদ্বয় ধৌত করিয়া পবিত্র ও স্থির চিত্তে মন্ত্রজপের পর দন্তধাবন করা উচিত। মন্ত্রানুবাদ—হে বনস্পতে! তুমি আমাদিগকে আয়ুঃ বল, যশঃ, তেজঃ, সন্তান, পশু, ধন, ব্রহ্ম অর্থাৎ বেদবিষয়ক জ্ঞান, বুদ্ধি ও স্মৃতিশক্তি প্রদান কর ॥ ২০৯-২১০ ॥

টীকা—শ্রীভগবৎপূজানিরতাঃ শয়নাদুত্থায়ৈব দন্তধাবনমাচরেয়ুরিতি পূর্ব্বং লিখিতম্, অধুনা শৌচবর্গবিধিপ্রসঙ্গে তদ্বিধিলিখ্যতে—উত্থায়েত্যাদিনা। প্রক্ষাল্য মর্জ্জনাদিনা নেত্রে উন্মীল্য, এবঞ্চ প্রাতঃকৃত্যমেবেদং ব্যক্তম্ তথা চ ব্যাসঃ—'শুদ্ধ্যর্থং প্রাতরুত্থায় ভক্ষয়েদ্দন্তধাবনম্' ইতি। অশক্তৌ চ স্নানকালেঽপি দন্ত-

ধাবনং ন দোষাবহম্, বিরক্তানাং সতাং কেষাঞ্চিৎ তাদৃশাচারদর্শনাৎ। অতএব কৌর্ম্মে শ্রীব্যাসগীতায়াম্—প্রক্ষাল্য দন্তকাষ্ঠং বৈ ভক্ষয়িত্বা বিধানতঃ। আচম্য প্রযতো নিত্যং স্নানং প্রাতঃ সমাচরেদিতি। প্রাতঃস্নানকাল এবোক্তম্; মার্কণ্ডেয়পুরাণে চ—'কেশপ্রসাধনাদর্শদর্শনং দন্তধাবনম্। পূর্ব্বাহ্ন এব কার্য্যাণি' ইতি পূর্ব্বাহ্নমাত্রকৃত্যমিত্যুক্তম্। যচ্চোক্তম্—'যো মোহাৎ স্নানবেলায়াং ভক্ষয়েদ্দন্তধাবনম্। নিরাশাস্তস্য গচ্ছন্তি দেবতাঃ পিতরস্তথা' ইতি। তচ্চ মধ্যাহ্নস্নানবিষয়ম্ জ্ঞেয়ম্ ॥ ২০৯ ॥

———

অস্য নিত্যতা

কাশীখণ্ডে—

অথো মুখবিশুদ্ধ্যর্থং গৃহ্নীয়াদ্দন্তধাবনম্।
আচান্তোঽপ্যশুচির্যস্মাদকৃত্বা দন্তধাবনম্ ॥ ২১১ ॥

অনুবাদ—দন্তধাবনের নিত্যতা বিষয়ে কাশীখণ্ডে উক্ত হইয়াছে—অতঃপর মুখ শোধনের জন্য দন্তকাষ্ঠ গ্রহণ করিবে, যেহেতু দন্তধাবন না করিয়া আচমন করিলেও মানুষের অশুচিতা থাকে ॥ ২১১ ॥

———

বারাহে চ—

দন্তকাষ্ঠমখাদিত্বা যস্তু মামুপসর্পতি।
সর্ব্বকালকৃতং কর্ম্ম তেন চৈকেন নশ্যতি ॥ ২১২ ॥

অনুবাদ—বরাহ-পুরাণে এই বিষয়ে বলা হইয়াছে—শ্রীবরাহদেব পৃথিবী-দেবীকে বলিতেছেন—যে ব্যক্তি দন্তকাষ্ঠ চর্ব্বণ না করিয়া আমাকে আরাধনা করে সে এই দন্তধাবন না করা রূপ এককর্ম্ম দ্বারাই সর্ব্বকালকৃত কর্ম্ম ধ্বংস করে ॥ ২১২ ॥

———

অথ দন্তকাষ্ঠনিষিদ্ধদিনানি

মনুঃ—

চতুর্দশ্যষ্টমী-দর্শপৌর্ণমাস্যর্কসংক্রমঃ।
এষু স্ত্রী-তৈল-মাংসানি দন্তকাষ্ঠানি বর্জ্জয়েৎ ॥২১৩॥

অনুবাদ—এরপর দন্তকাষ্ঠ ব্যবহার নিষিদ্ধ দিন বলা হইতেছে—মনু বলিয়াছেন—চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা এবং সংক্রান্তি—এই সকল দিনে স্ত্রীসম্ভোগ, তৈলমর্দ্দন, মাংস ভক্ষণ ও দন্তকাষ্ঠ চর্ব্বণ বর্জ্জনীয় ॥ ২১৩ ॥

———

সংবর্ত্তক—

আদ্যে তিথৌ নবম্যাঞ্চ ক্ষয়ে চন্দ্রমসস্তথা।
আদিত্যবারে সৌরে চ বর্জ্জয়েদ্দন্তধাবনম্ ॥ ২১৪ ॥

অনুবাদ—সংবর্ত্তক বলেন—প্রতিপদ, নবমী, অমাবস্যা, রবিবার ও শনিবার এই সকল দিনে দন্তধাবন করিবে না ॥ ২১৪ ॥

———

কাত্যায়নঃ—

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যাঞ্চ বিশেষতঃ।
দন্তানাং কাষ্ঠসংযোগো দহত্যাসপ্তমং কুলম্ ॥২১৫॥

অনুবাদ—কাত্যায়ন বলিয়াছেন—প্রতিপদ অমাবস্যা ও ষষ্ঠীতে বিশেষতঃ নবমী-তিথিতে দন্তসমূহে কাষ্ঠ সংযোগ করিলে শতপুরুষ পর্য্যন্ত বংশ দগ্ধ হয় ॥ ২১৫ ॥

টীকা—বিশেষত ইত্যনেন ক্বচিচ্চতুর্দ্দশ্যাদৌ, ক্বচিচ্চ ব্যতীপাতজন্মদিনাদৌ কৃতদন্তকাষ্ঠ-নিষেধাপেক্ষয়া প্রতিপদাদিষু তন্নিষেধাধিক্যং বোধ্যতে, অতএব দহতীত্যাদিনা তত্র দোষোঽপি মহান্ দর্শিত ইতি দিক্ ॥ ২১৫ ॥

———

বৃদ্ধবশিষ্ঠঃ—

উপবাসে তথা শ্রাদ্ধে ন খাদেদ্দন্তধাবনম্।
দন্তানাং কাষ্ঠসংযোগো হন্তি সপ্তকুলানি বৈ ॥ ২১৬॥

অনুবাদ—বৃদ্ধবশিষ্ঠ বলিয়াছেন—উপবাস দিনে ও শ্রাদ্ধদিনে দন্তকাষ্ঠ চর্ব্বণ করিবে না। ঐ সমস্ত দিনে দাঁতের সহিত কাঠের সংযোগ হইলে সপ্তকুল ধ্বংস হয় ॥ ২১৬ ॥

———

অন্যত্র চ—

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যেকাদশীরবৌ।
দন্তানাং কাষ্ঠসংযোগো হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥২১৭

অনুবাদ—আরও বলা হইয়াছে—প্রতিপৎ, অমাবস্যা, ষষ্ঠী নবমী ও একাদশী তিথিতে এবং রবিবারে দন্ত সমূহে কাষ্ঠ সংযোগ করিলে পূর্ব্বকৃত পুণ্য নষ্ট হয় ॥ ২১৭ ॥

টীকা—নবম্যামেকাদশ্যাং রবিবারে চেত্যর্থঃ ॥ ২১৭ ॥

অথ তত্র প্রতিনিধিঃ

দিনেষ্বেতেষু কাষ্ঠৈর্হি দন্তানাং ধাবনস্য তু।
নিষিদ্ধত্বাত্তৃণৈঃ কুর্য্যাত্তথা কাষ্ঠেতরৈশ্চ তৎ ॥ ২১৮॥

অনুবাদ—নিষিদ্ধ দিন গুলিতে—তৃণ, বৃক্ষের ছাল ও পত্র দ্বারা দন্তধাবন বিহিত হইয়াছে ॥ ২১৮ ॥

টীকা—এতেষু প্রতিপদাদিষু নিষিদ্ধদিনেষু কাষ্ঠৈঃ কৃত্বা দন্তানাং ধাবনস্য নিষিদ্ধত্বাৎ নিষেধনাৎ তত্তদ্দন্তধাবনাং তৃণৈঃ পর্ণৈঃ কাষ্ঠাদিতরৈরন্যৈশ্চ ত্বগাদিভিঃ কুর্য্যাৎ। যদ্বা, কাষ্ঠৈতরৈরিতি হেতৌ বিশেষণম্; ততশ্চ কাষ্ঠৈরেব নিষেধনাৎ তৃণাদীনাঞ্চ কাষ্ঠেতরত্বাৎ তৈর্দন্তধাবনমদুষ্টমিত্যর্থঃ ॥ ২১৮ ॥

তথা চ ব্যাসঃ—

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যাং দন্তধাবনম্।
পর্ণৈরন্যত্র কাষ্ঠৈশ্চ জিহ্বোল্লেখঃ সদৈব হি ॥ ২১৯॥

অনুবাদ—এই বিষয়ে শ্রীব্যাসদেব বলিয়াছেন—প্রতিপদ, অমাবস্যা, ষষ্ঠী ও নবমী তিথিতে এবং রবিবারে পত্রদ্বারা দন্তধাবন করিবে কিন্তু অন্যান্য দিনে কাষ্ঠদ্বারা দন্তধাবন এবং সর্ব্বদাই কাষ্ঠদ্বারা জিহ্বামার্জ্জন কর্ত্তব্য ॥ ২১৯ ॥

টীকা—অন্যত্র প্রতিপদাদিব্যতিরিক্তদিনেষু, অত্র চ রবিবারাদাবপি পর্ণৈরেব তথা তৃণৈশ্চাপীতি পূর্ব্বাপরবচনানুসারেণ বোদ্ধব্যম্ ॥ ২১৯ ॥

পৈঠীনসিঃ—

অলাভে বা নিষেধে বা কাষ্ঠানাং দন্তধাবনম্।
পর্ণাদিনা বিশুদ্ধেন জিহ্বোল্লেখঃ সদৈব হি ॥ ২২০॥

অনুবাদ—পৈঠীনসি বলিয়াছেন—দন্তকাষ্ঠের অভাবে অথবা দন্তকাষ্ঠ ব্যবহারের নিষিদ্ধদিনে পবিত্র পত্রদ্বারা দন্তধাবন করা যায় কিন্তু নিষিদ্ধ ও বিহিত উভয় ক্ষেত্রেই জিহ্বামার্জ্জন কর্ত্তব্য ॥ ২২০ ॥

অথ তত্রৈবাপবাদঃ

কাষ্ঠৈঃ প্রতিপদাদৌ যন্নিষিদ্ধং দন্তধাবনম্।
তৃণপর্ণৈস্তু তৎ কুর্য্যাদমামেকাদশীং বিনা ॥ ২২১ ॥

অনুবাদ—প্রতিপদাদি তিথিতে কাষ্ঠদ্বারা যে দন্তধাবন নিষিদ্ধ হইয়াছে, অমাবস্যা ও একাদশী ছাড়া তাহা তৃণপত্র দ্বারা করিতে হইবে। কারণ অমাবস্যা ও একাদশী তিথিতে তৃণপত্র দ্বারাও দন্তধাবন নিষিদ্ধ ॥ ২২১ ॥

টীকা—অমাম্—অমাবাস্যাম্, একাদশীমিত্যুপবাসদিনং লক্ষয়তি, কদাচিদ্দ্বাদশীষু জন্মাষ্টম্যাদিষু চোপবাসাৎ অমাবাস্যায়াং দন্তকাষ্ঠগ্রহণং ন কার্য্যম্। তথা চ মৎস্যবিষ্ণুপুরাণয়োঃ—'ছিনত্তি বীরুধো যস্তু বীরুৎসংস্থে নিশাকরে। পত্রং বা পাতয়ত্যেকং ব্রহ্মহত্যাং স বিন্দতি' ইতি ॥ ২২১ ॥

অতএব ব্যাসস্য বচনান্তরম্—

অলাভে দন্তকাষ্ঠানাং নিষিদ্ধায়াং তথা তিথৌ।
অপাং দ্বাদশগণ্ডূষৈর্বিদধ্যাদ্দন্তধাবনম্ ॥ ২২২ ॥

অনুবাদ—অতএব ব্যাসদেবের অন্য বচন—দন্তকাষ্ঠ অভাবে অথবা যে তিথিতে দন্তধাবন নিষিদ্ধ সেই তিথিতে দ্বাদশ গণ্ডূষ জল দ্বারা দন্তধাবন বিধেয় ॥ ২২২ ॥

টীকা—নিষিদ্ধায়ামিতি পূর্ব্বং প্রতিপদাদিষু নিষিদ্ধদিনেষু পর্ণৈর্দন্তধাবনস্যানুজ্ঞাতত্বাৎ পুনশ্চ অপাং দ্বাদশগণ্ডূষৈরিত্যনুজ্ঞাতত্বাদেকাদশ্যাদ্যুপবাসদিনেষু অপাং গণ্ডূষৈরিতি ব্যবস্থাপয়িতব্যম্, এবঞ্চ অমামেকাদশীং বিনেতি বাক্যং সুসঙ্গতমিতি দিক্ ॥ ২২২ ॥

কাশীখণ্ডে চ তত্রৈব—

অলাভে দন্তকাষ্ঠানাং নিষিদ্ধে বাথ বাসরে।
গণ্ডুষা দ্বাদশ গ্রাহ্যা মুখস্য পরিশুদ্ধয়ে ॥ ইতি ॥২২৩
তৃণপর্ণাদিনা কেচিদুপবাসদিনেঽবপি।
দন্তধাবনমিচ্ছন্তি মুখশোধনতৎপরাঃ ॥ ২২৪ ॥

তথা চ কাশীখণ্ডে তত্রৈব—

মুখে পর্য্যুষিতে যস্মাৎ ভবেদশুচিভাগ্ নরঃ।
ততঃ কুর্য্যাৎ প্রযত্নেন শুদ্ধ্যর্থং দন্তধাবনম্ ॥ ২২৫॥
উপবাসেঽপি নো দুষ্যেদ্দন্তধাবনমঞ্জনম্।
গন্ধালঙ্কার-সদ্বস্ত্রপুষ্পমালানুলেপনম্ ॥ ২২৬ ॥

অনুবাদ—কাশীখণ্ডে কার্ত্তিকেয়-অগস্ত্য-সংবাদে বর্ণিত হইয়াছে দন্তকাষ্ঠ না পাইলে অথবা দন্তধাবনের নিষিদ্ধদিনে মুখশুদ্ধির জন্য দ্বাদশ গণ্ডুষ জল গ্রহণ করিবে। যে সমস্ত ব্যক্তির মুখশুদ্ধিক্রিয়া অতিশয় আবশ্যক তাঁহারা উপবাস দিনেও তৃণ পত্রাদি দ্বারা দন্তধাবন করিতে পারেন। কারণ মুখ বাসি থাকিলে মানুষ অপবিত্র হয় অতএব শুদ্ধির নিমিত্ত সযত্নে দন্তধাবণ করা উচিত। উপবাস দিনেও দন্তধাবন, অঞ্জন, বিভূষণ, চন্দন লেপন, উত্তম বসন, পুষ্প মাল্য ও গন্ধদ্রব্য অনুলেপনে দোষ হয় না।।২২৩-২২৬

টীকা—উপবাসেঽপি নো দুষ্যেদিতি বচনঞ্চ স্বমতেঽপ্যন্যস্ত্রীবিষয়কং জ্ঞেয়ং, তত্রাঞ্জনাদিনিষেধনাৎ। অতএব কেচিদিচ্ছন্তীতি লিখিতম্। ব্রতদিনে পর্ণাদিনাপি দন্তানাং ধাবনে দাক্ষিণাত্য-শ্রীবৈষ্ণবানাং ব্যবহারোঽপি প্রমাণমিতি দিক্ ॥ ২২৪-২২৫ ॥

অথ দন্তকাষ্ঠানি

স্মৃতৌ—

সর্ব্বে কণ্টকিনঃ পুণ্যা আয়ুর্দাঃ ক্ষীরিণঃ স্মৃতাঃ।
কটু-তিক্ত-কষায়াশ্চ বলারোগ্য-সুখপ্রদাঃ ॥ ২২৭ ॥

কিঞ্চ—

পলাশানাং দন্তকাষ্ঠং পাদুকে চৈব বর্জ্জয়েৎ।
বর্জ্জয়েচ্চ প্রযত্নেন বটং বাশ্বত্থমেবচ ॥ ২২৮ ॥

অনুবাদ—স্মৃতিশাস্ত্রে লিখিত আছে যে—কণ্টকযুক্ত বৃক্ষের দন্তকাষ্ঠই পবিত্র, ক্ষীর বিশিষ্ট বৃক্ষের দন্তকাষ্ঠ আয়ুবর্দ্ধক এবং কটু, তিক্ত ও কষায়রস বিশিষ্ট বৃক্ষের দন্তকাষ্ঠ বল আরোগ্য সুখ প্রদেয় হয় কিন্তু পলাশ বৃক্ষের দন্তকাষ্ঠ ও পাদুকা এবং বট ও অশ্বত্থ বৃক্ষের দন্তকাষ্ঠ ও পাদুকা যত্ন সহকারে বর্জ্জন করিবে ॥ ২২৭-২২৮ ॥

কৌর্ম্মে শ্রীব্যাসগীতায়াম্—

মধ্যাঙ্গুলিসমস্থৌল্যং দ্বাদশাঙ্গুলিসম্মিতম্।
সত্বচং দন্তকাষ্ঠং যৎ তদগ্রে ন তু ধারয়েৎ ॥২২৯॥
ক্ষীরিবৃক্ষসমুদ্ভূতং মালতীসম্ভবং শুভম্।
অপামার্গঞ্চ বিল্বং বা করবীরং বিশেষতঃ ॥ ২৩০॥
বর্জ্জয়িত্বা নিন্দিতানি গৃহীত্বৈকং যথোদিতম্।
পরিহৃত্য দিনং পাপং ভক্ষয়েদ্বৈ বিধানবিৎ ॥২৩১॥
ন পাটয়েদ্দন্তকাষ্ঠং নাঙ্গুল্যগ্রেণ ধারয়েৎ।
প্রক্ষাল্য ভুক্ত্বা তজ্জহ্যাৎ
শুচৌ দেশে সমাহিতঃ ॥ ২৩২ ॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় বর্ণিত হইয়াছে—মধ্যমাঙ্গুলির মত মোটা বারো আঙ্গুল লম্বা এবং ছালযুক্ত তাহাই প্রশস্ত দন্তকাষ্ঠ। দন্তকাষ্ঠের মূলের দিক ধরিয়া অগ্রের দিক দিয়া দন্তধাবন করিবে। ক্ষীরিবৃক্ষ জাত ও মালতী বৃক্ষজাত শুভ, অপামার্গ ও বিল্ব বিশেষত শুভ, করবীর ও আকন্দাদি নিন্দিত কাষ্ঠ ত্যাগ করিয়া পূর্ব্বোক্ত লক্ষণ বিশিষ্ট একটি দন্তকাষ্ঠ গ্রহণ করিয়া বিধানজ্ঞ ব্যক্তি প্রতিপদাদি নিষিদ্ধ দিন ছাড়া অন্য সমস্ত দিনে দন্তধাবন করিবেন। দুই ভাগ করা (ফাড়া) দন্তকাষ্ঠ গ্রহণ নিষিদ্ধ, অঙ্গুলির অগ্রভাগ দ্বারা দন্তকাষ্ঠ ধারণ অনুচিত এবং স্থিরচিত্তে দন্তকাষ্ঠ চর্ব্বণ করিয়া পবিত্র স্থানে তাহা নিক্ষেপ করিতে হইবে ॥ ২২৯-২৩২ ॥

টীকা—সত্বচমিতি—অদন্তত্বচ-শব্দোঽপ্যস্তি আবন্তো বা, ত্বচা সহিতমিত্যর্থঃ ॥ ২২৯ ॥

টীকা—নিন্দিতানি অর্ক-কর্বূরাদীনি; পাপং বর্জ্জং দিনং প্রতিপদাদি ॥ ২৩১ ॥

কাশীখণ্ডে চ তত্রৈব—

কনিষ্ঠাগ্রপরীণাহং সত্বচং নির্ব্রণং ঋজুম্।
দ্বাদশাঙ্গুলমানঞ্চ সার্দ্রং স্যাদ্দন্তধাবনম্।
জিহ্বোল্লেখনিকাং বাপি
কুর্য্যাচ্চাপাকৃতিং শুভাম্ ॥ ২৩৩ ॥

অনুবাদ—কাশীখণ্ডে কার্ত্তিকেয়-অগস্ত্য-সংবাদে বলা হইয়াছে কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগের মত মোটা ত্বকযুক্ত, ব্রণরহিত সোজা, বারো আঙ্গুল পরিমিত সরস কাষ্ঠই দন্তধাবনের উপযুক্ত। এইরূপ লক্ষণ যুক্ত কাষ্ঠ দ্বারাই ধনুকাকৃতি শুভ জিহ্বামার্জ্জনিকা তৈয়ারী করিবে ॥ ২৩৩ ॥

টীকা—পরীণাহঃ স্থৌল্যং সার্দ্রম্ আর্দ্রতাযুক্তম্ ॥ ২৩৩ ॥

রামার্চ্চনচন্দ্রিকায়াঞ্চ—

দন্তোল্লেখো বিতস্ত্যা ভবতি
পরিমিতাদম্নমিত্যাদিমন্ত্রাৎ,
প্রাতঃ ক্ষীর্যাদিকাষ্ঠাদ্বটখদির-
পলাশৈর্বিনার্কাম্রবিল্বৈঃ।
ভুক্ত্বা গণ্ডুষষট্‌কং দ্বিরপি
কুশমৃতে দেশিনীমঙ্গুলীভি-
র্নন্দাভূতাষ্টপর্ব্বণ্যপি ন খলু
নবম্যর্কসংক্রান্তিপাতে ॥ ২৩৪ ॥

অনুবাদ—রামার্চ্চন চন্দ্রিকাতে লিখিত আছে যে —কুশবিনা এবং তর্জ্জনী ব্যতীত অন্য অঙ্গুলি সকল দ্বারা দ্বাদশ গণ্ডুষ জল মুখে দিয়া "সোমো রাজায় মাগমন্ স মে মুখং মার্জ্জতে যশসা চ ভগেন বা" এই মন্ত্র পাঠ পূর্ব্বক বট, খদির, পলাশ, অর্ক, আম্র ও বিল্ব ব্যতীত অন্য ক্ষীরিবৃক্ষ জাত, দ্বাদশাঙ্গুল পরিমাণ কাষ্ঠদ্বারা প্রভাতে দন্তমার্জ্জন করিবে; কিন্তু প্রতিপৎ, চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা ও পূর্ণিমা ইত্যাদি পর্ব্বদিনে এবং নবমী সংক্রান্তি ও ব্যতীপাত যোগে দন্তধাবন নিষিদ্ধ ॥ ২৩৪ ॥

টীকা—বটাদিকাষ্ঠৈর্বিনা ক্ষীর্যাদিকাষ্ঠাৎ প্রাতর্দন্তানামুল্লেখো ধাবনং ভবতি। কীদৃশাৎ? বিতস্ত্যা দ্বাদশাঙ্গুলৈঃ পরিমিতাৎ; কুশং দেশিনীঞ্চ বিনা অঙ্গুলীভির্গণ্ডুষষট্‌কং দ্বির্ভুক্ত্বা, দ্বাদশজলগণ্ডুষানি গৃহীত্বেত্যর্থঃ। নন্দাদিষু চ দন্তোল্লেখো ন ভবতি, তত্র নন্দা—প্রতিপৎ ষষ্ঠী একাদশী চ; ভূতা—চতুর্দ্দশী, অষ্ট—অষ্টমী; পর্ব্ব—অমাবস্যাপৌর্ণমাস্যাদি, পাতো—ব্যতীপাতো, দ্বন্দ্বৈকাম্; এবং নিষেধবৈবিধ্যং বিবিধবেদশাখাসেবিনাং কর্ম্মপরাণাং নানাদেবতাভক্তানাং মতভেদেন মন্ত্রশ্চ শ্রৌতোঽয়ম্— 'অন্নাদ্যায়াদ্যাপ্যূহ্যং সোমো রাজায়মাগমন্ স মে মুখং সংমার্জ্জতে, যশসা চ ভগেন বা' ইতি ॥ ২৩৪ ॥

অথ কেশপ্রসাধনাদিঃ

ততশ্চাচম্য বিধিবৎ কৃত্বা কেশপ্রসাধনম্।
স্মৃত্বা প্রণবগায়ত্র্যৌ নিবধ্নীয়াচ্ছিখাং দ্বিজঃ ॥২৩৫॥

তথা চোক্তম্—

ন দক্ষিণামুখো নোর্দ্ধং কুর্য্যাৎ কেশপ্রসাধনম্।
স্মৃত্বোঙ্কারঞ্চ গায়ত্রীং নিবধ্নীয়াচ্ছিখাং ততঃ ॥২৩৬॥

অনুবাদ—তারপর দ্বিজ—ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য জাতির লোক দাঁত মাজার পর আচমন করিয়া পশ্চাদুক্ত নিয়মে কেশপ্রসাধন পূর্ব্বক ওঁকার ও গায়ত্রী স্মরণ করিয়া শিখাবন্ধন করিবেন। কথিত আছে দক্ষিণ মুখ অথবা উর্দ্ধমুখ হইয়া কেশপ্রসাধন করিবে না। ২৩৫-২৩৬ ॥

টীকা—দ্বিজ ইতি স্থানে শূদ্রস্য মুক্তশিখত্বাৎ ॥ ২৩৫ ॥

টীকা—বিধিবদিতি লিখিতম্, তং বিধিমেব লিখতি—ন দক্ষিণেতি ॥ ২৩৬ ॥

অথ স্নানম্

বিষ্ণুপুরাণে তত্রৈব—

নদীনদতড়াগেষু দেবখাতজলেষু চ।
নিত্যক্রিয়ার্থং স্নায়ীত গিরিপ্রস্রবণেষু চ ॥ ২৩৭ ॥
কূপেষূদ্ধৃততোয়েন স্নানং কুর্ব্বীত বা ভুবি।
স্নায়ীতোদ্ধৃততোয়েন অথবা ভুব্যসম্ভবে ॥ ২৩৮ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্ব-সগর-সংবাদে বলা হইয়াছে—নদ-নদী, দীঘি, দেবখাত, ও গিরিপ্রস্রবনের জলে নিত্যক্রিয়ার জন্য স্নান করিবে। কলসী প্রভৃতি দ্বারা কূপ হইতে জল তুলিয়া তাহার তটে স্নান করা যায়। তটে সম্ভব না হইলে তোলা জলে কিংবা প্রয়োজনে গরম জলে স্নান করিবে ॥ ২৩৭-২৩৮ ॥

টীকা—কূপেষু কলসাদিভিরুদ্ধৃততোয়েন ভুবি

তত্তটভূমৌ স্নায়াৎ, গমনাদ্যশক্তত্বয়া ; তত্তটভূবি স্নানাসম্ভবে কূপাদুদ্ধৃতেন শীতোদকেন স্নায়াৎ ; তত্রাপ্যশক্তৌ উষ্ণোদকেন স্নায়াৎ ইতি 'জ্ঞেয়ম্ ; তথা চোক্তম্—আপঃ স্বভাবতো মেধ্যাঃ কিং পুনর্বহ্নিসংযুতাঃ। তস্মাৎ সন্তঃ প্রশংসন্তি স্নানমুষ্ণেন বারিণা ।।' ইতি ।। ২৩৭ ।।

অথ স্নাননিত্যতা

তত্র কাত্যায়নঃ—

যথাহনি তথা প্রাতর্নিত্যং স্নায়াদনাতুরঃ।
অত্যন্তমলিনঃ কায়ো নবচ্ছিদ্রসমন্বিতঃ।
স্রবত্যেব দিবারাত্রৌ প্রাতঃস্নানং বিশোধনম্ ।।২৩৯।।

অনুবাদ—এই বিষয়ে কাত্যায়ন বলিয়াছেন—সুস্থব্যক্তি দিবা-ভাগের মত প্রভাতেও স্নান করিবেন। শরীর অত্যন্ত মলিন ও নয়টি ছিদ্রযুক্ত, দিবারাত্রই উহা হইতে মল নির্গত হইতেছে। প্রাতঃস্নানদ্বারা ঐ শরীরের শুদ্ধি সম্পন্ন হয় ।। ২৩৯ ।।

দক্ষঃ—

প্রাতর্মধ্যাহ্নয়োঃ স্নানং বানপ্রস্থ-গৃহস্থয়োঃ।
যতেস্ত্রিসবনং স্নানং সকৃত্তু ব্রহ্মচারিণঃ ।। ২৪০ ।।
সর্ব্বে চাপি সকৃৎ কুর্য্যুরশক্তৌ চোদকং বিনা ।।২৪১।।

অনুবাদ—দক্ষ বলিয়াছেন—বানপ্রস্থী ও গৃহস্থের প্রাতে ও মধ্যাহ্নে, যতির ত্রিসন্ধ্যায় এবং ব্রহ্মচারীর একবার মাত্র স্নানকর্ত্তব্য। অসমর্থ পক্ষে সকলেরই একবার মাত্র স্নানের ব্যবস্থা। ইহাতেও অসমর্থ হইলে কেবল মাত্র স্নান বিহিত ।। ২৪০-২৪১ ।।

টীকা—অশক্তৌ সত্যাম, অপি নিশ্চিতং সকৃদপীতি বা কুর্য্যুরেব। তত্রাপ্যশক্তৌ উদকং বিনেতি মন্ত্রস্নানাদিকং কুর্য্যুরিত্যর্থঃ। যদ্বা অশক্তৌ সত্যাম্ উদকং বিনা জলাভাবে চ সতি সকৃৎ কুর্য্যুঃ। এবং স্নানস্য নিত্যতা সিদ্ধৈব ।। ২৪১ ।।

কিঞ্চ—

অশিরস্কং ভবেৎ স্নানমশক্তৌ কর্ম্মিণাং সদা।
আর্দ্রেণ বাসসা বাপি পাণিনা বাপি মার্জ্জনম্ ।।২৪২

অনুবাদ—আরও বলা হইয়াছে—অশক্ত হইলে কর্ম্মীর পক্ষে সকল কালেই মস্তকভিন্ন স্নান হইতে পারে। ভিজাকাপড় বা ভিজাহাতে শরীর মার্জ্জন করিলেও স্নান হইতে পারে ।। ২৪২ ।।

টীকা— অশিরস্কমিত্যাদিনাপি নিত্যতৈবাভিপ্রেতা ।। ২৪২ ।।

শঙ্খশ্চ—

অস্নাতস্তু পুমান্নার্হো জপাদিহবনাদিষু ।। ২৪৩ ।।

অনুবাদ—শঙ্খও বলিয়াছেন—স্নান ভিন্ন মানব জপ ও হোমাদি কর্ম্মের যোগ্য হয় না ।। ২৪৩ ।।

কৌর্ম্মে শ্রীব্যাসগীতায়াম্—

প্রাতঃস্নানং বিনা পুংসাং পাপিত্বং কর্ম্মসু স্মৃতম্।
হোমে জপে বিশেষেণ তস্মাৎ স্নানং সমাচরেৎ ।।২৪৪

অনুবাদ—কূর্ম্ম-পুরাণে শ্রীব্যাসগীতায় লিখিত আছে—প্রাতঃস্নান না করিলে সকল কর্ম্মে বিশেষতঃ জপেও হোমকার্য্যে বিশুদ্ধির সম্ভাবনা নাই এই জন্য অবশ্যই প্রাতঃস্নান করণীয় ।। ২৪৪ ।।

কাশীখণ্ডে

প্রস্বেদলালাদ্যাক্লিন্নো নিদ্রাধীনো যতো নরঃ।
প্রাতঃস্নানাত্ততোঽর্হঃ স্যান্মন্ত্রস্তোত্রজপাদিষু ।। ২৪৫ ।।

অনুবাদ—কাশীখণ্ডে উক্ত হইয়াছে যে,—মানব নিদ্রাগ্রস্ত থাকিলে ঘাম ও লালা প্রভৃতির দ্বারা গ্লানি-যুক্ত হয়, সুতরাং প্রাতঃস্নান দ্বারা মন্ত্র-স্তুতি প্রভৃতিতে যোগ্য হইতে পারে ।। ২৪৫ ।।

পাদ্মে চ দেবহূতিবিকুণ্ডলসংবাদে—

স্নানং বিনা তু যো ভুঙ্‌ক্তে মলাশী স সদা নরঃ।
অস্নায়িনোঽশুচেস্তস্য বিমুখাঃ পিতৃদেবতাঃ ।। ২৪৬।।
স্নানহীনো নরঃ পাপী স্নানহীনোঽশুচিঃ সদা।
অস্নায়ী নরকং ভুক্ত্বা পুক্কশাদিষু জায়তে ।। ২৪৭ ।।

অনুবাদ—পদ্মপুরাণে দেবহূতি-বিকুণ্ডল-সংবাদে লিখিত আছে যে, যে ব্যক্তি স্নান না করিয়া ভোজন করে, সে সমস্ত কালেই মল ভোজন করে। স্নান না করিলে সে মানব অশুদ্ধ হয় এবং তাহার প্রতি পিতৃবর্গ ও দেবগণ প্রসন্ন হন না। স্নানহীন ব্যক্তি পাতকী ও সর্ব্বদা অপবিত্র। যে ব্যক্তি স্নান করে না সে নরকদুঃখ ভোগ করিয়া পুক্কশাদি অন্ত্যজকুলে জন্মগ্রহণ করে ॥ ১৪৬-২৪৭ ॥

অথ স্নানমাহাত্ম্যম্

মহাভারতে উদ্‌যোগপর্ব্বণি শ্রীবিদুরোক্তৌ—

গুণা দশ স্নানশীলং ভজন্তে
বলং রূপং স্বরবর্ণ-প্রসিদ্ধিঃ।
স্পর্শশ্চ গন্ধশ্চ বিশুদ্ধতা চ
শ্রীঃ সৌকুমার্য্যং প্রবরাশ্চ নার্য্যঃ ॥ ২৪৮ ॥

অনুবাদ—মহাভারতে উদ্‌যোগ পর্ব্বে শ্রীবিদুর বলিয়াছেন—বল, রূপ, সুমধুর কণ্ঠস্বর, বর্ণের উত্তমতা, স্পর্শ শক্তির পটুতা, সুগন্ধ, পবিত্রতা, শোভা, সৌকুমার্য্য ও উত্তমা শ্রীযুক্ততা এই দশটি গুণ নিত্য স্নানকারীকে ভজনা করে অর্থাৎ নিত্যস্নায়ী ব্যক্তি এই গুণগুলির অধিকারী হয় ॥ ২৪৮ ॥

টীকা—স্বর-বর্ণয়োঃ প্রকর্ষেণ সিদ্ধিরিতি। মহাপাতকাদিকং হরতি ॥ ২৪৮ ॥

পাদ্মে চ তত্রৈব—

যাম্যং হি যাতনাদুঃখং নিত্যস্নায়ী ন পশ্যতি।
নিত্যস্নানেন পূয়ন্তে অপি পাপকৃতো নরাঃ ॥ ২৪৯ ॥
প্রাতঃস্নানং হরেদ্বৈশ্য সবাহ্যাভ্যন্তরং মলম্।
প্রাতঃস্নানেন নিষ্পাপো নরো ন নিরয়ং ব্রজেৎ ॥২৫০
যে পুনঃ স্রোতসি স্নানমাচরন্তীহ পর্ব্বণি ॥
তে নৈব দুর্গতিং যান্তি ন জায়ন্তে কুযোনিষু ॥ ২৫১॥
দুঃস্বপ্নং দুষ্টচিন্তা চ বন্ধ্যা ভবতি সর্ব্বদা।
প্রাতঃস্নানবিশুদ্ধানাং পুরুষাণাং বিশাং বর ॥ ২৫২ ॥

অনুবাদ—পদ্মপুরাণে দেবহূতি-বিকুণ্ডল-সংবাদে বর্ণিত হইয়াছে—নিত্য স্নানকারী ব্যক্তি কখনও যমযাতনা ভোগ করে না। অধিক কি পাতকী ব্যক্তিরাও নিত্য স্নানদ্বারা পবিত্র হয়। হে বৈশ্য! প্রাতঃস্নান দ্বারা অন্তর ও বাহিরের ময়লা নষ্ট হয়; এর দ্বারা মানব পবিত্রতা লাভ করে এবং নরকগামী হয় না। যাহারা পর্ব্বদিনে স্রোতের জলে স্নান করে তাহারা কদাচ দুর্গতি ভোগ করে না এবং নীচযোনিসমূহে জন্ম গ্রহণ করে না। হে বৈশ্য শ্রেষ্ঠ! যাহারা প্রাতঃস্নান দ্বারা বিশুদ্ধ হয় তাহারা দুঃস্বপ্ন ও দুশ্চিন্তা হইতে মুক্ত থাকে ॥ ২৪৯-২৫২ ॥

অত্রিস্মৃতৌ—

স্নানে মনঃপ্রসাদঃ স্যাদ্দেবা অভিমুখাঃ সদা।
সৌভাগ্যং শ্রীঃ সুখং পুষ্টিং পুণ্যং
বিদ্যা যশো ধৃতিঃ ॥ ২৫৩ ॥
মহাপাপান্যলক্ষ্মীঞ্চ দুরিতং দুর্ব্বিচিন্তিতম্।
শোকদুঃখাদি হরতে প্রাতঃস্নানং বিশেষতঃ ॥ ২৫৪ ॥

অনুবাদ—অত্রিস্মৃতিতেও বলা হইয়াছে যে, স্নান করিলে মনের প্রসন্নতা হয়, দেবগণ প্রসন্ন হন এবং সৌভাগ্য, শ্রী, সুখ, পুষ্টি, পুণ্য, বিদ্যা, যশঃ ও ধৈর্য্য লাভ হয়। বিশেষতঃ প্রাতঃস্নান মহাপাতকরাশি, অলক্ষ্মী দুরিত, দুশ্চিন্তা ও শোক-দুঃখাদি হরণ করে ॥ ২৫৩-২৫৪ ॥

কৌর্ম্মে তত্রৈব—

প্রাতঃস্নানং প্রশংসন্তি দৃষ্টাদৃষ্টকরং হি তৎ।
প্রাতঃস্নানেন পাপানি পূয়ন্তে নাত্র সংশয়ঃ ॥ ২৫৫ ॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় বর্ণিত হইয়াছে—প্রাতঃস্নান ঐহিক ও পারলৌকিক শুভফল প্রদানকারী, অতএব এই স্নান মনীষীদের দ্বারা প্রশংসিত হয়। প্রাতঃ স্নানে যে সকলপ্রকার পাতক ধ্বংস হয় তাহাতে সন্দেহ নাই ॥ ২৫৫ ॥

টীকা—দৃষ্টাদৃষ্টকরম্ ঐহিকামুষ্মিক-শুভকারি, পূয়ন্তে নশ্যন্তি ॥ ২৫৫ ॥

কাশীখণ্ডে চ—

প্রাতঃস্নানাদ্‌যতঃ শুধ্যেৎ কায়োঽয়ং মলিনঃ সদা।
ছিদ্রিতো নবভিশ্ছিদ্রৈঃ স্রবত্যেব দিবানিশম্ ॥ ২৫৬॥

উৎসাহ-মেধা-সৌভাগ্য-রূপ-সম্পৎ-প্রবর্ত্তকম্ ।
মনঃপ্রসন্নতাহেতুঃ প্রাতঃস্নানং প্রশস্যতে ॥ ২৫৭ ॥

অনুবাদ—কাশীখণ্ডেও বর্ণিত হইয়াছে—এই দৃশ্যমান শরীর সর্ব্বদাই মলযুক্ত ও নয়টি ছিদ্র বিশিষ্ট, এই সমস্ত ছিদ্র দ্বারা সর্ব্বদা মল নির্গত হয়। প্রাতঃস্নান দ্বারা মলধ্বংস হয় অর্থাৎ পবিত্র হওয়ায় যায়। প্রাতঃ স্নান করিলে উৎসাহ, মেধা, সৌভাগ্য, রূপ ও সম্পত্তি লাভ হয় এবং চিত্তপ্রসন্নতার হেতু বলিয়া প্রাতঃ স্নান প্রশংসনীয় ॥ ২৫৬-২৫৭ ॥

প্রাতঃ প্রাতস্তু যৎ স্নানং সংজাতে চারুণোদয়ে ।
প্রাজাপত্যসমং প্রাহুস্তন্মহাঘবিঘাতকৃৎ ॥ ২৫৮ ॥
প্রাতঃস্নানং হরেৎ পাপমলক্ষ্মীং গ্লানিমেব চ ।
অশুচিত্বঞ্চ দুঃস্বপ্নং তুষ্টিং পুষ্টিং প্রযচ্ছতি ॥২৫৯॥
নোপসর্পন্তি বৈ দুষ্টাঃ প্রাতঃস্নায়িজনং কুচিৎ ।
দৃষ্টাদৃষ্টফলং তস্মাৎ প্রাতঃস্নানং সমাচরেৎ ॥২৬০

অনুবাদ—বুধগণ বলেন—প্রভাতে অরুণোদয় কালে যে স্নান তাহা প্রাজাপত্য ব্রতের তুল্য সকল মহাপাতক বিনষ্ট করে। প্রাতঃস্নান পাতক, অলক্ষ্মী, গ্লানি, অশুচিত্ব ও দুঃস্বপ্ন বিনাশ করে এবং তুষ্টি ও পুষ্টি বিধান করে। প্রাতঃস্নানকারীর নিকটে কোনও দুষ্ট কদাচ যাইতে পারে না। প্রাতঃস্নান ইহলোক ও পরলোক উভয় লোকেরই মঙ্গলদায়ক এই জন্য সকলেরই প্রাতঃস্নান করা কর্ত্তব্য ॥ ২৫৮-২৬০ ॥

স্নানমাত্রং তথা প্রাতঃস্নানং চাত্র নিযোজিতম্ ।
যদ্যপন্যোন্যমিলিতে পৃথগ্জ্ঞেয়ে তথাপ্যমূ ॥ ২৬১ ॥

অনুবাদ—এই প্রকরণে স্নানমাত্রের ও প্রাতঃস্নানের বিধি দেওয়া হইয়াছে; দুই স্নান এক হইলে পরস্পর ভেদ জানিতে হইবে অর্থাৎ সামান্য স্নানাপেক্ষা প্রাতঃ স্নান অধিক প্রশস্ত ॥ ২৬১ ॥

অথ স্নানবিধি

অথ তীর্থগতস্তত্র ধৌতবস্ত্রং কুশাংস্তথা ।
মৃত্তিকাঞ্চ তটে ন্যস্য স্নায়াৎ স্বস্ববিধানতঃ ॥ ২৬২॥

অধৌতেন তু বস্ত্রেণ নিত্যনৈমিত্তিকীং ক্রিয়াম্ ।
কুর্ব্বন্ন ফলমাপ্নোতি কৃতা চেন্নিষ্ফলা ভবেৎ ॥২৬৩॥

অনুবাদ—অতঃপর তীর্থে জলাশয়ে গমন করিয়া ধৌত বস্ত্র কুশ ও মৃত্তিকা তীরে রাখিয়া নিজ নিজ নিয়মানুসারে অর্থাৎ নিজ নিজ বর্ণ আশ্রম ও শাখাদির বিধান অনুসারে স্নান করিবে। অধৌত বস্ত্র পরিয়া নিত্য-নৈমিত্তিক ক্রিয়া অনুষ্ঠান করিলেও তাহা ফলবতী হয় না ॥ ২৬২-২৬৩ ॥

টীকা—ইদানীং স্নানবিধিং লিখন্ আদৌ বৈদিকবৈষ্ণবপ্রবর-শ্রীকৃষ্ণদেবাচার্য্যাদিসম্মতং বৈদিক-তান্ত্রিক-বিধি-বিমিশ্রিতং স্নানবিধিং লিখতি—অথেত্যাদিনা। স্বস্ববিধানতঃ নিজ-নিজবর্ণাশ্রমশাখাদ্যাচারানুসারেণ ॥ ২৬২ ॥

ধৌতাঙ্ঘ্রি-পাণিরাচান্তঃ কৃত্বা সঙ্কল্পমাদরাৎ ।
গঙ্গাদিস্মরণং কৃত্বা তীর্থায়ার্ঘ্যং সমর্পয়েৎ ॥ ২৬৪॥

অনুবাদ—হাত পা ধুইয়া আচমন করিয়া সাদরে সঙ্কল্প করিয়া গঙ্গাদিস্মরণপূর্ব্বক তীর্থকে অর্ঘ্য প্রদান করিবে ॥ ২৬৪ ॥

সাগরস্বননির্ঘোষ দণ্ডহস্তাসুরান্তক ।
জগৎস্রষ্টর্জগন্মর্দিন্ নমামি ত্বাং সুরেশ্বর ॥ ২৬৫ ॥
ইমং মন্ত্রং সমুচ্চার্য্য তীর্থস্নানং সমাচরেৎ ।
অন্যথা তৎফলস্যার্দ্ধং তীর্থেশো হরতি স্বয়ম্ ॥২৬৬
নত্বাথ তীর্থং স্নানার্থমনুজ্ঞাং প্রার্থয়েদিমাম্ ।
দেবদেব জগন্নাথ শঙ্খচক্রগদাধর ॥
দেহি বিষ্ণো মমানুজ্ঞাং
তব তীর্থনিষেবণে ॥ ইতি ॥ ॥ ২৬৭ ॥

অনুবাদ—
"সাগরস্বন নির্ঘোষ দণ্ডহস্তাসুরান্তক ।
জগৎস্রষ্টজগন্মর্দিন্ নমামি ত্বাং সুরেশ্বর ॥"

হে সাগর ধ্বনিতুল্য ঘোর শব্দ শালিন। হে দণ্ডহস্ত। হে অসুরান্তক। হে জগৎ সৃষ্টিকারিন্, হে জগৎ বিনাশকারিন্! হে দেবেশ! তোমাকে নমস্কার করিতেছি—এই মন্ত্র—উচ্চারণ-সহকারে তীর্থস্নান করিবে। ইহার অন্যথা হইলে তীর্থাধি-

পতি স্বয়ং তীর্থস্নানের অর্দ্ধফল হরণ করেন। এর পর নমস্কার করিয়া তীর্থে স্নান করিবার নিমিত্ত নিম্নলিখিত বিধানে অনুমতি প্রার্থনা করিবে—"দেবদেব জগন্নাথ শঙ্খচক্রগদাধর। দেহি বিষ্ণো। মমানুজ্ঞাং তব তীর্থনিষেবণে অর্থাৎ—হে দেব দেব। হে শঙ্খ চক্র গদাধর। হে বিষ্ণো। তোমার তীর্থসেবা করিতে আমাকে অনুমতি দাও ॥ ২৬৫-২৬৭ ॥

———

বিধিবন্মৃদমাদায় তীর্থতোয়ে প্রবিশ্য চ।
প্রাবাহাভিমুখো নদ্যাং স্যাদন্যত্রার্কসংমুখঃ ॥২৬৮॥
দিগ্‌বন্ধং বিধিনাচর্য্য তীর্থানি পরিকল্প্য চ।
আবাহয়েদ্ভগবতীং গঙ্গামাদিত্যমণ্ডলাৎ ॥ ২৬৯ ॥
দর্ভপাণিঃ কৃতপ্রাণায়ামঃ কৃষ্ণপদাম্বুজম্।
ধ্যাত্বা তন্নাম সংকীর্ত্ত্য নিমজ্জেৎ পুণ্যবারিণি ॥২৭০॥
আচম্য মূলমন্ত্রঞ্চ সপ্রাণায়ামকং জপন্।
কৃষ্ণং ধ্যায়ন্ জলে ভূয়ো নিমজ্জ্য স্নানমাচরেৎ ॥২৭১
কৃত্বাঘমর্ষণান্তঞ্চ নামভিঃ কেশবাদিভিঃ।
তত্র দ্বাদশধা তোয়ে নিমজ্জ্য স্নানমাচরেৎ ॥ ২৭২ ॥

অনুবাদ—অতঃপর নিয়মানুসারে শরীরে মাটি লেপিয়া তীর্থজলে প্রবেশ করিয়া নদীতে স্রোতের দিকে মুখ করিবে এবং নদী ছাড়া পুকুর বা অন্য জলাশয় হইলে সূর্য্যের দিকে মুখ করিতে হইবে। তারপর বিধান অনুসারে দিগ্‌বন্ধন করিয়া তীর্থসমূহ কল্পনা-পূর্ব্বক সূর্য্যমণ্ডল হইতে ভগবতীদেবী গঙ্গাকে আবাহন করিবে। এরপর হাতে কুশ লইয়া প্রাণায়াম-পুরঃসর শ্রীকৃষ্ণের চরণকমল ধ্যান ও তাঁহার নাম-কীর্ত্তন করিয়া পবিত্র জলে ডুব দিবে তারপর আচমন ও প্রাণায়াম সহকারে মূলমন্ত্র জপ করিতে করিতে শ্রীকৃষ্ণকে চিন্তা করিয়া পুনরায় জলে ডুব দিয়া স্নান করিবে। তারপর কেশবাদি (কেশব, নারায়ণ, মাধব, গোবিন্দ, বিষ্ণু, মধুসূদন, ত্রিবিক্রম, বামন, শ্রীধর, হৃষীকেশ, পদ্মনাভ, দামোদর) নাম-কীর্ত্তন সহযোগে অঘমর্ষণ পর্য্যন্ত কার্য্য সমাপণ করিয়া সেই জলে ডুব দিয়া বারোবার স্নান করিবে ॥ ২৬৮-২৭২ ॥

টীকা—অন্যত্র নদীপ্রবাহ-ব্যতিরিক্তে ॥ ২৬৮ ॥

———

তত্র বিশেষঃ

শ্রীনারদপঞ্চরাত্রে—
প্রসিদ্ধেষু চ তীর্থেষু যদ্যন্যস্যাভিধাং স্মরেৎ।
স্নাতকং তত্তু তত্তীর্থ-
মভিশপ্য ক্ষণাদ্‌ব্রজেৎ ॥ ইতি ॥ ২৭৩ ॥
ইতি বৈদিকতান্ত্রিকমিশ্রিতো বিধিঃ।

অনুবাদ—শ্রীনারদ পঞ্চরাত্রে বলা হইয়াছে—প্রসিদ্ধ তীর্থ-সমূহে (গঙ্গা যমুনা প্রভৃতিতে) যদি অন্য তীর্থের নাম স্মরণ করা হয় তাহা হইলে সেই সেই তীর্থ স্নানকারীকে অভিশাপ দিয়া তৎক্ষণাৎ গমন করেন ॥ ২৭৩ ॥

টীকা—অন্যস্য তীর্থস্যাভিধাং নাম, ক্ষণাৎ সদ্য এবেত্যর্থঃ। অতোঽপ্রসিদ্ধতীর্থেষু বিষ্ণুতীর্থমিতি প্রসিদ্ধেষু চ তত্তন্নামৈব স্মরেদিত্যর্থঃ। অতএব নিমজ্জনাৎ প্রাক্ মৃদ্‌গ্রহণং তথাঘমর্ষণাদিকঞ্চ বৈদিকং তান্ত্রিকঞ্চ কৃষ্ণ-ধ্যানাদিকং মূলমন্ত্রজপনং কেশবাদিনামভির্দ্বাদশবারনিমজ্জনাদিকঞ্চেত্যেবং মিশ্রিতং বিবেচনীয়ম্ ॥ ২৭৩ ॥

———

অথ তত্রৈব বিশেষঃ

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদাম্বরীষ-সংবাদে—
এবমুচ্চার্য্য তত্তীর্থে পাদৌ প্রক্ষাল্য বাগ্‌যতঃ।
স্মরন্নারায়ণং দেবং স্নানং কুর্য্যাদ্বিধানতঃ ॥ ২৭৪ ॥
তীর্থং প্রকল্পয়েদ্ধীমান্ মূলমন্ত্রমিমং পঠন্।
ওঁ নমো নারায়ণায়েতি মূলমন্ত্র উদাহৃতঃ ॥ ২৭৫ ॥
দর্ভপাণিস্তু বিধিবদাচান্তঃ প্রণতো ভুবি।
চতুর্হস্তসমাযুক্তং চতুরস্রং সমন্ততঃ ॥ ২৭৬ ॥
প্রকল্প্যাবাহয়েদ্‌গঙ্গাং মন্ত্রেণানেন মানবঃ।
বিষ্ণুপাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুদেবতা।
ত্রাহি নস্ত্বেনসস্তস্মাৎ
আজন্মমরণান্তিকাৎ ॥ ইত্যাদি ॥ ২৭৭ ॥

অনুবাদ—এই পর্য্যন্ত বৈদিক, তান্ত্রিক ও মিশ্রিত স্নানবিধি অর্থাৎ স্নানের পূর্ব্বে মৃত্তিকা গ্রহণ তথা অঘমর্ষণাদি কার্য্য বৈদিক, শ্রীকৃষ্ণের ধ্যানাদি ও মূল-মন্ত্রজপ তান্ত্রিক এবং কেশবাদি নামোচ্চারণ করিয়া দ্বাদশবার নিমজ্জন মিশ্রিতবিধি।

অতঃপর পদ্মপুরাণে বৈশাখ-মাহাত্ম্যে শ্রীনারদ-অম্বরীষ-সংবাদে স্নানবিষয়ক বিশেষ বিধি—এইরূপে ভগবন্নাম উচ্চারণ করিয়া বাক্‌সংযম সহযোগে ঐ তীর্থে চরণদ্বয় ধৌত করিয়া শ্রীনারায়ণকে স্মরণ করিতে করিতে বিধান অনুসারে স্নান করিবে। বুদ্ধিমানব্যক্তি উদাহৃত "ওঁ নমো নারায়ণায়" এই মূল-মন্ত্র পাঠ করিতে করিতে তীর্থ কল্পনা করিয়া হাতে কুশ লইয়া নিয়মানুযায়ী আচমন করিয়া পৃথিবীতে প্রণত হইবেন। পরে চতুর্দ্দিকে চারিহস্ত পরিমিত চতুষ্কোণ অঙ্কন করিয়া এই মন্ত্রদ্বারা গঙ্গাকে আবাহন করিবেন—বিষ্ণুপাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুদেবতা ত্রাহি নস্তেনসস্তস্মাৎ আজন্মমরণান্তিকাৎ—(হে গঙ্গে! তুমি শ্রীবিষ্ণুর চরণকমল হইতে উদ্ভূত হইয়াছ, তুমি বিষ্ণুশক্তি, বিষ্ণুই তোমার দেবতা, জন্ম হইতে মরণ পর্য্যন্ত অনুষ্ঠিত পাতকসমূহ হইতে আমাদিগকে রক্ষা কর)॥ ২৭৪-২৭৭॥

সপ্তবারাভিজপ্তন্তু করসংপুটযোজিতম্।
মূর্দ্ধ্নি কৃত্বা জলং ভূয়শ্চতুর্ব্বা পঞ্চ সপ্ত বা।
স্নানং কুর্য্যান্মৃদা তদ্বদামন্ত্র্য তু বিধানতঃ॥ ২৭৮॥
অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে।
মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতম্॥২৭৯॥
উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেন শতবাহুনা।
নমস্তে সর্ব্বভূতানাং প্রভবারিণি সুব্রতে॥ ইতি॥২৮০

অনুবাদ—অতঃপর অঞ্জলিতে জল লইয়া পূর্ব্বোক্ত "দেবদেব জগন্নাথ ইত্যাদি মন্ত্রজপ করিয়া চার, পাঁচ অথবা সাতবার ঐ অঞ্জলিস্থ জল মাথায় দিয়া পুনরায় স্নান করিবে। বিধান অনুসারে আবাহন করিয়া মৃত্তিকা দ্বারাও ঐরূপ করিবে।" হে বসুন্ধরে! হে অশ্বক্রান্তে! হে রথক্রান্তে! হে বিষ্ণুক্রান্তে! হে মৃত্তিকে! আমি যে পাতক করিয়াছি তুমি তাহা হরণ কর। হে সুব্রতে! শতবাহু বরাহরূপধারী শ্রীকৃষ্ণ তোমাকে রসাতল হইতে উদ্ধার করিয়াছেন। তুমি সমস্ত ভূতের পুর্নজন্ম নিবারণ করিয়া থাক, তোমায় প্রণাম॥২৭৮-২৮০॥

টীকা—এবং বিমিশ্রিত-স্নানবিধিং লিখিত্বা ইদানীং তত্রৈব তীর্থকল্পনাদৌ পুরাণোক্তং কঞ্চিদ্বিশেষং লিখতি—এবমিত্যাদিনা। দেবদেব জগন্নাথ ইত্যাদিকমেতদুচ্চার্য্য উক্তেন মূলমন্ত্রেণৈব সপ্ত বারান্ যদভিজপ্তমভিমন্ত্রিতং জলং তৎ; তৃতীয়ান্তপাঠে ভাবে ক্ত-প্রত্যয়ঃ। মৃদ্‌গ্রহণানন্তরং পুনঃ স্নানাদিকন্তু সমানমেবেতি বিশেষেণ তত্র লিখিতম্॥২৭৪-২৮০॥

গুরোঃ সন্নিহিতস্যাথ পিত্রোশ্চ চরণোদকৈঃ।
বিপ্রাণাঞ্চ পদাম্ভোভিঃ কুর্য্যান্মূর্দ্ধ্যভিষেচনম্॥২৮১॥

অনুবাদ—এরপর যদি গুরুজন সম্মুখে থাকেন তাহা হইলে গুরু ও জনক-জননীর পাদোদক দ্বারা এবং ব্রাহ্মণের পাদোদক দ্বারা মস্তক অভিষিক্ত করিবে॥ ২৮১॥

টীকা—সন্নিহিতস্যেতি—যদি তদানীং তত্র সন্নিধৌ গুর্ব্বাদয়ো বর্ত্তেরন্ তর্হীত্যর্থঃ॥ ২৮১॥

তথা চ পাদ্মে—
গুরোঃ পাদোদকং পুত্র তীর্থকোটিফলপ্রদম্॥২৮২॥
কিঞ্চ—
বিপ্রপাদোদকক্লিন্নং যস্য তিষ্ঠতি বৈ শিরঃ।
তস্য ভাগীরথীস্নানমহন্যহনি জায়তে॥ ২৮৩॥

অনুবাদ—পদ্মপুরাণে বলা হইয়াছে—হে বৎস! শ্রীগুরুর পাদোদক কোটি তীর্থফলপ্রদ। আরও বলা হইয়াছে—ব্রাহ্মণের চরণ ধৌত জল দ্বারা যে ব্যক্তির মস্তক সিক্ত থাকে, তাহার প্রত্যহই গঙ্গা-স্নানের ফল লাভ হইয়া থাকে॥ ২৮২-২৮৩॥

তথা গৌতমীয়তন্ত্রে—
পৃথিব্যাং যানি তীর্থানি তানি তীর্থানি সাগরে।
সসাগরাণি তীর্থানি
পাদে বিপ্রস্য দক্ষিণে॥ ইতি॥ ২৮৪॥

অনুবাদ—গৌতমীয় তন্ত্রেও বর্ণিত আছে—পৃথিবীতে যে সমস্ত তীর্থ আছে তৎসকলই সমুদ্রে অধিষ্ঠিত এবং সমুদ্রসহ নিখিলতীর্থ দ্বিজাতির দক্ষিণ চরণে অবস্থিত॥ ২৮৪॥

শঙ্খে বসন্তি সর্ব্বাণি তীর্থানি চ বিশেষতঃ।
শঙ্খেন মূলমন্ত্রেণাভিষেকং পুনরাচরেৎ ॥ ২৮৫ ॥

অনুবাদ—শঙ্খমধ্যে সকলতীর্থই বিশেষ ভাবে অবস্থান করেন, এই জন্য মূলমন্ত্র পাঠ করিয়া পুনরায় শঙ্খজলে স্নান করিবে ॥ ২৮৫ ॥

টীকা—সর্ব্বাণি তীর্থানি শঙ্খে বসন্তীতি হেতোঃ, পুনরভিষেকং শঙ্খেন বিশেষতঃ কুর্য্যাৎ, তচ্চ নিজ-মূলমন্ত্রেণৈব ॥ ২৮৫ ॥

তথৈব তুলসীমিশ্র-শালগ্রামশিলাম্ভসা।
অভিষেকং বিদধ্যাচ্চ পীত্বা তৎ কিঞ্চিদগ্রতঃ ॥২৮৬॥

অনুবাদ—এইরূপে শালগ্রাম শিলার তুলসী সংযুক্ত জলের একটু পান করিয়া বাকী অংশ মাথায় দিবে ॥ ২৮৬ ॥

টীকা—তৎ শ্রীশালগ্রামশিলাম্ভঃ কিঞ্চিদাদৌ পীত্বা প্রাশ্য ॥ ২৮৬ ॥

তদুক্তং গৌতমীয়তন্ত্রে—
শালগ্রামশিলাতোয়ং তুলসীগন্ধমিশ্রিতম্।
কৃত্বা শঙ্খে ভ্রাময়ংস্ত্রিঃ প্রক্ষিপেন্নিজমূর্দ্ধনি ॥ ২৮৭ ॥

অনুবাদ—এই বিষয়ে গৌতমীয় তন্ত্রে বলা হইয়াছে যে, শঙ্খমধ্যে তুলসী গন্ধ সংযুক্ত শালগ্রাম শিলাস্নাত জল রাখিয়া তিনবার ঘুরাইয়া নিজের মাথায় ছিটা দিবে ॥ ২৮৭ ॥

শালগ্রামশিলাতোয়মপীত্বা যস্তু মস্তকে।
প্রক্ষেপণং প্রকুর্ব্বীত ব্রহ্মহা স নিগদ্যতে ॥ ২৮৮ ॥
বিষ্ণুপাদোদকাৎ পূর্ব্বং বিপ্রপাদোদকং পিবেৎ।
বিরুদ্ধমাচরন্মোহাৎ ব্রহ্মহা স নিগদ্যতে ॥ ২৮৯ ॥

অনুবাদ—শালগ্রাম-শিলাস্নাত জল পান করিয়া পরে মাথায় দিতে হয়, আগে মাথায় দিলে ব্রহ্মঘাতী বলিয়া কথিত হয়। বিষ্ণুপাদোদকের অগ্রে 'বিপ্র পাদোদক পান করিতে হয় মোহ বা অজ্ঞানতা বশতঃ ইহার অন্যথা করিলে ব্রহ্মঘাতী বলিয়া অভিহিত হয় ॥ ২৮৮-২৮৯ ॥

শ্রীচরণামৃতধারণমন্ত্রঃ

অকালমৃত্যুহরণং সর্ব্বব্যাধিবিনাশনম্।
বিষ্ণোঃ পাদোদকং পিত্বা শিরসা ধারয়াম্যহম্ ॥
ইতি ॥ ২৯০ ॥

অনুবাদ—অকালমৃত্যু হরণকারী, সর্ব্বরোগ হর শ্রীবিষ্ণুপাদোদক পান করিয়া আমি আমার মস্তকে ধারণ করিতেছি ॥ ২৯০ ॥

লেখ্যোঽগ্রে কৃষ্ণপাদাব্জ-তীর্থধারণপানয়োঃ।
মহিমাত্র তু তত্তীর্থেনাভিষেকস্য লিখ্যতে ॥ ২৯১ ॥

অনুবাদ—কৃষ্ণপদতীর্থ ধারণ ও পানের মহিমা পরে লেখা হইবে, এখন এখানে সেই তীর্থস্নান মহিমা লিখিত হইতেছে ॥ ২৯১ ॥

টীকা—কৃষ্ণপাদাব্জয়োঃ তীর্থং স্নানোদকং, তস্য ধারণং মূর্দ্ধি গ্রহণং পানঞ্চ তয়োঃ; তেন কৃষ্ণ-পাদাব্জ-স্নানোদকরূপেণ তীর্থেন যোঽভিষেকস্তস্য মহিমা মাহাত্ম্য অত্র অস্মিন্ প্রসঙ্গে লিখ্যতে ॥২৯১

অথ শ্রীচরণোদকাভিষেকমাহাত্ম্যম্

পদ্মপুরাণে—
স স্নাতঃ সর্ব্বতীর্থেষু সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ।
শালগ্রামশিলাতোয়ৈর্যোঽভিষেকং সমাচরেৎ ॥ ২৯২॥
গঙ্গা-গোদাবরী-রেবা নদ্যো মুক্তিপ্রদাস্তু যাঃ।
নিবসন্তি তীর্থাস্তাঃ শালগ্রামশিলাজলে ॥ ২৯৩ ॥
কোটিতীর্থসহস্রৈস্তু সেবিতৈঃ কিং প্রয়োজনম্।
তীর্থং যদি ভবেৎ পুণ্যং শালগ্রামশিলোদ্ভবম্ ॥২৯৪॥

অনুবাদ—পদ্মপুরাণে বর্ণিত আছে—যিনি শালগ্রাম শিলার স্নান-জল দ্বারা অভিষিক্ত হন, তিনি সমস্ত তীর্থস্নাত ও সমস্ত যজ্ঞে দীক্ষিত হন। গঙ্গা, গোদাবরী ও রেবা প্রভৃতি যে সকল নদী মুক্তিদাত্রী, সেই সকল নদীর জল শালগ্রামশিলার স্নানজলে অবস্থান করেন। যদি শামগ্রাম শিলাস্নাত জল পাওয়া যায় তাহা হইলে আর সহস্রকোটি তীর্থসেবা করিবার কি প্রয়োজন? ২৯২-২৯৪ ॥

টীকা—গঙ্গা-গোদাবরীত্যাদিষু যেষু শ্লোকেষ্ব-

ভিষেকশব্দো নাস্তি, তেহপ্যত্র পাদোদকাভিষেক-মাহাত্ম্যে কেচিল্লিখিতাঃ, স্নানে তীর্থাপেক্ষয়া তেষু চ শ্লোকেষু পাদোদকস্য তীর্থত্বাদ্যুক্তেরিতি দিক্ ॥২৯৩।

তত্রৈব শ্রীগৌতমাম্বরীষ-সংবাদে—

যেষাং ধৌতানি গাত্রাণি হরেঃ পাদোদকেন বৈ।
অম্বরীষ কুলে তেষাং দাসোঽস্মি বশগঃ সদা ॥২৯৫॥

অনুবাদ—গৌতম-অম্বরীষ-সংবাদে বলা হইয়াছে—হে অম্বরীষ শ্রীকৃষ্ণের পাদোদক দ্বারা যাঁহাদের শরীর অভিষিক্ত আমি সতত তাঁহাদিগের বংশের বশীভূত দাসরূপে অবস্থান করি ॥ ২৯৫ ॥

রাজন্তে তানি তাবচ্চ তীর্থানি ভুবনত্রয়ে।
যাবন্ন প্রাপ্যতে তোয়ং শালগ্রামাভিষেকজম্ ॥২৯৬॥

অনুবাদ—যে পর্য্যন্ত শালগ্রাম শিলার অভিষেক জল না পাওয়া যায় ত্রিভুবনে সকলতীর্থ সেই পর্য্যন্তই মাহাত্ম্য প্রকাশ করেন ॥ ২৯৬ ॥

স্কান্দে কার্ত্তিক-মাহাত্ম্যে—

গৃহেঽপি বসতস্তস্য গঙ্গাস্নানং দিনে দিনে।
শালগ্রামশিলাতোয়ৈর্যোঽভিষিঞ্চতি মানবঃ ॥ ২৯৭ ॥

অনুবাদ—শ্রীস্কন্দপুরাণে কার্ত্তিক মাহাত্ম্যে—যে মনুষ্য শালগ্রাম শিলার স্নানজল দ্বারা প্রত্যহ অভিষিক্ত হন তিনি গৃহে অবস্থান করিলেও তাঁহার প্রত্যহ গঙ্গা-স্নান হইয়া থাকে ॥ ২৯৭ ॥

তত্রৈবান্যত্র চ—

যানি কানি চ তীর্থানি ব্রহ্মাদ্যা দেবতাস্তথা।
বিষ্ণুপাদোদকস্যৈতে কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥২৯৮
শালগ্রামোদ্ভবো দেবো দেবো দ্বারবতীভবঃ ॥
উভয়োঃ স্নানতোয়েন ব্রহ্মহত্যা নিবর্ত্ততে ॥ ২৯৯ ॥

কিঞ্চ—

স বৈ চাবভৃথস্নাতঃ স চ গঙ্গাজলাপ্লুতঃ।
বিষ্ণুপাদোদকং কৃত্বা শঙ্খে যঃ স্নাতি মানবঃ ॥৩০০॥

অনুবাদ—ঐ পুরাণেই অন্যত্র বলা হইয়াছে—যে সকলতীর্থ আছেন এবং ব্রহ্মাদি যে সব দেবতা আছেন, ইহারা বিষ্ণুচরণোদকের ষোলভাগের এক ভাগেরও যোগ্য নহেন। শালগ্রাম শিলোৎপন্ন দেব এবং দ্বারকা শিলোৎপন্ন দেব এই দুই এর স্নান জল দ্বারা ব্রহ্মহত্যা জনিত পাপ ধ্বংস হয়। আরও বলা হইয়াছে—যে মানব শঙ্খে করিয়া বিষ্ণুচরণোদক দ্বারা স্নান করেন তাঁহার যজ্ঞের অবভৃত স্নান নিষ্পন্ন হয় এবং তিনি গঙ্গোদকে অভিষিক্ত হইলেন ॥২৯৮-৩০০

শ্রীনৃসিংহপুরাণে—

গঙ্গা-প্রয়াগ-গয়-নৈমিষ-পুষ্করাণি
পুণ্যানি যানি কুরু-জাঙ্গল-যামুনানি।
কালেন তীর্থসলিলানি পুনন্তি পাপং
পাদোদকং ভগবতঃ প্রপুনাতি সদ্যঃ ॥৩০১॥

অনুবাদ—শ্রীনৃসিংহ-পুরাণে বলা হইয়াছে—গঙ্গা, প্রয়াগ, গয়া নৈমিষ, পুষ্কর, কুরু-জাঙ্গল প্রভৃতির পবিত্র তীর্থজল, অধিক কালে পাতক নাশ করেন, কিন্তু ভগবানের পাদোদক ক্ষণমাত্রে পবিত্র করেন ॥ ৩০১ ॥

স্মৃতৌ চ—

ত্রিরাত্রিফলদা নদ্যো যাঃ কাশ্চিদসমুদ্রগাঃ।
সমুদ্রগাশ্চ পক্ষস্য মাসস্য সরিতাং পতিঃ ॥ ৩০২ ॥
ষণ্মাসফলদা গোদা বৎসরস্য তু জাহ্নবী।
পাদোদকং ভগবতো দ্বাদশাব্দফলপ্রদম্ ॥ ৩০৩ ॥

অনুবাদ—স্মৃতিতে বলা হইয়াছে—যে সমস্ত নদী সমুদ্রের সহিত মিলিত হয় নাই, সেই সকল নদীর জলে একদিন স্নান করিলে তাঁহারা তিনদিনের স্নান ফলদান করেন, যে সকল নদী সাগরে মিলিত হইয়াছে সেই সব নদীতে একদিন স্নান করিলে ১৫ দিনের স্নানফল লভ্য হয়। সাগরে একদিন স্নান করিলে সমুদ্র একমাস সমুদ্রস্নানের ফলদান করেন, একদিন স্নানে গোদাবরী ছয় মাসের এবং গঙ্গা এক বৎসর স্নানের ফল প্রদান করেন কিন্তু ভগবানের

চরণোদকে একবার স্নান করিলে দ্বাদশবৎসর স্নানের ফল লভ্য হয়। ৩০২-৩০৩ ॥

তন্নিত্যতা

গরুড়পুরাণে—

জলঞ্চ যেষাং তুলসী-বিমিশ্রিতং
পাদোদকং চক্রশিলাসমূদ্ভবম্
নিত্যং ত্রিসন্ধ্যং প্লবতে ন গাত্রং
খগেন্দ্র তে ধর্ম্মবহিষ্কৃতা নরাঃ ॥ ইতি ॥৩০৪॥

অনুবাদ—গরুড়পুরাণে বলা হইয়াছে—হে পক্ষি-রাজ! শালগ্রামশিলোৎপন্ন তুলসী-সংযুক্ত চরণামৃতদ্বারা নিত্য ত্রিসন্ধ্যা যাহাদিগের দেহ অভিষিক্ত না হয়, সেই মনুষ্য সকলপ্রকার ধর্ম্ম হইতে বহিষ্কৃত ॥ ৩০৪ ॥

টীকা—চক্রশিলা শ্রীশালগ্রাম-শিলা শ্রীদ্বারকা-চক্রাঙ্কশিলা চ তৎ স্থানাদুদ্ভূতং পাদোদকঞ্চ, ন প্লবতে ন স্নাপয়তীত্যর্থঃ ॥ ৩০৪ ॥

ততো জলাঞ্জলীন্ ক্ষিপ্ত্বা মূর্দ্ধ্নি ত্রীন্ কুম্ভ-মুদ্রয়া।
মূলেনাথাবিশেষেণ কুর্য্যাদ্দেবাদিতর্পণম্ ॥ ৩০৫ ॥

অনুবাদ—তারপর মূলমন্ত্র উচ্চারণ করিয়া কুম্ভ-মুদ্রা দ্বারা তিনবার মস্তকে জলাঞ্জলি প্রদানপূর্ব্বক সামান্য প্রকারে দেবতাদির তর্পণ করিবে ॥ ৩০৫ ॥

অথ সামান্যতো দেবাদিতর্পণম্

তচ্চ বৈদিকেষু প্রসিদ্ধমেব—

ব্রহ্মাদয়ো যে দেবাস্তান্ দেবান্ তর্পয়ামি, ভূর্দে-বাংস্তর্পয়ামি, ভুবর্দেবাংস্তর্পয়ামি, স্বর্দেবাংস্তর্পয়ামি, ভূর্ভুবঃস্বর্দেবাংস্তর্পয়ামি ॥ ইত্যাদি ॥ ৩০৬ ॥

অনুবাদ—এই দেবাদি তর্পণ বেদাচারি সম্প্রদায়িগণের মধ্যে প্রসিদ্ধ আছে যথা—ব্রহ্মাদি যে সকল দেবতা আছেন তাঁহাদিগের উদ্দেশ্যে তর্পণ করিতেছি, ভূলোকের দেবগণের তর্পণ করিতেছি, ভুবঃ লোকের দেবগণকে তর্পণ করিতেছি, স্বর্গ-লোকের দেবতাসকলকে তর্পণ করিতেছি, ভূ ভুবঃ স্বর্গ লোকের দেবতাসকলকে তর্পণ করিতেছি ॥৩০৬

টীকা—মূলমন্ত্রেণ কুম্ভমুদ্রয়া ত্রীন্ জলাঞ্জলীন্ নিজমূর্দ্ধি প্রক্ষিপ্য, অথানন্তরম্ অবিশেষেণ সামান্যতো দেবাদিতর্পণং কুর্য্যাৎ। আদি-শব্দেন ঋষীণাং পিতৄণাঞ্চ তত্তন্নামভিঃ; বিশেষতো দেবাদিতর্পণমগ্রে লেখ্যমেব। ইত্যাদীত্যাদি-শব্দেন কৃষ্ণদ্বৈপায়নাদয়ো যে ঋষয়স্তানৃষীন্ তর্পয়ামি, ভূঋর্ষীংস্তর্পয়ামি, ভুব-ঋর্ষীংস্তর্পয়ামি, স্বঋর্ষীংস্তর্পয়ামি, ভূর্ভুবঃস্বঋর্ষীং-স্তর্পয়ামি। সোমঃ পিতৃমান্ যমোঽঙ্গিরোঽগ্নিষ্বাত্তাঃ কব্যবাহনাদয়ো যে পিতরস্তান্ পিতৃংস্তর্পয়ামীত্যেবং পূর্ব্ববৎ ॥ ৩০৫-৩০৬ ॥

আচম্যাঙ্গানি সংমার্জ্জ্য স্নানবস্ত্রান্যবাসসা।
পরিধায়াংশুকে শুক্লে নিবিশ্যাচমনং চরেৎ ॥ ৩০৭ ॥

অনুবাদ—যে কাপড় পরিয়া স্নান করা হইয়াছিল প্রথমতঃ আচমন করিয়া সেই কাপড় ছাড়া অন্য কাপড় দিয়া শরীর মার্জন করিয়া সাদা কাপড় ও উত্তরীয় ধারণ করিয়া উপবেশনান্তে আচমন করিবে ॥ ৩০৭ ॥

টীকা—স্নানস্য যদ্বস্ত্রং যৎ পরিধায় স্নানং কৃতং, তস্মাদন্যেন বাসসা; এতেন স্নানশাট্যঞ্চলেন পাণিনা বা গাত্রং ন সংমার্জ্জয়েদিত্যর্থঃ। তথাচ বিষ্ণুপুরাণে সদাচারকথনে—'স্নাতো নাঙ্গানি মার্জ্জেত স্নানশাট্যা ন পাণিনা' ইতি ॥ ৩০৭ ॥

বিধিবৎ তিলকং কৃত্বা পুনশ্চাচম্য বৈষ্ণবঃ।
বিধিনা বৈদিকীং সন্ধ্যামথোপাসীত তান্ত্রিকীম্ ॥৩০৮

অনুবাদ—বৈষ্ণবগণ তিলকসেবা করিয়া পুনরায় আচমনপূর্ব্বক যথাবিধানে বৈদিকী সন্ধ্যা ও তৎপরে তান্ত্রিকী সন্ধ্যা করিবেন ॥ ৩০৮ ॥

টীকা—বিধিবত্তদ্বিধিযুক্তং যথা স্যাদিতি সর্ব্বত্রৈবানুবর্ত্তয়িতব্যম্ ॥ ৩০৮ ॥

অথ বৈদিকী সন্ধ্যা

কৌর্ম্মে তত্রৈব—

প্রাক্‌কূলেষু ততঃ স্থিত্বা দর্ভেষু সুসমাহিতঃ।
প্রাণায়ামত্রয়ং কৃত্বা ধ্যায়েৎ সন্ধ্যামিতি শ্রুতিঃ ॥৩০৯

মনুস্মৃতিঃ—

ব্রাহ্মণাঃ শাক্তিকাঃ সর্ব্বে ন শৈবা ন চ বৈষ্ণবাঃ।
যত উপাসতে দেবীং গায়ত্রীং বেদমাতরম্ ॥ ৩১০ ॥
যা চ সন্ধ্যা জগৎসূতির্মায়াতীতা হি নিষ্কলা।
ঐশ্বরী কেবলা শক্তিস্তত্ত্বত্রয়সমুদ্ভবা ॥ ৩১১ ॥
ধ্যাত্বার্কমণ্ডলগতাং সাবিত্রীং তাং জপেদ্বুধঃ।
প্রাঙ্মুখঃ সততং বিপ্রঃ সন্ধ্যোপাসনমাচরেৎ ॥৩১২॥

অনুবাদ—কূর্ম্ম-পুরাণে ব্যাসগীতায় লিখিত আছে—তারপর পূর্ব্বাগ্র কুশের উপর স্থিরচিত্তে উপবেশন-পূর্ব্বক তিনবার প্রাণায়াম করিয়া সন্ধ্যাধ্যান করিবে ইহাই শ্রুতিবাক্য। (মনুস্মৃতিতে উক্ত হইয়াছে—ব্রাহ্মণ মাত্রই যখন বেদমাতা গায়ত্রীর উপাসক, তখন তাঁহারা শৈব নহেন বা বৈষ্ণবও নহেন, তাঁহারা শাক্ত।) যিনি সন্ধ্যা তিনিই জগৎ প্রসবিনী, মায়াতীতা, বিশুদ্ধা, তত্ত্বত্রয় হইতে জাতা অখণ্ড ঐশ্বরী শক্তি। পণ্ডিতব্যক্তি সূর্য্য মণ্ডলবর্ত্তিনী গায়ত্রীকে ধ্যান করিয়া তাঁহার জপ করিবেন। ব্রাহ্মণ সর্ব্বদা পূর্ব্বমুখ হইয়া সন্ধ্যা উপাসনা করিবেন ॥ ৩০৯-৩১২ ॥

টীকা—প্রাক্‌কূলেষু প্রাগগ্রেষ্বিত্যর্থঃ ॥ ৩০৯ ॥

কিঞ্চ—

সহস্রপরমাং নিত্যং শতমধ্যাং দশাবরাম্।
সাবিত্রীং বৈ জপেদ্বিদ্বান্
প্রাঙ্মুখঃ প্রযতঃ স্থিতঃ ॥ ৩১৩ ॥

কিঞ্চ—

সন্ধ্যাহীনোঽশুচির্নিত্যমনর্হঃ সর্ব্বকর্ম্মসু।
যদন্যৎ কুরুতে কিঞ্চিন্ন তস্য ফলমাপ্নুয়াৎ ॥৩১৪॥
যোঽন্যত্র কুরুতে যত্নং ধর্ম্মকার্য্যে দ্বিজোত্তমঃ।
বিহায় সন্ধ্যাপ্রণতিং স যাতি নরকাযুতম্ ॥ ৩১৫ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—প্রাজ্ঞ ব্যক্তি পূর্ব্বদিকে মুখ করিয়া বসিয়া স্থির চিত্তে গায়ত্রী জপ করিবেন। প্রত্যহ সহস্র জপ উত্তম, শতবার মধ্যম ও দশবার অবর অর্থাৎ অধম। আরও বলা হইয়াছে যিনি সন্ধ্যা করেন না তিনি সর্ব্বদাই অপবিত্র সুতরাং নিত্য-নৈমিত্তিক সর্ব্বপ্রকার কর্ম্মে অনধিকারী, যদি তিনি কোনও কর্ম্ম করেন তাহার ফল পাইবেন না—যিনি সন্ধ্যাবন্দনা বর্জ্জন করিয়া অন্য ধর্ম্ম-কর্ম্মে যত্ন করেন, তিনি অযুত সংখ্যক নরকে গমন করেন ॥ ৩১৩-৩১৫ ॥

টীকা—সহস্রং সহস্রবারজপঃ পরমঃ জপে শ্রেষ্ঠ-পক্ষো যস্যা ইতি তথাভূতামিত্যর্থঃ, এবমন্যদপ্যূহ্যম্ ॥ ৩১৩ ॥

টীকা—এবং সন্ধ্যোপাসনস্য বিধিং লিখিত্বা নিত্যতাঞ্চ লিখতি—সন্ধ্যাহীন ইতি দ্বাভ্যাম্ ॥৩১৪॥

অনন্যচেতসঃ শান্তা ব্রাহ্মণা বেদপারগাঃ।
উপাস্য বিধিবৎ সন্ধ্যাং
প্রাপ্তাঃ পূর্ব্বে পরাং গতিম্ ॥ ৩১৬ ॥

অনুবাদ—শান্তস্বভাব, অনন্য চিত্ত, বেদপারগ প্রাচীন ব্রাহ্মণগণ বিধান অনুসারে সন্ধ্যার উপাসনা করিয়াই পরাগতি অর্থাৎ শ্রেষ্ঠগতি লাভ করিয়াছেন ॥ ৩১৬ ॥

টীকা—মাহাত্ম্যং লিখতি—অনন্যেতি ॥৩১৬॥

অথ তান্ত্রিকী সন্ধ্যা

ততঃ সংপূজ্য সলিলে নিজাং শ্রীমন্ত্রদেবতাম্।
তর্পয়েদ্বিধিনা তস্য তথৈবাবরণানি চ ॥৩১৭ ॥

অনুবাদ—অতঃপর জলে উত্তমরূপে আপনার মন্ত্রাধিষ্ঠাত্রী দেবতার পূজা করিয়া তাঁহার আবরণ সমূহকেও যথা বিধানে তর্পণ করিবেন ॥ ৩১৭ ॥

তথাচ বৌধায়নস্মৃতৌ—

হবিষাগ্নৌ জলে পুষ্পৈর্ধ্যানেন হৃদয়ে হরিম্।
অর্চ্চন্তি সূরয়ো নিত্যং জপেন রবিমণ্ডলে ॥ ৩১৮ ॥

অনুবাদ—এই বিষয়ে বৌধায়ন-স্মৃতিতে বর্ণিত হইয়াছে—জ্ঞানবান্ ব্যক্তিগণ নিত্য অগ্নিতে ঘৃতদ্বারা,

জলে পুষ্প দ্বারা, হৃদয় মধ্যে ধ্যানদ্বারা এবং সূর্য্য-মণ্ডলে জপদ্বারা শ্রীহরির পূজা করেন ॥ ৩১৮ ॥

টীকা—অর্চ্চন্তি অর্চ্চয়ন্তি ॥ ৩১৮ ॥

পাদ্মে চ তত্রৈব—

সূর্য্যে চাভ্যর্হণং শ্রেষ্ঠং সলিলে সলিলাদিভিঃ ॥৩১৯॥

অনুবাদ—পদ্মপুরাণেও শ্রীব্যাস-অম্বরীষ-সংবাদে উক্ত হইয়াছে—সূর্য্যমণ্ডলে সম্যক্‌রূপে অর্চ্চন এবং জলমধ্যে জলাদি দ্বারা অর্চ্চন শ্রেষ্ঠ ॥ ৩১৯ ॥

অথ তদ্বিধিঃ

মূলমন্ত্রমথোচ্চার্য্য ধ্যায়ন্ কৃষ্ণাঙ্ঘ্রি-পঙ্কজে।
শ্রীকৃষ্ণং তর্পয়ামীতি ত্রিঃ সম্যক্ তর্পয়েৎ কৃতী॥৩২০

অনুবাদ—অতঃপর কৃতীব্যক্তি মূল মন্ত্র উচ্চারণ করিয়া শ্রীকৃষ্ণের শ্রীপাদপদ্ম ধ্যানকরতঃ 'শ্রীকৃষ্ণের তর্পণ করিতেছি' এই বলিয়া তিনবার উত্তমরূপে তর্পণ করিবেন ॥ ৩২০ ॥

ধ্যানোদ্দিষ্টস্বরূপায় সূর্য্যমণ্ডলবর্ত্তিনে।
কৃষ্ণায় কামগায়ত্র্যা দদ্যাদর্ঘ্যমনন্তরম্ ॥ ৩২১ ॥

অনুবাদ—তারপর ধ্যানে যাঁহার স্বরূপ উপদেশ করা হইয়াছে সূর্য্যমণ্ডল মধ্যবর্ত্তী সেই শ্রীকৃষ্ণকে কাম-গায়ত্রী উচ্চারণ করিয়া অর্ঘ্য প্রদান করিবেন ॥৩২১॥

শ্রীসনৎকুমার কল্পে—

আদৌ মন্মথমুদ্ধৃত্য কামদেবপদং বদেৎ।
আয়াস্তে বিদ্মহে পুষ্পবাণায়েতি পদং বদেৎ ॥
ধীমহীতি তথোক্ত্বাথ তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ ॥
ইতি ॥ ৩২২ ॥

অনুবাদ—অনন্তর শ্রীসনৎকুমার কল্পে কথিত কামগায়ত্রীর উল্লেখ করা হইতেছে—প্রথমে মন্মথ অর্থাৎ ক্লীং বীজ উচ্চারণ করিয়া তৎপরে কামদেব শব্দ বলিবে তারপর 'আয়' তারপর বিদ্মহে তারপর পুষ্পবাণায় উচ্চারণ করিবে তারপর ধীমহি উচ্চারণ পূর্ব্বক তন্বোঽনঙ্গ প্রচোদয়াৎ উচ্চারণ করিবে। ইহার অর্থ কামদেবকে অবগত হই, পুষ্পবানকে ধ্যান করি, অনঙ্গ আমাদিগের অন্তঃকরণ মধ্যে সেই পরম অদ্বয় জ্ঞানতত্ত্ব স্বরূপ শ্রীকৃষ্ণকে প্রকাশ করুন॥

টীকা—মন্মথং কামবীজম্ আদৌ বদেৎ, ততঃ কামদেবেতি, ততঃ আয়েতি, তদন্তে বিদ্মহে ইতি, ততঃ পুষ্পাবাণায়েতি, ততশ্চ ধীমহীতি, ততশ্চ তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াদিতি বদেদিত্যর্থঃ। 'ক্লীং কামদেবায় বিদ্মহে পুষ্পবাণায় ধীমহি তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ' ইতি ভবতি ॥ ৩২২ ॥

অথার্কমণ্ডলে কৃষ্ণং ধ্যাত্বৈতাং দশধা জপেৎ।
ক্ষমস্বেতি তমুদ্বাস্য দদ্যাদর্ঘ্যং বিবস্বতে ॥ ৩২৩ ॥

অনুবাদ—তারপর সূর্য্যমণ্ডলে শ্রীকৃষ্ণকে ধ্যান করিয়া এই কামগায়ত্রী দশবার জপ করিবেন। তাহার পর ক্ষমস্ব অর্থাৎ ক্ষমা করুন এইরূপ উচ্চারণ সহ জপ সমাপণ হইলে কৃষ্ণ সূর্য্যকে অর্ঘ্য অর্পণ করি-বেন ॥ ৩২৩ ॥

টীকা—এতাং কামগায়ত্রীং দশধা দশ বারান্ জপন্ সন্। তং কৃষ্ণম্ ॥ ৩২৩ ॥

বিধিস্তান্ত্রিকসন্ধ্যায়া জলেঽর্চ্চায়াশ্চ কশ্চন।
যোঽন্যো মন্যেত সোঽপ্যত্র
তদ্বিশেষায় লিখ্যতে ॥ ৩২৪ ॥

অনুবাদ—তান্ত্রিকী সন্ধ্যা এবং জলে অর্চ্চন এই দুই এর বিশেষ নিয়ম জানাইবার জন্য এই স্থলে লেখা হইতেছে ॥ ৩২৪ ॥

টীকা—তয়োস্তান্ত্রিকসন্ধ্যাজলার্চ্চয়োর্বিধিবিশে-ষজ্ঞাপনায়েত্যর্থঃ ॥ ৩২৪ ॥

অথ মতান্তর-তান্ত্রিকসন্ধ্যাবিধিঃ

আদৌ দক্ষিণহস্তেন গৃহ্ণীয়াদ্বারি বৈষ্ণবঃ।
ততো হৃদয়মন্ত্রেণ বামপাণিতলেঽর্পয়েৎ ॥ ৩২৫ ॥
তদঙ্গুলীবিনির্যাতাম্ভঃকণৈর্দক্ষপাণিনা।
মস্তকে নেত্রমন্ত্রেণ কুর্য্যাৎ সংপ্রোক্ষণং ততঃ ॥৩২৬॥
শিষ্টং তচ্চাস্ত্রমন্ত্রেণাদায়াম্ভো দক্ষপাণিনা।
অধঃক্ষিপেৎ পুনশ্চৈবমিতি বারচতুষ্টয়ম্ ॥ ৩২৭ ॥

পুনর্হৃদয়মন্ত্রেণাদায়াম্ভো দক্ষপাণিনা ।
নাসাপুটেন বামেনাঘ্রায়ান্যেন বিসর্জ্জয়েৎ ॥ ৩২৮ ॥
অথাম্ভোহঞ্জলিমাদায় সূর্য্যমণ্ডলবর্ত্তিনে ।
অর্ঘ্যং গোপালগায়ত্র্যা কৃষ্ণায় ত্রিনিবেদয়েৎ ॥৩২৯॥

অনুবাদ—বৈষ্ণবব্যক্তি প্রথমে ডানহাতে জল লইবেন তারপর হৃদয়মন্ত্র (নমঃ) উচ্চারণ করিয়া ঐ জল বামহস্ততলে অর্পণ করিবেন। তারপর নেত্র মন্ত্র (বৌষ্ট্) উচ্চারণ করিয়া ঐ বামহস্তের অঙ্গুলির মধ্যদিয়া বিনির্গত জলকণা-সমূহ ডানহাত দিয়া লইয়া মাথায় ছিটাইবেন। পুনরার এইরূপ চারিবার করিতে হইবে। পুনরায় হৃদয়মন্ত্র উচ্চারণ করিয়া ডানহাতে জল লইয়া বামনাসারন্ধ্র দ্বারা টানিয়া লইয়া দক্ষিণ নাসারন্ধ্র দ্বারা বাহির করিবেন। তারপর জলাঞ্জলি লইয়া গোপাল গায়ত্রী উচ্চারণ করিয়া সূর্য্যমণ্ডলমধ্যবর্ত্তী শ্রীকৃষ্ণকে তিনবার অর্ঘ্য প্রদান করিবেন ॥ ৩২৫-৩২৯ ॥

টীকা—অর্পয়েৎ ন্যসেৎ তদ্বার্যেব ॥ ৩২৫ ॥

টীকা—তস্য বামপাণেরঙ্গুলিভ্যো বিনির্য্যাতৈঃ বিনিঃসৃতৈঃ অন্তঃকণৈঃ জলবিন্দুভির্দক্ষেণ দক্ষিণেন পাণিনা, শিষ্টম্ অবশিষ্টং যদ্বামপাণিতলস্থং তৎ। ইতি বারচতুষ্টয়ং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৩২৬-৩২৭ ॥

টীকা—পুনঃ অম্ভো জলং দক্ষপাণিনা আদায় গৃহীত্বা, বামেন নাসাপুটেনাঘ্রায়েতি আঘ্রাণেনান্তর্গত-দোষং প্রক্ষাল্য, অন্যেন দক্ষিণেন নাসাপুটেন নিঃসার্য বিসৃজেদিত্যর্থঃ ॥ ৩২৮ ॥

সা চোক্তা

ঙ্গুয়াদ্গোপীজনং ঙেহন্তং বিদ্মহে ইত্যতঃপরম্ ।
পুনর্গোপীজনং তদ্বদ্ধীমহীতি ততঃ পরম্ ।
তন্নঃ কৃষ্ণ ইতি প্রান্তে প্রপূর্ব্বং চোদয়াদিতি ॥৩৩০॥

অনুবাদ—গোপীজন এই শব্দটিতে চতুর্থী বিভক্তি যোগ করিয়া উচ্চারণ করিতে হইবে তারপর বিদ্মহে এই পদ পুনরায় 'চতুর্থ্যন্ত গোপীজন' পদ। এরপর 'ধীমহি' এই পদ পরে 'তন্নঃ কৃষ্ণঃ' এবং সর্ব্বশেষে 'প্রচোদয়াৎ' এই পদ প্রয়োগ করিবে। ইহার অর্থ —আমরা গোপীজনকে অবগত হই, গোপীজনকে ধ্যান করি, কৃষ্ণ আমাদিগের অন্তঃকরণ মধ্যে পরম-তত্ত্ব প্রেরণ করুন ॥ ৩৩০ ॥

টীকা—ঙে ইতি চতুর্থ্যেকবচনম্ অন্তে যস্য তং গোপীজনং, তদ্বচ্চতুর্থ্যন্তমিত্যর্থঃ। প্রান্তে সর্ব্বশেষে প্রশব্দপূর্ব্বকং চোদয়াদিতি ঙ্গুয়াৎ ; ততশ্চৈবং স্যাৎ —গোপীজনায় বিদ্মহে গোপীজনায় ধীমহি তন্নঃ কৃষ্ণঃ প্রচোদয়াদিতি ॥ ৩৩০ ॥

মূর্দ্ধ্নি ন্যসেৎ তদঙ্গানি ললাটে নেত্রয়োর্দ্ধয়োঃ ।
ভুজয়োঃ পাদয়োশ্চৈব সর্ব্বাঙ্গেষু তথা ক্রমাৎ ॥৩৩১॥

অনুবাদ—অতঃপর ক্রমপূর্ব্বক শ্রীগোপাল-গায়ত্রীর অঙ্গগুলিকে অর্থাৎ ছয় অঙ্গকে আপনার মস্তক, ললাট, দুই চক্ষুঃ, দুই বাহু, দুই চরণ এবং সর্ব্বাঙ্গ এই ছয় অঙ্গে ন্যাস করিবে ॥ ৩৩১ ॥

টীকা—তস্যা গোপালগায়ত্র্যাঃ অঙ্গানি ষট্ মূর্দ্ধাদিষট্স্থানেসু ক্রমান্ন্যসেদিত্যর্থঃ ॥ ৩৩১ ॥

তানি চোক্তানি—

পঞ্চভিশ্চ ত্রিভিশ্চৈব পঞ্চভিশ্চ ত্রিভিঃ পুনঃ ।
চতুর্ভিশ্চ চতুর্ভিশ্চ কুর্য্যাদঙ্গানি বর্ণকৈঃ ॥ ইতি ॥৩৩২

অনুবাদ—এখন গোপাল-গায়ত্রীর ছয়টি অঙ্গ কথিত হইতেছে—১। পাঁচ (গোপীজনায়) ২। তিন (বিদ্মহে) ৩। পাঁচ (গোপীজনায়) ৪। তিন (ধীমহি) ৫। চারি (তন্নঃ কৃষ্ণঃ) ৬। চারি (প্রচোদয়াৎ)— ন্যাসের ক্রম যথা মস্তকে গোপীজনায়, ললাটে বিদ্মহে, নেত্রদ্বয়ে গোপীজনায়, বাহুদ্বয়ে ধীমহি, পদদ্বয়ে তন্নঃ কৃষ্ণঃ এবং সর্ব্বাঙ্গে প্রচোদয়াৎ—এই ভাবে ন্যাস করিতে হয় ॥ ৩৩২ ॥

টীকা—অঙ্গান্যেব বিভজ্য দর্শয়তি—পঞ্চভিরিতি ; বর্ণকৈর্বর্ণৈঃ, স্বার্থে কঃ ॥ ৩৩২ ॥

রাসক্রীড়ারতং কৃষ্ণং ধ্যাত্বা চাদিত্যমণ্ডলে ।
তৎসম্মুখোৎক্ষিপ্তভুজো
গায়ত্রীং তাং জপেৎ ক্ষণম্ ॥ ৩৩৩ ॥

অনুবাদ—তারপর সূর্য্যমণ্ডলমধ্যে রাসক্রীড়ারত

শ্রীকৃষ্ণকে চিন্তা করিয়া তাঁহার সম্মুখে বাহুদ্বয় উত্তোলন পূর্ব্বক কিছুক্ষণ ঐ গায়ত্রী জপ করিতে হইবে ॥ ৩৩৩ ॥

টীকা—তস্য আদিত্যমণ্ডলস্য সম্মুখে অভিমুখে উৎক্ষিপ্তৌ ভুজৌ যেন তথাভূতঃ সন্ ॥ ৩৩৩ ॥

অথ তত্র জলে শ্রীভগবৎপূজাবিধিঃ

অঙ্গন্যাসং স্বমন্ত্রেণ কৃত্বাথাব্জং জলান্তরে।
সঞ্চিন্ত্য পীঠমন্ত্রেণ তর্পয়েচ্চ সকৃৎ সকৃৎ ॥ ৩৩৪ ॥
তস্মিংশ্চ কৃষ্ণমাবাহ্য সকলীকৃত্য মানসান্।
পঞ্চোপচারান্ দত্ত্বাপ্সু ধেনুমুদ্রাং প্রদর্শয়েৎ ॥ ৩৩৫ ॥

অনুবাদ—অনন্তর শ্রীসনৎকুমার কল্পমতে জলে ভগবদ্-পূজাবিধি বর্ণিত হইতেছে—স্বমন্ত্রে অঙ্গন্যাস পূর্ব্বক জলমধ্যে পদ্ম চিন্তা করিয়া পীঠমন্ত্র উচ্চারণ সহকারে এক একবার তর্পণ করিবে। তাহার পরে ঐ পদ্ম মধ্যে শ্রীকৃষ্ণকে আবাহন পূর্ব্বক ছয় অঙ্গে ষড়ঙ্গন্যাস করিয়া মনঃ কল্পিত গন্ধাদি উপচার পঞ্চকে জলে তর্পণ করিয়া ধেনুমুদ্রা দেখাইবে ॥ ৩৩৪-৩৩৫ ॥

টীকা—এতস্মিন্ অব্জে, মানসান্ মনঃকল্পিতান্ গন্ধাদীন্ পঞ্চোপচারান্ ॥ ৩৩৫ ॥

তজ্জলং চামৃতং ধ্যাত্বা স্বমন্ত্রেণাভিমন্ত্র্য চ।
অষ্টোত্তরশতং কৃষ্ণোত্তমাঙ্গে তর্পয়েৎ কৃতী ॥৩৩৬॥
ততশ্চ মূলমন্ত্রেণ বারান্ বৈ পঞ্চবিংশতিম্।
অভিজপ্তেনোদকেনাচমনং বিধিনাচরেৎ ॥ ৩৩৭ ॥

অনুবাদ—কৃতী ব্যক্তি সেই জলকে অমৃতচিন্তা করিয়া তাহার উপর নিজ ইষ্টমন্ত্র জপ করিয়া শ্রীকৃষ্ণের শিরোদেশে ১০৮ বার তর্পণ করিবে তারপর জলের উপরিভাগে—মূলমন্ত্র ২৫ বার জপ করিয়া সেই জল দ্বারা আগে বলা নিয়ম অনুযায়ী আচমন করিবেন ॥ ৩৩৬-৩৩৭ ॥

টীকা—অমৃতরূপং চিন্তয়িত্বা, কৃতীত্যনেন আবরণতর্পণাদিকমুদ্রাসনঞ্চ পূর্ব্বানুসারেণ কুর্য্যাদেবেতি বোধ্যতে ॥ ৩৩৬ ॥

অথ বিশেষতো দেবাদি-তর্পণম্

পাদ্মে তত্রৈব—

ব্রহ্মাণং তর্পয়েৎ পূর্ব্বং বিষ্ণুং রুদ্রং প্রজাপতিম্।
দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ ॥৩৩৮॥
ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ।
বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ ॥ ৩৩৯ ॥
নিরাহারাশ্চ যে জীবাঃ পাপকর্ম্মরতাশ্চ যে।
তেষামাপ্যায়নায়ৈতৎ দীয়তে সলিলং ময়া ॥ ৩৪০ ॥
কৃতোপবীতী দেবে তু নিবীতী চ ভবেন্নরঃ।
মানুষাংস্তর্পয়েদ্ভক্ত্যা ঋষিপুত্রান্ ঋষীংস্তথা ॥ ৩৪১ ॥
ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ।
কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা।
সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা ॥ ৩৪২ ॥

অনুবাদ—পদ্মপুরাণে শ্রীব্যাস-অম্বরীষ-সংবাদে উক্ত হইয়াছে যে প্রথমে ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র ও প্রজাপতির তর্পণ করিয়া পরে যক্ষগণ, গন্ধর্ব্বগণ, অপ্সরাগণ, অসুরগণ ক্রূর সর্পগণ, সুপর্ণগণ, তরুগণ, কুটিলগতি জীবগণ, বিহগগণ, বিদ্যাধরগণ, জলাধার সকল, আকাশগামীগণ, নিরাহারিগণ ও যাহারা পাপ কর্ম্মরত আমি ইহাদের সকলের তৃপ্তি বিধানের জন্য এই জল প্রদান করিলাম। দেব-তর্পণে যজ্ঞসূত্রাদি দ্বারা বামস্কন্ধে উত্তরীয় ধারণ এবং অন্য তর্পণাদিতে কণ্ঠলম্বিত উত্তরীয় ধারণ বিধেয়। মনুষ্য, ঋষিপুত্র ও ঋষি সকলকেই ভক্তিসহকারে তর্পণ করিতে হইবে। তারপর সনক, সনন্দ, তৃতীয় সনাতন, কপিল, আসুরি বোঢ়ু ও পঞ্চশিখ —আমার দেওয়া এই জল দ্বারা সর্ব্বদা প্রীতি লাভ করুন এই বলিয়া তর্পণ করিতে হইবে ॥৩৩৮-৩৪২

মরীচিমত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যং পুলহং ক্রতুম্।
প্রচেতসং বশিষ্ঠঞ্চ ভৃগুং নারদমেব চ।
দেবব্রহ্মঋষীন্ সর্ব্বাংস্তর্পয়েদক্ষতোদকৈঃ ॥ ৩৪৩ ॥

অনুবাদ—তারপর যবোদক দ্বারা মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, প্রচেতা, বশিষ্ট, ভৃগু, নারদ এবং দেবর্ষিগণ ও ব্রহ্মর্ষিগণের তর্পণ করা উচিত ॥ ৩৪৩ ॥

অপসব্যং ততঃ কুর্য্যাৎ সব্যং জানু চ ভূতলে।
অগ্নিষ্বাত্তাস্তথা সৌম্যা বর্হিষন্তস্তথোষ্মপাঃ ॥ ৩৪৪॥
কব্যানলৌ বর্হিষদস্তথা চৈবাজ্যপাঃ পুনঃ।
তর্পয়েৎ পিতৃভক্ত্যা চ সতিলোদক-চন্দনৈঃ ॥৩৪৫॥

অনুবাদ—তারপর দক্ষিণস্কন্ধে পৈতা রাখিয়া বামহাঁটু মাটিতে রাখিয়া তিলসহ জল ও চন্দন দ্বারা পিতৃভক্তি অনুসারে অগ্নিষ্বাত্ত, সৌম্য, বর্হিষ্মান্ উষ্মপ, কব্যানল, বর্হিষদ্ ও আজ্যপনামা পিতৃবর্গের তর্পণ করিতে হইবে ॥ ৩৪৪-৩৪৫ ॥

যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ।
বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ ॥ ৩৪৬ ॥
ঔড়ুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে।
বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ ॥ ৩৪৭ ॥
দর্ভপাণিঃ সুপ্রযতঃ পিতৃন্ স্বান্ তর্পয়েত্ততঃ ॥৩৪৮॥
পিত্রাদীন্ নামগোত্রেণ তথা মাতামহানপি।
সন্তর্প্য বিধিনা সর্ব্বান্ ইমং মন্ত্রমুদীরয়েৎ ॥ ৩৪৯ ॥
যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তে তৃপ্তিমখিলাং যান্তু
যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ ॥ ইতি ॥ ৩৫০ ॥

অনুবাদ—এরপর যম, ধর্ম্মরাজ, মৃত্যু, অন্তক, বৈবস্বত, কাল সর্ব্বভূতক্ষয়, ঔড়ুম্বর দধ্ন, নীল, পরমেষ্ঠী, বৃকোদর চিত্র ও চিত্রগুপ্ত এই সকলকে তর্পণ করিবে। তাহার পরে সযত্নে হাতে কুশ লইয়া নিজ পিতৃবর্গের তর্পণ করিবে। পিতৃ প্রভৃতির ও মাতামহাদির নাম গোত্র উল্লেখ করিয়া যথা বিধানে তর্পণ করিয়া মূলে উক্ত 'যেঽবান্ধবা বান্ধবা বা .... চাস্মত্তোয়কাঙ্ক্ষণঃ' এই মন্ত্র পাঠ করিবে। মন্ত্রটির অর্থ নিম্নে দেওয়া হইল—যাঁহারা অবান্ধব বান্ধব ও যাঁহারা অন্যজন্মে বান্ধব ছিলেন এবং যাঁহারা আমার নিকট হইতে জল প্রত্যাশা করেন তাঁহারা সকলেই সর্ব্বথা প্রীতি লাভ করুন ॥ ৩৪৬-৩৫০ ॥

সন্ধ্যোপাসনতঃ পূর্ব্বং কেচিদ্দেবাদিতর্পণম্।
মন্যন্তে সকৃদেবেদং পুরাণোক্তানুসারতঃ ॥ ৩৫১ ॥

অনুবাদ—কূর্ম্ম ও পদ্মপুরাণের প্রমাণ অনুসারে কোন কোন ধীমান্ সন্ধ্যা উপাসনার আগে একবার মাত্র এই দেবাদির তর্পণের বিধান দিয়া থাকেন ॥ ৩৫১ ॥

টীকা—ইদং তত্তন্নামভির্বিশেষতো দেবাদিতর্পণং, তচ্চ সকৃদেব মন্যন্তে, ন তু সামান্যবিশেষাভ্যাং বারদ্বয়মিত্যর্থঃ। কুতঃ? পুরাণানি পাদ্মকৌর্ম্মাদীনি, তদুক্তানুসারাৎ ॥ ৩৫১ ॥

তথা চ পাদ্মে, স্নানে মৃদ্গ্রহণানন্তরম্—
এবং স্নাত্বা ততঃ পশ্চাদাচম্য সুবিধানতঃ।
উত্থায় বাসসী শুক্লে শুদ্ধে তু পরিধায় বৈ।
ততস্তু তর্পণং কুর্য্যাৎ ত্রৈলোক্যাপ্যায়নায় বৈ ॥৩৫২॥

অনুবাদ—এই উক্তির সমর্থনে পদ্মপুরাণে বর্ণিত হইয়াছে যে—স্নানবিষয়ে মাটি লইবার পর এইরূপ স্নানের পর সুবিধানে আচমন পূর্ব্বক জল হইতে উঠিয়া বিশুদ্ধ সাদাকাপড় ও ওড়না বা চাদর লইয়া ত্রিভুবনের তৃপ্তির জন্য তর্পণ করিবে ॥ ৩৫২ ॥

টীকা—ততস্তু তর্পণং কুর্য্যাদিতি সামান্যতস্তর্পণং ন স্যাৎ, তন্নিরস্তমেব ব্রহ্মাণমিত্যাদিবিশেষোক্তেঃ। তথা কৌর্ম্মেঽপি—'স্নাত্বা সন্তর্পয়েদ্দেবান্ ঋষীন্ পিতৃগণাংস্তথা। আচম্য মন্ত্রবিন্নিত্যং পুনরাচম্য বাগ্‌যতঃ॥ সংমার্জ্য মন্ত্রৈরাত্মানং কুশৈঃ সোদকবিন্দুভিঃ। আপোহিষ্ঠা ব্যাহৃতিভিঃ সাবিত্র্যা বারুণৈঃ শুভৈঃ॥ ওঁকারব্যাহৃতিযুতাং গায়ত্রীং বেদমাতরম্। জপ্ত্বা জলাঞ্জলিং দদ্যাৎ ভাস্করং প্রতি তন্মনাঃ॥' ইতি। ভাস্করোপস্থানঞ্চ সন্ধ্যোপাসনানন্তরম্; 'অথোপতিষ্ঠেদাদিত্যমুদয়ন্তং সমাহিতঃ', ইত্যাদিনা তত্রৈবোক্তমস্তি; এবং মতভেদঃ শাখাদি-ভেদেনোক্তঃ ॥ ৩৫২ ॥

অতএব শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াম্—
নিষ্পীড়য়িত্বা বস্ত্রন্তু পশ্চাৎ সন্ধ্যাং সমাচরেৎ।
অন্যথা কুরুতে যস্তু স্নানং তস্যাফলং ভবেৎ ॥৩৫৩

অনুবাদ—শ্রীরামার্চ্চন চন্দ্রিকায় বর্ণিত হইয়াছে

যে, প্রথমে কাপড় নিংড়াইয়া পরে সন্ধ্যা করিবে নতুবা সন্ধ্যানিষ্ফল হইবে ॥ ৩৫৩ ॥

টীকা—নিষ্পীড়য়িত্বেত্যার্যং নিষ্পীড্য ॥৩৫৩॥

কিঞ্চ—

বস্ত্রং ত্রিগুণিতং যস্তু নিষ্পীড়য়তি মূঢ়ধীঃ।
বৃথা স্নানং ভবেত্তস্য নিষ্পীড়য়তি চাম্বুনি ॥৩৫৪॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—যে মন্দমতি কাপড়কে তিনভাঁজ করিয়া একত্র নিংড়ায় কিংবা জলের মধ্যে নিংড়ায় তাহার স্নান নিষ্ফল হয় ॥৩৫৪

টীকা—প্রসঙ্গাদ্বস্ত্রনিষ্পীড়নে বিধিবিশেষং শ্রী-রামার্চ্চনচন্দ্রিকোক্তমেব লিখতি—বস্ত্রমিতি ॥৩৫৪॥

অথ স্নানাদৌ সদ্ভাবাপেক্ষা

কাশীখণ্ডে—

অপি সর্ব্বনদীতোয়ৈর্মৃৎকূটৈশ্চাথ গোরসৈঃ।
আপাতমাচরেচ্ছৌচং ভাবদুষ্টো ন শুদ্ধিভাক্ ॥৩৫৫
নক্তং দিনং নিমজ্জ্যাপ্সু কৈবর্ত্তাঃ কিমু পাবনাঃ।
শতশোঽপি তথা স্নাতা ন শুদ্ধা ভাবদূষিতাঃ ॥৩৫৬

অনুবাদ—এরপর স্নানাদিতে সদ্ভাবের অপেক্ষা—কাশীখণ্ডে বলা হইয়াছে—নাস্তিক ব্যক্তি আমরণ সকল নদীর জল মৃত্তিকারাশি ও গোময়দ্বারা শৌচ বিধান করিলেও শুদ্ধ হইতে পারে না। জেলেরা দিবারাত্র জলের মধ্যে থাকে তাহাতে কি তাহারা পবিত্র হয়? সেই প্রকার ভাব-দূষিত অর্থাৎ নাস্তিক-গণ শত শত বার স্নান করিলেও পবিত্র হইতে পারে না ॥ ৩৫৫-৩৫৬ ॥

টীকা—আপাতং মরণপর্য্যন্তমাচরন্নপি, ভাবদুষ্টো নাস্তিক ইত্যর্থঃ ॥ ৩৫৫ ॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদাম্বরীষ-সংবাদে—

পুণ্যেন গাঙ্গেন জলেন কালে
দেশেঽপি যঃ স্নানপরঃ কথঞ্চিৎ।
আজন্মনো ভাবহতোঽপি দাতা
ন শুধ্যতীত্যেব মতং মমৈতৎ ॥ ৩৫৭ ॥

প্রজ্বাল্য বহ্নিং ঘৃততৈলসিক্তং
প্রদক্ষিণাবর্ত্তশিখং স্বকালে।
প্রবিশ্য দগ্ধঃ কিল ভাবদুষ্টো
ন স্বর্গমাপ্নোতি ফলং ন চান্যৎ ॥ ৩৫৮ ॥

অনুবাদ—পদ্মপুরাণে বৈশাখ-মাহাত্ম্যে নারদ-অম্বরীষ-সংবাদে বলা হইয়াছে—আজন্ম নাস্তিক ব্যক্তি পবিত্র সময়ে, পুণ্য ক্ষেত্রে, পবিত্র জাহ্নবী জলে স্নানপূর্ব্বক দানশীল হইলেও শুচি হয় না। ইহাই আমার মত। নাস্তিকব্যক্তি স্বীয় আসন্ন মৃত্যুকালে ঘৃত তৈলসিক্ত অগ্নি প্রজ্বলিত করিয়া তাহার শিখা প্রদক্ষিণ পূর্ব্বক তাহার মধ্যে প্রবেশ করিয়া দগ্ধ হইলেও স্বর্গে যাইতে পারে না ও অন্য কোন ফল ও পায় না ॥ ৩৫৭-৩৫৮ ॥

অতএব ভবিষ্যোত্তরে—

যস্য হস্তৌ চ পাদৌ চ বাঙ্মনশ্চ সুসংযতম্।
বিদ্যাতপশ্চ কীর্ত্তিশ্চ স তীর্থফলমাপ্নুয়াৎ ॥৩৫৯॥
অশ্রদ্দধানঃ পাপাত্মা নাস্তিকোঽচ্ছিন্নসংশয়ঃ।
হেতুনিষ্ঠশ্চ পঞ্চৈতে ন তীর্থফলভাগিনঃ ॥ ৩৬০ ॥

ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে শৌচীয়ো নাম তৃতীয়ো বিলাসঃ।

অনুবাদ—ভবিষ্যপুরাণের উত্তর ভাগে—বর্ণিত আছে—যে ব্যক্তির করদ্বয়, চরণদ্বয় বাক্য ও মন সুন্দর রূপে বশীভূত এবং যাঁহার বিদ্যা, তপঃ ও কীর্ত্তি আছে তিনিই তীর্থফল পান।

শ্রদ্ধাশূন্য, পাপী, নাস্তিক, সন্দিগ্ধচিত্ত ও কুতর্ক নিষ্ঠা এই পাঁচ প্রকার লোক তীর্থফল লাভ করে না ॥ ৩৫৯-৩৬০ ॥

টীকা – যস্যেতি — হস্তাদি-সংযমেন তীর্থে পাপানুৎপত্তেঃ বিদ্যাদিনা চ শ্রদ্ধাবিশেষাদুৎপত্তে-র্যথোক্তফললাভঃ স্যাদিত্যর্থঃ ॥ ৩৫৯ ॥

ইতি শ্রীভগবদ্ভক্তিবিলাস-টীকায়াং দিগ্‌দর্শিন্যাং তৃতীয়ো বিলাসঃ।

চতুর্থ-বিলাসঃ

স্নাত্বা শ্রীকৃষ্ণচৈতন্যনামতীর্থোত্তমে সকৃৎ ।
নিত্যাশুচিঃ শুচীন্দ্রঃ সন্ স্বধর্ম্মং বক্তুমর্হতি ॥ ১ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণচৈতন্য-নামরূপ উত্তমতীর্থে একবার মাত্র স্নান করিয়া অশুচিজনও নিত্য শুচিগণ মধ্যে শ্রেষ্ঠ হইয়া স্বধর্ম্ম কথনে সমর্থ হন ॥ ১ ॥

টীকা—এতাদৃশ-স্নানাদপি শ্রীভগবন্নামসেবনমেব পরমশোধনমিত্যভিপ্রেত্য তেন চানধিকারিণোঽপ্যাত্মনো ভগবদ্ধর্ম্মলিখনে যোগ্যতাং সম্ভাবয়ন্ লিখতি—স্নাত্বেতি। শ্রীকৃষ্ণচৈতনেতি নামৈব তীর্থোত্তমং, তস্মিন্ সকৃদপি স্নাত্বা কদাচিত্তৎ সেবিত্বেত্যর্থঃ। নিত্যাশুচিঃ জাত্যাদিনা পরমাপবিত্রোঽপি জনঃ শুচিগণশ্রেষ্ঠঃ সন্ বক্তুমর্হতি প্রবচনযোগ্যো ভবতীত্যর্থঃ ॥ ১ ॥

অথ স্বগৃহমাগচ্ছেদাদৌ নত্বেষ্টদেবতাম্ ।
গুরূন্ জ্যেষ্ঠাংশ্চ পুষ্পেধঃকুশাম্বোধারকেতরান্ ॥২॥

অনুবাদ—তারপর অর্থাৎ স্নানতর্পণাদির পর প্রথমতঃ ইষ্টদেবতাকে এবং যাঁহারা পূজার নিমিত্ত ফুল, যজ্ঞের নিমিত্ত কাষ্ঠ, কুশ এবং জল আনিতেছেন সেই সমস্ত ব্যক্তি ব্যতীত অন্য গুরুজনগণকে এবং জ্যেষ্ঠ ব্যক্তিগণকে প্রণাম পূর্ব্বক নিজ গৃহে আসিবে ।:২

টীকা—এধঃ কাষ্ঠম্; পুষ্পাদীনাং ধারকেভ্য ইতরান্ অন্যান্; তথা চ বৃহন্নারদীয়ে সদাচারপ্রসঙ্গে—'তথা স্নানং প্রকুর্ব্বন্তং সমিৎ-পুষ্পহরং তথা। উদপাত্রধরঞ্চৈব ভুঞ্জন্তং নাভিবাদয়েৎ ॥' ইতি ॥ ২ ॥

তথা চ শ্রীনৃসিংহপুরাণে—
জলে দেবং নমস্কৃত্য ততো গচ্ছেদ্গৃহং পুমান্ ।
পৌরুষেণ তু সূক্তেন ততো বিষ্ণুং সমর্চ্চয়েৎ ॥৩॥

অনুবাদ—শ্রীনৃসিংহ-পুরাণে এই উক্তির সমর্থন যথা—মানুষ জলের মধ্যে দেবতাকে প্রণাম করতঃ গৃহে গমন করিবে এবং তারপর পুরুষসূক্ত মন্ত্র দ্বারা শ্রীবিষ্ণুর পূজা করিবে ॥ ৩ ॥

অথ শ্রীভগবন্মন্দির-সংস্কারঃ

মন্দিরং মার্জ্জয়েদ্বিষ্ণোর্বিধায়াচমনাদিকম্ ।
কৃষ্ণং পশ্যন্ কীর্ত্তয়ংশ্চ দাস্যেনাত্মানমর্পয়েৎ ॥ ৪ ॥
শুদ্ধং গোময়মাদায় ততো মৃৎস্নাং জলং তথা ।
ভক্ত্যা তৎপরিতো লিম্পেদভ্যুক্ষেচ্চ তদঙ্গনম্ ॥ ৫ ॥

অনুবাদ—অতঃপর শ্রীভগবৎ মন্দির মার্জ্জনাদির কথা বলা হইতেছে—আচমনাদি কার্য্য সমাপ্ত হইলে শ্রীবিষ্ণুর মন্দিরমার্জ্জন সেবা করিতে হইবে, তারপর শ্রীকৃষ্ণকে দর্শন এবং তাঁহার নামগুণ কীর্ত্তন করিতে করিতে আত্মসমর্পণ করিতে হইবে। তারপর শুদ্ধ গোময়, উৎকৃষ্ট মৃত্তিকা ও জল লইয়া শ্রীমন্দিরের চারিধার লেপন এবং মন্দির প্রাঙ্গণে গোময়-মিশ্রিত জলের ছিটা দিতে হইবে ॥ ৪-৫ ॥

টীকা—তৎ বিষ্ণুমন্দিরং, তস্যাঙ্গনম্ অভ্যুক্ষেচ্চ ॥ ৫ ॥

তথা চ নবমস্কন্ধে (৪।১৮) শ্রীমদম্বরীষোপাখ্যানে—
স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো-
র্বচাংসি বৈকুণ্ঠগুণানুবর্ণনে ।
করৌ হরের্মন্দিরমার্জ্জনাদিষু
শ্রুতিং চকারাচ্যুতসৎকথোদয়ে ॥ ৬ ॥

অনুবাদ—এই উক্তির সমর্থনে শ্রীমদ্ভাগবতের নবমস্কন্ধস্থ শ্রীমৎ অম্বরীষের নাম স্মরণ করা হইয়াছে—সেই রাজর্ষি অম্বরীষ শ্রীকৃষ্ণপাদপদ্মে মনকে, বৈকুণ্ঠ-গুণানুবর্ণনে বাক্যসমূহকে, শ্রীহরিমন্দির মার্জ্জনাদিতে নিজহস্তদ্বয়কে এবং অচ্যুতের গুণগাথা শ্রবণের জন্য কর্ণযুগলকে নিযুক্ত করিয়াছিলেন ॥৬॥

টীকা—আদিশব্দেন উপলেপনাদীনি, শ্রুতিং শ্রোত্রম্, অচ্যুতস্য সৎকথানাম্ উদয়ে শ্রবণে প্রাদুর্ভাবে বা চকার ॥ ৬ ॥

একাদশস্কন্ধে চ (১১।৩৯) শ্রীভগবদুদ্ধব-সংবাদ
ভগবদ্ধর্ম্ম কথনে—
সংমার্জ্জনোপলেপাভ্যাং সেকমণ্ডলবর্ত্তনৈঃ ।
গৃহশুশ্রূষণং মহ্যং দাসবদ্যদমায়য়া ॥ ৭ ॥

অনুবাদ—একাদশ স্কন্ধেও শ্রীভগবৎ-উদ্ধব-সংবাদে ভগবদ্ধর্ম্ম-বর্ণন-প্রসঙ্গে বলা হইয়াছে—সংমার্জ্জন, গোময় লেপন, জলসেক ও সর্ব্বতোভদ্র মণ্ডলাদি প্রস্তুত করণ ইত্যাদি কার্য্যদ্বারা ভৃত্যের মত অকপটে আমার গৃহ শুশ্রূষা করিবে ॥ ৭ ॥

টীকা—সংমার্জ্জনং রজসোঽপাকরণম্, উপলেপঃ গোময়োদকাদিভিরালেপনং, সেকঃ তৈরেব প্রোক্ষণং, মণ্ডলবর্ত্তনং সর্ব্বতোভদ্রাদিরচনং, মহ্যং মম গৃহ-শুশ্রূষণম্ আলয়সংস্কারঃ ॥ ৭ ॥

অথ তত্র সংমার্জ্জন-মাহাত্ম্যম্

শ্রীনৃসিংহপুরাণে—

নরসিংহগৃহে নিত্যং যঃ সংমার্জ্জনমাচরেৎ।
সমস্তপাপনির্মুক্তো বিষ্ণুলোকে স মোদতে ॥ ৮ ॥

অনুবাদ—শ্রীনৃসিংহপুরাণে বলা হইয়াছে—যিনি প্রতিদিন শ্রীনৃসিংহদেবের গৃহ মার্জ্জন করেন, তিনি সর্ব্ববিধ পাপ মুক্ত হইয়া বিষ্ণুলোকে গিয়া পরমানন্দ ভোগ করেন ॥ ৮ ॥

শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে—

সংমার্জ্জনন্তু যঃ কুর্য্যাৎ পুরুষঃ কেশবালয়ে।
রজস্তমোভ্যাং নির্ম্মুক্তঃ সঃ ভবেন্নাত্র সংশয়ঃ ॥ ৯ ॥
পাংশূনাং যাবতাং রাজন্ কুর্য্যাৎ সংমার্জ্জনং নরঃ।
তাবন্ত্যব্দানি স সুখী নাকমাসাদ্য মোদতে ॥ ১০ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে বর্ণিত হইয়াছে—যে ব্যক্তি শ্রীকেশবের মন্দির সংমার্জ্জন করেন, তিনি রজোগুণ ও তমোগুণ হইতে মুক্ত হন ইহাতে সন্দেহের অবকাশ নাই। হে রাজন্—মানুষ শ্রীমন্দিরের যে পরিমাণ ধূলি পরিষ্কার করিবেন তত বৎসর পর্য্যন্ত তিনি স্বর্গলোকে থাকিয়া দিব্য আনন্দানুভব করিবেন ॥ ৯-১০ ॥

শ্রীবারাহে—

যাবৎকানি প্রহারাণি ভূমিসম্মার্জ্জনে দদুঃ।
তাবদ্বর্ষসহস্রাণি শাকদ্বীপে মহীয়তে ॥ ১১ ॥
জায়তে মম ভক্তশ্চ সর্ব্বধর্ম্মসমন্বিতঃ।
শুচির্ভাগবতঃ শুদ্ধো হ্যপরাধবিবর্জ্জিতঃ ॥ ১২ ॥
ততো ভুক্ত্বা সর্ব্বভোগান্ তীর্ত্বা সংসারসাগরম্।
শাকদ্বীপাৎ পরিভ্রষ্টঃ স্বর্গলোকং স গচ্ছতি ॥ ১৩ ॥
নন্দনং বনমাশ্রিত্য মোদতে চাপ্সরৈঃ সহ।
নন্দনাচ্চ পরিভ্রষ্টো মম কর্ম্মব্যবস্থিতঃ।
সর্ব্বসঙ্গান্ পরিত্যজ্য মম লোকন্তু গচ্ছতি ॥ ১৪ ॥

অনুবাদ—শ্রীবরাহ-পুরাণে বলা হইয়াছে—বরাহদেব পৃথিবীকে বলিতেছেন—হে পৃথিবি! যিনি ভূমি পরিষ্কার করার সময় ঝাঁটাদিয়া যতবার ভূমিতে আঘাত করিয়াছেন, তিনি তত হাজার বৎসর শাক-দ্বীপে আনন্দানুভব করিবেন। তারপর আমার ভক্তরূপে জন্মগ্রহণ করিয়া সর্ব্বধর্ম্ম সম্পন্ন, শুচি, ভাগবত, শুদ্ধ, অপরাধরহিত হইবেন। এই ভাবে ভোগসমূহ ভোগ করিয়া সংসারসাগর পার হইয়া শাকদ্বীপ হইতে পরিভ্রষ্ট হইবার পর স্বর্গলোকে গমন করিবেন। তথায় নন্দনকাননে বাস করিয়া অপ্সরাগণের সহিত আনন্দানুভব করিবেন তারপর সেখান হইতে আমার ভক্তিতে নিষ্ঠাপ্রাপ্ত হইয়া সকল বিষয়াসক্তি পরিত্যাগ করিয়া আমার শ্রীধামে গমন করিবেন ॥ ১১-১৪ ॥

টীকা—যাবৎকানি প্রহারাণি নপুংসকত্বমার্ষং, যাবতঃ সংমার্জ্জন্যা প্রহারান্, ভূমেঃ সংমার্জ্জনে, হে ভূমীতি পৃথক্ পদং বা ॥ ১১ ॥

টীকা—মম কর্ম্মব্যবস্থিতঃ মদ্ভক্তিনিষ্ঠঃ সন্নিত্যর্থঃ ॥ ১৪ ॥

অথোপলেপন-মহাত্ম্যম্

তত্রৈব—

গোময়ং গৃহ্য বৈ ভূমি মম বেশ্মোপলেপয়েৎ।
যাবতস্তু পদাংস্তত্র সমন্তাদুপলেপয়েৎ।
তাবদ্বর্ষসহস্রাণি মদ্ভক্তো জায়তে তথা ॥ ১৫ ॥
সমীপে যদি বা দূরে যশ্চালয়তি গোময়ম্।
যাবতস্য পদাগ্রাণি তাবৎ স্বর্গে মহীয়তে ॥ ১৬ ॥

অনুবাদ—বরাহদেব বলিতেছেন হে পৃথিবি! গোময় গ্রহণ করিয়া আমার মন্দির লেপন করিবে। মন্দিরের চারিপাশে যত পদ লেপন করিবে তত

সহস্রবৎসর আমার ভক্ত হইয়া তথায় বাস করিবে। নিকটে বা দূরে যিনি গোবর দিয়া আমার মন্দির সংস্কার করেন, তাঁহার লেপন-কার্য্যের সময় ভূমিতে যতবার পা পড়িবে তিনি তত বৎসর পর্য্যন্ত স্বর্গে আনন্দে ভোগ করিবেন ॥ ১৫-১৬ ॥

টীকা—গৃহ্য গৃহীত্বা, যাবতঃ পদানিতি পুংস্ত্বমার্ষম্ ॥ ১৫ ॥

শাল্মলৌ তৎপরিভ্রষ্টো রাজা ভবতি ধার্ম্মিকঃ।
মদ্ভক্তশ্চৈব জায়েত সর্ব্বশাস্ত্রবিশারদঃ ॥ ১৭ ॥
যশ্চালেপয়তে ভূমিং গোময়েন দৃঢ়ব্রতঃ।
তস্য দৃষ্টানুলেপন্তু মম তুষ্টিঃ প্রজায়তে ॥ ১৮ ॥

অনুবাদ—তারপর সেখানকার ভোগকাল শেষ হইলে শাল্মলিদ্বীপে ধার্ম্মিকরাজা ও আমার ভক্ত হইয়া সর্ব্বশাস্ত্র পারঙ্গম হইবেন। যিনি একান্ত ব্রত-নিষ্ঠ হইয়া গোবর দিয়া ভূমি লেপন করেন তাঁহার সেই লেপন কার্য্য দেখিয়া আমার আনন্দ হয় ॥১৭-১৮

টীকা—তস্মাৎ স্বর্গাৎ পরিভ্রষ্টঃ সন্ ॥ ১৭ ॥

গোশ্চ যস্যাঃ পুরীষেণ ক্রিয়তে ভূমিলেপনম্।
একেনৈব তু লেপেন গোযোন্যা বিপ্রমুচ্যতে ॥ ১৯ ॥

অনুবাদ—যে গাভীর গোময় দ্বারা ভূমি লেপন করা হয় সেই ধেনুও একবার লেপন মাত্রই বিশেষ-ভাবে গোদেহ হইতে মুক্ত হয় ॥ ১৯ ॥

টীকা—সা গৌবিশেষেণ প্রকর্ষেণ চ মুচ্যতে, গোলোকং যাবতীত্যর্থঃ ॥ ১৯ ॥

স্থানোপলেপনে ভূমে সলিলং যো দদাতি মে।
তস্য পুণ্যং মহাভাগে শৃণু তত্ত্বেন নিষ্কলম্ ॥ ২০ ॥
যাবন্তি জলবিন্দুনি লিপ্যমানস্য সুন্দরি।
তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ॥ ২১ ॥
যাবন্তো বিন্দবঃ কেচিৎ পানীয়স্য বসুন্ধরে।
তাবদ্বর্ষসহস্রাণি ক্রৌঞ্চদ্বীপে মহীয়তে ॥ ২২ ॥

অনুবাদ—হে পৃথ্বি! আমার মন্দির লেপনের সময় যে ব্যক্তি জল দেয়, হে মহাভাগে! তার প্রাপ্য অমল পুণ্য শ্রবণ কর। হে সুন্দরি! লেপনকারী ব্যক্তি যতসংখ্যক জলবিন্দু দান করেন, তিনি তত সহস্র বৎসর স্বর্গলোকে আনন্দানুভব করেন। হে বসুন্ধরে! কোন ব্যক্তি লেপন কার্য্যের জন্য জল প্রদান করিলে তাহাতে যত সংখ্যক জলবিন্দু থাকিতে পারে তিনি তত সহস্র বৎসর ক্রৌঞ্চদ্বীপে পূজিত হয়েন ॥ ২০-২২ ॥

টীকা—নিষ্কলং শুদ্ধম্ ॥ ২০ ॥

টীকা—যাবন্তি জলবিন্দুনীতি নপুংসকত্বমার্ষং, স্থানস্য লিপ্যমানস্য সতঃ, যত্র যাবন্তো জলবিন্দবো ভবন্তীত্যর্থঃ ॥ ২১-২২ ॥

ক্রৌঞ্চদ্বীপাৎ পরিভ্রষ্টঃ সর্ব্বধর্ম্মপরায়ণঃ।
সর্ব্বসঙ্গান্ পরিত্যাজ্য মম লোকঞ্চ গচ্ছতি ॥ ২৩ ॥

অনুবাদ—তারপর ক্রৌঞ্চদ্বীপ থেকে পরিভ্রষ্ট হইয়া সর্ব্বপ্রকার ধর্ম্মপরায়ণ হইয়া সকল বিষয়া-সক্তি ত্যাগ করিয়া আমার লোকে গমন করে ॥২৩॥

টীকা—পশ্চাচ্চ স্বর্গাৎ পরিভ্রষ্টঃ সন্ ক্রৌঞ্চদ্বীপে গতো মহীয়তে তত্রত্যৈঃ পূজ্যত ইত্যর্থঃ ॥ ২৩ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

কৃত্বোপলেপনং বিষ্ণোর্নরস্ত্বায়তনে সদা।
গোময়েন শুভাঁল্লোকানযত্নাদেব গচ্ছতি ॥ ২৪ ॥
হস্তপ্রমাণং ভূভাগমুপলিপ্য নরাধিপঃ।
দেবরামাশতং নাকে লভতে সততং নরঃ ॥ ২৫ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে বর্ণিত হইয়াছে—শ্রীবিষ্ণুমন্দির গোময় দ্বারা সর্ব্বদা উপলেপন করিয়া অনায়াসে শুভলোক পাওয়া যায়। একহস্ত পরিমিত ভূ-ভাগ লেপন করিয়া রাজা হইয়া স্বর্গে গমন পূর্ব্বক সেখানে শত শত দেবরমণী প্রাপ্ত হয় ॥ ২৩-২৫ ॥

নারসিংহে—

গোময়েন মৃদা তোয়ৈর্যঃ কুর্য্যাদুপলেপনম্।
চান্দ্রায়ণফলং প্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে ॥ ২৬ ॥

অনুবাদ—শ্রীনৃসিংহ পুরাণে কথিত হইয়াছে—

যিনি গোময় মাটি এবং জল দিয়া লেপন করেন তিনি চান্দ্রায়ণ ব্রতের ফল প্রাপ্ত হইয়া বিষ্ণুলোকে আনন্দ-ভোগ করেন ॥ ২৬ ॥

———

তত্রৈব শ্রীধর্ম্মরাজস্য দূতানুশাসনে—

সংমার্জ্জনং যঃ কুরুতে গোময়েনোপলেপনম্।
করোতি ভবনে বিষ্ণোস্ত্যাজ্যং তেষাং কুলত্রয়ম্ ॥২৭॥

অনুবাদ—ঐ গ্রন্থেই ধর্ম্মরাজের দূতানুশাসনে উক্ত হইয়াছে, যমরাজ বলিতেছেন—হে দূতগণ! যিনি শ্রীবিষ্ণুমন্দির সংমার্জ্জন ও গোময়দ্বারা উপলেপন করেন তাঁহাদের পিতৃকুল মাতৃকুল ও ভার্য্যাকুলকে পরিত্যাগ করিবে। আমার নিকট আনিবে না ॥ ২৭ ॥

টীকা—উপলেপকস্য পাপক্ষয়াদিকং কিং বাচ্যং, তস্য সম্বন্ধিনামপি তথৈব স্যাদিতি লিখতি—সংমার্জ্জনমিতি কুলত্রয়ং পিতৃকুলং মাতৃকুলং ভার্য্যাকুলং চেতি ॥ ২৭ ॥

———

অথাভ্যুক্ষণ-মাহাত্ম্যম্

বিষ্ণুধর্ম্মোত্তরে—

অভ্যুক্ষণন্তু যঃ কুর্য্যাৎ পানীয়েন সুরালয়ে।
স শান্ততাপো ভবতি নাত্র কার্য্যা বিচারণা ॥ ২৮ ॥
অভ্যুক্ষণন্তু যঃ কুর্য্যাদ্দেবদেবাজিরে নরঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো
বারুণং লোকমশ্নুতে ॥ ইতি ॥ ২৯ ॥

অনুবাদ—অতঃপর অভ্যুক্ষণ অর্থাৎ জল সেচন মাহাত্ম্য বলা হইতেছে—যিনি দেবমন্দিরে জলছিটা দেন তিনি সন্তাপ রহিত হন, এ বিষয়ে বিচারের অপেক্ষা নাই। যিনি দেবদেবের মন্দিরাঙ্গন জল দ্বারা ধৌত করেন তিনি সকল পাপ হইতে নিস্তার লাভ করিয়া বরুণলোক প্রাপ্ত হন ॥ ২৮-২৯ ॥

টীকা—দেবদেবস্য অজিরে অঙ্গনে ॥ ২৯ ॥

———

সর্ব্বতোভদ্রপদ্মাদীনভিজ্ঞঃ স্বস্তিকানি চ।
বিরচয্য বিচিত্রাণি মণ্ডয়েদ্ধরিমন্দিরম্ ॥ ৩০ ॥

অনুবাদ—অভিজ্ঞব্যক্তি সর্ব্বতোভদ্র ও পদ্মাদিমণ্ডল এবং স্বস্তিকাদি নির্ম্মাণ করিয়া শ্রীহরিমন্দির চিত্র বিচিত্র অর্থাৎ শ্রীমন্দিরে শোভা বৈচিত্র্য আনয়ন করিবেন ॥ ৩০ ॥

———

তথা চ নারসিংহে—

সংমার্জ্জনোপলেপাভ্যাং রঙ্গপদ্মাদিশোভনম্।
কুর্য্যাৎ স্থানং মহাবিষ্ণোঃ
সোজ্জ্বলাঙ্গং মুদান্বিতঃ ॥ ৩১ ॥

অনুবাদ—এই বিষয়ে শ্রীনৃসিংহপুরাণে—আহলাদিত মনে মহাবিষ্ণুর শ্রীমন্দির বিচিত্রবর্ণ চূর্ণে বিরচিত পদ্মাদি অঙ্কন দ্বারা সুসজ্জিত এবং সংমার্জ্জন ও উপলেপন দ্বারা মন্দিরের ভিত্তি ও প্রাচীরাদি উজ্জ্বল করিতে হইবে ॥ ৩১ ॥

টীকা—রঙ্গং বিবিধবর্ণচিত্রং পদ্মাদি চ; যদ্বা, রঙ্গৈর্বিচিত্রবর্ণচূর্ণৈর্যৎ পদ্মাদি তেন শোভিতম্; আদি-শব্দেন স্বস্তিকাদি, উজ্জ্বলানি শোভনানি অঙ্গানি ভিত্তি-প্রাকারাদীনি তৎসহিতঞ্চ কুর্য্যাৎ। অঙ্গান্যপি বিভূষয়েদিত্যর্থঃ; ক্রিয়াবিশেষণং বা, তথাপি স এবার্থঃ ॥ ৩১ ॥

———

অথ মণ্ডলমাহাত্ম্যম্

স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে—

অগম্যা-গমনে পাপমভক্ষ্যস্য চ ভক্ষণে।
সর্ব্বং তন্নাশমাপ্নোতি মণ্ডয়িত্বা হরের্গৃহম্ ॥ ৩২ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—কার্ত্তিকব্রত-প্রসঙ্গে বলা হইয়াছে—অগম্যাগমনে এবং অভক্ষ্য ভক্ষণে যে পাপ হয় শ্রীহরিমন্দিরের সাজসজ্জা করিলে সেই সকল পাপ দূরীভূত হয় ॥ ৩২ ॥

———

অণুমাত্রন্তু যঃ কুর্য্যান্মণ্ডলং কেশবাগ্রতঃ।
মৃদা ধাতুবিকারৈশ্চ দিবি কল্পশতং বসেৎ ॥ ৩৩ ॥
শালগ্রামশিলাগ্রে তু যঃ কুর্য্যাৎ স্বস্তিকং শুভম্।
কার্ত্তিকে তু বিশেষেণ পুনাত্যাসপ্তমং কুলম্ ॥ ৩৪ ॥

অনুবাদ—শ্রীকেশবের অগ্রভাগে—মাটি কিংবা

ধাতু নির্ম্মিতদ্রব্য দ্বারা যিনি কিঞ্চিৎ মাত্রও মণ্ডল রচনা করেন, তিনি শতকল্প সুরলোকে বাস করেন। যিনি শালগ্রামশিলার সম্মুখে মঙ্গলস্বরূপ স্বস্তিক নির্ম্মাণ করেন বিশেষতঃ কার্ত্তিক মাসে, তিনি নিজের সাতকুল পর্য্যন্ত পবিত্র করেন ॥ ৩৩-৩৪ ॥

মণ্ডলং কুরুতে নিত্যং যা নারী কেশবাগ্রতঃ।
সপ্ত জন্মানি বৈধব্যং ন প্রাপ্নোতি কদাচন ॥ ৩৫ ॥
গৃহীত্বা গোময়ং যা তু মণ্ডলং কেশবাগ্রতঃ।
ভর্ত্তৃবিয়োগং নাপ্নোতি সন্ততেশ্চ ধনস্য চ ॥ ৩৬ ॥

অনুবাদ—যে নারী প্রতিদিন শ্রীকেশবের নিকট মণ্ডলনির্ম্মাণ করেন তিনি সপ্তজন্ম মধ্যে কখনও বৈধব্য ভোগ করিবেন না। যে নারী গোময় লইয়া শ্রীকেশবের অগ্রে মণ্ডলরচনা করেন তাঁহার কখনও স্বামী সন্তান ও ধন বিয়োগ হয় না ॥ ৩৫-৩৬ ॥

টীকা—মণ্ডলং সর্ব্বতোভদ্রাদি, কেশবাগ্রতো মণ্ডলং করোতীতি শেষঃ। কুরুত ইতি পূর্ব্বেণৈবানুষঙ্গঃ ॥ ৩৩-৩৫ ॥

প্রাঙ্গণং বর্ণকোপেতং স্বস্তিকৈশ্চ সমন্বিতম্।
দেবস্য কুরুতে যস্তু ক্রীড়তে ভুবনত্রয়ে ॥ ৩৭ ॥

অনুবাদ—যিনি দেবপ্রাঙ্গণকে বিচিত্র বর্ণ সংযুক্ত এবং স্বস্তিকাদি দ্বারা সজ্জিত করেন, তিনি ত্রিভুবনে সানন্দে বিহার করেন ॥ ৩৭ ॥

নারদীয়ে—

মৃদা ধাতুবিকারৈর্বা বর্ণকৈর্গোময়েন বা।
উপলেপনকৃদ্‌যস্তু নরো বৈমানিকো ভবেৎ ॥ ৩৮ ॥

অনুবাদ—শ্রীনারদীয় পুরাণে বলা হইয়াছে—যে মনুষ্য মৃত্তিকা, ধাতুবিকার বিবিধবর্ণ ও গোবর দ্বারা শ্রীহরিমন্দির উপলেপেন করেন তিনি বিমানবিহারী দেবস্বরূপ হন ॥ ৩৮ ॥

টীকা—উপলেপনং মণ্ডলাদিকং করোতীতি তথা সঃ ॥ ৩৮ ॥

হরিভক্তিসুধোদয়ে চ—

উপলিপ্যালয়ং বিষ্ণোশ্চিত্রয়িত্বাথ বর্ণকৈঃ।
বিষ্ণুলোকেঽথ তত্রস্থৈঃ সম্পৃহং বীক্ষ্যতে সুখী ॥৩৯॥

অনুবাদ—শ্রীহরিভক্তি সুধোদয়েও বর্ণিত হইয়াছে—যিনি শ্রীবিষ্ণুর মন্দির লেপন ও বিবিধ বর্ণ দ্বারা শোভিত করেন তিনি সুখীহন এবং বিষ্ণুলোকবাসীগণ সানন্দে তাঁহাকে দর্শন করেন ॥ ৩৯ ॥

অথ স্বস্তিকলক্ষণম্

আগমে—

বিদিগ্‌গতচতুষ্কাণি ভিত্ত্বা ষোড়শধা সুধীঃ।
মার্জ্জয়েৎ স্বস্তিকাকারং শ্বেতপীতারুণাসিতৈঃ ॥৪০॥

অনুবাদ—আগমে উক্ত হইয়াছে—বুদ্ধিমানব্যক্তি চারিকোণের চারি চতুষ্কোণকে ষোলভাগে ভাগ করিয়া—সাদা, হলদে, লাল ও কালো রঙের গুঁড়া দিয়া স্বস্তিকাকারে লেপন করিবেন ॥ ৪০ ॥

তত্র চ পঞ্চরাত্রবচনম্—

রজাংসি পঞ্চবর্ণানি মণ্ডলার্থং হি কারয়েৎ।
শালিতণ্ডুলচূর্ণেন শুক্লং বা যবসম্ভবম্ ॥ ৪১ ॥
রক্তকুঙ্কুমসিন্দূরগৈরিকাদিসমুদ্ভবম্।
হরিতালোদ্ভবং পীতং রজনীসম্ভবং ক্বচিৎ।
কৃষ্ণং দগ্ধৈর্হরিদ্‌যবৈর্হরিৎপীতৈর্বিমিশ্রিতম্ ॥ ৪২ ॥

অনুবাদ—এই বিষয়ে পঞ্চরাত্র বচন—মণ্ডলের জন্য পঞ্চবর্ণের চূর্ণ নির্ম্মাণ করাইবে। শালিতণ্ডুলচূর্ণ কিংবা যবচূর্ণ দ্বারা শুভ্র, লালবর্ণ দ্বারা কুঙ্কুম সিন্দুর অথবা গৈরিকাদি দ্রব্যজাত দ্বারা লাল, হরিতাল অথবা কোথাও বা হলুদ গুঁড়া দিয়া পীত, দগ্ধ হরিৎ বর্ণের যব দ্বারা কৃষ্ণ, আর দগ্ধ হরিদ্বর্ণ যবচূর্ণে পীতবর্ণ সংযোগ করিলে হরিদ্বর্ণ হয় ॥৪১-৪২॥

টীকা—শ্বেতাদিবর্ণৈশ্চূর্ণৈঃ হরিদ্‌যবৈর্হরিদ্বর্ণযবৈর্দগ্ধৈঃ কৃষ্ণবর্ণং স্যাৎ, তচ্চ পীতৈর্বিমিশ্রিতং হরিদ্বর্ণং স্যাদিত্যর্থঃ; এবং বর্ণপঞ্চকমুক্তম্ ॥ ৪০-৪২ ॥

অথ তত্র ধ্বজপতাকাদ্যারোপণম্

ততো ধ্বজপতাকাদি বিন্যস্য হরিমন্দিরে ।
বিচিত্রং ভূষয়েত্তচ্চ ভগবদ্ভক্তিমান্নরঃ ॥ ৪৩ ॥

অনুবাদ—অতঃপর শ্রীহরিমন্দিরে ধ্বজপতাকাদি আরোপণ মাহাত্ম্য—তারপর ভগবদ্ভক্তব্যক্তি শ্রীবিষ্ণুমন্দিরে ধ্বজপতাকাদি আরোপণ করিয়া বিচিত্ররূপে সজ্জিত করিবেন ॥ ৪৩ ॥

টীকা—তৎ হরিমন্দিরঞ্চ বিচিত্রং যথা স্যাত্তথা ভূষয়েৎ ॥ ৪৩ ॥

অথ ধ্বজারোপণ-মাহাত্ম্যম্

স্কন্দপুরাণে দ্বারকামাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয়-প্রদ্যুম্ন সংবাদে—

ধ্বজমারোপয়েদ্যস্তু প্রাসাদোপরি ভক্তিতঃ ।
তস্য ব্রহ্মপদে বাসঃ ক্রীড়তে ব্রহ্মণা সহ ॥ ৪৪ ॥

অনুবাদ—এরপর ধ্বজারোপণ-মাহাত্ম্য স্কন্দপুরাণে দ্বারকামাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয়-প্রদ্যুম্ন-সংবাদে—যে ব্যক্তি ভক্তিসহকারে শ্রীবিষ্ণুমন্দিরের উপরে ধ্বজদণ্ড আরোপণ করেন, তাঁহার ব্রহ্মলোকে বাস হয় এবং তিনি ব্রহ্মার সহিত ক্রীড়া করেন ॥ ৪৪ ॥

বৃহন্নারদীয়ে—

যঃ কুর্য্যাদ্বিষ্ণুভবনে ধ্বজারোপণমুত্তমম্ ।
স পূজ্যতে বিরিঞ্চ্যাদ্যৈঃ কিমন্যৈর্বহুভাষিতৈঃ ॥৪৫॥

তত্রৈবাগ্রে চ—

পটো ধ্বজস্য বিপ্রেন্দ্র যাবচ্চলতি বায়ুনা ।
তাবন্তি পাপজালানি নশ্যন্ত্যেব ন সংশয়ঃ ॥ ৪৬ ॥
মহাপাতকযুক্তো বা যুক্তো বা সর্ব্বপাতকৈঃ ।
ধ্বজং বিষ্ণুগৃহে কৃত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৪৭ ॥

অনুবাদ—বৃহৎ নারদীয়পুরাণেও বলা হইয়াছে—যিনি শ্রীবিষ্ণুমন্দিরে উত্তম ধ্বজদণ্ড আরোপণ করেন, ব্রহ্মা প্রভৃতি দেবরৃন্দ তাঁহার পূজা করেন, বেশী আর কি বলিব ? উহাতেই আরও বলা হইয়াছে—হে বিপ্রবর ! ধ্বজদণ্ডের বস্ত্র বায়ু দ্বারা যত বিচলিত হয় পাপসমূহও তত বিনষ্ট হয়, ইহাতে সংশয় নাই । মহাপাতক বা অতিপাতকযুক্তই হোক বিষ্ণুমন্দিরে ধ্বজদণ্ড আরোপ করিলে সর্ব্বপ্রকার পাতক হইতে মুক্ত হয় ॥ ৪৫-৪৭ ॥

আরোপিতং ধ্বজং দৃষ্ট্বা যেঽভিনন্দন্তি ধার্ম্মিকাঃ ।
তেঽপি সদ্যো বিমুচ্যন্তে
হ্যুপপাতককোটিভিঃ ॥ ইতি ॥ ৪৮ ॥

অনুবাদ—যে সমস্ত ধার্ম্মিক ব্যক্তি শ্রীবিষ্ণুগৃহে আরোপিত ধ্বজদণ্ড দেখিয়া আনন্দ পান তাঁরাও তৎক্ষণাৎ কোটি কোটি উপপাতক হইতে বিমুক্ত হইয়া থাকেন ॥ ৪৮ ॥

এবং বৃহন্নারদীয়ে খ্যাতং যচ্চান্যদদ্ভুতম্ ।
ধ্বজারোপণ-মাহাত্ম্যং তদ্দৃষ্টব্যমিহাখিলম্ ॥ ৪৯ ॥

অনুবাদ—বৃহন্নারদীয় পুরাণে ধ্বজদণ্ড আরোপণ করিবার এই ধরণের যে অদ্ভুত মাহাত্ম্য বলা হইয়াছে সেই সমস্তই এই বিষয়ে প্রযুক্ত হইবে ॥ ৪৯ ॥

অথ পতাকারোপণ-মাহাত্ম্যম্

দ্বারকামাহাত্ম্যে তত্রৈব—

কৃষ্ণালয়ং যঃ কুরুতে পতাকাভিশ্চ শোভিতম্ ।
সদৈব তস্য লোকে তু বাসস্তস্য ন চান্যতঃ ॥ ৫০ ॥

অনুবাদ—বৃহন্নারদীয় পুরাণে—দ্বারকামাহাত্ম্যে বর্ণিত হইয়াছে—যিনি পতাকাসমূহ দ্বারা শ্রীহরি-মন্দির শোভিত করেন শ্রীহরিধামেই তাঁহার সতত বাস হয়, অন্যত্র নয় ॥ ৫০ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

পতাকাঞ্চ শুভাং দত্ত্বা তথা কেশববেশ্মনি ।
বায়ুলোকমবাপ্নোতি বহুনব্দগণান্ দ্বিজঃ ॥ ৫১ ॥
দোধূয়তে যথা সা তু বায়ুনা কেশবালয়ে ।
তথা তস্যাপি সকলং দেহাৎ পাপং বিধূয়তে ॥৫২॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—দ্বিজাতি শ্রীহরিমন্দিরে কল্যাণময়ী পতাকা আরোপণ

করিয়া বহু বৎসরের জন্য বায়ুলোক প্রাপ্ত হন। ঐ পতাকা বায়ুদ্বারা যতই আন্দোলিত হইতে থাকে ততই পতাকা আরোপণকারী ব্যক্তির শরীর হইতে পাপ দূরীভূত হয় ॥ ৫১-৫২ ॥

অথ বন্দনমালা-কদলীস্তম্ভারোপণ-মাহাত্ম্যম্

দ্বারকামাহাত্ম্যে তত্রৈব—

ভূপ বন্দনমালাস্তু কুরুতে কৃষ্ণবেশ্মনি।
দেবকন্যাবৃতৈর্লক্ষৈঃ সেব্যতে সুরনায়কৈঃ ॥ ৫৩ ॥
যঃ কুর্য্যাৎ কৃষ্ণভবনং কদলীস্তম্ভশোভিতম্।
নন্দতে চাপ্সরোযুক্তঃ স্বাগতং তস্য দেবরাট্ ॥৫৪॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে দ্বারকামাহাত্ম্যেই বলা হইয়াছে—হে রাজন্ যিনি শ্রীহরিমন্দিরে বন্দন-মালা আরোপণ করেন, লক্ষ লক্ষ দেবকন্যাগণ পরি-বৃত দেবতাগণ তাঁহার উপাসনা করিয়া থাকেন। যিনি কদলীস্তম্ভ দ্বারা শ্রীহরিগৃহ অলংকৃত করেন তিনি অপ্সরাগণের সহিত প্রমোদ-বিহার করেন এবং দেবরাজও তাঁহাকে সম্মান দেখাইয়া থাকেন ॥ ৫৩-৫৪ ॥

টীকা—ধ্বজপতাকাদি বিন্যসেদিত্যাদিশব্দেন গৃহীতস্য বন্দনমালাদেরপি বিন্যাস-মাহাত্ম্যং লিখতি—ভূপেতি দ্বাভ্যাম্ ॥ ৫৩ ॥

টীকা—তস্য স্বাগতং যথা স্যাত্তথা নন্দতে তম-ভিনন্দতি হৃষ্টো ভবতি ইতি বা, যদ্বা, তস্য শুভা-গমনভিনন্দতি। বন্দত ইতি বা পাঠঃ ॥ ৫৪ ॥

অথ পীঠপাত্রবস্ত্রাদি-সংস্কারঃ

তত্র তাম্রাদিপাত্রং যৎ প্রভোর্বস্ত্রাদিকঞ্চ যৎ।
পীঠাদিকঞ্চ তৎ সর্ব্বং যথোক্তঞ্চ বিশোধয়েৎ ॥৫৫॥

অনুবাদ শ্রীমন্দিরে প্রভুর সেবার তাম্রাদিপাত্র, বস্ত্র প্রভৃতি ও পীঠাদি যথা উক্ত নিয়মে পরিষ্কার করিতে হইবে ॥ ৫৫ ॥

তত্র পীঠস্য সংস্কারঃ

নারসিংহে—

পাদপীঠঞ্চ কৃষ্ণস্য বিল্বপত্রেণ ঘর্ষয়েৎ।
উষ্ণাম্বুনা চ প্রক্ষাল্য সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৫৬ ॥

অনুবাদ—শ্রীনৃসিংহ পুরাণে বর্ণিত আছে যে—বিল্বপত্র দ্বারা শ্রীকৃষ্ণের পাদপীঠ মার্জ্জন করিবে এবং তাহা উষ্ণজল দ্বারা ধৌত করিবে। ইহা সকল পাপ বিমুক্তিকারী ॥ ৫৬ ॥

অথ তৈজসাদিপাত্রাণাং সংস্কারঃ

মার্কণ্ডেয়পুরাণে—

উড়ুম্বরাণামম্লেন ক্ষারেণ ত্রপুসীসয়োঃ।
ভস্মাম্বুভিশ্চ কাংস্যানাং শুদ্ধিঃ প্লাবো দ্রবস্য চ ॥৫৭

অনুবাদ—মার্কণ্ডেয় পুরাণে বলা হইয়াছে—তাম্র-নির্ম্মিত পাত্র অম্ল দ্বারা, রঙ্গ-নির্ম্মিত ও সীস-নির্ম্মিত পাত্র ভস্মদিয়া এবং কাংস্যপাত্র ভস্মযুক্ত জল দিয়া ধৌত করিবে। তাপ-সংযোগে গলাইলেই ঘৃতাদি দ্রব পদার্থের শোধন হয় ॥ ৫৭ ॥

টীকা—উক্তবিধিং লিখতি—উড়ুম্বরাণামিত্যাদিনা শুচিতামিয়াদিত্যন্তেন ; উড়ুম্বরাণাং তাম্রাণাং তন্ময়-পাত্রাণামিত্যর্থঃ। ত্রপুরঙ্গং, ভস্মযুক্তৈরম্বুভিঃ দ্রবস্য গোরসাদেঃ প্লাবঃ প্লাবনম্ ; তথা চোক্তং বশিষ্ঠেন—'দ্রবাণাং প্লাবনেনৈব' ইতি। তদ্বিশেষোঽগ্রে ব্যক্তো ভাবী ॥ ৫৭ ॥

বায়ুপুরাণে চ—

মণিবজ্রপ্রবালানাং মুক্তাশঙ্খোপলস্য চ।
সিদ্ধার্থকানাং কল্কেন তিলকল্কেন বা পুনঃ ॥৫৮॥

অনুবাদ—বায়ুপুরাণেও বলা হইয়াছে—শ্বেত সরিষার কিংবা তিলের খৈলদ্বারা মার্জ্জন করিলে মণি, হীরক, প্রবাল, মুক্তা, শঙ্খ ও প্রস্তরপাত্র শুদ্ধ হয় ॥ ৫৮ ॥

টীকা—মুক্তায়াঃ শঙ্খস্য উপলস্য চ পাষাণস্য দ্বন্দ্বৈক্যম্ ; সিদ্ধার্থকানাং সর্ষপাণাম্, শুদ্ধিরিতি শেষঃ প্রকরণবলাৎ ॥ ৫৮ ॥

ব্রাহ্মে—

সুবর্ণরূপ্যশঙ্খাশ্মশুক্তিরত্নময়ানি চ।
কাংস্যায়স্তাম্ররৈত্যানি ত্রপুসীসময়ানি চ ॥ ৫৯ ॥
নির্লেপানি তু শুধ্যন্তি কেবলেনোদকেন তু।
শূদ্রোচ্ছিষ্টানি শোধ্যানি ত্রিধা ক্ষারাম্লবারিভিঃ ॥৬০
অতিদুষ্টন্তু পাত্রাদি বিশোধ্যাতিথ্যকর্ম্মণে।
যুঞ্জ্যাত্তৎপরিবর্ত্তায় প্রভুকর্ম্মান্তরায় বা ॥ ৬১ ॥
এতস্য পরিবর্ত্তেন প্রভবেহন্যৎ সমর্পয়েৎ।
ইত্যয়ং সর্ব্বতো লোকে সদাচারো বিরাজতে ॥৬২॥

অনুবাদ—ব্রহ্মপুরাণে বর্ণিত আছে—সোনা, রূপা, শাঁখ, পাথর, শুক্তি, স্ফটিকাদি রত্ন, কাঁসা, লৌহা, তামা, পিতল, রাং ও সীসা—এই সকল দ্বারা নির্ম্মিত পাত্র অন্নাদি দ্বারা সংলিপ্ত না হইলে কেবল মাত্র জল দিয়া ধৌত করিলেই শুদ্ধ হয়। ঐ সকল পাত্রে শূদ্রের এঁটো ছোঁওয়া লাগলে ভস্ম, অম্ল ও জল দ্বারা তিনবার মার্জ্জন করিয়া শুদ্ধ করিবে। পাত্রাদি অত্যন্ত দূষিত হইলে শোধন করিয়া অতিথ্যাদি কর্ম্মে বা প্রভুর কর্ম্মান্তরে ব্যবহার করিবে। লোকে সর্ব্বথা এই প্রকার সদাচার আছে যে—দূষিত পাত্রের পরিবর্ত্তে প্রভুকে অন্যপাত্র দিবে ॥ ৫৯-৬২ ॥

টীকা—রত্নময়ানি—স্ফটিকাদিঘটিতানি পাত্রাণীতি শেষঃ। রৈত্যানি পিত্তলরচিতানি; নির্লেপানি অন্নাদিলেপরহিতানি, শূদ্রোচ্ছিষ্টানি শূদ্রোচ্ছিষ্টস্পৃষ্টানীত্যর্থঃ। যদ্যপি শ্রীভগবৎপাত্রেষু শূদ্রোচ্ছিষ্টস্পর্শোহপি ন সম্ভবেৎ, তথাপি কথঞ্চিদ্ ভ্রমপ্রমাদতঃ স্যাদিতি তচ্ছুদ্ধিরুক্তা। এবমগ্রেহপি সর্ব্বত্রোহ্যম্। ত্রিধা বারত্রয়মিত্যর্থঃ, ক্ষারো ভস্ম ॥ ৫৮-৬০ ॥

মনুঃ—

তাম্রায়ঃকাংস্যরৈত্যানাং ত্রপুণঃ সীসকস্য চ।
শৌচং যথার্হং কর্ত্তব্যং ক্ষারাম্লোদকবারিভিঃ ॥৬৩॥

অনুবাদ—মনু বলিয়াছেন যে—তাম্র, লৌহ, কাংস্য, পিতল, রং ও সীসকের পাত্র যথা নিয়মে ভস্ম জম্বীরাদি-রস ও জল দ্বারা শোধন করিতে হয় ॥ ৬৩ ॥

টীকা— যথার্হম্ — মলাপগমানুসারেণেত্যর্থঃ। অম্লোদকং জম্বীরাদি-রসঃ, তত্রাম্লোদকেন তাম্রস্য, ক্ষারেণেতরেষাং, বারিণা তু তত্তৎসমুদিতেনোভয়েষামেবেতি জ্ঞেয়ং, যথার্হমিত্যুক্তেঃ ॥ ৬৩ ॥

শঙ্খঃ—

অম্লোদকেন তাম্রস্য সীসস্য ত্রপুণস্তথা।
ক্ষারেণ শুদ্ধিং কাংস্যস্য লৌহস্য চ বিনির্দ্দিশেৎ ॥৬৪

অনুবাদ—শঙ্খ বলিয়াছেন যে, তামা, সীসা ও রাং এইগুলি অম্লরসদ্বারা এবং কাঁসা ও লোহা এই দুই প্রকার পাত্র ভস্ম দ্বারা শোধন করিবে ॥ ৬৪ ॥

টীকা—তদেবাভিব্যঞ্জয়তি—অম্লোদকেনেতি ॥ ৬৪ ॥

কিঞ্চ—

সূতিকোচ্ছিষ্টভাণ্ডস্য সুরাদ্যুপহতস্য চ।
ত্রিঃসপ্ত মার্জ্জনাচ্ছুদ্ধির্ন তু কাংস্যস্য তাপনম্ ॥৬৫॥

অনুবাদ—বলা হইয়াছে (সাধারণতঃ অপবিত্র বিষয়ে শোধন বর্ণিত হইল কিন্তু গুরুদোষে দূষিত পাত্রের যে প্রকারে শুদ্ধি হয় তাহা বলা হইতেছে)

যাহার অশৌচ নিবৃত্ত হয় নাই এই প্রকার সদ্যঃ প্রসূতা স্ত্রীর এঁটো বাসন কিংবা ধাত্রীর এঁটো ছোঁওয়া বাসন, মদ্যপানজনিত দূষিত ও রক্তদূষিত পাত্র একুশবার মার্জ্জনা দ্বারা শুদ্ধ হয় কিন্তু কাংস্য পাত্র অগ্নি দ্বারা দগ্ধ করিয়া শুদ্ধ করিতে হয় ॥ ৬৫ ॥

শ্রীধরং বামবাহৌ তু হৃষীকেশন্তু কন্ধরে ।
পৃষ্ঠে তু পদ্মনাভঞ্চ কট্যাং দামোদরং ন্যসেৎ ॥১৭২॥
তৎপ্রক্ষালনতোয়ন্তু বাসুদেবেতি মূর্দ্ধনি ॥ ১৭৩ ॥

অনুবাদ—পদ্মপুরাণের উত্তরখণ্ডে বর্ণিত হইয়াছে—ললাটে কেশবকে, উদরে নারায়ণকে, বক্ষস্থলে মাধবকে, কণ্ঠকূপকে গোবিন্দকে, দক্ষিণ কুক্ষিতে বিষ্ণুকে, দক্ষিণ বাহুতে মধুসূদনকে, দক্ষিণ স্কন্ধে ত্রিবিক্রমকে, বামে হৃষীকেশকে, পৃষ্ঠে পদ্মনাভকে এবং কটিতে দামোদরকে ধ্যান করিয়া ন্যাস করিতে হয়। তারপর গোপীচন্দনাদি ধোওয়া জল বাসুদেবায় নমঃ বলিয়া অকারাদি দ্বাদশ স্বর সহ মাথায় দিবে ॥ ১৭০-১৭৩ ॥

টীকা—তত্তন্নামানি অঙ্গানি চ বিভজ্য দর্শয়তি—ললাটে ইতি ত্রিভিঃ। ধ্যায়েৎ ন্যসেৎ ॥ ১৭০ ॥

টীকা—ত্রিবিক্রমং দক্ষিণে কন্ধরে, হৃষীকেশং বামে কন্ধরে ॥ ১৭১-১৭২ ॥

টীকা—এবং কেশবাদ্যানাং দামোদরান্তানাং দ্বাদশানাং ন্যাসমুক্ত্বা মস্তকে শ্রীবাসুদেবস্য ন্যাসমাহ—তদিতি। বাসুদেবেতি 'বাসুদেবায় নমঃ' ইতি এতচ্চ সমস্তস্বরৈঃ সহ ন্যাসেদিতি জ্ঞেয়ম্। কেচিচ্চ দ্বাদশাক্ষর-মন্ত্রং মূর্ধ্নি বিন্যস্যন্তি। অত্রাপি সৎ-সম্প্রদায়াচার এব গতিরিতি দিক্ ॥ ১৭৩ ॥

কিঞ্চ—

ঊর্দ্ধ্বপুণ্ড্রং ললাটে তু সর্ব্বেষাং প্রথমং স্মৃতম্ ।
ললাটাদিক্রমেণৈব ধারণন্তু বিধীয়তে ॥ ইতি ॥১৭৪॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—প্রথমে ললাট

দেশে ঊর্দ্ধ্বপুণ্ড্র তিলক রচনার বিধি—সকলের পক্ষেই নির্দ্দিষ্ট; ললাটাদি-ক্রমেই ধারণ বিধি নির্দ্ধারিত হইয়াছে ॥ ১৭৪ ॥

এবং ন্যাসং সমাচর্য্য সম্প্রদায়ানুসারতঃ ।
ন্যসেৎ কিরীটমন্ত্রঞ্চ মূর্দ্ধ্নি সর্ব্বার্থসিদ্ধয়ে ॥ ১৭৫ ॥

অনুবাদ—এইরূপে—নিজ নিজ সম্প্রদায় অনুসারে ঊর্দ্ধ্বপুণ্ড্র রচনা করিয়া সর্ব্বার্থসিদ্ধির নিমিত্ত মস্তকে কিরীট-মন্ত্র ন্যাস করিবে ॥ ১৭৫ ॥

টীকা—সম্প্রদায়ানুসারত ইতি সর্ব্বত্রাগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ম্ ॥ ১৭৫ ॥

অথ কিরীটমন্ত্রঃ

ওঁ শ্রীকিরীট-কেয়ূর-হার-মকরকুণ্ডল চক্র-শঙ্খ-গদা-পদ্মহস্ত পীতাম্বরধর শ্রীবৎসাঙ্কিত-বক্ষঃস্থল ।
শ্রীভূমিসহিত-স্বাত্মজ্যোতির্দীপ্তিকরায়
সহস্রাদিত্যতেজসে নমো নমঃ ॥ ইতি ॥ ১৭৬ ॥

অনুবাদ—যিনি দিব্য কিরীট, কেয়ূর, হার ও মকরকুণ্ডলে শোভমান, যাঁহার শ্রীহস্তচতুষ্টয়ে শঙ্খ, চক্র, গদা ও পদ্ম, যিনি পীতাম্বরধারী, যাঁহার বক্ষস্থলে শ্রীবৎস-চিহ্ন অঙ্কিত, যিনি শ্রী ও ভূমিদেবী সহিত নিজ মনোহর জ্যোতির প্রকাশক এবং সহস্র আদিত্য-সদৃশ তেজস্বী, তাঁহাকে বারংবার প্রণাম করি ॥১৭৬॥

অথ ঊর্দ্ধ্বপুণ্ড্রনিত্যতা

পা.দ্ম শ্রীভগবদুক্তৌ—

মৎপ্রিয়ার্থং শুভার্থম্বা রক্ষার্থে চতুরানন ।
মৎপূজাহোমকালে চ সায়ং প্রাতঃ সমাহিতঃ ।
মদ্ভক্তো ধারয়েন্নিত্যমূর্দ্ধ্বপুণ্ড্রং ভয়াপহম্ ॥ ১৭৭ ॥

অনুবাদ—শ্রীপদ্মপুরাণে শ্রীভগবান বলিতেছেন—হে ব্রাহ্মণ আমার ভক্তজন স্থিরচিত্ত হইয়া প্রভাতে ও সন্ধ্যায় আমার পূজা এবং হোমের সময় আমার প্রীতির জন্য কিংবা নিজের মঙ্গলের জন্য ও নিজের

রক্ষার নিমিত্ত ভয়নাশকারী উর্দ্ধ্ পুণ্ড্র প্রত্যহ ধারণ করিবেন ॥ ১৭৭ ॥

টীকা—নিত্যং ধারয়েদিতি নিত্যত সিদ্ধা ॥১৭৭॥

তত্রৈব শ্রীনারদোক্তৌ—

যজ্ঞো দানং তপো হোমঃ স্বাধ্যায়ঃ পিতৃতর্পণম্ ।
ব্যর্থং ভবতি তৎসর্ব্বমূর্দ্ধ্ পুণ্ড্রং বিনা কৃতম্ ॥১৭৮॥

অনুবাদ—ঐ গ্রন্থেই শ্রীনারদের কথায়—উর্দ্ধ্ পুণ্ড্র ধারণ না করিয়া যজ্ঞ, দান, তপঃ, হোম, বেদাধ্যয়ন, পিতৃতর্পণ প্রভৃতি যে কোন অনুষ্ঠিত কর্ম্ম বিফল হয় ॥ ১৭৮ ॥

তত্রৈবোত্তরখণ্ডে—

উর্দ্ধ্ পুণ্ড্রৈর্বিহীনস্তু কিঞ্চিৎ কর্ম্ম করোতি যঃ ।
ইষ্টাপূর্ত্তাদিকং সর্ব্বং নিষ্ফলং স্যান্ন সংশয়ঃ ॥১৭৯
উর্দ্ধ্ পুণ্ড্রৈর্বিহীনস্তু সন্ধ্যাকর্ম্মাদিকং চরেৎ ।
তৎ সর্ব্বং রাক্ষসং নিত্যং নরকং চাধিগচ্ছতি ॥১৮০

অনুবাদ—উহারই উত্তরখণ্ডে বলা হইয়াছে—উর্দ্ধ্ পুণ্ড্র পরিত্যাগকারী ব্যক্তির ইষ্টাপূর্ত্তাদি কর্ম্ম সকল নিষ্ফল হয়, ইহাতে সংশয় নাই। উর্দ্ধ্ পুণ্ড্র বিহীন ব্যক্তির সন্ধ্যাবন্দনাদি কর্ম্মসকল নিত্য রাক্ষসের নিমিত্ত হয় এবং তাহার নরকে গমন হয় ॥১৭৯-১৮০ ॥

টীকা—অধুনা অকরণে প্রত্যবায়পুঞ্জং দর্শয়তি—যজ্ঞ ইত্যাদিনা ; চরেৎ আচরেৎ ॥ ১৭৮-১৮০ ॥

অন্যচ্চ—

উর্দ্ধ্ পুণ্ড্রে ত্রিপুণ্ড্রং যঃ কুরুতে স নরাধমঃ ।
ভঙ্‌ক্ত্বা বিষ্ণুগৃহং পুণ্ড্রং স যাতি নরকং ধ্রুবম্ ॥১৮১

অনুবাদ—আরও বলা হইয়াছে—যে উর্দ্ধ্ পুণ্ড্রে ত্রিপুণ্ড্র রচনা করে সেই ব্যক্তি নরাধম। পুণ্ড্রস্বরূপ শ্রীহরিমন্দির ভগ্ন করিলে নিঃসন্দেহে নিরয়গামী হইতে হয় ॥ ১৮১ ॥

টীকা—বিষ্ণুগৃহং হরিমন্দিরম্ ॥ ১৮১ ॥

অতএব পাদ্মে শ্রীনারদোক্তৌ—

যচ্ছরীরং মনুষ্যাণামূর্দ্ধ্ পুণ্ড্রং বিনা কৃতম্ ।
দ্রষ্টব্যং নৈব তত্তাবৎ শ্মশানসদৃশং ভবেৎ ॥১৮২॥

অনুবাদ—অতএব পদ্মপুরাণে শ্রীনারদের উক্তি—উর্দ্ধ্ পুণ্ড্র শূন্য মানবদেহ শ্মশানতুল্য উহা দর্শনের যোগ্য নহে ॥ ১৮২ ॥

তত্রৈবোত্তরখণ্ডে—

উর্দ্ধ্ পুণ্ড্রং ধরেদ্বিপ্রো মৃদা শুভ্রেণ বৈদিকঃ ।
ন তির্য্যক্ ধারয়েদ্বিদ্বানাপদ্যপি কদাচন ॥ ১৮৩ ॥

অনুবাদ—ঐ পুরাণে উত্তর ভাগে কথিত হইয়াছে—বৈদিক ব্রাহ্মণগণ শুভ্র মৃত্তিকাদ্বারা উর্দ্ধ্ পুণ্ড্র রচনা করিবেন। প্রাজ্ঞব্যক্তি কোন সময়েই কুটিল পুণ্ড্র নির্ম্মাণ করিবেন না ॥ ১৮৩ ॥

টীকা—ধরেৎ ধারয়েৎ ॥ ১৮৩ ॥

স্কান্দে—

তির্য্যক্ পুণ্ড্রং ন কুর্ব্বীত সংপ্রাপ্তে মরণেঽপি চ ।
নৈবান্যন্নাম চ ব্রুয়াৎ পুমান্নারায়ণাদৃতে ॥ ১৮৪ ॥
ধারয়েদ্বিষ্ণুনির্ম্মাল্যং ধূপশেষং বিলেপনম্ ।
বৈষ্ণবং কারয়েৎ পুণ্ড্রং গোপীচন্দনসম্ভবম্ ॥ ১৮৫ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে বর্ণিত হইয়াছে—আসন্নকাল সমাগত হইলেও বক্রপুণ্ড্র ধারণ অকর্ত্তব্য। ঐ সময় নারায়ণ ছাড়া অন্য নামও উচ্চারণ করা উচিত নয়। শ্রীবিষ্ণুর নির্ম্মাল্য, ধূপ শেষ ও চন্দনাদি বিলেপন ধারণ ও গোপীচন্দনের দ্বারা বৈষ্ণবচিহ্ন স্বরূপ উর্দ্ধ্ পুণ্ড্র রচনা করা উচিত ॥ ১৮৪-১৮৫ ॥

তত্রৈব কার্ত্তিকপ্রসঙ্গে—

যস্যোর্দ্ধ্ পুণ্ড্রং দৃশ্যেত ললাটে নো নরস্য হি ।
তদ্দর্শনং ন কর্ত্তব্যং দৃষ্ট্বা সূর্য্যং নিরীক্ষয়েৎ ॥১৮৬॥

অনুবাদ—সেখানে কার্ত্তিক-প্রসঙ্গে বর্ণিত আছে উর্দ্ধ্ পুণ্ড্রহীন মনুষ্যকে দর্শন করা উচিত নয়, দেখিলে সূর্য্য দর্শন করিয়া শুদ্ধ হইতে হয় ॥ ১৮৬ ॥

টীকা—বৈষ্ণবং হরিমন্দির-লক্ষণমূর্দ্ধ্ পুণ্ড্রম্,

ললাট ইতি উর্দ্ধপুণ্ড্রস্য তত্রৈব বিহিতত্বাৎ ॥ ১৮৫-১৮৬ ॥

অন্যত্রাপি—

বৈষ্ণবানাং ব্রাহ্মণানামূর্দ্ধপুণ্ড্রং বিধীয়তে ।
অন্যেষান্তু ত্রিপুণ্ড্রং স্যাদিতি ব্রহ্মবিদো বিদুঃ ॥১৮৭॥
ত্রিপুণ্ড্রং যস্য বিপ্রস্য উর্দ্ধপুণ্ড্রং ন দৃশ্যতে ।
তং স্পৃষ্ট্বাপ্যথবা দৃষ্ট্বা সচেলং স্নানমাচরেৎ ॥১৮৮
উর্দ্ধপুণ্ড্রেন কুর্ব্বীত বৈষ্ণবানাং ত্রিপুণ্ড্রকম্ ।
কৃতত্রিপুণ্ড্র-মর্ত্ত্যস্য ক্রিয়া ন প্রীতয়ে হরেঃ ॥ ১৮৯ ॥

অনুবাদ—অন্যত্রও বলা হইয়াছে—বৈষ্ণব ও ব্রাহ্মণগণ উর্দ্ধপুণ্ড্র ধারণ করিবেন এবং ব্রাহ্মণ ছাড়া অন্য জাতির ও অবৈষ্ণবগণের পক্ষে ত্রিপুণ্ড্রের ব্যবস্থা বেদজ্ঞগণ-কর্ত্তৃক ইহা বিহিত হইয়াছে। যে বিপ্রের ললাটে উর্দ্ধপুণ্ড্রের বদলে ত্রিপুণ্ড্র দেখা যায়, তাঁহার দর্শনে ও স্পর্শে সবস্ত্র-স্নান করিতে হইবে। বৈষ্ণবগণ উর্দ্ধপুণ্ড্রস্থানে ত্রিপুণ্ড্র করিবেন না। কারণ ইহা হরিসন্তোষের কারণ হয় না ॥ ১৮৭-১৮৯ ॥

টীকা—ব্রাহ্মণানাঞ্চ, অন্যেষামবৈষ্ণবশূদ্রাণাম্ ॥ ১৮৭ ॥

অতএবোত্তরখণ্ডে—

অশ্বত্থপত্রসঙ্কাশো রেণুপত্রাকৃতিস্তথা ।
পদ্মকুটমলসঙ্কাশো মোহনং ত্রিতয়ং স্মৃতম্ ॥১৯০॥

অনুবাদ—পদ্মপুরাণের উত্তরখণ্ডে বলা হইয়াছে—বক্ষস্থলাদিতে অশ্বত্থপত্রাকৃতি, বংশপত্রাকৃতি ও পদ্মকলিকাকৃতি এই তিন প্রকার তিলক নিষিদ্ধ। কারণ উহা বৈষ্ণবস্মৃতি-সম্মত নহে। ঐগুলি শুক্রাচার্য্যাদি বিহিত মায়ার প্রকাশ। ঐ তিন প্রকার তিলক নিষ্ফল ॥ ১৯০ ॥

টীকা—এবমত্রোর্দ্ধপুণ্ড্রধারণস্য বিহিতত্বাদগ্রে চ বক্ষোবাহুমূলাদৌ খড়্গচক্রাদিমুদ্রাধারণস্য বিহিতত্বাদবৈষ্ণবস্মার্ত্তসম্মতমশ্বত্থপত্রাকারাদিকং বক্ষঃস্থলাদৌ ন বিধেয়মিতি লিখতি—অশ্বত্থেতি। মোহনম্ অসুরানুসারি শুক্রাদিমায়াবিহিতমিত্যর্থঃ ॥১৯০॥

অথ উর্দ্ধপুণ্ড্র-মাহাত্ম্যম্

স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গে—

উর্দ্ধপুণ্ড্রো মৃদা শুভ্রো ললাটে যস্য দৃশ্যতে ।
চাণ্ডালোঽপি বিশুদ্ধাত্মা যাতি ব্রহ্ম সনাতনম্ ॥১৯১॥
উর্দ্ধপুণ্ড্রে স্থিতা লক্ষ্মীরূর্দ্ধপুণ্ড্রে স্থিতং যশঃ ।
উর্দ্ধপুণ্ড্রে স্থিতা মুক্তি-
রূর্দ্ধপুণ্ড্রে স্থিতো হরিঃ ॥ ১৯২ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে কার্ত্তিক-প্রসঙ্গে বর্ণিত আছে—যে ব্যক্তির ললাটে মৃন্ময় শ্বেতবর্ণ উর্দ্ধপুণ্ড্র দেখা যায়, চণ্ডাল হইলেও তাহার আত্মা পবিত্র, ঐ ব্যক্তি সনাতন-ব্রহ্মকে প্রাপ্ত হন। উর্দ্ধপুণ্ড্রে লক্ষ্মী অধিষ্ঠিতা, যশঃ ও মোক্ষ উহাতেই বিরাজিত এবং শ্রীহরিও উহাতে অবস্থান করেন ॥ ১৯১-১৯২ ॥

টীকা—উর্দ্ধপুণ্ড্র ইতি পুংস্ত্বমার্ষম্ ॥ ১৯১ ॥

পদ্মপুরাণে—

উর্দ্ধপুণ্ড্রং মৃদা সৌম্যং ললাটে যস্য দৃশ্যতে ।
স চাণ্ডালোঽপি শুদ্ধাত্মা পূজ্য এব ন সংশয়ঃ ॥১৯৩॥

অনুবাদ—পদ্মপুরাণে বলা হইয়াছে—যাঁহার ললাটদেশে উর্দ্ধপুণ্ড্র (মৃত্তিকা নির্ম্মিত) বিরাজিত, চণ্ডাল হইলেও তিনি পবিত্রাত্মা ও পূজ্য—ইহাতে সন্দেহ নাই ॥ ১৯৩ ॥

অত্রৈবোত্তরখণ্ডে শিব-উমা-সংবাদে—

উর্দ্ধপুণ্ড্রস্য মধ্যে তু বিশালে সুমনোহরে ।
লক্ষ্ম্যা সার্দ্ধং সমাসীনো দেবদেবো জনার্দ্দনঃ ॥১৯৪
তস্মাদ্যস্য শরীরে তু উর্দ্ধপুণ্ড্রং ধৃতং ভবেৎ ।
তস্য দেহং ভগবতো বিমলং মন্দিরং স্মৃতম্ ॥১৯৫

অনুবাদ—উহারই উত্তরখণ্ডে শিব-উমা-সংবাদে বর্ণিত হইয়াছে উর্দ্ধপুণ্ড্রের অতিশয় মনোহর ও বিস্তৃত মধ্য দেশে শ্রীহরি লক্ষ্মীর সহিত সমাসীন থাকেন, তাই তাঁহার শরীর বিশুদ্ধ মন্দির স্বরূপ ॥১৯৪-১৯৫

টীকা—সমাসীনোঽস্তি ॥ ১৯৪ ॥

উদ্ধ্বপুণ্ড্রধরো বিপ্রঃ সূর্য্যলোকেষু পূজিতঃ।
বিমানবরমারুহ্য যাতি বিষ্ণোঃ পরং পদম্ ॥১৯৬॥

অনুবাদ—উদ্ধ্বপুণ্ড্রধারী বিপ্র সূর্য্য লোকে অর্চ্চিত হন এবং বিমানারোহণে বিষ্ণুর পরমধামে গমন করেন ॥ ১৯৬ ॥

উদ্ধ্বপুণ্ড্রং ধরং বিপ্রং দৃষ্ট্বা পাপৈঃ প্রমুচ্যতে।
নাম স্মৃত্বা তথা ভক্ত্যা সর্ব্বদানফলং লভেৎ ॥১৯৭॥
উদ্ধ্বপুণ্ড্রধরং বিপ্রং যঃ শ্রাদ্ধে ভোজয়িষ্যতি।
আকল্পকোটি পিতরস্তস্য তৃপ্তা ন সংশয়ঃ ॥ ১৯৮ ॥
উদ্ধ্বপুণ্ড্রধরো যস্তু কুর্য্যাৎ শ্রাদ্ধং শুভাননে।
কল্পকোটিসহস্রাণি বৈকুণ্ঠে বাসমাপ্নুয়াৎ ॥ ১৯৯ ॥
যজ্ঞ-দান-তপশ্চর্য্যা-জপ-হোমাদিকঞ্চ যৎ।
উদ্ধ্বপুণ্ড্রধরঃ কুর্য্যাৎ তস্য পুণ্যমনন্তকম্ ॥ ২০০ ॥

অনুবাদ—উদ্ধ্বপুণ্ড্রধারী বিপ্রকে দর্শন করিলে নিখিল পাতক হইতে বিমুক্ত হওয়া যায় এবং সভক্তি তাঁহার নাম-স্মরণে যাবতীয় দানফল সত্য হয়। শ্রাদ্ধানুষ্ঠানের সময় যিনি উদ্ধ্বপুণ্ড্রধারী ব্রাহ্মণকে ভোজন করান, তাঁহার পিতৃপুরুষগণ কোটি কল্প পর্য্যন্ত পরিতৃপ্ত থাকেন ইহাতে সন্দেহ নাই। হে বরাননে! যিনি উদ্ধ্বপুণ্ড্র ধারণ করিয়া শ্রাদ্ধ করেন, তিনি সহস্রকোটি কল্প যাবৎ শ্রীবৈকুণ্ঠে বাস করেন। ইহা ধারণ-পূর্ব্বক যজ্ঞ, দান, তপঃ, জপ ও হোমাদি যে কোন কার্য্যই করা হউক তাহা অনন্তপুণ্য প্রদ হয় ॥ ১৯৭-২০০ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে—
অশুচির্বাপ্যনাচারো মনসা পাপমাচরন্।
শুচিরেব ভবেন্নিত্যমূদ্ধ্বপুণ্ড্রাঙ্কিতো নরঃ ॥ ২০১ ॥

অনুবাদ—ব্রহ্মাণ্ডপুরাণে বর্ণিত আছে—উদ্ধ্বপুণ্ড্র ধারণকারী ব্যক্তি অশুচি আচারভ্রষ্ট অথবা মনে মনে পাপাচরণকারী যাই হউক না কেন সর্ব্বদাই পবিত্র থাকে ॥ ২০১ ॥

তত্রৈব শ্রীভগবদ্বচনম্—
উদ্ধ্বপুণ্ড্রধরো মর্ত্ত্যো ম্রিয়তে যত্র কুত্রচিৎ।
শ্বপাকোঽপি বিমানস্থো মম লোকে মহীয়তে ॥২০২॥

অনুবাদ—ঐ গ্রন্থেই ভগবান বলিতেছেন—উদ্ধ্বপুণ্ড্রধারী মনুষ্য চণ্ডাল এবং যত্র তত্র মৃত্যু প্রাপ্ত হইলেও বিমানারোহণ করিয়া আমার লোকে গিয়া আনন্দানুভব করে ॥ ২০২ ॥

উদ্ধ্বপুণ্ড্রধরো মর্ত্ত্যো গৃহে যস্যান্নমশ্নুতে।
তদা বিংশৎ কুলং তস্য নরকাদুদ্ধরাম্যহম্ ॥২০৩॥

অনুবাদ—ঐরূপ ব্যক্তি যাঁহার গৃহে অন্ন ভোজন করেন আমি তাহার বিংশতি পুরুষকে নরক হইতে উদ্ধার করি ॥ ২০৩ ॥

টীকা—বিংশৎ কুলং বিংশতি-কুলানি ॥ ২০৩ ॥

অথ উদ্ধ্বপুণ্ড্র-নির্ম্মাণবিধিঃ

ব্রহ্মাণ্ডপুরাণে—
বীক্ষ্যাদর্শে জলে বাপি যো বিদধ্যাৎ প্রযত্নতঃ।
উদ্ধ্বপুণ্ড্রং মহাভাগ স যাতি পরমাং গতিম্ ॥২০৪॥

অনুবাদ—ব্রহ্মাণ্ডপুরাণে বর্ণিত হইয়াছে—হে মহাভাগ! যিনি আয়নায় অথবা জলে নিজ প্রতিবিম্ব দেখিয়া সযত্নে উদ্ধ্বপুণ্ড্র নির্ম্মাণ করেন, তিনি পরমাগতি পাইয়া থাকেন ॥ ২০৪ ॥

টীকা—উদ্ধ্বপুণ্ড্রস্য ললাটে মুখ্যত্বাৎ তত্রত্যোদ্ধ্ব-পুণ্ড্র-নির্ম্মাণ-প্রকারং লিখতি—বীক্ষ্যেত্যাদিনা ॥২০৪

দশাঙ্গুলপ্রমাণন্তু উত্তমোত্তমমুচ্যতে।
নবাঙ্গুলং মধ্যমং স্যাদষ্টাঙ্গুলমতঃপরম্ ॥ ২০৫ ॥
এতৈরঙ্গুলিভেদৈস্তু কারয়েন্ন নখৈঃ স্পৃশেৎ ॥২০৬॥

অনুবাদ—দশাঙ্গুলপ্রমাণ অত্যুত্তম, নবমাঙ্গুল মধ্যম ও অষ্টাঙ্গুল প্রমাণ কনিষ্ঠ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। এই প্রকার অঙ্গুলিভেদ অনুসারে তিলক রচনা করিতে হইবে। কিন্তু সাবধান যেন নখদ্বারা স্পৃষ্ট না হয় ॥ ২০৫-২০৬ ॥

টীকা—অতঃপরং কনিষ্ঠমিত্যর্থঃ ॥ ২০৫ ॥

পদ্মপুরাণে উত্তরখণ্ডে তত্রৈব—

একান্তিনো মহাভাগাঃ সর্ব্বভূতহিতে রতাঃ ।
সান্তরালং প্রকুর্ব্বন্তি পুণ্ড্রং হরিপদাকৃতি ॥ ২০৭ ॥

অনুবাদ—পদ্মপুরাণের উত্তরখণ্ডে শিব ও উমা-সংবাদে বলা হইয়াছে একান্তমনা, সর্ব্বজীবোপকারক, মহাভাগ্যবান জনগণ শ্রীহরি-চরণকমলের আকৃতি বিশিষ্ট মধ্যে ছিদ্রযুক্ত পুণ্ড্র নির্ম্মাণ করেন ॥ ২০৭ ॥

টীকা—সান্তরালং মধ্যে ছিদ্রান্বিতং, তদেবাহ—হরিপদাকৃতীতি ॥ ২০৭ ॥

শ্যামং শান্তিকরং প্রোক্তং রক্তং বশ্যকরং তথা ।
শ্রীকরং পীতমিত্যাহুঃ শ্বেতং মোক্ষপ্রদং শুভম্ ॥২০৮
বর্ত্তুলং তির্য্যগচ্ছিদ্রং হ্রস্বং দীর্ঘতরং তনু ।
বক্রং বিরূপং বদ্ধাগ্রং ভিন্নমূলং পদচ্যুতম্ ॥ ২০৯ ॥
অশুভ্রং রুক্ষমাসক্তং তথা নাঙ্গুলিকল্পিতম্ ।
বিগন্ধমপসব্যঞ্চ পুণ্ড্রমাহুরনর্থকম্ ॥ ২১০ ॥
আরভ্য নাসিকামূলং ললাটান্তং লিপেন্মৃদম্ ।
নাসিকায়াস্ত্রয়ো ভাগা নাসামূলং প্রচক্ষ্যতে ॥ ২১১ ॥
সমারভ্য ভ্রুবোর্মূলমন্তরালং প্রকল্পয়েৎ ॥ ২১২ ॥

অনুবাদ—বিজ্ঞগণ শ্যামবর্ণ পুণ্ড্রকে শান্তিপ্রদ, রক্তবর্ণকে বশ্য কারক, পীতবর্ণকে সম্পত্তিদায়ক এবং শ্বেতবর্ণকে মঙ্গল জনক ও মুক্তিদায়ক বলিয়া কীর্ত্তন করেন। পুণ্ড্র বর্ত্তুলাকৃতি, তির্য্যগ্‌ভাবাপন্ন, ছিদ্রহীন, খর্ব্ব, অত্যন্ত দীর্ঘ, কৃশ, বক্র, বিরূপ, অগ্রভাগে যুক্ত, মূলভাগে বিচ্ছিন্ন অর্থাৎ নিম্নভাগপৃথক, স্থানভ্রষ্ট, মলিন, রুক্ষ, পরস্পর যুক্ত আর অঙ্গুলী ছাড়া অন্য দ্রব্য দ্বারা নির্ম্মিত দুর্গন্ধযুক্ত ও বামহস্ত কল্পিত—বিফল বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। নাসামূল হইতে আরম্ভ করিয়া ললাটের শেষ পর্য্যন্ত মৃত্তিকা লেপন করিবে, নাসিকার চারি ভাগের ৩ ভাগ পর্য্যন্ত নাসামূল। ভ্রূদ্বয়ের মূল হইতে আরম্ভ করিয়া ছিদ্র রচনা করিতে হয় ॥২০৮-২১২ ॥

টীকা—ততমিতি পাঠে বিস্তৃতম্, পদচ্যুতং স্থানভ্রষ্টম্, অশুভ্রং মলিনং, আসক্তমন্যোহন্যসংলগ্নম্; পাঠান্তরং সুগমম্। বিগন্ধং দুর্গন্ধি, অপসব্যং বামহস্তকল্পিতম্ ॥ ২০৮-২১০ ॥

টীকা—ত্রয়ো ভাগাস্তুতীয়ো বিভাগ ইত্যর্থঃ, তথা সদাচারদর্শনাৎ ॥ ২১১ ॥

অথ ঊর্দ্ধ্বপুণ্ড্রস্য মধ্যচ্ছিদ্র-নিত্যতা

তত্রৈব—

নিরন্তরালং যঃ কুর্য্যাদূর্দ্ধ্বপুণ্ড্রং দ্বিজাধমঃ ।
স হি তত্র স্থিতং বিষ্ণুং লক্ষ্মীঞ্চৈব ব্যাপোহতি ॥২১৩

অনুবাদ—পদ্মপুরাণের উত্তর খণ্ডে শিব-উমা-সংবাদে বলা হইয়াছে—যে দ্বিজাধম মধ্যে ছিদ্র না রাখিয়া ঊর্দ্ধ্বপুণ্ড্র নির্ম্মাণ করে সে নিশ্চয় সেখানে অবস্থিত লক্ষ্মীনারায়ণকে দূর করিয়া দেয় ॥ ২১৩ ॥

টীকা—ব্যাপোহিত নিরস্যতীতি মহাদোষাক্ত্যা নিত্যতা বোধিতা এবমগ্রেঽপ্যূহ্যম্ ॥ ২১৩ ॥

অচ্ছিদ্রমূর্দ্ধ্বপুণ্ড্রন্তু যে কুর্ব্বন্তি দ্বিজাধমাঃ ।
তেষাং ললাটে সততং শুনঃ পাদো ন সংশয়ঃ ॥২১৪
তস্মাচ্ছিদ্রান্বিতং পুণ্ড্রং দণ্ডাকারং সুশোভনম্ ।
বিপ্রাণাং সততং ধার্য্যং স্ত্রীণাঞ্চ শুভদর্শনে ॥ ২১৫ ॥

অনুবাদ—যে সকল দ্বিজাধম নিশ্ছিদ্র ঊর্দ্ধ্বপুণ্ড্র রচনা করে, তাহাদিগের ললাটে কুক্কুরের পদ অবস্থিত থাকে, ইহাতে কোন সংশয় নাই। অতএব হে শুভ দর্শনে। ব্রাহ্মণগণের ও স্ত্রীদিগের সর্ব্বদা দণ্ডাকৃতি ছিদ্রযুক্ত সুশোভন পুণ্ড্র সর্ব্বদা ধারণ করা কর্ত্তব্য ॥ ২১৪-২১৫ ॥

হরিমন্দিরলক্ষণম্

নাসাদিকেশপর্য্যন্তমূর্দ্ধ্বপুণ্ড্রং সুশোভনম্ ।
মধ্যে ছিদ্রসমাযুক্তং তদ্বিদ্যাদ্ধরিমন্দিরম্ ॥ ২১৬ ॥
বামপার্শ্বে স্থিতো ব্রহ্মা দক্ষিণে তু সদাশিবঃ ।
মধ্যে বিষ্ণুং বিজানীয়াৎ
তস্মান্মধ্যং ন লেপয়েৎ ॥ ২১৭ ॥

অনুবাদ—নাসা হইতে কেশ পর্য্যন্ত বিস্তৃত, অতীব সুন্দর, ছিদ্রযুক্ত ঊর্দ্ধ্বপুণ্ড্রই শ্রীহরিমন্দির বলিয়া কথিত হয়। ইহার বামভাগে ব্রহ্মা, দক্ষিণ

ভাগে সদাশিব ও মধ্য ভাগে শ্রীহরি অধিষ্ঠিত থাকেন, তাই মধ্যভাগ লেপন করিতে নাই ॥ ২১৬-২১৭ ॥

বায়ুপুরাণে সেবাপরাধে—

অধৃত্বা চোর্দ্ধ্বপুণ্ড্রঞ্চ হরেঃ পূজাং করোতি যঃ।
তির্য্যক্‌পুণ্ড্রধরো যস্তু যজেদ্দেবং জনার্দ্দনম্ ॥২১৮॥
অচ্ছিদ্রেণোর্দ্ধ্বপুণ্ড্রেণ ভস্মনা তির্য্যগঙ্কিনা।
অধৃত্বা শঙ্খচক্রে চ চেত্যাদিনা দোষ উক্তঃ ॥২১৯॥

অনুবাদ—বায়ুপুরাণে সেবাপরাধ-প্রসঙ্গে বর্ণিত হইয়াছে—উর্দ্ধ্বপুণ্ড্র ধারণ না করিয়া অথবা তির্য্যগ্ পুণ্ড্রধারী হইয়া বা ছিদ্রশূন্য, ভস্মরচিত, কুটিল ভাবে অঙ্কিত কিংবা শঙ্খ, চক্র চিহ্ন ধারণ রহিত শ্রীহরির পূজা করেন তাঁহারা এই সকল কার্য্যের জন্য দোষ-যুক্ত হন ॥ ২১৮-২১৯ ॥

শ্রুতিশ্চ, যজুর্ব্বেদস্য হিরণ্যকেশীয়-শাখায়াম্—

হরেঃ পদাক্রান্তিমাত্মনি ধারয়তি যঃ
স পরস্য প্রিয়ো ভবতি স পুণ্যবান্।
মধ্যে ছিদ্রমূর্দ্ধ্বপুণ্ড্রং যো
ধারয়তি স মুক্তিভাগ্ ভবতি ॥ ইতি ॥ ২২০ ॥

অনুবাদ—যজুর্ব্বেদের হিরণ্যকেশীয় শাখাতেও শ্রুতি আছে, যথা—যিনি নিজদেহে শ্রীহরির পদ-চিহ্ন ধারণ করেন তিনি ভগবানের প্রিয় এবং পুণ্য-বান্। যিনি মধ্যস্থলে ছিদ্রযুক্ত পুণ্ড্র ধারণ করেন তিনি মুক্তি পাইয়া থাকেন ॥ ২২০ ॥

তিলক-রচনাঙ্গুলি-নিয়মঃ

স্মৃতিঃ—

অনামিকা কামদোক্তা মধ্যমায়ুষ্করী ভবেৎ।
অঙ্গুষ্ঠঃ পুষ্টিদঃ প্রোক্তস্তর্জ্জনী মোক্ষসাধনী ॥ ২১॥

অনুবাদ—স্মৃতিতে বর্ণিত হইয়াছে—অনামিকা অভীষ্ট দান করে, মধ্যমা আয়ুঃ বৃদ্ধি করে, অঙ্গুষ্ঠ পুষ্টি সাধন করে আর তর্জ্জনী মোক্ষ সাধন করে ২২১ ॥

অথ উর্দ্ধ্বপুণ্ড্রমৃত্তিকাঃ

পদ্মপুরাণে তত্রৈব—

পর্ব্বতাগ্রে নদীতীরে বিল্বমূলে জলাশয়ে।
সিন্ধুতীরে চ বল্মীকে হরিক্ষেত্রে বিশেষতঃ ॥ ২২২॥
বিষ্ণোঃ স্নানোদকং যত্র প্রবাহয়তি নিত্যশঃ।
পুণ্ড্রাণাং ধারণার্থায় গৃহ্নীয়াত্তত্র মৃত্তিকাম্ ॥ ২২৩ ॥
শ্রীরঙ্গে ব্যেঙ্কটাদ্রৌ চ শ্রীকূর্ম্মে দ্বারকে শুভে।
প্রয়াগে নারসিংহাদৌ বারাহে তুলসীবনে ॥ ২২৪ ॥
গৃহীত্বা মৃত্তিকাং ভক্ত্যা বিষ্ণুপাদজলৈঃ সহ।
ধৃত্বা পুণ্ড্রাণি চাঙ্গেষু বিষ্ণুসাযুজ্যমাপ্নুয়াৎ ॥ ২২৫ ॥

তত্রৈব—

যত্তু দিব্যং হরিক্ষেত্রং তস্যৈব মৃদমাহরেৎ ॥ ২২৬ ॥

অনুবাদ—পদ্মপুরাণের উত্তর-খণ্ডে শিব-উমা-সংবাদেই বলা হইয়াছে—পর্ব্বতের শিখরদেশেস্থিত, নদীতটেস্থিত, বিল্বমূল, জলাশয়, সাগরকূল, উইঢিপি বিশেষ করিয়া হরিক্ষেত্র অর্থাৎ ভগবদ্ধাম এবং যে স্থানে প্রত্যহ শ্রীবিষ্ণুর স্নানজল গড়াইয়া পড়ে—এই সব স্থানের যে কোনটি হইতে তিলক নির্ম্মাণের মাটি সংগ্রহ করিতে হইবে। শ্রীরঙ্গ, ব্যেঙ্কটগিরি, শ্রীকূর্ম্ম, কল্যাণরূপিণী দ্বারকা, প্রয়াগ, শ্রীনৃসিংহতীর্থাদি, বরাহক্ষেত্র, তুলসী কানন এইসব স্থানের মধ্য হইতে যে কোন স্থানের মৃত্তিকা সভক্তি গ্রহণ করিয়া শ্রীনারায়ণের চরণোদকসহ শরীরে পুণ্ড্রধারণ করিলে হরিসাযুজ্যরূপ মুক্তি লভ্য হয়। সেখানে আরও বলা হইয়াছে—অতি উত্তম শ্রীহরিক্ষেত্র হইতেই সংগ্রহ করিবে ॥ ২২২-২২৬ ॥

টীকা—দ্বারকে দারকায়াং, বারাহে শূকরক্ষেত্রে ॥ ২২৪ ॥

তত্র শ্রীগোপীচন্দনমাহাত্ম্যম্

উক্তঞ্চ পাদ্মে শ্রীনারদেন—

ব্রহ্মঘ্নো বাথ গোঘ্নো বা হৈতুকঃ সর্ব্বপাপকৃৎ।
গোপীচন্দনসম্পর্কাৎ পূতো ভবতি তৎক্ষণাৎ ॥২২৭॥

অনুবাদ—পদ্মপুরাণে দেবর্ষির বাক্য—ব্রহ্মঘাতী, গোঘাতী, কুতর্কী এমনকি সর্ব্বপাপেপাপী—যে কেহ

গোপীচন্দন স্পর্শ করিলে তৎক্ষণাৎ পবিত্র হয় ॥ ২২৭ ॥

———

গোপীচন্দনখণ্ডন্তু যো দদাতি হি বৈষ্ণবে।
কুলমেকোত্তরং তেন সন্তবেত্তারিতং শতম্ ॥২২৮॥

অনুবাদ—যিনি বৈষ্ণবব্যক্তিকে একখণ্ড গোপীচন্দন দান করেন, তিনি শতকুল উদ্ধার করেন ॥ ২২৮ ॥

———

স্কন্দপুরাণে শ্রীধ্রুবেণ—
শঙ্খচক্রাঙ্কিততনুঃ শিরসা মঞ্জরীধরঃ।
গোপীচন্দনলিপ্তাঙ্গো দৃষ্টশ্চেত্তদঘং কুতঃ ॥ ২২৯ ॥
গোপীমৃত্তুলসীশঙ্খঃ শালগ্রামঃ সচক্রকঃ।
গৃহেঽপি যস্য পঞ্চৈতে তস্য পাপভয়ং কুতঃ ॥২৩০॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীধ্রুব বলিয়াছেন—যাঁহার শরীরে শঙ্খ চক্র রচিত, অঙ্গ গোপীচন্দনলিপ্ত, মস্তক তুলসী মঞ্জরী ভূষিত তাঁহাকে দর্শন করিলে পাতক-ভয় কিরূপে হইবে? গোপীচন্দন, তুলসী, শঙ্খ ও দ্বারকাচক্রাঙ্ক সহিত শালগ্রামশিলা—এই পঞ্চদ্রব্য যাঁহার গৃহে বিদ্যমান তাঁহার পাতক ভয় নাই ॥ ২২৯-২৩০ ॥

টীকা—শালগ্রামঃ শালগ্রামশিলা, সচক্রকঃ দ্বারকাচক্রাঙ্কসহিতঃ ॥ ২৩০ ॥

———

কাশীখণ্ডে চ শ্রীযমেন—
শ্রীখণ্ডে ক্ব স আমোদঃ স্বরো বর্ণঃ ক্ব তাদৃশঃ।
তৎ পাবিত্র্যং ক্ব বৈ তীর্থে
শ্রীগোপীচন্দনে যথা ॥২৩১॥

অনুবাদ—কাশীখণ্ডেও যমরাজের উক্তি—গোপীচন্দনে যেমন সুগন্ধ আছে সেই রকম মধুগন্ধ নন্দনে কই? তারমত স্বর ও বর্ণই কোথায় আছে এবং, সেই রকম পবিত্রতা তীর্থেও হয় না ॥ ২৩১ ॥

———

অথ গোপীচন্দনোর্দ্ধ্বপুণ্ড্রমাহাত্ম্যম্

উক্তঞ্চ গরুড়পুরাণে নারদেন—
যো মৃত্তিকাং দ্বারবতীসমুদ্ভবাং
করে সমাদায় ললাটপট্টকে।
করোতি নিত্যং ত্বথ চোর্দ্ধ্বপুণ্ড্রং
ক্রিয়াফলং কোটিগুণং সদা ভবেৎ ॥২৩২॥

অনুবাদ—অতঃপর গোপীচন্দন নির্ম্মিত উর্দ্ধ্বপুণ্ড্র-মাহাত্ম্য—শ্রীগরুড়পুরাণে নারদ বলিয়াছেন—যিনি হাতে দ্বারকার মাটি লইয়া প্রত্যহ কপালে উর্দ্ধ্বপুণ্ড্র রচনা করেন, সেই ব্যক্তির যাবতীয় কার্য্যের ফল সর্ব্বদা কোটি গুণ হইয়া থাকে ॥ ২৩২ ॥

———

ক্রিয়াবিহীনং যদি মন্ত্রহীনং
শ্রদ্ধাবিহীনং যদি কালবর্জ্জিতম্।
কৃত্বা ললাটে যদি গোপীচন্দনং
প্রাপ্নোতি তৎকর্ম্মফলং সদাক্ষয়ম্ ॥ ২৩৩ ॥

অনুবাদ—ললাট ফলকে গোপীচন্দন ধারণকারী কর্ম্মকর্ত্তা—কর্ম্ম ক্রিয়ারহিত, মন্ত্রশূন্য, শ্রদ্ধারহিত বা কালবহির্ভূত হইলেও সতত অক্ষয় ফল পাইয়া থাকেন ॥ ২৩৩ ॥

টীকা—গোপিচন্দনমিতি হ্রস্বত্বমার্ষম্; যদীত্যস্য পূর্ব্বার্দ্ধেনৈব সম্বন্ধঃ। যদ্যপি ক্রিয়াদিহীনং কর্ম্ম স্যাত্তথাপি গোপীচন্দনং ললাটে কৃত্বা তেনোর্দ্ধ্বপুণ্ড্রং নির্ম্মায় তৎফলমক্ষয়ং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ২৩৩ ॥

———

গোপীচন্দনসম্ভবং সুরুচিরং পুণ্ড্রং ললাটে দ্বিজো
নিত্যং ধারয়তে যদি দ্বিজপতে রাত্রৌ দিবা সর্ব্বদা।
যৎ পুণ্যং কুরুজাঙ্গলে রবিগ্রহে মাঘ্যাং প্রয়াগে তথা
তৎ প্রাপ্নোতি খগেন্দ্র বিষ্ণু-
সদনে সন্তিষ্ঠতে দেববৎ ॥ ২৩৪ ॥

যস্মিন্ গৃহে তিষ্ঠতি গোপীচন্দনং
ভক্ত্যা ললাটে মনুজো বিভর্ত্তি।
তস্মিন্ গৃহে তিষ্ঠতি সর্ব্বদা হরিঃ
শ্রদ্ধান্বিতঃ কংসনিহা বিহঙ্গম্ ॥ ২৩৫ ॥

অনুবাদ—হে গরুড়! যদি ব্রাহ্মণ প্রত্যহ দিবা-রাত্র সর্ব্বদা কপালে গোপীচন্দনের মনোহর পুণ্ড্র

ধারণ করেন, তাহা হইলে কুরুক্ষেত্রে সূর্য্যগ্রহণে মাঘী-পূর্ণিমায় প্রয়াগধামে যে পুণ্য হয়, সেইপুণ্য তিনি পাইয়া থাকেন এবং বিষ্ণুলোকে দেবতার ন্যায় বাস করিতে পারেন। যাঁহার গৃহে গোপীচন্দন থাকে এবং গৃহ-বাসীগণ ভক্তি যুক্ত হইয়া কপালে ধারণ করেন সেই গৃহে কংসহা শ্রীহরি শ্রদ্ধান্বিত হইয়া সর্ব্বদা অব-স্থান করেন ॥ ২৩৪-২৩৫ ॥

টীকা—দ্বিজপতে হে শ্রীগরুড় ॥ ২৩৪ ॥

যো ধারয়েৎ কৃষ্ণপুরীসমুদ্ভবং
সদা পবিত্রাং কলিকিল্বিষাপহাম্।
নিত্যং ললাটে হরিমন্ত্রসংযুতাং
যমং ন পশ্যেৎ যদি পাপসংবৃতঃ ॥ ২৩৬ ॥
যস্যান্তকালে খগ গোপিচন্দনং
বাহ্বোর্ল্ললাটে হৃদি মস্তকে চ।
প্রযাতি লোকং কমলালয়ং প্রভার্গো-
বালঘাতী যদি ব্রহ্মহা ভবেৎ ॥ ২৩৭ ॥

অনুবাদ—কলিকলুষহরা, সদা পবিত্ররূপিণী, হরিমন্ত্র সংযুক্তা দ্বারকামৃত্তিকা যিনি ললাটে নিত্য ধারণ করেন, তিনি মহাপাপী হইলেও যমদর্শনরহিত হন। মরণকালে যাঁহার বাহুদ্বয়ে, ললাটে, বক্ষে ও মস্তকে গোপীচন্দন থাকে তিনি শিশুঘাতী, গোঘাতী ও ব্রহ্মঘাতী হইলেও কমলালয় বিষ্ণুধামে গমন করেন ॥ ২৩৬-২৩৭ ॥

টীকা—কৃষ্ণপুরী শ্রীদ্বারকা, তৎসমুদ্ভবাং মৃদ-মিতিশেষঃ ॥ ২৩৬ ॥

গ্রহা ন পীড়ন্তি ন রক্ষসাং গণা
যক্ষাঃ পিশাচোরগভূতদানবাঃ।
ললাটপট্টে খগ গোপীচন্দনং
সন্তিষ্ঠতে যস্য হরেঃ প্রসাদতঃ ॥ ২৩৮ ॥

অনুবাদ—হে বিহগ বর! ললাটে গোপীচন্দন-ধারী ব্যক্তি শ্রীহরির কৃপায় গ্রহ, রক্ষঃ, যক্ষ, পিশাচ, সর্প, ভূত ও দানবপ্রদত্ত যন্ত্রণা রহিত হয় ॥ ২৩৮ ॥

টীকা—ন পীড়ন্তি ন পীড়য়ন্তি ॥ ২৩৮ ॥

পদ্মপুরাণে শ্রীগৌতমেন—

অম্বরীষ মহাঘস্য ক্ষয়ার্থে কুরু বীক্ষণম্।
ললাটে যৈঃ কৃতং নিত্যং গোপীচন্দনপুণ্ড্রকম্ ॥২৩৯

অনুবাদ—পদ্মপুরাণে শ্রীগৌতম বলিয়াছেন—হে অম্বরীষ! যাঁহারা প্রত্যহ ললাটে শ্রীগোপীচন্দন দ্বারা পুণ্ড্র ধারণ করেন তাঁহাদের দর্শনে মহাপাপক্ষয় হয় ॥ ২৩৯ ॥

কাশীখণ্ডে চ শ্রীযমেন—

দূতাঃ শৃণুতঃ যদ্ভালং গোপীচন্দনলাঞ্ছিতম্।
জ্বলাদিন্ধনবৎ সোঽপি ত্যাজ্যো দূরে প্রযত্নতঃ ॥
ইতি ॥ ২৪০ ॥

অনুবাদ—কাশীখণ্ডে যমরাজ বলিয়াছেন—হে দূতগণ! যাঁহার ললাটে গোপীচন্দন-কৃত পুণ্ড্র দেখিবে জ্বলন্ত অঙ্গার সদৃশ তাঁহাকে অতিযত্নে দূরে পরিহার করিবে ॥ ২৪০ ॥

টীকা—ইন্ধনমঙ্গারঃ ॥ ২৪০ ॥

অথ তস্যোপরি শ্রীমত্তুলসীমূলমৃৎস্নয়া।
তত্রৈব বৈষ্ণবৈঃ কার্য্যমূর্দ্ধ্বপুণ্ড্রং মনোহরম্ ॥ ২৪১॥

অনুবাদ—তারপর বৈষ্ণবগণ তুলসী-মূলস্থ মাটি দিয়া তাহার উপর ঐ স্থানেই সুন্দর উর্দ্ধ্বপুণ্ড্র রচনা করিবেন ॥ ২৪১ ॥

অথ শ্রীতুলসীমূলমৃত্তিকাপুণ্ড্রমাহাত্ম্যম্

তন্মূদং গৃহ্য যৈঃ পুণ্ড্রং ললাটে ধারিতং নরৈঃ।
প্রমাণকং কৃতং তৈস্তু মোক্ষায় গমনং প্রতি ॥২৪২॥

অনুবাদ—অনন্তর শ্রীতুলসী-মূলস্থ মৃত্তিকা নিম্মিত উর্দ্ধ্বপুণ্ড্র মাহাত্ম্য—যাঁহারা শ্রীতুলসী-মূলস্থ মৃত্তিকা গ্রহণ করিয়া ললাটে পুণ্ড্ররচনা করেন, তাঁহারা যে মোক্ষ-প্রাপ্ত হইবেন তদ্বিষয়ে প্রমাণ দেখাইতেছেন ॥ ২৪২॥

টীকা—তন্মূদম্—শ্রীতুলসীমূলমৃত্তিকাং, তৎ-প্রসঙ্গাৎ; গৃহ্য গৃহীত্বা ॥ ২৪২ ॥

তত্রৈব চ কার্ত্তিকমাহাত্ম্যে ব্রহ্ম-নারদ-সংবাদে—
তুলসীমৃত্তিকাপুণ্ড্রং ললাটে যস্য দৃশ্যতে ।
দেহং ন স্পৃশতে পাপং ক্রিয়মাণন্তু নারদ ॥ ২৪৩ ॥

অনুবাদ—কাশীখণ্ডের কার্ত্তিক-মাহাত্ম্যে ব্রহ্মা-নারদ-সংবাদে বলা হইয়াছে—হে নারদ! যাঁহার কপালে তুলসীতলার মাটির তৈরী তিলক থাকে, তিনি পাপ করিলেও তাহা তাঁহার শরীর স্পর্শ করিতে পারে না ॥ ২৪৩ ॥

টীকা—অপ্যর্থে তু-শব্দঃ, ক্রিয়মাণমপি পাপং কর্ত্তৃদেহমপি ন স্পৃশতি, কুতো মনআদীত্যর্থঃ ॥২৪৩

———

গরুড়পুরাণে —
তুলসীমৃত্তিকাপুণ্ড্রং যঃ করোতি দিনে দিনে ।
তস্যাবলোকনাৎ পাপং যাতি বর্ষকৃতং নৃণাম্ ॥
ইতি ॥ ২৪৪ ॥

অনুবাদ—গরুড় পুরাণে বলা হইয়াছে—যিনি প্রতিদিন তুলসীতলার মাটি দিয়া পুণ্ড্র তৈরী করেন, তাঁহাকে দেখিলেই মানুষের এক বৎসর-সমূহ-কৃত পাপবিনষ্ট হয় ॥ ২৪৪ ॥

———

তস্যোপরিষ্টাদ্ভগবন্নির্ম্মাল্যমনুলেপনম্ ।
তথৈব ধার্য্যমেবং হি ত্রিবিধং তিলকং স্মৃতম্ ॥২৪৫॥
ততো নারায়ণীং মুদ্রাং ধারয়েৎ প্রীতয়ে হরেঃ ।
মৎস্যকূর্ম্মাদিচিহ্নানি চক্রাদীন্যায়ুধানি চ ॥ ২৪৬ ॥

অনুবাদ—তাহার উপরিভাগে ভগবানের নির্ম্মাল্য-চন্দন ঐ প্রকারেই ধারণ করিবে। এইভাবে তিলক তিনপ্রকার বলা হইয়াছে। তাহারপর শ্রীহরির প্রীতির নিমিত্ত নারায়ণী মুদ্রা, মীন কূর্ম্মাদি চিহ্ন ও চক্রাদি আয়ুধ সকল ধারণ করিবে ॥ ২৪৫-২৪৬ ॥

———

অথ মুদ্রাধারণ-নিত্যতা

স্মৃতৌ—
অঙ্কিতঃ শঙ্খচক্রাভ্যামুভয়োর্বাহুমূলয়োঃ ।
সমর্চ্চয়েদ্ধরিং নিত্যং
নান্যথা পূজনং ভবেৎ ॥ ২৪৭ ॥

অনুবাদ—স্মৃতিশাস্ত্রে কথিত হইয়াছে—বাহুদ্বয়ের মূলে শঙ্খ ও চক্র চিহ্ন ধারণ করিয়া নিত্য শ্রীহরির পূজা করিবে। তাহা না করিলে পূজা হইবে না ॥ ২৪৭ ॥

———

আদিত্যপুরাণে—
শঙ্খচক্রোর্দ্ধ্বপুণ্ড্রাদিরহিতং ব্রাহ্মণাধমম্ ।
গর্দ্দভন্তু সমারোপ্য রাজা রাষ্ট্রাৎ প্রবাসয়েৎ ॥২৪৮॥

অনুবাদ—আদিত্যপুরাণে লিখিত হইয়াছে—যে ব্রাহ্মণাধম শঙ্খ, চক্র ও ঊর্দ্ধ্বপুণ্ড্রাদিরহিত, রাজা তাহাকে গাধায় চড়াইয়া রাজ্য হইতে বাহির করিয়া দিবেন ॥ ২৪৮ ॥

———

গারুড়ে শ্রীভগবদুক্তৌ—
সর্ব্বধর্ম্মাধিকারশ্চ শুচীনামেব চোদিতঃ ।
শুচিত্বঞ্চ বিজানীয়ান্মদীয়ায়ুধধারণাৎ ॥ ২৪৯ ॥

অনুবাদ—গরুড়পুরাণে শ্রীভগবদুক্তি—সকল ধর্ম্ম-কর্ম্মে শুচিব্যক্তিগণই অধিকারী আর আমার চক্রাদি অস্ত্রচিহ্ন ধারণ করিলে শুচিত্ব লাভ হয় ॥ ২৪৯ ॥

———

পাদ্মে চোত্তরখণ্ডে—
শঙ্খচক্রাদিভিশ্চিহ্নৈর্বিপ্রঃ প্রিয়তমৈর্হরেঃ ।
রহিতঃ সর্ব্বধর্ম্মেভ্যঃ প্রচ্যুতো নরকং ব্রজেৎ ॥ ২৫০ ॥

অনুবাদ—পদ্মপুরাণে উত্তরখণ্ডে বলা হইয়াছে—বিপ্র শ্রীহরির প্রিয়তম শঙ্খ-চক্রাদি চিহ্ন হীনত হইলে সর্ব্বপ্রকার ধর্ম্ম হইতে ভ্রষ্ট হইয়া নরকগামী হন ॥ ২৫০ ॥

———

শ্রুতৌ চ যজুঃকঠশাখায়াম্—
ধৃতোর্দ্ধ্বপুণ্ড্রঃ কৃতচক্রধারী
বিষ্ণুং পরং ধ্যায়তি যো মহাত্মা ।
স্বরেণ মন্ত্রেণ সদা হৃদিস্থিতং
পরাৎপরং যন্মহতো মহান্তম্ ॥ ২৫১ ॥

অথর্ব্বণি চ—

এভির্বয়মুরুক্রমস্য চিহ্নৈ-
রঙ্কিতা লোকে সুভগা ভবেম।
তদ্বিষ্ণোঃ পরমং পদং
যে গচ্ছন্তি লাঞ্ছিতাঃ ॥ ইত্যাদি ॥২৫২॥

অতএব ব্রহ্মপুরাণে—

কৃষ্ণায়ুধাঙ্কিতং দৃষ্ট্বা সম্মানং ন করোতি যঃ।
দ্বাদশাব্দার্জ্জিতং পুণ্যং চাফলায়োপগচ্ছতি ॥২৫৩॥

অনুবাদ—যজুর্ব্বেদীয় কঠ শাখাতেই আছে—ঊর্দ্ধ্ব পুণ্ড্র এবং গোপীচন্দনাদি নির্ম্মিত চক্রধারী মহানুভব ব্যক্তি হৃদিস্থিত পরাৎপর শ্রীবিষ্ণুকে স্বর ও মন্ত্র-যোগে ধ্যান করিয়া ধন্য হন। অথর্ব্ববেদেও বলা হইয়াছে—আমরা উরুক্রমের এইসকল চিহ্ন-দ্বারা অঙ্কিত হইয়া লোকমধ্যে সৌভাগ্যবান হইব। এইসকল চিহ্নে চিহ্নিত জনগণই হরির সেই পরমধামে গমন করেন ইত্যাদি। আর ব্রহ্মপুরাণে বলা হইয়াছে যে, কৃষ্ণ-অস্ত্র-চিহ্ন ধারণকারী ব্যক্তিকে দেখিয়া যিনি সম্মান না দেন তাঁহার দ্বাদশ বৎসরের-উপার্জ্জিত পুণ্য বিফল হয় ॥ ২৫১-২৫৩ ॥

টীকা—কৃতং গোপীচন্দনাদিনা নির্ম্মিতমঙ্কিতং চক্রং ধর্ত্তুং শীলমস্যেতি তথা সঃ; কিং বক্তব্যং মুদ্রাধারণস্য নিত্যত্বং, তদ্ধারকসম্মাননস্যাপি নিত্যতা ব্রাহ্মবচনেন গম্যতে, ইতি লিখতি—কৃষ্ণেতি ॥ ২৫১-২৫৩ ॥

অথ মুদ্রাধারণমাহাত্ম্যম্

স্কান্দে সনৎকুমার-মার্কণ্ডেয়-সংবাদে—

যো বিষ্ণুভক্তো বিপেন্দ্র শঙ্খচক্রাদিচিহ্নিতঃ।
স যাতি বিষ্ণুলোকং বৈ দাহপ্রলয়বর্জ্জিতম্ ॥২৫৪॥

অনুবাদ—স্কন্দপুরাণে সনৎকুমার-মার্কণ্ডেয়-সংবাদে বর্ণিত হইয়াছে—যে বিষ্ণুভক্ত শঙ্খ-চক্রাদি চিহ্নে চিহ্নিত, তিনি দাহ ও প্রলয়বর্জ্জিত বিষ্ণুধামে নিশ্চয়ই গমন করেন ॥ ২৫৪ ॥

তত্রৈবান্যত্র চ—

নারায়ণায়ুধৈর্নিত্যং চিহ্নিতং যস্য বিগ্রহম্।
পাপকোটিপ্রযুক্তস্য তস্য কিং কুরুতে যমঃ ॥২৫৫॥

শঙ্খোদ্ধারে তু যৎ প্রোক্তং বসতাং বর্ষকোটিভিঃ।
তৎ ফলং লিখিতে শঙ্খে
প্রত্যহং দক্ষিণে ভুজে ॥২৫৬॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই আছে—শ্রীনারায়ণের অস্ত্রাদি চিহ্নাঙ্কিত ব্যক্তি কোটি কোটি পাতকে পাতকী হইলেও যম-ভয় হীন হন। কোটি বৎসর শঙ্খোদ্ধার তীর্থে বাস করিলে যে ফল কথিত হইয়াছে, দক্ষিণ বাহুতে নিত্য শঙ্খ অঙ্কিত করিলেও সেই ফল লভ্য হইয়া থাকে ॥ ২৫৫-২৫৬ ॥

যৎ ফলং পুষ্করে নিত্যং পুণ্ডরীকাক্ষদর্শনে।
শঙ্খোপরি কৃতে পদ্মে তৎ ফলং সমবাপ্নুয়াৎ ॥২৫৭॥
বামে ভুজে গদা যস্য লিখিতা দৃশ্যতে কলৌ।
গদাধরো গয়াপুণ্যং প্রত্যহং তস্য যচ্ছতি ॥ ২৫৮ ॥
যচ্চানন্দপুরে প্রোক্তং চক্রস্বামি-সমীপতঃ।
গদাধোলিখিতে চক্রে তৎ ফলং কৃষ্ণদর্শনে ॥ ২৫৯ ॥

অনুবাদ—পুষ্কর-তীর্থে পুণ্ডরীকাক্ষ শ্রীহরিকে নিত্য দর্শন করিলে যে ফল হয়, শঙ্খের উপর পদ্ম অঙ্কন করিলেও সেই ফল প্রাপ্ত হওয়া যায়। এই কলিযুগে যাঁহার বাম বাহুতে গদাচিহ্ন দৃষ্ট হয়, প্রভু গদাধর তাঁহাকে নিত্য গয়াধামোৎপন্ন পুণ্য দিয়া থাকেন। আনন্দপুরে চক্রস্বামীর সমীপে কৃষ্ণ দর্শনে যে ফল কথিত হইয়াছে, গদার নিম্নে চক্র অঙ্কিত হইলেও সেই ফল লাভ হয় ॥ ২৫৭-২৫৯ ॥

শ্রীভগবদুক্তৌ চ—

যঃ পুনঃ কলিকালে তু মৎপুরীসম্ভবাং মৃদম্।
মৎস্যকূর্ম্মাদিকং চিহ্নং গৃহীত্বা কুরুতে নরঃ ॥২৬০॥
দেহে তস্য প্রবিষ্টোঽহং জানন্তু ত্রিদশোত্তমাঃ।
তস্য মে নান্তরং কিঞ্চিৎ
কর্ত্তব্যং শ্রেয় ইচ্ছতা ॥ ২৬১ ॥
মমাবতারচিহ্নানি দৃশ্যন্তে যস্য বিগ্রহে।
মর্ত্ত্যৈর্মর্ত্ত্যো ন বিজ্ঞেয়ঃ স নূনং মামকী তনুঃ ॥২৬২॥

অনুবাদ—শ্রীভগবান বলিয়াছেন—কলিযুগে যে মানব আমার দ্বারকাপুরীর মাটি লইয়া মৎস্য-কূর্ম্মাদি-চিহ্ন রচনা করেন, হে দেবশ্রেষ্ঠগণ! আমি

সেই সব মানবের শরীরে প্রবিষ্ট হই ইহা জানিও। মঙ্গলেচ্ছু ব্যক্তি কখনও তাঁহাতে ও আমাতে পার্থক্য করেন না। যাঁহার শরীরে আমার অবতার-চিহ্ন-সকল দেখা যায় তিনি মনুষ্য নহেন, তিনি নিশ্চয়ই আমার অবতার স্বরূপ ॥ ২৬০-২৬২ ॥

টীকা—মৃদং গৃহীত্বা চিহ্নং কুরুতে ॥ ২৬০ ॥

টীকা—মে ময়া সহ অন্তরং ভেদঃ ন কর্ত্তব্যম্ ॥ ২৬১ ॥

টীকা—মামকী তনুঃ মদবতার ইত্যর্থঃ ॥২৬২॥

পাপং সুকৃতরূপন্তু জায়তে তস্য দেহিনঃ।
মমায়ুধানি যস্যাঙ্গে লিখিতানি কলৌ যুগে ॥২৬৩॥
উভাভ্যামপি চিহ্নাভ্যাং যোঽঙ্কিতো মৎস্যমুদ্রয়া।
কূর্ম্মায়াপি স্বকং তেজো
　　নিক্ষিপ্তং তস্য বিগ্রহে॥ ২৬৪ ॥
শঙ্খঞ্চ পদ্মঞ্চ গদাং রথাঙ্গং
মৎস্যঞ্চ কূর্ম্মং রচিতং স্বদেহে।
করোতি নিত্যং সুকৃতস্য বৃদ্ধিং
পাপক্ষয়ং জন্মশতার্জ্জিতস্য ॥ ২৬৫ ॥

অনুবাদ—কলিযুগে আমার আয়ুধ চিহ্নাঙ্কিত ব্যক্তির পাতক পুণ্য-স্বরূপ হয়। যিনি মৎস্য ও কূর্ম্ম মুদ্রাদ্বয়ে চিহ্নিত হন, তাঁহার দেহে আমার তেজ নিক্ষিপ্ত হয়। যে ব্যক্তি নিজের দেহে শঙ্খ, পদ্ম, গদা, চক্র, মীন ও কূর্ম্ম-চিহ্ন রচিত করেন, নিত্য তাহার পুণ্য বৃদ্ধি এবং শতজন্মার্জ্জিত পাপ—ক্ষয় করেন ॥ ২৬৩-২৬৫ ॥

টীকা—নিক্ষিপ্তং ময়া, যঃ স্বদেহে রচিতং করোতি, স সুকৃতবৃদ্ধ্যাদি করোতীত্যর্থঃ। সমাসস্থস্যাপি পাপ-শব্দস্য জন্মশতার্জ্জিতস্যেতি বিশেষণ-মার্ষম্ ॥ ২৬৪-২৬৫ ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদ-সংবাদে—
কৃষ্ণশস্ত্রাঙ্ক-কবচং দুর্ভেদ্যং দেবদানবৈঃ।
অদৃশ্যং সর্ব্বভূতানাং শত্রূণাং রক্ষসামপি ॥২৬৬॥

অনুবাদ—উহাতেই ব্রহ্মনারদ-সংবাদে বর্ণিত হইয়াছে—দেব দানব কেহই শ্রীকৃষ্ণায়ুধ চিহ্নরূপ কবচ্চ ভেদ করিতে সক্ষম নয় এবং ভূতগণ, অরিগণ ও রাক্ষসেরাও তাঁহাকে দেখিতে সমর্থ হয় না ॥২৬৬

লক্ষ্মীঃ সরস্বতী দুর্গা সাবিত্রী হরিবল্লভা।
নিত্যং তস্য বসেদ্দেহে যস্য শঙ্খাঙ্কিতা তনুঃ ॥২৬৭॥

অনুবাদ—শঙ্খচিহ্নাঙ্কিত ব্যক্তির দেহে লক্ষ্মী, সরস্বতী, দুর্গা, সাবিত্রী ও শ্রীহরিবল্লভারাধিকা সতত বাস করেন ॥ ২৬৭ ॥

গঙ্গা গয়া কুরুক্ষেত্রং প্রয়াগঃ পুষ্করাদি চ।
নিত্যং তস্য সদা তিষ্ঠেদ্‌যস্য পদ্মাঙ্কিতং বপুঃ ॥২৬৮॥
যস্য কৌমোদকীচিহ্নং ভুজে বামে কলিপ্রিয়।
প্রত্যহং তত্র দ্রষ্টব্যো গঙ্গাসাগরসঙ্গমঃ ॥২৬৯॥
সব্যে করে গদাধস্তাদ্রথাঙ্গং তিষ্ঠতে যদি।
কৃষ্ণেন সহিতং তত্র ত্রৈলোক্যং সচরাচরম্ ॥২৭০॥
ত্রয়োঽগ্নয়স্ত্রয়ো দেবা বিষ্ণোস্ত্রীণি পদানি চ।
নিবসন্তি সদা তস্য যস্য দেহে সুদর্শনম্ ॥২৭১॥

অনুবাদ—যে ব্যক্তির শরীর সতত পদ্মচিহ্নে-অঙ্কিত, গঙ্গা, গয়া, কুরুক্ষেত্র, প্রয়াগ ও পুষ্করাদি তীর্থ সকল সর্ব্বদা তাঁহার দেহে বাস করেন। যাঁহার বাম-বাহুতে গদাচিহ্ন আছে, তথায় প্রত্যহ গঙ্গাসাগর সঙ্গম দেখিবে। বামহস্তে গদা ও তাহার নিম্নে যদি চক্র থাকে তাহা হইলে চরাচর লোকত্রয় শ্রীকৃষ্ণের সমভিব্যাহারে সেই স্থানে বাস করেন। সুদর্শনচক্র চিহ্ন ধারীর দেহে তিন অগ্নি (গার্হপত্য, দক্ষিণ ও আহ্বনীয়) তিন দেবতা (ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর) বিষ্ণুর তিনপদ (ত্রিবিক্রমের চরণত্রয়) সর্ব্বদা অবস্থান করেন ॥ ২৬৮-২৭১ ॥

কিঞ্চ—
কৃষ্ণায়ুধাঙ্কিতা মুদ্রা যস্য নারায়ণী করে।
উর্দ্ধ্বলোকাধিকারী চ
　　স জ্ঞেয়স্ত্রিদশাম্পতিঃ ॥ ২৭২ ॥
কৃষ্ণমুদ্রাপ্রযুক্তস্তু দৈবং পিত্র্যং করোতি যঃ।
নিত্যং নৈমিত্তিকং কাম্যং
　　প্রত্যহং চাক্ষয়ং ভবেৎ ॥২৭৩॥

পীড়য়ন্তি ন বৈ তত্র গ্রহা ঋক্ষাণি রাশয়ঃ।
অষ্টাক্ষরাঙ্কিতা মুদ্রা যস্য ধাতুময়ী করে ॥২৭৪॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—শ্রীকৃষ্ণের অস্ত্রাঙ্কিত নারায়ণী মুদ্রা যে ব্যক্তির হাতে আছে উর্দ্ধ্বলোকে তাঁহার অধিকার এবং তাঁহাকে ইন্দ্রস্বরূপ জানিবে। শ্রীকৃষ্ণ মুদ্রাধারণ করিয়া দৈব, পৈত্র্য, নিত্য, নৈমিত্তিক অথবা কাম্যকর্ম্ম করিলে সেই কর্ম্মের ফল প্রত্যহ অক্ষয় হইয়া থাকে। অষ্টাক্ষর নারায়ণ-মন্ত্র দ্বারা অঙ্কিত ধাতুময়ী মুদ্রা যাঁহার হাতে থাকে গ্রহ, নক্ষত্র ও রাশিসমূহ তাঁহার কোন অপকার করিতে সমর্থ হয় না ॥ ২৭২-২৭৪ ॥

বারাহে শ্রীসনৎকুমারোক্তৌ—

কৃষ্ণায়ুধাঙ্কিতং দেহং গোপীচন্দনমৃৎস্নয়া।
প্রয়াগাদিষু তীর্থেষু স গত্বা কিং করিষ্যতি ॥২৭৫॥
যদা যস্য প্রপশ্যেত দেহং শঙ্খাদিচিহ্নিতম্।
তদা তস্য জগৎস্বামী তুষ্টো হরতি পাতকম্ ॥২৭৬॥
ভবতে যস্য দেহে তু অহোরাত্রং দিনে দিনে।
শঙ্খচক্রগদাপদ্মং লিখিতং সোঽচ্যুতঃ স্বয়ম্ ॥২৭৭॥

অনুবাদ—বরাহপুরাণে শ্রীসনৎকুমারের কথায়—যাঁহার দেহ গোপীচন্দন-মৃত্তিকা দ্বারা কৃষ্ণায়ুধ চিহ্নাঙ্কিত, তিনি আর প্রয়াগাদি তীর্থে যাইয়া কি করিবেন? জগৎস্বামী শ্রীহরি প্রীত হইয়া শঙ্খাদি চিহ্নে চিহ্নিত মনুষ্যের পাপ হরণ করেন। যাঁহার শরীরে প্রতিদিন দিবারাত্র শঙ্খ-চক্র-গদা-পদ্ম অঙ্কিত থাকে, তিনি মূর্ত্তিমান অচ্যুত স্বরূপ ॥ ২৭৫-২৭৭ ॥

টীকা—ত্রিদশাং ত্রিদশানামিত্যর্থঃ, প্রপশ্যে-তেত্যার্ষমাত্মনেপদং, ভবতে ইতি চ ॥ ২৭২-২৭৭ ॥

নারায়ণায়ুধৈর্যুক্তং কৃত্বাত্মানং কলৌ যুগে।
কুরুতে পুণ্যকর্ম্মাণি মেরুতুল্যানি তানি বৈ ॥২৭৮॥
শঙ্খাদিনাঙ্কিতো ভক্ত্যা শ্রাদ্ধং যঃ কুরুতে দ্বিজ।
বিধিহীনন্তু সম্পূর্ণং পিতৃণান্তু গয়াসমম্ ॥ ২৭৯ ॥

অনুবাদ—কলিযুগে নারায়ণায়ুধ-সমূহে শরীর অলঙ্কৃত করিয়া যে সকল পুণ্যকর্ম্মের অনুষ্ঠান করা যায়, সেই সকল সুমেরু তুল্য হইয়া থাকে। হে বিপ্র! ঐ সকল চিহ্নযুক্ত হইয়া ভক্তি-পূর্ব্বক শ্রাদ্ধ করিলে, তাহা বিধিহীন হইলেও সম্পূর্ণ এবং পিতৃগণের পক্ষে গয়াশ্রাদ্ধ তুল্য হইয়া থাকে ॥ ২৭৮-২৭৯ ॥

টীকা—আত্মানং দেহম্ ॥ ২৭৮ ॥

যথাগ্নির্দহতে কাষ্ঠং বায়ুনা প্রেরিতো ভৃশম্।
তথা দহ্যন্তি পাপানি দৃষ্ট্বা কৃষ্ণায়ুধানি বৈ ॥২৮০॥

অনুবাদ—অগ্নি যেমন বায়ু-দ্বারা পরিচালিত হইয়া অতিশয়রূপে কাষ্ঠ দগ্ধ করে, সেই প্রকার শ্রীকৃষ্ণের অস্ত্র সকল দর্শন করিলে সমস্ত পাপ দগ্ধ হইয়া যায় ॥ ২৮০ ॥

টীকা—দহ্যন্তি দহন্তি, পাপানি স্বস্যান্যেষাং বা দহ্যন্তে স্বয়মেব নশ্যন্তীত্যর্থঃ ॥ ২৮০ ॥

ব্রাহ্মে শ্রীব্রহ্মনারদ-সংবাদে—

বিষ্ণুনামাঙ্কিতাং মুদ্রামষ্টাক্ষরসমন্বিতাম্।
শঙ্খায়ুধাদিকৈর্যুক্তাং স্বর্ণরূপ্যময়ীমপি ॥ ২৮১ ॥
ধত্তে ভাগবতো যস্তু কলিকালে বিশেষতঃ।
প্রহ্লাদস্য সমো জ্ঞেয়ো নান্যথা কলিবল্লভ ॥২৮২॥

অনুবাদ—ব্রহ্মপুরাণে শ্রীব্রহ্মা-নারদ-সংবাদে বলা হইয়াছে—হে নারদ! যে ভগবদ্ভক্ত বিশেষতঃ কলিকালে শ্রীহরি-পদ্মাঙ্কিতা অষ্টাক্ষর বিশিষ্টা শঙ্খাদিযুক্তা কাঞ্চন অথবা রজতময়ী মুদ্রাধারণ করেন তাঁহাকে প্রহলাদ সদৃশ জানিবে, ইহাতে অন্যথা নাই ॥ ২৮১-২৮২ ॥

কিঞ্চ—

শঙ্খাঙ্কিততনুর্বিপ্রো ভুঙ্ক্তে যস্য চ বেশ্মনি।
তদন্নং স্বয়মশ্নাতি পিতৃভিঃ সহ কেশবঃ ॥ ২৮৩ ॥
কৃষ্ণায়ুধাঙ্কিতো যস্তু শ্মশানে ম্রিয়তে যদি।
প্রয়াগে যা গতিঃ প্রোক্তা সা গতিস্তস্য নারদ ॥২৮৪॥

অনুবাদ—আরও—শঙ্খচিহ্নে চিহ্নিত ব্রাহ্মণ যাঁহার গৃহে ভোজন করেন, পিতৃগণের সহিত স্বয়ং কেশব তাঁহার প্রদত্ত অন্ন ভোজন করেন। কৃষ্ণায়ুধে

অঙ্কিত ব্যক্তির শ্মশানে মৃত্যু হইলেও তিনি প্রয়াগে মৃত্যুর গতি প্রাপ্ত হন ॥ ২৮৩-২৮৪ ॥

টীকা—যদীতি—ন শ্মশানে ম্রিয়েত এব, যদি কদাচিম্রিয়েত ইত্যর্থঃ ॥ ২৮৪ ॥

কৃষ্ণায়ুধৈঃ কলৌ নিত্যং মণ্ডিতং যস্য বিগ্রহম্।
তত্রাশ্রয়ং প্রকুর্ব্বন্তি বিবুধা বাসবাদয়ঃ ॥ ২৮৫ ॥
যঃ করোতি হরেঃ পূজাং কৃষ্ণশস্ত্রাঙ্কিতো নরঃ।
অপরাধ-সহস্রাণি নিত্যং হরতি কেশবঃ ॥ ২৮৬ ॥

অনুবাদ—কলিযুগে যাঁহার শরীর সর্ব্বদা শ্রীকৃষ্ণ-অস্ত্রাঙ্কিত থাকে, ইন্দ্রাদি দেবগণ সেই দেহে বাস করেন। তিনি সেইভাবে শ্রীহরির অর্চ্চনা করিলে শ্রীহরি নিত্য তাঁহার সহস্র অপরাধ হরণ করেন ॥ ২৮৫-২৮৬ ॥

টীকা—বিগ্রহমিতি নপুংসকত্বমার্ষ্যম্ ॥ ২৮৫ ॥

কৃত্বা কাষ্ঠময়ং বিম্বং কৃষ্ণশস্ত্রৈস্তু চিহ্নিতম্।
যো হ্যঙ্কয়তি চাত্মানং তৎসমো নাস্তি বৈষ্ণবঃ ॥২৮৭
পাষণ্ড-পতিত-ব্রাত্যৈর্নাস্তিকালাপপাতকৈঃ।
ন লিপ্যতে কলিকৃতৈঃ কৃষ্ণশস্ত্রাঙ্কিতো নরঃ ॥২৮৮॥

অনুবাদ—কাষ্ঠ নির্ম্মিত ছাপ দিয়া যিনি নিজ শরীরে কৃষ্ণায়ুধ সকলের চিহ্ন ধারণ করেন তিনি অতুলনীয় বৈষ্ণব। এই ধরণের ব্যক্তি কলি-কৃত পাষণ্ডতা, পাতিত্য, ব্রাত্য (সংস্কার বিহীন) এবং নাস্তিকের সহিত আলাপেও পাপালিপ্ত হন না ॥২৮৭-২৮৮ ॥

কিঞ্চ—

অষ্টাক্ষরাঙ্কিতা মুদ্রা যস্য ধাতুময়ী ভবেৎ।
শঙ্খপদ্মাদিভির্যুক্তা পূজ্যতেঽসৌ সুরাসুরৈঃ ॥ ২৮৯ ॥
ধৃতা নারায়ণী মুদ্রা প্রহলাদেন পুরা কৃতে।
বিভীষণেন বলিনা ধ্রুবেণ চ শুকেন চ ॥ ২৯০ ॥
মান্ধাতৃণাম্বরীষেণ মার্কণ্ড-প্রমুখৈর্দ্বিজৈঃ।
শঙ্খাদিচিহ্নিতৈঃ শস্ত্রৈর্দেহে কৃত্বা কলিপ্রিয়।
আরাধ্য কেশবাৎ প্রাপ্তং সমীহিতফলং মহৎ ॥২৯১

অনুবাদ—সেখানে আরও বলা হইয়াছে—শঙ্খ-পদ্মাদিযুক্তা অষ্টাক্ষর অঙ্কিতা ধাতু মুদ্রাধারী সুরাসুর পূজ্য হন। পুরাকালে সত্যযুগে প্রহলাদ, তারপর বিভীষণ, বলি, ধ্রুব ও শুকদেব প্রভৃতি সকলে নারায়ণী মুদ্রাধারী ছিলেন। মান্ধাতা, অম্বরীষ ও মার্কণ্ড প্রমুখ দ্বিজগণ শঙ্খাদিশস্ত্র সকলের দ্বারা নিজ নিজ দেহ চিহ্নিত করতঃ শ্রীকেশবের আরাধনা করিয়া অভিলষিত মহৎফল প্রাপ্ত হইয়াছিলেন ॥ ২৮৯-২৯১

টীকা—কাষ্ঠময়মিতি—কাষ্ঠেত্যুপলক্ষণং তাম্রাদি-ধাতুময়মিত্যপি জ্ঞেয়ং স্বর্ণরূপ্যময়ীমপীত্যাদিনা মুদ্রায়া অপি তাদৃশত্বোক্তেঃ। অনেন বচনেন চৈষা মুদ্রা প্রতিবিম্বনীয়েতি কেষাঞ্চিন্মতং নিরস্তম্ ॥ ২৮৭-২৮৯ ॥

টীকা—কৃতে সত্যযুগে নারায়ণাঙ্কিতা মুদ্রা প্রহলাদেন ধৃতা পুরেতি কৃচিৎ পাঠঃ ॥ ২৯০ ॥

টীকা—মান্ধাতৃণেতি মার্কণ্ডেতি চার্যং ছন্দোঽনুরোধেন, শস্ত্রৈঃ সহ দেহে কৃত্বা মুদ্রামিতি শেষঃ; আরাধ্য তেনৈব কেশবং সন্তোষ্য ॥ ২৯১ ॥

কিঞ্চ—

গোপীচন্দন-মৃৎস্নায়া লিখিতং যস্য বিগ্রহে।
শঙ্খপদ্মাদিচক্রং বা তস্য দেহে বসেদ্ধরিঃ ॥ ২৯২ ॥

অনুবাদ—আরও, যিনি গোপীচন্দনাদি দ্বারা নিজশরীর শঙ্খপদ্মাদি চিহ্নযুক্ত করেন, শ্রীহরি তাঁহার দেহে বাস করেন ॥ ২৯২ ॥

তত্রৈব শ্রীসনৎকুমারোক্তৌ—

যস্য নারায়ণী মুদ্রা দেহং শঙ্খাদিচিহ্নিতম্।
ধাত্রীফলকৃতা মালা তুলসীকাষ্ঠসম্ভবা ॥ ২৯৩ ॥
দ্বাদশাক্ষরমন্ত্রৈস্তু নিযুক্তানি কলেবরে।
আয়ুধানি চ বিপ্রস্য মৎসমঃ স চ বৈষ্ণবঃ ॥২৯৪॥

অনুবাদ—এই প্রসঙ্গে শ্রীসনৎকুমার বলিয়াছেন—যে বিপ্রের দেহ নারায়ণী-মুদ্রা ও শঙ্খাদি-চিহ্নিত, আমলকী ফল ও তুলসী-কাষ্ঠ নির্ম্মিত মালায় ভূষিত এবং দ্বাদশাক্ষর মন্ত্র দ্বারা আয়ুধ-সমূহের চিহ্নযুক্ত তিনি মৎ-সদৃশ বৈষ্ণব ॥ ২৯৩-২৯৪ ॥

কিঞ্চ—

যস্য নারায়ণী মুদ্রা দেহে শঙ্খাদিচিহ্নিতা।
সর্ব্বাঙ্গং চিহ্নিতং যস্য শস্ত্রৈর্নারায়ণোদ্ভবৈঃ।
প্রবেশো নাস্তি পাপস্য কবচং তস্য বৈষ্ণবম্ ॥২৯৫॥

অন্যত্র চ—

এভির্ভাগবতৈশ্চিহ্নৈঃ কলিকালে দ্বিজাতয়ঃ।
ভবন্তি মর্ত্ত্যলোকে তে শাপানুগ্রহকারকাঃ ॥ ২৯৬ ॥

অনুবাদ—আরও যথা—যে ব্যক্তির দেহে শঙ্খাদি চিহ্নিতা নারায়ণী মুদ্রা থাকে এবং যাঁহার সর্ব্বাঙ্গে নারায়ণাস্ত্র সকল অঙ্কিত, পাপ তাঁহার দেহে প্রবেশ করিতে পারে না। ঐ সকল অস্ত্রচিহ্ন তাঁহার সম্বন্ধে বৈষ্ণবকবচস্বরূপ। আরও উক্ত হইয়াছে কলিকালে যে সমস্ত দ্বিজ ভগবানের এই সকল আয়ুধ চিহ্নে চিহ্নিত হন তাঁহারা মর্ত্ত্যলোকে শাপ ও অনুগ্রহের কর্ত্তা ॥ ২৯৫-২৯৬ ॥

অথ মুদ্রাধারণবিধিঃ

গৌতমীয়ে—

চক্রঞ্চ দক্ষিণে বাহৌ শঙ্খং বামেঽপি দক্ষিণে।
গদাং বামে গদাধস্তাৎ পুনশ্চক্রঞ্চ ধারয়েৎ ॥২৯৭॥
শঙ্খোপরি তথা পদ্মং পুনঃ পদ্মঞ্চ দক্ষিণে।
খড়্গং বক্ষসি চাপঞ্চ সশরংশীর্ষ্ণি ধারয়েৎ ॥২৯৮॥
ইতি পঞ্চায়ুধান্যাদৌ ধারয়েদ্বৈষ্ণবো জনঃ।
মৎস্যঞ্চ দক্ষিণে হস্তে কূর্ম্মং বামকরে তথা ॥২৯৯॥

অনুবাদ—গৌতমীয়তন্ত্রে বর্ণিত হইয়াছে—ডান-হাতে চক্র, বাম এবং ডান দুইহাতে শঙ্খ, বামহাতে গদা এবং তার নীচে পুনরায় চক্র ধারণ করিবে। শঙ্খের উপরে দুই হাতেই পদ্ম, বক্ষস্থলে খড়্গ এবং মস্তকে ধনুর্বাণ ধারণ করিবে। বৈষ্ণবগণ আগে এই পাঁচ প্রকার অস্ত্র ধারণ করিবেন, তারপর ডান-হাতে মৎস্য চিহ্ন ও বামহাতে কূর্ম্ম চিহ্ন ধারণ করিবেন ॥ ২৯৭-২৯৯ ॥

টীকা—দক্ষিণেঽপি শঙ্খং ধারয়েৎ, যদ্যপি—'দক্ষিণে তু ভুজে বিপ্রো বিভৃয়াদ্বৈ সুদর্শনম্' ইত্যাদি-বচনেন বামে শঙ্খস্য ধারণমুক্তং, তথাপি 'শঙ্খোদ্ধারে তু যৎ প্রোক্তম্' ইত্যাদি-লিখিত-বচনানুসারেণ দক্ষিণেঽপি পুনঃ শঙ্খধারণাদিকং লিখিতম্। খড়্গস্য বক্ষসি, সশরচাপস্য চ মূর্ধ্নি ধারণম্। 'ললাটে চ গদা ধার্য্যা মূর্ধ্নি চাপশরস্তথা। নন্দকৈঞ্চব হৃন্মধ্যে শঙ্খচক্রে ভুজদ্বয়ে ॥' ইতি তপ্তমুদ্রাধারণং বারাহ-বচনানুসারেণ লিখিতম্; কিন্তু নিজরুচ্যনুসারেণ সর্ব্বাণি সর্ব্বত্রৈব ধারয়েদিত্যগ্রে স্বয়ং লেখ্যমেবেতি দিক্ ॥ ২৯৭-২৯৮ ॥

টীকা—শঙ্খচক্রে গদা খড়্গশ্চাপশ্চেত্যেতানি পঞ্চায়ুধানি ॥ ২৯৯ ॥

তথা চোক্তম্—

দক্ষিণে তু ভুজে বিপ্রো বিভৃয়াদ্বৈ সুদর্শনম্।
মৎস্যং পদ্মং চাপরেঽথ শঙ্খং পদ্মং গদাং তথা ॥
ইতি ॥ ৩০০ ॥

অনুবাদ—তদ্বিষয়ে উক্ত হইয়াছে—বিপ্র দক্ষিণ বাহুতে সুদর্শন, মৎস্য ও পদ্ম এবং বাম বাহুতে শঙ্খ পদ্ম ও গদাচিহ্ন ধারণ করিবেন ॥ ৩০০ ॥

টীকা—মৎস্যং পদ্মঞ্চ দক্ষিণে, অথানন্তরম্ অপরে বামে পাণৌ শঙ্খাদিকং বিভৃয়াৎ ॥ ৩০০ ॥

সাম্প্রদায়িকশিষ্টানামাচারাচ্চ যথারুচি।
শঙ্খচক্রাদিচিহ্নানি সর্ব্বেষ্বঙ্গেষু ধারয়েৎ ॥ ৩০১ ॥
ভক্ত্যা নিজেষ্টদেবস্য ধারয়েল্লক্ষণান্যপি ॥ ৩০২ ॥

অনুবাদ—সাম্প্রদায়িক শিষ্টাচার অনুসারে নিজ নিজ রুচি অনুযায়ী শঙ্খ চক্র প্রভৃতি চিহ্নগুলি সর্ব্বাঙ্গে ধারণ করিবেন এবং নিজ ইষ্টদেবের চিহ্ন সকলও ভক্তিসহকারে ধারণ করিবেন ॥ ৩০১-৩০২ ॥

টীকা—লক্ষণানি বেণুপ্রভৃতীনি, যচ্চ পঞ্চায়ুধেতরভগবচ্চিহ্নানাং ধারণং নিষিদ্ধং, তথা চ পাদ্মোত্তরখণ্ডে—'অন্যৈর্ন দাহয়েৎ গাত্রং ব্রাহ্মণো হরিলাঞ্ছনাৎ। শঙ্খচক্রগদাপদ্মশার্ঙ্গাদন্যৈর্হরেরপি ॥' ইতি; তত্তুতপ্তমুদ্রাদিবিষয়ম্ ॥ ৩০১ ॥

চক্রশঙ্খৌ চ ধার্য্যেতে সংমিশ্রাবেব কৈশ্চন ॥৩০৩॥

অনুবাদ—কোন কোন ব্যক্তি শঙ্খ ও চক্র এই দুটিকে পরস্পর যুক্ত করিয়াই ধারণ করেন ॥৩০৩॥

টীকা—যদ্যপি নিত্যপার্ষদস্য শ্রীভাগবতপ্রবরস্য শ্রীশঙ্খস্য মুদ্রাধারণে কথঞ্চিদপি দোষো ন ঘটতে, তথাপি তন্নাদস্রস্তপত্নীগর্ভস্য কস্যচিদ্ব্রাহ্মণস্য শাপ-সত্যতার্থমসুরযোনৌ পাঞ্চজন্যসংজ্ঞয়াহবতীর্ণস্য শঙ্খস্য তস্যাসুরত্বমুদ্ভাব্য কৈশ্চিদ্বৈষ্ণবৈস্তচ্চিহ্নং কেবলং পৃথক্ ধার্য্যত ইতি তন্মতং লিখতি—চক্র-শঙ্খৌ চেতি ॥ ৩০৩ ॥

শ্রীগোপীচন্দনেনৈবং চক্রাদীনি বুধোঽন্বহম্ ।
ধারয়েচ্ছয়নাদৌ তু তপ্তানি কিল তানি হি ॥৩০৪॥

অনুবাদ—পণ্ডিতব্যক্তি প্রত্যহ গোপীচন্দনদ্বারা চক্রাদি আয়ুধ-সমূহ রচনা করিবেন এবং শয়ন দ্বাদশী ও উত্থানাদি দ্বাদশীতে ঐ সকল মুদ্রা তপ্ত করিয়া ধারণ করিবেন ॥ ৩০৪ ॥

টীকা—তানি চক্রাদীনি তু তপ্তানি বহ্নৌ বিধিবৎ সন্তপ্য শয়ন-দ্বাদশ্যাম্ আদিশব্দাৎ উত্থানাদিদ্বাদশীষু চ ধারয়েৎ । অতোঽত্র নিত্যকর্ম্মলিখনে তদ্বিধ্যাদিকং ন লিখিতমিতি ভাবঃ । কিলেতি তত্র শ্রুতিস্মৃত্যাদি—বাক্যপ্রামাণ্যং বোধয়তি ॥ ৩০৪ ॥

অথ চক্রাদীনাং লক্ষণানি

দ্বাদশারন্তু ষট্কোণং বলয়ত্রয়সংযুতম্ ।
চক্রং স্যাদ্দক্ষিণাবর্ত্তং শঙ্খশ্চ শ্রীহরেঃ স্মৃতঃ ॥৩০৫
গদাপদ্মাদিকং লোকসিদ্ধমেব মতং বুধৈঃ ।
মুদ্রা বা ভগবন্নাম্নাঙ্কিতা বাষ্টাক্ষরাদিভিঃ ॥৩০৬॥

অনুবাদ—দ্বাদশ-আর অর্থাৎ চাকার বারোটি পাখী, ছয় কোণ ও তিনটি বলয় বিশিষ্ট হইলে চক্র হয় । কথিত হইয়াছে শ্রীহরির শঙ্খ দক্ষিণাবর্ত্ত । গদা ও পদ্মাদির যেরূপ নির্ম্মাণ লোকপ্রসিদ্ধ আছে, পণ্ডিত-গণ তাহাই স্বীকার করেন । অথবা মুদ্রা—ভগবানের রাম, কৃষ্ণ প্রভৃতি নামসমূহ দ্বারা বা অষ্টাক্ষর কিংবা পঞ্চাক্ষর মন্ত্রদ্বারা নির্ম্মিত হইয়া থাকে ॥ ৩০৫-৩০৬ ॥

টীকা—লোকসিদ্ধমেব—যথা লোকে দৃশ্যতে তদাকারমেবেত্যর্থঃ । ভগবন্নাম্না কৃষ্ণরামেত্যা-দিনা অষ্টাক্ষরমন্ত্রাদিভির্বাঙ্কিতা ; আদিশব্দেন পঞ্চা-ক্ষরাদি ॥ ৩০৬ ॥

অথ মালাদিধারণম্

ততঃ কৃষ্ণার্পিতা মালা ধারয়েত্তুলসীদলৈঃ ।
পদ্মাক্ষৈস্তুলসীকাষ্ঠৈঃ ফলৈর্ধাত্র্যাশ্চ নির্ম্মিতাঃ ॥৩০৭
ধারয়েত্তুলসীকাষ্ঠভূষণানি চ বৈষ্ণবঃ ।
মস্তকে কর্ণয়োর্বাহ্বোঃ করয়োশ্চ যথারুচি ॥৩০৮॥

অনুবাদ—অতঃপর তুলসীপত্র, পদ্মবীজ, তুলসী-কাষ্ঠ ও আমলকীফল-দ্বারা নির্ম্মিত, শ্রীকৃষ্ণার্পিতমালা ধারণ করিবেন । বৈষ্ণবজন রুচি অনুযায়ী শিরো-দেশে, কর্ণদ্বয়ে, বাহুদ্বয়ে ও দুই হস্তে তুলসী-কাষ্ঠের ভূষণ ধারণ করিতে পারেন ॥ ৩০৭-৩০৮ ॥

টীকা—তুলসীদলাদিভির্নির্ম্মিতা মালাঃ কৃষ্ণার্পিতাঃ সতীর্ধারয়েৎ ॥ ৩০৭ ॥

অথ মালাধারণবিধিঃ

স্কান্দে—

সন্নিবেদ্যৈব হরয়ে তুলসীকাষ্ঠসম্ভবাম্ ।
মালাং পশ্চাৎ স্বয়ং ধত্তে স বৈ ভাগবতোত্তমঃ ॥ ৩০৯
হরয়ে নার্পয়েদ্যস্তু তুলসীকাষ্ঠসম্ভবাম্ ।
মালাং ধত্তে স্বয়ং মূঢ়ঃ স যাতি নরকং ধ্রুবম্ ॥৩১০

অনুবাদ—স্কন্দপুরাণে কথিত হইয়াছে—যিনি তুলসী-কাষ্ঠ নির্ম্মিত মালা শ্রীহরিকে নিবেদন করিয়া পরে ধারণ করেন, তিনি উত্তম ভাগবত । ঐ মালা নিবেদন না করিয়া স্বয়ং ধারণ করিলে নরকগামী হইতে হয় ॥ ৩০৯-৩১০ ॥

ক্ষালিতাং পঞ্চগব্যেন মূলমন্ত্রেণ মন্ত্রিতাম্ ।
গায়ত্র্যা চাষ্টকৃত্বো বৈ মন্ত্রিতাং ধূপয়েচ্চ তাম্ ।
বিধিবৎ পরয়া ভক্ত্যা সদ্যোজাতেন পূজয়েৎ ॥৩১১
তুলসীকাষ্ঠসম্ভূতে মালে কৃষ্ণজনপ্রিয়ে ।
বিভর্ম্মি ত্বামহং কণ্ঠে কুরু মাং কৃষ্ণবল্লভম্ ॥৩১২॥

অনুবাদ—মালা তৈয়ারী করিয়া পঞ্চগব্য দ্বারা ধৌত করিবে, পরে উহার উপর মূলমন্ত্র জপ করিয়া

আটবার গায়ত্রী জপ করিতে হইবে, পরে ধূপের ধোঁয়া ছোঁয়াইয়া নিম্নোক্ত মন্ত্র দ্বারা ভক্তি-সহকারে পূজা করিবে।

হে মালে! হে কৃষ্ণভক্তাদরনীয়ে! হে তুলসী-কাষ্ঠ সম্ভবে! আমি তোমাকে কণ্ঠে ধারণ করিতেছি, আমাকে কৃষ্ণের প্রিয়পাত্র কর ॥ ৩১১-৩১২ ॥

যথা ত্বং বল্লভা বিষ্ণোর্নিত্যং বিষ্ণুজনপ্রিয়া।
তথা মাং কুরু দেবেশি নিত্যং বিষ্ণুজনপ্রিয়ম্ ॥৩১৩

অনুবাদ—হে হরিবল্লভে! তুমি যেরূপ শ্রীকৃষ্ণ-প্রিয়া এবং কৃষ্ণভক্তগণ যেমন তোমাকে সতত আদর করিয়া থাকেন, সেইরূপ আমাকে নিত্য শ্রীকৃষ্ণের প্রিয়পাত্র কর ॥ ৩১৩ ॥

দানে লা-ধাতুরুদ্দিষ্টো লাসি মাং হরিবল্লভে।
ভক্তেভ্যশ্চ সমস্তেভ্যস্তেন মালা নিগদ্যসে ॥ ৩১৪ ॥

অনুবাদ—দান অর্থে 'লা' ধাতুর প্রয়োগ হয়, হে কৃষ্ণবল্লভে! তুমি আমাকে সকল ভক্তজনকে দান করিলে, এই হেতু তোমাকে মা-লা বলিয়া উল্লেখ করা হয় ॥ ৩১৪ ॥

এবং সংপ্রার্থ্য বিধিবৎ মালাং কৃষ্ণগলেঽর্পিতাম্।
ধারয়েদ্বৈষ্ণবো যে বৈ স গচ্ছেদ্বৈষ্ণবং পদম্ ॥৩১৫॥

অনুবাদ—বিধান অনুসারে এই ভাবে প্রার্থনা করিয়া যে বৈষ্ণব অগ্রে শ্রীকৃষ্ণের গলায় মালা অর্পণ করিয়া পরে নিজের গলায় ধারণ করেন তিনি বিষ্ণু-ধামে গমন করেন ॥ ৩১৫ ॥

অথ মালাধারণনিত্যতা

তত্রৈব কার্ত্তিক-প্রসঙ্গে—

ধাত্রীফলকৃতাং মালাং কণ্ঠস্থাং যো বহেন্ন হি।
বৈষ্ণবো ন স বিজ্ঞেয়ো বিষ্ণুপূজারতো যদি ॥৩১৬॥

অনুবাদ—স্কন্দপুরাণে কার্ত্তিক-প্রসঙ্গে লিখিত আছে—যিনি আমলকী-ফল-নির্ম্মিত মালা কণ্ঠে ধারণ না করেন, তিনি বিষ্ণুপূজারত হইলেও বৈষ্ণব বলিয়া কথিত হন না ॥ ৩১৬ ॥

টীকা—যদি যদ্যপি ॥ ৩১৬ ॥

গারুড়ে—

ধারয়ন্তি ন যে মালাং হৈতুকাঃ পাপবুদ্ধয়ঃ।
নরকান্ন নিবর্ত্তন্তে দগ্ধাঃ কোপাগ্নিনা হরেঃ ॥৩১৭॥

অতএব স্কান্দে—

ন জহ্যাৎ তুলসীমালাং ধাত্রীমালাং বিশেষতঃ।
মহাপাতকসংহন্ত্রীং ধর্ম্মকামার্থদায়িনীম্ ॥ ৩১৮ ॥

অনুবাদ—গরুড়পুরাণে বলা হইয়াছে—হেতুবাদপরায়ণ, পাপমতি ব্যক্তি মালা ধারণ না করিয়া হরি কোপানলে দগ্ধীভূত হয় এবং নরক বাস করে। অতএব স্কন্দপুরাণে আছে—তুলসীমালা বিশেষতঃ আমলকী-ফল-নির্ম্মিতা মালা পরিত্যাগ করিবে না। উহা মহাপাতক নাশক এবং ধর্ম্ম-অর্থ-কাম-প্রদান-কারী ॥ ৩১৭-৩১৮ ॥

টীকা—হৈতুকা হেতুবাদনিষ্ঠাঃ ॥ ৩১৭ ॥

টীকা—ন জহ্যাৎ নিত্যত্বাৎ, ধাত্রীমালাঞ্চ, নিত্য-ত্বেঽপি ফলং দর্শয়তি। বিশেষতঃ সম্যক্‌তয়েত্যর্থঃ। যদ্বা, বিশেষতো ধাত্রীমালাং ন জহ্যাদিতি তন্নিত্যত্বং নিতরামভিপ্রেতম্ ॥ ৩১৮ ॥

অথ মালাধারণমাহাত্ম্যম্

অগস্ত্যসংহিতায়াম্—

নির্ম্মাল্যতুলসীমালাযুক্তো যশ্চার্চ্চয়েদ্ধরিম্।
যদ্‌যৎ করোতি তৎসর্ব্বমনন্তফলদং ভবেৎ ॥৩১৯॥

অনুবাদ—অগস্ত্যসংহিতায় বর্ণিত হইয়াছে—শ্রীভগবানে নিবেদিত তুলসীমালা ধারণ করিয়া ভগ-বানের পূজা ও অন্যান্য সকল ক্রিয়ানুষ্ঠান অনন্ত ফল-প্রদ হয় ॥ ৩১৯ ॥

টীকা—নির্ম্মাল্যং ভগবচ্ছেষঃ, তদ্রূপা যা তুলসী-মালা তয়া যুক্তঃ সন্ ॥ ৩১৯ ॥

নারদীয়ে—

যে কণ্ঠলগ্নতুলসীনলিনাক্ষমালা
যে বা ললাটফলকে লসদূর্দ্ধ্বপুণ্ড্রাঃ।
যে বাহুমূলপরিচিহ্নিতশঙ্খচক্রাস্তে
বৈষ্ণবা ভুবনমাশু পবিত্রয়ন্তি ॥ ৩২০ ॥

অনুবাদ—শ্রীনারদপুরাণে কথিত হইয়াছে—যাঁহারা তুলসীমালা ও পদ্মবীজ মালাধারী এবং যাঁহাদের ললাটে উর্দ্ধ্বপুণ্ড্র শোভমান, আর যাঁহাদের বাহুমূলে শঙ্খ-চক্র-চিহ্ন বিরাজিত সেই বৈষ্ণবগণের দ্বারা জগৎ শীঘ্র পবিত্র হইয়া থাকে ॥ ৩২০ ॥

টীকা—লসৎ শ্রীহরি-মন্দিরতয়া শোভমানমূর্দ্ধ্বপুণ্ড্রং যেষাং তে ॥ ৩২০ ॥

কিঞ্চ—

ভুজযুগমপি চিহ্নৈরঙ্কিতং যস্য বিষ্ণোঃ
পরমপুরুষনাম্নাং কীর্ত্তনং যস্য বাচি।
ঋজুতরমপি পুণ্ড্রং মস্তকে যস্য কণ্ঠে
সরসিজমণিমালা যস্য তস্যাস্মি দাসঃ ॥৩২১

অনুবাদ—আরও বলা হইয়াছে—যে ব্যক্তির বাহুযুগল শ্রীহরির অস্ত্র চিহ্নযুক্ত, যে ব্যক্তির বাক্যে পরম পুরুষ শ্রীহরির নাম-সমূহ কীর্ত্তিত, যাঁর মস্তকে অতিশয় সরল উর্দ্ধ্বপুণ্ড্র অঙ্কিত, কণ্ঠে পদ্মবীজ মালা, আমি তাহার ন্যাস অর্থাৎ গচ্ছিত সম্পদ স্বরূপ হইয়া থাকি ॥ ৩২১ ॥

টীকা—বিষ্ণোশ্চিহ্নৈঃ; যস্য বাচি নাম্নাং কীর্ত্তনমিত্যত্র দৃষ্টান্তত্বেন জ্ঞেয়ম্; এবমন্যত্রাপ্যূহ্যম্ ॥ ৩২১ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীভগবদুক্তৌ—

তুলসীকাষ্ঠমালাঞ্চ কণ্ঠস্থাং বহতে তু যঃ।
অপ্যশৌচোঽপ্যনাচারো মামেবৈতি ন সংশয়ঃ ॥৩২২

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীভগবান বলিয়াছেন কণ্ঠে তুলসীমালা ধারণকারী অপবিত্র বা অনাচারী যাই হউক না কেন আমাকেই লাভ করেন সন্দেহ নাই ॥ ৩২২ ॥

স্কান্দে—

ধাত্রীফলকৃতা মালা তুলসীকাষ্ঠসম্ভবা।
দৃশ্যতে যস্য দেহে তু স বৈ ভাগবতোত্তমঃ ॥৩২৩॥
তুলসীদলজাং মালাং কণ্ঠস্থাং বহতে তু যঃ।
বিষ্ণূত্তীর্ণাং বিশেষেণ স নমস্যো দিবৌকসাম্ ॥৩২৪
তুলসীদলজা মালা ধাত্রীফলকৃতাপি চ।
দদাতি পাপিনাং মুক্তিং কিং পুনর্বিষ্ণুসেবিনাম্ ॥৩২৫

অনুবাদ—স্কন্দপুরাণে উক্ত আছে—যাহার দেহে ধাত্রীফল ও তুলসী-কাষ্ঠের মালা থাকে তিনি ভাগবতোত্তম। যিনি বিষ্ণুর প্রসাদী তুলসী পত্র-মালা ধারণ করেন তিনি দেবগণের নমস্য হন, বিষ্ণু সেবীগণের কথা কি? তুলসীপত্র নির্ম্মিতা ও আমলকী ফল দ্বারা তৈরী মালা পাপীগণেরও মুক্তিদাত্রী ॥ ৩২৩-৩২৫ ॥

টীকা—তুলসীকাষ্ঠসম্ভবা চ ॥ ৩২৩ ॥

তত্রৈব কার্ত্তিকপ্রসঙ্গে—

যঃ পুনস্তুলসীমালাং কৃত্বা কণ্ঠে জনার্দ্দনম্।
পূজয়েৎ পুণ্যমাপ্নোতি প্রতিপুষ্পং গবাযুতম্ ॥৩২৬॥

অনুবাদ—সেখানে কার্ত্তিক প্রসঙ্গে বর্ণিত আছে—যিনি পুনঃ কণ্ঠে তুলসীমালা ধারণ করিয়া শ্রীজনার্দ্দনের পূজা করেন, তিনি প্রত্যেক পুষ্পার্পণে অযুত গোদান জন্য পুণ্যের ফল প্রাপ্ত হন ॥ ৩২৬ ॥

টীকা—গবাযুতম্—অযুতসংখ্য-গোদানফলমিত্যর্থঃ ॥ ৩২৬ ॥

যাবল্লুঠতি কণ্ঠস্থা ধাত্রীমালা নরস্য হি।
তাবত্তস্য শরীরে তু প্রীত্যা লুঠতি কেশবঃ ॥৩২৭॥
স্পৃশেচ্চ যানি লোমানি ধাত্রীমালা কলৌ নৃণাম্।
তাবদ্বর্ষসহস্রাণি বসতে কেশবালয়ে ॥ ৩২৮ ॥

অনুবাদ—মনুষ্য শরীরে কণ্ঠলগ্ন আমলকীমালা যতদিন বিলুণ্ঠিত হয়, শ্রীহরি ততদিন প্রীতির সহিত তাঁহার শরীরে লুণ্ঠিত হন। কলিযুগে আমলকীফলের মালা মানবগণের যাঁহার যত সংখ্যক লোম স্পর্শ করে, তাঁহার তত সহস্র বৎসর হরিধামে বাস হয় ॥ ৩২৭-৩২৮ ॥

যাবদ্দিনানি বহতে ধাত্রীমালাং কলৌ নরঃ।
তাবদ্যুগসহস্রাণি বৈকুণ্ঠে বসতির্ভবেৎ ॥ ৩২৯ ॥
মালাযুগ্মঞ্চ যো নিত্যং ধাত্রীতুলসিসম্ভবম্।
বহতে কণ্ঠদেশে চ কল্পকোটিং দিবং বসেৎ ॥৩৩০॥

অনুবাদ—কলিযুগে মানব যতদিন আমলকী-ফলের মালা ধারণ করেন, তত সহস্র যুগ তাঁহার বৈকুণ্ঠ ধামে বাস হয়। যিনি নিত্য কণ্ঠে ধাত্রী ও তুলসী মালা দুইটি বহন করেন, কোটি কল্প তাঁহার দেবলোকে বাস হয় ॥ ৩২৯-৩৩০ ॥

টীকা—তুলসিসম্ভবমিতি হ্রস্বত্বমার্ষম্ ॥ ৩৩০ ॥

গারুড়ে চ মার্কণ্ডেয়োক্তৌ—
তুলসীদলজাং মালাং কৃষ্ণোত্তীর্ণাং বহেত্তু যঃ।
পত্রে পত্রেঽশ্বমেধানাং দশানাং লভতে ফলম্ ॥৩৩১॥
তুলসীকাষ্ঠসম্ভূতাং যো মালাং বহতে নরঃ।
ফলং যচ্ছতি দৈত্যারিঃ প্রত্যহং দ্বারকোদ্ভবম্ ॥৩৩২
নিবেদ্য বিষ্ণবে মালাং তুলসীকাষ্ঠসম্ভবাম্।
বহতে যো নরো ভক্ত্যা তস্য বৈ নাস্তি পাতকম্।
সদা প্রীতমনাস্তস্য কৃষ্ণো দেবকিনন্দনঃ ॥ ৩৩৩ ॥

অনুবাদ—গরুড়পুরাণে শ্রীমার্কণ্ডেয় বলিতেছেন—যিনি শ্রীকৃষ্ণের প্রসাদী তুলসীপত্রের মালা গলায় পরেন, তিনি ঐ মালাস্থিত প্রতিটি পত্রের জন্য দশ দশ অশ্বমেধের ফলভাগী হন। প্রত্যহ তুলসীকাষ্ঠের মালা ধারণকারী দ্বারকাবাসের ফল পান। প্রসাদী তুলসী-মালা ধারণে পাপহীনতা আসে এবং শ্রীকৃষ্ণ তাঁহার প্রতি সন্তুষ্ট থাকেন ॥ ৩৩১-৩৩৩ ॥

টীকা—দ্বারকোদ্ভবং দ্বারকানিবাসজং ফলং তস্মৈ প্রযচ্ছতি ॥ ৩৩২ ॥

তুলসীকাষ্ঠসম্ভূতাং যো মালাং বহতে নরঃ।
প্রায়শ্চিত্তং ন তস্যাস্তি নাশৌচং তস্য বিগ্রহে ॥৩৩৪
তুলসীকাষ্ঠসম্ভূতং শিরসো যস্য ভূষণম্।
বাহ্বোঃ করে চ মর্ত্তস্য দেহে তস্য সদা হরিঃ ॥৩৩৫

অনুবাদ—তুলসীকাষ্ঠের মালা ধারণকারীর প্রায়শ্চিত্তে প্রয়োজন নাই এবং তাঁহার অশৌচ হয় না। মস্তকে, দেহে বা হাতে তুলসীর অলঙ্কার থাকিলে শ্রীহরির অবস্থিতি হয় ॥ ৩৩৪-৩৩৫ ॥

তুলসীকাষ্ঠমালাভির্ভূষিতঃ পুণ্যমাচরেৎ।
পিতৃণাং দেবতানাঞ্চ কৃতং কোটিগুণং কলৌ ॥৩৩৬

অনুবাদ—কলিকালে তুলসী-কাষ্ঠ-মালিকা ধারণকারীর দেব, পিতৃকর্ম্ম ও পুণ্যকর্ম্ম কোটি গুণ ফলপ্রদ হয় ॥ ৩৩৬ ॥

টীকা—পুণ্যং পুণ্যকর্ম্ম, পিতৃণাং দেবতানাঞ্চ তৎসম্বন্ধি কর্ম্ম কৃতং কোটিগুণং ভবেৎ, বিশেষতঃ কলৌ ॥ ৩৩৬ ॥

তুলসীকাষ্ঠমালাস্তু প্রেতরাজস্য দূতকাঃ।
দৃষ্ট্বা নশ্যন্তি দূরেণ বাতোদ্ধৃতং যথা দলম্ ॥৩৩৭॥
তুলসীকাষ্ঠমালাভির্ভূষিতো ভ্রমতে যদি।
দুঃস্বপ্নং দুর্নিমিত্তঞ্চ ন ভয়ং শস্ত্রজং কৃচিৎ ॥৩৩৮॥

অনুবাদ—ইহা দেখিয়া যমদূতগণ দূর হইতেই পলায়ন করে এবং ভ্রমণে দুর্ঘটনা, দুঃস্বপ্ন বা শস্ত্রজনিত ভয় নাশ হয় ॥ ৩৩৭-৩৩৮ ॥

টীকা—নশ্যন্তি অদৃশ্যা ভবন্তি, পলায়ন্তে ইত্যর্থঃ ॥ ৩৩৭ ॥

অথ গৃহে সন্ধ্যোপাসন-বিধিঃ

সন্ধ্যোপাস্ত্যাদিকং কর্ম্ম ততঃ কুর্য্যাৎ যথাবিধি।
কৃষ্ণপাদোদকেনৈব তত্র দেবাদি-তর্পণম্ ॥ ৩৩৯ ॥
শিরসা বিষ্ণুনির্ম্মাল্যং পাদোদেনাপি তর্পণম্।
পিতৃণাং দেবতানাঞ্চ বৈষ্ণবৈস্তু সমং মতম্ ॥৩৪০॥

অনুবাদ—পূর্ব্ব উক্ত নিয়মে মালা ধারণ করিয়া যথাবিধি সন্ধ্যা উপাসনা প্রভৃতি ক্রিয়া এবং তাহাতে শ্রীহরির চরণামৃত দ্বারা দেবাদির তর্পণ করিবে। মাথায় বিষ্ণুনির্ম্মাল্য ধারণ ও বিষ্ণুচরণোদক দ্বারা পিতৃ ও দেবতাদিগের তর্পণ, বৈষ্ণবগণ এই উভয়কে তুল্য বলিয়াছেন ॥ ৩৩৯-৩৪০ ॥

টীকা—পূর্ব্বং বহিস্তীর্থস্নানে সন্ধ্যোপাসনাদিকং

লিখিতম্, ইদানীং গৃহবিষয়কং তল্লিখতি—সন্ধ্যেতি। তত্র তস্মিন্ কর্ম্মণি ॥ ৩৩৯ ॥

টীকা—বিষ্ণুনির্ম্মাল্যং তদ্বহনমিত্যর্থঃ; তদ্দ্বয়ং সমং তুল্যং মতম্ ॥ ৩৪০ ॥

———

সন্ধ্যোপাস্তৌ চ বশিষ্ঠবচনম্—

গৃহে ত্বেকগুণা সন্ধ্যা গোষ্ঠে দশগুণা স্মৃতা।
শতসাহস্রিকা নদ্যামনন্তা বিষ্ণুসন্নিধৌ ॥ ৩৪১ ॥

অনুবাদ—সন্ধ্যা-উপাসনা-বিষয়ে শ্রীবশিষ্ঠ বলিয়াছেন—গৃহে সন্ধ্যা উপাসনায় একগুণ, গোষ্ঠ-মধ্যে দশগুণ, নদীতে শতসহস্রগুণ এবং শ্রীহরি-সমীপে অসংখ্য গুণ ফল লাভ হয় ॥ ৩৪১ ॥

———

অথ শ্রীগুরুপূজা

পূজয়িষ্যংস্ততঃ কৃষ্ণমাদৌ সন্নিহিতং গুরুম্।
প্রণম্য পূজয়েদ্ভক্ত্যা দত্ত্বা কিঞ্চিদপায়নম্ ॥ ৩৪২ ॥

অনুবাদ—তারপর শ্রীকৃষ্ণকে পূজা করিতে উপস্থিত হইয়া অগ্রে সমীপবর্ত্তী শ্রীগুরুদেবকে কিঞ্চিৎ উপায়ন অর্পণ করিয়া নমস্কার করতঃ ভক্তি সহকারে পূজা করিবে ॥ ৩৪২ ॥

———

স্মৃতিমহার্ণবে—

রিক্তপাণির্ন পশ্যেত রাজানং ভিষজং গুরুম্।
নোপায়নকরঃ পুত্রং শিষ্যং ভৃত্যং নিরীক্ষয়েৎ ॥৩৪৩

অনুবাদ—স্মৃতি-মহার্ণবে বলা হইয়াছে—রিক্তহস্তে রাজা, গুরু ও চিকিৎসকের সহিত সাক্ষাৎ করিতে নাই এবং উপায়ন হস্তে লইয়া পুত্র, শিষ্য ও ভৃত্যের সহিত সাক্ষাৎ করিবে না ॥ ৩৪৩ ॥

টীকা—পশ্যেত পশ্যেৎ; নিরীক্ষয়েৎ স্বার্থে ইণ্ নিরীক্ষেত ॥ ৩৪৩ ॥

———

কিঞ্চ, শ্রীভগবদুক্তৌ—

প্রথমন্তু গুরুং পূজ্য ততশ্চৈব মমার্চ্চনম্।
কুর্ব্বন্ সিদ্ধিমবাপ্নোতি হ্যন্যথা নিষ্ফলং ভবেৎ ॥৩৪৪

অনুবাদ—শ্রীভগবানের কথায়—প্রথমে শ্রীগুরুদেবের পূজা, তৎপরে আমার পূজা করিলে সিদ্ধিলাভ হয়, ইহার বিপরীতে পূজা ফলবতী হয় না ॥৩৪৪॥

টীকা—এবং কিঞ্চিদুপায়নং দত্ত্বেত্যত্র প্রমাণবচনং সংগৃহ্যাধুনা সন্নিহিতং সন্তং গুরুমাদৌ পূজয়েদিতি শ্রীভগবদ্বচনাদিনা প্রমাণয়তি—প্রথমমিতি দ্বাভ্যাম্। পূজ্য পূজয়িত্বা ॥ ৩৪৪ ॥

———

শ্রীনারদেন চ—

গুরৌ সন্নিহিতে যস্তু পূজয়েদন্যমগ্রতঃ।
স দুর্গতিমবাপ্নোতি পূজনং তস্য নিষ্ফলম্ ॥ ৩৪৫ ॥

অনুবাদ—শ্রীনারদও বলিয়াছেন—শ্রীগুরুদেবের সমীপে যে ব্যক্তি অগ্রে অন্যের পূজা করে, তাহার দুর্গতি ঘটে এবং তাহার পূজা নিষ্ফল হয় ॥ ৩৪৫ ॥

———

অথ শ্রীগুরুমাহাত্ম্যম্

শ্রুতিষু (শ্রীশ্বেতাঃ ৬।২৩)—

যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ॥৩৪৬॥

অনুবাদ—শ্রুতিতে বর্ণিত হইয়াছে—যাঁহার দেবতার প্রতি যেমন সেইরূপ গুরুদেবের প্রতিও ভক্তি, সেই মহাত্মার সম্বন্ধে এই সমস্ত বিষয় অর্থাৎ শ্রুতির যথার্থ তাৎপর্য্য উপদিষ্ট হইয়া প্রকাশ পাইয়া থাকে ॥ ৩৪৬ ॥

টীকা—অর্থাঃ পুরুষার্থাঃ ॥ ৩৪৬ ॥

———

একাদশস্কন্ধে (১৭।২৭) শ্রীভগবদুক্তৌ—

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ ॥ ৩৪৭ ॥

দশমস্কন্ধে (৮০।৩৪) চ—

নাহমিজ্যাপ্রজাতিভ্যাং তপসোপশমেন চ।
তুষ্যেয়ং সর্ব্বভূতাত্মা গুরুশুশ্রূষয়া যথা ॥ ৩৪৮ ॥

অনুবাদ—একাদশ-স্কন্ধে—শ্রীভগবান বলিতেছেন—হে উদ্ধব! আচার্য্যকে আমার স্বরূপ বলিয়া জানিবে, কখনও তাঁহার অমর্য্যাদা করিবে না এবং

মনুষ্যজ্ঞানে তাঁহার প্রতি দোষ দৃষ্টি রাখিবে না, যেহেতু শ্রীগুরুদেব সর্ব্বদেবময়। তথা দশমে—আমি সর্ব্বভূতাত্মা গুরু-সেবা দ্বারা আমি যেমন সন্তুষ্ট হই, গাহস্থ্য-ধর্ম্ম ব্রহ্মচর্য্য, বানপ্রস্থ ও যতি-ধর্ম্ম আচরণেও সেইপ্রকার সন্তুষ্ট হই না॥৩৪৭-৩৪৮

টীকা—নাসূয়েত মা দোষদৃষ্টিং কুর্য্যাৎ ॥৩৪৭॥

টীকা—ইজ্যা যজ্ঞো গার্হস্থ্যধর্ম্মঃ, প্রজাতিঃ প্রকৃষ্ট-জন্ম উপনয়নং তেন ব্রহ্মচারিধর্ম্ম উপলক্ষ্যতে, তাভ্যাম্। তথা তপসা বানপ্রস্থধর্ম্মেণ, উপশমেন যতিধর্ম্মেণ বা, অহং পরমেশ্বরস্তথা ন তুষ্যেয়ং, যথা সর্ব্বভূতাত্মাপি গুরুশুশ্রূষয়া ॥ ৩৪৮ ॥

সপ্তমস্কন্ধে (১৫।২৬) শ্রীনারদোক্তৌ—

যস্য সাক্ষাদ্ভগবতি জ্ঞানদীপপ্রদে গুরৌ।
মর্ত্ত্যাসদ্ধীঃ শ্রুতং তস্য সর্ব্বং কুঞ্জরশৌচবৎ ॥৩৪৯॥

অনুবাদ—সপ্তমে শ্রীনারদের কথায়—হে রাজন্! সাক্ষাৎ ভগবৎস্বরূপ এবং জ্ঞানালোক-প্রদাতা শ্রীগুরুদেবে যে ব্যক্তি মনুষ্যজ্ঞানরূপ অসৎ ভাবনা করে, তাহার সমস্তশাস্ত্র শ্রবণ হস্তিস্নানের মত বৃথা হয় ॥ ৩৪৯ ॥

টীকা—গুর্ব্বভক্ত্যা পরমানর্থোক্ত্যা গুরুভক্তিমেব দ্রঢ়য়তি—যস্যেতি। সাক্ষাদ্ভুতে মর্ত্ত্যাসদ্ধীঃ মর্ত্ত্য ইতি অসদ্বুদ্ধিঃ, শ্রুতং শাস্ত্রাভ্যাসঃ, কুঞ্জরশৌচবৎ ব্যর্থমেবেত্যর্থঃ ॥ ৩৪৯ ॥

অন্যত্রাপি—

সাধকস্য গুরৌ ভক্তিং মন্দীকুর্ব্বন্তি দেবতাঃ।
যস্মোহতীত্য ব্রজেদ্বিষ্ণুং
শিষ্যো ভক্ত্যা গুরৌ ধ্রুবম্ ॥ ৩৫০॥

অনুবাদ—অন্যত্র বলা হইয়াছে—যেহেতু শিষ্য শ্রীগুরুদেবে অচলা ভক্তি করিয়া আমাদিগকে লঙ্ঘন-পূর্ব্বক বিষ্ণুকে লাভ করিবে, সেই হেতু দেবতারা সাধকের গুরুভক্তি মন্দীভূত করেন ॥ ৩৫০ ॥

মনুস্মৃতৌ—

অজ্ঞো ভবতি বৈ বালঃ পিতা ভবতি মন্ত্রদঃ।
অজ্ঞং হি বালমিত্যাহুঃ পিতেত্যেব তু মন্ত্রদম্ ॥৩৫১

কিঞ্চ—

গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণুর্গুরুর্দেবো মহেশ্বরঃ।
গুরুরেব পরং ব্রহ্ম তস্মাৎ সংপূজয়েৎ সদা ॥৩৫২

অনুবাদ—মনুস্মৃতিতে বর্ণিত হইয়াছে—অজ্ঞকেই বালক বলা হয়, যিনি মন্ত্রদাতা তিনিই পিতা। পণ্ডিতগণের মত—জ্ঞানহীনব্যক্তি বালক এবং মন্ত্রদাতা পিতা—ইহা নিশ্চিত। আরও বলা হইয়াছে—গুরুদেবই ব্রহ্মা, বিষ্ণু ও মহাদেব, পর-ব্রহ্মও তিনিই। সুতরাং শ্রীগুরুদেবকে সর্ব্বদা সম্যক্-রূপে পূজা করিবে ॥ ৩৫১-৩৫২ ॥

টীকা—সংপূজয়েদ্ রুমেব ॥ ৩৫২ ॥

বামনকল্পে ব্রহ্মণো বাক্যম্—

যো মন্ত্রঃ স গুরুঃ সাক্ষাৎ
যো গুরুঃ স হরিঃ স্মৃতঃ।
গুরুর্যস্য ভবেত্তুষ্টস্তস্য তুষ্টো হরিঃ স্বয়ম্।
গুরোঃ সমাসনে নৈব ন চৈবোচ্চাসনে বসেৎ ॥৩৫৩

অনুবাদ—বামনকল্পে ব্রহ্মা বলিয়াছেন—যাহা মন্ত্র, তাহাই সাক্ষাৎ গুরু, যিনি গুরু, তিনিই হরি। যাঁহার প্রতি শ্রীগুরুদেব সন্তুষ্ট থাকেন স্বয়ং ভগবানও তাঁহার প্রতি সন্তুষ্ট হন। শ্রীগুরুদেবের সমান আসনে বা তদপেক্ষা উচ্চাসনে বসিবে না, উপবেশন, করিবে না ॥ ৩৫৩ ॥

বিষ্ণুরহস্যে—

তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন যথাবিধি তথা গুরুম্।
অভেদেনার্চ্চয়েদ্যস্তু স মুক্তিফলমাপ্নুয়াৎ ॥৩৫৪ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুরহস্যে বলা হইয়াছে—অতএব বিধান অনুসারে সর্ব্বথা সর্ব্বপ্রযত্নে শ্রীগুরুদেবকে ভগবানের সহিত অভেদবোধে পূজাকারী মুক্তিফল পাইয়া থাকেন ॥ ৩৫৪ ॥

বিষ্ণুধর্ম্মে শ্রীভাগবতে চ হরিশ্চন্দ্রস্য—

গুরুশুশ্রূষণং নাম সর্ব্বধর্ম্মোত্তমোত্তমম্।
তস্মাদ্ধর্ম্মাৎ পরো ধর্ম্মঃ পবিত্রং নৈব বিদ্যতে ॥৩৫৫

কামক্রোধাদিকং যদ্যদাত্মনোঽনিষ্টকারণম্।
এতৎ সর্ব্বং গুরৌ ভক্ত্যা পুরুষো হ্যঞ্জসা জয়েৎ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মে এবং ভাগবতে শ্রীহরিশ্চন্দ্র বাক্যে শ্রীগুরুসেবাই সর্ব্বাপেক্ষা উত্তম ধর্ম্ম এর উপর আর কোন ধর্ম্ম নাই। শ্রীগুরুদেবে ভক্তি-নিষ্ঠ হইলে কাম-ক্রোধাদি আত্মার অহিতকারী সব কিছুই জিত হয় ॥ ৩৫৫-৩৫৬ ॥

———

পাদ্মে—

পিতুরাধিক্যভাবেন যেঽর্চ্চয়ন্তি গুরুং সদা।
ভবন্ত্যতিথয়ো লোকে ব্রহ্মণস্তে বিশাম্বর ॥ ৩৫৭ ॥

তত্রৈব দেবহূতিস্তুতৌ—

ভক্তির্যথা হরৌ মেঽস্তি তদ্বন্নিষ্ঠা গুরৌ যদি।
মমাস্তি তেন সত্যেন স্বং দর্শয়তু মে হরিঃ ॥৩৫৮॥

অনুবাদ—পদ্মপুরাণে বলা হইয়াছে—হে বৈশ্য শ্রেষ্ঠ! যাঁহারা শ্রীগুরুদেবকে পিতা অপেক্ষা শ্রেষ্ঠ মনে করিয়া সতত পূজা করেন, তাঁহারা ব্রহ্মলোকের অতিথি হইয়া থাকেন। দেবহূতি স্তবে শ্রীহরিতে আমার যেরূপ ভক্তি আছে শ্রীগুরুদেবেও সেই প্রকার নিষ্ঠা থাকিলে, সেই সত্য দ্বারা শ্রীহরি আমাকে দর্শন দান করুন ॥ ৩৫৭-৩৫৮ ॥

———

আদিত্যপুরাণে—

অবিদ্যো বা সবিদ্যো বা গুরুরেব জনার্দ্দনঃ।
মার্গস্থো বাপ্যমার্গস্থো গুরুরেব সদা গতিঃ ॥৩৫৯॥

অনুবাদ—আদিত্যপুরাণে—সৌরমতে বিদ্বান্ অথবা অবিদ্বান্ যাহাই হউন, শ্রীগুরুদেবই জনার্দ্দন। স্বপথে থাকুন বা বিপথগামী হউন সর্ব্বদা শ্রীগুরুই একমাত্র গতি ॥ ৩৫৯ ॥

———

অন্যত্র চ—

হরৌ রুষ্টে গুরুস্ত্রাতা গুরৌ রুষ্টে ন কশ্চন।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন গুরুমেব প্রসাদয়েৎ ॥ ৩৬০ ॥

অনুবাদ—অন্যস্থানে বলা হইয়াছে—শ্রীহরি রুষ্ট হইলে গুরুদেব রক্ষা করিয়া থাকেন, কিন্তু শ্রীগুরুদেব রুষ্ট হইলে কেহই রক্ষক হয় না। সুতরাং সর্ব্বপ্রযত্নে শ্রীগুরুদেবকে সন্তুষ্ট করিবে ॥ ৩৬০ ॥

———

ব্রহ্মবৈবর্ত্তে—

অপি ঘ্নন্তঃ শপন্তো বা বিরুদ্ধা অপি যে ক্রুধাঃ।
গুরবঃ পূজনীয়াস্তে গৃহং নত্বা নয়েত তান্ ॥ ৩৬১ ॥
তৎ শ্লাঘ্যং জন্ম ধন্যং তৎ দিনং পুণ্যাথ নাড়িকা।
যস্যাং গুরুং প্রণমতে সমুপাস্য তু ভক্তিতঃ ॥৩৬২॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণে বলা হইয়াছে—প্রহার বা শাপ প্রদান করুন, বিরুদ্ধ বা রুষ্ট যাহাই হউন, গুরুজনদের পূজা ও প্রণাম করিয়া ঘরে আনয়ন করিবে। আগে মন্ত্রদাতা শ্রীগুরুদেবের কথা বলিয়া প্রসঙ্গতঃ অন্যান্য গুরুর কথা বলিতেছেন। কূর্ম্ম-পুরাণে বলা হইয়াছে—বেদাধ্যাপক, পিতা, জ্যেষ্ঠ ভ্রাতা, নৃপতি, মাতুল, শ্বশুর, সূত অর্থাৎ পুরাণ বক্তা, মাতামহ, বর্ণজ্যেষ্ঠ ও পিতৃব্য, ইঁহারা সকলেই গুরু—পদবাচ্য। সেই জন্মই প্রশংসার, সেই দিনই ধন্য, সেই ঘটিকাই পবিত্র, যাহাতে ভক্তিসহকারে পূজা করিয়া শ্রীগুরুদেবকে প্রণাম করা যায় ॥৩৬১-৩৬২॥

টীকা—গুরব ইতি বহুবচনং গৌরবেণ; যদ্বা, প্রসঙ্গাদন্যেষামপি গুরূণাং সংগ্রহার্থম্; তে চোক্তাঃ কৌর্ম্মে—'উপাধ্যায়ঃ পিতা জ্যেষ্ঠভ্রাতা চৈব মহী-পতিঃ। মাতুলঃ শ্বশুরঃ সূতো মাতামহ-পিতামহৌ ॥ বর্ণজ্যেষ্ঠঃ পিতৃব্যশ্চ সর্ব্বে তে গুরবঃ স্মৃতাঃ। গুরূণামপি সর্ব্বেষাং পূজ্যাঃ পঞ্চ বিশেষতঃ। তেষা-মাদ্যাস্ত্রয়ঃ শ্রেষ্ঠাস্তেষাং মাতা সুপূজিতা ॥' কিঞ্চ—'যো ভাবয়তি যা সূতে যেন বিদ্যাপদিশ্যতে। জ্যেষ্ঠো ভ্রাতা চ ভর্ত্তা চ পঞ্চৈতে গুরবঃ স্মৃতাঃ ॥ আত্মনঃ সর্ব্বযত্নেন প্রাণত্যাগেন বা পুনঃ। পূজনীয়া বিশে-ষেণ পঞ্চৈতে ভূতিমিচ্ছতা ॥ ইতি ॥ ৩৬১ ॥

———

কিঞ্চ—

উপদেষ্টারমাম্নায়াগতং পরিহরন্তি যে।
তান্ মৃতানপি ক্রব্যাদাঃ কৃতঘ্নান্নোপভুঞ্জতে ॥৩৬৩॥
বোধঃ কলুষিতস্তেন দৌরাত্ম্যং প্রকটীকৃতম্।
গুরুর্যেন পরিত্যক্তস্তেন ত্যক্তঃ পুরা হরিঃ ॥৩৬৪॥

অন্যত্র চ—

প্রতিপদ্য গুরুং যস্তু মোহাদ্বিপ্রতিপদ্যতে ।
স কল্পকোটিং নরকে পচ্যতে পুরুষাধমঃ ॥ ৩৬৫ ॥

অনুবাদ—আরও কথিত হইয়াছে—পরম্পরা-ক্রমে আগত বেদবিহিত উপদেষ্টাকে অর্থাৎ শ্রীগুরু-দেবকে, যাহারা পরিত্যাগ করে তাহারা কৃতঘ্ন। তাহাদের মরণ হইলে মাংসভোজী পশুপক্ষীগণও ঐ কৃতঘ্নের মাংস ভোজন করে না। শ্রীগুরুদেব যাহাকে পরিত্যাগ করেন, শ্রীহরি তাহাকে আগেই পরিত্যাগ করিয়া থাকেন। তাহাতে তাহার জ্ঞান দূষিত হয় এবং দৌরাত্ম্য প্রকাশ পায়। অন্য স্থানে আরও বলা হইয়াছে—যে একবার গুরু বলিয়া স্বীকার করিয়া পুনর্ব্বার সেই শ্রীগুরুকে মোহবশতঃ ত্যাগ করে, সেই নরাধম কোটিকল্প নরকে পচিয়া থাকে ॥ ৩৬৩-৩৬৫ ॥

টীকা—গুরুত্যাগেন পরমানর্থং দর্শয়ন্ গুরু-মাহাত্ম্যমেব প্রচয়তি—উপদেষ্টারমিতি ত্রিভিঃ। আম্নায়াগতং কুলক্রমাম্নাতং বেদবিহিতং বা ॥৩৬৩

টীকা—বোধঃ জ্ঞানং বিদ্যা বা ॥ ৩৬৪ ॥

টীকা—গুরুং প্রতিপদ্য, গুরুত্বেন স্বীকৃত্য ॥৩৬৫

অত্রাপবাদঃ

পঞ্চরাত্রে—

অবৈষ্ণবোপদিষ্টেন মন্ত্রেণ নিরয়ং ব্রজেৎ ।
পুনশ্চ বিধিনা সম্যগ্‌গ্রাহয়েদ্বৈষ্ণবাদ্‌গুরোঃ ॥৩৬৬॥

অনুবাদ—পঞ্চরাত্রে এই বিষয়ে বিশেষ বিধি—অবৈষ্ণবের নিকট হইতে মন্ত্র গ্রহণ করিলে নিরয়গামী হইতে হয়। ঐরূপ হইলে ভজনেচ্ছুক ব্যক্তি পুনরায় নিয়ম অনুসারে বৈষ্ণবগুরুর নিকট হইতে মন্ত্র গ্রহণ করিবে ॥ ৩৬৬ ॥

টীকা—'মার্গস্থো বাপ্যমার্গস্থঃ' ইত্যনেন উপ-দেষ্টারমিত্যাদিনা চ কথঞ্চিদপি গুরুর্ন ত্যাজ্য ইতি লিখিতম্, অধুনা তত্র মোহাদবৈষ্ণবো গুরুঃ কৃতশ্চে-ত্তর্হি স পরিত্যাজ্য ইতি প্রসঙ্গাৎ পূর্ব্বগ্রাপবাদং লিখতি—অবৈষ্ণবেতি। গ্রাহয়েদিতি স্বার্থে ইন্ মন্ত্রং গৃহ্ণীয়াদিত্যর্থঃ, যদ্বা,—সাধুজনস্তাদৃশং জনং কৃপয়া মন্ত্রং গ্রাহয়েদিত্যর্থঃ। বৈষ্ণবাৎ প্রায়ো ব্রাহ্মণাদেবেতি জ্ঞেয়ং, পূর্ব্বং গুরুলক্ষণে তথা লিখনাৎ ॥ ৩৬৬ ॥

অথ শ্রীগুরুভক্তি-ফলম্

অগস্ত্যসংহিতায়াম্—

যে গুর্ব্বাজ্ঞাং ন কুর্ব্বন্তি পাপিষ্ঠাঃ পুরুষাধমাঃ ।
ন তেষাং নরকক্লেশনিস্তারো মুনিসত্তম ॥ ৩৬৭ ॥
যৈঃ শিষ্যৈঃ শশ্বদারাধ্যা গুরবো হ্যবমানিতাঃ ।
পুত্রমিত্রকলত্রাদিসম্পদ্ভ্যঃ প্রচ্যুতা হি তে ॥ ৩৬৮ ॥

অনুবাদ—অগস্ত্যসংহিতায় বর্ণিত হইয়াছে—হে মুনিসত্তম! শ্রীগুরুদেবের আদেশ অমান্যকারী, অবমাননাকারী নরাধমেরা নরকযন্ত্রণা হইতে নিস্তার পায় না ও পুত্র-মিত্র কলত্রাদি সম্পৎ-সমূহ হইতে ভ্রষ্ট হয় ॥ ৩৬৭-৩৬৮ ॥

অধিক্ষিপ্য গুরুং মোহাৎ পুরুষং প্রবদন্তি যে ।
শূকরত্বং ভবত্যেব তেষাং জন্মশতেষ্বপি ॥ ৩৬৯ ॥

অনুবাদ—যাহারা অজ্ঞানতাবশতঃ শ্রীগুরুদেবকে তিরস্কার করে বা সামান্য মনুষ্য জ্ঞান করে, তাহারা শতজন্ম পর্য্যন্ত শূকর দেহ লাভ করে ॥ ৩৬৯ ॥

যে গুরুদ্রোহিণো মূঢ়াঃ সততং পাপকারিণঃ ।
তেষাঞ্চ যাবৎ সুকৃতং দুষ্কৃতং স্যান্ন সংশয়ঃ ॥৩৭০
অতঃ প্রাগ্‌গুরুমভ্যর্চ্চ্য কৃষ্ণভাবেন বুদ্ধিমান্ ।
ত্র্যবরানসমান্ কুর্য্যাৎ প্রণামান্ দণ্ডপাতবৎ ॥৩৭১॥

অনুবাদ—সর্ব্বদা পাপকর্ম্মকারী, গুরুদ্রোহী ব্যক্তিদের পুণ্যটুকু পাতক রূপে পরিগণিত হয়। সুতরাং বুদ্ধিমান ব্যক্তি শ্রীকৃষ্ণজ্ঞানে সর্ব্বাগ্রে গুরুদেবের পূজা করিয়া দণ্ডবৎ প্রণত হইয়া অন্ততঃ তিনবার প্রণাম করিবেন ॥ ৩৭০-৩৭১ ॥

টীকা—শ্রীগুরুভক্তের্দার্ঢ্যায়ৈব তদভক্তানাং দুর্গতি-দোষান্ লিখতি—যে গুর্ব্বাজ্ঞামিত্যাদিনা। অতএব সততং পাপকারিণো ভবন্তি ॥ ৩৬৭-৩৭০ ॥

অতএব কৌর্ম্মে শ্রীব্যাসবচনম্—

ব্যত্যস্তপাণিনা কার্য্যমুপসংগ্রহণং গুরোঃ।
সব্যেন সব্যঃ স্প্রষ্টব্যো দক্ষিণেন তু দক্ষিণঃ॥
ইতি॥ ৩৭২॥

অনুবাদ—অতএব কূর্ম্মপুরাণে শ্রীব্যাসদেবের বচন—হাত দুটি উলটা পালটা করিয়া শ্রীগুরুদেবের চরণকমল স্পর্শ করিয়া প্রণাম করিবে অর্থাৎ বাম করে বামচরণ ও দক্ষিণ করে দক্ষিণ চরণ স্পর্শ করিবে॥ ৩৭২॥

টীকা—ব্রয়োঽবরা অন্ত্যা যেষু তান্ ত্রিভ্যোঽন্ নানিত্যর্থঃ; অসমান্ অযুগ্মান্। উপসংগ্রহণং শ্রীপদদ্বয়ধারণং, তৎপ্রকারমেবাহ—সব্যেনেতি, নিজ-সব্যপাণিনা গুরোঃ সব্যপাদ ইত্যর্থঃ। এবমগ্রেঽপি॥ ৩৭১-৩৭২॥

———

অথ শ্রীগুরুপাদানাং প্রাপ্যানুজ্ঞাঞ্চ সাধকঃ।
প্রাক্ সংস্কৃতং হরের্গেহং
প্রবেক্ষ্যন্ পাদুকে ত্যজেৎ॥ ৩৭৩॥

অনুবাদ—অতঃপর সাধক শ্রীগুরুদেবের আদেশ লাভ করিয়া সুমার্জ্জিত শ্রীহরিগৃহে প্রবেশ করিবার আগে পাদুকা পরিবর্জ্জন করিবেন॥ ৩৭৩॥

টীকা—শ্রীগুরুপাদানামিতি গৌরবেণ বহুত্বম্। সাধকঃ শ্রীভগবদারাধকঃ, প্রবেক্ষ্যন্ প্রবেশং করিষ্যন্ পূর্ব্বমেবেত্যর্থঃ, পরিবর্জ্জয়েদগ্ন্যাগারাদিভ্যো দূরতস্ত্য-জেদিত্যর্থঃ॥ ৩৭৩॥

———

তথা চাপস্তম্বঃ—

অগ্ন্যাগারে গবাং গোষ্ঠে দেবব্রাহ্মণসন্নিধৌ।
জপে ভোজনকালে চ পাদুকে পরিবর্জ্জয়েৎ॥
ইতি॥ ৩৭৪॥

অনুবাদ—এই বিষয়ে আপস্তম্ব বলিয়াছেন—আহবনীয় অগ্নি যে গৃহে সংরক্ষিত থাকে, সেই গৃহে, গোগৃহে, দেব-ব্রাহ্মণ সমীপে, জপসময়ে এবং ভোজনকালে পাদুকা পরিত্যাগ করিবে॥ ৩৭৪॥

———

ততঃ শ্রীভগবৎপূজামন্দিরস্যাঙ্গনং গতঃ।
প্রক্ষাল্য হস্তৌ পাদৌ চ দ্বিরাচমনমাচরেৎ॥ ৩৭৫॥

তথা চ মার্কণ্ডেয়ে—

দেবার্চ্চনাদিকার্য্যাণি তথা গুর্ব্বভিবাদনম্।
কুর্ব্বীত সম্যগাচম্য তদ্বদেব ভুজিক্রিয়াম্॥
ইতি॥ ৩৭৬॥

ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে
শ্রীবৈষ্ণবালঙ্কারো নাম চতুর্থো বিলাসঃ॥

অনুবাদ—তারপর শ্রীভগবানের পূজামন্দিরের উঠানে পৌঁছিয়া হাত পা ধুইয়া দু'বার আচমন করিবে। এই বিষয়ে মার্কণ্ডেয় পুরাণে বর্ণিত হইয়াছে—সম্যক্ অর্থাৎ দ্বিতীয়বার আচমন করিয়া দেব-পূজাদি ক্রিয়া, গুরু-প্রণাম এবং ভোজন করিবে॥ ৩৭৫-৩৭৬॥

ইতি শ্রীগোপাল-ভট্ট বিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীবৈষ্ণবালঙ্কার নামক চতুর্থ বিলাস সমাপ্ত॥ ৪॥

টীকা—সম্যগাচম্যেতি দ্বিরাচমনং, বোধয়তি, তত্রৈব সম্যক্ত্বাৎ॥ ৩৭৬॥

ইতি শ্রীভগবদ্ভক্তিবিলাস-টীকায়াং দিগ্দর্শিন্যাং চতুর্থো বিলাসঃ।

পঞ্চম-বিলাসঃ

শ্রীচৈতন্যপ্রভুং বন্দে বালোঽপি যদনুগ্রহাৎ।
তরেন্নানামতগ্রাহব্যাপ্তং পূজাক্রমার্ণবম্ ॥ ১ ॥

অনুবাদ—যাঁহার কৃপায় অজ্ঞব্যক্তিও নানামত-রূপ-কুম্ভীরাদি হিংস্রজীবকুল-পরিব্যাপ্ত পূজাবিধি-ক্রমরূপ সমুদ্র উত্তীর্ণ হইতে পারে আমি সেই শ্রীচৈতন্যপ্রভুকে বন্দনা করি ॥ ১ ॥

টীকা—শ্রীচৈতন্যায় নমঃ। বালোঽজ্ঞঃ, পক্ষে শিশুঃ, নানাবিধমতান্যেব গ্রাহাস্তৈর্ব্যাপ্তং, পূজায়াঃ ক্রমো বিধিঃ, বিধানুক্রমো বা স এবার্ণবস্তম্ ॥ ১ ॥

শ্রীমদ্‌গোপালদেবস্যাষ্টাদশাক্ষরমন্ত্রতঃ।
লিখ্যতেঽর্চ্চাবিধির্গূঢ়ঃ ক্রমদীপিকয়েক্ষিতঃ ॥ ২ ॥

অনুবাদ—শ্রীমদ্ গোপালদেবের অষ্টাদশাক্ষর-মন্ত্র অনুসারে ক্রমদীপিকার মত অনুযায়ী পূজাবিধি রহস্য লেখা হইতেছে ॥ ২ ॥

টীকা—অষ্টাদশাক্ষরমন্ত্রেণ যোঽর্চ্চাবিধিঃ পূজা-প্রকারঃ, স লিখ্যতে। যদ্যপি দশাক্ষরাদিনাপি পূজা-বিধৌ ভেদো নাস্তি, তথাপি ন্যাসাদিভেদাপেক্ষয়া তথা লিখিতম্। গূঢ়োঽপি ক্রমদীপিকয়া শ্রীকেশবাচার্য্য-বিরচিতয়া ঈক্ষিতঃ দর্শিতঃ সন্, অতঃ ক্রমদীপিকো-ক্তানুসারেণ লেখ্য ইতি ভাবঃ ॥ ২ ॥

আগমোক্তেন মার্গেণ ভগবান্ ব্রাহ্মণৈরপি।
সদৈব পূজ্যোঽতো লেখ্যঃ প্রায় আগমিকো বিধিঃ ॥৩

অনুবাদ—ব্রাহ্মণগণও সর্ব্বদা তন্ত্র-কথিত নিয়ম অনুসারেই শ্রীভগবানের পূজা করিবেন। সুতরাং প্রায়শঃ তন্ত্রোক্ত-বিধান অনুসারেই পূজাবিধি বর্ণিত হইবে ॥ ৩ ॥

তথা চ বিষ্ণুযামলে—

কৃতে শ্রুত্যুক্তমার্গঃ স্যাৎ ত্রেতায়াং স্মৃতিভাবিতঃ।
দ্বাপরে তু পুরাণোক্তঃ কলাবাগমসম্ভবঃ ॥ ৪ ॥

অনুবাদ—বিষ্ণুযামলেও লিখিত আছে যে,—সত্য-যুগে বেদবিহিত বিধি, ত্রেতাযুগে স্মৃতি-প্রতিপাদিত, দ্বাপরযুগে পুরাণোক্ত এবং কলিতে আগম-সম্মত বিধিই নির্দ্দিষ্ট ॥ ৪ ॥

টীকা—তেষামাগমমার্গেণ শুদ্ধির্ন শ্রৌতবর্ত্মনেত্য-নেন তৈরপি আগমিকবিধিনৈব পূজা কার্য্যেতি ভাবঃ। তথা চৈকাদশস্কন্ধে (৫।৩১)—'নানাতন্ত্র-বিধানেন কলাবপি তথা শৃণু' ইতি। তত্র শ্রীধর-স্বামিপাদাঃ—'নানাতন্ত্রবিধানেনেতি কলৌ তন্ত্রমার্গস্য প্রাধান্যং দর্শয়তি।' ইতি ॥ ৩-৪ ॥

অশুদ্ধাঃ শূদ্রকল্পা হি ব্রাহ্মণাঃ কলিসম্ভবাঃ।
তেষামাগমমার্গেণ শুদ্ধির্ন শ্রৌতবর্ত্মনা ॥ ৫ ॥

অনুবাদ—কলিযুগে জাত ব্রাহ্মণগণ শূদ্রতুল্য অশুচি, আগম-কথিত বিধানদ্বারা তাঁহাদিগের শুদ্ধি জন্মে, বেদোক্ত বিধান দ্বারা তাঁহাদিগের শুদ্ধি হয় না ॥ ৫ ॥

অথ দ্বারপূজা

শ্রীকৃষ্ণদ্বারদেবেভ্যো দত্ত্বা পাদ্যাদিকং ততঃ।
গন্ধপুষ্পৈরর্চ্চয়েত্তান্ যথাস্থানং যথাক্রমম্ ॥ ৬ ॥

অনুবাদ—অতঃপর দ্বারপূজা—শ্রীগুরুদেবের পূজার পর শ্রীকৃষ্ণের দ্বারস্থিত দেবগণকে পাদ্যাদি প্রদান করতঃ যথাস্থানে ও যথাক্রমে গন্ধ-পুষ্প দ্বারা তাঁহা-দিগকে পূজা করিবে। ৬ ॥

টীকা—তান্ শ্রীকৃষ্ণদ্বারদেবান্, প্রণবাদিচতুর্থ্যন্তং দেবনাম নমোঽন্তকমিত্যগ্রে লেখ্যত্বাদত্রৈবং প্রয়োগঃ—শ্রীকৃষ্ণদ্বারদেবতাভ্যো নমঃ। অনেন মন্ত্রেণ পাদ্যার্ঘ্যাদিকং দত্ত্বা গন্ধাদিভিঃ পুনর্বিশেষেণ পূজয়ে-দিত্যর্থঃ। এবমগ্রেঽপি 'সপরিবারেভ্যঃ শ্রীকৃষ্ণপার্ষ-দেভ্যো নমঃ' ইত্যাদি প্রয়োগো দ্রষ্টব্যঃ ॥ ৬ ॥

দ্বারাগ্রে সপরীবারান্ ভূপীঠে কৃষ্ণপার্ষদান্।
তদগ্রে গরুড়ং দ্বারস্যোর্দ্ধে দ্বারশ্রিয়ং যজেৎ ॥ ৭ ॥

অনুবাদ—প্রথমতঃ দ্বারের অগ্রে যে পৃথিবীরূপ পীঠে সপরিবারে কৃষ্ণপার্ষদবর্গের, তৎসম্মুখে গরুড়ের ও তাহার পর দ্বারের ঊর্দ্ধ্বভাগে দ্বারলক্ষ্মীর পূজা করিবে ॥ ৭ ॥

প্রাগ্দ্বারোভয়পার্শ্বে তু যজেচ্চণ্ড-প্রচণ্ডকৌ ।
দ্বারে চ দক্ষিণে ধাতৃবিধাতারৌ চ পশ্চিমে ॥ ৮ ॥
জয়ঞ্চ বিজয়ঞ্চৈব বলং প্রবলমুত্তরে ।
দ্বন্দ্বশস্ত্বেবমভ্যর্চ্চ্য দেহল্যাং বাস্তুপুরুষম্ ॥ ৯ ॥
দ্বারান্তঃপার্শ্বয়োর্গঙ্গাং যমুনাঞ্চ ততোঽর্চ্চয়েৎ ।
তৎপার্শ্বয়োঃ শঙ্খনিধিং তথা পদ্মনিধিং যজেৎ ॥১০

অনুবাদ—পূর্ব্বদ্বারের দুইদিকে চণ্ডের ও প্রচণ্ডের, দক্ষিণদ্বারে ধাতার ও বিধাতার, পশ্চিমদ্বারে জয়ের ও বিজয়ের, উত্তরদ্বারে বলের ও প্রবলের পূজা করিবে। এইরূপে প্রতিদ্বারে দুই দুই দেবের পূজা করিয়া দরজার সম্মুখে বাস্তুপুরুষের পূজা করতঃ দরজার ভিতরে দুই দিকে গঙ্গা ও যমুনার পূজা করিবে। তাহার দুই দিকে শঙ্খনিধি ও পদ্মনিধির পূজা করিবে ॥ ৮-১০ ॥

টীকা—এবং সামান্যেন সর্ব্বেষামেব পূজাবিধি-র্লিখিতঃ ; ইদানীং যথাস্থানং যথাক্রমমিতি যল্লিখি-তং, তদেব বিবিচ্য লিখতি—দ্বারাগ্র ইতি দ্বাভ্যাম্। তত্রাপ্যাদৌ দ্বারস্যাগ্রে যৎ ভূরূপং পীঠং, তত্র সমস্ত-পরিবারান্বিতান্ শ্রীকৃষ্ণপার্ষদান্ যজেৎ পূজয়েৎ। অনন্তরং তস্য দ্বারস্যাগ্রে গরুড়ং ; যদ্যপি দ্বারশ্রিয়োঽর্চনং প্রবলার্চ্চনানন্তরমেব ক্রমদীপিকায়ামুক্তং; তথাপি ইষ্টেতি ক্ত্বা প্রত্যয়েন চণ্ডাদিপূজাতঃ পূর্ব্বকাল এবেতি বোধিতং, তথৈব সদাচারাৎ। কিঞ্চ, দ্বন্দ্বশ ইত্যগ্রে লিখনাৎ 'চণ্ডপ্রচণ্ডাভ্যাং নমঃ' ইত্যেবং যুগ্মত্বেন প্রয়োগো জ্ঞেয়ঃ ॥ ৭-৯ ॥

টীকা—দ্বারস্যান্তঃ অভ্যন্তরে তৎপার্শ্বদ্বয়ে তয়ো-র্গঙ্গাযমুনয়োঃ পার্শ্বদ্বয়ে ॥ ১০ ॥

গণেশং মন্দিরস্যাগ্নিকোণে দুর্গাঞ্চ নৈর্ঋতে ।
বাণীং বায়ব্য ঐশানে ক্ষেত্রপালং তথার্চ্চয়েৎ ॥ ১১ ॥
দ্বাঃশাখামাশ্রয়ন্ বামাং সঙ্কোচ্যাঙ্গানি দেহলীম্ ।
অস্পৃষ্ট্বা প্রবিশেদ্বেশ্মন্যস্যন্ প্রাগ্দক্ষিণং পদম্ ॥১২

অনুবাদ—এরপর মন্দিরের অগ্নিকোণে গণেশের, নৈর্ঋত কোণে দুর্গার, বায়ুকোণে সরস্বতীর ও ঈশান কোণে ক্ষেত্রপালের পূজা করিতে হইবে। পরে নিজ বামভাগস্থিত দ্বারশাখা অর্থাৎ চৌকাঠের সহিত সংলগ্নভূমি কিঞ্চিৎ স্পর্শ করিয়া অঙ্গ সঙ্কোচপূর্ব্বক দেহলী স্পর্শ না করিয়া প্রথমে ডান পা রাখিয়া শ্রীমন্দিরে প্রবেশ করিবে ॥ ১১-১২ ॥

টীকা—আগ্নেয়কোণে গণেশমর্চ্চয়েৎ ; তথাচোক্তং ক্রমদীপিকায়াম্—'পরিবারাঃ কৃতাঃ সর্ব্বে পুনঃ শ্রীবিষ্ণুপার্ষদাঃ। দ্বারাগ্রাবলিপীঠেঽর্চ্চ্যাঃ পক্ষীন্দ্রশ্চ তদগ্রতঃ ॥ চণ্ডপ্রচণ্ডৌ প্রাগ্ধাতৃ-বিধাতারৌ চ দক্ষিণে। জয়শ্চ বিজয়ঃ পশ্চাদ্বলঃ প্রবল উত্তরে ॥ ঊর্দ্ধে দ্বারশ্রিয়ং চেষ্টা দ্বার্য্যেতান্ যুগ্মশোঽর্চ্চয়েৎ। পূজ্যো বাস্তুপুমাংস্তত্র তত্র দ্বাঃপীঠমধ্যতঃ ॥ দ্বারান্তঃ পার্শ্বয়োরর্চ্চ্যা গঙ্গা চ যমুনা নদী। কোণেষু বিষ্ণুং দুর্গাঞ্চ বাণীং ক্ষেত্রে সমর্চ্চয়েৎ ॥' ইতি ॥ ১১ ॥

টীকা—বামাং স্ববামভাগবর্ত্তিনীং দ্বারশাখাম্ আশ্রয়ন্ ঈষৎ স্পৃশন্, নিজাঙ্গানি সঙ্কোচ্য দেহলীম্ অস্পৃষ্ট্বা ন লঙ্ঘয়িত্বেত্যর্থঃ। দক্ষিণং পদং প্রাক্ আদৌ ন্যস্যন্। দক্ষিণপাদন্যাসক্রমেণেত্যর্থঃ। বেশ্ম শ্রীভগবন্মন্দিরং হরের্গেহং প্রবেক্ষ্যন্নিতি পূর্ব্ব-লিখনাৎ। প্রবিশেৎ তন্মধ্যং শনৈঃ পূজকো গচ্ছেৎ ॥ ১২ ॥

তথা চ সারদাতিলকে—

কিঞ্চিৎ স্পৃশন্ বামশাখাং দেহলীং লঙ্ঘয়ন্ গুরুঃ ।
অঙ্গং সঙ্কোচয়ন্নন্তঃ প্রবিশেদ্দক্ষিণাঙ্ঘ্রিণা ॥ ১৩ ॥

অনুবাদ—সারদাতিলকেও কথিত হইয়াছে—গুরু বামশাখা বাম দিকের দরজার বাজু একটু ছুঁইয়া দেহলী লঙ্ঘন ও অঙ্গসঙ্কোচ করিয়া ডান পা ফেলিয়া ভিতরে যাইবে ॥ ১৩ ॥

টীকা—গুরুরিতি দীক্ষাবিধানোক্তঃ ॥ ১৩ ॥

অথ গৃহপ্রবেশমাহাত্ম্যম্

তন্মাহাত্ম্যঞ্চ হরিভক্তিসুধোদয়ে—

প্রবিশন্নালয়ং বিষ্ণোরর্চ্চনার্থং সুভক্তিমান্ ।
ন ভূয়ঃ প্রবিশেন্মাতুঃ কুক্ষিকারাগৃহং সুধীঃ ॥ ১৪ ॥

অনুবাদ—অনন্তর গৃহপ্রবেশের মাহাত্ম্য শ্রীহরিভক্তিসুধোদয়ে বর্ণিত হইয়াছে—পূজা করিবার জন্য ভক্তিভাবে শ্রীবিষ্ণুমন্দিরে প্রবিষ্ট প্রাজ্ঞব্যক্তির জননী-জঠররূপ কারাগারে প্রবেশ হয় না ॥ ১৪ ॥

অথ গহান্তঃপূজা

নৈর্ঋতে বাস্তুপুরুষং ব্রহ্মাণমপি পূজয়েৎ।
আসনস্থো যজেত্তাংস্তানন্যত্র ভগবদ্‌গৃহাৎ ॥ ১৫ ॥

অনুবাদ—অতঃপর গৃহাভ্যন্তরে পূজা—গৃহের নৈর্ঋত কোণে বাস্তুপুরুষের ও ব্রহ্মার পূজা করিবে। যেগৃহে শ্রীভগবান বিরাজিত, তাহা বাদ দিয়া অন্যত্র আসনে বসিয়া শ্রীকৃষ্ণের বিশেষ বিশেষ পার্ষদগণের পূজা করিবে ॥ ১৫ ॥

টীকা—ভগবদ্‌গৃহাৎ দেবালয়াদন্যত্র পরস্মিন্ স্থানে তাংস্তান্ শ্রীকৃষ্ণপার্ষদাদীন্ সর্ব্বান্, আসনস্থঃ আসনে উপবিষ্টঃ সন্নেব পূজয়েৎ; যত এব তথাগ্রে লেখ্যং বিঘ্ননিবারণম্। পূজারম্ভে দ্বারদেবতাপূজায়াঃ প্রাগেব ভগবদ্‌গৃহে তু তিষ্ঠন্নেব তাংস্তান্ পূজয়েদিত্যর্থ; ভগবদগ্রেঽন্যপূজার্থাসনাযোগ্যত্বাৎ। যদ্বা, তত্তৎপূজার্থং তত্তদগ্রে গমনেন পুনঃ পুনরাসনাসক্তত্বাৎ, মুহুরাসনেন কালক্ষেপাচ্চ। অতএব পার্ষ্ণিপ্রহারাদিনা বিঘ্ননিবারণমত্রালিখিত্বা নিশ্চলাসনাবসরেঽগ্রে লিখিষ্যতে ॥ ১৪-১৫ ॥

তত্তৎপূজামন্ত্রশ্চোক্তঃ—
প্রণবাদি-চতুর্থ্যন্তং দেবানাম নমোঽন্তকম্।
পূজামন্ত্রমিদং প্রোক্তং সর্ব্বত্রার্চ্চনকর্ম্মণি ॥ইতি॥১৬॥

অনুবাদ—তাহার মন্ত্র যথা—আদিতে ওঙ্কার, পরে আরাধ্য দেবতার নামে চতুর্থী বিভক্তি যুক্ত, শেষে নমঃ শব্দ প্রয়োগ অর্থাৎ "ওঁ অমুক দেবতায়ৈ নমঃ"—সমুদায় পূজা-কর্ম্মে এই প্রকার পূজামন্ত্র কথিত হইয়াছে ॥ ১৬ ॥

টীকা—অত্র প্রায়ো দেবালয়ান্তঃপূজাবিধিলিখনাৎ কেচিচ্চ দ্বারপূজানন্তরং গৃহান্তঃপ্রবেশাৎ প্রাগেব বিঘ্ননিবারণমিচ্ছন্তি। অত্র সৎসম্প্রদায়াচার এব গতিরিতি দিক্। দেবস্য পূজাস্য নাম, পূজামন্ত্রমিতি নপুংসকত্বমার্ষম্ ॥ ১৬ ॥

অথ কৃষ্ণাগ্রতস্তিষ্ঠন্ কৃত্বা দিগ্বন্ধনং ক্ষিপেৎ।
পুষ্পাক্ষতান্ সমস্তাসু দিক্ষু তন্ত্রোক্তমন্ত্রতঃ ॥ ১৭ ॥

অনুবাদ—তারপর শ্রীকৃষ্ণের সম্মুখে বসিয়া দিক্-সমূহ বন্ধনপূর্ব্বক তন্ত্রোক্ত মন্ত্রপাঠ সহকারে "ওঁ শার্ঙ্গায় সশরায় হুং ফট্ নমঃ মন্ত্রে" সকল দিকে ফুল ও আতপচাউল নিক্ষেপ করিবে ॥ ১৭ ॥

টীকা—অত্র দিগ্বন্ধনে পুষ্পক্ষেপণে চ উক্তঃ শাস্ত্রে যো মন্ত্রঃ—'ওঁ শার্ঙ্গায় সশরায় হুং ফট্ নমঃ' ইতি তেনেত্যর্থঃ ॥ ১৭ ॥

অথ পূজার্থাসনম্

ততশ্চাসনমন্ত্রেণাভিমন্ত্র্যাভ্যর্চ্চ্য চাসনম্।
তস্মিন্নুপবিশেৎ পদ্মাসনেন স্বস্তিকেন বা ॥ ১৮ ॥

অনুবাদ—তারপর আসনমন্ত্র "ওঁ আধার শক্তয়ে নমঃ" দ্বারা আসনকে অভিমন্ত্রিত করতঃ পূজা করিয়া সেই আসনের উপর পদ্মাসনে(১) অথবা স্বস্তিকাসনে(২) বসিবে ॥ ১৮ ॥

টীকা—অভ্যর্চ্চ্য 'ওঁ আধারশক্তয়ে নমঃ' ইতি সংপূজ্য। তস্মিন্ আসনে, তত্র পদ্মাসনং—'সব্যং পাদমুপাদায় দক্ষিণোপরি বিন্যসেৎ। তথৈব দক্ষিণং সব্যস্যোপরিষ্টান্নিধাপয়েৎ ॥ বিষ্টভ্য কট্যুরো গ্রীবানাসাগ্রন্যস্তলোচনঃ। পদ্মাসনং ভবেদেতৎ সর্ব্বেষামপি পূজিতম্ ॥' ইতি। কচিচ্চ—বামোরূপরি দক্ষিণং হি চরণং সংস্থাপ্য বামন্ততঃ' ইত্যাদি। স্বস্তিকং চোক্তম্—'জানূর্ব্বোরন্তরে সম্যক্ কৃত্বা পাদ-

(১) পদ্মাসন—বাম পদ লইয়া দক্ষিণ উরুর উপর এবং দক্ষিণ পদ লইয়া বাম উরুর উপর চিৎ করিয়া স্থাপন করিবে। কটিদেশ, গ্রীবাদেশ ও বক্ষঃস্থল সোজাভাবে রাখিয়া চক্ষুঃ নাসার অগ্রভাগে বিন্যস্ত করিয়া উপবেশন করার নাম পদ্মাসন।

(২) স্বস্তিকাসন—জানুদেশ ও উরুদেশের মধ্যভাগে উভয় পদতল স্থাপন পূর্ব্বক সরলভাবে উপবেশন করার নাম স্বস্তিকাসন।

তলে উভে। ঋজুকায়ো বিশেদ্‌যোগী স্বস্তিকং তৎ প্রচক্ষতে ॥ ইতি ॥ ১৮ ॥

———

তত্র কৃষ্ণার্চ্চকঃ প্রায়ো দিবসে প্রাঙ্‌মুখো ভবেৎ।
উদঙ্‌মুখো রজন্যান্তু স্থিরমূর্ত্তিশ্চ সম্মুখঃ ॥ ১৯ ॥

তথা চৈকাদশস্কন্ধে (২৭।৯)—

আসীনঃ প্রাগুদগ্‌বার্চ্চে৽ৎ স্থিরায়াত্ত্বথ সম্মুখঃ ॥ ২০ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণের অর্চ্চনকারী নিশ্চলভাবে ও সম্মুখীন হইয়া দিনের বেলায় পূর্ব্বমুখে ও রাত্রিকালে উত্তরমুখে এবং প্রতিমা থাকিলে তাঁহাকে সম্মুখভাগে রাখিয়া বসিবে। একাদশেও এইরূপই বলা হইয়াছে ॥ ১৯-২০ ॥

টীকা—তত্র আসনে, প্রায় ইতি দিবা প্রাঙ্‌মুখত্বস্য, নক্তং চোদঙ্‌মুখত্বস্য প্রশস্তত্বাৎ ॥ ১৯-২০ ॥

———

অথাসনমন্ত্রঃ

আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ।
কূর্ম্মো দেবতা আসনাভিমন্ত্রণে বিনিয়োগঃ ॥ ২১ ॥
পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রমাসনং কুরু ॥ ২২ ॥

অনুবাদ—এখন আসনমন্ত্র বলা হইতেছে—আসন-মন্ত্রের ঋষি মেরুপৃষ্ঠ, সুতল উহার ছন্দঃ ও কূর্ম্ম উহার দেবতা, আসনাভিমন্ত্রণে প্রয়োগ করা হয়। হে পৃথ্বি! তুমি সমস্ত লোককে ধারণ করিয়াছ, হে দেবি! বিষ্ণু তোমাকে ধারণ করিয়াছেন, তুমিও নিত্য আমাকে ধারণ কর এবং এই আসনকে পবিত্র কর ॥ ২১-২২ ॥

———

অথাসনানি

নারদপঞ্চরাত্রে—

বংশাশ্মদারুধরণীতৃণপল্লবনির্ম্মিতম্।
বর্জ্জয়েদাসনং বিদ্বান্ দারিদ্র্যব্যাধিদুঃখদম্ ॥
কৃষ্ণাজিনং কম্বলং বা নান্যদাসনমিষ্যতে ॥ ২৩ ॥

অনুবাদ—নারদপঞ্চরাত্রে বর্ণিত হইয়াছে,—বাঁশ, পাথর, কাঠ, মাটি, কুশ ছাড়া অন্য ঘাস (তৃণ) এবং পাতায় তৈরী আসন দারিদ্র, রোগ ও দুঃখ দেয়। অতএব বিদ্বানব্যক্তি এই সব আসন ব্যবহার করিবেন না। কৃষ্ণসার মৃগচর্ম্ম অথবা কম্বল ছাড়া অন্য আসন গ্রহণীয় নয় ॥ ২৩ ॥

টীকা—তৃণাসনঞ্চ দর্ভাতিরিক্ত-তৃণনির্ম্মিতং জ্ঞেয়ম্। একাদশস্কন্ধে 'প্রাগদর্ভৈঃ কল্পিতাসনঃ' ইতি শ্রীভগবদুক্তেঃ ॥ ২৩ ॥

———

অন্যত্র চ—

কৃষ্ণাজিনং ব্যাঘ্রচর্ম্ম কৌষেয়ং বেত্রনির্ম্মিতম্।
বস্ত্রাজিনং কম্বলংবা কল্পয়েদাসনং মৃদু ॥ ২৪ ॥

অনুবাদ—অন্যত্র বলা হইয়াছে—কৃষ্ণসার মৃগচর্ম্ম, ব্যাঘ্রচর্ম্ম, পট্টবস্ত্র, বেত্রনির্ম্মিত, কৃষ্ণাজিনোপরি বস্ত্র, অথবা কম্বল এই সকল দ্বারা কোমল আসন নির্ম্মাণ করিবেন ॥ ২৪ ॥

টীকা—কৃষ্ণাজিনং ব্যাঘ্রচর্ম্মেত্যাদিনা আসনাদৌ মতভেদ আশ্রমাদিভেদেন। তত্র বহূনাং যন্মতং, তদেব স্বসম্প্রদায়ানুসারেণ গ্রাহ্যমিতি দিক্ ॥ ২৪ ॥

———

অথ বিশেষতঃ আসনদোষগুণৌ

নারদপঞ্চরাত্রে—

বংশাদাহুর্দরিদ্রত্বং পাষাণে ব্যাধিসম্ভবম্।
ধরণ্যাং দুঃখসম্ভূতিং দৌর্ভাগ্যং দারবাসনে ॥ ২৫ ॥
তৃণাসনে যশোহানিং পল্লবে চিত্তবিভ্রমম্।
দর্ভাসনে ব্যাধিনাশং কম্বলং দুঃখমোচনম্ ॥ ২৬ ॥

অনুবাদ—অতএব বিশেষরূপে আসনের দোষগুণ শ্রীনারদ পঞ্চরাত্রে বলা হইয়াছে—পণ্ডিতগণ বলিয়াছেন, বাঁশের আসনে দারিদ্র, পাথরে রোগ, মাটিতে দুঃখ, কাঠে ভাগ্যহীনতা, তৃণময় আসনে যশোহানি, পাতার আসনে চিত্তবিভ্রম, কুশাসনে ব্যাধিনাশ—এবং কম্বলাসনে দুঃখ মোচন হয় ॥ ২৫-২৬ ॥

———

কিঞ্চ শ্রীভগবদ্‌গীতাসু (৬।১১)—

শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ।
নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং চৈলাজিনকুশোত্তরম্ ॥
ইতি ॥ ২৭ ॥

অনুবাদ—গীতায় উক্ত হইয়াছে—খুব উঁচু নয়, তা খুব নীচুও নয়, এই ভাবে পূর্ব্বদিকে অগ্রভাগ বিশিষ্ট কুশ, তারপর কৃষ্ণসার মৃগচর্ম্ম, তার উপর পাটের কাপড় পাতিয়া নিজের নিশ্চলাসন পবিত্র স্থানে স্থাপন করিবে। (কম্বলাসন এবং কোমল আসন গৃহীতব্য, কারণ আসন ভাল না হইলে সুস্থ-ভাবে দীর্ঘক্ষণ বসা সম্ভব হয় না)॥ ২৭॥

টীকা—চৈলাজিনকুশোত্তরমিতি প্রথমং প্রাগগ্রকুশাস্তদুপরি কৃষ্ণাজিনং, তদুপরি চীরমিত্যর্থঃ॥ ২৭॥

যথোক্তমুপবিশ্যাথ সংপ্রদায়ানুসারতঃ।
শঙ্খাদিপূজাসম্ভারান্ ন্যস্যেত্তত্তৎপদেষু তান্॥ ২৮॥

অনুবাদ—তারপর সম্প্রদায় অনুসারে উল্লিখিত আসনে বসিয়া শঙ্খাদি পূজার দ্রব্যাদি সকল যথা-যোগ্য স্থানে ঠিক ঠিক ভাবে সাজাইয়া লইবে॥ ২৮॥

টীকা—সম্প্রদায়ানুসারত ইতি বিবিধমতভেদাভিপ্রায়েণ, তত্তৎ পদেষু তেষাস্তেষামুচিতস্থানেষু তান্ প্রসিদ্ধান্ অগ্রে লেখ্যান্ বা॥ ২৮॥

তত্র পাত্রাসাদনম্

স্বস্য বামাগ্রতঃ শঙ্খং সাধারং স্থাপয়েদ্বুধঃ।
তত্রৈবার্ঘ্যাদিপাত্রাণি ন্যস্যেচ্চ দ্বারি ভাগশঃ॥ ২৯॥
তুলসীগন্ধপুষ্পাদিভাজনানি চ দক্ষিণে।
বামে চ স্থাপয়েৎ পার্শ্বে কলসং পূর্ণমম্ভসা॥ ৩০॥

অনুবাদ—নিজের বামদিকে সামনে আধার-সহ শঙ্খ, শঙ্খ মাটিতে রাখা নিষেধ। সেই স্থানেই পাদ্য, অর্ঘ্য, মধুপর্ক ও আচমনীয় পাত্র রাখিতে হইবে। ডানদিকে তুলসী, গন্ধ ও পুষ্পাদির পাত্র এবং বাম-দিকে জলের কলসী রাখিবেন॥ ২৯-৩০॥

দক্ষিণে ঘৃতদীপঞ্চ তৈলদীপঞ্চ বামতঃ।
সম্ভারানপরান্ন্যস্যেৎ স্বদৃষ্টিবিষয়ে পদে।
করপ্রক্ষালনার্থঞ্চ পাত্রমেকং স্বপৃষ্ঠতঃ॥ ৩১॥

অনুবাদ—তৈলপ্রদীপ বামভাগে এবং ঘৃত-প্রদীপ ডানদিকে রাখার নিয়ম। আর আর পূজার দ্রব্য সকল চোখের সামনে সুবিধামত রাখিতে হইবে এবং হাত ধুইবার জন্য নিজের পিছনে একটি পাত্র রাখিতে হইবে॥ ৩১॥

অথ পাত্রাণি তন্মাহাত্ম্যঞ্চ

দেবীপুরাণে—

নানাবিচিত্ররূপাণি পুণ্ডরীকাকৃতীনি চ।
শঙ্খনীলোৎপলাভানি পাত্রাণি পরিকল্পয়েৎ॥ ৩২॥
রত্নাদিরচিতান্যেব কাঞ্চীমূলযুতানি চ।
যথাশোভং যথালাভং তথা পাত্রাণি কারয়েৎ॥৩৩॥

কিঞ্চ—

হৈমপাত্রেণ সর্ব্বাণি চেপ্সিতানি লভেন্মুনে।
অর্ঘ্যং দত্ত্বা তথা রৌপ্যেণায়ুরাজং শুভং ভবেৎ।
তাম্রপাত্রেণ সৌভাগ্যং ধর্ম্মং মৃন্ময়সম্ভবম্॥ ৩৪॥

অনুবাদ—দেবীপুরাণে বর্ণিত হইয়াছে—পাত্র সকল পদ্মাকৃতি বা অন্য নানাবিধ বিচিত্র আকৃতির করিতে হয়। তাহাদের রং শাঁখের ন্যায় সাদা অথবা নীল-পদ্মের মত নীল কিংবা অন্য পরিষ্কার রং এর হইতে পারে। ঐ সকল পাত্র রত্নাদিদ্বারা নির্ম্মিত হইতে পারে এবং তাহাতে মেখলার মূলভাগ যোগ থাকিবে কিংবা যাহাতে দেখিতে ভাল হয় ও যাহা সহজেই পাওয়া যায় তাহা দ্বারাই পাত্র প্রস্তুত করাইবে। আরও বলা আছে—সুবর্ণপাত্রে অর্ঘ্য প্রদানে সর্ব্বা-ভীষ্ট লাভ হয়, রৌপ্যপাত্রে আয়ু বাড়ে, রাজ্যপ্রাপ্তি ও মঙ্গললাভ হয় এবং তাম্রপাত্রে সৌভাগ্য ও মাটির পাত্রে ধর্ম্ম সঞ্চয় হয়॥ ৩২-৩৪॥

বারাহে—

সৌবর্ণং রাজতং কাংস্যং যেন দীয়তে ভাজনম্।
তান্ সর্ব্বান্ সংপরিত্যজ্য তাম্রন্তু মম রোচতে॥৩৫
পবিত্রাণাং পবিত্রং যো মঙ্গলানাঞ্চ মঙ্গলম্।
বিশুদ্ধানাং শুচিঞ্চৈব তাম্রং সংসারমোক্ষণম্॥৩৬॥
দীক্ষিতানাং বিশুদ্ধানাং মম কর্ম্মপরায়ণঃ।
সদা তাম্রেণ কর্ত্তব্যমেবং ভূমি মম প্রিয়ম্॥

ইতি॥ ৩৭॥

অনুবাদ—বরাহপুরাণে বর্ণিত আছে—স্বর্ণ, রৌপ্য অথবা কাংস্য যাহা দ্বারা নির্ম্মিত পাত্র প্রদান করুক, তাম্রপাত্রেই আমার অধিক প্রীতি। তামা সকল পবিত্র পদার্থ অপেক্ষা পবিত্র, নিখিলমঙ্গলের মঙ্গল স্বরূপ, সর্ব্বাপেক্ষা বিশুদ্ধ ও ভবপাশ মোচক। আমার পূজাপরায়ণ দীক্ষিত পবিত্র ব্যক্তিগণ আমার প্রিয় তাম্রপাত্রই নির্ম্মাণ করাইবেন ॥ ৩৫-৩৭ ॥

টীকা—তদেব বিবিচ্য লিখতি—স্বস্যেতিসার্দ্ধ-ত্রয়েণ। আধারঃ শঙ্খস্যাশ্রয়স্তৎসহিতং, তত্র স্ববামাগ্রে এব, আদিশব্দেন পাদ্যাচমনীয়-মধুপর্কাঃ, ভাগশঃ পৃথক্ পৃথগিত্যর্থঃ ; দক্ষিণে তুলস্যাদি-পত্রাণি, কলসং প্রেক্ষণীয়জলকুম্ভম্। অপরান্ বস্ত্রালঙ্কারাদীন্, স্বস্যা-গ্রতো দৃষ্টেবিষয়ে গোচরে যৎ পদং স্থানং তস্মিন্ ॥ ২৯-৩৬ ॥

টীকা—দীক্ষিতানাং মধ্যে যো মহৎকর্ম্মপরায়ণ-স্তেন সদা তাম্রেণ কর্ত্তব্য-মিত্যর্থঃ ॥ ৩৭ ॥

কেচিচ্চ তাম্রপাত্রেষু গব্যাদের্যোগদোষতঃ।
তাম্রাতিরিক্তমিচ্ছন্তি মধুপর্কস্য ভাজনম্ ॥ ৩৮ ॥

অনুবাদ—কেহ কেহ বলেন যে,—গব্যাদির সহিত সংযুক্ত হইলে তাম্রপাত্র দূষিত হয়, এই হেতু তাঁহারা মধু-পর্কপাত্র হিসাবে তাম্র ব্যতীত অন্য ধাতুময় পাত্রের বিধান দেন ॥ ৩৮ ॥

টীকা—গব্যস্য ঘৃতব্যতিরিক্তস্য দুগ্ধাদিগোর-সস্য ॥ আদিশব্দান্মধুনশ্চ যোগে দোষাদ্ধেতোঃ। তথা চ স্মৃতিঃ—'তাম্রপাত্রে স্থিতং গব্যং মদ্যতুল্যং ঘৃতং বিনা' ইতি। মধুনশ্চ সুরাপরিবর্ত্তেন তাম্রপাত্রে দেয়ত্বাৎ। কেচিদিতি স্বমতং ব্যাবর্ত্তয়তি—'দধি-সর্পির্মধু সমং পাত্রে ঔড়ুম্বরে মম' ইতি সাক্ষাদ্ভগব-দ্বরাহোক্তেঃ ॥ ৩৮ ॥

তথৈব শঙ্খমেবার্ঘ্যপাত্রমিচ্ছন্তি কেচন।
শঙ্খে কৃত্বা তু পানীয়ং সপুষ্পং সতিলাক্ষতম্ ॥
অর্ঘ্যং দদাতি দেবস্যেত্যেবং স্কান্দেঽভিধানতঃ ॥৩৯

অনুবাদ—কোন কোন ব্যক্তি শঙ্খকেই অর্ঘ্যপাত্র হিসাবে পছন্দ করেন। কারণ স্কন্দপুরাণে কথিত আছে—শঙ্খে করিয়া পবিত্র জল, পুষ্প ও তিলসহ আতপ-চাউল শ্রীকৃষ্ণকে অর্ঘ্য প্রদান করিবে ॥ ৩৯ ॥

টীকা—কেচনেচ্ছন্তীত্যত্র হেতুং লিখতি—শঙ্খে কৃত্বেতি। স্কান্দেঽভিধানতঃ স্কন্দপুরাণোক্তেঃ ॥৩৯॥

অথ মঙ্গলঘটস্থাপনম্

মঙ্গলার্থঞ্চ কলসং সজলং করকান্বিতম্।
ফলাদিসহিতং দিব্যং ন্যসেদ্ভগবতোঽগ্রতঃ ॥ ৪০ ॥

অনুবাদ—মঙ্গলবিধানের উদ্দেশ্যে শ্রীভগবানের সম্মুখে জলপূর্ণ প্রস্তরখণ্ড যুক্ত ও ফলাদিসমন্বিত দিব্য কলসী স্থাপন করিবে ॥ ৪০ ॥

টীকা—পূর্ব্বং প্রোক্ষণীয়ঘটস্থাপনং লিখিতম্ ইদানীং মঙ্গলঘটন্যাসং লিখতি—মঙ্গলার্থমিতি। আদিশব্দেন কর্পূরাক্ষতাদি, দিব্যং পরমসুন্দরম্ ॥ ৪০ ॥

তথা চ স্কান্দে—
কুম্ভং সকরকং দিব্যং ফলকর্পূরসংযুতম্।
ন্যসেদর্চ্চনকালে তু কৃষ্ণস্যাতীববল্লভম্ ॥ইতি॥৪১॥

অনুবাদ—এই বিষয়ে স্কন্দপুরাণে বলা হইয়াছে—পূজার সময় প্রস্তর খণ্ড সংযুক্ত, ফল ও কর্পূর যুক্ত দিব্য কুম্ভ স্থাপন করিবে। কারণ উহা শ্রীকৃষ্ণের অতীব প্রিয় ॥ ৪১ ॥

কিঞ্চ—
সনীরঞ্চ সকর্পূরং কুম্ভং কৃষ্ণায় যো ন্যসেৎ।
কল্পং তস্য ন পাপেক্ষাং কুর্ব্বন্তি প্রপিতামহাঃ ॥৪২॥

অনুবাদ—শ্রীকৃষ্ণের উদ্দেশ্যে সজল, সকর্পূর কুম্ভ স্থাপনকারীর কল্প পর্য্যন্ত পাপ প্রপিতামহগণ ক্ষমা করেন ॥ ৪২ ॥

টীকা—কল্পং ব্রহ্মদিনং ব্যাপ্য পাপে ঈক্ষাং দৃষ্টিং ন কুর্ব্বন্তি ক্রিয়মাণমপি পাপং ন গৃহ্নন্তী-ত্যর্থঃ ॥ ৪২ ॥

অথার্ঘ্যাদিপাত্রাণি

প্রক্ষিপেদর্ঘ্যপাত্রে তু গন্ধপুষ্পাক্ষতান্ যবান্ ।
কুশাগ্র-তিলদূর্ব্বাশ্চ সিদ্ধার্থানপি সাধকঃ ।
কেচিচ্চাত্র জলাদীনি দ্রব্যাণ্যষ্টৌ বদন্তি হি ॥৪৩॥

অনুবাদ—সাধক অর্ঘ্যপাত্রে গন্ধ, পুষ্প, আতপ-চাউল, যব, কুশের অগ্রভাগ, তিল, দূর্ব্বা ও শ্বেতসরিষা রাখিবে। কেহ কেহ ঐ অর্ঘ্যপাত্র জলপ্রভৃতি আটটি জিনিষের ব্যবস্থা দিয়াছেন ॥ ৪৩ ॥

টীকা—অত্র অর্ঘ্যপাত্রে ॥ ৪৩ ॥

যত উক্তং ভবিষ্যে—

আপঃ ক্ষীরং কুশাগ্রাণি দধ্যক্ষততিলাস্তথা ।
যবাঃ সিদ্ধার্থকাশ্চৈবমর্ঘোঽষ্টাঙ্গঃ প্রকীর্ত্তিতঃ ॥৪৪॥
পাদ্যপাত্রে চ কমলং দূর্ব্বাং শ্যামাকমেব চ ।
বিনিক্ষিপেদ্বিষ্ণুপত্রীত্যেবং দ্রব্যচতুষ্টয়ম্ ॥ ৪৫ ॥
তথৈবাচমনীয়ার্থপাত্রে দ্রব্যত্রয়ং বুধঃ ।
জাতীফলং লবঙ্গঞ্চ কক্কোলমপি নিক্ষিপেৎ ॥ ৪৬ ॥
মধুপর্কীয়পাত্রে চ গব্যং দধি পয়ো ঘৃতম্ ।
মধুখণ্ডমপীত্যেবং নিক্ষিপেদ্দ্রব্যপঞ্চকম্ ॥ ৪৭ ॥

অনুবাদ—যেহেতু ভবিষ্যপুরাণে বলিয়াছেন—জল, দুগ্ধ, কুশের অগ্রভাগ, দধি, আতপচাউল, তিল, যব ও সাদাসরিষা— অর্ঘ্যের এই আটটি অঙ্গ। পাদ্যপাত্রে—পদ্ম, দুর্ব্বা, শ্যামাধান ও তুলসী এই চারিটি দ্রব্য রাখিবে। আর বিজ্ঞব্যক্তি আচমনীয় পাত্রে জাতীফল, লবঙ্গ ও কক্কোল এই তিনটি জিনিষ এবং মধুপর্কপাত্রে—গব্যদধি, দুগ্ধ, ঘৃত, মধু ও চিনি, এই পাঁচটি জিনিষ রাখিবেন ॥ ৪৪ ৪৭ ॥

কেচিত্রীণ্যেব পাত্রেঽস্মিন্ দ্রব্যাণীচ্ছন্তি সাধবঃ ॥৪৮
যত উক্তং শ্রীবিষ্ণুধর্ম্মে—
ঘৃতং দধি তথা ক্ষৌদ্রং মধুপর্কো বিধীয়তে ॥ ৪৯ ॥

অনুবাদ—কোন কোন সাধুজন মধুপর্কপাত্রে তিনটি দ্রব্যের বিধান দিয়া থাকেন, যেহেতু শ্রীবিষ্ণু-ধর্ম্মে বলা হইয়াছে—ঘৃত, দধি ও মধু এই দ্রব্যত্রয়ে মধুপর্ক হইয়া থাকে ॥ ৪৮-৪৯ ॥

আদিবারাহে চ—

দধি সর্পির্মধুসমং পাত্রে ঔড়ুম্বরে মম ।
মধুনস্তু অলাভে তু গুড়েন সহ মিশ্রয়েৎ ॥ ৫০ ॥
ঘৃতস্যালাভে সুশ্রোণি লাজৈশ্চ সহ মিশ্রয়েৎ ।
তথা দধ্নোঽপ্যলাভে তু ক্ষীরেণ সহ মিশ্রয়েৎ ॥
ইতি ॥ ৫১ ॥

অনুবাদ —আদি বরাহপুরাণেও বলা হইয়াছে—মদীয় মধুপর্কে তাম্রপাত্রে দধি, ঘৃত ও মধুসহ নিক্ষেপ করিবে। মধুর অভাবে গুড় ব্যবহার্য্য। হে সুশ্রোণি! ঘৃতের অভাব হইলে খই এবং দধির অভাব হইলে দুগ্ধসহ মিশ্রণ করিতে হইবে ॥৫০-৫১॥

টীকা—অস্মিন্ মধুপর্কপাত্রে, ঔড়ুম্বরে তাম্রে, অত্র চ ঘৃতং বিনেতি স্মৃত্যুক্ত্যা ঘৃতসহিতে তাম্রেঽপি গব্যস্য সংযোগো দ্রব্যান্তরসংযোগেন চ মধুনোঽপি ন দুষ্যত্যেবেতি তৈরভুক্তানামপি সম্মতং সূচিতম্ ॥ ৪৮-৫১ ॥

তেষামভাবে পুষ্পাদি তত্তদ্ভাবনয়া ক্ষিপেৎ ।
নারদস্ত্বাহ বিমলেনোদকেনৈব পূর্য্যতে ॥ ৫২ ॥

অনুবাদ—কোনও দ্রব্যই না পাওয়া গেলে মনে মনে ঐ সব দ্রব্যের কথা চিন্তা করিয়া পাত্রে পুষ্পাদি নিক্ষেপ করিতে হয়। শ্রীনারদের কথামত কেবল নির্ম্মল জলদ্বারাই তত্তৎপরিপূর্ণতা সাধিত হয় ॥৫২॥

টীকা—ননু গুড়াদ্যভাবে তথান্যস্যাপি কস্যচিদ-ভাবে সতি কিং কার্য্যম্' ইত্যপেক্ষায়ামাহ—তেষা-মিতি। উক্তানামর্ঘ্যাদিদ্রব্যাণামভাবে সতি তত্তদ্ভা-বনয়েতি তেষাং তেষাং দ্রব্যাণ্যাং মধ্যে যদ্যন্ন লভ্যতে, তস্য তস্য ভাবনয়া তত্তদিদমিতি চিন্তয়িত্বা তত্তৎপরিবর্ত্তেন তত্তৎপাত্রেষু পুষ্পাদিকং নিক্ষিপে-দিত্যর্থঃ। আদিশব্দেন তুলসীপত্রাদি, ননু পুষ্পাদ্য-ভাবেঽপি কিং কার্য্যং, তত্র লিখতি—নারদস্ত্বিতি। পূর্য্যতে তত্তৎপরিপূর্ণতা ভবতীত্যর্থঃ ॥ ৫২ ॥

মূলেন পাত্রৈণৈকৈকমষ্টকৃত্বোঽভিমন্ত্রয়েৎ ।
কুর্য্যাচ্চ তেষাং পাত্রাণাং রক্ষণং চক্রমুদ্রয়া ॥ ৫৩ ॥

পূজামারভমাণো হি যথোক্তাসনমাস্থিতঃ।
পঠেন্মঙ্গলশান্তিং তাং যাৰ্চ্চনে সম্মতা সতাম্ ॥৫৪॥

অনুবাদ—প্রত্যেক পাত্রের উপরে আটবার করিয়া মূলমন্ত্র জপ করিতে হইবে এবং চক্রমুদ্রাদ্বারা ঐ সকল পাত্রের রক্ষা করিবে। পূজা আরম্ভ করিয়াই যথা নির্দ্দিষ্ট আসনে উপবেশনপূর্ব্বক সাধুগণ উপদিষ্ট মঙ্গলশান্তির বিধান পাঠ করিবে ॥ ৫৩-৫৪ ॥

টীকা—মূলেন মূলমন্ত্রেণ ॥ ৫৩ ॥

অথ মঙ্গলশান্তিঃ

ওঁ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবা
ভদ্রং পশ্যেমাক্ষভির্যজত্রাঃ।
স্থিরৈরঙ্গৈস্তুষ্টুবাংসস্তনূভি-
র্ব্যশেম দেবহিতং যদায়ুঃ ॥ ৫৫ ॥

স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ, স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।
স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ,
স্বস্তি নো বৃহস্পতির্দধাতু ॥ ইতি পঠন্
'ওঁ শান্তিঃ শ্রীকৃষ্ণপাদপদ্মারাধনেষু শান্তির্ভবতু।'
ইতি ॥ ৫৬ ॥

অনুবাদ—অনন্তর মঙ্গলশান্তি—মূলোক্ত মন্ত্র—"ওঁ ভদ্রং কর্ণেভিঃ শৃনুয়ামঃ দেবাঃ, স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু"। (ইহার বঙ্গানুবাদ—হে দেববৃন্দ! আমরা যেন কানে ভালোকথা শুনিতে পাই। হে যাজ্ঞিকগণ! আমরা যেন চোখে ভাল দেখতে পাই, আর সুস্থ শরীর ও অঙ্গ প্রত্যঙ্গ পাইয়া যেন দেববিহিত আয়ুঃ ভোগ করিতে পারি। বৃদ্ধশ্রবাঃ ইন্দ্র আমাদের মঙ্গল বিধান করুন। বিশ্ববেদাঃ পূষা আমাদের মঙ্গল বিধান করুন, অরিষ্টনেমি তার্ক্ষ্য আমাদের মঙ্গল বিধান করুন এবং দেবগুরু বৃহস্পতি আমাদের মঙ্গল বিধান করুন) পাঠ করিয়া "ওঁ শান্তি শ্রীকৃষ্ণ পাদপদ্মারাধনেষু শান্তির্ভবতু" এই মন্ত্র পাঠ করিবে ॥ ৫৫-৫৬ ॥

অথ বিঘ্ননিবারণম্

অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া ॥ ৫৭ ॥
ইত্যুদীর্যাস্ত্রমন্ত্রেণ বামপাদস্য পার্ষ্ণিনা।
ঘাতৈস্ত্রিভির্বুধো বিঘ্নান্ ভৌমান্ সর্ব্বান্নিবারয়েৎ ॥৫৮
আন্তরীক্ষাংশ্চ তেনৈবোর্দ্ধোর্দ্ধতালত্রয়েণ হি।
নিরস্যোৎসারয়েদ্দিব্যান্ মান্ত্রিকো দিব্যদৃষ্টিতঃ ॥৫৯

অনুবাদ—মূলে উক্ত মন্ত্র—"অপসর্পন্তু তে ভূতা ...... তে পশ্যন্তু শিবাজ্ঞয়া" ইত্যাদি অর্থাৎ—'যে সকল ভূত পৃথিবীকে আশ্রয় করিয়া আছে তাহারা দূরীভূত হউক, যে সকল ভূত শুভকার্য্যের বিঘ্নকর্ত্তা ভূতপতির আদেশে তাহারা ধ্বংসপ্রাপ্ত হউক।" পাঠ করিয়া—'অস্ত্রায় ফট্' বলিয়া তিনবার বাম পদের গোড়ালি দিয়া ভূমিতে আঘাত করিয়া ভূমিগত বিঘ্ন নিবারণ করিবেন। "অস্ত্রায় ফট্ মন্ত্র দ্বারা অন্তরীক্ষের বিঘ্নরাশি দূর করিয়া মূল মন্ত্র যোগে দিব্যদৃষ্টি চিন্তা করিয়া সেই দিব্যদৃষ্টি দ্বারা দিব্য বিঘ্ন সমুদায় নিবারণ করিবেন ॥ ৫৭-৫৯ ॥

টীকা—অস্ত্রমন্ত্রঃ অস্ত্রায় ফড়িতি। যদ্বা, অস্মিন্ মন্ত্রে যোঽস্ত্রমন্ত্রস্তেনৈব, পার্ষ্ণিনা যে ঘাতাঃ প্রহারাস্তৈঃ ॥ ৫৮ ॥

টীকা—তেন অস্ত্রমন্ত্রেণ; দিব্যদৃষ্টিত ইতি মূলমন্ত্রসম্প্রিক্ষিত-দিব্যদৃষ্ট্যা দিব্যান্ বিঘ্নানুৎসারয়েদিত্যর্থঃ ॥ ৫৯ ॥

অথ শ্রীগুর্ব্বাদি-নতিঃ

ততঃ কৃতাঞ্জলির্বামে শ্রীগুরুং পরমং গুরুম্।
পরমেষ্ঠিগুরুঞ্চেতি নমেদ্গুরুপরম্পরাম্ ॥ ৬০ ॥
গণেশং দক্ষিণে ভাগে দুর্গামগ্রেঽথ পৃষ্ঠতঃ।
ক্ষেত্রপালং নমেদ্ভক্ত্যা মধ্যে চাভীষ্টদৈবতম্ ॥৬১॥
ততশ্চাস্ত্রেণ সংশোধ্য করৌ কুর্ব্বীত তেন হি।
তালত্রয়ং দিশাং বন্ধমগ্নিপ্রাকারমেব চ ॥ ৬২ ॥

অনুবাদ—তারপর অঞ্জলি-বন্ধন-পূর্ব্বক বামে শ্রীগুরু, পরমগুরু ও পরমেষ্ঠী গুরু প্রভৃতি গুরু পরম্পরাকে প্রণাম করিবে। অতঃপর ডানদিকে গণেশকে, সম্মুখে দুর্গাকে, পশ্চাৎ দিকে ক্ষেত্রপালকে এবং মধ্যস্থলে নিজ অভীষ্টদেবকে ভক্তিভরে প্রণাম করিবে। (ওঁ গুরুভ্যো নমঃ। গাং গণেশায় নমঃ ইত্যাদি প্রকারে বলিতে হইবে) পরে অস্ত্রমন্ত্র পাঠ করিয়া হাত দুইটি ধুইয়া, ঐ মন্ত্রেই উর্দ্ধ দিকে

তিনবার করতালি, দিক্‌বন্ধন ও বহ্নিপ্রাকার অর্থাৎ নিজশরীরের চারিদিকে অগ্নিবেষ্টন চিন্তা করিবে ॥ ৬০-৬২ ॥

টীকা—বামে গুরুপরম্পরাং নমেৎ; অত্র প্রয়োগঃ —"ওঁ গুরুভ্যো নমঃ, গাং গণেশায় নমঃ" ইত্যাদিঃ ॥ ৬০-৬১ ॥

টীকা—এবার্থো হি-শব্দাঃ; তেন অস্ত্রমন্ত্রেণৈব ঊর্দ্ধোর্দ্ধতালত্রয়াদি কুর্য্যাৎ, তত্রাগ্নিপ্রাকারমাত্মনঃ পরিতঃ কুর্য্যাৎ ॥ ৬২ ॥

অথ ভূতশুদ্ধিঃ

শরীরাকারভূতানাং ভূতানাং যদ্বিশোধনম্।
অব্যয়-ব্রহ্মসম্পর্কাৎ ভূতশুদ্ধিরিয়ং মতা ॥ ৬৩ ॥

অনুবাদ—শরীররূপে পরিণত পঞ্চমহাভূত ও প্রকৃতিজাত পঞ্চবিংশতি তত্ত্ব সকলই পরব্রহ্মের সম্বন্ধ বশতঃ জীবতত্ত্ব শ্রীভগবদংশহেতু কার্য্য-কারণ-রূপে বিদ্যমান—এইরূপ চিন্তার নাম ভূতশুদ্ধি ॥ ৬৩ ॥

টীকা—অথ ভূতশুদ্ধিং লিখিষ্যন্নাদৌ তদর্থং লিখতি—শরীরেতি, শরীরস্য আকারভূতানাম্ আকৃতিত্বং প্রাপ্তানাং শরীরতয়া পরিণতামিত্যর্থঃ, পঞ্চমহাভূতানামুপলক্ষণমেতৎ, সর্ব্বেষামেব দৈহিকতত্ত্বানাম্ অব্যয়ব্রহ্মণো জীবতত্ত্বস্য সম্পর্কাৎ তদাত্মকতয়া; যদ্বা, শ্রীভগবতোহংশত্বেন সম্বন্ধাদ্ধেতো-বিশোধনং কার্য্যকারণাদিভিন্নতয়া বিজ্ঞানং যদিয়মেব ভূতশুদ্ধির্মতাহভিজ্ঞৈঃ ॥ ৬৩ ॥

ভূতশুদ্ধিং বিনা কর্ত্তুর্জপহোমাদিকাঃ ক্রিয়াঃ।
ভবন্তি নিষ্ফলাঃ সর্ব্বা যথাবিধ্যপ্যনুষ্ঠিতাঃ ॥৬৪॥

অনুবাদ—ভূতশুদ্ধি ছাড়া জপাদিকারী ব্যক্তির জপাদি কর্ম্ম যথা নিয়মে করা হইলেও ফল দেয় না ॥ ৬৪ ॥

টীকা—অধুনা ভূতশুদ্ধের্নিত্যতাং লিখতি—ভূতশুদ্ধিমিতি। কর্ত্তুর্জপাদি-কারিণঃ; যথাবিধি বিধ্যনতিক্রমেণ অনুষ্ঠিতা নিষ্পাদিতা অপি নিষ্ফলা ভবন্তি, আত্মশোধনং বিনা মূলাশুদ্ধেঃ ॥ ৬৪ ॥

তৎপ্রকারশ্চ

করকচ্ছপিকাং কৃত্বাত্মানং বুদ্ধ্যা হৃদম্বুজতঃ।
শিরঃসহস্রপত্রাব্জে পরমাত্মনি যোজয়েৎ।
পৃথিব্যাদীনি তত্ত্বানি তস্মিন্ লীনানি ভাবয়েৎ ॥৬৫

অনুবাদ—এক্ষণে ভূতশুদ্ধির প্রকার বলা হইতেছে— প্রথমে করকচ্ছপিকা মুদ্রা রচনা করিয়া দীপ কলিকাকার জীবাত্মাকে বুদ্ধিযোগে হৃদয়-পদ্ম হইতে লইয়া মস্তকে সহস্রদল পদ্মের মধ্যবর্ত্তী পরমাত্মাতে যোজনা করিবে। তারপর পৃথিব্যাদি তত্ত্বসকল তাহাতে লীন হইয়াছে ভাবনা করিবে ॥ ৬৫ ॥

তাৎপর্য্য—পূজক ব্যক্তি প্রথমতঃ "সোহহং" অর্থাৎ আমি সেই ভগবানের অংশ, শুদ্ধ, জ্ঞানময় ও মুক্ত স্বভাবসম্পন্ন এইরূপ ভাবনা করিবেন অথবা সেই শ্রীভগবানের অংশনিবন্ধন আমি তাঁহার অধীন, নিত্য সেবক—এই প্রকার নিদ্ধারণ করিবেন। অনন্তর সেই পরমাত্মায় পৃথিব্যাদি কার্য্যকারণরূপ তত্ত্বসকলের ঐ পরমাত্মাই মূল হওয়ায় তৎসমুদায় তাঁহাতেই লীন হইয়াছে, এবম্প্রকার ভাবনা করিবেন কিংবা সেইসকল তদীয় মায়াময়— এইরূপ চিন্তা করিবেন ॥ ৬৫ ॥

টীকা—আত্মানং জীবাত্মানং প্রদীপকলিকাকারং 'সোহহম্' ইতি মন্ত্রেণ হৃৎপদ্মাৎ শিরঃস্থিতসহস্রদল-কমলমধ্যবর্ত্তিপরমাত্মনি বুদ্ধ্যা ভাবনয়া বিচারেণ বা যোজয়েৎ। তদংশত্বাত্তদভিন্নত্বেন তদীয়ত্বেন বা স্বাত্মানং বিজানীয়াদিত্যর্থঃ। এবঞ্চ সতি সোহহমিতি—সঃ শ্রীভগবদংশঃ শুদ্ধবুদ্ধমুক্তস্বভাবোহহম্; যদ্বা, তদংশত্বেন তদধীনো নিত্যসেবকোহস্মীত্যর্থঃ। ততশ্চ তস্মিন্ পরমাত্মন্যেব পৃথিব্যাদীনি কার্য্য-কারণতত্ত্বানি সর্ব্বাণ্যেব তদেকমূলত্বেন লীনানি তদাত্মকানি তন্মায়াময়ানি বা বিভাবয়েদিত্যর্থঃ। অত্র চ প্রলয়রীত্যা সাংখ্যোক্ত-সৃষ্টিপ্রাপ্তিলৌম্যেন কার্য্যস্য কারণে লয়দ্বারা তেষাং সর্ব্বেষামেব পরম-কারণেহবধিভূতে ভগবতি লয়ো দ্রষ্টব্য ইতি দিক্ ॥ ৬৫ ॥

বামহস্তং তথোত্তানমধো দক্ষিণবন্ধিতম্।
করকচ্ছপিকা মুদ্রা ভূতশুদ্ধৌ প্রকীর্ত্তিতা ॥ ৬৬ ॥

অনুবাদ—ভূতশুদ্ধি-কার্য্যে যে কচ্ছপিকা মুদ্রার কথা বলা হইয়াছে, তাহা এই প্রকার—বামহাত উত্তানভাবে রাখিয়া তাহার উপর ডানহাত নিম্নমুখে বন্ধন করিয়া রাখা ॥ ৬৬ ॥

টীকা—করকচ্ছপিকাং কৃত্বেতি লিখিতং তামেব দর্শয়তি—বামহস্তমিতি ॥ ৬৬ ॥

———

দেহং সংশোষ্য দগ্ধ্বেদমাপ্লাব্যামৃতবর্ষতঃ।
উৎপাদ্য দৃঢ়য়িত্বাসুপ্রতিষ্ঠাং বিধিনাচরেৎ ॥ ৬৭ ॥

অনুবাদ—বিধিপূর্ব্বক এই পাপভৌতিক পাপময় দেহ শুষ্ক করিয়া তৎপরে অগ্নিতে দাহ চিন্তা করিবে। তৎপরে তাহাতে অমৃত বর্ষণ দ্বারা দেহকে শীঘ্র উৎপাদন পূর্ব্বক দৃঢ়ীভূত করিয়া উহাতে প্রাণ-প্রতিষ্ঠা করিবে ॥ ৬৭ ॥

তাৎপর্য্য—প্রথমতঃ পাপপুরুষকে ভাবনা করিবে। পাপপুরুষ জন্মাদি দুঃখদাতা, পঞ্চমহাপাতক তাঁহার পঞ্চ অঙ্গ। পাতকসমূহ তাঁহার উপাঙ্গ ও উপপাতক সকল তাঁহার রোম, ঐ পুরুষটি কৃষ্ণবর্ণ, ক্রূর ও অতি ভয়ানক। অন্যত্রও বর্ণিত হইয়াছে,—ব্রহ্মহত্যা তাঁহার মস্তক, স্বর্ণচৌর্য্য ভুজদ্বয়, সুরাপানরূপ হৃদয়-যুক্ত গুরুপত্নী-গমন কটিদেশ, পাতকসকল তাঁহার পদদ্বয় ও অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গ উপপাতক সকল তাঁহার রোম। তাঁহার শ্মশ্রু ও নয়ন রক্তবর্ণ। খড়্গ ও চর্ম্মধারী সেই পুরুষ। তাঁহার বৃদ্ধাঙ্গুষ্ঠসমদেহ, তিনি অধোমুখ ও কৃষ্ণবর্ণ। এইরূপ ভাবনা করিয়া বাম-নাসাপুটে "যং" এই ধূম্রবর্ণ পরমশোষক বায়ুবীজ চিন্তা করতঃ ষোড়শবার উহা জপ করিয়া বায়ুপূর্ণ করিয়া মনোদ্বারা ঐ বীজকে নাভিমণ্ডলে লইয়া যাইবে এবং চতুঃষষ্টিবার জপ করতঃ কুম্ভক অর্থাৎ বায়ুপূর্ণ করিবার পর ঐ "যং" বীজোত্থিত বায়ুদ্বারা ঐ পাপ-পুরুষের সহিত সমস্ত দেহকে শুষ্ক করিতে হইবে। তৎপরে দ্বাত্রিংশৎ বার "যং" বীজ জপপূর্ব্বক দক্ষিণ নাসাপুট দ্বারা বায়ু রেচন করিবে। অতঃপর "রং" এই রক্তবর্ণ, বায়ুসহ বহ্নিবীজ দক্ষিণ নাসাপুট মধ্যে চিন্তা করিয়া ষোড়শবার জপপূর্ব্বক বীজকে মূলাধারে লইয়া গিয়া চতুঃষষ্টিবার জপকরতঃ কুম্ভক করিয়া তদুত্থিত অগ্নিদ্বারা পাপপুরুষের সহিত ঐ দেহ দগ্ধ করিয়া দ্বাত্রিংশবার জপ করতঃ ভস্মের সহিত ঐ বায়ুকে বামনাসাপুট দ্বারা রেচন করিতে হইবে। তৎপরে "ঠং" এই শ্বেতবর্ণ চন্দ্রবীজকে বাম নাসাপুট-মধ্যে চিন্তা করিয়া ষোড়শবার জপ করিবে। পরে বায়ুপূর্ণ করিয়া বীজকে ব্রহ্মরন্ধ্রস্থ চন্দ্রে লইয়া গিয়া ঐ চন্দ্রমণ্ডলে "বং" এই বরুণবীজ ধ্যান করিবে এবং ঐ বীজ চতুঃষষ্টিবার জপকরতঃ কুম্ভক করিয়া "ঠং" এই বীজময় চন্দ্র হইতে বর্ণময়ী অমৃতধারা উৎপাদন করিতে হইবে। ঐ ধারা দ্বারা দগ্ধ শরী-রকে প্লাবিত করিয়া চিন্তা করিবে যে, শরীর উৎপন্ন হইয়াছে। তৎপরে যেমন মাতৃকান্যাস কথিত হই-য়াছে, তদনুসারে অকরাদি বর্ণময়ী সেই অমৃতধারায় মুখ ও হস্তপদাদি উৎপাদন করিয়া "লং" এই পীত-বর্ণ পৃথিবীবীজ দ্বাত্রিংশৎ বার জপপূর্ব্বক সমস্ত শরীরকে দৃঢ় করিয়া দক্ষিণ নাসারন্ধ্রদ্বারা বায়ু নিঃসারণ করিবে।

প্রাণপ্রতিষ্ঠার বিধি—"প্রাণপ্রতিষ্ঠামন্ত্রস্য ব্রহ্ম-বিষ্ণু-রুদ্রা ঋষয়ঃ ঋক্-যজুঃ-সামানি ছন্দাংসি অতিচ্ছন্দো বা ছন্দঃ ক্রিয়াময়বপুঃ প্রাণাখ্যা দেবতা প্রাণপ্রতিষ্ঠার্থে বিনিয়োগঃ"। অর্থাৎ প্রাণ-প্রতিষ্ঠা মন্ত্রের ঋষি ব্রহ্মা, বিষ্ণু এবং রুদ্র। ঋক্, যজুঃ, সাম অথবা ক্রিয়াময় অতিচ্ছন্দঃ ইহার ছন্দঃ। প্রাণ ইহার দেবতা। এই মন্ত্র প্রাণপ্রতিষ্ঠা কার্য্যে প্রয়োগ করিতে হয়।

ওঁ কং খং গং ঘং ঙং অং পৃথিব্যপ্তেজোবায়্-বাকাশাত্মনে আং হৃদয়ায় নমঃ। ওঁ চং ছং জং ঝং ঞং ইং শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধাত্মনে ঈং শিরসে স্বাহা। ওঁ টং ঠং ডং ঢং ণং উং শ্রোত্রত্বক্চক্ষু-র্জিহ্বাঘ্রাণাত্মনে ঊং শিখায়ৈ বষট্। ওঁ তং থং দং ধং নং এং বাক্পাণিপাদপায়ূপস্থাত্মনে ঐং কবচায় হুং। ওঁ পং ফং বং ভং মং ওঁ বচনাদানগমন-বিসর্গানন্দাত্মনে ওঁ নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অং মনোবুদ্ধ্যহঙ্কার-চিত্তাত্মনে অং অস্ত্রায় ফট্। —এই মন্ত্র পাঠ করিতে হইবে। অতঃপর নাভির অধোভাগে "ওঁ আং" ন্যাস করিতে হইবে এবং হৃদয় হইতে নাভিস্থান পর্য্যন্ত "ওঁ হ্রীং", ও মস্তক হইতে হৃদয় পর্য্যন্ত "ওঁ হ্রৌং" ন্যাস করিতে হইবে। তৎপরে হৃদয়ে "ওঁ যং ত্বগাত্মনে নমঃ"। দক্ষিণ স্কন্ধে 'ওঁ রং অসৃগাত্মনে

নমঃ” কক্কুভাগে “ওঁ লং মাংসাত্মনে নমঃ”। বাম-স্কন্ধে “ওঁ বং মেদাত্মনে নমঃ”। হৃদয় হইতে দক্ষিণ হস্তপর্য্যন্ত অংশে “ওঁ শং অস্থ্যাত্মনে নমঃ”। হৃদয় হইতে বামহস্তপর্য্যন্ত অংশে “ওঁ ষং মজ্জাত্মনে নমঃ”। হৃদয় হইতে দক্ষিণপাদ পর্য্যন্ত অংশে “ওঁ সং শুক্রাত্মনে নমঃ”। হৃদয় হইতে বামপাদ পর্য্যন্ত অংশে “ওঁ হং প্রাণাত্মনে নমঃ”। হৃদয় হইতে নাভিপর্য্যন্ত অংশে “ওঁ লং জীবাত্মনে নমঃ” এবং হৃদয় হইতে মস্তকপর্য্যন্ত অংশে “ওঁ ক্ষং পরমাত্মনে নমঃ”। —এই রূপ ন্যাস করিতে হইবে।

তাহার পর ধ্যান করিতে হইবে, যথা—

“বক্তাম্ভোধিস্থ-পেতোল্লসদরুণসরোজাধিরূঢ়া করাগ্রৈঃ
পাশং কোদণ্ডমিক্ষুদ্ভবমথ গুণমপ্যঙ্কুশং পুষ্পবাণান্।
বিভ্রাণাসৃক্কপালং ত্রিনয়নলসিতা পীনবক্ষোরুহাঢ্যা
দেবী বালার্কবর্ণা ভবতু শুভকরী প্রাণশক্তিঃ পরা নঃ॥”

[**বঙ্গানুবাদ**—বর্ণময়ী পরমা প্রাণশক্তি দেবী মুখরূপ সমুদ্রে ভাসমান তরণীতে দীপ্তিমৎ রক্ত-পদ্মে অধিরোহণ করিয়াছেন। হস্তে পাশ, ইক্ষুদণ্ডোৎপন্ন ধনু, গুণ, অঙ্কুশ, পুষ্পবাণ ও অসৃক্কপাল ধারণ করিতেছেন। তিনি ত্রিনয়না, পীনপয়োধরবক্ষা, তাঁহার বর্ণ উদীয়মান সূর্য্যের মত। তিনি আমাদিগের প্রতি মঙ্গলবিধান করুন।]

এইরূপ ধ্যান করিয়া পরে হৃদয়ে হস্ত প্রদানপূর্ব্বক উচ্চারণ করিতে হইবে—“ওঁ আঁং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হং লংক্ষং হৌং হং সঃ মম প্রাণা ইহ প্রাণাঃ” অর্থাৎ আমার প্রাণ এই স্থানে। পুনরায় ঐ সকল বীজ উচ্চারণপূর্ব্বক বলিতে হইবে—“মম জীব ইহ স্থিত” অর্থাৎ আমার জীব এইস্থানে অধিষ্ঠিত হইল। পুনর্ব্বার ঐ সকল বীজ উচ্চারণপূর্ব্বক বলিতে হইবে—“মম সর্ব্বেন্দ্রিয়াণি” অর্থাৎ আমার সকল ইন্দ্রিয় এই স্থানে। পুনর্বার ঐ সকল বীজই উচ্চারণ করিয়া বলিতে হইবে—“মম বাঙ্মনস্ত্বক্-চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণাঃ ইহায়াস্ত স্বস্তয়ে চিরং সুখেন তিষ্ঠন্তু স্বাহা” অর্থাৎ আমার এই বাক্য, মন, ত্বক, চক্ষুঃ, কান, নাসিকা ও প্রাণ পর্য্যন্ত সকল এই স্থানে থাকুক, মঙ্গলসাধনের জন্য দীর্ঘকাল সুখে বাস করুক। পরে জন্ম প্রভৃতি দশ সংস্কার সিদ্ধির জন্য ষোড়শবার প্রণব আবৃত্তি করিয়া পরমা শক্তি স্মরণ করিবে॥ ৬৭॥

টীকা—অধুনা ভূতশুদ্ধিপ্রকারমেব লিখতি—দেহমিতি দ্বাভ্যাম্। বিধিনেত্যস্য সর্ব্বত্রৈব সম্বন্ধঃ। ইদং পাঞ্চভৌতিকং পাপময়ং দেহং সংশোষ্য সম্যক্ শোষং নীত্বা ততো দগ্ধা তদেব ততশ্চামৃতবৃষ্ট্যা আপ্লাব্য পশ্চাদুৎপদ্য তচ্চামৃতবৃষ্ট্যৈবেত্যুভয়োরপ্যেককারণত্বাদমৃতবর্ষত ইতি কারণোল্লেখঃ। অনন্তরং দৃঢ়ীকৃত্য এতচ্চ সর্ব্বং ভাবনয়ৈব, ততঃ প্রাণপ্রতিষ্ঠাং কুর্য্যাদিত্যর্থঃ। তত্র চায়ং বিধিঃ—আদৌ পাপপুরুষং চিন্তয়েৎ; তথা চোক্তম্—‘মূলাজ্ঞানং ততঃ পাপং জন্মাদিদুঃখদঞ্চ যৎ। প্রাণাপানৌ নিরুধ্যাথ তস্য রূপং বিচিন্তয়েৎ। মহাপাতকপঞ্চাঙ্গং পাতকোপাঙ্গসংশ্রয়ম্। উপপাতকরোমাণং কৃষ্ণং ক্রূরাতিভীষণম্’তি। অন্যত্র চ—‘ব্রহ্মহত্যাশিরস্কঞ্চ স্বর্ণস্তেয়ভুজদ্বয়ম্। সুরাপানহৃদাযুক্তং গুরুতল্পকটিদ্বয়ম্। তৎসংযোগিপদদ্বন্দ্বমঙ্গপ্রত্যঙ্গপাতকম্। উপপাতকরোমাণং রক্তশ্মশ্রুবিলোচনম্। খড়্গচর্ম্মধরং পাপমঙ্গুষ্ঠপরিমাণকম। অধোমুখং কৃষ্ণবর্ণং দক্ষকুক্ষৌ বিচিন্তয়েদ্’ ইতি। তন্নাশার্থমাদৌ যমিতি বায়ুবীজং ধূম্রবর্ণং পরমশোষণং বামনাসাপুটে বিচিন্ত্য তস্য ষোড়শবারজপেন বায়ুমাপূর্য্য নাভিমণ্ডলে বীজং মনসা নীত্বা যং-বীজস্য চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা, যং-বীজোত্থবায়ুনা সপাপপুরুষং সর্ব্বশরীরং সংশোষ্য, যংবীজস্য দ্বাত্রিংশদ্বারজপেন দক্ষিণনাসাপুটেন তং বায়ুং রেচয়েৎ। ততো রমিতি বহ্নিবীজং রক্তবর্ণং বায়ুসম্বন্ধং দক্ষিণনাসাপুটে বিচিন্ত্য তস্য ষোড়শবারজপেন বায়ুমাপূর্য্য মূলাধারে বীজং নীত্বা চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা বীজোত্থবহ্নিনা সপাপপুরুষং সমস্তদেহং দগ্ধা দ্বাত্রিংশদ্বারজপেন ভস্মনা সহিতং বায়ুং বামনাসাপুটেন রেচয়েৎ। ততশ্চ ঠমিতি চন্দ্রবীজং শ্বেতবর্ণং বামনাসাপুটে বিচিন্ত্য তস্য ষোড়শবারজপেন বায়ুমাপূর্য্য বীজং ব্রহ্মরন্ধ্রস্থং চন্দ্রং নীত্বা তচ্চন্দ্রমণ্ডলমধ্যে বমিতি বরুণবীজং ধ্যাত্বা তস্য চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা ঠং-বীজাত্মকচন্দ্রাদ্বর্ণময়ীমমৃতবৃষ্টিমুৎপাদ্য তয়াপ্লাব্য ততঃ শরীরমুৎপন্নং বিভাব্য পুনরকারাদি বর্ণরূপয়া তয়া মাতৃকান্যাসানুসারেণ মুখকরচরণাদিকমুৎপাদ্য

লমিতি পৃথিবীবীজস্য পীতবর্ণস্য দ্বাত্রিংশদ্বারজপেন সমস্তং শরীরং দৃঢ়ীকুর্ব্বন্ দক্ষিণনাসাপুটেন বায়ুং রেচয়েদিতি। অত্র চ তত্র তত্র দ্বাত্রিংশদ্বারজপেন পূরণং রেচনঞ্চ ষোড়শবারজপেনেতি। 'রেচঃ ষোড়শ-মাত্রাভিঃ পূরো দ্বাত্রিংশতা ভবেৎ'—ইতি বচনাৎ।

এতচ্চ কস্যচিদেব মতং, ন তু বহূনামিত্যগ্রে ব্যক্তং ভাবি; প্রাণপ্রতিষ্ঠাবিধিশ্চায়ম্—প্রাণপ্রতিষ্ঠা-মন্ত্রস্য ব্রহ্মবিষ্ণুরুদ্রা ঋষয়ঃ ঋগ্যজুঃসামানি ছন্দাংসি অতিচ্ছন্দো বা ছন্দঃ ক্রিয়াময়বপুঃ প্রাণাখ্যা দেবতা প্রাণপ্রতিষ্ঠার্থে বিনিয়োগঃ। ওঁ কং খং গং ঘং ঙং অং পৃথিব্যপ্তেজোবায়্বাকাশাত্মনে আং হৃদয়ায় নমঃ। ওঁ চং ছং জং ঝং ঞং ইং শব্দস্পর্শরূপরসগন্ধাত্মনে ঈং শিরসে স্বাহা। ওঁ টং ঠং ডং ঢং ণং উং শ্রোত্র-ত্বক্‌চক্ষুর্জিহ্বাঘ্রাণাত্মনে উং শিখায়ৈ বষট্। ওঁ তং থং দং ধং নং এং বাক্‌পাণিপাদপায়ূপস্থাত্মনে ঐং কবচায় হুং। ওঁ পং ফং বং ভং মং ওঁ বচনাদান-গমনবিসর্গানন্দাত্মনে ওঁ নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অং মনোবুদ্ধ্যহঙ্কার-চিত্তাত্মনে অঃ অস্ত্রায় ফট্। ওঁ আং নাভেরধঃ। ওঁ হ্রীঁ হৃদয়াদানাভি। ওঁ ক্রোঁ মস্তকাদাহৃদয়ম্। ততঃ ওঁ যং ত্বগাত্মনৈ নমঃ হৃদি। ওঁ রং অসৃগা-ত্মনে নমঃ দক্ষিণাংসে। ওঁ লং মাংসাত্মনে নমঃ ককুদি। ওঁ বং মেদআত্মনে নমঃ বামাংসে। ওঁ শং অস্থ্যাত্মনে নমঃ হৃদয়াদ্দক্ষিণপাণিপর্য্যন্তম্। ওঁ ষং মজ্জাত্মনে নমঃ হৃদয়াদ্বামপাণিপর্য্যন্তম্। ওঁ সং শুক্রাত্মনে নমঃ হৃদয়াদ্দক্ষিণপাদপর্য্যন্তম্। ওঁ হং প্রাণাত্মনে নমঃ হৃদয়াদ্বামপাদপর্য্যন্তম্। ওঁ লং জীবাত্মনে নমঃ হৃদয়ান্নাভিপর্য্যন্তম্। ওঁ ক্ষং পর-মাত্মনে নমঃ হৃদয়ান্মস্তক-পর্য্যন্তম্। তত্র ধ্যানম্— 'রক্তাম্ভোধিস্থপোতোল্লসদরুণ-সরোজাধিরূঢ়া করাগ্রৈঃ, পাশং কোদণ্ডমিক্ষুদ্ভবমথ গুণমপ্যঙ্কুশং পুষ্পবাণান্। বিভ্রাণাসৃক্কপালং ত্রিনয়নললিতা পীনবক্ষোরুহাঢ্যা, দেবী বালার্কবর্ণা ভবতু শুভকরী প্রাণশক্তিঃ পরা নঃ॥' ইতি। অথ হৃদি হস্তং নিধায়োচ্চারয়েৎ —ওঁ আঁ হ্রীঁ ক্রোং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং হোং হং সঃ মম প্রাণা ইহ প্রাণা ইতি। পুনস্তান্যেব বীজানুচ্চার্য্য মম জীব ইহ স্থিত ইতি পুনস্তান্যেবোচ্চার্য্য মম সর্ব্বেন্দ্রিয়াণীতি। পুনস্তান্যু-চ্চার্য্য মম বাঙ্মনস্ত্বক্‌চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহায়ান্তু স্বস্তয়ে চিরং সুখেন তিষ্ঠন্তু স্বাহা ইতি মন্ত্রঃ। ততো জন্মাদিক-দ্ব্যষ্টসংস্কারসিদ্ধয়ে ষোড়শপ্রণবাবৃত্তীঃ কৃত্বা শক্তিং পরাং স্মরেদিতি ॥ ৬৭ ॥

———

আত্মানমেবং সংশোধ্য নীত্বা কৃষ্ণার্চ্চনার্হতাম্।
বাৎসল্যাদ্ধৃদ্গতং কৃষ্ণং যষ্টুং হৃৎ পুনরানয়েৎ ॥৬৮

অনুবাদ—এই প্রকারে শোধন করিয়া জীবাত্মাকে শ্রীকৃষ্ণ পূজার যোগ্য করিয়া ভক্তবাৎসল্যহেতু হৃৎ-পদ্মে সমাগত শ্রীকৃষ্ণের অর্চ্চনা করিবার নিমিত্ত ঐ আত্মাকে পুনরায় হৃদয়ে আনয়ন করিতে হইবে ॥৬৮

তাৎপর্য্য—ভগবান্ শ্রীকৃষ্ণ পরমাত্মস্বরূপে মস্ত-কস্থ সহস্রদলপদ্মে অবস্থিত আছেন, তাঁহার হৃদয়ে থাকার সম্ভাবনা কিরূপে? এই আশঙ্কায় হেতু-নির্দ্দেশ পূর্ব্বক বলিতেছেন, তিনি ভক্তবৎসল, সেই কারণে হৃৎপদ্মে আসিয়া থাকেন। সুতরাং ভগবানের ধ্যানাদি হৃদয়েই করিতে হইবে ॥ ৬৮ ॥

টীকা—এবং লিখিতপ্রকারেণ আত্মানং সম্যক্ শোধয়িত্বা তেন চ শ্রীকৃষ্ণস্য অর্চ্চনার্হতাং পূজাযোগ্য-তাং নীত্বা সম্পাদ্য পুনস্তং হৃদয়কমলমানয়েৎ। কিমর্থম্? কৃষ্ণং যষ্টুং পূজয়িতুম্; ননু ভগবান্ পরমাত্মরূপোঽসৌ মূর্দ্ধি সহস্রদলকমলে বর্ত্ততে, তত্র লিখতি—বাৎসল্যাৎ ভক্তবাৎসল্যেন হৃৎ হৃদব্জং গতং প্রাপ্তমিতি, অতএব ভগবতো ধ্যানাদিকং হৃদয় এব সর্ব্বতো নির্দ্দিশ্যত ইতি দিক্ ॥ ৬৮॥

———

তথা চ ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে—

নাভিস্থবায়ুনা দেহং সপাপং শোষয়েদ্বুধঃ।
বহ্নিনা হৃদয়স্থেন দহেত্তচ্চ কলেবরম্ ॥ ৬৯ ॥
সহস্রারে মহাপদ্মে ললাটস্থে স্থিতম্ বিধুম্।
সম্পূর্ণমণ্ডলং শুদ্ধং চিন্তয়েদমৃতাত্মকম্ ॥ ৭০ ॥
তস্মাদ্গলিতধারাভিঃ প্লাবয়েত্তস্মসাদ্বুধঃ।
আভির্বর্ণময়ীভিশ্চ পঞ্চভূতাত্মকং বপুঃ।
পূর্ব্ববদ্ভাবয়েদ্দেবীমিত্যাদি ॥ ৭১ ॥

অনুবাদ—ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রেও এই বিষয়ে বলা হইয়াছে—সাধক নাভিস্থলগত বায়ুদ্বারা পাপপুরুষের

সহিত দেহকে শোষণ করিবেন এবং ঐ দেহকে হৃদয়স্থ বহ্নিদ্বারা দাহ করিবেন। তারপর ভাবনা করিবেন যে, ললাটস্থ সহস্রদলকমলে অবস্থিত বিশুদ্ধ পূর্ণচন্দ্র অমৃতময়। তাহা হইতে ক্ষরিত ধারা দ্বারা ভস্মীভূত দেহ প্লাবিত হইয়া পূর্ব্ববৎ হইয়াছে এইরূপ চিন্তা করিতে হইবে ॥ ৬৮-৭১ ॥

টীকা—এতদেব প্রমাণয়ন্ ভূতশুদ্ধিপ্রকারঞ্চ কিঞ্চিৎ প্রপঞ্চ্য দর্শয়তি—তথা চেতি। সপাপং পাপপুরুষসহিতং পূর্ব্বং দাহেন ভস্মসাদ্ভূতম্ আপ্তি-ধারাভিঃ ॥ ৬৯-৭১ ॥

কিঞ্চাগ্রে—

ততস্তস্মাৎ সমাকৃষ্য প্রণবেন তু মন্ত্রবিৎ।
তত্তেজো হৃদয়ে ন্যস্য চিন্তয়েদ্বিষ্ণুমব্যয়ম্ ॥ ৭২ ॥
কিংবা চিন্তনমাত্রেণ ভূতশুদ্ধিং বিধায় তাম্।
প্রাণায়ামাংস্ততঃ কুর্য্যাৎ সম্প্রদায়ানুসারতঃ ॥৭৩॥

অনুবাদ—এরপরে বলা হইয়াছে—মন্ত্রবিৎ ব্যক্তি তাহার পর বিশুদ্ধ আত্মতত্ত্বস্বরূপতেজ ঐ সহস্রদল পদ্ম হইতে প্রণবদ্বারা আকর্ষণ করিয়া অব্যয় হৃদয়ে স্থাপিত করিয়া অব্যয় শ্রীবিষ্ণুকে চিন্তা করিবেন। অথবা—উল্লিখিত প্রকারে অসামর্থ্য থাকিলে কেবল ভাবনা দ্বারাই ভূতশুদ্ধি করিয়া তারপর সম্প্রদায় অনুসারে প্রাণায়াম করিবেন ॥ ৭২-৭৩ ॥

টীকা—ততঃ শরীরোৎপত্ত্যনন্তরং তস্মাৎ সহস্র-দলকমলাৎ পরমাত্মনো বা সকাশাৎ তৎ শুদ্ধাত্মতত্ত্ব-রূপং তেজঃ ॥ ৭২ ॥

টীকা—তত্রাশক্তৌ প্রকারান্তরং লিখতি—কিং-বেতি। চিন্তনমাত্রেণেতি—পূরককুম্ভকাদিকং বিনা কেবলং ভাবনয়ৈব দেহশোষণাদিকং কৃত্বেত্যর্থঃ। সৎসম্প্রদায়ানুসারতঃ ইতি ভূতশুদ্ধৌ মতভেদান্নানা-প্রকারত্বেন, তথা প্রাণায়ামেষু চ কেষাঞ্চিন্মতেঽস্মিন্ন-বসরেঽকরণাৎ, কেষাঞ্চিন্মতে করণেঽপি প্রণবস্য জপাৎ, কেষাঞ্চিন্মতে বীজস্য, তত্রাপি কেষাঞ্চিন্মতে বারত্রয়ং, কেষামপি মতে বহুবারানিত্যেবং মতভেদা-ন্নানাপ্রকারত্বেনানৈকান্তত্বাৎ নিজসম্প্রদায়-ব্যবহার এবানুসর্ত্তব্য ইত্যর্থঃ। এবমন্যত্রাপি ॥ ৭৩ ॥

অথ প্রাণায়ামঃ

রেচঃ ষোড়শমাত্রাভিঃ পুরো দ্বাত্রিংশতা ভবেৎ।
চতুঃষষ্ট্যা ভবেৎ কুম্ভ এবং স্যাৎ প্রাণসংযমঃ ॥৭৪

অনুবাদ—অনন্তর প্রাণায়াম—১৬ মাত্রা দ্বারা রেচক, ৩২ মাত্রা দ্বারা পূরক এবং ৬৪ মাত্রা দ্বারা কুম্ভক হয়। এইরূপ করিলে প্রাণ বায়ুর দমন হয় ॥৭৪

(নিজের হাত দিয়া নিজের জানুমণ্ডল পরিবেষ্টন করিতে যে সময় লাগে তার নাম মাত্রা। শরীর হইতে বায়ু বাহির করাকে রেচক, বায়ুদ্বারা ভর্ত্তি করাকে পূরক, দেহ মধ্যে বায়ুরোধ করিয়া রাখাকে কুম্ভক বলে)

বিরেচ্য পবনং পূর্ব্বং সঙ্কোচ্য গুদমণ্ডলম্।
পূরয়িত্বা বিধানেন স্বশক্ত্যা কুম্ভকে স্থিতঃ ॥ ৭৫ ॥

অনুবাদ—প্রথমতঃ বায়ুবিরেচন করিয়া গুহ্য দেশ সঙ্কোচপূর্ব্বক নিজ শক্তি-অনুসারে যথাবিধি বায়ুপূর্ণ করতঃ কুম্ভক করিতে হইবে ॥ ৭৫ ॥

টীকা—মাত্রাভিশ্চ ষোড়শভী রেচঃ দ্বাত্রিংশতা চ পুরো ভবেৎ, এবং যত্রাদৌ রেচনং অন্তে পূরণং তত্রৈবৈষা ব্যবস্থা জ্ঞেয়া। যত্র চাষ্টাঙ্গযোগান্তর্গত-প্রাণায়ামাদৌ তয়োর্বিপর্য্যয়স্তত্র মাত্রাবৈপরীত্যমপি জ্ঞেয়ম্; অতএব ভূতশুদ্ধৌ তথা লিখিতম্; মাত্রা চোক্তা—'কালেন যাবতা স্বীয়ো হস্তঃ স্বং জানুমণ্ডলম্। পর্য্যেতি মাত্রা সা জ্ঞেয়া স্বীয়ৈকশ্বাসমাত্রিকা ॥' ইতি ॥ ৭৪-৭৫ ॥

তত্র প্রণবমভ্যাসন্ বীজং বা মন্ত্রমূর্দ্ধগম্।
ঋষ্যাদিস্মরণং কৃত্বা কুর্য্যাদ্ধ্যানমতন্দ্রিতঃ ॥ ৭৬ ॥

অনুবাদ—কামবীজ কিংবা বীজমন্ত্র জপ করিতে হইলে ঋষ্যাদি স্মরণ পূর্ব্বক অনলস হইয়া ধ্যান করিতে হইবে ॥ ৭৬ ॥

[প্রজাপতি প্রণবমন্ত্রের ঋষি গায়ত্রী, ছন্দঃ, পর-মাত্মা দেবতা। অকার বীজ, উকার শক্তি, মকার আধারদণ্ড এবং প্রাণায়ামে উহার প্রয়োগ]

টীকা—মন্ত্রমূর্দ্ধগম্ অষ্টাদশাক্ষরমন্ত্রশিরঃস্থিতং মান্মথং বীজং বা অভ্যসন্ মনসা আবর্ত্তয়ন্; প্রণবা-

ন্যাসে চ ঋষ্যাদিকমুক্তম্—'অস্য প্রণব-মন্ত্রস্য প্রজাপতির্ঋষির্দেবী গায়ত্রীচ্ছন্দঃ, পরমাত্মা দেবতা, অকারো বীজম্, উকারঃ শক্তির্মকারঃ কীলকং—প্রাণায়ামে বিনিয়োগঃ।' ইতি বীজান্যাসে চ তন্মন্ত্রস্য ঋষ্যাদিকং ধ্যানঞ্চ তদ্দেবতায়া এবেত্যয়ং বিকল্পশ্চ মুক্তি-ভুক্ত্যাদি-ফলভেদেন বর্ণাশ্রমাদিভেদেন বেতি দিক্ ॥ ৭৬ ॥

তদ্ধ্যানঞ্চোক্তম্ —

বিষ্ণুং ভাস্বৎকিরীটাঙ্গদবলয়কলাকল্পহারোদরাঙ্ঘ্রি-
শ্রোণীভূষং সবক্ষোমণি-মকরমহাকুণ্ডলামণ্ডিতগণ্ডম্।
হস্তোদ্যচ্ছঙ্খ-চক্রাম্বুজ-গদমমলং পীতকৌশেয়বাসং
বিদ্যোতদ্ভাসমুদ্যদ্দিনকরসদৃশং পদ্ম সংস্থং নমামি॥৭৭

অনুবাদ—তদ্ধধ্যানও কথিত হইয়াছে—যাঁহার শ্রীঅঙ্গে উজ্জ্বল মুকুট, অঙ্গদ, বলয় ও শ্রেষ্ঠ হারসমূহ বিরাজিত, যাঁহার উদর, চরণ ও শ্রোণীভাগ ভূষণে ভূষিত, যাঁহার গণ্ডস্থল বক্ষোমণি সংলগ্ন উত্তম মকর-কুণ্ডলে চুম্বিত, যাঁহার বাহুতে শঙ্খ, চক্র, পদ্ম ও গদা উদ্যত, যাঁহার পরিধানে অতিনির্ম্মল পট্টবসন যাঁহার দেহ নিজ প্রভায় উদ্ভাসিত, উদয়োন্মুখ ভাস্কর সদৃশ যাঁহার দর্শন, পদ্মদল মধ্যে যিনি বিদ্যমান আমি সেই শ্রীবিষ্ণুকে প্রণাম করিতেছি ॥ ৭৭ ॥

কৃচিচ্চ—

রুদ্রস্তু রেচকে ব্রহ্মা পূরকে ধ্যেয়দেবতা।
শ্রীবিষ্ণুঃ কুম্ভকে জ্ঞেয়ো ধ্যানস্থানং গুরোর্মুখাৎ॥৭৮॥

তথা হি—

নাভিস্থানে পূরকেণ চিন্তয়েৎ কমলাসনম্।
ব্রহ্মাণং রক্তগৌরাঙ্গং চতুর্বক্ত্রং পিতামহম্ ॥ ৭৯ ॥
নীলোৎপল-দলশ্যামং হৃদিমধ্যে প্রতিষ্ঠিতম্
চতুর্ভুজং মহাত্মানং কুম্ভকেন তু চিন্তয়েৎ ॥ ৮০ ॥
রেচকেনৈশ্বরং ধ্যানং ললাটে সর্ব্বপাপহম্।
শুদ্ধস্ফটিক-সঙ্কাশং কুর্য্যাদ্বৈ নির্ম্মলং বুধঃ॥ইতি॥৮১॥

অনুবাদ—কোনও স্থানে বর্ণিত হইয়াছে—রেচক কর্ম্মে রুদ্রকে, পূরকে ব্রহ্মাকে এবং কুম্ভকে বিষ্ণুকে দেবতা চিন্তা করিবে। ধ্যানের স্থান শ্রীগুরুদেবের নিকট জ্ঞাতব্য। এই বিষয়ে বলা হইয়াছে—পণ্ডিত ব্যক্তি পূরকের সহিত পদ্মাসনস্থ রক্তমিশ্রিত শ্বেত-বর্ণ, চতুরানন পিতামহ ব্রহ্মাকে নাভিস্থলে ভাবনা করিবেন। কুম্ভক সহকারে নীলোৎপলদল শ্যাম চতুর্ভুজ শ্রীবিষ্ণুকে হৃদয়াভ্যন্তরে ভাবিতে হইবে। রেচক সহকারে সর্ব্বপাপহর শুদ্ধস্ফটিকবর্ণ নির্ম্মল রুদ্রকে ললাটভাগে চিন্তা করিবেন ॥ ৭৮-৮১ ॥

টীকা—ধ্যানস্থানং গুরোর্মুখাদেব জ্ঞেয়মিত্যুক্তং, তদেব অন্যত্রতা-বচনৈর্বিজ্ঞাপয়ন্ তত্তদ্ধ্যানমেব বিশিষ্য লিখতি—নাভিস্থান ইতি ত্রিভিঃ। ঐশ্বরং শ্রীরুদ্রসম্বন্ধি ॥ ৭৯-৮১ ॥

একান্তিভিশ্চ ভগবান্ সর্ব্বদেবময়ঃ প্রভুঃ।
কৃষ্ণঃ প্রিয়জনোপেতশ্চিন্তনীয়ো হি সর্ব্বতঃ ॥ ৮২ ॥

অনুবাদ—যাঁহারা শ্রীকৃষ্ণচরণারবিন্দে একান্ত ভক্তিনিষ্ঠ, তাঁহাদের সকল কর্ম্মেই গোপগোপী প্রভৃতি অভিমতজন-পরিবেষ্টিত সর্ব্বদেবময় ভগবান্ প্রভু শ্রীকৃষ্ণকেই চিন্তা করিবে ॥ ৮২ ॥

টীকা—ননু শ্রীমদনগোপালদেবৈকভক্তিনিষ্ঠে কথমেবং বিবিধধ্যানং রোচেত? তত্র লিখতি—একান্তিভিশ্চেতি। একান্তিভিঃ শ্রীকৃষ্ণচরণারবিন্দৈক-ভক্তিনিষ্ঠৈস্তু কৃষ্ণ এব সর্ব্বত্রৈব ধ্যেয়ঃ, স চ প্রিয়-জনৈর্গোপগোপ্যাদিভিরুপেত এব, ন ত্বেকাকী ভক্তি-রসবিশেষবিঘাতাপত্তেঃ। ননু তত্র তত্র তত্তদ্দেবতায়া ধ্যানাভাবেনাসম্পূর্ণতা স্যাত্তত্র লিখতি—ভগবান্ সর্ব্বৈ-শ্বর্য্যযুক্তঃ সর্ব্বদেবময় প্রভুশ্চ সর্ব্বদেবেশ্বরঃ সর্ব্ব-শক্তিমান্ বেতি। এবমেকান্তিনামগ্রেঽপি সর্ব্বত্রৈব বুদ্ধ্যাবগন্তব্যঃ। অতঃ পূর্ব্বলিখিত-দ্বারপূজাদাবপ্যে-কান্তিনাং শ্রীগরুড়াদিপরিবর্ত্তেন তত্র তত্র শ্রীদামাদি-গোপানাং, দ্বারশ্রীগঙ্গাদিপরিবর্ত্তেন চ শ্রীগোপীনাং পূজোহ্যা, অন্যথা তদেকনিষ্ঠানাং তদন্যরুচ্যসম্ভবা-ভক্তি-বিশেষহান্যা পূজালক্ষণকর্ম্মণ এব যথোক্তফলা-সিদ্ধেঃ। এবং শ্রীভাগবতাদ্যুক্তানাঞ্চ গোকুলে শ্রীগোপালদেবস্য তদন্যাখিলরাগবিস্মারকাণাং তত্তৎ-পরিচ্ছদপরিবারাদীনামতিক্রমেণান্যপরিজনাদি-পূজ-নাদিকং কেবলং 'কামিনাং জয়দং প্রধানোঽভয়দং

বিপিনে' ইত্যাদ্যুক্ততত্তৎফলাবাপ্তয়ে তান্ত্রিকাঃ সমাদিশন্তীতি জ্ঞেয়ম্ ; অলমতিবিস্তরেণ ॥ ৮২ ॥

অথ প্রাণায়ামমাহাত্ম্যম্

পাদ্মে দেবদূত-বিকুণ্ডল সংবাদে—

যমলোকং ন পশ্যন্তি প্রাণায়ামরতা নরাঃ ।
অপি দুষ্কৃতকর্ম্মাণস্তেরেব হতকিল্বিষাঃ ॥ ৮৩ ॥
দিবসে দিবসে বৈশ্য প্রাণায়ামাস্তু ষোড়শ ।
অপি ভ্রূণহনং মাসাৎ পুনন্ত্যহরহঃ কৃতাঃ ॥ ৮৪ ॥

অনুবাদ—অতঃপর প্রাণায়াম-মাহাত্ম্য শ্রীপদ্মপুরাণে দেবদূত-বিকুণ্ডল-সংবাদে বর্ণিত আছে—যাঁহারা প্রাণায়ামরত থাকেন দুষ্কর্ম্মান্বিত হইলেও তাঁহাদের যমলোকদর্শন হয় না, কারণ তাঁহাদের সকল পাপ প্রাণায়াম দ্বারাই বিনাশ প্রাপ্ত হয়। হে বৈশ্য! একমাস কাল প্রতিদিন ষোলবার প্রাণায়াম করিলে অহঃরহ ভ্রূণহিত্যাকারীও পবিত্র হয় ॥৮৩-৮৪

টীকা—তৈঃ প্রাণায়ামৈরেব ॥ ৮৩ ॥

তপাংসি যানি তপ্যন্তে ব্রতানি নিয়মাশ্চ যে ।
গোসহস্রপ্রদানন্তু প্রাণায়ামস্তু তৎসমঃ ॥ ৮৫ ॥
অম্বুবিন্দুং কুশাগ্রেণ মাসে মাসে নরঃ পিবেৎ ।
সংবৎসরশতং সাগ্রং প্রাণায়ামস্তু তৎসমঃ ॥ ৮৬ ॥
পাতকন্তু মহদ্যচ্চ তথা ক্ষুদ্রোপপাতকম্ ।
প্রাণায়ামৈঃ ক্ষণাৎ সর্ব্বং ভস্মসাৎ স্যাদ্বিশাংবর ॥
ইতি ॥ ৮৭ ॥

অনুবাদ—যত প্রকার তপস্যা ব্রত ও নিয়ম এবং সহস্র সংখ্যক গো-দানকে প্রাণায়ামের সমান বলা হয়। শত সংবৎসর কাল প্রতিমাসে কুশাগ্রভাগদ্বারা জলবিন্দু পান করিয়া যে ফল পায়, প্রাণায়াম তাহার তুল্য। যতকিছু মহাপাতক ক্ষুদ্রপাতক ও উপপাতক আছে হে বৈশ্য শ্রেষ্ঠ! প্রাণায়ামদ্বারা যে সকল ক্ষণকালেই নাশ পায় ॥ ৮৫-৮৭ ॥

টীকা—সাগ্রং সংবৎসরং পিবেৎ ॥ ৮৬ ॥

টীকা—আসুরম্ অসুরদৈবত্যম্ অতএব বিফলং প্রাহুঃ ॥ ৮৭ ॥

ন্যাসান্ বিনা জপং প্রাহুরাসুরং বিফলং বুধাঃ ।
অতো যথাসম্প্রদায়ং ন্যাসান্ কুর্য্যাদ্‌যথাবিধি ॥ ৮৮ ॥

অনুবাদ—পণ্ডিতগণ বলিয়াছেন ন্যাস ব্যতীত জপকে আসুর-জপ কহে, সুতরাং সম্প্রদায় অনুসারে যথাবিধি ন্যাস করিবে ॥ ৮৮ ॥

তত্রাদৌ মাতৃকান্যাসঃ

ঋষিচ্ছন্দোদেবতাদি স্মৃত্বাদৌ মাতৃকামনোঃ ।
শিরোবক্ত্রহৃদাদৌ চ ন্যস্য তদ্ধ্যানমাচরেৎ ॥ ৮৯ ॥

অনুবাদ—তন্মধ্যে প্রথম মাতৃকান্যাস—আগে মাতৃকামন্ত্রের ঋষি, ছন্দঃ ও দেবতাদি স্মরণ করিয়া মস্তক, বদন ও হৃদয়াদিতে যথাক্রমে ন্যাসপূর্ব্বক তাহার ধ্যান করিবে। ব্রহ্মা মাতৃকামন্ত্রের ঋষি, ছন্দঃ গায়ত্রী, সরস্বতী দেবতা, বীজ হল বর্ণ ইত্যাদি স্মরণ পূর্ব্বক ধ্যান করিবে ॥ ৮৯ ॥

তচ্চোক্তম্—

পঞ্চাশল্লিপিভির্বিভক্ত-মুখদোঃপন্মধ্যবক্ষঃস্থলীং
ভাস্বন্মৌলি-নিবদ্ধচন্দ্রশকলামাপীনতুঙ্গস্তনীম্ ।
মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈ-
র্বিভ্রাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্‌দেবতামাশ্রয়ে ॥৯০

অনুবাদ—এই বিষয়ে বলা হইয়াছে—পঞ্চাশৎ বর্ণ বিভাগ করিয়া দেবী সরস্বতীর মুখমণ্ডল, বাহুদ্বয়, চরণযুগল, কটিদেশ ও বক্ষঃস্থল বিরচিত হইয়াছে। তাঁহার শিরোদেশে চন্দ্রকলা শোভা পাইতেছে। তিনি আপীন-তুঙ্গস্তনী। তিনি করকমলে মুদ্রা, অক্ষসূত্র, অমৃতপূর্ণ কুম্ভ ও বিদ্যা ধারণ করিতেছেন এবং তিনি শ্বেতবর্ণা ও ত্রিনয়নী, আমি তাঁহার শরণাপন্ন হইলাম ॥ ৯০ ॥

টীকা—ঋষ্যাদিকঞ্চোক্তম্—'ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকা সরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ঃ মাতৃকান্যাসে বিনিয়োগঃ' ইতি শিরোবক্ত্রাদৌ ক্রমেণ ঋষ্যাদিকমেব ন্যস্য ; তথা চোক্তম্—'উচ্চার্য্যৈবম্ ঋষিচ্ছন্দোদেবতাবীজশক্তয়ঃ। শিরোবদনহৃদ্‌গুহ্যপাদেষু ক্রমতো ন্যসেৎ' ইতি। অত্র ন্যস্য ইতি বক্তব্যে ন্যসেদিত্যার্ষম্। পঞ্চাশল্লিপিভিরিতি বর্ণনা-

মেকপঞ্চাশত্ত্বেঽপি লকারদ্বয়স্যৈক্যাভিপ্রায়েণ। ভাস্বতি প্রভাবযুক্তে মৌলৌ নিতরাং বদ্ধশ্চন্দ্রশকলং চন্দ্রার্দ্ধং যয়া ॥ ৮৯-৯০ ॥

———

অকারাদীন্ ক্ষকারান্তান্ বর্ণানাদৌ তু কেবলান্।
ললাটাদিষু চাঙ্গেষু ন্যস্যেদ্বিদ্বান্ যথাক্রমম্ ॥ ৯১ ॥

অনুবাদ—সাধক অনুস্বার সংযোগ না করিয়া কেবল অকারাদি ক্ষ-কারান্ত বর্ণ সকলকে যথাক্রমে ললাটাটি অঙ্গসকলে ন্যাস করিবেন ॥ ৯১ ॥

———

তচ্চ বিবিচ্যোক্তম্—
ললাটমুখবিম্বাক্ষি-শ্রুতিঘ্রাণেষু গণ্ডয়োঃ।
ওষ্ঠদন্তোত্তমাঙ্গাস্যে দোঃপৎসন্ধ্যগ্রকেষু চ ॥ ৯২ ॥
পার্শ্বয়োঃ পৃষ্ঠতো নাভৌ জঠরে হৃদয়েঽংসকে।
ককুদ্যংসে চ হৃৎপূর্ব্বং পাণিপাদযুগে ততঃ।
জঠরাননয়োর্ন্যস্যেন্মাতৃকার্ণান্ যথাক্রমম্ ॥ ইতি॥৯৩॥

অনুবাদ—এক্ষণে তাহার ক্রমবিভাগ কথিত হইতেছে—ললাট, মুখমণ্ডল, নেত্র, কর্ণ, নাসারন্ধ্র, গণ্ডস্থল, ওষ্ঠ, দন্ত, মস্তক, মুখবিবর, হস্তসন্ধি, পদসন্ধি, হস্তাগ্র, পদাগ্র, পার্শ্বদ্বয়, পৃষ্ঠভাগ, নাভি, জঠর, হৃদয়, দক্ষিণস্কন্ধ, ককুৎ, বামস্কন্ধ, হৃদয় হইতে আরম্ভ করিয়া হস্ততলদ্বয়, পদতলদ্বয়, জঠর, ও আনন এই সকল স্থানে যথাক্রমে ন্যাস করিবে ॥৯২-৯৩ ॥

তাৎপর্য্য—ললাট ১, মুখমণ্ডল ১, চক্ষুঃ ২, কর্ণ ২, নাসারন্ধ্র ২, গণ্ড ২, ওষ্ঠ ২, দুই পঙ্‌ক্তি-হেতু দন্ত ২, এবং মস্তক ১, ও মুখচ্ছিদ্র ১—সর্ব্বসমেত ষোড়শ অঙ্গ। এই সকল অঙ্গে ষোড়শ স্বর ন্যাস করিবে। বাহুসন্ধি ৪, অর্থাৎ বাহুমূল ১, কনুই ১, মণিবন্ধ ১ ও অঙ্গুলি মূল ১। পদসন্ধি ৪ অর্থাৎ উরুমূল ১, জানু ১, গুল্ফ ১, অঙ্গুলি ১। অতএব দুই বাহু ও দুই পদের সন্ধি সমুদায় ষোড়শ। আর হস্তাগ্র ২ এবং পদাগ্র ২। অতএব সমস্ত লইয়া বিংশতি অঙ্গ। এই বিংশতি অঙ্গে ককারাদি ন-কার পর্য্যন্ত ন্যাস করিবে। আর ককুৎ প্রভৃতি ৯ অঙ্গে প-কারাদি অন্তাস্থ ব-কার পর্য্যন্ত ৯ বর্ণ ন্যাস করিবে। করতলদ্বয়, পদতলদ্বয়, উদর ও আনন—এই ৬ অঙ্গে শকারাদি ক্ষ-কারান্ত ৬ বর্ণের ন্যাস করিবে। অঙ্গের মধ্যে, ললাট ও বর্ণের মধ্যে অ-কার লইয়া ন্যাস আরম্ভ করিবে, ক্রমে পরপর ন্যাস করিবে।

টীকা—তং ন্যাসবিধিং লিখতি—অকারাদীনিতি। কেবলান্ অনুস্বারাদিহীনান্ প্রথমং ন্যস্যেৎ। কং কুত্র ন্যস্যেদিত্যপেক্ষায়াং লিখতি --ললাটেত্যাদি —সার্দ্ধদ্বয়েন। মাতৃকায়া লিপিসংস্থায়া অর্ণান্ বর্ণান্ যথাক্রমং ললাটাদিষু ন্যস্যেদিতিদ্বাভ্যামন্বয়ঃ। তত্র চৈকপঞ্চাশদ্বর্ণেষু মধ্যে অকারাদীন্ অন্তঃস্থবকারান্তান্ পঞ্চচত্বারিংশদ্বর্ণান্ ললাটাদিষু বামাংসান্তেষু পথচত্বারিংশদবয়বেষু ন্যস্যেৎ। তথাহি, ললাটমেকং মুখবিম্বং মুখমণ্ডলঞ্চৈকম্, অক্ষ্যাদিদন্তান্তানং প্রত্যেকং দ্বয়মিত্যেবং দ্বাদশ। তত্র দন্তানাং পঙ্‌ক্তেদ্বিত্বেন দ্বিত্বং জ্ঞেয়ম্। কিঞ্চ, উত্তমাঙ্গং মস্তকমেকম্, আস্যং মুখচ্ছিদ্রমেকম্, ইত্যেবং ষোড়শষু ষোড়শস্বরান্; ততঃ দোষ্ণোর্ভুজয়োঃ সন্ধয়ঃ প্রত্যেকং মূলকূর্পরমণিবন্ধাঙ্গুলী মূলভেদেন চত্বারঃ, এবং দ্বয়োরষ্ট; পদোশ্চ সন্ধয়ঃ—উরুমূল - জানু - গুল্ফাঙ্গুলিমূলে ভেদেন প্রত্যেকং চত্বার, এবং দয়োরষ্ট; তথা দোষ্ণোরগ্রদ্বয়ং পদোশ্চাগ্রদ্বয়মিত্যেবং দোঃ পৎসন্ধি-বিংশত্যঙ্গেষু ব্যঞ্জনানাং মধ্যে ককারাদি-নকারান্ত-বিংশতিবর্ণান্, ততশ্চ পার্শ্বাদিষু দিক্ষু নবস্বঙ্গেষু পকারাদীন্ বকারান্তান্ নব বর্ণান্ ন্যসেৎ। তত্র পার্শ্বয়োরিতি তয়োর্দ্বিত্বমেব অংসস্য দক্ষিণবামতয়া দ্বিত্বাৎ পুনরুক্তিরিতি। হৃৎপূর্ব্বমিতি অবশিষ্টান্ শকারাদি-ক্ষকারান্তান্ ষড়্ বর্ণান্ হৃদয়মারভ্য কক্ষাদিপাণিযুগলপাদযুগলজঠরাননপর্য্যন্তং ব্যাপয্য তত্তৎস্থানষট্‌কে ন্যস্যেদিত্যর্থঃ। তত্র প্রয়োগঃ—'অং নমঃ' ইত্যাদিঃ ॥ ৯১-৯৩ ॥

———

সানুস্বারান্ বিসর্গাঢ্যান্ সানুস্বারবিসর্গকান্।
ন্যস্যেদ্ভূয়োঽপি তান্ বিদ্বানেবং বারচতুষ্টয়ম্ ॥৯৪॥

অনুবাদ—বিদ্বান্ ব্যক্তি অনুস্বার সংযুক্ত করিয়া, বিসর্গ সংযুক্ত করিয়া এবং অনুস্বার ও বিসর্গ দুইই সংযুক্ত করিয়া আবার ঐ বর্ণ সকল ঐ ঐ অঙ্গে ন্যাস করিবেন। এইভাবে চারিবার করিতে হইবে ॥৯৪॥

[অর্থাৎ প্রথমতঃ অনুস্বার না দিয়া অ নমঃ আ নমঃ। দ্বিতীয়তঃ অনুস্বার দিয়া অং নমঃ আং নমঃ। তৃতীয়তঃ বিসর্গ দিয়া অঃ নমঃ আঃ নমঃ। চতুর্থতঃ বিসর্গ ও অনুস্বার দিয়া অং নমঃ আং নমঃ এই ভাবে]

টীকা—ভূয়োঽপীত্যস্য সর্ব্বত্রৈবান্বয়ঃ। বারচতুষ্টয়মিতি লিখনাৎ তান্ মাতৃকার্ণান্ তথৈব ভূয়োঽপি সানুস্বারান্ অনুস্বারেণ সহিতান্ ন্যস্যেৎ; তত্র প্রয়োগঃ—'অং নমঃ' ইত্যাদিঃ। ভূয়োঽপি তথৈব বিসর্গাঢ্যান্ বিসর্জ্জনীয়যুক্তান্ ন্যস্যেৎ; তত্র প্রয়োগঃ—'অঃ নমঃ' ইত্যাদিঃ। ভূয়োঽপি তথৈব সানুস্বারবিসর্গকান্ অনুস্বার বিসর্গাভ্যাং যুগপদেব সহিতান্ ন্যস্যেৎ; তত্র প্রয়োগঃ—'অং নমঃ' ইত্যাদিঃ; এবং লিখিতপ্রকারেণ কেবলসংযুক্তভেদেন বারচতুষ্টয়ং মাতৃকাবর্ণান্ ন্যস্যেদিত্যর্থঃ ॥ ৯৪ ॥

———

অথ মাতৃকান্যাসঃ

কণ্ঠহৃন্নাভিগুহ্যেষু পায়ুভ্রূমধ্যয়োস্তথা।
স্থিতে ষোড়শপত্রাব্জে ক্রমেণদ্বাদশচ্ছদে ॥ ৯৫ ॥
দশপত্রে চ ষট্‌পত্রে চতুষ্পত্রে দ্বিপত্রকে।
ন্যসেদেকৈকপত্রান্তে সবিন্দ্বৈকৈকমক্ষরম্ ॥ ৯৬ ॥

অনুবাদ—অতঃপর মাতৃকান্যাস—কণ্ঠ, হৃদয়, নাভি, লিঙ্গ, পায়ু ও ভ্রূমধ্য এই ছয় স্থানে যথাক্রমে ষোড়শদল, দ্বাদশদল, দশদল, ছয়দল চতুর্দল ও দ্বিদল পদ্ম আছে। ঐ সকল পদ্মের প্রত্যেক দলের অগ্রভাগে অনুস্বার সহযোগে এক একটি বর্ণ ন্যাস করিতে হইবে, অর্থাৎ ছয়টি পদ্মের দল সমুদায়ে মোট ৫০ টি। প্রত্যেক দল, হল ও স্বরের পঞ্চাশৎ বর্ণের প্রত্যেকটিকে অনুস্বার সহিত ন্যাস করিতে হইবে ॥ ৯৫-৯৬ ॥

টীকা—কণ্ঠাদিষট্‌সু স্থানেষু ক্রমেণ স্থিতে ষোড়শপত্রাদি-কমলষট্‌কে তৎপঞ্চাশৎপত্রেষু একৈকস্মিন্ পত্রে বিন্দুসহিতমেকৈকমক্ষরমিতি পঞ্চাশদ্বর্ণান্ তত্তৎপত্রান্তে মনসা ন্যস্যেদিত্যর্থঃ ॥ ৯৫ ॥

———

অথ কেশবাদিন্যাসঃ

স্মৃত্বা ঋষ্যাদিকং বর্ণান্ মূর্ত্তিভিঃ কেশবাদিভিঃ।
কীর্ত্ত্যাদিভিঃ শক্তিভিশ্চ ন্যস্যেত্তান্ পূর্ব্ববৎক্রমাৎ ॥৯৭

অনুবাদ—ঋষি প্রভৃতি স্মরণ করিয়া কেশবাদি মূর্ত্তি ও কীর্ত্তি প্রভৃতি শক্তিসকলের সহিত পূর্ব্বোক্ত বর্ণসকলকে আগের মত ক্রম অনুসারে ন্যাস করিতে হইবে। মূর্ত্তি ও শক্তি সকলকে চতুর্থী বিভক্তি সহকারে এবং শেষে নমঃ শব্দ প্রয়োগ করিয়া ন্যাস করিবে ॥ ৯৭ ॥

[কেশবাদি ন্যাসের ঋষি প্রজাপতি, ছন্দঃ গায়ত্রী দেবতা লক্ষ্মীনারায়ণ, বীজ হল বর্ণ, শক্তি স্বরবর্ণ, আপনাকে ভগবৎস্বরূপ করণ-কার্য্যে ইহার বিনিয়োগ হয়। কেশবাদি এক পঞ্চাশৎ মূর্ত্তি, কীর্ত্তি প্রভৃতি এক-পঞ্চাশৎ শক্তির সহিত পঞ্চাশৎ মাতৃকা-বর্ণগুলিকে অনুস্বার সংযুক্ত করিয়া ললাটাদি পূর্ব্বোক্ত অঙ্গ সকলে ন্যাস করিবে। প্রয়োগ যথা—আং কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ। আং নারায়ণায় কান্ত্যৈ নমঃ ইত্যাদি ॥৯৭॥]

টীকা—ঋষ্যাদিকঞ্চোক্তম্—'অস্য কেশবাদিন্যাসস্য প্রজাপতিঋষির্দেবী গায়ত্রী ছন্দো লক্ষ্মীনারায়ণো দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ঃ আত্মনোঽচ্যুতত্বে বিনিয়োগঃ' ইতি। তান্ একপঞ্চাশন্মাতৃকাবর্ণান্ কেশবাদিভিরেকপঞ্চাশন্মূর্ত্তিভিঃ তাবতীভিরেব কীর্ত্ত্যাদিভিশ্চ শক্তিভিঃ সহ পূর্ব্ববৎ ললাটাদিষু অনুস্বারসহিতান্ তথৈব ন্যস্যেদিত্যর্থঃ ॥ ৯৭ ॥

———

ন্যসেচ্চতুর্থী-নত্যান্তা মূর্ত্তিঃ শক্তীশ্চ যাদিভিঃ।
সপ্তধাতূন্ প্রাণজীবৌ ক্রোধমপ্যাত্মনেঽন্তকান্ ॥৯৮॥

অনুবাদ—যকারাদি বর্ণের সহিত যে সকল মূর্ত্তি ও শক্তি ন্যাস করিতে হইবে সেই সমস্ত মূর্ত্তি ও শক্তিকে যকারাদি অর্থাৎ যকার হইতে ক্ষকার পর্য্যন্ত দশটি বর্ণ এবং আত্মনেপদ অন্তে সংযুক্ত করিয়া সপ্ত ধাতু অর্থাৎ ত্বক্, মাংস, মেদ, অস্থি, মজ্জা, শোণিত ও শুক্র এবং প্রাণ, জীব ও ক্রোধের সহিত ন্যাস করিতে হইবে। অর্থাৎ "যং ত্বাগত্মনে পুরুষোত্তমায় বসুধায়ৈ নম" 'রং মাংসাত্মনে বলিনে পরায়ৈ নম" ইত্যাদি প্রকারে প্রয়োগ করিতে হইবে ॥ ৯৮ ॥

টীকা—অত্র মূর্ত্তয়ঃ শক্তয়শ্চ কথং ন্যাস্যা ইত্যপেক্ষায়াং তত্র প্রকারং লিখন্ তত্রৈব কঞ্চিচ্চান্যং বিশেষং লিখতি—ন্যস্যেদিতি। মূর্ত্তীঃ শক্তীশ্চ চতুর্থ্যন্তা নম ইত্যন্তাশ্চ ন্যস্যেৎ; তত্র প্রয়োগঃ—'অং কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ, আং নারায়ণায় কান্ত্যৈ নমঃ' ইত্যাদিঃ। যাদিভিরিতি তত্র যকারাদিদশবর্ণৈঃ সহ যা মূর্ত্তীঃ পুরুষোত্তমাদ্যা দশশক্তীশ্চ বসুধাদ্যান্তা ন্যস্যেৎ॥ তত্র ত্বঙ্মাংসমেদোঽস্থিমজ্জাশুক্রাণীতি সপ্তধাতূন্ তথা প্রাণং জীবঞ্চ ক্রোধমপীত্যেবং দশ ন্যস্যেদিত্যর্থঃ। কথন্তুতান্ ত্বগাদীন্ প্রাণাদীংশ্চ? আত্মনে ইতি অন্তে যেষাং তান্, বহুব্রীহৌ কঃ। এতচ্চ সর্ব্বেষামেব বিশেষণমপি-শব্দাৎ। অত্র প্রয়োগঃ—'যং ত্বগাত্মনে পুরুষোত্তমায় বসুধায়ৈ নমঃ' ইত্যাদিঃ॥ ৯৮॥

তত্র ধ্যানম্

উদ্যৎপ্রদ্যোতনশতরুচিং তপ্তহেমাবদাতং
পার্শ্বদ্বন্দ্বে জলধিসুতয়া বিশ্বধাত্র্যা চ জুষ্টম্।
নানারত্নোল্লসিত-বিবিধাকল্পমাপীতবস্ত্রং
বিষ্ণুং বন্দে দরকমলকৌমোদকী-চক্রপাণিম্ ॥৯৯॥

অনুবাদ—যিনি নব উদিত শত সূর্য্যের দীপ্তি-বিশিষ্ট এবং উত্তপ্ত কাঞ্চনের মত বর্ণযুক্ত যাঁহার এক পার্শ্বে কমলা ও অপর পার্শ্বে পৃথ্বী পরিচর্য্যারত, যিনি বিবিধ রত্নখচিত উজ্জ্বল অলঙ্কার মণ্ডিত, যিনি পীতবসনধারী ও শঙ্খ, চক্র, গদা, পদ্মধারী সেই শ্রীবিষ্ণুকে আমি বন্দনা করি॥ ৯৯॥

টীকা—প্রদ্যোতনঃ সূর্য্যঃ বিশ্বধাত্র্যা শ্রীধরণ্যা॥ ৯৯॥

অথ শ্রীমূর্ত্তয়ঃ

প্রথমং কেশবো নারায়ণঃ পশ্চাচ্চ মাধবঃ।
গোবিন্দশ্চ তথা বিষ্ণুর্মধুসূদন এব চ॥ ১০০॥
ত্রিবিক্রমো বামনোঽথ শ্রীধরশ্চ ততঃ পরম্।
হৃষীকেশঃ পদ্মনাভস্ততো দামোদরস্তথা॥ ১০১॥
বাসুদেবঃ সঙ্কর্ষণঃ প্রদ্যুম্নোঽথানিরুদ্ধকঃ।
চক্রী গদী তথা শার্ঙ্গী খড়্গী শঙ্খী হলী তথা॥১০২॥
মুষলী চ তথা শূলী পাশী চৈবাঙ্কুশী তথা।
মুকুন্দো নন্দজশ্চৈব তথা নন্দী নরস্তথা॥১০৩॥
নরকজিদ্ধরিঃ কৃষ্ণঃ সত্যঃ সাত্বত এব চ।
ততঃ শৌরিস্তথা শূরস্ততঃ পশ্চাজ্জনার্দ্দনঃ॥ ১০৪॥
ভূধরো বিশ্বমূর্ত্তিশ্চ বৈকুণ্ঠঃ পুরুষোত্তমঃ।
বলী বলানুজো বালো বৃষঘ্নো বৃষ এব চ॥ ১০৫॥
হংসো বরাহো বিমলো নৃসিংহশ্চেতি মূর্ত্তয়ঃ॥১০৬॥

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তিসমূহের কথা বলা হইতেছে—কেশব, নারায়ণ, মাধব, গোবিন্দ, বিষ্ণু মধুসূদন, ত্রিবিক্রম, বামন, শ্রীধর, হৃষীকেশ, পদ্মনাভ দামোদর, বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, চক্রী, গদী, শার্ঙ্গী, খড়্গী, শঙ্খী, হলী, মুষলা, শূলী, পাশী, অঙ্কুশী, মুকুন্দ, নন্দনন্দন, নন্দী, নর, নরকজিৎ, হরি কৃষ্ণ, সত্য, সাত্বত, শৌরি, শূর, জনার্দ্দন, ভূধর, বিশ্বমূর্ত্তি, বৈকুণ্ঠ, পুরুষোত্তম, বলী, বলানুজ, বাল, বৃষঘ্ন, বৃষ, হংস, বরাহ, বিমল এবং নৃসিংহ—এই একপঞ্চাশৎ শ্রীমূর্ত্তি॥ ১০০-১০৬॥

অথ শক্তয়ঃ

কীর্ত্তিঃ কান্তিস্তুষ্টিপুষ্টী ধৃতিঃ শান্তিঃ ক্রিয়া দয়া।
মেধা হর্ষা তথা শ্রদ্ধা লজ্জা লক্ষ্মীঃ সরস্বতী॥১০৭॥
প্রীতি রতির্জয়া দুর্গা প্রভা সত্যা চ চণ্ডিকা।
কালী বিলসিনী চৈব বিজয়া বিরজা তথা॥ ১০৮॥
বিশ্বা চ বিনদা চৈব সুনন্দা চ স্মৃতিস্তথা।
ঋদ্ধিঃ সমৃদ্ধিঃ শুদ্ধিশ্চ বুদ্ধির্মুক্তির্নতিঃ ক্ষমা॥১০৯॥
রমোমা ক্লেদিনী ক্লিন্না বসুদা বসুধা পরা।
পরায়ণা চ সূক্ষ্মা চ সন্ধ্যা প্রজ্ঞা প্রভা নিশা॥১১০॥
অমোঘা বিদ্যুতেত্যেকপঞ্চাশৎ শক্তয়ো মতাঃ।
দদাত্যয়ং কেশবাদিন্যাসোঽত্রাখিলসম্পদম্॥১১১॥
অমুত্রাচ্যুতসারূপ্যং নয়তি ন্যাসমাত্রতঃ॥ ১১২॥

অনুবাদ—অনন্তর শক্তিসমূহ—কীর্ত্তি, কান্তি, তুষ্টি, পুষ্টি, ধৃতি, শান্তি, ক্রিয়া, দয়া, মেধা, হর্ষা, শ্রদ্ধা, লজ্জা, লক্ষ্মী, সরস্বতী, প্রীতি, রতি, জয়া, দুর্গা, প্রভা, সত্যা, চণ্ডিকা, কালী, বিলসিনী, বিজয়া, বিরজা, বিশ্বা, বিনদা, সুনন্দা, স্মৃতি, ঋদ্ধি, সমৃদ্ধি, শুদ্ধি, বুদ্ধি, মুক্তি, নতি, ক্ষমা, রমা, উমা, ক্লেদিনী, ক্লিন্না, বসুধা,

বসুদা, পরা, পরায়ণা সূক্ষ্মা, সন্ধ্যা, প্রজ্ঞা, প্রভা, নিশা, অমোঘা এবং বিদ্যুতা এই একপঞ্চাশৎ শক্তি। এই কেশবাদিন্যাস অনুষ্ঠিত হইলে ইহলোকে সকল সম্পত্তি লাভ হয় এবং পরলোকে শ্রীকৃষ্ণ স্বারূপ্য লাভ হয় ॥ ১০৭-১১২ ॥

টীকা—অত্র অস্মিন্ লোকে অমুত্র পরলোকে শ্রীকৃষ্ণসারূপ্যং প্রাপয়তি ॥ ১১১-১১২ ।

তদুক্তম্—

ধ্যাত্বৈবং পরমপুমাংসমক্ষরৈর্যো-
বিন্যসেদ্দিনমনু কেশবাদিযুক্তৈঃ ।
মেধায়ুঃস্মৃতি-ধৃতি-কীর্ত্তি-কান্তি-লক্ষ্মী-
সৌভাগ্যৈশ্চিরমুপবৃংহিতো ভবেৎ সঃ ॥ ১১৩ ॥

অনুবাদ—এই বিষয়ে কথিত হইয়াছে—যিনি প্রতিদিন এবম্প্রকারে পূর্ব্বোক্ত পরমপুরুষের ধ্যান করিয়া কেশবাদি নাম সমন্বিত অক্ষরের সহিত ন্যাস করেন, তিনি আজীবন মেধা, আয়ুঃ, স্মৃতি, ধৈর্য্য, কীর্ত্তি, কান্তি, লক্ষ্মী ও সৌভাগ্য লাভ করিয়া থাকেন॥

টীকা—এবম্ উদাৎপ্রদ্যোতন-শতরুচিমিত্যাদি-প্রকারেণ, পরমপুমাংসং শ্রীভগবন্তং, দিনমনু অনুদিনম্ ॥ ১১৩ ॥

অন্যত্র চ—

কেশবাদিরয়ং ন্যাসো ন্যাসমাত্রেণ দেহিনঃ ।
অচ্যুতত্বং দদাত্যেব সত্যং সত্যং ন সংশয়ঃ ॥
ইতি ॥ ১১৪ ॥

অনুবাদ—অন্যত্রও বর্ণিত হইয়াছে—এই কেশবাদি ন্যাস অনুষ্ঠিত হইবামাত্রই মানবগণকে ভগবৎ-সারূপ্য প্রদান করে, ইহা নিঃসন্দেহে সত্য ॥ ১১৪ ॥

যশ্চ কুর্য্যাদিমং ন্যাসং লক্ষ্মীবীজপুরঃসরম্ ।
ভক্তিং মুক্তিঞ্চ ভুক্তিঞ্চ কৃষ্ণঞ্চ লভতেঽচিরাৎ ॥১১৫

তথা চোক্তম্—

অমুমেব রমাপুরঃসরং প্রভজেদ্যো
মনুজো বিধিং বুধঃ ।
সমুপেত্য রমাং প্রথীয়সীং পুনরন্তে
হরিতাং ব্রজত্যসৌ ॥ ১১৬ ॥

অনুবাদ—যিনি লক্ষ্মীবীজ উচ্চারণ করিয়া এই কেশবাদি ন্যাস করেন, তিনি অল্পকাল মধ্যেই ভক্তি, মুক্তি, ভোগ ও শ্রীকৃষ্ণকে লাভ করেন। এই বিষয়ে বলা হইয়াছে—যে পণ্ডিতব্যক্তি লক্ষ্মীবীজ উচ্চারণ পূর্ব্বক এই বিধির অনুষ্ঠান করেন, তিনি ইহলোকে প্রসিদ্ধ শ্রীলাভ করিয়া পরলোকে শ্রীকৃষ্ণ-সারূপ্য লাভ করেন ॥ ১১৫-১১৬ ॥

টীকা—ইমং কেশবাদিন্যাসং লক্ষ্মীবীজং শ্রীশব্দস্তৎপূর্ব্বকং যঃ কুর্য্যাৎ, সোঽচিরাৎ ভক্ত্যাদিকং লভতে ॥ ১১৫ ॥

টীকা—হরিতাং শ্রীকৃষ্ণত্বমিতি তৎসারূপ্যপ্রাপ্তেঃ ॥ ১১৬ ॥

অথ তত্ত্বন্যাসঃ

মকারাদিককারান্তবর্ণৈর্যুক্তং সবিন্দুকৈঃ ।
নমঃ পরায়েতি পূর্ব্বমাত্মনে নম ইত্যনু ॥ ১১৭ ॥
নাম জীবাদিতত্ত্বানাং ন্যসেত্তত্তৎপদে ক্রমাৎ ।
ন্যাসেনানেন লোকো হি ভবেৎ পূজাধিকারবান্ ॥১১৮

অনুবাদ—অনন্তর তত্ত্বন্যাস—প্রথমতঃ "নম পরায়" তারপর 'আত্মনে নমঃ' বলিয়া অনুস্বার সংযুক্ত মকারাদি ককারান্ত বর্ণগুলির সহিত, পরে বক্ষ্যমাণ স্থান সকলে জীবাদি তত্ত্বের ন্যাস করিবে। এই ন্যাস আচরণ দ্বারাই পূজায় অধিকারী হওয়া যায় ॥ ১১৭-১১৮ ॥

[প্রয়োগ যথা—"মং নমঃ পরায় জীবাত্মনে নমঃ", "ভং নমঃ পরায় প্রাণাত্মনে নমঃ", কেহ কেহ বিজ্ঞব্যক্তি "জীবতত্ত্বাত্মনে নমঃ", "প্রাণতত্ত্বাত্মনে নমঃ" ইত্যাদি প্রকারে প্রয়োগ করেন ॥ ১১৭-১১৮ ॥]

টীকা—জীবাদিতত্ত্বানাং নাম জীবেত্যাদিকং তত্তৎপদে তস্মিন্ তস্মিন্ লেখ্যস্থানে ক্রমাৎ লিখন্ ক্রমেণ ন্যস্যেৎ। আদি শব্দেন অগ্রেলেখ্যানি প্রাণ-মহদহঙ্কারাদীনি তত্ত্বানি ; কথমিত্যপেক্ষায়াং তদেব বিশিনষ্টি—সবিন্দুকৈঃ অনুস্বারসহিতৈর্ম্মকারাদিভিঃ ককারান্তৈর্বর্ণৈর্যুক্তম্। মকারাদীনাং ককারান্ততা চাত্র প্রাতিলোম্যেন জ্ঞেয়া। কিঞ্চ, নমঃ পরায়েতি বাক্যং পূর্ব্বং যস্মিন্ তৎ তথা 'আত্মনে নমঃ' ইতি অনু পশ্চাৎ যস্মিন্ তৎ ; যদ্বা, নমঃ

পরায়েতি নাম্নঃ পূর্ব্বং ন্যসেৎ, 'আত্মনে নমঃ' ইতি চ অনু পশ্চাৎ ন্যসেৎ ; হি যতঃ অনেন তত্ত্বন্যাসাখ্যেন ন্যাসেনাপূজায়ামধিকারী জনো ভবতি। তথা চ ক্রমদীপিকায়াম্—'ইতি কৃতেঽধিকৃতো ভবতি ধ্রুবং সকলবৈষ্ণবমন্ত্রজপাদিষু' ইতি ; তত্র প্রয়োগঃ —'মং নমঃ পরায় জীবাত্মনে নমঃ, ভং নমঃ পরায় প্রাণাত্মনে নমঃ' ইত্যাদিঃ। কেচিচ্ছ—জীবতত্ত্বাত্মনে নমঃ, প্রাণতত্ত্বাত্মনে নমঃ' ইত্যাদিনা তত্ত্বশব্দমপি প্রযুঞ্জতে ॥ ১১৭-১১৮ ॥

তত্রাদৌ সকলে ন্যস্যেজ্জীবপ্রাণৌ কলেবরে।
হৃদয়ে মত্যহঙ্কার-মনাংসীতি ত্রয়ন্ততঃ ॥ ১১৯ ॥
শব্দং স্পর্শং ততো রূপং রসং গন্ধঞ্চ মস্তকে।
মুখে হৃদি চ গুহ্যে চ পাদয়োশ্চ যথাক্রমম্ ॥১২০॥
শ্রোত্রং ত্বচং দৃশং জিহ্বাং ঘ্রাণং স্ব-স্বপদে ততঃ।
বাক্‌পাণি-পাদপায়ূপস্থানি স্বস্ব-পদে তথা ॥ ১২১ ॥

অনুবাদ—আগে সমস্তশরীরে জীবতত্ত্ব ও প্রাণতত্ত্বের ন্যাস করিয়া হৃদয়প্রদেশে মতি, অহঙ্কার ও মন এই তিন তত্ত্বের ন্যাস করিতে হইবে। তারপর মস্তক, বদন, হৃদয়, গুহ্য ও পদদ্বয়ে যথাক্রমে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ তত্ত্বের ন্যাস করিতে হইবে। পরে কর্ণ, ত্বক্, নেত্র, জিহ্বা ও প্রাণতত্ত্বকে উহাদিগের নিজ নিজ স্থানে ন্যাস করিবে ॥ ১১৯-১২১ ॥

টীকা—তানি তত্ত্বান্যেব লিখন্ তত্ত্বন্যাস স্থানং বিবিচ্য লিখতি—তত্রাদাবিতি। তস্মিন্ তত্ত্বন্যাসে সকলে কলেবরে সর্ব্বশরীরে জীবং প্রাণঞ্চেতি তত্ত্বদ্বয়ং ন্যসেৎ, ততো হৃদয়ে মত্যাদি তত্ত্বত্রয়ং ন্যসেৎ ; তত্র প্রয়োগঃ—'বং পরায় মত্যাত্মনে নমঃ' ইত্যাদিঃ। এবমগ্রে প্রয়োগ সর্ব্বত্রোহ্যঃ ॥ ১১৯ ॥

টীকা—ন্যস্যেদিত্যনুবর্ত্তত এব, ততঃ শব্দাদিপঞ্চকং মস্তকাদিপঞ্চকে যথাক্রমং লিখিতক্রমেণ ন্যসেৎ ॥ ১২০ ॥

টীকা—ততঃ শ্রোত্রাদিপঞ্চকং যথাক্রমমেব স্ব-স্বপদে নিজনিজস্থানে শ্রোত্রাদিপঞ্চক এব তত্রৈব রাগাদিপঞ্চকঞ্চ ন্যসেৎ। তত্র চ যস্য দ্বিত্বং তস্য তয়োর্দ্বয়োরেব ন্যাসঃ, এবঞ্চ শ্রোত্রয়োর্দৃশোঃ পাণ্যোঃ পাদয়োশ্চ তত্ত্বস্যৈকস্যৈব ন্যাসো জ্ঞেয়ঃ, পশ্চাদগ্রে চ পাদয়োরিতি লিখনাৎ ॥ ১২১ ॥

আকাশবায়ুতেজাংসি জলং পৃথ্বীঞ্চ মূর্দ্ধনি।
বদনে হৃদয়ে লিঙ্গে পাদয়োশ্চ যথাক্রমম্ ॥ ১২২ ॥
হৃদি হৃৎপুণ্ডরীকঞ্চ দ্বিষট্‌দ্ব্যষ্টদশাদিকম্।
কলাব্যাপ্তেতি পূর্ব্বঞ্চ সূর্য্যচন্দ্রাগ্নিমণ্ডলম্।
বর্ণৈঃ সহ সরেফৈশ্চ ক্রমান্ন্যসেৎ সবিন্দুকৈঃ ॥১২৩

অনুবাদ—অনন্তর মস্তক, মুখ, হৃদয়, লিঙ্গ ও পদদ্বয়ে যথাক্রমে আকাশ, বায়ু, তেজ, জল ও পৃথ্বী-তত্ত্বের ন্যাস করিতে হইবে। তারপর হৃদয় প্রদেশে হৃৎপুণ্ডরীক, দ্বাদশকলাব্যাপ্ত আদিত্যমণ্ডল, ষোড়শকলাব্যাপ্ত সোমমণ্ডল ও দশকলাব্যাপ্ত অগ্নিমণ্ডল বিন্দুযুক্ত রকার ও অন্যান্য বর্ণের সহিত ন্যাস করিবে ॥ ১২২-১২৩ ॥

[**প্রয়োগ যথা**—শং নমঃ পরায় পুণ্ডরীকাত্মনে নমঃ। হং নমঃ পরায় দ্বাদশকলা ব্যাপ্তসূর্য্যমণ্ডলাত্মনে নমঃ। সং নমঃ পরায় ষোড়শকলাব্যাপ্তচন্দ্রমণ্ডলাত্মনে নমঃ। রং নমঃ পরায় দশকলাব্যাপ্ত বহ্নিমণ্ডলাত্মনে নমঃ ॥ ১২৩ ॥]

টীকা—আকাশাদিপঞ্চকঞ্চ মূর্দ্ধাদিপঞ্চকে ন্যসেৎ, এবং মকারাদি-ককারান্তানাং পঞ্চবিংশতিবর্ণানাং ন্যাসঃ সমাপ্তঃ ॥ ১২২ ॥

টীকা—অধুনাবশিষ্টানাং ব্যঞ্জনবর্ণানাং দশানাং ন্যাসং লিখতি—হৃদীতি সার্দ্ধচতুর্ভিঃ। হৃৎপুণ্ডরীকমিত্যেকং তথা সূর্য্যমণ্ডলং চন্দ্রমণ্ডলম্ অগ্নিমণ্ডলং চেতিত্রয়ম্ ; এতচ্চতুষ্টয়ং বিন্দুসহিতৈঃ শকারাদি চতুর্বর্ণৈঃ সহ ক্রমেণ হৃদ্যেব ন্যসেৎ। কথম্ভুতং সূর্য্যাদিমণ্ডলং ? কলাব্যাপ্তেতি-শব্দঃ পূর্ব্ব-মাদ্যং যস্মিন্ তৎ ; পুনঃ কথম্ভুতম্ ? দ্বিষট্‌দ্বাদশদ্ব্যষ্টষোড়শ-ক্রমেণ দ্বিষট্ ইত্যাদি আদৌ যস্য তৎ ; তথা চ ক্রমদীপিকায়াম্—বিম্বানি দ্বিষড়ষ্টযুগদশ-কলাব্যাপ্তানি সূর্য্যোড়ুরাড়্‌বহ্নীনাঞ্চ, যতস্তু ভূতবসুমুন্যক্ষ্যক্ষরৈর্মন্ত্রবিদিতি। অস্যার্থঃ—সূর্য্যচন্দ্রবহ্নীনাং মণ্ডলানি ক্রমেণ দ্বাদশষোড়শদশকলাব্যাপ্তানি চ তত্তৎকলাব্যাপ্তেত্যেতান্যপি ; যতঃ যকারাৎ যো ভূতাক্ষরং পঞ্চমবর্ণঃ শকারঃ, বস্বক্ষরম্ অষ্টমবর্ণঃ হকার,

মুন্যক্ষরং সপ্তমবর্ণঃ সকারঃ, অক্ষ্যক্ষরং দ্বিতীয়বর্ণঃ রেফঃ, এতৈঃ সহেতিঃ; তত্র প্রয়োগঃ—'শং' নমঃ পরায় হৃৎপুণ্ডরীকাত্মনে নমঃ; হং নমঃ পরায় দ্বাদশকলাব্যাপ্তসূর্য্যমণ্ডলাত্মনে নমঃ; সং নমঃ পরায় ষোড়শকলাব্যাপ্তচন্দ্রমণ্ডলাত্মনে নমঃ; রং নমঃ পরায় দশকলাব্যাপ্তবহ্নিমণ্ডলাত্মনে নমঃ' ইতি ॥ ১২৩ ॥

বাসুদেবং যকারেণ পরমেষ্ঠিযুতঞ্চ কে।
যকারেণ মুখে সঙ্কর্ষণং ন্যসেৎ পুমন্বিতম্ ॥১২৪॥

অনুবাদ—পরমেষ্ঠি শব্দ সংযুক্ত বাসুদেবকে য-কারের সহিত মস্তকে ন্যাস করিবে। য-কারের সহিত মুখে পুংশব্দ সহযোগে সঙ্কর্ষণের ন্যাস করিতে হয় ॥ ১২৪ ॥

টীকা—অধুনাবশিষ্টষড়্বর্ণৈঃ সহ পঞ্চোপ-নিষদাদিন্যাসং লিখতি—বাসুদেবমিতি ত্রিভিঃ। মূর্দ্ধন্যষকারেণ সহ পরমেষ্ঠিযুতং পরমেষ্ঠীতি সহিতং বাসুদেবং কে মস্তকে ন্যসেৎ; অত্র প্রয়োগঃ—'ষং নমঃ পরায় বাসুদেবায় পরমেষ্ঠ্যাত্মনে নমঃ,' ইতি। পুমন্বিতং পুংসা সহিতম্; তত্র প্রয়োগঃ—'যং নমঃ পরায় সঙ্কর্ষণায় পুমাত্মনে নমঃ' ইতি ॥ ১২৪ ॥

হৃদি ন্যসেল্লকারেণ প্রদ্যুম্নং বিশ্বসংযুতম্।
অনিরুদ্ধং নিবৃত্ত্যাঢ্যং বকারেণ চ গুহ্যকে।
নারায়ণঞ্চ সর্ব্বাঢ্যং লকারেণৈব পাদয়োঃ ॥১২৫॥

অনুবাদ—বিশ্বশব্দ সমন্বিত হৃদয়ে লকারের সহিত প্রদ্যুম্নের, নিবৃত্ত-শব্দ সহকারে গুহ্যে, বকারের সহিত অনিরুদ্ধের এবং পদদ্বয়ে লকারে সহিত সমস্ত অঙ্গযুক্ত নারায়ণের ন্যাস করিতে হইবে ॥ ১২৫ ॥

টীকা—লকারেণ সহ প্রদ্যুম্নং ন্যসেৎ ইত্যত্র কেচিদ্রেফেণ সহ ন্যাসং মন্যন্তে, তদযুক্তমেব, যতঃ পূর্ব্বং বহ্নিমণ্ডলেন সহ রেফস্য ন্যাসো বৃত্তঃ, অত্রাপি পুনস্তস্যৈব ন্যাসাত্তস্য দ্বিত্বং প্রসজ্যেত তচ্চ ন সম্ভবে-দেব, বর্ণাসমাম্নায়েতস্যৈকত্বাৎ, অতোঽত্র লকার-স্যৈব ন্যাসো যুক্তঃ। অগ্রে নারায়ণেন সহ তস্য পুনর্ন্যাসশ্চৈকপঞ্চাশন্মাতৃকাবর্ণেষু তস্য দ্বিত্বাদ্যুক্ত এবেতি। অতএব ক্রমদীপিকায়াং—যোপরবলার্ণকৈঃ সলবকৈরিতি। অস্যার্থঃ—যেতি যকার উপরেতি রেফস্য উপসমীপে তিষ্ঠতীতি যকারো লকারশ্চ তথা বকারো লকারশ্চ দ্বিতীয়ঃ; এবং পঞ্চভির্বর্ণৈঃ সলবকৈঃ সানুস্বারৈরিতি। যোযবালবর্ণৈরিতি পাঠস্তু চিন্ত্যঃ, আর্য্যাভেদস্কন্ধকচ্ছন্দসি চতুষ্কলভঙ্গদোষাপত্তেঃ, তথা তত্ত্বন্যাসেঽস্মিন্ প্রথমতঃ প্রস্তুতানাং পঞ্চত্রিং-শদ্ব্যঞ্জনবর্ণানাং মধ্যে যোইত্যস্যাবা-ইত্যস্য চ কুত্রাপ্যশ্রবণাৎ। অন্তে ন্যাস্যস্য ক্ষকারস্য চ রেফৌ-কারসংযোগঃ নৃসিংহবীজত্বেন তস্য তাদৃশত্বাদেব; অতঃ পূর্ব্বং পঞ্চবর্গ্যানাং বর্ণানাং ন্যাসঃ, ততঃ পর-মন্তঃস্থাদীনাং মধ্যে, সকারাদিচতুর্ণামগ্রেন্যাসঃ, ততঃ পরমন্তঃস্থাদীনাং মধ্যে শকারাদিচতুর্ণামগ্রে নৃসিংহ-বীজময়স্য ক্ষকারস্যান্ত্যেব। অত্র চ পঞ্চোপনিষৎসু অবশিষ্টানাং যকারাদীনাং পঞ্চানামেব যুক্ত ইতি দিক্। অত্র প্রয়োগঃ—'লঃ নমঃ পরায় প্রদ্যুম্নায় বিশ্বাত্মনে নমঃ' ইতি ॥ ১২৫ ॥

নৃসিংহং কোপসংযুক্তং তদ্বীজেনাখিলাত্মনি।
তত্ত্বন্যাসোঽয়মচিরাৎ কৃষ্ণসান্নিধ্যকারকঃ ॥১২৬॥

অনুবাদ—সর্ব্বাঙ্গে কোপ-শব্দ-যুক্ত নৃসিংহকে তদীয় বীজের অর্থাৎ ক্ষকারের সহকারে সর্ব্বগাত্রে ন্যাস করিবে। উপরে কথিত এই তত্ত্ব অল্পকালের মধ্যেই সাধককে কৃষ্ণ সমীপবর্ত্তী করে ॥ ১২৬ ॥

[উক্ত ন্যাস সকলের প্রয়োগ—ষং নমঃ পরায় বাসুদেবায় পরমেষ্ঠ্যাত্মনে নমঃ। যং নমঃ পরায় সঙ্কর্ষণায় পুমাত্মনে নমঃ। লং নমঃ পরায় প্রদ্যুম্নায় বিশ্বাত্মনে নমঃ। বং নমঃ পরায় অনিরুদ্ধায় নিবৃত্তাত্মনে নমঃ। লং নমঃ পরায় নারায়ণায় সর্ব্বাত্মনে নমঃ। ক্ষ্রৌং নমঃ পরায় নৃসিংহায় কোপাত্মনে নমঃ। ১২৬ ॥]

টীকা—ন্যসেদিত্যনুবর্ত্তত এব, নৃসিংহস্য বীজেন সহ অখিলাত্মনি সর্ব্বগাত্রেষু; অত্র প্রয়োগঃ—'ক্ষ্রৌ নমঃ পরায় নৃসিংহায় কোপাত্মনে নমঃ' ইতি। এবং তত্ত্বন্যাসফলং লিখতি—তত্ত্বেতি। কৃষ্ণসান্নিধ্যকারকঃ—কৃষ্ণং সান্নিধ্যে কারয়তি প্রাপয়তীত্যর্থঃ ॥ ১২৬ ॥

তথা চোক্তম্—

অতত্ত্বব্যাপ্যরূপস্য তৎপ্রাপ্তের্হেতুনা পুনঃ।
তত্ত্বন্যাসমিতি প্রাহুর্ন্যাসতত্ত্ববিদো বুধাঃ ॥ ১২৭ ॥

অনুবাদ—এই বিষয়ে বলা হইয়াছে যে—যে সব বিজ্ঞজন ন্যাস কার্য্যের তত্ত্ব অবগত আছেন, তাঁহারা এই ন্যাসকে তত্ত্বন্যাস বলিয়া থাকেন, কারণ যাহা বস্তু নহে, তাহাকে বস্তুতাপ্রাপ্ত করায় ॥ ১২৭ ॥

টীকা—অতত্ত্বঞ্চ তৎ, অতএব ব্যাপ্যরূপঞ্চ তস্য পুনঃ তৎপ্রাপ্তেস্তত্ত্বাবাপ্তের্হেতোঃ ॥ ১২৭ ॥

———

যঃ কুর্য্যাত্তত্ত্ববিন্যাসং স পূতো ভবতি ধ্রুবম্।
তদাত্মনানুপ্রবিশ্য ভগবানিহ তিষ্ঠতি।
যতঃ স এব তত্ত্বানি সর্ব্বং তস্মিন্ প্রতিষ্ঠিতম্ ॥

অনুবাদ—তত্ত্বন্যাসকারী ব্যক্তি নিশ্চয়ই পবিত্র হন। শ্রীভগবান সেই ব্যক্তির দেহে ন্যাসরূপে প্রবিষ্ট হইয়া অবস্থান করেন। যেহেতু ভগবানই সর্ব্বতত্ত্ব এবং সমুদায় পদার্থই তাঁহাতে বিরাজিত ॥ ১২৮ ॥

টীকা—তদাত্মনা ন্যাসকর্ত্তৃরূপেণ বা ইহ শরীরে লোকে বা ॥ ১২৮ ॥

———

অথ পুনঃপ্রাণায়ামবিশেষঃ

প্রাণায়ামাংস্ততঃ কুর্য্যান্মূলমন্ত্রং জপন্ ক্রমাৎ।
বারৌ দ্বৌ চতুরঃ ষট্ চ রেচপূরককুম্ভকে ॥ ১২৯ ॥

অনুবাদ—অতঃপর পুনর্বার বিশেষরূপে প্রাণায়াম—তাহার পর মূলমন্ত্র (অষ্টাদশাক্ষর মন্ত্র) রেচক, পূরক ও কুম্ভক কার্য্যে ক্রমান্বয়ে দুই, চারি ও ছয়বার জপ করিয়া প্রাণায়াম করিবে ॥ ১২৯ ॥

টীকা—ততস্তত্ত্বন্যাসানন্তরম্ ; ক্রমাদপি রেচকে দ্বৌ বারৌ, পূরকে চতুরো বারান্ কুম্ভকে ষট্ বারান্ অষ্টাদশাক্ষরমন্ত্রং জপন্নিত্যর্থঃ। রেচকপূরককুম্ভক ইতি দ্বন্দ্বৈক্যম্ ॥ ১২৯ ॥

———

অথবা রেচকাদীংস্তান্ কুর্য্যাদ্বারাংস্তু ষোড়শ।
দ্বাত্রিংশচ্চ চতুঃষষ্টিং কামবীজং জপন্ ক্রমাৎ ॥১৩০

অনুবাদ—অথবা অসমর্থ হইলে ক্রমান্বয়ে ১৬, ৩২ ও ৬৪ বার কামবীজ জপ করিয়া রেচকাদি করিবে ॥ ১৩০ ॥

টীকা—তত্রাশক্তৌ প্রকারান্তরং লিখতি—অথবেতি। কামবীজং ক্রমাৎ রেচকপূরককুম্ভকেষু পূর্ব্ববৎক্রমেণ ষোড়শদ্বাত্রিংশচ্চতুঃষষ্টিবারান্ জপন্ তান্ রেচকপূরককুম্ভকাংস্ত্রীন্ কুর্য্যাৎ ॥ ১৩০ ॥

———

তথা চ ক্রমদীপিকায়াম্—

রেচয়েন্মারুতং দক্ষয়া দক্ষিণঃ
পূরয়েদ্বাময়া চ মধ্যনাড্যা পুনঃ।
ধারয়েদীরিতং রেচকাদিত্রয়ং,
স্যাৎ কলাদন্তবিদ্যাখ্যমাত্রাত্মকম্ ॥ ১৩১ ॥

অনুবাদ—ক্রমদীপিকাতে লিখিত আছে—বিজ্ঞব্যক্তি দক্ষিণনাড়ী দ্বারা বায়ু রেচন করিবেন, বামনাড়ী দ্বারা পূরণ এবং মধ্যনাড়ী দ্বারা বায়ু অবরোধ (কুম্ভক) করিবেন। এই তিন প্রকার ক্রিয়াই রেচক, পূরক ও কুম্ভক নামে অভিহিত। ইহাদের পরিণামকাল—১৬, ৩২ ও ৬৪ মাত্রা ॥১৩১

টীকা—তদেব ক্রমদীপিকোক্ত্যা সংবাদয়ন্ তত্রৈব কিঞ্চিদ্বিশেষঞ্চ দর্শয়তি—রেচয়েদিতি। দক্ষয়া দক্ষিণনাড্যা, দক্ষিণঃ বিদ্বান্ জনঃ, মধ্যনাড্যা সুষুম্নয়া ধারয়েৎ ; এবং রেচকপূরককুম্ভকাখ্যাং ত্রয়ং স্যাৎ। রেচকাদিষু ত্রিষু ক্রমেণাবধিকালমাহ—কলাঃ ষোড়শ, দন্তা দ্বাত্রিংশৎ, বিদ্যাশ্চতুঃষষ্টিস্তৎসংখ্যকমাত্রাত্মকমিত্যর্থঃ। মাত্রা চ—বামাঙ্গুষ্ঠেন বামকনিষ্ঠাদ্যঙ্গুলীনাং প্রত্যেকং পর্ব্বত্রয়সম্পর্ককালঃ, বামহস্তেন বামজানুমণ্ডলস্য প্রাদক্ষিণ্যেন স্পর্শকালো বা। তত্রাপ্যঙ্গুলিনিয়মোহপ্যুক্তঃ—'কনিষ্ঠানামিকাঙ্গুষ্ঠৈর্যন্নাসাপুটধারণম্। প্রাণায়ামঃ স বিজ্ঞেয়স্তর্জ্জনীমধ্যমে বিনা' ইতি। তত্র তেষু প্রাণায়ামষু পূর্ব্বক রেচকাদিষু সংখ্যোক্তা, অত্র চ প্রাণায়ামেষ্বিবতিভেদঃ ॥১৩১॥

———

তত্র কালঃ সংখ্যাদিকঞ্চ

তত্রৈব—

পুরতো জপস্য পরতো-
ঽপি বিহিতমথ তত্রয়ং বুধৈঃ।

ষোড়শ য ইহাচরেদ্দিনশঃ,
পরিপূয়তে স খলু মাসতোঽংহসঃ ॥ ১৩২ ॥

অনুবাদ—ক্রমদীপিকা-গ্রন্থেই বর্ণিত হইয়াছে—পণ্ডিত ব্যক্তিগণ জপের আগে ও পরে এই প্রাণায়াম বিধান করিয়া থাকেন। প্রতি সময়ে তিন তিন বারের নিয়ম আছে। যিনি ইহ লোকে প্রত্যহ ষোড়শ প্রাণায়াম অনুষ্ঠান করেন, এক মাসের মধ্যে তিনি পাতক মুক্ত হন ॥ ১৩২ ॥

টীকা—জপস্য পূরত আদৌ পরতঃ অন্তে চ ইতি প্রাণায়ামেষু কালঃ, তত্রয়ং প্রাণায়ামত্রয়মিতি সংখ্যা, যো জনো দিনশঃ প্রত্যহং ষোড়শপ্রাণায়ামানাচরেৎ, স মাসতঃ, মাসেনৈকেন অংহসঃ পাপাৎ পরিপূয়তে শুদ্ধো ভবতীতি স্যামান্যতঃ ফলম্। পরঞ্চ সর্ব্বং পূর্ব্বং লিখিতমেব ॥ ১৩২ ॥

অথ পীঠন্যাসঃ

ততো নিজতনুমেব পূজাপীঠং প্রকল্পয়ন্।
পীঠস্যাধারশক্ত্যাদীন্ ন্যস্যেৎ স্বাঙ্গেষু তারবৎ ॥১৩৩

অনুবাদ—তৎপরে নিজদেহকেই পূজাপীঠরূপে চিন্তা করিয়া পীঠের আধার-শক্ত্যাদিগণকে প্রণব-সহকারে নিজ-অঙ্গসমূহে ন্যাস করিতে হয় ॥১৩৩॥

টীকা—তারঃ প্রণবস্তদ্বৎ তৎ সহিতং যথা স্যাৎ ॥ ১৩৩ ॥

আধারশক্তিং প্রকৃতিং কূর্ম্মানন্তৌ চ তত্র তু।
পৃথিবীং ক্ষীরসিন্ধুঞ্চ শ্বেতদ্বীপঞ্চ ভাস্বরম্ ॥ ১৩৪ ॥
শ্রীরত্নমণ্ডপঞ্চৈব কল্পবৃক্ষং তথা হৃদি।
ন্যস্যেৎ প্রদক্ষিণত্বেন ধর্ম্মজ্ঞানে ততোঽংসয়োঃ ॥১৩৫

অনুবাদ—হৃদয়ে আধারশক্তি, প্রকৃতি, কূর্ম্ম, অনন্ত, পৃথিবী, ক্ষীরসমুদ্র, প্রকাশ স্বভাব শ্বেতদ্বীপ, শ্রীমান রত্নমণ্ডপ ও কল্পবৃক্ষ এই সকলের ন্যাস করিতে হইবে। পরে প্রদক্ষিণভাবে অর্থাৎ হাত ঘুরাইয়া স্কন্ধদ্বয়ে ধর্ম্ম ও জ্ঞানের ন্যাস করিবে ॥১৩৪-১৩৫

টীকা—তদেব বিবিচ্য লিখতি—আধারেত্যাদিনা ক্রমাদিত্যন্তেন। তত্র তস্মিংস্তু পীঠন্যাসে আধারশক্ত্যাদিকল্পবৃক্ষপর্য্যন্তান্ নব হৃদি ন্যসেৎ; ভাস্বরং প্রকাশস্বভাবং শ্রীমন্তং রত্নমণ্ডপম্; তথা চ ক্রমদীপিকায়াম্—'ন্যস্যেদাধারশক্তিপ্রকৃতিকমঠশেষক্ষমাক্ষীরসিন্ধূন্ শ্বেতদ্বীপঞ্চ রত্নোজ্জ্বল-সহিতমহামণ্ডপং কল্পবৃক্ষমি'তি। অত্র প্রয়োগঃ—'ওঁ আধারশক্ত্যৈ নমঃ' ইত্যাদিঃ। প্রণবাদিচতুর্থ্যন্তং দেবনামনমোঽন্তকম্ ইতি প্রাগ্ লিখনাৎ, ততস্তদনন্তরং ধর্ম্মং জ্ঞানঞ্চেতি দ্বয়ং প্রদক্ষিণত্বেন প্রাদক্ষিণ্যক্রমেণ স্কন্ধদ্বয়ে ন্যস্যেৎ ॥ ১৩৪-১৩৫ ॥

ঊর্ব্বোর্বৈরাগ্যমৈশ্বর্য্যং তথৈবাধর্ম্মাননে।
ত্রিকেঽজ্ঞানমবৈরাগ্যমনৈশ্বর্য্যঞ্চ পার্শ্বয়োঃ ॥ ১৩৬ ॥
হৃদব্জেঽনন্তপদ্মঞ্চ সূর্য্যেন্দুশিখিনাং তথা।
মণ্ডলানি ক্রমাদ্বর্ণৈঃ প্রণবাংশৈঃ সবিন্দুকৈঃ ॥১৩৭॥
সত্ত্বং রজস্তমশ্চাত্মান্তরাত্মনৌ চ তত্র হি।
পরমাত্মানমপ্যাত্মাদ্যাদ্যবর্ণৈঃ সবিন্দুকৈঃ ॥ ১৩৮ ॥

অনুবাদ—ঐ প্রকারে দুই উরুতে জ্ঞান ও বৈরাগ্যের, মুখে অধর্ম্মের, কটিদেশে অজ্ঞানের, পার্শ্বদ্বয়ে অবৈরাগ্য ও অনৈশ্বর্য্যের এবং হৃদয়ে অনন্ত ও পদ্মের ন্যাস করিবে। তৎপরে সূর্য্যমণ্ডল, চন্দ্রমণ্ডল ও বহ্নিমণ্ডলকে অনুস্বার যুক্ত প্রণবের অংশত্রয়ের সহিত যথাক্রমে হৃদয়ে ন্যাস করিবে। অর্থাৎ ওঁ অং সূর্য্যমণ্ডলায় নমঃ, ওঁ উং সোমমণ্ডলায় নমঃ, ওঁ মং বহ্নিমণ্ডলায় নমঃ,—এই প্রকারে ন্যাস করিতে হইবে।

সত্ত্ব, রজঃ, তমঃ, আত্মা, অন্তরাত্মা ও পরমাত্মা ইহাদিগকে প্রত্যেকের আদ্যবর্ণে অনুস্বারের সহিত ঐ হৃদয়েই ন্যাস করিতে হইবে। অর্থাৎ ওঁ সং-সত্ত্বায় নমঃ, ওঁ রং রজসে নমঃ, ইত্যাদি ॥১৩৬-১৩৮ ॥

টীকা—ন্যাসেদিত্যগ্রেঽপ্যনুবর্ত্তত এব। তথৈব প্রদক্ষিণত্বেন বৈরাগ্যমৈশ্বর্যঞ্চেতি দ্বয়মূরুদ্বয়ে ন্যস্যেৎ। অধর্ম্মং মুখে, ত্রিকে কট্যামজ্ঞানম্, অবৈরাগ্যমনৈশ্বর্যঞ্চেতি দ্বয়ং তথৈব পার্শ্বদ্বয়ে ন্যস্যেৎ। তথা চ ক্রমদীপিকায়াম্ — 'অংসদ্বয়োরুদ্বয়বদনকটীপার্শ্বযুগ্মেষু ভূয়ঃ' ইতি। 'তথা ধর্ম্মাদ্যধর্ম্মাদি চ পাদগাত্রচতুষ্টয়ম্' ইতি। অস্যার্থঃ—পাদগাত্রয়োশ্চতুষ্টয়-

মিতি পাদচতুষ্টয়ং গাত্রচতুষ্টয়ঞ্চেতি, অংসদ্বয়াদিষু ক্রমেণ ধর্ম্মাদিরূপং পাদচতুষ্টয়ম্, আদিশব্দেন জ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যাণি, তথা অধর্ম্মাদিরূপঞ্চ গাত্রে চতুষ্টয়ং ন্যস্যেৎ। আদিশব্দেনাত্রাজ্ঞানাবৈরাগ্যানৈশ্বর্য্যং, তত্র চ প্রদক্ষিণক্রমেণেতি বোদ্ধব্যম্। 'অংসোরুযুগ্ময়োর্বিদ্বান্ প্রাদক্ষিণ্যেন দেশিকঃ। ধর্ম্মং জ্ঞানঞ্চ বৈরাগ্যমৈশ্বর্য্যঞ্চ ন্যস্যেৎ ক্রমাৎ॥ ইতি সারদাতিলকোক্তেরিতি ॥ ১৩৬ ॥

টীকা—বিন্দুসহিতৈঃ প্রণবাংশৈঃ অকারোকারমকারৈঃ সহ ক্রমেণ সূর্য্যেন্দুবহ্নীনাং মণ্ডলানি চ হৃদব্জে এব ন্যস্যেৎ, প্রয়োগঃ—'ওঁ অং সূর্য্যমণ্ডলায় নমঃ' ইত্যাদিঃ। সত্ত্বাদিপঞ্চকঞ্চ বিন্দুসহিতৈঃ আত্মাদ্যৈঃ স্ব-স্বপ্রথমৈর্বর্ণৈঃ সহ তত্র হৃদ্যব্জ এব ন্যস্যেৎ ; প্রয়োগঃ—'ওঁ সং সত্ত্বায় নমঃ' ইত্যাদিঃ ॥ ১৩৭-১৩৮ ॥

জ্ঞানাত্মানঞ্চ ভুবনেশ্বরী-বীজেন সংযুতম্।
তস্যাষ্টদিক্ষু মধ্যেঽপি নবশক্তীশ্চ দিক্‌ক্রমাৎ ॥১৩৯
তাশ্চোক্তাঃ—
বিমলোৎকর্ষিণী জ্ঞানা ক্রিয়া যোগেতি শক্তয়ঃ।
প্রহ্বী সত্যা তথেশানানুগ্রহা নবমী স্মৃতা ॥ইতি॥১৪০
ন্যস্যেত্তদুপরিষ্টাচ্চ পীঠমন্ত্রং যথোদিতম্।
ঋষ্যাদিকং স্মরেদস্যাষ্টাদশার্ণমনোস্ততঃ ॥ ১৪১ ॥

অনুবাদ—অতঃপর ভুবনেশ্বরী বীজ (হ্রীং) সহ জ্ঞানাত্মাকে ও নবশক্তিকে ঐ হৃদয়পদ্মের অষ্টপত্রে এবং মধ্যস্থানে পূর্ব্বদিক অনুসারে ন্যাস করিব। নবশক্তি যথা—বিমলা, উৎকর্ষিণী, জ্ঞানা, ক্রিয়া, যোগা, প্রহ্বী, সত্যা, ঈশানা এবং অনুগ্রহা। তাহার উপরিভাগে যথোক্ত পীঠমন্ত্র ন্যাস করিবে। অনন্তর এই অষ্টাদশাক্ষর মন্ত্রের ঋষ্যাদি স্মরণ করিবে ॥ ১৩৯-১৪১ ॥

টীকা—ভুবনেশ্বরীবীজং হ্রীং তৎসহিতং জ্ঞানাত্মানঞ্চ হৃদব্জ এব ন্যস্যেৎ, চকারস্যোক্তসমুচ্চয়ার্থত্বাৎ; তস্য হৃদব্জস্য অষ্টসু দিক্ষু অষ্টদলেষু কেশরমধ্যে দিক্‌ক্রমাৎ পূর্ব্বাদিক্রমেণ বিমলাদ্যাঃ শক্তীরষ্ট ন্যসেৎ ; তন্মধ্যে কর্ণিকায়ামনুগ্রহাং নবমীং শক্তিং ন্যস্যেদিত্যর্থঃ, যথোদিতং ক্রমদীপিকাদিশাস্ত্রোক্তানুসারেণেত্যগ্রে লিখনাৎ ॥ ১৩৯-১৪১ ॥

জ্ঞেয়াশ্চৈকান্তিভিঃ ক্ষীরসমুদ্রাদিচতুষ্টয়ম্।
ক্রমাচ্ছ্রীমথুরাবৃন্দাবনতৎকুঞ্জনীপকাঃ ॥ ১৪২ ॥

অনুবাদ—যাঁহারা একান্তভাবে শ্রীকৃষ্ণের পূজা করিয়া থাকেন, তাঁহারা এইরূপ পরিজ্ঞাত আছেন যে, ক্ষীরসমুদ্রাদি চারিটি ক্রমান্বয়ে শ্রীমথুরা, বৃন্দাবন, বৃন্দাবনস্থিত কুঞ্জ এবং কদম্ব স্বরূপ ॥ ১৪২ ॥

[জিজ্ঞাস্য হইতে পারে যে, আধারশক্তি, প্রকৃতি, কূর্ম্ম, অনন্ত ও পৃথিবী এই পঞ্চশক্তি মথুরারও আশ্রয় ; সুতরাং কৃষ্ণের একান্তভক্তবৃন্দ পীঠে ঐ শক্তিপঞ্চকের ন্যাস করিতে পারেন, কিন্তু আর্য্যাবর্ত্তের অন্তবর্ত্তিনী গোপালপ্রেম-বিহাররসময়ী মথুরাদি-বৃন্দাবনাদি পরিত্যাগ করিয়া তাঁহারা কেন পূজাপীঠে ক্ষীরসাগরাদি-চতুষ্টয়ের ন্যাস করিবেন? তদুত্তরে বলা হইতেছে যে—ক্ষীরসমুদ্র দুগ্ধবর্ণ, অসংখ্য পয়স্বিনী ধেনুর আশ্রয়স্থান হওয়ায় মথুরা ক্ষীরসাগরস্বরূপ। বৃন্দাবন মথুরাপ্রদেশের প্রধান স্থান ; সর্ব্বদা দুগ্ধে অভিষিক্ত থাকায় দেখিতে শ্বেতবর্ণ, শ্বেতকায় মনুষ্যের আবাসভূমি ও যমুনাবেষ্টিত বলিয়া দেখিতে দ্বীপের ন্যায় ; সুতরাং শ্বেতদ্বীপের তুল্য। অসংখ্যমণিরত্নখচিত রত্নমণ্ডপের সহিত মনোহর কুসুমশোভিত বৃন্দাবনস্থিত লতামণ্ডপের বিলক্ষণ সাদৃশ্য আছে, কাজে কাজেই রত্নমণ্ডপতুল্য। বৃন্দাবনের কদম্ববৃক্ষ কল্পবৃক্ষ সদৃশ বাঞ্ছিত-ফল প্রদান করে, সুতরাং পরস্পরের বিলক্ষণ ঐক্য বিদ্যমান ॥ ১৪২ ॥]

টীকা—ননু আধারশক্ত্যাদিপঞ্চকং শ্রীমথুরায়া অপ্যাশ্রয়ভূতমিতি তত্তন্ন্যাস একান্তিনাং মতেনাপি ন বিরুদ্ধঃ স্যাৎ ; কিন্তু আর্য্যাবর্ত্তান্তর্বর্ত্তিনীং শ্রীগোপালদেবস্য নিরন্তরপ্রেমবিহাররসময়ীং শ্রীমথুরাবৃন্দাবনাদি ব্রজভূমিং বিহায় কথং তৈঃ ক্ষীরসিন্ধ্বাদিন্যাসঃ কার্য্যঃ? তত্র লিখতি—জ্ঞেয়াশ্চেতি। ক্রমাদিতি—ক্ষীরসিন্ধুঃ শ্রীমথুরেতি, শ্বেতদ্বীপঃ শ্রীবৃন্দাবনমিতি, রত্নমণ্ডপস্তস্য শ্রীবৃন্দাবনস্য শ্রীকুঞ্জলতামণ্ডপ ইতি, কল্পবৃক্ষশ্চ শ্রীবৃন্দাবনবর্ত্তি-শ্রীনীপবৃক্ষ ইতি জ্ঞেয়

ইত্যর্থঃ। গোসমৃদ্ধং শ্রিয়া জুষ্টমাভীরপ্রায়মানুষমিত্যাদি শ্রীহরিবংশাদ্যুক্ত্যা শ্রীমথুরায়াঃ গোপ্রধানদেশতয়া ক্ষীরময়ত্বাৎ ক্ষীরসমুদ্রত্বং, শ্রীবৃন্দাবনস্য চ তত্রত্য-ব্রজভূমিপ্রধানস্থানস্য বিশেষতঃ ক্ষীরস্রাবকৃতধাবল্যাদিনা শ্বেতদ্বীপত্বাদিত্যগ্রে ব্রহ্মসংহিতাবচনতোঽভিব্যক্তং ভাবি। রত্নমণ্ডপকল্পদ্রুমৌ চ 'ভূমিশ্চিন্তামণিগণময়ী'ইতি ব্রহ্মসংহিতাস্তোত্রোক্তেঃ (৫-৬৭) ; ততঃ প্রভৃতি নন্দস্য ব্রজঃ সর্ব্বসমৃদ্ধিমান্ 'হরের্নিবাসাত্মগুণৈ রমাক্রীড়মভূন্ নৃপ' ইত্যাদি শ্রীদশমস্কন্দাদ্যুক্তেশ্চ (৫।১৮) শ্রীবৃন্দাবনান্তর্ঘটিত এব। তেন যদ্যপি তয়োরেকান্তিমতেনাপি ন বিরোধঃ স্যাৎ, তথাপি সদা বনবন্যজনপ্রিয়ায় ভগবতে শ্রীগোপালদেবায় শ্রীবৃন্দাবননিকুঞ্জবনিকাবিহার এব নিতরাং রোচতে। অতঃ শ্রীভাগবতাদিষু তাদৃশ এব শ্রূয়তে; অত একান্তিভ্যোঽপি স এব প্ররোচত ইত্যেবং রত্নমণ্ডপ-কল্পদ্রুমৌ শ্রীবৃন্দাবননিকুঞ্জনীপৌ জ্ঞেয়াবিতি লিখিতম্। কিঞ্চ তত্রত্য-লতাদি-পুষ্পাণাং বিচিত্রবর্ণগুণত্বেন রত্নসাদৃশ্যাৎ পুষ্পময়ং কুঞ্জং রত্নমণ্ডপ এব, তথা তত্রত্যকদম্বাদিপাদপাশ্চ সর্ব্বাভীষ্টপূরণাৎ কল্পদ্রুমা এব। তথা চ দশমস্কন্ধে (২২।৩৩)—'অহো এষাং বরং জন্ম সর্ব্বপ্রাণ্যুপজীবিনাম্। সুজনস্যেব যেষাং বৈ বিমুখা যান্তি নার্থিনঃ॥' ইত্যাদি যদ্যপি চম্পকাদয়োঽপি বহবো বৃক্ষা বৃন্দাবনে বিরাজন্তে, তথা চ তত্রৈব শ্রীগোপীনাং শ্রীভগবদন্বেষণে (শ্রীভাঃ ১০।৩০।৬)—'কচ্চিৎ কুরুবকাশোকনাগপুন্নাগচম্পকাঃ' ইত্যাদি, তথাপি—কদম্বপাদপপ্রায়ম্' ইতি শ্রীহরিবংশোক্তেঃ, বিশেষতো ভগবৎপ্রিয়ত্বেন ; অতএব—কদম্বপাদপচ্ছায়ে স্থিতং বৃন্দাবনে ক্বচিৎ' ইতি গৌতমীয়তন্ত্রোক্তেশ্চাত্র নীপো লিখিতঃ। অথ ধর্ম্মাদীনাং শ্রীভগবদাসনপাদৈকাশ্রয়ত্বাৎ অধর্ম্মাদীনামপি ভগবতো ভক্তবর্গস্য বা কস্যচিদ্ভক্তবাৎসল্যেন কদাচিৎ ধর্ম্মাতিক্রমণাদিলক্ষণানাং তদেকাশ্রয়ত্বাৎ, অধর্ম্মাদীনামপি ভগবতো ভক্তবর্গস্য ন্যাসো নৈকান্তিনাং মতেঽপি বিরুদ্ধঃ স্যাৎ। হৃদব্জে ন্যাস্যোঽনন্তঃ শ্রীবলদেবঃ ; সূর্য্যাদিমণ্ডলরূপঞ্চ সর্ব্বতঃ প্রসৃমরমশীতানুষ্ণং, মনোনয়নাহলাদক-পরস্পরমিলিতসূর্য্যচন্দ্রাদিতেজ ইব সহজং শ্রীভগবত্তেজ ইব, সত্ত্বাদীনাঞ্চ নিজভক্তার্থদ্যং স্বীকৃতানাং, তথা আত্মাদীনাঞ্চ তদংশত্বাদিনা স্বতএব সেবকাদিরূপানাং তদেকাশ্রয়তাপি নৈব বিরুধ্যতে। তান্ত্রিকৈস্তু কেবলং বিচিত্রতত্তৎফলাভিসন্ধি-সকাম-তান্ত্রিক-ভক্তেষু শ্রীভগবদৈশ্বর্য্যবিশেষপ্রদর্শনেন শ্রদ্ধাতিশয়োৎপাদনায় ক্ষীরসিন্ধ্বাদিন্যাসো বিহিতঃ, ন তু সাক্ষাৎ শ্রীমথুরাদিনামনির্দ্দেশাদিকং কৃতম্ ; ইত্যলমতিবিস্তরেণ ॥ ১৪২ ॥

তথা চ ব্রহ্মসংহিতায়ামাদিপুরুষরহস্যস্তোত্রে (৫।৬৮)—

স যত্র ক্ষীরাব্ধিঃ সরতি সুরভীভ্যশ্চ সুমহান্-
নিমেষার্ধাখ্যো বা ব্রজতি ন হি যত্রাপি সময়ঃ।
ভজে শ্বেতদ্বীপং তমহমিহ গোলোকমিতি যং
বিদন্তস্তে সন্তঃ ক্ষিতিবিরলচারাঃ কতিপয়ে ॥১৪৩॥

অনুবাদ—তদ্বিষয়ে ব্রহ্মসংহিতায় আদিপুরুষের গুহ্য স্তবে লিখিত আছে যে, ক্ষীরসমুদ্র শ্রীমথুরা এবং শ্বেতদ্বীপ শ্রীবৃন্দাবন, ব্রহ্মসংহিতার বাক্যে ইহাই প্রমাণিত হইতেছে। আমি সেই শ্বেতদ্বীপের আশ্রয় গ্রহণ করি। পৃথিবীতে যাঁহারা অল্পসংখ্যক অর্থাৎ এইরূপ সাধুজন সংসারে দুর্লভ। অথবা পাছে গোপনীয় বিষয় প্রকাশ পায় এই ভয়ে কিংবা হৃদয়মন্দিরে অনির্বাচ্য প্রেমরসের আবির্ভাব হওয়ায় যাবতীয় বিষয় অবহেলাভরে ত্যাগ করিয়াছেন, এইরূপ কয়জন সাধু ঐ শ্বেতদ্বীপকে ইহলোকে গোলোক বলিয়া জানেন ? ক্ষীরসমুদ্র কামধেনু সকলের স্তনদুগ্ধ প্রসূত হইয়া ঐ শ্বেতদ্বীপে বহিয়া চলিয়াছে। পরার্দ্ধসংজ্ঞ বা নিমেষার্দ্ধসংজ্ঞ কাল শ্বেতদ্বীপের অধিবাসীগণকে বশীভূত করিতে পারে না অর্থাৎ সেখানে কালের বিক্রম নাই, তাহা নিত্যধাম ॥ ১৪৩ ॥

টীকা—ক্ষীরসিন্ধুঃ শ্রীমথুরা, শ্বেতদ্বীপশ্চ শ্রীবৃন্দাবনমিতি শ্রীব্রহ্মসংহিতাবচনেন সাধয়তি—স যত্র' ইতি। তং শ্বেতদ্বীপং ভজে আশ্রয়ে, যং শ্বেতদ্বীপং গোলোকং বৈকুণ্ঠলোকপরিস্থিতং গবাং লোকমিতি বিদন্তঃ তে অনির্ব্বচনীয়াঃ কতিপয়ে অল্প এব ভবন্তি, ন তু বহবঃ, অতঃ ক্ষিতিবিরলচারাঃ পরমদুর্লভা ইত্যর্থঃ ; যদ্বা, পরমগোপ্যপ্রকাশশঙ্কয়া প্রেমবিশেষোদয়াপাদিতসর্ব্বসঙ্গপরিত্যাগেন বা লোকেষু নিভৃতং চরন্তীত্যর্থঃ। ননু শাকদ্বীপে ক্ষীরসিন্ধৌ বর্ত্তমানং প্রপঞ্চান্তর্গতং প্রসিদ্ধং শ্বেতদ্বীপং, নিত্যপরমানন্দ-

রসাত্মকানন্তক্ষীরসাগরাকীর্ণ - প্রপঞ্চাতীতগোলকমিতি কথং তে জ্ঞাতুমর্হন্তি ? পরস্পরবিরোধেন ঐক্যাসম্ভবাৎ। সত্যং, সোঽপি তাদৃশ এবেতি বিশেষণদ্বয়েন সাধয়তি। সঃ অনির্ব্বচনীয় ইত্যপ্রাকৃতত্বং পরমানন্দরসময়ত্বাদিকঞ্চ সূচিতম্ ; সুরভীভ্যঃ কামধেনুভ্যঃ প্রসরন্তীতি বর্ত্তমাননির্দ্দেশাদিনা নিত্যত্বঞ্চ দর্শিতম্। কিঞ্চ, সুমহান্ বৎসরাবৃত্ত্যা পরার্দ্ধাখ্যো বা নিমেষার্দ্ধাখ্যঃ অত্যন্তসূক্ষ্মো বা সময়ঃ কালোঽপি ন যত্র ব্রজতি, যত্র ত্যান্ন প্রাপ্নোতীত্যর্থঃ শ্রীমথুরায়াশ্চ তাদৃশত্বাৎ শ্রীমথুরৈব শ্রীগোলোক ইতি শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে গোলোকমাহাত্ম্যে বিস্তরণোক্তমেবাস্তি। এবং গোলোকস্য শ্বেতদ্বীপেন সহাভেদাৎ ক্ষীরসিন্ধু-শ্বেতদ্বীপন্যাসোঽপি ন বিরুদ্ধ ইতি ভাবঃ ; যদ্বা, গবাং লোকো নিবাসস্থানং গোকুলমিতিপ্রসিদ্ধা শ্রীবৃন্দাবনাদি-শ্রীনন্দব্রজভূমিঃ। যং গোলোকং শ্বেতদ্বীপমিতি বিদন্তঃ, তং গোলোকং ভজে ইত্যন্বয়ঃ। এবং শ্রীগোলোকস্য মাহাত্ম্যবিশেষসম্পত্ত্যা দূরন্বয়োঽপি সোঢ়ব্যঃ। ননু শ্বেতদ্বীপে ক্ষীরসমুদ্রো নিত্যং বর্ত্ততে, ভগবদেকনিষ্ঠানাং শ্বেতমহাপুরুষাণাং নিবাসেন কালভয়ঞ্চ নাস্তীত্যাশঙ্ক্য গোলোকস্যাপ্যস্য তাদৃশত্বং বিশেষণাভ্যামাহ--যত্র যস্মিন্ গোলোকে স ইত্যনেন সুরভীভ্যঃ সরতীত্যাদিনা চ শ্বেতদ্বীপতোঽপ্যস্যবিশেষ উক্তঃ। অন্যৎ সমানম্। এবং শ্রীবৃন্দাবনাদিব্রজভূমের্মথুরান্তর্গতত্বেন। শ্রীমথুরা ক্ষীরসিন্ধুস্তদ্ব্রজভূমিপ্রধানঞ্চ শ্রীগোবর্দ্ধনাদিব্যাপি বৃন্দাবনং শ্বেতদ্বীপ ইতি সিদ্ধম্। যদ্বা, আর্য্যাবর্ত্তান্তর্বর্ত্তি শ্রীবৃন্দাবনমেবেদং শ্বেতদ্বীপঃ, তঞ্চ পরমোদ্ধ্বতর-গোলোকমিতি বিদন্ত ইতি যথাক্রমমেবান্বয়ঃ। বৃন্দাবনস্য শ্বেতদ্বীপত্বে হেতুঃ—স যত্রেতি, অন্যৎ পূর্ব্ববদেব। এবং সন্ততানন্ত-শ্রীনন্দগোপরাজ-ব্রজকামধেনুযূথ-নিবাসতোঽনুক্ষণ-ক্ষীরধারা-পরিক্ষরণেন ধবলিতত্বাৎ-শ্রীকালিন্দীবেষ্টিতত্বেন মণ্ডলাকারতয়া দ্বীপবদ্দৃশ্যমানত্বাচ্চ, তথা সর্ব্বথা বিশুদ্ধানাং লোকানাং শ্রীনন্দাদীনামাশ্রয়ত্বাচ্চ তথা তদ্দেশাধিকারিণঃ শ্বেতবর্ণস্য নিবাসত্বাদপি শ্রীবৃন্দাবনমেব শ্বেতদ্বীপ ইতি যুক্তমেব ; অন্যথা শাকদ্বীপে নিত্যং ক্ষীরসমুদ্রসিদ্ধেঃ শ্বেতদ্বীপে সুরভীভ্যঃ সরতীত্যুক্তেরঘটনাদিতি দিক্। তস্য গোলোকত্বেন বেদনেঽপ্যেষ এব হেতুরুন্নেয়ঃ, গোলোকস্যাপি তস্য তথাভূতত্বাৎ। এবং প্রপঞ্চান্তর্বর্ত্তি - শ্রীমথুরামণ্ডলস্থ - শ্বেতদ্বীপাখ্য - শ্রীবৃন্দাবনমিদং প্রপঞ্চাতীত-বৈকুণ্ঠোপরিস্থিত-গোলোকমিতি যে বিদন্তি, তে ক্ষিতিবিরলচালা ইতি পূর্ব্ববদেবার্থঃ। এবং শ্রীবৃন্দাবনং শ্বেতদ্বীপ এব, তৎপ্রধানকব্রজভূমিময়ত্বাৎ শ্রীমথুরা ক্ষীরসিন্ধুরিতিসিদ্ধম্ ॥ ১৪৩ ॥

———

অথ পীঠমন্ত্রঃ

ক্রমদীপিকায়াম্—

তারো হৃদয়ং ভগবান্ বিষ্ণুঃ সর্ব্ববান্বিতশ্চ ভূতাত্মা।
ঙেঽন্তাঃ স বাসুদেবাঃ সর্ব্বাত্মযুতঞ্চ সংযোগম্ ॥১৪৪
যোগবিধৌ চ পদ্মং পীঠাত্মা ঙেযুতো নতিশ্চান্তে।
পীঠমহামনুরুক্তঃ পর্য্যাপ্তোঽয়ং সপর্য্যাসু ॥ ১৪৫ ॥

অনুবাদ—ক্রমদীপিকায় বর্ণিত আছে যে—আগে ওঙ্কার তারপর হৃদয় অর্থাৎ নমঃ শব্দ, পরে চতুর্থী বিভক্তিযুক্ত ভগবান্, বিষ্ণু সর্ব্বভূতাত্মা বাসুদেব শব্দ, তারপর চতুর্থী বিভক্তিযুক্ত সর্ব্বাত্ম সংযোগ-পদ্ম-পীঠাত্মা পদ এবং অবশেষে নমঃ শব্দ উচ্চারণ করিতে হইবে। ইহাকেই মহৎ পীঠমন্ত্র কহে। পূজাক্রিয়ামাত্রেই এই বিধান নিরূপিত আছে। প্রয়োগ যথা—"ওঁ নমঃ ভগবতে বিষ্ণবে সর্ব্বভূতাত্মনে বাসুদেবায় সর্ব্বভূতাত্মসংযোগপদ্মপীঠাত্মনে নমঃ" ॥১৪৪-১৪৫॥

টীকা—তারঃ প্রণবঃ ততো হৃদয়ং নম ইতি পদং, ততশ্চ ভগবানিতি বিষ্ণুরিতি চ। সর্ব্বান্বিতঃ সর্ব্বশব্দযুক্তো ভূতাত্মা সর্ব্বভূতাত্মেতি এতে ত্রয়ঃ সবাসুদেবাঃ বাসুদেবসহিতাঃ প্রত্যেকং ঙেঽন্তাঃ চতুর্থ্যন্তাঃ। ততশ্চ সর্ব্বাত্মনা যুতং সংযোগং সর্ব্বাত্মসংযোগমিতি নপুংসকত্বমার্ষম্। ততশ্চ যোগস্যাবধৌ অন্তে পদ্মং যোগপদ্মমিতি। তদন্তে ঙেযুক্তশ্চতুর্থ্যন্তঃ পীঠাত্মা, তদন্তে চ নতিঃ নমঃশব্দঃ, এবং ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বভূতাত্মনে বাসুদেবায় সর্ব্বাত্মসংযোগ-যোগপদ্মপীঠাত্মনে নম ইতি সিদ্ধম্। তথা চ সারদাতিলকে—'নমো ভগবতে ব্রূয়াৎ বিষ্ণবে চ পদং বদেৎ। সর্ব্বভূতাত্মনে বাসুদেবায়েতি বদেত্ততঃ। সর্ব্বাত্মসংযোগপদাদ্-যোগপদ্মপদং পুনঃ। পীঠাত্মনে হৃদন্তোঽয়ং মন্ত্রস্তারাদিরীরিতঃ ॥' ইতি। সনৎ-

কুমারকল্পে চ—'ওঁ নমঃপদমাভাষ্য তথা ভগবতে পদম্। বাসুদেবায় ইত্যুক্ত্বা সর্ব্বাত্মেতি পদং তথা॥ সংযোগযোগেত্যুক্ত্বা চ তথা পীঠাত্মনে পদম্। বহ্নি-পত্নী-সমাযুক্তঃ পীঠমন্ত্র ইতীরিতঃ ॥' ইতি ॥ ১৪৪-১৪৫ ॥

অথ ঋষ্যাদিস্মরণম্

ওঁ অষ্টাদশাক্ষরমন্ত্রস্য শ্রীনারদঋষির্গায়ত্রীচ্ছন্দঃ, সকললোকমঙ্গলো নন্দতনয়ো দেবতা, ক্লীং বীজং স্বাহা, শক্তিঃ কৃষ্ণঃ প্রকৃতির্দুর্গাধিষ্ঠাত্রী দেবতাঽভিমতার্থে বিনিয়োগঃ ॥ ১৪৬ ॥

অনুবাদ—অতঃপর ঋষ্যাদি স্মরণ—শ্রীনারদ অষ্টাদশাক্ষর মন্ত্রের ঋষি, গায়ত্রী ইহার ছন্দঃ, সকল সেবকের মঙ্গলদাতা শ্রীনন্দনন্দন ইহার দেবতা, ক্লীং বীজ, স্বাহা শক্তি, কৃষ্ণ প্রকৃতি ও দুর্গা উহার অধিষ্ঠাত্রী দেবতা, আর শক্তিলাভার্থ ইহার প্রয়োগ হইয়া থাকে ॥ ১৪৬ ॥

তথা চ সম্মোহনতন্ত্রে শিব-উমা-সংবাদে—
ঋষির্নারদ ইত্যুক্তো গায়ত্রীচ্ছন্দ উচ্যতে।
গোপবেশধরঃ কৃষ্ণো দেবতা পরিকীর্ত্তিতঃ ॥১৪৭॥
বীজং মন্মথ-সংজ্ঞন্তু প্রিয়াশক্তি র্হবির্ভুজঃ।
ত্বমেব পরমেশানি অস্যাধিষ্ঠাতৃদেবতা।
চতুর্বর্গফলাবাপ্ত্যৈ বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ ॥ ১৪৮ ॥

অনুবাদ—সম্মোহনতন্ত্রে শিব-উমা-সংবাদে বর্ণিত হইয়াছে—এই মন্ত্রের ঋষি নারদ, ছন্দঃ গায়ত্রী, গোপবেশী কৃষ্ণ দেবতা, বীজ কামবীজ, শক্তি স্বাহা, তুমি গৌরী অধিষ্ঠাত্রী দেবতা ও চর্তুবর্গলাভার্থ ইহার প্রয়োগ হইয়া থাকে ॥ ১৪৭-১৪৮॥

অথাঙ্গন্যাসঃ

চতুশ্চতুর্ভির্বর্ণৈশ্চ চত্বার্যঙ্গানি কল্পয়েৎ।
দ্বাভ্যামস্ত্রাখ্যমঙ্গঞ্চ তস্যেত্যঙ্গানি পঞ্চ বৈ ॥ ১৪৯ ॥

অনুবাদ—চারি চারি বর্ণে চারি অঙ্গ ও অস্ত্র নামক অঙ্গ দুই বর্ণে কল্পনা করিতে হয়। এই মন্ত্রের পাঁচটি অঙ্গ, এই প্রকারে প্রসিদ্ধ আছে ॥ ১৪৯ ॥

টীকা—দ্বাভ্যামন্ত্যাভ্যাং বর্ণাভ্যাম, অস্ত্রাখ্যং পঞ্চমমঙ্গং কল্পয়েৎ, ইতি অনেন প্রকারেণ তস্যাষ্টাদশাক্ষরমন্ত্রস্য পঞ্চাঙ্গানি ভবন্তি, বৈ প্রসিদ্ধৌ ॥ ১৪৯ ॥

ন্যস্যেচ্চ ব্যাপকত্বেন তান্যঙ্গানি করদ্বয়ে।
তান্যঙ্গুলীষু পঞ্চাথ কেচিদ্বাণান্ স্মরানপি ॥ ১৫০ ॥

অনুবাদ—এই পঞ্চ অঙ্গ অর্থাৎ সম্পূর্ণ মন্ত্র প্রথমতঃ দুই হস্তের ভিতরে, বহির্ভাগে ও দুইপার্শ্বে তৎপরে হস্তদ্বয়ের অঙ্গুষ্ঠ ও অঙ্গুলীসকলে যথাক্রমে ন্যাস করিবে। কেহ কেহ এই স্থানে প্রণবপুটিত করিয়া প্রয়োগ করার প্রয়োগের বিধি দিয়াছেন। কেহ কেহ অঙ্গুলীসকলে পঞ্চাঙ্গন্যাসের সহিত বাণপঞ্চক ও অনঙ্গপঞ্চকের ন্যাস করিবার বিধান দিয়া থাকেন ॥ ১৫০ ॥

টীকা—ব্যাপকত্বেনেতি—করয়োরবন্তর্বহিঃ পার্শ্বে চ ব্যাপয্য তানি পঞ্চাঙ্গানি সর্ব্বমেব মন্ত্রমিত্যর্থঃ। করদ্বয়ে ন্যস্যেৎ, অত্র প্রণবসম্পুটিতমিতি কেচিদাহুঃ। অথানন্তরং তানি পঞ্চাঙ্গানি ক্রমেণ করদ্বয়স্যাঙ্গুষ্ঠাঙ্গুলীষু ন্যস্যেৎ, কেচিচ্চ তৈঃ পঞ্চাঙ্গৈঃ সহ করদ্বয়াঙ্গুলীষ্বেব মহাবাণপঞ্চকস্যানঙ্গপঞ্চকস্য চ ন্যাসমিচ্ছন্তীতি লিখতি—কেচিদিতি। অপি-শব্দস্যাত্র সমুচ্চয়ার্থত্বাৎ তানি পঞ্চাঙ্গানি পঞ্চবাণান্ পঞ্চ স্মরাংশ্চানঙ্গান্ তাস্বেবাঙ্গুলীষু যুগপন্ন্যস্যন্তীত্যর্থঃ। তত্র চ বীজপূর্ব্বকং ন্যস্যন্তি, অত্রাপি বাণেষু বাণশব্দং বীজত্বেনাদ্যাক্ষরঞ্চ তথাঽনঙ্গেষু চ শোষণানঙ্গমোহনমদনাদিশব্দং প্রযুঞ্জতে ॥ ১৫০ ॥

তে চোক্তাঃ—
দ্রাবণ-ক্ষোভণাকর্ষ-বশীকৃৎ-স্রাবণাস্তথা।
শোষণো মোহনঃ সন্দীপনস্তাপনমাদনৌ॥
ইতি ॥ ১৫১ ॥

অনুবাদ—ঐ সকল বাণ ও অনঙ্গ উক্ত হইয়াছে—দ্রাবণ, ক্ষোভণ, আকর্ষণ, বশীকরণ ও স্রাবণ এই পঞ্চ বাণ এবং শোষণ, মোহন, সন্দীপন, তাপন

ও মাদন এই পঞ্চ অনঙ্গ। প্রয়োগ যথা—ক্লী কৃষ্ণায় ক্লীং দ্রাং দ্রাবণবাণায় নমঃ ক্লীং শোষণানঙ্গায় নমঃ। ক্লীং গোবিন্দায় হ্রীং ক্ষৌং ক্ষোভবাণায় নমঃ। হ্রীং মোহন মদনায় নমঃ। হ্রীং গোপীজনায় হ্রীং আং আকর্ষণবাণায় নমঃ। ক্লীং সন্দীপনমদনতুরায় নমঃ। হ্রীং বল্লভায় হ্রীং বং বশীকরণবাণায় হ্রীং তাপন-রতনঙ্গায় নমঃ। হ্রীং স্বাহা হ্রীং স্রাং স্রাবণায় নমঃ হ্রীং মাদনমকরধ্বজায় নমঃ ॥ ১৫১ ॥

টীকা—দ্রাবণাদয়ঃ পঞ্চবাণাঃ; অত্র আকর্ষঃ আকর্ষণঃ; বশীকৃৎ বশীকরণঃ, শোষণাদয়ঃ পঞ্চ স্মরাঃ। প্রয়োগঃ—ক্লীঃ কৃষ্ণায়, হ্রীং দ্রাং দ্রাবণ-বাণায় নমঃ, ক্লীং শোষণানঙ্গায় নমঃ, ক্লীং গোবিন্দায়, হ্রীং ক্ষৌং ক্ষোভনবাণায় নমঃ, হ্রীং মোহনমদনায় নমঃ; হ্রীং গোপীজনায়, হ্রীং আং আকর্ষণবাণায় নমঃ, ক্লীং সন্দীপনমদনাতুরায় নমঃ; হ্রীং বল্লভায়, হ্রীং বং বশীকরবাণায়, হ্রীং তাপনরত্যনঙ্গায় নমঃ। হ্রীং স্বাহা, হ্রীং স্রাং স্রাবণবাণায় নমঃ; হ্রীং মাদন-মকরধ্বজায় নমঃ; এষু চ মধ্যে নমঃ শব্দং কেচিন্ন প্রযুঞ্জতে। অত্র স্ব-সম্প্রদায় ব্যবহার এবানুসর্ত্তব্য ইতি পূর্ব্বং লিখিতমেব, তচ্চান্যত্রাপূহ্যম্। কেচি-দিতি ক্রমদীপিকায়াম্—অথানুযুগরন্ধ্রার্ণস্যাহং মনোর্ন্যাসনং ব্রুবে। রচয়তু করদ্বন্দ্বে পঞ্চাঙ্গমঙ্গুলি-পঞ্চকে, তনুমনু মনুং ব্যাপয্যাথো ত্রিশঃ প্রণবং সকৃৎ। মনুজনি পয়োঽন্যাস্যা ভূয়ঃ পদানি চ সাদরম্ ইত্যুক্তে-র্মহাবাণানঙ্গাদিন্যাসপ্রতিপাদনাৎ; এবমগ্রেঽপি জ্ঞেয়ম্ ॥ ১৫১ ॥

কিঞ্চ—

নমোঽন্তং হৃদয়ঞ্চাঙ্গৈঃ শিরঃ স্বাহান্বিতং শিখাম্।
বষড়্যুতঞ্চ কবচং হুং যুগস্ত্রং চ ফড়্যুতম্ ॥১৫২॥

অনুবাদ—আরও বণিত হইয়াছে—এই পঞ্চ অঙ্গের সহিত নমঃ শব্দান্ত হৃদয়, স্বাহা শব্দযুক্ত শিরঃ, বষট্ শব্দান্বিত শিখা, হুং শব্দযুত কবচ এবং ফট্ শব্দযুক্ত অস্ত্র ন্যাস করিবার বিধি আছে। প্রয়োগ যথা—ক্লীং কৃষ্ণায় হৃদয়ায় নমঃ। গোবিন্দায় শিরসে স্বাহা। গোপীজন শিখায়ৈ বষট্। বল্লভায় কবচায় হুং। স্বাহা অস্ত্রায় ফট্ ॥ ১৫২ ॥

টীকা—অন্যদপি পরমতমেব লিখতি—নমোঽন্ত-মিতি ত্রিভিঃ। অঙ্গৈস্তৈরেব পঞ্চভিঃ সহ নমঃ শব্দান্ত-হৃদয়াদিপঞ্চকং ন্যাস্যন্তি। প্রয়োগঃ—ক্লীং কৃষ্ণায় হৃদয়ায় নমঃ, গোবিন্দায় শিরসে স্বাহা, গোপীজন শিখায়ৈ বষট্, বল্লভায় কবচায় হুং, স্বাহা অস্ত্রায় ফড়িতি। অত্র চ হৃদয়াদীনাং হৃদয়াদিস্থানেষ্বেব ন্যাসঃ, কবচস্য সর্ব্বগাত্রেষু অস্ত্রস্য চ চতুর্দিক্ষু জ্ঞেয়ঃ ॥ ১৫২ ॥

ন্যাস্যন্তি পুনরঙ্গুষ্ঠৌ তর্জ্জন্যৌ মধ্যমে তথা।
অনামিকে কনিষ্ঠে চ ক্রমাদঙ্গৈশ্চ পঞ্চভিঃ ॥ ১৫৩ ॥
পুনশ্চ হৃদয়াদীনি তথাঙ্গুষ্ঠাদিকানি চ।
ন্যাস্যন্তি যুগপৎ সর্ব্বাণ্যঙ্গৈস্তৈঃ পঞ্চভিঃ ক্রমাৎ ॥১৫৪

অনুবাদ—অনন্তর ঐ পঞ্চাঙ্গের সহিত ক্রমানু-সারে অঙ্গুষ্ঠ, তর্জ্জনী, মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠা-ঙ্গুলিতে ন্যাস করা হয়। পুনরায় হৃদয়াদি ও অঙ্গু-ষ্ঠাদি ঐ পঞ্চঅঙ্গের সহিত ক্রমান্বয়ে ন্যাস করিবে ॥ ১৫৩-১৫৪ ॥

প্রয়োগ যথা—ক্লীং কৃষ্ণায় অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। গোবিন্দায় তর্জ্জনীভ্যাং স্বাহা। গোপীজনায় মধ্য-মাভ্যাং বষট্। বল্লভায় অনামিকাভ্যাং হুং। স্বাহা অস্ত্রায় কনিষ্ঠাভ্যাং ফট্ ॥ ১৫৩ ॥

প্রয়োগ যথা—ক্লীং কৃষ্ণায় হৃদয়ায় নমঃ অঙ্গুষ্ঠা-ভ্যাং নমঃ। গোবিন্দায় শিরসে স্বাহা তর্জ্জনীভ্যাং স্বাহা ইত্যাদি ॥ ১৫৪ ॥

টীকা—পুনঃ পঞ্চভিরঙ্গৈস্তৈঃ সহ অঙ্গুষ্ঠদ্বয়াদি-পঞ্চকং ক্রমান্ন্যস্যন্তি; প্রয়োগঃ—'ক্লীং কৃষ্ণায় অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ' ইত্যাদিঃ; এষাঞ্চ তত্তদঙ্গুলীষ্বেব ন্যাসো জ্ঞেয়ঃ ॥১৫৩ ॥

টীকা—পুনশ্চ তৈরেব পঞ্চভিরঙ্গৈঃ সহ তানি হৃদয়াদীনি চ অঙ্গুষ্ঠাদীনি সর্ব্বাণ্যেব যুগপৎ একদৈব ন্যাস্যন্তি; প্রয়োগঃ—'ক্লীং কৃষ্ণায় হৃদয়ায় নমঃ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ' ইত্যাদি; এতেষাঞ্চ করাঙ্গুলিষ্বেব ন্যাসঃ ॥ ১৫৪ ॥

ন্যাস্যন্তি চ ষড়ঙ্গানি হৃদয়াদীনি তন্মনোঃ।
হৃদয়াদিষু চৈতেষাং পঞ্চকং দিক্ষু চ ক্রমাৎ ॥১৫৫

অনুবাদ—কেহ কেহ ঐ মন্ত্রের ষড়ঙ্গ ন্যাসও করিয়া থাকেন। ঐ ষড়ঙ্গের মধ্যে হৃদয়াদি পঞ্চ অঙ্গ অর্থাৎ হৃদয়, মস্তক, শিখা, কবচ ও নেত্র ক্রমান্বয়ে হৃদিয়াদি পঞ্চ স্থানে ন্যাস করেন, আর অবশিষ্ট এক অঙ্গ সর্ব্বদিকে ন্যাস করেন। অস্ত্র ও কবচ পূর্ব্বের মত সমস্ত অঙ্গে ন্যাস করিতে হইবে ॥১৫৫॥

টীকা—এবং পঞ্চাঙ্গন্যাসং সংলিখ্য ষড়ঙ্গন্যাসঃ পরমতমেব লিখতি—ন্যস্যন্তি চেতি। তেষাং ন্যাস-স্থানং দর্শয়তি—হৃদয়েতি। এতেষাং ষড়ঙ্গানাং পঞ্চাঙ্গানি হৃদয়-শিরঃ-শিখা-কবচ-নেত্রাখ্যানি ক্রমেণ হৃদয়াদিষু নিগহৃদয়শিরঃশিখাকবচনেত্রেষ্বেব ন্যস্যন্তি। অত্র চ কবচস্য পূর্ব্ববৎ সর্ব্বাঙ্গে ন্যাসো জ্ঞেয়ঃ। এবমন্ত্যমঙ্গমস্ত্রাখ্যঞ্চ সর্ব্বদিক্ষু ন্যস্যন্তি ॥ ১৫৫ ॥

———

ষড়ঙ্গানি চোক্তানি সম্মোহনতন্ত্রে সনৎকুমারকল্পে—
বর্ণৈনৈকেন হৃদয়ং ত্রিভিরেব শিরো মতম্।
চতুর্ভিশ্চ শিখা প্রোক্তা তথৈব কবচং মতম্।
নেত্রং তথা চতুর্বর্ণৈরস্ত্রং দ্বাভ্যাং তথা মতম্ ॥
ইতি ॥ ১৫৬ ॥

অনুবাদ—সম্মোহনতন্ত্রে সনৎকুমারকল্পে ষড়ঙ্গ এইরূপ ভাবে বর্ণিত হইয়াছে—একবর্ণে হৃদয়, তিন-বর্ণে মস্তক, চারিবর্ণে শিখা, চারিবর্ণে কবচ, চারিবর্ণে নেত্র ও দুইবর্ণে অস্ত্র কল্পনা করিতে হইবে ॥ ১৫৬ ॥

টীকা—তথৈবেতি চতুর্ভিরিত্যর্থঃ ॥ ১৫৬ ॥

———

ততশ্চাপাদমাকেশান্ন্যস্যেদ্দোর্ভ্যামিমং মনুম্।
বারাংস্ত্রীন্ ব্যাপকত্বেন ন্যস্যেচ্চ প্রণবং সকৃৎ ॥১৫৭॥

অনুবাদ—তারপরে দুই হাতে বেষ্টনকরণভাবে এই অষ্টাদশাক্ষর মন্ত্র পা থেকে মাথা পর্যন্ত সমস্ত অঙ্গের চতুর্দিকে তিনবার ন্যাস করিবে ॥ ১৫৭ ॥

টীকা—এবমঙ্গন্যাসং লিখিত্বা অধুনা মন্ত্রাক্ষর-ন্যাসং লিখিষ্যন্ তনুমনু মনুং ব্যাপয়েতি ক্রমদীপিকোক্তানুসারেণ মন্ত্রস্য ব্যাপকন্যাসমাদৌ লিখতি—ততশ্চেতি। কেশমারভ্য পাদপর্য্যন্তং ব্যাপকত্বেন ইমমষ্টাদশাক্ষরং মূলমন্ত্রং দোর্ভ্যাং কৃত্বা বারত্রয়ং ন্যস্যেৎ, প্রণবঞ্চ সকৃদ্বারমেকং তথৈব ন্যস্যেৎ ॥১৫৭॥

———

অথাক্ষরন্যাসঃ

ততোঽষ্টাদশবর্ণাংশ্চ মন্ত্রস্যাস্য যথাক্রমম্।
দন্তেঃ ললাটে ভ্রূমধ্যে কর্ণয়োর্নেত্রয়োর্দ্বয়োঃ ॥১৫৮॥
নাসয়োর্বদনে কণ্ঠে হৃদি নাভৌ কটিদ্বয়ে।
গুহ্যে জানুদ্বয়ে চৈকং ন্যস্যেদেকঞ্চ পাদয়োঃ ॥১৫৯

অনুবাদ—অতঃপর অঙ্গন্যাস শেষ করিয়া উক্ত মন্ত্রের অষ্টাদশাক্ষর যথাক্রমে—দন্তে, ললাটে, ভ্রূমধ্যে, কর্ণদ্বয়ে, নেত্রদ্বয়ে, নাসাদ্বয়ে, বদনে, কণ্ঠে, হৃদয়ে, নাভিমণ্ডলে, কটিযুগলে, গুহ্যে ও জানুদ্বয়ে এক একটি ন্যাস করিবে। দুই কর্ণে দুই বর্ণ নাসিকাদ্বয়ে দুই বর্ণ ও কটিদ্বয়ে দুই বর্ণ ন্যাস করিতে হয় ॥ ১৫৮-১৫৯ ॥

টীকা—দ্বয়োরিত্যনেন কর্ণাদিত্রয়ে প্রত্যেকং দ্বৌ বর্ণৌ, তথা কটিদ্বয়েঽপি দ্বাবেব, অগ্রে জানুদ্বয়াদাবেকমিতি লিখনাৎ ॥ ১৫৮-১৫৯ ॥

———

সন্তো ন্যস্যন্তি তারাদি-নমোঽন্তাংস্তান্ সবিন্দুকান্।
শ্রীশক্তিকামবীজৈশ্চ সৃষ্ট্যাদি-ক্রমতোঽপরে ॥১৬০॥

অনুবাদ—সাধুগণ ঐ সকল অক্ষরের প্রথমে ওঙ্কার ও শেষে নমঃ শব্দ যোগ করিয়া এবং প্রত্যেক-টিকে অনুস্বার যুক্ত করিয়া ওঁ ক্লীং নমঃ, কাং নমঃ ইত্যাদি প্রকারে প্রয়োগ করেন। কোন কোন ব্যক্তি এইরূপ ন্যাস করিয়া শ্রীবীজ, শক্তিবীজ ও কামবীজ সহযোগে সৃষ্ট্যাদি ক্রমে ন্যাস করেন। অর্থাৎ সৃষ্টি, স্থিতি ও সংহারক্রমে ন্যাস করিয়া থাকেন। উহা-দিগের মধ্যে সৃষ্টি মস্তকাদিক্রম, স্থিতি হৃদয়াদি কণ্ঠান্তক্রম ও সংহৃতি সৃষ্টি বিপর্য্যয় অর্থাৎ পাদাদি-ক্রম ॥ ১৬০ ॥

টীকা—তেষামেব ন্যাসপ্রকারং সৎসম্প্রদায়ানু-সারেণ লিখতি—সন্ত ইতি। তান্ অষ্টাদশবর্ণান্ বিন্দুসহিতানেব ন্যস্যন্তি, তথা তারঃ প্রণবঃ আদৌ যেষাং, নম ইতি অন্তে যেষাং তাংশ্চ তান্; প্রয়োগঃ—'ওঁ ক্লীং নমঃ, কং নমঃ' ইত্যাদিঃ। অপরে কেচিচ্চ তানেব লক্ষ্মীশক্তিকামানাং বীজৈঃ সহ, তথা চকারস্যোক্তসমুচ্চয়ার্থত্বাৎ পূর্ব্ববৎ তারনমোবিন্দু-সহিতানেব চ, তত্র সৃষ্টিস্থিতিসংহৃতিক্রমেণৈব

ন্যাসান্তি ; তত্র সৃষ্টির্মস্তকাদিক্রমেণৈব, স্থিতিশ্চ হৃদ-য়াদিকণ্ঠান্তা, সংহৃতিশ্চ সৃষ্টিবিপর্য্যয়েণ পাদাদিকা ; এবং ন্যাসানাং নানাপ্রকারতাভিপ্রায়েণৈব পূর্ব্বং লিখিতং যথাসম্প্রদায়ং ন্যাসান্ কুর্য্যাদিতি ॥ ১৬০ ॥

অথ পদন্যাসঃ

তারং শিরসি বিন্যস্য পঞ্চমন্ত্র পদানি চ।
ন্যস্যেন্নেত্রদ্বয়ে বক্ত্রে হৃদ্‌গুহ্যাঙ্ঘ্রিষু চ ক্রমাৎ ॥১৬১
দেহে চ ব্যাপকত্বেন ন্যস্যেত্তান্যখিলে পুনঃ।
কেচিত্তানি নমোঽন্তানি ন্যাসান্ত্যাদ্যাক্ষরৈঃ সহ ॥১৬২

অনুবাদ—অতঃপর পদন্যাস—অগ্রে স্বীয় মস্তকে প্রণব ন্যাস করিয়া মন্ত্রের পঞ্চপদ যথাক্রমে নেত্রদ্বয়ে, মুখে, গুহ্যে ও পাদদ্বয়ে ন্যাস করিবে। তারপর বেষ্টনকরণভাবে সর্ব্বদেহে ঐ পঞ্চপদ পুনর্বার ন্যাস করিবে। কেহ কেহ নমঃ শব্দান্ত করিয়া আদ্য-অক্ষরের সহিত ঐ সকল ন্যাস করিবার বিধান দিয়া থাকেন। প্রয়োগ যথা—ক্লীং ক্লীং নমঃ। ক্লীং কৃষ্ণায় নমঃ। গোং গোবিন্দায় নমঃ। গোং গোপী-জনবল্লভায় নমঃ, স্বাং স্বাহা নমঃ ইত্যাদি॥১৬১-১৬২

টীকা—আদৌ তারং প্রণবং স্বশিরসি বিন্যস্য পশ্চান্মন্ত্রস্য পদপঞ্চকং ক্রমান্নেত্রদ্বয়াদ্যাঙ্গপঞ্চকে ন্যস্যেৎ ; পুনশ্চ তানি পঞ্চপদানি অখিলদেহে ব্যাপ-কত্বেন সর্ব্বগাত্রং ব্যাপয্য ন্যস্যেৎ। তত্রৈব মতান্তরং লিখতি—কেচিদিতি। তানি পঞ্চ পদানি আদ্যাক্ষরৈ-স্তত্তৎপদ-প্রথমাক্ষরৈঃ সহ ; প্রয়োগঃ—'ক্লীং ক্লীং নমঃ, ক্লীং কৃষ্ণায় নমঃ, গোং গোবিন্দায় নমঃ, গোং গোপীজনবল্লভায় নমঃ, স্বাং স্বাহা নমঃ' ইতি ॥ ১৬১-১৬২ ॥

স্বাহান্তানি তথা ত্রীণি সংমিশ্রাণ্যুত্তরোত্তরৈঃ।
গুহ্যাদ্‌গলান্মস্তকাচ্চ ব্যাপয্য চরণাবধি ॥ ১৬৩ ॥

অনুবাদ—আবার কেহ কেহ স্বাহা শব্দ অন্তে দিয়া পূর্ব্ব পূর্ব্ব সহ পর পর পদ যোগ করিয়া তিনপদ যথাক্রমে গুহ্য, গণ্ডস্থল ও শিরোভাগ হইতে চরণ পর্য্যন্ত ন্যাস করেন। প্রয়োগ যথা—ক্লীঁ কৃষ্ণায় স্বাহা। ক্লীঁ কৃষ্ণায় গোবিন্দায় স্বাহা। ক্লীঁ কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা ইত্যাদি ॥ ১৬৩ ॥

দক্ষস্তনোর্দ্ধে শ্রীবৎসং সব্যে তত্রৈব কৌস্তুভম্ ॥২৩৮

অনুবাদ—অনন্তর মুখে বেণু, বক্ষঃস্থলে বনমালা, দক্ষিণ স্তনের উর্দ্ধে শ্রীবৎসের এবং বামস্তনের উর্দ্ধে কৌস্তুভের পূজা করিবেন ॥ ২৩৮ ॥

টীকা—তত্রৈব সব্যে বামস্তনোর্দ্ধে এবেত্যর্থঃ ॥২৩৮

বৈষ্ণবশ্চন্দনেনামুমালিপ্যোপকনিষ্ঠয়া।
প্রাগ্বদ্দীপশিখাকার-তিলকানি দ্বিষড়্ লিখেৎ ॥২৩৯

অনুবাদ—বৈষ্ণবজন জল চন্দন দ্বারা ইঁহাকে লেপন করিয়া অনামিকা দ্বারা ইঁহার শ্রীঅঙ্গে পূর্ব্ববৎ অর্থাৎ উর্দ্ধপুণ্ড্র-প্রকরণে উক্ত নিয়মে দ্বাদশ তিলক রচনা করিবেন ॥ ২৩৯ ॥

তাৎপর্য্য—যাঁহারা জ্ঞাননিষ্ঠ তাঁহারা ক্রমদীপিকার বিধানানুসারে নিজের অঙ্গে তিলক রচনা করেন, আর যাঁহারা ভক্তিনিষ্ঠ তাঁহারা ভগবানের শ্রীঅঙ্গে তিলক রচনা করিয়া থাকেন ॥ ২৩৯ ॥

টীকা—অমুং ভগবন্তং চন্দনেন আলিপ্য সম্যগনুলিপ্য শ্রীমদঙ্গেষু চন্দনেন ভক্তিচ্ছেদবিধিনা অনুলেপনং কৃত্বেত্যর্থঃ। প্রাগ্বদিতি—পূর্ব্বমূর্দ্ধপুণ্ড্রপ্রকরণে নিজাঙ্গেষু দ্বাদশতিলকনির্ম্মাণবিধির্যথা লিখিতস্তথৈব শ্রীভগবতো ভালাদিষু মূর্ত্তিপঞ্জরন্যাসস্থানেষু মূর্ত্তিপঞ্জরমন্ত্রৈরনামিকয়া দীপশিখাকারাণি তিলকানি দ্বিষট্ দ্বাদশ লিখেৎ বিরচয়েদিত্যর্থঃ। বৈষ্ণব ইত্যস্যায়ং ভাবঃ—ক্রমদীপিকোক্তানুসারেণ যানি জ্ঞানপরৈঃ স্বাঙ্গেষ্বেব চন্দনালেপনাদীনি ক্রিয়ন্তে, তানি শ্রীভগবদ্ভক্তিপরো ভগবত্যেব কুর্য্যাদিতি; এবং বৈষ্ণব ইত্যগ্রেঽপ্যনুবর্ত্ত্য তথৈব বোদ্ধব্যমিতি দিক্ ॥ ২৩৯ ॥

যথোক্তং পঞ্চভিঃ পুষ্পাঞ্জলিভিশ্চাভিপূজ্য তম্।
ধূপং দীপঞ্চ নৈবেদ্যং মুখবাসাদি চার্পয়েৎ ॥২৪০॥

অনুবাদ—যথা উক্ত নিয়ম অনুসারে পঞ্চবিধ কুসুমাঞ্জলিদ্বারা অর্থাৎ মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক শ্বেত ও কৃষ্ণ তুলসীর সহিত পাদদ্বয়ে এক অঞ্জলি, মন্ত্র উচ্চারণপূর্ব্বক শ্বেত ও রক্তকরবীর সহিত হৃদয়ে এক অঞ্জলি, মন্ত্র উচ্চারণ করিয়া শ্বেত ও রক্ত পদ্মের সহিত মস্তকে এক অঞ্জলি, মন্ত্র উচ্চারণ করিয়া ঐ তুলসী প্রভৃতি দ্বারা পুনরায় মস্তকে ছয় অঞ্জলি এবং মন্ত্র উচ্চারণ করিয়া সর্ব্বাঙ্গে ঐ সমস্ত দ্রব্যের সহিত এক অঞ্জলি, এই প্রকার পঞ্চবিধ পুষ্পাঞ্জলিদ্বারা তাঁহার পূজা করিয়া ধূপ, দীপ, নৈবেদ্য ও মুখশোধনকারী তাম্বূলাদি সমর্পণ করিবেন ॥ ২৪০ ॥

টীকা—যথোক্তমিতি—মূলমন্ত্রেণ পাদদ্বয়ে শ্বেতকৃষ্ণতুলসীভ্যামেকঃ পুষ্পাঞ্জলিঃ, তেনৈব হৃদয়ে শ্বেতরক্তকরবীরাভ্যামপরঃ, তেনৈব মূর্দ্ধি শ্বেতরক্তপদ্মাভ্যাং তৃতীয়ঃ, তেনৈব পুনর্মূর্দ্ধি তৈরেব তুলস্যাদিভিঃ ষড়্ভিঃ চতুর্থঃ, তেনৈব সর্ব্বতনৌ সর্ব্বৈরেব তৈঃ পঞ্চম ইত্যেবং পঞ্চভিঃ, তত্র চ শ্বেতানি দক্ষিণভাগে, অন্যানি চ বাম ইতি জ্ঞেয়ম্। তং ভগবন্তম্; ধূপাদিকঞ্চ যথোক্তমেবার্পয়েৎ; তত্তৎপ্রকারোঽগ্রে ব্যক্তো ভাবী; আদিশব্দেন তাম্বূলাদি ॥ ২৪০ ॥

গীতাদিভিশ্চ সন্তোষ্য কৃষ্ণমস্মৈ ততোঽখিলম্।
অশক্তো বহিরর্চ্চায়ামর্পয়েজ্জপমাচরেৎ ॥ ২৪১ ॥

অনুবাদ—গীত-বাদ্যাদি দ্বারা শ্রীকৃষ্ণের প্রীতি সম্পাদনের রীতি আছে। বাহ্যিক পূজায় অক্ষম হইলে মানসিকভাবে শ্রীকৃষ্ণকে সমস্ত সমর্পণ করিয়া জপ করিবে ॥ ২৪১ ॥

টীকা—অনন্তরং গীতবাদ্যনৃত্যৈশ্চ কৃষ্ণং স্বদেহ এব সন্তোষ্য, বহিঃপূজায়ামশক্তশ্চেত্তর্হি ইদানীমেতস্মৈ কৃষ্ণায় অখিলং কর্ম্মাত্মানং চাগ্রে লেখ্যপ্রকারেণ সমর্পয়েৎ। ততো জপমাচরেৎ, শক্তস্তু প্রত্যহং বহিঃপূজানন্তরমেব কর্ম্মাদিসমর্পণং কৃত্বা জপং কুর্য্যাদিত্যর্থং ॥ ২৪১ ॥

অথান্তর্যাগমাহাত্ম্যম্

বৈষ্ণবতন্ত্রে—

অশ্বমেধসহস্রাণি বাজপেয়শতানি চ।
একস্য ধ্যানযোগস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥২৪২

অনুবাদ—অতঃপর অন্তর্যাগ-মাহাত্ম্য বৈষ্ণবতন্ত্রে বর্ণিত হইয়াছে—সহস্র সহস্র অশ্বমেধ ও শত শত

বাজপেয়, এক ধ্যানযোগের ষোল ভাগের এক ভাগের সমানও নয় ॥ ২৪২ ॥

———

বৃহন্নারদীয়ে শ্রীবামন প্রাদুর্ভাবে—
যন্নামোচ্চারণাদেব সর্ব্বে নশ্যন্ত্যুপদ্রবাঃ ।
স্তোত্রৈর্বা অর্হণাভির্বা কিমু ধ্যানেন কথ্যতে ॥২৪৩॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে শ্রীবামনদেবের আবির্ভাব-প্রসঙ্গে বর্ণিত হইয়াছে—যাঁহার কেবল নাম উচ্চারণ করা মাত্রই সকল উপদ্রব ধ্বংস হইয়া যায়, স্তোত্রপাঠ, পূজা ও ধ্যান দ্বারা যে কি হইতে পারে তাহা কি আর বলিবার প্রয়োজন আছে ? ২৪৩ ॥

টীকা—ধ্যানযোগস্য অন্তঃপূজালক্ষণস্য ; ধ্যান-যোগেহস্যেতি বা পাঠঃ । ভাবাভাবকরঃ ভোগমোক্ষ-প্রদ ইত্যর্থঃ ; যদ্বা, ভাবা বিবিধচিন্তাস্তাসামভাবকরঃ ২৪২-২৪৪ ॥

———

নারদপঞ্চরাত্রে শ্রীভগবন্নারদ-সংবাদে—
অয়ং যো মানসো যাগো জরাব্যাধিভয়াপহঃ ।
সর্ব্বপাপৌঘশমনো ভাবাভাবকরো দ্বিজ ।
সততাভ্যাসযোগেন দেহবন্ধাদ্বিমোচয়েৎ। ॥ ২৪৪ ॥
যশ্চৈবং পরয়া ভক্ত্যা সকৃৎ কুর্য্যান্মহামতে ।
ক্রমোদিতেন বিধিনা তস্য তুষ্যাম্যহং মুনে ॥
ইতি ॥ ১৪৫ ॥
স্মরণ-ধ্যানয়োঃ পূর্ব্বং মাহাত্ম্যং লিখিতঞ্চ যৎ ।
জ্ঞেয়ং তদধিকং চাত্রান্তর্যাগাঙ্গতয়া তয়োঃ ॥ ২৪৬ ॥
এবং যথাসম্প্রদায়ং শক্ত্যা যাবন্মনঃসুখম্ ।
অন্তঃপূজাং বিধায়াদাবারভেত বহিস্ততঃ ॥ ২৪৭ ॥

অনুবাদ—শ্রীনারদপঞ্চরাত্রে শ্রীভগবন্নারদ-সংবাদে—হে দ্বিজ এই মানসপূজা জরা, ব্যাধি, ভয় বিনাশ করে এবং সমুদায় পাতক দমন করে ও সমস্ত ভাবনা দূর করে, সর্ব্বদা ঐ মানসপূজা অভ্যাস করিলে দেহবন্ধন হইতে মুক্ত হয়। হে মহা মুনে ! যে ব্যক্তি ক্রমবিধি অনুসারে ভক্তিযুক্ত হইয়া এক-বার মাত্র মানসপূজা করে, আমি সেই ব্যক্তির প্রতি তুষ্ট হইয়া থাকি । পূর্ব্বে স্মরণ ও ধ্যানের যে মাহাত্ম্য বলা হইয়াছে তাহা অপেক্ষা মানসপূজার মাহাত্ম্য বেশী, যেহেতু স্মরণ ও ধ্যান ইহারই অন্ত-র্গত । সম্প্রদায় ও মনের তুষ্টি অনুসারে যথাশক্তি পূর্ব্বোক্ত বিধান অনুসারে মানসপূজা করিয়া বাহ্য-পূজার অনুষ্ঠান করিতে হইবে ॥ ২৪৪-২৪৭ ॥

টীকা—তন্মাহাত্ম্যং, ততোহধিকং চাত্রান্তর্যাগে জ্ঞেয়ং বুধৈঃ । তত্র হেতুঃ—তয়োঃ স্মরণ-ধ্যানয়ো-রন্তর্যাগস্যাঙ্গত্বেন, অত্র শ্রীমূর্ত্তেশ্চিন্তনমপ্যস্তি, পূজাদি-কমপ্যস্তীত্যাধিক্যান্মাহাত্ম্যমপি ততোহধিকমেব যুক্ত-মিতি ভাবঃ ॥ ২৪৫-২৪৭ ॥

———

তথা চোক্তং নারদেন—
ধ্যাত্বা ষোড়শসংখ্যাতৈরুপচারৈশ্চ মানসৈঃ ।
সম্যগারাধনং কৃত্বা বাহ্যপূজাং সমাচরেৎ ॥ ২৪৮ ॥

অনুবাদ—এই বিষয়ে শ্রীনারদ বলিয়াছেন—ধ্যান করিবার পর ষোড়শ প্রকার মানসিক উপাচার দ্বারা সম্যকরূপে আরাধনা করিয়া বাহ্যপূজা করিতে হইবে ॥ ২৪৮ ॥

টীকা—ধ্যাত্বা শ্রীভগবন্তং সঞ্চিন্ত্য ॥ ২৪৮ ॥

———

অথ বহিঃপূজা

অনুজ্ঞাং দেহি ভগবান্ বহির্যাগে মম প্রভো ।
শ্রীকৃষ্ণমিত্যনুজ্ঞাপ্য বহিঃপূজাং সমাচরেৎ ॥ ২৪৯ ॥
তত্র ত্বনেকশঃ সন্তি পূজাস্থানানি তত্র চ ।
শ্রীমূর্ত্তয়ো বহুবিধাঃ শালগ্রামশিলাস্তথা ॥ ২৫০ ॥

অনুবাদ—হে ভগবন্ ! হে প্রভোঃ ! আমি বহিঃ পূজা করিব, এইজন্য আমাকে অনুমতি প্রদান করুন, এই প্রকারে প্রার্থনা করতঃ বাহ্যপূজা করিতে হইবে । বাহ্যপূজার স্থান, শ্রীমূর্ত্তি ও শালগ্রাম শিলা অনেক প্রকার ॥ ২৪৯-২৫০ ॥

টীকা—তত্র বহিঃপূজাচরণে তু পূজায়াঃ স্থানানি অধিষ্ঠানানি অনেকশো বহুপ্রকারাণি সন্তি ; তত্র তেষু পূজাস্থানেষু শ্রীমূর্ত্তয়ঃ শ্রীভগবৎ-প্রতিকৃতয়ো বহুবিধাঃ সন্তি, তথা বহুবিধাঃ শালগ্রামশিলাশ্চ সন্তি ॥ ২৪৯-২৫০ ॥

———

অথ পূজাস্থানানি

সম্মোহনতন্ত্রে—

শালগ্রামে মনৌ যন্ত্রে স্থণ্ডিলে প্রতিমাদিষু ।
হরেঃ পূজা তু কর্ত্তব্যা কেবলে ভূতলে ন তু ॥২৫১॥

অনুবাদ—সম্মোহনতন্ত্রে—শালগ্রামশিলায়, মন্ত্রে, ও যন্ত্রে মন্ত্রাদি দ্বারা বিশুদ্ধ বেদিতে প্রতিমা প্রভৃতিতে শ্রীহরির পূজা করিবে, মাটিতে করিবে না ॥ ২৫১ ॥

টীকা—স্থণ্ডিলং মন্ত্রাদিসংস্কৃতস্থলং, তস্মিন্ ॥ ২৫১ ॥

একাদশস্কন্ধে (১১।৪২-৪৬) শ্রীভগবদুদ্ধব-সংবাদে—

সূর্য্যোঽগ্নির্ব্রাহ্মণা গাবো বৈষ্ণবঃ খং মরুজ্জলম্ ।
ভূরাত্মা সর্ব্বভূতানি ভদ্র পূজাপদানি মে ॥ ২৫২ ॥
সূর্য্যে তু বিদ্যয়া ত্রয্যা হবিষাগ্নৌ যজেত মাম্ ।
আতিথ্যেন তু বিপ্রাগ্র্যে গোষ্বঙ্গ যবসাদিনা ॥২৫৩॥
বৈষ্ণবে বন্ধুসৎকৃত্যা হৃদি খে ধ্যাননিষ্ঠয়া ।
বায়ৌ মুখ্যধিয়া তোয়ে দ্রব্যৈস্তোয়পুরস্কৃতৈঃ ॥২৫৪॥
স্থণ্ডিলে মন্ত্রহৃদয়ৈর্ভোগৈরাত্মানমাত্মনি ।
ক্ষেত্রজ্ঞং সর্ব্বভূতেষু সমত্বেন যজেত মাম্ ॥ ২৫৫ ॥
ধিষ্ণ্যেষ্বিত্যেষু মদ্রূপং শঙ্খচক্রগদাম্বুজৈঃ ।
যুক্তং চতুর্ভুজং শান্তং ধ্যায়ন্নর্চ্চেৎ সমাহিতঃ ॥২৫৬

অনুবাদ—একাদশস্কন্ধে ১১।৪১-৪৫ শ্লোকে শ্রীভগবদুদ্ধব-সংবাদে—সূর্য্য, অগ্নি, ব্রাহ্মণ, গো, বৈষ্ণব, আকাশ, বায়ু, জল, পৃথিবী, আত্মা, সমস্ত ভূত—এই সকল পদার্থ আমার আধার স্বরূপ। হে উদ্ধব। ত্রয়ী বিদ্যায় উক্ত সূক্ত উপস্থানাদি দ্বারা পূর্ব্বে ঘৃতাহুতি দ্বারা অগ্নিতে, অতিথি-সৎকারদ্বারা বিপ্রে, তৃণাদি প্রদান দ্বারা গোসমূহে আমার পূজা করিবে। বন্ধুর মত সৎকারদ্বারা বৈষ্ণববৃন্দে, ধ্যানদ্বারা হৃদয়াকাশে, প্রাণদৃষ্টিদ্বারা বায়ুতে, জলাদিদ্বারা জলে, রহস্য-মন্ত্রদ্বারা স্থণ্ডিলাত্মক ভূমিতে, ভোগদ্বারা আত্মাতে, তুল্যভাবদ্বারা ক্ষেত্রজ্ঞরূপ সকলভূতে আমার পূজা করিবে। এই প্রকারে ঐসব অধিষ্ঠানে শঙ্খ, চক্র, গদাপদ্ম-বিশিষ্ট চতুর্ভুজ শান্তিময় আমার বিগ্রহে সমাহিতচিত্তে ধ্যান করিয়া পূজা করিবে ॥ ২৫২-২৫৬ ॥

টীকা—মে মম ভদ্রাণি উত্তমানি পূজায়াঃ পদানি অধিষ্ঠানানি ; ভদ্রেতি যন্ত্রাদ্যপেক্ষয়া ; যদ্বা, হে ভদ্র হে কল্যাণরূপোদ্ধবেতি পৃথক্ পদম্ ॥ ২৫২ ॥

টীকা—তত্রৈবাধিষ্ঠানভেদেন পূজাসাধনভেদানাহ সূর্য্যে ত্বিতি ত্রিভিঃ। ত্রয্যা বিদ্যয়া সূক্তৈরুপস্থানাদিনা চ। অঙ্গ হে উদ্ধব ॥ ২৫৩ ॥

টীকা—বন্ধুসৎকৃত্যা বন্ধুসম্মাননেন, মুখ্যধিয়া প্রাণদৃষ্ট্যা, তোয়াদিভির্দ্রব্যৈস্তর্পণাদিনা তোয়ে, স্থণ্ডিলে ভুবি-মন্ত্রহৃদয়ৈঃ রহস্য-মন্ত্রন্যাসৈঃ ; যদ্যপি তত্তৎ-পূজায়াং গন্ধাদিকমপেক্ষ্যতে, তথাপি তত্র তত্র ত্রয়ী-বিদ্যাদীনাং প্রাধান্যাভিপ্রায়েণ তান্যেবোক্তানি ॥২৫৪-২৫৫ ॥

টীকা—সর্ব্বাধিষ্ঠানেষু মধ্যে ধ্যেয়মাহ—ধিষ্ণ্যে-ষ্বিতি। ইতি অনেনোক্তপ্রকারেণ, এষু ধিষ্ণ্যেষু অধিষ্ঠানেষু মদ্রূপমেব ধ্যায়ন্নর্চ্চয়েৎ ॥ ২৫৬ ॥

অথ শ্রীমূর্ত্তয়ঃ

তত্রৈব (শ্রীভাঃ ১১।২৭।১২-২৪)—

শৈলী দারুময়ী লৌহী লেপ্যা লেখ্যা চ সৈকতী ।
মনোময়ী মণিময়ী প্রতিমাষ্টবিধা মতা ॥ ২৫৭ ॥

অনুবাদ—ভাগবতে একাদশস্কন্ধে—১। শিলা-ময়ী ২। কাষ্ঠময়ী ৩। লৌহময়ী অর্থাৎ লোহা, সোনা প্রভৃতি ধাতুদ্বারা তৈরী ৪। লেপ্যা অর্থাৎ মৃৎ চন্দনাদিময়ী ৫। লেখ্যা চিত্রপটময়ী ৬। বালুকাময়ী ৭। মনোময়ী ৮। মণিময়ী প্রতিমা এই আট প্রকার ॥ ২৫৭ ॥

চলাচলেতি দ্বিবিধা প্রতিষ্ঠা জীবমন্দিরম্ ।
উদ্বাসাবাহনে ন স্তঃ স্থিরায়ামুদ্ধবার্চ্চনে ॥ ২৫৮ ॥
অস্থিরায়াং বিকল্পঃ স্যাৎ স্থণ্ডিলে তু ভবেদ্দ্বয়ম্ ।
স্নপনং ত্ববিলেপ্যায়ামন্যত্র পরিমার্জ্জনম্ ॥ ২৫৯ ॥

অনুবাদ—অতএব চল ও অচল এই দুই প্রকার প্রতিমাতে শ্রীভগবান অধিষ্ঠিত থাকেন। হে উদ্ধব। তন্মধ্যে অচল অর্থাৎ স্থির প্রতিমার পূজাতে আবাহন ও বিসর্জ্জন নাই। চল অর্থাৎ অস্থির প্রতিমাতে স্থান-ভেদে আবাহন ও বিসর্জ্জন আছে ; কিন্তু শালগ্রাম শিলার আবাহন ও বিসর্জ্জন নাই। চন্দনাদি দ্বারা

নির্ম্মিত প্রতিমাতে বস্ত্র দ্বারা মার্জ্জন করিবে, আর আর প্রতিমাকে জলদ্বারা স্নান করাইবে ॥২৫৮-২৫৯

টীকা—লৌহী—লোহং সুবর্ণাদি, তন্ময়ী ; লেপ্যা মৃচ্চন্দনাদিময়ী ; হৃদি পূজায়াং মনোময়ী ; যদ্যপি সর্ব্বাসামেব মনোময়ীত্বং ঘটতে, তথাপি মনসি শ্রীভগবৎ-পরিস্ফূর্ত্তিবিশেষাপেক্ষয়া পৃথগুক্তা । জীবয়তি চেতয়তীতি জীবো ভগবানেব তস্য মন্দিরমধিষ্ঠানম্ । প্রতিষ্ঠা প্রকর্ষেণ তিষ্ঠত্যস্যামিতি প্রতিমৈব ; যদ্বা ; প্রতিষ্ঠয়া কলান্যাসাদিনা ভগবন্মন্দিরং ভবতি । শ্রীমূর্ত্তের্ভেদে বিশেষমাহ—উদ্বাসেতি সার্দ্ধেন । উদ্বাসো বিসর্জ্জনম্ ; স্থিরায়ামর্চ্চনে, অস্থিরায়াং শ্রীশালগ্রামশিলাদৌ বিকল্প ; শ্রীশালগ্রামশিলায়াং ন কুর্য্যাৎ, সৈকত্যাং কুর্য্যাৎ, অন্যত্র কুর্য্যাদ্বা ন বেতি । অবিলেপ্যায়াং মৃন্ময়লেখ্যব্যতিরিক্তায়াম্, অন্যত্র বিলোপ্যায়াঞ্চ লেখ্যায়াঞ্চ পরিমার্জ্জনমেব ॥ ২৫৭-২৫৯ ॥

গোপালমন্ত্রোদ্দিষ্টত্বাৎ তচ্ছ্রীমূর্ত্তিরপেক্ষিতা ।
তথাপি বৈষ্ণবপ্রীত্যৈ লেখ্যাঃ শ্রীমূর্ত্তয়োঽখিলাঃ ॥২৬০

অনুবাদ—শ্রীগোপালমন্ত্র উদ্দেশ্য করিয়াই এই সকল লিখিত হইয়াছে, অতএব সেই শ্রীমূর্ত্তিরই বর্ণন করা আবশ্যক । তথাপি বৈষ্ণবগণের তুষ্টিবিধানের জন্য সকল শ্রীমূর্ত্তিরই লক্ষণ বর্ণন করিবে ॥ ২৬০ ॥

অথ শ্রীমূর্ত্তিলক্ষণানি

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে শ্রীভগবৎ-শ্রীহয়শীর্ষ-ব্রহ্মসংবাদে—

আদিমূর্ত্তির্বাসুদেবঃ সঙ্কর্ষণমথাসৃজৎ ।
চতুর্মূর্ত্তিঃ পরং প্রোক্তমেকৈকো ভিদ্যতে ত্রিধা ।
কেশবাদিপ্রভেদেন মূর্ত্তিদ্বাদশকং স্মৃতম্ ॥ ২৬১ ॥

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তির লক্ষণ সকল শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রে ভগবান শ্রীহয়গ্রীব-ব্রহ্ম-সংবাদে বলা হইয়াছে—আদিমূর্ত্তি বাসুদেব, ইনি সঙ্কর্ষণ মূর্ত্তি প্রকাশ করেন। কথিত আছে যে, চারিটি মূর্ত্তিই প্রধান ; এক এক মূর্ত্তির ভেদ তিন প্রকার । তাই কেশবাদি প্রভেদে শ্রীমূর্ত্তি মোট দ্বাদশ প্রকার ॥২৬১॥

টীকা—অসৃজৎ পৃথক্ প্রকটয়ামাস ॥ ২৬১ ॥

পঙ্কজং দক্ষিণে দদ্যাৎ পাঞ্চজন্যং তথোপরি ।
বামোপরি গদা যস্য চক্রং চাধো ব্যবস্থিতম্ ।
আদিমূর্ত্তেঽস্তু ভেদোঽয়ং কেশবেতি প্রকীর্ত্ত্যতে ॥২৬২

অনুবাদ—যাঁহার দক্ষিণ ও নিম্নহস্তে পদ্ম এবং উর্দ্ধে পাঞ্চজন্য শঙ্খ, বাম উর্দ্ধহস্তে গদা এবং তার নিম্নে চক্র, আদি মূর্ত্তির এই মূর্ত্তিভেদ কেশব নামে প্রকীর্ত্তিত ॥ ২৬২ ॥

টীকা—দক্ষিণে দক্ষিণাধঃকরে, তথোপরি দক্ষিণোর্দ্ধকরে, বামোপরি বামোর্দ্ধকরে, অধঃ বামাধঃকরে দদ্যাদিতি শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাবণবিধাবুক্তেঃ ; এবমন্যদগ্রেঽপ্যূহ্যম্ ॥ ২৬২ ॥

অধরোত্তরভাবেন কৃতমেতত্তু যত্র বৈ ।
নারায়ণাখ্যা সা মূর্ত্তিঃ স্থাপিতা ভুক্তিমুক্তিদা ॥২৬৩

অনুবাদ—কেশব মূর্ত্তির ভাবের বিপরীত যে মূর্ত্তিতে থাকে, তাহা নারায়ণ নামে খ্যাত অর্থাৎ কেশবের নিম্ন করে যাহা, নারায়ণের উর্দ্ধ করে তাহা। কেশবের উর্দ্ধ করে যাহা নারায়ণের নিম্ন করে তাহা, সেই নারায়ণ মূর্ত্তি স্থাপিত হইলে ভুক্তি ও মুক্তি লভ্য হয় ॥ ২৬৩ ॥

টীকা—অধরোত্তরভাবেন কেশবস্য যদধঃকরস্থিতং নারায়ণস্য তদূর্দ্ধকরস্থমিত্যেবমিত্যর্থঃ ॥২৬৩॥

সব্যাধঃ পঙ্কজং যস্য পাঞ্চজন্যং তথোপরি ।
দক্ষিণোর্দ্ধং গদা যস্য চক্রং চাধো ব্যবস্থিতম্ ।
আদিমূর্ত্তেস্তু ভেদোঽয়ং মাধবেতি প্রকীর্ত্ত্যতে ॥২৬৪

অনুবাদ - যে মূর্ত্তির বাম নিম্ন হস্তে পদ্ম এবং শঙ্খ, উর্দ্ধ হস্তে গদা এবং নিম্ন হস্তে চক্র সেই আদি মূর্ত্তির এই ভেদ মাধব নামে খ্যাত ॥ ২৬৪ ॥

দক্ষিণাধঃস্থিতং চক্রং গদা যস্যোপরি স্থিতা ।
বামোর্দ্ধসংস্থিতং পদ্মং শঙ্খং চাধো ব্যবস্থিতম্ ।
সঙ্কর্ষণস্য ভেদোঽয়ং গোবিন্দেতি প্রকীর্ত্ত্যতে ॥২৬৫॥

অনুবাদ—যাঁহার দক্ষিণ নিম্ন করে চক্র ও দক্ষিণ উর্দ্ধ করে গদা এবং বাম উর্দ্ধ করে পদ্ম, বাম

নিম্ন করে শঙ্খ সঙ্কর্ষণের ভেদ এই মূর্ত্তি গোবিন্দ নামে প্রকীর্ত্তিত ॥ ২৬৫ ॥

দক্ষিণোপরি পদ্মস্তু গদা চাধো ব্যবস্থিতা ।
সঙ্কর্ষণস্য ভেদোঽয়ং বিষ্ণুরিত্যভিশব্দ্যতে ॥ ২৬৬ ॥

অনুবাদ—দক্ষিণ উদ্ধ্ব হস্তে পদ্ম, দক্ষিণ নিম্ন হস্তে গদা, বাম উদ্ধ্ব হস্তে শঙ্খ ও নিম্ন হস্তে চক্র, সঙ্কর্ষণের ভেদ এই মূর্ত্তি শ্রীবিষ্ণুনামে কথিত ॥২৬৬॥

দক্ষিণোপরি শঙ্খঞ্চ চক্রং চাধঃ প্রদৃশ্যতে ।
বামোপরি তথা পদ্মং গদা চাধঃ প্রদৃশ্যতে ।
মধুসূদননামায়ং ভেদঃ সঙ্কর্ষণস্য চ ॥ ২৬৭ ॥

অনুবাদ—যে মূর্ত্তির দক্ষিণ উদ্ধ্ব হস্তে শঙ্খ ও নিম্ন হস্তে চক্র এবং বাম উদ্ধ্ব হস্তে পদ্ম ও নিম্ন হস্তে গদা, সঙ্কর্ষণের ভেদ এই মূর্ত্তি শ্রীমধুসূদন নামে অভিহিত ॥ ২৬৭ ॥

বামোদ্ধ্ব সংস্থিতং চক্রমধঃ শঙ্খং প্রদৃশ্যতে ।
ব্রহ্মাণ্ডগং বামপদং দক্ষিণং শেষপৃষ্ঠগম্ ॥ ২৬৮ ॥

অনুবাদ—যাঁহার বাম উদ্ধ্ব করে চক্র ও নিম্ন করে শঙ্খ, বাম চরণ ব্রহ্মাণ্ডগামী ও দক্ষিণ চরণ অনন্তদেবের পৃষ্ঠগামী তিনিই ত্রিবিক্রম ॥ ২৬৮ ॥

টীকা—শ্রীবাসুদেব-সঙ্কর্ষণয়োর্ভেদং মূর্ত্তিষট্‌ক-মুক্ত্বা শ্রীপ্রদ্যুম্নস্য ভেদং মূর্ত্তিত্রয়ং ষট্‌শ্লোক্যা নির্দিশন্ তত্রাদৌ ত্রিবিক্রমমূর্ত্তিমাহ—দক্ষিণোদ্ধ্বমিতি সার্দ্ধেন ; দক্ষিণোদ্ধ্বং করং ব্যাপ্য, দক্ষিণোদ্ধ্ব ইতি সপ্তম্যন্ত-পাঠো বা ; এবমগ্রেঽপি । শঙ্খমিত্যাদি নপুংসকত্ব-মার্ষম্ ; এবমগ্রেঽপ্যন্যদূহ্যম্ ॥ ২৬৪-২৬৮ ॥

বলিবঞ্চন সংযুক্তং বামনঞ্চাপ্যধঃ স্থিতম্ ।
বামোর্দ্ধে কৌমুদী যস্য পুণ্ডরীকমধঃস্থিতম্ ॥২৬৯॥
দক্ষিণোর্দ্ধং সহস্রারং পাঞ্চজন্যমধঃস্থিতম্ ।
সপ্ততাল-প্রমাণেন বামনং কারয়েৎ সদা ॥ ২৭০ ॥

অনুবাদ—বলিছলনাকারী শ্রীবামনদেব ভূতলে রহিয়াছেন। তাঁহার বাম উদ্ধ্ব করে গদা নিম্ন করে পদ্ম, দক্ষিণ উদ্ধ্ব করে চক্র ও নিম্ন করে পাঞ্চজন্য শঙ্খ। বামনদেবের মূর্ত্তি সপ্ততাল অর্থাৎ বিস্তৃত সাত করতল পরিমাণে নির্ম্মাণ করিতে হইবে ॥ ২৬৯-২৭০ ॥

উদ্ধ্বং দক্ষিণতশ্চক্রমধঃ পদ্মং ব্যবস্থিতম্ ।
পদ্মা পদ্মকরা বামে পার্শ্বে যস্য ব্যবস্থিতা ॥ ২৭১ ॥
স্থিতো বাপ্যুপবিষ্টো বা সানুরাগো বিলাসবান্ ।
প্রদ্যুম্নস্য হি ভেদোঽয়ং শ্রীধরেতি প্রকীর্ত্ত্যতে ॥২৭২

অনুবাদ—যাঁহার দক্ষিণ উদ্ধ্ব করে চক্র ও নিম্ন করে পদ্ম, বাম উদ্ধ্ব করে গদা নিম্ন করে শঙ্খ এবং পদ্মহস্তা দেবীলক্ষ্মী যাঁহার বামভাগে অবস্থিতা, দণ্ডায়মান বা উপবিষ্ট প্রদ্যুম্নের ভেদ এই অনুরাগ-বিশিষ্ট বিলাসী বিগ্রহ শ্রীধর নামে বিখ্যাত ॥ ২৭১-২৭২ ॥

টীকা—শ্রীবামনমূর্ত্তিমাহ—বলীতি দ্বাভ্যাম্ । অধঃস্থিতং ভূতলে অবস্থিতমিত্যাদিকং ত্রিবিক্রমাদ্বি-শেষঃ ; কৌমুদী কৌমোদকী গদা ॥ ২৬৯-২৭২ ॥

দক্ষিণোর্দ্ধং মহাচক্রং কৌমুদী তদধঃস্থিতা ।
বামোর্দ্ধে নলিনং যস্য অধঃ শঙ্খং বিরাজতে ।
হৃষীকেশেতি বিজ্ঞেয়ঃ স্থাপিতঃ সর্ব্বকামদঃ ॥২৭৩॥

অনুবাদ—যাঁহার দক্ষিণ উদ্ধ্ব হস্তে মহাচক্র, নিম্ন হস্তে গদা, বাম উদ্ধ্ব হস্তে পদ্ম, নিম্ন হস্তে শঙ্খ তিনিই হৃষীকেশ। এই মূর্ত্তি প্রতিষ্ঠিত হইলে সকল অভীষ্ট পূর্ণ করেন ॥ ২৭৩ ॥

দক্ষিণোর্দ্ধে পুণ্ডরীকং পাঞ্চজন্যমধস্তথা ।
বামোর্দ্ধে সংস্থিতং চক্রং কৌমুদী তদধঃস্থিতা ।
পদ্মনাভেতি সা মূর্ত্তিঃ স্থাপিতা মোক্ষদায়িনী ॥২৭৪॥

অনুবাদ—যাঁহার দক্ষিণ উদ্ধ্ব করে পদ্ম, নিম্ন করে পাঞ্চজন্য শঙ্খ, এবং বাম উদ্ধ্ব করে চক্র নিম্ন করে গদা, তিনিই পদ্মনাভ মূর্ত্তি। তিনি স্থাপিত হইলে মোক্ষ দান করেন ॥ ২৭৪ ॥

টীকা—অনিরুদ্ধস্য ভেদং শ্রীহৃষীকেশাদিত্রয়মাহ—দক্ষিণোর্দ্ধমিতি ত্রিভিঃ ॥ ২৭৩-২৭৪ ॥

দক্ষিণোর্দ্ধে পাঞ্চজন্যমধস্তাত্তু কুশেশয়ম্ ।
সব্যোর্দ্ধে কৌমুদী চৈব হেতিরাজমধঃস্থিতম্ ।
অনিরুদ্ধস্য ভেদোঽয়ং দামোদর ইতি স্মৃতঃ ॥২৭৫

অনুবাদ—দক্ষিণ উর্দ্ধ হস্তে পাঞ্চজন্য শঙ্খ, নিম্ন হস্তে পদ্ম এবং বাম উর্দ্ধ হস্তে গদা, নিম্ন হস্তে চক্র, অনিরুদ্ধের ভেদ ইঁহারই নাম দামোদর ॥ ২৭৫ ॥

টীকা—কুশেশয়ং পদ্মম্ ; হেতিরাজং চক্রম্ ॥ ২৭৫ ॥

এতেষান্তু স্ত্রিয়ৌ কার্য্যে পদ্মবীণাধরে শুভে ॥ ২৭৬ ॥
ইতি ক্রমেণ মার্গাদিমাসাধিপাঃ কেশবাদয়ো দ্বাদশ ।

অনুবাদ—এই মূর্ত্তির প্রত্যেকের পদ্ম ও বীণাধারিণী শুভরূপা দুইটি করিয়া স্ত্রীমূর্ত্তি করিবে ॥ ২৭৬ ॥

কেশবাদি দ্বাদশ মূর্ত্তি উক্ত ক্রমঅনুসারে-মার্গশীর্ষ আদি দ্বাদশ মাসের অধিষ্ঠাত্রী দেবতা ।

অথ চতুর্ব্বিংশতিমূর্ত্তয়ঃ

সিদ্ধার্থসংহিতায়াম্—

বাসুদেবো গদা-শঙ্খ চক্র-পদ্মধরো মতঃ ।
পদ্মং শঙ্খং তথা চক্রং গদাং বহতি কেশবঃ ॥২৭৭॥

অনুবাদ—অনন্তর সিদ্ধার্থ সংহিতায় চতুর্বিংশতি মূর্ত্তি,—বাসুদেব, গদা, শঙ্খ, চক্র ও পদ্ম ধারণ করেন । কেশব পদ্ম, শঙ্খ, চক্র ও গদা বহন করেন ॥ ২৭৭ ॥

শঙ্খং পদ্মং গদাঞ্চক্রং ধত্তে নারায়ণঃ সদা ।
গদাঞ্চক্রং তথা শঙ্খং পদ্মং বহতি মাধবঃ ॥ ২৭৮ ॥

অনুবাদ—নারায়ণ সতত শঙ্খ, পদ্ম, গদা ও চক্র ধারণ করেন । মাধব গদা, চক্র, শঙ্খ ও পদ্ম বহন করেন ॥ ২৭৮ ॥

চক্রং পদ্মং তথা শঙ্খং গদাঞ্চ পুরুষোত্তমঃ ।
পদ্মং কৌমোদকীং শঙ্খং চক্রং ধত্তেঽপ্যধোক্ষজঃ ॥

অনুবাদ—পুরুষোত্তম চক্র, পদ্ম, শঙ্খ ও গদা এবং অধোক্ষজ পদ্ম, গদা, শঙ্খ ও চক্র ধারণ করেন ॥২৭৯॥

টীকা—পুরুষোত্তমো ধত্তে ॥ ২৭৯ ॥

সঙ্কর্ষণো গদা-শঙ্খ-পদ্ম-চক্রধরঃ স্মৃতঃ ।
চক্রং গদাং পদ্মশঙ্খৌ গোবিন্দো ধরতে ভুজৈঃ ॥২৮০

অনুবাদ—সঙ্কর্ষণ গদা, শঙ্খ, পদ্ম ও চক্র এবং গোবিন্দ চক্র, গদা, পদ্ম ও শঙ্খ ধারণ করেন ॥২৮০॥

গদাং পদ্মং তথা শঙ্খং চক্রং বিষ্ণুর্বিভর্ত্তি যঃ ।
চক্রং শঙ্খং তথা পদ্মং গদাঞ্চ মধুসূদনঃ ॥ ২৮১ ॥

অনুবাদ—বিষ্ণু গদা, পদ্ম, শঙ্খ, চক্র এবং মধুসূদন চক্র, শঙ্খ, পদ্ম ও গদা ধারণ করেন ॥ ২৮১ ॥

গদাং সরোজং চক্রঞ্চ শঙ্খং ধত্তেঽচ্যুতঃ সদা ।
শঙ্খং কৌমোদকীং চক্রমুপেন্দ্রঃ পদ্মমুদ্বহেৎ ॥২৮২॥

অনুবাদ—অচ্যুত সতত—গদা, পদ্ম, চক্র ও শঙ্খ ধারণ করেন এবং উপেন্দ্র শঙ্খ, গদা, চক্র ও পদ্ম বহন করেন ॥ ২৮২ ॥

চক্র-শঙ্খগদাপদ্মধরঃ প্রদ্যুম্ন উচ্যতে ।
পদ্মং কৌমোদকীং চক্রং শঙ্খং ধত্তে ত্রিবিক্রমঃ ॥২৮৩
শঙ্খং চক্রং গদাং পদ্মং বামনো বহতে সদা ।
পদ্মং চক্রং গদাং শঙ্খং শ্রীধরো বহতে ভুজৈঃ ॥২৮৪

অনুবাদ—প্রদ্যুম্ন চক্র, শঙ্খ, গদা ও পদ্ম ধারণ করেন এবং ত্রিবিক্রম পদ্ম, গদা, চক্র ও শঙ্খ ধারণ করেন । বামন সর্ব্বদা শঙ্খ, চক্র, গদা ও পদ্ম এবং শ্রীধর পদ্ম, চক্র, গদা ও শঙ্খ বহন করেন ॥ ২৮৩-২৮৪ ॥

চক্রং পদ্মং গদাং শঙ্খং নরসিংহো বিভর্ত্তি যঃ ।
পদ্মং সুদর্শনং শঙ্খং গদাং ধত্তে জনার্দ্দনঃ ॥২৮৫॥

অনুবাদ—নরসিংহ চক্র, পদ্ম, গদা ও শঙ্খ এবং জনার্দ্দন পদ্ম, চক্র, শঙ্খ ও গদা ধারণ করেন ॥২৮৫॥

অনিরুদ্ধশ্চক্রগদা-শঙ্খ-পদ্ম-লসদ্ভুজঃ ।
হৃষীকেশো গদাং চক্রং পদ্মং শঙ্খঞ্চ ধারয়েৎ ॥২৮৬

অনুবাদ—অনিরুদ্ধ চক্র, গদা, শঙ্খ, পদ্মবিশিষ্ট এবং হৃষীকেশ গদা, চক্র, পদ্ম ও শঙ্খ ধারণ করেন ॥ ২৮৬ ॥

পদ্মনাভো বহেৎ শঙ্খং পদ্মং চক্রং গদাস্তথা ।
পদ্মং চক্রং গদাং শঙ্খং ধত্তে দামোদরঃ সদা ॥২৮৭

অনুবাদ—পদ্মনাভ শঙ্খ, পদ্ম, চক্র ও গদা এবং দামোদর সতত পদ্ম, চক্র, গদা ও শঙ্খ ধারণ করেন ॥ ২৮৭ ॥

শঙ্খং চক্রং সরোজঞ্চ গদাং বহতি যো হরিঃ ।
শঙ্খং কৌমোদকীং পদ্মং চক্রং বিষ্ণুর্বিভর্ত্তি যঃ ॥২৮৮

অনুবাদ—হরি শঙ্খ, চক্র, পদ্ম ও গদা এবং বিষ্ণু শঙ্খ গদা পদ্ম ও চক্র বিশেষরূপে ধারণ করেন ॥ ২৮৮ ॥

টীকা— ধরতে ধরতি ; আত্মনেপদমার্ষম্ ; যো বিভর্ত্তি, স বিষ্ণুঃ এবমগ্রেঽপি ॥ ২৮০-২৮৮ ॥

এতাশ্চ মূর্ত্তয়ো জ্ঞেয়া দক্ষিণাধঃকরক্রমাৎ ॥২৮৯॥

অনুবাদ—দক্ষিণ নিম্ন হস্তক্রমে উক্ত মূর্ত্তিগণের শঙ্খাদি ধারণ জানিতে হইবে ॥ ২৮৯ ॥

তাৎপর্য্য—প্রথমতঃ দক্ষিণ নিম্ন হস্ত, পরে দক্ষিণ উর্দ্ধ হস্ত। তাহার পর বাম দিকের উর্দ্ধ হস্ত ও পরে বামদিকের নিম্নহস্ত। তাহা হইলে বসুদেব-মূর্ত্তির দক্ষিণ নিম্ন হস্তে গদা, দক্ষিণ উর্দ্ধ হস্তে শঙ্খ, বাম উর্দ্ধ হস্তে চক্র, বাম নিম্ন হস্তে পদ্ম ধারণ করেন।

টীকা—দক্ষিণে যোঽধঃস্থিতকরস্তৎক্রমাদিত্যেব-মাদৌ অধস্তনো দক্ষিণকরঃ, পশ্চাদূর্দ্ধ দক্ষিণকরঃ, ততো বামোর্দ্ধকরঃ, ততো বামাধঃ স্তনকরঃ ইতি ক্রমঃ ; এবং শ্রীবাসুদেবস্যাধোদক্ষিণকরে গদা, উর্দ্ধ-দক্ষিণকরে শঙ্খঃ, উর্দ্ধবামকরে চক্রম, অধো-বাম-করে পদ্মমিতি জ্ঞেয়ম্ ; তথা চোক্তং শ্রীকৃষ্ণদেবা-চার্য্যপাদৈঃ—‘কেমসংদাবাপ্রবিমানি - পূর্ব্বধোজনাঃ । গোত্রিশ্রীনৃসিংহাচ্যুতবানাপোপেহকৃক্রমাৎ ॥’ ইতি । অস্যার্থঃ—কেশব- মধুসূদন- সঙ্কর্ষণ- দামোদর-বসু-দেব প্রদ্যুম্ন- বিষ্ণু- মাধব- অনিরুদ্ধ -পুরুষোত্তমাধো-ক্ষজ-জনার্দ্দন- গোবিন্দ- ত্রিবিক্রম- শ্রীধর - হৃষীকেশ-নৃসিংহাচ্যুত - বামন - নারায়ণ- পদ্মনাভোপেন্দ্র- হরি - কৃষ্ণাখ্যাশ্চতুর্বিংশতি-শ্রীমূর্ত্তয়ঃ ক্রমাজ্জ্ঞেয়া ইতি। এষাং দক্ষিণোর্দ্ধকরমারভ্য ক্রমেণ শঙ্খ-চক্র-গদা-পদ্মানি জ্ঞেয়ানি। তথা চ তৎ-পিতৃ-শ্রীরামাচার্য্য-পাদৈরুক্তম্—‘কেশবাদিক-কৃষ্ণান্তমূর্ত্তিষট্কচতুষ্টয়ে। সব্যাপসব্যৈর্গণয়েৎ পুনঃ কোণাৎ তথৈব চ। সব্য-মেত্য পুনঃ কোণাদপসব্যন্ত কোণতঃ ॥’ ইতিঃ। অয়মর্থঃ—সব্যেন শঙ্খাদৌ গণ্যমানে কেশবঃ, অপ-সব্যেন মধুসূদনঃ, কোনগত্যা কোণাচ্চ তস্মাৎ সব্যেন সঙ্কর্ষণঃ, অপসব্যেন দামোদরঃ, সব্যমাগত্য কোণাদ্‌গণ্যমাণে বাসুদেবঃ, অপসব্যমাগত্য কোণতঃ প্রদ্যুম্নঃ ; এবং বামোর্দ্ধকরমারভ্য বিষ্ণুঃ মাধবঃ অনিরুদ্ধঃ পুরুষোত্তমঃ অধোক্ষজঃ জনার্দ্দন ইতি ষট্ বামাধঃকরমারভ্য গোবিন্দস্ত্রিবিক্রমঃ শ্রীধরো হৃষীকেশঃ নৃসিংহঃ অচ্যুত ইতি ষট্ ; দক্ষিণাধঃ-করমারভ্য বামনো নারায়ণঃ পদ্মনাভঃ উপেন্দ্রঃ হরিঃ কৃষ্ণ ইতি ষট্ গণয়েদিতি,—ইত্থং তত্ত্বনির্দ্ধারঃ কার্য্যঃ ॥ ২৮৯ ॥

মৎস্যপুরাণে চ—

এতদুদ্দেশতঃ প্রোক্তং প্রতিমালক্ষণন্তথা ।
বিস্তরেণ ন শক্নোতি বৃহস্পতিরপি দ্বিজাঃ ॥ ইতি ॥
সেবানিষ্ঠা হরেঃ শ্রীমদ্বৈষ্ণবাঃ পাঞ্চরাত্রিকাঃ ।
প্রাকট্যাদখিলাস্নানাং শ্রীমূর্ত্তিং বহু মন্যতে ॥ ২৯১ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে বর্ণিত হইয়াছে—বিভিন্ন প্রতিমা বর্ণন উদ্দেশে উক্ত প্রতিমালক্ষণ বলা হইল। হে দ্বিজগণ। এই বিষয় বিশদ্‌ভাবে স্বয়ং দেবগুরুও বর্ণন করিতে অক্ষম। হরিসেবা পরায়ণ পাঞ্চ-

রাত্রিক শ্রীমৎ বৈষ্ণবগণ অখিল অঙ্গপ্রকট-হেতু শ্রীমূর্ত্তির বাহু সম্মাননা করিয়া থাকেন ॥২৯০-২৯১॥

টীকা—ননু এতাবত্য এব শ্রীমূর্ত্তয়োঽন্যা বা সন্তি, তত্র লিখতি—এতদিতি। বিস্তরেণ বক্তুং শক্নোতি; হে দ্বিজাঃ শৌনকাদয়ঃ ॥ ২৯০ ॥

সেব্যা নিজনিজৈরেব মন্ত্রৈঃ স্বস্বেষ্টমূর্ত্তয়ঃ।
শালগ্রামাত্মকে রূপে নিয়মো নৈব বিদ্যতে ॥২৯২॥
দ্বিভুজা জলদশ্যামা ত্রিভঙ্গী মধুরাকৃতিঃ।
সেব্যা ধ্যানানুরূপেশ্চ মূর্ত্তিঃ কৃষ্ণস্য দৈবতৈঃ ॥২৯৩

অনুবাদ—নিজ নিজ মন্ত্রদ্বারা শালগ্রামরূপ দেবে স্ব-স্ব অভীষ্ট দেবমূর্ত্তির পূজা করিতে কোন প্রকার নিয়মাদির অপেক্ষা নাই। ধ্যানানুরূপ মূর্ত্তিতে শ্রীকৃষ্ণের দ্বিভুজ জলদশ্যাম ত্রিভঙ্গী মধুরাকৃতি মূর্ত্তি সকলের অর্চ্চনা করিতে হইবে। ২৯২-২৯৩ ॥

অন্যাশ্চ বিবিধা শ্রীমদবতারাদিমূর্ত্তয়ঃ।
প্রাদুর্ভাব-বিধাবগ্রে লেখ্যাস্তত্তদ্বিশেষতঃ ॥ ২৯৪ ॥
নিত্যকর্ম্মপ্রসঙ্গেঽত্র মূর্ত্তিজন্ম-প্রতিষ্ঠয়োঃ।
বিধির্নলিখিতুং যোগ্যঃ স তু লেখিষ্যতেঽগ্রতঃ ॥২৯৫

অনুবাদ—শ্রীভগবানের অবতারাদি অন্যান্য বহু প্রকার মূর্ত্তি বিষয়ে প্রাদুর্ভাব-বিধিস্থলে বিশেষরূপে বর্ণন করা হইবে। এই স্থলে অযুক্ত বিবেচনায় পশ্চাৎ লিপিবদ্ধ হইবে ॥ ২৯৪-২৯৫ ॥

টীকা—ননু শঙ্খাদিধারি-চতুর্ভুজ-শ্রীমূর্ত্তয়ো লিখিতাঃ, ন তু শ্রীনৃসিংহ-রঘুনাথাদি-বিশেষমূর্ত্তয়ঃ, তত্তদ্ভক্তৈঃ কীদৃশীতত্তন্মূর্ত্তিরুপাস্যা? বিশেষতশ্চাত্র শ্রীগোপালদেবস্য পূজাবিধিলিখনে তস্য প্রকৃতিরবশ্যং বিজ্ঞাতুমপেক্ষ্যতে, তত্র লিখতি—অন্যাশ্চেতি। আদিশব্দেন চতুর্ব্যূহ-পার্ষদাদয়ঃ; অগ্রে লেখ্য-শ্রীমূর্ত্তি-প্রাদুর্ভাববিধৌ লেখ্যাঃ। যদ্যপি শ্রীমদ্গোপালদেবস্যাষ্টাদশাক্ষরমন্ত্রতঃ লিখ্যতেঽর্চ্চাবিধিরিত্যনেন এতদ্বিলাসারম্ভে শ্রীমদ্গোপালদেবস্যৈব পূজাবিধিলিখনং প্রতিজ্ঞাতম্, তদেবাত্রোপাদেয়ঞ্চ; অতস্তস্যৈব শ্রীমূর্ত্তিরপি লিখিতুমুপযুজ্যতে; তথাপি গ্রন্থারম্ভে শ্রীবৈষ্ণবানাং সর্ব্বেষামেব সামান্যতোঽবশ্যকৃত্যকর্ম্মলিখনং প্রতিজ্ঞাতমস্তীত্যশেষ-শ্রীমূর্ত্ত্যপেক্ষয়া তত্তদ্বিশেষবিজ্ঞানার্থম্, তথা ইতস্ততো বর্ত্তমান-বিবিধ-শ্রীমূর্ত্তি-পরিচর্য্যার্থঞ্চ; প্রসঙ্গাদন্যা অপি শ্রীমূর্ত্তয়োঽত্র লিখিতাঃ, যথা নৃসিংহপরিচর্য্যাদিগ্রন্থে শ্রীকৃষ্ণদেবাচার্য্যাদিভিঃ সর্ব্বা এব তা ইতি। এবমন্যদপ্যূহ্যম্ ॥২৯৪

টীকা—ননু প্রতিষ্ঠায়া ভগবন্মন্দিরং ভবতীত্যুক্তেঃ প্রতিষ্ঠাবিধিস্তথা শ্রীমুখাদ্যবয়বপরিমাণাদিনা শ্রীমূর্ত্তি-প্রাদুর্ভাবপ্রকারশ্চাত্রাপেক্ষ্যতে; তত্র লিখতি—নিত্যেতি। অত্র অস্মিন্নিত্যকর্ম্মলিখনপ্রকরণে, মূর্ত্তেঃ প্রতিকৃতেঃ জন্ম প্রাদুর্ভাবঃ প্রতিষ্ঠা চ, তয়োর্বিধিঃ লিখিতুমযোগ্যোঽতোঽগ্রে কাদাচিৎককৃত্যলিখনে ॥ ২৯৫ ॥

অথ শালগ্রামশিলাঃ

গৌতমীয়তন্ত্রে—

গণ্ডক্যাশ্চৈব দেশে চ শালগ্রামস্থলং মহৎ।
পাষাণং তদ্ভবং যত্তৎ শালগ্রামমিতি স্মৃতম্ ॥২৯৬

অনুবাদ—গৌতমতন্ত্রে বর্ণিত হইয়াছে—গণ্ডকী নদীর একদেশে অতিবৃহৎ এক শালগ্রামস্থল আছে, সেখানে যে প্রস্তর উৎপন্ন হয়, সেই সব প্রস্তরকে শালগ্রাম শিলা বলা হয় ॥ ২৯৬ ॥

স্কন্দপুরাণে—

স্নিগ্ধা কৃষ্ণা পাণ্ডুরা বা পীতা নীলা তথৈব চ।
বক্রা রুক্ষা চ রক্তা চ মহাস্থূলা ত্বলাঞ্ছিতা ॥২৯৭॥
কপিলা দর্দুরা ভগ্না বহুচক্রৈকচক্রিকা।
বৃহন্মুখী বৃহচ্চক্রা লগ্নচক্রাথবা পুনঃ।
বদ্ধচক্রাথবা কাচিদ্ভগ্নচক্রা ত্বধোমুখী ॥ ২৯৮ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—স্নিগ্ধবর্ণ, কৃষ্ণবর্ণ, পাণ্ডুর পীত, নীলবক্র, রুক্ষ, রক্তবর্ণ, অতিস্থূল, চিহ্নরহিত, কপিলবর্ণ, ভেকের আকার, ভগ্ন, বহুচক্র, একচক্র, বৃহৎ মুখবিশিষ্ট, বৃহৎ চক্রযুক্ত, লগ্নচক্র, বদ্ধচক্র, ভগ্নচক্র, এবং অধোমুখ বিশিষ্ট ইত্যাদি নানারূপ শালগ্রাম শিলা পাওয়া যায় ॥ ২৯৭-২৯৮ ॥

টীকা—দর্দুরা—দর্দুরো ভেকস্তদাকারেত্যর্থঃ, কর্ব্বুরেতি পাঠে মিশ্রবর্ণা ॥ ২৯৮ ॥

অথ তাসাং বর্ণাদি-ভেদেন গুণ-দোষৌ

তত্রৈব—

স্নিগ্ধা সিদ্ধিকরী মন্ত্রে কৃষ্ণা কীর্ত্তিং দদাতি চ।
পাণ্ডুরা পাপদহনী পীতা পুত্রফলপ্রদা ॥ ২৯৯ ॥

অনুবাদ—বর্ণাদি ভেদে উক্ত শিলা সকলের গুণদোষ ঐ গ্রন্থে যেরূপ বর্ণিত হইয়াছে তাহা নিম্ন-রূপ—যে শিলা স্নিগ্ধবর্ণ তিনি স্নিগ্ধ বর্ণশিলা মন্ত্র-সিদ্ধি প্রদান করেন, কৃষ্ণবর্ণ কীর্ত্তি প্রদান করেন, পাণ্ডুবর্ণ পাতক বিনাশ করেন এবং পীতবর্ণ পুত্রফল প্রদান করিয়া থাকেন ॥ ২৯৯ ॥

নীলা সন্দিশতে লক্ষ্মীং রক্তা রোগ-প্রদায়িকা।
রুক্ষা চোদ্বেগদা নিত্যং বক্রা দারিদ্র্যদায়িকা ॥৩০০

অনুবাদ—নীলবর্ণ লক্ষ্মী বৃদ্ধি করেন এবং রক্ত-বর্ণ রোগ জন্মাইয়া থাকেন। রুক্ষ সতত উদ্বেগ উৎপাদন করেন এবং বক্র দরিদ্র করিয়া থাকেন ॥ ৩০০ ॥

স্থূলা নিহন্তি চৈবায়ুর্নিষ্ফলা তু অলাঞ্ছিতা।
কপিলা কর্ব্বুরা ভগ্না বহুচক্রৈকচক্রিকা ॥ ৩০১ ॥
বৃহন্মুখী বৃহচ্চক্রা লগ্নচক্রাথবা পুনঃ ॥ ৩০২ ॥
বদ্ধচক্রাথবা যা স্যাদ্ভগ্নচক্রা ত্বধোমুখী।
পূজয়েদ্ যঃ প্রমাদেন দুঃখমেব লভেত সঃ ॥৩০৩॥

অনুবাদ—স্থূল পরমায়ুনাশ করেন এবং চিহ্ন-শূন্যের পূজা নিষ্ফল। কপিলবর্ণ, কর্ব্বুরবর্ণ, ভগ্ন, বহুচক্র, একচক্র বৃহন্মুখ, বৃহচ্চক্র লগ্নচক্র অথবা বদ্ধচক্র, ভগ্নচক্র, কিংবা অধোমুখ শালগ্রাম শিলার পূজক অবশ্যই দুঃখ ভাগী হন ॥ ৩০১-৩০৩ ॥

টীকা—বদ্ধচক্রা অব্যক্তচক্রা ; রক্তাদিকা এতা যঃ পূজয়েৎ ॥ ৩০৩ ॥

অগ্নিপুরাণে চ—

তথা ব্যালমুখী ভগ্না বিষমা বদ্ধচক্রিকা।
বিকারাবর্ত্তনাভিশ্চ নারসিংহী তথৈব চ ॥ ৩০৪ ॥
কপিলা বিভ্রমাবর্ত্তা রেখাবর্ত্তা চ যা শিলা।
দুঃখদা সা তু বিজ্ঞেয়া সুখদা ন কদাচন ॥ ৩০৫ ॥

অনুবাদ—অগ্নিপুরাণেও বর্ণিত হইয়াছে—সর্পের মুখের মত মুখবিশিষ্ট শিলা, ভগ্নশিলা, পরস্পর অসম্মুখীন চক্রবিশিষ্টশিলা, বদ্ধচক্রবিশিষ্টশিলা, নাভিস্থল অর্থাৎ মধ্যভাগে উন্নত চক্রবিশিষ্টশিলা, নৃসিংহমূর্ত্তি শিলা, কপিলবর্ণ শিলা, যে শিলার আবর্ত্ত বিষয়ে সন্দেহ জন্মে এবং আবর্ত্তরেখাময়শিলা, এ সকল শিলার অর্চ্চনে সর্ব্বথা দুঃখ লাভ হয় কখনও সুখলাভ হয় না ॥ ৩০৪-৩০৫ ॥

টীকা—ব্যালমুখী ব্যালস্যেব মুখং যস্যাঃ সা ; বিষমা পরস্পরাসম্মুখচক্রা ; বিকাররূপৈরাবর্ত্তৈরু-পলক্ষিতা নাভিশ্চক্রমধ্যোন্নতভাগো যস্যাঃ সা, বিভ্রমা-বর্ত্তা সন্দিগ্ধাবর্ত্তা ; রেখাবর্ত্তা রেখামণ্ডলময়াবর্ত্তা ॥ ৩০৪-৩০৫ ॥

স্নিগ্ধা শ্যামা তথা মুক্তাহমায়া বা সমচক্রিকা।
ঘোণিমূর্ত্তিরনন্তাখ্যা গম্ভীরা সম্পুটা তথা ॥ ৩০৬ ॥
সূক্ষ্মমূর্ত্তিরমূর্ত্তিশ্চ সম্মুখা সিদ্ধিদায়িকা।
ধাত্রীফলপ্রমাণা যা করেণোভয়-সম্পুটা।
পূজনীয়া প্রযত্নেন শিলা চৈতাদৃশী শুভা ॥ ৩০৭ ॥

অনুবাদ—স্নিগ্ধ শ্যামবর্ণ, মুক্তাফলের মত বর্ত্তুলাকার, অকৃত্রিম সমচক্র, বরাহাকৃতি, গম্ভীর-নাভি, সমপুট, সূক্ষ্মমূর্ত্তি, বাসুদেবমূর্ত্তি, সমমুখ, আমলকী পরিমিত, করপৃষ্ঠবৎ উন্নত এবং করতলের সমাকৃতি শিলা সকল যত্নের সহিত পূজিত হইলে সিদ্ধি এবং মঙ্গল প্রদান করেন ॥ ৩০৬-৩০৭ ॥

টীকা—মুক্তা মুক্তাফলাকৃতিবর্ত্তুলা, অমায়া অকৃত্রিমা ইতি সর্ব্বাত্রান্বেতি ; যদ্বা, সন্ধানাদিকর্ম্ম-রহিতা ; ঘোণিঃ বরাহস্তদ্বন্মূর্ত্তির্যস্যাঃ ; অগ্রে লেখ্য-লক্ষণবরাহমূর্ত্তির্বা। সম্পুটা সমপুটা, অমূর্ত্তিবাসু-দেবমূর্ত্তিঃ, 'অকারো বাসুদেবঃ স্যাৎ' ইতি অভিধানাৎ, সম্মুখা সমমুখা, করেণোভয়সম্পুটা করপৃষ্ঠবদুন্নতা করতলসমা চ ॥ ৩০৬-৩০৭ ॥

ইষ্টা তু যস্য যা মূর্ত্তিঃ স তাং যত্নেন পূজয়েৎ।
পূজিতে ফলমাপ্নোতি ইহলোকে পরত্র চ ॥ ৩০৮ ॥

অনুবাদ—যে মূর্ত্তি যাঁহার অভীষ্ট, তিনি যত্নপূর্ব্বক সেই মূর্ত্তির পূজা করিবেন। তাহা হইলে ইহলোকে ও পরলোকে ফল পাইবেন ॥ ৩০৮ ॥

টীকা—পূজিতে, পূজনে কৃতে সতি ॥ ৩০৮ ॥

দোষাশ্চেতে সকামার্চ্চনবিষয়াঃ

যত উক্তং শ্রীভগবতা ব্রাহ্মে—

খণ্ডিতং স্ফুটিতং ভগ্নং পার্শ্বভিন্নং বিভেদিতম্।
শালগ্রামসমুদ্ভূতং শৈলং দোষাবহং ন হি ॥ ৩০৯ ॥

অনুবাদ—যে সমস্ত দোষের বিষয় বর্ণিত হইল, সেইগুলি সকামপূজা-বিষয়ক, যেহেতু ব্রহ্মপুরাণে শ্রীভগবানের উক্তি রহিয়াছে—খণ্ডিত, স্ফুটিত, ভগ্ন, ভগ্নপার্শ্ব কিংবা বিভিন্ন হইলেও শালগ্রামস্থলীতে উৎপন্ন শিলায় কোন দোষ নাই ॥ ৩০৯ ॥

টীকা—শৈলং শিলায়াঃ সমূহঃ ॥ ৩০৯ ॥

শ্রীরুদ্রেণ চ স্কান্দে—

খণ্ডিতং ত্রুটিতং ভগ্নং শালগ্রামে ন দোষভাক্।
ইষ্টা তু যস্য যা মূর্ত্তিঃ স তাং যত্নেন পূজয়েৎ ॥৩১০

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীরুদ্রের উক্তি আছে—খণ্ডিত ত্রুটিত বা ভগ্ন শালগ্রামশিলার কোন দোষ নাই। যাঁহার যে মূর্ত্তি অভীষ্ট, সেই মূর্ত্তিই তিনি পূজা করিবেন ॥ ৩১০ ॥

টীকা—খণ্ডিতমিত্যাদি ভাবে ক্ত-প্রত্যয়ান্তম্ ॥৩১০

তথা—

চক্রং বা কেবলং তত্র পদ্মেন সহ সংযুতম্।
কেবলা বনমালা বা হরির্লক্ষ্ম্যা সহ স্থিতঃ ॥ ৩১১ ॥
মুখ্যাঃ স্নিগ্ধাদয়স্তত্রামুখ্যা রক্তাদয়ো মতাঃ।
মুখ্যাভাবে ত্বমুখ্যা হি পূজ্যা ইত্যুচ্যতে পরৈঃ ॥৩১২॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—পদ্ম অথবা বনমালাচিহ্ন সংযুক্ত চক্রচিহ্ন বিশিষ্ট শালগ্রামে লক্ষ্মীদেবীর সহিত শ্রীহরি বাস করেন। অন্য পণ্ডিতগণ বলেন যে, শিলাবিষয়ে স্নিগ্ধাদি বর্ণ প্রধান আর রক্তাদিবর্ণ অপ্রধান। প্রধানের অভাবে অপ্রধানের পূজা করিতে হয় ॥ ৩১১-৩১২ ॥

টীকা—তথাপি লক্ষ্ম্যা সহ ভগবান্ তত্র তিষ্ঠতীত্যর্থঃ ॥ ৩১১ ॥

টীকা—পূজ্যাপূজ্যত্বয়োঃ কেষাঞ্চিন্মতং লিখতি—মুখ্যা ইতি, মুখ্যানাং স্নিগ্ধাদীনামভাবে সতি অমুখ্যা রক্তাদয় এব পূজ্যাঃ। যদি চ মুখ্যা লভ্যন্তে, তদানাপূজনে তত্তদ্দোষ এবেত্যর্থঃ ॥ ৩১২ ॥

অথ তাসামেব লক্ষণবিশেষেণ সংজ্ঞাবিশেষঃ

ব্রাহ্মে শ্রীভগবদ্ব্রহ্মসংবাদে—

নিবসামি সদা ব্রহ্মন্ শালগ্রামাখ্যবেশ্মনি।
তত্রৈব রথচক্রাঙ্কভেদনামানি মে শৃণু ॥ ৩১৩ ॥
দ্বারদেশে সমে চক্রে দৃশ্যতে নান্তরীয়কে।
বাসুদেবঃ স বিজ্ঞেয়ঃ শুক্লাভশ্চাতিশোভনঃ ॥৩১৪॥

অনুবাদ—অতঃপর শিলাসকলের লক্ষণভেদে নাম ভেদ—হে ব্রহ্মন্, আমি শালগ্রাম নামক মন্দিরে সর্ব্বদা বাস করি। ঐ শিলাতেই চক্রচিহ্নের ভেদ অনুসারে যে ভিন্ন ভিন্ন নাম আছে তাহা শোন।

যাঁহার দ্বারদেশে সমান দুইচক্র অনতি মধ্য দেশে সংযুক্ত দৃষ্ট হয়, শুক্লবর্ণ বিশিষ্ট ও অতি মনোহর সেই শিলার নাম বাসুদেব ॥ ৩১৩-৩১৪ ॥

টীকা—রথস্যেব চক্রং রথচক্রাকারং যৎ সুদর্শনচক্রং, তস্য অঙ্কে চিহ্নবিষয়ে যো ভেদস্তস্মিন্ সতি যানি নামানি নামভেদা ভবন্তি, তানি মে মত্তঃ শৃণ্বিত্যর্থঃ ॥ ৩১৩ ॥

টীকা—নান্তরীয়কে অবান্তরে; যদ্বা, অন্তরং মধ্যমন্তরা বিচ্ছেদো বা তদ্বিহীনে; অনতিমধ্যদেশশ্লেষে সংলগ্নে বেত্যর্থঃ ॥ ৩১৪ ॥

দ্বে চক্রে একলগ্নে তু পূর্ব্বভাগস্তু পুষ্কলঃ।
সঙ্কর্ষণাখ্যো বিজ্ঞেয়ো রক্তাভশ্চাতিশোভনঃ ॥৩১৫॥

অনুবাদ—যাঁহার চক্রদ্বয় একভাগে সংযুক্ত কিন্তু

পূর্ব্বভাগে পরিপুষ্ট এবং লোহিতাভ ও অতিশয় শোভাবিশিষ্ট তাঁহার নাম সঙ্কর্ষণ ॥ ৩১৫ ॥

প্রদ্যুম্নঃ সূক্ষ্মচক্রস্তু পীতদীপ্তিস্তথৈব চ।
শুষিরং ছিদ্রবহুলং দীর্ঘাকারস্তু তদ্ভবেৎ ॥ ৩১৬ ॥

অনুবাদ—সূক্ষ্মচক্র ও পীতবর্ণযুক্ত শিলার নাম প্রদ্যুম্ন। উঁহার মুখের ছিদ্র দীর্ঘ এবং অবান্তর ও বহু ছিদ্র বিশিষ্ট ॥ ৩১৬ ॥

অনিরুদ্ধস্তু নীলাভো বর্ত্তুলশ্চাতিশোভনঃ।
রেখাত্রয়স্তু তদ্দ্বারি পৃষ্ঠং পদ্মেন লাঞ্ছিতম্ ॥ ৩১৭॥

অনুবাদ—অনিরুদ্ধশিলা নীলবর্ণ, আকার বর্ত্তুল-সদৃশ এবং অতিসুন্দর উঁহার মুখদ্বারে তিনটি রেখা এবং পৃষ্ঠদেশে পদ্ম চিহ্নযুক্ত ॥ ৩১৭ ॥

সৌভাগ্যং কেশবো দদ্যাৎ চতুষ্কোণো ভবেত্তু যঃ।
শ্যামং নারায়ণং বিদ্যান্নাভিচক্রং তথোন্নতম্ ॥৩১৮
দীর্ঘরেখাসমোপেতং দক্ষিণে শুষিরং পৃথু।
ঊর্দ্ধ্বং মুখং বিজানীয়াৎ দ্বারে চ হরিরূপিণম্ ॥৩১৯
কামদং মোক্ষদঞ্চৈব অর্থদঞ্চ বিশেষতঃ।
পরমেষ্ঠী লোহিতাভঃ পদ্মচক্রসমন্বিতঃ ॥ ৩২০ ॥
বিল্বাকৃতিস্তথা পৃষ্ঠে শুষিরং চাতিপুষ্কলম্।
কৃষ্ণবর্ণস্তথা বিষ্ণুঃ স্থূলে চক্রে সুশোভনঃ।
ব্রহ্মচর্য্যেণ পূজ্যোঽসাবন্যথা বিঘ্নদো ভবেৎ ॥৩২১॥

অনুবাদ—চতুষ্কোণবিশিষ্ট কেশবশিলা সৌভাগ্য দান করেন। যাঁহার বর্ণ শ্যাম ও যাঁহার নাভি-চক্র অর্থাৎ চক্রের মধ্যভাগ উন্নত তিনি নারা-য়ণ। যিনি দীর্ঘরেখাযুক্ত, যাঁহার দক্ষিণভাগে বিস্তৃত মুখছিদ্র ও বিবরদ্বার উর্দ্ধমুখ তিনি হরি। তিনি বাঞ্ছিতফল ও মুক্তি বিশেষতঃ অর্থ দান করেন। যাঁহার বর্ণ লোহিত এবং পদ্ম ও চক্র চিহ্ন বিদ্যমান, তাঁহার নাম পরমেষ্ঠী। পরমেষ্ঠীর আকার বিল্বসদৃশ, তাঁহার পৃষ্ঠভাগে স্পষ্টরূপে মুখের ছিদ্র দীপ্যমান। বিষ্ণুর বর্ণ কৃষ্ণ। ইনি অতি সুন্দর ও স্থূল চক্রদ্বয় বিশিষ্ট। ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক তাঁহার পূজা করিতে হয়, অন্যথা বিঘ্নের আশঙ্কা থাকে ॥ ৩১৮-৩২১ ॥

কচিচ্চ—
কপিলো নরসিংহোঽথ পৃথুচক্রে চ শোভনে।
ব্রহ্মচর্য্যাধিকারী স্যান্নান্যথা পূজনং ভবেৎ ॥৩২২॥
নরসিংহস্ত্রিবিন্দুঃ স্যাৎ কপিলঃ পঞ্চবিন্দুকঃ।
ব্রহ্মচর্য্যেণ পূজ্যঃ স্যাদন্যথা সর্ব্ববিঘ্নদঃ ॥ ৩২৩ ॥

অনুবাদ—কোথাও কোথাও বলা হইয়াছে—কপিল ও নরসিংহের দুইটি করিয়া স্থূল চক্র। ব্রহ্মচারীই তাঁহাদিগকে পূজা করিতে পারেন, নতুবা পূজা হয় না। নরসিংহের তিন বিন্দু ও কপিলের পাঁচ বিন্দু। অব্রহ্মচারী পূজা করিলে বিঘ্ন প্রদান করেন ॥ ৩২২-৩২৩ ॥

স্থূলং চক্রদ্বয়ং মধ্যে গুড়লাক্ষাসবর্ণকম্।
দ্বারোপরি তথা রেখা পদ্মাকারা সুশোভনা ॥৩২৪॥
স্ফুটিতং বিষমং চক্রং নারসিংহন্তু কাপিলম্।
সংপূজ্য মুক্তিমাপ্নোতি সংগ্রামে বিজয়ী ভবেৎ ॥৩২৫

অনুবাদ—মুখবিবরে দুইটি স্থূলচক্র, বর্ণ গুড় ও লাক্ষাসদৃশ, মুখের উর্দ্ধভাগে পদ্মের ন্যায় অতিসুন্দর রেখা। চক্র বিভিন্ন ও অসম। এইরূপ নরসিংহ ও কপিলের পূজা করিলে মুক্তি ও যুদ্ধে বিজয় লাভ হয় ॥ ৩২৪-৩২৫ ॥

পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে চ—
যস্য দীর্ঘং মুখং পূর্ব্বকথিতৈর্লক্ষণৈর্যুতম্।
রেখাশ্চ কেশরাকারা নারসিংহো মতো হি সঃ ॥৩২৬

অনুবাদ—পদ্মপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে যথা—যাঁহার মুখবিবর দীর্ঘ ও পূর্ব্বোক্ত লক্ষণ সমন্বিত এবং কেশরের ন্যায় কতিপয় রেখা বিরাজমান তাঁহার নাম নরসিংহ ॥ ৩২৬ ॥

ব্রাহ্মে—
বারাহং শক্তিলিঙ্গে চ চক্রে চ বিষমে স্মৃতে।
ইন্দ্রনীলনিভং স্থূলং ত্রিরেখালাঞ্ছিতং শুভম্ ॥৩২৭

অনুবাদ—ব্রহ্মপুরাণে যথা—যে শিলায় দুইটি শক্তি চিহ্ন এবং দুইটি বিষমচক্র ; যাঁহার বর্ণ ইন্দ্র-নীলমণি সদৃশ যাঁহাতে স্থূল ও রেখাত্রয় বিরাজিত এবং অতি মনোহর তিনি শ্রীবরাহ ॥ ৩২৭ ॥

পাদ্মে চ তত্রৈব—

বরাহাকৃতিরাভুগ্নশ্চক্ররেখাস্বলঙ্কৃতঃ ।
বারাহ ইতি স প্রোক্তো ভুক্তিমুক্তিফলপ্রদঃ ॥৩২৮॥

অনুবাদ—পদ্মপুরাণে কাত্তিকমাহাত্ম্যে বলা হইয়াছে যে,—যিনি বরাহাকৃতি বক্র, চক্রযুক্ত এবং রেখাসমূহের দ্বারা অলংকৃত তাঁহার নাম বরাহ। বরাহ পূজিত হইলে ভোগ ও মুক্তি প্রদান করেন ॥ ৩২৮ ॥

ব্রাহ্মে এব—

দীর্ঘা কাঞ্চনবর্ণা যা বিন্দুত্রয়বিভূষিতা ।
মৎস্যাখ্যা সা শিলা জ্ঞেয়া ভুক্তিমুক্তিফলপ্রদা ॥৩২৯

অনুবাদ—ব্রহ্মপুরাণেই আরও বলা হইয়াছে—যে শিলা দীর্ঘ, সুবর্ণ-তুল্য বর্ণবিশিষ্ট এবং তিনটি বিন্দুযুক্ত তাঁহার নাম মৎস্য—ইনি ভোগ ও মুক্তি প্রদান করেন ॥ ৩২৯ ॥

কৃচিচ্চ—

মৎস্যরূপস্তু দেবেশং দীর্ঘাকারস্তু যন্তবেৎ ।
বিন্দুত্রয়সমাযুক্তং কাংস্যবর্ণং বিশোভনম্ ॥৩৩০॥

ব্রাহ্মে এব—

কূর্ম্মস্তথোন্নতঃ পৃষ্ঠে বর্ত্তুলাবর্ত্তপূরিতঃ ।
হরিতং বর্ণমাধত্তে কৌস্তুভেন চ চিহ্নিতঃ ॥ ৩৩১ ॥

অনুবাদ—কোন স্থানেও বর্ণিত হইয়াছে—যিনি দীর্ঘাকৃতি, বিন্দু ত্রয় সমন্বিত, কাংস্য বর্ণ ও অতি সুন্দর তাঁহার নাম মৎস্য। ব্রহ্মপুরাণে—যাঁহার পৃষ্ঠ-ভাগ উন্নত ও বর্ত্তুলাকার আবর্ত্তেপূর্ণ, সবুজবর্ণ এবং যিনি কৌস্তুভচিহ্নধারী, তাঁহার নাম কূর্ম্ম ॥ ৩৩০-৩৩১ ॥

পাদ্মে চ তত্রৈব—

কূর্ম্মাকারা চ চক্রাঙ্কা শিলা কূর্ম্মঃ প্রকীর্ত্তিতঃ ॥৩৩২

অনুবাদ—পদ্মপুরাণের কাত্তিক মাহাত্ম্যেই যথা—যে শিলা কূর্ম্মাকৃতিবিশিষ্ট ও চক্রাঙ্কিত, তাহার নাম কূর্ম্ম ॥ ৩৩২ ॥

ব্রাহ্মে এব—

হয়গ্রীবোঽঙ্কুশাকারো রেখা চক্রসমীপগা ।
বহুচক্রসমাযুক্তং পৃষ্ঠং নীরদনীলকম্ ॥ ৩৩৩ ॥

অনুবাদ—ব্রহ্মপুরাণেও—যাঁহার আকার অঙ্কুশ-তুল্য, যাঁহাতে নিকটে রেখাযুক্ত বহু চক্র এবং যাঁহার পৃষ্ঠ ভাগ মেঘতুল্য নীল, তাঁহার নাম হয়গ্রীব ॥৩৩৩॥

কৃচিচ্চ—

হয়গ্রীবাঙ্কুশাকারে রেখাঃ পঞ্চ ভবন্তি হি ।
বহুবিন্দুসমাকীর্ণে দৃশ্যন্তে নীলরূপকাঃ ॥ ৩৩৪ ॥

পাদ্মে চ তত্রৈব —

হয়গ্রীবা যথা লম্বা রেখাঙ্কা যা শিলা ভবেৎ ।
তথাঽসৌ স্যাদ্ধয়গ্রীবঃ পূজিতো জ্ঞানদো ভবেৎ ॥

কিঞ্চ—

অশ্বাকৃতি মুখং যস্য সাক্ষমালং শিরস্তথা ।
পদ্মাকৃতির্ভবেদ্বাপি হয়শীর্ষস্তুসৌ মতঃ ॥ ৩৩৬ ॥

অনুবাদ—কোথাও কোথাও বলা হইয়াছে—হয়গ্রীব অঙ্কুশাকার, পাঁচটি রেখা বিশিষ্ট, বহুবিন্দু শোভিত ও নীলবর্ণ। পদ্মপুরাণে কাত্তিক প্রসঙ্গেই—অশ্বের গ্রীবার মত লম্বায়-মান, রেখা বিশিষ্ট শিলার নাম হয়গ্রীব। ইনি পূজিত হইলে জ্ঞান প্রদান করেন। আরও বলা হয়েছে—যাঁহার মুখ-চ্ছিদ্র অশ্বমুখ তুল্য, উপরি ভাগে অক্ষমালার চিহ্ন, তাঁহার নাম হয়গ্রীব। হয়গ্রীবের আকার পদ্মের মতও হয় ॥ ৩৩৪-৩৩৬ ॥

ব্রাহ্মে এব—

বৈকুণ্ঠং মণিবর্ণাভং চক্রমেকং তথা ধ্বজম্ ।
দ্বারোপরি তথা রেখা পদ্মাকারা সুশোভনা ॥৩৩৭॥

অনুবাদ—ব্রহ্মপুরাণেই বলা আছে—যাঁহার বর্ণ মণির ন্যায়, যিনি একচক্র বিশিষ্ট ও ধ্বজের চিহ্ন-যুক্ত। যাঁহার মুখবিবরের উপরের দিকে পদ্মের মত সুন্দর রেখা আছে তাঁহার নাম বৈকুণ্ঠ ॥ ৩৩৭ ॥

———

শ্রীধরস্তু তথা দেবশ্চিহ্নিতো বনমালয়া।
কদম্বকুসুমাকারো রেখাপঞ্চক-ভূষিতঃ ॥ ৩৩৮ ॥

অনুবাদ—বনমালা চিহ্নে শোভিত এবং কদম্ব-পুষ্পের মত আকার বিশিষ্ট ও রেখা পঞ্চকে ভূষিত শিলার নাম শ্রীধর ॥ ৩৩৮ ॥

———

বর্ত্তুলশ্চাতিহ্রস্বশ্চ বামনঃ পরিকীর্ত্তিতঃ।
অতসীকুসুমপ্রখ্যো বিন্দুনা পরিশোভিতঃ ॥ ৩৩৯ ॥

অনুবাদ—বামনশিলা বর্ত্তুল ও অতিহ্রস্বাকৃতি, ইঁহার বর্ণ অতসীকুসুমের মত এবং ইনি বিন্দু শোভিত ॥ ৩৩৯ ॥

———

অন্যত্র চ—

বামনাখ্যো ভবেদ্দেবো হ্রস্বো যঃ স্যান্মহাদ্যুতিঃ।
ঊর্দ্ধ্বচক্রস্ত্বধশ্চক্রঃ সোঽভীষ্টার্থপ্রদোঽর্চ্চিতঃ ॥৩৪০

অনুবাদ—অন্যস্থলে যথা—যিনি হ্রস্বাকৃতি ও কান্তিবিশিষ্ট এবং যাঁহার উপরে ও নীচে চক্র তিনি বামন। এই শিলা অর্চ্চিত হইলে বাঞ্ছিত ফল প্রদান করেন ॥ ৩৪০ ॥

———

ব্রাহ্মে এব—

সুদর্শনস্তথা দেবঃ শ্যামবর্ণো মহাদ্যুতিঃ।
বামপার্শ্বে গদাচক্রে রেখে চৈব তু দক্ষিণে ॥ ৩৪১ ॥

অনুবাদ—ব্রহ্মপুরাণেই যথা—যাঁহার বর্ণ শ্যাম, যাঁহার কান্তি উৎকৃষ্ট এবং যাঁহার বামভাগে গদা ও চক্র এবং দক্ষিণভাগে দুইটি রেখা আছে তিনি সুদর্শন ॥ ৩৪১ ॥

———

পাদ্মে কার্ত্তিক-মাহাত্ম্যে—

চক্রাকারেণ পঙ্‌ক্তিঃ সা যত্র রেখাময়ী ভবেৎ।
স সুদর্শন ইত্যেবং খ্যাতঃ পূজাফলপ্রদঃ ॥ ৩৪২ ॥

অনুবাদ—পদ্মপুরাণে কার্ত্তিক-মাহাত্ম্যে বর্ণিত হইয়াছে—যাঁহাতে উক্ত রেখার শ্রেণী চক্রাকৃতি তাঁহারই নাম সুদর্শন। ইনি পূজিত হইলে পূজার ফল প্রদান করেন ॥ ৩৪২ ॥

———

দামোদরস্তথা স্থূলো মধ্যে চক্রং প্রতিষ্ঠিতম্।
দূর্ব্বাভং দ্বারি সঙ্কীর্ণং পীতা রেখা তথৈব চ ॥৩৪৩

অনুবাদ—দামোদর শিলা স্থূল, দূর্ব্বাবর্ণ, মধ্যে চক্রযুক্ত, সঙ্কীর্ণ ও পীত রেখাযুক্ত মুখবিবরবিশিষ্ট ॥ ৩৪৩ ॥

———

পাদ্মে চ তত্রৈব—

উপর্য্যধশ্চ চক্রে দ্বে নাতিদীর্ঘং মুখে বিলম্।
মধ্যে চ রেখা লম্বৈকা স চ দামোদরঃ স্মৃতঃ ॥৩৪৪

অনুবাদ—পদ্মপুরাণে কার্ত্তিক-মাহাত্ম্যেই আরও বর্ণিত হইয়াছে—যাঁহার ঊর্দ্ধে ও নিম্নে দুই চক্র, মুখ-বিবর অতি দীর্ঘ নয় এবং মধ্যস্থানে এক লম্বা রেখা বিদ্যমান, তাঁহার নাম দামোদর ॥ ৩৪৪ ॥

———

অন্যত্র চ—

স্থূলো দামোদরো জ্ঞেয়ঃ সূক্ষ্মরন্ধ্রো ভবেত্তু যঃ।
চক্রে চ মধ্যদেশস্থে পূজিতঃ সুখদঃ সদা ॥ ৩৪৫ ॥

অনুবাদ—অন্য স্থানেও বলা হইয়াছে—দামোদর স্থূল, ইঁহার মুখবিবর সঙ্কীর্ণ এবং মধ্যস্থলে দুই চক্র। ইনি অর্চ্চিত হইলে সকল সময় সুখদান করিয়া থাকেন ॥ ৩৪৫ ॥

———

নানাবর্ণো হ্যনন্তাখ্যো নাগভোগেন চিহ্নিতঃ।
অনেকমূর্ত্তিসংভিন্নঃ সর্ব্বকামফলপ্রদঃ ॥ ৩৪৬ ॥

অনুবাদ—অনন্তের বর্ণ নানাপ্রকার। তাঁহাতে

সর্পদেহের ও বিভিন্ন মূর্ত্তির চিহ্ন অঙ্কিত আছে। ইনি বাঞ্ছিত সকল ফল দিয়া থাকেন ॥ ৩৪৬ ॥

পাদ্মে চ তত্রৈব—

অনন্তচক্রো বহুভিশ্চিহ্নৈরপ্যপলক্ষিতঃ।
অনন্তঃ স তু বিজ্ঞেয়ঃ সর্ব্বপূজাফলপ্রদঃ ॥ ৩৪৭ ॥

অনুবাদ—পদ্মপুরাণেই—যাঁহার বহু চক্র, চিহ্ন এবং বহুবিধ তাঁহার নাম অনন্ত। তিনি সকল পূজার ফল প্রদান করেন ॥ ৩৪৭ ॥

দৃশ্যতে শিখরে লিঙ্গং শালগ্রামসমুদ্ভবম্।
তস্য যোগেশ্বরো নাম ব্রহ্মহত্যাং ব্যপোহতি ॥৩৪৮॥

অনুবাদ—যাঁহার উপরিভাগে চক্র চিহ্ন দেখা যায়, তাঁহার নাম যোগেশ্বর, তিনি ব্রহ্মহত্যা পাপ বিনাশ করেন ॥ ৩৪৮ ॥

আরক্তং পদ্মনাভাখ্যং পঙ্কজচ্ছত্রসংযুতম্।
তুলস্যা পূজয়ন্নিত্যং দরিদ্রস্ত্বীশ্বরো ভবেৎ ॥ ৩৪৯ ॥
চন্দ্রাকৃতিং হিরণ্যাখ্যং রশ্মিজালং বিনির্দ্দিশেৎ।
সুবর্ণরেখাবহুলং স্ফটিকদ্যুতিশোভিতম্ ॥ ৩৫০ ॥

অনুবাদ—যিনি ঈষৎ রক্তবর্ণ, যাঁহাতে পদ্ম ও ছত্রের চিহ্ন যুক্ত আছে, তাঁহার নাম পদ্মনাভ, দরিদ্রব্যক্তিও তুলসী দ্বারা নিত্য তাঁহার পূজা করিলে ধনলাভ করেন। যাঁহার আকৃতি চন্দ্রের মত, যিনি কিরণজাল বিকীরণ করেন, বহু সুবর্ণ রেখা-ধারী এবং স্ফটিকেরমত দ্যুতিশোভিত তিনি হিরণ্য-গর্ভ ॥ ৩৪৯-৩৫০ ॥

কিঞ্চাত্র—

অর্দ্ধচন্দ্রাকৃতির্দেবো হৃষীকেশ উদাহৃতঃ।
তমর্চ্চ্য লভতে স্বর্গং বিষয়াংশ্চ সমীহিতান্ ॥৩৫১॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—যিনি অর্দ্ধ-চন্দ্রাকৃতি, তাঁহার নাম হৃষীকেশ। তাঁহার অর্চ্চনা করিলে স্বর্গ ও সকল বাঞ্ছিত দ্রব্য লাভ হয় ॥৩৫১॥

বামপার্শ্বে সমে চক্রে কৃষ্ণবর্ণঃ সবিন্দুকঃ।
লক্ষ্মীনৃসিংহো বিখ্যাতো ভুক্তিমুক্তিফলপ্রদঃ ॥৩৫২॥

অনুবাদ—যাঁহার বামপার্শ্বে দুইটী সমান চক্রযুক্ত কৃষ্ণবর্ণ এবং বিন্দুচিহ্নবিশিষ্ট, তিনিই লক্ষ্মী-নৃসিংহ। তিনি পূজিত হইলে ভোগফল ও মুক্তিফল প্রদান করেন ॥ ৩৫২ ॥

ত্রিবিক্রমস্তথা দেবঃ শ্যামবর্ণো মহাদ্যুতিঃ।
বামপার্শ্বে তথা চক্রে রেখা চৈব তু দক্ষিণে ॥৩৫৩॥

অনুবাদ—যিনি শ্যামবর্ণ, মহাদ্যুতি, বামপার্শ্বে দুইচক্র এবং দক্ষিণপার্শ্বে একটি মাত্র রেখাবিশিষ্ট তিনি ত্রিবিক্রম ॥ ৩৫৩ ॥

প্রদক্ষিণাবর্ত্তকৃত-বনমালাবিভূষিতা।
যা শিলা কৃষ্ণসংজ্ঞা সা ধনধান্য-সুখপ্রদা ॥ ৩৫৪ ॥

অনুবাদ—যে শিলা দক্ষিণাবর্ত্তকৃত বনমালা চিহ্নে বিভূষিত, তাঁহার নাম শ্রীকৃষ্ণ। তিনি ধন, ধান্য ও সুখ প্রদান করেন ॥ ৩৫৪ ॥

গৌতমীয়ে—

বহুভির্জন্মভিঃ পুণ্যৈর্যদি কৃষ্ণশিলাং লভেৎ।
গোষ্পদেন তু চিহ্নেন জন্মস্তেন সমাপ্যতে ॥ ৩৫৫ ॥

অনুবাদ—গৌতমীয়-তন্ত্রে বর্ণিত হইয়াছে—যিনি বহু জন্মের পর গোষ্পদ চিহ্নবিশিষ্ট কৃষ্ণ-শিলা লাভ করেন, তাঁহাকে আর জন্মগ্রহণ করিতে হয় না ॥ ৩৫৫ ॥

চতস্রো যত্র দৃশ্যন্তে রেখাঃ পার্শ্বসমীপগাঃ।
দ্বে চক্রে মধ্যদেশে তু সা শিলা তু চতুর্ম্মুখা ॥৩৫৬॥

অনুবাদ—পরস্পর সমীপস্থ রেখা-চতুষ্টয় এবং মধ্যভাগে দুইচক্র যুক্ত শালগ্রাম শিলা চতুর্ম্মুখ নামে প্রসিদ্ধ ॥ ৩৫৬ ॥

কিঞ্চ, পাদ্মে তত্রৈব—

বজ্রকীটোদ্ভবা রেখাঃ পঙ্‌ক্তীভূতাশ্চ যত্র বৈ।
শালগ্রামশিলা যা সা বিষ্ণুপঞ্জরসংজ্ঞিতা ॥ ৩৫৭ ॥

অনুবাদ—আরও ঐ পদ্মপুরাণেই কার্ত্তিক-মাহাত্ম্যে—যে শালগ্রামশিলায় বজ্রকীটোৎপন্ন কতিপয় রেখা পঙ্‌ক্তি সারিবদ্ধভাবে বিদ্যমান, তিনি বিষ্ণুপঞ্জর নামে অভিহিত ॥ ৩৫৭ ॥

টীকা—শুষিরং মুখচ্ছিদ্রং যৎ তদ্দীর্ঘাকারং ভবেৎ ছিদ্রবহুলঞ্চ অবান্তরবহুচ্ছিদ্রযুক্তমিত্যর্থঃ। নাভিচক্রং চক্রস্য নাভির্মধ্যভাগ ইত্যর্থঃ। তারং প্রণবরূপম্, উর্দ্ধমুখত্বাৎ মাহাত্ম্যাদ্বা; যদ্বা, তারয়-তীতি তথা তম্; 'উপর্য্যধশ্চ চক্রে দ্বে' ইত্যেবং তত্রৈব পূর্ব্বকথিতৈর্দামোদরলক্ষণৈর্যুক্তম্ বারাহং বিজানীয়া-দিতি পূর্ব্বক্রিয়য়ৈব সম্বন্ধঃ। এবমগ্রেঽপি ক্বচিৎ। সা বজ্রকীটোদ্ভবা রেখাময়ী পঙ্‌ক্তিঃশ্চক্রাকারেণ বিশিষ্টা যত্র ভবেৎ, তৎ দূর্ব্বাভং দ্বারি সঙ্কীর্ণং চ বীজানীয়াৎ; শালগ্রামসমুদ্ভবং লিঙ্গং চিহ্নং চক্র-মিত্যর্থঃ। শিখরে যস্যোপরি দৃশ্যতে, হিরণ্যাখ্যং হিরণ্যগর্ভাখ্যং বিনির্দ্দিশেৎ; পাঠান্তরং সুগমম্; যত্র যস্যাং; সা শালগ্রামশিলা ॥ ৩২৫-৩৫৭ ॥

নাগবৎকুণ্ডলীভূতরেখাপঙ্‌ক্তিঃ স শেষকঃ।
পদ্মাকারে চ পঙ্‌ক্তী দ্বে মধ্যে লম্বা চ রেখিকা।
গরুড়ঃ স তু বিজ্ঞেয়শ্চতুশ্চক্রো জনার্দ্দনঃ ॥ ৩৫৮ ॥

অনুবাদ—যে শিলায় সর্পের মত কুণ্ডলাকার রেখা পঙ্‌ক্তি বিরাজমান তাঁহার নাম শেষ। যাঁহার পদ্মা-কার দুই রেখাশ্রেণী এবং মধ্যভাগে এক লম্বরেখা, তিনি গরুড়। যাঁহাতে চক্রচতুষ্টয় বিদ্যমান তিনি জনার্দ্দন ॥ ৩৫৮ ॥

চতুশ্চক্রঃ সূক্ষ্মদ্বারো বনমালাঙ্কিতোদরঃ।
লক্ষ্মীনারায়ণঃ শ্রীমান্ ভুক্তিমুক্তিফলপ্রদঃ ॥ ৩৫৯ ॥

অনুবাদ—যে শিলায় চারিচক্র বিশিষ্ট ও মুখদ্বার সংকীর্ণ এবং মধ্যভাগ বনমালায় শোভিত, তাঁহার নাম শ্রীমান্ লক্ষ্মীনারায়ণ। তিনি ভুক্তি ও মুক্তি প্রদান করেন ॥ ৩৫৯ ॥

টীকা—এবং নামভেদেন বাসুদেবাদ্যা লক্ষ্মী-নারায়ণান্তাঃ পঞ্চত্রিংশদ্ভেদাঃ। তত্রাপি কেষাঞ্চি-ল্লক্ষণভেদেন প্রত্যেকং বহুধা ভেদো জ্ঞেয়ঃ ॥ ৩৫৮-৩৫৯ ॥

এতল্লক্ষণযুক্তাস্তু শালগ্রামশিলাঃ শুভাঃ।
যাশ্চ তাস্বপি সূক্ষ্মাঃ স্যুস্তাঃ প্রশস্ততরাঃ স্মৃতাঃ ॥

অনুবাদ—যে সকল শালগ্রামশিলায় উল্লিখিত লক্ষণ সমূহ বিরাজিত, সেই সকল শুভকর, তন্মধ্যে আবার যে সকল ক্ষুদ্রাকৃতি সেই সকল অধিক শুভ-কর ॥ ৩৬০ ॥

টীকা—শুভাঃ প্রশস্তাঃ স্যুঃ ॥ ৩৬০ ॥

তথা চ শ্রীভগবদ্ব্রহ্মসংবাদে তত্রৈব—

যথা যথা শিলা সূক্ষ্মা মহৎ পুণ্যং তথা তথা।
তস্মাত্তাং পূজয়েন্নিত্যং ধর্ম্মকামার্থসিদ্ধয়ে ॥ ৩৬১ ॥

অনুবাদ—ঐ পুরাণেই ভগবান-ব্রহ্ম-সংবাদে—শিলা যত ক্ষুদ্রাকারের ততই শুভ। সুতরাং ধর্ম্ম, অর্থ, কামলাভের উদ্দেশ্যে সেই শিলার পূজা করিবে ॥ ৩৬১ ॥

তত্রাপ্যামলকীতুল্যা সূক্ষ্মা চাতীব যা ভবেৎ।
তস্যামেব সদা ব্রহ্মন্ শ্রিয়া সহ বসাম্যহম্ ॥৩৬২॥

অনুবাদ—শ্রীভগবান ব্রহ্মাকে বলিতেছেন—উক্ত শিলাসকলের মধ্যে যে শিলার পরিমাণ আমলকীর মত অতিক্ষুদ্র, প্রিয়া লক্ষ্মীর সহিত আমি সর্ব্বদা সেই শিলায় বাস করি ॥ ৩৬২ ॥

অথ শ্রীশালগ্রামশিলামাহাত্ম্যম্

শালগ্রামশিলাস্পর্শাৎ কোটিজন্মাঘনাশনম্।
কিং পুনর্যজনং তত্র হরিসান্নিধ্যকারকম্ ॥ ৩৬৩ ॥

অনুবাদ—শালগ্রামশিলা স্পর্শে কোটি জন্মের পাপ ধ্বংস হয়। তাঁহার পূজার কথা আর কি বলিব? উঁহার পূজনে শ্রীহরি সান্নিধ্য লাভ হয় ॥৩৬৩

পাদ্মে মাঘমাহাত্ম্যে তত্রৈব—

যঃ পূজয়েদ্ধরিং চক্রে শালগ্রামশিলোদ্ভবে।
রাজসূয়সহস্রেণ তেনেষ্টং প্রতিবাসরম্ ॥ ৩৬৪ ॥

অনুবাদ—পদ্মপুরাণে মাঘমাহাত্ম্য-প্রসঙ্গে ভগবান ব্রহ্মাকে বলিতেছেন—হে ব্রহ্মন্—যিনি শালগ্রাম শিলাচক্রে শ্রীহরির পূজা করেন, তাঁহার প্রত্যহ সহস্র রাজসূয় যজ্ঞ করা হয় ॥ ৩৬৪ ॥

যদামনন্তি বেদান্তা ব্রহ্ম নির্গুণমচ্যুতম্।
তৎপ্রসাদো ভবেন্নৃণাং শালগ্রামশিলার্চ্চনাৎ ॥৩৬৫॥

অনুবাদ—বেদান্তশাস্ত্র যাঁহাকে নির্গুণ অচ্যুত-ব্রহ্ম বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন, শালগ্রামশিলার পূজায় মানবগণের প্রতি তাঁহার অনুগ্রহ হয় ॥৩৬৫॥

মহাকাষ্ঠস্থিতো বহ্নির্মথ্যমানঃ প্রকাশতে।
যথা তথা হরির্ব্যাপী শালগ্রামে প্রকাশতে ॥ ৩৬৬ ॥

অনুবাদ—মহাকাষ্ঠস্থিত অগ্নি যেমন মথিত হইলে প্রকাশ পায়, তদ্রূপ শ্রীহরি ব্যাপ্ত ভাবে শালগ্রাম শিলায় প্রকাশ পান ॥ ৩৬৬ ॥

অপি পাপসমাচারাঃ কর্ম্মণ্যনধিকারিণঃ।
শালগ্রামার্চ্চকা বৈশ্য নৈব যান্তি যমালয়ম্ ॥৩৬৭॥

অনুবাদ—হে বৈশ্য! পাপাচারে লিপ্ত অনধিকারী জনগণও শালগ্রাম পূজা করিলে যমালয়ে যাইতে হয় না ॥ ৩৬৭ ॥

ন তথা রমতে লক্ষ্ম্যাং ন তথা নিজমন্দিরে।
শালগ্রামশিলাচক্রে যথা স রমতে সদা ॥ ৩৬৮ ॥
অগ্নিহোত্রং হুতং তেন দত্তা পৃথ্বী সসাগরা।
যেনার্চ্চিতো হরিশ্চক্রে শালগ্রামশিলোদ্ভবে ॥৩৬৯॥

অনুবাদ—শালগ্রামশিলায় নারায়ণ যেরূপ সন্তোষ লাভ করেন, লক্ষ্মীতে বা নিজ মন্দিরে সেইরূপ সন্তোষ লাভ করেন না। যিনি শালগ্রামশিলোৎপন্ন চক্রে শ্রীহরির আরাধনা করেন, তাঁহার অগ্নিহোত্র যজ্ঞ ও সসাগরা পৃথিবী দানের ফল লাভ হয় ॥৩৬৮-৩৬৯॥

কামৈঃ ক্রোধৈঃ প্রলোভৈশ্চ ব্যাপ্তো যোঽত্র নরাধমঃ।
সোঽপি যাতি হরের্ল্লোকং শালগ্রামশিলার্চ্চনাৎ ॥৩৭০
যঃ পূজয়তি গোবিন্দং শালগ্রামে সদা নরঃ।
আহূতসংপ্লবং যাবৎ ন স প্রচ্যবতে দিবঃ ॥ ৩৭১ ॥

অনুবাদ—এই সংসারে যে নরাধম কাম, ক্রোধ ও লোভের বশীভূত, তাহারও শালগ্রামশিলা-পূজা-প্রভাবে শ্রীহরির লোকে গমন হয়।

সতত শালগ্রামে গোবিন্দপূজক যে পর্য্যন্ত সর্ব্ব-ভূতের প্রলয় না হয়, সে পর্য্যন্ত দেবলোকে অবস্থান করেন ॥ ৩৭০-৩৭১ ॥

টীকা—আহূতঃ কালগত্যা জীবকর্ম্মভির্বা আকারিত ইব যঃ সংপ্লবঃ প্রলয়ঃ; যদ্বা, যজ্ঞভাগার্থং মন্ত্রৈরাহূতা যে দেবাদয়স্তেষাং সংপ্লবো নাম নাশঃ, তৎপর্য্যন্তম্; যদ্বা, ভকারস্থানে হকারঃ ছান্দসঃ, সর্ব্বভূতসংপ্লবপর্য্যন্তমিত্যর্থঃ। দিবঃ উর্দ্ধলোকাৎ বৈকুণ্ঠলক্ষণাৎ, ক্রমগত্যপেক্ষয়া স্বর্গাদেব বা ॥ ৩৭১॥

বিনা তীর্থৈর্ব্বিনা দানৈর্ব্বিনা যজ্ঞৈর্ব্বিনা মতিম্।
মুক্তিং যাতি নরো বৈশ্য শালগ্রামশিলার্চ্চনাৎ ॥৩৭২
নরকং গর্ভবাসঞ্চ তির্য্যক্ত্বং কৃমিযোনিতাম্।
ন যাতি বৈশ্য পাপোঽপি শালগ্রামেঽচ্যুতার্চ্চকঃ ॥৩৭৩
দীক্ষাবিধানমন্ত্রজ্ঞশ্চক্রে যো বলিমাহরেৎ।
স যাতি বৈষ্ণবং ধাম সত্যং সত্যং ময়োদিতম্ ॥৩৭৪

অনুবাদ—হে বৈশ্য! তীর্থসেবা, দান, যজ্ঞ এবং জ্ঞানার্জ্জন ব্যতীত কেবল শালগ্রামশিলা পূজাদ্বারাই মানব সম্প্রদায় মুক্তিলাভের অধিকারী হয়। পাপী ব্যক্তিও শালগ্রামে অচ্যুত ভগবানকে পূজা করিলে নরক, গর্ভবাস, পশুযোনি ও কৃমিযোনি-গ্রহণ হইতে বিমুক্ত হয়। দীক্ষা বিধান অনুসারে মন্ত্র প্রাপ্ত ব্যক্তি শালগ্রাম চক্রে উপহার সমর্পণ করিলে বিষ্ণুলোক প্রাপ্ত হইবে ইহা আমি পুনঃ পুনঃ ত্রিসত্য করিয়া বলিতেছি ॥ ৩৭২-৩৭৪ ॥

টীকা—মতিং জ্ঞানম্ ॥ ৩৭২ ॥

টীকা—হে বৈশ্য ! জাত্যা কর্ম্মণা চ সর্ব্বথা পাপোঽপি ॥ ৩৭৩ ॥

টীকা—বলিং পূজাম্ উপহারং বা, ধাম গৃহং শ্রীবৈকুণ্ঠলোকমিত্যর্থঃ ॥ ৩৭৪ ॥

নৈবেদ্যৈর্বিবিধৈঃ পুষ্পৈর্ধূপৈর্দীপৈর্বিলেপনৈঃ ।
গীতবাদিত্রস্তোত্রাদ্যৈঃ শালগ্রামশিলার্চ্চনম্ ॥ ৩৭৫ ॥
কুরুতে মানবো যস্তু কলৌ ভক্তিপরায়ণঃ ।
কল্পকোটিসহস্রাণি রমতে সন্নিধৌ হরেঃ ॥ ৩৭৬ ॥
লিঙ্গৈস্তু কোটিভির্দৃষ্টৈর্যৎ ফলং পূজিতৈস্তু তৈঃ ।
শালগ্রামশিলায়াস্তু একেনাপীহ তৎ ফলম্ ॥ ৩৭৭ ॥

অনুবাদ—কলিযুগে যে ব্যক্তি ভক্তিপরায়ণ হইয়া বিবিধ নৈবেদ্য পুষ্প, ধূপ, দীপ, বিলেপন এবং গীত-বাদ্য ও স্তোত্র প্রভৃতি দ্বারা শ্রীশালগ্রামের পূজা করেন, তিনি-সহস্র-কোটি কল্পকাল বিষ্ণুর নিকটে বাস করিয়া আনন্দ উপভোগ করেন। একমাত্র শালগ্রাম শিলাতে পূজা করিলেই কোটি শিবলিঙ্গ দর্শন বা পূজা ফল সদৃশ সমুদায় ফল লাভ হয় ॥ ৩৭৫-৩৭৭ ॥

শালগ্রামশিলারূপী যত্র তিষ্ঠতি কেশবঃ ।
তত্র দেবাসুরা যক্ষা ভুবনানি চতুর্দ্দশ ॥ ৩৭৮ ॥

অনুবাদ—যে স্থানে শালগ্রামশিলারূপী কেশব থাকেন, দেবতা, অসুর যক্ষ ও চতুর্দ্দশভুবন সেখানে অবস্থান করে ॥ ৩৭৮ ॥

শালগ্রামশিলায়াস্তু যঃ শ্রাদ্ধং কুরুতে নরঃ ।
পিতরস্তস্য তিষ্ঠন্তি তৃপ্তাঃ কল্পশতং দিবি ॥ ৩৭৯ ॥

অনুবাদ—যে মনুষ্যশালগ্রামশিলায় শ্রাদ্ধ করেন, তাঁহার পিতৃপুরুষগণ পরিতৃপ্ত হইয়া শতকল্পকাল দেবলোকে অবস্থান করেন ॥ ৩৭৯ ॥

শালগ্রামশিলা যত্র তত্তীর্থং যোজনত্রয়ম্ ।
তত্র দানং জপো হোমঃ সর্ব্বং কোটিগুণং ভবেৎ ॥

অনুবাদ—যেস্থানে শালগ্রামশিলা বিদ্যমান থাকেন, তিনযোজন পর্য্যন্ত সেই স্থান তীর্থরূপে পরিগণিত হয়। সেখানে দান, জপ, হোম প্রভৃতি যাহা কিছু করা যায় সমস্তই কোটীগুণ হয় ॥ ৩৮০ ॥

শালগ্রামসমীপে তু ক্রোশমাত্রং সমন্ততঃ ।
কীকটোঽপি মৃতো যাতি বৈকুণ্ঠভুবনং নরঃ ॥৩৮১

অনুবাদ—শালগ্রামশিলার চতুর্দ্দিকে এক ক্রোশের মধ্যে দেহত্যাগ করিলে কীকটদেশোদ্ভব অধম মনুষ্যও বৈকুণ্ঠধাম প্রাপ্ত হয় ॥ ৩৮১ ॥

টীকা—নর হে বৈশ্য, নর ইতি প্রথমান্তপাঠো বা; কীকটোঽপীতি কীকটদেশোদ্ভবঃ—অধমোঽপীত্যর্থঃ ॥ ৩৮১ ॥

শালগ্রামশিলাচক্রং যো দদ্যাদ্দানমুত্তমম্ ।
ভূচক্রং তেন দত্তং স্যাৎ সশৈলবনকাননম্ ॥ ৩৮২ ॥

অনুবাদ—উৎকৃষ্ট শালগ্রামশিলাচক্র দানকারী ব্যক্তি পর্ব্বত, বন, কানন শোভিত ভূমণ্ডল দানের ফল লাভ করেন ॥ ৩৮২ ॥

স্কান্দে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীশিবস্কন্দসংবাদে—

শালগ্রামশিলায়াস্তু ত্রৈলোক্যং সচরাচরম্ ।
ময়া সহ মহাসেন লীনং তিষ্ঠতি সর্ব্বদা ॥ ৩৮৩ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে কার্ত্তিক-মাহাত্ম্যে শ্রীশিব-কার্ত্তিকেয়-সংবাদে বলা হইয়াছে—হে কার্ত্তিকেয় ! আমার সহিত চরাচর ত্রৈলোক্য শালগ্রামশিলায় সর্ব্বদা অবস্থিত ॥ ৩৮৩ ॥

টীকা—মহাসেন হে কার্ত্তিকেয় ॥ ৩৮৩ ॥

দৃষ্টা প্রণমিতা যেন স্নাপিতা পূজিতা তথা ।
যজ্ঞকোটিসমং পুণ্যং গবাং কোটিফলং ভবেৎ ॥৩৮৪

অনুবাদ—শালগ্রামশিলাকে দর্শন, নমস্কার, স্নপন ও পূজাকারী ব্যক্তি কোটি যজ্ঞ ও কোটি গোদানের ফলভাগী হইয়া থাকেন ॥ ৩৮৪ ॥

কামাসক্তোঽপি যো নিত্যং ভক্তিভাব-বিবর্জ্জিতঃ।
শালগ্রামশিলাং বিপ্রঃ সংপূজ্যেবাচ্যুতো ভবেৎ ॥৩৮৫

অনুবাদ—হে বিপ্র! নিত্য শালগ্রামশিলা পূজা করিলে ভক্তিভাবহীন সকাম ব্যক্তিও বিষ্ণু-সারূপ্য প্রাপ্ত হন ॥ ৩৮৫ ॥

টীকা—ভক্তির্বিশ্বাসলক্ষণা, ভাবঃ প্রেমা, তাভ্যাং বিবর্জ্জিতোঽপি ; অচ্যুত ইব ভবেৎ সারূপ্যপ্রাপ্ত্যা ॥ ৩৮৫ ॥

শালগ্রামশিলাবিম্বং হত্যাকোটিবিনাশনম্।
স্মৃতং সংকীর্ত্তিতং ধ্যাতং পূজিতঞ্চ নমস্কৃতম্ ॥৩৮৬

অনুবাদ—শালগ্রামশিলাকে স্মরণ, কীর্ত্তন, ধ্যান, পূজা ও প্রণাম করিলে কোটিহত্যাজনিত পাপ দূরীভূত হয় ॥ ৩৮৬ ॥

শালগ্রামশিলাং দৃষ্ট্বা যান্তি পাপান্যনেকশঃ।
সিংহং দৃষ্ট্বা যথা যান্তি বনে মৃগগণা ভয়াৎ ॥৩৮৭
নমস্করোতি মনুজং শালগ্রামশিলার্চ্চনে।
পাপানি বিলয়ং যান্তি তমঃ সূর্য্যোদয়ে যথা ॥৩৮৮

অনুবাদ—অরণ্য মধ্যে সিংহ দেখিয়া মৃগাদি অরণ্যবাসী যেমন ভয়ে পলায়ন করে, সেইরূপ শাল-গ্রামশিলা দর্শন করিলে বহুবিধ পাতক নষ্ট হয়। শালগ্রামশিলা অর্চ্চন করিয়া প্রণাম করিলে সূর্য্যোদয়ে তিমির-নাশের ন্যায় প্রণাম কারীর সমস্ত পাপ বিনষ্ট হয় ॥ ৩৮৭-৩৮৮ ॥

টীকা—যান্তি অপযান্তি ॥ ৩৮৮ ॥

কামাসক্তোঽথবা ক্রুদ্ধঃ শালগ্রামশিলার্চ্চনম্।
ভক্ত্যা বা যদি বাঽভক্ত্যা কৃত্বা মুক্তিমবাপ্নুয়াৎ ।৩৮৯
বৈবস্বতং ভয়ং নাস্তি তথা মরণজন্মনোঃ।
যঃ কথাং কুরুতে বিষ্ণোঃ শালগ্রামশিলাগ্রতঃ ॥৩৯০
গীতৈর্বাদ্যৈস্তথা স্তোত্রৈঃ শালগ্রামশিলার্চ্চনম্।
কুরুতে মানবো যস্তু কলৌ ভক্তিপরায়ণঃ।
কল্পকোটিসহস্রাণি রমতে বিষ্ণুসদ্মনি ॥ ৩৯১ ॥

অনুবাদ—কামাসক্ত বা ক্রোধাসক্ত ব্যক্তি ভক্তি-ভাবে অথবা ভক্তিহীনভাবেও শালগ্রামশিলার্চ্চন করিলে মুক্তি প্রাপ্ত হয়। যে ব্যক্তি শালগ্রামশিলার সম্মুখে হরি কথা বলেন, তাঁহার যমভয় এবং জন্ম ও মৃত্যু ভয় থাকে না। কলিযুগে যিনি ভক্তিপরায়ণ হইয়া গীত, বাদ্য ও স্তোত্রপাঠ সহকারে শালগ্রাম অর্চ্চনা করেন, তিনি সহস্র-কোটি-কল্পকাল বিষ্ণুধামে সানন্দে বাস করেন ॥ ৩৮৯-৩৯১ ॥

টীকা—মরণজন্মনোঃ, তাভ্যামপি ভয়ং নাস্তি ॥ ৩৯০ ॥

শালগ্রাম-নমস্কারেঽভাবেনাপি নরৈঃ কৃতে।
ভয়ং নৈব করিষ্যন্তি মদ্ভক্তা যে নরা ভুবি ॥৩৯২॥

অনুবাদ—শ্রীশিব বলিতেছেন—পৃথিবীতে যে সকল মনুষ্য আমার ভক্ত, তাহারা যদি ভাবহীন হইয়াও শালগ্রামকে প্রণাম করে, তাহা হইলে তাহাদিগের ভয় উপস্থিত হয় না ॥ ৩৯২ ॥

তাৎপর্য্য—যাহারা আমার ভক্ত অর্থাৎ যাহারা শ্রীকৃষ্ণকে ও আমাকে ভিন্ন বোধে কেবল আমারই উপাসনা করে, এই ভেদজ্ঞান জন্য তাহাদিগের অপ-রাধ হয়। অতএব তাহাদিগের সেই অপরাধ জনিত ভয়ের আশঙ্কা আছে। কিন্তু শালগ্রামশিলা নমস্কার করিলে তাহাদিগের সেই অপরাধ বিদূরিত হয়। সুতরাং আর দণ্ডভয় থাকে না। অথবা যে সকল ব্যক্তি ভক্ত অর্থাৎ শ্রীকৃষ্ণভক্ত তাহারা যদি অভক্তি-ভাবেও নমস্কার করে, তাহা হইলে সংহার-কর্ত্তারূপী আমা হইতেও তাহাদিগের ভয় থাকে না।

টীকা—অভাবেন ভাবরাহিত্যেনাপি, মদ্ভক্ত্যা ইতি পাঠে ময়া সহ কৃষ্ণভেদাপরাধতো ভয়ং নৈব করিষ্যন্তীত্যর্থঃ ; যদ্বা, মৎ মত্তঃ সংহারকাদপি ; ভক্তাঃ কৃষ্ণভক্তাঃ ॥ ৩৯২ ॥

মদ্ভক্তিবলদর্পিষ্ঠা মৎপ্রভুং ন নমন্তি যে।
বাসুদেবং ন তে জ্ঞেয়া মদ্ভক্তাঃ পাপিনো হি তে ॥

অনুবাদ—আমার ভক্ত এই অহঙ্কারে যাহারা আমার প্রভু শ্রীবাসুদেবকে নমস্কার করে না, তাহারা অবশ্যই মহাপাপী এবং আমার ভক্ত নয় জানিবে ॥ ৩৯৩ ॥

শালগ্রামশিলায়ান্তু সদা পুত্র বসাম্যহম্ ।
দত্তং দেবেন তুষ্টেন স্বস্থানং মম ভক্তিতঃ ॥ ৩৯৪ ॥

অনুবাদ—হে বৎস ! আমি নিরন্তর শালগ্রাম-শিলায় বাস করি । প্রভু আমার ভক্তিতে তুষ্ট হইয়া আমাকে নিজ বাসস্থান দান করিয়াছেন ॥ ৩৯৪ ॥

পদ্মকোটিসহস্রৈস্তু পূজিতে ময়ি যৎ ফলম্ ।
তৎ ফলং কোটিগুণিতং শালগ্রামশিলার্চ্চনে ॥৩৯৫॥
পূজিতোঽহং ন তৈর্মর্ত্ত্যৈর্নমিতোঽহং ন তৈর্নরৈঃ ।
ন কৃতং মর্ত্ত্যলোকে যৈঃ শালগ্রামশিলার্চ্চনম্ ॥৩৯৬

অনুবাদ—সহস্র কোটি পদ্মদ্বারা আমার পূজা করিলে যে ফল হয়, শালগ্রামশিলার অর্চ্চনে তদপেক্ষা কোটিগুণ ফল হইয়া থাকে । মর্ত্ত্যলোকে যাহারা শালগ্রামশিলার পূজা করে না, তাহাদিগের পূজা বা নমস্কার আমি গ্রহণ করি না ॥৩৯৫-৩৯৬॥

শালগ্রামশিলাগ্রে তু যঃ করোতি মমার্চ্চনম্ ।
তেনার্চ্চিতোঽহং সততং যুগানামেকসপ্ততিম্ ॥৩৯৭॥

অনুবাদ—শালগ্রামশিলার সম্মুখে যে ব্যক্তি আমাকে পূজা করে, তাহার ৭১ যুগ ব্যাপিয়া সতত আমার পূজা করা হয় ॥ ৩৯৭ ॥

কিমর্চ্চিতৈর্লিঙ্গশতৈর্বিষ্ণুভক্তিবিবর্জ্জিতৈঃ ।
শালগ্রামশিলাবিম্বং নার্চ্চিতং যদি পুত্রক ॥ ৩৯৮ ॥

অনুবাদ—হে বৎস ! যাহারা শালগ্রামশিলার পূজা করে নাই, বিষ্ণুভক্তি হীন তাহাদিগের একশত শিবলিঙ্গপূজনেও কোন ফল হয় না ॥ ৩৯৮ ॥

অনর্হং মম নৈবেদ্যং পত্রং পুষ্পং ফলং জলম্ ।
শালগ্রামশিলালগ্নং সর্ব্বং যাতি পবিত্রতাম্ ॥ ৩৯৯ ॥

অনুবাদ—যে সকল নৈবেদ্য, পত্র, পুষ্প, ফল ও জল আমার গ্রহণের অযোগ্য, শালগ্রামশিলার স্পর্শ পাইলেই সেই সকল বস্তু পবিত্র হয় ॥ ৩৯৯ ॥

যো হি মাহেশ্বরো ভূত্বা বৈষ্ণবং লিঙ্গমুত্তমম্ ।
দ্বেষ্টি বৈ যাতি নরকং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ৪০০ ॥

অনুবাদ—যে ব্যক্তি শিবভক্ত হইয়া শ্রীহরি বিগ্রহের প্রতি দ্বেষ করে, চতুর্দ্দশ ইন্দ্রের অধিকার সময়কাল পর্য্যন্ত সে নরকবাসী হয় ॥ ৪০০ ॥

সকৃদপ্যর্চ্চিতে বিম্বে শালগ্রামশিলোদ্ভবে ।
মুক্তিং প্রযান্তি মনুজা নূনং সাংখ্যেন বর্জ্জিতাঃ ॥৪০১

অনুবাদ—তত্ত্বজ্ঞানরহিত লোকেরাও যদি একবারমাত্র শালগ্রামশিলার পূজা করেন, তবে তাঁহারাও মুক্তিলাভের অধিকারী হন, ইহাতে সন্দেহের অবকাশ নাই ॥ ৪০১ ॥

মল্লিঙ্গৈঃ কোটিভির্দৃষ্টৈর্যৎ ফলং পূজিতৈস্তু তৈঃ ।
শালগ্রামশিলায়ান্তু একেনাপি হি তদ্ভবেৎ ॥ ৪০২ ॥

অনুবাদ—আমার কোটিলিঙ্গ দর্শন ও পূজা করিলে যে ফল হয়, একমাত্র শালগ্রাম শিলাতে সেই ফল হয় ॥ ৪০২ ॥

তস্মাদ্ভক্ত্যা চ মদ্ভক্তৈঃ প্রীত্যর্থে মম পুত্রক ।
কর্ত্তব্যং সততং ভক্ত্যা শালগ্রামশিলার্চ্চনম্ ॥৪০৩॥

অনুবাদ—হে পুত্র ! অতএব আমার ভক্তবৃন্দ আমার সন্তোষের জন্য ভক্তিসহকারে সতত শালগ্রাম শিলার পূজা করিবেন ॥ ৪০৩ ॥

শালগ্রামশিলারূপী যত্র তিষ্ঠতি কেশবঃ ।
তত্র দেবাসুরা যক্ষা ভুবনানি চতুর্দ্দশ ॥ ৪০৪ ॥

অনুবাদ—যে স্থানে শালগ্রামরূপী কেশব বিরাজমান, দেব, অসুর, যক্ষ ও চতুর্দ্দশ ভুবন তথায় অবস্থিত ॥ ৪০৪ ॥

শালগ্রামশিলাগ্রে তু সকৃৎ পিণ্ডেন তর্পিতাঃ ।
ভবন্তি পিতরস্তস্য ন সংখ্যা তত্র বিদ্যতে ॥ ৪০৫ ॥
প্রমাণমস্তি সর্ব্বস্য সুকৃতস্য হি পুত্রক ।
ফলং প্রমাণহীনন্তু শালগ্রামশিলার্চ্চনে ॥ ৪০৬ ॥

অনুবাদ—শালগ্রামশিলার সম্মুখে একবারমাত্র পিণ্ডদ্বারা পিতৃগণের তৃপ্তিবিধান করিলে তাঁহারা যে কতকাল প্রীত থাকেন, তাহার সংখ্যা করা যায় না। সমস্ত পুণ্যেরই পরিমাণ হয়। কিন্তু হে বৎস! শালগ্রামশিলার অর্চ্চন ফলের পরিমাণ করা যায় না ॥ ৪০৫-৪০৬ ॥

টীকা—যেন সকৃদপি তর্পিতাঃ, তস্য পিতরো যাবৎ কালং তর্পিতা ভবন্তি, তস্য সংখ্যা নাস্তীত্যর্থঃ। বাসন্তীতি পাঠে স্বর্গাদাবিতি শেষঃ ॥ ৪০৫ ॥

টীকা—প্রমাণম্ ইয়ত্তা ॥ ৪০৬ ॥

যো দদাতি ফলং বিষ্ণোঃ শালগ্রামসমুদ্ভবম্।
বিপ্রায় বিষ্ণুভক্তায় তেনেষ্টং বহুভির্মখৈঃ ॥ ৪০৭ ॥

অনুবাদ—যিনি বিষ্ণুভক্তিবিশিষ্ট ব্রাহ্মণকে শালগ্রামশিলা দান করেন, তিনি বহু যজ্ঞানুষ্ঠানের ফলভাগী হন ॥ ৪০৭ ॥

মানুষ্যে দুর্ল্লভা লোকে শালগ্রামোদ্ভবা শিলা।
প্রাপ্যতে ন বিনা পুণ্যৈঃ কলিকালে বিশেষতঃ ॥৪০৮

অনুবাদ—মনুষ্যলোকে শালগ্রামশিলা দুর্ল্লভ, বহু পুণ্য ব্যতীত বিশেষতঃ এই কলিকালে তাঁহাকে প্রাপ্ত হওয়া যায় না ॥ ৪০৮ ॥

স ধন্যঃ পুরুষো লোকে সফলং তস্য জীবিতম্।
শালগ্রামশিলা শুদ্ধা গৃহে যস্য চ পূজিতা ॥ ৪০৯ ॥

অনুবাদ—যাঁহার গৃহে পবিত্র শালগ্রামশিলার অর্চ্চনা হয়, এ সংসারে তিনিই ধন্য, তাঁহারই জীবন সফল ॥ ৪০৯ ॥

সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং শালগ্রামশিলার্চ্চনম্।
যঃ কুর্য্যান্মানবো ভক্ত্যা পুষ্পে পুষ্পেঽশ্বমেধভাক্ ॥

অনুবাদ—সংযতেন্দ্রিয় হইয়া ভক্তিভরে পুষ্পদ্বারা শালগ্রামশিলার পূজা করিলে পূজক প্রত্যেক পুষ্পে অশ্বমেধ যজ্ঞের ফল লাভ করেন ॥ ৩১০ ॥

কালে বা যদি বাঽকালে শালগ্রামশিলার্চ্চনম্।
ভক্ত্যা বা যদি বাঽভক্ত্যা যঃ করোতি স পুণ্যভাক্ ॥

অনুবাদ—কালে কিংবা অকালে ভক্তিপূর্ব্বক অথবা অভক্তিপূর্ব্বক শালগ্রাম শিলার অর্চ্চনা করিলে পূজক পুণ্যভাগী হন ॥ ৪১১ ॥

দ্বেষেণাপি চ লোভেন দম্ভেন কপটেন বা।
শালগ্রামোদ্ভবং দেবং দৃষ্ট্বা পাপাৎ প্রমুচ্যতে ॥৪১২॥

অনুবাদ—লোভ, দ্বেষ, দম্ভবশে অথবা কপটতা করিয়া অর্থাৎ যে ভাবেই হোক শালগ্রামোৎপন্ন দেবকে দর্শন করিলে পাপ হইতে পরিত্রাণ হয় ॥ ৪১২ ॥

অশুচির্ব্বা দুরাচারঃ সত্যশৌচবিবর্জ্জিতঃ।
শালগ্রামশিলাং স্পৃষ্ট্বা সদ্য এব শুচির্ভবেৎ ॥৪১৩॥

অনুবাদ—অশুচি বা দুরাচারী অথবা সত্য কিংবা শুদ্ধিহীন ব্যক্তি শালগ্রামশিলা স্পর্শ করিলে তৎক্ষণাৎ পবিত্র হয় ॥ ৪১৩ ॥

তিলপ্রস্থশতং ভক্ত্যা যো দদাতি দিনে দিনে।
তৎ ফলং সমবাপ্নোতি শালগ্রামশিলার্চ্চনে ॥৪১৪॥
পত্রং পুষ্পং ফলং মূলং তোয়ং দূর্ব্বাক্ষতং সুত।
জায়তে মেরুণা তুল্যং শালগ্রামশিলার্পিতম্ ॥৪১৫॥
বিধিহীনোঽপি যঃ কুর্য্যাৎ ক্রিয়ামন্ত্রবিবর্জ্জিতঃ।
চক্রপূজামবাপ্নোতি সম্যক্ শাস্ত্রোদিতং ফলম্ ॥৪১৬

অনুবাদ—ভক্তিপূর্ব্বক প্রত্যহ শতপ্রস্থ তিল দান করিলে যে ফল হয়, শালগ্রামশিলার অর্চ্চনা করিলে সেই ফল প্রাপ্ত হওয়া যায়। হে পুত্র! শালগ্রামশিলায় পত্র, পুষ্প, ফল, মূল, জল, দূর্ব্বা, ও অক্ষত অর্পিত হইলে মেরুতুল্য হয়। বিধিরহিত ক্রিয়াবিহীন ও মন্ত্রবিহীন ব্যক্তিও শালগ্রামশিলা পূজা করিলে শাস্ত্র কথিত ফল সম্যক্ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৪১৪-৪১৬ ॥

টীকা—চক্রং শালগ্রামশিলারূপং, তস্য পূজাং যঃ কুর্য্যাৎ ॥ ৪১৬ ॥

তত্রৈব চান্যত্র---

স্কন্ধে কৃত্বা তু যোঽধ্বানং বহতে শৈলনায়কম্ ।
তেনোঢ়ন্তু ভবেৎ সর্ব্বং ত্রৈলোক্যং সচরাচরম্ ॥৪১৭
ব্রহ্মহত্যাদিকং পাপং যৎকিঞ্চিৎ কুরুতে নরঃ ।
তৎ সর্ব্বং নির্দহত্যাশু শালগ্রামশিলার্চ্চনম্ ॥৪১৮॥
ন পূজনং ন মন্ত্রাশ্চ ন জপো ন চ ভাবনা ।
ন স্তুতির্নোপচারশ্চ শালগ্রামশিলার্চ্চনে ॥ ৪১৯ ॥

অনুবাদ—যিনি শালগ্রামশিলা স্কন্ধে লইয়া পর্য্যটন করেন, তাঁহার চরাচর সমস্ত ত্রৈলোক্য বহন করা হয়। ব্রহ্মহত্যাদি পাপকারী মানব শালগ্রাম শিলার অর্চ্চন করিলে সমুদায় পাপ শীঘ্রই ধ্বংস হইয়া যায়। পূজা, মন্ত্র, জপ, ধ্যান, স্তব বা পূজোপচার শালগ্রামপূজায় এ সকল কিছুরই আবশ্যক হয় না ॥ ৪১৭-৪১৯ ॥

টীকা—অধ্বানং ব্যাপ্য পথীত্যর্থঃ ; শৈলনায়কং শ্রীশালগ্রামশিলামিত্যর্থঃ ॥ ৪১৭ ॥

শালগ্রামশিলা যত্র তত্তীর্থং যোজনত্রয়ম্ ।
তত্র দানঞ্চ হোমশ্চ সর্ব্বং কোটিগুণং ভবেৎ ॥৪২০॥
শালগ্রামশিলায়ান্তু যঃ শ্রাদ্ধং কুরুতে নরঃ ।
পিতরস্তস্য তিষ্ঠন্তি তৃপ্তাঃ কল্পশতং দিবি ॥ ৪২১ ॥
শালগ্রামসমীপে তু ক্রোশমাত্রং সমন্ততঃ ।
কীকটোঽপি মৃতো যাতি বৈকুণ্ঠভুবনং নরঃ ॥৪২২॥

অনুবাদ—শালগ্রাম শিলার অবস্থান ভূমি হইতে তিন যোজন পর্য্যন্ত স্থান তীর্থভূমি। সেখানে দান, হোম সব কিছুই কোটিগুণ ফলপ্রদ হয়। যে ব্যক্তি শালগ্রামশিলাতে শ্রাদ্ধ করেন, তাঁহার পিতৃগণ প্রীত হইয়া শতকল্পাবধি স্বর্গে বাস করেন। শালগ্রামের সমীপে এক ক্রোশের মধ্যে মৃত্যু হইলে কীকটদেশ-জাত মনুষ্যও বৈকুণ্ঠধামে গমন করেন ॥৪২০-৪২২॥

পাদ্মে চ—

শালগ্রামশিলাচক্রং যো দদ্যাদ্দানমুত্তমম্ ।
ভূচক্রং তেন দত্তং স্যাৎ সশৈলবনকাননম্ ॥৪২৩॥

অনুবাদ—যিনি উত্তম শালগ্রামশিলাচক্র দান করেন, তাঁহার গিরি, কানন, বন সহিত ভূমণ্ডল দান করার ফল লাভ হয় ॥ ৪২৩ ॥

গরুড়পুরাণে—

তিষ্ঠন্তি নিত্যং পিতরো মনুষ্যা-
স্তীর্থানি গঙ্গাদিক-পুষ্করাণি ।
যজ্ঞাশ্চ মেধা হ্যপি পুণ্যশৈলা-
শ্চক্রাঙ্কিতা যস্য বসন্তি গেহে ॥ ৪২৪ ॥

অনুবাদ—গরুড়পুরাণে বর্ণিত হইয়াছে—যাঁহার গৃহে চক্রচিহ্নিত পুণ্যশিলা বিরাজ করেন, তাঁহার গৃহে পিতৃগণ, মনুষ্যগণ, গঙ্গাদি পুষ্কর পর্য্যন্ত তীর্থ সকল এবং অশ্বমেধাদি যজ্ঞ-সমূহ নিত্য উপস্থিত থাকেন ॥ ৪২৪ ॥

টীকা—যত্র যস্মিন্ গৃহে চক্রাঙ্কিতাঃ শ্রীশালগ্রাম-শিলাঃ বসন্তি, তত্র পিত্রাদয়ো নিত্যং তিষ্ঠন্তি ; তত্র যজ্ঞাঃ বিবিধপূজাঃ, মেধাঃ হিংসালক্ষণা অশ্বমেধাদয়ঃ যজ্ঞাশ্বেতি পাঠে অশ্বমেধযজ্ঞা ইত্যর্থঃ ; যদ্বা, যজ্ঞেঽ-শ্বানাং মেধা হিংসা, অর্থস্তু স এব ॥ ৪২৪ ॥

পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীযমধূম্রকেশ-সংবাদে—

শালগ্রামশিলায়ান্তু যৈর্নরৈঃ পূজিতো হরিঃ ।
সংশোধ্য তেষাং পাপানি মুক্তয়ে বুদ্ধিদো ভবেৎ ॥৪২৫

অনুবাদ—ঐ পুরাণেই কার্ত্তিক-মাহাত্ম্যে যম-ধূম্রকেশ সংবাদে—শালগ্রাম শিলায় যে সকল মনুষ্য শ্রীহরির অর্চ্চনা করেন, শ্রীহরি তাহাদের নিখিল পাতক ধ্বংস করিয়া মোক্ষপ্রাপ্তিজনক বুদ্ধি প্রদান করেন ॥ ৪২৫ ॥

টীকা—তত্র কার্ত্তিকমাসে, তত্রাপি শ্রীমথুরায়াং বিশেষমাহ—কার্ত্তিক ইতি ॥

কার্ত্তিকে মথুরায়ান্তু সারূপ্যং দিশতে হরিঃ ।
শালগ্রামশিলায়াং বৈ পিতৄনুদ্দিশ্য পূজিতঃ ॥
কৃষ্ণঃ সমুদ্ধরেত্তস্য পিতৄনেতাম্ স্বলোকতাম্ ॥৪২৬

অনুবাদ—কার্ত্তিকমাসে মথুরাতে শালগ্রামে শিলায় অর্চ্চন করিলে শ্রীহরি সারূপ্যমুক্তি দিয়া

থাকেন। পিতৃগণের উদ্দেশ্যে শালগ্রাম শিলায় পূজা করিলে সেই সকল পিতৃকুলকে ভগবান শ্রীহরি নিজ ধামে লইয়া যান ॥ ৪২৬ ॥

বৃহন্নারদীয়ে চ যজ্ঞধ্বজোপাখ্যানান্তে—

শালগ্রামশিলারূপী যত্র তিষ্ঠতি কেশবঃ।
ন বাধন্তেঽসুরাস্তত্র ভূত-বেতালকাদয়ঃ ॥ ৪২৭ ॥
শালগ্রামশিলা যত্র তত্তীর্থং তত্তপোবনম্।
যতঃ সন্নিহিতস্তত্র ভগবান্ মধুসূদনঃ ॥ইতি॥৪২৮॥

অনুবাদ—বৃহৎ নারদীয় পুরাণে যজ্ঞধ্বজো প্যাখ্যানের শেষভাগে লিখিত আছে—যেখানে শালগ্রাম শিলারূপী কেশব বাস করেন, সেস্থানে অসুর, ভূত ও বেতাল প্রভৃতি বিঘ্ন ঘটাইতে পারে না। সেই স্থানই তীর্থ, তপোবনস্বরূপ। কারণ ভগবান মধুসূদন সেই স্থানে সন্নিহিত থাকেন ॥ ৪২৭-৪২৮ ॥

শালগ্রামশিলাস্তাশ্চ যদি দ্বাদশ পূজিতাঃ।
শতং বা পূজিতং ভক্ত্যা তদা স্যাদধিকং ফলম্ ॥৪২৯

অনুবাদ—পূর্ব্বে উক্ত শালগ্রামশিলা সকলের দ্বাদশ সংখ্যক বা একশত সংখ্যক যদি ভক্তিপূর্ব্বক পূজিত হন, তাহা হইলে অধিক ফল দান করেন ॥ ৪২৯ ॥

অথ বাহুল্যে তাসাং ফলবিশেষঃ

পাদ্মে মাঘমাহাত্ম্যে দেবদূত-বিকুণ্ডল-সংবাদে—

শিলা দ্বাদশ ভো বৈশ্য শালগ্রামসমুদ্ভবাঃ।
বিধিবৎ পূজিতা যেন তস্য পুণ্যং বদামি তে ॥৪৩০॥

অনুবাদ—অনন্তর বহুল পরিমাণে পূজা করায় ফলবিশেষ পদ্মপুরাণে মাঘমাহাত্ম্যে দেবদূত-বিকুণ্ডল-সংবাদে—হে বৈশ্য! যিনি নিয়ম পূর্ব্বক দ্বাদশ শালগ্রামের পূজা করিয়াছেন, তাঁহার পুণ্যের কথা তোমাকে বলিতেছি ॥ ৪৩০ ॥

কোটিদ্বাদশলিঙ্গৈস্তু পূজিতৈঃ স্বর্ণপঙ্কজৈঃ।
যৎ স্যাদ্দ্বাদশকল্পেস্তু দিনেনৈকেন তদ্ভবেৎ ॥৪৩১॥
যঃ পুনঃ পূজয়েদ্ভক্ত্যা শালগ্রামশিলাশতম্।
উষিত্বা স হরের্লোকে চক্রবর্ত্তী হি জায়তে ॥ ৪৩২ ॥

অনুবাদ—দ্বাদশকল্পকাল পর্য্যন্ত স্বর্ণপদ্ম দ্বারা দ্বাদশকোটি শিবলিঙ্গ পূজা করিলে যে ফল হয়, একদিন মাত্র শালগ্রাম শিলার পূজা করিলে সেই ফল হইয়া থাকে। আর যিনি ভক্তিপূর্ব্বক একশত শালগ্রামশিলা পূজা করেন তিনি বিষ্ণুলোকে বাসান্তে পৃথিবীতে রাজ চক্রবর্ত্তী রূপে জন্মগ্রহণ করেন ॥ ৪৩১-৪৩২ ॥

টীকা—স্বর্ণপঙ্কজৈঃ কৃত্বা পূজিতৈঃ সদ্ভিঃ পূজিতেভ্যিবত্যর্থঃ যৎ ফলং স্যাৎ, ইহলোকে চক্রবর্ত্তী সন্ জায়তে, শ্রীভগবদ্ভক্তিপ্রচারণার্থমাহাত্ম্যেচ্ছাবিশেষেণেতি জ্ঞেয়ম্ ॥ ৪৩১-৪৩২ ॥

স্কান্দে কার্ত্তিক-মাহাত্ম্যে শ্রীশিবস্কন্দ-সংবাদে—

দ্বাদশৈব শিলা যো বৈ শালগ্রামসমুদ্ভবাঃ।
অর্চ্চয়েদ্বৈষ্ণবো নিত্যং তস্য পুণ্যং বদামি তে ॥৪৩৩
কোটিলিঙ্গসহস্রৈস্তু পূজিতৈর্জাহ্নবীতটে।
কাশীবাসে যুগান্যষ্টৌ দিনেনৈকেন তদ্ভবেৎ ॥৪৩৪॥
কিং পুনর্বহবো যস্তু পূজয়েদ্বৈষ্ণবো নরঃ।
ন হি ব্রহ্মাদয়ো দেবাঃ সংখ্যাঃ কুর্ব্বন্তি পুণ্যতঃ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে কার্ত্তিক-মাহাত্ম্যে শ্রীশিব-কার্ত্তিকেয়-সংবাদে বলা হইয়াছে—যে বৈষ্ণব দ্বাদশটি মাত্র শালগ্রামশিলার পূজা করেন, আমি তাঁহার পুণ্যের কথা তোমাকে বলিতেছি শোন। গঙ্গাতীরে সহস্রকোটি শিবলিঙ্গ পূজনে এবং অষ্টযুগ কাশীবাসে যে ফল হয়, একদিন মাত্র বিধানমতশালগ্রাম পূজায় সেই ফল হইয়া থাকে। যে বৈষ্ণব দ্বাদশমূর্ত্তির বেশী শালগ্রামশিলার পূজা করিয়া থাকেন, তাঁহার কথা আর কি বলিব? ব্রহ্মা আদি দেববৃন্দ তাঁহার পুণ্যের সংখ্যা করিতে পারেন না ॥ ৪৩৩-৪৩৫ ॥

টীকা—জাহ্নবীতটে কোটিলিঙ্গসহস্রৈঃ পূজিতৈর্যৎ ফলং, যুগান্যষ্টৌ ব্যাপ্য কাশীবাসে যৎ ফলং তৎ ॥ ৪৩৪ ॥

টীকা—বহবঃ বহ্বীঃ; সুবহুরিতি কৃচিৎ পাঠঃ। পুণ্যতঃ পুণ্যে বিষয়ে সংখ্যাং ন কুর্ব্বন্তি, কর্ত্তুং ন শক্নুবন্তীত্যর্থঃ; যদ্বা, পুণ্যতো হেতোঃ সংখ্যাং ন কুর্ব্বন্তি,

অসংখ্যেয়স্য সংখ্যা-করণাপরাধেন পুণ্যক্ষয়াপত্তেরিত্যর্থঃ ॥ ৪৩৫ ॥

অথ তৎক্রয়বিক্রয়নিষেধঃ

তত্রৈব—

শালগ্রামশিলায়াং যো মূল্যমুদ্ঘাটয়েন্নরঃ ।
বিক্রেতা চানুমন্তা চ যঃ পরীক্ষামুদীরয়েৎ ॥ ৪৩৬ ॥
সর্ব্বে তে নরকং যান্তি যাবদাহূতসংপ্লবম্ ।
অতঃ সংবর্জ্জয়েদ্বিপ্র চক্রস্য ক্রয়বিক্রয়ম্ ॥ ৪৩৭ ॥

অনুবাদ—অতঃপর শালগ্রাম শিলার ক্রয়-বিক্রয় নিষেধ, স্কন্দপুরাণে বলা হইয়াছে—যে ব্যক্তি শালগ্রাম শিলার মূল্য উদ্ঘাটন (নির্দ্ধারণ) করে, যে বিক্রয় করে, যে মূল্যকরণে অনুমোদন করে এবং যে গুণ-দোষ পরীক্ষা করে, তাহারা সকলেই মহাপ্রলয় পর্য্যন্ত নরকবাসী হয়। অতএব হে বিপ্র! শালগ্রামচক্র ক্রয় বা বিক্রয় করিবে না ॥ ৪৩৬-৪৩৭ ॥

টীকা—যশ্চ অনুমন্তা, মূল্যে সম্মতিকর্ত্তা, যশ্চ তৎ পরীক্ষ্য গুণদোষাদিকং বিচার্য্য তন্মূল্যমনুমোদয়েৎ ; পাঠান্তরে মূল্যার্থং পরীক্ষা ক্রিয়তামিত্যুচ্চারয়েদপি যঃ ; যদ্বা, বিচারেণ গুণদোষাদিকমপি বদেদিত্যর্থঃ ॥ ৪৩৬ ॥

অথ প্রতিষ্ঠানিষেধঃ

তত্রৈব—

শালগ্রামশিলায়াস্তু প্রতিষ্ঠা নৈব বিদ্যতে ।
মহাপূজান্তু কৃত্বাদৌ পূজয়েত্তাং ততো বুধঃ ॥ ইতি ॥

অনুবাদ—ঐ পুরাণেই কথিত হইয়াছে—শালগ্রামশিলার প্রতিষ্ঠা নিষেধ। বিদ্বানব্যক্তি সর্ব্বাগ্রে মহাপূজা করিয়া পরে ঐ শিলাই পূজা করিবেন ॥ ৪৩৮ ॥

অতোঽধিষ্ঠানবর্গেষু সূর্য্যাদিষ্বিব মূর্ত্তিষু ।
শালগ্রামশিলৈব স্যাদধিষ্ঠানোত্তমং হরেঃ ॥ ৪৩৯ ॥

অনুবাদ—অতএব সূর্য্যাদি অধিষ্ঠান সকলের এবং প্রতিমূর্ত্তি সমূহের মধ্যে শালগ্রাম শিলাই শ্রীহরির উৎকৃষ্ট অধিষ্ঠান হইল ॥ ৪৩৯ ॥

টীকা—মূর্ত্তিষু প্রতিকৃতিষ্বপি ॥ ৪৩৯ ॥

অথ সর্ব্বাধিষ্ঠানশ্রৈষ্ঠ্যম্

পাদ্মে তত্রৈব—

হৃদি সূর্য্যে জলে বাথঽপ্রতিমা-স্থণ্ডিলেষু চ ।
সমভ্যর্চ্চ্য হরিং যান্তি নরাস্তে বৈষ্ণবং পদম্ ॥৪৪০॥
অথবা সর্ব্বদা পূজ্যো বাসুদেবো মুমুক্ষুভিঃ ।
শালগ্রামশিলাচক্রে বজ্রকীটবিনির্ম্মিতে ॥ ৪৪১ ॥
অধিষ্ঠানং হি তদ্ বিষ্ণোঃ সর্ব্বপাপপ্রণাশনম্ ।
সর্ব্বপুণ্যপ্রদং বৈশ্য সর্ব্বেষামপি মুক্তিদম্ ॥ ৪৪২ ॥

অনুবাদ—অনন্তর সকল অধিষ্ঠান অপেক্ষা শালগ্রামের প্রাধান্য পদ্মপুরাণে মাঘমাহাত্ম্যে বর্ণিত হইয়াছে—মনুষ্যগণ হৃদয়ে, সূর্য্যে, জলে, প্রতিমায় কিংবা স্থণ্ডিলে শ্রীহরির পূজা করিয়া বিষ্ণুধাম প্রাপ্ত হন। অথবা ঐ সকলে পূজা করিয়া যদি পরিতৃপ্ত না হয়, তাহা হইলে মুমুক্ষু ব্যক্তিগণ বজ্রকীটনির্ম্মিত শালগ্রাম শিলাচক্রে বাসুদেবের পূজা করিবেন। হে বৈশ্য! শ্রীবিষ্ণুর এই শালগ্রামরূপ অধিষ্ঠান সকল পাপ নাশ, সকল পুণ্য দান, এবং সকলকেই মুক্তি প্রদান করিয়া থাকেন ॥ ৪৪০-৪৪২ ॥

টীকা—অথবেতি পূর্ব্বাপরিতোষে ; সর্ব্বদা পূজ্যত্বে হেতুঃ—অধিষ্ঠানং হীতি ॥ ৪৪১-৪৪২ ॥

তত্রৈব কার্ত্তিক-মাহাত্ম্যে যমধূম্রকেশসংবাদে—

পূজা চ বিহিতা তস্য প্রতিমায়াং নৃপাত্মজ ।
শৈলী দারুময়ী লৌহী লেপ্যা লেখ্যা চ সৈকতা ।
মনোময়ী মণিময়ী শ্রীমূর্ত্তিরষ্টধা স্মৃতা ॥ ৪৪৩ ॥

অনুবাদ—ঐ পুরাণেই কার্ত্তিক-মাহাত্ম্যে যম-ধূম্রকেশ সংবাদে—হে রাজপুত্র! প্রতিমায় বিষ্ণুর পূজা করিবার বিধান আছে। প্রতিমা আট প্রকার। শিলাময়ী, দারুময়ী, লৌহময়ী, লেপময়ী, লেখময়ী, বালুকাময়ী, মনোময়ী ও মণিময়ী ॥ ৪৪৩ ॥

শালগ্রামশিলায়ান্তু সাক্ষাৎ শ্রীকৃষ্ণসেবনম্ ।
নিত্যং সন্নিহিতস্তত্র বাসুদেবো জগদ্‌গুরুঃ ॥ ৪৪৪ ॥

অনুবাদ—শালগ্রামশিলার অর্চ্চনায় সাক্ষাৎ শ্রীকৃষ্ণের সেবা করা হয়। জগদ্‌গুরু বাসুদেব উহাতে নিত্যই বাস করেন ॥ ৪৪৪ ॥

টীকা—তু-শব্দঃ পূর্ব্বতো বৈশিষ্ট্যে, তদেবাহ—সাক্ষাদিতি ॥ ৪৪৪ ॥

স্কান্দে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীশিবস্কন্দসংবাদে—
সুবর্ণার্চ্চা ন রত্নার্চ্চা ন শিলার্চ্চা সুরোত্তম ।
শালগ্রামশিলায়ান্তু সর্ব্বদা বসতে হরিঃ ॥ ৪৪৫ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে কার্ত্তিক-মাহাত্ম্যে শ্রীশিব-কার্ত্তিকেয় সংবাদে—হে দেবোত্তম ! সুবর্ণপ্রতিমা, রত্ন প্রতিমা ও শিলাপ্রতিমা এ সকলে হরি সর্ব্বদা বাস করেন না, কিন্তু শালগ্রামশিলায় সর্ব্বদা বাস করেন ॥ ৪৪৫ ॥

টীকা—সুবর্ণস্য অর্চ্চা প্রতিমা, তদাদিষু হরিঃ সর্ব্বদা ন বসতীত্যর্থঃ ; যদ্বা, ন হরেঃ প্রিয়েতি শেষঃ ॥ ৪৪৫ ॥

অতএবোক্তম্—
হত্যাং হন্তি যদঙ্ঘ্রিসঙ্গতুলসী স্তেয়ং চ তোয়ং পদে
নৈবেদ্যং বহুমদ্যপানদুরিতং গুর্ব্বঙ্গনাসঙ্গজম্ ।
শ্রীশাধীনমতিঃ স্থিতির্হরিজনৈস্তৎসঙ্গজং কিল্বিষং
শালগ্রামশিলা-নৃসিংহমহিমা কোঽপ্যেষ লোকোত্তরঃ ॥

অনুবাদ—এই জন্যই বলিয়াছেন যে—শালগ্রাম-শিলারূপী নৃসিংহের এক অলৌকিক মহিমা এই যে, তাঁহার শ্রীচরণস্পৃষ্টা তুলসী ব্রহ্মহত্যার পাপ, তাঁহার পাদোদক চৌর্য্য জন্য পাপ এবং তাঁহার নৈবেদ্য বহু মদ্যপানজনিত ও গুরুপত্নীগমন জন্য পাপ নাশ করেন। আর তাঁহাকে স্মরণ ও তাঁহার ভক্ত-দিগের সহিত সঙ্গ করিলে পূর্ব্বোক্ত পাতকদিগের সহিত সঙ্গজনিত পাপ নষ্ট হয় ॥ ৪৪৬ ॥

টীকা—পাদতোয়ং শ্রীচরণোদকং, শ্রীশঃ শাল-গ্রামশিলারূপ এব ভগবান্, তদধীনা মতিঃ তৎস্মরণ-মিত্যর্থঃ। হরিশ্চ শালগ্রামশিলাত্মক এব, তস্য জনৈঃ সেবকৈঃ সহ স্থিতিঃ ॥ ৪৪৬ ॥

শালগ্রামশিলারূপ-ভগবন্মহিমাম্বুধেঃ ।
ঊর্ম্মীন্ গণয়িতুং শক্যঃ শ্রীচৈতন্যাশ্রিতোঽপি কঃ ॥

অনুবাদ—সর্ব্বজ্ঞ হইলেও কোনব্যক্তি শালগ্রাম-শিলার মাহাত্ম্য-রূপ-সমুদ্রের তরঙ্গরাশি গণনা করিতে পারেন না ॥ ৪৪৭ ॥

টীকা—ঊর্ম্মীনিতি সমুদ্রতরঙ্গগণবৎ মাহাত্ম্য পরম্পরা ইত্যর্থঃ। শ্রীযুক্তচৈতন্যং সর্ব্বজ্ঞত্বাদিকং তেনাশ্রিতোঽপি। স্বমতে শ্রীচৈতন্যদেবমাশ্রিতঃ পরম-শক্তিমত্ত্বং প্রাপ্তোঽপীত্যর্থঃ। যথোর্ম্ময়ং কেনাপি ন গণয়িতুং শক্যন্তে, তদ্বৎ অনন্তত্বাদিতি ভাবঃ ॥৪৪৭॥

অথ শালগ্রামশিলাপূজানিত্যতা

পাদ্মে—
শালগ্রামশিলাপূজাং বিনা যোঽশ্নাতি কিঞ্চন ।
স চণ্ডালাদিবিষ্ঠায়ামাকল্পং জায়তে কৃমিঃ ॥ ৪৪৮ ॥

অনুবাদ—অনন্তর শালগ্রামশিলা-পূজায় নিত্যতা সম্বন্ধে পদ্মপুরাণে বলা হইয়াছে—যে ব্যক্তি শালগ্রাম শিলার পূজা না করিয়া কিছু আহার করে, সে কল্প-কাল পর্য্যন্ত চণ্ডাল প্রভৃতির বিষ্ঠায় কৃমিরূপে বাস করে ॥ ৪৪৮ ॥

স্কান্দে চ—
গৌরবাচলশৃঙ্গাগ্রৈর্ভিদ্যতে তস্য বৈ তনুঃ ।
ন মতির্জায়তে যস্য শালগ্রামশিলার্চ্চনে ॥ইতি॥৪৪৯

অনুবাদ—স্কন্দপুরাণেও যথা—যাহার শালগ্রাম-শিলা পূজা করিতে মতি জন্মে না, পর্ব্বতশৃঙ্গের অগ্র-ভাগদ্বারা তাহার শরীর বিদ্ধ হয় ॥ ৪৪৯ ॥

টীকা—গৌরবং গরিমা, তদ্‌যুক্তস্যাচলস্য ; যদ্বা, গৌরবেণ অচলং স্থিরং যচ্ছৃঙ্গম্ অর্থাৎ পর্ব্বত এব তস্যাগ্রৈঃ। পাঠান্তরং সুগমম্। ভিদ্যতে বিদার্য্যতে ; যদ্বা, শৃঙ্গাগ্রেভ্যো নিপাত্য চূর্ণীক্রিয়ত ইত্যর্থঃ ॥৪৪৮-৪৪৯ ॥

এবং শ্রীভগবান্ সর্ব্বৈঃ শালগ্রামশিলাত্মকঃ।
দ্বিজৈঃ স্ত্রীভিশ্চ শূদ্রৈশ্চ পূজ্যো ভগবতঃ পরৈঃ॥৪৫০

অনুবাদ—অতএব যথাবিধানে দীক্ষাগ্রহণ-করিয়া কি দ্বিজ, কি স্ত্রী, কি শূদ্র সকলেই নিরত শালগ্রামশিলারূপ শ্রীভগবানের পূজা করিবেন॥৪৫০॥

টীকা—এবং লিখিত-প্রকারেণ শালগ্রামশিলাত্মকঃ তৎস্বরূপঃ শ্রীভগবানেবেতি তদ্ভজনে সর্ব্বেষামধিকারোঽভিপ্রেতঃ ; তদেবাভিব্যঞ্জয়তি—সর্ব্বৈর্দ্বিজাদিভির্জনৈঃ সম্যক্ পূজ্য ইতি। তত্র দ্বিজৈরিতি ত্রিবর্ণৈর্বিপ্রক্ষত্রিয়বৈশ্যৈরিত্যর্থঃ ননু 'ব্রাহ্মণস্যৈব পূজ্যোঽহং শুচেরপ্যশুচেরপি। স্ত্রী-শূদ্র-কর-সংস্পর্শো বজ্রপাতসমো মম' ইতি। শালগ্রামশিলাপ্রসঙ্গে শ্রীভগবদ্বচনেন স্ত্রী-শূদ্রাণাং তৎপূজা নিষিধ্যতে, তত্র লিখতি ভগবতঃ পরৈরিতি। যথাবিধি দীক্ষাং গৃহীত্বা ভগবৎপূজাপরৈঃ সদ্ভিরিত্যর্থঃ॥ ৪৫০॥

ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বিশাং সচ্ছূদ্রাণামথাপি বা।
শালগ্রামেঽধিকারোঽস্তি ন চান্যেষাং কদাচন॥৪৫১

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীব্রহ্ম-নারদ সংবাদে চাতুর্মাস্যব্রতবিষয়ে শালগ্রামশিলার্চ্চন-প্রসঙ্গে বর্ণিত হইয়াছে—ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য ইঁহারা শালগ্রাম শিলা পূজার অধিকারী। শূদ্র সৎ হইলে তাঁহারও অধিকার আছে, অন্যের কখনও অধিকার নাই অর্থাৎ বিষ্ণুভক্তি হীন ব্রাহ্মণেরও শালগ্রামশিলার অধিকার নাই। কিন্তু হরিভক্তিপরায়ণ শূদ্রেরও তাহাতে অধিকার আছে। (সৎশূদ্র-শব্দে বিষ্ণুভক্তি পরায়ণ শূদ্র)॥ ৪৫১॥

তত্রৈবান্যত্র—

স্ত্রিয়ো বা যদি বা শূদ্রা ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়াদয়ঃ।
পূজয়িত্বা শিলাচক্রং লভন্তে শাশ্বতং পদম্॥ ইতি॥

অনুবাদ—ঐ পুরাণেই অন্যত্র বলা হইয়াছে—স্ত্রী, শূদ্র, ব্রাহ্মণ কিংবা ক্ষত্রিয় যে কেহই হউক শালগ্রাম শিলাচক্র পূজা করিলে নিত্যপদ লাভ করে॥ ৪৫২॥

অতো নিষেধকং যদ্‌যদ্বচনং শ্রূয়তে স্ফুটম্।
অবৈষ্ণবপরং তত্তদ্বিজ্ঞেয়ং তত্ত্বদর্শিভিঃ॥ ৪৫৩॥

যথা—

ব্রাহ্মণস্যৈব পূজ্যোঽহং শুচেরপ্যশুচেরপি।
স্ত্রীশূদ্রকরসংস্পর্শো বজ্রাদপি সুদুঃসহঃ॥ ৪৫৪॥
প্রণবোচ্চারণাচ্চৈব শালগ্রামশিলার্চ্চনাৎ।
ব্রাহ্মণীগমনাচ্চৈব শূদ্রশ্চণ্ডালতামিয়াৎ॥ ৪৫৫॥

অনুবাদ—সুতরাং স্ত্রী শূদ্রাদির শালগ্রাম পূজা করিবার বিষয়ে যে সমস্ত নিষেধবচন স্পষ্টরূপে শ্রবণ করা যায় তত্ত্বদর্শিগণ বলিয়াছেন—যাঁহারা বিষ্ণুভক্তিহীন, তাহাদিগের ক্ষেত্রেই ঐ সকল নিষেধ বচন প্রযোজ্য। নিষেধ বচন যথা—শুচিই হউন বা অশুচি হউন ব্রাহ্মণই আমার পূজার অধিকারী। স্ত্রী বা শূদ্রের হস্তস্পর্শ বজ্রাপেক্ষা দুঃসহ। প্রণব উচ্চারণ করিলে, শালগ্রাম শিলার পূজা করিলে কিংবা ব্রাহ্মনী গমন করিলে শূদ্র চণ্ডালত্ব প্রাপ্ত হয়॥ ৪৫৩-৪৫৫॥

টীকা—তদেব শ্রীনারদোক্ত্যা প্রমাণয়তি—ব্রাহ্মণেতি। সতাং বৈষ্ণবানাং শূদ্রাণাং, শালগ্রামে শ্রীশালগ্রামশিলার্চ্চনে ; অন্যেষামসতাং শূদ্রাণাম্ ; অতএব শূদ্রমধিকৃত্যোক্তং বায়ুপুরাণে 'অযাচকঃ' প্রদাতা স্যাৎ কৃষিং বৃত্ত্যর্থমাচরেৎ। পুরাণং শৃণুয়ান্নিত্যং শালগ্রামঞ্চ পূজয়েৎ॥' ইতি। এবং মহাপুরানাণাং বচনৈঃ সহ 'ব্রাহ্মণস্যৈব পূজ্যোঽহম্' ইতি—বচনস্য বিরোধান্মাৎসর্য্যপরৈঃ স্মার্ত্তৈঃ কৈশ্চিৎ কল্পিতমিতি মন্তব্যম্। যদি চ যুক্ত্যা সিদ্ধং সমূলং স্যাত্তর্হি চাবৈষ্ণবৈঃ শূদ্রৈস্তাদৃশীভিশ্চ স্ত্রীভিস্তৎপূজা ন কর্ত্তব্যা, যথাবিধি গৃহীতবিষ্ণুদীক্ষাকৈশ্চ তৈঃ কর্ত্তব্যেতি ব্যবস্থাপনীয়ম্ ; যতঃ শূদ্রেস্বন্ত্যাজেস্বপি মধ্যে যে বৈষ্ণবাস্তে শূদ্রাদয়ো ন কিলোচ্যন্তে ; তথা চ নারদীয়ে—'শ্বপচোঽপি মহীপাল বিষ্ণোর্ভক্তো দ্বিজাধিকঃ' ইতি। ইতিহাস-সমুচ্চয়ে—'শূদ্রং বা ভগবদ্ভক্তং নিষাদং শ্বপচং তথা। বীক্ষতে জাতিসামান্যাৎ স যাতি নরকং ধ্রুবম্॥' ইতি। পাদ্মে চ—'ন শূদ্রা ভগবদ্ভক্তাস্তে তু ভাগবতা নরাঃ। সর্ব্ববর্ণেষু তে শূদ্রা যে ন ভক্তা জনার্দ্দনে॥' ইতি এতদাদিকং চাগ্রে বৈষ্ণবমাহাত্ম্যে বিস্তরেণ ব্যক্তং ভাবি। কিঞ্চ ভগবদ্দীক্ষাপ্রভাবেণ শূদ্রাদীনামপি বিপ্রসাম্যং সিদ্ধমেব ;

তথা চ তত্র 'যথা কাঞ্চনতাং যাতি' ইত্যাদি। এতচ্চ প্রাগ্দীক্ষামাহাত্ম্যে লিখিতমেব অতএব তৃতীয়স্কন্ধে (৩৩।৬) দেবহূতিবাক্যম্—'যন্নামধেয়-শ্রবণানু-কীর্ত্তনাদ্ যৎ প্রহ্বণাদ্ যৎস্মরণাদপি কৃচিৎ। শ্বাদোঽপি সদ্যঃ সবনায় কল্পতে কুতঃ পুনস্তে ভগবন্নু দর্শনাৎ॥' ইতি। সবনায় যজনায় কল্পতে যোগ্যো ভবতীত্যর্থঃ; অতএব বিপ্রৈঃ সহ বৈষ্ণবানামেকত্রৈব গণনা; তথা চ হরিভক্তি-সুধোদয়ে শ্রীভগবদ্ব্রহ্ম-সংবাদে—'তীর্থান্যশ্বত্থতরবো গাবো বিপ্রাস্তথা স্বয়ম্। মদ্ভক্তাশ্চেতি বিজ্ঞেয়াঃ পঞ্চৈতে তনবো মম' ইতি। চতুর্থস্কন্ধে (২১।১২) শ্রীপৃথুমহারাজবর্ণনে—'সর্ব্বাত্রাস্খলিতাদেশঃ সপ্তদ্বীপৈক দণ্ডধৃক্। অন্যত্র ব্রাহ্মণকুলাদন্যত্রাচ্যুতগোত্রতঃ॥' ইতি। অচ্যুতো গোত্রং প্রবর্ত্তকতুল্যং যেষাং বৈষ্ণবানাং তেভ্যোঽন্যত্র চেত্যর্থঃ। তথা তন্মহারাজস্যোক্তৌ। (শ্রীভাঃ ৪। ২১।৩৭)—মা জাতু তেজঃ প্রভবেন্মহর্ধিভিস্তিতিক্ষয়া তপসা বিদ্যয়া চ। দেদীপ্যমানেঽজিতদেবতানাং, কুলে স্বয়ং রাজকুলাদ্দ্বিজানাম্॥' ইতি। অত্র শ্রীস্বামিপাদানাং টীকা—'মহত্যশ্চ তা ঋদ্ধয়শ্চ তাভির্যদ্রাজকুলস্য তেজস্তৎ তস্মাৎ সকাশাদ্দ্বিজানাং বিপ্রাণাং কুলে অজিতো দেবতা পূজ্যো যেষাং বৈষ্ণ-বানাং, তেষাং কুলে মা জাতু প্রভবেৎ, কদাচিদপি প্রভবং ন করোতু। কথম্ভুতে?—সমৃদ্ধিভির্বিনাপি স্বয়মেব তিতিক্ষাদিভির্দেদীপ্যমান ইতি। পুরঞ্জ-নোক্তৌ চ (শ্রীভাঃ ৪।২৬।২৪) 'তস্মিন্ দধে দমহহং তব বীরপত্নি, যোঽন্যত্র ভূসুরকুলাৎ কৃতকিল্বিষস্তে। পশ্যে ন বীতভয়মুন্মুদিতং ত্রিলোক্যা,-মন্যত্র বৈ মুররি-পোরিতরত্র দাসাদিতি। অত্রাপি সৈব টীকা—হে বীরপত্নি, যস্তে কৃতাপরাধঃ তস্মিন্নহং ব্রাহ্মণকুলাদ-ন্যত্র অন্যস্মিন্ মুররিপুদাসাদিতরত্র চ দমং দধে, দণ্ডং করোমীত্যাদি। ঈদৃশানি চ বচনানি শ্রীভাগ-বতাদৌ বহূন্যেব সন্তি। ইত্থং বৈষ্ণবানাং ব্রাহ্মণৈঃ সহ সাম্যমেব সিধ্যতি। কিঞ্চ, 'বিপ্রাদ্দ্বিষড়্গুণ-যুতাৎ' (শ্রীভাঃ ৭।৯।১০) ইত্যাদিবচনৈরবৈষ্ণব-ব্রাহ্মণেভ্যো নীচজাতিজাতানামপি বৈষ্ণবানাং শ্রৈষ্ঠ্যং নির্দ্দিশ্যতেতরাম্। অতএবোক্তং শ্রীভগবতা শ্রীহয়-গ্রীবেণ হয়শীর্ষপঞ্চরাত্রে পুরুষোত্তমপ্রতিষ্ঠান্তে—'মূর্ত্তি-পানান্তু দাতব্যা দেশিকার্দ্ধেন দক্ষিণা। তদর্দ্ধং বৈষ্ণ-বানান্তু তদর্দ্ধং তদ্দ্বিজন্মনাম্' ইতি। অতো যুক্তমেব লিখিতং সর্ব্বৈর্ভগবতঃ পরৈঃ পূজ্য ইতি। তথা চ ব্রহ্মবৈবর্ত্তে প্রিয়ব্রতোপাখ্যানে ধর্ম্মব্যাধস্যাপি শ্রীশাল-গ্রামশিলাপূজনমুক্তম্—'ততঃ স বিস্মিতঃ শ্রুত্বা ধর্ম্ম-ব্যাধস্য তদ্বচঃ। তস্মৌ স চ সমানীয় দর্শয়ামাস তাবুভৌ॥ নির্নিক্তবসনৌ বৃদ্ধাবাসনস্থৌ নিজৌ গুরূ। শালগ্রামশিলাঞ্চৈব তৎসমীপে সুপূজিতাম্॥' ইতি অত্রাচারশ্চ সতাং মধ্যদেশেঽস্মিন্ বিশেষতো দক্ষিণ-দেশে চ মহত্তমানাং শ্রীবৈষ্ণবানাং প্রমাণমিতি দিক্। এবং শ্রীভাগবতপাঠাদাবপ্যধিকারো বৈষ্ণবানাং দ্রষ্টব্যঃ; যতো বিধিনিষেধা ভগবদ্ভক্তানাং ন ভবন্তীতি 'দেবর্ষিভূতাপ্তনৃণাং পিতৄণাম্' (শ্রীভাঃ ১১। ৫।৪১) ইত্যাদিবচনৈঃ, তথা কর্ম্মপরিত্যাগাদিনাপি ন কশ্চিদ্দোষো ঘটত ইতি তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত' (শ্রীভা ১১।২০।৯) ইতি 'যদা যস্যানুগৃহ্ণাতি ভগ-বান্' (শ্রীভাঃ ৪।২৯।৪৬) ইত্যাদিবচনৈশ্চ ব্যক্তং বোধিতমেবাস্তি। এতৎ সর্ব্বমগ্রে শ্রীবৈষ্ণব-মাহাত্ম্যে বিস্তরেণ ব্যক্তং ভাবি॥ ৪৫৪-৪৫৫॥

সন্ধার্য্যা বৈষ্ণবৈর্যত্নাচ্ছালগ্রামশিলাঽসুবৎ।
সা চার্চ্চ্যা দ্বারকাচক্রাঙ্কিতোপেতৈব সর্ব্বদা॥৪৫৬॥

অনুবাদ—বৈষ্ণবগণ যত্নপূর্ব্বক প্রাণবৎ শালগ্রাম শিলাকে ধারণ করিবেন। পূজার সময়ে দ্বারকা-চক্রাঙ্কিত শিলা সহ একত্রই পূজা করিবেন॥ ৪৫৬॥

টীকা—অসুবৎ প্রাণবৎ, যত্নাৎ সন্ধার্য্যা অর্চ্চ্যা পূজয়িতব্যা॥ ৪৫৬॥

অথ শালগ্রামশিলা-শ্রীদ্বারকাচক্রাঙ্ক-শিলা-সংযোগ মাহাত্ম্যম্

ব্রাহ্মে তত্রৈব—

শালগ্রামোদ্ভবো দেবো দেবো দ্বারবতীভবঃ।
উভয়োঃ সঙ্গমো যত্র মুক্তিস্তত্র ন সংশয়ঃ॥ ৪৫৭॥

অনুবাদ—অনন্তর শালগ্রামশিলা ও দ্বারকা চক্রাঙ্কিতশিলার সংযোগ-মাহাত্ম্য ব্রহ্মপুরাণে বলা হইয়াছে—শালগ্রামোদ্ভব দেব ও দ্বারকোদ্ভব দেব

উভয়ে যেখানে মিলিত আছেন, মুক্তি সেইস্থানে রহিয়াছেন, ইহাতে সংশয় নাই ॥ ৪৫৭ ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে—

চক্রাঙ্কিতা শিলা যত্র শালগ্রামশিলাগ্রতঃ।
তিষ্ঠতে মুনিশার্দ্দূল বর্দ্ধন্তে তত্র সম্পদঃ ॥ ৪৫৮ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে—হে মুনিবর! যে স্থানে শালগ্রাম শিলার সম্মুখে দ্বারকা চক্রাঙ্কিত শিলা বিদ্যমান, তথায় সর্ব্বপ্রকার সম্পত্তি বৃদ্ধিপ্রাপ্ত হয় ॥ ৪৫৮ ॥

তত্রৈবান্যত্র—

প্রত্যহং দ্বাদশ শিলাঃ শালগ্রামস্য যোঽর্চ্চয়েৎ।
দ্বারবত্যাঃ শিলাযুক্তাঃ স বৈকুণ্ঠে মহীয়তে ॥৪৫৯॥

অনুবাদ—স্কন্দপুরাণেরই অন্যত্র লিখিত আছে—প্রত্যহ 'য ব্যক্তি দ্বারকা শিলার সহিত দ্বাদশ সংখ্যক শালগ্রাম শিলার পূজা করেন, তিনি বৈকুণ্ঠে সম্মানিত হন ॥ ৪৫৯ ॥

অথ দ্বারকাচক্রাঙ্কলক্ষণানি

শ্রীপ্রহলাদসংহিতায়াম্—

একঃ সুদর্শনো দ্বাভ্যাং লক্ষ্মীনারায়ণঃ স্মৃতঃ।
ত্রিভিস্ত্রিবিক্রমো নাম চতুর্ভিশ্চ জনার্দ্দনঃ ॥ ৪৬০ ॥
পঞ্চভির্বাসুদেবস্তু ষড়্ভিঃ প্রদ্যুম্ন উচ্যতে।
সপ্তভির্বলদেবস্তু অষ্টভিঃ পুরুষোত্তমঃ ॥ ৪৬১ ॥
নবভিশ্চ নবব্যূহো দশভির্দশমূর্ত্তিকঃ।
একাদশৈশ্চানিরুদ্ধো দ্বাদশৈর্দ্বাদশাত্মকঃ।
অন্যেষু বহুচক্রেষু অনন্তঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৪৬২ ॥

অনুবাদ—অনন্তর দ্বারকাচক্রচিহ্নের লক্ষণ-সমূহ শ্রীপ্রহলাদ সংহিতায় বর্ণিত হইয়াছে—এক চক্রচিহ্ন বিশিষ্ট সুদর্শন, যাঁহার দুইচক্র তিনি লক্ষ্মী-নারায়ণ, তিন চক্র ত্রিবিক্রম, চারি চক্র জনার্দ্দন, পাঁচ চক্রাঙ্কিতের নাম বাসুদেব, ষট্ চক্র প্রদ্যুম্ন নামে কথিত, সপ্ত চক্র বলদেব, অষ্ট চক্র পুরুষোত্তম, নব চক্র নবব্যূহ, দশ চক্র দশমূর্তি একাদশ চক্র বিশিষ্টের নাম অনিরুদ্ধ, দ্বাদশ চক্রাঙ্কিতের নাম দ্বাদশাত্মক এবং তদপেক্ষা যাঁহার চক্রসংখ্যা অধিক, যাঁহাকে অনন্ত বলে ॥ ৪৬০-৪৬২ ॥

টীকা—একঃ একচক্রো যঃ স সুদর্শন ইত্যর্থঃ; দ্বাভ্যাং চক্রাভ্যামেবমগ্রেঽপ্যূহ্যম্ ॥ ৪৬০ ॥

টীকা—নবব্যূহঃ নৃসিংহ-বরাহ-হয়গ্রীব-নারায়ণ-ব্রহ্মাণঃ পঞ্চ, শ্রীবাসুদেবাদ্যাশ্চত্বারঃ, এবং নবব্যূহ-রূপঃ; মৎস্যকূর্ম্মাদি-দশাবতারাত্মকঃ। একাদশৈরিত্যার্ষম্, একাদশভিঃ। পাঠান্তরে একাদশ চক্রাণি যদি স্যুস্তর্হি অনিরুদ্ধ ইত্যর্থঃ। এবমগ্রেঽপি; দ্বাদশাত্মকঃ দ্বাদশাদিত্যরূপঃ, কেশব-নারায়ণাদি-দ্বাদশরূপো বা ॥ ৪৬২ ॥

অথ দ্বাদশচক্রাঙ্কমাহাত্ম্যম্

বারাহে—

যে কেচিচ্চৈব পাষাণা বিষ্ণুচক্রেণ মুদ্রিতাঃ।
তেষাং স্পর্শমাত্রেণ মুচ্যতে সর্ব্বপাতকৈঃ ॥ ৪৬৩ ॥

অনুবাদ—বরাহপুরাণে—যে কোন শিলা যাহা বিষ্ণুচক্রে চিহ্নিত, তাঁহার স্পর্শমাত্রেই সকল পাতক হইতে মুক্তি লাভ হয় ॥ ৪৬৩ ॥

গারুড়ে—

সুদর্শনাদ্যাস্তু শিলাঃ পূজিতাঃ সর্ব্বকামদাঃ ॥৪৬৪॥

অনুবাদ—গরুড়পুরাণে বলা হইয়াছে—সুদর্শ-নাদি শালগ্রামশিলার পূজা করিলে সকল কামনাই পূরণ হয় ॥ ৪৬৪ ॥

স্কান্দে চ—

ভক্ত্যা বা যদি বাঽভক্ত্যা চক্রাঙ্কং পূজয়েন্নরঃ।
অপি চেৎ সুদুরাচারো মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥৪৬৫॥

অনুবাদ—স্কন্দপুরাণেও যথা—যে ব্যক্তি ভক্তি বা অভক্তির সহিত চক্রাঙ্কিত শিলার পূজা করেন, সুদুরাচার হইলেও তাঁহার মোক্ষ লাভ হয়, ইহাতে সংশয় নাই ॥ ৪৬৫ ॥

দ্বারকামাহাত্ম্যে চ দ্বারকাগতানাং শ্রীব্রহ্মাদীনামুক্তৌ—
এতদ্বৈ চক্রতীর্থন্তু যচ্ছিলা চক্রচিহ্নিতা।
মুক্তিদা পাপিনাং লোকে ম্লেচ্ছদেশেঽপি পূজিতা ॥

অনুবাদ—দ্বারকামাহাত্ম্য গ্রন্থে দ্বারকায় আগত শ্রীব্রহ্মাদির বাক্যে চক্রচিহ্নিত শিলাকে চক্রতীর্থ কহে। ম্লেচ্ছদেশেও তাঁহার পূজা করিলে পাপিসকলের মুক্তি হয় ॥ ৪৬৬ ॥

———

অথ তেষ্বেব চক্রভেদেন ফলভেদঃ

কপিলপঞ্চরাত্রে—
একচক্রস্য পাষাণো দ্বারবত্যাঃ সুশোভনঃ।
সুদর্শনাভিধো যোঽসৌ মোক্ষৈকফলদায়কঃ ॥৪৬৭॥
লক্ষ্মীনারায়ণো দ্বাভ্যাং ভুক্তিমুক্তিফলপ্রদঃ।
এভিশ্চাচ্যুতরূপোঽসৌ ফলমৈন্দ্রং প্রযচ্ছতি ॥৪৬৮॥
চতুর্ভুজশ্চতুশ্চক্রশ্চতুর্ব্বর্গফলপ্রদঃ।
পঞ্চভির্বাসুদেবশ্চ জন্মমৃত্যুভয়াপহঃ ॥ ৪৬৯ ॥
ষড়্ভিঃ প্রদ্যুম্ন এবাসৌ লক্ষ্মীং কান্তিং দদাতি সঃ।
সপ্তভির্বলভদ্রোঽসৌ গোত্রকীর্ত্তিবিবর্দ্ধনঃ ॥ ৪৭০ ॥
দদাতি বাঞ্ছিতং সর্ব্বমষ্টভিঃ পুরুষোত্তমঃ।
নবচক্রো নৃসিংহস্তু ফলং যচ্ছত্যনুত্তমম্ ॥ ৪৭১ ॥
রাজ্যপ্রদো দশভিস্তু দশাবতারকঃ স্মৃতঃ।
একাদশভিরৈশ্বর্য্যমনিরুদ্ধঃ প্রযচ্ছতি ॥ ৪৭২ ॥
নির্ব্বাণং দ্বাদশাত্মাসৌ সৌখ্যদশ্চ সুপূজিতঃ ॥৪৭৩॥

অনুবাদ—অনন্তর শিলা-সমূহ-মধ্যে চক্রভেদে ফলের ভেদ বিষয়ে কপিলপঞ্চরাত্রে যথা—মনোহর এক চক্র চিহ্নাঙ্কিত দ্বারাবতীসম্ভূত শিলা সুদর্শন নামে অভিহিত। তিনি একমাত্র মুক্তিফল দায়ক। দুই চক্র থাকিলে তিনি ভোগ মোক্ষপ্রদ লক্ষ্মীনারায়ণ। তিন চক্রে চিহ্নাঙ্কিত শিলা অচ্যুত, তিনি ইন্দ্রত্ব প্রদ। চারি চক্র থাকিলে চতুর্ভুজ, ইনি চতুবর্গ ফলপ্রদ। পাঁচ চক্র থাকিলে ইনি জন্ম-মৃত্যু-ভয়হারক শ্রীবাসুদেব। ছয় চক্র বিশিষ্ট শিলা শ্রীপ্রদ্যুম্ন, ইনি লক্ষ্মীপ্রদ ও সৌন্দর্য্যদায়ক। সপ্ত চক্র বিদ্যমানে যশঃ ও গোত্রবর্দ্ধক বলদেব। অষ্ট চক্র থাকিলে সর্ব্বাভীষ্টপ্রদ পুরুষোত্তম। নব চক্র থাকিলে নৃসিংহ, অতি উত্তম ফলদাতা। দশ চক্র থাকিলে দশাবতার, রাজ্যদাতা। একাদশ চক্র থাকিলে ঐশ্বর্য্য প্রদ অনিরুদ্ধ। এবং দ্বাদশ চক্র থাকিলে তিনি মুক্তিপ্রদ ও সুখদাতা দ্বাদশাত্মক বলিয়া সুপূজিত হন ॥ ৩৬৬-৩৭৩ ॥

———

অথ বর্ণাদিভেদেন দোষগুণাঃ পূজ্যত্বাপূজ্যত্বে চ

তত্রৈব—
কৃষ্ণো মৃত্যুপ্রদো নিত্যং ধূম্রশ্চৈব ভয়াবহঃ।
অস্বাস্থ্যং কর্ব্বুরো দদ্যান্নীলস্তু ধনহানিদঃ ॥ ৪৭৪ ॥
ছিদ্রো দারিদ্র্যদুঃখানি দদ্যাৎ সংপূজিতো ধ্রুবম্।
পাণ্ডুরস্তু মহদ্দুঃখং ভগ্নো ভার্য্যাবিয়োগদঃ ॥ ৪৭৫ ॥
পুত্রপৌত্রধনৈশ্বর্য্যসুখমত্যন্তমুত্তমম্।
দদাতি শুক্লবর্ণশ্চ তস্মাদেনং সমর্চ্চয়েৎ ॥ ৪৭৬ ॥

অনুবাদ—অনন্তর বর্ণাদিভেদে দোষগুণ ও পূজ্যত্বাপূজ্যত্ব বিষয় কপিল পঞ্চরাত্রেই বলা হইয়াছে—কৃষ্ণবর্ণ শিলা মৃত্যু প্রদান করেন, ধূম্রবর্ণ সতত ভয়প্রদ, নানাবর্ণ চিত্রিত অস্বাস্থ্যদায়ী এবং নীলবর্ণ ধন নাশক। ছিদ্রযুক্তের পূজা করিলে দুঃখ হয় সন্দেহ নাই। পাণ্ডুবর্ণ মহাদুঃখপ্রদ, ভগ্ন ভার্য্যাবিয়োগকর। শুক্লবর্ণ পুত্র, পৌত্র, ধন, ঐশ্বর্য্য ও মহাসুখদায়ক, সুতরাং তাদৃশ শিলাকে বিশেষভাবে পূজা করিবে ৪২৪-৪৭৬ ॥

টীকা—ছিদ্রঃ সচ্ছিদ্র ইত্যর্থঃ ; শুক্লঃ শুভ্রঃ বর্ণো যস্য সঃ ॥ ৪৭৫-৪৭৬ ॥

———

শ্রীপ্রহলাদসংহিতায়াম্—
কৃষ্ণা মৃত্যুপ্রদা নিত্যং কপিলা চ ভয়াবহা।
রোগার্ত্তিং কর্ব্বুরা দদ্যাৎ পীতা বিত্তবিনাশিনী ॥৪৭৭॥
ধূম্রাভা বিত্তনাশায় ভগ্না ভার্য্যাবিনাশিকা।
সচ্ছিদ্রা চ ত্রিকোণা চ তথা বিষমচক্রিকা।
অর্দ্ধচন্দ্রাকৃতির্যা চ পূজ্যাস্তা ন ভবন্তি হি ॥ ৪৭৮ ॥

অনুবাদ—শ্রীপ্রহলাদ সংহিতায় যথা—কৃষ্ণবর্ণ-শিলা মৃত্যুপ্রদ, কপিলবর্ণ নিরন্তর ভীতিদায়ক। নানাবর্ণ রোগক্লেশদায়ক, পীতবর্ণ বিত্তবিনাশক, ধূম্রবর্ণও বিত্তনাশ করেন। ভগ্ন ভার্য্যার বিনাশ করেন।

ছিদ্রবিশিষ্ট, ত্রিকোণ, বিষমচক্রবিশিষ্ট ও অর্দ্ধচন্দ্রাকৃতি শিলাকে কখনও পূজা করিবে না॥৪৭৭-৪৭৮॥

টীকা—তাঃ সচ্ছিদ্রাদ্যাঃ কৃষ্ণাদয়ো বা ॥ ৪৭৮ ॥

গার্গ্য-গালবয়োঃ—

সুখদা সমচক্রা তু দ্বাদশী চোত্তমা শুভা।
বর্ত্তুলা চতুরস্রা চ নরাণাঞ্চ সুখপ্রদা ॥ ৪৭৯ ॥
ত্রিকোণা বিষমা চৈব ছিদ্রা ভগ্না তথৈব চ।
অর্দ্ধচন্দ্রাকৃতির্যা তু পূজার্হা ন ভবেত্তু সা।
ফলং নোৎপদ্যতে তত্র পূজিতায়াং কদাচন ॥৪৮০॥

ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে আধিষ্ঠানিকো নাম পঞ্চমো বিলাসঃ।

অনুবাদ—গার্গ ও গালব ঋষি বলিয়াছেন—সমান চক্র বিশিষ্ট শিলা সুখদান করেন। যাঁহার দ্বাদশ চক্র তিনি অতি মঙ্গল প্রদ এবং বর্ত্তুলাকৃতি অথবা চতুষ্কোণ মনুষ্যগণের সুখপ্রদ। ত্রিকোণ, বিষম চক্র, ছিদ্রান্বিত, ভগ্ন কিংবা অর্দ্ধচন্দ্রাকৃতি শিলা কদাপি পূজা করিবে না। উঁহাদিগকে পূজা করিলে পূজায় কোন ফলের আশা নাই ॥ ৪৭৯-৪৮০ ॥

ইতি শ্রীগোপলভট্ট-বিলিখিত ভগবদ্ভক্তিবিলাসে আধিষ্ঠানিক নামক পঞ্চম বিলাস।

টীকা—দ্বাদশী দ্বাদশাত্মকসংজ্ঞিকা দ্বাদশকোণা বা ॥ ৪৭৯ ॥

ইতি পঞ্চমো বিলাসঃ।

ষষ্ঠ-বিলাসঃ

শ্রীচৈতন্যপ্রসাদেন তদ্রূপং গোকুলোৎসবম্।
মনোজ্ঞং যষ্টুকামস্য মূর্ত্ত্যর্চ্চাবিধিরুচ্যতে ॥ ১ ॥

অনুবাদ—যিনি শ্রীকৃষ্ণের গোকুলোৎসব-স্বরূপ মনোহর শ্রীমূর্ত্তি পূজা করিতে ইচ্ছুক, তাঁহার নিমিত্ত শ্রীচৈতন্যচন্দ্রের অনুগ্রহে শ্রীমূর্ত্তিপূজার বিধি লিখিত হইতেছে।

শ্রীশালগ্রামশিলাই শ্রীভগবানের সর্ব্বশ্রেষ্ঠ অধিষ্ঠান তথাপি অসাধারণ রূপ-সৌন্দর্য্য-হেতু ভগবদ্ভক্তগণ শ্রীমূর্ত্তি-পূজায় বিশেষভাবে আকৃষ্ট হন, তাই শ্রীমূর্ত্তি-পূজার বিধান দেওয়া হইতেছে, ইহাই বক্তব্য ॥ ১ ॥

টীকা—শ্রিয়ো মহালক্ষ্যাঃ চৈতন্যং জীবনরূপো ভগবান্ শ্রীকৃষ্ণঃ। স্বমতে তু নিজভক্তৌ সর্ব্বেষামেব চেতয়িতৃত্বেন শ্রীচৈতন্য ইতি বিখ্যাতঃ শ্রীশচীনন্দনস্তস্য প্রসাদেন মূর্ত্তেঃ শ্রীভগবৎপ্রতিকৃতেঃ অর্চ্চায়াঃ পূজায়াঃ বিধিরুচ্যতে লিখ্যতে। ননু সর্ব্বাধিষ্ঠানতঃ শ্রীশালগ্রামশিলায়া মাহাত্ম্যমধিকং লিখিতমিতি তৎপূজাবিধিরেব লিখিতুং যুজ্যতে, তত্র লিখতি—গোকুলোৎসবং, তস্য চৈতন্যস্য রূপং, তৎ অনির্ব্বচনীয়ং বা রূপং যষ্টুকামস্য পূজয়িতুমিচ্ছতো জনস্য। কুতঃ? মনোজ্ঞং চিত্তাকর্ষকম্; শ্রীমূর্ত্তিমন্তরেণ মনঃসন্তোষো ন স্যাদিতি তদ্ভক্তানাং তৎপূজৈবোপযুক্তেতি ভাবঃ। অতএব 'তত্তদ্দীপং সুরভিঘৃতসংসিক্তকর্পূরবর্ত্ত্যা, দীপ্তং দৃষ্ট্যাদ্যতিবিশদধীঃ পাদপর্য্যান্তমুচ্চৈঃ' ইত্যাদি-বচনৈঃ ক্রমদীপিকাদৌ দৃষ্ট্যাদিনির্দ্দেশেন শ্রীমূর্ত্তি-পূজৈবাভিপ্রেতেতি দিক্ ॥ ১ ॥

স্বয়ং ব্যক্তাঃ স্থাপনাশ্চ মূর্ত্তয়ো দ্বিবিধা মতাঃ।
স্বয়ং ব্যক্তাঃ স্বয়ং কৃষ্ণঃ স্থাপনাস্তু প্রতিষ্ঠয়া ॥ ২ ॥

অনুবাদ—শ্রীমূর্ত্তি দুই প্রকার—স্বয়ং প্রকটিত, (শ্রীরঙ্গশায়ী প্রভৃতি), আর স্থাপিত। সাক্ষাৎ শ্রীকৃষ্ণ স্বয়ং প্রকটিত, আর প্রতিষ্ঠা করা হইলে তাহার নাম স্থাপিত ॥ ২ ॥

টীকা—স্বয়ং ব্যক্তাঃ শ্রীরঙ্গশায়িপ্রভৃতয়ঃ; স্বয়ং সাক্ষাদেব শ্রীকৃষ্ণঃ; প্রতিষ্ঠয়া কৃত্বা কৃষ্ণঃ স্যাৎ ॥২॥

তথা চ পাদ্মোত্তরখণ্ডে—

শৃণু দেবি প্রবক্ষ্যামি তদর্চ্চাবসথং হরেঃ।
স্থাপনঞ্চ স্বয়ং ব্যক্তং দ্বিবিধং তৎ প্রকীর্ত্তিতম্ ॥৩॥
শিলামৃদ্দারুলৌহাদ্যৈঃ কৃত্বা প্রতিকৃতিং হরেঃ।
শ্রৌতস্মার্ত্তাগমপ্রোক্তবিধিনা স্থাপনং হি যৎ ॥ ৪ ॥
তৎ স্থাপনমিতি প্রোক্তং স্বয়ং ব্যক্তং হি মে শৃণু।
যস্মিন্ সন্নিহিতো বিষ্ণুঃ স্বয়মেব নৃণাং ভুবি ॥ ৫ ॥
পাষাণদার্বোরাত্মেশঃ স্বয়ং ব্যক্তং হি তৎ স্মৃতম্।
দুর্ল্লভত্বাৎ স্বয়ং ব্যক্তমূর্ত্তেঃ শ্রীবৈষ্ণবোত্তমঃ।
যথাবিধি প্রতিষ্ঠাপ্য স্থাপিতাং মূর্ত্তিমর্চ্চয়েৎ ॥ ৬ ॥

অনুবাদ—এই বিষয়ে পদ্মপুরাণে উত্তর-খণ্ডে মহাদেব বলিতেছেন—হে দেবি। শ্রীহরির পূজার স্থান বলিতেছি শোন। স্বয়ং ব্যক্ত ও স্থাপিত-ভেদে স্থান দুইপ্রকার। শিলা, মৃত্তিকা, কাষ্ঠ ও লৌহাদি দ্বারা শ্রীহরির প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিয়া শ্রুতি-স্মৃতি এবং তন্ত্রশাস্ত্রে কথিত নিয়ম অনুসারে প্রতিষ্ঠা করার নাম স্থাপন। এখন শোন, স্বয়ং ব্যক্ত কি প্রকার। আত্মেশ্বর শ্রীবিষ্ণু পৃথিবীতে মনুষ্যগণের নিকট প্রস্তর বা কাষ্ঠে বাস করিলে তাহাই স্বয়ং ব্যক্ত। স্বয়ং ব্যক্ত মূর্ত্তি সহজলভ্য না হওয়ায় শ্রীবৈষ্ণবোত্তম যথা বিধানে প্রতিষ্ঠা করিয়া স্থাপিত মূর্ত্তির অর্চ্চন করিবেন ॥৩-৬॥

টীকা—অর্চ্চায়াঃ পূজায়া আবসথং স্থানমিত্যর্থঃ ॥ ৩ ॥

———

অথ শ্রীমূর্ত্তিপূজনমাহাত্ম্যম্

হরিভক্তিসুধোদয়ে—

নৈকং স্ববংশন্তু নরস্তারয়ত্যখিলং জগৎ।
অর্চ্চায়ামীপ্সিতং নৃণাং ফলং যাগাদিদুর্ল্লভম্।
প্রতিমামাশ্রিতোঽভীষ্টপ্রদাং কল্পলতাং যথা ॥ ৭ ॥

অনুবাদ—অতঃপর শ্রীমূর্ত্তিপূজার মাহাত্ম্য—শ্রীহরিভক্তিসুধোদয়ে বর্ণিত হইয়াছে—শ্রীমূর্ত্তি পূজা করিলে সেই পূজক কেবল নিজ বংশ নহে, সকল জগৎকেই উদ্ধার করেন।

শ্রীমূর্ত্তির পূজা করিলে যাগাদিদুর্ল্লভ ফল পাওয়া যায়। প্রতিমা আশ্রয় করিলে কল্পতরুর ন্যায় ফল লাভ হয়। তাঁহার কোন কিছুই অপ্রাপ্য থাকে না ॥ ৭ ॥

টীকা—অর্চ্চায়াং শ্রীমূর্ত্তৌ, নৃণামীপ্সিতং ফলং যাগাদিদুর্ল্লভমপি সা দদাতি ॥ ৭ ॥

———

অথ শ্রীমূর্ত্তেঃ প্রসাদনমাত্মাদিশুদ্ধয়শ্চ

শ্রীমূর্ত্তিং ক্ষালনার্হান্তু শস্তগন্ধজলাদিনা।
প্রক্ষালয়েত্তদন্যাস্তু মূলমন্ত্রেণ মার্জ্জয়েৎ ॥ ৮ ॥

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তির সংস্কার ও আত্মাদি শুদ্ধি—প্রক্ষালন যোগ্য প্রস্তরময়ী ও লৌহময়ী প্রভৃতি শ্রীমূর্ত্তি সকলকে প্রশস্ত গন্ধজলাদিদ্বারা মার্জ্জন পূর্ব্বক ধৌত করিবে। অন্যান্য অর্থাৎ লেখময়ী, লেপময়ী প্রভৃতি যাহা প্রক্ষালনের যোগ্য নহে তৎ সমুদয়কে মূলমন্ত্র পাঠ সহকারে মার্জ্জনা করিবে ॥ ৮ ॥

টীকা—প্রক্ষালনার্হাম্ শৈলী-লৌহী-প্রতিকৃতিং, তদন্যাম্—লেপ্যাদ্যাম্ ॥ ৮ ॥

———

শ্রীমূর্ত্তিহৃদয়ং স্পৃষ্ট্বা স্বমন্ত্রং চাষ্টধা জপেৎ।
এবং প্রসাদনং মূর্ত্তেরাত্মনস্তৎ প্রসাদনাৎ।
শুদ্ধিরেকা দ্বিতীয়া তু স্যাদব্যগ্রতয়াপি চ ॥ ৯ ॥
স্থানশুদ্ধিস্তথা দ্রব্যশুদ্ধিশ্চ লিখিতা পুরা।
ইতি প্রকারভেদেন ভবেচ্ছুদ্ধি-চতুষ্টয়ম্ ॥ ১০ ॥

অনুবাদ—শ্রীমূর্ত্তির হৃদয়স্পর্শ করিয়া নিজ ইষ্ট-মন্ত্র আটবার জপ করিবে। এইরূপ মূর্ত্তি সংস্কার করাতে এক প্রকার আত্মশুদ্ধি হয়। দ্বিতীয় প্রকার আত্মশুদ্ধি হয় চিত্তের স্থৈর্য্য সম্পাদন দ্বারা। পূর্ব্ব-লিখিত স্থানশুদ্ধি ও দ্রব্যশুদ্ধি এবং এই দুই প্রকার শুদ্ধি মোট চারি প্রকার শুদ্ধির কথা লিখিত হইল ॥ ৯-১০ ॥

টীকা—অষ্টধা বারাষ্টকম, আত্মশুদ্ধিঃ অব্যগ্রত্বাদিনা। যদ্যপি পূজারম্ভাদেব সা সদাপেক্ষ্যতে, তথাপি বহিঃ শ্রীমূর্ত্তিপূজায়ামবশ্যাপেক্ষ্যত্বাৎ শুদ্ধি-প্রসঙ্গাদাত্র লিখিতা ॥ ৯ ॥

———

উক্তঞ্চ শ্রীনারদেন—

পুষ্পেণাম্বু গৃহীত্বা তু প্রোক্ষয়েৎ সর্ব্বসাধনম্।
মলস্নানং ততঃ কুর্য্যাৎ পাত্রে দেবং নিধায় চ ॥১১॥

অনুবাদ—শ্রীনারদ বলিয়াছেন—পুষ্পদ্বারা জল লইয়া সমস্ত পূজা-দ্রব্যের উপরে ছিটাইয়া দিবে। তারপর অন্য পাত্রে দেবতাকে রাখিয়া মল স্নান করাইবে ॥ ১১ ॥

অন্যেনাপি—

পুষ্পাক্ষতাদিদ্রব্যাণাং কুর্য্যান্মন্ত্রাদিশোধনম্।
ক্ষালনেনাম্বুলেপাদ্যৈর্মূর্ত্তিশুদ্ধিং সমাচরেৎ।
অব্যগ্রত্বেনাত্মশুদ্ধিং ক্ষিতিশুদ্ধিং ততশ্চরেৎ ॥ ইতি ॥
মন্ত্রশুদ্ধিং পরাং চিত্তশুদ্ধিং চেচ্ছন্তি কেচন।
এবং ষট্ শুদ্ধয়ঃ পুণ্যাঃ সম্প্রদায়ানুসারতঃ ॥ ১৩ ॥

অনুবাদ—অন্য ব্যক্তিও বলিয়াছেন—পুষ্প ও আতপচাউল প্রভৃতি দ্রব্যের শোধন মন্ত্রাদিদ্বারা করিবে এবং জল ও চন্দনাদি দ্বারা প্রক্ষালন করিয়া প্রতিমার শুদ্ধি করিবে। চিত্ত স্থির করিয়া আত্মশুদ্ধি করার পর স্থানশুদ্ধি করিবে। এই স্থানে কেহ কেহ মন্ত্র-শুদ্ধি ও চিত্তশুদ্ধিরও বিধান করেন। এই প্রকারে সম্প্রদায় অনুসারে শুদ্ধি ছয় প্রকার। এ সমস্তই পবিত্রতা করিয়া থাকে অর্থাৎ ছয়প্রকার শুদ্ধি-সম্পাদনই বৈষ্ণবের কর্ত্তব্য। কিন্তু নিজ সম্প্রদায়-বিহিত আচার পালনীয় ॥ ১২-১৩ ॥

টীকা—ননু কুচিৎ শুদ্ধিচতুষ্টয়ং, কুচিচ্চ শুদ্ধি-ষট্কং শ্রূয়তে, অত্র তু মূর্ত্তিশুদ্ধিরাত্মশুদ্ধিশ্চেতি শুদ্ধিদ্বয়মাত্রং লিখিতং, তৎ কুতঃ ? ইত্যতো লিখতি —স্থানেতি। পুরা পূর্ব্বং দেবালয়মার্জ্জনাদিপ্রকরণে স্থানশুদ্ধিঃ লিখিতা, শঙ্খপ্রতিষ্ঠাশেষে চ শঙ্খোদকাদিনা দ্রব্যশুদ্ধির্লিখিতা ইতি। অনেন প্রকারেণ ভেদোহ-ত্রায়ং জ্ঞেয়ঃ; প্রক্ষালনাদিনা শ্রীমূর্ত্তিশুদ্ধিঃ শোধন-প্রোক্ষণাদিনা দ্রব্যশুদ্ধিরব্যগ্রত্বেন চাত্মশুদ্ধিরভিব্যঞ্জি-তৈব। তত্র চ আত্মতত্ত্বায় নমঃ, বিদ্যাতত্ত্বায় নমঃ, শ্রীভগবত্তত্ত্বায় নমঃ—ইত্যুক্ত্বা প্রোক্ষণীপাত্রনিহিতেন কিঞ্চিদভিমন্ত্রিতশঙ্খজলেন তুলসীদলগৃহীতেন স্বমূর্দ্ধন্যভিষেকং কুর্য্যাদিত্যেবমাত্মশুদ্ধিং কেচিন্মন্যন্তে। স্থানশুদ্ধিশ্চ সংমার্জ্জনলেপনাদিনা বেদিকামণ্ডল-নির্ম্মাণাদিনা চ; তথা চোক্তং শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াম্ 'বিলিপ্য বেদিকাং সম্যঙ্মণ্ডলং তত্র কারয়েৎ। রক্তৈস্তণ্ডুলচূর্ণৈশ্চ নীল পীতসিতাসিতৈঃ ॥ লিখেদষ্ট-দলং পদ্মং চতুরস্রং সমাবৃতম্। ষট্কোণং কর্ণিকা-মধ্যে কোণাগ্রে বৃত্তসংবৃতম্ সাধ্যমেব ততঃ শোভা-রেখাভিরুপ-শোভিতম্। সংপূজ্য মণ্ডলঞ্চৈব তত্র সিংহাসনং ন্যসেৎ ॥ চন্দ্রাতপপতাকৈশ্চ তোরণৈ-রপি সর্ব্বতঃ। চিত্রিতং তত্র তত্রাপি ভিত্তিস্তম্ভস্থলা-দিষু ॥' ইতি। এতচ্চ কেষাঞ্চিন্মতে শ্রীরঘুনাথ-পূজাবিষয়ং, ক্রমদীপিকাকারাদিমতে চ দীক্ষাবিধি-বিষয়মেবেতি। মন্ত্রশুদ্ধিশ্চ অস্ত্রমন্ত্রেণ মন্ত্রশুদ্ধিং পরিকল্পয়ামীত্যেবম্। চিত্তশুদ্ধিশ্চ চিন্তান্তরপরিত্যাগা-দিনেত্যেবং ষট্ শুদ্ধয়ঃ; তাশ্চ সর্ব্বা এব পরিপাল্যা বৈষ্ণবৈঃ, কিন্তু নিজসম্প্রদায়ানুসারেণেত্যর্থঃ ॥১০-১৩

অথ পীঠপূজা

তাম্রাদিপীঠে শ্রীখণ্ডাদ্যালিপ্তেঽষ্টদলং লিখেৎ।
সকর্ণিকং ত্রিবৃত্তাঢ্যং পদ্মং ষোড়শকেশরম্ ॥ ১৪ ॥
সদলাগ্রং চতুষ্কোণং চতুর্দ্বারবিভূষিতম্।
পূজাযন্ত্রং সমুদ্ধৃত্য পীঠার্চ্চাং তত্র সাধয়েৎ ॥ ১৫ ॥

অনুবাদ—তাম্রাদিদ্বারা নির্ম্মিত পীঠে অর্থাৎ তাম্রপাত্রে চন্দনাদি লেপন করিয়া তাহাতে চতুর্দ্বার বিভূষিত চতুষ্কোণের মধ্যে অষ্টদলে ষোড়শ কেশর-যুক্ত সকর্ণিক বৃত্তত্রয়বিশিষ্ট দলাগ্রযুক্ত পদ্ম অঙ্কিত করিবে। ঐ প্রকার পূজাযন্ত্র লিখিয়া পীঠ-পূজা করিবে ॥ ১৪-১৫ ॥

টীকা—তাম্রাদিরচিতপীঠে শ্রীখণ্ডং চন্দনং তদা-দিনা আলিপ্তে অষ্টদলং ষোড়শকেশরং সকর্ণিকং বৃত্তত্রয়যুক্তং দলাষ্টসহিতঞ্চ পদ্মং লিখেৎ। এবং পূজাযন্ত্রং সম্যক্ উদ্ধৃত্য অঙ্কয়িত্বা তত্র তস্মিন্ যন্ত্রে পীঠস্য অর্চ্চাং পূজাং সাধয়েৎ নিষ্পাদয়েৎ; তত্র চার্ঘ্যজলেনাভ্যুক্ষ্য কুর্য্যাদিতি সদাচারতো জ্ঞেয়ম্ ॥ ১৪-১৫ ॥

পীঠে ভগবতো বামে শ্রীগুরূন্ গুরুপাদুকাম্।
নারদাদীন্ পূর্ব্বসিদ্ধান্ যজেদন্যাংশ্চ বৈষ্ণবান্ ॥১৬

অনুবাদ—পীঠে শ্রীভগবানের বামে শ্রীগুরু-পরম্পরা অর্থাৎ স্বীয় শ্রীগুরুদেব, পরমগুরু, পরাপর-

গুরু, মহাগুরু ও পরমেষ্ঠীগুরু এবং শ্রীগুরু-পাদুকা, নারদাদি প্রাচীন সিদ্ধ এবং অন্যান্য বৈষ্ণব-দিগের পূজা করিবে ॥ ১৬ ॥

টীকা—ভগবতো বাম ইতি বায়ুকোণাদীশান-কোণপর্য্যন্তদেশে ইত্যর্থঃ। শ্রীগুরূন্ নিজগুরু-পরম-গুরু-পরাপরগুরু-মহাগুরু-পরমেষ্ঠিগুরূন্ যজেৎ। ক্বচিচ্চ শ্রীগুরু-পরমগুরু-পরমেষ্ঠিগুরু-পরাৎপর-গুরূনিতি। প্রয়োগঃ—শ্রীগুরুভ্যো নম ইত্যাদিঃ। কেচিদত্রাদ্যাক্ষরবিন্দুসহিতং বীজত্বেনাদৌ প্রযুঞ্জতে—গুং গুরুভ্যো নম ইতি; তথা গুরুপাদুকাশ্চ শ্রীনার-দাদীংশ্চ পূর্ব্বসিদ্ধান্ অন্যাংশ্চাধুনিকান্ ভাগবতান্ যজেৎ। প্রয়োগঃ—ওঁ শ্রীগুরুপাদুকাভ্যো নম ইত্যাদিঃ ॥ ১৬ ॥

দক্ষিণে চার্চ্চয়েদ্দুর্গাং গণেশঞ্চ সরস্বতীম্।
তত্র প্রাগ্লিখিতন্যাসস্যানুসারেণ পূজয়েৎ ॥ ১৭ ॥

অনুবাদ—দক্ষিণে দুর্গা, গণেশ ও সরস্বতীকে তত্তৎ পরিচ্ছদাদির সহিত পূজা করিবে। এই সমস্ত পূজা পূর্ব্বোক্ত ন্যাস অনুযায়ী হইবে ॥ ১৭ ॥

টীকা—ভগবতো দক্ষিণে চ ভাগে দুর্গাদীনর্চ্চয়েৎ, তত্তৎপরিচ্ছদাদিসমেতানিতি জ্ঞেয়ম্। ততস্তদনন্তরং প্রাক্ পূর্ব্বং পীঠন্যাসে লিখিতস্য ন্যাসস্য পীঠন্যাস-স্যানুসারেণ যত্র যস্য পূজা যেন ক্রমেণ লিখিতাস্তি, তথৈব পুষ্পাদিনা তাং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১৭ ॥

মধ্যে আধারশক্ত্যাদীন্ ধর্ম্মাদীংশ্চ বিদিক্ষ্বথ।
অধর্ম্মাদীংশ্চতুর্দিক্ষ্বনন্তাদীন্ মধ্যতঃ পুনঃ ॥ ১৮ ॥
শক্তীর্নবাষ্টপত্রেষু কর্ণিকায়াঞ্চ পূজয়েৎ।
তথা তদুপরিষ্টাচ্চ পীঠমন্ত্রং যথোদিতম্ ॥ ১৯ ॥

অনুবাদ—মধ্যস্থলে আধারশক্তি প্রভৃতি অর্থাৎ আধারশক্তি, প্রকৃতি, কূর্ম্ম, অনন্ত, পৃথিবী, ক্ষীরসমুদ্র, শ্বেতদ্বীপ, রত্নমণ্ডপ ও কল্পবৃক্ষ। কোণ-সকলে ধর্ম্মাদি অর্থাৎ ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য। চতুর্দ্দিকে অধর্ম্মাদি অর্থাৎ অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈশ্বর্য্য। পুনরায় মধ্যভাগে অনন্ত, পদ্ম, সূর্য্য-মণ্ডল, চন্দ্রমণ্ডল, বহ্নিমণ্ডল, সত্ত্ব, রজ, তম, আত্মা, অন্তরাত্মা, পরমাত্মা ও জ্ঞানাত্মা এই সমুদায়কে পূজা করিবে। পূর্ব্বাদি অষ্টদলক্রমে কেশরমধ্যে বিম-লাদি অষ্ট শক্তিকে ও কর্ণিকায় অনুগ্রহাশক্তিকে ক্রমানুসারে পূজা করিবে। তদুপরিভাগে যথোক্ত-প্রকারে পীঠমন্ত্রের অর্থাৎ সেই সেই বীজের সহিত সূর্য্যাদি মণ্ডলের এবং সেই সেই আদ্য অক্ষরের সত্ত্বা-দির এবং ভুবনেশ্বরী (হ্রীং) বীজের সহিত জ্ঞানাত্মার পূজা করিতে হইবে।

প্রয়োগ যথা- ওঁ আধারশক্তয়ে নমঃ ইত্যাদি। ওঁ অং সূর্য্যমণ্ডলায় নমঃ, ওঁ উং সোমমণ্ডলায় নমঃ, ওঁ বং বহ্নিমণ্ডলায় নমঃ, ওঁ সং সত্ত্বায় নমঃ। তার-পর ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ ইত্যাদি ॥ ১৮-১৯ ॥

টীকা—তদেব বিশেষ্য দর্শয়তি—মধ্যে ইতি দ্বাভ্যাম্। পীঠমধ্যে আধারশক্ত্যাদীন্ পূজয়েৎ; আদিশব্দেন প্রকৃতি-কূর্ম্মানন্ত-পৃথিবী-ক্ষীরসমুদ্র-শ্বেত-দ্বীপরত্নমণ্ডপ-কল্পবৃক্ষাঃ। অত্র চ পূর্ব্ববদেব ক্ষীর-সমুদ্রাদিস্থানে তত্তৎপরিবর্ত্তেন শ্রীমথুরাদ্যা একান্তিভিঃ পূজ্যা ইতি বোদ্ধব্যম্। প্রয়োগঃ—ওঁ আধারশক্তয়ে নমঃ ইত্যাদিঃ। এবমগ্রেঽপি। অথানন্তরং বিদিক্ষু কোণেষু ধর্ম্মাদীন্ পূজয়েৎ; আদি-শব্দেন জ্ঞান-বৈরাগ্যৈশ্বর্য্যাণি চতুর্দিক্ষু পূর্ব্বাদিদিক্চতুষ্টয়ে অধর্ম্মা-দীন্ পূজয়েৎ; আদি-শব্দেনাজ্ঞানাবৈরাগ্যানৈশ্বর্য্যাণি, পুনশ্চ পীঠমধ্য এব অনন্তাদীন্ পূজয়েৎ; আদি-শব্দেন পদ্ম-সূর্য্যমণ্ডল-সোমমণ্ডল-বহ্নি-মণ্ডলানি, সত্ত্বরজস্তমাংসি আত্মান্তরাত্ম-পরমাত্মজ্ঞানাত্মানশ্চ। অষ্টসু পত্রেষু পূর্ব্বাদিদলক্রমেণ কেশরমধ্যে বিম-লাদ্যষ্টশক্তীঃ কর্ণিকায়াং চানুগ্রহাং শক্তিং পূজয়ে-দিত্যর্থঃ। শক্তয়শ্চ—'বিমলোৎকর্ষিণী জ্ঞানা ক্রিয়া যোগা প্রহ্বী সত্যেশানা ইত্যষ্ট, নবমী চানুগ্রহা' ইতি। যথোদিতমিতি—সূর্য্যাদিমণ্ডলং তত্তদ্বীজা-ক্ষরেণ সহ, সত্ত্বাদীন্ তত্তদাদ্যাক্ষরৈঃ সহ, জ্ঞানাত্মা-নঞ্চ ভুবনেশ্বরীবীজেন সহ পূর্ব্ববৎ পূজয়েদিত্যর্থঃ। তত্র প্রয়োগঃ—ওঁ অং সূর্য্যমণ্ডলায় নমঃ, ওঁ উং সোমমণ্ডলায় নমঃ, ওঁ বং বহ্নিমণ্ডলায় নমঃ, ওঁ সং সত্ত্বায় নমঃ ইত্যাদিঃ, ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ ইতি চ ॥ ১৮-১৯ ॥

তৎপীঠে মূলমন্ত্রেণ শ্রীমূর্ত্তিং স্থাপয়েদথ।
পুষ্পাঞ্জলিং গৃহীত্বেষ্টদেবরূপং বিচিন্তয়েৎ ॥ ২০ ॥
ততশ্চ মূলমন্ত্রেণ ক্ষিপ্ত্বা পুষ্পাঞ্জলিত্রয়ম্।
নিজেষ্টদেবমূর্ত্তেশ্চ পরমৈক্যং বিভাবয়েৎ ॥ ২১ ॥

অনুবাদ—তাহার পর মূলমন্ত্র পাঠ করিয়া ঐ পীঠে শ্রীমূর্ত্তি স্থাপন করিবে। পুষ্পাঞ্জলি গ্রহণ করিয়া ইষ্টদেবের রূপ ভাবনা করিতে হইবে। পরে মূলমন্ত্রপাঠ করিয়া তিনবার পুষ্পাঞ্জলি দিয়া চিন্তা করিবে যে, নিজের ইষ্টদেব ও প্রতিমা অভিন্ন ॥২০-২১ ॥

টীকা—তস্মিন্ পূজিতে পীঠে ॥ ২০ ॥

টীকা—নিজেষ্টদেবস্য মূর্ত্তেশ্চ পীঠস্থাপিত-ভগবৎপ্রতিকৃতেঃ পরমমত্যন্তম্ ঐক্যম্ অভিন্নত্বং সঞ্চিন্তয়েৎ ॥ ২১ ॥

অথাবাহনাদীনি

ততো দেবার্চ্চনে প্রৌঢ়পাদতায়া নিষেধনাৎ।
ভূমৌ নিহিতপাদঃ সন্ কুর্য্যাদাবাহনাদিকম্ ॥২২॥
যচ্চাবাহ্যমধিষ্ঠানং তত্রাবাহনমাচরেৎ।
শালগ্রামস্থাপনে চ নাবাহন-বিসর্জ্জনে ॥ ২৩ ॥

অনুবাদ—অতঃপর ভূমিতে পদ রাখিয়া আবাহনাদি করিবে। কারণ পূজাকার্য্যে প্রৌঢ়পাদ হওয়া নিষিদ্ধ আছে। যোগ্য অধিষ্ঠানে আবাহন করিতে হয়। শালগ্রাম স্থাপনে আবাহন বা বিসর্জ্জন নাই ॥ ২২-২৩ ॥

তথা চোক্তম্ —
উদ্বাসাবাহনে ন স্তঃ স্থাবরে বৈ যথা তথা।
শালগ্রামার্চ্চনে নৈব হ্যাবাহন-বিসর্জ্জনে ॥ ২৪ ॥
শালগ্রামে তু ভগবানাবির্ভূতো যথা হরিঃ।
ন তথান্যত্র সূর্য্যাদৌ বৈকুণ্ঠেঽপি চ সর্ব্বগঃ ॥ ২৫ ॥

অনুবাদ—অতএব উক্ত হইয়াছে—যেমন স্থাবর প্রতিমায় আবাহন ও বিসর্জ্জন নাই, সেইরূপ শালগ্রামশিলাপূজায় আবাহন ও বিসর্জ্জন নাই। সর্ব্বত্রগামী ভগবান শ্রীহরি শালগ্রামে যেমন অধিষ্ঠিত থাকেন, সূর্য্যাদি অন্যান্য অধিষ্ঠানে কিংবা বৈকুণ্ঠেও তদ্রূপ অধিষ্ঠিত থাকেন না ॥ ২৪-২৫ ॥

টীকা—প্রৌঢ়পাদতালক্ষণমাদৌ লিখিতমেবাস্তি। আদি-শব্দেন সংস্থাপনাদি, তচ্চাগ্রে ব্যক্তং ভাবি, আবাহ্যম্ আবাহনযোগ্যমস্থিরাদি, তত্র তস্মিন্ অধিষ্ঠানে আবাহনং বিসর্জ্জনঞ্চ নাচরেৎ। যদ্যপি মূর্ত্ত্যার্চ্চাবিধিরুচ্যতে ইতি পূর্ব্বলিখনাচ্ছ্রীমূর্ত্তিপূজৈব প্রস্তুতাস্তি, তথাপ্যাবাহনাদিপ্রসঙ্গেঽস্মিন্ শালগ্রামাবাহননিষেধাদিকং লিখিতমিতি দিক্ ॥ ২২-২৫ ॥

অথাবাহনাদিবিধিঃ

আবাহনাদিমুদ্রাশ্চ সংদর্শ্যাবাহনং বুধঃ।
তথা সংস্থাপনং সন্নিধাপনং সন্নিরোধনম্ ॥ ২৬ ॥
সকলীকরণং চাবগুণ্ঠনঞ্চ যথাবিধি।
অমৃতীকরণং কুর্য্যাৎ পরমীকরণং তথা ॥ ২৭ ॥

অনুবাদ—অতঃপর আবাহনাদির বিধি—বিজ্ঞ-ব্যক্তি আবাহনাদির মুদ্রা ঠিকমত দেখাইয়া যথা-বিধানে আবাহন, সংস্থাপন, সন্নিধাপন, সন্নিরোধন, সকলীকরণ, অবগুণ্ঠন, অমৃতীকরণ ও পরমীকরণ করিবেন।

বিধি যথা—শ্রীকৃষ্ণ ইহাবহ, ইহাবহ, ইহ সম্যক্ তিষ্ঠ, ইহ সম্যক্ তিষ্ঠ, ইহ সন্নিধেহি, ইহ সন্নিধেহি, ইহ সন্নিরুধ্যস্ব, ইহ সন্নিরুধ্যস্ব, ইহ সকলীকুরু, ইহ সকলীকুরু, ইহ অবগুণ্ঠস্ব, ইহ অবগুণ্ঠস্ব, ইহামৃতীকুরু, ইহামৃতীকুরু, ইহ পরমীকুরু, ইহ পরমীকুরু" কেহ কেহ বলেন আগেই আবাহনাদি মুদ্রা প্রদর্শন করাইয়া পরে ক্রমশঃ আবাহনাদি করিবে। অন্যেরা বলেন আবাহনাদির সময় তত্তৎ মুদ্রা দেখাইবে ॥ ২৬-২৭ ॥

টীকা—আবাহনাদিকরণপ্রকারমেব লিখতি—আবাহনাদীতি দ্বাভ্যাম্; আবাহনাদিমুদ্রা আদৌ সম্যক্ দর্শয়িত্বা পশ্চাদাবাহনং, তথা সংস্থাপনাদিকঞ্চ বুধো যথাবিধি কুর্য্যাদিতি দ্বয়োরন্বয়ঃ। বিধিশ্চায়ম্ —শ্রীকৃষ্ণ ইবাবহ ইহাবহ, ইহ সম্যক্ তিষ্ঠ ইহ সম্যক্ তিষ্ঠ, ইহ সন্নিধেহি ইহ সন্নিধেহি, ইহ সন্নিরুধ্যস্ব ইহ সন্নিরুধ্যস্ব, ইহ সকলীকরু ইহ

সকলীকুরু, ইহাবগুণ্ঠস্ব ইহাবগুণ্ঠস্ব, ইহামৃতীকুরু ইহামৃতীকুরু, ইহ পরমীকুরু ইহ পরমীকুরু—ইতি ক্রমাদ্‌ব্রূয়াদিতি। আবাহনাদ্যষ্টমুদ্রাশ্চাগ্রে লেখ্যাঃ। কেচিচ্চাহুঃ—ক্রমেণ মুদ্রাঃ প্রদর্শয়ন্ তত্র ক্রমেণ তত্তদ্‌ব্রূয়াদিতি ॥ ২৬-২৭ ॥

অথাবাহনাদ্যর্থঃ

আগমে—

আবাহনঞ্চাদরেণ সংমুখীকরণং প্রভোঃ।
ভক্ত্যা নিবেশনং তস্য সংস্থাপনমুদাহৃতম্ ॥ ২৮ ॥
তবাস্মীতি তদীয়ত্বদর্শনং সন্নিধাপনম্।
ক্রিয়াসমাপ্তিপর্য্যন্তং স্থাপনং সন্নিরোধনম্ ॥ ২৯ ॥
সকলীকরণঞ্চোক্তং তৎসর্ব্বাঙ্গপ্রকাশনম্।
আনন্দঘনতাত্যন্তপ্রকাশো হ্যবগুণ্ঠনম্ ॥ ৩০ ॥
অমৃতীকরণং সর্ব্বেরেবাঙ্গৈরবরুদ্ধতা।
পরমীকরণং নামাভীষ্টসম্পাদনং পরম্ ॥ ৩১ ॥

অনুবাদ—অতঃপরঃ আবাহনাদির অর্থ আগমে লিখিত আছে—আদর পূর্ব্বক প্রভুকে সম্মুখীকরণের নাম আবাহন। ভক্তিপূর্ব্বক তাঁহাকে স্থাপন করার নাম সংস্থাপন। তবাস্মি অর্থাৎ আমি তোমার এইরূপ চিন্তা করিয়া তদীয়ত্ব দর্শন করার নাম সন্নিধাপন। ক্রিয়া সমাপ্তি না হওয়া পর্য্যন্ত যে স্থাপন তাহার নাম সন্নিরোধন। ত্বদীয় সর্ব্বাঙ্গ প্রকাশের নাম সকলীকরণ। অত্যন্ত গাঢ় আনন্দ প্রকাশের নাম অবগুণ্ঠন। সকল অঙ্গদ্বারা অবরুদ্ধ করার নাম অমৃতীকরণ। আর অভীষ্ট সম্পাদনের নাম পরমীকরণ॥

টীকা—তস্য প্রভোঃ সর্ব্বাঙ্গস্য প্রকাশনমভিব্যঞ্জনং সকলীকরণম্? কেচিচ্চ অঙ্গৈরেবাঙ্গবিন্যাসং সকলীকরণং বিদুঃ' ইতি বচনাপেক্ষয়া শ্রীমদঙ্গেষু মন্ত্রাঙ্গন্যাসং সকলীকরণং মন্যন্তে। তন্মতে চাবাহনাদিচতুষ্টয়মাদৌ কৃত্বা পশ্চাদঙ্গন্যাসং বিধায় ততোঽবগুণ্ঠনাদিকং কুর্য্যাদিতি ॥ ২৮-৩১ ॥

অথাবাহন-মাহাত্ম্যম্

নারসিংহে—

আগচ্ছ নরসিংহেতি আবাহ্যাক্ষতপুষ্পকৈঃ।
এতাবতাপি রাজেন্দ্র সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ইতি॥৩২

অনুবাদ—অনন্তর আবাহন মাহাত্ম্য সম্বন্ধে নৃসিংহপুরাণে যথা—'আগচ্ছ নরসিংহ' এই মন্ত্র বলিয়া আতপচাউল ও ফুল দিয়া আবাহন করিবে। হে রাজেন্দ্র! কেবল মাত্র এই আবাহন করিলেই সকল পাপ হইতে মুক্তিলাভ করিবে ॥ ৩২ ॥

ন্যস্যেদ্‌যথাসম্প্রদায়ং দেবেঽঙ্গাদীনি পূর্ব্ববৎ।
শঙ্খচক্রাদিকাশ্চাথ মুদ্রা বিদ্বান্ প্রদর্শয়েৎ ॥ ৩৩ ॥

অনুবাদ—পূর্ব্বে কথিত নিয়মানুসারে পণ্ডিতব্যক্তি সম্প্রদায়ের আচার মান্য করিয়া দেববৃন্দের অঙ্গাদি ন্যাস করিবেন এবং শঙ্খ-চক্রাদি মুদ্রা প্রদর্শন করাইবেন ॥ ৩৩ ॥

তথা চ তত্ত্বসারে—

আবাহনাদিমুদ্রাশ্চ দর্শয়িত্বা ততঃ পুনঃ।
অঙ্গন্যাসঞ্চ দেবস্য কৃত্বা মুদ্রাঃ প্রদর্শয়েৎ ॥ ৩৪ ॥

অনুবাদ—তত্ত্বসারে লিখিত আছে যে—আবাহনাদি মুদ্রা সকল দেখাইয়া তারপর দেবতার অঙ্গে অঙ্গন্যাস করিয়া পুনঃ মুদ্রা-সমূহ প্রদর্শন করাইবেন ॥ ৩৪ ॥

অথ মুদ্রাঃ

আগমে—

আবাহনীং স্থাপনীঞ্চ তথান্যাং সন্নিধাপনীম্।
সন্নিরোধকরীঞ্চান্যাং সকলীকরণীং পরাম্ ॥ ৩৫ ॥
তথাবগুণ্ঠনীং পশ্চাদমৃতীকরণীং তথা।
পরমীকরণীং চান্যাং প্রাগষ্টৌ দর্শয়েদিমাঃ ॥৩৬॥
শঙ্খং চক্রং গদাং পদ্মং মুষলং শার্ঙ্গমেব চ।
খড়্গং পাশাঙ্কুশৌ তদ্বদ্বৈনতেয়ং তথৈব চ ॥ ৩৭ ॥
শ্রীবৎসকৌস্তুভৌ বেণুমভীতি-বরদৌ তথা।
বনমালাং তথা মন্ত্রী দর্শয়েৎ কৃষ্ণপূজনে ॥ ৩৮ ॥
মুদ্রা চাপি প্রযোক্তব্যা নিত্যং বিল্বফলাকৃতিঃ।
ইত্যেতাশ্চ পুনঃ সপ্তদশ মুদ্রাঃ প্রদর্শয়েৎ ॥ ৩৯ ॥
গন্ধদিগ্ধৌ করৌ কৃত্বা মুদ্রাঃ সর্ব্বত্র যোজয়েৎ।
যোঽন্যথা কুরুতে মূঢ়ো ন সিদ্ধঃ ফলভাগ্ ভবেৎ ॥৪০

অনুবাদ—অতঃপর মুদ্রাসকল সম্বন্ধে আগমে উক্ত আছে—কৃষ্ণপূজায় মন্ত্রী ব্যক্তি সর্ব্বাগ্রে আবাহনী, স্থাপনী, সন্নিধাপনী, সকলীকরণী, অবগুণ্ঠনী অমৃতীকরণী ও পরমীকরণী এই আট প্রকার মুদ্রা দেখাইবেন। তারপর শঙ্খ, চক্র, গদা, পদ্ম, মুষল, শার্ঙ্গ, খড়্গ, পাশ, অঙ্কুশ, গরুড়, শ্রীবৎস, কৌস্তুভ, বেণু, অভয়, বর ও বনমালা এই সকল মুদ্রা দেখাইতে হয়। পরন্তু নিত্য বিল্বফলাকৃতি মুদ্রা প্রয়োগ করিতে হইবে। পুনরায় ঐ শতকোটি মুদ্রা দেখাইতে হইবে। প্রদর্শনকার্য্যেই হস্তদ্বয় চন্দনলিপ্ত করিয়া প্রয়োগ করিতে হইবে, অন্যথায় ফললাভ বা সিদ্ধিলাভ কোনটিই হইবে না ॥ ৩৫-৪০ ॥

টীকা—দেবে শ্রীভগবন্মূর্ত্তৌ মন্ত্রস্যাঙ্গাদীনি ন্যস্যেৎ। আদি-শব্দেনাক্ষরাদি। পূর্ব্ববদিতি—যত্র যস্য যেন ক্রমেণ ন্যাসো লিখিতোঽস্তি, তথৈব কুর্য্যাদিত্যর্থঃ। এতচ্চ পূর্ব্বং স্বস্মিন্ পঞ্চাঙ্গাদি-ন্যাসপ্রসঙ্গে, তথা ধ্যানানন্তরমন্তর্যাগে পীঠপূজামনু স্বহৃদি চিন্তিতশ্রীভগবন্মূর্ত্তৌ ন্যাসপ্রসঙ্গে চ লিখিতমস্ত্যেব। দেবাঙ্গেষু মন্ত্রাদিন্যাসো নাম দেবেন সহ মন্ত্রস্যৈক্যাপাদনায়েতি পূর্ব্বং লিখিতমেব ॥ ৩৩-৪০॥

অথ মুদ্রা-মাহাত্ম্যম্

অগস্ত্যসংহিতায়াম্—

এতাভিঃ সপ্তদশভির্মুদ্রাভিস্তু বিচক্ষণঃ।
যো বৈ মামর্চ্চয়েন্নিত্যং মোহয়েৎ স সুরেশ্বরম্।
দ্রাবয়েদপি বিপ্রেন্দ্র ততঃ প্রার্থিতমাপ্নুয়াৎ ॥ ৪১ ॥

অনুবাদ—অতঃপর মুদ্রা-মাহাত্ম্য সম্বন্ধে অগস্ত্য সংহিতায় বলা হইয়াছে—যে বিজ্ঞ ব্যক্তি এই সপ্তদশ মুদ্রাদ্বারা নিত্য আমার পূজা করেন, হে বিপ্রেন্দ্র! তিনি ইন্দ্রকেও মোহিত ও বিচলিত করিতে পারেন এবং অভিলষিতফল প্রাপ্ত হন ॥ ৪১ ॥

টীকা—সুরেশ্বরম্ ইন্দ্রং দ্রাবয়েৎ স্বর্গাচ্চালয়েদপি; এবং ততস্তাভ্যো মুদ্রাভ্যো নিজাভীষ্টং প্রাপ্নুয়াৎ; যদ্বা, সুরেশ্বরং ভগবন্তং শ্রীরামমেব ততশ্চ দ্রাবয়েদিতি বৈকুণ্ঠান্নিজপার্শ্বং দ্রুতং প্রাপয়েৎ, দ্রুতহৃদয়ং কুর্য্যাদিতি বা; ততস্তদনন্তরং তস্মাদ্বা সুরেশ্বরাদিতি ॥৪১॥

ক্রমদীপিকায়াঞ্চ বিল্বমুদ্রামধিকৃত্য—

মনো-বাণী-দেহৈর্যদিহ বপুষা বাপি বিহিত-,
মমত্যা মত্যা বা তদখিলমসৌ দুষ্কৃতচয়ম্।
ইমাং মুদ্রাং জানন্ ক্ষপয়তি নরস্তং সুরগণা,
নমন্ত্যস্যাধীনা ভবতি সততং সর্ব্বজনতা ॥ ৪২ ॥

অনুবাদ—ক্রমদীপিকাতেও বিল্বমুদ্রাকে উদ্দেশ্য করিয়া বর্ণিত হইয়াছে—ইহলোকে মন-বাক্য ও দেহদ্বারা অথবা সর্ব্বাঙ্গদ্বারা অজ্ঞানে বা জ্ঞানে যে পাপ করা যায়, মনুষ্য এই মুদ্রা বিদিত হইলে তৎসমুদায় পাপ হইতে মুক্তি লাভ করে। এইরূপ মুদ্রাবেত্তা ব্যক্তি দেবগণেরও নমস্য হয় এবং লোকসকলকে বশে রাখিবার শক্তি লাভ করেন ॥ ৪২ ॥

টীকা—অসৌ নর ইমাং বিল্বাখ্যাং মুদ্রাং জানন্ তত্তদ্দুষ্কৃতনিচয়ং পাপসমূহম্ অখিলং নিঃশেষং ক্ষপয়তি বিনাশয়তি। কম্?—যং মনোবাক্কায়ৈঃ ইহ অস্মিন্ জন্মনি পুরা পূর্ব্বজন্মনি চ অমত্যা অজ্ঞানেন মত্যা বা জ্ঞানেন বিহিতং; দিবারাত্রিবিহিতমিতি পাঠে দিনে রাত্রৌ চ কৃতম্। যত্তদোর্নপুংসকত্বং মহাকবি-স্বাতন্ত্র্যাদব্যয়ত্বাদ্বা; যদ্বা, যৎ যস্মাৎ ক্ষপয়তি তত্তস্মান্নমন্তীত্যন্বয়ঃ। মুদ্রালক্ষণানি চ গুহ্যত্বান্ন লিখিতানি; তথা চোক্তম্—'গুরুং প্রকাশয়েদ্বিদ্বান্মন্ত্রং নৈব প্রকাশয়েৎ। অক্ষমালাঞ্চ মুদ্রাঞ্চ গুরোরপি ন দর্শয়েৎ ॥' ইতি। অত্র চ তদ্বিজ্ঞানার্থমুদ্দিশ্যন্তে, তথা চাগমে (১) —'সম্যক্ সংপূটিতৈঃ পুষ্পৈঃ করাভ্যাং কল্পিতোঽঞ্জলিঃ। আবাহনী সমাখ্যাতা মুদ্রা দেশিকসত্তমৈঃ ॥ (২) অধোমুখীকৃতৈঃ সর্ব্বৈঃ স্থাপনীতি নিগদ্যতে। (৩) আশ্লিষ্টমুষ্টিযুগলা প্রোন্নতাঙ্গুষ্ঠযুগ্মকা। সন্নিধানে সমুদ্দিষ্টা মুদ্রেয়ং তন্ত্রবেদিভিঃ ॥ (৪) অঙ্গুষ্ঠগর্ভিণী সৈব সন্নিরোধে সমীরিতা ॥ (৫) অঙ্গৈরেবাঙ্গবিন্যাসঃ সকলীকরণী মতা ॥ (৬) সব্যহস্তকৃতা মুষ্টিদীর্ঘাধোমুখতর্জ্জনী। অবগুণ্ঠনমুদ্রেয়মভিতো ভ্রামিতা যদি ॥ (৭) অন্যোঽন্যাভিমুখাঃ সর্ব্বাঃ কনিষ্ঠানামিকাঃ পুনঃ। তথা তর্জ্জনিমধ্যাশ্চ ধেনুমুদ্রা প্রকীর্ত্তিতা ॥ (৮) অন্যোঽন্যগ্রথিতাঙ্গুষ্ঠা প্রসারিতকরাঙ্গুলিঃ। মহামুদ্রেয়মুদিতা পরমীকরণে বুধৈঃ ॥ (৯) বামাঙ্গুষ্ঠং বিধৃত্যৈবং মুষ্টিনা দক্ষিণেন তু। তন্মুষ্টেঃ পৃষ্ঠতো দেশে যোজয়েচ্চতুরাঙ্গুলীঃ। কথিতা

শঙ্খমুদ্রেয়ং বৈষ্ণবার্চ্চনকর্ম্মণি ॥ (১০) অন্যোঽন্যাভিমুখাঙ্গুষ্ঠ কনিষ্ঠযুগলে যদি। বিস্তৃতাশ্চেতরাঙ্গুল্যস্তদাসৌ দীর্শনী মতা ॥ (১১) অন্যোঽন্যগ্রথিতাঙ্গুল্য উন্নতৌ মধ্যমৌ যদি। সংলগ্নৌ চ তদা মুদ্রা গদেয়ং পরিকীর্ত্তিতা ॥ (১২) পদ্মাকারাবাভিমুখ্যেন পাণী, মধ্যেঽঙ্গুষ্ঠৌ শায়িতৌ কর্ণিকাবৎ। পদ্মাখ্যেয়ং সৈব সংলগ্নমধ্যা, স্পৃষ্টাঙ্গুষ্ঠা বিল্বসংজ্ঞেব মুদ্রা ॥ (১৩) অগ্রে তু বামমুষ্টেশ্চ ইতরা তু যদা মতা। তদেয়ং কৃতিভির্মুদ্রা জ্ঞেয়া মুষলসংজ্ঞিতা ॥ (১৪) বামস্ত-তর্জ্জনীপ্রান্তং মধ্যমান্তে নিযোজয়েৎ। প্রসার্য্য তু করং বামং দক্ষিণং করমেব চ ॥ নিযোজ্য দক্ষিণস্কন্ধে বাণপ্রেরণবত্ততঃ। তর্জ্জন্যঙ্গুষ্ঠকাভ্যাঞ্চ কুর্য্যাদেষা প্রকীর্ত্তিতা শার্ঙ্গমুদ্রেতি মুনিভির্দর্শয়েৎ কৃষ্ণপূজনে ॥ (১৫) কনিষ্ঠাঽনামিকে দ্বে তু দক্ষাঙ্গুষ্ঠনিপীড়িতে। শেষে প্রসারিতে কৃত্বা খড়্গমুদ্রা প্রকীর্ত্তিতা ॥ (১৬) পাশাকারাং নিযোজ্যৈব বামাঙ্গুষ্ঠাঙ্গতর্জ্জনীম্। দক্ষিণে মুষ্টিমাদায় তর্জ্জনীঞ্চ প্রসারয়েৎ ॥ তেনৈব সংস্পৃশেন্মন্ত্রী বামাঙ্গুষ্ঠস্য মূলকম্। পাশমুদ্রেয়মুদ্দিষ্টা কেশবার্চ্চনকর্ম্মণি ॥ (১৭) তর্জ্জনীমীষদাকুঞ্চ্য শেষেণাপি নিপীড়য়েৎ। অঙ্কুশং দর্শয়েত্তদ্বদ্‌গৃহীত্বা, দক্ষমুষ্টিনা ॥ (১৮) অন্যোঽন্যপৃষ্ঠে সংযোজ্য কনিষ্ঠে চ পরস্পরম্। তর্জ্জন্যগ্রং সমং কৃত্বা কনিষ্ঠাগ্রং তথৈব চ ॥ ঈষদালম্বিতং কৃত্বা ইতরৌ পক্ষবত্ততঃ। প্রসার্য্য গারুড়ী মুদ্রা কৃষ্ণপূজাবিধৌ স্মৃতা ॥ (১৯) অন্যোঽন্যসম্মুখে তত্র কনিষ্ঠাতর্জ্জনীযুগে। মধ্যমানামিকে তদ্বদঙ্গুষ্ঠেন নিপীড়য়েৎ ॥ দর্শয়েদ্ধৃদয়ে মুদ্রাং যত্নাচ্ছ্রীবৎসসংজ্ঞিতাম্ ॥ (২০) অন্যোঽন্যাভিমুখে তদ্বৎ কনিষ্ঠে সংনিযোজয়েৎ। তর্জ্জন্যনামিকে তদ্বৎ করৌ ত্বন্যোঽন্যপৃষ্ঠগৌ ॥ উৎসিক্তান্যোঽন্যসংলগ্নৌ বক্ষঃস্থিতকরাঙ্গুলীঃ। বিধায় মধ্যদেশে তু বামমধ্যমতর্জ্জনী ॥ সংযোজ্য মণিবন্ধে তু দক্ষিণে যোজয়েত্ততঃ। বামাঙ্গুষ্ঠে তু মুদ্রেয়ং প্রসিদ্ধা কৌস্তুভাহ্বয়া ॥ কৃচিচ্চ—অনামা পৃষ্ঠসংলগ্না দক্ষিণস্য কনিষ্ঠিকা। কনিষ্ঠয়ান্যয়া বদ্ধা তর্জ্জন্যা দক্ষয়া তথা ॥ বামানামাঞ্চ বধ্নীয়াদ্দক্ষাঙ্গুষ্ঠস্য মূলকে। অঙ্গুষ্ঠমধ্যমে বামে সংযোজ্য সরলাঃ পরাঃ। চতস্রোঽন্যোঽন্যসংলগ্না মুদ্রা কৌস্তুভসংজ্ঞিতা ॥ (২১) ওষ্ঠে বামকরাঙ্গুষ্ঠো লগ্নস্তস্য কনিষ্ঠকা। দক্ষিণাঙ্গুষ্ঠসংযুক্তা তৎকনিষ্ঠা প্রসারিতা ॥ তর্জ্জনীমধ্যমানামাঃ কিঞ্চিৎ সংকুচ্য চালিতাঃ। বেণুমুদ্রেয়মুদ্দিষ্টা সুগুপ্তা প্রেয়সী হরেঃ ॥ (২২) অঙ্গং প্রসারিতং কৃত্বা স্পৃষ্টশাখং বরাননে। প্রাঙ্মুখন্তু ততঃ কৃত্বা অভয়ং পরিকীর্ত্তিতম্ ॥ (২৩) দক্ষং ভুজং প্রসারিত্বা জানূপরি নিবেশয়েৎ। প্রসৃতং দর্শয়েদ্দেবি বরঃ সর্ব্বার্থসাধকঃ ॥ (২৪) উত্তানতর্জ্জনীভ্যাস্তু উর্দ্ধাধঃপ্রক্রমেণ তু। মালাবৎ ক্রমবিস্তারা বনমালা প্রকীর্ত্তিতা ॥' ক্রমদীপিকায়াম্—'অঙ্গুষ্ঠং বামমুদ্দণ্ডিতমিতরকরাঙ্গুষ্ঠকেনাথ বদ্ধা. তস্যাগ্রং পীড়য়িত্বাঙ্গুলিভিরপি ততো বামহস্তাঙ্গুলীভিঃ। বদ্ধা গাঢ়ং হৃদি স্থাপয়তু বিমলধীর্ব্যাহরন্মারবীজং, বিল্বাখ্যা মুদ্রিকৈষা স্ফুটমিহ কথিতা স্থাপনীয়া বিধিজ্ঞৈঃ ॥' অগস্ত্যসংহিতায়াঞ্চ—'আবাহনীং স্থাপনীঞ্চ সন্নিধীকরণীং তথা। সুসংনিরোধনীং মুদ্রাং সম্মুখীকরণীং তথা ॥ সকলীকরণীঞ্চৈব মহামুদ্রাং তথৈব চ। শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধেনু-কৌস্তুভ-গারুড়াঃ। শ্রীবৎসং বনমালাঞ্চ যোনিমুদ্রাঞ্চ দর্শয়েৎ ॥'

(১) মূলাধারাদ্দ্বাদশান্তমানীতঃ কুসুমাঞ্জলিঃ। ত্রিস্থানগত-তেজোভিবিনীতঃ প্রতিমাদিষু। আবাহনীয়া মুদ্রা স্যাদেষানর্চ্চবিধৌ মুনে ॥ (২) এষৈবাধোমুখী মুদ্রা স্থাপনে শস্যতে পুনঃ ॥ (৩) উন্নতাঙ্গুষ্ঠযোগেন মুষ্টীকৃত করদ্বয়ম্। সন্নিধীকরণং নাম মুদ্রা দেবার্চ্চনে বিধৌ ॥ (৪) অঙ্গুষ্ঠগর্ভিণী সৈব মুদ্রা স্যাৎ সংনিরোধনী ॥ (৫) উত্তানমুষ্টিযুগলা সম্মুখীকরণী মতা ॥ (৬) অঙ্গৈরেবাঙ্গবিন্যাসঃ সকলীকরণী তথা ॥ (৭) অন্যোঽন্যাঙ্গুষ্ঠসংলগ্না বিস্তারিতকরদ্বয়ী। মহামুদ্রেয়মাখ্যাতা ন্যূনাধিকসমাপনী ॥ (৮) কনিষ্ঠানামিকমধ্যান্তঃস্থাঙ্গুষ্ঠান্তরেঽগ্রতঃ। গোপিতাঙ্গুলিমূলেন সমন্তান্মুকুলীকৃতা। করদ্বয়েন মুদ্রা স্যাৎ শঙ্খাখ্যেয়ং সুরার্চ্চনে ॥ (৯) অন্যোঽন্যাভিমুখস্পর্শব্যত্যয়েন তু বেষ্টয়েৎ। অঙ্গুলীভিঃ প্রযত্নেন মণ্ডলীকরণং মুনে। চক্রমুদ্রেয়মাখ্যাতা ॥ (১০) গদা মুদ্রা ততঃ পরম্।' অন্যোঽন্যাভিমুখাশ্লিষ্টাঙ্গুলিঃ প্রোন্নতমধ্যমা ॥ (১১) অথাঙ্গুষ্ঠদ্বয়ং মধ্যে দত্ত্বাপি পরিতঃ করৌ। মণ্ডলীকরণং সম্যগঙ্গুলীনাং তপোধন। পদ্মমুদ্রাভবেদেষা

(১২) ধেনুমুদ্রা ততঃ পরম্ ॥ অনামিকা কনিষ্ঠাভ্যাং তর্জ্জনীভ্যাঞ্চ মধ্যমে। অন্যোহন্যাভিমুখাশ্লিষ্টে ততঃ কৌস্তুভসংজ্ঞিতা ॥ (১৩) কনিষ্ঠেঽন্যোঽন্যসংলগ্নেঽভিমুখেঽপি পরস্পরম্। বামস্যতর্জ্জনীমধ্যে মধ্যানামিকয়োরপি ॥ বামানামিকসংস্পৃষ্টা তর্জ্জনী-মধ্যশোভিতা। পর্য্যায়েণ নতাঙ্গুষ্ঠদ্বয়ী কৌস্তুভলক্ষণা। (১৪) কনিষ্ঠান্যোঽন্যসংলগ্না বিপরীতং বিযোজিতা। অধস্তাৎ স্থাপিতাঙ্গুষ্ঠা মুদ্রা গারুড়সংজ্ঞিতা ॥ (১৫) তর্জ্জন্যঙ্গুষ্ঠমধ্যস্থা মধ্যমানামিকাদ্বয়ী। কনিষ্ঠানামিকা মধ্যা তর্জ্জন্যগ্রে করদ্বয়ী। মুনে শ্রীবৎস-সমুদ্রেয়ং ॥ (১৬) বনমালা ভবেত্ততঃ ॥ কনিষ্ঠানামিকা মধ্যা মুষ্টিরুন্নীততর্জ্জনী। পরভ্রান্তা শিরস্যুচ্চৈস্তর্জ্জনীভ্যাং দিবৌকসঃ। মুদ্রা যোনিঃ সমাখ্যাতা সঙ্কোচিতকরদ্বয়ী ॥ (১৭) তর্জ্জন্যঙ্গুষ্ঠমধ্যান্তঃস্থিতানামিকযুগ্মকা। মধ্যমূলস্থিতাঙ্গুষ্ঠা জ্ঞেয়া শস্ত্রার্চ্চনে মুনে ॥ ইতি ॥ ৪২ ॥

———

অথাসনাদ্যর্পণম্

ততো নিক্ষিপ্য দেবস্যোপরি পুষ্পাঞ্জলিত্রয়ম্।
দত্ত্বাসনার্থং পুষ্পঞ্চ স্বাগতং বিধিনা চরেৎ ॥ ৪৩ ॥

অনুবাদ—অনন্তর আসনাদি অর্পণ—অতঃপর ইষ্টদেবতার উপর তিনবার পুষ্পাঞ্জলি নিক্ষেপ করিয়া এবং আসনের জন্য পুষ্প নিবেদন করিয়া বিধি অনুসারে স্বাগত বিধান করিবে।

নিয়মগুলি এইরূপ—(শ্রীকৃষ্ণায় আসনং নিবেদয়ামি, শ্রীকৃষ্ণ! ইদম্ আসনম্, অত্র সুখমাস্যতাম্ এইরূপ বলিয়া আসন সমর্পণ করিয়া পুনরায় "শ্রীকৃষ্ণ সহপরিবারেণ স্বাগতং করোষী" এই বলিয়া স্বাগত মুদ্রা দ্বারা স্বাগত করাইবে ॥ ৪৩ ॥

টীকা—বিধিনেতি—শ্রীকৃষ্ণায়াসনং নিবেদয়ামীতি শ্রীকৃষ্ণ ইদমাসনমত্রাস্যতাং সুখমিত্যেবমাসনং সমর্প্য, 'শ্রীকৃষ্ণ সহ-পরিবারেণ স্বাগতং করোষী' ইতি স্বাগতমুদ্রয়া স্বাগতং কুর্য্যাদিত্যেবং বিধির্দ্রষ্টব্যঃ। মূলমন্ত্রেণৈব সর্ব্বেষামুপচারাণাং সমর্পণঞ্চ ॥ ৪৩

———

আসনাদ্যুপচারেষু মুদ্রাঃ ষোড়শ দর্শয়েৎ।
প্রসিদ্ধাঃ পদ্ম-স্বস্ত্যাদ্যা বিদ্বান্ ষোড়শসু ক্রমাৎ ॥৪৪॥

শ্রীকৃষ্ণায়ার্পয়েদর্ঘ্যং পাদ্যমাচমনীয়কম্।
মধুপর্কং পুনশ্চাচমনীয়ঞ্চ বিধির্যথা ॥ ৪৫ ॥

অনুবাদ—মুদ্রাভিজ্ঞ বিদ্বান ব্যক্তি আসনাদি যাবতীয় পূজার উপহার প্রদান কার্য্যে পদ্ম, স্বস্তি প্রভৃতি ষোড়শ প্রকার মুদ্রা ক্রমানুসারে প্রদর্শন করাইবেন ॥ ৪৪ ॥

তারপর শ্রীকৃষ্ণকে বিধি অনুসারে অর্ঘ্য, পাদ্য, আচমনীয়, মধুপর্ক ও পুনরাচমনীয় দিতে হইবে ॥৪৫

টীকা—সর্ব্বেষ্বপ্যুপচারেষু তত্তন্মুদ্রা দর্শয়িতব্যা ইতি প্রসঙ্গাদেকত্রৈব তা বিজ্ঞাপয়তি—আসনেতি। বিদ্বান্ তত্তন্মুদ্রাপ্রকারাভিজ্ঞঃ, ষোড়শসু আসনস্বাগতার্ঘ্যাদ্যুপচারেষু পদ্মাদ্যাঃ ষোড়শমুদ্রা ক্রমেণ দর্শয়েৎ। তাশ্চ প্রসিদ্ধা ইতি তত্তল্লক্ষণলিখনেনালমিতি ভাবঃ। তশ্চোক্তাঃ (১)—"আসনে পদ্মমুদ্রৈব কথিতা মুনিভিস্তথা। (২) ঈষন্নম্রাঙ্গুলির্দক্ষঃ সন্ত্যজ্যাঙ্গুষ্ঠকং করঃ। স্বাগতে স্বস্তিমুদ্রা তু মধ্যা মূলগতাঙ্গুলিঃ। (৩) স্বস্তিমুদ্রা দ্বিহস্তা চেন্মুদ্রা ত্বর্ঘ্যস্য কীর্ত্তিতা ॥ (৪) তৌ চ প্রসারিতৌ হস্তৌ পাদ্যমুদ্রা প্রকীর্ত্তিতা ॥ (৫) দেশিনী মূলগাঙ্গুষ্ঠা দক্ষিণাধঃকনীয়সী। আচামমুদ্রা বিখ্যাতা দেবতাচমনে বিধৌ ॥ (৬) সংযুক্তানামিকাঙ্গুষ্ঠা তিস্রোঽন্যাঃ সংপ্রসারিতাঃ। মধুপর্কে চ সা মুদ্রা, (৭) সন্ত্যজ্য চ কনীয়সীম্। কৃত্বা মুষ্টিং তথা স্নানে মধ্যমাঙ্গুষ্ঠকৌ যুতৌ ॥ (৮) অন্যাঃ প্রসারিতাস্তিস্রো মুদ্রা বস্ত্রস্য চোদিতাঃ। (৯) মাধুপর্কী সমুত্তানা মুদ্রালঙ্কারিকী স্মৃতা ॥ (১০) কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ লগ্নৌ তিস্রো মধ্যাঃ প্রসারিতাঃ। যজ্ঞোপবীতমুদ্রেয়ং বিদ্বদ্ভিঃ পরিকীর্ত্তিতা ॥ (১১) মুক্তনির্ম্মালিকা মুষ্টির্গন্ধমুদ্রেতি সা স্মৃতা। (১২) উত্থিতাধোমুখী মধ্যা সাঙ্গুষ্ঠাশ্চেতরেতরাঃ ॥ পুষ্পমুদ্রা তদাখ্যাতা সর্ব্বসিদ্ধিপ্রদায়িনী। (১৩) অঙ্গুষ্ঠং তর্জ্জনীলগ্নং তিস্রঃ সঙ্কুচিতাঃ পরাঃ ॥ মুদ্রা ধূপপ্রদানে স্যাদ্দেবানাং তুষ্টিকারিণী। (১৪) উত্তমা ধৌপকী মুদ্রা দীপমুদ্রেতি কীর্ত্তিতা ॥ (১৫) পঞ্চাঙ্গুল্যগ্রসংলগ্না প্রোত্থিতোর্দ্ধমুখী যদি। দ্বিধা নিবদ্ধা মুদ্রেয়ং নৈবেদ্যস্য প্রকীর্ত্তিতা ॥ (১৬) নাভৌ হৃদি ললাটে চ করসম্পুটয়োর্গতা। নমস্কারে ত্বিয়ং মুদ্রা দেবতানাং প্রসাদনী ॥" ইতি ॥ ৪৪ ॥

———

তথা চ স্মৃত্যর্থসারে—

আবাহনাসনং পাদ্যমর্ঘ্যমাচমনীয়কম্ ।
স্নানমাচমনং বস্ত্রাচমনং চোপবীতকম্ ॥ ৪৬ ॥
আচমনং গন্ধপুষ্পং ধূপদীপং প্রকল্পয়েৎ ।
নৈবেদ্যং পুনরাচামং নত্বা স্তুত্বা বিসর্জ্জয়েৎ ॥ ৪৭ ॥

অনুবাদ—অতএব স্মৃত্যর্থসার গ্রন্থে বর্ণিত হইয়াছে—আবাহন, আসন, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, স্নান ও আচমনীয়, বস্ত্র ও আচমনীয়, উপবীত ও আচমনীয়, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য ও পুনরাচমনীয় নিবেদন করিবে। তাহার পর নমস্কার ও স্তবপাঠ পূর্ব্বক বিসর্জ্জন করিতে হয় ॥ ৪৬-৪৭ ॥

———

অন্যত্র চ—

আদৌ পুষ্পাঞ্জলিং দত্বা পাদার্চ্চনমতঃপরম্ ।
পাদ্যমর্ঘ্যন্ত্বাচমনং মধুপর্কং যথোদিতম্ ॥ ৪৮ ॥
অভ্যঙ্গোদ্বর্ত্তনে কৃত্বা মহাস্নানং সমাচরেৎ ।
অভিষেকাঙ্গবস্ত্রঞ্চ দত্বা নীরাজয়েদ্ধরিম্ ॥ ইতি ॥৪৯॥
শ্রীমূর্ত্তৌ তু শিরস্যর্ঘ্যং দদ্যাৎ পাদ্যঞ্চ পাদয়োঃ ।
মুখে চাচমনীয়ং ত্রির্মধুপর্কঞ্চ তত্র হি ॥ ৫০ ॥
সর্ব্বেষ্বপ্যুপচারেষু পাদ্যাদিষু পৃথক্ পৃথক্ ।
আদৌ পুষ্পাঞ্জলিং কেচিদিচ্ছন্তি ভগবৎপরাঃ ॥৫১॥

অনুবাদ—অন্যত্রও বর্ণিত হইয়াছে—অগ্রে পুষ্পাঞ্জলি দিয়া চরণ-পূজা করিতে হয়। পরে যথা বিধানে পাদ্য, অর্ঘ্য, আচমনীয় ও মধুপর্ক সমর্পণ করিবে। তাহার পর তৈলাদি মর্দ্দন ও গাত্র মার্জ্জন করিয়া মহাস্নান করাইতে হইবে। তারপর অভিষেকবস্ত্র ও অঙ্গবস্ত্র নিবেদন করিয়া শ্রীহরির আরাত্রিক করিতে হইবে। প্রতিমার্চ্চনস্থানে প্রতিমার মস্তকদেশে অর্ঘ্য, পাদযুগলে পাদ্য, মুখে তিনবার আচমনীয় ও মধুপর্ক নিবেদন করিবে। কোন কোন ভক্ত পাদ্যাদি সকল উপচার নিবেদন কার্য্যেই প্রথমতঃ এক এক পুষ্পাঞ্জলি প্রদানের বিধান দিয়া থাকেন ॥ ৪৮-৫১ ॥

টীকা—বিধির্যথা তথেত্যর্থঃ ; যদ্বা, বদভাবশ্চান্দসঃ ; বিধিবদ্‌যথা স্যাদিতি—শ্রীকৃষ্ণায়ার্ঘ্যং নিবেদয়ামি স্বাহা ইত্যর্ঘ্যম্ ; তথৈব শ্রীকৃষ্ণায় স্বধা ইত্যাচমনীয়ম্ ; তথৈব মধুপর্কং চেত্যেবং তত্তন্মুদ্রয়া সমর্পয়েদিত্যত্র বিধির্জ্ঞেয়ঃ ॥ ৪৫-৪৯ ॥

টীকা—শ্রীমূর্ত্তৌ স্থিতি—শালগ্রামশিলায়াং সাক্ষাৎ সর্ব্বাবয়বাবির্ভাবদৃষ্ট্যা তত্তদবয়বভাবনয়া সম্মুখে তত্তন্নিবেদয়েদিতি সূচিতম্। ত্রিঃ বারত্রয়মাচনীয়ং দদ্যাৎ। তত্র তস্মিন্ মুখ এব ॥ ৫০-৫১ ॥

———

অথ আসনাদ্যর্পণমাহাত্ম্যম্

নরসিংহপুরাণে—

দত্বাসনমথার্ঘ্যঞ্চ পাদ্যমাচমনীয়কম্ ।
দেবদেবস্য বিধিনা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৫২ ॥

অনুবাদ—অনন্তর আসনাদি অর্পণের মাহাত্ম্যে নরসিংহ পুরাণ বলেন—বিধান অনুসারে দেবদেবকে আসন, অর্ঘ্য পাদ্য ও আচমনীয় নিবেদন করিলে সমস্ত প্রকার পাপ হইতে নিস্তার লাভ করা যায় ॥ ৫২ ॥

———

বিষ্ণুধর্ম্মোত্তরে—

আসনানাং প্রদানেন স্থানং সর্ব্বত্র বিন্দতি ।
গোদানফলমাপ্নোতি তথা পাদ্যপ্রদো নরঃ ॥ ৫৩ ॥
ততস্ত্বর্হণদানেন সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ।
তথৈবাচমনীয়স্য দাতা ব্রাহ্মণসত্তমাঃ ॥ ৫৪ ॥
তীর্থতোয়ং তথা দত্বা দেবস্যাচমনং পুনঃ ।
স্বর্গলোকমবাপ্নোতি সর্ব্বপাপবিবর্জ্জিতঃ ।
নরস্ত্বাচমনীয়স্য দাতা ভবতি নির্ম্মলঃ ॥ ৫৫ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—আসনসমূহ প্রদানের দ্বারা সর্ব্বত্র স্থান লাভ হয়। পাদ্য প্রদানের ফলে গোদানের ফল লাভ হইয়া থাকে। হে বিপ্র শ্রেষ্ঠগণ! অর্ঘ্য ও আচমনীয় নিবেদনকারীরও সমস্ত পাপ দূর হয়। তীর্থবারি দ্বারা আচমনীয় অর্পণ করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া দেবলোকে বাস লাভ হয়। যিনি আচমনীয় নিবেদন করেন তাঁহার শরীর পাপশূন্য হয় ॥৫৩-৫৫

টীকা—অর্হণম্ অর্ঘ্যং পাদ্যঞ্চ তদ্দানেন, হে ব্রাহ্মণসত্তমাঃ, তীর্থতোয়মাচমনম্, আচমনীয়স্য জাত্যাদিদ্রব্যসাধিতস্যেতি ভেদঃ ॥ ৫২-৫৫ ॥

———

মধুপর্কস্য দানেন পরং পদমিহাপ্নুতে ॥ ৫৬ ॥

অনুবাদ—মধুপর্ক দান করিলেই ইহলোকে পরমপদ লাভ করা যায় ॥ ৫৬ ॥

———

বিষ্ণুপুরাণে চ—

মধুপর্কবিধিং কৃত্বা মধুপর্কং প্রযচ্ছতি ।
ব্রহ্মন্ স যাতি পরমং স্থানমেতন্ন সংশয়ঃ ॥ ৫৭ ॥

অনুবাদ—বিষ্ণুপুরাণেও বলা হইয়াছে—হে ব্রহ্মন্ ! যিনি যথাবিধি মধুপর্ক নির্ম্মাণ করিয়া নিবেদন করেন, তিনি পরমস্থানে গমন করেন, ইহাতে কোন প্রকার সন্দেহ নাই ॥ ৫৭ ॥

টীকা—মধুপর্কস্য বিধিং কৃত্বা তত্তদ্দ্রব্যং সম্পাদ্য লিখিত-দ্রব্য-প্রকারেণেত্যর্থঃ ॥ ৫৭ ॥

———

অথ স্নানম্

বিজ্ঞাপ্য দেবং স্নানার্থং পাদুকে পুরতোঽর্পয়েৎ ।
মহাবিদ্যাদিনা চৈব স্নানস্থানং ততো নয়েৎ ॥ ৫৮ ॥

অনুবাদ—অনন্তর স্নান—"ভগবন্ স্নানভূমিম্ অলঙ্কুরু" ভগবানের নিকট এই প্রকারে নিবেদন করতঃ অনুমতি লইয়া—'পাদুকে নিবেদয়ামি নমঃ' এই বলিয়া সম্মুখভাগে পাদুকাযুগল অর্পণ করিতে হইবে। তারপর মহাদেবী প্রভৃতির সহিত—অর্থাৎ গীত, নৃত্য, ছত্র, চামরাদিসহ তাঁহাকে স্নানস্থানে লইয়া যাইতে হইবে। স্নানার্থ ঈশানকোণে স্নানমণ্ডপ তৈরী করিতে হয়। অভাবে মনে মনে স্নানমণ্ডপের চিন্তা করিতে হইবে ॥ ৫৮ ॥

টীকা—বিজ্ঞাপ্য 'ভগবন্ স্নানভূমিমলঙ্কুরু' ইতি নিবেদনং কৃত্বা, ততশ্চ পীঠাদুত্থিতস্য ভগবতঃ' 'পাদুকে নিবেদয়ামি নমঃ' ইতি ভগবদগ্রে পাদুকাদ্বয়ং সমর্পয়েৎ। এবং পূর্ব্বলিখিতানুসারেণাগ্রেঽপি সর্ব্বত্র বিধির্দ্রষ্টব্যঃ। তৎ দেবম্, আদি-শব্দেন গীতনৃত্যচ্ছত্রচামরাদি, স্নানস্থানং স্নানার্থমৈশানকোণে নির্ম্মিতস্নানমণ্ডপম্, তদভাবে ভাবনয়ৈবেত্যেবং সর্ব্বত্রৈব বোদ্ধব্যম্ ॥ ৫৮ ॥

———

প্রাগ্বত্তত্রাসনং পাদ্যং তত্রৈবাচমনীয়কম্ ।
নিবেদ্য দর্শয়েন্মুদ্রামমৃতীকরণীং বুধঃ ॥ ৫৯ ॥

অনুবাদ—বিচক্ষণব্যক্তি সেইস্থলে পূর্ব্ববৎ আসন, পাদ্য ও আচমনীয় নিবেদন করিয়া অমৃতীকরণ মুদ্রা প্রদর্শন করাইবেন ॥ ৫৯ ।

টীকা—তত্র স্নানস্থানে—'ভগবন্ স্নানীয়ং নিবেদয়ামি স্বাহা' ইত্যেবং নিবেদ্য; যদ্যপি স্নানমুদ্রা পৃথক্ লিখিতাস্তি; সাচাগ্রে দর্শ্যা, রামার্চ্চনচন্দ্রিকায়াং, তথাপি শিষ্টাচারাদমৃতীকরণীং ধেনুমুদ্রেতি প্রসিদ্ধাং মুদ্রামপি দর্শয়েৎ। অতএব লিখিতম্—বুধ ইতি ॥ ৫৯ ॥

———

শালগ্রামশিলারূপং ততো দেবং নিবেশয়েৎ ।
স্নানপাত্রে নিজাভীষ্টাং চলাং শ্রীমূর্ত্তিমেব বা ॥৬০॥

অনুবাদ—তারপর স্নানপাত্রে শালগ্রামরূপী শ্রীভগবানকে কিংবা নিজসেবিত ইষ্টমূর্ত্তিকে স্থাপন করিতে হইবে ॥ ৬০ ॥

টীকা—শালগ্রামশিলারূপমিত্যেবং ক্বচিৎ ক্বচিন্নির্দ্দেশস্তন্মাহাত্ম্যভরাপেক্ষয়া কেষাঞ্চিৎ সত্যং শ্রীমূর্ত্ত্যা সহৈব তৎপূজয়া তৎপ্রকারবোধনায়েতি দিক্। স্নানপাত্রে নিবেশয়েদিতি শ্রীচরণামৃতাপেক্ষয়া ফলবিশেষাপেক্ষয়া বা ॥ ৬০ ॥

———

অথ স্নানপাত্রম্

স্কন্দপুরাণে—

কৃত্বা তাম্রময়ে পাত্রে যোঽর্চ্চয়েন্মধুসূদনম্ ।
ফলমাপ্নোতি পূজায়াঃ প্রত্যহং শতবার্ষিকম্ ॥ ৬১ ॥
যোঽর্চ্চয়েন্মাধবং ভক্ত্যা অশ্বত্থদলসংস্থিতম্ ।
প্রত্যহং লভতে পুণ্যং পদ্মাযুতসমুদ্ভবম্ ॥ ৬২ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে বলেন—যিনি তাম্রপাত্রে স্থাপন করিয়া শ্রীমধুসূদনকে স্নান করান, তিনি শতবর্ষ স্নানের ফল এক এক দিনেই লাভ করিয়া থাকেন। যিনি প্রত্যহ অশ্বত্থপত্রে স্থাপন করিয়া ভক্তিপূর্ব্বক শ্রীমাধবের পূজা করেন, তিনি দশ হাজার পদ্ম দানের ফল লাভ করেন ॥ ৬১-৬২ ॥

টীকা—অর্চ্চয়েদিত্যনেন যদ্যপি পূজায়াং সর্ব্বত্রৈব তত্তৎ পাত্রমপেক্ষ্যতে, তথাপ্যুপচারেষু স্নানস্য মুখ্যত্বেনাত্র লিখিতং, পদ্মাযুতসমুদ্ভবং দশসহস্রকমলদানজম্। যদ্বা, পদ্মং সংখ্যাবিশেষঃ তস্যাপ্যযুতং, তাবদ্বর্ষপূজাসমুদ্ভবং পুণ্যমেকদিনেনৈব প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৬১-৬২ ॥

———

রম্ভাদলোপরি হরিং কৃত্বা যোঽভ্যর্চ্চয়েন্নরঃ।
বর্ষাযুতং ভবেৎ প্রীতঃ কেশবঃ প্রিয়য়া সহ ॥৬৩॥
যে পশ্যন্তি সকৃদ্ভক্ত্যা পদ্মপত্রোপরিস্থিতম্।
ভক্ত্যা পদ্মালয়াকান্তং তৈরাপ্তং দুর্ল্লভম্ ফলম্ ॥
ইতি ॥ ৬৪ ॥

অনুবাদ—কদলীপত্রের উপর রাখিয়া শ্রীহরির পূজা করিলে কেশব নিজ প্রিয়া লক্ষ্মীদেবী সহ তাঁহার প্রতি দশ হাজার বৎসর প্রীত থাকেন। যাঁহারা ভক্তিসহকারে শ্রীহরিকে একবার মাত্র পদ্মপত্রস্থিত অবস্থায় দর্শন করিয়াছেন, তাঁহারা দুর্ল্লভ ফল পাইয়াছেন ॥ ৬৩-৬৪ ॥

———

ততঃ শঙ্খেনাভিষেকং কুর্য্যাদ্ঘণ্টাদিনিস্বনৈঃ।
মূলেনাষ্টাক্ষরেণাপি ধূপয়ন্নন্তরান্তরা ॥ ৬৫ ॥

অনুবাদ—এরপর ঘণ্টাদি বাদ্য সহকারে শঙ্খস্থিতজল দ্বারা অভিষেক করিতে হইবে এবং মাঝে মাঝে অষ্টাক্ষর মূলমন্ত্র সহকারে ধূপ অর্পণ করিতে হইবে ॥ ৬৫ ॥

টীকা—অন্তরান্তরা স্নানকালে মধ্যে মধ্যে ধূপমর্পয়ন্ সুরভিধূপমর্পয়ন। তথা চ শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াং, স্নানোপচারমধ্যে—'সকৃষ্ণাগুরুধূপেন ধূপয়ন্নন্তরান্তরা' ইতি। অতএবাস্য মাহাত্ম্যমগ্রে লেখ্যং—'স্নানকালে তু কৃষ্ণস্য অগুরুং দহতে তু যঃ' ইত্যাদি ॥ ৬৫ ॥

———

তত্র তু প্রথমং ভক্ত্যা বিদধীত সুগন্ধিভিঃ।
দিব্যৈস্তৈলাদিভি র্ব্যৈরভ্যঙ্গং শ্রীহরেঃ শনৈঃ ॥ ৬৬ ॥

অনুবাদ—উপরি উক্ত স্নানকার্য্যে প্রথমতঃ দিব্য সুগন্ধি তৈলাদি দ্বারা ভক্তিসহকারে শ্রীহরির সর্ব্বাঙ্গ ধীরে ধীরে মর্দ্দন করিতে হইবে ॥ ৬৬ ॥

———

অথাভ্যঙ্গদ্রব্যাণি তন্মাহাত্ম্যঞ্চ

স্কান্দে—

মালতীজাতিমাদায় সুগন্ধানান্তু বা পুনঃ ॥ ৬৭ ॥
তথান্যপুষ্পজাতীনাং গৃহীত্বা ভক্তিতো নরাঃ।
যে স্নাপয়ন্তি দেবেশমুৎসবে বৈ হরের্দ্দিনে ॥ ৬৮ ॥
মেদিনীদানতুল্যং হি ফলমুক্তং স্বয়ম্ভুবা।
যঃ পুনঃ পুষ্পতৈলেন দিব্যৌষধিযুতেন হি ॥ ৬৯ ॥
অভ্যঙ্গং কুরুতে বিষ্ণোর্মধ্যে ক্ষিপ্তা তু কুঙ্কুমম্।
রোমাঞ্চিততনুর্ভূত্বা প্রিয়য়া সহ মাধবঃ।
প্রীত্যা বিভর্ত্তি স্বোৎসঙ্গে মন্বন্তরশতং হরিঃ ॥ ৭০ ॥

অনুবাদ—অতঃপর মর্দ্দনদ্রব্যসকল এবং সেই সকলের মাহাত্ম্য স্কন্দপুরাণে বর্ণিত হইয়াছে—যিনি নিত্য মালতী, জাতি কিংবা অন্যান্য সুগন্ধি পুষ্প লইয়া বিশেষতঃ একাদশী প্রভৃতি উৎসব দিনে শ্রীহরিকে স্নান করান, ব্রহ্মা বলিয়াছেন—তিনি পৃথিবী দানের ফল লাভ করেন। যিনি উৎকৃষ্ট ঔষধিযুক্ত কুঙ্কুমমিশ্রিত পুষ্পতৈল দ্বারা শ্রীবিষ্ণুর গাত্রমর্দ্দন করেন, শ্রীমাধব প্রিয়ার সহিত রোমাঞ্চিত কলেবর হইয়া আনন্দে তাঁহাকে একশত মন্বন্তর নিজক্রোড়ে ধারণ করেন ॥ ৬৭-৭০ ॥

টীকা—এবং সামান্যেন স্নানপ্রকারং লিখিত্বা ইদানীং বিশেষতো লিখতি—তত্র ত্বিত্যাদিনা স্নাপয়েৎ পুনরিত্যন্তেন ॥ ৬৬-৬৭ ॥

টীকা—বৈ ইতি বিশেষে। নিত্যং যে স্নাপয়ন্তি বিশেষতশ্চৈকাদশ্যাদ্যুৎসবদিনে ইত্যর্থঃ ॥ ৬৮ ॥

———

বিষ্ণুধর্ম্মোত্তরে চ—

গন্ধতৈলানি দিব্যানি সুগন্ধীনি শুচীনি চ।
কেশবায় নরো দত্ত্বা গন্ধর্ব্বৈঃ সহ মোদতে ॥ ৭১ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—মনুষ্য কর্ত্তৃক দিব্য সুগন্ধি তৈল কেশবকে অর্পণ করা হইলে কেশব প্রীত হইয়া গন্ধর্বগণের সহিত আনন্দ উপভোগের সুযোগ দিয়া থাকেন ॥ ৭১ ॥

———

অথ পঞ্চামৃতস্নপনম্

ততঃ শঙ্খভৃতেনৈব ক্ষীরেণ স্নাপয়েৎ ক্রমাৎ।
দধ্না ঘৃতেন মধুনা খণ্ডেন চ পৃথক্ পৃথক্॥ ৭২॥
পঞ্চামৃতাদ্যৈঃ স্নপনং সদা নেচ্ছন্তি তৎপ্রিয়াঃ।
কিন্তু তৈঃ কাল-দেশাদিবিশেষে কারয়ন্তি তৎ॥৭৩॥

অনুবাদ—তারপর শঙ্খে দুগ্ধ, দধি, ঘৃত, মধু ও শর্করা গ্রহণ করিয়া ক্রমান্বয়ে পৃথক্ পৃথক্‌রূপে স্নান করাইবে। ভক্তগণ সর্ব্বদা পঞ্চামৃত দ্বারা স্নান করাইবার বিধান করেন না, কিন্তু দেশকালবিশেষে উহার ব্যবস্থা দিয়া থাকেন॥ ৭২-৭৩॥

টীকা—পৃথক্ পৃথক্ ইতি তেষাং চতুঃষষ্ট্যুপচারেযুক্তস্য প্রত্যেকমুপচারস্য সিদ্ধ্যর্থং পৃথক্ত্বেন তত্তৎফলোক্তেঃ॥ ৭২॥

অথ তৎপরিমাণম্

ব্রহ্মপুরাণে—

দেবানাং প্রতিমা যত্র ঘৃতাভ্যঙ্গস্ততো ভবেৎ।
পলানি তস্য দেয়ানি শ্রদ্ধয়া পঞ্চবিংশতিঃ॥ ৭৪॥
অষ্টোত্তর-পলশতং স্নানে দেয়ঞ্চ সর্ব্বদা।
দ্বে সহস্রে পলানান্তু মহাস্নানে চ সংখ্যয়া॥ ৭৫॥
দাতব্যো যেন সর্ব্বাসু দিক্ষু নির্য্যাতি তদ্ঘৃতম্॥
ইতি॥ ৭৬॥

অনুবাদ—ব্রহ্মপুরাণে যথা—দেবতাদিগের প্রতিমাস্থলে শ্রদ্ধাসহকারে পঁচিশ পল ঘৃত মর্দ্দন করিতে হইবে। সক্ষম হইলে সর্ব্বদা স্নানের সময় ১০৮ পল ঘৃত মাখাইবে। মহাস্নানের সময় দুহাজার পল ঘৃত দেওয়ার নিয়ম আছে। এইরূপ ভাবে ঘৃত দিতে হইবে যাহাতে তাহা সকল দিক হইতে বহির্গত হইতে পারে॥ ৭৪-৭৬॥

টীকা—প্রমেতি পাঠে পরিমাণমিত্যর্থঃ; তস্য ঘৃতস্য পঞ্চবিংশতিঃ পলানি অবশ্যং দেয়ানি। শক্তৌ চ সত্যামষ্টোত্তরপলশতং দেয়মিত্যর্থঃ। যদ্বা, তৈলাদিভিরিব ঘৃতেন যোঽভ্যঙ্গস্তত্র পঞ্চবিংশতিঃ পলানি, স্নানে চাষ্টোত্তরশতপলানি দদ্যাদিত্যর্থং॥ ৭৪-৭৫॥

দুগ্ধাদাবপি সংখ্যেয়মেবং জ্ঞেয়া মনীষিভিঃ।
পলসংখ্যা চ বিজ্ঞেয়া যাজ্ঞবল্ক্যাদিবাক্যতঃ॥ ৭৭॥

অনুবাদ—পণ্ডিতগণের অভিমত অনুসারে দুগ্ধাদির পরিমাণও এই প্রকারই হইবে। যাজ্ঞবল্ক্যাদির বচন হইতে পল সংখ্যা জানিতে হইবে॥ ৭৭॥

টীকা—ইয়ং ঘৃতবিষয়িকা যা সংখ্যা, সৈব॥৭৭॥

তথা হি—

পঞ্চকৃষ্ণলকো মাষস্তে সুবর্ণস্তু ষোড়শ।
সুবর্ণানাঞ্চ চত্বারঃ পলমিত্যভিধীয়তে॥ ইতি॥ ৭৮॥

অনুবাদ—উক্ত বিষয়ে প্রমাণ এই যে—পঞ্চগুঞ্জা (কুঁচফল) পরিমাণে এক মাষ, ষোলমাষে এক সুবর্ণ এবং চারি সুবর্ণে এক পল হয়॥ ৭৮॥

টীকা—পঞ্চ কৃষ্ণলকানি গুঞ্জাফলানি যস্মিন্ সঃ, তে মাষাঃ ষোড়শ—সুবর্ণঃ॥ ৭৮॥

স্নানার্থে সুরভীক্ষীরং মহিষ্যাদ্যাস্তু কুৎসিতাঃ॥৭৯॥

অনুবাদ—আরও বলা হইয়াছে যে, স্নানের জন্য গাভীর দুগ্ধ প্রশস্ত। মহিষী প্রভৃতির দুগ্ধ নিন্দনীয়॥ ৭৯॥

টীকা—কুৎসিতা ইতি তাসাং ক্ষীরমপি নিত্যং স্নানার্থং ন গ্রাহ্যমিত্যর্থঃ॥ ৭৯॥

কিঞ্চ—

অথ ক্ষীরাদিস্নপন-মাহাত্ম্যম্

বিষ্ণুধর্ম্মোত্তরে—

শরীরদুঃখশমনং মনোদুঃখবিনাশনম্।
ক্ষীরেণ স্নপনং বিষ্ণোঃ ক্ষীরাম্ভোধিপ্রদং তথা॥৮০॥

অনুবাদ—অতঃপর দুগ্ধাদিদ্বারা স্নান করাইবার মাহাত্ম্য বিষ্ণুধর্ম্মোত্তরে বর্ণিত হইয়াছে—দুগ্ধদ্বারা শ্রীবিষ্ণুকে স্নান করাইলে দেহ ও মনের দুঃখ দূর হয় এবং ক্ষীরসমুদ্রে বাসের সুযোগ লাভ হয়॥ ৮০॥

অগ্নিপুরাণে—

গবাং শতস্য বিপ্রেভ্যঃ সম্যগ্দত্তস্য যৎ ফলম্।
ঘৃতপ্রস্থেন তদ্বিষ্ণোর্লভেৎ স্নানায় সংশয়ঃ॥ ৮১॥

ইন্দ্রদ্যুম্নেন ন সংপ্রাপ্তা সপ্তদ্বীপা বসুন্ধরা।
ঘৃতোদকেন সংযুক্তা প্রতিমা স্নাপিতা কিল ॥ ৮২ ॥
প্রতিমাসং সিতাষ্টম্যাং ঘৃতেন জগতাং পতিম্।
স্নাপয়িত্বা সমভ্যর্চ্চ্য সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৮৩ ॥
জ্ঞানতোঽজ্ঞানতো বাপি যৎ পাপং কুরুতে নরঃ ॥
তৎ ক্ষালয়তি সন্ধ্যায়াং ঘৃতস্নপনতোষিতঃ ॥ ৮৪ ॥
যেষু ক্ষীরবহা নদ্যো নদাঃ পায়সকর্দ্দমাঃ।
তাঁল্লোকান্ পুরুষা যান্তি ক্ষীরস্নপনকা হরেঃ ॥৮৫॥

অনুবাদ—অগ্নিপুরাণে এই বিষয়ে বলা হইয়াছে—বিধিপূর্ব্বক ব্রাহ্মণগণকে একশত গো-প্রদানে যে ফল লভ্য হয়, একবার শ্রীবিষ্ণুকে ঘৃত দ্বারা স্নান করাইলে সেই ফল লাভ হয়, ইহাতে সংশয় নাই। ইন্দ্রদ্যুম্ন রাজা ঘৃত ও জলদ্বারা শ্রীবিষ্ণুকে স্নান করাইয়া সপ্তদ্বীপা পৃথিবী লাভ করিয়াছিলেন। প্রতি মাসের শুক্লাষ্টমীতে ঘৃতদ্বারা জগৎপতিকে স্নান করাইয়া পূজা করিলে সকল পাপ হইতে মুক্তি লাভ হয়। জ্ঞানে বা অজ্ঞানে মানুষ যে কিছু পাপ আচরণ করে, শ্রীহরি সায়ংকালীন ঘৃতস্নানে প্রীত হইয়া সেই সকল পাপ নাশ করেন। যে সকল স্থানের নদী দুগ্ধবাহিনী এবং নদসমূহের পায়স কর্দ্দম, শ্রীহরিকে দুগ্ধদ্বারা স্নানকারী ব্যক্তিগণ সেই সমস্ত লোকে গমন করেন ॥ ৮১-৮৫ ॥

টীকা—প্রস্থাদিসংখ্যা চ গোপথব্রাহ্মণে -'দ্বাত্রিংশৎপলকং প্রস্থমুক্তং স্বয়মথর্ব্বণা। আঢ়কস্তু চতুঃপ্রস্থৈশ্চতুর্ভির্দ্রোণ আঢ়কৈঃ ॥ ইতি ॥ ৮১ ॥

টীকা—সন্ধ্যায়াং যদ্ঘৃতস্নাপনং, তেন তোষিতো জগতাং পতিঃ ॥ ৮৪ ॥

বিষ্ণুধর্ম্মে শ্রীপুলস্ত্যপ্রহলাদসংবাদে—
দ্বাদশ্যাং পঞ্চদশ্যাঞ্চ গব্যেন হবিষা হরেঃ।
স্নপনং দৈত্যশার্দ্দূল মহাপাতকনাশনম্ ॥ ৮৬॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মে শ্রীপুলস্ত্য-প্রহলাদ-সংবাদে—হে দৈত্যশ্রেষ্ঠ! দ্বাদশী ও পঞ্চদশীতে গব্য ঘৃতদ্বারা শ্রীহরিকে স্নান করাইলে মহাপাতক ধ্বংস হয়। এস্থলে দ্বাদশীতে প্রায়-ই বৈষ্ণবগণের উপবাস হয় এজন্য দ্বাদশী শব্দে এস্থলে উপবাস অর্থাৎ ব্রতদিনই জানিতে হইবে। ফলে পূর্ব্বে যে দ্বাদশীতে ভগবানকে স্নান করান নিষিদ্ধ হইয়াছে তাহার বিরোধ হইল না। অথবা দ্বাদশীর রাত্রি বলিলেও বিরোধ ঘটিতে পারে না। কাজেই বুঝা গেল দ্বাদশীর দিবা ভাগেই স্নান করাইতে নিষেধ করিয়াছেন। দ্বাদশী ও পঞ্চদশীতে স্নানে অধিক ফল হয়, কিন্তু আর আর তিথিতে স্নান করাইলে ও সেই ফল হইবে ॥ ৮৬ ॥

টীকা—দ্বাদশ্যামিতি প্রায়ো বৈষ্ণবানাং দ্বাদশ্যামুপবাসাপত্তের্ব্রতদিন ইত্যর্থঃ। 'স্নানং ন হরয়ে দদ্যাদ্দ্বাদশ্যাং বৈষ্ণবো দিবা' ইত্যাদিলেখ্যবচনাৎ। যদ্বা, দ্বাদশ্যামিতি দ্বাদশীরাত্রাবিত্যর্থঃ দিবৈব তত্র হরিস্নপননিষেধাৎ; এবমন্যত্রাপূহ্যম্। দ্বাদশ্যামিত্যাদিকং তত্র তত্র ফলবিশেষার্থম্; বস্তুতস্ত সর্ব্বাস্বপি তিথিম্বিবতি জ্ঞেয়ম্, অন্যথা বচনান্তরৈর্বিরোধাপত্তে; এবমগ্রেঽপি ॥ ৮৬ ॥

দধ্যাদীনাং বিকারাণাং ক্ষীরতঃ সম্ভবো যথা।
তথৈবাশেষকামানাং ক্ষীরস্নানং ততো হরেঃ ॥৮৭॥

অনুবাদ—দুগ্ধ হইতে যেমন দধি প্রভৃতির বিকৃতির ফলে উদ্ভব হয়, সেইপ্রকার শ্রীহরিকে দুগ্ধদ্বারা স্নান করাইলে তাহা হইতে বিবিধ অভীষ্টসিদ্ধি উৎপন্ন হয় ॥ ৮৭ ॥

নারসিংহে—
পয়সা যস্তু দেবেশং স্নাপয়েদ্গরুড়ধ্বজম্।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা বিষ্ণুলোকে মহীয়তে ॥ ৮৮ ॥
স্নাপ্য দধ্না সকৃদ্বিষ্ণুং নির্ম্মলং প্রিয়দর্শনম্।
বিষ্ণুলোকমবাপ্নোতি সেব্যমানঃ সুরোত্তমৈঃ ॥৮৯॥
দুঃস্বপ্নশমনং জ্ঞেয়মমঙ্গল্যবিনাশনম্।
মাঙ্গল্যবৃদ্ধিদং দধ্না স্নপনং নরপুঙ্গব ॥ ৯০ ॥
যঃ করোতি হরেরর্চ্চাং মধুনা স্নাপিতাং নরঃ।
অগ্নিলোকে স মোদিত্বা পুনর্বিষ্ণুপুরে বসেৎ ॥ ৯১ ॥
মধুনা স্নপনং কৃত্বা সৌভাগ্যমধিগচ্ছতি।
লোকমিন্দ্রাণ্যবাপ্নোতি তথৈবেক্ষুরসেন চ ॥ ৯২ ॥

অনুবাদ—নৃসিংহপুরাণে যথা—গরুড়ধ্বজকে যিনি দুগ্ধদ্বারা স্নান করান, তিনি সর্ব্বপ্রকার পাপশূন্য হইয়া বিষ্ণুলোকে আনন্দ ভোগ করেন। নির্ম্মল

প্রিয়দর্শন বিষ্ণুকে একবার মাত্র দধিদ্বারা স্নান করাইলে বিষ্ণুলোক লভ্য হয়। তথায় দেবশ্রেষ্ঠগণ তাঁহার পূজা করেন। হে নরোত্তম! দধিদ্বারা স্নান করাইলে দুঃস্বপ্নের অবসান, অমঙ্গল ধ্বংস ও মঙ্গল বৃদ্ধি হয়। যে মনুষ্য মধুদ্বারা স্নান করাইয়া শ্রীহরির অর্চ্চনা করেন তিনি প্রথমে অগ্নিলোকে সুখানুভব করতঃ অবশেষ বিষ্ণুপুরে গিয়া বাস করেন। মধু ও ইক্ষুরস দ্বারা স্নান করাইলে সৌভাগ্য লাভ হয় এবং লোক সকল তাঁহার মিত্র হয়॥ ৮৮-৯২॥

টীকা—স্নাপ্য স্নাপয়িত্বা॥ ৮৯॥

টীকা—স্নাপয়ম্ সন্ অর্চ্চাং পূজাং স্নপনাত্মকপূজামিত্যর্থঃ॥ ৯১॥

———

শ্রীদ্বারকামাহাত্ম্যে চ শ্রীমার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্নসংবাদে—

ক্ষীরস্নানং প্রকুর্ব্বন্তি যে নরা বিষ্ণুমূর্দ্ধনি।
তেনাশ্বমেধজং পুণ্যং বিন্দুনা বিন্দুনা স্মৃতম্॥৯৩॥
ক্ষীরাদ্দশগুণং দধ্না ঘৃতং তস্মাদ্দশোত্তরম্।
ঘৃতাদ্দশগুণং ক্ষৌদ্রং খণ্ডং তস্মাদ্দশোত্তরম্॥ ৯৪॥

অনুবাদ—শ্রীদ্বারকামাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয়-ইন্দ্রদ্যুম্ন-সংবাদেও বর্ণিত হইয়াছে—যাঁহারা দুগ্ধদ্বারা শ্রীবিষ্ণুর মস্তকে অভিষেক করেন, প্রতি বিন্দু দুগ্ধ পিছু তাঁহারা অশ্বমেধ যজ্ঞের ফল লাভ করেন। দুগ্ধস্নান হইতে দধিস্নান দশগুণ বেশী ফলদায়ক। ঘৃতস্নানে দধিস্নানের দশগুণ, মধুস্নানে ঘৃতস্নানের দশগুণ এবং এবং শর্করাস্নান মধুস্নান অপেক্ষা দশগুণ বেশী ফলপ্রদ॥ ৯৩-৯৪॥

———

পুষ্পোদকঞ্চ গন্ধোদং বর্দ্ধতে চ দশোত্তরম্।
মন্ত্রোদকঞ্চ দর্ভোদং তথৈব নৃপসত্তম॥ ৯৫॥
দ্রাক্ষারসং চূতরসং শতবাজিমখৈঃ সমম্।
তথৈব তীর্থনীরঞ্চ ফলং যচ্ছতি ভূমিপ॥ ৯৬॥

অনুবাদ—পুষ্পজল ও গন্ধজল দশ দশ গুণে প্রধান। হে রাজন্! মন্ত্রপূতজল ও কুশজল এইরূপে দশ দশ গুণে প্রধান। দ্রাক্ষারস ও আম্ররস শতাশ্বমেধ যজ্ঞের সমান। হে নৃপ! তীর্থজলও সেইপ্রকার ফলদায়ক॥ ৯৫-৯৬॥

টীকা—পুষ্পোদকাদীনাং মাহাত্ম্যবিশেষোক্তেঃ তৈরপি স্নাপয়েদিত্যূহ্যম্; তথা চোক্তং শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াম্—'নারিকেলোদকেনাপি কর্পূরাদিসুগন্ধিনা। কদলীপনসাম্রাদিজলেনাপি সুগন্ধিনা। শতং সহস্রময়ুতং শক্ত্যা বাপ্যভিষেচয়েৎ॥' ইতি॥৯৫

———

স্নপনং কৃষ্ণদেবস্য যঃ করোতি স্বশক্তিতঃ।
ফলমাপ্নোতি তৎ প্রোক্তং নিষ্কামো মুক্তিমাপ্নুয়াৎ॥

অনুবাদ—যিনি নিজের সামর্থ্য অনুসারে শ্রীকৃষ্ণকে স্নান করান, তিনি পূর্ব্বোক্ত প্রকার ফল লাভ করেন আর যাঁহারা নিষ্কাম তাঁহারা মুক্তি ফল লাভ করেন॥ ৯৭॥

টীকা—তৎ অশ্বমেধজাদিকং প্রাপ্নোতি সকামঃ॥ ৯৭॥

———

বিষ্ণুধর্ম্মোত্তরে—

তীর্থোদকানি পুণ্যানি স্বয়মানীয় মানবঃ।
তৈলস্য স্নপনং দত্ত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥ ৯৮॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত আছে—যদি মানুষ নিজে পবিত্র তীর্থজল আনিয়া তৈলসহ তাহা দ্বারা শ্রীহরিকে যদি স্নান করায়, তাহা হইলে সকল পাতক হইতে মুক্তি হয়॥ ৯৮॥

———

অথ স্নপনে ধূপনে ধূপনমাহাত্ম্যম্

স্কান্দে—

স্নানকালে তু কৃষ্ণস্য অগুরুং দহতে তু যঃ।
প্রবিষ্টো নাসিকারন্ধ্রং পাপং জন্মাযুতং দহেৎ॥৯৯॥
উদ্বর্ত্তনঞ্চ তৈলাদেরপসারণকারণম্।
দেবস্য কারয়েদ্দ্রব্যৈরুপযুক্তৈরনন্তরম্॥ ১০০॥

অনুবাদ—অতঃপর স্নপন ও ধূপন কার্য্যে ধূপনের মাহাত্ম্য সম্বন্ধে স্কন্দপুরাণে বলা হইয়াছে—শ্রীকৃষ্ণের স্নানের সময় যিনি অগুরু দাহ করেন, সেই অগুরুগন্ধ নাসারন্ধ্রে প্রবেশ করিলে দশ হাজার জন্মের পাপ দহন করে। তারপর তৈলাদি দূরী

করণার্থ উপযুক্ত সামগ্রী দ্বারা প্রভুর অঙ্গ মার্জ্জন করিবে ॥ ৯৯-১০০ ॥

টীকা—ধূপয়ন্নন্তরান্তরেতি যৎ স্নানকালে ধূপনং লিখিতং, তন্মাহাত্ম্যং লিখতি—স্নান ইতি। যমগুরুং দহতে দহতি জনঃ স এব প্রবিষ্টঃ সন্। য ইতি পাঠে তস্য পাপমগুরুরেব দহেৎ। প্রবিষ্টো নাসিকাং গন্ধ; ইতি পাঠেঽপি তথৈবার্থঃ। প্রবিষ্ট ইতি সপ্তম্যন্তপাঠে তদ্‌গন্ধ ইতি শেষঃ। ততশ্চ স এব জন্মাযুতকৃতং পাপং দহেৎ; যদ্বা, পাপং দুঃখরূপং জন্মাযুতং, জন্মাযুতেঽপি দুঃখং নাপ্নুয়াদিত্যর্থঃ ॥৯৯॥

টীকা—উপযুক্তৈঃ উদ্বর্ত্তনযোগ্যৈর্যবচূর্ণাদিভিঃ ॥ ১০০ ॥

অথোদ্বর্ত্তনং তন্মাহাত্ম্যঞ্চ

নারসিংহে—

যবগোধূমজৈশ্চূর্ণৈরুদ্বর্ত্ত্যোষ্ণেন বারিণা।
প্রক্ষাল্য দেবদেবেশং বারুণং লোকমাপ্নুয়াৎ ॥১০১॥

অনুবাদ—অনন্তর অঙ্গমার্জ্জন ও তাহার মাহাত্ম্য সম্বন্ধে শ্রীনৃসিংহপুরাণে যথা—যব অথবা গোধূম-চূর্ণদ্বারা অঙ্গ মার্জ্জনাপূর্ব্বক গরমজল দ্বারা দেবতার শ্রীঅঙ্গ ধৌত করিলে বরুণলোক প্রাপ্ত হইবে ॥ ১০১॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

গোধূম-যবচূর্ণৈস্তু তমুৎসাদ্য জনার্দ্দনম্।
লোধ্রচূর্ণক-সংকীর্ণৈর্বলরূপং তথাপ্নুয়াৎ ॥ ১০২ ॥
মসূরমাষচূর্ণঞ্চ কুঙ্কুমক্ষোদসংযুতম্।
নিবেদ্য দেবদেবায় গন্ধর্ব্বৈঃ সহ মোদতে ॥ ১০৩ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে—যবা বা গোধূমচূর্ণের সহিত মিশ্রিত লোধ্রচূর্ণ দ্বারা জনার্দ্দনের শ্রীঅঙ্গ মার্জ্জনা করিলে বল ও রূপ লাভ হয়। মসূর কিংবা মাষচূর্ণের সহিত কুঙ্কুমচূর্ণ মিশাইয়া দেব-দেবকে নিবেদন করিলে গন্ধর্ব্বগণের সহিত সানন্দে বাস করা যায় ॥ ১০২-১০৩ ॥

বারাহে—

কলায়কস্য চূর্ণেন পিষ্টচূর্ণেন বা পুনঃ।
তৈনৈবোদ্বর্ত্তনং কুর্য্যাদ্‌গন্ধপুষ্পৈশ্চ সংযুতম্।
যদীচ্ছেৎ পরমাং সিদ্ধিং মম কর্ম্মপরায়ণঃ ॥
ইতি ॥ ১০৪ ॥

অনুবাদ—বরাহপুরাণে—পরমসিদ্ধি অভিলাষ করিলে আমার পূজানিষ্ঠ ব্যক্তি গন্ধ পুষ্পযুক্ত কলায়-চূর্ণ কিংবা পিষ্টচূর্ণ দ্বারা আমার অঙ্গ মার্জ্জনা করিবে ॥ ১০৪ ॥

টীকা—উদ্বর্ত্ত্যতে যেন তদুদ্বর্ত্তনং গন্ধাদিভিঃ সংযুতং কুর্য্যাৎ ॥ ১০৪ ॥

ততঃ সমর্পয়েৎ কূর্চ্চমুষীরাদিবিনির্ম্মিতম্।
মলাপকর্ষণাদ্যর্থং শ্রীমন্মূর্ত্ত্যঙ্গসন্ধিতঃ ॥ ১০৫ ॥

অনুবাদ—তারপর শ্রীমূর্ত্তির অঙ্গসকলের সন্ধি-স্থান হইতে ময়লা দূর করার জন্য বেণামূলাদি নির্ম্মিত কূর্চ্চ প্রদান করিতে হয় ॥ ১০৫ ॥

টীকা—শ্রীমতো ভগবতঃ শ্রীমত্যা বা মূর্ত্তেরঙ্গানাং সন্ধিস্থানতো মলস্যাপকর্ষণার্থং; আদি-শব্দেন কণ্ডুয়নাদি সেবার্থঞ্চ কূর্চ্চং সমর্পয়েৎ ॥ ১০৫ ॥

অথ কূর্চ্চ তন্মাহাত্ম্যঞ্চ

বিষ্ণুধর্ম্মোত্তরে—

উষীরকূর্চ্চকং দত্ত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।
দত্ত্বা গোবালজং কূর্চ্চং সর্ব্বাংস্তাপান্ ব্যপোহতি।
দত্ত্বা চামরকং কূর্চ্চং শ্রিয়মাপ্নোত্যনুত্তমাম্ ॥১০৬॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে যথা—উষীরনির্ম্মিত কূর্চ্চ নিবেদন করিলে সমুদায় পাপ হইতে বিমুক্ত হওয়া যায়। গোপুচ্ছ দ্বারা তৈয়ারী কূর্চ্চ শ্রীহরিকে প্রদান করিলে সকলপ্রকার তাপ বিনষ্ট হয়। চমরী-পুচ্ছ দ্বারা নির্ম্মিত কূর্চ্চ অর্পণ করিলে অতি উত্তম সম্পত্তি লাভ হয় ॥ ১০৬ ॥

টীকা—ব্যপোহতি নিরস্যতি ॥ ১০৬ ॥

অথং শুদ্ধজলস্নপনম্

ততঃ কোষ্ণেন সংস্নাপ্য সংস্কৃতেন সুগন্ধিনা।
শীতলেনাম্বুনা শঙ্খভৃতেন স্নাপয়েৎ পুনঃ ॥ ১০৭ ॥

অনুবাদ—অতঃপর শুদ্ধ জলদ্বারা স্নান করান—শ্রীঅঙ্গ মার্জ্জনাদির পর সর্ব্বৌষধি প্রভৃতি দ্বারা সংস্কৃত সুগন্ধি অল্প গরম জলদ্বারা স্নান করাইয়া পরে শঙ্খস্থিত শীতল জলদ্বারা স্নান করাইতে হইবে ॥ ১০৭ ॥

টীকা—কোষ্ণেন ঈষদুষ্ণেনাম্বুনা সম্যক্ স্নাপয়িত্বা, অন্যথা পঞ্চামৃতাদিলেপানপগমাৎ। পুনঃ পশ্চাৎ শীতলেনাম্বুনা স্নাপয়েৎ। কথম্ভূতেন ? সর্ব্বৌষধ্যাদিভিঃ সংস্কৃতেন সুগন্ধিনা চ ॥ ১০৭ ॥

তদুক্তমেকাদশস্কন্ধে (২৭।৩০)—

চন্দনোশীর-কর্পূর-কুঙ্কুমাগুরুবাসিতৈঃ।
সলিলৈ স্নাপয়েন্মন্ত্রী নিত্যদা বিভবে সতি ॥ ১০৮ ॥

অনুবাদ—একাদশস্কন্ধে বলা হইয়াছে যে—ধন সম্পদ থাকিলে দীক্ষিত ব্যক্তি প্রত্যহ চন্দন, উশীর, কপূর, কুঙ্কুম ও অগুরুচন্দনাক্ত জল দ্বারা প্রভুকে স্নান করাইবেন ॥ ১০৮ ॥

অথ জলপরিমাণম্

ভবিষ্যে—

স্নানে পলশতং দেয়মভ্যঙ্গে পঞ্চবিংশতিঃ।
পলানাং দ্বে সহস্রে তু মহাস্নানং প্রকীর্ত্তিতম্ ॥১০৯॥

অনুবাদ—অনন্তর জলের পরিমাণ সম্বন্ধে ভবিষ্য পুরাণে বলা হইয়াছে—স্নানে একশত পল পরিমাণে জল দিতে হইবে। অভ্যঙ্গস্নানে পঁচিশ পল জল দিতে হইবে। দুই হাজার পল জল দিয়া স্নান করাইলে মহাস্নান হয় ॥ ১০৯ ॥

টীকা—দ্বে সহস্রে যদি দেয়ে, তদা মহাস্নানং প্রকীর্ত্তিতমিত্যর্থঃ। মহাস্নানে প্রকীর্ত্তিতে ইতি বা পাঠঃ ॥ ১০৯ ॥

অথ জলগ্রহণকালঃ

তত্র যাজ্ঞবল্ক্যঃ—

ন নক্তোদকপুষ্পাদ্যৈরর্চ্চনং স্নানমর্হতি ॥ ১১০ ॥

অনুবাদ—অতঃপর জল গ্রহণের কাল বিষয়ে শ্রীযাজ্ঞবল্ক্যের উক্তি—রাত্রিকালে আহৃত জল বা পুষ্পাদিদ্বারা স্নান কিংবা পূজা করা অনুচিত ॥১১০॥

বিষ্ণুঃ—

ন নক্তং গৃহীতোদকেন দৈবকর্ম্ম কুর্য্যাৎ ॥ ১১১ ॥

অনুবাদ—বিষ্ণুস্মৃতিতে—রাত্রিকালে আহৃত জল দ্বারা দৈব কার্য্য করিবে না ॥ ১১১ ॥

হারীতঃ—

রাত্রাবেতা আপো বরুণং প্রাবিশন্ত,
তস্মান্ন রাত্রৌ গৃহ্ণীয়াৎ ॥ ১১২ ॥

অনুবাদ—হারীত বলিয়াছেন—রাত্রিতে এই সকল জল বরুণে প্রবেশ করে সুতরাং রাত্রিতে জল গ্রহণ করিবে না ॥ ১১২ ॥

অথ স্নপনমাহাত্ম্যম্

নারসিংহে—

নির্ম্মাল্যমপনীয়াথ তোয়েন স্নাপ্য কেশবম্।
নরসিংহাকৃতিং রাজন্ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥১১৩॥
গোদানজং ফলং প্রাপ্য যানেনাম্বরশোভিনা।
নরসিংহপুরং প্রাপ্য মোদতে কালমক্ষয়ম্ ॥ ১১৪ ॥

অনুবাদ—অতঃপর স্নান করাইবার মাহাত্ম্য শ্রীনৃসিংহপুরাণে লিখিত আছে—হে রাজন্! নির্ম্মাল্য অপসারণ করিয়া নৃসিংহমূর্ত্তি শ্রীকেশবকে জলদ্বারা স্নান করাইলে সমুদায় পাপ হইতে বিমুক্ত হওয়া যায় এবং গোদানজনিত ফল প্রাপ্ত হইয়া মনোহর বিমানযোগে নরসিংহপুরে যাইয়া অনন্তকাল আনন্দানুভব করা যায় ॥ ১১৩-১১৪ ॥

কিঞ্চ—

স্নাপ্য তোয়েন ভক্ত্যা তু নরসিংহং নরাধিপ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকে মহীয়তে ॥ ১১৫ ॥
নরসিংহন্তু সংস্নাপ্য কর্পূরাগুরুবারিণা।
চন্দ্রলোকে স মোদিত্বা পশ্চাদ্বিষ্ণুপুরে বসেৎ ॥১১৬॥

অনুবাদ—আরও বর্ণিত হইয়াছে যে—ভক্তি-পূর্ব্বক জলদ্বারা শ্রীনৃসিংহদেবকে স্নান করাইলে সকল পাতক হইতে পরিত্রাণ লাভ করিয়া বিষ্ণু-ধামে সানন্দে বাস করা যায়। যিনি কর্পূর এবং অগুরু মিশ্রিত জলে নৃসিংহদেবকে স্নান করান, তিনি চন্দ্রলোকে আনন্দ ভোগ করিয়া পরে বিষ্ণুধামে বাসের অধিকার লাভ করেন ॥ ১১৫-১১৬

টীকা—স্নাপ্য স্নাপয়িত্বা ॥ ১১৫ ॥

কিঞ্চ—

কুশপুষ্পোদকেনাপি বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ।
রত্নোদকেন সাবিত্রং কৌবেরং হেমবারিণা ॥১১৭॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—কুশ এবং পুষ্প-মিশ্রিত জলদ্বারা স্নান করাইলে বিষ্ণুলোক লাভ হয়। রত্নযুক্ত জলদ্বারা স্নান করাইলে সূর্য্যলোকে এবং সুবর্ণযুক্ত জলদ্বারা স্নান করাইলে কুবের লোকে বাস হয় ॥ ১১৭ ॥

টীকা—জলবিশেষস্য ফলং লিখতি—কুশেতি, কুশপুষ্পযুক্তোদকেন; যদ্বা, কুশাশ্চ পুষ্পাণি চ তদ্-যুক্তোদকেন, এবমগ্রেঽপি। শক্তৌ সত্যাং রত্নোদকা-দিনাপি স্নপনং বোদ্ধব্যম্ ॥ ১১৭ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

রত্নোদক-প্রদানেন শ্রিয়মাপ্নোত্যনুত্তমাম্।
বীজোদকপ্রদানেন ক্রিয়াসাফল্যমাপ্নুয়াৎ ॥ ১১৮ ॥
পুষ্পতোয়-প্রদানেন শ্রীমান্ ভবতি মানবঃ।
ফলতোয়প্রদানেন সফলাং বিন্দতে ক্রিয়াম্ ॥ ১১৯ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বর্ণিত হইয়াছে—রত্নোদক প্রদানে অতি উত্তম সম্পত্তি লভ্য হয়। বীজমিশ্রিত জল প্রদান করিলে সাফল্য লাভ হয়। পুষ্পোদক অর্পণ করিলে মনুষ্য শ্রীমান হয়। ফল-মিশ্রিত জলে কার্য্য সফল হয় ॥ ১১৮-১১৯ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—

সুগন্ধিনা যস্তোয়েন স্নাপয়েজ্জলশায়িনম্।
ব্রহ্মলোকমবাপ্নোতি যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ১২০ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে বলা হইয়াছে—জলশায়ী শ্রীহরিকে যিনি সুগন্ধি জলদ্বারা স্নান করান, চতুর্দ্দশ ইন্দ্রপাত যাবৎ তিনি ব্রহ্মলোকে বাস করেন ॥ ১২০ ॥

গারুড়ে—

তুলসীমিশ্রতোয়েন স্নাপয়ন্তি জনার্দ্দনম্।
পূজয়ন্তি চ ভাবেন ধন্যাস্তে ভুবি মানবাঃ ॥ ১২১ ॥

অনুবাদ—গরুড়পুরাণে—তুলসীমিশ্রিত জলে জনার্দ্দনকে স্নান করাইয়া ভক্তিসহকারে পূজা করিলে মনুষ্যকুল ভূমণ্ডলে জীবনের সার্থকতা লাভ করেন ॥ ১২১ ॥

অগ্নিপুরাণে—

মহাস্নানেন গোবিন্দং সম্যক্ সংস্নাপ্য মানবঃ।
যং যং প্রার্থয়তে কামং তং তং প্রাপ্নোত্যসংশয়ঃ ॥

অনুবাদ—অগ্নিপুরাণে—গোবিন্দকে সুচারু-রূপে মহাস্নান করাইয়া মানুষেরা নিঃসন্দেহে মনোমত ফল পাইতে পারে ॥ ১২২ ॥

টীকা—সম্যক্ যথাবিধীত্যর্থঃ ॥ ১২২ ॥

পাদ্মে শ্রীপুলস্ত্যভগীরথসংবাদে—

স্নানমভ্যর্চ্চনং যস্তু কুরুতে কেশবে সদা।
তস্য পুণ্যস্য যা সংখ্যা নাস্তি সা জ্ঞানগোচরা ॥১২৩

অনুবাদ—পদ্মপুরাণে—পুলস্ত্য-ভগীরথ-সংবাদে বলা হইয়াছে—যিনি প্রত্যহ শ্রীহরিকে স্নান করাইয়া থাকেন ও তাঁহার পূজা করেন, পূজাকারীর পুণ্যের সংখ্যা জ্ঞানের অগোচর ॥ ১২৩ ॥

টীকা—কেশবে কেশবস্য স্নানরূপমভ্যর্চ্চনং যঃ কুরুতে ॥ ১২৩ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

স্নানার্থং দেবদেবস্য যস্তু গন্ধং প্রযচ্ছতি।
ভবন্তি বশগাস্তস্য নার্য্যঃ সর্ব্বত্র সর্ব্বদা ॥ ১২৪ ॥

পুষ্পদানাত্তথা লোকে ভবতীহ ফলান্বিতঃ।
দত্ত্বা মৃগমদস্নানং সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥১২৫॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে যথা—যে ব্যক্তি স্নানের নিমিত্ত দেবদেব শ্রীহরিকে গন্ধদ্রব্য দান করেন, সর্ব্বত্র সবসময় নারীগণ তাঁর বশীভূত থাকে। পুষ্পোদ্যানে ইহলোকে ফল প্রাপ্তি ও মৃগমদকস্তুরীমিশ্রিত জলদ্বারা স্নান করাইলে সমুদায় সকল কামনা পূর্ণ হয় ॥ ১২৪-১২৫ ॥

টীকা—জলসংস্কারার্থ-গন্ধাদি-সমর্পণ-মাহাত্ম্যমপি স্নানমাহাত্ম্যান্তর্গতমেবেত্যত্রৈব লিখতি—স্নানার্থমিত্যাদিনা ॥ ১২৪ ॥

সর্ব্বৌষধিপ্রদানেন বাজিমেধফলং লভেৎ।
দত্ত্বা জাতীফলং মুখ্যং সফলাং বিন্দতি ক্রিয়াম্ ॥১২৬

অনুবাদ—সর্ব্বৌষধি নিবেদনে অশ্বমেধ যজ্ঞের ফল লাভ এবং উৎকৃষ্ট জাতি ফল প্রদানে ক্রিয়া সফল হয় ॥ ১২৬ ॥

টীকা—ক্রিয়াং সর্ব্বোদ্যমমিত্যর্থঃ ॥ ১২৬ ॥

অথো সর্ব্বৌষধিঃ

মুরা মাংসী বচা কুষ্ঠং শৈলেয়ং রজনীদ্বয়ম্।
শঠী চম্পকমুস্তঞ্চ সর্ব্বৌষধিগণঃ স্মৃতঃ ॥ ১২৭ ॥

অনুবাদ—অনন্তর সর্ব্বৌষধি—মুরা, জটামাংসী, বচা, কুষ্ঠ অর্থাৎ কূড়, শৈলজ, হরিদ্রা, দারু হরিদ্রা ও শঠী চম্পক, মুস্তা অর্থাৎ মুথা এই দশপ্রকার দ্রব্যকে সর্ব্বৌষধি বলা হয় ॥ ১২৭ ॥

টীকা—মুরা ভোটেতি প্রসিদ্ধা, মাংসী জটামাংসী, শৈলেয়ং শৈলজ ইতি প্রসিদ্ধং, রজনীদ্বয়ং হরিদ্রা দারুহরিদ্রা চ ॥ ১২৭ ॥

গন্ধশ্চাগমে—

গন্ধশ্চন্দনকর্পূরকালাগুরুভিরীরিতঃ ॥ ১২৮ ॥

অনুবাদ—আগমে গন্ধের বিষয় বর্ণিত হইয়াছে —চন্দন কর্পূর কৃষ্ণবর্ণ অগুরু এই ত্রিবিধ দ্রব্যকে গন্ধ বলে ॥ ১২৮ ॥

টীকা—চন্দনাদিভির্ভাগবিশেষেণ সাধিতো দ্রব্যবিশেষো গন্ধ ইতীরিত ইত্যর্থঃ ॥ ১২৮ ॥

অথ শঙ্খমাহাত্ম্যম্

শ্রীব্রহ্মনারদ-সংবাদে—

শঙ্খস্থিতেন তোয়েন যঃ স্নাপয়তি কেশবম্।
কপিলাশতদানস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥ ১২৯ ॥
শঙ্খে তীর্থোদকং কৃত্বা যঃ স্নাপয়তি মাধবম্।
দ্বাদশ্যাং বিন্দুমাত্রেণ কুলানাং তারয়েচ্ছতম্ ॥১৩০॥

অনুবাদ—অনন্তর শঙ্খ মাহাত্ম্য স্কন্দপুরাণে শ্রীব্রহ্মা-নারদ-সংবাদে বর্ণিত হইয়াছে—শঙ্খস্থিত জলদ্বারা যিনি কেশবকে স্নান করান, তাঁহার একশত কামধেনু দানের ফল লাভ হয়। যিনি শঙ্খস্থিত তীর্থ-জলদ্বারা দ্বাদশীতে মাধবকে স্নান করান, তিনি প্রত্যেক জল বিন্দুদ্বারা শতকুল উদ্ধার করেন ॥১২৯-১৩০ ॥

টীকা—ততঃ শঙ্খেনাভিষেকং কুর্য্যাদিত্যানা প্রস্তুতস্য শঙ্খস্য মাহাত্ম্যং লিখতি—শঙ্খেত্যাদিনা ॥ ১২৯॥

কপিলাক্ষীরমাদায় শঙ্খে কৃত্বা জনার্দ্দনম্।
যঃ স্নাপয়তি ধর্ম্মাত্মা যজ্ঞাযুতফলং লভেৎ ॥ ১৩১॥
অন্য-গোসম্ভবং ক্ষীরং শঙ্খে কৃত্বা তু নারদ।
যঃ স্নাপয়তি দেবেশং রাজসূয়ফলং লভেৎ ॥১৩২॥
শঙ্খে কৃত্বা চ পানীয়ং সাক্ষতং কুসুমান্বিতম্।
স্নাপয়েদ্দেবদেবেশং হন্যাৎ পাপং চিরার্জ্জিতম্ ॥১৩৩
সাক্ষতং কুসুমোপেতং শঙ্খে তোয়ং সচন্দনম্।
যঃ কৃত্বা স্নাপয়েদ্দেবং মম লোকে বসেচ্চিরম্ ॥১৩৪

অনুবাদ—যে ধর্ম্মনিষ্ঠ শঙ্খে করিয়া কপিলা গাভীর দুগ্ধদ্বারা জনার্দ্দনকে স্নান করান, তিনি দশ হাজার যজ্ঞের ফল লাভ করেন। হে নারদ! শঙ্খে অন্য গোদুগ্ধ লইয়া শ্রীহরিকে স্নান করাইলে রাজসূয় যজ্ঞের ফল প্রাপ্ত হয়। আতপ চাউল ও পুষ্প মিশ্রিত জল শঙ্খে লইয়া বিষ্ণুকে স্নান করাইলে অনেক জন্মের অর্জ্জিত পাপ বিনষ্ট হয়। যে ব্যক্তি শঙ্খস্থিত আতপ চাউল, পুষ্প, চন্দনমিশ্রিত জলে শ্রীহরিকে স্নান করান, সেই ব্যক্তি আমার লোকে অনন্তকাল বাস করেন ॥১৩৩-৩৪

ক্ষিপ্ত্বা গন্ধোদকং শঙ্খে যঃ স্নাপয়তি কেশবম্।
নমো নারায়ণায়েতি মুচ্যতে যোনিসঙ্কটাৎ ॥ ১৩৫ ॥
নাদ্যং তড়াগজং বারি বাপীকূপহ্রদাদিজম্।
গাঙ্গেয়ঞ্চ ভবেৎ সর্ব্বং কৃতং শঙ্খে কলিপ্রিয় ॥১৩৬॥
ত্রৈলোক্যে যানি তীর্থানি বাসুদেবস্য চাজ্ঞয়া।
শঙ্খে তিষ্ঠন্তি বিপ্রেন্দ্র তস্মাৎ শঙ্খং সদার্চ্চয়েৎ ॥১৩৭

অনুবাদ—যিনি শঙ্খস্থিত গন্ধোদকে 'নমো নারায়ণায়' এই মন্ত্র বলিয়া শ্রীবিষ্ণুকে স্নান করান তিনি জন্ম বিপত্তি হইতে মুক্ত হন। হে নারদ! নদীর জল, বাপীর জল, কূপের জল হ্রদাদির জল শঙ্খে রাখিলে তাহা গঙ্গা জলের সমান হয়। হে বিপ্রশ্রেষ্ঠ! ভগবানের আজ্ঞায় ত্রিভুবনে যত তীর্থ বিদ্যমান, সমস্ত তীর্থই শঙ্খে বাস করেন, তাই নিত্য শঙ্খের পূজা করা কর্ত্তব্য ॥ ১৩৫-১৩৭ ॥

———

শঙ্খে কৃত্বা তু পানীয়ং সপুষ্পং সতিলাক্ষতম্।
অর্ঘ্যং দদাতি দেবস্য সসাগরধরাফলম্ ॥ ১৩৮ ॥

অনুবাদ—পুষ্প, তিল ও আতপ চাউল শঙ্খ মধ্যে লইয়া যিনি শ্রীহরিকে অর্ঘ্য অর্পণ করেন, তিনি সসাগরা ধরা দানের ফল লাভ করেন ॥ ১৩৮ ॥

টীকা—সসাগরধরাদানস্য ফলং তস্য ভবতীতি শেষঃ ॥ ১৩৮ ॥

———

অর্ঘ্যং দত্ত্বা তু শঙ্খেন যঃ করোতি প্রদক্ষিণম্।
প্রদক্ষিণীকৃতা তেন সপ্তদ্বীপা বসুন্ধরা ॥ ১৩৯ ॥
দর্শনেনাপি শঙ্খস্য কিং পুনঃ স্পর্শনে কৃতে।
বিলয়ং যান্তি পাপানি হিমং সূর্য্যোদয়ে যথা ॥১৪০॥

অনুবাদ—শঙ্খের দ্বারা অর্ঘ্যদান করিয়া যিনি প্রদক্ষিণ করেন, তাঁহার সপ্তদ্বীপা পৃথিবী প্রদক্ষিণ করার ফল প্রাপ্তি হয়। সূর্য্যোদয়ে যেমন হিম-সমূহ নষ্ট হয় সেইরূপ শঙ্খ দর্শন করিলে পাপসকল বিনষ্ট হয়। স্পর্শ করিলে যে কি হয় তাহা আর কি বলিব? ॥ ১৩৯-১৪০ ॥

———

নিত্যে নৈমিত্তিকে কাম্যে স্নানার্চ্চনবিলেপনে।
শঙ্খমুদ্বহতে যস্তু শ্বেতদ্বীপে বসেচ্চিরম্ ॥ ১৪১ ॥

অনুবাদ—যিনি নিত্য-নৈমিত্তিক ও কাম্য-কর্ম্মে অথবা স্নান, পূজা ও বিলেপন কার্য্যে সতত শঙ্খ ব্যবহার করেন, তিনি বহুকাল পর্য্যন্ত শ্বেতদ্বীপে বাস করিতে পারেন ॥ ১৪১ ॥

———

নত্বা শঙ্খং করে ধৃত্বা মন্ত্রেণানেন বৈষ্ণবঃ।
যঃ স্নাপয়তি গোবিন্দং তস্য পুণ্যমনন্তকম্ ॥১৪২॥

অনুবাদ—নমস্কার করিয়া হস্তে শঙ্খ লইয়া যে বৈষ্ণব এই মন্ত্র উচ্চারণ সহকারে বিষ্ণুকে স্নান করান, তাঁহার পুণ্যের সীমা নাই ॥ ১৪২ ॥

———

মন্ত্রঃ

ত্বং পুরা সাগরোৎপন্নো বিষ্ণুনা বিধৃতঃ করে।
মানিতঃ সর্ব্বদেবৈশ্চ পাঞ্চজন্য নমোঽস্তু তে ॥১৪৩॥
তব নাদেন জীমূতা বিত্রস্যন্তি সুরাসুরাঃ।
শশাঙ্কাযুতদীপ্তাভ পাঞ্চজন্য নমোঽস্তু তে ॥ ১৪৪ ॥
গর্ভা দেবারিনারীণাং বিলীয়ন্তে সহস্রধা।
তব নাদেন পাতালে পাঞ্চজন্য নমোঽস্তু তে ॥১৪৫॥

অনুবাদ—এক্ষণে মন্ত্র বলা হইতেছে—হে পাঞ্চজন্য! তুমি পূর্ব্বে সাগর হইতে উত্থিত হইয়াছিলে, বিষ্ণু তোমাকে শ্রীহস্তে ধারণ করিয়াছেন, দেবতারা তোমাকে সম্মান করেন, তোমাকে নমস্কার। হে পাঞ্চজন্য তোমার শব্দে মেঘ, দেবতা ও অসুর সকলের ভয় হয়, তোমার দীপ্তি দশ হাজার চন্দ্রের দীপ্তি সদৃশ. তোমাকে প্রণাম। হে পাঞ্চজন্য! তোমার ধ্বনিতে পাতালে হাজার হাজার দৈত্যনারীর গর্ভপাত হয়, তোমাকে নমস্কার ॥ ১৪৩-১৪৫ ॥

———

বারাহে চ—

দক্ষিণাবর্ত্তশঙ্খেন তিলমিশ্রোদকেন চ।
উদকে নাভিমাত্রে তু যঃ কুর্য্যাদভিষেচনম্ ॥ ১৪৬ ॥
প্রাক্ স্রোতসি চ নদ্যাং বৈ নরস্ত্বেকাগ্রমানসঃ।
যাবজ্জীবকৃতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি ॥ ১৪৭ ॥
দক্ষিণাবর্ত্তশঙ্খেন পাত্রে ঔডুম্বরে স্থিতম্।
উদকং যঃ প্রতীচ্ছেত শিরসা কৃষ্ণমানসঃ।
তস্য জন্মকৃতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি ॥১৪৮॥

অনুবাদ—বরাহ পুরাণেও লিখিত আছে—যে ব্যক্তি নদীর স্রোতে পূর্ব্বমুখে নাভিমাত্র জলে দাঁড়াইয়া দক্ষিণাবর্ত্ত শঙ্খমধ্যে তিলসহ জল লইয়া একান্তমনে স্নান করেন, তাঁহার আজন্মকৃত পাপ তখনই ধ্বংস হয়। যিনি কৃষ্ণগতমনে তাম্রপাত্রস্থিত জল শঙ্খে লইয়া মস্তকে অভিষেক করেন, তাঁহার আজন্মকৃত পাপ তৎক্ষণাৎ ধ্বংস হয় ॥ ১৪৬-১৪৮ ॥

টীকা—প্রসঙ্গাদ্দক্ষিণাবর্ত্তশঙ্খমাহাত্ম্যমপি সামান্যেন লিখতি—দক্ষিণেতি সার্দ্ধত্রয়েণ। অভিষেচনং ভগবতঃ স্বস্যাপি বা ॥ ১৪৬ ॥

———

আগমে—

বৃহত্ত্বং স্নিগ্ধতাঽচ্ছত্বং শঙ্খস্যেতি গুণত্রয়ম্ ॥ ১৪৯ ॥
আবর্ত্তভঙ্গদোষস্তু হেমযোগান্ন জায়তে।
নালিকায়াং স্বভাবেন যদি ছিদ্রং ভবেন্ন হি ॥
ইতি ॥ ১৫০ ॥

অনুবাদ—আগমে বর্ণিত হইয়াছে—বৃহত্ব, স্নিগ্ধতা ও স্বচ্ছত্ব—শঙ্খের এই তিন প্রকার গুণ। যদি নালিকাতে স্বভাবজ ছিদ্র না থাকে, তাহা হইলে সুবর্ণযুক্ত থাকিলে আবর্ত্ত ভঙ্গ প্রভৃতি অন্য কোন দোষ হয় না ॥ ১৪৯-১৫০ ॥

———

ঘণ্টাবাদ্যঞ্চ নিতরাং স্নানকালে প্রশস্যতে।
যতো ভগবতো বিষ্ণোস্তৎ সদা পরমং প্রিয়ম্ ॥১৫১

অনুবাদ—স্নানেরসময়ে ঘণ্টাবাদ্যের নিতান্ত প্রয়োজন। কারণ ঐ বাদ্য কেশব সর্ব্বদাই পছন্দ করেন ॥ ১৫১ ॥

———

নারদপঞ্চরাত্রে—

আবাহনার্ঘ্যে ধূপে চ পুষ্পনৈবেদ্যযোজনে।
নিত্যমেতাং প্রযুঞ্জীত তন্মন্ত্রেণাভিমন্ত্রিতাম্ ॥ ১৫২ ॥

অনুবাদ—নারদ পঞ্চরাত্রে বলা হইয়াছে—আবাহনে, অর্ঘ্যে, ধূপে, পুষ্পে ও নৈবেদ্য অর্পণে ঘণ্টাবাদ্যের এই মন্ত্র উচ্চারণ করতঃ সর্ব্বদা ঘণ্টা বাজাইতে হইবে ॥ ১৫২ ॥

টীকা—তৎ ঘণ্টাবাদ্যম্ ॥ ১৫২ ॥

———

তন্মন্ত্রঃ

জয়ধ্বনিং ততো মন্ত্রমাতঃ স্বাহেত্যুদীর্য্য চ।
অভ্যর্চ্চ্য বাদয়ন্ ঘণ্টাং ধূপং নীচৈঃ প্রদাপয়েৎ ॥১৫৩
পূজাকালং বিনান্যত্র স্থিতং নাস্যাঃ প্রচালনম্।
ন তয়া চ বিনা কুর্য্যাৎ পূজনং সিদ্ধিলালসঃ ॥ ১৫৪

অনুবাদ—এখন ঘণ্টার মন্ত্র বলা হইতেছে—"জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা" এই মন্ত্র উচ্চারণ করিয়া অর্চ্চন করতঃ ঘণ্টা বাজাইতে বাজাইতে ধীরে ধীরে ধূপ অর্পণ করিতে হইবে। পূজার সময় ছাড়া অন্য সময় ঘণ্টা বাজান শুভ সূচক নহে। সিদ্ধিকামী ঘণ্টাবাদ্য ছাড়া পূজা করিবেন না ॥ ১৫৩-১৫৪ ॥

———

অথ ঘণ্টামাহাত্ম্যম্

উক্তঞ্চ স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে—

স্নানার্চ্চনক্রিয়াকালে ঘণ্টানাদং করোতি যঃ।
পুরতো বাসুদেবস্য তস্য পুণ্যফলং শৃণু ॥ ১৫৫ ॥

অনুবাদ—অনন্তর ঘণ্টার মাহাত্ম্য স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে বর্ণিত হইয়াছে—স্নান ও অর্চ্চনা করিবার সময় যিনি বাসুদেবের সম্মুখে ঘণ্টা বাজান, তাঁহার পুণ্য ফল শোন ॥ ১৫৫ ॥

———

বর্ষকোটিসহস্রাণি বর্ষকোটিশতানি চ।
বসতে দেবলোকে তু অপ্সরোগণসেবিতঃ ॥ ১৫৬ ॥
সর্ব্ববাদ্যময়ী ঘণ্টা কেশবস্য সদা প্রিয়া।
বাদনাল্লভতে পুণ্যং যজ্ঞকোটিসমুদ্ভবম্ ॥ ১৫৭ ॥
বাদিত্রনিনদৈস্তূর্য্যগীতমঙ্গলনিস্বনৈঃ।
যঃ স্নাপয়তি গোবিন্দং জীবন্মুক্তো ভবেদ্ধি সঃ ॥১৫৮

অনুবাদ—ঘণ্টাবাদনকারী সহস্র কোটি বৎসর ও শতকোটি বৎসর স্বর্গে অপ্সরাগণকর্ত্তৃক সেবিত হইয়া বাস করেন। ঘণ্টা সর্ব্ববাদ্যময়ী, ঘণ্টা

সর্ব্বদা কেশবপ্রিয়া। ঘণ্টাবাজাইলে কোটি যজ্ঞ অনুষ্ঠানের সমান পুণ্য লাভ হয়। যিনি বাজনার শব্দ, তুর্য্যধ্বনি, সঙ্গীত ও মঙ্গলধ্বনি সহকারে হরিকে স্নান করান তিনি নিঃসন্দেহে জীবন্মুক্ত হন ॥ ১৫৬-১৫৮ ॥

বাদিত্রাণামভাবে তু পূজাকালে হি সর্ব্বদা।
ঘণ্টাশব্দো নরৈঃ কার্য্যঃ সর্ব্ববাদ্যময়ী যতঃ ॥১৫৯
সর্ব্ববাদ্যময়ী ঘণ্টা দেবদেবস্য বল্লভা।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন ঘণ্টানাদং তু কারয়েৎ ॥১৬০॥
মন্বন্তরসহস্রাণি মন্বন্তরশতানি চ।
ঘণ্টানাদেন দেবেশঃ প্রীতো ভবতি কেশবঃ ॥১৬১॥

অনুবাদ—যদি বাদ্যযন্ত্রের অভাব হয়, তাহা হইলে পূজাকালে ঘণ্টাবাজাইলেই সর্ব্বসিদ্ধি হইবে, কারণ ঘণ্টা সর্ব্ববাদ্যময়ী। ঘণ্টা শ্রীহরির অত্যন্ত প্রিয়া। এই জন্য যত্নসহকারে ঘণ্টাবাদ্য করা উচিত। ঘণ্টার শব্দে দেবেশ্বর কেশব শতমন্বন্তর ও সহস্র মন্বন্তর পর্য্যন্ত প্রীত হইয়া থাকেন ॥ ১৫৯-১৬১ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীভগবৎ-প্রহলাদ-সংবাদে—
শৃণু দৈত্যেন্দ্র বক্ষ্যামি ঘণ্টামাহাত্ম্যমুত্তমম্।
প্রহলাদ ত্বৎসমো নাস্তি মদ্ভক্তো ভুবনত্রয়ে ॥১৬২॥
মম নামাঙ্কিতা ঘণ্টা পুরতো মম তিষ্ঠতি।
অর্চ্চিতা বৈষ্ণবগৃহে তত্র মাং বিদ্ধি দৈত্যজ ॥১৬৩॥
বৈনতেয়াঙ্কিতাং ঘণ্টাং সুদর্শনযুতাং যদি।
মমাগ্রে স্থাপয়েদ্‌যস্তু দেহে তস্য বসাম্যহম্ ॥১৬৪॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীভগবৎ-প্রহলাদ সংবাদে উক্ত হইয়াছে—হে দৈত্যশ্রেষ্ঠ! ঘণ্টার উত্তম মাহাত্ম্য কথা শোন। হে প্রহলাদ! ত্রিভুবনে তোমার মত ভক্ত আর নাই। হে দৈত্যনন্দন! বৈষ্ণবগৃহে আমার সম্মুখে রক্ষিত আমার নামাঙ্কিত ঘণ্টার পূজা হইলে আমি নিজে সেখানে উপস্থিত থাকি জানিবে। যদি ঘণ্টায় গরুড়চিহ্ন কিংবা সুদর্শন চিহ্ন থাকে তাহা হইলে যে ব্যক্তি সেই ঘণ্টা আমার সম্মুখে রাখে, আমি তার দেহে বাস করি ॥ ১৬২-১৬৪ ॥

টীকা—তস্য দেহে বসামি, প্রকটাধিষ্ঠামীত্যর্থঃ; অতো মদধিষ্ঠানবৎ সোঽপি পূজ্য ইতি ভাবঃ ॥১৬৪॥

যস্তু বাদয়তে ঘণ্টাং বৈনতেয়েন চিহ্নিতাম্।
ধূপে নীরাজনে স্নানে পূজাকালে বিলেপনে ॥ ১৬৫ ॥
মমাগ্রে প্রত্যহং বৎস প্রত্যেকং লভতে ফলম্।
মখাযুতং গোঽযুতঞ্চ চান্দ্রায়ণশতোদ্ভবম্ ॥ ১৬৬ ॥
বিধিবাহ্যকৃতা পূজা সফলা জায়তে নৃণাম্।
ঘণ্টানাদেন তুষ্টোঽহং প্রযচ্ছামি স্বকং পদম্ ॥১৬৭

অনুবাদ—হে বৎস! প্রত্যহ ধূপ, নীরাজন, স্নান, পূজা ও বিলেপনকালে যিনি আমার সম্মুখে গরুড়চিহ্নিত ঘণ্টা বাজান, তিনি প্রতিকার্য্যে দশ-হাজার যজ্ঞের দশহাজার গোদানের ও একশত চান্দ্রায়ণব্রতের ফল লাভ করেন। যে কোন পূজাতেই ঘণ্টাবাজাইলে তাহা সফল হয়, আমি ঘণ্টাবাদ্যে তুষ্ট হইয়া নিজধাম প্রদান করি ॥ ১৬৫-১৬৭ ॥

টীকা—গোঽযুতং গবাযুতং গবামযুতস্য দানজং ফলমিত্যর্থঃ ॥ ১৬৬ ॥

টীকা—অধনো দরিদ্রঃ যথা লক্ষ্মীং ধনসম্পত্তিং প্রাপ্য প্রীতিং করোতি, তদ্বৎ ॥ ১৬৭ ॥

নাগারি-চিহ্নিতা ঘণ্টা রথাঙ্গেন সমন্বিতা।
বাদনাৎ কুরুতে নাশং জন্ম-মৃত্যুভয়স্য চ ॥ ১৬৮ ॥

অনুবাদ—চক্র চিহ্নযুক্ত ও গরুড়চিহ্নিত ঘণ্টা বাজাইলে জন্ম-মৃত্যুর ভয় নাশ প্রাপ্ত হয় ॥ ১৬৮ ॥

গরুড়েনাঙ্কিতাং ঘণ্টাং দৃষ্ট্বাহং প্রত্যহং সদা।
প্রীতিং করোতি দৈতেন্দ্র লক্ষ্মীং প্রাপ্য যথাঽধনঃ ॥
দৃষ্ট্বামৃতং যথা দেবাঃ প্রীতিং কুর্ব্বন্ত্যহর্নিশম্।
সুপর্ণে চ তথা প্রীতিং ঘণ্টাশিখরসংস্থিতে ॥ ১৭০ ॥
স্বকরণে প্রকুর্ব্বন্তি ঘণ্টানাদং স্বভক্তিতঃ।
মদীয়ার্চ্চনকালে তু ফলং কোট্যৈন্দবং কলৌ ॥১৭১॥

অনুবাদ—হে দৈত্যেন্দ্র! দরিদ্রব্যক্তির সম্পত্তি-প্রাপ্তি জন্য সন্তুষ্টির ন্যায় গরুড়চিহ্নিত ঘণ্টা দর্শনে

আমি সন্তুষ্ট হই। যে প্রকার সুধাদর্শন করিলে দেবগণ দিবারাত্র প্রীতি প্রকাশ করেন, সেইপ্রকার ঘণ্টার উপরিভাগে গরুড়মূর্ত্তি দেখিলেও আমি প্রীত হই॥ কলিযুগে আমার পূজার সময় ভক্তি সহকারে নিজ হস্তে ঘণ্টা বাজাইলে কোটি চন্দ্রায়ণের ফল লাভ হয়॥ ১৬৯-১৭১॥

টীকা—ঘণ্টায়াঃ শিখরমগ্রং, তত্র সম্যক্ স্থিতে সতি ; প্রীতিং করোমীতি শেষঃ। প্রীয়ে ইতি বা পাঠঃ। সুপর্ণেমীতি পাঠে এমি প্রাপ্নোমি। পুনঃ সন্ধিরার্ষঃ॥ ১৭০॥

টীকা—ঐন্দ্রবং চান্দ্রায়ণং, তৎ কোটিসম্ভবং ফলমিত্যর্থঃ। দীনারকোটিজমিতি পাঠে দীনারং সুবর্ণমুদ্রাবিশেষঃ, তৎকোটিদানজম্॥ ১৭১॥

অন্যত্র চ—

ঘণ্টাদণ্ডস্য শিখরে সচক্রং স্থাপয়েত্তু যঃ।
গরুড়ং বৈ প্রিয়ং বিষ্ণোঃ স্থাপিতং ভুবনত্রয়ম্॥১৭২
সচক্রঘণ্টানাদন্তু মৃত্যুকালে শৃণোতি যঃ।
পাপকোটিযুতস্যাপি নশ্যন্তি যমকিঙ্করাঃ॥ ১৭৩॥

অনুবাদ—অন্যত্রও বর্ণিত হইয়াছে যে—ঘণ্টা-দণ্ডের শিরোভাগে যিনি বিষ্ণুর প্রিয় চক্র ও গরুড় স্থাপন করেন, তিনি ত্রিভুবনকে স্থাপিত করিলেন। মরণকালে যিনি চক্রচিহ্নিত ঘণ্টার ধ্বনি শ্রবণ করেন, কোটি পাপে পাতকী হইলেও যমদূতগণ তাঁহার নিকট না আসিয়া পলায়ন করে॥ ১৭২-১৭৩॥

টীকা—নশ্যন্তি অদৃশ্যা ভবন্তি, পলায়ন্ত ইত্যর্থঃ॥ ১৭৩॥

সর্ব্বে দোষাঃ প্রলীয়ন্তে ঘণ্টানাদে কৃতে হরৌ।
দেবতানাং মুনীন্দ্রাণাং পিতৃণামুৎসবো ভবেৎ॥১৭৪
অভাবে বৈনতেয়স্য চক্রস্যাপি ন সংশয়ঃ।
ঘণ্টানাদেন ভক্তানাং প্রসাদং কুরুতে হরিঃ॥১৭৫॥

অনুবাদ—শ্রীহরিপূজায় ঘণ্টা-শব্দে দোষ সকল বিনষ্ট হয় এবং দেবতা, মুনীন্দ্র ও পিতৃগণ আনন্দ লাভ করেন। গরুড় চিহ্নিত ও চক্র চিহ্নিত ঘণ্টার অভাবে অন্য ঘণ্টা বাজাইলে প্রভু ভক্তের প্রতি প্রসন্ন হন। ইহাতে সন্দেহ নাই॥ ১৭৪ ১৭৫॥

গৃহে যস্মিন্ ভবেন্নিত্যং ঘণ্টা নাগারিসংযুতা।
ন সর্পাণাং ভয়ং তত্র নাগ্নিবিদ্যুৎসমুদ্ভবম্॥ ১৭৬॥
যস্য ঘণ্টা গৃহে নাস্তি শঙ্খশ্চ পুরতো হরেঃ।
কথং ভাগবতং নাম গীয়তে তস্য দেহিনঃ॥
ইতি॥ ১৭৭॥

অনুবাদ—গরুড়চিহ্নিত ঘণ্টা গৃহে থাকিলে সর্পভয় থাকে না এবং অগ্নি বা বিদ্যুতের ভয় নষ্ট হয়। যাঁহার গৃহে শ্রীহরির সম্মুখে শঙ্খ ও ঘণ্টা নাই, তাঁহাকে কোন প্রকারেই ভগবদ্ভক্ত বলিয়া কীর্ত্তন করা যায় না॥ ১৭৬-১৭৭॥

অতো ভগবতঃ প্রীত্যৈ ঘণ্টা শ্রীগরুড়ান্বিতা।
সংগৃহ্যা বৈষ্ণবৈর্যত্নাচ্চক্রেণোপরিমণ্ডিতা॥ ১৭৮॥
স্নানে শঙ্খাদিবাদ্যন্তু নামসংকীর্ত্তনং হরেঃ।
গীতং নৃত্যং পুরাণাদি-পঠনঞ্চ প্রশস্যতে॥ ১৭৯॥

অনুবাদ—অতএব বৈষ্ণবগণ ভগবানের প্রীতির নিমিত্ত গরুড় ও চক্র চিহ্নিত ঘণ্টা লইবেন। শ্রীহরির স্নানের সময় শঙ্খাদি বাদ্য, নামসংকীর্ত্তন, গীত, নৃত্য ও পুরাণাদি পাঠ এই সকলের বিশেষ প্রশংসা করা যাইতেছে॥ ১৭৮-১৭৯॥

অথ স্নানে বাদ্যাদিমাহাত্ম্যম্

স্কন্দপুরাণে—

স্নানকালে তু কৃষ্ণস্য শঙ্খাদীনান্তু বাদনম্।
কুরুতে ব্রহ্মলোকে তু বসতে ব্রহ্মবাদরম্॥ ১৮০॥

অনুবাদ—অতঃপর স্নানকালীন বাদ্যাদি মাহাত্ম্য সম্বন্ধে স্কন্দপুরাণে যথা—যিনি শ্রীকৃষ্ণের স্নান সময়ে শঙ্খাদি বাদ্য করেন, তিনি এককল্প কাল ব্রহ্মপুরে বাস করেন॥ ১৮০॥

স্নানকালে তু সংপ্রাপ্তে কৃষ্ণস্যাগ্রে তু নর্ত্তনম্।
গীতঞ্চৈব পুনাত্যত্র ঋচোক্তং বদনেন হি॥ ১৮১॥

অনুবাদ—ঋক্ বেদ নিজে প্রকাশ করিয়াছেন যে—স্নানকালে শ্রীকৃষ্ণের সম্মুখে নৃত্য ও গীত সকলকে পবিত্র করে ॥ ১৮১ ॥

টীকা—পুনাতীতি নর্ত্তনাদিকর্ত্তৃন্ ; ঋচোক্তং বদনেন হীতি ঋগ্বেদেন স্বমুখেন সাক্ষাদয়মর্থঃ সাধিত ইত্যর্থঃ। যদ্বা, অত্র পাবনে যৎ ফলং, তদৃচৈবোক্তং নান্যস্য বদনে প্রভবতীত্যর্থঃ ॥ ১৮১ ॥

———

তত্রৈব শ্রীব্রহ্মনারদ-সংবাদে—

মৃদঙ্গবাদ্যেন যুতং পণবেন সমন্বিতম্ ।
অর্চ্চনং বাসুদেবস্য সনৃত্যং মোক্ষদং নৃণাম্ ॥১৮২॥

অনুবাদ—ব্রহ্ম-নারদ-সংবাদে বর্ণিত হইয়াছে যে—মৃদঙ্গ ও পণববাদ্যসহকারে নৃত্য করিয়া বাসুদেবের অর্চ্চন করিলে সেই অর্চ্চনা মনুষ্যগণের মুক্তিদায়িনীস্বরূপ ॥ ১৮২ ॥

———

গীতং বাদ্যঞ্চ নৃত্যঞ্চ তথা পুস্তকবাচনম্ ।
পূজাকালে তু কৃষ্ণস্য সর্ব্বদা কেশবপ্রিয়ম্ ॥ ১৮৩ ॥
নৃত্যবাদ্যাদ্যভাবে তু কুর্য্যাৎ পুস্তকবাচনম্ ।
পূজাকালে ত্বিদং পুত্র সর্ব্বদা প্রীতিদায়কম্ ॥১৮৪॥
পুস্তকস্যাপ্যভাবে তু বিষ্ণুনামসহস্রকম্ ।
স্তবরাজং মুনিশ্রেষ্ঠ গজেন্দ্রস্য চ মোক্ষণম্ ॥ ১৮৫ ॥
পূজাকালে তু দেবস্য গীতাস্তোত্রমনুস্মৃতিঃ ।
পঞ্চস্তবা মহাভাগ মহাপ্রীতিকরা হরেঃ ॥ ১৮৬ ॥
বিহায় গীতবাদ্যানি পূজাকালে সদা হরেঃ ।
পঠনীয়ং মহাভক্ত্যা বিষ্ণোর্নামসহস্রকম্ ॥ ১৮৭ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণের পূজাকালে গীত, বাদ্য, নৃত্য, পুস্তকবাচন সর্ব্বদা তাঁহার প্রীতিকর। নৃত্য ও বাদ্যের অভাবে পুস্তকবাচন করিবে। হে বৎস। পূজার সময়ে ইহা সর্ব্বদা প্রীতিকর হয়। শ্রীকৃষ্ণের পূজার সময় পুস্তকের অভাব হইলে বিষ্ণুসহস্রনাম, স্তবরাজ, গজেন্দ্রমোক্ষণ, গীতাস্তোত্র ও অনুস্মৃতি এই পাঁচটি স্তব প্রভুর অতিশয় প্রীতিকর। শ্রীহরির পূজাকালে গীতবাদ্য বর্জ্জন করিয়া মহতী ভক্তিসহকারে সর্ব্বদা শ্রীবিষ্ণুসহস্র নাম পাঠ করিবে॥ ১৮৩-১৮৭ ॥

টীকা—অর্চ্চনমিত্যনেন পূজাকালে, ত্বিত্যাদিনা চ যদ্যপি পূজায়াং সর্ব্বোপচারেষু সর্ব্বদৈব বাদ্যাদিকং বিহিতং, তথাপ্যত্র মুখ্যোপচারে স্নানে স্নানকালে ত্বিদ্যাদিবচনসঙ্গত্যা প্রাগ্বল্লিখিতং ; এবমগ্রেঽপি ॥ ১৮২-১৮৪ ॥

———

দ্বারকামাহাত্ম্যে—

স্নানকালে তু কৃষ্ণস্য জয়শব্দং করোতি যঃ ।
করতাড়নসংযুক্তং গীতং নৃত্যং প্রকুর্ব্বতে ॥ ১৮৮ ॥
উন্মত্তচেষ্টাং কুর্ব্বাণো হসন্ জল্পন্ যথেচ্ছয়া ।
নোত্তানশায়ী ভবতি মাতুরঙ্কে নরেশ্বর ॥ ১৮৯ ॥

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে বর্ণিত আছে—যিনি শ্রীকৃষ্ণের স্নানকালে জয় শব্দ উচ্চারণ করেন, করতালি দিয়া গীত ও নৃত্য করেন এবং উন্মত্তের মত চেষ্টা প্রকাশ করিয়া যথেচ্ছ হাসেন ও কথা বলেন, হে রাজন্ তাঁহাকে আর মাতৃক্রোড়ে উত্তানশায়ী হইতে হয় না অর্থাৎ তিনি মুক্তি লাভ করেন ॥১৮৮-১৮৯॥

টীকা—মাতুরঙ্কে উত্তানশায়ী ন ভবতি, মুক্তো ভবতীত্যর্থঃ ॥ ১৮৯ ॥

———

অথ সহস্রনামমাহাত্ম্যম্

তত্রৈব—

স্নানকালে তু দেবস্য পঠেন্নামসহস্রকম্ ।
প্রত্যক্ষরং লভেৎ পুণ্যং কপিলাগোশতোদ্ভবম্ ॥১৯০॥

অনুবাদ—অতঃপর সহস্রনাম মাহাত্ম্য দ্বারকা মাহাত্ম্যেই বলা হইয়াছে—শ্রীকৃষ্ণের স্নানকালে সহস্রনাম পাঠের প্রতি অক্ষরে শত কপিলাধেনু-দানের ফল লাভ হয় ॥ ১৯০ ॥

———

বিষ্ণুধর্ম্মোত্তরে—

কৃত্বা নামসহস্রেণ স্তুতিং তস্য মহাত্মনঃ ।
বিয়োগমাপ্নোতি নরঃ সর্ব্বানর্থৈর্ন সংশয়ঃ ॥ ১৯১ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—যে ব্যক্তি সহস্রনাম দ্বারা সেই মহাত্মার স্তুতি করেন,

তিনি সর্ব্বপ্রকার অনর্থ হইতে উদ্ধার পান ইহাতে সন্দেহ নাই ॥ ১৯১ ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে—

বিষ্ণোর্নামসহস্রন্তু পূজাকালে পঠন্তি যে।
বেদানাঞ্চৈব পুণ্যানাং ফলমাপ্নোতি মানবঃ॥ ১৯২॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ সংবাদে বর্ণিত হইয়াছে—যে ব্যক্তি অর্চ্চনকালে বিষ্ণুর সহস্র নাম পাঠ করেন, তিনি সকল বেদপাঠের পুণ্য ফল লাভ করেন ॥ ১৯২ ॥

শ্লোকেনৈকেন দেবর্ষে সহস্রনামকস্য যৎ।
পঠিতেন ফলং প্রোক্তং ন তৎ ক্রতুশতৈরপি ॥১৯৩॥

অনুবাদ—হে দেবর্ষে! সহস্র নামের এক শ্লোক পাঠ করিলে যে ফল হয়, কথিত আছে শত যজ্ঞানুষ্ঠানেও সে ফল হয় না ॥ ১৯৩ ॥

মন্ত্রহীনং ক্রীয়াহীনং যৎ কৃতং পূজনং হরেঃ।
পরিপূর্ণং ভবেৎ সর্ব্বং সহস্রনামকীর্ত্তনাৎ ॥ ১৯৪ ॥

অনুবাদ—মন্ত্রহীন বা ক্রিয়াহীন হরিপূজা সহস্রনাম কীর্ত্তনের দ্বারা সফল হয় ॥ ১৯৪ ॥

কিঞ্চ —

জ্ঞানাজ্ঞানকৃতং পাপং পঠিত্বা বিষ্ণুসন্নিধৌ।
নাম্নাং সহস্রং বিষ্ণোস্তু প্রজহাতি মহারুজম্ ॥১৯৫
ব্রহ্মহত্যাদি-পাপানি কামচারকৃতান্যপি।
বিলয়ং যান্তি বৈ নূনমন্যপাপে তু কা কথা ॥১৯৬॥
সিধ্যন্তি সর্ব্বকার্য্যাণি মনসা চিন্তিতানি চ।
যঃ পঠেৎ প্রাথরুত্থায় বিষ্ণোর্নামসহস্রকম্ ॥ ১৯৭ ॥

অনুবাদ—আরও বর্ণিত হইয়াছে—বিষ্ণুর সম্মুখে বিষ্ণু-সহস্রনাম পাঠ করিলে জ্ঞান বা অজ্ঞানকৃত পাপ ও মহারোগ ধ্বংস হয়। কামকৃত ব্রহ্মহত্যাদি পাপরাশিও নিশ্চয় দূরীভূত হয়, সুতরাং অন্য পাপের আর কি কথা? যিনি প্রাতঃকালে উত্থিত হইয়া বিষ্ণুর সহস্রনাম পাঠ করেন, তিনি মনোমধ্যে যে সকল কার্য্যের চিন্তা করেন, তাঁহার সেই সমস্ত কার্য্য সিদ্ধ হয় ॥ ১৯৫-১৯৭ ॥

তত্রৈব কৃষ্ণার্জ্জুন-সংবাদে—

অধীতাস্তেন বৈ বেদাঃ সুরাঃ সর্ব্বে সমর্চ্চিতাঃ।
নাম্নাং সহস্রং যোঽধীতে মুক্তিস্তস্য করে স্থিতা ॥
কুর্ব্বন্ পাপসহস্রাণি ভুঞ্জানোঽপি যতস্ততঃ।
পঠেন্নামসহস্রন্তু দুর্গন্ধং ন স পশ্যতি ॥ ১৯৯ ॥
মুক্ত্বা নামসহস্রন্তু নান্যো ধর্ম্মোঽস্তি কশ্চন।
কলৌ প্রাপ্তে গুড়াকেশ সত্যমেতন্ময়েরিতম্ ॥২০০॥
যজ্ঞৈর্দ্দানৈস্তপোভিশ্চ স্তবৈঃ প্রীতির্ন মেঽর্জ্জুন।
সন্তুষ্টিস্তু ন চান্যেন বিনা নামসহস্রকম্ ॥ ২০১ ॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে বলা হইয়াছে—সহস্রনাম পাঠ করিলে সম্পূর্ণ বেদাধ্যয়ন করা হয়। সমুদায় দেবতার পূজা করা হয় এবং মোক্ষ তাঁহার করতলগত হয়। সহস্র পাপাচরণকারী ও যত্র তত্র ভোজনকারীও সহস্রনাম পাঠের ফলে নরক দর্শন হইতে মুক্ত হয়। হে অর্জ্জুন! আমি সত্য করিয়া বলিতেছি কলিকালে সহস্রনাম কীর্ত্তনকারীর অন্য ধর্ম্মাচরণ না করিলেও ক্ষতি নাই। সহস্রনাম ছাড়া কি যজ্ঞ, কি দান, কি তপস্যা কি স্তব কিছুতেই আমার প্রীতি বা সন্তুষ্টি হয় না ॥ ১৯৮-২০১ ॥

স্তবং নামসহস্রাখ্যং যে ন জানন্তি বৈ কলৌ।
ভ্রমন্তি তে নরা লোকে সর্ব্বধর্ম্মবহিষ্কৃতাঃ ॥ ২০২ ॥
স্তবং নামসহস্রাখ্যং লিখিতং যস্য বেশ্মনি।
পূজ্যতে মম সান্নিধ্যে পূজাং গৃহ্নামি তস্য বৈ॥২০৩
যস্মিন্নামসহস্রং মে গৃহে তিষ্ঠতি সর্ব্বদা।
লিখিতং পাণ্ডবশ্রেষ্ঠ তত্র নো বিশতে কলিঃ ॥২০৪॥

অনুবাদ—কলিযুগে যাহারা সহস্রনামের কথা জানে না, তাহারা সর্ব্বধর্ম্ম বহিষ্কৃত হইয়া সংসারে ভ্রমণ করে। যে ব্যক্তির গৃহে লিখিত সহস্রনাম আমার সম্মুখে পূজা করা হয়, আমি তাহার সেই পূজা গ্রহণ করি। হে পাণ্ডবশ্রেষ্ঠ! যে গৃহে আমার সহস্র-

অনুবাদ—যে সকল শ্রেষ্ঠ মনুষ্য যক্ষ, গন্ধর্ব্ব, দেবতা বা বিদ্যাধর কিংবা নাগ হইয়াছিলেন তাঁহাদের সংখ্যা অনেক। হে নিষ্পাপ! তাই তাঁহাদের নামোল্লেখ করা সম্ভব নয়, অতএব মনুষ্যগণ সযত্নে সর্ব্বদা কুসুম সংগ্রহে যত্ন করিবে। নানাবিধ বনপুষ্প নিজে সংগ্রহ করিয়া প্রত্যহ শ্রীভগবানকে পূজা করিলে যে ফল পাওয়া যায়, তাহা বর্ণনা করা সম্ভব নহে। হে রাজশ্রেষ্ঠ। যিনি ভিক্ষান্ন ভোজনপূর্ব্বক নিজে পুষ্প আহরণ করিয়া কেশবের পূজা করেন, তিনি বংশজাত শতপুরুষকে উদ্ধার করেন॥৪৪-৪৭॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—
পুষ্পাণি তু সুগন্ধীনি মনোজ্ঞানি তু যঃ পুমান্।
প্রযচ্ছতি হৃষীকেশে স ভাগবতমানবঃ॥ ৪৮॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে যথা—মনোহর সুগন্ধি পুষ্প যিনি হৃষীকেশকে নিবেদন করেন, তিনি ভগবদ্ভক্ত॥ ৪৮॥

নারসিংহে—
তপঃশীল-গুণোপেতে পাত্রে বেদস্য পারগে।
দশ দত্ত্বা সুবর্ণানি যৎ ফলং সমবাপ্নুয়াৎ।
তৎ ফলং লভতে মর্ত্ত্যো হরেঃ কুসুমদানতঃ॥৪৯॥

অনুবাদ—নৃসিংহপুরাণে—তপশ্চারী, শীল গুণ-সমন্বিত, বেদপারগ পাত্রে দশ স্বর্ণ দানে যে ফল, মনুষ্য শ্রীহরিকে পুষ্প প্রদান করিয়া সেই ফল লাভ করে ॥ ৪৯ ॥

তত্রৈবাগ্রে—

মল্লিকা-মালতী-জাতী-কেতকাশোকচম্পকৈঃ।
পুন্নাগ-নাগ-বকুলৈঃ পদ্মৈরুৎপলজাতিভিঃ ॥ ৫০ ॥
এতৈরন্যৈশ্চ কুসুমৈঃ প্রশস্তৈরচ্যুতং নরঃ।
অর্চ্চন্ দশসুবর্ণস্য প্রত্যেকং ফলমাপ্নুয়াৎ ॥ ৫১ ॥

অনুবাদ—ঐ নৃসিংহপুরাণেরই আরও অগ্রে বলা হইয়াছে—মল্লিকা, মালতী, জাতী, কেতকী, অশোক, চম্পক, পুন্নাগ, নাগ, বকুল, পদ্ম এবং উৎপলজাতীয় সমুদয় পুষ্প ও অন্যান্য প্রশস্ত পুষ্পদ্বারা শ্রীহরিকে পূজা করিলে মানবগণ প্রতি পুষ্পে দশ সুবর্ণ মুদ্রা অর্পণের ফল লাভ করে ॥ ৫০-৫১ ॥

এবং হি রাজন্ নরসিংহমূর্ত্তেঃ
প্রিয়াণি পুষ্পাণি তবেরিতানি।
এতৈশ্চ নিত্যং হরিমর্চ্চ্য ভক্ত্যা
নরো বিশুদ্ধো হরিমেব যাতি ॥ ৫২ ॥

অনুবাদ—হে রাজন্ শ্রীনৃসিংহদেবের প্রিয় পুষ্পের কথা তোমাকে বলিলাম, কেবল এইগুলি দ্বারা ভক্তি-সহকারে নিত্য শ্রীহরির পূজা করিলে মনুষ্য পবিত্র হইয়া হরিকেই লাভ করিবে ॥ ৫২ ॥

স্কান্দে—

স্বয়মাহৃত্য যো দদ্যাদরণ্যকুসুমানি চ।
স রাজ্যং স্ফীতমাপ্নোতি লোকে নিহতকণ্টকম্ ॥৫৩

অনুবাদ—স্কন্দপুরাণে—যিনি নিজে বনফুল সংগ্রহ করিয়া শ্রীহরিকে নিবেদন করেন, তিনি পৃথিবীতে নিষ্কণ্টকে বর্দ্ধিত রাজ্য প্রাপ্ত হন ॥ ৫৩ ॥

তত্রৈব শ্রীশিব-উমা-সংবাদে—

যৈঃ কৈশ্চিদিহ পুষ্পৈশ্চ জলজৈঃ স্থলজৈরপি।
সংপূজ্য কথিতৈর্ভক্ত্যা বিষ্ণুলোকে মহীয়তে ॥ ৫৪ ॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই শ্রীশিব-উমা-সংবাদে—জলজই হউক কিংবা স্থলজই হউক, যে কোন পুষ্পদ্বারাই পূজা করিলে মনুষ্য বিষ্ণুলোকে গিয়া সসম্মানে বাস করিবে ॥ ৫৪ ॥

টীকা—কথিতৈর্বিহিতৈরিত্যর্থঃ, পূর্ব্বোক্তৈর্ব্বা ॥৫৪

বিষ্ণুরহস্যে শ্রীমার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্নসংবাদে—

ঋতুকালোদ্ভবৈঃ পুষ্পৈর্যোঽর্চ্চয়েদ্রুক্মিণীপতিম্।
সর্ব্বান্ কামানবাপ্নোতি যান্ দিব্যান্ যাংশ্চ মানুষান্ ॥ ৫৫ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে মার্কণ্ডেয়-ইন্দ্রদ্যুম্ন-সংবাদে বর্ণিত হইয়াছে—যিনি ঋতুকালোদ্ভব পুষ্পদ্বারা শ্রীকৃষ্ণের পূজা করেন, তাঁহার পরলোক সম্বন্ধীয় ও মনুষ্যলোক সম্বন্ধীয় সকল বাসনা ফলবতী হয় ॥৫৫

অথ পুষ্পবিশেষমাহাত্ম্যম্

তথা চ নারসিংহে—

পুষ্পজাতিবিশেষেণ ভবেৎ পুণ্যং বিশেষতঃ ॥ ৫৬ ॥

অনুবাদ—অতঃপর পুষ্পবিশেষের মাহাত্ম্য—নৃসিংহপুরাণে এইরূপ বর্ণিত হইয়াছে যে, কুসুমের জাতিভেদে বিশেষ বিশেষ পুণ্য হয় ॥ ৫৬ ॥

কিঞ্চ—

এবং পুষ্পবিশেষেণ ফলং তদধিকং নৃপ।
জ্ঞেয়ং পুষ্পান্তরেণাপি যথা স্যাত্তন্নিবোধ মে ॥৫৭॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—হে নৃপ! দ্রোণ-পুষ্পের যে মাহাত্ম্যের কথা বলিলাম, সেই অনুসারে পুষ্পভেদে ফলও অধিক হইয়া থাকে। ইহা ছাড়া অন্যপুষ্পেও যে ফল হয়, তাহা শোন ॥ ৫৭ ॥

তত্র দ্রোণপুষ্পমাহাত্ম্যম্

নারসিংহে এব—

দ্রোণপুষ্পে তথৈকস্মিন্ মাধবায় নিবেদিতে।
দত্ত্বা দশ সুবর্ণানি যৎ ফলং তদবাপ্নুয়াৎ ॥ ৫৮ ॥

অনুবাদ—তন্মধ্যে দ্রোণকুসুম-মাহাত্ম্য নৃসিংহ-পুরাণে বর্ণিত হইয়াছে—একটি মাত্র দ্রোণপুষ্প শ্রীমাধবকে নিবেদন করিলে, দশ সুবর্ণমুদ্রা অর্পণের ফল লাভ হইয়া থাকে ॥ ৫৮ ॥

টীকা—এবমিতি দ্রোণপুষ্পোক্তপ্রকারেণেতি জ্ঞেয়ং, তৎপুরাণে দ্রোণপুষ্পে তথৈকস্মিন্নিত্যনন্তরমস্য পাঠাৎ। অতঃ পুষ্পান্তরেণেতি দ্রোণপুষ্পাদিতরেণা-পীত্যর্থঃ। পুষ্পান্তরক্তেনেতি পাঠে অন্তরং ভেদস্তজ্জ্ঞেন ॥ ৫৭-৫৮ ॥

———

জাত্যাঃ মাহাত্ম্যম্

দ্রোণপুষ্পসহস্রেভ্যঃ খাদিরং বৈ বিশিষ্যতে ।
শমীপুষ্পসহস্রেভ্যো বিল্বপুষ্পং বিশিষ্যতে ॥ ৫৯ ॥
বিল্বপুষ্পসহস্রেভ্যো বকপুষ্পং বিশিষ্যতে ।
বকপুষ্পসহস্রাদ্ধি নন্দ্যাবর্ত্তং বিশিষ্যতে ॥ ৬০ ॥
নন্দ্যাবর্ত্তসহস্রাদ্ধি করবীরং বিশিষ্যতে ।
করবীরস্য কুসুমাৎ শ্বেতপুষ্পমনুত্তমম্ ॥ ৬১ ॥
করবীরশ্বেতকুসুমাৎ পালাশং পুষ্পমুত্তমম্ ।
পালাশপুষ্পসাহস্র্যাৎ কুশপুষ্পং বিশিষ্যতে ॥ ৬২ ॥
কুশপুষ্পসহস্রাদ্ধি বনমালা বিশিষ্যতে ।
বনমালাসহস্রাদ্ধি চম্পকন্তু বিশিষ্যতে ॥ ৬৩ ॥
চম্পকাৎ পুষ্পশতকাদশোকপুষ্পমুত্তমম্ ।
অশোকপুষ্পসাহস্র্যাৎ সেবন্তীপুষ্পমুত্তমম্ ॥ ৬৪ ॥
কুব্জপুষ্পসহস্রাণাং মালতীপুষ্পমুত্তমম্ ।
মালতীপুষ্পসাহস্র্যাৎ ত্রিসন্ধ্যাপুষ্পমুত্তমম্ ॥ ৬৫ ॥

অনুবাদ—জাতীপুষ্পের মাহাত্ম্য—সহস্র দ্রোণ-পুষ্প অপেক্ষা একটি শমীপুষ্প শ্রেষ্ঠ। সহস্র সংখ্যক শমীপুষ্প অপেক্ষা একটি বিল্বপুষ্প প্রধান। সহস্র বিল্বপুষ্প অপেক্ষা একটি বকপুষ্প উত্তম। সহস্র বকপুষ্প অপেক্ষা একটি নন্দ্যাবর্ত্ত উত্তম, সহস্র নন্দ্যা-বর্ত্ত হইতে একটি করবীর প্রধান। করবীর পুষ্প মধ্যে শ্বেত করবীর শ্রেষ্ঠ এবং শ্বেত করবীর হইতে পলাশ শ্রেষ্ঠ। সহস্রসংখ্যক পলাশপুষ্প হইতে একটি কুশ-পুষ্প প্রধান। সহস্র কুশপুষ্প হইতে একটি বনমালা প্রধান (মালতীজাতীয়)। সহস্র বনমালা হইতে একটি চম্পক শ্রেষ্ঠ। শতসংখ্যক চম্পক অপেক্ষা একটি অশোকপুষ্প প্রধান। সহস্র অশোক হইতে এক কুব্জপুষ্প প্রধান। সহস্র কুব্জপুষ্প অপেক্ষা এক মালতীপুষ্প শ্রেষ্ঠ। সহস্র মালতী হইতে ত্রিসন্ধ্যা-পুষ্প উত্তম ॥ ৫৯-৬৫ ॥

টীকা—নন্দ্যাবর্ত্তং পিণ্ডীতগরং, করবীরং রক্তম্ অগ্রে শ্বেতমিত্যুক্তেঃ, বনমালা পুষ্পবিশেষঃ মালতী-জাতিভেদঃ ॥ ৬১-৬৫ ॥

———

ত্রিসন্ধ্যারক্তসাহস্র্যাৎ ত্রিসন্ধ্যাশ্বেতকং বরম্ ।
ত্রিসন্ধ্যাশ্বেতসাহস্র্যাৎ কুন্দপুষ্পং বিশিষ্যতে ॥৬৬॥
কুন্দপুষ্পসহস্রাদ্ধি শতপত্রং বিশিষ্যতে ।
শতপত্রসহস্রাদ্ধি মল্লিকাপুষ্পমুত্তমম্ ॥ ৬৭ ॥
মল্লিকাপুষ্পসাহস্র্যাজ্জাতীপুষ্পং বিশিষ্যতে ।
সর্ব্বাসাং পুষ্পজাতীনাং জাতীপুষ্পমিহোত্তমম্ ॥৬৮

অনুবাদ—রক্তবর্ণ সহস্র ত্রিসন্ধ্যাপুষ্প অপেক্ষা একটি শুক্লবর্ণ ত্রিসন্ধ্যার প্রাধান্য। সহস্র শুভ্রত্রিসন্ধ্যা অপেক্ষা একটি কুন্দপুষ্প শ্রেষ্ঠ। সহস্র কুন্দপুষ্প অপেক্ষা একটি পদ্মপুষ্প প্রধান। সহস্র পদ্ম অপেক্ষা একটি মল্লিকাপুষ্প প্রধান, সহস্র মল্লিকা অপেক্ষা একটি জাতীপুষ্প উত্তম। এখানে যে সকল পুষ্পের উল্লেখ করা হইল সেই সমস্ত হইতে একটি জাতী পুষ্পের প্রাধান্য জানিবে ॥ ৬৬-৬৮ ॥

———

জাতীপুষ্পসহস্রেণ যচ্ছন্মালাং সুশোভনাম্ ।
বিষ্ণবে বিধিবদ্ভক্ত্যা তস্য পুণ্যফলং শৃণু ॥৬৯॥
কল্পকোটিসহস্রাণি কল্পকোটিশতানি চ ।
বসেদ্ বিষ্ণুপুরে শ্রীমান্ বিষ্ণুতুল্যপরাক্রমঃ ॥ ৭০ ॥
শেষাণাং পুষ্পজাতীনাং যৎ ফলং বিধিদর্শিতম্ ।
তৎফলস্যানুসারেণ বিষ্ণুলোকে মহীয়তে ॥ ৭১ ॥

অনুবাদ—সহস্র সংখ্যক জাতীপুষ্প দ্বারা মালা গাঁথিয়া যিনি ভক্তিপূর্ব্বক বিধানানুসারে শ্রীভগবানকে নিবেদন করেন, সেই ব্যক্তির পুণ্য ফল শ্রবণ কর। সেই ব্যক্তি শ্রীমান্ ও শ্রীহরির তুল্য পরাক্রমশালী হইয়া কল্পকোটি সহস্র ও কল্পকোটি শতকাল বিষ্ণু-ধামে বাস করেন। যথাবিধি অবশিষ্ট পুষ্প সকলের যে ফল নির্দ্দেশ করা হইয়াছে, তদনুসারে অর্চ্চন-কারী বিষ্ণুধামে সম্মানিত হইয়া থাকেন ॥৬৯-৭১॥

———

বিষ্ণুধর্ম্মোত্তরে—

সর্ব্বাসাং পুষ্পজাতীনাং জাত্যঃ শ্রেষ্ঠতমা মতাঃ।
জাতীনামপি সর্ব্বাসাং শুক্লা জাতিঃ প্রশস্যতে ॥৭২॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—যত প্রকার পুষ্প আছে, তাহার মধ্যে জাতীপুষ্প শ্রেষ্ঠ বলিয়া উক্ত হইয়াছে। সকল প্রকার জাতীর মধ্যেও আবার শ্বেতবর্ণ জাতী উত্তম ॥ ৭২ ॥

স্কান্দেঽপি ব্রহ্মনারদসংবাদে—

'মল্লিকা'-ইত্যাদি শ্লোকত্রয়মাস্তে ॥ ৭৩ ॥

অনুবাদ—স্কন্দপুরাণেও ব্রহ্ম-নারদ সংবাদে 'মল্লিকা' ইত্যাদি তিনটি শ্লোক রহিয়াছে ॥ ৭৩ ॥

কিঞ্চ তত্রৈবান্যত্র—

জাতীপুষ্পপ্রদানেন গন্ধর্ব্বৈঃ সহ মোদতে
জাতীপুষ্পাষ্টকং দত্ত্বা বহ্নিষ্টোমফলং ভবেৎ ॥৭৪॥
জাতীপুষ্পসহস্রেণ যথেষ্টাং গতিমাপ্নুয়াৎ।
শ্বেতদ্বীপমবাপ্নোতি লক্ষপূজাবিধায়কঃ ॥ ৭৫ ॥
জাতীপুষ্পকৃতাং মালাং কর্পূরপটবাসিতাম্।
নিবেদ্য দেবদেবায় যৎ ফলং প্রাপ্নুয়ান্নরঃ।
ন তদ্বর্ণয়িতুং শক্যমপি বর্ষশতৈরপি ॥ ৭৬ ॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণে অন্যত্র আরও বলা হইয়াছে—শ্রীকৃষ্ণকে জাতীপুষ্প প্রদানে গন্ধর্ব্বগণের সহিত আনন্দে বাস করিবে। আটটি জাতীপুষ্প অর্পণে অগ্নিষ্টোম যজ্ঞের ফল লাভ হইবে। সহস্র জাতীপুষ্প দিলে যথেচ্ছা গতি লাভ হইবে। লক্ষ জাতীপুষ্প দিয়া পূজা করিলে শ্বেতদ্বীপে বাস হইবে। জাতীপুষ্পে নির্ম্মিত মালা কর্পূর চূর্ণ দ্বারা বাসিত করিয়া দেবদেবকে অর্পণ করিলে মনুষ্য যে ফল প্রাপ্ত হইবে শত বর্ষেও তাহা বলা যায় না ॥ ৭৪-৭৬ ॥

টীকা—লক্ষং জাতীপুষ্পাণামেব, তেন পূজায়াঃ বিধায়কঃ ॥ ৭৫ ॥

মালত্যা মাহাত্ম্যম্

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে—

বর্ণানান্তু যথা বিপ্রস্তীর্থানাং জাহ্নবী যথা।
সুরাণান্তু যথা বিষ্ণুঃ পুষ্পাণাং মালতী তথা ॥ ৭৭ ॥
মালত্যা হি তথা দেবং যোঽর্চ্চয়েদ্গরুড়ধ্বজম্।
জন্মদুঃখজরারোগৈর্ম্মুক্তোঽসৌ মুক্তিমাপ্নুয়াৎ ॥৭৮॥

অনুবাদ—মালতীর বিষয়ে স্কন্দপুরাণে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে বর্ণিত হইয়াছে—বর্ণ মধ্যে যেমন ব্রাহ্মণ, তীর্থের মধ্যে গঙ্গা, দেবতার মধ্যে বিষ্ণু সেই-রূপ কুসুমের মধ্যে মালতী। যিনি মালতী পুষ্পদ্বারা গরুড়ধ্বজদেবের পূজা করেন তিনি জন্মদুঃখ, জরা ও রোগ হইতে মুক্ত হইয়া মুক্তিপদ প্রাপ্ত হন ॥ ৭৭-॥ ৭৮ ॥

টীকা—কর্পূরস্য পটঃ চূর্ণগন্ধস্তেন বাসিতাম্। মালবত্যা ইতি পাঠেঽপি মালবত্যেব মালতী, মুক্তিং পরমানন্দলক্ষণাম্ ॥ ৭৬-৭৮ ॥

তত্রৈবান্যত্র—

যোঽর্চ্চয়েন্মালতীপুষ্পৈঃ কৃষ্ণং ত্রিভুবনেশ্বরম্।
তেনাপ্তং নাস্তি সন্দেহস্তৎপদং দুর্ল্লভং হরেঃ ॥৭৯॥

অনুবাদ—ঐ গ্রন্থেই অন্যত্রও বলা হইয়াছে—যে ব্যক্তি মালতীপুষ্পদ্বারা ত্রিভুবনেশ্বর শ্রীকৃষ্ণের পূজা করিবেন, তিনি শ্রীহরির সেই দুর্লভ ধাম লাভ করি-বেন, সন্দেহ নাই ॥ ৭৯ ॥

মালতীকলিকামালামীষদ্বিকসিতাং হরেঃ।
দত্ত্বা শিরসি বিপ্রেন্দ্র বাজিমেধফলং লভেৎ ॥ ৮০ ॥

অনুবাদ—হে বিপ্রশ্রেষ্ঠ! ঈষৎ বিকশিত মালতী কলিকার মালা শ্রীহরির মস্তকে অর্পণ করিলে অশ্বমেধ যজ্ঞের ফল পাওয়া যায় ॥ ৮০ ॥

গারুড়ে—

পক্ষীন্দ্র ন শ্রুতং দৃষ্টং ভূতং ন ভবিষ্যতি।
মালত্যা ন সমং পুষ্পং দ্বাদশ্যা ন সমা তিথিঃ ॥৮১
পুষ্পেণৈকেন মালত্যাঃ প্রীতির্য্যা কেশবস্য হি।
ন সা ক্রতুসহস্রেণ ভবতে নারদোঽব্রবীৎ ॥ ৮২ ॥
যত্র যত্র খগশ্রেষ্ঠ ভবতে মালতীবনম্।
পত্রে পত্রে তথা তুষ্টো বসতে তত্র কেশবঃ ॥ ৮৩ ॥
দৃষ্ট্বা তু মালতীপুষ্পং বৈষ্ণবেন করে ধৃতম্।
প্রীতো ভবতি দৈত্যারিঃ সুতং দৃষ্ট্বা যথা খগ ॥৮৪॥

পুষ্পে পুষ্পে খগশ্রেষ্ঠ মালত্যাঃ সুমনোহরে।
অক্ষয়ং প্রাপ্যতে স্থানং দাহপ্রলয়বর্জ্জিতম্ ॥ ৮৫ ॥
বল্লভং মালতীপুষ্পং মাধবস্য সদৈব হি।
হেলয়া দাপয়েৎ স্থানং স্বকীয়ং গরুড়ধ্বজঃ ॥৮৬॥

অনুবাদ—গরুড়পুরাণে—হে পক্ষীন্দ্র! মালতীর সমান পুষ্প এবং দ্বাদশীর সমান তিথি শ্রুত হয় নাই, দৃষ্টও হয় নাই। হয় না, হইবেও না। নারদ বলিয়াছেন, একটি মালতীপুষ্পে শ্রীকেশবের যেরূপ প্রীতি জন্মে, সহস্র যজ্ঞেও সেইরূপ হয় না। যে স্থানে মালতীবন থাকে, কেশব ঐ প্রকার প্রীত হইয়া উহার পত্রে পত্রে বাস করেন। হে বিহঙ্গম! পুত্র-দর্শনে যে প্রকার আনন্দ হয়, বৈষ্ণবহস্তে মালতীপুষ্প দেখিলে দৈত্যারি হরি সেইপ্রকার প্রীতি লাভ করেন। সুমনোহর মালতীপুষ্প অর্পণে প্রতি পুষ্পে তাপশূন্য, প্রলয় রহিত অক্ষয় স্থান লাভ হয়। মালতীপুষ্প মাধবের সর্ব্বদাই প্রীতিকর। গরুড়ধ্বজ পূজককে হেলায় নিজ ধামে বাসস্থান দিয়া থাকেন ॥ ৮১-৮৬ ॥

টীকা—ন সমমিত্যত্র নকারস্য অধুনাপি নাস্তী-ত্যর্থঃ। ভবতে ভবতি ইত্যাদিকমার্ষমুন্নেয়ম্ ॥৮১-৮২

———

দত্তমাত্রং হরেঃ পুষ্পং নির্ম্মাল্যং ভবতি ক্ষণাৎ।
অহোরাত্রং প্রভুক্তং হি মালতীকুসুমং ন হি ॥ ৮৭ ॥
বিষ্ণোরঙ্গাৎ পরিভ্রষ্টং মালতীকুসুমং খগ।
যো ধারয়েচ্চ শিরসি সর্ব্বধর্ম্মফলং লভেৎ ॥ ৮৮ ॥
অদত্ত্বা কেশবে যস্তু স্বমূর্দ্ধ্নি মালতী বহেৎ।
স নরঃ খগশার্দ্দূল সর্ব্বধর্ম্মচ্যুতো ভবেৎ ॥ ৮৯ ॥

অনুবাদ—শ্রীহরিকে পুষ্প অর্পণ মাত্রেই নির্ম্মাল্য হয়। কিন্তু দিবারাত্র প্রভুক্ত হইলেও মালতীপুষ্প নির্ম্মাল্য হয় না। হে বিহগ! যিনি বিষ্ণুর অঙ্গ হইতে ভ্রষ্ট মালতীপুষ্প মস্তকে ধারণ করেন তিনি সকল ধর্ম্মের ফল লাভ করেন। হে খগশ্রেষ্ঠ! যে ব্যক্তি কেশবকে নিবেদন না করিয়া মালতীপুষ্প নিজ মস্তকে ধারণ করে, সেইব্যক্তি সকল ধর্ম্ম হইতে ভ্রষ্ট হয় ॥ ৮৭-৮৯ ॥

টীকা—নির্ম্মাল্যমিতি উপভুক্তত্বেনোত্তারণযোগ্য-মিত্যর্থঃ; ন হি নির্ম্মাল্যং ভবতি। পাঠান্তরং সুগ-মম্। অদত্ত্বা অসমর্প্য ॥ ৮৭-৮৯ ॥

———

কার্ত্তিকে চ তস্যা মাহাত্ম্যবিশেষঃ

তথা চ গারুড়ে—

সুবর্ণদানং গোদানং ভূমিদানং খগেশ্বর।
বিহায় কার্ত্তিকে মাসে মালতীং যচ্ছ কেশবে ॥ ৯০ ॥

অনুবাদ—কাত্তিক মাসে ঐ মালতীপুষ্পের বিশেষ মাহাত্ম্য গরুড়পুরাণে বলা হইয়াছে যে—হে বিহগ-শ্রেষ্ঠ! সুবর্ণদান, গোদান ও ভূমিদান না করিয়া কাত্তিকমাসে কেশবকে মালতীপুষ্প অর্পণ কর ॥৯০॥

———

সর্ব্বমাসেষু পক্ষীন্দ্র মালতী কেশবপ্রিয়া।
প্রবোধন্যাং বিশেষেণ অশ্বমেধাদিদায়িনী ॥ ৯১ ॥

অনুবাদ—হে পক্ষিশ্রেষ্ঠ! মালতী সকলমাসেই কেশবের প্রীতি সাধন করে, বিশেষতঃ কার্ত্তিকমাসে প্রবোধনীতে অশ্বমেধাদির ফল দিয়া থাকে ॥ ৯১ ॥

———

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে—

মালতীমালয়া বিষ্ণুঃ পূজিতো যেন কার্ত্তিকে।
পাপাক্ষরকৃতাং মালাং হঠাৎ সৌরিঃ প্রমার্জ্জতি ॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে, উক্ত হইয়াছে—যিনি কার্ত্তিকমাসে মালতীপুষ্প দিয়া শ্রীবিষ্ণুর অর্চ্চনা করেন, শমন তাঁহার সহসা পাপরূপ অক্ষরদ্বারা কৃতপঙ্ক্তি মুছিয়া দেন ॥ ৯২ ॥

টীকা—মালাং পঙ্ক্তিং, সৌরির্যমঃ ॥ ৯২ ॥

———

পাদ্মে উত্তরখণ্ডে কার্ত্তিকমাহাত্ম্যে—

মালতী-জাতিকাপুষ্পৈঃ স্বর্ণজাত্যা চ চম্পকৈঃ।
পূজিতো মাধবো দদ্যাৎ কার্ত্তিকে বৈষ্ণবং পদম্ ॥৯৩

অনুবাদ—পদ্মপুরাণে উত্তরখণ্ডে কার্ত্তিক মাহাত্ম্যে যথা—কার্ত্তিকমাসে মালতী, জাতী, স্বর্ণজাতী কিংবা চম্পকদ্বারা পূজিত হইলে মাধব পূজককে বিষ্ণুধাম দিয়া থাকেন ॥ ৯৩ ॥

———

কমলস্য মাহাত্ম্যম্

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে—

শুভ্রাশুভ্রৈর্মহাগন্ধৈঃ কুসুমৈঃ পঙ্কজোদ্ভবৈঃ ।
অধোক্ষজং সমভ্যর্চ্চ্য নরো যাতিঃ হরেঃ পদম্ ॥৯৪

অনুবাদ—পদ্মের মাহাত্ম্য—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে পদ্মবিষয়ে বলা হইয়াছে—মানব মহাগন্ধপূর্ণ শ্বেত অথবা নীল পদ্মে অধোক্ষজের পূজা করিলে হরিধামে গমন করে ॥ ৯৪ ॥

———

তত্রৈবান্যত্র—

অহো নষ্টা বিনষ্টাস্তে পতিতাঃ কলিকন্দরে ।
যৈর্নার্চ্চিতো হরির্ভক্ত্যা কমলৈরসিতৈঃ সিতৈঃ ॥৯৫॥

অনুবাদ—এই গ্রন্থেই অন্যত্রও বলা হইয়াছে—অহো ! যাহারা ভক্তিপূর্ব্বক শুভ্র বা নীলপদ্ম দ্বারা শ্রীহরির পূজা করে নাই, তাহারা বিনষ্ট হইয়া কলিগহ্বরে পতিত হইয়াছে ॥ ৯৫ ॥

———

পদ্মেনৈকেন দেবেশং যোঽর্চ্চয়েৎ কমলাপ্রিয়ম্ ।
বর্ষাযুতসহস্রস্য পাপস্য কুরুতে ক্ষয়ম্ ॥ ৯৬ ॥
পদ্মৈঃ পদ্মালয়াভর্ত্তা পূজিতঃ পদ্মহস্তভৃৎ ।
দদাতি বৈষ্ণবান্ পুত্রান্ ভক্তিমব্যভিচারিণীম্ ॥৯৭॥

অনুবাদ—যিনি একমাত্র পদ্মদ্বারা দেবেশ্বর কমলাকান্তের পূজা করেন, তাঁহার অযুত বর্ষকৃত পাপ ধ্বংস হয় । পদ্মহস্ত কমলাকান্ত পদ্মদ্বারা পূজিত হইলে বৈষ্ণব পুত্রদিগকে অব্যভিচারিণী ভক্তি দিয়া থাকেন ॥ ৯৬-৯৭ ॥

টীকা—অপ্রণয়েনাপ্যর্চ্চিতঃ সন্ । পদ্মহস্তভৃদিতি যদ্যপি হস্তেন পদ্মং বিভর্ত্তীত্যর্থঃ ॥ ৯৩-৯৭ ॥

———

তত্রৈব শ্রীশিব-উমা-সংবাদে—

পদ্মপুষ্পাণি যো দদ্যাত্তস্মাচ্ছতগুণং ভবেৎ ॥ ৯৮ ॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই শ্রীশিব-উমা-সংবাদে উক্ত হইয়াছে—পদ্মপুষ্প নিবেদনকারী স্বর্ণ নির্ম্মিত দশপুষ্প অর্পণের ফলপ্রদ করবীর পুষ্পার্পণ অপেক্ষাও শতগুণ অধিক ফল পাইবেন ॥ ৯৮ ॥

টীকা—তস্মাদিতি প্রাগুৎ, তত্র পূর্ব্বোক্তাৎ সৌবর্ণ-পুষ্পদশকফলপ্রদানাৎ করবীরপুষ্পার্পণফলাদিতি জ্ঞেয়ম্ ॥ ৯৮ ॥

———

তত্র বর্ণবিশেষেণ মাহাত্ম্যবিশেষঃ

তথা চ স্কান্দে—

রক্তপদ্মপ্রদানেন রুক্মমাষকদো ভবেৎ ।
শতং দত্ত্বা চ ধর্ম্মাত্মা বহ্নিষ্টোমফলং লভেৎ ॥৯৯॥
সহস্রঞ্চ তথা দত্ত্বা সূর্য্যলোকে মহীয়তে ।
বিষ্ণুলোকমবাপ্নোতি লক্ষপূজাবিধায়কঃ ॥ ১০০ ॥
স্বয়মেব তথা লক্ষ্মীর্ভজতে নাত্র সংশয়ঃ ।
রক্তপদ্মপ্রদানাদ্ধি শ্বেতস্য দ্বিগুণং ফলম্ ॥ ১০১ ॥

অনুবাদ—তাহাতে বর্ণ-বিশেষে মাহাত্ম্য-বিশেষ সম্বন্ধে স্কন্দপুরাণে বলা হইয়াছে—রক্তপদ্ম প্রদান করিলে এক মাষা সুবর্ণপ্রদানের ফল লাভ হইবে । ধর্ম্মাত্মা ব্যক্তি একশত পদ্ম দান করিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফল পাইবেন । সহস্র পদ্ম দিলে সূর্য্যলোকে সম্মানের সহিত বাস করিতে পারিবেন । যিনি লক্ষ সংখ্যক রক্তপদ্মদ্বারা পূজা করেন, তিনি বিষ্ণুলোক লাভ করিয়া থাকেন । লক্ষ্মী নিজেই তাঁহার ভজনা করেন অর্থাৎ তিনি ধনশালী হন ; ইহাতে কোন সন্দেহ নাই । রক্তপদ্ম অপেক্ষা শুভ্রপদ্ম নিবেদনের ফল দ্বিগুণ ॥ ৯৯-১০১ ॥

———

তত্রাপি কার্ত্তিকে বিশেষঃ

পাদ্মোত্তরখণ্ডে কার্ত্তিকমাহাত্ম্যে—

কমলৈঃ কমলাকান্তঃ পূজিতঃ কার্ত্তিকে তু যৈঃ ।
কমলা অনুগা তেষাং জন্মান্তরশতেষ্বপি ॥ ১০২ ॥

অনুবাদ—তন্মধ্যেও আবার কার্ত্তিকমাসে বিশেষ ফল বিষয়ে পদ্মপুরাণের উত্তরখণ্ডে কার্ত্তিক-মাহাত্ম্যে উক্ত হইয়াছে—যাঁহারা কার্ত্তিকমাসে কমলদ্বারা কমলাকান্তের পূজা করেন, কমলা শতজন্ম পর্য্যন্ত তাঁহাদিগের অনুগামিনী হন ॥ ১০২ ॥

টীকা—রুক্মমাষকদ ইতি সুবর্ণমাষদানফলং প্রাপ্নুয়াদিত্যর্থঃ । শতং রক্তপদ্মানাম্, এবমগ্রেঽপি,

স্বয়মেব লক্ষ্মীর্ভজত ইতি সাক্ষাৎ সর্ব্বসম্পত্তিস্তস্য ভবেদিত্যর্থঃ এবং কমলা অনুগেত্যপি ॥ ৯৯-১০২ ॥

স্কান্দে চ শ্রীব্রহ্মনারদসংবাদে—

কার্ত্তিকে নার্চ্চিতো যৈস্তু কমলৈঃ কমলেক্ষণঃ।
জন্মকোটিষু বিপ্রেন্দ্র ন তেষাং কমলা গৃহে ॥১০৩॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীব্রহ্ম-নারদ সংবাদে—হে বিপ্রশ্রেষ্ঠ! যাঁহারা কার্ত্তিকমাসে কমলদ্বারা কমললোচনের পূজা করেন নাই, কোটি জন্মেও তাঁহাদিগের গৃহে কমলা অবস্থান করেন না ॥১০৩॥

নীলোৎপলস্য মাহাত্ম্যম্

বিষ্ণুধর্ম্মোত্তরে—

দত্ত্বা নীলোৎপলং মুখ্যং কুসুমং কুঙ্কুমস্য চ।
তুল্যং ফলমবাপ্নোতি বন্ধুজীবস্য চ দ্বিজাঃ ॥ ১০৪ ॥
সুবর্ণদশদানস্য ফলং প্রাপ্নোতি মানবঃ।
দত্ত্বা নীলোৎপলং বিষ্ণোর্নাত্র কার্য্যা বিচারণা ॥১০৫
নীলোৎপলশতং দত্ত্বা বহ্নিষ্টোমফলং লভেৎ।
নীলোৎপলসহস্রেণ পুণ্ডরীকমবাপ্নুয়াৎ।
লক্ষপূজাং নরঃ কৃত্বা রাজসূয়ফলং লভেৎ ॥ ১০৬॥

অনুবাদ—নীলোৎপলের মাহাত্ম্য বিষয়ে বিষ্ণুধর্ম্মোত্তরে যথা—হে দ্বিজগণ! মুখ্য নীলোৎপল ও কুঙ্কুমপুষ্প এবং বন্ধুজীব পুষ্প অর্পণ করিলে সমান ফল হয়। বিষ্ণুকে নীলোৎপল অর্পণ করিলে মনুষ্য দশ সুবর্ণ দানের ফল প্রাপ্ত হন। ইহাতে সন্দেহ নাই। শত সংখ্যক নীলোৎপল দিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফল লাভ হয়। সহস্র নীলোৎপল দানে পুণ্ডরীক যজ্ঞের ফল লাভ হয় এবং লক্ষ নীলোৎপল দ্বারা পূজা করিলে মনুষ্য রাজসূয়যজ্ঞের ফল লাভ করেন ॥ ১০৪-১০৬ ॥

কুমুদস্য মাহাত্ম্যম্

বিষ্ণুধর্ম্মোত্তরে চ—

রুক্মমাষকদানস্য ফলং কুমুদতো ভবেৎ।
কুমুদানাং শতং দত্ত্বা চন্দ্রলোকে মহীয়তে ॥ ১০৭ ॥
সহস্রঞ্চ তথা দত্ত্বা যথেষ্টাং গতিমাপ্নুয়াৎ।
অশ্বমেধমবাপ্নোতি লক্ষপূজাবিধায়কঃ ॥ ১০৮ ॥
রক্তোৎপলপ্রদে বিষ্ণো তথা স্যাদ্দ্বিগুণং ফলম্ ॥১০৯

অনুবাদ—কুমুদের মাহাত্ম্য—বিষ্ণুধর্ম্মোত্তরে উক্ত হইয়াছে—কুমুদপুষ্প অর্পণে এক মাষা পরিমিত সুবর্ণদানের ফল হইবে। শত সংখ্যক কুমুদপুষ্প নিবেদন করিলে চন্দ্রলোকে সসম্মানে বাসের অধিকার হয়। এক হাজার দিলে বাসনানুরূপ-গতি লাভ হয় এবং লক্ষ সংখ্যক দ্বারা পূজা করিলে অশ্বমেধ যজ্ঞের ফল হইয়া থাকে। হরিকে রক্তোৎপল দিলে ইহার দ্বিগুণ ফল হইবে ॥ ১০৭-১০৯ ॥

কদম্বস্য মাহাত্ম্যম্

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে—

জাতরূপনিভৈর্ব্বিষ্ণুং কদম্বকুসুমৈর্মুনে।
যেঽর্চ্চয়ন্তি চ গোবিন্দং ন তেষাং সৌরিজং ভয়ম্ ॥
কদম্বকুসুমৈর্হৃদ্যৈর্যেঽর্চ্চয়ন্তি জনার্দ্দনম্।
তেষাং যমালয়ো নৈব ন জায়ন্তে কুযোনিষু ॥১১১॥

অনুবাদ—কদম্বের মাহাত্ম্য—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে বলা হইয়াছে—হে তপোধন! সুবর্ণ-বর্ণ কদম্বপুষ্পেরদ্বারা যাঁহারা গোবিন্দের পূজা করেন, তাঁহাদের যমভয় থাকে না। যাঁহারা মনোহর কদম্বপুষ্পদিয়া জনার্দ্দনের পূজা করেন, তাঁহাদিগকে যমালয়ে গমন করিতে হয় না এবং কুযোনিতে জন্ম গ্রহণ করিতে হয় না ॥ ১১০-১১১ ॥

টীকা—জাতরূপং সুবর্ণং, তন্নিভৈস্তৎসদৃশবর্ণৈরিত্যর্থঃ। ন চ তে কুযোনিষু জায়ন্তে ॥১১০-১১১॥

কিঞ্চ—

ন তথা কেতকীপুষ্পৈর্মালতীকুসুমৈর্ন হি।
তোষমায়াতি দেবেশঃ কদম্বকুসুমৈর্যথা ॥ ১১২ ॥
দৃষ্ট্বা কদম্বপুষ্পাণি প্রীতো ভবতি মাধবঃ।
কিং পুনঃ পূজিতস্তৈশ্চ সর্ব্বকামপ্রদো হরিঃ ॥১১৩॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—দেবেশ্বরের কদম্বপুষ্পে যেরূপ সন্তোষ হয়, কেতকী বা মালতী

কুসুমে সেইরূপ হয় না। শ্রীমাধব কদম্বপুষ্প দেখা-মাত্রই প্রীত হইয়া থাকেন সুতরাং তাহা দ্বারা পূজিত হইলে যে কিরূপ প্রীত হন, তাহা আর কি বলিব ? তখন তিনি তাহার সর্ব্ব বাসনাই পূর্ণ করিয়া থাকেন ॥ ১১২-১১৩ ॥

যথা পদ্মালয়াং প্রাপ্য প্রীতো ভবতি মাধবঃ।
কদম্বকুসুমং লব্ধা তথা প্রীণাতি লোককৃৎ ॥১১৪॥
সকৃৎ কদম্বপুষ্পেণ হেলয়া হরিরর্চ্চিতঃ।
সপ্ত জন্মানি দেবেশস্তস্য লক্ষ্মীরদূরতঃ ॥ ১১৫ ॥
কদম্বপুষ্পগন্ধেন কেশবো বা সুবাসিতঃ।
জন্মাযুতার্জ্জিতস্তেন নিহতঃ পাপসঞ্চয়ঃ ॥ ১১৬ ॥

অনুবাদ—লোকস্রষ্টা শ্রীমাধব কমলাকে প্রাপ্ত হইলে যেরূপ প্রীত হন, কদম্বপুষ্প প্রাপ্ত হইলেও সেইরূপ আনন্দিত হন। শ্রীহরিকে হেলায় একটি মাত্র কদম্বপুষ্পদ্বারা পূজা করিলে হরি ও লক্ষ্মী শত-জন্ম পর্য্যন্ত নিকটে অবস্থান করেন। কদম্বপুষ্পদিয়া কেশবকে সুবাসিত করিলে অযুতজন্মসঞ্চিত পাতক-রাশি ধ্বংস হয় ॥ ১১৪-১১৬ ॥

টীকা—লোককৃদপি হেলয়াপি ; বা-শব্দো যদি বেত্যর্থঃ, কদম্বপুষ্পস্য গন্ধমাত্রেণাপি, যদি বা বাসি-তস্তথাপীত্যর্থঃ ॥ ১১৪-১১৬ ॥

আষাঢ়ে বিশেষঃ

তত্রৈব—

ঘনাগমে ঘনশ্যামঃ কদম্বকুসুমার্চ্চিতঃ।
দদাতি বাঞ্ছিতান্ কামান্ শতজন্মানি সম্পদঃ ॥১১৭
কদম্বকুসুমৈর্দেবং ঘনবর্ণং ঘনাগমে।
যেঽর্চ্চয়ন্তি মুনিশ্রেষ্ঠং তৈরাপ্তং জন্মনঃ ফলম্ ॥১১৮

অনুবাদ—আষাঢ় মাসে উহার বিশেষ মাহাত্ম্য ঐ স্কন্দপুরাণেই বলা হইয়াছে—বর্ষাকাল উপস্থিত হইলে যদি কদম্বপুষ্পদ্বারা ঘনশ্যামকে পূজা করা করা যায়, তাহা হইলে তিনি শতজন্ম পর্য্যন্ত প্রতি জন্মের অভিলষিত মনোঽভীষ্ট সিদ্ধ করেন এবং সমস্ত সম্পদ্ দিয়া থাকেন। যাঁহারা বর্ষাকালে দেব-দেব ঘনশ্যামকে কদম্বপুষ্পদ্বারা অর্চ্চনা করেন, তাঁহারা মানবজন্মের সার্থকতা লাভ করেন ॥ ১১৭-১১৮ ॥

টীকা—সম্পদশ্চ বিভূতীর্দদাতি ; ঘনশ্যাম ইতি ঘনবর্ণমিতি চ কদম্বপুষ্পভূষণেন শোভাতিশয়োঽ-ভিপ্রেতঃ ॥ ১১৭-১১৮ ॥

করবীরস্য মাহাত্ম্যম্

স্কান্দে শ্রীশিব-উমা-সংবাদে—

করবীরৈর্মহাদেবি যঃ পূজয়তি কেশবম্।
দশসৌবর্ণকৈঃ পুষ্পৈর্যৎ ফলং তদবাপ্নুয়াৎ ॥১১৯
করবীরৈঃ সুরক্তৈশ্চ যো বিষ্ণুং সকৃদর্চ্চয়েৎ।
গবাময়ুতদানস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥ ১২০ ॥

অনুবাদ—করবীর পুষ্পের মাহাত্ম্য স্কন্দপুরাণে শ্রীশিব-উমা-সংবাদে উক্ত হইয়াছে—হে মহাদেবী ! করবীরপুষ্পদ্বারা কেশবের অর্চ্চনকারী দশ সুবর্ণ পুষ্প অর্পণের ফল লাভ করেন। যে ব্যক্তি সাতিশয় রক্তবর্ণ করবীর পুষ্পদ্বারা একবার মাত্র শ্রীবিষ্ণুর পূজা করেন, তিনি দশ হাজার গোদানের ফল প্রাপ্ত হন ॥ ১১৯-১২০ ॥

তত্রৈব ব্রহ্মনারদসংবাদে—

যেঽর্চ্চয়ন্তি সুরাধ্যক্ষং করবীরৈঃ সিতাসিতৈঃ।
চতুর্যুগানি বিপ্রেন্দ্র প্রীতো ভবতি কেশবঃ ॥ ১২১ ॥
সিতরক্তৈর্মহাপুণ্যৈঃ কুসুমৈঃ করবীরজৈঃ।
যোঽচ্যুতং পূজয়েদ্ভক্ত্যা স যাতি গরুড়ধ্বজম্ ॥১২২

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই ব্রহ্ম-নারদ-সংবাদে উক্ত হইয়াছে—হে বিপ্রশ্রেষ্ঠ ! সাদা অথবা লাল করবীর পুষ্পদ্বারা যাঁহারা দেবদেব শ্রীহরির পূজা করেন, চারিযুগ পর্য্যন্ত শ্রীহরি তাঁহাদের প্রতি সন্তুষ্ট থাকেন ॥ ১২১ ॥

অতীব পবিত্র শ্বেত কিংবা রক্ত করবীর পুষ্প-দ্বারা ভক্তির সহিত যিনি শ্রীঅচ্যুতদেবের পূজা করেন, তিনি গরুড়ধ্বজকে পাইয়া থাকেন ॥ ১২২ ॥

পুরন্ধ্রি পুষ্পস্য মাহাত্ম্যম্

পুরন্ধ্রি-পুষ্পৈর্যঃ কুর্য্যাৎ পূজাং মধুরিপোর্নরঃ।
তস্য প্রসাদমায়াতি দেবশ্চক্রগদাধরঃ ॥ ১২৩ ॥
রম্যাঃ পুরন্ধ্রি-মঞ্জর্য্যো দয়িতাস্তস্য নিত্যশঃ।
পুরন্ধ্রি-পুষ্পং যো দদ্যাদেকমপ্যস্য মণ্ডলে ॥ ১২৪ ॥
তিলপ্রস্থপ্রদানস্য ফলং প্রাপ্নোত্যসংশয়ম্।
পুরন্ধ্রি-মঞ্জরীপুষ্পৈঃ সহস্রেণার্চ্চয়েদ্ধরিম্ ॥ ১২৫ ॥
অগ্নিষ্টোমমবাপ্নোতি কুলমুদ্ধরতে তথা।
কর্পূরপটবাসেন পুরন্ধ্রিমধিবাসিতাম্ ॥ ১২৬ ॥
মহারজনরক্তে চ তথা সূত্রে নিবেশিতাম্।
মালাং পুষ্পসহস্রেণ যঃ প্রযচ্ছতি ভক্তিতঃ ॥১২৭॥
অশ্বমেধফলং তস্য নাত্র কার্য্যা বিচারণা।
শতেন বাজপেয়স্য ফলমাপ্নোত্যসংশয়ম্।
লক্ষপূজাং তথা কৃত্বা সর্ব্বজ্ঞানমবাপ্নুয়াৎ ॥ ১২৮ ॥

অনুবাদ—পুরন্ধ্রিপুষ্পের মাহাত্ম্য—পুরন্ধ্রিপুষ্পদ্বারা যিনি মধুরিপুর অর্চ্চনা করেন, চক্র ও গদাধারী শ্রীহরি তাঁহার প্রতি প্রীত থাকেন। রমণীয়া পুরন্ধ্রি-মঞ্জরী নিত্যই শ্রীহরির সন্তোষবিধায়িনী। যিনি প্রভুর মণ্ডলে একটি মাত্র পুরন্ধ্রিপুষ্প অর্পণ করেন, তাঁহার প্রস্থ পরিমিত তিলদানের ফল হইয়া থাকে। সহস্র সংখ্যক পুরন্ধ্রিমঞ্জরী অথবা তৎপুষ্পের দ্বারা শ্রীহরিকে পূজা করিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফল লাভ হয়। এবং পূজকের নিজকুল উদ্ধার লাভ করেন। সহস্র সংখ্যক পুরন্ধ্রিপুষ্প কর্পূরচূর্ণযোগে মালা গাঁথিয়া কেশবকে ভক্তিভরে দান করিলে নিঃসন্দেহে অশ্বমেধ যজ্ঞের ফল প্রাপ্ত হওয়া যায়। শতসংখ্যক পুরন্ধ্রি-পুষ্প অর্পণ করিলে নিশ্চয় বাজপেয়যজ্ঞের ফল লভ্য হয় এবং লক্ষ্য সংখ্যক দ্বারা পূজা করিলে সর্ব্বজ্ঞতা লাভ হয় ॥ ১২৩-১২৮ ॥

টীকা—তথেতি সমুচ্চয়ে পক্ষান্তরে বা, মহা-রজনরক্তে সূত্রে পুষ্পসহস্রেণ নিবেশিতাং গ্রথিতাং মালাঞ্চ যঃ প্রযচ্ছতি ; শতেন পুরন্ধ্রিপুষ্পাণাম্, এবং লক্ষঞ্চ, তেন পূজাম্ ॥ ১২৬-১২৮ ॥

অগস্ত্যপুষ্পস্য মাহাত্ম্যম্

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে—

অগস্ত্যকুসুমৈর্দ্দেবং যেঽর্চ্চয়ন্তি জনার্দ্দনম্।
দর্শনাত্তস্য দেবর্ষে নরকাগ্নিং প্রশাম্যতি ॥ ১২৯ ॥
ন তৎ করোতি বিপ্রেন্দ্র তপসা তোষিতো হরিঃ।
যৎ করোতি হৃষীকেশো মুনিপুষ্পৈরলঙ্কৃতঃ ॥১৩০॥
মুনিপুষ্পকৃতাং মালাং যে যচ্ছন্তি জনার্দ্দনে।
দেবেন্দ্রোঽপি মুনিশ্রেষ্ঠ কম্পতে তস্য শঙ্কয়া ॥১৩১॥

অনুবাদ—বকপুষ্পের মাহাত্ম্য স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে যথা—হে নারদ! যাঁহারা বকপুষ্পদ্বারা শ্রীহরির পূজা করেন, তাঁহাদিগকে দেখিলে নরকানল নির্ব্বাপিত হইয়া যায়। হে বিপ্রবর! বকপুষ্পদ্বারা অলংকৃত হরি যাহা করেন, তপোনুষ্ঠান দ্বারা তুষ্টি সাধন করিলে তাহা করেন না। হে মুনিবর! যিনি বক পুষ্পের মালা শ্রীজনার্দ্দনকে অর্পণ করেন, তাঁহার ভয়ে দেবরাজ কম্পিত হইয়া থাকেন ॥ ১২৯-১৩১ ॥

কিঞ্চ তত্রৈবান্যত্র—

মুনিপুষ্পকৃতাং মালাং দৃষ্ট্বা কণ্ঠে বিলম্বিতাম্।
প্রীতো ভবতি দৈত্যারির্দশজন্মানি নারদ ॥ ১৩২ ॥
অগস্ত্যবৃক্ষসম্ভূতৈঃ কুসুমৈরসিতৈঃ সিতৈঃ।
যেঽর্চ্চয়িষ্যন্তি দেবেশং সংপ্রাপ্তং পরমং পদম্ ॥১৩৩

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই অন্যত্র আরও বলা হইয়াছে—হে নারদ! নিজের গলায় কিংবা ভক্ত-জনের গলায় বকফুলের মালা বিলম্বিত দেখিলে হরি তাহার প্রতি দশ জন্ম সন্তুষ্ট থাকেন। শ্বেত কিংবা কৃষ্ণবর্ণ বকপুষ্পদ্বারা শ্রীজনার্দ্দনের অর্চ্চনাকারী পরমপদ লাভ করিয়া থাকেন ॥ ১৩২-১৩৩ ॥

টীকা—হে দেবর্ষে! তস্য দর্শনাৎ তেষাং দর্শনা-দিত্যর্থঃ, কণ্ঠে আত্মনো ভক্তস্য বা ॥ ১২৯-১৩২ ॥

বিষ্ণুরহস্যে—

অগস্ত্যসম্ভবৈঃ পুষ্পৈঃ কিংশুকৈঃ সুমনোহরৈঃ।
সমভ্যর্চ্চ্য হৃষীকেশং জন্মদুঃখাদ্বিমুচ্যতে ॥ ১৩৪ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যেও বলা হইয়াছে—পলাশ-ফুল সদৃশ মনোহর বকফুল দিয়া হৃষীকেশের পূজা করিলে জন্মদুঃখ হইতে মুক্তিলাভ হইয়া থাকে ॥১৩৪

টীকা—কিংশুকৈঃ পলাশপুষ্পৈঃ, কিংবা কিংশুক-পুষ্পাকারৈরিত্যর্থঃ ॥ ১৩৪ ॥

তত্র চ কার্ত্তিকে বিশেষঃ

স্কান্দে তত্রৈব—

বিহায় সর্ব্বপুষ্পাণি মুনিপুষ্পেণ কেশবম্।
কার্ত্তিকে যোঽর্চ্চয়েদ্ভক্ত্যা বাজিমেধফলং লভেৎ ॥
মুনিপুষ্পার্চ্চিতো বিষ্ণুঃ কার্ত্তিকে পুরুষোত্তমঃ।
দদাত্যভিমতান্ কামান্ শশী সূর্য্যস্থিতো যথা ॥১৩৬
গবাময়ুতদানেন যৎ ফলং প্রাপ্যতে মুনে।
মুনিপুষ্পেণ চৈকেন কার্ত্তিকে তৎ ফলং স্মৃতম্ ॥১৩৭

অনুবাদ—কার্ত্তিকমাসে বকপুষ্পদানের বিশেষ ফল স্কন্দপুরাণে উক্ত আছে—যিনি অন্যান্য পুষ্প বাদ দিয়া কার্ত্তিকমাসে কেবল বকপুষ্প দিয়া ভক্তি পূর্ব্বক শ্রীকেশবকে অর্চ্চনা করেন, তাঁহার অশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয়। কার্ত্তিকমাসে বক পুষ্পদ্বারা পূজিত পুরুষোত্তম বিষ্ণু অমাবস্যায় পূজিত হইলে যেমন ফল দেন সেইরূপ অভীষ্টপূরণও করিয়া থাকেন। হে মুনে! অযুত সংখ্যক গোদানে যে ফল, শ্রীকেশবকে একটি বকপুষ্প দিয়া পূজা করিলেই উক্ত পাওয়া যায় ॥ ১৩৫-১৩৭ ॥

টীকা—যথা সূর্য্যস্থিতঃ শশীতি অমাবাস্যায়াং যথা ফলবিশেষো ভবতীত্যর্থঃ। শশীতি হ্রস্বপাঠে-নৈকপদ্যে যোগবিশেষঃ ; অর্থস্তু স এব। যদ্বা শুক্ল-রক্তাগস্ত্যপুষ্পৈঃ পূজিতঃ সন্ শশিসূর্য্যয়োঃ স্থিত ইব তাভ্যামপ্যধিকঃ পুরুষোত্তমো ভবতি, অতঃ শোভাতি-শয়ং প্রাপ্তোঽসৌ শ্যামসুন্দরঃ সন্তুষ্টঃ সন্ অভিমতান্ কামান্ দদাতীত্যর্থঃ ॥ ১৩৬ ॥

———

পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে চ—

মুনিপুষ্পৈর্যদি হরিঃ পূজিতঃ কার্ত্তিকে নরৈঃ।
মুনীনামেব গতিদো জ্ঞানিনামূর্দ্ধরেতসাম্ ॥ ১৩৮ ॥

অনুবাদ—পদ্মপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যেও উক্ত হইয়াছে—কার্ত্তিকমাসে বকপুষ্পদ্বারা মনুষ্যগণ যদি শ্রীহরির পূজা করেন, তাহা হইলে প্রভু তাহাদিগকে জ্ঞানী, ঊর্দ্ধরেতা ও মুনিগণের গতি দিয়া থাকেন থাকেন ॥ ১৩৮ ॥

———

কেতকীপুষ্পস্য মাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

কেতকীপুষ্পকেণৈব পূজিতো গরুড়ধ্বজঃ।
সমাঃ সহস্রং সুপ্রীতো জায়তে মধুসূদনঃ ॥ ১৩৯ ॥
অর্চ্চয়িত্বা হৃষীকেশং কুসুমৈঃ কেতকোদ্ভবৈঃ।
পুণ্যং তদ্ভবনং যাতি কেশবস্য রমালয়ম্ ॥ ১৪০ ॥

অনুবাদ—কেতকীপুষ্পের মাহাত্ম্য স্কন্দপুরাণে ঐ স্থানেই বলা হইয়াছে—কেতকীপুষ্পদ্বারা কেবল গরুড়ধ্বজ মধুসূদনের পূজা করিলেই তিনি হাজার বছর যাবৎ পূজকের প্রতি পরিতুষ্ট থাকেন। কেতকীবৃক্ষ সমুদ্ভব পুষ্পদ্বারা হৃষীকেশের পূজা করিলে কমলার বাসস্থানে গমন করা যায় ॥ ১৩৯-১৪০ ॥

টীকা—পত্রৈকেকেনেতি পাঠে একেনাপি পত্রেণে-ত্যর্থঃ। তথাপি পত্রশব্দোঽত্র পুষ্পপত্রপরঃ। যদ্বা, কেতকীশব্দেন তৎপুষ্পং, তস্যৈকপত্রেণ, ক্বচিচ্চ পত্রৈকেনৈবেতি পাঠঃ ॥ ১৩৯ ॥

———

কিঞ্চ—

সুবর্ণকেতকীপুষ্পং যো দদাতি জনার্দ্দনে।
সুবর্ণদানজং পুণ্যং লভতে স মহামুনে ॥ ১৪১ ॥

অনুবাদ—আরও বর্ণিত হইয়াছে—যিনি সুবর্ণ-বর্ণ কেতকীপুষ্প শ্রীজনার্দ্দনকে অর্পণ করেন, হে মহামুনে! তিনি সোনাদানের ফল প্রাপ্ত হন ॥১৪১॥

টীকা—সুবর্ণবৎ যৎ কেতকীপুষ্পম্, এতেন শুক্লাভং বন্যকেতকং ব্যবচ্ছিন্নম্ ॥ ১৪১ ॥

———

বিশেষতশ্চাষাঢ়ে

তত্রৈব—

কেশবঃ কেতকীপুষ্পৈর্মিথুনস্থে দিবাকরে।
যেনার্চ্চিতঃ সকৃদ্ভক্ত্যা স মুক্তো নরকার্ণবাৎ ॥১৪২॥
কেতকীপুষ্পমাদায় মিথুনস্থে দিবাকরে।
যেনার্চ্চিতো হরির্ভক্ত্যা প্রীতো মন্বন্তরং মুনে ॥১৪৩

অনুবাদ—স্কন্দপুরাণের ঐ স্থানেই উক্ত হইয়াছে—সূর্য্য মিথুন রাশিগত হইলে ভক্তিসহকারে যিনি

কেতকীপুষ্পদ্বারা একবার মাত্র শ্রীকেশবের পূজা করেন তিনি নরকার্ণব হইতে উত্তীর্ণ হন। দিবাকর মিথুনরাশিগত হইলে কেতকী পুষ্পদ্বারা হরিপূজক এক মন্বন্তর যাবৎ শ্রীহরির শুভদৃষ্টি ভোগ করেন ॥ ১৪২-১৪৩ ॥

———

শ্রাবণে মাহাত্ম্যবিশেষঃ

কর্করাশিগতে সূর্য্যে কেতকীপত্রকোমলৈঃ।
যেঽর্চ্চয়িষ্যন্তি গোবিন্দং সংপ্রাপ্তে দক্ষিণায়নে ॥১৪৪
কৃত্বা পাপসহস্রাণি মহাপাপশতানি চ।
তেঽপি যাস্যন্তি বিপ্রেন্দ্র যত্র বিষ্ণুঃ শ্রিয়া সহ ॥১৪৫॥

অনুবাদ—হে বিপ্রবর! দক্ষিণায়ন উপস্থিত হইলে যখন দিবাকর কর্কটরাশিস্থ হন, তখন যাঁহারা সুকোমল কেতকীপুষ্পদ্বারা শ্রীগোবিন্দের পূজা করেন, তাঁহারা হাজার হাজার এবং শত শত মহাপাপ করিলেও কমলাসহ শ্রীহরির বাসস্থানে অর্থাৎ বৈকুণ্ঠে গমন করেন ॥ ১৪৪-১৪৫ ॥

———

কার্ত্তিকেঽপি মাহাত্ম্যবিশেষঃ

তত্রৈব—

কার্ত্তিকে কেতকীপুষ্পং দত্তং যেন কলৌ হরেঃ।
দীপদানঞ্চ দেবর্ষে তারিতং স্বকুলাযুতম্ ॥ ১৪৬ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে ঐ স্থানেই উক্ত হইয়াছে—হে দেবর্ষে! যিনি কার্ত্তিকমাসে শ্রীহরিকে কেতকীপুষ্প ও দীপ দিয়াছেন, তিনি নিজের দশ হাজার কুল উদ্ধার করিয়াছেন ॥ ১৪৬ ॥

টীকা—দীপদানঞ্চেতি দৃষ্টান্তত্বেন, তস্য কার্ত্তিকে পরমপ্রসিদ্ধমাহাত্ম্যাৎ ॥ ১৪৬ ॥

———

কুন্দস্য মাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

অভ্যর্চ্চ্য কুন্দকুসুমৈঃ কেশবং কল্মষাপহম্।
প্রযাতি ভবনং বিষ্ণোর্বন্দিতং মুনিচারণৈঃ ॥ ১৪৭ ॥

অনুবাদ—কুন্দকুসুমের মাহাত্ম্য স্কন্দপুরাণে পূর্ব্বোক্ত স্থানেই বর্ণিত হইয়াছে—কুন্দকুসুমদ্বারা পাপনাশন শ্রীকেশবের পূজা করিলে মনুষ্যগণ ও চারণগণের বন্দিত হরিধামে গমন করেন ॥ ১৪৭ ॥

———

দশমস্কন্ধে (৩০।১১) চ সাক্ষাৎ শ্রীভগবদ্বেশবর্ণনে—

অপ্যেণপত্ন্যুপগতঃ প্রিয়য়েহ গাত্রৈ-
স্তন্বন্ দৃশাং সখি সুনির্বৃতিমচ্যুতো বঃ।
কান্তাঙ্গসঙ্গ-কুচকুঙ্কুমরঞ্জিতায়াঃ
কুন্দস্রজঃ কুলপতেরিহ বাতি গন্ধঃ ॥১৪৮॥

অনুবাদ—দশমস্কন্দে—শ্রীভগবানের বেশ বর্ণনে গোপীগণ হরিণীগণের দৃষ্টি প্রসন্ন দেখিয়া "ইহারা কৃষ্ণ দর্শন করিয়াছে" এইরূপ সম্ভাবনা করিয়া বলিতে লাগিলেন—হে মৃগপত্নীগণ! আমাদের অচ্যুত নিজের সুচারু বদন ও বাহু প্রভৃতি দ্বারা তোমাদের দৃষ্টি নন্দন হইয়া প্রিয়ার সহিত কি নিকটে আসিয়াছিলেন? যেহেতু এখানে কান্তার অঙ্গসঙ্গমকালে তদীয় কুচকুঙ্কুমদ্বারা রঞ্জিত শ্রীকৃষ্ণের গলস্থিত কুন্দপুষ্পগ্রথিত মাল্যের গন্ধ পাওয়া যাই-তেছে ॥ ১৪৮ ॥

টীকা—রাসক্রীড়ায়াং অন্তর্হিতস্য শ্রীভগবতো-ঽন্বেষণে বিরহাকুলানাং শ্রীবল্লবীনাং বচনম্—অপীতি নির্দ্ধারণে প্রশ্নে বা, ভো এণপত্নি হে সখি, বো যুষ্মাকং দৃশাং, গাত্রৈঃ শ্রীলোচনাদ্যবয়বৈঃ সুনির্বৃতিং পরমানন্দং, তন্বন্ সন্ প্রিয়য়া শ্রীরাধয়া সহাচ্যুত ইহ উপগতঃ নিকটং প্রাপ্তঃ। তস্য লিঙ্গমাহুঃ—কান্তেতি। কুলপতেঃ শ্রীকৃষ্ণস্য, এবং রাসক্রীড়ায়াং শ্রীভগবতা সাক্ষাদ্ভূষণভূতকুন্দমালায়া গৃহীতত্বাৎ তয়ৈব চ ভগ-বদুপগমবিজ্ঞানাত্তৎপ্রিয়ত্বসিদ্ধ্যা মাহাত্ম্যবিশেষঃ সঙ্গতঃ ॥ ১৪৮ ॥

———

তথা (শ্রীভা ১০।৩৫।২০)—

কুন্দদামকৃতকৌতুকবেশো
গোপগোধনবৃতো যমুনায়াম্।
নন্দসূনুরনঘে তব বৎসো
নর্ম্মদঃ প্রণয়িনাং বিজহার ॥ ১৪৯ ॥

অনুবাদ—ঐ দশমস্কন্ধেই বর্ণিত হইয়াছে—শ্রীশুকদেব বলিলেন, হে রাজন্ শ্রীকৃষ্ণ ঐরূপে বৃন্দা-

বনপ্রদেশে ক্রীড়া করিয়া সন্ধ্যাবেলা গোধনসমূহ ফিরাইয়া আনিয়া যখন শ্রীযমুনায় ক্রীড়া করেন, তখন গোপীগণ তাঁহার তাৎকালিক সৌভাগ্য বর্ণন করিয়া বলিতেছেন—হে শুদ্ধশীলে যশোদে! তোমার বৎস শ্রীনন্দনন্দন শ্রীকৃষ্ণ কৌতুক সহকারে কুন্দ-কুসুমমাল্যে বিভূষিত এবং গোপ ও গোধন সমূহে পরি-বৃত হইয়া প্রণয়ীগণের হর্ষ উৎপাদন করিতে করিতে যমুনায় বিহার করেন ॥ ১৪৯ ॥

টীকা—তথা দিবসান্তরে তাসামেব শ্রীযশোদাং প্রতি বচনম্—কুন্দেতি। কুন্দস্য দাম্না মালয়া কৃতঃ, কৌতুকেন পরমোৎসাহেন; যদ্বা, কৌতুক-মুৎসবস্তদ্রূপো বেশো যেন; এবং মাহাত্ম্যবিশেষঃ সিদ্ধ এব ॥ ১৪৯ ॥

পাবন্তীকুসুমস্য মাহাত্ম্যম্

বিষ্ণুপুরাণে—

অর্চ্চয়িত্বা হৃষীকেশং পাবন্তীকুসুমৈর্নরঃ।
হৃষ্টপুষ্টগণাকীর্ণং কার্ষ্ণং লোকমবাপ্নুয়াৎ ॥১৫০॥

অনুবাদ—পাবন্তী পুষ্পের মাহাত্ম্য বিষ্ণুপুরাণে উক্ত আছে—মনুষ্যগণ পাবন্তীপুষ্পদ্বারা হৃষীকেশকে পূজা করিয়া অন্তরে ও বাহিরে সুখপূর্ণ পার্ষদগণে পরিবেষ্টিত কৃষ্ণলোক প্রাপ্ত হন ॥ ১৫০ ॥

টীকা—পাবন্তী কুন্দভেদঃ, হৃষ্টপুষ্টৈরন্তর্বহিঃ সুখপূর্ণৈঃ গণৈঃ পার্ষদৈরাকীর্ণং ব্যাপ্তং কার্ষ্ণং কৃষ্ণ-সম্বন্ধিনং, হৃষ্টপুষ্ট ইত্যসমস্তপাঠে নরস্য বিশে-ষণম্; পাঠান্তরং সুগমম্ ॥ ১৫০ ॥

কর্ণিকারস্য মাহাত্ম্যম্

তত্রৈব—

কর্ণিকারময়ৈঃ পুষ্পৈঃ কান্তৈঃ কনকসুপ্রভৈঃ।
অর্চ্চয়িত্বাচ্যুতং লোকে তস্য লোকে মহীয়তে ॥১৫১

অনুবাদ—কর্ণিকার কুসুমের মাহাত্ম্য ঐ বিষ্ণু-পুরাণেই বর্ণিত আছে—কাঞ্চনতুল্য সুন্দরকান্তি মনো-হর কর্ণিকার কুসুমদ্বারা শ্রীঅচ্যুতের অর্চ্চন করিলে তদীয় লোকে সম্মানের সহিত বসতি হয় ॥ ১৫১ ॥

দশমস্কন্ধে (২১।৫) চ তত্রৈব—

বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিভ্রদ্বাসঃ কনককপিশং বৈজয়ন্তীঞ্চ মালাম্।
রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈ-
র্বৃন্দারণ্যং স্বপদরমণং প্রাবিশদ্গীতকীর্ত্তিঃ ॥১৫২॥

অনুবাদ—দশমস্কন্ধে—শ্রীশুকদেব রাজা পরী-ক্ষিৎকে কহিতেছেন হে রাজন্! কি প্রকারে শ্রীকৃষ্ণের স্মরণে ব্রজাঙ্গনাদিগের চিত্ত ক্ষুব্ধ হইল তাহা বলি-তেছি শোন—তাঁহার মস্তকে ময়ূরপুচ্ছযুক্ত মুকুট, কর্ণদ্বয়ে কর্ণিকার পুষ্প, পরণে কাঞ্চন তুল্য পীত-বসন, গলে বৈজয়ন্তী মালা ধারণ করিয়া তিনি অধরসুধাদ্বারা বেণুছিদ্র পূরণ করিতে করিতে নটবর-বেশে শঙ্খচক্রাদি লক্ষণযুক্ত নিজপদ চিহ্নিত বৃন্দাবনে প্রবেশ করিলেন। তখন গোপগণ তাঁহারই মাহাত্ম্য কীর্ত্তন করিতেছিল ॥ ১৫২ ॥

টীকা—কর্ণিকারং কর্ণয়োর্বিভ্রদিতি—সাক্ষাৎ শ্রীভগবদ্বেশে তস্য বর্ণনেন মাহাত্ম্যভরঃ সিদ্ধ এব ॥ ১৫২ ॥

রক্তশতপত্রিকায়া মাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

কুঙ্কুমারুণবর্ণাঢ্যাং গন্ধাঢ্যাং শতপত্রিকাম্।
যো দদাতি জগন্নাথে শ্বেতদ্বীপাৎ পতেন্ন হি ॥১৫৩॥

অনুবাদ—রক্তবর্ণ শতপত্রিকার মাহাত্ম্য স্কন্দ-পুরাণের ঐ স্থানেই বলা হইয়াছে—যিনি কুঙ্কুমের মত অরুণ বর্ণ সুগন্ধি শতপত্রিকাপুষ্প শ্রীজগন্নাথকে অর্পণ করেন, তিনি আর শ্বেতদ্বীপ হইতে ফিরিয়া আসেন না ॥ ১৫৩ ॥

সেবন্তীপলাশপুষ্পয়োর্মাহাত্ম্যম্

তত্রৈব—

সেবন্তীকুসুমৈঃ পুণ্যৈঃ কিংশুকৈঃ সুমনোহরৈঃ।
সমভ্যর্চ্চ্য হৃষীকেশং জন্মদুঃখাদ্বিমুচ্যতে ॥ ১৫৪ ॥

অনুবাদ—সেবন্তী ও পলাশ পুষ্পের মাহাত্ম্য স্কন্দপুরাণের ঐ স্থানেই উক্ত আছে—পবিত্র সেবন্তী

ও মনোরম পলাশ ফুলদ্বারা হৃষীকেশের পূজা করিলে জন্ম-দুঃখ হইতে পরিত্রাণ লাভ হয় ॥ ১৫৪ ॥

কুব্জস্য মাহাত্ম্যম্

গন্ধাঢ্যৈর্বিমলৈর্বন্যৈঃ কুসুমৈঃ কুব্জকোদ্ভবৈঃ।
ভক্ত্যাভ্যর্চ্চ্য হৃষীকেশং শ্বেতদ্বীপে বসেন্নরঃ ॥১৫৫॥

অনুবাদ—কুব্জপুষ্পের মাহাত্ম্য স্কন্দপুরাণের ঐ স্থানেই উক্ত হইয়াছে—মনুষ্য গন্ধ সমন্বিত, সাদা, বনকুব্জকুসুম দ্বারা ভক্তিরসহিত হৃষীকেশের পূজা করিলে শ্বেতদ্বীপে বাস হয় ॥ ১৫৫ ॥

চম্পকস্য মাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—
নীলোৎপলসমং দানং চম্পকস্য জনার্দ্দনে ॥১৫৬॥
তত্রৈব শ্রীব্রহ্মনারদসংবাদে—
বর্ষাকালে তু দেবেশং কুসুমৈশ্চম্পকোদ্ভবৈঃ।
যেঽর্চ্চয়ন্তি নরা ভক্ত্যা সংসারে ন পুনর্গতিঃ ॥১৫৭॥

অনুবাদ—চম্পকপুষ্পের মাহাত্ম্য স্কন্দপুরাণের ঐ স্থানেই যথা—জনার্দ্দনকে চম্পকপুষ্প দিলে নীলোৎপল দেওয়ার ফল পাওয়া যায়। ব্রহ্ম-নারদ-সংবাদে বলা হইয়াছে—যে সকল মনুষ্য চম্পকপুষ্পদ্বারা ভক্তিসহকারে শ্রীহরির পূজা করেন, তাঁহাদিগকে সংসারে আর পুনরায় আসিতে হয় না ॥ ১৫৬-১৫৭ ॥

অশোকবকুলয়োর্মাহাত্ম্যম্

বিষ্ণুরহস্যে তত্রৈব—
অশোককুসুমৈ রম্যৈর্জ্জন্মশোকভয়াপহম্।
পূজয়িত্বা হরিং দেবং যাতি বিষ্ণুমনাময়ম্ ॥ ১৫৮ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে বলা হইয়াছে—মনোহর অশোকপুষ্পদ্বারা জন্ম, শোক ও ভয়নিবারক হরিদেবকে পূজা করিলে রোগশূন্য বিষ্ণুধাম প্রাপ্তি হয় ॥ ১৫৮ ॥

অন্যচ্চ স্কান্দে তত্রৈব—
বকুলাশোককুসুমৈর্যেঽর্চ্চয়ন্তি জগৎপতিম্।
তে বসন্তি হরের্লোকে যাবচ্চন্দ্রদিবাকরৌ ॥ ১৫৯ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—যাঁহারা বকুল-ফুল ও অশোকফুল দিয়া বিশ্বপতির পূজা করেন, তাঁহারা চন্দ্র সূর্য্যের স্থিতিকাল পর্য্যন্ত বিষ্ণুলোকে বাস করেন ॥ ১৫৯ ॥

পাটলস্য মাহাত্ম্যম্

তত্রৈব —
যোঽর্চ্চয়েৎ পাটলাপুষ্পৈঃ সর্ব্বপাপহরং হরিম্।
স পুণ্যাত্মা পরং স্থানং বৈষ্ণবং ব্রজতে ধ্রুবম্ ॥১৬০

অনুবাদ—পাটলকুসুমের মাহাত্ম্য স্কন্দপুরাণের ঐ স্থলেই উক্ত হইয়াছে—যে ব্যক্তি পাটলকুসুমদ্বারা সর্ব্বপাপহর শ্রীহরির অর্চ্চনা করেন, সেই পবিত্রাত্মা নিশ্চয়ই বিষ্ণুর পরমলোকে গমন করিয়া থাকেন ॥১৬০

যঃ পুনঃ পাটলাপুষ্পৈর্বসন্তে গরুড়ধ্বজম্।
অর্চ্চয়েৎ পরয়া ভক্ত্যা মুক্তিভাগী ভবেদ্ধি সঃ ॥১৬১

অনুবাদ—যিনি বসন্তকালে পাটলকুসুমদ্বারা ভক্তিভরে গরুড়ধ্বজের অর্চ্চনা করেন, তিনি নিশ্চয়ই মুক্তি লাভ করিবেন ॥ ১৬১ ॥

তিলকস্য মাহাত্ম্যম্

বিষ্ণুরহস্যে—
তিলকস্যোজ্জ্বলৈঃ পুষ্পৈঃ সংপূজ্য মধুসূদনম্।
ধূতপাপ্মা নিরাতঙ্কঃ কৃষ্ণস্যানুচরো ভবেৎ ॥১৬২॥

অনুবাদ—তিলপুষ্পের মাহাত্ম্য যথা বিষ্ণুরহস্যে —সাদাতিলফুলদ্বারা সম্যক্ প্রকারে মধুসূদনকে পূজা করিলে পাপশূন্য ও সংসারাদিভয় রহিত হইয়া শ্রীকৃষ্ণের অনুচর হইবে ॥ ১৬২ ॥

টীকা—জনার্দ্দনে দানং সমর্পণম্। নিরাতঙ্কঃ সংসারাদিভয়রহিতঃ ॥ ১৫৬-১৬২ ॥

জবায়া মাহাত্ম্যম্

বিষ্ণুরহস্যে—

সমুজ্জ্বলৈর্জবাপুষ্পৈরভ্যর্চ্চ্য জলশায়িনম্।
সুপুণ্যাং গতিমাপ্নোতি বীতভীর্বীতমৎসরঃ ॥১৬৩॥

অনুবাদ—জবাকুসুমের মাহাত্ম্য—ঐ গ্রন্থেই—সাদা জবাফুলদ্বারা জলশায়িদেবের অর্চ্চনা করিলে নির্ভয় ও নির্ম্মৎসর হইয়া অতীব পবিত্র গতি লাভ হয় ॥ ১৬৩ ॥

জবাপুষ্পৈঃ পুমান্ ভক্ত্যা সংপূজ্য পুরুষোত্তমম্।
উত্তমাং গতিমাপ্নোতি প্রসন্নে গরুড়ধ্বজে ॥ ১৬৪ ॥

অনুবাদ—যে ব্যক্তি জবাফুল দিয়া নিয়মানুসারে ভক্তিপূর্ব্বক পুরুষোত্তমের পূজা করেন, গরুড়ধ্বজ প্রসন্ন হওয়ায় তিনিও উত্তমা গতি লাভ করেন ॥১৬৪

টীকা—সমুজ্জ্বলৈঃ শুক্লৈঃ, তৎপূজয়ৈব প্রসন্নে সতি, দ্বিতীয়ান্তো বা পাঠঃ, পুরুষোত্তমমিতি বিশেষণম্ ॥ ১৬৩-১৬৪ ॥

অটরূষকস্য মাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

অটরূষকপুষ্পৈর্যঃ পূজয়েৎ জগতাং পতিম্।
স পুণ্যবান্নরো যাতি বিষ্ণোস্তৎপরমাং গতিম্ ॥১৬৫

অনুবাদ—অটরূষক পুষ্পের মাহাত্ম্য—স্কন্দপুরাণের ঐ স্থানেই উক্ত হইয়াছে—অটরূষকপুষ্পদ্বারা যিনি জগৎপতির পূজা করেন, সেই পুণ্যশীল ব্যক্তি বিষ্ণুর পরমপদ লাভ করিয়া থাকেন ॥ ১৬৫ ॥

কুসুম্ভস্য মাহাত্ম্যম্

তত্রৈব—

কুসুম্ভকুসুমৈর্হৃদ্যৈর্যেঽর্চ্চয়ন্তি জনার্দ্দনম্।
তেষাং মমালয়ে বাসঃ প্রসাদাচ্চক্রপাণিনঃ ॥১৬৬॥

অনুবাদ—ঐ পুরাণেই বলা হইয়াছে—যাঁহারা মনোহর কুসুম্ভপুষ্পদ্বারা জনার্দ্দনকে অর্চ্চনা করেন, তাঁহারা চক্রপাণির কৃপাপ্রসাদে আমার আলয়ে (ব্রহ্মলোকে) বাস করেন ॥ ১৬৬ ॥

টীকা—মম ব্রহ্মণঃ ॥ ১৬৬ ॥

মল্লিকায়া মাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

মল্লিকাপুষ্পজাতীনাং যূথিকায়াস্তথৈব চ।
তথা কুব্জকজাতীনাং ফলস্যার্দ্ধং প্রকীর্ত্তিতম্ ॥১৬৭

অনুবাদ—মল্লিকাপুষ্পের মাহাত্ম্য স্কন্দপুরাণেই উক্ত হইয়াছে—মল্লিকা-জাতীয় পুষ্প, যূথিকা-জাতীয় পুষ্প ও কুব্জ-জাতীয়পুষ্পের ফল পূর্ব্বকথিত নীলোৎপল দেওয়ার অর্দ্ধেক ইহা বলা হইয়াছে ॥ ১৬৭ ॥

টীকা—ফলস্য পূর্ব্বমুক্তস্য নীলোৎপলার্পণফলস্য; তত্র তথৈব ক্রমপাঠাৎ ॥ ১৬৭ ॥

তত্রৈব ব্রহ্মনারদসংবাদে—

সুগন্ধৈর্মল্লিকাপুষ্পৈরর্চ্চয়িত্বাঽচ্যুতং নরঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকে মহীয়তে ॥ ১৬৮ ॥
মল্লিকাকুসুমৈর্দেবং বসন্তে গরুড়ধ্বজম্।
যোঽর্চ্চয়েৎ পরয়া ভক্ত্যা দহেৎ পাপং ত্রিধার্জ্জিতম্॥

অনুবাদ—সেখানে ব্রহ্ম-নারদ সংবাদেই বলা হইয়াছে—মনুষ্যগণ সুগন্ধি মল্লিকাপুষ্পদ্বারা অচ্যুতের পূজা করিলে সকল পাপ হইতে বিমুক্ত হইয়া বিষ্ণুধামে যাইয়া সেখানে সসম্মানে অবস্থান করেন। বসন্তকালে পরমভক্তিসহকারে যিনি মল্লিকাপুষ্পদ্বারা গরুড়ধ্বজের অর্চ্চনা করেন, তাঁহার শরীর, বাক্য ও মন হইতে উৎপন্ন ত্রিবিধ পাপ ভস্মীভূত হয় ॥১৬৮-১৬৯ ॥

টীকা—ত্রিধেতি—মহাপাতকাদিভেদেন কায়িকাদিভেদেন বা ॥ ১৬৯ ॥

কুন্তীপুষ্পস্য মাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

কুন্তীপুষ্পন্তু দেবর্ষে যঃ প্রযচ্ছেজ্জনার্দ্দনে।
সুবর্ণপলমাত্রন্তু পুষ্পে পুষ্পে ভবেন্নৃনে ॥ ১৭০ ॥

অনুবাদ—কুন্তীপুষ্পের মাহাত্ম্য উক্ত স্কন্দপুরাণেই বলা হইয়াছে—হে নারদ! যিনি জনার্দ্দনকে কুন্তী-পুষ্প নিবেদন করেন, তিনি প্রতি পুষ্পে একপল পরিমিত সুবর্ণদানের ফল লাভ করেন ॥ ১৭০ ॥

গোকর্ণাদীনাং মাহাত্ম্যম্

বিষ্ণুরহস্যে—

গোকর্ণনাগকর্ণাভ্যাং তথা বিল্লাতকেন চ ।
অর্চ্চয়িত্বাঽচ্যুতং দেবং দেবানামধিপো ভবেৎ ॥১৭১
অঞ্জলী-বোতকীপুষ্পৈঃ কুষ্মাণ্ডতিমিরোদ্ভবৈঃ ।
অলঙ্কৃত্বা নরঃ কৃষ্ণং কৃতার্থো হরিলোকভাক্ ॥১৭২

অনুবাদ—গোকর্ণাদির মাহাত্ম্য বিষ্ণুরহস্যে—গোকর্ণ, নাগকর্ণ, বিল্লাতক ফুলদ্বারা অচ্যুতদেবকে পূজা করিলে দেবগণের অধিপতি হওয়া যায়। অঞ্জলী, বোতকী, কুষ্মাণ্ড ও তিমিরা পুষ্পদ্বারা কৃষ্ণকে অলঙ্কৃত করিলে মানব কৃতকৃত্য হইয়া গোলোক গমন করেন ॥ ১৭১-১৭২ ॥

টীকা—নাগকর্ণঃ হস্তিকর্ণেতি প্রসিদ্ধঃ, অঞ্জলী শ্যামপুষ্পং, বোতকী বোতকবো ইতি প্রসিদ্ধা, তিমিরা ত্রিতরেতি প্রসিদ্ধা ॥ ১৭১-১৭২ ॥

দূর্ব্বাদিপুষ্পাণাং মাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

গৃহদূর্ব্বাভবৈঃ পুষ্পৈস্তথা কাশকুশোদ্ভবৈঃ ।
ভূধরং সমলঙ্কৃত্য বিষ্ণুলোকে ব্রজেন্নরঃ ॥ ১৭৩ ॥

অনুবাদ—দুর্ব্বাদি পুষ্পসমূহের মাহাত্ম্য স্কন্দ-পুরাণের উক্ত স্থানেই বর্ণিত হইয়াছে—গৃহদুর্ব্বাভব কুসুম, কাশকুসুম ও কুশপুষ্পদ্বারা বিষ্ণুকে অলঙ্কৃত করিলে মনুষ্য বিষ্ণুধামে যাইয়া থাকে ॥ ১৭৩ ॥

বিষ্ণুরহস্যে চ—

শরদূর্ব্বাময়ৈঃ পুষ্পৈস্তথা কাশকুশোদ্ভবৈঃ ।
ভুবনেশমলঙ্কৃত্য বিষ্ণুলোকে ব্রজেন্নরঃ ॥ইতি॥১৭৪॥

অনুবাদ—বিষ্ণুরহস্যেও, যথা—শরপুষ্প, দূর্ব্বা-পুষ্প, কাশপুষ্প ও কুশপুষ্পদ্বারা ভুবনেশ্বরকে অলঙ্কৃত করিলে মানব বিষ্ণুলোকে গমন করে ॥ ১৭৪ ॥

বর্ণভেদেন পুষ্পাণাং ফলভেদশ্চ দর্শিতঃ ।
তথা তেষাঞ্চ সর্ব্বেষাং মালায়া মহিমাধিকঃ ॥১৭৫॥

অনুবাদ—বর্ণভেদে পুষ্পসকলের ফলভেদও বর্ণিত হইয়াছে এবং ঐ সকল পুষ্পের মালা গাঁথিয়া প্রদান করিলে মহিমা বর্দ্ধিত হয় ইহাও উল্লিখিত হইয়াছে ॥ ১৭৫ ॥

তথা চ স্কান্দে বিষ্ণুধর্ম্মোত্তরে চ—

শ্বেতৈঃ পুষ্পৈঃ সমভ্যর্চ্চ্য নরো মোক্ষমবাপ্নুয়াৎ ।
কামানবাপ্নুয়াল্লোকে পীতৈর্দেবং সমর্চ্চয়ন্ ॥১৭৬॥
শত্রূণামভিচারেষু তথা কৃষ্ণৈঃ প্রপূজয়েৎ ॥ ১৭৭ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে ও বিষ্ণুধর্ম্মোত্তরে উক্ত হই-য়াছে—শ্বেতপুষ্পদ্বারা পূজা করিলে মানব মোক্ষলাভ করিবে। পীতপুষ্পেরদ্বারা হরিপূজা করিলে সংসারে তাহার সমস্ত বাঞ্ছাপূর্ণ হইবে। শত্রুর প্রতি অভি-চার অভিলাষে কৃষ্ণপুষ্পদ্বারা পূজা করিতে হইবে ॥ ১৭৬-১৭৭ ॥

বিষ্ণুরহস্যে চ—

স্বর্ণলক্ষাধিকং পুষ্পং মালা কোটিগুণাধিকা ।
দত্তা ভবতি কৃষ্ণায় নরৈর্ভক্তিসমন্বিতৈঃ ॥ ইতি ॥
মল্লিকান্তু দিবারাত্র্যোর্নক্তং সম্পাকযূথিকে ।
নন্দ্যাবর্ত্তং চার্দ্ধরাত্রে মালতীং প্রাতরেব হি ॥ ১৭৯ ॥
ইতরাণি চ পুষ্পাণি দিবা ভগবতেঽর্পয়েৎ ।
এবং কেচিচ্চ মন্যন্তে পূজাবিধি-বিশারদাঃ ॥১৮০॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে লিখিত আছে—শ্রীকৃষ্ণকে ভক্তিপূর্ব্বক পুষ্প অর্পণ করিলে লক্ষ সুবর্ণদানেরও বেশী ফল লাভ হয়। পুষ্পের মালা গাঁথিয়া দিলে কোটিগুণেরও বেশী ফল পাওয়া যায়। দিনে ও রাতে মল্লিকাপুষ্প দেওয়া যায়, সোঁদালি ও যূথিকা রাত্রিতে, নন্দ্যাবর্ত্ত অর্দ্ধরাত্রে, মালতী কেবলমাত্র প্রাতঃকালে এবং অন্যান্য ফুল কেবল দিনের বেলাতেই দেওয়া যাইবে।

কোন কোন পূজাবিধিবিচক্ষণ ব্যক্তি এই প্রকার বলিয়া থাকেন ॥ ১৭৮-১৮০ ॥

কিঞ্চ—

প্রহরং তিষ্ঠতে জাতী করবীরমহর্নিশম্ ।
জলজং সপ্তরাত্রাণি ষণ্মাসন্তু বকং তথা ॥ইতি॥১৮১॥
অবচয়োত্তরে কালে জ্ঞেয়মেতদ্বিচক্ষণৈঃ ॥ ১৮২ ॥

অনুবাদ—আরও যথা—জাতী একপ্রহর পর্য্যন্ত থাকে। করবীর অহোরাত্র, পদ্ম সপ্তরাত্রি ও বকফুল ছয়মাস থাকে। চয়ন করিবার পর হইতে এই সময়ের নিয়ম জানিতে হইবে ॥ ১৮১-১৮২ ॥

অথ পুষ্পমণ্ডপাদি

পুষ্পাণাং মণ্ডপং ছত্রং বিতানং বৈষ্ণবোত্তমঃ ।
দোলাদিকঞ্চ নির্ম্মায় শ্রীকৃষ্ণায় সমর্পয়েৎ ॥ ১৮৩ ॥

অনুবাদ—অনন্তর পুষ্পমণ্ডপাদি—বৈষ্ণবশ্রেষ্ঠ ব্যক্তি পুষ্পমণ্ডপ, ছত্র, বিতান ও দোলাদি নির্ম্মাণ করিয়া শ্রীকৃষ্ণকে প্রদান করিবেন ॥ ১৮৩ ॥

অথ পুষ্পমণ্ডপাদিমাহাত্ম্যম্

বিষ্ণুধর্ম্মোত্তরে—

কৃষ্ণবেশ্মনি যঃ কুর্য্যাৎ সুরূপং পুষ্পমণ্ডপম্ ।
স পুষ্পকবিমানৈস্তু কোটিভিঃ ক্রীড়তে দিবি ॥১৮৪॥

অনুবাদ—অতঃপর পুষ্পমণ্ডপ মাহাত্ম্য সম্বন্ধে বিষ্ণুধর্ম্মোত্তরে—কৃষ্ণমন্দিরে যিনি মনোহর পুষ্পমণ্ডপ নির্ম্মাণ করেন, পুষ্পনির্ম্মিত কোটি বিমানারোহণে তিনি সুরপুরে ক্রীড়া করিয়া থাকেন ॥ ১৮৪ ॥

তত্রৈব স্কান্দে চ—

কৃত্বা পুষ্পগৃহং বিষ্ণোঃ পুষ্পৈর্বা তদ্বিতানকম্ ।
ফলেন যোগমায়াতি রাজসূয়াশ্বমেধয়োঃ ॥ ১৮৫ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরেও স্কন্দপুরাণে বলা হইয়াছে—পুষ্পদ্বারা বিষ্ণুর গৃহ ও শয্যা রচনা করিলে রাজসূয়যজ্ঞের ও অশ্বমেধযজ্ঞের ফল হয় ॥ ১০৫ ॥

তত্রৈব শ্রীশিব-উমা-সংবাদে—

কেশবোপরি যঃ কুর্য্যাচ্ছত্রং বা পুষ্পমণ্ডপম্ ।
পুষ্পৈস্তন্মঞ্চকং বাপি তস্য পুণ্যং বদাম্যহম্ ॥১৮৬॥
প্রাপ্তৈশ্বর্য্যো মহাভাগৈঃ ক্রীড়ারতিসমন্বিতৈঃ ।
নিত্যন্তু মোদতে স্বর্গে স নরো নাত্র সংশয়ঃ ॥ ১৮৭ ॥

অনুবাদ—স্কন্দপুরাণেই শ্রীশিব-উমা-সংবাদে বলা হইয়াছে—কেশবের শিরোপরি যিনি ফুলের ছাতা বা পুষ্পমণ্ডপ কিংবা তাঁহার খাট তৈয়ারী করেন, তাঁহার পুণ্যের কথা শোন—সেই ব্যক্তি ঐশ্বর্য্য, নানাবিধ উত্তমভোগ, ক্রীড়া ও বিহার প্রাপ্ত হইয়া স্বর্গে নিত্য আনন্দ লাভ করেন, ইহাতে সন্দেহ নাই ॥১৮৬-১৮৭

টীকা—সুরূপং সুন্দরম্ ; মঞ্চকং পর্য্যঙ্কম্ ॥১৮৪-১৮৬ ॥

বিশেষতঃ কার্ত্তিকে

স্কান্দে শ্রীব্রহ্মনারদ-সংবাদে—

মালতীমালয়া যেন কার্ত্তিকে পুষ্পমণ্ডপম্ ।
কেশবস্য গৃহে চক্রে ন ময়া বিদিতং ফলম্ ॥১৮৮॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে উক্ত হইয়াছে—মালতীফুলের মালা দিয়া কার্ত্তিকমাসে শ্রীকেশবের মন্দিরে যিনি মণ্ডপ প্রস্তুত করিয়াছেন, তাঁহার যে কি প্রকার ফল হইয়াছে, তাহা আমি অবগত নহি ॥ ১৮৮ ॥

অথ সুবর্ণপুষ্পাদিমাহাত্ম্যম্

স্বর্ণরত্নাদিপুষ্পৈশ্চ ভগবন্তং সমর্চ্চয়েৎ ।
ন চ নির্ম্মাল্যতাং যান্তি তন্নুদ্ধরর্পয়েৎ ॥ ১৮৯ ॥

অনুবাদ—অনন্তর সুবর্ণাদি পুষ্প—সুবর্ণ ও রত্নাদিদ্বারা তৈরী ফুলদিয়া ভগবানকে পূজা করিবে। ঐ সমস্ত পুষ্প নির্ম্মাল্যতা প্রাপ্ত (বাসি) হয় না। উহা পুনরায় দেওয়া যায় ॥ ১৮৯ ॥

টীকা—তৎ তস্মাৎ ॥ ১৮৯ ॥

তথা চোক্তং দেব্যা—

ন নির্ম্মাল্যং হেমপুষ্পমর্পয়েদর্পিতং সদা ॥ ১৯০ ॥

অনুবাদ—ভগবতীদেবীও বলিয়াছেন—সোনার ফুল নির্ম্মাল্য হয় না। উহা পুনঃ পুনঃ নিবেদন করা যায়॥ ১৯০॥

বিষ্ণুধর্ম্মোত্তরে স্কান্দে চ—

কৃত্রিমাণ্যনুলেপানি গন্ধৈনাতিসুগন্ধিনা।
ধূপেন পটবাসেন চন্দনাদ্যনুলেপনৈঃ॥ ১৯১॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে ও স্কন্দপুরাণে বর্ণিত হইয়াছে—অতিশয় সুগন্ধি গন্ধদ্রব্য, ধূপ, কর্পূর চূর্ণ ও চন্দনাদি অনুলেপন সামগ্রীর সহিত সুবর্ণাদি নির্ম্মিত কৃত্রিম পুষ্প প্রদান করিবে॥ ১৯১॥

টীকা—স্বর্ণাদিপুষ্পাণামর্পণপ্রকারং লিখতি—কৃত্রিমাণি ইতি। কৃত্রিমাণি সুবর্ণপুষ্পাদীনি ধূপেন পটবাসেন চ সুগন্ধিদ্রব্যচূর্ণেন বিশিষ্টানি॥ ১৯১॥

অথ স্বর্ণপুষ্পাদিমাহাত্ম্যম্

স্কান্দে—

স্বর্ণপুষ্পার্চ্চিতো যস্য গৃহে তিষ্ঠতি কেশবঃ।
তস্যৈব পাদরজসা শুধ্যতি ক্ষিতিমণ্ডলম্॥ ১৯২॥
সুবর্ণপুষ্পেরভ্যর্চ্চ্য রাজসূয়ফলং লভেৎ।
রত্নৈর্দেবমথাভ্যর্চ্চ্য রাজা ভবতি ভূতলে॥ ১৯৩॥

অনুবাদ—অতঃপর স্বর্ণপুষ্পাদি মাহাত্ম্য—সুবর্ণ-পুষ্পাদিদ্বারা পূজিত হইয়া যাঁহার গৃহে কেশব অবস্থান করেন, সেই ব্যক্তিরই চরণধূলিতে ভূমণ্ডল পবিত্র হয়। স্বর্ণপুষ্পদ্বারা কেশবের অভ্যর্চ্চনা করিলে রাজসূয়-যজ্ঞের ফল লাভ হয়। রত্নপুষ্পদ্বারা কেশবকে পূজা করিলে ভূ-মণ্ডলে রাজ্য প্রাপ্তি হয়॥ ১৯২-১৯৩॥

টীকা—স্বর্ণপুষ্পেরর্চ্চিতঃ অভিষিক্তঃ, এবং পুষ্প-প্রাচুর্য্যমুক্তম্, পাঠান্তরম্ সুগমম্; তস্যৈবেত্যত্রায়ং ভাবঃ—যস্য পাদরজোমাত্রেণ জগৎ পবিত্রং স্যাত্তস্য স্বর্গাদিফলান্তরং কিয়ন্মাত্রম্? শ্রীশ্রীভগবৎপার্ষদবর এবাসাবিতি॥ ১৯২॥

টীকা—রত্নৈঃ রত্নময়পুষ্পৈঃ॥ ১৯৩॥

তত্রৈব শ্রীশিব-উমা-সংবাদে—

পুষ্পজাতিষু সর্ব্বাসু সৌবর্ণং পুষ্পমুত্তমম্॥
ইতি॥ ১৯৪॥

অনুবাদ—স্কন্দপুরাণেই শ্রীশিব-উমা-সংবাদে—যতপ্রকার পুষ্পজাতি আছে, তাহাদের মধ্যে স্বর্ণপুষ্প সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ॥ ১৯৪॥

এবমুক্তৈরনুক্তৈশ্চ শোভাঢ্যৈর্বা সুগন্ধিভিঃ।
সংপূজ্যো ভগবান্ পুষ্পৈর্ন নিষিদ্ধৈস্তু দুঃখদৈঃ॥১৯৫

অনুবাদ—যে সমস্ত পুষ্পের কথা বলা হইয়াছে এবং যাহা বলা হয় নাই, সেই সমস্ত পুষ্প দেখিতে সুন্দর বা সুগন্ধি, হইলে শ্রীভগবানকে দেওয়া যায়। কিন্তু যে সমস্ত ফুল ভগবানের দুঃখদায়ক বলিয়া নিষেধ করা হইয়াছে, সে সমস্ত ফুল দিবে না॥১৯৫॥

টীকা—অনুক্তৈঃ শাস্ত্রোক্ত-ব্যতিরিক্তৈঃ; যদি চ তানি শোভাবন্তি সুগন্ধীনি বা ভবন্তি, তদা তৈশ্চ সংপূজ্য ইত্যর্থঃ। শাস্ত্রেণ নিষিদ্ধৈস্তু ন সংপূজ্যঃ যতো দুঃখদৈঃ॥ ১৯৫॥

অথ নিষিদ্ধানি পুষ্পাণি

তত্র সামান্যতো বিষ্ণুধর্ম্মোত্তরে—

শ্মশানচৈত্যদ্রুমজং ভূমৌ বাপি নিপাতিতম্।
কলিকা চ ন দাতব্যা দেবদেবস্য চক্রিণঃ॥ ১৯৬॥
শুক্লান্যবর্ণকুসুমং ন দেয়ঞ্চ তথা ভবেৎ।
সুগন্ধি শুক্লং দেয়ং স্যাজ্জাতং কণ্টকিনো দ্রুমাৎ॥
দত্ত্বা কণ্টকিসম্ভূতমনুক্তং পরিভূয়তে।
অনুক্তরক্তকুসুমাদসৌভাগ্যমবাপ্নুয়াৎ॥ ১৯৮॥
উগ্রগন্ধি তথা দত্ত্বা নিত্যমুদ্বেগমাপ্নুয়াৎ।
অগন্ধি দত্ত্বা বাপ্নোতি হ্যশুভং পরমং নরঃ॥ ১৯৯॥

অনুবাদ—অতঃপর নিষিদ্ধ পুষ্পসমূহ বিষ্ণু-ধর্ম্মোত্তরে সামান্যরূপে (সাধারণভাবে) উক্ত হইয়াছে—শ্মশান বৃক্ষে উৎপন্ন চৈত্যবৃক্ষোদ্ভব (যে বৃক্ষের তলা বাঁধান ও পূজা করা হয়) মৃত্তিকায় পতিত পুষ্প ও কলিকা দেবদেব চক্রপাণিকে দিবে না। সাদা ছাড়া অন্য ফুল দিবেন না। সাদা ও সুগন্ধি ফুল কাঁটা গাছে জন্মাইলেও দেওয়া যায়। যে সমস্ত কাঁটা গাছে জাত ফুল বা লাল রঙের ফুলের উল্লেখ করা হয় নাই, সে সমস্ত দিলে মানুষ দুঃখের ভাগী হইবে। যে সমস্ত ফুলের গন্ধ বেশ চড়া বা উগ্র, তাহা নিবেদন

করিলে নিত্য উদ্বেগ প্রাপ্ত হইবে। গন্ধহীন ফুল অমঙ্গল জনক ॥ ১৯৬-১৯৯ ॥

টীকা—চৈত্যদ্রুমো নাম বদ্ধবেদিকতলঃ পূজ্যো বৃক্ষঃ। অনুক্তং পূর্ব্বোক্তাদিতরৎ ॥ ১৯৬-১৯৮ ॥

———

তত্রৈব তৃতীয়কাণ্ডে—

উগ্রগন্ধীন্যগন্ধীনি কুসুমানি ন দাপয়েৎ।
অন্যায়তন-জাতানি কণ্টকীনি তথৈব চ ॥ ২০০ ॥
রক্তানি যানি ধর্ম্মজ্ঞাশ্চৈত্যবৃক্ষোদ্ভবানি চ।
যানি শ্মশানজাতানি তথা চাকালজানি চ।
দানং বিবর্জ্জয়েদ্‌যত্নাৎ পুষ্পাণামপ্যগন্ধিনাম্ ॥২০১॥

অনুবাদ—ঐ গ্রন্থেরই তৃতীয়কাণ্ডে—গন্ধহীন বা তীব্রগন্ধি পুষ্প দিবে না। অন্যের গৃহজাত ও কণ্টকিতবৃক্ষজাত পুষ্পও অর্পণের যোগ্য নয়। হে ধার্ম্মিকগণ! লালফুল, মূলদেশ বাঁধান গাছের ফুল শ্মশানবৃক্ষজাত এবং অকালেজাত ফুল কখনই শ্রীবিষ্ণুকে নিবেদন করিবে না ॥ ২০০-২০১ ॥

টীকা—ধর্ম্মজ্ঞা ইতি পাঠে হে ধর্ম্মজ্ঞা ইতি তত্রত্যানাং সম্বোধনম্ ॥ ২০১ ॥

———

নারদীয়ে রাক্ষসী-শপথে—

পারক্যারামজাতৈশ্চ কুসুমৈরর্চ্চয়েৎ সুরান্।
তেন পাপেন লিপ্যেয়ং যদ্যেতদনৃতং বদে ॥ ২০২ ॥

অনুবাদ—নারদপুরাণে রাক্ষসীর শপথবাক্যে উক্ত হইয়াছে—আমি যদি ইহা মিথ্যা বলিয়া থাকি, তাহা হইলে পরকীয় উদ্যানজাত পুষ্পদ্বারা দেবতার পূজা করিলে যে পাতক হয় আমি তাহাতে লিপ্ত হইবে ॥ ২০২ ॥

———

জ্ঞানমালায়াম্—

কলিকাভিস্তথা নেজ্যং বিনা চম্পকজৈঃ শুভৈঃ।
শুষ্কৈর্ন পূজয়েদ্বিষ্ণুং পত্রৈঃ পুষ্পৈঃ ফলৈরপি ॥
ইতি ॥ ২০৩ ॥

অনুবাদ—জ্ঞানমালায় বলা আছে—চম্পক ব্যতীত অন্য পুষ্পের কলিকাদ্বারা পূজা করিবে না, শুকনো-পাতা কিংবা শুকনো ফল দিয়াও বিষ্ণুপূজা করা উচিত নয় ॥ ২০৩ ॥

———

জাতিযূথ্যোস্তথা মল্লী-নবমালিকয়োরপি।
কলিকাভির্হরের্ভক্তৈঃ সৌরভ্যাৎ কৈশ্চিদিষ্যতে ॥২০৪

অনুবাদ—জাতি, যুথি, মল্লিকা ও নবমল্লিকা এই সমস্ত পুষ্পের কলিকারও অতি উত্তমগন্ধ তাই কোন কোন ভক্তজন তা নিবেদনের কথা বলেন ॥ ২০৪ ॥

———

বিষ্ণুরহস্যে—

ন শুষ্কৈঃ পূজয়েদ্বিষ্ণুং কুসুমৈর্ন মহীগতৈঃ।
নাবিশীর্ণদলৈঃ ক্লিষ্টৈর্ন চৈবাশু-বিকাসিতৈঃ ॥২০৫॥

অনুবাদ— বিষ্ণুরহস্যেও—সাদাফুলও মাটিতে পড়িলে সেই ফুল দিয়া পূজা করিবে না। আর যে সমস্ত ফুলের পাপড়ি নষ্ট হইয়া গিয়াছে বা যে গুলিকে কৃত্রিম উপায়ে ফোটান হইয়াছে, সেই সকল ফুল দিয়াও পূজা করিতে নাই ॥ ২০৫ ॥

টীকা—আশুবিকাসিতৈঃ বলাদ্বিকাসিতৈঃ ॥২০৫

———

পাদ্মে—

কীটকোষোপবিদ্ধানি শীর্ণপর্য্যুষিতানি চ।
বর্জ্জয়েদূর্ণনাভেন বাসিতং যদি শোভনম্ ॥ ২০৬ ॥
গন্ধবন্ত্যপবিত্রাণি উগ্রগন্ধীনি বর্জ্জয়েৎ ॥ ২০৭ ॥
গন্ধহীনমপি গ্রাহ্যং পবিত্রং যৎ কুশাদিকম্ ॥২০৮॥

অনুবাদ—পদ্মপুরাণে যথা—অন্তরে কীটকোষ থাকাতে যে সমস্ত পুষ্প দূষিত হইয়াছে, যে সমস্ত ফুল বাসি ও শুকনো এবং যে সকল ফুলে মাকড়শা জাল তৈয়ারী করিয়াছে, সে সমস্ত ফুল শোভাযুক্ত হইলেও নিবেদনের যোগ্য নয়। অপবিত্র পুষ্প সুগন্ধি হইলেও এবং উগ্রগন্ধি পুষ্প বাদ দিবে। কুশাদি পুষ্প গন্ধহীন, কিন্তু পবিত্র সুতরাং তৎসমুদয় নিবেদন করিবে ॥ ২০৬-২০৮ ॥

টীকা—কীটস্য কোষরূপাবাসেন অপবিদ্ধানি দূষিতানি পুষ্পানি শীর্ণানি পর্য্যুষিতানি চ, যদ্যপি শোভনমুত্তমম্, অপবিত্রাণি চেদ্ গন্ধবন্ত্যপি পুষ্পাণি বর্জ্জয়েৎ ॥ ২০৬ ॥

———

বৈহায়স-পঞ্চরাত্রে—

চতুষ্পথ-শিবাবাস-শ্মশানাবনিমধ্যতঃ।
সুগন্ধিফলপুষ্পাণি নাদদীতার্চ্চনে হরেঃ ॥ ২০৯ ॥

অনুবাদ—বৈহায়স পঞ্চরাত্রে উক্ত আছে—শ্রীহরি-পূজার জন্য চতুষ্পথ, শিবালয় ও শ্মশানভূমি হইতে সুগন্ধি ফল-পুষ্প-সমূহ গ্রহণ করিবে না ॥ ২০৯ ॥

টীকা—চতুষ্পথাদেরবনির্ভূমিস্তন্মধ্যান্নগৃহ্ণীয়াৎ ॥ ২০৯ ।

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে—

ন বিশীর্ণদলৈঃ শ্লিষ্টৈর্নাশুভৈর্নাবিকাশিভিঃ।
পূতিগন্ধ্যুগ্রগন্ধীনি অম্লগন্ধানি বর্জ্জয়েৎ ॥ ২১০ ॥
কীটকোষোপবিদ্ধানি শীর্ণপর্য্যুষিতানি চ।
ভগ্নপত্রঞ্চ ন গ্রাহ্যং কৃমিদুষ্টং ন চাহরেৎ ॥ ২১১ ॥
বর্জ্জয়েদূর্ণনাভেন বাসিতং যদি শোভনম্।
স্থলস্থং নোদ্ধরেৎ পুষ্পং ছেদয়েজ্জলজং ন তু।
যানি স্পৃষ্টানি চাস্পৃশ্যৈর্লোকাযুক্তৈশ্চ
বর্জ্জয়েৎ ॥ ২১২ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীব্রহ্ম-নারদসংবাদে যথা—যে সকল পুষ্পের দল শীর্ণ অথবা পরস্পর সংলগ্ন, যে সকল অপবিত্র বা পূর্ণবিকশিত নহে, তাহা দ্বারা পূজা করিবে না। পূতিগন্ধি, তীক্ষ্ণগন্ধি ও অম্লগন্ধ-যুক্ত ফুল দিবে না। ভিতরে পোকা থাকায় দূষিত ফুল সংগ্রহ করিবে না। যাহা শীর্ণ, পর্য্যুষিত, ভগ্ন-দল ও কৃমিদুষ্ট তাহাও আহরণ করিবে না বা মাকড়শার জালযুক্ত পুষ্প সুন্দর হইলেও বর্জ্জনীয়। স্থলজাত পুষ্প মূলসহ উৎপাটন করিবে না। জল-জাত পুষ্পছেদন করা উচিত নয়। যে সকল পুষ্পে অদৃশ্য বা লোকনিন্দনীয় বস্তু স্পৃষ্ট হইয়াছে, তাহা ত্যাগ করিবে ॥ ২১০-২১২ ॥

টীকা—বিশীর্ণদলাদিভিঃ পুষ্পৈর্ন পূজা কার্য্যেতি শেষঃ। শ্লিষ্টৈঃ অন্যোহন্যসংলগ্নৈঃ ॥ ২১০ ॥

টীকা—নোদ্ধরেৎ মূলতো নোৎপাটয়েৎ; লোকে অযুক্তৈর্নিন্দ্যৈশ্চ স্পৃষ্টানি পুষ্পাণি বর্জ্জয়েৎ ॥২১২॥

অত্রাপবাদঃ

জ্ঞানমালায়াম্—

ন পর্য্যুষিতদোষোঽস্তি জলজোৎপল-চম্পকে।
তুলস্যগস্ত্যবকুলে বিল্বে গঙ্গাজলে তথা ॥ ২১৩ ॥

অনুবাদ—জ্ঞানমালায় লিখিত আছে—জলজপদ্ম, চম্পক, তুলসী, অগস্ত্য ও বকুল ফুল এবং বেলপাতা গঙ্গাজল বাসি হইলে দোষ হয় না ॥ ২১৩ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে চ—

ন গৃহে করবীরস্থৈঃ কুসুমৈরর্চ্চয়েদ্ধরিম্।
পতিতৈর্মুকুলৈর্ম্লানৈঃ শ্বাসৈর্বা জন্তু-দূষিতৈঃ।
আঘাতৈরঙ্গসংস্পৃষ্টৈর্দূষিতৈশ্চৈব নার্চ্চয়েৎ ॥২১৪॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে এই বিষয়ে কথিত হই-য়াছে—গৃহস্থিত শ্বেত কিংবা রক্তকরবীর তরুজাত ফুল দিয়া শ্রীহরির পূজা করিতে নাই। ভূপতিত, অবিকশিত, ম্লান, শ্বাসদুষ্ট, জন্তুদুষ্ট আঘাতে নিষ্পিষ্ট, হস্ত ব্যতিরেকে অন্য অঙ্গ সংস্পৃষ্ট বা নিন্দনীয়, এই সকল ফুল দিয়াও শ্রীহরির পূজা নিষেধ ॥ ২১৪ ॥

টীকা—গৃহে যঃ করবীরঃ শ্বেতপুষ্পো রক্ত-পুষ্পশ্চ, তৎস্থৈস্তদীয়ৈরিত্যর্থঃ। অতএবোক্তং বারাহে—'বক্ষ্যক-করবীরে চ ন গৃহে রোপয়েৎ কৃচিৎ' ইতি। শ্বাসৈর্জন্তুভির্বা দূষিতৈরিত্যর্থঃ। অঙ্গেন স্বীয়হস্তব্যতিরিক্তেন গাত্রেণ সংস্পৃষ্টৈঃ দূষি-তৈশ্চ নিন্দিতৈঃ ॥ ২১৪ ॥

অথ বিশেষতো নিষিদ্ধানি

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে—

ক্রকরস্য চ পুষ্পাণি তথা ধুস্তূরকস্য চ।
কৃষ্ণঞ্চ কুটজং চার্কং নৈব দেয়ং জনার্দ্দনে ॥২১৫॥

অনুবাদ—অতঃপর বিশেষতঃ নিষিদ্ধ পুষ্পসমূহ বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে উক্ত আছে—করবীর ধুস্তূর, কৃষ্ণবর্ণ কুটজ ও অর্কপুষ্প জনার্দ্দনকে দিবে না ॥ ২১৫ ॥

টীকা—ক্রকরস্য করবীরস্য ॥ ২১৫ ॥

কিঞ্চান্যত্র—

নার্কং নোম্মত্তকং ঝিণ্টিং তথৈব গিরিকর্ণিকাম্।
ন কণ্টকারিকাপুষ্পমচ্যুতায় নিবেদয়েৎ ॥ ২১৬ ॥
কুটজং শাল্মলীপুষ্পং শিরীষঞ্চ জনার্দ্দনে।
নিবেদিতং ভয়ঞ্চোগ্রং নিঃস্বত্বঞ্চ প্রযচ্ছতি ॥ ২১৭ ॥

অনুবাদ—অন্যত্রও বর্ণিত হইয়াছে—অর্ক, ধুস্তুর, ঝিণ্টী, গিরিকর্ণিকা ও কণ্টকারি ফুল শ্রীঅচ্যুতকে নিবেদন করিবে না। কুটজ, শাল্মলী ও শিরীষ ফুল জনার্দ্দনকে দেওয়া হইলে মহাভয় উৎপন্ন হয় এবং ধনহীনতা ঘটে ॥ ২১৬-২১৭ ॥

টীকা—নিঃসত্ত্বমিতি পাঠে নিঃসত্ত্বতামিত্যর্থঃ ॥ ২১৭ ॥

———

স্কান্দে তত্রৈব—

যেঽর্চ্চয়ন্তি ত্রিলোকেশমর্কপুষ্পৈর্জনার্দ্দনম্।
তেভ্যঃ ক্রুদ্ধো ভয়ং দুঃখং ক্রোধং বিষ্ণুঃ প্রযচ্ছতি ॥
উন্মত্তকেন যে মূঢ়াঃ পূজয়ন্তি ত্রিবিক্রমম্।
উন্মাদং দারুণং তেভ্যো দদাতি গরুড়ধ্বজঃ ॥২১৯॥

অনুবাদ—স্কন্দপুরাণে এই প্রসঙ্গে বলা হইয়াছে—যে সকল ব্যক্তি অর্কপুষ্পদ্বারা ত্রিলোকাধিপ শ্রীজনার্দ্দনকে পূজা করেন, তাঁহারা ক্রুদ্ধ শ্রীবিষ্ণু হইতে ভয়, দুঃখ ও শাস্তি লাভ করেন। যে সকল মূঢ় ধুস্তুর ফুল দিয়া পূজা করে, গরুড়ধ্বজ জনার্দ্দন তাহাদিগকে ভয়ানক উন্মাদরোগ দিয়া থাকেন ॥ ২১৮-২১৯ ॥

———

কাঞ্চনাবয়বৈঃ পুষ্পৈর্যেঽর্চ্চয়ন্ত্যসুরদ্বিষম্।
দারিদ্র্যং দুঃখবহুলং তেষাং বিষ্ণুঃ প্রযচ্ছতি ॥২২০॥
গিরিকর্ণিকয়া বিষ্ণুং যেঽর্চ্চয়ন্ত্যবুধা নরাঃ।
তেষাং কুলক্ষয়ং ঘোরং কুরুতে মধুসূদনঃ ॥ ইতি ॥

অনুবাদ—অন্যত্রও যথা—হে ভগবন্! শাল্যোদন, হিমকরতুল্য শুভ্র উত্তম অন্ন, পায়স, পিষ্টক, সূপ, লেহ্য, পেয়, চূষ্য ও শুদ্ধ সুধাস্বরূপ ফল ঘারিকা প্রভৃতি উৎকৃষ্ট খাদ্য, নয়ন প্রীতিকর ঘৃত, এলাইচ মরীচ প্রভৃতি দ্বারা সংস্কৃত, অতি সুস্বাদু, অতি উত্তম ঘৃতবহুল পক্কান্ন এবং শাকাদি উপকরণ—এই সব অমৃততুল্য দ্রব্যের আস্বাদনজনিত সুখ ভোগ করুন ॥ ১১৩ ॥

টীকা—সিতং শুদ্ধং, ঘারিকা ঘীবরেতি প্রসিদ্ধা, তদাদ্যং শোভনখাদ্যং, আজ্যং ঘৃতং, প্রাজ্যং ঘৃত-প্রচুরপক্বং, সমিজ্যং পরমোত্তমমিত্যর্থঃ। শ্লোকোঽয়ং যবনিকান্তর্দ্ধানানন্তরং বহিরেব পাঠ্য ইতি জ্ঞেয়ম্। ক্রমদীপিকোক্তানুসারেণাদৌ তন্মুখ্যমন্ত্রস্য লিখিতত্বাৎ ॥ ১১৩ ॥

———

কিঞ্চ, গরুড়পুরাণে—

নৈবেদ্যং পরয়া ভক্ত্যা ঘণ্টাদ্যোর্জ্জয়নিস্বনৈঃ।
নীরাজনৈশ্চ হরয়ে দদ্যাদ্দীপাসনং বুধঃ ॥ ১১৪ ॥

অনুবাদ—আরও গরুড়পুরাণে—সদাচার বিশেষজ্ঞ ব্যক্তি ঘণ্টা প্রভৃতি জয়শব্দ ও নীরাজনা করিয়া অতিশয় ভক্তিসহকারে শ্রীহরিকে নৈবেদ্য ভোজনকাল পর্য্যন্ত স্থায়ী দীপ ও আসন প্রদান করিবেন ॥ ১১৪ ॥

টীকা—অন্যঞ্চ নৈবেদ্যার্পণবিধিং—লিখতি নৈবেদ্যমিতি। দীপঞ্চান্যমেকং ভোজনকালপর্য্যন্ত-স্থায়িনং আসনঞ্চ দদ্যাৎ ; বুধঃ সদাচারবিশেষবিদ্বা-নিত্যর্থঃ ॥ ১১৪ ॥

অথ নৈবেদ্য-পাত্রাণি

স্কান্দে শ্রীব্রহ্মনারদ সংবাদে—

নৈবেদ্যপাত্রং বক্ষ্যামি কেশবস্য মহাত্মনঃ।
হৈরণ্যং রাজতং তাম্রং কাংস্যং মৃন্ময়মেব চ।
পালাশং পদ্মপত্রঞ্চ পাত্রং বিষ্ণোরতিপ্রিয়ম্ ॥ ১১৫ ॥

অনুবাদ—অতঃপর নৈবেদ্যপাত্রসকল বিষয়ে স্কন্দ-পুরাণে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে—এখন মহাত্মা কেশ-বের নৈবেদ্য পাত্রের বিষয় বর্ণন করিব। স্বর্ণপাত্র, রৌপ্যপত্র, তাম্রপত্র, কাংস্যপাত্র, মৃন্ময়পাত্র এবং পলাশপত্র ও পদ্মপত্র নির্ম্মিত পাত্র শ্রীবিষ্ণুর অত্যন্ত প্রীতিকর ॥ ১১৫ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

পাত্রাণান্তু প্রদানেন নরকঞ্চ ন গচ্ছতি ॥ ১১৬ ॥

অনুবাদ—ধর্ম্মোত্তরে যথা—শ্রীহরিকে পাত্রসমূহ প্রদান করিলে আর নরকে যাইতে হয় না ॥ ১১৬ ॥

পাত্রপরিমাণম্

দেবীপুরাণে—

ষট্‌ত্রিংশদঙ্গুলং পাত্রমুত্তমং পরিকীর্ত্তিতম্।
মধ্যমঞ্চ ত্রিভাগোনং কন্যসং দ্বাদশাঙ্গুলম্।
বস্বঙ্গুলবিহীনন্তু ন পাত্রং কারয়েৎ ক্বচিৎ ॥ ১১৭ ॥

অনুবাদ—পাত্রের পরিমাণ—দেবীপুরাণে যথা—ছত্রিশ অঙ্গুলি পরিমিত পাত্র উত্তম, চব্বিশ আঙ্গুল-মাপের পাত্র নিকৃষ্ট। কখনও আট আঙ্গুলের কম পরিমাণের পাত্র নির্ম্মাণ করাইবে না ॥ ১১৭ ॥

টীকা—কন্যসং কনিষ্ঠং, বসুভিরষ্টভিরঙ্গুলিভি-বিহীনং অষ্টাঙ্গুলপরিমাণতো ন্যূনমিত্যর্থঃ। ক্বচি-দিতি স্নানাদৌ চ সর্ব্বত্র ন কারয়েদিত্যর্থঃ ॥ ১১৭ ॥

অথ ভোজ্যানি

একাদশস্কন্ধে—(২৭।৩৪)—

গুড়পায়সসর্পীংষি শষ্কুল্যাপূপমোদকান্।
সংযাবদধিসূপাংশ্চ নৈবেদ্যং সতি কল্পয়েৎ ॥১১৮॥

অনুবাদ—অতঃপর ভোজ্যবিষয়, একাদশস্কন্ধে যথা—গুড়, পায়স, ঘৃত, শষ্কুলী, আপূপ, মোদক, সংযাব, দধি ও সূপ এই সমস্ত দ্রব্যের নৈবেদ্য বিভবা অনুসারে অর্পণ করিবে ॥ ১১৮ ॥

টীকা—গুড়শব্দেন সর্ব্বে ইক্ষুবিকারা গৃহ্যন্তে, তেষাং গুড়াত্মকত্বাৎ। শষ্কুল্যঃ তৈলপক্বিশেষাঃ, আপূপা মণ্ডকাদীনাং সমূহাঃ, সূপা ব্যঞ্জনানি ; সতি বিভবে ইতি শেষঃ। যদ্বা, গুড়-পায়সাদি নৈবেদ্যে সতি ॥ ১১৮ ॥

কিঞ্চ (১১।৪১)—

যদ্‌যদিষ্টতমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ।
তত্তন্নিবেদয়েন্মহ্যং তদানন্ত্যায় কল্পতে ॥ ১১৯ ॥

অনুবাদ—আরও বর্ণিত হইয়াছে—সংসারে যে যে বস্তু প্রিয়তম এবং যাহা যাহা নিজের অতিশয় প্রীতিকর, সেই সমুদায় দ্রব্য আমাকে অর্পণ করিলে তাহা অনন্তফলের জন্য কল্পিত হয় ॥ ১১৯ ॥

টীকা—যচ্চাত্মনোঽত্যন্তপ্রিয়মিতি—লোকেঽনিষ্ট-মপি অবিহিতমপি স্বস্য প্রিয়ঞ্চেত্তর্হি দদ্যাদিত্যর্থঃ। অত্র চ বিহিতমেব ন তু নিষিদ্ধমিতি কেচিদাহুঃ ; অত্যন্তনিষিদ্ধে চ বৈষ্ণবানাং স্বত এবাপ্রবৃত্তেস্তন্ন দেয়-মেবেতি, কিং তদভিব্যঞ্জনেন ? ॥ ১১৯ ॥

ষষ্ঠস্কন্ধে (১৬।৫২)—

নৈবেদ্যঞ্চাধিগুণবদ্দদ্যাৎ পুরুষতুষ্টিদম্ ॥ ১২০ ॥

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে যথা—ভগবানের প্রীতিপ্রদ

অথবা পুরুষের আহারের পরিমাপে প্রীতিজনক অধিক গুণশালী ভোজ্য অর্পণ করিতে হইবে ॥১২০॥

টীকা—অধিগুণবৎ অধিকগুণসংযুক্তং, যতঃ পুরুষস্য ভগবতঃ তুষ্টিদম্। যদ্বা, পুরুষাহার-সম্মিতং দদ্যাৎ ন ততো ন্যূনমিত্যর্থঃ ॥ ১২০ ॥

———

বৌধায়নস্মৃতৌ চ—

নানাবিধান্নপানৈশ্চ ভক্ষণাদ্যৈর্মনোহরৈঃ।
নৈবেদ্যং কল্পয়েদ্বিষ্ণোস্তদভাবে চ পায়সম্।
কেবলং ঘৃতসংযুক্তম্ ॥ ১২১ ॥

অনুবাদ—বৌধায়নস্মৃতিতেও বলা হইয়াছে—বিবিধপ্রকার অন্ন-পান ও উত্তম ভক্ষ্যাদি দ্রব্যদ্বারা শ্রীবিষ্ণুর নৈবেদ্য রচনা করিবে। তাহার অভাবে কেবলমাত্র ঘৃত সংযুক্ত পায়স দিবে ॥ ১২১ ॥

টীকা—কেবলম্ একমেব পায়সং দদ্যাদিত্যর্থঃ; তচ্চ ঘৃতযুক্তমেব 'অঘৃতঞ্চাসুরং বিদুঃ' ইতি স্মৃতেঃ ॥ ১২১ ॥

———

বামনপুরাণে—

হবিষা সংস্কৃতা যে চ যবগোধূমশালয়ঃ।
তিলমুদ্গাদয়ো মাষা ব্রীহয়শ্চ প্রিয়া হরেঃ ॥১২২॥

অনুবাদ—বামনপুরাণে বলা হইয়াছে—যব, গম, ধান, তিল, মুগ, মাষকলাই, যব, চণক প্রভৃতি শস্য গব্যঘৃতযুক্ত হইলে শ্রীহরির প্রীতিকর হইয়া থাকে ॥ ১২২ ॥

টীকা—হবিষা গব্যঘৃতেন, ব্রীহয়ঃ যবাদিভ্যো-ঽন্যো চণকাদয়ঃ ॥ ১২২ ॥

———

গারুড়ে—

অন্নং চতুর্ব্বিধং পুণ্যং গুণাঢ্যঞ্চামৃতোপমম্।
নিষ্পন্নং স্বগৃহে যদ্বা শ্রদ্ধয়া কল্পয়েদ্ধরেঃ ॥ ১২৩ ॥

অনুবাদ—গরুড়পুরাণে যথা—স্বীয়গৃহে পক্ব, গুণযুক্ত, অমৃততুল্য ও পবিত্র চতুর্ব্বিধ অন্ন শ্রদ্ধা-পূর্ব্বক শ্রীহরিকে অর্পণ করিবে ॥ ১২৩ ॥

———

ভবিষ্যে—

পুষ্পং ধূপং তথা দীপং নৈবেদ্যং সুমনোহরম্।
খণ্ডলড্ডুক-শ্রীবেষ্ট কাসারাশোকবর্ত্তিকাঃ ॥১২৪॥
স্বস্তিকোল্লাসিকাদুগ্ধ-তিলবেষ্টকিলাটিকাঃ।
ফলানি চৈব পক্বানি নাগরঙ্গাদিকানি চ ॥ ১২৫ ॥
অন্যানি বিধিনা দত্ত্বা ভক্ষ্যাণি বিবিধানি চ।
এবমাদীনি চান্যানি দাপয়েদ্ভক্তিতো নৃপ ॥ ১২৬ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে বলা হইয়াছে—হে রাজন্! পুষ্প, ধূপ, দীপ, মনোহর নৈবেদ্য, খণ্ড,লড্ডুক, শ্রীবেষ্ট, কাসার, সেবালড্ডু, স্বস্তিক, উল্লাসিকা (লপ্সী) ক্ষীরের বড়া বা পুপিকা, তিলবেষ্ট, কিলাটিকা, (ক্ষীরসার) এবং নাগরঙ্গাদি পাকা ফল সকল শ্রদ্ধা সহকারে অর্পণ করিতে হইবে ॥ ১২৪-১২৬ ॥

টীকা—শ্রীবেষ্টং লজুষীতি প্রসিদ্ধং, কাসারঃ পৈবাকিকাদি-ঘৃতপক্বান্তর্নিক্ষেপ্যো মধুপক্বদ্রব্যবিশেষঃ, কসেরুরিতি প্রসিদ্ধঃ। অশোকবর্ত্তিকা সেবালড্ডু ইতি প্রসিদ্ধা। একমূর্দ্ধা পিষ্টময়ো রচিতঃ স্বস্তিকো মতঃ; উল্লাসিকা লপসীতি প্রসিদ্ধা, দুগ্ধবেষ্টঃ তিল-বেষ্টশ্চ, তত্র দুগ্ধবেষ্টঃ ক্ষীরবটকঃ পুপিকা বাতিল-বেষ্টঃ অম্বসা ইতি প্রসিদ্ধঃ; কিলাটিকাঃ ক্ষীরসারঃ পটখিরিসেতি প্রসিদ্ধা অন্যানি চ ফলানি দত্ত্বা পশ্চাদ্ভক্ষ্যাণি দাপয়েৎ ইত্যত্র দদ্যাদিতি বা পাঠঃ ॥ ১২৪-১২৬ ॥

———

বারাহে—

যস্তু ভাগবতো দেবি অন্নাদ্যেন তু প্রীণয়েৎ।
প্রীণিতস্তিষ্ঠতেহসৌ বৈ বহুজন্মানি মাধবি ॥ ১২৭ ॥
সর্ব্বব্রীহিময়ং গৃহ্য শুভং সর্ব্বরসান্বিতম্।
মন্ত্রেণ মে প্রদীয়েত ন কিঞ্চিদপি সংস্পৃশেৎ ॥১২৮॥

অনুবাদ—বরাহপুরাণে বর্ণিত হইয়াছে যে,—হে মাধবি! হে দেবি! যিনি অন্ন প্রভৃতি ভক্ষ্য দ্রব্যদ্বারা বৈষ্ণবগণের প্রীতি সম্পাদন করেন এবং সর্ব্বরসবিশিষ্ট মঙ্গলপ্রদ শস্যসমূহ গ্রহণপূর্ব্বক মন্ত্রদ্বারা আমাকে সমর্পণ করিয়া তাহার কিছুমাত্র স্পর্শ না করেন, বহুজন্ম পর্য্যন্ত তিনি সুখস্বচ্ছন্দে বাস করিয়া থাকেন ॥ ১২৭-১২৮ ॥

টীকা—অন্নাদ্যেন অন্নাদি ভক্ষ্যপেয়দ্রব্যেণ গৃহ্য গৃহীত্বা ॥ ১২৭-১২৮ ॥

ইঙ্গুদীফলবিল্বানি বদরামলকানি চ ।
খর্জ্জূরাংশ্চাসনাংশ্চৈব মানবাংশ্চ পরূষকান্ ॥১২৯॥
শালোড়ুম্বরিকাংশ্চৈব তথা প্লক্ষফলানি চ ।
পৈপ্পলং কণ্টকীয়ঞ্চ তুম্বুরুঞ্চ প্রিয়ঙ্গুকম্ ॥ ১৩০ ॥
মরীচং শিংশপাকঞ্চ ভল্লাতকরমর্দ্দকম্ ।
দ্রাক্ষাঞ্চ দাড়িমঞ্চৈব পিণ্ডখর্জ্জূরমেব চ ॥ ১৩১ ॥

অনুবাদ—ইঙ্গুদীফল, বেল, বদর, আমলকী, খেজুর, আসন (চারবীজ), নারিকেল, পরূষক, শাল, উড়ুম্বরিক, প্লক্ষফল, পিপ্পলীফল, কাঁঠাল, তুম্বুরু, প্রিয়ঙ্গু মরীচ, শিংশপা ভল্লাতক, করমর্দ্দক, দ্রাক্ষা, দাড়িম্ব, পিণ্ডখর্জ্জুর প্রভৃতি ফল ভগবানের অতিশয় প্রিয় ॥ ১২৯-১৩১ ॥

টীকা—আসনান্ চারবীজানি, মানবান্ নারিকেলফলানি পরূষকান্ পরুষা ইতি প্রসিদ্ধান্, এষু পুংস্ত্বমার্ষম্ । অগ্রে অন্যত্রাপি এবং জ্ঞেয়ম্ । এবং দেশভেদেন তত্তন্নাম প্রসিদ্ধেরপি ভেদাৎ, তত্তদ্ভাষয়া লিখিতানামপি তত্তদ্ব্যাণাং সর্ব্বদেশীয়ানাং দুর্জ্ঞেয়ত্বাৎ তল্লিখনপ্রয়াসেনালম্ । তত্তদ্দেশবাসিভ্য এবাপেক্ষিত-তত্তদ্বিশেষো জ্ঞেয়ঃ । তথাপ্যত্রাপ্রসিদ্ধং কিঞ্চিৎ শ্রীমথুরাদেশভাষয়া অভিব্যজত ইতি ॥১২৯॥

সৌবীরং কেলিকঞ্চৈব তথা শুভফলানি চ ।
পিণ্ডারকফলঞ্চৈব পুন্নাগফলমেব চ ॥ ১৩২ ॥
শমীঞ্চৈব কবীরঞ্চ খর্জ্জূরকমহাফলম্ ।
কুমুদস্য ফলঞ্চৈব বহেড়কফলন্তথা ॥ ১৩৩ ॥
অজং কর্কোটকঞ্চৈব তথা তালফলানি চ ।
কদম্বঃ কৌমুদঞ্চৈব দ্বিবিধং স্থলকঞ্জয়োঃ ॥ ১৩৪ ॥
পিণ্ডিকন্দেতি বিখ্যাতং বংশনীপং ততঃ পরম্ ।
মধুকন্দেতি বিখ্যাতং মাহিষং কন্দমেব চ ॥ ১৩৫ ॥
করমর্দ্দককন্দঞ্চ তথা নীলোৎপলস্য চ ।
মৃণালং পৌষ্করঞ্চৈব শালূকস্য ফলন্তথা ॥ ১৩৬ ॥
এতে চান্যে চ বহবঃ কন্দমূলফলানি চ ।
এতানি চোপযোজ্যানি যে ময়া পরিকল্পিতাঃ ॥১৩৭॥

অনুবাদ—সৌবির, কেলিক, পিণ্ডারকফল, পুন্নাগফল, শমী, কবীর, খর্জ্জুর বা মহাফল, কুমুদফল, বহেড়াফল, অজ, কর্কোটক, তালফল, কদম্ব, কৌমুদ, দ্বিবিধ স্থলকঞ্জ, পিণ্ডিকন্দ, বংশীনীপ, মধুকন্দ, মাহিষকন্দ, করমর্দ্দককন্দ, নীলোৎপলকন্দ, মৃণাল, পুষ্করফল, শালুকফল, এই সকল ও অন্যান্য কন্দমূল ফলের বিষয় আমি যে বর্ণন করিয়াছি, সে সমস্তই আমার ভক্ষ্য ॥ ১৩২-১৩৭ ॥

মূলকস্য ততঃ শাকং চিঞ্চাশাকং তথৈব চ ।
শাকঞ্চৈব কলায়স্য সর্ষপস্য তথৈব চ ॥ ১৩৮ ॥
বংশকস্য তু শাকঞ্চ শাকমেব কলম্বিকম্ ।
আদ্র্কস্য চ শাকং বৈ পালঙ্কং শাকমেব চ ॥১৩৯॥
অম্লিলোড়কশাকঞ্চ কাশং কৌমারকন্তথা ।
শুকমণ্ডলপত্রঞ্চ দ্বাবেব তরুবানকৌ ॥ ১৪০ ॥
চরস্য চৈব শাকঞ্চ মধুকোড়ুম্বরং তথা ।
এতে চান্যে চ বহবঃ শতশোঽথ সহস্রশঃ ।
কর্ম্মণ্যাশ্চৈব সর্ব্বে বৈ যে ময়া পরিকীর্ত্তিতাঃ ॥১৪১

অনুবাদ—মূলাশাক, চিঞ্চাশাক, কলায়শাক, সরিষাশাক, বংশকশাক, কলম্বীশাক, আদ্র্কশাক, পালঙ্কশাক, অম্লিলোড়কশাক, কাশ কৌমারক, শুকমণ্ডলপত্র, দ্বিবিধ বৃক্ষের শুষ্কপত্র, চরশাক, মধুক ও উড়ুম্বর এই সকল ও অন্যান্য শতসহস্রবিধ শাকাদির বিষয় আমি যে কীর্ত্তন করিয়াছি সেই সকলই কর্ম্মোপযোগী ॥ ১৩৮-১৪১ ॥

ব্রীহীণাঞ্চ প্রবক্ষ্যামি উপযোগাংশ্চ মাধবি ।
একচিত্তং সমাধায় তৎ সর্ব্বং শৃণু সুন্দরি ॥ ১৪২ ॥

অনুবাদ—হে সুন্দরি ! হে মাধবি ! এখন ভক্ষণীয় ব্রীহি সকলের বিষয় কীর্ত্তন করি, তুমি একাগ্রচিত্তে তাহা শ্রবণ কর ॥ ১৪২ ॥

ধর্ম্মাধর্ম্মিকরক্তঞ্চ সুগন্ধং শক্তশালিকম্ ।
দীর্ঘশূকং মহাশালিং বরকুঙ্কুমপত্রকম্ ॥ ১৪৩ ॥
গ্রামশালিং সমুদ্রাশাং সশ্রীশাং কুশশালিকাম্ ।
যবাশ্চ দ্বিবিধা জ্ঞেয়াঃ কর্ম্মণ্যা মম সুন্দরি ॥ ১৪৪॥

কর্ম্মণ্যাশ্চৈব মুদ্গাশ্চ তিলাঃ কৃষ্ণাঃ কুলত্থকাঃ
গোধূমকং মহামুদ্গমুদ্গাষ্টকমবাটজিৎ ॥ ১৪৫ ॥
কর্ম্মণ্যেতানি চোক্তানি ব্যঞ্জনানি প্রিয়াণ্বিতান্ ।
প্রতিগৃহ্ণাম্যহং হ্যেতান্ সর্ব্বান্ ভাগবতাৎ প্রিয়ান্ ॥

অনুবাদ—হে সুন্দরি ! ধর্ম্মরক্তশালি, অধর্ম্মরক্ত-শালি, দীর্ঘশূক, মহাশালি, শ্রেষ্ঠ কুঙ্কুমপত্র গ্রামশালি, মদ্রশশালি, শ্রীশশালি, কুশশালি ও দ্বিবিধ যব আমার কর্ম্মোপযোগী জানিবে। মুগ, তিল, কৃষ্ণকুলত্থকলাই, গম, মহামুগ মুদ্গাষ্টক এ সকলও কর্ম্মের উপযুক্ত। এই সকল দ্রব্য ও যে সমস্ত ব্যঞ্জনের বিষয় বলা হইয়াছে, সেই সমস্ত প্রিয় দ্রব্যই আমি বৈষ্ণবগণের নিকট হইতে গ্রহণ করি ॥ ১৪৩-১৪৬ ॥

———

কিঞ্চ—
যে মৎয়েবোপযোজ্যানি গব্যং দধি পয়ো ঘৃতম্ ॥১৪৭

অনুবাদ—আরও বর্ণিত হইয়াছে যে—গব্য-দধি, দুগ্ধ ও ঘৃত আমার ভক্ষণের উপযুক্ত ॥ ১৪৭ ॥

———

স্কান্দে চ ব্রহ্মনারদ-সংবাদে—
হবিঃ শাল্যোদনং দিব্যমাজ্যযুক্তং সশর্করম্ ।
নৈবেদ্যং দেবদেবায় যাবকং পায়সন্তথা ॥ ১৪৮ ॥
নৈবেদ্যানামভাবে তু ফলানি বিনিবেদয়েৎ ।
ফলানামপ্যভাবে তু তৃণগুল্মৌষধীরপি ॥ ১৪৯ ॥
ওষধীনামলাভে তু তোয়ঞ্চ বিনিবেদয়েৎ ।
তদলাভে তু সর্ব্বত্র মানসং প্রবরং স্মৃতম্ ॥ ১৫০ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে বলা হইয়াছে—ঘৃত, শালিতণ্ডুলের অন্ন, উত্তম ঘৃত ও শর্করা-যুক্ত নৈবেদ্য এবং যবের পায়স দেবদেব শ্রীবিষ্ণুকে প্রদান করিবে। নৈবেদ্যাদির অভাব হইলে ফল নিবেদন করিবে। ফলেরও অভাব হইলে তৃণ, গুল্ম, এমন কি ঔষধি অর্পণ করা যায়। ইহারও অপ্রাপ্য হইলে কেবল জল অর্পণ করিবে। কোন কিছুই সংগ্রহ করিতে না পারিলে মানসে শ্রীভগবানের প্রিয় দ্রব্যাদি নিবেদন করিবে ॥ ১৪৮-১৫০ ॥

———

স্কান্দে মহেন্দ্রং প্রতি শ্রীনারদবচনম্—
যচ্ছন্তি তুলসীশাকং শৃতং যে মাধবাগ্রতঃ ।
কল্পান্তং বিষ্ণুলোকে তু বসন্তি পিতৃভিঃ সহ ॥ ১৫১॥

অনুবাদ—ঐ পুরাণেই ইন্দ্রের প্রতি দেবর্ষির বাক্য যথা—যাঁহারা শ্রীমাধবকে ঘৃতপক্ব তুলসী শাক অর্পণ করেন, তাঁহারা প্রলয়কাল পর্য্যন্ত পিতৃগণের শ্রীবিষ্ণুধামে অবস্থিতি করেন ॥ ১৫১ ॥

———

অথ নৈবেদ্য নিষিদ্ধানি

হারীতস্মৃতৌ—
নাভক্ষ্যং নৈবেদ্যার্থে ভক্ষ্যেষ্বপ্যজা
মহিষীক্ষীরং পঞ্চনখা মৎস্যাশ্চ ॥ ১৫২ ॥

অনুবাদ—অতঃপর নৈবেদ্যে নিষিদ্ধ দ্রব্যসকল সম্বন্ধে হারীতস্মৃতিতে বলা হইয়াছে—অভক্ষ্যদ্রব্য নৈবেদ্যে অর্পণ করিতে নাই। ভক্ষ্যদ্রব্যের মধ্যেও ছাগীদুগ্ধ, মহিষীদুগ্ধ, পঞ্চনখযুক্ত জন্তুর মাংস ও মৎস্য অর্পণ করিবে না ॥ ১৫২ ॥

———

দ্বারকামাহাত্ম্যে—
নীলীক্ষেত্রং বাপয়ন্তি মূলকং ভক্ষয়ন্তি যে ।
নৈবান্তি নরকোত্তারঃ কল্পকোটিশতৈরপি ॥ ১৫৩ ॥

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে যথা—যাহারা ক্ষেত্রে নীলী বপণ করে এবং মূলক ভক্ষণ করে, তাহারা শতকোটি কল্পেও নিরয় হইতে উদ্ধার পায় না ॥১৫৩

———

বারাহে—
মাহিষঞ্চাবিকং চাজমযজ্ঞীয়মুদাহৃতম্ ॥ ১৫৪ ॥

অনুবাদ—বরাহপুরাণে বলা হইয়াছে—মহিষ, মেষ ও ছাগ সম্বন্ধীয় ঘৃত যজ্ঞের অনুপযোগী বলিয়া নির্ণীত হইয়াছে ॥ ১৫৪ ॥

———

কিঞ্চ—
মাহিষং বর্জ্জয়েন্মহ্যং ক্ষীরং দধি ঘৃতং যদি ॥১৫৫॥

অনুবাদ—আরও যথা—যদি কেহ আমাকে দধি,

দুগ্ধ ও ঘৃত অর্পণ করে, তাহা হইলে সে যেন মহিষ সম্বন্ধীয় ঐ সকল দ্রব্য বর্জ্জন করে ॥ ১৫৫ ॥

টীকা—মাহিষাদিকং দধ্যাদি ॥ ১৫৫ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে—

অভক্ষ্যঞ্চাপ্যহৃদ্যঞ্চ নৈবেদ্যং ন নিবেদয়েৎ।
কেশকীটাবপন্নঞ্চ তথা চাবিহিতঞ্চ যৎ ॥ ১৫৬ ॥
মূষিকালাঙ্গুলোপেতমবধূতমবক্ষুতম্।
উড়ুম্বরং কপিত্থঞ্চ তথা দন্তশঠঞ্চ যৎ ॥
এবমাদীনি দেবায় ন দেয়ানি কদাচন ॥ ১৫৭ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে—অভক্ষ্য ও স্বাদবিহীন নৈবেদ্য নিবেদন করিবে না। যাহা নিষিদ্ধ, কেশ ও কীট সমন্বিত, মূষিকা ও লাঙ্গুল কর্ত্তৃক কৃতোচ্ছিষ্ট, অবজ্ঞাবশতঃ ত্যক্ত এবং যাহার উপরে হাঁচা হইয়াছে সেই প্রকার বস্তু নিবেদনের উপযুক্ত নহে। ঔড়ুম্বর, কপিত্থ, জম্বীর প্রভৃতি দ্রব্যও দেবতাকে কদাচ দিবে না ॥ ১৫৬-১৫৭ ॥

টীকা—কেশকীটৈঃ দূষিতমিতি—পাকানন্তরং কেশকীটৈঃ দূষিতত্বং জ্ঞেয়ম্। বিষ্ণুধর্ম্মোত্তরে চ—কীটাবপন্নং যন্নিষিদ্ধং, তচ্চ কেশাদি-সহিতপাকাভিপ্রায়েণ। দেবদ্রোণ্যাং দেবযাত্রায়াং প্রকৃতিষু অবশ্যকৃত্যা মহোত্তরেষু তন্মাত্রমিতি কাকাদিভির্যাবৎ সংস্পৃষ্টং তাবদেবেত্যর্থঃ। দ্রোণঃ ষট্‌পঞ্চাশদধিকপলশতদ্বয়ম্। লালাকৃতং যত্র শ্লেষ্মপ্রক্ষিপ্তং তৎ। যদ্যপি আত্মভোগ্যাপেক্ষয়া তদুপখাতশোধনং, তত্র তত্রোক্তং, তথাপ্যাত্মভোগ্যং শুদ্ধং যৎ পরমেশ্বরার্পণেঽপি যোগ্যং স্যাদিতি, কিংবা ভগবদর্থপক্বান্নেঽপি প্রমাদাদিনা কথঞ্চিৎ ন দোষঃ সম্ভবেদিতি তত্তচ্ছুদ্ধিঃ লিখিতেতি দিক্। এবমন্যত্র তদপ্যূহ্যম্ ॥ ১৫৬ ॥

টীকা—লাঙ্গুলো জন্তুবিশেষঃ, অবধূতম্ অবজ্ঞয়া ত্যক্তং, অবক্ষুতং যস্যোপরি ক্ষুতং কৃতং তৎ। দন্তশঠং জম্বীরফলম্ ॥ ১৫৭ ॥

অথাভক্ষ্যাণি

কৌর্ম্মে—

বৃন্তাকং জালিকাশাকং কুসুম্ভাশ্মন্তকং তথা।
পলাণ্ডুং লশুনং শুক্তং নির্য্যাসঞ্চৈব বর্জ্জয়েৎ ॥১৫৮॥
গৃঞ্জনং কিংশুকঞ্চৈব কুকুণ্ডঞ্চ তথৈব চ।
উড়ুম্বরমলাবুঞ্চ জগ্ধা পততি বৈ দ্বিজঃ ॥ ১৫৯ ॥

অনুবাদ—অনন্তর অভক্ষ্য দ্রব্যসকল বিষয়ে কূর্ম্মপুরাণে বলা হইয়াছে—বার্ত্তাকী, জালিশাক, কুসুম্ভশাক, অশ্মন্তকশাক, পলাণ্ডু, লশুন, কাঞ্জিক ও নির্য্যাস ত্যাগ করিবে। গৃঞ্জন, কিংশুক, কুকুণ্ড, উড়ুম্বর ও অলাবু এ সকল দ্রব্য ভোজন করিলে দ্বিজ পতিত হয় ॥ ১৫৮-১৫৯ ॥

টীকা—'নাভক্ষ্যং নৈবেদ্যার্থে' ইতি হারীতস্মৃতৌ। 'অভক্ষ্যাঞ্চাপ্যহৃদ্যঞ্চ' ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে চাভক্ষ্যার্পণং নিষিদ্ধমিত্যভক্ষ্যাণি লিখতি—বৃন্তাকমিত্যাদিনা। কুসুম্ভশাকম্ অশ্মন্তকঞ্চ শাকবিশেষং, শুক্তং কাঞ্জিকং কুকুণ্ডং ফলবিশেষম্ ॥ ১৫৮-১৫৯॥

বৈষ্ণবে—

ভুঞ্জীতোদ্ধৃতসারাণি ন কদাচিন্নরেশ্বর ॥ ১৬০ ॥

অনুবাদ—বিষ্ণুপুরাণে যথা—হে রাজন্। পিণ্যাকাদি দ্রব্য ভোজন করিবে না ॥ ১৬০ ॥

টীকা—উদ্ধৃতসারাণি পিণ্যাকাদীনি ॥ ১৬০ ॥

স্কান্দে—

যো ভক্ষয়তি বৃন্তাকং তস্য দূরতরো হরিঃ ॥ ১৬১॥

অনুবাদ—স্কন্দপুরাণে, যথা—যে ব্যক্তি বৃন্তাক ভোজন করে, হরি তাহার বহুদূরে থাকেন ॥ ১৬১ ॥

কঞ্চান্যত্র—

বার্ত্তাকুং বৃহতীঞ্চৈব দগ্ধমন্নং মসূরকম্।
যস্যোদরে প্রবর্ত্তেত তস্য দূরতরো হরিঃ ॥ ১৬২ ॥

অনুবাদ—অন্যত্রও যথা—যে ব্যক্তি বার্ত্তাকু, বৃহতী, দগ্ধ অন্ন ও মসূর ভক্ষণ করে, শ্রীহরি তাহার অনেক দূরে অবস্থান করেন ॥ ১৬২ ॥

কিঞ্চ—

অলাবুং ভক্ষয়েদ্‌যস্তু দগ্ধমন্নং কলম্বিকাম্।
স নির্লজ্জঃ কথং ব্রূতে পূজয়ামি জনার্দ্দনম্ ॥১৬৩॥

অনুবাদ—আরও যথা—যে ব্যক্তি অলাবু, দগ্ধ অন্ন ও কলম্বীশাক ভক্ষণ করে, সেই নির্লজ্জ ব্যক্তি "আমি জনার্দ্দনের পূজা করিয়া থাকি" এ-কথা কিরূপে মুখে উচ্চারণ করিবে ? ১৬৩ ॥

অতএবোক্তং যামলে—

যত্র মদ্যং তথা মাংসং তথা বৃন্তাক-মূলকে ।
নিবেদয়েন্নৈব তত্র হরেরৈকান্তিকী রতিঃ ॥ ১৬৪ ॥

অনুবাদ—অতএব যামলে উক্ত হইয়াছে—যে স্থানে মাংস, মদ্য, বৃন্তাক ও মূলক নিবেদিত হয়, সেখানে শ্রীহরির ঐকান্তিকী প্রীতি থাকে না ॥ ১৬৪॥

অথ নৈবেদ্যার্পণমাহাত্ম্যম্

স্কান্দে—

নৈবেদ্যানি মনোজ্ঞানি কৃষ্ণস্যাগ্রে নিবেদয়েৎ ।
কল্পান্তং তৎপিতৃণান্তু তৃপ্তির্ভবতি শাশ্বতী ॥ ১৬৫ ॥
ফলানি যচ্ছতে যো বৈ সুহৃদ্যানি নরেশ্বর ।
কল্পান্তং জায়তে তস্য সফলশ্চ মনোরথঃ ॥ ১৬৬ ॥

অনুবাদ—অনন্তর নৈবেদ্যার্পণ মাহাত্ম্য সম্বন্ধে স্কন্দপুরাণে বলা হইয়াছে—মনোজ্ঞ নৈবেদ্য শ্রীকৃষ্ণের পুরোভাগে নিবেদন করিলে কল্পান্ত পর্য্যন্ত তদীয় পিতৃগণ অক্ষয় তৃপ্তি লাভ করেন। হে নরেশ্বর ! যিনি উত্তম ফল সকল নিবেদন করেন, কল্পান্ত পর্য্যন্ত সেই ফলদাতার মনোরথ সফল হয় ॥ ১৬৫-১৬৬ ॥

নারসিংহে—

হবিঃ শাল্যোদনং দিব্যমাজ্যযুক্তং সশর্করম্ ।
নিবেদ্য নরসিংহায় যাবকং পায়সন্তথা ॥ ১৬৭ ॥
সমাস্তণ্ডুলসংখ্যায়া যাবত্যস্তাবতীর্নৃপ ।
বিষ্ণুলোকে মহাভোগান্ ভুঞ্জনাস্তে সবৈষ্ণবাঃ ॥১৬৮

অনুবাদ—শ্রীনৃসিংহপুরাণে যথা—যাঁহারা শ্রীনৃসিংহদেবকে উত্তম ঘৃত, সশর্করাঘৃতযুক্ত শালিতণ্ডুলের অন্ন ও যবের পায়স অর্পণ করেন, তাঁহারা সেই নিবেদিত অন্নের তণ্ডুলের সংখ্যানুসারে তত বৎসর বৈষ্ণবগণের সহিত বিষ্ণুধামে পরম সুখভোগ করেন ॥১৬৭-১৬৮॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

অন্নদস্তৃপ্তিমাপ্নোতি স্বর্গলোকঞ্চ গচ্ছতি ।
দত্ত্বা চ সংবিভাগায় তথৈবান্নমতন্দ্রিতঃ ।
ত্রৈলোক্যতর্পিতে পুণ্যং তৎক্ষণাৎ সমবাপ্নুয়াৎ ॥১৬৯

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বর্ণিত হইয়াছে যে—অন্নদাতার তৃপ্তিলাভ হয় এবং স্বর্গলোকে গমন হয়। সাবধান হইয়া শ্রীহরিকে অন্ন নিবেদন করিলে ত্রিলোক তৃপ্ত হয় এবং অন্নদাতা তৎক্ষণাৎ তজ্জনিত পুণ্যের অধিকারী হন ॥ ১৬৯ ॥

টীকা—সম্যক্ বিভাগো দেবানাং যজ্ঞভাগো যস্মাৎ, সঃ সংবিভাগো বিষ্ণুস্তস্মৈ ॥ ১৬৯ ॥

অক্ষয্যমন্নপানঞ্চ পিতৃভ্যশ্চোপতিষ্ঠতে ।
ওদনং ব্যঞ্জনোপেতং দত্ত্বা স্বর্গমবাপ্নুয়াৎ ॥ ১৭০ ॥

অনুবাদ—উত্তম ব্যঞ্জনের সহিত অন্ন নিবেদন করিলে সুরপুরে গতি হয় এবং সেই অন্ন নিবেদনকারীর পিতৃগণ অক্ষয় অন্ন ও পানীয় লাভ করেন ॥ ১৭০ ॥

পরমান্নং তথা দত্ত্বা তৃপ্তিমাপ্নোতি শাশ্বতীম্ ।
বিষ্ণুলোকমবাপ্নোতি কুলমুদ্ধরতে তথা ॥ ১৭১ ॥
ঘৃতৌদন-প্রদানেন দীর্ঘমায়ুরবাপ্নুয়াৎ ।
দধ্যোদন-প্রদানেন শ্রিয়মাপ্নোত্যনুত্তমাম্ ॥ ১৭২ ॥
ক্ষীরৌদন-প্রদানেন দীর্ঘজীবিতমাপ্নুয়াৎ ।
ইক্ষূণাঞ্চ প্রদানেন পরং সৌভাগ্যমশ্নুতে ।
রত্নানাঞ্চৈব ভাগী স্যাৎ স্বর্গলোকঞ্চ গচ্ছতি ॥১৭৩॥

অনুবাদ—পরমান্ন অর্পণ করিলে অক্ষয় তৃপ্তিলাভ, বিষ্ণুলোকে বাস ও বংশ উদ্ধার হয়। ঘৃতযুক্ত অন্ন প্রদান করিলে দীর্ঘ জীবন লাভ হয়, দধিযুক্ত অন্ন প্রদান করিলে ধন সম্পত্তি লাভ হয় এবং দুগ্ধ মিশ্রিত অন্ন প্রদান করিলে দীর্ঘ জীবন লাভ হয় এবং ইক্ষুদণ্ড প্রদানে অত্যন্ত সৌভাগ্যশালী হয় ॥ ১৭১-১৭৩ ॥

ফাণিতস্যপ্রদানেন অগ্ন্যাধানফলং লভেৎ ॥ ১৭৪ ॥
তথা গুড়প্রদানেন কামিতাভীষ্টমাপ্নুয়াৎ ॥ ১৭৫ ॥

অনুবাদ—বাতাসা প্রদানে অগ্ন্যাধানের ফল লাভ হইয়া থাকে আর গুড় প্রদান করিলে অভীপ্ট কামনা সিদ্ধ হয় ॥ ১৭৪-১৭৫ ॥

টীকা—অভীপ্সিতান্ কামান্ বাঞ্ছিতানি প্রাপ্নোতীত্যর্থঃ। পাঠান্তরে কামিতম্ অভীপ্টঞ্চ বাঞ্ছাতীতম্ ॥ ১৭৫ ॥

নিবেদ্যেক্ষুরসং ভক্ত্যা পরং সৌভাগ্যমাপ্নুয়াৎ।
সর্ব্বান্ কামানবাপ্নোতি ক্ষৌদ্রং যশ্চ প্রযচ্ছতি ॥১৭৬
তদেব তুহিনোপেতং রাজসূয়মবাপ্নুয়াৎ।
বহ্নিষ্টোমমবাপ্নোতি যাবকস্য নিবেদকঃ।
অতিরাত্রমবাপ্নোতি তথাপূপনিবেদকঃ ॥ ১৭৭ ॥

অনুবাদ—ভক্তিপূর্ব্বক ইক্ষুরস প্রদানকারী অতিশয় সৌভাগ্যশালী হন আর মধু প্রদান করিলে সকল কামনা সুসিদ্ধ হয় এবং হিমযুক্ত ক্ষৌদ্র হইলে রাজসূয়-যজ্ঞের ফল হয়। যবের পায়স নিবেদনকারী অগ্নিষ্টোম যজ্ঞের ফলভাগী ও পিষ্টক নিবেদনকারী অতিরাত্র যজ্ঞের ফলভাগী হন ॥১৭৬-১৭৭॥

টীকা—পূর্ব্বম্ ইক্ষুণামিতি ইক্ষুদণ্ডানাম্ অধুনা ইক্ষুণাং রসমিতি ভেদঃ ॥ ১৭৬ ॥

বৈদলানাঞ্চ ভক্ষ্যাণাং দানাৎ কামানবাপ্নুয়াৎ।
দীর্ঘজীবিতমাপ্নোতি ঘৃতপূরনিবেদকঃ ॥ ১৭৮ ॥
মোদকানাং প্রদানেন কামানাপ্নোত্যভিপ্সিতান্ ॥

অনুবাদ—মুগ, ছোলা প্রভৃতির জল অর্পণ করিলে কামনা সিদ্ধ হয়। চন্দ্রপুলী নিবেদন করিলে দীর্ঘজীবন লাভ করে এবং মোদক প্রদান করিলে অভীপ্ট সিদ্ধ হয় ॥ ১৭৮-১৭৯ ॥

টীকা—বৈদলানাং মুদ্গচণকাদিসূপানাম্ ॥১৭৮॥

নানাবিধানাং ভক্ষ্যাণাং দানাৎ স্বর্গমবাপ্নুয়াৎ।
ভোজনীয়-প্রদানেন তৃপ্তিমাপ্নোত্যনুত্তমাম্ ॥ ১৮০ ॥
তথা লেহ্য প্রদানেন সৌভাগ্যমধিগচ্ছতি।
বলবর্ণমবাপ্নোতি চূষ্যাণাঞ্চ নিবেদনে ॥ ১৮১ ॥

অনুবাদ—নানাবিধ ভক্ষ্য দ্রব্য দিলে স্বর্গে গতি হয় এবং ভোজ্য দ্রব্য প্রদানে মহতী তৃপ্তিলাভ হয়। লেহ্য দ্রব্য প্রদান কারী সৌভাগ্যশালী হয়, আবার চূষ্য দ্রব্য নিবেদনে শক্তি ও রূপ লাভ হয় ॥১৮০-১৮১

টীকা—দন্তৈরবখণ্ড্যাবখণ্ড্য যানি ভক্ষ্যন্তেহপূপাদীনি তানি ভক্ষ্যাণি ; ভোজনীয়ং ভোজ্যম্ ॥ ১৮০ ॥

টীকা—যৎ কেবলং জিহ্বয়া বিলোড্য নিগীর্য্যতে পায়সাদি, যচ্চ জিহ্বায়াং নিক্ষিপ্য রসাস্বাদেন নিগীর্য্যতে দ্রবীভূতং গুড়াদি তল্লেহ্যম্। যানি দংষ্ট্রাভিনিষ্পীড্য সারাংশং নিগীর্য্যাবশিষ্টং ত্যজ্যতে, যথেক্ষুদণ্ডাদীনি তানি চূষ্যানি ॥ ১৮১ ॥

কুল্মাষোল্লাসিকা-দাতা বহ্ন্যাধেয়ং ফলং লভেৎ।
তথা কৃষরদানেন বহ্নিষ্টোমমবাপ্নুয়াৎ ॥ ১৮২ ॥
ধানানাং ক্ষৌদ্রযুক্তানাং লাজানাঞ্চ নিবেদকঃ।
মুখ্যানাঞ্চৈব শক্তূনাং বহ্নিষ্টোমমবাপ্নুয়াৎ ॥১৮৩॥
বানপ্রস্থাশ্রিতং পুণ্যং লভেচ্ছাকনিবেদকঃ।
দত্ত্বা হরীতকঞ্চৈব তদেব ফলমাপ্নুয়াৎ ॥ ১৮৪ ॥

অনুবাদ—কিঞ্চিৎ স্বিন্নমাষ ও লপ্সী প্রদানে অগ্ন্যাধ্যানের ফল প্রাপ্ত হওয়া যায়। কৃষর অর্পণ করিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফলভাগী হওয়া যায়। শাক নিবেদন করিলে বানপ্রস্থ আশ্রম জনিত পুণ্যলাভ হয়। মধু সংযুক্ত ধান (ভাজাযব) খই এবং ছাতু নিবেদন করিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফল হয় এবং হরিতক শাক অর্পণ করিলেও ঐরূপ ফল হইয়া থাকে ॥ ১৮২-১৮৪ ॥

টীকা—কুল্মাষাঃ কিঞ্চিৎস্বিন্নমাষাঃ, উল্লাসিকা লপসীতি প্রসিদ্ধা ॥ ১৮২ ॥

টীকা—ধানানাং ভৃষ্টযবানাম্ ॥ ১৮৩ ॥

টীকা—হরীতকং হরিদ্বর্ণকং শাকং, শাকবিশেষং বা ॥ ১৮৪ ॥

দত্ত্বা শাকানি রম্যাণি বিশোকত্বভিজায়তে।
দত্ত্বা চ ব্যঞ্জনার্থায় তথোপকরণানি চ ॥ ১৮৫ ॥
সুকুলে লভতে জন্ম কন্দমূলনিবেদকঃ।
নীলোৎপলবিদারীণাং তরুটস্য তথা দ্বিজাঃ ॥১৮৬॥
কন্দদানাদবাপ্নোতি বানপ্রস্থফলং শুভম্।
প্রপুষেবারুকং দত্ত্বা পুণ্ডরীকফলং লভেৎ ॥ ১৮৭ ॥

অনুবাদ—রমণীয় শাক ও ব্যঞ্জনের জন্য উপকরণ অর্পণ করিলে শোক থাকে না। কন্দমূল অর্পণকারী ব্যক্তি উত্তমকুলে জন্মগ্রহণ করেন। হে দ্বিজগণ! নীলোৎপল, বিদারি ও পদ্মবীজের কন্দ নিবেদন করিলে বানপ্রস্থাশ্রমের ফল লাভ হয়। শশা ও কর্কটী ফল অর্পণ করিলে পুণ্ডরীক দানের ফল লাভ হয়॥ ১৮৫-১৮৭॥

কর্কন্ধুবদরে দত্ত্বা তথা পারৈবতং ফলম্।
পরূষকন্তথাম্রঞ্চ পনসং নারিকেলকম্॥ ১৮৮॥
ভব্যং মোচস্তথা চোচং খর্জ্জুরমথ দাড়িমম্।
আম্রাতকস্রুবাম্লেলাট-ফলমানপিয়ালকম্॥ ১৮৯॥
জম্বূবিল্বামলঞ্চৈব জাত্যং বীণাতকস্তথা।
নারঙ্গ-বীজপূরে চ বাজফল্গুফলান্যপি॥ ১৯০॥
এবমাদীনি দিব্যানি যঃ ফলানি প্রযচ্ছতি।
তথা কন্দানি মুখ্যানি দেবদেবায় ভক্তিতঃ॥১৯১॥
ক্রিয়াসাফল্যমাপ্নোতি স্বর্গলোকস্তথৈব চ।
প্রাপ্নোতি ফলমারোগ্যং মৃদ্বীকানাং নিবেদকঃ॥১৯২
রসান্ মুখ্যানবাপ্নোতি সৌভাগ্যমপি চোত্তমম্।
আম্রৈরভ্যর্চ্চ্য দেবেশমশ্বমেধফলং লভেৎ॥ ১৯৩॥

অনুবাদ—কর্কন্ধু, বদর, পারৈবত, (তিন্দুকাকৃতি) পরূষক, আম, কাঁঠাল, নারিকেল, কামরাঙ্গা, কদলী, চোচ, খেজুর, দাড়িম, আম্রাতক, স্রুবা, অম্লেলাট, ফলমান, পিয়ালক, জাম, বেল, আমলক, জাত্য, বীণাতক, নারঙ্গ, বীজপুর, বাজ ও ফল্গুফল, এই প্রকার উত্তম ফল ও উত্তম উত্তম কন্দসমূহ যিনি ভক্তি সহকারে দেবদেব শ্রীবিষ্ণুকে প্রদান করেন তাঁহার ক্রিয়া সম্পূর্ণ হয় এবং তিনি স্বর্গলোকে গমন করেন। দ্রাক্ষা নিবেদন করিলে আরোগ্য লাভ হয়, শ্রেষ্ঠ রসসমুদায় প্রাপ্তি হয় এবং উত্তম সৌভাগ্য ও বৃদ্ধিশীল হইতে থাকে। আম্রফল দ্বারা দেবেশ্বর শ্রীহরির পূজা করিলে অশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয়॥ ১৮৮-১৯৩॥

টীকা—তরুটং পদ্মবীজং তস্য কন্দো বিসং, ত্রপুষং সুখাশং, ইর্ব্বারুকং কর্কটীফলং, বদরং ক্ষুদ্রবদরং, পারৈবতং তিন্দুকাকৃতিফলং, পক্বং সদ্ধবললোহিতং মধুরাম্লঞ্চ কামরূপদেশে প্রসিদ্ধম্। ভব্যং কর্ম্মরঙ্গফলম্। মোচং কদলীফলং, চোচং কাশ্মীরদেশোদ্ভবং গুড়ত্বচফলং, নারিকেলফলবিশেষং বা, স্রুবা কাঁঠাল ইতি প্রসিদ্ধা, অম্লেলাটঃ সাহলীতি প্রসিদ্ধঃ, ফলমানঃ বীজপূরভেদঃ, জাত্যং জাতীফলং বীণাতকং খণ্ডগুজম্ ইতি দ্রব্যগুণটীকায়াং লিখিতম্। বাজফলং ক্ষীরিকা ফল্গুফলানি গোষ্ঠোড়ুম্বরিকাফলানি॥ ১৮৬-১৯০॥

কিঞ্চ—

মোচকং পনসং জম্বু তথান্যৎ কুম্ভলীফলম্।
প্রাচীনামলকং শ্রেষ্ঠং মধুকোড়ুম্বরস্য চ।
যন্ত্রপক্বমপি গ্রাহ্যং কদলীফলমুত্তমম্॥ ১৯৪॥

অনুবাদ—আরও যথা—মোচক, পনস, জাম, কুম্ভলীফল, প্রাচীনামলক, মধুকোড়ুম্বরফল, এই সকল শ্রেষ্ঠ ফল। উত্তম কদলীফল যন্ত্রদ্বারা পক্ব হইলেও গ্রহণীয়॥ ১৯৪॥

টীকা—মৃদ্বীকা দ্রাক্ষা, কুম্ভলীফলং কারভতীতি প্রসিদ্ধং, প্রাচীনামলকং পানিপাবেতি প্রসিদ্ধম্॥১৯২-১৯৪॥

হরিভক্তিসুধোদয়ে চ—

যৎ কিঞ্চিদল্পং নৈবেদ্যং ভক্তভক্তিরসপ্লুতম্।
প্রতিভোজয়তি শ্রীশস্তদ্দাতৄন্ স্বসুখং দ্রুতম্॥
ইতি॥ ১৯৫॥

অনুবাদ—শ্রীহরিভক্তিসুধোদয়ে—ভক্তের ভক্তিসহকারে অল্প পরিমাণও নৈবেদ্যদাতৃগণকে শীঘ্র সুখভোগ করান॥ ১৯৫॥

ততঃ প্রাগ্বদ্বিচিত্রাণি পানকান্যুত্তমানি চ।
সুগন্ধি শীতলং স্বচ্ছং জলমপ্যর্পয়েত্ততঃ॥ ১৯৬॥

অনুবাদ—নৈবেদ্যার্পণের পর নানাবিধ উত্তম পানীয় দ্রব্য এবং সুগন্ধি, শীতল ও নির্ম্মল জল পূর্ব্ববৎ অর্পণ করিবে॥ ১৯৬॥

টীকা—ততঃ নৈবেদ্যার্পণানন্তরং প্রাগ্বদিতি নৈবেদ্যার্পণবৎ ইত্যর্থঃ। বিচিত্রাণি বিবিধানি॥১৯৬

অথ পানকানি তন্মাহাত্ম্যঞ্চ

বিষ্ণুধর্ম্মোত্তরে—

পানকানি সুগন্ধীনি শীতলানি বিশেষতঃ।
নিবেদ্য দেবদেবায় বাজিমেধমবাপ্নুয়াৎ ॥ ১৯৭ ॥

অনুবাদ—অনন্তর পানীয় দ্রব্য ও তন্মাহাত্ম্য বিষয়ে বিষ্ণুধর্ম্মোত্তরে লিখিত হইয়াছে—দেবদেবকে যদি সুগন্ধ ও শীতল পানীয় নিবেদন করা হয়, তাহা হইলে অশ্বমেধ যজ্ঞের ফল পাওয়া যায় ॥ ১৯৭ ॥

ত্বগেলা-নাগকুসুম-কর্পূরসিতসংযুতৈঃ।
সিতাক্ষৌদ্রগুড়োপেতৈর্গন্ধবর্ণগুণান্বিতৈঃ ॥ ১৯৮ ॥
বীজপুরকনারঙ্গ-সহকারসমন্বিতৈঃ।
রাজসূয়মবাপ্নোতি পানকৈর্বিনিবেদিতৈঃ ॥ ১৯৯ ॥

অনুবাদ—এলাইচ, দারুচিনি, দধি, নাগকুসুম ও কর্পূর এবং বীজপুর প্রভৃতি ফলের রসের সহিত শর্করা মধু ও গুড় দিয়া তৈরী এবং গন্ধ, বর্ণ ও গুণ-যুক্ত বীজপুর, নাগরঙ্গ মিশ্রিত পানক তৈয়ারী করিয়া নিবেদন করিলে প্রভু প্রীত হইয়া সমর্পণকারীকে রাজসূয় যজ্ঞের ফল প্রদান করেন ॥ ১৯৮-১৯৯ ॥

টীকা—সিতং—দধি-বীজপুরকাদিফলরস-নির্ম্মিত-মিত্যর্থঃ ॥ ১৯৮ ॥

নিবেদ্য নারিকেলাম্বু বহ্নিষ্টোমফলং লভেৎ।
সর্ব্বকামবহা নদ্যো নিত্যং যত্র মনোরমাঃ।
তত্র পানপ্রদা যান্তি যত্র রামা গুণান্বিতাঃ ॥
ইতি ॥ ২০০ ॥

অনুবাদ—সর্ব্বকামনাপূরণকারী নদীসমূহের অবস্থান ভূমিতে এবং গুণবতী রমণীগণের বিচরণ ভূমিতে নারিকেলের জলপ্রদাতা গমন করেন এবং তিনি অগ্নিষ্টোমযজ্ঞের ফলও লাভ করেন ॥ ২০০ ॥

টীকা—নিত্যমিত্যনেন শ্রীবৈকুণ্ঠলোকমভিপ্রেতি ॥ ২০০ ॥

ইত্থং সমর্প্য নৈবেদ্যং দত্ত্বা জবনিকান্ততঃ।
বহির্ভূয় যথাশক্তি জপং সধ্যানমাচরেৎ ॥ ২০১ ॥

অনুবাদ—এইভাবে নৈবেদ্যসমূহ নিবেদন করিয়া বাহিরে আসিয়া শক্তি অনুসারে ধ্যান ও জপ করিবে ॥ ২০১ ॥

টীকা—জবনিকাং তিরস্করণীম্ ॥ ২০১ ॥

অথ ধ্যানম্

ব্রহ্মেশাদ্যৈঃ পরিত ঋষিভিঃ সুপবিষ্টৈঃ সমেতো,
লক্ষ্ম্যা শিঞ্জদ্বলয়করয়া সাদরং বীজ্যমানঃ।
মর্ম্মক্রীড়প্রহসিতমুখো হাসয়ন্ পংক্তিভোক্তৄন,
ভুঙ্‌ক্তে পাত্রে কনকঘটিতে ষড়্‌রসং শ্রীরমেশঃ ॥
ইতি ॥ ২০২ ॥

অনুবাদ—অতঃপর ধ্যান—ব্রহ্মা-শিবাদি দেবগণ ও ঋষিগণ যাঁহার চতুর্দ্দিকে উপবিষ্ট আছেন, লক্ষ্মী-দেবী বলয়ধ্বনি সহকারে হস্তদ্বারা সাদরে যাঁহাকে বীজন করিতেছেন এবং সহাস্য মুখে পরিহাস পূর্ব্বক পঙ্‌ক্তি ভোজনকারীগণকে যিনি হাসাইতেছেন সেই লক্ষ্মীপতি সুবর্ণময় পাত্রে ষড়্‌বিধ রস ভোজন করিতেছেন ॥ ২০২ ॥

একান্তিভিশ্চাত্মকৃতং সবয়স্যস্য গোকুলে।
যশোদালাল্যমানস্য ধ্যেয়ং কৃষ্ণস্য ভোজনম্ ॥২০৩॥

অনুবাদ—বৈষ্ণবগণ গোকুলে জননী যশোমতী কর্ত্তৃক লালিত বয়স্যগণের সহিত শ্রীকৃষ্ণের নিজকৃত ভোজনের বিষয় চিন্তা করিবেন ॥ ২০৩ ॥

অথ হোমঃ

নিত্যঞ্চাবশ্যকং হোমং কুর্য্যাৎ শক্ত্যনুসারতঃ।
হোমাশক্তৌ তু কুর্ব্বীত জপং তস্য চতুর্গুণম্ ॥ ২০৪

অনুবাদ—সামর্থ্য অনুযায়ী আবশ্যকীয় হোম প্রত্যহই করণীয়। ইহাতে অক্ষমতা থাকিলে হোমের চারিগুণ জপ করিতে হইবে ॥ ২০৪ ॥

টীকা—শক্ত্যনুসারত ইতি—শক্তৌ অষ্টোত্তরং সহস্রম্ অশক্তৌ চ শতমিতি জ্ঞেয়ং, তস্য হোমস্য ॥ ২০৪ ॥

কেঽপ্যেবং মন্বতেঽবশ্যং নিত্যহোমং সদাচরেৎ।
পুরশ্চরণহোমস্যাশক্তৌ হি স বিধির্মতঃ ॥ ২০৫ ॥
পূর্ব্বং দীক্ষাবিধৌ হোমবিধিশ্চ লিখিতঃ কিয়ান্।
তদ্বিস্তারশ্চ বিজ্ঞেয়স্তত্তচ্ছাস্ত্রাত্তদিচ্ছুভিঃ ॥ ২০৬ ॥

অনুবাদ—কাহারও কাহারও মতে নিত্য হোম অবশ্যই করা উচিত। কিন্তু পুরশ্চরণ সময়ে যে হোমের নিয়ম বলা হইয়াছে, তাহাতে সমর্থ না হইলে হোম সংখ্যার চারিগুণ জপ করিতে হইবে ইহা জানিও।

পূর্ব্বে দীক্ষানিয়মে হোমের বিধান কিছু পরিমাণে বর্ণনা করা হইয়াছে, অতএব বিশেষভাবে জানার ইচ্ছা থাকিলে তিনি সেই শাস্ত্র হইতে বিশেষ বিবরণ জানিতে পারিবেন ॥ ২০৫-২০৬ ॥

টীকা—কিং মন্বতে ? তল্লিখতি—অবশ্যমিত্যাদিনা। পুরশ্চরণে কর্ম্মণি যো হোমস্তস্মিন্নশক্তাবিব, স জপচতুর্গুণহোমকরণরূপো বিধিঃ ॥ ২০৫ ॥

———

সমাপ্তিং ভোজনে ধ্যাত্বা দত্ত্বা গাণ্ডূষিকং জলম্।
অমৃতাপিধানমসি স্বাহেত্যুচ্চারয়েৎ সুধীঃ ॥ ২০৭ ॥
বিসৃজেদ্দেববক্ত্রে তত্তেজঃ সংহারমুদ্রয়া।
নৈকান্তী তেজসঃ কুর্য্যান্নিষ্ক্রান্তিমিব সংক্রমম্ ॥২০৮

অনুবাদ—শ্রীভগবানের আহারের সমাপ্তি চিন্তা করিয়া বিজ্ঞব্যক্তি জলগণ্ডূষ প্রদান এবং অমৃতাপিধানমসি স্বাহা এই মন্ত্র উচ্চারণ করিবে। তারপর সংহার-মুদ্রাযোগে শ্রীকৃষ্ণের নৈবেদ্য গ্রহণের জন্য বহির্গত সেই তেজ প্রবেশ করাইবে। বৈষ্ণবগণ তেজের নিষ্ক্রমণের মত উহার সঙ্কোচ করিবেন না ॥ ২০৭-২০৮ ॥

টীকা—অমৃতাপিধানমসীতি জলগণ্ডূষং দত্ত্বেতি জ্ঞেয়ম্ ॥ ২০৭ ॥

———

অথ বলিদানম্

ততো জবনিকাং বিদ্বানপসার্য্য যথাবিধি।
বিষ্বক্সেনায় ভগবন্নৈবেদ্যাংশং নিবেদয়েৎ ॥ ২০৯

অনুবাদ—অতঃপর বলিদান—এই ভাবে আচমন দেওয়া হইলে পণ্ডিতব্যক্তি জবনিকা সরাইয়া প্রসাদী নৈবেদ্যের অংশবিশেষ লইয়া বিষ্বক্সেনকে নিয়মানুসারে প্রদান করিবেন ॥ ২০৯ ॥

———

তথা চ পঞ্চরাত্রে শ্রীনারদ—
বিষ্বক্সেনায় দাতব্যং নৈবেদ্যং তচ্ছতাংশকম্।
পাদোদকং প্রসাদঞ্চ লিঙ্গে চণ্ডেশ্বরায় চ ॥ ২১০ ॥

অনুবাদ—এই বিষয়ে পঞ্চরাত্র গ্রন্থে শ্রীনারদ কহিতেছেন—শ্রীকৃষ্ণে সমর্পিত নৈবেদ্যের শত ভাগের এক ভাগ পাদোদক বিষ্বক্সেনকে অর্পণ করিতে হইবে। আর যদি লিঙ্গে শ্রীশিবের পূজা করা হয়, তাহা হইলে ঐ প্রসাদী নৈবেদ্য চণ্ডেশ্বরকে নিবেদন করিতে হইবে ॥ ২১০ ॥

টীকা—তৎ নৈবেদ্যগ্রহণায় বিনির্গতং যৎ, শতাংশকমিতি নৈবেদ্যস্য শতাংশানামেকমংশমিত্যর্থঃ এবং সহস্রাংশমপি, লিঙ্গে চেৎ শ্রীশিবপূজা ক্রিয়তে, তদা চণ্ডেশ্বরায় তদ্‌গণাধ্যক্ষায় তন্নৈবেদ্যাদিকং দাতব্যমিত্যর্থঃ। এতচ্চ দৃষ্টান্তত্বেনোদাহরণং জ্ঞেয়ম্ ॥২১০॥

———

তদ্বিধিঃ

মুখ্যাদীশানতঃ পাত্রান্নৈবেদ্যাংশং সমুদ্ধরেৎ।
সর্ব্বদেবস্বরূপায় পরায় পরমেষ্ঠিনে ॥ ২১১ ॥
শ্রীকৃষ্ণসেবাযুক্তায় বিষ্বক্সেনায় তে নমঃ।
ইত্যুক্ত্বা শ্রীহরের্বামে তীর্থক্লিন্নং সমর্পয়েৎ ॥ ২১২ ॥
শতাংশং বা সহস্রাংশমন্যথা নিষ্ফলং ভবেৎ ॥২১৩॥

অনুবাদ—ইহার নিয়ম যেরূপ বলা হইয়াছে, তাহা—প্রধান পাত্রের ঈশান কোণের নৈবেদ্যের অংশ তুলিয়া লইবে এবং "সর্ব্বদেব স্বরূপায় পরায় পরমাত্মনে। শ্রীকৃষ্ণসেবাযুক্তায় বিষ্বক্সেনায় তে নমঃ।" উহা উচ্চারণ করিয়া পাদোদক দ্বারা সিক্ত উহার একশতাংশ কিংবা এক সহস্রাংশ শ্রীকৃষ্ণের বামপার্শ্বে সমর্পণ করিবে। ফল প্রাপ্তির জন্য ইহা অবশ্যই করণীয় ॥ ২১১-২১৩ ॥

টীকা—ঈশানত ইতি ঈশানকোণে মণ্ডলিকাং কৃত্বা স্থাপিতত্বাৎ ॥ তীর্থং শ্রীচরণোদকং তেন ক্লিন্নম্ আর্দ্রম্ ॥ ২১১-২১২ ॥

———

পশ্চাচ্চ বলিরিত্যাদি-শ্লোকাবুচ্চার্য্য বৈষ্ণবঃ ।
সর্ব্বেভ্যো বৈষ্ণবেভ্যস্তচ্ছতাংশং বিনিবেদয়েৎ ॥২১৪

অনুবাদ—বৈষ্ণবব্যক্তি অতঃপর দুইটি শ্লোক পাঠ করতঃ বৈষ্ণবগণকে ঐ প্রসাদী নৈবেদ্যের এক শতাংশ নিবেদন করিবেন ॥ ২১৪ ॥

টীকা—কিঞ্চ পশ্চাচ্চেতি, তস্য নৈবেদ্যস্য শতাংশং শতাংশানামেকাংশং 'সর্ব্বেভ্যো বৈষ্ণবেভ্যো নমঃ' ইতি বিধিনা নিবেদয়েৎ। অত্র চ বিষ্বক্সেনায় বা বলিপ্রভৃতিভ্যো বা দদ্যাদিত্যেবং বিকল্পং কেচিদিচ্ছন্তি, তচ্চাযুক্তমেব, অবশ্যং বিষ্বক্সেনায় দেয়ত্বাৎ ॥ ২১৪ ॥

তৌ চ শ্লোকৌ—

বলিবিভীষণো ভীষ্মঃ কপিলো নারদোঽর্জ্জুনঃ ।
প্রহলাদশ্চাম্বরীষশ্চ বসুর্বায়ুসুতঃ শিবঃ ॥ ২১৫ ॥
বিষ্বক্সেনোদ্ধবাক্রূরাঃ সনকাদ্যাঃ শুকাদয়ঃ ।
শ্রীকৃষ্ণস্য প্রসাদোঽয়ং সর্ব্বে গৃহ্ণন্তু বৈষ্ণবাঃ ॥২১৬

অনুবাদ—সেই শ্লোকদ্বয় এইরূপ—বলি, বিভীষণ, ভীষ্ম, কপিল, নারদ, অর্জ্জুন, প্রহলাদ, অম্বরীষ, বসু, হনুমান, শিব, বিষ্বক্সেন, উদ্ধব, অক্রূর, সনকাদি ও শুকাদি বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণের এই প্রসাদ গ্রহণ করুন ॥ ২১৫-২১৬ ॥

ইদং যদ্যপি যুজ্যেত দর্পণার্পণতঃ পরম্ ।
তথাপি ভক্তবাৎসল্যাৎ কৃষ্ণস্যাত্রাপি সম্ভবেৎ ॥২১৭

অনুবাদ—দর্পণ নিবেদনের পর যদিও বৈষ্ণবগণকে বলি অর্পণ যুক্তি সঙ্গত তবুও শ্রীকৃষ্ণের ভক্তগণের প্রতি বাৎসল্য প্রযুক্ত এখানে উহা করা যাইবে ॥ ২১৭ ॥

টীকা—ইদং বৈষ্ণবেভ্যো বলিদানং দর্পণস্য অর্পণম্ অগ্রে লেখ্যং ; ভগবতে নিবেদনং তস্মাৎ পরমনন্তরমেব যুজ্যত। অকৃতাচমনস্যোচ্ছিষ্টহস্তস্য শ্রীভগবতো নিবিষ্টত্বাৎ, অত্র অস্মিন্ সময়েঽপি ভক্তবাৎসল্যাৎ সম্ভবেৎ, অন্যথা তদুচ্ছিষ্টস্যাত্যন্তপরিত্যাগেন তস্যৈবাসন্তোষোৎপত্তেরিতি দিক্ ॥২১৭॥

অথ বলিদানমাহাত্ম্যম্

নারসিংহে—

ততস্তদন্নশেষেণ পার্ষদেভ্যঃ সমন্ততঃ ।
পুষ্পাক্ষতৈর্বিমিশ্রেণ বলিং যস্তু প্রযচ্ছতি ॥ ২১৮ ॥
বলিনা বৈষ্ণবেনাথ তৃপ্তাঃ সন্তো দিবৌকসঃ ।
শান্তিং তস্য প্রযচ্ছন্তি শ্রিয়মারোগ্যমেব চ ॥ ২১৯ ॥

অনুবাদ—অতঃপর বলিদান মাহাত্ম্য সম্বন্ধে নৃসিংহপুরাণে কথিত হইয়াছে যে—অতঃপর ফুল আতপচাউল মিশ্রিত সেই অবশিষ্ট অন্ন দ্বারা পার্ষদগণকে যিনি বলি সমর্পণ করেন, দেবগণ বিষ্ণুপ্রসাদদাতাকে শান্তি প্রীত হইয়া সম্পত্তি ও দেহারোগ্য প্রদান করেন ॥ ২১৮-২১৯ ॥

টীকা—বৈষ্ণবেন বিষ্ণুসম্বন্ধিনা, তদুচ্ছিষ্টমহাপ্রসাদান্নেন দত্তত্বাৎ ; দিবৌকসঃ পার্ষদা এব যদ্বাঽন্যেঽপি দেবাঃ ॥ ২১৯ ॥

অথ জলগণ্ডূষাদ্যর্পণম্

উপলিপ্য ততো ভূমিং পুনর্গাণ্ডূষিকং জলম্ ।
দদ্যাত্রিরগ্রে কৃষ্ণস্য ততোঽস্মৈ দন্তশোধনম্ ॥২২০॥
পুনরাচমনং দত্ত্বা শ্রীপাণ্যোঃ শ্রীমুখস্য চ ।
মার্জ্জনায়াংশুকং দত্ত্বা সর্ব্বাণ্যঙ্গানি মার্জ্জয়েৎ ॥২২১

অনুবাদ—অতঃপর জল গণ্ডূষাদি অর্পণ—প্রথমেই স্থান পরিষ্কার করিয়া আচমনের নিমিত্ত শ্রীকৃষ্ণের সম্মুখে তিনবার গণ্ডুষ পরিমিত জল দিবে। তারপর তাঁহাকে দন্ত শোধনের জন্য সূক্ষ্ম ঘাসের ডগা দিবে, তারপর হাত ও মুখ ধুইবার জন্য পুনরায় আচমনীয় জল দিয়া শুদ্ধ বস্ত্র দ্বারা সমস্ত অঙ্গ মুছাইয়া দিবে ॥ ২২০-২২১ ॥

পরিধাপ্যাপরে বস্ত্রে পুনর্দত্ত্বাসনান্তরম্ ।
পাদ্যমাচমনীয়ঞ্চ পূর্ব্ববৎ পুনরর্পয়েৎ ॥ ২২২ ॥

অনুবাদ—তারপর বস্ত্রপরিবর্ত্তন করাইয়া যথাক্রমে পুনরায় আসন ও পাদ্য দিয়া পূর্ব্ববৎ পুনরায় আচমনীয় প্রদান করিবে ॥ ২২২ ॥

চন্দনাগুরুচূর্ণাদি প্রদদ্যাৎ করমার্জ্জনম্ ।
কর্পূরাদ্যাস্যবাসঞ্চ তাম্বূলং তুলসীমপি ॥ ২২৩ ॥

অনুবাদ—পরে করমার্জ্জনের নিমিত্ত চন্দন ও অগুরু চূর্ণাদি দিবে এবং মুখ সৌগন্ধ্য সম্পাদক কর্পূর লবঙ্গাদিযুক্ত তাম্বূল ও তুলসীপত্র প্রদান করিবে ॥ ২২৩ ॥

আস্যবাসং মুখবাসং কর্পূরলবঙ্গাদি, তুলসীমপি দদ্যাদিতি ভোজনানন্তরং বিক্ষোরপিতং তুলসীদলমিত্যতোঽগ্রলেখ্যতন্মাহাত্ম্যপ্রতিপাদক- পঞ্চরাত্রবচনাৎ ॥ ২২০-২২৬ ॥

অথ মুখবাসাদিমাহাত্ম্যম্

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে—
পূগজাতীফলে দত্ত্বা জাতীপত্রস্তথৈব চ ।
লবঙ্গফল-কক্কোলমেলাকটফলস্তথা ॥ ২২৪ ॥
তাম্বূলীনাং কিশলয়ং স্বর্গলোকমবাপ্নুয়াৎ ।
সৌভাগ্যমতুলং লোকে তথা রূপমনুত্তমম্ ॥ ২২৫ ॥

অনুবাদ—অতঃপর মুখবাসাদি মাহাত্ম্য সম্বন্ধে বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে—সুপারী, জাতীফল, জাতীপত্র, লবঙ্গ, কক্কোল, এলাইচ, কণ্টফল ও তাম্বূল নিবেদন করিলে স্বর্গলোকে গতি হয় এবং দাতা অতিশয় সৌভাগ্য সম্পন্ন ও রূপবান্ হয় ॥ ২২৪-২২৫ ॥

স্কান্দে—
তাম্বূলঞ্চ সকর্পূরং সপূগং নরনায়ক ।
কৃষ্ণায় যচ্ছতি প্রীত্যা তস্য তুষ্টো হরিঃ সদা ॥২২৬

অনুবাদ—স্কন্দপুরাণে বলা হইয়াছে—যে ব্যক্তি প্রীতিপূর্ব্বক কর্পূর ও পূগ সহিত তাম্বূল শ্রীকৃষ্ণকে প্রদান করেন, শ্রীহরি তাঁহার প্রতি সতত সন্তুষ্ট থাকেন ॥ ২২৬ ॥

টীকা—ভূমিমুপলিপ্যেত, তদ্যদ্যপি সদাচারানুসারেণ শ্রীহস্তাদি-মার্জ্জনানন্তরমেবোপযুজ্যতে, তথাপি ক্রমদীপিকোক্তাপেক্ষয়াত্র লিখিতম্ । গাণ্ডুষিকং গণ্ডুষার্থং জলং, কৃষ্ণস্যাগ্রে পুরতঃ ভগবন্নাচামেতি ব্রুবন্ বারত্রয়ং দদ্যাৎ । তদনন্তরম্ অস্মৈ কৃষ্ণায় দন্তশোধনং সূক্ষ্মতৃণবিশেষাগ্রাদিকং দদ্যাৎ । আচমনমিতি আচমনার্থং বারিধারাত্রয়ং পুনর্দত্ত্বেতি জ্ঞেয়ম্ । করস্য মার্জ্জনং শোধনং গন্ধাপনয়নকরমিত্যর্থঃ ।

অথ পুনর্গন্ধার্পণম্

দিব্যং গন্ধং পুনর্দত্ত্বা যথেষ্টমনুলেপনৈঃ ।
দিব্যৈর্বিচিত্রৈঃ শ্রীকৃষ্ণং ভক্তিচ্ছেদেন লেপয়েৎ ॥২২৭
রম্যাণি চোর্দ্ধপুণ্ড্রাণি সদ্বর্ণেন যথাস্পদম্ ।
সুগন্ধিনানুলেপেন কৃষ্ণস্য রচয়েত্তরাম্ ॥ ২২৮ ॥

অনুবাদ—পুনর্বার উত্তম গন্ধ নিবেদন করিয়া উত্তম উত্তম অনুলেপন দ্রব্যদ্বারা শ্রীকৃষ্ণের সর্ব্বাঙ্গ লেপন করিবে এবং নিজের কিংবা প্রভুর রুচি অনুযায়ী বিবিধরূপে তিলক রচনা করিয়া দিবে । ইহা-ছাড়া উৎকৃষ্ট বর্ণযুক্ত সুগন্ধময় অনুলেপন দ্রব্যদ্বারা শ্রীকৃষ্ণের কপালে ও অন্যান্য অঙ্গে মনোহর উর্দ্ধপুণ্ড্র ভালভাবে তৈয়ারী করিয়া দিবে ॥ ২২৭-২২৮ ॥

টীকা—যথেষ্টং ভগবতঃ স্বস্য বা রুচ্যনুসারেণ, ভক্তিচ্ছেদঃ পত্রভঙ্গ্যাদি-নির্ম্মাণ-প্রকারবিশেষস্তেন, পূর্ব্বং ভূষণান্তরং গন্ধার্পণং লিখিতং ভোজনাৎ প্রাগনুলেপনস্যাল্পত্বাপেক্ষ্যতঃ, ইদানীঞ্চ সর্ব্বাঙ্গলেপনায় বাহুল্যাপেক্ষয়া ভূষণপরিধানাৎ প্রথমমেব যুক্তমিতি দিক্ । সদ্বর্ণেনেতি—শ্রীশ্যামসুন্দরোপযুক্তপীতাদ্যুত্তমবর্ণেনেত্যর্থঃ । যথাস্পদমিতি—ললাটাদিস্থানেষিবত্যর্থঃ । এতচ্চাগ্রে এব ব্যক্তম্ । রচয়েত্তরাং পরমোৎকৃষ্টপ্রকারেণ বিরচয়েদিত্যর্থঃ । সর্ব্বাঙ্গানুলেপনেঽপি শোভাবিশেষার্থং হৃদয়াদিস্থানে উর্দ্ধপুণ্ড্রবিরচনমিতি জ্ঞেয়ম্ ॥ ২২৭-২২৮ ॥

তথা চাগমে ধ্যানপ্রসঙ্গে—
ললাটে হৃদয়ে কুক্ষৌ কণ্ঠে বাহ্বোশ্চ পার্শ্বয়োঃ ।
বিরাজতোর্দ্ধপুণ্ড্রেণ সৌবর্ণেন বিভূষিতম্ ॥
ইতি ॥ ২২৯ ॥

অনুবাদ—আগমে ধ্যান প্রসঙ্গে ঐ সকল স্থানের বিষয় বলা হইয়াছে—ললাট, হৃদয়, কুক্ষি, কণ্ঠ,

বাহুদ্বয় ও পার্শ্বদ্বয়ে বিরাজমান মনোহর বর্ণবিশিষ্ট উর্দ্ধ পুণ্ড্রে তিনি বিভূষিত হইয়াছেন ॥ ২২৯ ॥

টীকা—সৌবর্ণেন শোভনবর্ণবত্যের্থঃ। যদ্যপ্যেতৎ পুষ্পগন্ধাদ্যর্পণেন পূজনং গীতবাদ্যানন্তরমেব তান্ত্রিকাণাং সম্মতং, তথা চ ক্রমদীপিকায়াম্—তাম্বূলমপ্যভিসমর্প্য সুবাদ্যনৃত্যগীতৈঃ সুতৃপ্তমভিপূজয়েতাৎ পুরৈব। গন্ধাদিভিঃ সপরিবারমিতি, তথাপি গীত নৃত্যাদ্যর্থং দিব্যানুলেপ-বস্ত্রালঙ্করণাদিনা মহারাজবিভূতিভিশ্চ বিশিষ্টস্যেব সভায়ামাগমনং লৌকিকব্যবহারানুসারেণ সমুপযুক্তম্। শক্তৌ চ সত্যাং পুনরপি গন্ধাদিনা পূজয়েদিতিচাগ্রে লেখ্যমেবিতি দিক্ ॥ ২২৯-২৩০ ॥

দিব্যানি কঞ্চুকোষ্ণীষকাঞ্চ্যাদীনি পরাণ্যপি।
বস্ত্রাণি সুবিচিত্রাণি শ্রীকৃষ্ণং পরিধাপয়েৎ ॥ ২৩০ ॥
ততো দিব্যকিরীটাদিভূষণানি যথারুচি।
বিচিত্রদিব্যমাল্যানি পরিধাপ্য বিভূষয়েৎ ॥ ২৩১ ॥

অনুবাদ—অত্যুৎকৃষ্ট কঞ্চুক, উষ্ণীষ ও কাঞ্চি প্রভৃতি অলংকার এবং বহুপ্রকারে বিচিত্র বসন শ্রীকৃষ্ণকে পরাইবে। তারপর উত্তম কিরীটাদি ভূষণ ও বিভিন্ন প্রকারের মনোহর মালা পরাইয়া রুচি অনুসারে সাজাইবে ॥ ২৩০-২৩১ ॥

অথ মহারাজোপচারার্পণম্

ততশ্চ চামরচ্ছত্রপাদুকাদীন্ পরানপি।
মহারাজোপচারাংশ্চ দত্ত্বাদর্শং প্রদর্শয়েৎ ॥ ২৩২ ॥

অনুবাদ—অতঃপর চামর, ছত্র, পাদুকা প্রভৃতি মহারাজের উপযুক্ত উপকরণ ও ধ্বজ পতাকা প্রভৃতি অন্যান্য দ্রব্য অর্পণ করিয়া দর্পণ দেখাইবে ॥ ২৩২ ॥

টীকা—চামরাদীন্ উপচারান্, পরানন্যান্ ধ্বজপতাকাদীন্, আদর্শং দর্পণম্ ॥ ২৩২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—
যথাদেশং যথাকালং রাজলিঙ্গং সুরালয়ে।
দত্ত্বা ভবতি রাজৈব নাত্র কার্য্যা বিচারণা ॥ ২৩৩ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—যেরূপ দেশ ও কাল সেই অনুসারে দেবালয়ে রাজচিহ্ন অর্পণ করিলে রাজা হয়, এই বিষয়ে কোনও প্রকার তর্কের অবকাশ নাই ॥ ২৩৩ ॥

তত্র চামরমাহাত্ম্যম্

তথা চামরদানেন শ্রীমান্ ভবতি ভূতলে।
মুচ্যতে চ তথা পাপৈঃ স্বর্গলোকঞ্চ গচ্ছতি ॥ ২৩৪ ॥

অনুবাদ—চামর অর্পণ করিলে পৃথিবীতে শ্রীমান্ হয়। পাপমুক্ত হইয়া চামর প্রদানকারী স্বর্গে গমন করে ॥ ২৩৪ ॥

ছত্রস্য মাহাত্ম্যম্

তত্রৈব—
ছত্রং বহুশলাকঞ্চ ঝল্লরীবস্ত্রসংযুতম্।
দিব্যবস্ত্রৈশ্চ সংযুক্তং হেমদণ্ড-সমন্বিতম্ ॥ ২৩৫ ॥
যঃ প্রযচ্ছতি কৃষ্ণস্য ছত্রলক্ষযুতৈর্বৃতঃ।
প্রার্থ্যতে সোঽমরৈঃ সর্ব্বৈঃ ক্রীড়তে পিতৃভিঃ সহ ॥ ২৩৬ ॥

অনুবাদ—ঐ গ্রন্থেই বর্ণিত হইয়াছে—বহু শলাকাবিশিষ্ট, ঝালর ও দিব্যবস্ত্রসমন্বিত, সুবর্ণদণ্ড ছত্র, যিনি শ্রীকৃষ্ণকে প্রদান করেন, তিনি লক্ষ লক্ষ ছত্রে পরিবেষ্ঠিত হইয়া দেবগণের প্রার্থনীয় হন এবং পিতৃবর্গের সহিত ক্রীড়া করেন ॥ ২৩৫-২৩৬ ॥

টীকা—ঝল্লরীবস্ত্রং সূচিকর্ম্মাদি-বিনির্ম্মিতবিলম্বমানাঙ্গ-বিশেষস্তদ্‌যুক্তম্ ॥ ২৩৫ ॥

তত্রৈবান্যত্র—
রাজা ভবতি লোকেঽস্মিন্ ছত্রং দত্ত্বা দ্বিজোত্তমাঃ।
নাপ্নোতি রিপুজং দুঃখং সংগ্রামে রিপুজিদ্ভবেৎ ॥২৩৭

অনুবাদ—ঐ গ্রন্থের অন্যত্রও যথা—হে দ্বিজশ্রেষ্ঠগণ! ছত্র প্রদান করিলে রাজা হয় এবং তাহার শত্রুজনিত দুঃখভোগ হয় না। ছত্রদাতা যুদ্ধে বিপক্ষকুলকে জয় করিতে সমর্থ হন ॥ ২৩৭ ॥

উপানৎসম্প্রদানেন বিমানমধিরোহতি।
যথেষ্টং তেন লোকেষু বিচরত্যমরপ্রভঃ ॥ ২৩৮ ॥

অনুবাদ—পাদুকা অর্পণ করিলে বিমানে আরোহণ করেন এবং দেবগণের মত প্রভাবশালী হইয়া যথেচ্ছ সর্ব্বত্র ভ্রমণ করিতে পারেন ॥ ২৩৮ ॥

টীকা—পাদুকায়া মাহাত্ম্যঞ্চ পূর্ব্বং শ্রীমুখপ্রক্ষালনানন্তরং তৎসমর্পণে লিখিতমেবাস্তি ॥ ২৩৮ ॥

ধ্বজস্য মাহাত্ম্যম্

তত্রৈব—
লোকেষু ধ্বজভূতঃ স্যাদ্দত্ত্বা বিষ্ণোর্বরং ধ্বজম্।
শক্রলোকমবাপ্নোতি বহ্বব্দগণান্নরঃ ॥ ২৩৯ ॥

অনুবাদ—ঐ স্থানেই বলা হইয়াছে—শ্রীবিষ্ণুকে শ্রেষ্ঠধ্বজা অর্পণকারী ব্যক্তি লোকমধ্যে ধ্বজার মত শ্রেষ্ঠত্বের অধিকারী হন এবং বহু বহু বৎসর ব্যাপিয়া ইন্দ্রলোকে বাস করেন ॥ ২৩৯ ॥

কিঞ্চ—
যুক্তং পীতপতাকাভির্নিবেদ্য গরুড়ধ্বজম্।
কেশবায় দ্বিজশ্রেষ্ঠাঃ সর্ব্বলোকে মহীয়তে ॥
ইতি ॥ ২৪০ ॥

অনুবাদ—আরও যথা—হে দ্বিজশ্রেষ্ঠগণ। পীতবর্ণপতাকাযুক্ত গরুড়াকৃতি ধ্বজা শ্রীকেশবের উদ্দেশ্যে নিবেদন করিলে নিবেদনকারী সর্ব্বলোকে পূজিত হন ॥ ২৪০ ॥

যৎ প্রাসাদে ধ্বজারোপমাহাত্ম্যং লিখিতং পুরা।
তদত্রাপ্যখিলং জ্ঞেয়ং তত্রাত্রত্যমিদং তথা ॥ ২৪১ ॥

অনুবাদ—পূর্ব্বে অট্টালিকায় যে ধ্বজারোপণ-মাহাত্ম্য লিখিত হইয়াছে, এস্থলেও ধ্বজারোপণের দ্বারা সেই প্রকার সমস্ত ফলই পাওয়া যাইবে জানিবেন ॥ ২৪১ ॥

টীকা—ধ্বজভূতঃ সর্ব্বশ্রেষ্ঠ ইত্যর্থঃ। গরুড়ধ্বজং গরুড়াকারধ্বজং, কৃত্রিমগরুড়যুক্তং বা ধ্বজং, তন্মাহাত্ম্যং তত্র ধ্বজার্পণেঽপি সর্ব্বং জ্ঞেয়ম্। তথা অত্রত্যং ধ্বজার্পণসম্বন্ধি ইদং লিখিতঞ্চ মাহাত্ম্যং তত্র ধ্বজারোপণে জ্ঞেয়ং, দ্বয়োঃ সাম্যাদিত্যর্থঃ ॥২৩৯-২৪১

কিঞ্চ ভবিষ্যে—
বিষ্ণোর্ধ্বজে তু সৌবর্ণং দণ্ডং কুর্য্যাদ্বিচক্ষণঃ।
পতাকা চাপি পীতা স্যাদ্গরুড়স্য সমীপগা ॥ ২৪২॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে আরও কথিত হইয়াছে—জ্ঞানবান্ ব্যক্তি শ্রীবিষ্ণুকে অর্পণ করার জন্য সোনাদ্বারা ধ্বজদণ্ড তৈয়ারী করিবেন। পতাকার রং পীত হইবে ও গরুড়ের নিকট ঐ ধ্বজাদণ্ড স্থাপন করিতে হইবে ॥ ২৪২ ॥

ব্যজনস্য মাহাত্ম্যম্

বিষ্ণুধর্ম্মোত্তরে—
তালবৃন্তপ্রদানেন নির্বৃতিং প্রাপ্নুয়াৎ পরাম্ ॥ ২৪৩ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে—তালবৃন্ত প্রদান করিলে অতিশয় সুখ প্রাপ্ত হওয়া যায় ॥ ২৪৩ ॥

বিতানস্য মাহাত্ম্যম্

তত্রৈব—
বিতানকপ্রদানেন সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।
পরাং নির্বৃতিমাপ্নোতি যত্র যত্রাভিজায়তে ॥ ২৪৪ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরেই বলা হইয়াছে—চন্দ্রাতপ প্রদান করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হয় এবং চন্দ্রাতপদাতা যে যে স্থানে জন্মগ্রহণ করেন, সেই সেই স্থানেই অতিশয় সুখলাভ করেন ॥ ২৪৪ ॥

খড়্গাদীনাং মাহাত্ম্যম্

দত্ত্বা নিস্ত্রিংশকান্ মুখ্যান্ শত্রুভির্নাভিভূয়তে।
দত্ত্বা তদ্বন্ধনং মুখ্যমগ্ন্যাধেয়ফলং লভেৎ ॥ ২৪৫ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুকে উত্তম খড়্গ প্রদান করিলে শত্রু কর্ত্তৃক পরাজিত হন না। উৎকৃষ্ট খড়্গ-কোষ প্রদান করিলে অগ্ন্যাধানের ফল লাভ করা যায় ॥ ২৪৫ ॥

টীকা—মুখ্যান্ শ্রেষ্ঠান্ ; তেষাং বন্ধনং কোষম্ ॥ ২৪৫ ॥

কিঞ্চ—

পতদ্গ্রহং তথা দত্ত্বা শুভদস্তুভিজায়তে।
পাদপীঠপ্রদানেন স্থানং সর্ব্বত্র বিন্দতি ॥ ২৪৬ ॥
দর্পণস্য প্রদানেন রূপবান্ দর্পবান্ ভবেৎ।
মার্জ্জয়িত্বা তথা তঞ্চ সুভগস্তুভিজায়তে ॥ ২৪৭ ॥

অনুবাদ—আরও যথা—পিকদান অর্পণ করিলে উহা মঙ্গলকর হয়। পাদপীঠ অর্পণ করিলে সকল স্থানে জয় লাভ হয়। দর্পণ দিলে দাতা রূপবান ও দর্পবান হইয়া থাকেন। আর দর্পণ মার্জ্জন করিয়া অর্পণ করিলে সৌভাগ্য লাভ হয় ॥ ২৪৬-২৪৭ ॥

টীকা—তং দর্পণং, মার্জ্জয়িত্বা নির্ম্মলীকৃত্য ॥২৪৭

যৎকিঞ্চিদ্দেবদেবায় দদ্যাদ্ভক্তিসমন্বিতঃ।
তদেবাক্ষয়মাপ্নোতি স্বর্গলোকং স গচ্ছতি ॥ ২৪৮ ॥

অনুবাদ—ভক্তিসহকারে দেবদেব বিষ্ণুকে যে-কোন দ্রব্য দান করিলে তাহা নিশ্চয় অক্ষয় হয় এবং তৎ সমস্ত দ্রব্যদাতা স্বর্গলোকে গমন করেন ॥ ২৪৮॥

কিঞ্চ বামনপুরাণে শ্রীবলিং প্রতি শ্রীপ্রহলাদোক্তৌ—
শ্রদ্দধানৈর্ভক্তিপরৈর্যান্যুদ্দিশ্য জনার্দ্দনম্।
বলিদানানি দীয়ন্তে অক্ষয়াণি বিদুর্বুধাঃ ॥ ২৪৯ ॥

অনুবাদ—বামনপুরাণে শ্রীবলির প্রতি শ্রীপ্রহলাদ বাক্য—ভক্তি-শ্রদ্ধাসহকারে শ্রীজনার্দ্দনকে উদ্দেশ করিয়া যে সমস্ত বলিদান নিবেদন করা হয়, সেই সমস্তই অক্ষয় বলিয়া পণ্ডিতগণ সিদ্ধান্ত করিয়াছেন ॥ ২৪৯ ॥

টীকা—এবং বিবিধং সকামস্যাবান্তরফলং লিখিত্বা মুখ্যফলং লিখতি—শ্রদ্দধানৈরিতি। দানানি দেয়ানি অক্ষয়াণি অক্ষয্যফলানি শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকাণীত্যর্থঃ ॥ ২৪৯ ॥

অত্রাপি কেচিদিচ্ছন্তি দত্ত্বা পুষ্পাঞ্জলিত্রয়ম্।
পূর্ব্বোক্তা দশশঙ্খাদ্যা মুদ্রাঃ সংদর্শয়েদিতি ॥ ২৫০॥

অনুবাদ—কেহ কেহ এমনও বলিয়া থাকেন যে, এই সময়েও আগে তিনবার পুষ্পাঞ্জলি দিয়া পরে পূর্ব্বোক্ত শঙ্খাদি দশমুদ্রা দেখাইবে ॥ ২৫০ ॥

টীকা—অত্র অস্মিন্ সময়েঽপি ॥ ২৫০ ॥

অথ গীতবাদ্যনৃত্যানি

ততো বিচিত্রৈর্ললিতৈঃ কারিতৈর্বা স্বয়ংকৃতৈঃ।
গীতৈর্বাদ্যৈশ্চ নৃত্যৈশ্চ শ্রীকৃষ্ণং পরিতোষয়েৎ ॥২৫১

অনুবাদ—তারপর নিজকৃত অথবা অন্যকৃত মনোরম বিবিধ গীতবাদ্য ও নৃত্য দ্বারা শ্রীকৃষ্ণকে সন্তুষ্ট করিবে ॥ ২৫১ ॥

টীকা—ললিতৈর্মনোহরৈঃ কারিতৈর্নর্ত্তক্যাদিদ্বারা, স্বয়মেব কৃতৈর্বা ॥ ২৫১ ॥

অথ তত্র নিষিদ্ধম্

নৃত্যাদি কুর্ব্বতো ভক্তান্নোপবিশিষ্টোঽবলোকয়েৎ।
ন চ তির্য্যগ্‌ব্রজেত্তত্র তৈঃ সহান্তরয়ন্ প্রভুম্ ॥২৫২॥

তথা চোক্তং—
নৃত্যন্তং বৈষ্ণবং হর্ষাদাসীনো যস্তু পশ্যতি।
খঞ্জো ভবতি রাজেন্দ্র সোঽয়ং জন্মনি জন্মনি ॥২৫৩

কিঞ্চ—
নৃত্যতাং গায়তাং মধ্যে ভক্তানাং কেশবস্য চ।
তান্নতে যস্তিরো যাতি তির্য্যগ্‌যোনিং স গচ্ছতি ॥২৫৪

অনুবাদ—অনন্তর সেই সকল বিষয়ে নিষিদ্ধ—ভক্তগণ যে সময়ে নৃত্যগীতাদি করেন, তৎকালে কেহ উপবেশন করিয়া দর্শন করিবেন না এবং নৃত্যাদিরত ভক্তবৃন্দ ও প্রভুকে আড়াল করিয়া তাহার মধ্যদিয়া বক্রভাবে যাইবেন না।

এই বিষয়ে উক্ত হইয়াছে—হে রাজেন্দ্র! প্রেমানন্দে নৃত্যরত বৈষ্ণব ব্যক্তিকে যে আসনস্থ হইয়া দর্শন করে, সেই ব্যক্তি প্রতি জন্মেই খোঁড়া হইয়া থাকে। আরও বলা হইয়াছে—ভক্তগণ ছাড়া অন্য যে কোন ব্যক্তি কেশব ও তাঁহার ভক্তবৃন্দের মধ্য-

দেশ আবরণ করে, সে বা তাহারা তির্য্যগ্ যোনি পাইয়া থাকে ॥ ২৫২-২৫৪ ॥

টীকা—উপবিষ্টঃ সন্নাবলোকয়েৎ, তত্র নৃত্যাদৌ তেষাং ভগবতশ্চ মধ্যে তির্য্যগ্‌ব্রজনেনাচ্ছাদনাত্তৈঃ সহ প্রভুং ভগবন্তম্ অন্তরয়ন্ বিচ্ছেদয়ন্ ন তির্য্যগ্‌ব্রজেচ্চেত্যর্থঃ ॥ ২৫২ ॥

টীকা—হর্ষাৎ প্রেমানন্দেন নৃত্যন্তং, খঞ্জঃ শতং কাণে চ খঞ্জে চেতি ন্যায়েনাসংখ্যদোষদুষ্টো ভবতীত্যর্থঃ ॥ ২৫৩ ॥

টীকা—তান্ নৃত্যদ্‌গায়দ্ভক্তান্ ঋতে বিনা তেষাং নৃত্যাদিপরতয়া তদ্দোষানাপত্তেঃ ॥ ২৫৪ ॥

অথ গীতাদিমাহাত্ম্যম্

সামান্যতো নারসিংহে—

গীতবাদ্যাদিকং নাট্যং শঙ্খতূর্য্যাদিনিস্বনম্ ।
যঃ কারয়তি বিষ্ণোস্তু সন্ধ্যায়াং মন্দিরে নরঃ ।
সর্ব্বকালে বিশেষেণ কামগঃ কামরূপবান্ ॥ ২৫৫ ॥
সুসংগীত-বিদগ্ধৈশ্চ সেব্যমানোঽপ্সরোগণৈঃ ।
মহার্হেণ বিমানেন বিচিত্রেণ বিরাজতা ।
স্বর্গাৎ স্বর্গমনুপ্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে ॥ ২৫৬ ॥

অনুবাদ—প্রথমে সাধারণ ভাবে নৃসিংহপুরাণে যথা—যে ব্যক্তি সর্ব্বদা বিশেষতঃ সন্ধ্যাকালে বিষ্ণু-মন্দিরে গীতবাদ্যাদি, নাট্য ও শঙ্খ, তূর্য্য প্রভৃতির ধ্বনি করেন কিংবা অন্যলোকের দ্বারা করান, তিনি যথেচ্ছভাবে গমনকারী ও স্বেচ্ছারূপী হন এবং সঙ্গীতনিপুণা অপ্সরাগণ-কর্ত্তৃক সেবিত হইয়া স্বর্গ হইতে স্বর্গান্তরে মহামূল্য বিচিত্র বিমানারোহণে ভ্রমণ করিতে করিতে শেষে বিষ্ণুলোকে গিয়া বাস করেন ॥ ২৫৫-২৫৬ ॥

টীকা—কারয়তীতি স্বার্থে ইণ্। অন্যেনাপি কারয়তীতি বা ॥ ২৫৫ ॥

টীকা—স্বর্গাৎ স্বর্গমিতি বিলস্বর্গাৎ ভৌমস্বর্গং, ভৌমস্বর্গাৎ দিব্যস্বর্গং, ততো মহর্লোকাদিকং ব্রজন্ ক্রমেণ তত্র তত্র স্বেচ্ছয়া সুখভোগান্ ভুঙ্‌ক্তেত্যর্থঃ ॥ ২৫৬ ॥

স্কান্দে বিষ্ণুনারদসংবাদে—

গীতং বাদ্যঞ্চ নৃত্যঞ্চ নাট্যং বিষ্ণুকথাং মুনে ।
যঃ করোতি স পুণ্যাত্মা ত্রৈলোক্যোপরি সংস্থিতঃ ॥২৫৭

অনুবাদ—স্কন্দপুরাণে বিষ্ণু-নারদ-সংবাদে যথা—হে মুনে! যে পুণ্যাত্মা বিষ্ণুকথা অবলম্বন করিয়া গীত, বাদ্য ,নৃত্য ও নাট্য করেন, তিনি তিন লোকের উপরিস্থিত বৈকুণ্ঠধাম প্রাপ্ত হন ॥ ২৫৭ ॥

টীকা—নাট্যমভিনয়াদি; যদ্বা, দেশীয়মার্গভেদেন নাট্যনৃত্যয়োর্ভেদঃ। এবমগ্রেঽপি, ত্রৈলোক্যং ব্রহ্ম-লোকপর্য্যন্তং, তদুপরি বৈকুণ্ঠলোকে সম্যক্ স্থিতো ভবতি ॥ ২৫৭ ॥

বৃহন্নারদীয়ে শ্রীযমভগীরথসংবাদে—

দেবতায়তনে যস্তু ভক্তিযুক্তঃ প্রনৃত্যতি ।
গীতানি গায়ত্যথবা তৎফলং শৃণু ভূপতে ॥ ২৫৮ ॥
গন্ধর্ব্বরাজতাং গানৈর্নৃত্যাদ্রুদ্রগণেশতাম্ ।
প্রাপ্নোত্যষ্টকুলৈর্যুক্তস্ততঃ স্যান্মোক্ষভাঙ্‌নরঃ ॥২৫৯॥

অনুবাদ— বৃহন্নারদীয়পুরাণে শ্রীযম-ভগীরথ সংবাদে বর্ণিত আছে—হে রাজন্! যিনি ভক্তিভরে দেবালয়ে নৃত্য অথবা গান করেন, তার ফল শ্রবণ করুন। সেই ব্যক্তি গান দ্বারা গন্ধর্ব্বরাজত্ব ও নৃত্যদ্বারা রুদ্রগণের ঈশ্বরত্ব লাভ করেন, তারপর অষ্টকুলের সহিত সংসার হইতে মুক্তি লাভ করেন ॥ ২৫৮-২৫৯ ॥

টীকা—মোক্ষঃ সংসারদুঃখান্মুক্তিঃ, মোক্ষয়তীতি শ্রীভগবান্ বা, তং ভজতি প্রাপ্নোতীতি তথা সঃ ॥২৫৯

লৈঙ্গে শ্রীমার্কণ্ডেয়াম্বরীষসংবাদে—

বিষ্ণুক্ষেত্রে তু যো বিদ্বান্ কারয়েদ্ভক্তিসংযুতঃ ।
গান-নৃত্যাদিকঞ্চৈব বিষ্ণাখ্যাঞ্চ কথাং তথা ॥২৬০॥
জাতিং স্মৃতিঞ্চ মেধাঞ্চ তথৈব পরমাং স্থিতিম্ ।
প্রাপ্নোতি বিষ্ণুসালোক্যং সত্যমেতন্নরাধিপ ॥ ২৬১ ॥

অন্যত্র চ শ্রীভগবদুক্তৌ—

বিসৃজ্য লজ্জাং যোঽধীতে গায়তে নৃত্যতেঽপি চ ।
কুলকোটি-সমাযুক্তো লভতে মামকং পদম্ ॥২৬২॥

অনুবাদ—লিঙ্গপুরাণে শ্রীমার্কণ্ডেয়-অম্বরীষ সং-

বাদে বর্ণিত আছে—হে রাজন্। যে বিদ্বান্ ব্যক্তি ভক্তির সহিত বিষ্ণুক্ষেত্রে হরিকথা বিষয়ক নৃত্য-গীতাদি করান, তিনি উত্তম জাতি, স্মৃতি, মেধা ও স্থিতি অর্থাৎ ভগবদ্ভক্তি ও ভক্তে নিষ্ঠা লাভ করেন এবং বিষ্ণুর সহিত সালোক্য প্রাপ্ত হন, ইহাতে কোন ভুল নাই, লজ্জাদি পরিত্যাগ করিয়া যে ব্যক্তি আমার সম্মুখে অধ্যয়ন, গান কিংবা নৃত্য করেন সেই ব্যক্তি কোটিকুলের সহিত আমার স্থান লাভ করেন ॥২৬২॥

টীকা—বিষ্ণ্বাখ্যাং বৈষ্ণবীমিত্যর্থঃ, যদ্বা, বিষ্ণুনা সহ তৎকথায়া অভেদাভিপ্রায়েণ বিষ্ণ্বাখ্যামিত্যুক্তম্; যদ্বা, বিষ্ণোরাখ্যা নামমাত্রমপি যস্যাং তামপি; পরমামিত্যস্য সর্ব্বৈরেবান্বয়ঃ; পরমাং জাতিং জন্মান্তরে ইহৈব বা সাধূনাং পূজ্যত্বেন, স্থিতিং নিষ্ঠাং ভগবদ্ভজনাদৌ ॥ ২৬০-২৬২ ॥

অতএবোক্তম্—

ভারতে নৃত্যগীতে তু কুর্য্যাৎ স্বাভাবিকেঽপি বা।
স্বাভাবিকেন ভগবান্ প্রীণাতীত্যাহ শৌনকঃ ॥২৬৩॥

অনুবাদ—অতএব কথিত হইয়াছে—ভরতমুনি-প্রণীত বা নিজ স্বাভাবিক নৃত্য-গীত প্রভৃতি করিবে। স্বাভাবিক নৃত্য-গীত দ্বারা শ্রীভগবান অত্যন্ত সন্তুষ্ট হন। শৌনকঋষি এই কথা বলিয়াছেন ॥ ২৬৩ ॥

টীকা—ভারতে ভরতমুনিপ্রণীতে নিজস্বভাবসিদ্ধে অপি বা সন্ধিরার্ষঃ ॥ স্বাভাবিকেনাপি নৃত্যগীতেন ॥ ২৬৩ ॥

অতএব নারদীয়ে—

বিষ্ণোর্গীতঞ্চ নৃত্যঞ্চ নটনঞ্চ বিশেষতঃ।
ব্রহ্মন্ ব্রাহ্মণজাতীনাং কর্ত্তব্যং নিত্যকর্ম্মবৎ ॥২৬৪॥

অনুবাদ—এই কারণে শ্রীনারদপুরাণে উক্ত হইয়াছে—হে ব্রহ্মণ! বিষ্ণুর উদ্দেশ্যে নৃত্য, গীত ও অভিনয়াদি ব্রাহ্মণগণের নিত্য কর্ম্মের ন্যায় করণীয় ॥ ২৬৪ ॥

টীকা—বিষ্ণোঃ বিষ্ণ্বর্থমিত্যর্থঃ। নটনম্ অভিনয়নম্; যদ্বা, নাটয়তি নর্ত্তয়তীতি নটনং নাট্যম্ ॥২৬৪

কিন্তু স্মৃতৌ—

গীতনৃত্যানি কুর্ব্বীত দ্বিজদেবাদিতুষ্টয়ে।
ন জীবনায় যুঞ্জীত বিপ্রঃ পাপভিয়া ক্বচিৎ ॥
ইতি ॥ ২৬৫ ॥

অনুবাদ—স্মৃতিশাস্ত্রেও বলা হইয়াছে—দেবতা ও ব্রাহ্মণগণের সন্তোষের জন্য ব্রাহ্মণগণ নৃত্য গীত প্রভৃতি করিবেন। জীবিকার নিমিত্ত ইহা কখনও করিবেন না, করিলে পাপ ভাগী হইবেন ॥ ২৬৫ ॥

এবং কৃষ্ণপ্রীণনত্বাদ্গীতাদের্নিত্যতা পরা।
সংসিদ্ধৈরবিশেষেণ জ্ঞেয়া সা হরিবাসরে ॥ ২৬৬ ॥

অনুবাদ—এই ভাবে শ্রীকৃষ্ণের প্রীতিকর বলিয়া সিদ্ধ মাহাত্মাগণ গীতাদির নিত্যতা, বিশেষতঃ শ্রীহরিবাসরে অধিক নিত্যতার কথা বলিয়াছেন ॥ ২৬৬ ॥

টীকা—ক্বচিৎ কদাচিদপি জীবনায় নিজবৃত্ত্যর্থং ন যুঞ্জীত, ন কুর্য্যাৎ; তত্র হেতুঃ—পাপাভিয়া, তথা সতি পাপং স্যাদিত্যর্থঃ। অধুনা গীতনৃত্যাদি নিত্যত্বং লিখতি—এবমিতি। পরা পরমা মাহোৎসবদিনেষু চাত্যন্তনিত্যমেব তদিতি লিখতি অবিশেষেণেতি ॥২৬৫-২৬৬ ॥

তথা চোক্তম্—

কেশবাগ্রে নৃত্যগীতং ন করোতি হরেদিনে।
বহ্নিনা কিং ন দগ্ধোঽসৌ গতঃ কিং ন রসাতলম্ ॥ ২৬৭ ॥

অনুবাদ—অতএব উক্ত হইয়াছে—যে ব্যক্তি শ্রীহরিবাসরে অর্থাৎ শ্রীএকাদশী প্রভৃতিতে কেশবের সম্মুখে নৃত্য-গীত না করে, সেই ব্যক্তি কি অগ্নিদ্বারা দগ্ধ কিংবা পাতালগামী হয় না? অর্থাৎ হরি সন্তোষের নিমিত্ত শ্রীকেশবের সম্মুখে হরিবাসরে অবশ্যই নৃত্য-গীতাদি করণীয় ॥ ২৬৭ ॥

টীকা—হরেদিনে একাদশ্যাদাবপি ॥ ২৬৭ ॥

অথ বিশেষতো গীতস্য মাহাত্ম্যম্

দ্বারকা-মাহাত্ম্যে শ্রীমার্কেণ্ডেয়েন্দ্রদ্যুম্নসংবাদে—

কৃষ্ণং সন্তোষয়েদ্যস্তু সুগীতৈর্মধুরস্বনৈঃ।
সর্ব্ববেদফলং তস্য জায়তে নাত্র সংশয়ঃ ॥ ২৬৮ ॥

অনুবাদ—অতঃপর বিশেষরূপে গীতের বিষয় দ্বারকামাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয় ইন্দ্রদ্যুম্ন-সংবাদে বলা হইয়াছে—শ্রুতিমধুর গানদ্বারা যিনি শ্রীকৃষ্ণের প্রীতিবিধান করেন, তিনি নিঃসংশয়ে নিখিল বেদ-পাঠের ফলভাগী হন ॥ ২৬৮ ॥

টীকা—'বেদানাং সামবেদোঽস্মি (শ্রীগী ১০।২২) ইতি ভগবদ্বিভূতিত্বেন তস্য শ্রৈষ্ঠ্যাৎ সুস্বরগানময়ত্বেন ভগবত্তোষণাদ্বা, তস্য পাঠাদিনা সর্ব্বতোঽধিকং ফলং তজ্জায়তে ॥ ২৬৮ ॥

স্কান্দে শ্রীমহাদেবোক্তৌ—

শ্রুতিকোটিসমং জপ্যং জপকোটিসমং হবিঃ ।
হবিঃকোটিসমং গেয়ং গেয়ং গেয়সমং বিদুঃ ॥২৬৯॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীমহাদেবের বাক্যে—জপদ্বারা কোটি শ্রুতির ফল লাভ হয়। নৈবেদ্যার্পণে কোটি জপের ফল সিদ্ধ হয়, গীত কোটি নৈবেদ্য অর্পণের সমতুল এবং গীতের সদৃশ গীত অর্থাৎ ইহার তুলনা হয় না ॥ ২৬৯ ॥

টীকা—হবির্নৈবেদ্যং, গেয়সমং নিরুপমমিত্যর্থঃ ॥ ২৬৯ ॥

কাশীখণ্ডে বিষ্ণুদূতশিবশর্ম্মসংবাদে—

যদি গীতং কৃচিদ্গীতং শ্রীমদ্ধরিহরাঙ্কিতম্ ।
মোক্ষন্তু তৎফলং প্রাহুঃ সান্নিধ্যমথবা তয়োঃ ॥২৭০॥

অনুবাদ—কাশীখণ্ডে বিষ্ণুদূত-শিবশর্ম্মা-সংবাদে-যথা—কোনস্থলে শ্রীহরিহর-বিষয়ক গীত অনুষ্ঠিত হয়, তাহার ফল মুক্তি কিংবা শ্রীহরিহরের নিকট অবস্থিতি বলিয়া নিরূপিত হইয়াছে ॥ ২৭০ ॥

টীকা—মোক্ষস্য তুচ্ছত্বেন পক্ষান্তরমাহ—সান্নিধ্যমিতি। তয়োঃ শ্রীহরিহরয়োঃ ॥ ২৭০ ॥

বিষ্ণুধর্ম্মে শ্রীভগবদুক্তৌ—

রাগেণাকৃষ্যতে চেতো গান্ধর্ব্বাভিমুখং যদি ।
ময়ি বুদ্ধিং সমাস্থায় গায়েথা মম সৎকথাঃ ॥ ২৭১॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীভগবানের বাক্যে আছে—তোমার চিত্ত মল্লার প্রভৃতি রাগে আকৃষ্ট হইয়া যদি গান করিতে উৎসাহ বোধ করে, তাহা হইলে আমাতে মনঃসংযোগ করিয়া সৎকথা অর্থাৎ আমার রাসক্রীড়াদি বিষয়ক কথা অথবা সাধুগণের কথা আশ্রয় করিয়া গান করিবে ॥ ২৭১ ॥

টীকা—রাগেণ মল্লাররাগাদিনা; যদ্বা, বিষয়-প্রীত্যা যদ্যাকৃষ্যতে, ততশ্চ গান্ধর্ব্বাভিমুখং গীতোৎ-সুকং যদি স্যাৎ; যদ্বা, গান্ধর্ব্বাভিমুখং যদা স্যাত্তদা ময়ি বুদ্ধিং সমাস্থায় মনো নিবেশ্য; যদ্বা, ইমাঃ কৃষ্ণস্য গাথা ইত্যেতাবন্মাত্রং মনসি কৃত্বা, সতীঃ উত্ত-মাঃ রাস-ক্রীড়াদ্যাশ্রয়াঃ কথাঃ; যদ্বা, মম যে সন্তঃ, তেষাং কথা গায়েথাঃ, তেনৈবাখিলান্যরাগোঽপযাস্য-তীতি ভাবঃ; যদ্বা, পরমভাগ্যোদিতেন তেনৈব সর্ব্বং সেৎস্যতীতি ॥ ২৭১ ॥

হরিভক্তিসুধোদয়ে—

যো গায়তীশমনিশং ভুবি ভক্ত উচ্চৈঃ
স দ্রাক্ সমস্তজনপাপভিদেঽলমেকঃ ।
দীপেষ্বসৎস্বপি ননু প্রতিগেহমন্ত-
র্ধ্বান্তং কিমত্র বিলসত্যমলে দ্যুনাথে ॥ ২৭২ ॥

অনুবাদ—শ্রীহরিভক্তিসুধোদয়ে যথা—যে ভক্ত পৃথিবীতে উচ্চৈঃস্বরে সতত ভগবদ্বিষয়ক গান করেন, তিনি একাকী সদ্যই সমস্ত লোকের পাপ নাশ করিতে নিশ্চয়ই সমর্থ হন। দীপালোকের অভাব হইলেও আকাশে সূর্য্যের অবস্থানে গৃহের অভ্যন্তরে কি আলোর অভাব হয়? ২৭২ ॥

টীকা—দ্রাক্ সদ্য এব সমস্তজনানাং পাপস্য ভিদে নাশনায় এক এব অলং সমর্থঃ, তদেবার্থান্তরোপন্যা-সেন দ্রঢ়য়তি—দীপেষ্বিতি ॥ ২৭২ ॥

যদানন্দকলং গায়ন্ ভক্তঃ পুণ্যাশ্রু বর্ষতি ।
তৎ সর্ব্বতীর্থ-সলিলস্নানং স্বমলশোধনম্ ॥ ২৭৩ ॥

অনুবাদ—ভক্তজন পুলকে গদ্গদ হইয়া গান করিতে করিতে যে প্রেমাশ্রুধারা বর্ষণ করেন, তাহা নিজ পাপহারক এবং নিখিল তীর্থজলে স্নানের মত ফলপ্রদ হয় ॥ ২৭৩ ॥

টীকা—আনন্দেন কলো মধুরাস্ফুটধ্বনির্যথা

স্যাত্তথা গায়ন্ সন্ যৎ পুণ্যরূপং অশ্রু প্রেমাশ্রু বর্ষতি ; স্বানামপি মলশোধনম্ ॥ ২৭৩ ॥

বারাহে—

ব্রাহ্মণো বাসুদেবার্থং গায়মানোঽনিশং পরম্ ।
সম্যক্ তালপ্রয়োগেণ সন্নিপাতেন বা পুনঃ ॥ ২৭৪ ॥
নব বর্ষসহস্রাণি নব বর্ষশতানি চ ।
কুবেরভবনং গত্বা মোদতে বৈ যদৃচ্ছয়া ॥ ২৭৫ ॥
কুবেরভবনাদ্ভ্রষ্টঃ স্বচ্ছন্দগমনালয়ঃ ।
ফলমাপ্নোতি সুশ্রোণি মম কর্ম্মপরায়ণঃ ॥ ২৭৬ ॥

অনুবাদ—বরাহপুরাণে বর্ণিত হইয়াছে—হে সুন্দরি ! ব্রাহ্মণ ব্যক্তি যদি ঠিকমত তাল প্রয়োগ ও বিভিন্ন রাগাদি সহযোগে বাসুদেবের উদ্দেশ্যে সর্ব্বদা গান করেন, তাহা হইলে তিনি কুবের ভবনে যাইয়া নয়হাজার নয়শতবৎসর যথেচ্ছ বিচরণ করিয়া থাকেন। তারপর নিজের ইচ্ছানুসারে সেখান হইতে ভ্রষ্ট হইয়া এখানে সেখানে গমন ও বাস করিয়া আমাতে ভক্তিমান হইলে যে ফল হয়, সেই ফল লাভ করেন ॥ ২৭৪-২৭৬ ॥

টীকা—সন্নিপাতেন বিবিধরাগাদি-সমুচ্চয়েন। ননু কথং তস্য ততোঽপি ভ্রংশঃ সম্ভবেৎ ? সত্যং, স্বেচ্ছয়ৈব পরিত্যজ্যান্যত্র গচ্ছতীত্যাহ—স্বচ্ছন্দেন গমনমালয়শ্চ নিবাসস্থানং যস্য সঃ। ননু তর্হি কা গতিস্তস্য স্যাৎ ? তত্রাহ—মম কর্ম্মপরায়ণঃ মদ্ভক্তি-পরঃ সন্ ফলং তদনুরূপম্ ; যদ্বা, পরমফলত্বেন বিখ্যাতং শ্রীবৈকুণ্ঠম্ ; যদ্বা, মৎসেবাপরত্বং ফলং প্রাপ্নোতি ॥ ২৭৪-২৭৬ ॥

নারায়ণানাং বিধিনা গানং শ্রেষ্ঠতমং স্মৃতম্ ।
গানেনারাধিতো বিষ্ণুঃ স্বকীর্ত্তিজ্ঞানবর্চ্চসা ।
দদাতি তুষ্টঃ স্থানং স্বং যথাস্মৈ কৌশিকায় বৈ ॥ ২৭৭ ॥

অনুবাদ—জীব সকলের অনুষ্ঠেয় কর্ম্ম মধ্যে কিংবা শ্রীভগবদারাধনার অনুষ্ঠেয় কর্ম্মসমূহ মধ্যে বিধাতা গানকেই শ্রেষ্ঠতম বলিয়া স্থির করিয়াছেন। যিনি গানদ্বারা বিষ্ণুর আরাধনা করিয়া থাকেন তাঁহার কীর্ত্তি, জ্ঞান ও প্রভাব ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত হয় এবং ভগবান প্রীত হইয়া তাঁহাকে কৌশিক বিপ্রের ন্যায় নিজ স্থান অর্পণ করেন ॥ ২৭৭ ॥

টীকা—নারায়ণানাং নারায়ণারাধনকর্ম্মণাং ; যদ্বা, নারং জীবসমূহঃ, তদাশ্রয়ভূতানাং কর্ম্মণাং মধ্য ইত্যর্থঃ। জ্ঞানস্য বর্চ্চঃ প্রভাবো যস্মাত্তেন ; যদ্বা, স্বস্য কীর্ত্তি-জ্ঞান-বর্চ্চোভিঃ সহিতং দ্বন্দ্বৈক্যম্। কৌশিকায়েত্যত্র তত্রৈবাখ্যায়িকেয়ম্—'কৌশিকনামা বিপ্রো ভগবদ্‌গীতপ্রভাবেণ সশিষ্যং সসেবকো গীত-শ্রোতৃভিঃ সহিতো বৈকুণ্ঠলোকং গতো ভগবতা বহুসং-মানিতঃ' ইতি ॥ ২৭৭ ॥

কিঞ্চ—

এষ বো মুনিশার্দূলাঃ প্রোক্তো গীতক্রমো মুনেঃ ।
ব্রাহ্মণো বাসুদেবাখ্যং গায়মানোঽনিশং পরম্ ॥২৭৮
হরেঃ সালোক্যমাপ্নোতি রুদ্রগানাধিকো ভবেৎ ।
কর্ম্মণা মনসা বাচা বাসুদেবপরায়ণঃ ।
গায়ন্ত্যংস্তমাপ্নোতি তস্মাদ্‌গেয়ং পরং বিদুঃ ॥২৭৯

অনুবাদ—আরও যথা—হে মুনিশ্রেষ্ঠগণ। দেবর্ষি নারদের গীতশিক্ষার ক্রম তোমাদিগকে বলি-য়াছি। ব্রাহ্মণ সর্ব্বদা বাসুদেব-বিষয়ক গান করিলে সালোক্য মুক্তি লাভ করেন এবং গীতবিষয়ে শ্রীরুদ্র-দেব অপেক্ষাও বেশী দক্ষতা লাভ করিতে পারেন। কায়-মনো-বাক্যে ভগবৎপরায়ণ হইয়া নৃত্যগীত করিলে শ্রীবিষ্ণু লভ্য হন। তাই ভগবৎ প্রাপ্তির পক্ষে গীতই প্রধান হেতু বলিয়া কীর্ত্তিত হয় ॥ ২৭৮-২৭৯ ॥

টীকা—এষ ইত্যাদিঃ সূতোক্তিঃ ; মুনেঃ শ্রীনার-দস্য গীতশিক্ষাক্রমঃ ; তদাখ্যায়িকা চ তত্রৈব প্রসিদ্ধা ; যথা—'দ্বারকায়াং শ্রীরুক্মিণীসত্যভামাদের্দাসী-ভ্যোঽসৌ যত্নাদ্‌গানবিদ্যামশিক্ষত' ইতি ॥ ২৭৮ ॥

টীকা—রুদ্রাদপি গানেন অধিকো বিশিষ্টো ভবে-দিতি ॥ ২৭৯ ॥

প্রথমস্কন্ধে শ্রীনারদোক্তৌ (৬।৩৪)—

প্রগায়তঃ স্ববীর্য্যাণি তীর্থপাদঃ প্রিয়শ্রবাঃ ।
আহূত ইব মে শীঘ্রং দর্শনং যাতি চেতসি ॥ ২৮০ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতে প্রথমস্কন্দে শ্রীনারদ বলিয়াছেন—যাঁহার পাদপদ্ম হইতে গঙ্গাদি তীর্থসমূহ প্রকটিত হইয়াছেন এবং যাঁহার কীর্ত্তি অত্যন্ত প্রিয়, সেই শ্রীকৃষ্ণের লীলা গান সময়ে তিনি যেন আহূতের ন্যায় সত্বর আসিয়া আমার হৃদয়ে দর্শন দান করেন।

যাঁহার সাক্ষাৎকার লাভ ধ্যানাদি দ্বারাও সুলভ নয়, তিনিই গীতদ্বারা অনায়াসলভ্য হইয়া থাকেন, এই জন্য ভগবন্মাহাত্ম্যগণের মহিমা ধ্যান অপেক্ষাও অধিক ॥ ২৮০ ॥

টীকা—স্বস্য ভগবতো বীর্য্যাণি অদ্ভুতচরিতানি পূতনামোক্ষাদীনি ; তীর্থং গঙ্গাদি, পাদাৎ চরণাব্জ-শৌচোদকাৎ যস্য সঃ শ্রীকৃষ্ণঃ ; কিঞ্চ প্রিয়ং শ্রবঃ কীর্ত্তির্যস্য সঃ, অত আহূতঃ ইব, আদরেণ নিমন্ত্রিত ইব ; যদ্বা বলাদা কৃষ্যানীত ইব। এবং পূর্ব্বং চিত্তাদন্তর্হিতে ধ্যানাদিপ্রযত্নেন যো ময়া পুনর্হৃদি দ্রষ্টুং ন শক্তঃ, সোঽয়ং গানাৎ স্বয়মেব সদ্যঃ সাক্ষাদিব চিত্তে দৃশ্যতে ইতি ধ্যানাদপি তদ্বীর্য্য গানস্য মাহাত্ম্যং সূচিতম্ ॥ ২৮০ ॥

———

দ্বাদশস্কন্ধে শ্রীসূতোক্তৌ (১২।৪৯-৫০)—

মৃষা গিরস্তা হ্যসতীরসৎকথা
ন কথ্যতে যদ্ভগবানধোক্ষজঃ।
তদেব সত্যং তদুহৈব মঙ্গলং
তদেব পুণ্যং ভগবদ্গুণোদয়ম্ ॥ ২৮১ ॥

অনুবাদ—দ্বাদশস্কন্ধে শ্রীসূতের উক্তিতে আছে—শ্রীহরিকীর্ত্তনই মহাফলপ্রদ, হরিকীর্ত্তন ছাড়া বাক্য ব্যয় বৃথা প্রলাপমাত্র, যাহাতে ভগবানের প্রসঙ্গ নাই সে সকল বাণী অসতী ও মিথ্যাভূতা ? কিন্তু যাহাতে ভগবদ্গুণের প্রসঙ্গ বিরাজিত তাহাই সত্য তাহাই মঙ্গল কর ও তাহাই পুণ্য জনক বলিয়া প্রসিদ্ধ ॥ ২৮১ ॥

———

তদেব রম্যং রুচিরং নবং নবং
তদেব শশ্বন্মনসো মহোৎসবম্।
তদেব শোকার্ণবশোষণং নৃণাং
যদুত্তমঃশ্লোক-যশোঽনুগীয়তে ॥ ২৮২ ॥

অনুবাদ—উত্তম শ্লোক শ্রীহরির যশোগাথা যাহাতে কীর্ত্তন করা হইয়াছে তাহাই রমণীয়, তাহাই সুন্দর তাহাই ক্ষণে ক্ষণে নূতন, তাহাই নিরন্তর চিত্তের মহোৎসব স্বরূপ এবং তাহাই মনুষ্যগণের শোকসাগর শোষণকারী ॥ ২৮২ ॥

টীকা—অসতীঃ অসত্যঃ দুষ্টা ইত্যর্থঃ ; যতঃ অসত্যামেব কথান্তাঃ। যৎ যাসু, কিং তর্হি সত্য-মুত্তনাদিকঞ্চ ? তদাহ—উত্তমঃ শ্লোকস্য শ্রীকৃষ্ণস্য যশোঽনুগীয়ত ইতি যৎ তদেব সত্যম্। উহ হর্ষে প্রসিদ্ধৌ বা, ভগবদ্গুণানামৈশ্বর্য্যাদীনামুদয়ঃ গায়কে শ্রোতৃপ্রভৃতিষু চ প্রকাশো যস্মাত্তৎ, রম্যং জগৎ-সন্তোষদং, রুচিরং শ্রবণরুচিকরং যতো নবং নবং প্রতিক্ষণ-নূতনমিত্যর্থঃ ; মহানুৎসবো যস্মাৎ তৎ ॥ ২৮১-২৮২ ॥

———

বিষ্ণুধর্ম্মোত্তরে—

দত্ত্বা চ গীতং ধর্ম্মজ্ঞা গন্ধর্ব্বৈঃ সহ মোদতে।
স্বয়ং গীতেন সংপূজ্য তস্যৈবানুচরো ভবেৎ ॥২৮৩॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—হে ধার্ম্মিকগণ। যিনি অপরের দ্বারা গান করাইয়া শ্রীভগবানের উপাসনা করেন, তিনি গন্ধর্ব্বগণের সহিত ক্রীড়া করেন। যিনি নিজে গান করিয়া বিষ্ণুর উপাসনা করেন, তিনি বিষ্ণুরই অনুচর হন ॥ ২৮৩ ॥

———

পাদ্মে শ্রীকৃষ্ণ-সত্যভামাসংবাদীয়-কার্ত্তিক-মাহাত্ম্যে শ্রীপৃথু-নারদ-সংবাদে শ্রীভগবদুক্তৌ—

নাহং বসামি বৈকুণ্ঠে ন যোগিহৃদয়ে রবৌ
মদ্ভক্তা যত্র গায়ন্তি তত্র তিষ্ঠামি নারদ ॥ ২৮৪ ॥
তেষাং পূজাদিকং গন্ধ-পাদ্যাদ্যৈঃ ক্রিয়তে নরৈঃ।
তেন প্রীতিং পরাং যামি ন তথা মৎপ্রপূজনাৎ ॥২৮৫

অনুবাদ—পদ্মপুরাণে শ্রীকৃষ্ণ সত্যভামার সংবাদ-বিষয়ক কার্ত্তিক মাহাত্ম্য এবং শ্রীপৃথু-নারদসংবাদে শ্রীভগবানের কথায়—হে নারদ। আমি নিজ-ধামে অথবা যোগিগণের হৃদয়ে, কিংবা সূর্য্যমণ্ডলেও বাস করি না, আমার ভক্তগণ যথায় গান করেন

আমি সেখানেই অবস্থান করি। মনুষ্যগণ পাদ্য, অর্ঘ্য, গন্ধ প্রভৃতি দ্বারা সেই ভক্তগণের পূজা করিলে আমি যেরূপ প্রীত হই, আমার আরাধনায় সেরূপ প্রীতিলাভ করি না ॥ ২৮৪-২৮৫ ॥

টীকা—তেষাং মদ্ভক্তানাম্, আদি-শব্দাদনুগমনাদি, আদ্যশব্দাৎ পুষ্পাস্তস্তবনাদীনি ॥ ২৮৫ ॥

অতএবোক্তং—

কর্ম্মণ্যৌপয়িকিত্বেন ব্রাহ্মণোঽন্য ইতি স্মৃতঃ।
কারিকায়ামতঃ প্রোক্তং বিপ্রো গীতৈ রমেদিতি ॥২৮৬

অনুবাদ—অতএব কথিত হইয়াছে—আরাধনায় ব্রাহ্মণ যোগ্য বলিয়া শাস্ত্রকারগণ তাঁহাকে বিষ্ণুদাস বলিয়াছেন। এই জন্য কারিকায় কথিত হইয়াছে—বিপ্র ভগবদ্বিষয়ক গীতদ্বারা তৃপ্তিলাভ করিবেন ॥ ২৮৬ ॥

টীকা—কর্ম্মণি ভগবদারাধন-লক্ষণে, ঔপয়িকত্বেন তদ্‌যোগ্যত্বাৎ, অন্যঃ দাস ইতি স্মৃতঃ শাস্ত্রৈঃ স্মৃতিকৃদ্ভির্বা। কারিকায়াম্ উপনিষদ্ভাগবিশেষে শ্লোকনিবদ্ধ-শ্রুত্যাদিগ্রন্থে বা ॥ ২৮৬ ॥

অথ নৃত্যস্য মাহাত্ম্যম্

দ্বারকামাহাত্ম্যে তত্রৈব—

যো নৃত্যতি প্রহৃষ্টাত্মা ভাবৈর্বহু সুভক্তিতঃ।
স নির্দহতি পাপানি জন্মান্তরশতেষ্বপি ॥ ২৮৭ ॥

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে—যিনি সানন্দে অতিশয় ভক্তিভরে সযত্নে অধিক নৃত্য করেন, তাঁহার শত শত জন্মের পাপ ভস্মীভূত হয় ॥ ২৮৭ ॥

টীকা—ভাবৈঃ শৃঙ্গারাদিরসৈঃ, বিবিধচেষ্টাভির্বা; বহু যথা স্যাৎ তথা, জন্মান্তরশতেষু কৃতানি করিষ্যমাণান্যপি পাপানি ॥ ২৮৭ ॥

হরিভক্তিসুধোদয়ে—

বহুধোৎসার্য্যতে হর্ষাৎ বিষ্ণুভক্তস্য নৃত্যতঃ।
পদ্ভ্যাং ভূমের্দিশোঽক্ষিভ্যাং দোর্ভ্যাং
বাহ্যমঙ্গলং দিবঃ ॥ ২৮৮ ॥

অনুবাদ—শ্রীহরিভক্তিসুধোদয়ে এই বিষয়ে বলা হইয়াছে—আনন্দহেতু নৃত্যরত বিষ্ণুপরায়ণ ব্যক্তির পাদদ্বারা পৃথিবীর, নয়নদ্বারা দিঙ্‌মণ্ডলের ও বাহুদ্বারা স্বর্গের অমঙ্গল বিশেষভাবে ধ্বংস হয় ॥ ২৮৮ ॥

টীকা—নৃত্যতো বিষ্ণুভক্তস্য পাদাদিভিঃ ক্রমাদ্ভূম্যাদেরমঙ্গলমুৎসার্য্যতে বিনশ্যেত ইত্যর্থঃ ॥ ২৮৮ ॥

বারাহে—

যশ্চ নৃত্যতি সুশ্রোণি পুরাণোক্তং সমাসতঃ।
ত্রিংশদ্বর্ষসহস্রাণি ত্রিংশদ্বর্ষশতানি চ।
পুষ্করদ্বীপমাসাদ্য মোদতে বৈ যদৃচ্ছয়া ॥ ২৮৯ ॥
পুষ্করাচ্চ পরিভ্রষ্টঃ স্বচ্ছন্দগমনালয়ঃ।
ফলমাপ্নোতি সুশ্রোণি মম কর্ম্মপরায়ণঃ ॥ ২৯০ ॥

অনুবাদ—বরাহপুরাণে যথা—হে সুশ্রোণি! যিনি ভরতাদি মুনি-কথিত শাস্ত্র অনুসারে অল্প পরিমাণেও নৃত্য করেন, তিনি পুষ্কর দ্বীপে গিয়া ত্রিংশৎ সহস্র ও ত্রিংশৎ শত বৎসর পর্য্যন্ত যথেচ্ছ বিহার করেন। তারপর সেই স্থান হইতে পরিভ্রষ্ট হইয়া ইচ্ছানুসারে যথা তথা গমন ও বাস করেন এবং আমাতে ভক্তিনিষ্ঠ হওয়ার ফল লাভ করেন, অর্থাৎ আমার ধামে বাস করিতে পারেন ॥ ২৮৯-২৯০ ॥

টীকা—পুরাণোক্তং ভরতাদি-পুরাতনমন্যুক্তং যথা স্যাৎ তচ্ছাস্ত্রানুসারেণেত্যর্থঃ। সমাসতঃ সংক্ষেপেণাপি যো নৃত্যতি; যদ্বা, সমাসতঃ পুরাণোক্তং তস্য ফলমিতি শেষঃ। তদেবাহ—ত্রিংশদিত্যাদিনা। অন্যল্লিখিতার্থমেব ॥ ২৮৯ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

নৃত্যং দত্ত্বা তথাপ্নোতি রুদ্রলোকমসংশয়ম্।
স্বয়ং নৃত্যেন সংপূজ্য তস্যৈবানুচরো ভবেৎ ॥২৯১॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে যথা—অপরকৃত নৃত্যদ্বারা প্রভুর উপাসনা করিলে নিঃসন্দেহে রুদ্রলোক লাভ হয়। আর স্বয়ং নৃত্য করিয়া প্রভুর আরাধনা করিলে তাঁহার অনুচরত্ব লাভ হয় ॥ ২৯১ ॥

অন্যত্র শ্রীনারদোক্তৌ—

নৃত্যতাং শ্রীপতেরগ্রে তালিকাবাদনৈর্ভৃশম্ ।
উড্ডীয়ন্তে শরীরস্থাঃ সর্ব্বে পাতকপক্ষিণঃ ॥ ২৯২ ॥

অনুবাদ—অন্যস্থলেও শ্রীনারদের বাক্যে—যাঁহারা কমলাপতির অগ্রে করতালি দিয়া পুনঃ পুনঃ নৃত্য করেন, তাঁহাদিগের শরীরস্থ পাতকরূপ পক্ষিগণ উড়িয়া পলায়ন করে ॥ ২৯২ ॥

টীকা—শরীরস্থাঃ স্বস্য সর্ব্বেষামপি বা ॥ ২৯২ ॥

অথ বাদ্যস্য মাহাত্ম্যম্

সঙ্গীতশাস্ত্রে—

বীণাবাদন-তত্ত্বজ্ঞঃ শ্রুতি-জাতি-বিশারদঃ ।
তালজ্ঞশ্চাপ্রয়াসেন মোক্ষমার্গং নিযচ্ছতি ॥ ২৯৩ ॥

অনুবাদ—অতঃপর বাদ্যের মাহাত্ম্য বিষয়ে সঙ্গীত-শাস্ত্রে যথা—বীণাবাদনে যিনি দক্ষ, শ্রুতি ও জাতি বিষয়ে যিনি নিপুণ এবং তাল প্রয়োগে পটু, তিনি মোক্ষের অধীশ্বর বিষ্ণুকে অনায়াসেই বশীভূত করেন ॥ ২৯৩ ॥

টীকা—শ্রুতয়ঃ ষট্‌ত্রিংশদ্ভেদাঃ, জাতয়ঃ সপ্ত-স্বরাঃ, মেঘনাদবসন্তাদি-রাগালাপভেদা বা তত্তদ-ভিজ্ঞঃ। মোক্ষো মার্গো উপায়ভূতো যস্মিন্ ভগবতি বৈকুণ্ঠলোকে বা তং নিযচ্ছতি বশীকরোতি; অন্যে-ভ্যোঽপি নিতরাং যচ্ছতি দদাতীতি বা ॥ ২৯৩ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

বাদ্যং দত্ত্বা তথা বিপ্রঃ শক্রলোকমবাপ্নুয়াৎ ।
স্বয়ং বাদ্যেন সংপূজ্য তস্যৈবানুচরো ভবেৎ ॥২৯৪॥
বাদ্যানামপি দেবস্য তন্ত্রীবাদ্যং সদা প্রিয়ং ।
তেন সংপূজ্য বরদং গাণপত্যমবাপ্নুয়াৎ ॥ ২৯৫ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে এই বিষয়ে বলা হই-য়াছে—বিপ্র অন্যকৃত বাদ্যদ্বারা বিষ্ণুর আরাধনা করিলে ইন্দ্রলোক প্রাপ্ত হন। আর নিজে বাজনা বাজাইয়া উপাসনা করিলে বিষ্ণুর অনুচর হন। যাবতীয় বাদ্যের মধ্যে তন্ত্রীবাদ্য ভগবানের সর্ব্বদা প্রিয়। সেই তন্ত্রীবাদ্যদ্বারা বরদ শ্রীহরির আরাধনা করিলে গণপতিলোক প্রাপ্ত হওয়া যায় ॥ ২৯৪-২৯৫॥

অথ শক্তৌ পুনঃ পূজা

শক্তশ্চেৎ সপরীবারং কৃষ্ণং গন্ধাদিভিঃ পুনঃ ।
পঞ্চোপচারৈর্মূলেন সংপূজ্যার্ঘ্যং সমর্পয়েৎ ॥ ২৯৬॥

অনুবাদ—অতঃপর সামর্থ্য থাকিলে পুনর্বার পূজা —যদি সামর্থ্য থাকে তাহা হইলে মূলমন্ত্রদ্বারা গন্ধাদি পঞ্চ উপচারে পুনরায় পরিবার সহিত শ্রীকৃষ্ণের পূজা করিয়া অর্ঘ্য সমর্পণ করিতে হইবে ॥ ২৯৬ ॥

টীকা—সপরিবারং পূর্ব্বলিখিতাবরণসহিতং, 'সপরিবারায় কৃষ্ণায় নমঃ' ইত্যুচার্য্য মূলমন্ত্রেণ গন্ধা-দিভিঃ পঞ্চভিরুপচারৈঃ পুনঃ সম্যক্ পূজয়িত্বা 'সপরি-বারায় কৃষ্ণায় ইদমর্ঘং স্বাহা' ইতি অর্ঘ্যং নিবেদয়ে-দিত্যর্থঃ ॥ ২৯৬ ॥

অথ নীরাজনম্

ততশ্চ মূলমন্ত্রেণ দত্ত্বা পুষ্পাঞ্জলিত্রয়ম্ ।
মহানীরাজনং কুর্য্যান্মহাবাদ্য-জয়স্বনৈঃ ॥ ২৯৭ ॥
প্রজ্বালয়েত্তদর্থঞ্চ কর্পূরেণ ঘৃতেন বা ।
আরাত্রিকং শুভে পাত্রে বিষমানেকবর্ত্তিকম্ ॥২৯৮॥

অনুবাদ—তারপর মূলমন্ত্র পাঠ করিয়া তিনবার পুষ্পাঞ্জলি দিয়া মহাবাদ্য ও জয়ধ্বনি সহকারে মহা-নীরাজন করা কর্ত্তব্য এবং ঐ নীরাজনের জন্য সুবর্ণাদি নির্ম্মিত উৎকৃষ্ট পাত্রে কর্পূর বা ঘৃতদ্বারা বিজোড় ও অনেক পলিতা (বর্ত্তিকা) দিয়া দীপ জ্বালিবে ॥২৯৭-২৯৮ ॥

টীকা—তদর্থং মহানীরাজননিমিত্তম্। আরাত্রিকং দীপং শুভে উত্তমে সুবর্ণাদি-নির্ম্মিতে বিস্তীর্ণে পাত্রে বিষমা অযুগ্মা অনেকাশ্চ বদ্ধা বর্ত্তিকা বর্ত্ত্যো যস্মিন্ তম্ ॥ ২৯৮ ॥

অথ নীরাজনমাহাত্ম্যম্

স্কান্দে ব্রহ্মনারদ-সংবাদে—

বহুবর্ত্তিসমাযুক্তং জ্বলন্তং কেশবোপরি ।
কুর্য্যাদারাত্রিকং যস্তু কল্পকোটিং বসেদ্দিবি ॥ ২৯৯ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্মনারদ-সংবাদে বলা হইয়াছে—যিনি বহু পলিতাযুক্ত জ্বলন্ত দীপ দ্বারা

শ্রীকেশবের শিরোদেশে আরাত্রিক করেন, কোটি কল্প-কাল পর্য্যন্ত তিনি স্বর্গে বাস করেন ॥ ২৯৯ ॥

কর্পূরেণ তু যঃ কুর্য্যাৎ ভক্ত্যা কেশবমূর্দ্ধনি।
আরাত্রিকং মুনিশ্রেষ্ঠ প্রবিশেদ্বিষ্ণুমব্যয়ম্ ॥ ৩০০ ॥

অনুবাদ—হে মুনিশ্রেষ্ঠ! কর্পূরদ্বারা ভক্তিপূর্ব্বক যিনি শ্রীকেশবের মস্তকে নীরাজন করেন, তিনি অব্যয় শ্রীবিষ্ণুর নিকটেই বাস করিবার অধিকার লাভ করেন ॥ ৩০০ ॥

টীকা—কেশবোপরীতি, কেশবমূর্দ্ধনীতি চ; প্রায়ঃ শ্রীমস্তকনির্ম্মঞ্ছনং বোধয়তি প্রবিশেদিতি অত্যন্তসন্নিকৃষ্টো ভূত্বা তিষ্ঠেদিত্যর্থঃ। ন ব্যয়ো ভক্তানাং যস্মাদিতি মোক্ষো নিরস্ত এব ॥২৯৯-৩০০॥

তত্রৈবান্যত্র—

দীপ্তিমন্তং সকর্পূরং করোত্যারাত্রিকং নৃপ।
কৃষ্ণস্য বসতে লোকে সপ্ত কল্পানি মানবঃ ॥৩০১॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই অন্যত্র বলা হইয়াছে—হে রাজন্! যে ব্যক্তি জ্বলন্ত কর্পূরযুক্ত দীপদ্বারা নীরাজন করেন, তিনি সাতকল্প কাল পর্য্যন্ত শ্রীকৃষ্ণ-ধামে বাস করেন ॥ ৩০১ ॥

টীকা—সপ্ত কল্পানীতি অসংখ্যত্বে তাৎপর্য্যম্, অথবা শ্বেতদ্বীপাদৌ বৈকুণ্ঠলোকে তাবৎকালং স্থিত্বা পশ্চাৎ পরমোৎসাহেন তাদৃশভক্তিপ্রচারণায় স্বেচ্ছয়া অবতরণাভিপ্রায়েণোক্তম্ ॥ ৩০১ ॥

তত্রৈব শ্রীশিব-উমা-সংবাদে—

মন্ত্রহীনং ক্রিয়াহীনং যৎ কৃতং পূজনং হরেঃ।
সর্ব্বং সম্পূর্ণতামেতি কৃতে নীরাজনে শিবে ॥৩০২॥

অনুবাদ—ঐ গ্রন্থেই শ্রীশিব-উমা-সংবাদে বলা হইয়াছে—হে পার্ব্বতি! ভগবানের নীরাজন করিলে মন্ত্রবর্জ্জিত ও ক্রিয়াবর্জ্জিত পূজাও সম্পূর্ণ ফলপ্রদ হয় ॥ ৩০২ ॥

টীকা—শিবে হে পার্ব্বতি ॥ ৩০২ ॥

হরিভক্তিসুধোদয়ে—

কৃত্বা নীরাজনং বিষ্ণোর্দীপাবল্যা সুদৃশ্যয়া।
তমোবিকারং জয়তি জিতে তস্মিংশ্চ কো ভবঃ ॥৩০৩

অনুবাদ—শ্রীহরিভক্তিসুধোদয়ে উক্ত হইয়াছে—সুদৃশ্য দীপরাজিদ্বারা শ্রীবিষ্ণুর নীরাজন করিলে তমোবিকার কামক্রোধাদি অথবা অজ্ঞানবিকার অভিমান প্রভৃতি বিনষ্ট হয় এবং সংসারও নাশ হয় ॥ ৩০৩ ॥

টীকা—তমস্তমোগুণঃ অজ্ঞানং বা সত্ত্বাবরকত্বাৎ, তস্য বিকারং কামক্রোধাদিকং, দ্বিতীয়পক্ষে দেহাভি-মানাদিকং, তস্মিন্ তমোবিকারে; ভবঃ সংসারঃ কঃ স্যাৎ, অপি তু ন কশ্চিদপি, স্বতএব জিতো ভবতীত্যর্থঃ ॥ ৩০৩ ॥

অন্যত্র চ—

কোটয়ো ব্রহ্মহত্যানামগম্যাগমকোটয়ঃ।
দহত্যালোকমাত্রেণ বিষ্ণোঃ সারাত্রিকং মুখম্ ॥
ইতি ॥ ৩০৪ ॥

অনুবাদ—অন্যত্রও বলা হইয়াছে—নীরাজন সময়ে দীপালোকে অধিক শোভমান শ্রীবিষ্ণুর শ্রীমুখ দর্শনমাত্রই কোটি কোটি ব্রহ্মঘ্নপাপ ও কোটি কোটি অগম্যাগমন জনিত পাপ দগ্ধ হইয়া যায় ॥ ৩০৪ ॥

টীকা—কোটয়ঃ কোটীঃ, যা কোটয়স্তা ইতি বা; সারাত্রিকং দীপসহিতং দীপালোকেনাধিকং শোভমান-মিত্যর্থঃ ॥ ৩০৪ ॥

যচ্চ দীপস্য মাহাত্ম্যং পূর্ব্বং লিখিতমস্তি তৎ।
দ্রষ্টব্যং সর্ব্বমত্রাপি প্রায়েণাভেদতোঽনয়োঃ ॥৩০৫

অনুবাদ—ধূপ প্রদানের পর অর্পিত দীপ ও নীরা-জন দীপ, এই দুই প্রকার দীপের পার্থক্য না থাকায় পূর্ব্বে দীপের যে সমস্ত মাহাত্ম্য বর্ণিত হইয়াছে, এস্থলেও প্রায় সেই সমস্তই জানিতে হইবে ॥ ৩০৫ ॥

টীকা—অত্র নীরাজনেঽপি তৎ সর্ব্বং মাহাত্ম্যং দ্রষ্টব্যং মন্তব্যং জ্ঞেয়ম্। তত্র হেতুঃ—অনয়োঃ ধূপানন্তরদীপস্য এতন্নীরাজনদীপস্য চেতি দ্বয়োর-ভেদাৎ। প্রায়েণেতি স্বমতে বর্ত্ত্যাদিভেদাৎ ॥ ৩০৫ ॥

অতঃ সাদরমুত্থায় মহানীরাজনস্ত্বিদম্ ।
দ্রষ্টব্যং দীপবৎ সর্ব্বৈর্বন্দ্যমারাত্রিকঞ্চ যৎ ॥৩০৬॥

অনুবাদ—অতএব সকলে সাদরে উত্থিত হইয়া এই মহানীরাজন দীপকেও নীরাজন দীপের ন্যায় দর্শন ও বন্দনা করিবেন ॥ ৩০৬ ॥

টীকা—অতোঽস্মান্মাহাত্ম্যবিশেষাৎ ॥ ৩০৬ ॥

তদুক্তং শ্রীপুলস্ত্যেন বিষ্ণুধর্ম্মে—
ধূপং চারাত্রিকং পশ্যেৎ করাভ্যাঞ্চ প্রবন্দতে ।
কুলকোটিং সমুদ্ধৃত্য যাতি বিষ্ণোঃ পরং পদম্ ॥৩০৭

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীপুলস্ত্য মুনির কথায়—ধূপ ও নীরাজন দীপ দর্শন এবং হস্তদ্বয়দ্বারা বন্দনা করিলে কোটিকুল উদ্ধার হয় ও বিষ্ণুধাম লাভ করা যায় ॥ ৩০৭ ॥

মূলাগমে চ—
নীরাজনঞ্চ যঃ পশ্যেদ্দেবদেবস্য চক্রিণঃ ।
সপ্ত জন্মানি বিপ্রঃ স্যাদন্তে চ পরমং পদম্ ॥৩০৮॥

অনুবাদ—মূলাগমেও এইরূপই বলা হইয়াছে—যিনি দেবদেব চক্রধারীর নীরাজন দর্শন করেন, তিনি সপ্তজন্ম বিপ্র হইয়া পরিণামে পরমপদ লাভ করেন ॥ ৩০৮ ॥

অথ শঙ্খাদিবাদন-মাহাত্ম্যম্

বৃহন্নারদীয়ে শ্রীযমভগীরথ-সংবাদে—
কেশবায়তনে রাজন্ কুর্ব্বন্ শঙ্খরবং নরঃ ।
সর্ব্বপাপ-বিনির্ম্মুক্তো ব্রহ্মণা সহ মোদতে ॥ ৩০৯ ॥

অনুবাদ—অতঃপর শঙ্খাদিবাদন মাহাত্ম্য বৃহন্নারদীয়পুরাণে শ্রীযম-ভগীরথ-সংবাদে যথা—হে রাজন্! শ্রীকেশবের মন্দিরে শঙ্খবাদ্যকারী সকল পাপ হইতে পরিত্রাণ লাভ করিয়া ব্রহ্মলোকে বাস করেন ॥ ৩০৯ ॥

করশব্দং প্রকুর্ব্বন্তি কেশবায়তনেষু যে ।
তে সর্ব্বে পাপনির্ম্মুক্তা বিমানেশা যুগদ্বয়ম্ ॥ ৩১০ ॥

অনুবাদ—যাঁহারা কেশবের গৃহে করধ্বনি করেন, তাঁহারা সকল পাপমুক্ত হইয়া দুইযুগ বিমানসমূহের ঈশ্বরত্ব লাভ করেন ॥ ৩১০ ॥

টীকা—বিমানানামীশাঃ স্বামিনো ভবন্তি ॥ ৩১০॥

তালাদিকাংস্যনিনদং কুর্ব্বন্ বিষ্ণুগৃহে নরঃ ।
যৎ ফলং লভতে রাজন্ শৃণুষ্ব গদতো মম ॥৩১১॥
সর্ব্বপাপ-বিনির্ম্মুক্তো বিমানশত-সঙ্কুলঃ ।
গীয়মানশ্চ গন্ধর্ব্বৈর্বিষ্ণুনা সহ মোদতে ॥ ৩১২ ॥

অনুবাদ—হে রাজন্! শ্রীবিষ্ণুর মন্দিরে তাল প্রভৃতি কাংস্যধ্বনি করিলে মানুষের যে ফল লাভ হয়, আমি তাহা বলিতেছি শ্রবণ করুন। ঐ বাদক মনুষ্য সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া শত শত বিমানে আরোহণ পূর্ব্বক শ্রীবিষ্ণুর সহিত আনন্দ ভোগ করিয়া থাকেন এবং গন্ধর্ব্বগণ তাঁহার কীর্ত্তিগাথা কীর্ত্তন করেন ॥ ৩১১-৩১২ ॥

ভেরীমৃদঙ্গপটহ-নিশানাদ্যৈশ্চ ডিণ্ডিমৈঃ ।
সন্তর্প্য দেবদেবেশং যৎ ফলং লভতে শৃণু ॥ ৩১৩ ॥
দেবস্ত্রীশত-সংযুক্তঃ সর্ব্বকামসমন্বিতঃ ।
স্বর্গলোকমনুপ্রাপ্য মোদতে পঞ্চকল্পকম্ ॥
ইতি ॥ ৩১৪ ॥

অনুবাদ—ভেরী, মৃদঙ্গ পটহ, নিশানবাদ্য ও ডিণ্ডিমাদি বাদ্যযন্ত্র দ্বারা দেবদেব শ্রীবিষ্ণুকে সন্তুষ্ট করিতে পারিলে যে ফল লাভ হয়, তাহা অবধান করুন। সেই বাদক ব্যক্তি শত শত দেবস্ত্রীগণ কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া ও সর্ব্বকাম সমন্বিত হইয়া দেবলোকে গমন করেন এবং পঞ্চকল্প ধরিয়া সেখানে বিহার করেন ॥ ৩১৩-৩১৪ ॥

টীকা—নিশানো বাদিত্রবিশেষঃ ॥ ৩১৩ ॥

অথ সজলশঙ্খনীরাজনম্

ততশ্চ সজলং শঙ্খং ভগবন্মস্তকোপরি ।
ত্রির্ভ্রাময়িত্বা কুর্ব্বীত পুনর্নীরাজনং প্রভোঃ ॥ ৩১৫ ॥

অনুবাদ—তারপর জলপূর্ণ শঙ্খ ভগবানের মস্ত-

কোপরি তিনবার ঘুরাইয়া পুনরায় প্রভুর নীরাজন করিবে ॥ ৩১৫ ॥

টীকা—জলপূর্ণশঙ্খেন পুনর্নীরাজনং লিখতি—ততশ্চেতি ॥ ৩১৫ ॥

তন্মাহাত্ম্যঞ্চ

দ্বারকামাহাত্ম্যে তত্রৈব—

শঙ্খে কৃত্বা তু পানীয়ং ভ্রামিতং কেশবোপরি।
সন্নিধৌ বসতে বিষ্ণোঃ কল্পান্তং ক্ষীরসাগরে ॥
ইতি ॥ ৩১৬ ॥

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যের ঐ স্থানেই তন্মাহাত্ম্য বলা হইয়াছে যথা—যিনি জলপূর্ণ শঙ্খ শ্রীকেশবের মস্তকোপরি ভ্রমণ করাইয়া থাকেন, তিনি কল্পান্তকাল পর্য্যন্ত ক্ষীরসাগরে শ্রীবিষ্ণুর নিকট বাস করিতে পারেন ॥ ৩১৬ ॥

টীকা—যেন ভ্রামিতং, স বসতে বসতি ॥৩১৬॥

নীরাজনদ্বয়ং চৈতত্তাম্বূলস্যার্পণাৎ পরং।
কেচিদিচ্ছন্তি কেচিচ্চ দর্পণার্পণতঃ পরম্ ॥ ৩১৭ ॥

অনুবাদ—কেহ কেহ তাম্বূল প্রদানের পর, কেহ বা দর্পণ অর্পণ করার পর এই দুই প্রকার নীরাজন করেন ॥ ৩১৭ ॥

তথা চ পঞ্চরাত্রে—

পুনরাচমনং দদ্যাৎ করোদ্বর্ত্তনমেব চ।
সকর্পূরঞ্চ তাম্বূলং কুর্য্যান্নীরাজনং তথা ॥ ৩১৮ ॥
সমর্প্য মুকুটাদীনি ভূষণানি বিচক্ষণঃ।
আদর্শয়েত্তথাদর্শং প্রকল্প্য ছত্রচামরে ॥ ৩১৯ ॥

অনুবাদ—এই বিষয়ে পঞ্চরাত্রে বর্ণিত হইয়াছে—পুনরাচমন, হস্তমার্জ্জন ও কর্পূরের সহিত তাম্বূল অর্পণ করিয়া নীরাজন করিবে। পণ্ডিতব্যক্তি মুকুটাদি ভূষণ, ছত্র, ও চামর অর্পণ পূর্ব্বক দর্পণ দেখাইবেন ॥ ৩১৮-৩১৯ ॥

গারুড়ে চ—

অথ ভুক্তবতে দত্ত্বা জলৈঃ কর্পূরবাসিতৈঃ।
আচমনঞ্চ তাম্বূলং চন্দনৈঃ করমার্জ্জনম্ ॥ ৩২০ ॥
পুষ্পাঞ্জলিং ততঃ কৃত্বা ভক্ত্যাদর্শং প্রদর্শয়েৎ।
নীরাজনং পুনঃ কার্য্যং কর্পূরং বিভবে সতি ॥৩২১॥

অনুবাদ—গরুড়পুরাণে এই বিষয়ে বলা হইয়াছে—ভোজনের পর প্রথমতঃ আচমনের জন্য কর্পূর বাসিত জল, তারপর তাম্বূল, তারপর করমার্জ্জনের জন্য চন্দন নিবেদন করিয়া পুষ্পাঞ্জলি দিবে এবং তৎপরে ভক্তিসহকারে দর্পণ দেখাইবে। সামর্থ্য থাকিলে তারপর কর্পূরদ্বারা পুনরায় নীরাজন করিবে ॥৩২০-৩২১ ॥

অতএব বায়ুপুরাণে—

আরাত্রিকন্তু নিঃস্নেহং নিঃস্নেহয়তি দেবতাম্।
অতঃ সংশময়িত্বৈব পুনঃ পূজনমাচরেৎ ॥ ৩২২ ॥

অনুবাদ—অতএব বায়ুপুরাণে বর্ণিত হইয়াছে—নীরাজন পাত্র স্নেহরহিত হইলে দেবতাকে স্নেহরহিত করে, এই জন্য তাহা নির্ব্বাপণ করিয়া পুনরায় পূজা আরম্ভ করিবে ॥ ৩২২ ॥

তাৎপর্য্য—পূর্ব্বে দীপ-নির্ব্বাপণের যে সমুদায় দোষ লিখিত হইয়াছে তাহা দীপসম্বন্ধেই জানিতে হইবে, নীরাজন বিষয়ে নহে।

টীকা—আরাত্রিকং নীরাজনপাত্রং নিঃস্নেহং ঘৃতাদিরহিতং, নিঃস্নেহাং দয়ারহিতাং, সংশময়িত্বা সংশময্য নির্ব্বাপ্যেত্যর্থঃ। যশ্চ পূর্ব্বং দীপনির্ব্বাপণদোষ উক্তঃ, স দীপবিষয়ক এব, ন তু নীরাজনবিষয়কো জ্ঞেয়ঃ ॥ ৩২২ ॥

অতএব দ্বারকামাহাত্ম্যে তত্রৈব—

কৃত্বা পূজাদিকং সর্ব্বং জ্বলন্তং কৃষ্ণমূর্দ্ধনি।
আরাত্রিকং প্রকুর্ব্বাণো মোদতে কৃষ্ণসন্নিধৌ ॥
॥ ইতি ॥ ৩২৩ ॥

অনুবাদ—অতএব দ্বারকামাহাত্ম্যে ঐ স্থানেই কথিত হইয়াছে—যিনি পূজাদি সমুদায় সম্পাদন করিয়া প্রজ্বলিত দীপপঙ্ক্তিদ্বারা শ্রীকৃষ্ণের মস্তকো-

পরি নীরাজন করেন, তিনি শ্রীকৃষ্ণসন্নিধানে আনন্দ-ভোগের অধিকারী হন ॥ ৩২৩ ॥

কেচিন্নীরাজনাৎ পশ্চাদিচ্ছন্তি প্রণতিং ততঃ।
প্রদক্ষিণং ততঃ স্তোত্রং গীতনৃত্যাদিকং ততঃ ॥৩২৪

অনুবাদ—কেহ কেহ নীরাজনের পর প্রণাম, তারপর প্রদক্ষিণ, তারপর স্তব ও শেষে নৃত্যাদি ইচ্ছা করেন ॥ ৩২৪ ॥

টীকা—প্রণতিং বন্দনং, ততঃ প্রণতেঃ পশ্চাৎ প্রদক্ষিণমিচ্ছন্তি, এবমগ্রেঽপি ॥ ৩২৪ ॥

এবং ভাগবতাঃ স্বস্বসম্প্রদায়ানুসারতঃ।
প্রবর্ত্তন্তে প্রভোর্ভক্তৌ ভক্ত্যা সর্ব্বং হি শোভনম্ ॥৩২৫
ততো নিক্ষিপ্য দেবস্যোপরি পুষ্পাঞ্জলিত্রয়ম্।
বিচিত্রৈর্মধুরৈঃ স্তোত্রৈঃ স্তুতিং কুর্ব্বীত
ভক্তিমান্ ॥ ৩২৬ ॥

অনুবাদ—বৈষ্ণবগণ এইরূপে নিজ নিজ সম্প্রদায় অনুসারে ভক্তির সহিত প্রভুর অর্চ্চনাদি করিবেন, যেহেতু ভক্তি-পূর্ব্বক যে-সমস্ত কার্য্য কৃত হয়, সে, সমস্তই সম্পূর্ণ হয় ॥ ৩২৪ ॥

অনুবাদ—অতঃপর ভক্তিভরে শ্রীহরির মস্তকে তিনবার পুষ্পাঞ্জলি অর্পণ করিয়া বিচিত্র ও মধুর স্তোত্রদ্বারা স্তব করিবেন ॥ ৩২৫-৩২৬ ॥

টীকা—ননু পরস্পরং সংবাদাভাবেনানির্দ্ধার-দোষঃ স্যাত্তত্র লিখতি—ভক্ত্যেতি ॥ ৩২৫ ॥

অথ স্তুতিবিধিঃ

মহাভারতে—

আরিরাধয়িষুঃ কৃষ্ণং বাচং জিগদিষামি যাম্।
তয়া ব্যাস-সমাসিন্যা প্রীয়তাং মধুসূদনঃ ॥
ইতি ॥ ৩২৭ ॥

অনুবাদ—মহাভারতে যথা—শ্রীকৃষ্ণের আরাধন বাসনায় যে সকল বাক্য বলিতে চাই, বিস্তৃত ও সংক্ষিপ্ত সেই সকল বাক্যদ্বারা শ্রীমধুসূদনের প্রসন্নতা বিহিত হউক ॥ ৩২৭ ॥

টীকা—কৃষ্ণমারিরাধয়িষুঃ আরাধয়িতুমিচ্ছন্, জিগদিষামি গদিতুমিচ্ছামি, ব্যাসো বিস্তারঃ, সমাসঃ সংক্ষেপস্তদ্‌যুক্তয়া, তয়া বাচা ॥ ৩২৭ ॥

আরম্ভে চ স্তুতেরেতং শ্লোকং স্তুতিপরঃ পঠেৎ।
সত্যাং তস্যাং সমাপ্তৌ চ শ্লোকং সঙ্কীর্ত্তয়েদিমম্ ॥৩২৮
ইতি বিদ্যাতপোযোনিরযোনির্বিষ্ণুরীরিতঃ।
বাগ্‌যজ্ঞেনার্চ্চিতো দেবঃ প্রীয়তাং মে জনার্দ্দনঃ ॥৩২৯

অনুবাদ—স্তুতিকারী স্তুতির আরম্ভে পূর্ব্বে কথিত 'আরিরাধয়িষু' ইত্যাদি শ্লোক ও স্তুতি সমাপ্ত হইলে পশ্চাৎ কথিত 'ইতি বিদ্যা' ইত্যাদি শ্লোক পাঠ করিবেন। বিদ্যা ও তপস্যার হেতু এই অযোনিজ, বাক্য ও যজ্ঞদ্বারা পূজিত দেবজনার্দ্দন আমার প্রতি প্রসন্ন হউন ॥ ৩২৮-৩২৯ ॥

টীকা—এতম্ আরিরাধয়িষুরিত্যাদিকং, তস্যাঃ স্তুতেঃ সমাপ্তৌ সত্যাম্। ইমম্ ইতি—বিদ্যেত্যাদিকম্ ॥ ৩২৮ ॥

অথ স্তোত্রাণি

পূর্ব্বতাপনীয়শ্রুতিষু —

ওঁ নমো বিশ্বরূপায় বিশ্বস্থিত্যন্তহেতবে।
বিশ্বেশ্বরায় বিশ্বায় গোবিন্দায় নমো নমঃ ॥ ৩৩০ ॥
নমো বিজ্ঞানরূপায় পরমানন্দরূপিণে।
কৃষ্ণায় গোপীনাথায় গোবিন্দায় নমো নমঃ ॥৩৩১॥
নমঃ কমলনেত্রায় নমঃ কমলমালিনে।
নমঃ কমলনাভায় কমলাপতয়ে নমঃ ॥ ৩৩২ ॥
বর্হাপীড়াভিরামায় রামায়াকুণ্ঠমেধসে।
রমামানসহংসায় গোবিন্দায় নমো নমঃ ॥ ৩৩৩ ॥
কংসবংশবিনাশায় কেশিচানূরঘাতিনে।
বৃষভধ্বজবন্দ্যায় পার্থসারথয়ে নমঃ ॥ ৩৩৪ ॥
বেণুবাদনশীলায় গোপালায়াহিমর্দ্দিনে।
কালিন্দীকূললোলায় লোলকুণ্ডলবল্গবে ॥ ৩৩৫ ॥
বল্লবীনয়নাম্ভোজ-মালিনে নৃত্যশালিনে।
নমঃ প্রণতপালায় শ্রীকৃষ্ণায় নমো নমঃ ॥ ৩৩৬ ॥
নমঃ পাপপ্রণাশায় গোবর্দ্ধনধরায় চ।
পূতনাজীবিতান্তায় তৃণাবর্ত্তাসু-হারিণে ॥ ৩৩৭ ॥

অনুবাদ—পূর্ব্বতাপনীয় শ্রুতিতে যথা—বিশ্বের সৃষ্টি, স্থিতি ও নাশের কারণ, বিশ্বের ঈশ্বর ও বিশ্বরূপ গোবিন্দকে প্রণাম। বিজ্ঞান ও পরমানন্দস্বরূপ গোপীনাথ গোবিন্দ ও কৃষ্ণকে নমস্কার। পদ্মলোচন, পদ্মমালী, পদ্মনাভ, পদ্মাপতিকে নমস্কার। যাঁহার মস্তক ময়ূরপুচ্ছ শোভিত, অকুণ্ঠবুদ্ধিবিশিষ্ট, লক্ষ্মীর মানসসরোবরের হংসস্বরূপ সেই গোবিন্দকে প্রণাম। কংসবংশনাশকারী, কেশী ও চানুর নিধনকারী, মহাদেবের বন্দনীয় এবং অর্জ্জুন সারথিকে নমস্কার। বেণুবাদনরত, গোরক্ষক, কালিয়মর্দ্দন, কালিন্দী কূলবিহারী, চঞ্চলকুণ্ডলদ্বারা শোভমান, গোপীগণের নয়নকমলের মাল্যধারী, নৃত্যশালী এবং প্রণতগণের পালক শ্রীকৃষ্ণকে নমস্কার। পাপ-প্রণাশক, গোবর্দ্ধনধারী, পূতনা ও তৃণাবর্ত্তের প্রাণ বিনাশকারীকে প্রণাম ॥ ৩৩০-৩৩৭ ॥

টীকা—লোলাভ্যাং কুণ্ডলাভ্যাং, বলগবে সুন্দরায়, বল্লবীনাং নয়নান্যেবাম্ভোজানি, তেষাং মালা পঙ্‌ক্তীস্তদ্বতে, তাভিঃ সদা পরময়া শক্ত্যা দৃশ্যমানয়েত্যর্থঃ ॥ ৩৩৫-৩৩৬ ॥

———

নিষ্কলায় বিমোহায় শুদ্ধায়াশুদ্ধিবৈরিণে।
অদ্বিতীয়ায় মহতে শ্রীকৃষ্ণায় নমো নমঃ ॥ ৩৩৮ ॥
প্রসীদ পরমানন্দ প্রসীদ পরমেশ্বর।
আধিব্যাধিভুজঙ্গেন দষ্টং মামুদ্ধর প্রভো ॥ ৩৩৯ ॥
শ্রীকৃষ্ণ রুক্মিণীকান্ত গোপীজনমনোহর।
সংসারসাগরে মগ্ন মামুদ্ধর জগদ্‌গুরো ॥ ৩৪০ ॥
কেশব ক্লেশহরণ নারায়ণ জনার্দ্দন।
গোবিন্দ পরমানন্দ মাং সমুদ্ধর মাধব ॥ ৩৪১ ॥

অনুবাদ—পরিপূর্ণ, মোহশূন্য শুদ্ধ, পরমপাবন, অতুলনীয় ও পরম পূজনীয় শ্রীকৃষ্ণকে নমস্কার। হে পরমানন্দ আপনি প্রসন্ন হউন, হে পরমেশ্বর! আপনি প্রসন্ন হউন। হে প্রভো! মনঃপীড়া ও ব্যাধিরূপ সর্পদষ্ট আমাকে আপনি রক্ষা করুন। হে কৃষ্ণ! হে রুক্মিণীকান্ত! হে গোপীজনমনোহারিন্! হে জগদ্‌গুরো! সংসারসাগরে মগ্ন আমাকে উদ্ধার করুণ। হে কেশব! হে ক্লেশনাশন! হে নারায়ণ! হে জনার্দ্দন, হে গোবিন্দ! হে পরমানন্দ! হে মাধব! আমাকে পরিত্রাণ করুন॥৩৩৮-৩৪১॥

টীকা—নিষ্কলায় পরিপূর্ণায় নির্ম্মায়ায়েতি বা, অশুদ্ধিবৈরিণে পরমপাবনায়েত্যর্থঃ। অদ্বিতীয়ায় নিরুপমায়েত্যর্থঃ ॥ ৩৩৮ ॥

———

বিশেষতঃ কলিকালে স্তোত্রাণি

একাদশস্কন্ধে (৫।৩৩-৩৪)—

ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং
তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যম্।
ভৃত্যার্ত্তিহং প্রণতপাল! ভবাব্ধিপোতং
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্ ॥ ৩৪২ ॥
ত্যক্ত্বা সুদুস্ত্যজসুরেপ্সিতরাজ্যলক্ষ্মীং
ধর্ম্মিষ্ঠ! আর্য্যবচসা যদগাদরণ্যম্।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবদ্
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্ ॥৩৪৩॥

অনুবাদ—একাদশস্কন্ধে যথা—হে প্রণতপালক! হে মহাপুরুষ! আপনার যে চরণকমল ধ্যানযোগ্য, ইন্দ্রিয় ও কুটুম্বাদি জনিত পরাভব বিনাশক, মনোরথপূরক, গঙ্গা প্রভৃতি তীর্থের আশ্রয়, শিব ও ব্রহ্মার স্তুত, আশ্রয়যোগ্য, ভক্তবৃন্দের দুঃখমোচনকারী এবং সংসাররূপ দুস্তরসাগর-পারকারী সেই শ্রীচরণযুগলকে আমি বন্দনা করি। হে ধর্ম্মিষ্ঠ মহাপুরুষ! যাহা অন্যের পক্ষে ত্যাগ করা দুষ্কর এবং দেবতাগণেরও বাঞ্ছিত, সেই রাজ্যলক্ষ্মী ত্যাগ করিয়া আপনি পিতৃবাক্যে বনে গমন করিয়াছিলেন এবং নিজপ্রিয়ার সন্তোষের জন্য মায়ামৃগের পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইয়াছিলেন, অতএব আপনার শ্রীচরণকমল আমি বন্দনা করি ॥ ৩৪২-৩৪৩ ॥

টীকা—বিশেষতঃ একাদশস্কন্ধোক্ত-শ্লোকদ্বয়েন কলিকালে স্তুয়াদিতি শিষ্টাচারাল্লিখতি—ধ্যেয়মিতি। হে প্রণতপাল! হে মহাপুরুষ! তে তব চরণারবিন্দং বন্দে। কথম্ভূতম্? ধ্যেয়ং ধ্যাতুং যোগ্যং, সদেতি সর্ব্বত্র সম্বধ্যতে। ধ্যেয়ত্বে হেতবঃ—ইন্দ্রিয়কুটুম্বাদিভির্যঃ পরিভবস্তিরস্কারঃ তং হন্তীতি তথা তৎ। কিঞ্চ, অভীষ্টদোহং মনোরথপূরকং, কিঞ্চ, তীর্থাস্পদং গঙ্গাদ্যাশ্রয়ত্বেন পরমপাবনং, কিঞ্চ, শিববিরিঞ্চিভ্যাং নুতং স্তুতম্, ননু তৌ কৃতার্থাবেব,

কিমর্থং তাভ্যাং নুতং তত্রাহ।—শরণ্যম্ আশ্রয়ণা-যোগ্যং সুখবিশেষার্থমিতি ভাবঃ; যদ্বা, পরমেশ্বরত্বেনাবশ্য-সেব্যত্বাৎ তন্নাহাত্ম্যবিশেষণাকর্ষণাদ্বা। ননু ব্রহ্মাদিস্তুত্যং কথং প্রাকৃতস্য গোচরঃ স্যাৎ? ন ভৃত্যার্ত্তিহং যস্য কস্যাপি ভৃত্যমাত্রস্যার্ত্তিহন্তারম্। ন কেবলমাগন্তুকমার্ত্তিমাত্রং হন্তি, ভবাব্ধিপোতং সংসারার্ণবতারকঞ্চ; যদ্বা, শিব-বিরিঞ্চিনুতমিতি পরমৈশ্বর্য্যমুক্ত্বা, শরণ্যমিতি শরণাগতবাৎসল্যমুক্ত্বা, ভক্তানাং সদা সঙ্গিত্বমাহ—ভৃত্যানামার্ত্তিং বিরহদুঃখং সাক্ষাৎকারাদিনা হন্তহীতি। কিঞ্চ, প্রণতান্ স্বস্বভক্তান্ বরদানাদিনা পালয়ন্তীতি প্রণতপালা ইন্দ্রাদয়ো দেবাস্তেষামপি ভবাব্ধিপোতম্ অথবা পরিভবম্নমভীষ্টদোহমিতি বিশেষণাভ্যাং কামিনাং সর্ব্বদুঃখনাশকত্বং কামপরিপূরকত্বং চোক্তম্; তীর্থাস্পদমিতি মুমুক্ষুণাং মুক্তিপ্রদত্বং, শিববিরিঞ্চিনুতমিতি মুক্তানামপি স্তুত্যত্বেন সুখবিশেষাত্মকত্বং পরমাকর্ষকত্বঞ্চ। শরণ্যং পরমাশ্রয়মিতি দাসানাং সর্ব্বপুরুষার্থময়ত্বং, কিংবা শরণং বৈকুণ্ঠধাম ভগবানেব বা তৎপ্রদমিত্যর্থঃ। ইতি পরমপদ-প্রদত্বং, ভৃত্যানাং রুক্মিণীপ্রভৃতীনাং ভার্য্যাণাং বিরহার্ত্তিঘ্নমিতি পরমপ্রেমবিষয়ত্বং; প্রণতান্ বৈষ্ণবান্ পালয়ন্তি, অন্নাদিদানেন পুষ্ণন্তি, দুষ্টজনাদিভ্যো বা রক্ষন্তীতি প্রণতপালাঃ; যদ্বা, প্রণতা বৈষ্ণবা এব পালাঃ পালকা যেষাং জনানাং তেষাং বৈষ্ণবসেবকানাং ভবাব্ধিপোতং ভক্তিপ্রদানেনানায়াসতো বৈকুণ্ঠলোকপ্রাপণাৎ; সংসারদুঃখপরম্পরাহারকমিতি—নিজদাসানুদাসানামপি সর্ব্বদুঃখক্ষপণাদিকম্ ॥ ৩৪২ ॥

টীকা—ইদানীং স্বয়মাপ্তকামত্বান্নৈরপেক্ষ্যং ভক্তার্থঞ্চ সাপেক্ষতাং দর্শয়ন্ শ্রীরামচন্দ্রং স্তৌতি—ত্যক্তেতি। হে ধর্ম্মিষ্ঠ সদাচারপ্রবর্ত্তক, হে মহাপুরুষ পুরুষোত্তম। অন্যৈর্দুস্ত্যজা যা সুরেপ্সিতা রাজ্যলক্ষ্মীরযোধ্যাসাম্রাজ্য-বিভূতিস্তাং ত্যক্ত্বা যত্তে চরণারবিন্দম অরণ্যং দণ্ডকবনাদিকমগাৎ; কিং রাজ্যবৈকল্যদর্শনেন? ন হি, আর্য্যস্য গুরোর্দশরথস্য বচসা কেকয়ীং প্রতি তদীয়বচনসত্যতা-প্রতিপালনায়েত্যর্থঃ; এবং ধর্ম্মিষ্ঠত্বমুক্ত্বা মহাপুরুষত্বং দর্শয়ন্ ভক্তজনবশ্যতামাহ—দয়িতয়া শ্রীসীতয়া ঈপ্সিতং মায়ামৃগং মায়য়া স্বর্ণময়াকারহরিণং যদন্বাবত্তদ্বন্দে; যদ্বা, 'কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণম্' (শ্রীভাঃ ১১।৫।৩২) ইতি তত্রৈব প্রাগুক্তেঃ, কলৌ শ্রীকৃষ্ণস্য পরমপূজ্যত্বাৎ তদীয়লীলাবর্ণনেন তমেব স্তৌতি—রাজ্যলক্ষ্মীং শ্রীমথুরাসম্পত্তিম্; অবিবক্ষিতত্বাদসন্ধিঃ; ধর্ম্মিষ্ঠস্য পূর্ব্বজন্মনি একাগ্রতয়া কৃতভগবদারাধনলক্ষণধর্ম্মস্য আর্য্যস্য শ্রীবসুদেবস্য; যদ্বা, ধর্ম্মিষ্ঠয়োরার্য্যয়োঃ শ্রীবসুদেবদেবক্যোর্বচসা, অত্র 'অদৃষ্টত্বসভ্যঃ' (শ্রীভাঃ (১০।৩।২২) ইত্যাদিনা বসুদেবস্য, 'জন্ম তে ময্যসৌ' (শ্রীভাঃ ১০।৩।২৯) ইত্যাদিনা দেবক্যাঃ। অরণ্যং বৃহদ্বনাদিকং; যদ্বা, ধর্ম্মিষ্ঠে ভক্তিলক্ষণধর্ম্মনিষ্ঠে শ্রীনন্দগোপরাজে, যদরণ্যং ব্রজভূমিলক্ষণং তৎ। এবং সত্যপি মহাপুরুষত্বেনৈব সদাচার-প্রবর্ত্তকত্বং ভক্তজনাধীনত্বঞ্চ জ্ঞেয়ম্। পরমদুর্ল্লভতামাহ—মায়য়া লক্ষ্ম্যা অপি মৃগ্যত ইতি মৃগম্; যদ্বা, ভক্তজনাধীনত্বমেবাহ—মায়য়া লক্ষ্ম্যা মৃগং ক্রীড়ামৃগবৎ পরাধীনমিত্যর্থঃ। অরণ্যগমনে নিগূঢ়হেতুন্তরম্—দয়িতয়া শ্রীরাধয়া ঈপ্সিতং পূর্ব্বস্মিন্নিহাপি জন্মনি বিবিধারাধনেন প্রাপ্তুমিষ্টমতএব অন্বধাবচারণ্যমেব। গোপালনাদিক্রীড়য়া সর্ব্বতো ধাবন্নিব পরিবভ্রামেত্যর্থঃ ॥ ৩৪৩ ॥

বৈদিকানীদৃশান্যেব কৃষ্ণে পৌরাণিকান্যপি।
তান্ত্রিকাণি চ শস্তানি স্তোত্রাণ্যপি নবান্যপি ॥ ৩৪৪ ॥

অনুবাদ—এইরূপ বেদোক্ত, পুরাণোক্ত তন্ত্রোক্ত, এবং নবীন কবিগণ রচিত স্তোত্রসকল শ্রীকৃষ্ণের প্রীতি বিধানে প্রশস্ত ॥ ৩।৪ ॥

টীকা—ঈদৃশানি এতাদৃশ-শ্রীগোকুললীলামৃতময়ানি বৈদিকানি কৃষ্ণস্তোত্রাণি শস্তানি ভবন্তি। যদ্বা, কৃষ্ণে শস্তানি তৎসুখকরাণীত্যর্থঃ। অভিনবানি আধুনিক-কবিনিবদ্ধানি ॥ ৩৪৪ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে হংসগীতায়াং—
অভ্রষ্টলক্ষণৈঃ কৃত্বা স্বয়ং বিরচিতাক্ষরৈঃ।
স্তবং ব্রাহ্মণশার্দ্দূলাস্তস্মাৎ কামানবাপ্নুয়াৎ ॥৩৪৫॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে হংসগীতায় উক্ত হইয়াছে—হে বিপ্র শ্রেষ্ঠগণ। যাহার লক্ষণ অভ্রষ্ট, এরূপ

স্বয়ং বিরচিত অক্ষর সকল দ্বারা শ্রীভগবানের স্তব করিলে তিনি নিখিল কামনা সফল করেন ॥ ৩৪৫ ॥

স্তুতিমাহাত্ম্যম্

বিষ্ণুধর্ম্মে—

সর্ব্বদেবেষু যৎ পুণ্যং সর্ব্ববেদেষু যৎ ফলম্ ।
নরস্তৎ ফলমাপ্নোতি স্তুত্বা দেবং জনার্দ্দনম্ ॥৩৪৬॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মে, যথা—দেবতাগণের আরাধনায় যে ফল হয় এবং সমস্ত বেদপাঠে যে ফল হয়, শ্রীজনার্দ্দনদেবের স্তুতি করিলেই সেই ফল হইয়া থাকে ॥ ৩৪৬ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

ন বিত্তদাননিচয়ৈর্বহুভির্মধুসূদনঃ ।
তথা তোষমবাপ্নোতি যথা স্তোত্রৈর্দ্বিজোত্তমাঃ ॥৩৪৭॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে যথা—হে দ্বিজশ্রেষ্ঠ ! শ্রীমধুসূদন স্তুতিদ্বারা যে প্রকার প্রীত হন, বহু বহু ধন দানেও সেই প্রকার প্রীত হন না ॥ ৩৪৭ ॥

নারসিংহে—

স্তোত্রৈর্জপৈশ্চ দেবাগ্রে যঃ স্তৌতি মধুসূদনম্ ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥ ৩৪৮ ॥

অনুবাদ—নৃসিংহপুরাণে বলা হইয়াছে—যিনি স্তোত্র ও জপদ্বারা শ্রীমধুসূদনের পুরোভাগে স্তব করেন, তিনি সমস্ত রকম পাপ হইতে সমুত্তীর্ণ হইয়া বিষ্ণুলোক লাভ করেন ॥ ৩৪৮ ॥

হরিভক্তিসুধোদয়ে—

স্তবৈরমেয়মাহাত্ম্যং ভক্তিগ্রথিতরম্যবাক্ ।
ভবেদ্ব্রহ্মাদিদুর্ল্লভ্য-প্রভুকারুণ্যভাজনম্ ॥ ৩৪৯ ॥

অনুবাদ—শ্রীহরিভক্তিসুধোদয়ে, যথা—যিনি ভক্তিপূর্ব্বক বিরচিত মনোহর স্তবদ্বারা ভগবানের অপরিমেয় মাহাত্ম্য বর্ণন করেন, তিনি প্রভুর, ব্রহ্মাদি-দেবগণ-দুর্ল্লভ করুণালাভের যোগ্য হন ॥ ৩৪৯ ॥

টীকা—ভক্ত্যা প্রেম্ণা গ্রথিতাঃ ক্রমেণ নিবদ্ধাঃ অতএব রম্যা বাগ্‌যস্য সঃ ; ব্রহ্মাদি-দুর্ল্লভ্যং যৎ প্রভোর্ভগবতঃ কারুণ্যং তস্য ভাজনং বিষয়ঃ ॥৩৪৯॥

যথা নরস্য স্তবতো বালকস্যেব তুষ্যতি ।
মুগ্ধবাক্যৈর্ন হি তথা বিবুধানাং জগৎপিতা ॥৩৫০॥

অনুবাদ—বালকের ন্যায় স্তবকারী মনুষ্যগণের মুগ্ধবাক্যে জগৎপিতা যে প্রকার প্রীত হন, বিদ্বানগণের বাক্যেও সেই প্রকার সন্তুষ্ট হন না ॥ ৩৫০ ॥

টীকা—বিবুধানাং দেবানাং বিদুষামপি বা ॥৩৫০

অবলং প্রভুরীপ্সিতোন্নতিং কৃতযত্নং
স্বযশঃস্তবে ঘৃণী ।
স্বয়মুদ্ধরতি স্তনার্থিনং,
পদলগ্নং জননীব বালকম্ ॥ ৩৫১ ॥

অনুবাদ—জননী যে প্রকার স্তনপানে ইচ্ছুক পদলগ্ন স্বীয় বালককে উঠাইয়া স্তন প্রদান করেন, সেই প্রকার দয়ালু প্রভু সযত্নে স্তবকারী অক্ষম-ব্যক্তিকে অভীষ্ট উন্নতি প্রদান করিয়া আশ্রয় দিয়া থাকেন ॥ ৩৫১ ॥

টীকা—অবলম্ অশক্তম্ ॥ ৩৫১ ॥

স্কান্দে অমৃতসারোদ্ধারে—

শ্রীকৃষ্ণস্তবরত্নৌঘৈর্যেষাং জিহ্বা ত্বলঙ্কৃতা ।
নমস্যা মুনিসিদ্ধানাং বন্দনীয়া দিবৌকসাম্ ॥৩৫২॥

অনুবাদ—স্কন্দপুরাণে অমৃতসারোদ্ধারে বলা হইয়াছে—যাঁহাদের জিহ্বা শ্রীকৃষ্ণের স্তবরূপ রত্ন সকলে অলঙ্কৃত হয়, তাঁহারা সিদ্ধ, মুনি ও দেবগণের বন্দনীয় হন ॥ ৩৫২ ॥

তত্রৈব কার্ত্তিক-মাহাত্ম্যে শ্রীব্রহ্মনারদ-সংবাদে—

স্তোত্রাণাং পরমং স্তোত্রং বিষ্ণোর্নামসহস্রকম্ ।
হিত্বা স্তোত্রসহস্রাণি পঠনীয়ং মহামুনে ॥ ৩৫৩ ॥

অনুবাদ—কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে উক্ত হইয়াছে—হে মহামুনে ! সহস্রস্তোত্র পরিত্যাগ

করিয়া স্তোত্রসমূহের মধ্যে শ্রেষ্ঠ বিষ্ণুর সহস্রনাম স্তব পাঠ করিবে ॥ ৩৫৩ ॥

তেনৈকেন মুনিশ্রেষ্ঠ পঠিতেন সদা হরিঃ।
প্রীতিমায়াতি দেবেশো যুগকোটিশতানি চ ॥
ইতি ॥ ৩৫৪ ॥

অনুবাদ—হে মুনিশ্রেষ্ঠ! সেই একটি মাত্র সহস্রনাম-স্তোত্র সতত পঠিত হইলে দেবেশ্বর শত-কোটি যুগকাল প্রীত থাকেন ॥ ৩৫৪ ॥

স্নানে যৎ স্তোত্রমাহাত্ম্যং লিখিতং লেখ্যমগ্রতঃ।
যচ্চ কীর্ত্তনমাহাত্ম্যং সর্ব্বং জ্ঞেয়মিহাপি তৎ ॥৩৫৫

অনুবাদ—স্নানপ্রকরণে যে স্তোত্রমাহাত্ম্য বর্ণিত হইয়াছে এবং ইহার পরে যে কীর্ত্তনমাহাত্ম্য বর্ণিত হইবে, সেই সকল মাহাত্ম্য এই স্তুতি প্রকরণেও জানিবে ॥ ৩৫৫ ॥

টীকা—যদ্যপি স্নপনে সহস্রনাম-মাহাত্ম্যং লিখিত-মস্তি, তথাপি স্তোত্রেষু মধ্যে সহস্রনাম-স্তোত্রস্য পরম-শ্রৈষ্ঠ্যাপেক্ষয়া পুনরত্রোল্লিখিতম্। যচ্চ কীর্ত্তনমাহাত্ম্য-মগ্রতো লেখ্যং তৎ সর্ব্বম্ ইহ স্তুতিমাহাত্ম্যেঽপি জ্ঞেয়ং, সর্ব্বেষামেবৈষাং কীর্ত্তনরূপত্বাৎ ॥ ৩৫৫ ॥

তন্নিত্যতা

বিষ্ণুধর্ম্মে—

নূনং তৎ কণ্ঠশালূকমথবা প্রতিজিহ্বিকা।
রোগো বান্যো ন সা জিহ্বা যা ন স্তৌতি হরেগুর্ণান্ ॥ ৩৫৬ ॥

অনুবাদ—অনন্তর স্তোত্রের নিত্যতা বিষয়ে শ্রীবিষ্ণু-ধর্ম্মোত্তরে, যথা—যে রসনা শ্রীহরিগুণ কীর্ত্তন না করে, তাহা কণ্ঠশালূক অর্থাৎ গলরোগবিশেষ অথবা আলজিহ্বা কিম্বা অন্যপ্রকার রোগ ॥ ৩৫৬ ॥

টীকা—কণ্ঠশালূকঃ গলরোগবিশেষঃ ॥ ৩৫৬ ॥

অথ বন্দনম্

প্রণমেদথ সাষ্টাঙ্গং তন্মুদ্রাঞ্চ প্রদর্শয়েৎ।
পঠেৎ প্রতিপ্রণামঞ্চ প্রসীদ ভগবন্নিতি ॥ ৩৫৭ ॥

অনুবাদ—অতঃপর সাষ্টাঙ্গ প্রণাম করিবে ও তন্মুদ্রা দেখাইবে এবং প্রত্যেক প্রণামেই 'হে ভগবন্! আপনি প্রসন্ন হউন' এইরূপ বলিবে ॥ ৩৫৭ ॥

তদুক্তমেকাদশে শ্রীভগবতা—

স্তবৈরুচ্চাবচৈঃ স্তোত্রৈঃ পৌরাণৈঃ প্রাকৃতৈরপি।
স্তুত্বা প্রসীদ ভগবন্নিতি বন্দেত দণ্ডবৎ ॥ ৩৫৮ ॥

অনুবাদ—একাদশস্কন্ধে শ্রীভগবান বলিয়াছেন—পৌরাণিক ও আধুনিক বিবিধ স্তুতি পাঠ করিয়া 'হে ভগবন্! আপনি সন্তুষ্ট হউন' বলিয়া দণ্ডবৎ নিপতিত হইয়া বন্দনা করিতে হইবে ॥ ৩৫৮ ॥

টীকা—প্রাকৃতৈরর্ব্বাচীনৈর্লোকভাষানিবদ্ধৈরিতি বা ॥ ৩৫৮ ॥

অথ প্রণামবিধিঃ

তত্রৈব—

শিরো মৎপাদয়োঃ কৃত্বা বাহুভ্যাঞ্চ পরস্পরম্।
প্রপন্নং পাহি মামীশ ভীতং মৃত্যুগ্রহার্ণবাৎ ॥ ৩৫৯ ॥

অনুবাদ—ঐ একাদশস্কন্ধেই বলা হইয়াছে—দুই হাত দিয়া আমার চরণযুগল ধারণ করিয়া মস্তক অবনত করিয়া 'হে প্রভো! আমি মৃত্যুর আক্রমণ-রূপ সাগর হইতে ভীত এবং আপনার শ্রীচরণে শরণাগত, আমাকে রক্ষা করুন'। এইরূপ নিবেদন করিতে করিতে প্রণাম করিবে ॥ ৩৫৯ ॥

টীকা—বাহুভ্যাং দক্ষিণোত্তরাভ্যাং পরস্পরং মম দক্ষিণোত্তরপাদৌ গৃহীত্বা; যদ্বা, পরস্পরং নিবদ্ধাভ্যাং কৃতাপরাধ ইব প্রপন্নং পাহীত্যাদি বিজ্ঞাপ্য প্রণমে-দিত্যর্থঃ ॥ ৩৫৯ ॥

কিঞ্চাগমে—

দোর্ভ্যাং পদ্ভ্যাঞ্চ জানুভ্যামুরসা শিরসা দৃশা।
মনসা বচসা চেতি প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ ॥ ৩৬০ ॥
জানুভ্যাঞ্চৈব বাহুভ্যাং শিরসা বচসা ধিয়া।
পঞ্চাঙ্গকঃ প্রণামঃ স্যাৎ পূজাসু প্রবরাবিমৌ ॥
ইতি ॥ ৩৬১ ॥

অনুবাদ—আরও আগমে যথা—দুই হাত, দুই পা, দুই হাঁটু, বক্ষঃস্থল, মাথা, দৃষ্টি, মন ও বাক্য এই আট অঙ্গদ্বারা প্রণাম 'অষ্টাঙ্গ' শব্দদ্বারা নিরূপিত হইয়াছে। দুই হাঁটু, দুই বাহু, মস্তক, বুদ্ধি ও বাক্য এই পঞ্চ অঙ্গদ্বারা প্রণাম পঞ্চাঙ্গ প্রণাম বলিয়া কথিত হয়। পূজার অঙ্গীভূত এই অষ্টাঙ্গ ও পঞ্চাঙ্গ প্রণামই বহুল প্রচলিত ॥ ৩৬০-৩৬১ ॥

টীকা—প্রণামেঽষ্টাঙ্গানি দর্শয়তি—পদ্ভ্যামিতি। পাদাদিভিঃ প্রণামঃ ক্রমেণ তত্তদঙ্গৈর্ভূম্যবষ্টম্ভনেন তৎসংস্পর্শনাৎ। দৃশা প্রণামঃ চক্ষুরীষন্নিমীলনাৎ, মনসা শিরো মৎপাদয়োঃ কৃত্বা ইত্যাদি-ধ্যানেন; বচসা চ ভগবন্ প্রসীদ, ইত্যাদিরূপেণোহ্যঃ॥ ৩৬০॥

টীকা—ইমৌ অষ্টাঙ্গপঞ্চাঙ্গপ্রণামৌ ॥ ৩৬১ ॥

গরুড়ং দক্ষিণে কৃত্বা কুর্য্যাত্তৎপৃষ্ঠতো বুধঃ।
অবশ্যঞ্চ প্রণামাংস্ত্রীন্ শক্তশ্চেদধিকাধিকান্ ॥৩৬২॥

অনুবাদ—বিদ্বান্ ব্যক্তি প্রণামের সময় শ্রীভগবানের নিকটে অবস্থিত গরুড়কে ডানদিকে রাখিয়া বাম দিকে প্রণাম করিবেন। প্রণাম অবশ্যই তিনবার করিতে হইবে। সামর্থ্য থাকিলে বেশীবার প্রণামে কোনও ক্ষতি নাই ॥ ৩৬২ ॥

টীকা—গরুড়ং ভগবদভিমুখে বর্ত্তমানং দক্ষিণে কৃত্বেতি ভগবতঃ পুরোভাগে পৃষ্ঠদেশে বামেঽত্যন্তনিকটে চ প্রণামনিষেধাৎ। তথা চাগ্রে লেখ্যম্—'অগ্রে পৃষ্ঠে বামভাগে' ইত্যাদি। ত্রীন্ প্রণামানবশ্যং কুর্য্যাৎ, যচ্চ নমস্কারেণ চৈকেনেত্যাদিকমগ্রে লেখ্যং তচ্চ মাহাত্ম্যপরতয়ৈব, ন তু বিধেয়ত্বেন। যথা একপ্রদক্ষিণায়া নিষিদ্ধত্বেঽপি 'প্রদক্ষিণেন চৈকেন' ইত্যাদিকং মাহাত্ম্যপরমেব সঙ্গচ্ছতে, অন্যথাতিবিরোধাৎ। শক্তশ্চেত্তবতি তর্হি ততোঽধিকান্ ষড়াদীন্ অষ্টচত্বারিংশদন্তান্, ততোপ্যঽধিকান্ অষ্টোত্তরশতাদীন্ কুর্য্যাৎ ॥ ৩৬২ ॥

তথা চ নারদপঞ্চরাত্রে—

সক্কিং বীক্ষ্য হরিং চাদ্যং গুরূন্ স্বগুরুমেব চ।
দ্বিচতুর্ব্বিংশদথবা চতুর্ব্বিংশত্তদর্দ্ধকম্।
নমেত্তদর্দ্ধমথবা তদর্দ্ধং সর্ব্বথা নমেৎ ॥ ৩৬৩ ॥

অনুবাদ—নারদপঞ্চরাত্রে এই বিষয়ে বলা হইয়াছে—প্রথমে শ্রীহরিকে তারপর নিজ গুরুবর্গকে (পিতা মাতা প্রভৃতিকে) ও নিজের শ্রীগুরুদেবকে আটচল্লিশবার কিংবা চব্বিশবার অথবা আঠারবার কিংবা নয়বার সর্ব্বথা প্রণামের বিধান আছে ॥৩৬৩
(সর্ব্বক্ষেত্রেই শয়ন ও ভোজনকালে প্রণাম অবিহিত)।

টীকা—সক্কিং ভোজনশয়নাদ্যবসরং, বীক্ষ্য আলোচ্য তদ্ব্যতিরিক্তকালে ইত্যর্থঃ। লোকে সদাচারানুসারতঃ, আদ্যং হরিং শ্রীকৃষ্ণম্। গুরবশ্চোক্তাঃ বৌধ্যে।—'যো ভাবয়তি যা সূতে যেন বিদ্যোপদিশ্যতে। জ্যেষ্ঠো ভ্রাতা চ ভর্ত্তা চ পঞ্চৈতে গুরবঃ স্মৃতাঃ॥' ইতি তান্। দ্বিচতুর্ব্বিংশদিতি অষ্টচত্বারিংশদিত্যর্থঃ ॥ ৩৬৩ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

দেবার্চ্চাদর্শনাদেব প্রণমেন্মধুসূদনম্।
স্থানাপেক্ষা ন কর্ত্তব্যা দৃষ্টার্চ্চাং দ্বিজসত্তমাঃ।
দেবার্চ্চাদৃষ্টিপূতং হি শুচি সর্ব্বং প্রকীর্ত্তিতম্ ॥৩৬৪

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরেও বলা হইয়াছে—হে বিপ্রেন্দ্রগণ! দেবপ্রতিমা দেখামাত্রই শ্রীমধুসূদনকে প্রণাম করিবে এই বিষয়ে কোন স্থানাপেক্ষা নাই। দেববিগ্রহ দর্শনের পর যাহাই দর্শন করা হউক না কেন, তাহা পবিত্র বলিয়া কীর্ত্তিত হইয়াছেন ॥৩৬৪॥

অথ নমস্কারমাহাত্ম্যম্

নারসিংহে—

নমস্কারঃ স্মৃতো যজ্ঞঃ সর্ব্বযজ্ঞেষু চোত্তমঃ।
নমস্কারেণ চৈকেন নরঃ পূতো হরিং ব্রজেৎ ॥৩৬৫॥

অনুবাদ—শ্রীনৃসিংহপুরাণে—নমস্কারকে যজ্ঞস্বরূপ বলা হইয়াছে এবং ইহাই সর্ব্বযজ্ঞ শিরোমণি। মনুষ্য একমাত্র নমস্কার দ্বারাই পবিত্র হইয়া শ্রীভগবানকে লাভ করার যোগ্য হয় ॥ ৩৬৫ ॥

টীকা—সর্ব্বেষু যজ্ঞেষু মধ্যে নমস্কারঃ উত্তমো যজ্ঞঃ দেবতারাধনং স্মৃতঃ স্মৃতিকৃদ্ভিঃ ॥ ৩৬৫ ॥

স্কান্দে—

দণ্ডপ্রণামং কুরুতে বিষ্ণবে ভক্তিভাবিতঃ।
রেণুসংখ্যং বসেৎ স্বর্গে মন্বন্তরশতং নরঃ ॥৩৬৬॥

অনুবাদ—স্কন্দপুরাণে—ভক্তিভরে শ্রীবিষ্ণুকে দণ্ডবৎ প্রণামকারীর প্রণামকালে যত সংখ্যক ধূলিকণা তাঁহার শরীরে যুক্ত হয়. তিনি তত শত মন্বন্তর দেবলোকে বাস করেন ॥ ৩৬৬ ॥

টীকা—রেণুসংখ্যমিতি—দণ্ডপ্রণামাচরণে যাবন্তো রেণবো গাত্রৈঃ সংস্পৃশ্যন্তে, তাবৎসংখ্যং তেষাং প্রত্যেকং মন্বন্তরশতং বসেদিত্যর্থঃ। এবমসংখ্যত্বে তাৎপর্য্যম্। স্বর্গে উর্দ্ধলোকে বসেদিতি বৈকুণ্ঠপ্রাপ্তৌ কস্যচিৎ ক্রমগত্যাপেক্ষয়া ॥ ৩৬৬ ॥

———

তত্রৈব শ্রীব্রহ্মনারদ-সংবাদে—

প্রণম্য দণ্ডবদ্ ভূমৌ নমস্কারেণ যোঽর্চ্চয়েৎ।
স যাং গতিমবাপ্নোতি ন তাং ক্রতুশতৈরপি।
নমস্কারেণ চৈকেন নরঃ পূতো হরিং ব্রজেৎ ॥৩৬৭

অনুবাদ—স্কন্দপুরাণেই শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে উক্ত হইয়াছে—মাটীতে দণ্ডের মত সমস্ত শরীর স্পর্শ করাইয়া প্রণামকারী ব্যক্তির পূজা শত শত যজ্ঞানুষ্ঠানের চেয়েও বেশী ফলপ্রদ। একমাত্র প্রণাম দ্বারাই মনুষ্য পবিত্র হইয়া শ্রীহরির নিকটে গমন করে ॥ ৩৬৭ ॥

টীকা—নমস্কারমাত্রেণ যোঽর্চ্চয়েৎ, প্রণামরূপমর্চ্চনং যঃ কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৩৬৭ ॥

———

তত্রৈব শ্রীশিবোমাসংবাদে—

ভূমিমাপীড্য জানুভ্যাং শির আরোপ্য বৈ ভুবি।
প্রণমেদ্‌যো হি দেবেশং সোঽশ্বমেধফলং লভেৎ ॥৩৬৮

অনুবাদ—ঐ গ্রন্থেরই শ্রীশিব-উমা-সংবাদে বলা হইয়াছে—মাটিতে হাঁটু দুইটি ও মস্তক স্থাপন করিয়া দেবদেব শ্রীভগবানকে যিনি প্রণাম করেন তিনি অশ্বমেধ যজ্ঞের ফলভাগী হইয়া থাকেন ॥ ৩৬৮ ॥

———

তত্রৈবান্যত্র—

তীর্থকোটিসহস্রাণি তীর্থকোটিশতানি চ।
নারায়ণ-প্রণামস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥৩৬৯॥
শাঠ্যেনাপি নমস্কারং কুর্ব্বতঃ শার্ঙ্গধন্বনে।
শতজন্মার্জ্জিতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি ॥৩৭০॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেরই অন্যস্থানে উক্ত আছে—শ্রীনারায়ণকে প্রণাম রূপ যজ্ঞদ্বারা আরাধনা করিলে যে ফল লাভ হয়, শত সহস্র কোটি তীর্থেও কলামাত্র লাভ হয় না। শঠতার সহিতও যদি শার্ঙ্গধন্বা শ্রীহরিকে নমস্কার করা যায়, তাহা হইলে শতজন্মের পাপ তৎক্ষণাৎ নাশ প্রাপ্ত হয় ॥ ৩৬৯-৩৭০ ॥

———

রেণুমণ্ডিতগাত্রস্য কণা দেহে ভবন্তি যৎ।
তাবদ্বর্ষসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ॥ ৩৭১ ॥

অনুবাদ—প্রণাম করিবার সময় শরীরে যতগুলি ধূলিকণা সংযুক্ত হয়, তত হাজার বৎসর সসম্মানে শ্রীবিষ্ণুলোকে অবস্থানের অধিকার জন্মে ॥ ৩৭১ ॥

টীকা—কণা রেণুপরিমাণবঃ, যদিত্যব্যয়ং যাবন্ত ইত্যর্থঃ। কলা যে ইতি পাঠেঽপি স এবার্থঃ ॥৩৭১

———

বিষ্ণুধর্ম্মোত্তরে—

অভিবাদ্য জগন্নাথং কৃতার্থশ্চ তথা ভবেৎ।
নমস্কারক্রিয়া তস্য সর্ব্বপাপ-প্রণাশিনী ॥ ৩৭২ ॥

অনুবাদ—এই বিষয়ে বিষ্ণুধর্ম্মোত্তরে—শ্রীজগন্নাথদেবকে প্রণামকারীব্যক্তি কৃতকৃতার্থ হন এবং তাঁহার সমস্ত প্রকার পাপ ধ্বংস হয় ॥ ৩৭২ ॥

———

জানুভ্যাঞ্চৈব পাণিভ্যাং শিরসা চ বিচক্ষণঃ।
কৃত্বা প্রণামং দেবস্য সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥৩৭৩

অনুবাদ—বুদ্ধিমান ব্যক্তি দুই হাঁটু, দুই হাত এবং মস্তক দ্বারা শ্রীভগবানকে প্রণাম করিলে কাম্যবস্তুসমূহ পাইতে পারেন ॥ ৩৭৩ ॥

———

বিষ্ণুপুরাণে—

অনাদিনিধনং দেবং দৈত্যদানবদারণম্‌ ।
যে নমন্তি নরা নিত্যং ন হি পশ্যন্তি তে যমম্‌ ॥৩৭৪

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে উক্ত হইয়াছে যে, দৈত্য-দানববিনাশী, অনাদি, অনন্ত, শ্রীভগবানকে যে সব মানুষ নিত্য প্রণাম করেন, তাঁহারা যমলোক দর্শন হইতে রক্ষা পান ॥ ৩৭৪ ॥

যে জনা জগতাং নাথ নিত্যং নারায়ণং দ্বিজাঃ ।
নমন্তি ন হি তে বিষ্ণোঃ স্থানাদন্যত্র গামিনঃ ॥৩৭৫

অনুবাদ—হে বিপ্রগণ ! জগন্নাথ শ্রীহরিকে সর্ব্বদা প্রণামকারী মনুষ্যগণ বিষ্ণুলোক হইতে অন্যত্র গমন করেন না ॥ ৩৭৫ ॥

নারদীয়ে—

একোঽপি কৃষ্ণস্য কৃতঃ প্রণামো
দশাশ্বমেধাবভৃথৈর্ন তুল্যঃ ।
দশাশ্বমেধী পুনরেতি জন্ম
কৃষ্ণপ্রণামী ন পুনর্ভবায় ॥ ৩৭৬ ॥

অনুবাদ—শ্রীনারদপুরাণে—একটিমাত্র প্রণাম শ্রীকৃষ্ণে প্রযুক্ত হইলে দশ সংখ্যক অশ্বমেধ যজ্ঞের অবভৃথস্নানের অপেক্ষাও বেশী ফল দান করে। দশাশ্ব-মেধ যজ্ঞকারী ব্যক্তির পুনর্জন্ম হয়, কিন্তু শ্রীকৃষ্ণকে প্রণামকারী ব্যক্তি আর জন্মগ্রহণ করেন না অর্থাৎ তিনি শ্রীকৃষ্ণধামে আশ্রয় লাভ করেন ॥ ৩৭৬ ॥

হরিভক্তিসুধোদয়ে—

বিষ্ণোর্দণ্ডপ্রণামার্থং ভক্তেন পততা ভুবি ।
পাতিতং পাতকং কৃৎস্নং নোত্তিষ্ঠতি পুনঃ সহ॥৩৭৭

অনুবাদ—শ্রীহরিভক্তিসুধোদয়ে বলা হইয়াছে—ভক্ত ব্যক্তি যখন শ্রীবিষ্ণুকে প্রণাম করেন, তখন তিনি দণ্ডবৎ ভূমিতে পতিত হয়েন, সেই সময় তাঁহার পাপ সকলও পাতিত বা বিনষ্ট হয়। পরে তিনি ভূমি-ত্যাগ করিয়া উত্থিত হন কিন্তু তাঁহার পাপগুলি আর উঠিতে পারে না তাহা নাশপ্রাপ্ত হয় ॥ ৩৭৭ ॥

টীকা—সহ তেন পুনর্নোত্তিষ্ঠতি কদাচিদপি পশ্চাত্তস্য পাতকং ন স্যাদিত্যর্থঃ ॥ ৩৭৭ ॥

পাদ্মে দেবদূত-বিকুণ্ডলসংবাদে—

তপস্তপ্ত্বা নরো ঘোরমরণ্যে নিয়তেন্দ্রিয়ঃ ।
যৎ ফলং সমবাপ্নোতি তন্নত্বা গরুড়ধ্বজম্‌ ॥৩৭৮॥

অনুবাদ—পদ্মপুরাণে দেবদূত-বিকুণ্ডল-সংবাদে বলা হইয়াছে—ইন্দ্রিয়সমূহ সংযত করিয়া বনমধ্যে নিয়ত দুষ্কর তপস্যার দ্বারা মনুষ্যগণ যে ফল লাভের অধিকারী হন, গরুড়ধ্বজ শ্রীভগবানকে নমস্কার করিলেই সেই ফল লাভ করা যায় ॥ ৩৭৮ ॥

কৃত্বাপি বহুশঃ পাপং নরো মোহসমন্বিতঃ ।
ন যাতি নরকং নত্বা সর্ব্বপাপহরং হরিম্‌ ॥ ৩৭৯ ॥

অনুবাদ—বহুপাপ-কার্য্য-হেতু মোহগ্রস্ত ব্যক্তি যদি শ্রীহরিকে নমস্কার করে, তাহা হইলে সে আর নিরয়গামী হয় না ॥ ৩৭৯ ॥

তত্রৈব বেদনিধিস্তুতৌ—

অপি পাপং দুরাচারং নরং তৎ প্রণতং হরে ।
নেক্ষন্তে কিঙ্করা যাম্যা উলূকাস্তপনং যথা ॥৩৮০॥

অনুবাদ—এই গ্রন্থেরই বেদনিধিস্তুতিতে বলা হইয়াছে—সূর্য্যের দিকে দৃষ্টিসঞ্চালনে অক্ষম পেচকের ন্যায় শ্রীহরিপ্রণামকারী দুরাচারী ও পাপী-দিগের প্রতিও যমদূতগণ দৃষ্টি সঞ্চালনে সক্ষম হন না ॥ ৩৮০ ॥

টীকা—নেক্ষন্তে ঈক্ষিতুমপি ন শক্নুবন্তীত্যর্থঃ ॥৩৮০

বিষ্ণুপুরাণে শ্রীযমস্য নিজভটানুশাসনে—

হরিমমরগণার্চ্চিতাঙ্ঘ্রি পদ্মং
প্রণমতি যঃ পরমার্থতো হি মর্ত্ত্যঃ ।
তমপগত-সমস্ত-পাপবন্ধং
ব্রজ পরিহৃত্য যথাগ্নিমাজ্যসিক্তম্‌ ॥ ৩৮১ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে যমরাজের দূতগণের অনুশাসনে—যাঁহার চরণকমল দেবতাগণেরও অর্চ্চ্য,

সেই শ্রীহরিকে ভক্তিসহকারে যে ব্যক্তি প্রণাম করেন, তাঁহার সমূহপাপরাশি বিনষ্ট হয়, অতএব হোমাগ্নির মত পবিত্র সেই মনুষ্যকে ত্যাগ করিয়া তোমরা অন্যত্র যাইবে ॥ ৩৮১ ॥

টীকা—পরমার্থতঃ তত্ত্বতঃ, অতএবাপগত-সমস্ত-পাপবন্ধম্ ॥ ৩৮১ ॥

ব্রহ্মবৈবর্ত্তে—

শরণাগতরক্ষণোদ্যতং হরিমীশং প্রণমন্তি যে নরাঃ।
ন পতন্তি ভবাম্বুধৌ স্ফুটং
পতিতানুদ্ধরতি স্ম তানসৌ ॥৩৮২॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বলা হইয়াছে যে, শরণাগতরক্ষক শ্রীহরিকে যে সমস্ত মানুষ প্রণাম করেন, সংসাররূপ সমুদ্রে তাঁহারা কখনই পতিত হন না, যদি বা কখনও পতিত হয়েন, তাহা হইলে শ্রীভগবানই দয়াপর বশ হইয়া তাঁহাদিগকে উদ্ধার করেন ॥ ৩৮২ ॥

টীকা—পূর্ব্বং পশ্চাদ্বা কথঞ্চিদ্ভবাম্বুধৌ পতিতানপি সতঃ তান্ প্রণামকর্ত্তৄন্ অসৌ হরিরুদ্ধরতি স্ম উদ্দধার; যদ্বা, স্ম হেতৌ, পতিতান্ ভ্রষ্টানপি তান্ নরানসাবুদ্ধরতি, যতঃ তৎ কিং বক্তব্যং, তৎপ্রণামকারিণো ন পতন্তীত্যর্থঃ ॥ ৩৮২ ॥

অষ্টমস্কন্ধে চ বলিবাক্যে (২৩৷২)—

অহো প্রণামায় কৃতঃ সমুদ্যমঃ
প্রপন্নভক্তার্থবিধৌ সমাহিতঃ।
যল্লোকপালৈস্ত্বদনুগ্রহোঽমরৈ-
রলব্ধপূর্ব্বোঽপসদেঽসুরেঽর্পিতঃ ॥ ৩৮৩ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্দে শ্রীবলিমহারাজের কথায়—তোমার শরণাগত ভক্তগণের মত সাবধানে আমি তোমাকে প্রণাম করিবার উদ্যোগ করিয়াছি মাত্র, তাহাতেই তুমি এই হীন অসুরের প্রতি যেরূপ অনুগ্রহ দেখাইয়াছ, এই প্রকার অনুকম্পা পূর্ব্বে লোকপাল দেবতাগণও পান নাই ॥ ৩৮৩ ॥

টীকা—অহো ভগবন্, ত্বৎপ্রণামস্য মহিমা, যদর্থং কৃতঃ সমুদ্যম এব প্রপন্নানাং ত্বদেকনিষ্ঠভক্তানাং যোঽর্থস্তস্য বিধৌ অভক্তেঽপি ময়ি তস্য সম্পাদনে সমাহিতঃ অপ্রমত্তঃ স্থিতঃ কৃতঃ? যৎ যেনোদ্যমেন লোকপালৈরমরৈঃ সত্ত্বপ্রধানৈরপ্যলব্ধপূর্ব্বস্ত্বদনুগ্রহঃ অপসদে নীচে রাক্ষসে মত্যর্পিতঃ। অয়ং ভাবঃ—পরমেশ্বরায় তুভ্যমহং বরাকস্ত্রিলোকীং দত্তবানিত্যেতদাস্তাং, প্রণামোঽপি ন সম্যক্কৃতঃ, কিন্তু তদর্থমুদ্যমমাত্রং কৃতং, তেন চ কর্ম্ম তপোদানাদি-কোটিভিরপ্যলভ্যস্ত্বদনুগ্রহঃ সম্পাদিতঃ, অহো তৎপ্রণামপ্রভাবাশ্চর্য্যত্বমিতি ॥ ৩৮৩ ॥

অতএব নারায়ণব্যূহস্তবে—

অহো ভাগ্যমহো ভাগ্যমহো ভাগ্যং নৃণামিদম্।
যেষাং হরিপদাব্জাগ্রে শিরো ন্যস্তং যথা তথা ॥৩৮৪

অনুবাদ—অতএব শ্রীনারায়ণ ব্যূহস্তবে—কোনও প্রকারে শ্রীহরিচরণকমলের আগে যে সব ব্যক্তির মস্তক প্রণত থাকে, আহা! তাহাদের কি সৌভাগ্য, কি সৌভাগ্য ॥ ৩৮৪ ॥

টীকা—যথা তথা যেন কেনাপি প্রকারেণেত্যর্থঃ ॥ ৩৮৪ ॥

কিঞ্চনারসিংহে শ্রীযমোক্তৌ—

তস্য বৈ নারসিংহস্য বিষ্ণোরমিততেজসঃ।
প্রণামং যে প্রকুর্ব্বন্তি তেষামপি নমো নমঃ ॥৩৮৫॥

অনুবাদ—আরও নৃসিংহপুরাণে শ্রীযমবাক্য—অসীমতেজঃবিশিষ্ট শ্রীনৃসিংহরূপধারী সেই শ্রীবিষ্ণুকে যাঁহারা প্রণাম করেন, তাঁহাদিগের উদ্দেশ্যে আমার পুনঃ পুনঃ প্রণাম ॥ ৩৮৫ ॥

ভবিষ্যোত্তরে চ জলধেনুপ্রসঙ্গে—

বিষ্ণোর্দেবজগদ্ধাতুর্জ্জনার্দ্দনজগৎপতেঃ।
প্রণামং যে প্রকুর্ব্বন্তি তেষামপি নমো নমঃ ॥
ইতি ॥ ৩৮৬ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণের উত্তর ভাগে জলধেনু প্রসঙ্গে বলা হইয়াছে—জগৎপতি জগদ্ধাতা জনার্দ্দন শ্রীবিষ্ণুকে প্রণামকারী ব্যক্তিগণকেও পুনঃ পুনঃ প্রণাম ॥ ৩৮৬ ॥

টীকা—তেষাং তেভ্যোঽপি নমো নমঃ ভক্ত্যা বীপ্সা ॥ ৩৮৫-৩৮৬ ॥

অথ প্রণামনিত্যতা

বৃহন্নারদীয়ে লুব্ধকোপাখ্যানারম্ভে—

সকৃদ্বা ন নমেদ্যস্তু বিষ্ণবে শর্ম্মকারিণে ।
শবোপমং বিজানীয়াৎ কদাচিদপি নালপেৎ ॥৩৮৭॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে লুব্ধক উপাখ্যানের আরম্ভে বলা হইয়াছে—সর্ব্বমঙ্গল বিধানকারী শ্রীবিষ্ণুকে যে ব্যক্তি একবারও নমস্কার না করে, তাহাকে মৃতদেহ (শব) তুল্য জানিবে, কদাচ তাহার সহিত বার্ত্তালাপ করিবে না ॥ ৩৮৭ ॥

টীকা—অপ্যর্থে বা-শব্দঃ, নালপেৎ তং ন সম্ভাষেত, নাস্তিকত্বাপত্তেঃ ॥ ৩৮৭ ॥

কিঞ্চ পাদ্মে বৈশাখ-মাহাত্ম্যে যমব্রাহ্মণসংবাদে—

পশ্যন্তো ভগবদ্দ্বারং নামশস্ত্রপরিচ্ছদম্ ।
অকৃত্বা তৎপ্রণামাদি যান্তি তে নরকৌকসঃ ॥৩৩৮॥

অনুবাদ—আরও পদ্মপুরাণে বৈশাখ-মাহাত্ম্যে যম-ব্রাহ্মণ-সংবাদে—শ্রীকৃষ্ণ প্রভৃতি নাম এবং সুদর্শন প্রভৃতি ভগবানের অস্ত্রাদিদ্বারা শোভিত ভগবন্মন্দির দেখিয়াও যাহারা ভগবানকে প্রণাম ও দর্শন না করিয়া চলিয়া যায়, তাহারা নরকবাসী হইয়া থাকে ॥ ৩৮৮ ॥

টীকা—নাম শ্রীকৃষ্ণাদি, শস্ত্রং সুদর্শনাদি, তাভ্যাং শোভিতমিত্যর্থঃ. ইতি ভগবদালয়লক্ষণমুক্তম্ । তস্য ভগবতঃ প্রণামম্ ; আদি-শব্দেন দর্শনাদি অকৃত্বা যে যান্তি ॥ ৩;৮ ॥

অথ নমস্কারে নিষিদ্ধানি

বিষ্ণুস্মৃতৌ—

জন্মপ্রভৃতি যৎ কিঞ্চিৎ পুমান্ বৈ ধর্ম্মমাচরেৎ ।
সর্ব্বং তন্নিষ্ফলং যাতি একহস্তাভিবাদনাৎ ॥৩৮৯॥

অনুবাদ—অনন্তর নমস্কারে নিষেধসমূহ বিষ্ণু-স্মৃতিতে—শ্রীভগবানকে এক হস্তদ্বারা প্রণাম করিলে সেই ব্যক্তির জন্মাবধি কৃত ধর্ম্মাচরণ নিষ্ফল হইয়া থাকে ॥ ৩৮৯ ॥

বারাহে—

বস্ত্রপ্রাবৃতদেহস্তু যো নরঃ প্রণমেত মাম্ ॥
শ্বিত্রী স জায়তে মূর্খঃ সপ্ত জন্মানি ভামিনি ॥৩৯০॥

অনুবাদ—বরাহপুরাণে বলা হইয়াছে—সর্ব্বশরীর বস্ত্রাবৃত করিয়া যে ব্যক্তি আমাকে প্রণাম করে, সে সাতজন্ম পর্য্যন্ত ধবলকুষ্ঠরোগী ও মূর্খ হয় ॥ ৩৯০ ॥

কিঞ্চান্যত্র—

অগ্রে পৃষ্ঠে বামভাগে সমীপে গর্ভমন্দিরে ।
জপহোমনমস্কারান্ কুর্য্যাৎ কেশবালয়ে ॥ ৩৯১ ॥

অনুবাদ—আরও অন্যত্র যথা—শ্রীভগবানের মন্দিরমধ্যে, ভগবানের সম্মুখে, পিছনে, বামভাগে, নিকটে জপ হোম ও নমস্কার করিবে না।। ৩৯১ ॥

টীকা—অগ্রাদিকং ভগবত এব জ্ঞেয়ং, তত্র ন কুর্য্যাৎ। কেশবালয় ইতি আলয়ব্যতিরিক্তস্থানে তু কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৩৯১ ॥

অপি চ—

সকৃদ্ভূমৌ নিপতিতো ন শক্তঃ প্রণমেন্মুহুঃ ।
উত্থায়োত্থায় কর্ত্তব্যং দণ্ডবৎ প্রণিপাতনম্ ॥
ইতি ॥ ৩৯২ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—সমর্থব্যক্তি ভূমিতলে সকৃৎ পতিত হইয়া কেবল মস্তক চালনার দ্বারা বারংবার প্রণাম করিবে না। প্রতিবারই মাটি হইতে উঠিয়া পুনরায় দণ্ডবৎ প্রণাম করিতে হইবে ॥ ৩৯২ ॥

টীকা—শক্তশ্চেত্তর্হি ভূমৌ সকৃন্নিপতিতঃ সন্ শিরশ্চালনাদিমাত্রেণ মুহুর্ন প্রণমেৎ। ননু তর্হি কথং প্রণমেৎ ? তদাহ উত্থায়েতি ॥ ৩৯২ ॥

অথ প্রদক্ষিণা

ততঃ প্রদক্ষিণাং কুর্য্যাৎ ভক্ত্যা ভগবতো হরেঃ।
নামানি কীর্ত্তয়ন্ শক্তৌ তাঞ্চ সাষ্টাঙ্গবন্দনাম্ ॥৩৯৩

অনুবাদ—অতঃপর ভক্তিভরে ভগবান শ্রীহরিকে প্রদক্ষিণ এবং তাঁহার শ্রীনাম কীর্ত্তন করিবে ও সামর্থ্য থাকিলে সাষ্টাঙ্গ প্রণামের মাধ্যমে প্রদক্ষিণ করিবে ॥ ৩৯৩ ॥

টীকা—শক্তৌ সত্যাঞ্চ তাং প্রদক্ষিণাম্ অষ্টাঙ্গেন বন্দনেন প্রণামেন সহিতাং কুর্য্যাৎ ॥ ৩৯৩ ॥

প্রদক্ষিণাসংখ্যা

নারসিংহে—

একাং চণ্ড্যাং রবৌ সপ্ত তিস্রো দদ্যাদ্বিনায়কে।
চতস্রঃ কেশবে দদ্যাৎ শিবে ত্বর্ধপ্রদক্ষিণাম্ ॥৩৯৪॥

অনুবাদ—নৃসিংহপুরাণ মতে—সূর্য্যকে সাতবার শ্রীবিষ্ণুকে চারিবার, গণেশকে তিনবার, চণ্ডীকে একবার এবং মহাদেবকে অর্দ্ধবার প্রদক্ষিণের নিয়ম বলা হইয়াছে ॥ ৩৯৪ ॥

অথ প্রদক্ষিণমাহাত্ম্যম্—

বারাহে—

প্রদক্ষিণাং যে কুর্ব্বন্তি ভক্তিযুক্তেন চেতসা।
ন তে যমপুরং যান্তি যান্তি পুণ্যকৃতাং গতিম্ ॥৩৯৫

অনুবাদ—বরাহপুরাণে বলা হইয়াছে—শ্রীহরিকে ভক্তিযুক্ত হৃদয়ে যাঁহারা প্রদক্ষিণ করেন, তাঁহারা ভক্তজনোচিত গতি লাভ করেন। তাঁহারা যমপুরগামী হন না ॥ ৩৯৫ ॥

টীকা—পুণ্যমত্র ভক্তিলক্ষণং, তৎকৃতাং ভক্তানামিত্যর্থঃ ॥ ৩৯৫ ॥

ত্রিঃ প্রদক্ষিণং কুর্য্যাৎ সাষ্টাঙ্গকপ্রণামকম্।
দশাশ্বমেধস্য ফলং প্রাপ্নুয়ান্নাত্র সংশয়ঃ ॥ ৩৯৬ ॥

অনুবাদ—সাষ্টাঙ্গে প্রণাম করিয়া তিনবার শ্রীভগবানকে যিনি প্রদক্ষিণ করেন, দশ অশ্বমেধযজ্ঞের ফল তাঁহার লভ্য হয়, ইহাতে সন্দেহ নাই ॥ ৩৯৬ ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে—

বিষ্ণোর্বিমানং যঃ কুর্য্যাৎ সকৃদ্ভক্ত্যা প্রদক্ষিণম্।
অশ্বমেধসহস্রস্য ফলমাপ্নোতি মানবঃ ॥ ৩৯৭ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে উক্ত হইয়াছে—শ্রীবিষ্ণুমন্দির অথবা শ্রীভগবানের রথ একবার মাত্র ভক্তিসহকারে প্রদক্ষিণ করিলে সহস্র অশ্বমেধযজ্ঞের ফল লাভ করা যায় ॥ ৩৯৭ ॥

টীকা—বিমানমিব বিমানং প্রাসাদং রথং বা ॥৩৯৭

তত্রৈব চাতুর্ম্মাস্যমাহাত্ম্যে—

চতুর্বারং ভ্রমীভিস্তু জগৎ সর্ব্বং চরাচরম্।
ক্রান্তং ভবতি বিপ্রাগ্র্য তত্তীর্থগমনাধিকম্ ॥ ৩৯৮ ॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই চাতুর্ম্মাস্য মাহাত্ম্য-প্রসঙ্গে যথা—হে দ্বিজবর! শ্রীভগবানকে চারিবার প্রদক্ষিণ করা হইলে চরাচর সকল বিশ্ব প্রদক্ষিণ করা হয় এবং এই প্রদক্ষিণ দ্বারা তীর্থভ্রমণ হইতেও অধিক ফল লাভ করা যায় ॥ ৩৯৮ ॥

টীকা—ক্রান্তং পরিক্রান্তং, ভ্রমী প্রদক্ষিণা, তীর্থ-গমনাধিকম্ ॥ ৩৯৮ ॥

তত্রৈবান্যত্র—

প্রদক্ষিণন্তু যঃ কুর্য্যাৎ হরিং ভক্ত্যা সমন্বিতঃ।
হংসযুক্তবিমানেন বিষ্ণুলোকং স গচ্ছতি ॥ ৩৯৯ ॥

অনুবাদ—স্কন্দপুরাণেরই অন্যস্থলে বর্ণিত হইয়াছে—শ্রীহরিকে ভক্তিভরে প্রদক্ষিণকারী ব্যক্তি হংসযুক্ত বিমানারোহণে বিষ্ণুলোকে গমন করেন ॥ ২৯৯ ॥

নারসিংহে—

প্রদক্ষিণেন চৈকেন দেবদেবস্য মন্দিরে।
কৃতেন যৎ ফলং নৃণাং তচ্ছৃণুষ্ব নৃপাত্মজঃ।
পৃথ্বীপ্রদক্ষিণফলং যত্তৎ প্রাপ্য হরিং ব্রজেৎ ॥৪০০॥

অনুবাদ—নৃসিংহপুরাণে এই প্রসঙ্গে বলা হইয়াছে—হে রাজনন্দন! দেবশ্রেষ্ঠ শ্রীহরির শ্রীমন্দির একবারমাত্র প্রদক্ষিণের দ্বারা মনুষ্যগণ যে ফলভাগী হন,

তাহা শ্রবণ করুন পৃথিবী প্রদক্ষিণের ফল লাভ করিয়া তাহারা ভগবান শ্রীহরিকে প্রাপ্ত হন ॥ ৪০০ ॥

অন্যত্র চ—

এবং কৃত্বা তু কৃষ্ণস্য যঃ কুর্য্যাদ্দ্বিঃ প্রদক্ষিণম্ ।
সপ্তদ্বীপবতীপুণ্যং লভতে তু পদে পদে ।
পঠন্নামসহস্রন্তু নামান্যেবাথ কেবলম্ ॥ ৪০১ ॥

অনুবাদ—অন্যত্রও উক্ত আছে—যে ব্যক্তি এই প্রকারে শ্রীহরিকে দুইবার প্রদক্ষিণ করেন ও সহস্র-নাম কিংবা প্রভুর নাম কীর্ত্তন করেন, সেই ব্যক্তি সপ্তদ্বীপবতী এই পৃথিবী প্রদক্ষিণের অথবা দানের ফল প্রতি পদেপদে লাভ করেন ॥ ৪০১ ॥

টীকা—সপ্তদ্বীপবত্যাঃ পৃথিব্যাঃ পুণ্যং দানেন প্রদক্ষিণীকরণেন বা যৎ ফলং তদিত্যর্থঃ। অথেতি অথবা ; আবর্ত্ততে পরিভ্রমতি ॥ ৪০১ ॥

হরিভক্তিসুধোদয়ে—

বিষ্ণুং প্রদক্ষিণীকুর্ব্বন্ যস্তত্রাবর্ত্ততে পুনঃ ।
তদেবাবর্ত্তনং তস্য পুনর্নাবর্ত্ততে ভবে ॥ ৪০২ ॥

অনুবাদ—হরিভক্তিসুধোদয়ে যথা—শ্রীবিষ্ণুকে একবার প্রদক্ষিণ করিয়া পুনরায় যিনি প্রদক্ষিণ করেন, এই সংসারে আর তাঁহাকে আসিতে হয় না ॥ ৪০২ ॥

বৃহন্নারদীয়ে যমভগীরথ-সংবাদে—

প্রদক্ষিণত্রয়ং কুর্য্যাৎ যো বিষ্ণোর্মনুজেশ্বর ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো দেবেন্দ্রত্বং সমশ্নুতে ॥ ৪০৩ ॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে যম-ভগীরথ-সংবাদে বলা হইয়াছে—হে নরেন্দ্র ! শ্রীবিষ্ণুকে তিন-বার প্রদক্ষিণকারী ব্যক্তি সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া ইন্দ্রত্ব প্রাপ্ত হন ॥ ৪০৩ ॥

তত্রৈব প্রদক্ষিণমাহাত্ম্যে সুধর্ম্মোপাখ্যানারম্ভে—

ভক্ত্যা কুর্ব্বন্তি যে বিষ্ণোঃ প্রদক্ষিণচতুষ্টয়ম্ ।
তেঽপি যান্তি পরং স্থানং সর্ব্বলোকোত্তমোত্তমম্ ॥
ইতি ॥ ৪০৪ ॥

অনুবাদ—ঐ পুরাণেই প্রদক্ষিণ-মাহাত্ম্যে সুধর্ম্মার উপাখ্যান আরম্ভে কথিত হইয়াছে—ভক্তিসহকারে শ্রীবিষ্ণুকে যাঁহারা চারিবার প্রদক্ষিণ করেন, তাঁহারাও সর্ব্বলোকের উত্তম স্থান হইতেও পরম উত্তম স্থানে অর্থাৎ ভগবল্লোকে গমন করেন ॥ ৪০৪ ॥

টীকা—অপি নিশ্চয়ে, পূর্ব্বোক্ত-সমুচ্চয়ে বা, প্রয়ান্তীতি বা পাঠঃ ॥ ৪০৪ ॥

তৎ খ্যাতং যৎ সুধর্ম্মস্য পূর্ব্বস্মিন্ গৃধ্রজন্মনি ।
কৃষ্ণপ্রদক্ষিণাভ্যাসান্মহাসিদ্ধিরভূদিতি ॥ ৪০৫ ॥

অনুবাদ—বৃহন্নারদীয় পুরাণে এইরূপ প্রসিদ্ধি আছে যে, পূর্ব্বতন গৃধ্রজন্মে শ্রীকৃষ্ণকে প্রদক্ষিণ করার অভ্যাসেই সুধর্ম্মার এইরূপ মহাসিদ্ধি লাভ হইয়াছিল ॥ ৪০৫ ॥

টীকা—তৎ খ্যাতং বৃহন্নারদীয়তঃ প্রসিদ্ধমেব, অতস্তদ্বিশেষলিখনেনালমিতি ভাবঃ। কিং তদিতি লিখতি—যৎ সুধর্ম্ম স্যেতি ; তদাখ্যায়িকা চ তত্রৈব প্রসিদ্ধা ॥ ৪০৫ ॥

অথ প্রদক্ষিণায়াং নিষিদ্ধম্

বিষ্ণুস্মৃতৌ—

একহস্তপ্রণামশ্চ একা চৈব প্রদক্ষিণা ।
অকালে দর্শনং বিষ্ণোর্হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥৪০৬॥

অনুবাদ—বিষ্ণুস্মৃতিতে উক্ত হইয়াছে—একবার প্রদক্ষিণ, একহস্তে প্রণাম ও অকালে অর্থাৎ শয়ন ভোজনাদিকালে শ্রীবিষ্ণুকে দর্শন করিলে পূর্ব্বার্জ্জিত পুণ্য নষ্ট হয় ॥ ৪০৬ ॥

টীকা—অকালে ভোজনাদিসময়ে ॥ ৪০৬ ॥

কিঞ্চ—

কৃষ্ণস্য পুরতো নৈব সূর্য্যস্যেব প্রদক্ষিণাম্ ।
কুর্য্যাদ্ভ্রমরিকারূপাং বৈমুখ্যাপাদনীং প্রভো ॥৪০৭॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—শ্রীকৃষ্ণের সম্মুখে সূর্য্য প্রদক্ষিণ করা উচিত নয়, কারণ এই প্রকার করিতে গেলে ভগবানের দিকে পিছন ফিরিতে হয় ॥ ৪০৭ ॥

টীকা—ভ্রমরিকা আবর্ত্তবদ্ভ্রমণং, তদ্রূপাং প্রদক্ষিণাং নৈব কুর্য্যাৎ। তত্র হেতুঃ—প্রভৌ ভগবতি বৈমুখ্যং পৃষ্ঠদানং, তস্য আপাদনীং কারিণীম্ ॥ ৪০৭ ॥

তথা চোক্তং—

প্রদক্ষিণং ন কর্ত্তব্যং বিমুখত্বাচ্চ কারণাৎ ॥ ৪০৮ ॥

অনুবাদ—এই বিষয়ে বলা হইয়াছে—বৈমুখ্য-রূপ কারণের জন্যই প্রদক্ষিণ নিষিদ্ধ হইয়াছে ॥৪০৮

অথ কর্ম্মাদ্যর্পণম্

ততঃ শ্রীকৃষ্ণপাদাব্জে দাস্যেনৈব সমর্পয়েৎ।
ত্রিভির্মন্ত্রৈঃ স্বকর্ম্মাণি সর্ব্বাণ্যাত্মানমপ্যথ ॥ ৪০৯ ॥

অনুবাদ—অতঃপর তিনটি মন্ত্রদ্বারা শ্রীকৃষ্ণপাদপদ্মে দাস্যভাবে নিজকৃতকর্ম্মসকল সমর্পণ করিতে হইবে এবং তারপর নিজ আত্মাকেও সমর্পণ করিতে হইবে ॥ ৪০৯ ॥

টীকা—দাস্যেনৈব ব্রহ্মার্পণাদিরূপেণ, অথানন্তরং আত্মানমপি তথৈব সমর্পয়েৎ ॥ ৪০৯ ॥

মন্ত্রাশ্চ

ইতঃ পূর্ব্বং প্রাণবুদ্ধিদেহধর্ম্মাধিকারতো জাগ্রৎ-স্বপ্ন-সুষুপ্ত্যবস্থাসু মনসা বাচা কর্ম্মণা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎ স্মৃতং, যদুক্তং, যৎ কৃতং, তৎ সর্ব্বং শ্রীকৃষ্ণার্পণং ভবতু স্বাহা। মাং মদীয়ঞ্চ সকলং হরয়ে সমর্পয়ামীতি। ওঁ তৎ সৎ ॥ ইতি ॥ ৪১০ ॥

অনুবাদ—এই মন্ত্র তিনটি হইতেছে—প্রাণ, বুদ্ধি, দেহ ও ধর্ম্মে অধিকারী হইয়া আমি ইহার পূর্ব্বে জাগ্রৎ স্বপ্ন ও সুষুপ্তি অবস্থায় মনে যাহা স্মরণ করিয়াছি, বাক্যে যাহা বলিয়াছি এবং কর্ম্ম অর্থাৎ কায়িক ব্যাপার, হস্ত, পদ, উদর ও শিশ্নদ্বারা যাহা করিয়াছি তৎসমুদায় শ্রীকৃষ্ণে অর্পিত হউক। নিজেকে এবং নিজ সম্বন্ধীয় সমস্ত কিছু শ্রীহরিচরণে সমর্পণ করিতেছি। তারপর ওঁ তৎ সৎ এই মন্ত্র প্রয়োগ করিতে হইবে ॥ ৪১০ ॥

টীকা—মনসা যৎ স্মৃতং, বাচা যদুক্তং, হস্তাদিভিঃ কর্ম্মণা যৎ কৃতমিতি সম্বন্ধঃ। তত্র শিশ্না শিশ্নেন ॥ ৪১০ ॥

অথ তত্র কর্ম্মার্পণম্

বৃহন্নারদীয়ে—

বিরাগী চেৎ কর্ম্মফলে ন কিঞ্চিদপি কারয়েৎ।
অর্পয়েৎ স্বকৃতং কর্ম্ম প্রীয়তামিতি মে হরিঃ ॥ ৪১১

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে বলা হইয়াছে—যে ব্যক্তির কর্ম্মফলাশায় বিরক্তি জন্মিয়াছে, তিনি 'ভগবান্ আমার প্রতি প্রীত হউন' এই কথা বলিয়া নিজকৃতকর্ম্ম শ্রীকৃষ্ণে সমর্পণ করিবেন ॥ ৪১১ ॥

টীকা—হরির্মে প্রীয়তামিত্যেবং সমর্পয়েৎ ॥৪১১

অতএব কূর্ম্মপুরাণে—

প্রীণাতু ভগবানীশঃ কর্ম্মণানেন শাশ্বতঃ।
করোতি সততং বুদ্ধ্যা ব্রহ্মার্পণমিদং পরম্ ॥৪১২॥
যদ্বা ফলানাং সংন্যাসং প্রকুর্য্যাৎ পরমেশ্বরে।
কর্ম্মণামেতদপ্যাহুর্ব্রহ্মার্পণমনুত্তমম্ ॥ ৪১৩ ॥

অনুবাদ—অতএব কূর্ম্মপুরাণে দেখা যায়—ভগবান্ ঈশ্বর যিনি নিত্যস্বরূপ তিনি আমার এই কর্ম্মদ্বারা প্রসন্ন হউন, সর্ব্বদাই এইরূপ ভাবে কর্ম্মের অনুষ্ঠান করিলে সেইসকলই শ্রেষ্ঠ ব্রহ্মার্পণ অথবা কর্ম্মের ফলসমূহ পরমেশ্বরকে অর্পণ করা হইলে তাহাও শ্রেষ্ঠ ব্রহ্মার্পণ শব্দে অভিহিত হইতে পারে পারে ॥ ৪১২-৪১৩ ॥

টীকা—প্রীণাত্বিতি-বুদ্ধ্যা করোতি যৎ, পরং শ্রেষ্ঠং, নাহং কর্ত্তা সর্ব্বমেতৎ ব্রহ্মৈব কুরুতে, তথা হ্যত্র তদ্ব্রহ্মার্পণং প্রোক্তমিত্যাদিনা তন্ত্রেবোক্ত প্রকারদর্শনাৎ। সংন্যাসং সমর্পণং কর্ম্মণাং বা সংন্যাসম্ ॥ ৪১২-৪১৩ ॥

অথ কর্ম্মার্পণবিধিঃ

দক্ষেণ পাণিনার্ঘ্যস্থং গৃহীত্বা চুলুকোদকম্।
নিধায় কৃষ্ণপাদাব্জ-সমীপে প্রার্থয়েদিদম্ ॥ ৪১৪ ॥

পাদত্রয়ক্রমাক্রান্ত ত্রৈলোক্যেশ্বর কেশব।
ত্বৎপ্রসাদাদিদং তোয়ং পাদ্যং তেঽস্তু জনার্দ্দন॥৪১৫

অনুবাদ—অর্ঘ্যপাত্র হইতে এক গণ্ডূষ জল ডানহাতে নিয়ে শ্রীকৃষ্ণের পদকমলের নিকট রেখে প্রার্থনা করিতে হইবে—হে ত্রিভুবনাধিপতে। হে ত্রিবিক্রম। হে কেশব। হে জনার্দ্দন। আপনার দয়ায় এই জল আপনার পাদ্য হউক ॥ ৪১৪-৪১৫ ॥

টীকা—দক্ষেণ দক্ষিণেন, অর্ঘ্যস্থম্ অর্ঘ্যপাত্রবর্ত্তি চুলুকমাত্রোদকম্ ॥ ৪১৪ ॥

অথ কর্ম্মার্পণমাহাত্ম্যম্

বৃহন্নারদীয়ে—
পরলোকফলপ্রেপ্সুঃ কুর্য্যাৎ কর্ম্মাণ্যতন্দ্রিতঃ।
হরের্নিবেদয়েত্তানি তৎ সর্ব্বং ত্বক্ষয়ং ভবেৎ ॥৪১৬॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে বলা হইয়াছে—পরলোকে ফল লাভের বাসনায় যিনি সাবধানে ক্রিয়ানুষ্ঠান করেন এবং সেই সমস্ত কার্য্য শ্রীহরির পাদপদ্মে সমর্পণ করেন, সেই পুণ্যাত্মার সমস্ত কিছুই অক্ষয় হইয়া থাকে ॥ ৪১৬ ॥

অতএব নারায়ণব্যূহস্তবে—
কৃষ্ণার্পিতফলাঃ কৃষ্ণং স্বধর্ম্মেণ যজন্তি যে।
বিষ্ণুভক্ত্যর্থিনো ধন্যাস্তেভ্যোঽপীহ নমো নমঃ ॥ ৪১৭

অনুবাদ—অতএব শ্রীনারায়ণব্যূহস্তবে বলা হইয়াছে—যে সকল ব্যক্তি বিষ্ণুভক্তি পরায়ণ হইয়া শ্রীকৃষ্ণে সমস্ত কর্ম্মের ফল প্রদান করিয়া নিজ নিজ ধর্ম্মানুসারে তাঁহার পূজায় রত থাকেন, তাঁহারা ধন্য অতএব তাঁহাদিগকেও পুনঃ পুনঃ প্রণাম ॥ ৪১৭ ॥

অথ স্বার্পণাবিধিঃ

অহং ভগবতোঽংশোঽস্মি সদা দাসোঽস্মি সর্ব্বথা।
তৎকৃপাপেক্ষকো নিত্যমিত্যাত্মানং সমর্পয়েৎ ॥৪১৮

অনুবাদ—শ্রীভগবানের অংশে আমার উৎপত্তি এবং সর্ব্বদা সর্ব্বপ্রকারে তাঁহার দাস। আমি সতত তাঁহার কৃপাপ্রার্থী, এইভাবে আত্মসমর্পণ করিতে হইবে ॥ ৪১৮ ॥

টীকা—'অংশোঽস্মি' ইত্যনেন নিত্যমুক্তশুদ্ধস্বভাবত্বাদিকং, অতঃ সদা দাসোঽস্মীতি নিত্যদাস্যং চাভিপ্রেতম্। এবং সর্ব্বপ্রকারেণ; যদ্বা, তথাপি সর্ব্বথা যা তস্য ভগবতঃ কৃপা, তস্যা অপেক্ষকঃ, তদেকপ্রার্থক ইতি প্রেমপরতা সূচিতা। ইতি এবমেবাত্মানং সম্যগর্পয়েৎ নিবেদয়েৎ, ন ত্বেকোনেত্যর্থঃ ॥ ৪১৮ ॥

তথা চোক্তং শ্রীশঙ্করাচার্য্যপাদৈঃ—
সত্যপি ভেদাপগমে নাথ তবাহং ন মামকীনস্ত্বম্।
সামুদ্রো হি তরঙ্গঃ ক্বচন সমুদ্রো ন তারঙ্গঃ ॥৪১৯॥

অনুবাদ—এই বিষয়ে শঙ্করাচার্য্য বলিয়াছেন—হে প্রভো! হে নাথ! সংসার ও ব্রহ্মের মধ্যে মায়ার দ্বারা কৃত ভেদজ্ঞান দূর হইলে আমার অনুভব হইবে যে আমি তোমারই অংশভূত অর্থাৎ দাস। আমি তুমি নহি অর্থাৎ আমি ব্রহ্ম নহি। জলময় তরঙ্গ সাগরেরই অংশ কিন্তু তাহা কখনও সাগর পদবাচ্য হয় না ॥ ৪১৯ ॥

টীকা—তচ্চ মায়াবাদ্যাচার্য্যোক্ত্যাপি সংবাদয়তি—সত্যপীতি; ভেদস্য মায়াকৃতসংসারিত্বাদেরপগমে বৃত্তেঽপি আত্মতত্ত্বজ্ঞানে সত্যপীত্যর্থঃ। 'তবাহং দাসোস্মি' ইত্যর্থঃ, ন তু মামকীনস্ত্বম্, অংশেনাংশিনো ব্যাপকত্বাসম্ভবাৎ, তথা সতি সাম্যাপত্তেঃ। এবং ভেদাভেদসিদ্ধান্তোক্তমভেদেঽপি ভেদং দৃষ্টান্তেন সাধয়তি—সামুদ্র ইতি। তরঙ্গস্য জলময়ত্বাদিনা সমুদ্রাদভিন্নত্বেঽপি অংশতয়া পরিচ্ছিন্নত্বাদিনা ততো ভিন্ন এবেতি দিক্। এতচ্চ শ্রীভাগবতামৃতটীকায়াং বিস্তরেণ বিবৃতমেবাস্তি ॥ ৪১৯ ॥

অথাত্মার্পণমাহাত্ম্যম্

সপ্তমস্কন্ধে শ্রীপ্রহ্লাদোক্তৌ (৬।২৬)—
ধর্ম্মার্থকাম ইতি যোঽভিহিতস্ত্রিবর্গ
ঈক্ষা ত্রয়ী নয়-দমৌ বিবিধা চ বার্ত্তা।
মন্যে তদেতদখিলং নিগমস্য সত্যং
স্বাত্মার্পণং স্বসুহৃদঃ পরমস্য পুংসঃ ॥ ৪২০ ॥

অনুবাদ—সপ্তমস্কন্ধে শ্রীপ্রহ্লাদবাক্য যথা—ধর্ম্ম, অর্থ, কামরূপ ত্রিবর্গ সাধনের জন্য যে ঈক্ষা অর্থাৎ আত্মজ্ঞান, ত্রয়ী অর্থাৎ ধর্ম্মজ্ঞান, নয় (তর্ক), দম অর্থাৎ দণ্ডনীতি ও বার্ত্তা অর্থাৎ জীবিকার বিষয় বলা হইয়াছে, এ সমস্তই বেদের প্রতিপাদ্য বিষয় বলিয়া গণ্য এবং অন্তর্য্যামী পুরুষ শ্রেষ্ঠ শ্রীবিষ্ণুতে যে আত্মার্পণ তাহাই সত্য বলিয়া মান্য করা হয় ॥ ৪২০ ॥

টীকা—ধর্ম্মোঽর্থঃ কামশ্চেতি যস্ত্রিবর্গঃ, তদর্থঞ্চ যে ঈক্ষাদ্যা অভিহিতাঃ, ঈক্ষা আত্মবিদ্যা, ত্রয়ী ধর্ম্ম-বিদ্যা, নয়স্তর্কঃ, দমো দণ্ডনীতিঃ, বিবিধা চ বার্ত্তা জীবিকা, তদেতৎ সর্ব্বং নিগমস্য বেদস্যার্থজাতং প্রসুহৃদঃ স্বান্তর্য্যামিনো নিজপ্রিয়তমস্য বা পরমস্য পুরুষোত্তমস্য শ্রীকৃষ্ণস্য স্বাত্মার্পণং স্বাত্মনি অর্পণং সংযোজনম্ ; যদ্বা, স্বাত্মনঃ স্বকীয়দেহস্য মনসো বা কিংবা জীবাত্মনস্তস্মিন্নর্প্যতেঽনেনেত্যর্পণং, তৎ সাধনঞ্চেত্তর্হি সত্যং মন্যে, সত্যপরত্বাৎ ; অন্যথা তু তৎ সর্ব্বমসত্যমেব ; অথবা তদেতদখিলং নিগমস্য ত্রৈগুণ্যবিষয়স্য প্রতিপাদ্যং মন্যে। সত্যং, পুনর্নিস্ত্রৈ-গুণ্যলক্ষণং পরমস্য পুংসঃ স্বাত্মার্পণমেবেত্যর্থঃ ; তথা চ শ্রীভগবদ্গীতাসু (২।৪৫)—'ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন' ইতি ॥ ৪২০ ॥

একাদশে শ্রীভগবদুদ্ধসংবাদে (২৯।৩৪)

> মর্ত্ত্যো যদা ত্যক্তসমস্তকর্ম্মা
> নিবেদিতাত্মা বিচিকীর্ষিতো মে।
> তদামৃতত্বং প্রতিপদ্যমানো
> ময়াত্মভূয়ায় চ কল্পতে বৈ ॥ ৪২১ ॥

অনুবাদ—একাদশস্কন্ধে শ্রীকৃষ্ণ ও উদ্ধবের কথোপকথনে—সমস্ত কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক মানুষ যদি আমায় আত্মনিবেদন করে ও আমার প্রীতিকর কার্য্যের অনুষ্ঠানে ব্রতী হয়, তাহা হইলে অমরত্ব লাভ করিয়া আমাকে প্রাপ্ত হয় ॥ ৪২১ ॥

টীকা—মর্ত্ত্যো যদা ত্যক্ত-সমস্তকর্ম্মা সন্ নিবেদিতাত্মা ভবতি, তদাসৌ মে বিচিকীর্ষিতঃ প্রেমভক্ত্যাদি-প্রদানেন বিশিষ্টঃ কর্ত্তুমিষ্টো ভবতি। তথা চ অমৃতত্বং সংসারধ্বংসেন মরণাতীতত্বং পরমানন্দ-রসং বা ; যদ্বা, মমাধরামৃতং গোপ্যত্বেন স্পষ্টং তদনুক্তিঃ। অবিরতপানেন তত্র সংলগ্নত্বাৎ অভেদ-বিবক্ষায়াং ত্ব-প্রত্যয়ঃ। প্রতিপদ্যমানঃ প্রাপ্নুবন্, ময়া সহ আত্মভূয়ায় অত্যন্তসংযোগায় কল্পতে যোগ্যঃ সমর্থো বা ভবতি, বৈ ধ্রুবম্ ॥ ৪২১ ॥

অথ জপঃ

> জপস্য পুরতঃ কৃত্বা প্রাণায়ামত্রয়ং বুধঃ।
> মন্ত্রার্থস্মৃতিপূর্ব্বঞ্চ জপেদষ্টোত্তরং শতম্।
> মূলং লেখ্যেন বিধিনা সদৈব জপমালয়া ॥ ৪২২ ॥
> শক্তোঽষ্টাধিকসাহস্রং জপেত্তৎ চার্পয়ন্ জপম্।
> প্রাণায়ামাংশ্চ কৃত্বা ত্রীন্ দদ্যাৎ কৃষ্ণকরে জলম্ ॥৪২৩

অনুবাদ—জপ করিবার সময় আগে তিনবার প্রাণায়াম করিয়া জ্ঞানীব্যক্তি মন্ত্রার্থ স্মরণ করিবেন ও পরে লিখিত নিয়মানুসারে জপমালাতেই এক শত আট বার মূলমন্ত্র জপ করিবেন। যদি সামর্থ্য থাকে তাহা হইলে এক হাজার আট বার জপ করিবেন এবং জপ শেষ হইলে তিনবার প্রাণায়াম করিয়া শ্রীকৃষ্ণের হস্তে জল প্রদান করিবেন ॥ ৪২২-৪২৩ ॥

টীকা—মন্ত্রস্যার্থঃ অভিধেয়ং তস্য স্মৃতিরনু-সন্ধানং, তৎপূর্ব্বকং মূলং নিজমন্ত্রং, লেখ্যেন অগ্রে পুরশ্চরণপ্রকরণে লিখিষ্যমাণেন বিধিনা, তত্র চ সর্ব্বদা জপমালয়ৈব অষ্টোত্তরশতবারান্ জপেৎ। অর্থশ্চ পূর্ব্বতাপনীয়াদ্যুক্তানুসারেণ জ্ঞেয়ঃ। তথা চ ক্রমদীপিকায়াম্—'স্বাহেতি স্বাত্মানঙ্গময়ামি' ইতি 'স্বতেজসে তস্মৈ' ইতি তথা ; অথবা 'ব্রজযুবতীনাং দয়িতায় জুহোমি মাং মদীয়মপি' ইতি ; এবং শ্রীভগবচ্চরণারবিন্দে স্বাত্মসমর্পণরূপ এবার্থ ইতি দিক্ ॥ ৪২২ ॥

তত্র চায়ং মন্ত্রঃ

> গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্।
> সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদাত্ত্বয়ি স্থিতে ॥
> ইতি ॥ ৪২৪ ॥

অনুবাদ—এই বিষয়ে মন্ত্র—হে দেব! আপনি গুহ্য এবং অতীব গুহ্য বিষয়েরও রক্ষক। আমার

করা এই জপ গ্রহণ করুন। তন্নিষ্ঠ ব্যক্তিগণ যে সিদ্ধি লাভ করেন, আপনার কৃপায় আমার সেই সিদ্ধি লাভ হউক ॥ ৪২৪ ॥

টীকা—শক্তশ্চেদষ্টাধিকসহস্রবারান্ সংজপেৎ। তচ্চ জপং সমর্পয়ন্, শ্রীভগবতি স্থিতে সাক্ষাদ্বর্ত্তমানে সতি; যদ্বা, ত্বয়ি স্থিতঃ ত্বন্নিষ্ঠো যো জনস্তস্মিন্ যা সিদ্ধিঃ, সা মে ভবতু ॥ ৪২৩-৪২৪ ॥

জপপ্রকারো যোঽপেক্ষ্যো মালাদিনিয়মাত্মকঃ।
পুরশ্চর্য্যাপ্রসঙ্গে তু স বিলেখিষ্যতেঽগ্রতঃ ॥ ৪২৫ ॥
অর্পিতং তচ্চ সঞ্চিন্ত্য স্বীকৃতং প্রভুণাখিলম্।
পুনঃ স্তুত্বা যথাশক্তি প্রণম্য প্রার্থয়েদিদম্ ॥ ৪২৬ ॥

অনুবাদ—জপের বিশেষ পার্থক্য ও মালার নিয়মাদি পরে পুরশ্চরণ প্রকরণে লেখা হইবে। শ্রীভগবানে অর্পিত হইলে সেই সমুদায় জপ তিনি যেন গ্রহণ করিলেন, এই প্রকার চিন্তা করিবে এবং শক্তি অনুসারে পুনরায় স্তুতি এবং প্রণাম করিয়া এইরূপ ভাবে প্রার্থনা করিবে ॥ ৪২৫-৪২৬ ॥

টীকা—আদি-শব্দাৎ অঙ্গুল্যাদি, বাগাদি চ। সোঽগ্রে লেখিষ্যতে; অতএব জ্ঞেয়ঃ ইতি ভাবঃ ॥৪২৫

টীকা—ভগবত্যর্পিতং তচ্চ জপমখিলং প্রভুণা ভগবতা স্বীকৃত অঙ্গীকৃতমিতি সঞ্চিন্ত্য ॥ ৪২৬ ॥

অথ প্রার্থনম্

আগমে—

মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন।
যৎ পূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে ॥৪২৭॥

অনুবাদ—আগমে যথা—হে জনার্দ্দন! হে দেব! আমি মন্ত্রহীন, ক্রিয়াহীন ও ভক্তিরহিত হইয়া যে পূজা করিয়াছি তাহা তোমার দয়ায় পূর্ণতা লাভ করুক ॥ ৪২৭ ॥

কিঞ্চ—

যদ্দত্তং ভক্তিমাত্রেণ পত্রং পুষ্পং ফলং জলম্।
আবেদিতং নিবেদ্যন্তু তদ্গৃহাণানুকম্পয়া ॥ ৪২৮ ॥
বিধিহীনং মন্ত্রহীনং যৎকিঞ্চিদুপপাদিতম্।
ক্রিয়ামন্ত্রবিহীনং বা তৎ সর্ব্বং ক্ষন্তুমর্হসি ॥৪২৯॥

অনুবাদ—আরও যথা—ভক্তির সহিত পত্র, পুষ্প, ফল, জল যাহা কিছু নিবেদিত হইয়াছে, অর্পিত সেই সমস্ত দ্রব্য আপনি অনুগ্রহ করিয়া স্বীকার করুন। মন্ত্রহীন, বিধিহীন অথবা ক্রিয়ামন্ত্ররহিত যে কার্য্য সম্পাদিত হইয়াছে, সেই সকল দোষ ক্ষমা করুন ॥ ৪২৮-৪২৯ ॥

টীকা—আবেদিতং সমর্পিতম্ ॥ ৪২৮ ॥

কিঞ্চ—

অজ্ঞানাদথবা জ্ঞানাদশুভং যন্ময়া কৃতম্।
ক্ষন্তুমর্হসি তৎ সর্ব্বং দাস্যেনৈব গৃহাণ মাম্ ॥৪৩০
স্থিতিঃ সেবাগতির্যাত্রা স্মৃতিশ্চিন্তা স্তুতির্বচঃ।
ভূয়াৎ সর্ব্বাত্মনা বিষ্ণো মদীয়ং ত্বয়ি চেষ্টিতম্ ॥৪৩১

অনুবাদ—আরও উক্ত হইয়াছে—সজ্ঞানে বা অজ্ঞানতাহেতু আমা-কর্ত্তৃক যে সমস্ত অশুভকার্য্য কৃত হইয়াছে, সেই সমস্ত ক্ষমা করুন এবং আমাকে দাস-ভাবে গ্রহণ করুন। হে বিষ্ণো! আমার স্থিতি, সেবা, গতি, যাত্রা, স্মৃতি, চিন্তা, স্তুতি ও বাক্য প্রভৃতি সকল চেষ্টা যেন আপনার প্রীতির উদ্দেশ্যেই সম্পন্ন হয় ॥ ৪৩০-৪৩১ ॥

টীকা—যত্র কুত্রাপি কথঞ্চিন্মম স্থিতিরূর্দ্ধাবস্থানং তব সেবারূপা ভবত্বিত্যর্থঃ। এবমন্যদপূহ্যম্, ইত্থং সর্ব্বাত্মনা মদীয়ং চেষ্টিতং ত্বয়ি ভূয়াৎ তদ্ভক্তিরূপং ভবত্বিত্যর্থঃ ॥ ৪৩১ ॥

অপি চ—

কৃষ্ণ রাম মুকুন্দ বামন বাসুদেব জগদ্গুরো।
মৎস্য কচ্ছপ নারসিংহ বরাহ রাঘব পাহি মাম্ ॥৪৩২
দেব-দানব-নারদাদি-বন্দ্য দয়ানিধে।
দেবকীসুত দেহি মে তব পাদভক্তিমচলাম্ ॥৪৩৩॥

অনুবাদ—আরও যথা—হে কৃষ্ণ! হে রাম! হে মুকুন্দ! হে বামন! হে বাসুদেব! হে জগদ্-গুরো! হে মৎস্য! হে কচ্ছপ! হে নৃসিংহ! হে বরাহ! হে রাঘব! আমাকে পালন করুন।

হে দেবদৈত্যনারদাদি বন্দ্য ! হে করুণানিধে ! হে দেবকীনন্দন ! আপনার পাদপদ্মে আমাকে অচলা ভক্তি দান করুন ॥ ৪৩২-৪৩৩ ॥

———

শ্রীবিষ্ণুপুরাণে—

নাথ যোনিসহস্রেষু যেষু যেষু ব্রজাম্যহম্ ।
তেষু তেষ্বচ্যুতা ভক্তিরচ্যুতাস্তু সদা ত্বয়ি ॥ ৪৩৪ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে কথিত হইয়াছে—সহস্র-যোনির মধ্যে আমি যে যে স্থানে জন্ম গ্রহণ করিব, হে নাথ ! হে অচ্যুত ! সেই জন্মের সকল গুলিতেই যেন আমার আপনাতে সর্ব্বদা অচলা ভক্তি থাকে ॥৪৩৪॥

টীকা—অচ্যুতা অব্যভিচারিণী ॥ ৪৩৪ ॥

———

যা প্রীতিরবিবেকানাং বিষয়েষ্বনপায়িনী ।
ত্বামনুস্মরতঃ সা মে হৃদয়ান্মাপসর্পতু ॥ ৪৩৫ ॥

অনুবাদ—বিষয়ানুরক্ত জনগণের প্রীতি কেবল বিষয়ে আসক্ত, কিন্তু আপনার স্মরণে আমার যে প্রীতির উৎপন্ন হইল, ইহা যেন তাহাদিগের অব্যবচ্ছিন্না প্রীতির মত আমার হৃদয়ে সর্ব্বদাই অবস্থিতি করে ॥ ৪৩৫ ॥

টীকা—যা যাদৃশী প্রীতিরবিবেকানাং বিষয়াসক্তানাং বিষয়েষু অনপায়িনী অব্যবচ্ছিন্না ভবতি, সাতাদৃশী প্রীতিঃ ত্বামনুস্মরতঃ সতো মে হৃদয়াৎ নাপসর্পতু, নাপযাতু, সদা তৎস্মরণে সংপদ্যতা-মিত্যর্থঃ ; যদ্বা, হে মাপ, হে লক্ষ্মীপতে, সা বিষয়ে প্রীতিস্ত্বামনুস্মরতো মে হৃদয়াৎ সর্পতু নির্গচ্ছতু, তৎপ্রীতৌ সত্যাং ত্বদনুস্মরণাসিদ্ধেরিত্যর্থঃ ; যদ্বা, হৃৎ অয়ন্তে স্বভাবতঃ প্রাপ্নুবন্তীতি হৃদয়া বিষয়াঃ গৃহপুত্রাদয়ো বা, তান্ কদাচিৎ কালান্তরে স্মরতোঽপি মে সা প্রীতিস্ত্বামনু-লক্ষ্যীকৃত্য অনপায়িনী সতী সর্পতু প্রসরতু । অবিবেকানামপি কদাচিৎ বিষয়েষু প্রীতে-রপায়ং কুণ্ঠতাং চাশঙ্ক্যোক্তম্—অনপায়িনীতি ॥৪৩৫

———

পাণ্ডবগীতায়াম্—

কীটেষু পক্ষিষু মৃগেষু সরীসৃপেষু
রক্ষঃ-পিশাচ-মনুজেষ্বপি যত্র তত্র ।
জাতস্য মে ভবতু কেশব তে প্রসাদাৎ
ত্বয্যেব ভক্তিরতুলাঽব্যভিচারিণী চ ॥৪৩৬॥

অনুবাদ—পাণ্ডবগীতায়—নিজ কর্ম্মদোষে পশু, পক্ষী, কীট, মৃগ, সরীসৃপ, রাক্ষস, পিশাচ এবং মনুষ্য-জাতি যে দেহেই আমি বিচরণ করি না কেন, হে কেশব ! আপনার দয়ায় আমার সেই সেই দেহেই যেন আপনাতে দৃঢ়া ও অচলা ভক্তি থাকে ॥ ৪৩৬ ॥

———

পাদ্মে—

যুবতীনাং যথা যূনি যূনাঞ্চ যুবতৌ যথা ।
মনোঽভিরমতে তদ্বন্মনো মে রমতাং ত্বয়ি ॥৪৩৭॥

অনুবাদ—পদ্মপুরাণে বলা হইয়াছে—যুবতীতে যুবার এবং যুবাতে যুবতীর যে প্রকার আসক্তি হয়, সেই প্রকার যেন আমার মন আপনাতে একান্ত আসক্ত থাকে ॥ ৪৩৭ ॥

———

অথাপরাধ-ক্ষমাপণম্

ততোঽপরাধান্ শ্রীকৃষ্ণং ক্ষমাশীলং ক্ষমাপয়েৎ ।
সকাকু কীর্ত্তয়ন্ শ্লোকানুত্তমান্ সাম্প্রদায়িকান্ ॥৪৩৮

অনুবাদ—তারপর সম্প্রদায়শুদ্ধ উত্তমশ্লোকসমূহ কাতরস্বরে পাঠ পূর্ব্বক ক্ষমাশীল শ্রীকৃষ্ণের নিকট ক্ষমা প্রার্থনা করিবে ॥ ৪৩৮ ॥

———

তথাহি—

অপরাধসহস্রাণি ক্রিয়ন্তেঽহর্নিশং ময়া ।
দাসোঽহমিতি মাং মত্বা ক্ষমস্ব মধুসূদন ॥ ৪৩৯ ॥

অনুবাদ—সেই বিষয়ে বর্ণিত হইয়াছে—সহস্র সহস্র অপরাধ অহোরাত্র করা হইতেছে, হে প্রভো ! আমাকে দাসরূপে স্বীকার করিয়া সেই সকল অপ-রাধ ক্ষমা করুণ ॥ ৪৩৯ ॥

———

কিঞ্চ—

প্রতিজ্ঞা তব গোবিন্দ ন মে ভক্তঃ প্রণশ্যতি ।
ইতি সংস্মৃত্য সংস্মৃত্য প্রাণান্ সংধারয়াম্যহম্ ॥৪৪০

অনুবাদ—আরও বলা হইয়াছে—আমার ভক্ত কখনও বিনাশ প্রাপ্ত হয় না, হে গোবিন্দ ! তুমি এই-

রূপ প্রতিজ্ঞা করিয়াছ, আমি ইহা স্মরণ করিয়াই প্রাণ ধারণ করিতেছি ॥ ৪৪০ ॥

টীকা—ননু তবাপরাধাঃ ক্ষম্যা ন ভবন্তীতি চেত্তত্র লিখতি—প্রতিজ্ঞেতি। অন্যথা অপরাধাচরণানন্তরমেব প্রাণান্ ত্যক্ষ্যামীতি ভাবঃ ॥ ৪৪০ ॥

অথাপরাধাঃ

আগমে—

যানৈর্বা পাদুকৈর্বাপি গমনং ভগবদ্গৃহে।
দেবোৎসবাদ্যসেবা চ অপ্রণামস্তদগ্রতঃ ॥ ৪৪১ ॥
উচ্ছিষ্টে বাঽথবাঽশৌচে ভগবদ্দর্শনাদিকম্।
একহস্তপ্রণামশ্চ তৎপুরস্তাৎ প্রদক্ষিণম্ ॥ ৪৪২ ॥
পাদপ্রসারণং চাগ্রে তথা পর্য্যঙ্কবন্ধনম্।
শয়নং ভক্ষণং বাপি মিথ্যাভাষণমেব চ ॥ ৪৪৩ ॥
উচ্চৈর্ভাষা মিথো জল্পো রোদনানি চ বিগ্রহঃ।
নিগ্রহানুগ্রহৌ চৈব নৃষু চ ক্রূরভাষণম্ ॥ ৪৪৪ ॥
কম্বলাবরণঞ্চৈব পরনিন্দা পরস্তুতিঃ।
অশ্লীলভাষণং চৈব অধোবায়ুবিমোক্ষণম্ ॥ ৪৪৫ ॥
শক্তৌ গৌণোপচারশ্চ অনিবেদিত-ভক্ষণম্।
তত্তৎকালোদ্ভবানাঞ্চ ফলাদীনামনর্পণম্ ॥ ৪৪৬ ॥
বিনিযুক্তাবশিষ্টস্য প্রদানং ব্যঞ্জনাদিকে।
পৃষ্ঠীকৃত্যাসনঞ্চৈব পরেষামভিবাদনম্ ॥ ৪৪৭ ॥
গুরৌ মৌনং নিজস্তোত্রং দেবতানিন্দনং তথা।
অপরাধাস্তথা বিষ্ণোর্দ্বাত্রিংশৎ পরিকীর্ত্তিতাঃ ॥৪৪৮

অনুবাদ—অতঃপর অপরাধসমূহ আগমে উক্ত হইয়াছে—ভগবদালয়ে যাওয়ার সময় যান বা পাদুকা ব্যবহার, দেবোৎসবাদি পালন না করা, দেবতা প্রভৃতির অগ্রে প্রণাম না করা, উচ্ছিষ্ট বা অশুচি অবস্থায় ভগবদ্দর্শনাদি, একহস্তে প্রণাম, ভগবানের সম্মুখভাগে প্রণাম ও প্রদক্ষিণ, ভগবানের আগে পা ছড়ান, জানুদ্বয় বন্ধন করিয়া বসা, শোওয়া, খাওয়া, মিথ্যাকথা বলা, জোরে জোরে বার্ত্তালাপ করা, পরস্পর বাক্যালাপ করা, ক্রন্দন, ঝগড়া করা, কাহাকেও শাসন করা, অনুগ্রহ দেখান, মানুষকে রূঢ় কথা বলা বা গালিগালাজ করা, কম্বল আবরণ, অপরের নিন্দা করা, অপরের প্রশংসা করা, অশ্লীল কথা বলা, অধোবায়ু ত্যাগ, শক্তি থাকাসত্ত্বেও সাধারণ উপচার প্রদান, অনিবেদিত দ্রব্য ভোজন, যথাকালে উৎপন্ন দ্রব্য (ফল মূলাদি) অপ্রদান, যে জিনিষের অগ্রভাগ অন্যে গ্রহণ করিয়াছে এরূপ বস্তু নিবেদন, ভগবানকে পিছনদিকে রাখিয়া বসা, ভগবানের সম্মুখে অন্যকে অভিবাদন, গুরুদেবের সম্মুখে স্তবাদি না করিয়া চুপ করিয়া থাকা, নিজের প্রশংসা এবং দেবতার নিন্দা—শ্রীবিষ্ণুর নিকট এই বত্রিশ প্রকার অপরাধের কথা বলা হইয়াছে ॥ ৪৪১-৪৪৮ ॥

এই বত্রিশ প্রকার অপরাধকেই বৈষ্ণব সমাজে সেবাপরাধ বলা হয়।

টীকা—অগ্র ইত্যনুবর্ত্তত এব, বায়ুবিমোক্ষণমিত্যন্তম্; তথা পৃষ্ঠীকৃত্যাসনমিত্যত্র পরেষামভিবাদনমিত্যত্রাপি জ্ঞেয়ম্। গুরৌ মৌনং স্তুত্যাদ্যকরণম্ ॥ ৪৪১-৪৪৮ ॥

বারাহে—

দ্বাত্রিংশদপরাধা যে কীর্ত্ত্যন্তে বসুধে ময়া।
বৈষ্ণবেন সদা তে তু বর্জ্জনীয়া প্রযত্নতঃ ॥ ৪৪৯ ॥
যে বৈ ন বর্জ্জয়ন্ত্যেতান্ অপরাধান্ ময়োদিতান্।
সর্ব্বধর্ম্মপরিভ্রষ্টাঃ পচ্যন্তে নরকে চিরম্ ॥ ৪৫০ ॥
রাজান্নভক্ষণঞ্চৈকমাপদ্যপি ভয়াবহম্।
ধ্বান্তাগারে হরেঃ স্পর্শঃ পরং সুকৃত-নাশনঃ ॥৪৫১॥

অনুবাদ—বরাহপুরাণে ধরণীকে সম্বোধন করিয়া বরাহদেব বলিতেছেন—বৈষ্ণবব্যক্তি মৎকীর্ত্তিত বত্রিশ প্রকার অপরাধ সযত্নে বর্জ্জন করিবেন। যাহারা আমার কথিত এই সকল অপরাধ বর্জ্জন না করে, তাহারা সর্ব্বধর্ম্ম হইতে পরিভ্রষ্ট হইয়া নরকে চিরকাল বাস করে। রাজান্ন ভোজন একটি বিষম অপরাধ, বিপদ্‌কালেও রাজান্ন ভোজন পরিহার করা উচিত। অন্ধকারময় গৃহে শ্রীহরিকে স্পর্শ করা পুণ্য ধ্বংসকারী কাজ ॥ ৪৪৯-৪৫১ ॥

টীকা—একমপরাধং বিজানীয়াদিতি শেষঃ; একং কেবলমিতি বা ॥ ৪৫১ ॥

তথৈব বিধিমুল্লঙ্ঘ্য সহসা স্পর্শনং হরেঃ।
দ্বারোদ্‌ঘাটো বিনা বাদ্যং ক্রোড়মাংসনিবেদনম্ ॥৪৫২

পাদুকাভ্যাং তথা বিষ্ণোর্মন্দিরায়োপসর্পণম্ ।
কুক্কুরোচ্ছিষ্টকলনং মৌনভঙ্গোঽচ্যুতার্চ্চনে ॥৪৫৩॥
তথা পূজনকালে চ বিড়ুৎসর্গায় সর্পণম্ ॥
শ্রাদ্ধাদিকমকৃত্বা চ নবান্নস্য চ ভক্ষণম্ ॥ ৪৫৪ ॥
অদত্ত্বা গন্ধমাল্যাদি ধূপনং মধুঘাতিনঃ ।
অকর্ম্মণ্যপ্রসূনেন পূজনঞ্চ হরেস্তথা ॥ ৪৫৫ ॥
অকৃত্বা দন্তকাষ্ঠঞ্চ কৃত্বা নিধুবনং তথা ।
স্পৃষ্ট্বা রজস্বলাং দীপং তথা মৃতকমেব চ ॥৪৫৬॥
রক্তং নীলমধৌতঞ্চ পারক্যং মলিনং পটম্ ।
পরিধায় মৃতং দৃষ্ট্বা বিমুচ্যাপানমারুতম্ ॥ ৪৫৭ ॥
ক্রোধং কৃত্বা শ্মশানঞ্চ গত্বা ভুক্ত্বাপ্যজীর্ণভুক্ ।
ভক্ষয়িত্বা ক্রোড়মাংসং পিণ্যাকং জালপাদকম্ ॥৪৫৮
তথা কুসুম্ভশাকঞ্চ তৈলাভ্যঙ্গং বিধায় চ ।
হরেঃ স্পর্শো হরেঃ কর্ম্মকরণং পাতকাবহম্ ॥৪৫৯॥

অনুবাদ—নিয়ম না মানিয়া শ্রীহরির স্পর্শ, বাদ্যব্যতীত শ্রীমন্দিরের দরজা খোলা, শূকরমাংস অর্পণ, পাদুকাপরিহিত অবস্থায় শ্রীমন্দিরে গমন, কুক্কুরের উচ্ছিষ্ট স্পর্শ, বিষ্ণুপূজাকালে মৌনভঙ্গ, পূজার সময় মলত্যাগের জন্য গমন, শ্রাদ্ধাদি না করিয়া নবান্নভোজন, গন্ধমাল্যাদি ও ধূপন ব্যতীত এবং অপ্রচলিত পুষ্পে শ্রীহরির পূজা, দাঁত না মাজিয়া, স্ত্রীসম্ভোগ করিয়া, রজস্বলা নারী, দীপ ও মৃতদেহ স্পর্শ করিয়া, রক্তবর্ণ, নীলবর্ণ, না ধোওয়া, অপরের বস্ত্র ও ময়লা কাপড় পরিয়া, মৃতদেহ দর্শন করিয়া অধোবায়ু ত্যাগ করিয়া, ক্রুদ্ধ হইয়া, শ্মশানে গিয়া, অজীর্ণভোজী হইয়া, শূকরমাংস, পিন্যাক, জালপাদক (হাঁস) ও কুসুম্ভশাক ভক্ষণ করিয়া ও সর্ব্বাঙ্গে তৈল মর্দন করিয়া শ্রীহরিকে স্পর্শ করা এবং তাঁহার সেবাকার্য্য করা, এই সকল কার্য্য করিলে অতিশয় পাতকের সঞ্চার হয় ॥ ৪৫২-৪৫৯ ॥

টীকা—বিধিমুল্লঙ্ঘ্য আচমনাদিকমকৃত্বেত্যর্থঃ ॥ ৪৫২ ॥

টীকা—কলনং স্পর্শনম্ ॥ ৪৫৩ ॥

কিঞ্চ তত্রৈব—

মম শাস্ত্রং বহিষ্কৃত্য অস্মাকং যঃ প্রপদ্যতে ।
মুক্ত্বা চ মম শাস্ত্রাণি শাস্ত্রমন্যৎ প্রভাষতে ॥ ৪৬০ ॥
মদ্যপস্তু সমাসাদ্য প্রবিশেদ্ভবনং মম ॥ ৪৬১ ॥
যো মে কুসুম্ভশাকেন প্রাপণং কুরুতে নরঃ ॥৪৬২॥

অনুবাদ—ঐ বরাহপুরাণ গ্রন্থেই আরও উল্লিখিত হইয়াছে—মৎ কথিত পঞ্চরাত্রাদি শাস্ত্র অথবা ভক্তি-প্রধান-গ্রন্থে অনাদর দেখাইয়া যে ব্যক্তি আমাদিগকে উপাসনা করে এবং আমার শাস্ত্রসমূহ খুলিয়া উপেক্ষা করতঃ অন্য শাস্ত্রকে প্রকর্ষরূপে বলে, মদ্যপায়ীর সঙ্গ করিয়া আমার মন্দিরে প্রবেশ করে ও যে ব্যক্তি কুসুম্ভ শাকের সহিত আমার নৈবেদ্য প্রস্তুত করে, তাহারা সবাই অপরাধী ॥ ৪৬০-৪৬২ ॥

টীকা—মম শাস্ত্রং মদুক্তং পঞ্চরাত্রাদি, যদ্বা ভক্তিপ্রধানং বহিষ্কৃত্য অনাদৃত্য ; অস্মাকম্ অস্মান্ ॥ ৪৬০ ॥

টীকা—ভবনং সমাসাদ্য প্রাপ্য বিশেৎ ; যদ্বা, সমাসাদ্যেতি ভূত্বা ইত্যর্থঃ । মদ্যপমিতি—দ্বিতীয়ান্ত-পাঠো বা, ততশ্চ সমাসাদ্য সমাগম্য স্পৃষ্ট্বেত্যর্থঃ ॥ ৪৬১ ॥

অপি চ—

মম দৃষ্টেরভিমুখং তাম্বূলং চর্ব্বয়েত্তু যঃ ।
কুরুবকপলাশৈস্তুঃ পুষ্পৈঃ কুর্য্যান্মমার্চ্চনম্ ॥ ৪৬৩ ॥
মমার্চ্চামাসুরে কালে যঃ করোতি বিমূঢ়ধীঃ ।
পীঠাসনোপবিষ্টো যঃ পূজয়েদ্বা নিরাসনঃ ॥ ৪৬৪ ॥
বামহস্তেন মাং ধৃত্বা স্নাপয়েদ্বা বিমূঢ়ধীঃ ।
পূজা পর্য্যুষিতৈঃ পুষ্পৈঃ ষ্ঠীবনং গর্ব্বকল্পনম্ ॥৪৬৫
তির্য্যক্‌পুণ্ড্রধরো ভূত্বা যঃ করোতি মমার্চ্চনম্ ।
যাচিতৈঃ পত্রপুষ্পাদ্যৈর্যঃ করোতি মমার্চ্চনম্ ॥৪৬৬
অপ্রক্ষালিতপাদো যঃ প্রবিশেন্মম মন্দিরম্ ।
অবৈষ্ণবস্য পক্বান্নং যো মহ্যং বিনিবেদয়েৎ ॥৪৬৭॥
অবৈষ্ণবেষু পশ্যৎসু মম পূজাং করোতি যঃ ।
অপূজয়িত্বা বিঘ্নেশং সম্ভাষ্য চ কপালিনম্ ॥ ৪৬৮ ॥
নরঃ পূজান্তু যঃ কুর্য্যাৎ স্নপনঞ্চ নখাম্ভসা ।
অমৌনী ঘর্ম্মলিপ্তাঙ্গো মম পূজাং করোতি যঃ ॥৪৬৯

অনুবাদ—আরও যথা—আমার দৃষ্টির সম্মুখে তাম্বূল চর্ব্বণ করে যে ব্যক্তি, কিংবা কুরাবক ও পলাশকুসুমে আমার পূজা করে অথবা যে ব্যক্তি আসুরিককালে আমার পূজা করে, যে পীঠাসনে

কিংবা আসন ছাড়াই আমার পূজা করে, বামহস্তে ধরিয়া যে জ্ঞানহীনব্যক্তি আমাকে স্নান করায়, বাসি ফুলে আমার পূজা করে যে জন, যে ব্যক্তি আমার মন্দিরে থুতু ফেলে ও গরব দেখায়, তির্য্যগ্‌পুণ্ড্রধারী যে ব্যক্তি আমার পূজায় ব্যাপৃত হয়, সামর্থ্য থাকা সত্ত্বেও যে ব্যক্তি ফুল চাহিয়া আমার পূজা করে, পা না ধুইয়া যে লোক আমার মন্দিরে প্রবেশ করে, বৈষ্ণব ছাড়া অন্য লোকের রান্না করা নৈবেদ্য যে ব্যক্তি আমাকে নিবেদন করে, অবৈষ্ণব ব্যক্তির সম্মুখে যে আমার পূজা করে, যে ব্যক্তি গণেশের পূজা না করিয়া এবং কপালধারীর সহিত আলাপ করিয়া পূজা করে, নখস্পৃষ্ট জল দিয়া যে আমাকে স্নান করায়, মৌন ভঙ্গ করিয়া এবং ঘর্ম্মাক্ত কলেবরে যে আমার পূজা করে, ইহারা সবাই অপরাধী বলিয়া গণ্য হয় ।। ৪৬৩-৪৬৯ ।।

টীকা—প্রাপণং নৈবেদ্যম্, ষ্ঠীবনং গর্ব্বকল্পনঞ্চেতি দ্বয়ং ভগবদালয়ে জ্ঞেয়ম্ ।। ৪৬২-৪৬৫ ।।

টীকা—যাচিতৈঃ যাচিত্বা গৃহীতৈঃ শক্তৌ সত্যামিতি শেষঃ ।। ৪৬৬ ।।

টীকা—নখাম্ভসা নখস্পৃষ্টজলেন ।। ৪৬৯ ।।

জ্ঞেয়াঃ পরেঽপি বহবোঽপরাধাঃ সদসম্মতৈঃ ।
আচারৈঃ শাস্ত্রবিহিত-নিষিদ্ধাতিক্রমাদিভিঃ ।
তত্রাপি সর্ব্বথা কৃষ্ণনির্ম্মাল্যন্তু ন লঙ্ঘয়েৎ ।।৪৭০।।

অনুবাদ—ইহা ব্যতীত সাধুগণের অসম্মত আচার ও শাস্ত্রবিহিত এবং নিষিদ্ধ আচারাদি লঙ্ঘন করিলেও অপরাধ হয়। শ্রীকৃষ্ণের নির্ম্মাল্যেও কখনও অনাদর করিবে না ।। ৪৭০ ।।

টীকা—ন কেবলমেতাবন্ত এব, অন্যেঽপি সন্তীতি লিখতি—জ্ঞেয়া ইতি। সতাং বৈষ্ণবানামসম্মতৈরাচারৈঃ কৃত্বা হেতুভির্বা ; তানেব লিখতি—শাস্ত্রেতি। শাস্ত্রেণ বিহিতং নিষিদ্ধঞ্চ যৎ তদতিক্রমাদিভিঃ। আদিশব্দেন নিজসম্প্রদায়াচারাতিক্রমাদয়ঃ ।। ৪৭০ ।।

তথা চ নারসিংহে শান্তনুং প্রতি নারদবাক্যম্—
অতঃ পরন্তু নির্ম্মাল্যং ন লঙ্ঘয় মহীপতে ।
নরসিংহস্য দেবস্য তথান্যেষাং দিবৌকসাম্ ।।৪৭১।।

অনুবাদ—নৃসিংহপুরাণোক্ত শান্তনুর প্রতি শ্রীনারদের উক্তি যথা—হে নরেন্দ্র। অতঃপর শ্রীনৃসিংহদেবের ও অন্যান্য দেবতার নির্ম্মাল্যে অনাদর দেখাইও না ।। ৪৭১ ।।

কৃষ্ণস্য পরিতোষেপ্সু র্ন তচ্ছপথমাচরেৎ ।
নানাদেবস্য নির্ম্মাল্যমুপযুঞ্জীত ন কৃচিৎ ।। ৪৭২ ।।

অনুবাদ—শ্রীকৃষ্ণের সন্তোষ বিধানে যাঁহার ইচ্ছা, তিনি কখনও তাঁহার নামে শপথ গ্রহণ করিবেন না এবং কোনও প্রকারেই বিভিন্ন দেবদেবীর নৈবেদ্য ভোজন করিবেন না ।। ৪৭২ ।

তথা বিষ্ণুধর্ম্মোত্তরে—
আপদ্যপি চ কষ্টায়াং দেবেশ-শপথং নরঃ ।
ন করোতি হি যো ব্রহ্মংস্তস্য তুষ্যতি কেশবঃ ।।৪৭৩
ন ধারয়তি নির্ম্মাল্যমন্যদেবধৃতন্তু যঃ ।
ভুঙ্‌ক্তে ন চান্যনৈবেদ্যং তস্য তুষ্যতি কেশবঃ ।।
ইতি ।। ৪৭৪ ।।

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরেও বলা হইয়াছে—আপদকালে বা কষ্টের সময় আসিলেও যিনি ভগবানের শপথ না করেন, হে ব্রহ্মন্! কেশব তাঁহার প্রতি প্রীত থাকেন। অন্য দেবতার নির্ম্মাল্য এবং প্রসাদ যিনি গ্রহণ করেন না, শ্রীকেশব তাঁহার প্রতি তুষ্ট হন ।। ৪৭৩-৪৭৪ ।।

অথাপরাধশমনম্

সংবৎসরস্য মধ্যে চ তীর্থেঃ শৌকরকে মম ।
কৃতোপবাসঃ স্নানেন গঙ্গায়াং শুদ্ধিমাপ্নুয়াৎ ।।৪৭৫।।
মথুরায়াং তথাপ্যেবং সাপরাধঃ শুচির্ভবেৎ ।।৪৭৬।।
অনয়োস্তীর্থয়োরস্কে যঃ সেবেৎ সুকৃতী নরঃ ।
সহস্রজন্মজনিতানপরাধান্ জহাতি সঃ ।। ৪৭৭ ।।

অনুবাদ—অনন্তর অপরাধ শমন—অপরাধ করার সংবৎসর মধ্যে শৌকরতীর্থে উপবাসী থাকিয়া গঙ্গায় স্নান করিলে শুদ্ধ হয়। মথুরাতেও ঐ প্রকার অনুষ্ঠান করিলে পবিত্রতা লাভ হয়। এই দুই

তীর্থের নিকটে থাকিয়া যিনি ভগবানের সেবা করেন, তিনি যথার্থই পুণ্যবান, তাঁহার সহস্রজন্মের সঞ্চিত অপরাধ নিঃশেষে ধ্বংস হয় ॥ ৪৭৫-৪৭৭ ॥

স্কান্দে—

অহন্যহনি যো মর্ত্ত্যো গীতাধ্যায়ন্তু সংপঠেৎ।
দ্বাত্রিংশদপরাধৈস্তু অহন্যহনি মুচ্যতে ॥ ৪৭৮ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে এই বিষয়ে উক্ত হইয়াছে—প্রত্যহ গীতাধ্যায় অধ্যয়নকারী ব্যক্তি দিন দিন বত্রিশপ্রকার অপরাধ হইতে মুক্তিলাভ করেন। অর্থাৎ প্রত্যহ শ্রীগীতার অন্ততঃ এক অধ্যায় পাঠ করিলে প্রভু সেবাপরাধ গ্রহণ করেন না ॥ ৪৭৮ ॥

তত্র কার্ত্তিকমাহাত্ম্যে—

তুলস্যা কুরুতে যস্তু শালগ্রামশিলার্চ্চনম্।
দ্বাত্রিংশদপরাধাংশ্চ ক্ষমতে তস্য কেশবঃ ॥ ৪৭৯ ॥

অনুবাদ—ঐ গ্রন্থেরই কার্ত্তিকমাহাত্ম্যে বলা হইয়াছে—তুলসীদিয়া শালগ্রামশিলার যিনি পূজা করেন, শ্রীকেশব তাঁহার বত্রিশপ্রকার অপরাধ ক্ষমা করেন ॥ ৪৭৯ ॥

তত্রৈবান্যত্র—

দ্বাদশ্যাং জাগরে বিষ্ণোর্যঃ পঠেৎ তুলসীস্তবম্।
দ্বাত্রিংশদপরাধানি ক্ষমতে তস্য কেশবঃ ॥ ৪৮০ ॥

অনুবাদ—স্কন্দপুরাণেরই অন্যত্র বলা হইয়াছে—দ্বাদশীতে জাগরণ করিয়া যিনি তুলসীস্তব পাঠ করেন, তাঁহার বত্রিশ প্রকার অপরাধই শ্রীকেশব মার্জ্জনা করেন ॥ ৪৮০ ॥

যঃ করোতি হরেঃ পূজাং কৃষ্ণশস্ত্রাঙ্কিতো নরঃ।
অপরাধসহস্রাণি নিত্যং হরতি কেশবঃ ॥ইতি॥৪৮১॥

অনুবাদ—কৃষ্ণশস্ত্রচিহ্ন শরীরে ধারণ করিয়া যিনি শ্রীহরির পূজা করেন, শ্রীকেশব তাঁহার হাজার রকম অপরাধ ক্ষমা করেন ॥ ৪৮১ ॥

অথ শেষগ্রহণম্

ততো ভগবতা দত্তং মন্যমানো দয়ালুনা।
মহাপ্রসাদ ইত্যুক্ত্বা শেষং শিরসি ধারয়েৎ ॥ ৪৮২ ॥

অনুবাদ—অতঃপর ভগবান যেন অনুগ্রহপূর্ব্বক দান করিলেন, এইরূপ ভাবনা করিয়া 'মহাপ্রসাদ' এই বাক্য উচ্চারণ সহকারে মস্তকে নির্ম্মাল্য ধারণ করিতে হইবে ॥ ৪৮২ ॥

টীকা—শেষং নির্ম্মাল্যম্ ॥ ৪৮২ ॥

অথ নির্ম্মাল্যধারণনিত্যতা

পাদ্মে শ্রীগৌতমাম্বরীষ-সংবাদে—

অম্বরীষ হরের্লগ্নং নীরং পুষ্পং বিলেপনম্।
ভক্ত্যা ন ধত্তে শিরসা শ্বপচাদধিকো হি সঃ ॥৪৮৩॥

অনুবাদ—অতঃপর নির্ম্মাল্য ধারণের নিত্যতা বিষয়ে পদ্মপুরাণে শ্রীগৌতম-অম্বরীষ-সংবাদে লিখিত আছে—হে অম্বরীষ! শ্রীহরির গাত্রসংলগ্ন বারি, পুষ্প ও চন্দন যে ব্যক্তি ভক্তিভরে শিরোপরি ধারণ না করে, সেইব্যক্তি চণ্ডাল হইতেও অধম বলিয়া গণ্য হয় ॥২৩৮

অথ শ্রীভগবন্নির্ম্মাল্যমাহাত্ম্যম্

স্কান্দে ব্রহ্মনারদ-সংবাদে—

কৃষ্ণোত্তীর্ণন্তু নির্ম্মাল্যং যস্যাঙ্গং স্পৃশতে মুনে।
সর্ব্বরোগৈস্তথা পাপৈর্ম্মুক্তো ভবতি নারদ ॥ ৪৮৪ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে উক্ত হইয়াছে যে, শ্রীকৃষ্ণের অঙ্গ হইতে অবতারিত নির্ম্মাল্য যিনি শরীরে স্পর্শ করান, হে মুনে! সেই ব্যক্তি সর্ব্বরোগ ও সর্ব্বপাপ হইতে মুক্ত হন ॥ ৪৮৪ ॥

টীকা—নির্ম্মাল্যম্ অনুলেপনাদি ॥ ৪৮৪ ॥

বিষ্ণোর্নির্ম্মাল্যশেষেণ যো গাত্রং পরিমার্জ্জয়েৎ।
দুরিতানি বিনশ্যন্তি ব্যাধয়ো যান্তি খণ্ডশঃ ॥ ৪৮৫ ॥
মুখে শিরসি দেহে তু বিষ্ণূত্তীর্ণান্তু যো বহেৎ।
তুলসীং মুনিশার্দ্দূল ন তস্য স্পৃশতে কলিঃ ॥৪৮৬॥

অনুবাদ—বিষ্ণুনির্ম্মাল্যের অবশেষ দ্বারা যিনি শরীর মার্জ্জন করেন, তাঁহার পাপসকল ধ্বংস ও

ব্যাধিসমূহ খণ্ড খণ্ড হয়। যে ব্যক্তি মুখে, মাথায় ও শরীরে শ্রীবিষ্ণুর শ্রীঅঙ্গ হইতে অবতারিত নির্ম্মাল্য ও তুলসী ধারণ করেন, কলি সেই ব্যক্তিকে স্পর্শ করিতে পারে না। হে মুনিবর! ইহা তোমার জ্ঞাতার্থে বলিলাম ॥ ৪৮৫-৪৮৬ ॥

কিঞ্চ—

বিষ্ণুমূর্ত্তিস্থিতং পুণ্যং শিরসা যো বহেন্নরঃ।
অপর্য্যুষিতপাপস্তু যাবদ্যুগচতুষ্টয়ম্ ॥ ৪৮৭ ॥
কিং করিষ্যতি সুস্নাতো গঙ্গায়াং ভূসুরোত্তম।
যো বহেৎ শিরসা নিত্যং তুলসীং বিষ্ণুসেবিতাম্ ॥৪৮৮

অনুবাদ—আরও বলা হইয়াছে—শ্রীবিষ্ণুর অঙ্গ-লগ্ন পবিত্র নির্ম্মাল্য যিনি নিজ মস্তকে ধারণ করেন, হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! তাঁহার চারিযুগ-কৃত পাপসমূহ তৎ-ক্ষণাৎ বিনষ্ট হয়। বিষ্ণুভুক্তা তুলসী যিনি প্রত্যহ মাথায় ধারণ করেন, তাঁহার আর যথাবিধি গঙ্গা স্নানের প্রয়োজন হয় না ॥ ৪৮৭-৪৮৮ ॥

টীকা—পুণ্যং শ্রীতুলস্যাদি, অপর্য্যুষিতপাপঃ সদ্যঃ-সংক্ষীণপাপঃ ॥ ৪৮৭ ॥

বিষ্ণুপাদাব্জসংলগ্নামহোরাত্রোষিতাং শুভাম্।
তুলসীং ধারয়েদ্যো বৈ তস্য পুণ্যমনন্তকম্ ॥৪৮৯॥
অহোরাত্রং শিরে যস্য তুলসী বিষ্ণুসেবিতা।
ন স লিপ্যতি পাপেন পদ্মপত্রমিবাম্ভসা ॥ ৪৯০ ॥

অনুবাদ—দিবানিশি শ্রীবিষ্ণুর পাদপদ্মে অবস্থিতা শুভতুলসী ধারণকারী ব্যক্তির পুণ্যের সীমা নাই। বিষ্ণুভুক্তা তুলসী যাঁহার মস্তকে দিবানিশি অবস্থান করেন, পদ্মপত্রে জলের ন্যায় কোনও পাপই তাঁহাতে লিপ্ত হইতে পারে না ॥ ৪৮৯-৪৯০ ॥

টীকা—শিরে শিরসি; ন লিপ্যতি, ন লিপ্যতে ॥ ৪৯০ ॥

কিঞ্চ—

বিষ্ণোঃ শিরঃপরিভ্রষ্টাং ভক্ত্যা যস্তুলসীং বহেৎ।
সিধ্যন্তি সর্ব্বকার্য্যাণি মনসা চিন্তিতানি চ ॥ ৪৯১ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে যে, শ্রীবিষ্ণুর মস্তক হইতে স্খলিতা তুলসীপত্র যিনি ভক্তিভরে ধারণ করেন, তাঁহার সমস্ত প্রকার ইচ্ছা পূর্ণ হয় ॥ ৪৯১ ॥

অপি চ—

প্রমার্জ্জয়তি যো দেহং তুলস্যা বৈষ্ণবো নরঃ।
সর্ব্বতীর্থময়ং দেহং তৎক্ষণাৎ দ্বিজ জায়তে ॥৪৯২॥

অনুবাদ—আরও যথা—হে দ্বিজ! যে বৈষ্ণব ব্যক্তি শরীরে বিষ্ণুর নির্ম্মাল্য-তুলসী ঘর্ষণ করেন, তাঁহার শরীর ঘর্ষণ সময়েই সর্ব্বতীর্থময় হইয়া যায় ॥ ৪৯২ ॥

টীকা—বৈষ্ণব ইত্যনেন শ্রীভগবন্নির্ম্মাল্যতুলস্যেতি বোধ্যম্ ॥ ৪৯২ ॥

গারুড়ে—

হরের্ম্মূর্ত্ত্যবশেষন্তু তুলসীকাষ্ঠচন্দনম্।
নির্ম্মাল্যন্তু বহেদ্যস্তু কোটিতীর্থফলং লভেৎ ॥ ৪৯৩॥

অনুবাদ—গরুড়পুরাণে উক্ত হইয়াছে—শ্রীহরির বিগ্রহলগ্ন তুলসীকাষ্ঠ চন্দনের অবশেষ ও নির্ম্মাল্য ধারণকারী বৈষ্ণবজনের কোটি তীর্থ ফল লাভ হয় ॥ ৪৯৩ ॥

নারদপঞ্চরাত্রে—

ভোজনানন্তরং বিষ্ণোরর্পিতং তুলসীদলম্।
তৎক্ষণাৎ পাপনির্ম্মোকশ্চান্দ্রায়ণশতাধিকঃ ॥৪৯৪॥

অনুবাদ—নারদপঞ্চরাত্রে এই বিষয়ে বলা হই-য়াছে—শ্রীবিষ্ণুর নৈবেদ্য নিবেদনের পর তাহাতে সমর্পিত তুলসীপত্র প্রসাদরূপে সেবন করিলে সেবন মাত্রই পাপ হইতে মুক্তিলাভ এবং শত চান্দ্রায়নব্রত অপেক্ষাও বেশী ফল লাভ হয় ॥ ৪৯৪ ॥

টীকা—পাপান্নির্ম্মোকঃ নিঃশেষেণ মুক্তিশ্চান্দ্রায়ণ-শতাদপ্যধিকঃ ইতি সবাসনা শেষপাপসঞ্চয়ক্ষপণাৎ ॥ ৪৯৪ ॥

কিঞ্চান্যত্র—

কৌতুকং শৃণু মে দেবি বিষ্ণোর্নির্ম্মাল্যবহ্নিনা।
তাপিতং নাশমায়াতি ব্রহ্মহত্যাদিপাতকম্ ॥ ৪৯৫ ॥

অনুবাদ—অন্যত্র আরও কথিত হইয়াছে যথা—হে দেবি! কৌতুকের কথা শ্রবণ কর, বিষ্ণুর নির্ম্মাল্যরূপ অগ্নিতে ব্রহ্মবধ প্রভৃতি যে কোন পাতকই ভস্মীভূত হয় ॥ ৪৯৫ ॥

টীকা—নির্ম্মাল্যং প্রসাদতুলস্যাদি, তদেব বহ্নিস্তেন তাপিতং দগ্ধং সৎ ॥ ৪৯৫ ॥

একাদশস্কন্ধে শ্রীভগবন্তং প্রত্যুদ্ধবোক্তৌ (৬।৪৬)—

ত্বয়োপযুক্তস্রগ্গন্ধবাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ।
উচ্ছিষ্টভোজিনো দাসাস্তব মায়াং জয়েম হি ॥৪৯৬॥

অনুবাদ—একাদশস্কন্ধে শ্রীভগবানের প্রতি উদ্ধবের উক্তিতে বলা হইয়াছে—হে প্রভো! তোমার উপভুক্ত মাল্য, চন্দন, বসন, অলংকার প্রভৃতি এবং তোমার ভুক্তাবশেষ অন্ন ভোজন করিয়াই অনুগত দাস আমরা তোমার মায়া জয় করিতে পারিব ॥ ৪৯৬ ॥

অতএব স্কান্দে শ্রীযমস্য দূতানুশাসনে—

পাদোদকরতা যে চ হরের্নির্ম্মাল্যধারকাঃ।
বিষ্ণুভক্তিরতা যে বৈ তে তু ত্যাজ্যাঃ সুদূরতঃ ॥
ইতি ॥ ৪৯৭ ॥

অনুবাদ—অতএব স্কন্দপুরাণে দূতগণের প্রতি যমরাজের উপদেশ—বিষ্ণুপাদোদকে অনুরক্ত যে সকল ব্যক্তি, যাঁহারা শ্রীহরির নির্ম্মাল্য ধারণ করেন এবং যাঁহারা বিষ্ণুভক্তিতে অত্যন্ত আসক্ত তাঁহাদিগকে অনেক দূর হইতেই ত্যাগ করিবে কারণ তাঁহারা আমার অধিকারভুক্ত নহেন ॥ ৪৯৭ ॥

বিসর্জ্জনন্তু চেৎ কার্য্যং বিসৃজ্যাবরণানি তৎ।
দেবে তন্মুদ্রয়া প্রার্থ্য দেবং হৃদি বিসর্জ্জয়েৎ ॥৪৯৮

অনুবাদ—যদি বিসর্জ্জন করিতে হয় তাহা হইলে আবরণ সকল পরিত্যাগ করাইয়া বিসর্জ্জনী মুদ্রাদ্বারা প্রার্থনা করিয়া দেবতাকে স্বহৃদয়ে বিসর্জ্জন করিবে ॥ ৪৯৮ ॥

তথা চোক্তম্—

পূজিতোঽসি ময়া ভক্ত্যা ভগবন্ কমলাপতে।
সলক্ষ্মীকো মম স্বান্তং বিশ বিশ্রান্তিহেতবে ॥৪৯৯॥

অনুবাদ—এই বিষয়ে বলা হইয়াছে—আমি ভক্তিপূর্ব্বক দেবীলক্ষ্মীর সহিত তোমার পূজা করিলাম, হে ভগবন্! হে কমলাপতে! এখন বিশ্রামের নিমিত্ত আমার অন্তঃকরণে প্রবিষ্ট হও ॥ ৪৯৯ ॥

প্রার্থ্যৈবং পাদুকে দত্ত্বা সাঙ্গমুদ্বাসয়েদ্ধরিম্।
প্রাণায়ামং ষড়ঙ্গঞ্চ কৃত্বা মুদ্রাং বিসর্জ্জনীম্ ॥৫০০॥

অনুবাদ—এই প্রকার প্রার্থনা করিয়া পাদুকা নিবেদন পূর্ব্বক প্রাণায়াম, ষড়ঙ্গন্যাস ও বিসর্জ্জনী মুদ্রা দেখাইয়া অঙ্গসহ শ্রীহরিকে বিসর্জ্জন করিবে ॥ ৫০০ ॥

অথ পূজাবিধি-বিবেকঃ

অয়ং পূজাবিধির্মন্ত্রসিদ্ধ্যর্থস্য জপস্য হি।
অঙ্গং ভক্তেস্তু তন্নিষ্ঠৈর্ন্যাসাদীনন্তরেষ্যতে ॥ ৫০১ ॥

অনুবাদ—অতঃপর পূজাবিধি নিরূপণ—এ পর্য্যন্ত যে সমস্ত পূজাবিধি বর্ণিত হইল, এগুলি মন্ত্রসিদ্ধির নিমিত্ত করণীয়। ইহা জপাঙ্গের নিয়ম। ভক্তির অঙ্গস্বরূপ যে পূজা ভক্তগণ করেন, সে পূজায় ন্যাসাদির তেমন অপেক্ষা নাই ॥ ৫০১ ॥

টীকা—এবং ক্রমদীপিকাদ্যুক্তানুসারেণ প্রায়ঃ কামপরাণাং পূজাবিধিং লিখিত্বা ইদানীং শ্রীভগবদ্ভক্তিপরাণাং পূজাবিধিং তত্রৈব বিভজ্য দর্শয়তি—অয়মিতি। পঞ্চমাদি-বিলাসচতুষ্টয়েন লিখিতোঽয়ং পূজাবিধিঃ শ্রীভগবদর্চ্চনপ্রকারঃ, জপস্য অঙ্গং, ক্রমদীপিকাদ্যভিপ্রেতস্য তত্তৎকামেন জপস্যৈব তত্র প্রাধান্যাৎ। কথম্ভূতস্য ?—মন্ত্রস্য সিদ্ধিঃ সাধনং, সৈব অর্থঃ প্রয়োজনং যস্য তস্য, অতস্তত্তৎফলার্থং জপেন মন্ত্রসাধনস্যৈব বিধেয়ত্বাৎ মন্ত্রাদীনাং শ্রীভগ-

বতা সহাভেদাপাদনার্থং তত্তন্ন্যাসাদিকমিতি ভাবঃ। ভক্তের্নবিধায়াস্তু অঙ্গং যঃ পূজাবিধিঃ স চ ন্যাসাদীন্ প্রকারান্ অন্তরা বিনৈব ভক্তিনিষ্ঠৈরিষ্যতে। আদি-শব্দেন আবাহনাদি-কতিপয়মুদ্রাদি চ। ভক্তিপরৈঃ সাক্ষাদ্ভগবদ্বুদ্ধ্যা শ্রীমূর্ত্ত্যাদিপূজনে ন্যাসাদ্যযোগা-দিত্যেষা দিক্ ॥ ৫০১ ॥

তত্র দেবালয়ে পূজা নিত্যত্বেন মহাপ্রভোঃ।
কাম্যত্বেনাপি গেহে তু প্রায়ো নিত্যতয়া মতা॥৫০২॥

অনুবাদ—ভক্তিপূজনস্থলে দেবমন্দিরে শ্রীভগবদর্চ্চন উপাসকগণের পক্ষে নিত্য হইতে পারে, কিংবা কাম্যও হইতে পারে। কিন্তু নিজগৃহে অর্চ্চন তাঁহাদিগের পক্ষে নিত্য করণীয় ॥ ৫০২ ॥

টীকা—ভক্ত্যঙ্গপূজাবিধৌ চ দেবালয়নিজগৃহ-ভেদেন কথঞ্চিদ্ভেদমপি পরং দর্শয়তি—তত্রেতি। তস্মিন্ ভক্ত্যঙ্গ-পূজাবিধৌ যা দেবালয়ে নিজগৃহাৎ পৃথক্ত্বেন কেবলং ভগবদর্থং স্বয়ং নির্ম্মিতো মন্দিরে পূর্ব্বসিদ্ধে বা দেবকুলাদৌ মহাপ্রভোঃ শ্রীভগবতঃ শ্রীকৃষ্ণস্য পূজা, সা তদুপাসকানাং নিত্যত্বেন কাম্যতেনাপি মতা ভক্তিনিষ্ঠৈঃ। একাদশীব্রতাদিবদিত্যত্র দৃষ্টান্তো দ্রষ্টব্যঃ। মহাপ্রভোরিতি নিত্যত্বে কাম্যত্বে চ হেতুরূহনেয়ঃ, তস্যৈবাপূজনে মহাদোষশ্রবণাৎ, পূজনে চাশেষবাঞ্ছিত-বাঞ্ছাতীতফল সিদ্ধেশ্চ। তৎ-সর্ব্বমগ্রে তৎপ্রকরণে ব্যক্তং ভাবি। গেহে নিজগৃহে চ যা পূজা, সা প্রায়ো নিত্যত্বেনৈব মতা। এবং দেবালয়ে পূজায়া নিত্যতয়াবশ্য-কর্ত্তব্যত্বাদকরণে প্রত্যবায়ঃ। সম্পাদনঞ্চ তস্যাঃ কেবলং কর্ত্তব্যত্বেন শ্রীভগবৎপ্রীত্যুদ্দেশেন বা। কাম্যতয়া চ তত্তৎফলা-পেক্ষয়া যথাবিধি-শ্রেষ্ঠ-প্রেষ্ঠ-দ্রব্য-সমর্পণাদি কালা-নতিক্রমণমপরাধবর্জ্জনাদিকঞ্চ জ্ঞেয়ম্। গৃহে চ নিত্যত্বেন কেবলমকরণে প্রত্যবায়পরিহারাৎ ফলানু-সন্ধানাভাবাচ্চ নিজনিয়মপরিপালনানুসারেণ স্বগৃহ-সিদ্ধ-দ্রব্যার্পণাদিকমেবেতি। যদ্যপি অগ্নিহোত্রাদৌ নিত্যকর্ম্মণ্যপি সামান্যতো ব্রহ্মলোকাদিপ্রাপ্তিঃ ফলং, যথা শ্রূয়তে, তথাত্রাপি পরমপদপ্রাপ্তিঃ ফলমস্ত্যেব, তথাপি সেবকৈস্তচ্চানুসন্ধেয়ম্। কেবলং কর্ত্তব্য-ত্বেনৈব কার্য্যমিত্যুক্তম্। প্রায় ইত্যনেন দেবালয়-বদ্গৃহেঽপি কস্যচিৎ কদাচিৎ কামেনাপি পূজা সম্মতেতি ॥ ৫০২ ॥

সেবাদিনিয়মো দেবালয়ে দেবস্য চেষ্যতে।
প্রায়ঃ স্বগেহে স্বচ্ছন্দসেবা স্বব্রতরক্ষয়া ॥ ৫০৩ ॥

অনুবাদ—দেবমন্দিরে পূজা করিতে হইলে প্রভুর সেবাদির নিয়ম মানিতে হইবে, কিন্তু নিজগৃহে নিজের ইচ্ছা অনুযায়ী সাধ্যমত পূজা করিতে পারা যায়, কেবল নিজ ব্রতভঙ্গ না হইলেই হইল ॥ ৫০৩॥

টীকা—তদেবাভিব্যঞ্জয়ন্ তত্তৎ ভেদফলং লিখতি—সেবাদীতি। দেবস্য ভগবতঃ সেবায়া ভক্তি-বিশেষেণ পূজায়া নিয়মঃ যস্মিন্ কালে যেন দ্রব্যেণ, যথা যেন কর্ত্রা কার্য্যতাদিরূপঃ, তথা, 'যদ্যৎ প্রিয়-তমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ' (শ্রীভা ১১।১১।৪১) ইত্যাদিবচনানুসারেণ তত্তদ্দ্রব্যার্পণরূপশ্চ; তথা কেবলং শ্রীভগবদুদ্দেশেনৈব যথাকালং নিত্যনিয়মিত-ভোগার্পণাদিরূপশ্চ। আদি-শব্দাৎ 'অগ্রে পৃষ্ঠে বাম-ভাগে' ইত্যাদিবচনানুসারেণ যস্মিন্ স্থানে যথা নমস্কার্য্যমিতি প্রণামনিয়মঃ; তথা যত্র ভোজনাদিক-মুপযুজ্যতে, তত্রৈব তৎ কর্ত্তব্যমিত্যাদি প্রকারকো বারাহাদ্যুক্ত-দেবালয়-বিষয় - কাপরাধ - পরিহারাদি-নিয়মশ্চেষ্যতে ভক্তিনিষ্ঠৈঃ; অন্যথা সম্যক্ফলা-সিদ্ধেঃ। অতো ব্রতদিনেঽপ্যন্যদিনবদ্ভোগসমর্পণং সম্মতং স্যাৎ। এবং কেচিদ্দ্বাদশ্যাং দিবাপি ভগবতঃ স্বাপনমিচ্ছন্তি, নিজগৃহে তু স্বচ্ছন্দেন নিজেচ্ছয়া বেষ্যতে। যদা যত্র যেন দ্রব্যেণ যথা সেবা কর্ত্তুং শক্যতে, তদা তত্র তেন তথা কার্য্যা, ন তু কাল-দেশ-দ্রব্যাদি-নিয়মেনেত্যর্থঃ। গৃহস্থানামবশ্যকৃত্য-কুটুম্ব-ভরণাদিব্যাপারপরতয়া নিজভৃত্যাতিথ্যাদ্যপেক্ষয়া চ তত্তন্নিয়মাসিদ্ধেঃ। অতো নিজপরিবারবৈষ্ণবা-ভ্যাগতাদ্যপেক্ষয়া ভগবদর্প্যভোগস্য কদাচিদ্বহুলতা-ঽল্পতা চ স্যাৎ। তত্র চ স্বস্য আত্মনো যদ্ব্রতং নিয়মঃ বৈষ্ণবত্বেন নিত্যং বৃন্তাক-মসূরাদিবর্জ্জনং, দশম্যাদৌ ক্ষারাদিবর্জ্জনং চাতুর্ম্মাস্যাদৌ শাকাদি-কলিঙ্গাদি-বর্জ্জনঞ্চ, তথা দ্বাদশ্যনতিক্রমণাদিকঞ্চ, তস্য রক্ষয়া তৎ-পরিপালনানুসারেণেত্যর্থঃ। অতো ব্রতদিনে কেচিদন্নঞ্চ ন সমর্পয়ন্তি; এবং যদা যান্যেবাত্মোপ-

ভোগযোগ্যানি, তদা তান্যেব ভগবতে সমর্প্যাণীতি ভাবঃ। যদি বা ভক্তিবিশেষতঃ কদাচিত্তানি সমর্প্যেরন্, তদা নিজব্রতাপেক্ষয়া স্বয়ং নোপযোক্তব্যানি কস্মৈচিদ্বৈষ্ণবায় দেয়ানি, জলে বার্প্যাণি। একান্তিভিশ্চ ভাববিশেষেণ চেত্তানি স্বয়মুপযুজ্যেরন্; ততশ্চ তেষাং ব্রতাদাবনধিকারান্ন কোঽপি দোষো ঘটেতেত্যগ্রে লেখ্যমেব। প্রায় ইত্যনেন চ দেবালয় ইব ভক্তিবিশেষেণ কস্যচিৎ কদাচিৎ কশ্চিৎ সেবা-নিয়মোঽভিপ্রেতঃ। এতচ্চ লৌকিকেন সেবা-শব্দেনাপি লৌকিকবন্ধুবৎ শ্রীভগবতি সূচিতেন ভাববিশেষণানুমতমেব। যদ্যপি স্বব্রতরক্ষয়েত্যত্রাপি প্রায়ঃশব্দসম্বন্ধে কৃতে কদাচিৎ কস্যচিৎ ভক্তিবিশেষেণ নিজব্রতানাদরশ্চাপদ্যতে, তথাপি কৃষ্ণস্তস্য পরাঙ্মুখ ইত্যাদিবচনাৎ কান্তিকাদিব্রতাকরণে মহাদোষশ্রবণাৎ, বৈষ্ণবৈঃ স্বব্রতং পরিপাল্যমেবেতি; তথা ন ব্যাখ্যেয়ম্। কিঞ্চ, যদ্যপি গৃহেঽপি পূজাপরাধবর্জ্জনাদিকমপেক্ষ্যতে, তথাপি উচ্চৈর্ভাষা মিথোজল্প ইত্যাদ্যপরাধানাং প্রায়ো গৃহে বর্জ্জনস্যাশক্যত্বাৎ তত্তন্নিয়মো ন সম্ভবেদিতি জ্ঞেয়ম্। ইত্থং চৈককালং দ্বিকালং বেত্যাদিবচনাৎ এককালমপি পূজা; তথা নিজগৃহ-প্রদেশে সমাবেশেন যত্র কুত্রাপি ভাগবতে নমস্কারঃ, শ্রীভগবৎ-পুরতো ভোজনঞ্চোপপদ্যতে। এবমন্যদপ্যূহ্যম্। এবমেব সর্ব্বমবিরুদ্ধমনবদ্যঞ্চ স্যাৎ। অন্যথা দ্বাত্রিংশদপরাধেষু ভগবদগ্রতো ভজন-নিষেধস্য 'নৈবেদ্যশেষং তুলসীবিমিশ্রিতম্' ইত্যাদৌ মুরারেঃ পুরতো ভোজনে মহাগুণতয়া বিধানস্য চেত্যাদের্বহুল-বিরোধাপত্তেরিত্যেষা দিক্ ॥ ৫০৩ ॥

ইতি শ্রীভগবদ্ভক্তিবিলাসটীকায়াং দিগ্দর্শিন্যাম্ অষ্টমো বিলাসঃ ॥ ৮ ॥

———

কিঞ্চ বিষ্ণুধর্ম্মোত্তরে—

ঘৃতেন স্নপিতং দেবং চন্দনেনানুলেপয়েৎ।
সিতজাত্যাশ্চ কুসুমৈঃ পূজয়েত্তদনন্তরম্ ॥ ৫০৪ ॥
শ্বেতেন বস্ত্রযুগ্মেন তথা মুক্তাফলৈঃ শুভৈঃ।
মুখ্যকর্পূরধূপেন পয়সা পায়সেন চ ॥ ৫০৫ ॥
পদ্মসূত্রস্য বর্ত্ত্যা চ ঘৃতধূপেন চাপ্যথ।
পূজয়েৎ সর্ব্বথা যত্নাৎ সর্ব্বকামপ্রদার্চ্চনাম্ ॥৫০৬॥
কৃত্বেমাং মুচ্যতে রোগী রোগাৎ শীঘ্রমসংশয়ম্।
দুঃখার্ত্তো মুচ্যতে দুঃখাৎ বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ ॥৫০৭
রাজগ্রস্তশ্চ মুচ্যেত তথা রাজভয়ান্নরঃ।
ক্ষেমেণ গচ্ছেদধ্বানং সর্ব্বানর্থবিবর্জ্জিতঃ ॥
॥ ইতি ৫০৮ ॥

ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে প্রাতরর্চ্চা-সমাপনো নামাষ্টমো বিলাসঃ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে আরও বলা হইয়াছে—শ্রীবিষ্ণুকে ঘৃতদ্বারা স্নান করাইয়া তাঁহার শ্রীবিগ্রহে চন্দন মাখাইতে হইবে। তারপর সাদাফুল দ্বারা পূজা করিতে হইবে। তারপর সাদা কাপড় ও চাদর, পবিত্র মুক্তাফল, কর্পূরের ধূপ, দুগ্ধ, পায়স, পদ্মসূত্রের বত্তি ও ঘৃতযুক্ত ধূপ দ্বারাও ভক্তিপূর্ব্বক পূজা করিতে হইবে। এই পূজা সমস্ত প্রকার অভীষ্টদানকারিণী। এইভাবে পূজা করিলে রোগী রোগ হইতে শীঘ্র মুক্ত হইবে, ইহা নিশ্চিত। দুঃখে পতিত ব্যক্তি দুঃখ হইতে এবং বন্দী বন্ধন হইতে মুক্ত হন। ইঁহার অনুগ্রহে অপরাধী ব্যক্তি রাজভয় হইতে মুক্তি পায় এবং পথিক জন কোন প্রকার বিপদ ছাড়াই নিজ ইচ্ছামত এই সংসারে ভ্রমণ করেন ॥ ৫০৪-৫০৮ ॥

ইতি শ্রীগোপালভট্ট বিলিখিত ভগবদ্ভক্তিবিলাসে প্রাতরর্চ্চাসমাপন নামক অষ্টম বিলাস।

নবম-বিলাসঃ

স প্রসীদতু চৈতন্যদেবো যস্য প্রসাদতঃ।
মহাপ্রসাদজাতার্হঃ সদ্যঃ স্যাদধমোঽপ্যয়ম্ ॥ ১ ॥

অনুবাদ—অধম হইয়াও যাঁহার করুণায় আমি তৎক্ষণাৎ মহাপ্রসাদসমূহ পাইবার যোগ্যতা অর্জ্জন করিতে পারি, সেই শ্রীচৈতন্য মহাপ্রভু আমার প্রতি প্রসন্ন হউন ॥ ১ ॥

টীকা—অধুনা মহাপ্রসাদপ্রকরণং লিখন্ পরম-গুরু-শ্রীভগবৎ প্রসাদং প্রার্থয়তে স ইতি। মহা-প্রসাদো নাম ভগবদুচ্ছিষ্টাদি, তস্য জাতং সমুচ্চয়ঃ তদ্‌যোগ্যঃ স্যাৎ। এবমেতল্লিখনে পরমাযোগ্য-স্যাপ্যাত্মনো ভগবৎ-প্রসাদেনৈব যোগ্যতা সম্ভাবিতেতি পূর্ব্ববদূহ্যম্। এবমগ্রেঽপি বোদ্ধব্যম্ ॥ ১ ॥

———

অথ শঙ্খোদকং তচ্চ কৃষ্ণদৃষ্টিসুধোক্ষিতম্।
বৈষ্ণবেভ্যঃ প্রদায়াভিবন্দ্য মূর্দ্ধনি ধারয়েৎ ॥ ২ ॥

অনুবাদ—অনন্তর শ্রীকৃষ্ণের শুভদৃষ্টিরূপ অমৃত-পাতে শঙ্খস্থিত যে জল মহাপবিত্র হইয়াছে, তাহা বৈষ্ণবগণকে আগে দিয়া প্রণাম করিয়া পরে নিজের মস্তকে দিবে ॥ ২ ॥

টীকা—তচ্চেতি যৎ পূর্ব্বং পূজোপকরণাদ্য-ভ্যুক্ষণানন্তরং পুনর্ভৃতজলে শ্রীভগবদগ্রতো ন্যস্তে শঙ্খে স্থিতং পশ্চাচ্চ তেন শঙ্খেন ত্রিভ্র্ামণতো ভগবন্নী-রাজনমনুষ্ঠিতং তদা তৎস্থজলস্যাপি নীরাজনেন সৌভাগ্যং জাতমস্তি তদিত্যর্থঃ। অতএব পূর্ব্বং ভগবদগ্রতো ন্যস্তত্বাৎ কৃষ্ণস্য দৃষ্টিরূপয়া সুধয়া উক্ষিতং সিক্তং চেতি মহাসৌভাগ্যজাতং দর্শিতম্। যদি চ শঙ্খান্তরেণ সদ্যোজলভৃতেন ভগবন্নীরাজনমেব দ্রষ্টব্যং, তথাপি তচ্ছঙ্খজলস্য নীরাজনেন ভগবদ্দৃষ্টি-গোচরতা-বাপ্ত্যা, কিংবা নীরাজনানন্তরং স্তবনবন্দ-নাদ্যর্থমবশ্যং ভগবদগ্রতো ধার্য্যত্বেন তদ্দৃষ্টি-সুধোক্ষি-তত্বং সম্পদ্যত এব; এবঞ্চ পূর্ব্বস্থাপিতেনৈব শঙ্খেন ক্ষীরাদিস্নপনং বোদ্ধব্যং, অন্যথা শঙ্খবাহুল্যাপত্তেঃ। ততশ্চ স্নাপনানন্তরং তস্য রিক্তত্বাৎ, তথা নীরাজন-শঙ্খস্য জলগ্রহণাচ্চ পুনরগ্রে লেখ্যং ভগবদগ্রতঃ শঙ্খ-স্থাপনং যুক্তমেব। ন চ বক্তব্যমিদং পূর্ব্বং শঙ্খঃ স্থাপিতোঽস্ত্যেব ক্ষীরস্নপনাদিকং নীরাজনঞ্চ শঙ্খান্ত-রেণৈবেতি পুনঃ শঙ্খস্থাপনেনালমিতি, যতঃ শিষ্টা-চারানুসারেণ বিষ্ণুভক্তিচন্দ্রোদয়াদৌ গ্রন্থে 'শ্রীনৃসিংহা-রণ্যাদিভিঃ প্রামাণিকবর্গৈর্লিখিতং— পূজাসমাপ্তৌ পুষ্পাদিনা পূজা-পূর্ব্বকং শঙ্খস্য বিশেষতঃ স্থাপনম-পেক্ষ্যত এব। পূর্ব্বস্তু পূজোপকরণাদ্যভ্যুক্ষণো-পক্ষীণজলঃ শঙ্খঃ পূজারম্ভে মঙ্গলার্থং কেবলং জলেনা-পূর্ব্ব স্থাপিত আসীদিতি বিশেষঃ ॥ ২ ॥

———

শঙ্খোদকমাহাত্ম্যম্

স্কান্দে ব্রহ্ম-নারদ-সংবাদে—

শঙ্খোদকং হরের্ভক্তির্নির্ম্মাল্যং পাদয়োর্জলম্।
চন্দনং ধূপশেষন্তু ব্রহ্মহত্যাপহারকম্ ॥ ৩ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে উক্ত হইয়াছে—শ্রীহরির শ্রবণ-কীর্ত্তনাদি নবধাভক্তি, নির্ম্মাল্য, পাদোদক, উপভুক্ত চন্দন ও ধূপ এবং পূজার শেষ শঙ্খস্থিত জল—এই সকল বস্তু ব্রহ্মহত্যা পাপ বিনাশক ॥ ৩ ॥

টীকা—ভক্তিঃ শ্রবণকীর্ত্তনাদি-নববিধা ॥ ৩ ॥

———

তত্রৈব শঙ্খমাহাত্ম্যে—

শঙ্খস্থিতন্তু যত্তোয়ং ভ্রামিতং কেশবোপরি।
বন্দতে শিরসা নিত্যং গঙ্গাস্নানেন তস্য কিম্ ॥ ৪ ॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই শঙ্খমাহাত্ম্য-প্রসঙ্গে বলা হইয়াছে—শঙ্খ জলপূর্ণ করিয়া শ্রীকেশবের মস্ত-কোপরি ভ্রমণ করাইয়া তাহা যিনি নিজের মাথায় ধারণ করেন, তাঁহার আর গঙ্গাস্নানের আবশ্যকতা নাই অর্থাৎ উহাতেই তাঁহার গঙ্গাস্নান ফল হয় ॥ ৪ ॥

টীকা—যো বন্দতে তস্য ॥ ৪ ॥

———

ন দাহো ন ক্লমো নার্ত্তির্নরকাগ্নিভয়ং ন হি।
যস্য শঙ্খোদকং মূর্দ্ধ্নি কৃষ্ণদৃষ্ট্যাবলোকিতম্ ॥ ৫ ॥

ন গ্রহা ন চ কুষ্মাণ্ডাঃ পিশাচোরগ-রাক্ষসাঃ ।
দৃষ্ট্বা শঙ্খোদকং মূর্ধ্নি বিদ্রবন্তি দিশো দশ ॥ ৬ ॥

অনুবাদ—ভগবান শ্রীকৃষ্ণের দৃষ্টিপাত-পূত শঙ্খ-জল যিনি মস্তকে ধারণ করেন, তিনি যাতনা, গ্লানি, শোক বা নরকাগ্নির ভয় হইতে মুক্ত হন। গ্রহ, কুষ্মাণ্ড, পিশাচ, ভুজঙ্গ, রাক্ষস সকলেই মস্তকে শঙ্খ-জল দেখিলে দশদিকে পলায়ন করে ॥ ৫-৬ ॥

টীকা—যস্য মূর্দ্ধি বর্ত্ততে গ্রহাদয়ঃ মূর্দ্ধি স্থিতং শঙ্খোদকং দৃষ্ট্বা ন কিঞ্চিৎ কর্ত্তুং শক্লুবন্তি, প্রত্যুত বিদ্রবন্তি পলায়ন্ত ইত্যর্থঃ ॥ ৫-৬ ॥

কৃষ্ণমূর্ধ্নি ভ্রামিতন্তু জলং তচ্ছঙ্খসংস্থিতম্ ।
কৃত্বা মূর্দ্ধন্যবাপ্নোতি মুক্তিং বিষ্ণোঃ প্রসাদতঃ ॥৭॥
ভ্রাময়িত্বা হরেমূর্ধি মন্দিরং শঙ্খবারিণা ।
প্রোক্ষয়েদ্বৈষ্ণবো যস্তু নাশুভং তদ্গৃহে ভবেৎ ॥৮॥

অনুবাদ—শ্রীহরির মস্তকোপরি ভ্রামিত শঙ্খোদক মস্তকে ধারণ করিলে শ্রীবিষ্ণুর অনুগ্রহে মুক্তি লাভ হয়। শ্রীহরির মস্তকের উপর ভ্রমণ করাইয়া সেই শঙ্খজল দিয়া শ্রীমন্দির প্রোক্ষণ করিলে তাঁহার আবাসে অমঙ্গল থাকে না ॥ ৭-৮ ॥

নীরাজনজলং যত্র যত্র পাদোদকং হরেঃ ।
তিষ্ঠতে মুনিশার্দ্দূল বর্দ্ধন্তে তত্র সম্পদঃ ॥ ৯ ॥

অনুবাদ—শ্রীহরির নীরাজনবারি ও চরণোদক যেখানে অবস্থিত, হে মুনি শ্রেষ্ঠ! তথায় সমস্তসম্পদ বৃদ্ধি পায় ॥ ৯ ॥

তত্রৈবাগ্রে—
নীরাজনজলং বিষ্ণোর্যস্য গাত্রাণি সংস্পৃশেৎ ।
যজ্ঞাবভৃথলক্ষাণাং স্নানজং লভতে ফলম্ ॥ ১০ ॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই কিছু পরে বলা হইয়াছে—শ্রীবিষ্ণুর নীরাজনজল স্পৃষ্ট ব্যক্তি লক্ষযজ্ঞের অবভৃথ-স্নানজনিত ফলভাগী হইয়া থাকেন ॥ ১০ ॥

তত্রৈব শ্রীশিবোক্তৌ—
পাদোদকেন দেবস্য হত্যাযুত-সমন্বিতঃ ।
শুধ্যতে নাত্র সন্দেহস্তথা শঙ্খোদকেন হি ॥ ১১ ॥

অনুবাদ—ঐ স্থানে শ্রীশিবের উক্তিতে দেখা যায়—শ্রীহরির চরণোদক ও শঙ্খবারি অযুতহত্যা জনিত মহাপাপী ব্যক্তিকেও শুদ্ধ করিয়া থাকেন, ইহাতে কোনও সন্দেহ নাই ॥ ১১ ॥

বৃহদ্বিষ্ণুপুরাণে চ—
তীর্থাধিকং যজ্ঞশতাচ্চ পাবনং
জলং সদা কেশবদৃষ্টিসংস্থিতম্ ।
ছিনত্তি পাপং তুলসীবিমিশ্রিতং
বিশেষতশ্চক্রশিলাবিনির্মিতম্ ॥ ১২ ॥

অনুবাদ—বৃহদ্বিষ্ণুপুরাণে উক্ত হইয়াছে—শ্রীতুলসীসমন্বিত কেশবের দৃষ্টিপ্রাপ্ত জল, বিশেষতঃ শালগ্রাম শিলোদক সর্ব্বদা সমস্ত তীর্থজল হইতেও অধিক পবিত্র, শতযজ্ঞ অপেক্ষাও শুদ্ধিকারক এবং উহা দ্বারা পাপ দূরীভূত হয় ॥ ১২ ॥

টীকা—চক্রশিলাবিনির্মিতং ভগবচ্চরণামৃত-মিত্যর্থঃ ॥ ১২ ॥

অথ তীর্থধারণম্

কৃষ্ণপাদাব্জতীর্থঞ্চ বৈষ্ণবেভ্যঃ প্রদায় হি ।
স্বয়ং ভক্ত্যাভিবন্দ্যাদৌ পীত্বা শিরসি ধারয়েৎ ॥১৩॥

অনুবাদ—শ্রীকৃষ্ণপাদোদক অগ্রে মহাত্মা বৈষ্ণব-গণকে প্রদান করিয়া পরে প্রণাম পূর্ব্বক প্রথমে পান ও তারপর মাথায় লইতে হইবে ইহাই নিয়ম ॥ ১৩॥

তস্য মন্ত্রবিধিশ্চ প্রাক্ প্রাতঃস্নানপ্রসঙ্গতঃ ।
লিখিতো হ্যধুনা পানে বিশেষো লিখ্যতে কিয়ান্ ॥১৪

অনুবাদ—এই বিষয়ে মন্ত্রাদির যে নিয়ম, তাহা পূর্ব্বে প্রাতঃস্নান-প্রসঙ্গে বলা হইয়াছে, এখন পান-বিষয়ে কয়েকটি বিশেষ বিধি লিখিত হইতেছে ॥১৪॥

টীকা—বিধির্ধারণপ্রকারশ্চ ; কিয়ান্ সংক্ষিপ্তো বিধিবিশেষো লিখ্যতে ॥ ১৪ ॥

স চোক্তাঃ—

ওঁ চরণং পবিত্রং বিততং পুরাণং
যেন পুতস্তরতি দুষ্কৃতানি।
তেন পবিত্রেণ শুদ্ধেন পূতা
অপি পাপ্মানমরাতিং তরেম ॥ ১৫ ॥
লোকস্য দ্বারমার্চ্চয়ৎ পবিত্রং
জ্যোতিষ্মৎ বিভ্রাজমানং মহস্ত-
দমৃতস্য ধারা বহুধা দোহমানং
চরণং লোকে সুধিতাং দধাতু ॥ ইতি ॥১৬॥

অনুবাদ—এক্ষণে মন্ত্রটি বলা হইতেছে—বহু প্রাচীনকাল হইতেই পবিত্র চরণামৃতের মাহাত্ম্য প্রসিদ্ধ আছে। চরণামৃত দ্বারা পবিত্র হইয়া জনগণ পাপ হইতে পরিত্রাণ লাভ করে এবং ঐ চরণোদক স্পর্শে পবিত্র হইয়া আমরা পাপপূর্ণ এই সংসারও সমুত্তীর্ণ হই। ইহা স্বর্গের দ্বারস্বরূপ, জ্যোতির্ম্ময়, পবিত্র, বন্দনীয় এবং সমুজ্জ্বল। সেই চরণামৃতের পূজা করিলাম। এই অমৃতধারাস্বরূপ চরণামৃত পুনঃ পুনঃ ক্ষরিত হইয়া ধরণীতে অমৃততুল্য আদরণীয় হউন ॥ ১৫-১৬ ॥

টীকা – চরণং চরণারবিন্দং, তদুদকমিত্যর্থঃ। অরাতিং সংসারলক্ষণম্ ॥ ১৫ ॥

টীকা—সুধিতাং সুধাবদাদরণীয়তামিত্যর্থঃ ॥১৬

———

ইমং মন্ত্রং সমুচ্চার্য্য সর্ব্বদুষ্টগ্রহাপহম্।
প্রাশ্নীয়াৎ প্রোক্ষয়েদ্দেহং পুত্রমিত্রপরিগ্রহম্ ॥ ১৭ ॥

অনুবাদ—সর্ব্বপ্রকার দুষ্টগ্রহের কুপ্রভাব বিনাশকারী এই মন্ত্র পাঠ করিয়া চরণামৃত পান করিবে এবং নিজের শরীরে, পুত্র, মিত্র, স্ত্রী, কুটুম্ব প্রভৃতির শরীরেও ছিটাইয়া দিবে ॥ ১৭ ॥

———

কিঞ্চ—

বিষ্ণোঃ পাদোদকং পীতং কোটিহত্যাঘনাশনম্।
তদেবাষ্টগুণং পাপং ভূমৌ বিন্দুনিপাতনাৎ ॥১৮॥

অনুবাদ—আরও কথিত হইয়াছে—কোটি সংখ্যক হত্যাজনিত পাপ কেবল শ্রীবিষ্ণুর পাদোদক পান দ্বারাই ধ্বংস হয়। মনে রাখিবে এই পাদোদক যদি মাটিতে বিন্দুমাত্র পতিত হয় তাহা হইলে তাহার আটগুণ পাপ হয় ॥ ১৮ ॥

টীকা—তত্তস্মাৎ পানোক্তপুণ্যাদষ্টগুণমিত্যর্থঃ ॥১৮

———

অথ চরণোদকপানমাহাত্ম্যম্

পাদ্মে গৌতমাম্বরীষ-সংবাদে—

হরেঃ স্নানাবশেষন্তু জলং যস্যোদরে স্থিতম্।
অম্বরীষ প্রণম্যোচ্চৈঃ পাদপাংশুঃ প্রগৃহ্যতাম্ ॥১৯॥

অনুবাদ—অতঃপর চরণোদকমাহাত্ম্য সম্বন্ধে পদ্মপুরাণে গৌতম-অম্বরীষ-সংবাদে—হে অম্বরীষ! যাঁহার উদরে শ্রীহরির স্নানাবশেষ বারি থাকে, তুমি তাঁহাকে সাষ্টাঙ্গে প্রণাম করিয়া তাঁহার চরণধূলি গ্রহণ করিবে ॥ ১৯ ॥

———

তত্রৈব দেবদূত-বিকুণ্ডল-সংবাদে—

যে পিবন্তি নরা নিত্যং শালগ্রামশিলাজলম্।
পঞ্চগব্যসহস্রৈস্তু সেবিতৈঃ কিং প্রয়োজনম্ ॥ ২০ ॥

অনুবাদ—দেবদূত-বিকুণ্ডল-সংবাদেও কথিত হইয়াছে—প্রত্যহ শালগ্রামশিলোদক পানকারী ব্যক্তিগণের হাজার হাজার বার পঞ্চগব্য পানের আর প্রয়োজন থাকে না—অর্থাৎ শালগ্রাম শিলোদক পান সমস্ত কিছুর পূর্ণতা দান করে ॥ ২০ ॥

———

কোটিতীর্থসহস্রৈস্তু সেবিতৈঃ কিং প্রয়োজনম্।
নিত্যং যদি পিবেৎ পুণ্যং শালগ্রাম-শিলাজলম্ ॥২১

অনুবাদ—সর্ব্বদা পবিত্র শালগ্রামশিলোদক পান করিলে সহস্র কোটি তীর্থ সেবনের আর প্রয়োজন হয় না ॥ ২১ ॥

———

শালগ্রামশিলাতোয়ং যঃ পিবেদ্বিন্দুনা সমম্।
মাতুঃ স্তন্যং পুনর্নৈব স পিবেদ্ভক্তিভাঙ্নরঃ ॥২২॥

অনুবাদ—বিন্দুপরিমিত শালগ্রামশিলোদক ভক্তিপূর্ব্বক পান করিলে আর পুনরায় মাতৃস্তন্য পানের

ভয় থাকে না। অর্থাৎ তাঁহাকে আর জন্ম গ্রহণ করিতে হয় না ॥ ২২॥

কিঞ্চ—

দহন্তি নরকান্ সর্ব্বান্ গর্ভবাসঞ্চ দারুণম্ ।
পীতং যৈস্তু সদা নিত্যং শালগ্রাম-শিলাজলম্ ॥২৩॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—যাঁহারা প্রত্যহ শালগ্রামশিলার জল পান করিয়াছেন, তাঁহারা সমস্ত রকম নরক ভোগ ও গর্ভবাস ক্লেশ ভস্মীভূত করিয়াছেন ॥ ২৩ ॥

তত্রৈব শ্রীযমধূম্রকেতু-সংবাদে---

শালগ্রামশিলাতোয়ং বিন্দুমাত্রন্তু যঃ পিবেৎ ।
সর্ব্বপাপৈঃ প্রমুচ্যেত মুক্তিমার্গে কৃতোদ্যমঃ ॥ ২৪ ॥

অনুবাদ—ঐ পদ্মপুরাণেই শ্রীযম-ধূমকেতু-সংবাদে—বিন্দুমাত্র শালগ্রামশিলোদক পানকারী ব্যক্তি সকল রকম পাপ হইতে মুক্ত হইয়া মুক্তিমার্গের জন্য চেষ্টাযুক্ত হইবেন ॥ ২৪ ॥

তত্রৈব পুলস্ত্যভগীরথসংবাদে—-

পাদোদকস্য মাহাত্ম্যং ভগীরথ বদামি তে ।
পাবনং সর্ব্বতীর্থেভ্যো হত্যাকোটিবিনাশকম্ ॥২৫॥
ধৃতে শিরসি পীতে চ সর্ব্বাস্তুষ্যন্তি দেবতাঃ ।
প্রায়শ্চিত্তন্তু পাপানাং কলৌ পাদোদকং হরেঃ ॥২৬॥

অনুবাদ—ঐ পুরাণেই পুলস্ত্য-ভগীরথ-সংবাদে—শ্রীচরণোদকের মাহাত্ম্য তোমাকে কহিতেছি,—হে ভগীরথ। তুমি তাহা শ্রবণ কর। শ্রীহরির চরণোদক সকল তীর্থ হইতেও পবিত্রতাকারক এবং কোটি সংখ্যক হত্যাজনিত পাপ বিনাশক। এই শ্রীচরণোদক পান ও মস্তকে ধারণ করিলে সর্ব্বদেবতারই প্রসন্নতা জন্মে। কলিযুগে শ্রীহরির চরণোদকই সকল পাপের প্রায়শ্চিত্ত, ইহা জানিও ॥ ২৫-২৬ ॥

কিঞ্চ—

ত্রিভিঃ সারস্বতং তোয়ং সপ্তাহেন তু নার্ম্মদম্ ।
সদ্যঃ পুনাতি গাঙ্গেয়ং দর্শনাদেব যামুনম্ ॥ ২৭ ॥
পুনন্ত্যেতানি তোয়ানি স্নানদর্শনকীর্ত্তনৈঃ ।
পুনাতি স্মরণাদেব কলৌ পাদোদকং হরেঃ ॥ ২৮ ॥

অনুবাদ—আরও কথিত হইয়াছে—সরস্বতী নদীর জল দিবসত্রয়ে, নর্ম্মদা নদীর জল এক সপ্তাহে, গঙ্গাজল তৎক্ষণাৎ এবং শ্রীযমুনার জল দর্শনমাত্রেই পবিত্র করেন। এই সকল তীর্থবারি দর্শন, স্নান ও কীর্ত্তন দ্বারাই পবিত্রতাবিধায়ক, কিন্তু এই কলিকালে শ্রীহরির চরণামৃত স্মরণমাত্রেই পবিত্রতাবিধায়ক ॥ ২৭-২৮ ॥

কিঞ্চ—

অর্চ্চিতৈঃ কোটিভির্লিঙ্গৈর্নিত্যং যৎ ক্রিয়তে ফলম্ ।
তৎ ফলং শতসাহস্রং পীতে পাদোদকে হরেঃ ॥২৯॥
অশুচির্ব্বা দুরাচারো মহাপাতকসংযুতঃ ।
স্পৃষ্ট্বা পাদোদকং বিষ্ণোঃ সদা শুধ্যতি মানবঃ ॥৩০
পাপকোটিযুতো যস্তু মৃত্যুকালে শিরোমুখে ।
দেহে পাদোদকং তস্য ন প্রয়াতি যমালয়ম্ ॥ ৩১ ॥
ন দানং ন হবির্যেষাং স্বাধ্যায়ো ন সুরার্চ্চনম্ ।
তেঽপি পাদোদকং পীত্বা প্রয়ান্তি পরমাং গতিম্ ॥ ৩২ ॥

অনুবাদ—আরও বর্ণিত হইয়াছে যে—প্রত্যহ কোটি শিবলিঙ্গ পূজার ফল অপেক্ষাও শত সহস্রগুণ বেশী ফল প্রদানকারী শ্রীহরি পাদোদক পান।

শুচি, অশুচি, দুরাচারী অথবা মহাপাতকী যাহাই হউক না কেন, বিষ্ণুপাদোদক স্পর্শ মাত্রই সে পবিত্র হইয়া থাকে। মরণ সময়ে মস্তকে, মুখে ও শরীরে শ্রীহরিপাদোদকের স্পর্শ পাইলে কোটি পাপে লিপ্ত পাপীকেও আর শমন সদনে যাইতে হয় না। দান, হোম, বেদপাঠ কিংবা দেবপূজা রহিত ব্যক্তিও শ্রীহরিচরণোদক পান করিয়া পরমাগতির অধিকারী হয় ॥ ২৯-৩২ ॥

টীকা—তস্য শিরসি মুখে চ পাদোদকং চেত্তর্হি স ন প্রয়াতীত্যর্থঃ ॥ ৩১ ॥

টীকা—হবিঃশব্দেন হোমাদ্যুপলক্ষ্যতে ॥ ৩২ ॥

কার্ত্তিকে কার্ত্তিকী যোগে কিং করিষ্যতি পুষ্করে।
নিত্যং চ পুষ্করং তস্য যস্য পাদোদকং হরেঃ ॥৩৩॥
বিশাখা-ঋক্ষ-সংযুক্তা বৈশাখী কিং করিষ্যতি।
পিণ্ডারকে মহাতীর্থে উজ্জয়িন্যাং ভগীরথ ॥ ৩৪ ॥
মাঘমাসে প্রয়াগে তু স্নানং বৈ কিং করিষ্যতি।
প্রয়াগঃ সততং তস্য যস্য পাদোদকং হরেঃ ॥৩৫॥
প্রবোধবাসরে প্রাপ্তে মথুরায়াঞ্চ তস্য কিম্।
নিত্যঞ্চ যামুনং স্নানং যস্য পাদোদকং হরেঃ ॥৩৬॥
কাশ্যামুত্তরবাহিন্যাং গঙ্গায়াস্তু মৃতস্য কিম্।
যস্য পাদোদকং বিষ্ণোর্মুখে চৈবাবতিষ্ঠতে ॥ ৩৭ ॥

অনুবাদ—শ্রীহরির চরণোদক পানকারী ব্যক্তি নিত্যই পুষ্কর স্নানের ফলভাগী হইতেছেন। কার্ত্তিক-মাসে কৃত্তিকা-নক্ষত্রযুক্ত পুষ্কর স্নানে তাঁহার আর প্রয়োজন নাই। ঐ ব্যক্তির বিশাখা-নক্ষত্রযুক্তা বৈশাখী পূর্ণিমায় উজ্জয়িনীর পিণ্ডারক মহাতীর্থে স্নানদ্বারাই বা কি ফল লাভ হইবে? প্রত্যহ শ্রীহরির পাদোদক পানকারী ব্যক্তি মাঘ মাসে প্রয়াগে স্নান করিয়াই বা কি অধিক পুণ্য লাভ করিবেন? তাঁহার প্রত্যহ প্রয়াগ স্নানাদি হইতেছে। যিনি প্রত্যহ শ্রীহরির পাদোদক পান করেন, উত্থানদ্বাদশীতে পুনরায় তাঁহার যমুনা স্নানের আবশ্যকতা নাই—তিনি নিত্যই শ্রীযমুনায় স্নান করিতেছেন। যাঁহার বদনবিবরে শ্রীবিষ্ণুপাদোদক রহিয়াছে, কাশীতে উত্তরবাহিনী গঙ্গাতীরে দেহত্যাগেই বা তাঁহার বেশী কি ফল লাভ হইবে? অর্থাৎ শ্রীবিষ্ণু-চরণোদক সর্ব্বফলদায়ী ॥ ৩৩-৩৭ ॥

কিঞ্চ—

হিত্বা পাদোদকং বিষ্ণোর্যোঽন্যতীর্থানি গচ্ছতি।
অনর্ঘং রত্নমুৎসৃজ্য লোষ্ট্রং বাঞ্ছতি দুর্ম্মতিঃ ॥৩৮॥
কুরুক্ষেত্র-সমো দেশো বিন্দুঃ পাদোদকং মতঃ ॥৩৯

অনুবাদ—আরও বলা হইয়াছে—শ্রীবিষ্ণুর চরণোদক পরিত্যাগ করিয়া বা তাহাতে অবহেলা করিয়া যে ব্যক্তি অন্যতীর্থে যায়, সেই দুর্ম্মতি অমূল্য রত্ন পরিত্যাগ করিয়া মাটির ঢেলায় আসক্ত হয়। সাধুগণ বিন্দুমাত্র পাদোদককে কুরুক্ষেত্র তীর্থতুল্য জ্ঞান করিয়া থাকেন ॥ ৩৮-৩৯ ॥

টীকা—যস্য পাদোদকং সেব্যং স্যাদিতি শেষঃ, স দেশো মতঃ সদ্ভিঃ। বিন্দুঃ বিন্দুমাত্রম্ ॥৩৩-৩৯

পতেদ্‌যত্রাক্ষয়ং পুণ্যং নিত্যং ভবতি তদ্‌গৃহে।
গয়াপিণ্ডসমং পুণ্যং পুত্রাণামপি জায়তে ॥ ৪০ ॥

অনুবাদ—শ্রীহরির চরণোদক যে গৃহে সর্ব্বদা বিদ্যমান থাকেন, সেই গৃহে অক্ষয় পুণ্য থাকে এবং তথায় পুত্রগণের গয়া পিণ্ডদান তুল্য ফল লাভ হয় ॥ ৪০ ॥

পাদোদকেন দেবস্য যে কুর্য্যুঃ পিতৃতর্পণম্।
নাসুরাণাং ভয়ং তস্য প্রেতজন্যং ন রাক্ষসম্ ॥৪১॥
ন রোগস্য ভয়ঞ্চৈব নাস্তি বিঘ্নকৃতাং ভয়ম্।
ন দুষ্টা নৈব ঘোরাক্ষাঃ শ্বাপদোত্থভয়ং ন হি ॥৪২॥

অনুবাদ--শ্রীহরির পাদোদক দ্বারা পিতৃ-তর্পণ অসুর, প্রেত ও রাক্ষস ভয় হারক, রোগ, বিঘ্ন ও ভীষণ সর্পসমূহ হইতে ভয় অথবা হিংস্র প্রাণীর ভয়ও ইহাতে বিনষ্ট হয় ॥ ৪১-৪২ ॥

গ্রহাঃ পীড়াং ন কুর্ব্বন্তি চৌরা নশ্যন্তি দারুণাঃ।
কিন্তস্য তীর্থগমনে দেবর্ষীণাঞ্চ দর্শনে ॥ ৪৩ ॥
যস্য পাদোদকং মূর্দ্ধ্নি শালগ্রামশিলোদ্ভবম্।
প্রীতো ভবতি মার্ত্তণ্ডঃ প্রীতো ভবতি কেশবঃ।
ব্রহ্মা ভবতি সুপ্রীতো প্রীতো ভবতি শঙ্করঃ ॥ ৪৪ ॥
পাদোদকস্য মাহাত্ম্যং যঃ পঠেৎ কেশবাগ্রতঃ।
স যাতি পরমং স্থানং যত্র দেবো জনার্দ্দনঃ ॥ ৪৫ ॥

অনুবাদ—গ্রহগণ পীড়া জন্মাইতে পারে না, দারুণ চৌরভয়ও থাকে না। তৎকালে তীর্থ গমনে বা দেবতা কিংবা ঋষিগণকে দর্শনেরই বা কি প্রয়োজন? শালগ্রাম শিলা বিধৌত জল যাঁহার মাথায় আছে, সূর্য্য, কেশব, ব্রহ্মা ও শঙ্কর তাহার প্রতি সন্তুষ্ট থাকেন। কেশবের সম্মুখে যিনি পাদোদক মাহাত্ম্য পাঠ করেন, তিনি বৈকুণ্ঠ ধামে গমন করেন ॥৪৩-৪৫

ব্রহ্মাণ্ডপুরাণে শ্রীব্রহ্মনারদ-সংবাদে—

**প্রায়শ্চিত্তং যদি প্রাপ্তং কৃচ্ছ্রং বা ত্বঘমর্ষণম্ ।
সোঽপি পাদোদকং পীত্বা শুদ্ধিং প্রাপ্নোতি তৎক্ষণাৎ ॥ ৪৬ ॥**

অনুবাদ—ব্রহ্মাণ্ডপুরাণে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে বলা হইয়াছে—অঘমর্ষণমন্ত্র জপ অথবা কৃচ্ছ্র প্রায়শ্চিত্তের আবশ্যক হইলে সেই ব্যক্তি যদি চরণোদক পান করেন, তাহা হইলেই শুদ্ধিলাভ করিবেন, ঐ সমস্তের প্রয়োজন হইবে না ॥ ৪৬ ॥

**অশৌচং নৈব বিদ্যেত সূতকে মৃতকেঽপি চ ।
যেষাং পাদোদকং মূর্ধ্নি প্রাশনং যে চ কুর্ব্বত ॥৪৭॥
অন্তকালেঽপি যস্যেহ দীয়তে পাদয়োর্জলম্ ।
সোঽপি সদ্গতিমাপ্নোতি সদাচারৈর্বহিষ্কৃতঃ ॥৪৮॥**

অনুবাদ—চরণামৃত পানকারী বা মস্তকে চরণামৃত ধারণকারী ব্যক্তির জননাশৌচ বা মৃতাশৌচ নাই। সদাচার হীন ব্যক্তিকেও অন্ততঃ মরণকালে যদি শ্রীহরির পাদোদক পান করান যায়, তাহা হইলে ঐ প্রকার ব্যক্তিও সদ্গতি লাভ করে ॥ ৪৭-৪৮ ॥

টীকা—সদাচারৈর্বহিষ্কৃতোঽপি চেৎ ॥ ৪৮ ॥

**অপেয়ং পিবতে যস্তু ভুঙ্‌ক্তে যশ্চাপ্যভোজনম্ ।
অগম্যাগমনা যে বৈ পাপাচারাশ্চ যে নরাঃ ।
তেঽপি পূজ্যা ভবন্ত্যাশু সদ্যঃ পাদাম্বুসেবনাৎ ॥৪৯॥**

অনুবাদ—অপেয়পায়ী, অভোজ্য ভোজী, অগম্যাগমনকারী ও স্বভাবতঃ পাপীও শ্রীহরির পাদোদক সেবনদ্বারা তৎক্ষণাৎ পূজনীয় হয় ॥ ৪৯ ॥

টীকা—অভোজনম্ অভক্ষ্যম্ ॥ ৪৯ ॥

কিঞ্চ—

**অপবিত্রং যদন্নং স্যাৎ পানীয়ঞ্চাপি পাপিনাম্ ।
ভুক্ত্বা পীত্বা বিশুদ্ধঃ স্যাৎ পীত্বা পাদোদকং হরেঃ ॥ ৫০ ॥
তপ্তকৃচ্ছ্রাৎ পঞ্চগব্যান্মহাকৃচ্ছ্রাদ্বিশিষ্যতে ।
চান্দ্রায়ণাৎ পারকৃচ্ছ্রাৎ পরাকাদপি সুব্রত ।
কায়শুদ্ধির্ভবত্যাশু পীত্বা পাদোদকং হরেঃ ॥ ৫১ ॥**

অনুবাদ—আরও বর্ণিত হইয়াছে—হে সুব্রত! পাপীদিগের অপবিত্র অন্ন ভক্ষণ ও জলপান যে ব্যক্তি করিয়াছে, সেই ব্যক্তি যদি শ্রীহরির চরণোদক পান করে, তাহা হইলে সে পবিত্রতা লাভ করে। পঞ্চগব্য, তপ্তকৃচ্ছ্র, মহাকৃচ্ছ্র, চান্দ্রায়ণ, পারকৃচ্ছ্র বা পরাকব্রত এ সকল হইতেও শ্রীহরির পাদোদক শ্রেষ্ঠ। উহা পান করামাত্র শরীর পবিত্র হয় ॥ ৫০-৫১ ॥

টীকা—তপ্তকৃচ্ছ্রমহাকৃচ্ছ্রাদিকং নাম ব্রতবিশেষঃ ॥ ৫১ ॥

**অগুরুং কুঙ্কুমঞ্চাপি কর্পূরঞ্চানুলেপনম্ ।
বিষ্ণুপাদাম্বু-সংলগ্নং তদ্বৈ পাবনপাবনম্ ॥ ৫২ ॥
দৃষ্টিপূতন্তু যত্তোয়ং বিষ্ণুনা প্রভবিষ্ণুনা ।
অনুবাদ—গৃহে অবস্থিত তুলসী পাতাযুক্ত নৈবেদ্য ও ধাত্রীফল সর্ব্বপাপ নাশকারী এবং বৈষ্ণব কবচ, এইরূপ কথিত হয় ॥ ২৪০ ॥

ব্রহ্মপুরাণে চ—

ধাত্রীফলানি তুলসী হ্যন্তকালে ভবেদ্যদি।
মুখে চৈব শিরস্যঙ্গে পাতকং নাস্তি তস্য বৈ ॥২৪১॥

অনুবাদ—ব্রহ্মপুরাণেও বলা হইয়াছে—মরণের সময় মুখে, মাথায় ও শরীরে তুলসীপাতা ও ধাত্রীফল থাকিলে ঐ ব্যক্তির নিশ্চয়ই আর পাতক থাকিতে পারে না ॥ ২৪১ ॥

কৃত্বা তু ভগবৎ-পূজাং ন তীর্থে স্নানমাচরেৎ ।
ন চ দেবালয়োপেতাঽস্পৃশ্যসংস্পর্শনাদিনা ॥ ২৪২ ॥

অনুবাদ—ভগবৎপূজা নির্ব্বাহের পরে এবং দেবালয়ে উপস্থিত নীচ জাতির সংস্পর্শে আসিলেও আর তীর্থেও স্নান করা উচিত নয়। আদিশব্দ প্রয়োগ দ্বারা—শ্রীমন্দির ছাড়া অন্যস্থানেও এই নিয়ম বুঝিতে হইবে ॥ ২৪২ ॥

টীকা—এবং পূজাবিধিং লিখিত্বা তদনন্তরকৃত্যং লিখন্নাদৌ তীর্থপ্রাপ্ত্যাদিনা বিহিতস্যাপি স্নানস্য নিষেধং লিখতি—কৃত্বেতি। দেবালয়মুপেতা যেঽস্পৃশ্যা নীচজাতয়ঃ, তেষাং স্পর্শনেন চ ন স্নানমাচরেৎ। আদি-শব্দেন যত্র কুত্রাপি ভগবৎপূজাদ্যুৎসবে সম্প্রাপ্তানাং স্পর্শনাদিকম্ ॥ ২৪২ ॥

অথ স্নাননিষেধ-কালঃ

স্মৃত্যর্থসারে—

ন স্নায়াদুৎসবে তীর্থে মাঙ্গল্যং বিনিবর্ত্ত্য চ ।
অনুব্রজ্য সুহৃদ্বন্ধূনর্চ্চয়িত্বেষ্টদেবতাম্ ॥ ২৪৩ ॥

অনুবাদ—অতঃপর স্নানে নিষেধকাল সম্বন্ধে স্মৃত্যর্থসারে কথিত হইয়াছে—উৎসবে, তীর্থে, মঙ্গলকার্য্য সমাধার পরে, সুহৃৎ ও বন্ধুবর্গের অনুগমনের পরে এবং ইষ্টদেবতার পূজার পর স্নান করা উচিত নয় ॥ ২৪৩ ॥

টীকা—তীর্থে ন স্নায়াৎ ॥ ২৪৩ ॥

বিষ্ণুস্মৃতৌ চ—

বিষ্ণ্বালয়সমীপস্থান্ বিষ্ণুসেবার্থমাগতান্ ।
চাণ্ডালান্ পতিতান্ বাপি স্পৃষ্ট্বা ন স্নানমাচরেৎ ॥ ২৪৪ ॥

দেবযাত্রা-বিবাহেষু যজ্ঞোপকরণেষু চ ।
উৎসবেষু চ সর্ব্বেষু স্পৃষ্টাস্পৃষ্টির্ন বিদ্যতে ॥২৪৫

অনুবাদ—বিষ্ণুস্মৃতিতেও বলা হইয়াছে—শ্রীবিষ্ণুসেবার জন্য আগত চণ্ডাল বা পতিত ব্যক্তি বা বিষ্ণুমন্দিরের নিকটবর্ত্তী ব্যক্তিদিগকে স্পর্শ করিয়া স্নান করিবে না। দেবযাত্রায়, বিবাহে, যজ্ঞের উপকরণে ও উৎসবাদিতে নীচজাতির স্পর্শ অস্পৃশ্য-দোষ বাচ্য হয় না ॥ ২৪৪-২৪৫ ॥

টীকা—বিষ্ণ্বালয়স্য সমীপে তিষ্ঠন্তি নিবসন্তীতি তথা তান্, ততশ্চ কালে বিষ্ণোঃ সেবা দর্শনাদি, তদর্থং বিষ্ণ্বালয়ান্তরাগতানিত্যর্থঃ ; যদ্বা বিষ্ণ্বালয়সমীপবর্ত্তিনঃ ; কুতঃ ? বিষ্ণুসেবার্থং যতঃ কুতোঽপ্যাগতান্, যদ্বা, বিষ্ণুসেবার্থমাগতাংশ্চ ॥ ২৪৪ ॥

এবং প্রাতঃ সমভ্যর্চ্চ্য শ্রীকৃষ্ণং তদনন্তরম্ ।
শাস্ত্রাভ্যাসং দ্বিজঃ শক্ত্যা কুর্য্যাদ্বিপ্রো বিশেষতঃ ॥২৪৬

অনুবাদ—এইভাবে প্রাতঃকালে শ্রীকৃষ্ণপূজা নির্ব্বাহের পর ত্রৈবর্ণিক দ্বিজ বিশেষ করিয়া ব্রাহ্মণ শাস্ত্রাভ্যাস করিবেন অর্থাৎ শাস্ত্রাভ্যাসের পূর্ব্বেই স্নান ও আহ্নিক কার্য্য করণীয় ॥ ২৪৬ ॥

টীকা—দ্বিজঃ ত্রৈবর্ণিকঃ ॥ ২৪৬ ॥

যত উক্তম্—

শ্রুতিস্মৃতী উভে নেত্রে বিপ্রাণাং পরিকীর্ত্তিতে ।
একেন বিকলঃ কাণো দ্বাভ্যামন্ধঃ প্রকীর্ত্তিতঃ ॥২৪৭

অনুবাদ—শ্রুতি ও স্মৃতি এই দুইটিকে ব্রাহ্মণগণের লোচন বলা হইয়াছে, সেইজন্য ইহাদের মধ্যে একটি না থাকিলে কাণা এবং দুটিরই অভাবে অন্ধ বলা যায় ॥ ২৪৭ ॥

টীকা—বিপ্রস্ত বিশেষতঃ শাস্ত্রাভ্যাসং কুর্য্যাদিত্যত্র হেতুং লিখতি—শ্রুতীতি। একেন শ্রুতিরূপেণ স্মৃতিরূপেণ বা নেত্রেণ বিকলঃ বিহীনঃ, দ্বাভ্যাং বিকলঃ অন্ধঃ ॥ ২৪৭ ॥

কিঞ্চ, কৌর্ম্মে ব্যাসগীতায়াম্—

যোঽন্যত্র কুরুতে যত্নমনধীত্য শ্রুতিং দ্বিজাঃ ।
স সংমূঢ়ো ন সংভাষ্যো বেদবাহ্যো দ্বিজাতিভিঃ ॥২৪৮

অনুবাদ—কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় আরও বলা

হইয়াছে—হে বিপ্রগণ! বেদাধ্যয়ন না করিয়া যে ব্যক্তি অন্য বিষয়ে যত্ন করে, সে মূর্খ ও বেদ বহির্ভূত, ব্রাহ্মণগণ তাহার সহিত সম্ভাষণ করিবেন না ॥২৪৮॥

ন বেদপাঠমাত্রেণ সন্তুষ্যেদেষ বৈ দ্বিজাঃ।
যথোক্তাচারহীনস্তু পঙ্কে গৌরিব সীদতি ॥ ২৪৯ ॥
যোঽধীত্য বিধিবদ্বেদং বেদার্থং ন বিচারয়েৎ।
স চান্ধঃ শূদ্রকল্পস্তু পদার্থং ন প্রপদ্যতে ॥ইতি॥২৫০

অনুবাদ—কেবল বেদপাঠ করিয়াই সন্তুষ্ট হইলে চলিবে না, হে দ্বিজগণ! যথা বিহিত আচার রহিত হইলে কাদায় পতিত গোরুর মত তাহার কেবল কষ্ট ভোগই হইবে। যে ব্যক্তি নিয়মপূর্ব্বক বেদাধ্যয়ন করিয়াছেন, কিন্তু তাহার অর্থ বিচার করেন নাই, তাঁহাকে অন্ধ এবং শূদ্রবৎ মনে করা হয়, অতএব তাঁহারা বস্তু লাভ করিতে পারেন না ॥২৪৯-২৫০

অতোঽধীত্যান্বহং বিদ্বানথাধ্যাপ্য চ বৈষ্ণবঃ।
সমর্প্য তচ্চ কৃষ্ণায় যতেত নিজবৃত্তয়ে ॥ ২৫১ ॥
বৃত্তৌ সত্যাঞ্চ শৃণুয়াৎ সাধূন্ সঙ্গত্য সৎকথাম্॥২৫২

অনুবাদ—এই জন্য প্রত্যহ বেদাধ্যয়ন করিবেন ও বেদনিপুণ হইলে শিষ্যগণকে পড়াইবেন এবং বৈষ্ণবব্যক্তি হইলে শ্রীকৃষ্ণে অধ্যয়ন ও অধ্যাপনা সমর্পণ করিয়া নিজের জীবনধারণের জন্য চেষ্টা করিবেন। জীবিকার কোন অসুবিধা না থাকিলে সাধুগণের সহিত সঙ্গ করিয়া সৎকথা ও ভগবৎকথা শ্রবণ কীর্ত্তন করিবেন ॥ ২৫১-২৫২ ॥

টীকা—বিদ্বান্ শাস্ত্রজ্ঞশ্চেৎ, অধ্যাপ্য শাস্ত্রং শিষ্যান্ পাঠয়িত্বা, বৈষ্ণবশ্চেৎ, তৎ অধ্যয়নমধ্যাপনঞ্চ কৃষ্ণায় সমর্প্য ॥ ২৫১ ॥

টীকা—সতীমুত্তমাং শ্রীবিষ্ণুবৈষ্ণবাশ্রয়াং কথাম্ ॥ ২৫২ ॥

অথ বৃত্তিসম্পাদনম্

সপ্তমস্কন্ধে (১১।১৮-২০)—
ঋতামৃতাভ্যাং জীবেত মৃতেন প্রমৃতেন বা।
সত্যানৃতাভ্যামপি বা ন শ্ববৃত্ত্যা কদাচন ॥ ২৫৩ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতের সপ্তমস্কন্ধে বলা হইয়াছে—বিপ্র জাতির যে চারিপ্রকার জীবিকার কথা বলিলাম, হে রাজন্! তার মধ্যে ঋত ও অমৃতদ্বারা কিংবা মৃত ও প্রমৃতদ্বারা অথবা সত্যানৃতদ্বারা সকল জাতিই জীবন ধারণ করিতে পারে, কিন্তু শ্ববৃত্তি বা দাসত্ব দ্বারা কোন অবস্থাতেই জীবিকানির্ব্বাহ করিবে না ॥ ২৫৩ ॥

ঋতমুঞ্ছশিলং প্রোক্তমমৃতং স্যাদযাচিতম্।
মৃতন্তু নিত্যং যাচ্ঞা স্যাৎ প্রমৃতং
কর্ষণং স্মৃতম্ ॥ ২৫৪ ॥
সত্যানৃতন্তু বাণিজ্যং শ্ববৃত্তির্নীচসেবনম্ ॥ ২৫৫ ॥
আত্মনো নীচলোকানাং সেবনং বৃত্তিসিদ্ধয়ে।
নিতরাং নিন্দ্যতে সদ্ভির্বৈষ্ণবস্য বিশেষতঃ ॥ ২৫৬ ॥

অনুবাদ—ঋত-শব্দের অর্থ উঞ্ছ ও শীল, অমৃতের অর্থ অযাচিত, মৃতশব্দের অর্থ প্রত্যহ ভিক্ষা, প্রমৃতের অর্থ কৃষিকার্য্য, সত্যানৃতের অর্থ বাণিজ্য এবং শ্ব-বৃত্তির অর্থ হইতেছে নীচ সেবা। জীবিকার জন্য নিজ অপেক্ষা নীচ ব্যক্তিদিগের সেবা নিন্দনীয়, সাধুগণ দ্বারা এইরূপই কীর্ত্তিত আছে, বিশেষ করিয়া বৈষ্ণবগণের পক্ষে ইহা অতিশয় নিন্দনীয় ॥ ২৫৪-২৫৬ ॥

টীকা—আত্মনঃ সকাশাৎ যে নীচা লোকাস্তেষাং, বৈষ্ণবস্য তু নীচলোকসেবনং বিশেষতোঽধিকং নিন্দ্যতে, নীচসেবনেন নীচানামবৈষ্ণবদুষ্টজনানামধীনত্বমহাদোষাপত্তেঃ ॥ ২৫৬ ॥

তদুক্তং—
সেবা শ্ববৃত্তির্যৈরুক্তা ন সম্যক্ তৈরুদাহৃতম্।
স্বচ্ছন্দচরিতঃ ক্ব শা বিক্রীতাসুঃ ক্ব সেবকঃ ॥২৫৭॥
পণীকৃত্যাত্মনঃ প্রাণান্ যে বর্ত্তন্তে দ্বিজাধমাঃ।
তেষাং দুরাত্মনামন্নং ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ ॥
ইতি ॥ ২৫৮ ॥

অনুবাদ—এই বিষয়ে বলা হইয়াছে—যাঁহারা সেবাকে কুক্কুর বৃত্তি বলিয়াছেন, তাঁহারা ঠিক ঠিক বলেন নাই। ইচ্ছামত বিচরণকারী কুক্কুর ও প্রাণ-

বিক্রেতা সেবকের মধ্যে বহু পার্থক্য বর্ত্তমান। যে সব ব্রাহ্মণাধম নিজের প্রাণকে পণ রাখিয়া জীবিকানির্ব্বাহ করে, সেই দুষ্ট ব্যক্তিগণের অন্ন ভোজন করিলে চান্দ্রায়ন ব্রতাচরণ করিতে হইবে ॥ ২৫৭-২৫৮ ॥

শুক্লবৃত্তেরসিদ্ধৌ চ ভোজ্যান্নান্ শূদ্রবর্গতঃ।
তথৈব গ্রাহ্যাগ্রাহ্যাণি জানীয়াচ্ছাস্ত্রতো বুধঃ ॥২৫৯॥

অনুবাদ—পবিত্রভাবে জীবিকানির্ব্বাহের অসুবিধা ঘটিলে যে সমস্ত শূদ্রের অন্ন ভোজনযোগ্য, সেই সকল শূদ্রগণ হইতে অন্ন গ্রহণ করিবেন। এই ভাবে শূদ্রান্ন গ্রহণকে অগ্রহণ বলিয়া শাস্ত্রসম্মতভাবে বিচক্ষণ ব্যক্তি-গণ উল্লেখ বা স্থির করিয়াছেন ॥ ২৫৯ ॥

শুক্লবৃত্তিশ্চ

শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে—
প্রতিগ্রহেণ যল্লব্ধং যাজ্যতঃ শিষ্যতস্তথা।
গুণান্বিতেভ্যো বিপ্রস্য শুক্লং তৎ ত্রিবিধং স্মৃতম্ ॥২৬০
যুদ্ধোপকারাল্লব্ধঞ্চ দণ্ডাচ্চ ব্যবহারতঃ।
ক্ষত্রিয়স্য ধনং শুক্লং ত্রিবিধং পরিকীর্ত্তিতম্ ॥২৬১॥
কৃষি-বাণিজ্য-গোরক্ষাঃ কৃত্বা শুক্লং তথা বিশঃ।
দ্বিজশুশ্রূষয়া লব্ধং শুক্লং শূদ্রস্য কীর্ত্তিতম্ ॥২৬২॥

অনুবাদ—অতঃপর পবিত্র জীবিকা বিষয়ে শ্রীবিষ্ণু-ধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে—যজমান, শিষ্য অথবা গুণা-ন্বিত ব্যক্তি হইতে প্রতিগ্রহ দ্বারা যে লাভ হয়, বিপ্রের পক্ষে ঐ তিন প্রকার শুক্ল অর্থাৎ পবিত্র বৃত্তি বলিয়া কীর্ত্তিত হইয়াছে। যুদ্ধোপকার, দণ্ড এবং ব্যবহার অর্থাৎ কার্য্যাকার্য্য বিচারদ্বারা প্রাপ্ত এই তিন প্রকার ধন ক্ষত্রিয়ের পক্ষে শুক্ল বৃত্তি বলিয়া কথিত হয়। কৃষিকার্য্য, বাণিজ্য ও গোরক্ষার দ্বারা প্রাপ্ত ধন বৈশ্যের পক্ষে পবিত্র আর ব্রাহ্মণগণের সেবা দ্বারা লব্ধধন শূদ্রের পক্ষে পবিত্র বলিয়া কীর্ত্তিত ॥ ২৬০-২৬২ ॥

ক্রমাগতং প্রীতিদানং প্রাপ্তঞ্চ সহ ভার্য্যয়া।
অবিশেষেণ সর্ব্বেষাং ধনং শুক্লং প্রকীর্ত্তিতম্ ॥২৬৩

অনুবাদ—পরম্পরাক্রমে প্রাপ্ত, প্রীতিযুক্তদান, স্ত্রীর সহিত প্রাপ্ত এই তিন প্রকার ধন সকলের পক্ষেই পবিত্র বলিয়া নিরূপিত হইয়াছে জানিবে ॥ ২৬৩ ॥

অথ গ্রাহ্যাগ্রাহ্যাণি

কৌর্ম্মে তত্রৈব—
নাদ্যাচ্ছূদ্রস্য বিপ্রোঽন্নং মোহাদ্বা যদি কামতঃ।
স শূদ্রযোনিং ব্রজতি যস্তু ভুঙ্‌ক্তে হ্যনাপদি ॥২৬৪॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে জীবিকা-বিষয়ে বলা হই-য়াছে—ব্রাহ্মণ শূদ্রের অন্ন ভোজন করিবেন না। মোহবশতঃ বা স্বেচ্ছায়, আপদ্‌কালে শূদ্রান্ন ভোজন-কারী ব্যক্তি শূদ্রযোনি প্রাপ্ত হন ॥ ২৬৪ ॥

দুষ্কৃতং হি মনুষ্যস্য সর্ব্বমন্নে প্রতিষ্ঠিতম্।
যো যস্যান্নং সমশ্নাতি স তস্যাশ্নাতি কিল্বিষম্ ॥২৬৫

অনুবাদ—অন্নের মধ্যে মানবগণের সমস্ত পাপ নিহিত থাকে, সুতরাং যিনি যাহার অন্ন ভোজন করেন, তিনি তাহার পাপ ভোজন করেন, অর্থাৎ তাহার পাপের অংশীদার হন ॥ ২৬৫ ॥

আধিকঃ কুলমিত্রশ্চ স্বগোপালশ্চ নাপিতঃ।
এতে শূদ্রেষু ভোজ্যান্না দত্ত্বা স্বল্পপণং বুধৈঃ ॥২৬৬॥
পায়সং স্নেহপক্বং যৎ গোরসং চৈব শক্তবঃ।
পিণ্যাকঞ্চৈব তৈলঞ্চ শূদ্রাদ্‌গ্রাহ্যং তথৈব চ ॥২৬৭॥

অনুবাদ—ভাগচাষী, পরম্পরাক্রমে নিজবংশের হিতকারী, নিজ গো-পালক ও নাপিত শূদ্রজাতির মধ্যে ইহাদের অন্ন ভোজ্য। বিদ্বানব্যক্তিগণ কিঞ্চিৎ মূল্য দিয়া শূদ্রের নিকট হইতে পায়স, ঘৃত বা তৈল পক্ব, গোদুগ্ধ, ছাতু, তিলের খৈল ও তৈল লইতে পারিবেন ॥ ২৬৬-২৬৭ ॥

অঙ্গিরাঃ—
গোরসং চৈব শক্তূংশ্চ তৈল-পিণ্যাকমেব চ।
অপূপান্ ভক্ষয়েচ্ছূদ্রাৎ যৎকিঞ্চিৎ পয়সা কৃতম্ ॥২৬৮

অনুবাদ—ঋষি অঙ্গিরা বলিয়াছেন—দুধ, ছাতু, তৈল, পিণ্যাক, পিঠা এবং দুধদিয়া তৈরী যে কোন দ্রব্য শূদ্রের নিকট হইতে লইয়া ভোজন করা যায় ॥ ২৬৮ ॥

অত্রিস্মৃতৌ—

স্বসুতায়াশ্চ যো ভুঙ্ক্তে স ভুঙ্ক্তে পৃথিবীমলম্ ।
নরেন্দ্রভবনে ভুক্ত্বা বিষ্ঠায়াং জায়তে কৃমিঃ ॥২৬৯॥

অনুবাদ—অত্রিস্মৃতিতেও উক্ত হইয়াছে—যে ব্যক্তি নিজ কন্যার দ্রব্য ভোজন করে, সে পৃথিবীর মল ভোজন করে এবং রাজগৃহে ভোজন করিলে বিষ্ঠার কৃমি হইয়া জন্ম গ্রহণ করে ॥ ২৬৯ ॥

অন্যত্র চ—

দাস-নাপিত-গোপাল-কুলমিত্রার্দ্ধসীরিণঃ ।
ভোজ্যান্নাঃ শূদ্রবর্গেঽমী তথাত্মবিনিবেদকঃ ॥ ২৭০ ॥

অনুবাদ—অন্যত্র বলা হইয়াছে—নাপিত, গো-রক্ষক, ভৃত্য, কুলমিত্র এবং ধনাদির বিভাগকারী, শূদ্রবর্গের মধ্যে ইহাদের অন্ন ভোজন যোগ্য। আর যে ব্যক্তি আত্মসমর্পণ করে তাহার অন্নও ভোজন করা যাইতে পারে ॥ ২৭০ ॥

টীকা—দাসাঃ কৈবর্ত্তাঃ কুলমিত্রাণি পারম্পর্য্যেণ নিজবংশহিতকারিণঃ, অর্দ্ধসীরিণঃ বিত্তাদিবিভাগিনঃ ॥ ২৭০ ॥

মধূদকং ফলং মূলমেধাংস্যভয়দক্ষিণা ।
অভ্যুদ্যতানি ত্বেতানি গ্রাহ্যাণ্যপি নিকৃষ্টতঃ ॥২৭১॥

অনুবাদ—মধু, জল, ফল, মূল, কাঠ ও অভয়-দান—এইগুলি বিনা প্রার্থনায় উপস্থিত হইলে নির্ব্বি-চারে নিকৃষ্ট জাতির লোকের নিকট হইতেও গ্রহণ করা যায় ॥ ২৭১ ॥

খলক্ষেত্রগতং ধান্যং কূপবাপীষু যজ্জলং ।
অগ্রাহ্যাদপি তদ্গ্রাহ্যং যচ্চ গোষ্ঠগতং পয়ঃ ॥২৭২॥

অনুবাদ—গোষ্ঠস্থিত দুগ্ধ, কুয়া ও সরোবরের জল এবং খামার বাড়ীর ধান, এই দ্রব্যগুলি অগ্রাহ্য মানুষদিগের নিকট হইতে লইলেও দোষ হয় না ॥২৭২

পানীয়ং পায়সং ভক্ষ্যং ঘৃতং লবণমেব চ ।
হস্তদত্তং ন গৃহ্নীয়াৎ তুল্যং গোমাংসভক্ষণৈঃ ॥২৭৩

অনুবাদ—হস্তদত্ত হইলে জল, পায়স, ভক্ষ্য, ঘি ও নুন গ্রহণের যোগ্য নয়। গ্রহণে গোমাংস ভক্ষণের তুল্য হয় অর্থাৎ এই সকল দ্রব্য কেবল হস্তে করিয়া দিলেই এই প্রকার দোষাবহ হয় ॥২৭৩ ॥

মনুস্মৃতৌ—

সামুদ্রং সৈন্ধবং চৈব লবণে পরমাদ্ভুতে ।
প্রত্যক্ষে অপি তে গ্রাহ্যে নিষেধস্তন্যগোচরঃ ॥২৭৪॥
আয়সেনৈব পাত্রেণ যদন্নমুপনীয়তে ।
ভোক্তা তদ্বিট্সমং ভুঙ্ক্তে দাতা চ নরকং ব্রজেৎ ॥ ২৭৫ ॥
গোরক্ষকান্ বাণিজকান্ তথা কারুকশীলিনঃ ।
প্রেষ্যান্ বার্দ্ধুষিকাংশ্চৈব বিপ্রান্ শূদ্রবদাচরেৎ ॥২৭৬

অনুবাদ—মনুস্মৃতিতে বলা হইয়াছে—সমুদ্র হইতে উৎপন্ন এবং সৈন্ধব, এই উভয় বিধ লবণই উৎকৃষ্ট—ইহা প্রত্যক্ষ গ্রহণ করা যায়. অন্য প্রত্যক্ষ নিষিদ্ধ। লৌহপাত্রে আনীত অন্ন ভোজনে ভোক্তা বিষ্ঠাতুল্য ভোজন করে এবং দাতা নিরয়গামী হইয়া থাকে। যে সব ব্রাহ্মণ গোরক্ষক, ব্যবসায়ী, কটাদি নির্ম্মাতা, ভৃত্য এবং সুদ গ্রহণকারী, তাহাদের সহিত শূদ্রবৎ আচরণ করা বিধেয় ॥ ২৭৪-২৭৬ ॥

টীকা—বিপ্রেভ্যোঽপি সর্ব্বেভ্যঃ শুক্লবৃত্তির্ন সিধ্য-তীত্যভিপ্রেত্য লিখতি—গোরক্ষকানিতি। কারুক-শীলিনঃ কটাদিকারিণঃ ॥ ২৭৬ ॥

কৌর্ম্মে চ তত্রৈব—

তৃণং কাষ্ঠং ফলং পুষ্পং প্রকাশং বৈ হরেদ্বুধঃ ।
ধর্ম্মার্থং কেবলং বিপ্র হ্যন্যথা পতিতো ভবেৎ ॥২৭৭
তিলমুদ্গযবাদীনাং মুষ্টির্গ্রাহ্যা পথি স্থিতৈঃ ।
ক্ষুধার্ত্তৈর্নান্যথা বিপ্রা ধর্ম্মবিদ্ভিরিতি স্থিতিঃ ॥ ২৭৮॥

অনুবাদ—কূর্ম্মপুরাণেও উক্তস্থলে বলা হইয়াছে—জ্ঞানবান ব্যক্তি কেবল ধর্ম্মের নিমিত্ত প্রকাশ্যভাবে ঘাস, কাঠ, ফল ও ফুল সংগ্রহ করিবেন। এরূপ না করিলে পাতিত্যদোষ হইবে। হে ব্রাহ্মণগণ! ক্ষুধার্ত্ত পথিক তিল, মুগ ও যব প্রভৃতির মুষ্ঠিমাত্র লইবে, অন্য অবস্থায় লইবে না, ধর্ম্মশাস্ত্রগণ এই প্রকার সিদ্ধান্ত করিয়াছেন ॥ ২৭৭-২৭৮ ॥

বৈষ্ণবানাং হি ভোক্তব্যং প্রার্থ্যান্নং বৈষ্ণবৈঃ সদা।
অবৈষ্ণবানামন্নন্তু পরিবর্জ্জ্যমমেধ্যবৎ ॥ ২৭৯ ॥

অনুবাদ—বৈষ্ণবগণ বৈষ্ণবগণের অন্ন সর্ব্বদা চাহিয়া ভোজন করিবেন। অবৈষ্ণব-ব্রাহ্মণের অন্নও অমেধ্যবৎ ত্যাগ করা উচিত ॥ ২৭৯ ॥

টীকা—এবং ব্রাহ্মণস্য শুক্লবৃত্তৌ শূদ্রাণাং সর্ব্বেষামেবান্নবর্জ্জনে প্রাপ্তে অপবাদং দর্শয়ন্ বৈষ্ণবানাঞ্চ শুক্লবৃত্তিমভিব্যজয়ন্, অবৈষ্ণবত্বেঽপি বিপ্রাণামপ্যন্নং বৈষ্ণবৈর্বর্জ্জনীয়মিত্যভিপ্রেত্য লিখতি—বৈষ্ণবানামিতি। হি নির্দ্ধারে প্রার্থ্যাপি; অমেধ্যং পুরীষাদি, তদ্বৎ ॥২৭৯

তথা চ পাদ্মে দেবদূত-বিকুণ্ডল-সংবাদে—
প্রার্থয়েদ্বৈষ্ণবাদন্নং প্রযত্নেন বিচক্ষণঃ।
সর্ব্বপাপবিশুদ্ধ্যর্থং তদভাবে জলং পিবেৎ ॥ ২৮০ ॥

অনুবাদ—এই বিষয়ে পদ্মপুরাণে দেবদূত-বিকুণ্ডল-সংবাদে বলা আছে—সর্ব্ব প্রকার পাপ শুদ্ধির জন্য বিচক্ষণ ব্যক্তি সযত্নে বৈষ্ণবের নিকট অন্ন চাহিয়া লইবেন। অন্ন না পাইলে কেবলমাত্রজল পান করিবেন ॥ ২৮০ ॥

নারদীয়ে—
মহাপাতকসংযুক্তো ব্রজেদ্বৈষ্ণবমন্দিরম্।
যাচয়েদন্নমমৃতং তদভাবে জলং পিবেৎ ॥ ২৮১ ॥

অনুবাদ—নারদপুরাণে বলা হইয়াছে—বৈষ্ণবালয়ে যাইয়া মহাপাতকী ব্যক্তিও অমৃতময় অন্ন মাগিবে, অন্ন না পাইলে অন্ততঃ জলটুকু চাহিয়া পান করিবে ॥ ২৮১ ॥

বিষ্ণুস্মৃতৌ—
শ্রোত্রিয়ান্নং বৈষ্ণবান্নং হুতশেষঞ্চ যদ্ধবিঃ।
আনখাৎ শোধয়েৎ পাপং তুষাগ্নিঃ কনকং যথা ॥২৮২

অনুবাদ—বৈষ্ণবস্মৃতিতে বলা হইয়াছে যে—তুষাগ্নি যেমন সোনাকে শুদ্ধ করে, সেইরূপ বেদজ্ঞের অন্ন, বৈষ্ণবের অন্ন এবং হোমাবশিষ্ট ঘৃত—এই সব দ্রব্য নখ পর্য্যন্ত শরীরের সমূহ পাপ বিনষ্ট করে ॥ ২৮২ ॥

টীকা—শ্রোত্রিয়ান্নমিতি, হুতশেষং হবিরিতি চ দৃষ্টান্ততয়াত্র জ্ঞেয়ম্ ॥ ২৮২ ॥

স্কান্দে মার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে—
শুদ্ধং ভাগবতস্যান্নং শুদ্ধং ভাগীরথীজলম্।
শুদ্ধং বিষ্ণুপরং চিত্তং শুদ্ধমেকাদশীব্রতম্ ॥ ২৮৩ ॥
অবৈষ্ণবগৃহে ভুক্ত্বা পীত্বা বা জ্ঞানতোঽপি বা।
শুদ্ধিশ্চান্দ্রায়ণে প্রোক্তা ইষ্টাপূর্ত্তং বৃথা সদা ॥২৮৪॥

অনুবাদ—স্কন্দপুরাণে মার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে উক্ত হইয়াছে—গঙ্গাজল, বিষ্ণুপরায়ণ চিত্ত, একাদশী ব্রত এবং ভগবদ্ভক্তের অন্ন সর্ব্বদা পবিত্র। অবৈষ্ণব গৃহে ভুল করিয়া ভোজন বা পান করিলে চান্দ্রায়ণ ব্রত করিয়া পবিত্র হইতে হয়, নতুবা তাহার ইষ্ট ও পূর্ত্ত সমস্ত কর্ম্ম ফলহীন হইয়া থাকে ॥২৮৩-২৮৪ ॥

টীকা—শুদ্ধমিতি—সূতকাদৌ নিষিদ্ধমপি শুদ্ধমেবেত্যর্থঃ। তথা চ বিষ্ণুস্মৃতৌ—'শিববিষ্ণ্বর্চনে দীক্ষা যস্য চাগ্নিপরিগ্রহঃ। ব্রহ্মচারি-যতীনাঞ্চ শরীরে নাস্তি সূতকম্ ॥' ইতি। তত্র দৃষ্টান্তাঃ—অশুচিসংসর্গাদিনাপি যথা গঙ্গাজলং শুদ্ধমেবেত্যাদয়ঃ; তদুক্তং—'অপি চাণ্ডালভাণ্ডস্থং তজ্জলং পাবনং মৎ' ইত্যাদি ॥ ২৮৩ ॥

শ্রীপ্রহ্লাদবাক্যে চ—
কেশবার্চ্চা গৃহে যস্য ন তিষ্ঠতি মহীপতে।
তস্যান্নং নৈব ভোক্তব্যমভক্ষ্যেণ সমং স্মৃতম্ ॥২৮৫

অনুবাদ—শ্রীপ্রহ্লাদ মহাশয়ও বলিয়াছেন—যাহার গৃহে শ্রীকৃষ্ণের অর্চ্চাবিগ্রহ নাই, হে রাজন্!

তাহার অন্ন কখনও ভোজন করা উচিত নয়, যেহেতু তাহা অভক্ষ্য বলিয়া বিহিত হইয়াছে ॥ ২৮৫ ॥

কেচিদ্বৃত্ত্যনপেক্ষস্য জপশ্রদ্ধাবতঃ প্রভৌ।
বিশ্বস্তস্যাদিশন্ত্যস্মিন্ কালেঽপি কৃতিনো জপম্ ॥২৮৬

অনুবাদ—জপবিষয়ে শ্রদ্ধাবান কোন কোন অভিজ্ঞ ব্যক্তি উপদেশ করেন,—প্রভুতে বিশ্বাস রাখিয়া অর্থাৎ শ্রীভগবান জগতের জীবসমূহের বৃত্তিদাতা অতএব আমার জীবিকার চেষ্টা নিষ্প্রয়োজন, এই প্রকার ভাবিয়া—অধ্যয়ন, অধ্যাপনা ও বৃত্তির সম্পাদন কালেও জপ করিবে ॥ ২৮৬ ॥

টীকা—বৃত্তৌ বৃত্তিসম্পাদনে অনপেক্ষস্য আসক্তিরহিতস্য, যতঃ প্রভৌ ভগবতি বিশ্বস্তস্য, ভগবান্ জগতাং বৃত্তিদঃ, কিন্তৎপ্রয়াসেনেতি বিশ্বাসং গতস্য, যতঃ কৃতিনঃ অভিজ্ঞস্য অতো জপে শ্রদ্ধা প্রীতিস্তদ্বতঃ। অস্মিন্ অধ্যয়নাধ্যাপনবৃত্তি-সম্পাদনসম্বন্ধিনি কালেঽপি জপমেবাদিশন্তি। কেচিৎ কৃতিন ইতি বা ॥ ২৮৬ ॥

অথ মাধ্যাহ্নিক-কৃত্যানি

মধ্যাহ্নে স্নানতঃ পূর্ব্বং পুষ্পাদ্যাহৃত্য বা স্বয়ম্।
ভৃত্যাদিনা বা সম্পাদ্য কুর্য্যান্মাধ্যাহ্নিকীঃ ক্রিয়াঃ ॥ ২৮৭ ॥

অনুবাদ—অতঃপর মধ্যাহ্নকালের কৃত্যসকল—মধ্যাহ্নস্নানের আগেই পুষ্পাদি সংগ্রহ করিতে হইবে। তাহা নিজে অথবা অপরের দ্বারা করা হইলে মধ্যাহ্নকালীন কৃত্যসমূহ করিবে ॥ ২৮৭ ॥

স্নানাশক্তৌ চ মধ্যাহ্নে স্নানমাচর্য্য মান্ত্রিকম্।
যথোক্তং ভগবৎপূজাং শক্তশ্চেৎ প্রাগ্বদাচরেৎ ॥২৮৮

অনুবাদ—যদি মধ্যাহ্নস্নান সম্ভব না হয়, তাহা হইলে মন্ত্রদ্বারা স্নান সমাধাপূর্ব্বক আগে যেরূপ বলা হইয়াছে, সেরূপভাবে ভগবদর্চ্চনা করিবে এবং সমর্থ থাকিলে প্রাতঃকৃত্যের অনুরূপ আচরণ করিবে ॥২৮৮

টীকা—প্রাগ্বৎ যথা প্রাতঃকৃত্যং তথেত্যর্থঃ ॥২৮৮

অথ বৈষ্ণববৈশ্বদেবাদি-বিধিঃ

ততঃ কৃষ্ণার্পিতেনৈব শুদ্ধেনান্নেন বৈষ্ণবঃ।
বৈশ্বদেবাদিকং দৈবং কর্ম্ম পৈত্রঞ্চ সাধয়েৎ ॥২৮৯॥

অনুবাদ—অনন্তর বৈষ্ণবগণের বৈশ্বদেবাদি বিধি—বৈষ্ণবব্যক্তি অতঃপর শ্রীকৃষ্ণকে নিবেদিত পবিত্র অন্নদ্বারা বৈশ্বদেবাদি দৈব ও পৈত্র কার্য্য সাধন করিবেন ॥ ২৮৯ ॥

তদুক্তং—

ষষ্ঠে দিনবিভাগে তু কুর্য্যাৎ পঞ্চ মহামখান্।
দৈবো হোমেন যজ্ঞঃ স্যাৎ ভৌতস্তু বলিদানতঃ ॥২৯০
পৈত্রো বিপ্রান্নদানেন পৈত্রেণ বলিনাথবা।
কিঞ্চিদন্নপ্রদানাদ্বা তর্পণাদ্বা চতুর্ব্বিধঃ ॥ ২৯১ ॥
নৃযজ্ঞোঽতিথিসৎকারাৎ হন্তকারেণ চাম্বুনা।
ব্রহ্মযজ্ঞো বেদজপাৎ পুরাণপঠনেন বা ॥ ২৯২ ॥

অনুবাদ—এই বিষয়ে উক্ত হইয়াছে—দিনের ষষ্ঠভাগে দেবযজ্ঞ, ভূতযজ্ঞ, পিতৃযজ্ঞ, নৃযজ্ঞ ও ব্রহ্মযজ্ঞ এই পঞ্চ মহাযজ্ঞ করিবে। হোমদ্বারা দেবযজ্ঞ, বলি বা সেবার উপকরণ প্রদান দ্বারা ভূতযজ্ঞ, চারি প্রকার পিতৃযজ্ঞ অর্থাৎ ব্রাহ্মণগণকে অন্ন প্রদান, পিতৃ সম্বন্ধীয় বলি প্রদান কিঞ্চিৎ অন্ন প্রদান বা তর্পণ করিবে। অতিথি সৎকার কিংবা পানীয়শালা অথবা জল দিয়া নৃযজ্ঞ এবং বেদ বা পুরাণ পাঠ দ্বারা ব্রহ্মযজ্ঞ করিতে হইবে ॥ ২৯০-২৯২ ॥

টীকা—ভৌতো ভূতসম্বন্ধী যজ্ঞঃ, পৈত্রশ্চ যজ্ঞশ্চতুর্ব্বিধঃ, চতুর্ব্বিধত্বমেবাহ—বিপ্রেতি। অত্র চ বিশেষঃ কৌর্ম্মে—'দেবযজ্ঞং ভূতযজ্ঞং পিতৃযজ্ঞং তথৈব চ। মানুষ্যং ব্রহ্মযজ্ঞঞ্চ পঞ্চ যজ্ঞান্ প্রচক্ষতে ॥ যদি স্যাৎ তর্পণাদর্ব্বাক্ ব্রহ্মযজ্ঞঃ কৃতো ন হি। কৃত্বা মানুষ্যযজ্ঞং বৈ ততঃ স্বাধ্যায়মাচরেৎ। কুশপুঞ্জে সমাসীনঃ কুশপাণিঃ সমাহিতঃ। শালাগ্নৌ লৌকিকে বাথ জলে ভূম্যামথাপি বা। বৈশ্বদেবশ্চ কর্ত্তব্যো দেবযজ্ঞঃ স বৈ স্মৃতঃ ॥' ইত্যাদি ॥ ২৯০-২৯১ ॥

তন্নিত্যতা

কৌর্ম্মে—

অকৃত্বা চ দ্বিজঃ পঞ্চ মহাযজ্ঞান্ দ্বিজোত্তমাঃ।
ভুঞ্জীত চেৎ সুমূঢ়াত্মা তির্য্যগ্‌যোনিং স গচ্ছতি ॥২৯৩

অনুবাদ—কূর্ম্মপুরাণে ব্রাহ্মণগণকে সম্বোধন করিয়া বলা হইয়াছে—দ্বিজ পঞ্চ যজ্ঞ না করিয়া ভোজন করিলে তির্য্যগ্ যোনি প্রাপ্ত হন ॥ ২৯৩ ॥

অথ বৈষ্ণবশ্রাদ্ধবিধিঃ

প্রাপ্তে শ্রাদ্ধদিনেঽপি প্রাগন্নং ভগবতেঽর্পয়েৎ।
তচ্ছেষেণৈব কুর্ব্বীত শ্রাদ্ধং ভাগবতো নরঃ ॥২৯৪॥

অনুবাদ—অতঃপর বৈষ্ণবশ্রাদ্ধবিধি—শ্রাদ্ধদিবস উপস্থিত হইলে ভগবৎপরায়ণ মানুষ প্রথমে শ্রীভগবানকে অন্ন নিবেদন করিয়া তাহা দিয়াই শ্রাদ্ধ করিবেন ॥ ২৯৪ ॥

টীকা—তচ্ছেষেণ ভগবন্নিবেদিতেনৈব, যতো ভাগবতঃ ভগবদ্ভক্তঃ ॥ ২৯৪ ॥

যচ্চ স্মৃতৌ—
গৃহাগ্নিশিশুদেবানাং যতীনাং ব্রহ্মচারিণাম্।
পিতৃপাকো ন দাতব্যো যাবৎ পিণ্ডান্ন নির্ব্বপেৎ ॥
ইতি ॥ ২৯৫ ॥

অনুবাদ—স্মৃতিতে যাহা বলা হইয়াছে—পিণ্ডদান যে পর্য্যন্ত না করা হয়, সেই পর্য্যন্ত পিতৃনিমিত্ত পাক করা অন্ন, গৃহাগ্নি, শিশু, দেব, যতি ও ব্রহ্মচারীগণকে দিবে না ॥ ২৯৫ ॥

টীকা—তত্র নিষেধবাক্যমুল্লিখন্ বহুতরবচনৈস্তবাধয়িত্বা ভগবদপিতান্নাদিনৈব শ্রাদ্ধবিধানং সাধয়তি—গৃহাগ্নীত্যাদিনা অপ্রকল্পিতা ইত্যন্তেন ॥ ২৯৫ ॥

ঈদৃক্ সামান্যবচনং বিশেষবচনব্রজৈঃ।
শ্রুতি-স্মৃতি-পুরাণাদিবর্ত্তিভির্বধ্যতে ধ্রুবম্ ॥ ২৯৬ ॥

অনুবাদ—গৃহাগ্নি ইত্যাদি সামান্য বচন শ্রুতি-স্মৃতি-পুরাণাদিবর্ত্তি প্রভৃতির বিশেষ বিশেষ বচনদ্বারা নিশ্চয় বাধা প্রাপ্ত হয় ॥ ২৯৬ ॥

টীকা—ঈদৃক্ গৃহাগ্নীতি শ্লোকসদৃশম্ ॥ ২৯৬ ॥

তথা চ পাদ্মে—
বিষ্ণোর্নিবেদিতান্নেন যষ্টব্যং দেবতান্তরম্।
পিতৃভ্যশ্চাপি তদ্দেয়ং তদানন্ত্যায় কল্পতে ॥ ২৯৭ ॥

অনুবাদ—এই বিষয়ে পদ্মপুরাণে যেরূপ বলা হইয়াছে, তাহা—শ্রীবিষ্ণুর প্রসাদী অন্ন দিয়া অন্যান্য পূজা করা উচিত, পিতৃগণের ক্ষেত্রেও প্রসাদী অন্ন দানই বিধেয়, এরূপ করিলে তাহা অনন্তফল প্রদান করে ॥ ২৯৭ ॥

টীকা—বিশেষবচনান্যেব দর্শয়তি—বিষ্ণোরিতি ॥ ২৯৭ ॥

মোক্ষধর্ম্মে নারদোক্তৌ—
সাত্বতং বিধিমাস্থায় প্রাক্ সূর্য্যমুখনিঃসৃতম্।
পূজয়ামাস দেবেশং তচ্ছেষেণ পিতামহান্ ॥ ২৯৮ ॥

অনুবাদ—মোক্ষধর্ম্মে দেবর্ষি নারদের শ্রীমুখোক্তি—শ্রীসূর্য্যদেব-কর্ত্তৃক কথিত বিধি অনুসারে আগে বৈষ্ণবসম্বন্ধীয় নিয়ম অবলম্বন করিয়া শ্রীভগবানের অর্চ্চনা করতঃ তন্নিবেদিত প্রসাদী অন্নদ্বারা পিতামহগণের পূজা করিবে ॥ ২৯৮ ॥

টীকা—সাত্বতমিতি—সাত্বতা বৈষ্ণবাস্তৎসম্বন্ধিনমিত্যর্থঃ। দেবেশং শ্রীভগবন্তং, তচ্ছেষেণ ভগবন্নিবেদিতেনেত্যর্থঃ। ন চাত্র বক্তব্যং যদন্নাদিকং ভোজনপাত্রেষু নিধায়ান্নসংস্কারাদ্যর্পণবিধিনা ভগবতেঽপিতং, তস্য যদবশিষ্টং রন্ধনপাত্রাদাবস্তি তেনেতি, বিষ্ণোর্নিবেদিতান্নেনেতি পাদ্মোক্তেঃ। ন চ তদপ্যবশিষ্টমেবেতি শঙ্কনীয়ং, যতঃ সংস্কারাদিবিধিনা ভগবতোঽগ্রে যৎ সমর্প্যতে, তদেব নিবেদিতমিত্যুপপদ্যতে ইতি। অতস্তস্যৈব ভগবদ্ভুক্তোচ্ছিষ্টস্য ভক্ত্যা শেষ ইত্যাদ্যুক্তিঃ। অন্যথা গৃহভাণ্ডাদৌ স্থিতস্য ঘৃতখণ্ডাদি দ্রব্যস্য কিঞ্চিদর্পণাত্তত্রাপি শেষত্বব্যাপ্ত্যা নিবেদিতত্বপ্রসঙ্গঃ স্যাৎ, তচ্চাযুক্তম্। তত্র তত্র স্থিতস্য দ্রব্যস্য সর্ব্বস্যৈব উচ্ছিষ্টত্বেন পুনর্ভগবতেঽর্পণাযোগাদিতি দিক্। এবঞ্চ ভগবদুচ্ছিষ্টস্য পরমভক্ত্যা মহাপ্রসাদতয়া গ্রহণে শিষ্টকৃতো যজ্ঞাবশিষ্টদ্রব্যকরণকহোম ইব দত্তাপহারদোষপ্রসঙ্গশ্চ ন স্যাৎ। অন্যথা শ্রীচরণামৃতপানেঽনুলেপতুলস্যাদিনির্ম্মাল্যগ্রহণেঽপি সর্ব্বত্রৈব দত্তাপহারদোষব্যাপ্তিঃ স্যাৎ; ন চ সা যুক্তা, যতঃ তত্তদ্গ্রহণে মহাফলপ্রতিপাদকানি তত্র তত্র বচনানি শতশঃ সন্তি, তেষু চ কানিচিৎ শ্রীচরণামৃতপানাদিপ্রসঙ্গে পূর্ব্বে লিখিতানি।

অত্র চ লিখিতং 'বিষ্ণোর্নিবেদিতান্নে' ইতি। লেখ্যান্যপি দেবান্ পিতৄন্ সমুদ্দিশ্যেতি মুকুন্দগাত্রলগ্নেনেতি সর্ব্বপ্রযত্নেনেত্যাদীনি। শ্রুতিশ্চ—'একএব নারায়ণঃ' ইত্যাদিঃ। এতচ্চাগ্রে লেখ্যেঃ 'পত্রং পুষ্পং ফলং তোয়ম্' (শ্রীগীঃ ৯।২৬) ইত্যাদিভিরনর্পিতোপভোগনিষেধবচনৈঃ। তথা 'অম্বরীষ নবং বস্ত্রম্' ইত্যাদিভিস্তদুপভোগবিধিবচনৈরপি নিতরাং দ্রঢ়য়িতব্যম্। বিশেষতশ্চাত্র মহতাং বহূনাং শিষ্টানামাচার এব পরমং প্রমাণমিতি। ভগবন্মায়াহতানাং ভগবৎপ্রসাদবঞ্চিতানাং দুষ্টবুদ্ধীনাং সর্ব্বথোপেক্ষৈবোপযুক্তেতি সর্ব্বেষাং সাধূনাং মতম্ ॥ ২৯৮ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে—

যঃ শ্রাদ্ধকালে হরিভুক্তশেষং,
দদাতি ভক্ত্যা পিতৃদেবতানাম্।
তেনৈব পিণ্ডাংস্তুলসীবিমিশ্রা-
নাকল্পকোটিং পিতরঃ সুতৃপ্তাঃ ॥ ২৯৯ ॥

অনুবাদ—ব্রহ্মাণ্ডপুরাণে বলা হইয়াছে—শ্রাদ্ধের সময় যিনি ভক্তিভরে শ্রীহরির ভুক্তাবশেষ মহাপ্রসাদ এবং তাহা দ্বারা নির্ম্মিত তুলসীপত্র সংযুক্ত পিণ্ড পিতৃপুরুষ ও দেবগণকে অর্পণ করেন, তাঁহার পিতৃপুরুষগণ কোটিকল্পকাল পরিতৃপ্ত থাকেন ॥ ২৯৯ ॥

টীকা—অধুনা পিতৃভ্যোঽপি ভগবদুচ্ছিষ্ট-মহাপ্রসাদদানে বহুলবচনানি প্রমাণয়ন্ আদৌ তত্র নিত্যশ্রাদ্ধাদিবিষয়মেব তৎ, ন চ পার্ব্বণাদিপরমিতি কেষাঞ্চিদজ্ঞানাং মতং নিরস্যতি—যঃ শ্রাদ্ধেতি। হরের্ভুক্তঞ্চ তৎ, অতএব শেষঞ্চ ॥ ২৯৯ ॥

স্কান্দে শ্রীশিবোক্তৌ

দেবান্ পিতৄন্ সমুদ্দিশ্য যদ্বিষ্ণোর্বিনিবেদিতম্।
তানুদ্দিশ্য ততঃ কুর্য্যাৎ প্রদানং তস্য চৈব হি ॥৩০০
প্রয়ান্তি তৃপ্তিমতুলাং সোদকেন তু তেন বৈ।
মুকুন্দগাত্রলগ্নেন ব্রাহ্মণানাং বিলেপনম্ ॥ ৩০১ ॥
চন্দনেন তু পিণ্ডানাং কর্ত্তব্যং পিতৃতৃপ্তয়ে।
দেবানাঞ্চ পিতৄণাঞ্চ জায়তে তৃপ্তিরক্ষয়া ॥ ৩০২ ॥
এবং কৃতে মহীপাল মা ভবেৎ সংশয়ঃ কচিৎ ॥৩০৩

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীশিব কহিতেছেন—দেবগণ ও পিতৃগণকে উদ্দেশ্য করিয়া শ্রীবিষ্ণুকে যাহা অর্পণ করা হয়—শ্রীবিষ্ণুকে অর্পিত সেই বস্তু সেই সেই দেবতা ও পিতৃগণকে প্রদান করিবে। শ্রীবিষ্ণুকে প্রদত্ত জলের সহিত পিণ্ড প্রদত্ত হইলে পিতৃলোকের সীমাহীন তৃপ্তি লাভ হয়। শ্রীমুকুন্দের বিগ্রহে অনুলিপ্ত প্রসাদী চন্দনদ্বারা ব্রাহ্মণগণের বিলেপন বিধিসম্মত এবং পিতৃলোকের পরিতৃপ্তির জন্য ঐ চন্দনদ্বারা পিণ্ডের বিলেপন কর্ত্তব্য। এই ভাবে অনুষ্ঠান করিলে দেবগণ ও পিতৃগণ অক্ষয়-তৃপ্তি লাভ করেন, হে রাজন্! ইহাতে কোনও প্রকার সন্দেহ করিও না ৩০০-৩০৩ ॥

টীকা—তস্য বিষ্ণুনিবেদিতস্যৈব প্রদানং তান্ দেবাদীন্ উদ্দিশ্য কুর্য্যাৎ ॥ ৩০০ ॥

টীকা—কৃচিদিতি—ভগবদুচ্ছিষ্ট-দানেন গৌণ্যাপত্ত্যা পিত্রাদিতৃপ্তিঃ স্যান্ন বেতি, দত্তাপহারদোষঃ স্যান্ন বেত্যাদৌ, কুত্রাপি সংশয়ঃ শঙ্কাপি ন ভবেদিত্যর্থঃ ॥ ৩০৩ ॥

তত্রৈব শ্রীপুরুষোত্তমখণ্ডে—

অন্নাদ্যং শ্রাদ্ধকালে তু পতিতাদ্যৈর্নিরীক্ষিতম্।
তুলসীদলমিশ্রেণ সলিলেনাভিষিঞ্চয়েৎ ॥ ৩০৪ ॥
তদন্নং শুদ্ধতামেতি বিষ্ণোর্নৈবেদ্যমিশ্রিতম্।
বিষ্ণোর্নৈবেদ্যশেষন্তু তস্মাদ্দেয়ং দ্বিজন্মনাম্।
পিণ্ডে চৈব বিশেষেণ পিতৄণাং তৃপ্তিমিচ্ছতা ॥৩০৫॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই শ্রীপুরুষোত্তমখণ্ডে বলা হইয়াছে—পতিত লোকগণ কর্ত্তৃক শ্রাদ্ধকালীন অন্নাদি দৃষ্ট হইলে সেই দোষ নিবারণের জন্য তাহাতে তুলসী জলের ছিটা দিবে এবং ঐ অন্ন ভগবৎপ্রসাদের সহিত মিশাইলে উহা পবিত্র হয়। এই কারণে ব্রাহ্মণগণকে ভগবৎপ্রসাদান্ন অর্পণ করিবে ও বিশেষরূপে পিতৃগণের তৃপ্তি সাধন করিতে চাহিলে পিণ্ডে শ্রীবিষ্ণুর নৈবেদ্যশেষ অর্পণ করিবে ॥ ৩০৪-৩০৫ ॥

টীকা—অভিষিঞ্চয়েৎ অভিষেচয়েৎ, স্বার্থে ইণ ॥ ৩০৪ ॥

তত্রৈব শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে—

পিতৃনুদ্দিশ্য যৈঃ পূজা কেশবস্য কৃতা নরৈঃ।
ত্যক্ত্বা তে নারকীং পীড়াং মুক্তিং যান্তি মহামুনে॥ ৩০৬॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে উক্ত হইয়াছে—পিতৃগণের উদ্দেশ্যে যাঁহারা শ্রীকেশবের অর্চ্চনা করেন, হে মহামুনে! তাঁহারা নারকীপীড়া পরিত্যাগ করিয়া মুক্তি লাভ করেন॥ ৩০৬॥

ধন্যাস্তে মানবা লোকে কলিকালে বিশেষতঃ।
যে কুর্ব্বন্তি হরেনিত্যং পিত্রর্থং পূজনং মুনে॥৩০৭॥
কিং দত্তৈর্বহুভিঃ পিণ্ডৈর্গয়াশ্রাদ্ধাদিভির্মুনে।
যৈরর্চ্চিতো হরির্ভক্ত্যা পিত্রর্থঞ্চ দিনে দিনে॥ ৩০৮॥
যমুদ্দিশ্য হরেঃ পূজা ক্রিয়তে মুনিপুঙ্গব।
উদ্ধৃত্য নরকাবাসাত্তং নয়েৎ পরমং পদম্॥ ৩০৯॥
যো দদাতি হরেঃ স্থানং পিতৃনুদ্দিশ্য নারদ।
কর্ত্তব্যং হি পিতৃণাং যত্তৎ কৃতং তেন ভো দ্বিজ॥ ৩১০॥

অনুবাদ—কলিকালে এই সংসারে যে সব মানুষ পিতৃলোকের জন্য নিত্য শ্রীহরিপূজা করেন, হে মুনিবর! তাঁহারা ধন্য। গয়াশ্রাদ্ধ প্রভৃতি বহু পিণ্ডদানেও তাঁহাদের কোন প্রয়োজন নাই। যাহাকে উদ্দেশ্যপূর্ব্বক শ্রীহরিপূজা করা যায়, তাহাকে নিশ্চিত নরকবাস হইতে উদ্ধার করিয়া পরমপদে স্থাপন করা হয়। যিনি পিতৃগণকে উদ্দেশ্য করিয়া শ্রীহরির স্থান অর্থাৎ দেবমন্দির প্রতিষ্ঠা করেন, তিনি পিতৃগণের প্রতি তাঁহার কর্ত্তব্য সম্পাদন করেন॥ ৩০৭-৩১০॥

শ্রুতৌ চ—

এক এব নারায়ণ আসীৎ, ন ব্রহ্মা,
নেমে দ্যাবা-পৃথিব্যৌ, সর্ব্বে দেবাঃ,
সর্ব্বে পিতরঃ, সর্ব্বে মনুষ্যাঃ,
বিষ্ণুনা অশিতমশ্নন্তি বিষ্ণুনাঘ্রাতং, জিঘ্রন্তি,
বিষ্ণুনা পীতং পিবন্তি, তস্মাদ্বিদ্বাংসো
বিষ্ণুপহৃতং ভক্ষয়েয়ুঃ॥ ইতি॥ ৩১১॥

অনুবাদ—শ্রুতিতেও যথা—কোনও একসময় একমাত্র শ্রীনারায়ণ ছিলেন। ব্রহ্মা, স্বর্গাদি ও পৃথিবী কিছুই তখন ছিল না। সমস্ত দেবতা, সমস্ত পিতৃলোক ও মানবকুল শ্রীবিষ্ণুর ভুক্তান্ন ভোজন করেন। তাঁহারা আঘ্রাত দ্রব্য আঘ্রাণ ও পান করা দ্রব্যের অবশেষ পান করেন, সুতরাং বিবুধগণ বিষ্ণুভুক্তাবশেষ ভোজন করিবেন॥ ৩১১॥

টীকা—ন চ বক্তব্যমিদম্, অন্যোদ্দেশেন ভগবতে অন্নাদিসমর্পণং গৌণ্যাপত্তা ভগবৎপ্রীতিবিশেষাসাধনাৎ ফলবিশেষজনকং ন স্যাদিতি, যতো নিজপিত্রাদিহিতার্থং কৃতং পূজনং ভগবতঃ পরমপ্রীণনমেবেতি। পরম-ফলসম্পাদকমেব স্যাদিতি লিখতি—পিতৃনুদ্দিশ্যেত্যাদিনা। এবঞ্চ পিত্রাদ্যর্থং ভগবৎপূজায়াং পশ্চাৎ কৃতায়াং ভগবন্নিবেদিতেনৈব স্বতঃ-শ্রাদ্ধাদি-সম্পত্ত্যা তন্মহাগুণসিদ্ধের্মুক্ত্যাদি-মহাফলমুপপদ্যত এবেতি ভাবঃ। যদ্বা, শ্রাদ্ধাগ্রহপরিত্যাগেন পিত্রর্থং ভক্তিবিশেষেণ ভগবৎপূজয়া স্বতএব ফলবিশেষঃ সিধ্যেৎ। এবমেব, যথা তরোর্ম্মূলনিষেচনেন তৃপ্যন্তি তৎস্কন্ধভুজোপশাখা' (শ্রীভাঃ ৪।৪১।১৪) ইত্যাদিন্যায়াৎ পিত্রাদীনাঞ্চ পরমতৃপ্তিঃ সিধ্যতি। ন তু কেবলনিজশ্রাদ্ধদানেন তেষামপি ভগবদুচ্ছিষ্ট-মহাপ্রসাদাপেক্ষয়েতি দিক্॥ ৩০৬-৩১১॥

অতএবোক্তং শ্রীভগবতা বিষ্ণুধর্ম্মে—

প্রাণেভ্যো জুহুয়াদন্নং মন্নিবেদিতমুত্তমম্।
তৃপ্যন্তি সর্ব্বদা প্রাণা মন্নিবেদিতভক্ষণাৎ॥ ৩১২॥
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন প্রদেয়ং মন্নিবেদিতম্।
মমাপি হৃদয়স্থস্য পিতৃণাঞ্চ বিশেষতঃ॥ ৩১৩॥

অনুবাদ—অতএব বিষ্ণুধর্ম্মে শ্রীভগবানের উক্তি—আমাতে নিবেদিত উৎকৃষ্ট অন্ন প্রাণ প্রভৃতিকে অর্পণ করিলেই আমার প্রসাদ ভক্ষণ হেতু প্রাণাদি বায়ু সর্ব্বদা পরিতৃপ্ত থাকে, অতএব সর্ব্বজীবহৃদে অবস্থিত পরমাত্মস্বরূপ আমাকে বিশেষ করিয়া পিতৃগণকে আমার প্রসাদী অন্ন যত্ন সহকারে নিবেদন করিবে॥ ৩১২-৩১৩॥

টীকা—মমেত্যাদি ষষ্ঠী চতুর্থ্যর্থে। হৃদয়স্থস্য

পরমাত্মরূপস্যেত্যর্থঃ। এবং ভগবতে নিবেদ্যৈব পিত্রাদিভ্যো দেয়মিত্যুপপাদিতম্ ॥ ৩১২ ॥

কিঞ্চতত্রৈবান্যত্র—

ভক্ষ্যং ভোজ্যঞ্চ যৎকিঞ্চিদনিবেদ্যাগ্র-ভোক্তরি।
ন দেয়ং পিতৃদেবেভ্যঃ প্রায়শ্চিত্তী যতো ভবেৎ ॥৩১৪
সর্গাদৌ কথিতো দেবৈরগ্রভুগ্ ভগবান্ হরিঃ।
যজ্ঞভাগভুজো দেবাস্তত্তেন প্রকল্পিতাঃ ॥ ৩১৫ ॥

অনুবাদ—ঐ বিষ্ণুধর্ম্মেরই অন্যত্র আরও বলা হইয়াছে—শ্রীভগবান অগ্রভোক্তা, অতএব তাঁহাকে ভক্ষ্য ভোজ্য কিছু সামগ্রী নিবেদন না করিয়া পিতৃগণকে দিবে না, কারণ অনিবেদিত বস্তু পিতৃগণকে দিলে প্রায়শ্চিত্ত করিতে হইবে। সৃষ্টির প্রথম অবস্থায় দেবতারা শ্রীভগবান শ্রীহরিকেই অগ্রভোক্তারূপে নির্ণয় করিয়াছেন, সেই জন্য শ্রীভগবান ও দেবগণকে যজ্ঞভাগ-ভোক্তারূপে নির্দ্দেশ করিয়া থাকেন ॥ ৩১৪-৩১৫ ॥

টীকা—অধুনা কদাচিদপ্যনিবেদিতং দাতব্যমিতি লিখতি—ভক্ষ্যমিতি। ভক্ষ্যভোজ্যয়োশ্চর্ব্ব্যাচর্ব্ব্যত্বেন ভেদঃ। যৎকিঞ্চিদপি, অগ্রভোক্তরি পরমেশ্বরে, যতঃ অনিবেদিতদানাৎ প্রায়শ্চিত্তী পাতকী ভবেৎ ॥ ৩১৪ ॥

টীকা—তদেবোপপাদয়তি—সর্গাদাবিতি। অগ্রভুজে ভগবতেঽদত্তে ভুক্তে সতি চৌর্য্যেণৈব দেবাদীনামপি পাপং স্যাদিতি ভাবঃ ॥ ৩১৫ ॥

অথ শ্রাদ্ধে বৈষ্ণবভোজনমাহাত্ম্যম্

স্কান্দে শ্রীমার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে—

যস্তু বিদ্যাবিনির্ম্মুক্তং মূর্খং মত্বা তু বৈষ্ণবম্।
বেদবিদ্ভ্যোঽদদাদ্বিপ্রঃ শ্রাদ্ধং তদ্রাক্ষসং ভবেৎ ॥৩১৬
সিক্থমাত্রন্তু যদ্ভুঙ্‌ক্তে জলং গণ্ডূষমাত্রকম্।
তদন্নং মেরুণা তুল্যং তজ্জলং সাগরোপমম্ ॥৩১৭

অনুবাদ—অতঃপর শ্রাদ্ধে বৈষ্ণবভোজন-মাহাত্ম্য—স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে—বিদ্যাহীন বৈষ্ণবকে মূর্খ ভাবিয়া যে বিপ্র বেদজ্ঞদিগকে শ্রাদ্ধ দান করেন, তাহা রাক্ষসশ্রাদ্ধ হইয়া থাকে। শ্রাদ্ধকালে বৈষ্ণব যদি একগ্রাসপরিমিত অন্ন ভোজন এবং এক গণ্ডূষ জল পান করেন, তাহা হইলে সেই অন্ন মেরুতুল্য ও সেই জল সাগরসমান হইয়া থাকে ॥ ৩১৬-৩১৭ ॥

ব্রহ্মপুরাণে শ্রীব্রহ্মবচনম্—

শঙ্খাঙ্কিততনুর্বিপ্রো ভুঙ্‌ক্তে যস্য চ বেশ্মনি।
তদন্নং স্বয়মশ্নাতি পিতৃভিঃ সহ কেশবঃ ॥ ৩১৮ ॥

অনুবাদ—ব্রহ্মপুরাণে শ্রীব্রহ্মার বচন—শঙ্খাদি চিহ্নধারী বিপ্রবৈষ্ণব যাঁহার বাড়ীতে ভোজন করেন, পিতৃগণের সহিত স্বয়ং শ্রীকেশব তাঁহার গৃহে ভোজন করিয়া থাকেন ॥ ৩১৮ ॥

টীকা—শঙ্খাঙ্কিততনুঃ বৈষ্ণব ইত্যর্থঃ ॥ ৩১৮ ॥

স্মৃতিশ্চ—

সুরাভাণ্ডস্থপীযূষং যথা নশ্যতি তৎক্ষণাৎ।
চক্রাঙ্করহিতং শ্রাদ্ধং তথা শাতাতপোঽব্রবীৎ ॥৩১৯॥

অনুবাদ—স্মৃতিশাস্ত্রেও বলা হইয়াছে—সুরাভাণ্ডে ধৃত অমৃত যেমন কর্ম্মের অযোগ্য হয়, সেইরূপ—চক্রাঙ্ক অর্থাৎ বৈষ্ণবরহিত শ্রাদ্ধও বিনাশ প্রাপ্ত হয়। শাতাতপমুনি এইরূপ বলিয়াছেন ॥ ৩১৯ ॥

কিঞ্চ বিষ্ণুরহস্যে—

নিবেশয়েন্নরো মোহাদন্যপঙ্‌ক্তৌ হরেঃ প্রিয়ম্।
স পতেন্নিরয়ে ঘোরে পঙ্‌ক্তিভেদী নরাধমঃ ॥৩২০॥

অনুবাদ—শ্রীবিষ্ণুরহস্যে আরও বলা হইয়াছে—মোহবশতঃ যে ব্যক্তি বৈষ্ণবগণকে অবৈষ্ণবের সারিতে প্রবেশ করায়, সেই পঙ্‌ক্তিভেদী নরাধম ভয়াবহ নরকে পতিত হয় ॥ ৩২০ ॥

টীকা—চক্রেণ অঙ্কশ্চিহ্নং যস্মিন্ বৈষ্ণবে তেন রহিতম্। এবং শ্রাদ্ধে অবশ্যং বৈষ্ণবভোজনাৎ বৈষ্ণবস্য চ ভগবন্নিবেদিতভোজননির্দ্ধারাৎ ভগবন্নিবেদিতেনৈব শ্রাদ্ধাদিকমিতি প্রসিদ্ধম্; অন্যেষামবৈষ্ণবানাং পঙ্‌ক্তৌ ॥ ৩১৯-৩২০ ॥

অথ শ্রীভগবদর্পণে নিষিদ্ধম্

নিবেদিতং যদন্যস্মৈ তদুচ্ছিষ্টং হি কথ্যতে।
অতঃ কথঞ্চিদপি তন্ন শ্রীভগবতেঽর্পয়েৎ ॥ ৩২১ ॥

অনুবাদ—উচ্ছিষ্ট তাহাকেই বলে, যাহা অন্যের উদ্দেশ্যে নিবেদিত হয়, এইজন্য এই ধরণের দ্রব্য কখনও শ্রীভগবানকে নিবেদন করিবে না ॥ ৩২১ ॥

তথা চৈকাদশস্কন্ধে শ্রীভগবদুক্তৌ—
অপি দীপাবলোকং মে নোপযুঞ্জ্যান্নিবেদিতম্ ॥৩২২

অনুবাদ—শ্রীভগবানে নিবেদিতব্য বস্তু বিষয়ে একাদশে শ্রীভগবানের কথায়—অন্যকে দেওয়া দীপা-লোকও আমার গ্রহণ যোগ্য নহে ॥ ৩২২ ॥

টীকা—অন্যস্মৈ নিবেদিতং, মহ্যং নোপযুঞ্জ্যাৎ, ন সমর্পয়েৎ ॥ ৩২১-৩২২ ॥

নারদীয়ে—
পিতৃশেষন্তু যো দদ্যাদ্ধরয়ে পরমাত্মনে।
রেতোদাঃ পিতরস্তস্য ভবন্তি ক্লেশভাগিনঃ ॥ ৩২৩ ॥

অনুবাদ—নারদপুরাণে যথা—পিতৃলোকের ভুক্তাব-শেষ যে ব্যক্তি পরমাত্ম ভগবানকে নিবেদন করে, সেই ব্যক্তির পিতৃগণ রেতঃ পান করিয়া কষ্টভোগ করেন ॥ ৩২৩ ॥

টীকা—রেতোদাঃ রেত এব উদম্ উদকং পেয়ং যেষাং তথাভূতাঃ সন্তঃ। বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ ॥ ৩২৩ ॥

শ্রীবিষ্ণুধর্ম্মে—
হবিঃশেষং হরির্দদ্যাৎ পিতৃণামক্ষয়ং ভবেৎ।
ন পুনঃ পিতৃশেষন্তু হরের্ব্রহ্মাদি-সদ্গুরোঃ ॥ ৩২৪ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মে বলা হইয়াছে—শ্রীহরির প্রসাদী পরমান্ন পিতৃগণকে অর্পণ করিবে, এর দ্বারাই পিতৃলোক অক্ষয়তৃপ্তি লাভ করিবেন। শ্রীহরি যেহেতু ব্রহ্মাদি সকল দেবতার গুরু, অতএব কখনও তাঁহাকে পিতৃগণের ভুক্তাবশেষ নিবেদন করিবে না ॥ ৩২৪ ॥

টীকা—হবিঃ পরমান্নং পিতৃণাং পিতৃভ্যো দদ্যাৎ, যতস্তৎ অক্ষয়ম্ অক্ষয্যফলং ভবেদিত্যর্থঃ। হরেঃ হরয়ে ন দদ্যাৎ, তত্র হেতুঃ—ব্রহ্মেতি ॥ ৩২৪ ॥

অন্যত্র চ—
দক্ষাদয়শ্চ পিতরো ভৃত্যা ইন্দ্রাদয়ঃ সুরাঃ।
অতস্তদ্ভুক্তশেষন্তু বিষ্ণোর্নৈব নিবেদয়েৎ ॥ইতি॥৩২৫

অনুবাদ—আরও বলা হইয়াছে—ইন্দ্রাদি দেবগণ ও দক্ষাদি পিতৃগণ সকলেই শ্রীবিষ্ণুর দাস, তাই কখনই ইঁহাদের ভুক্তাবশেষ শ্রীবিষ্ণুকে নিবেদন করিবে না ॥ ৩২৫ ॥

এবমাবশ্যকং কৃত্বা বৈষ্ণবেভ্যো বিভজ্য চ।
শ্রীমন্মহাপ্রসাদান্নং ভুঞ্জীত সহ বন্ধুভিঃ ॥ ৩২৬ ॥

অনুবাদ—এই প্রকারে দরকারী কাজগুলি সমাধা করিয়া বৈষ্ণবগণকে বিভাগ করিয়া দিয়া বন্ধুবর্গের সহিত ভগবৎপ্রসাদ ভোজন করিবে। এইরূপই প্রচলিত সদাচার ॥ ৩২৬ ॥

টীকা—শ্রীমতো ভগবতঃ, যদ্বা, শ্রীমদ্ভগবন্নি-বেদিতত্বেন পরমশোভাযুক্তং, তদুচ্ছিষ্টত্বেন চ মহা-প্রসাদরূপমন্নম্ ॥ ৩২৬ ॥

তথা চ প্রহ্লাদপঞ্চরাত্রে—
স্বভাবস্থৈঃ কর্ম্মজড়ান্ বঞ্চয়ন্ দ্রবিণাদিভিঃ।
হরের্নৈবেদ্যসম্ভারান্ বৈষ্ণবেভ্যঃ সমর্পয়েৎ ॥ ৩২৭ ॥

অনুবাদ—শ্রীপ্রহলাদপঞ্চরাত্রে এই বিষয়ে বলা হইয়াছে—শ্রীহরিকে নিবেদিত নৈবেদ্যসমূহ বৈষ্ণব-গণকে অর্পণ করিবে। যাহারা কর্ম্মজড় ও অবৈষ্ণব তাহাদিগকে অনিবেদিত বস্তু প্রদান করিলেই চলিবে ॥ ৩২৭ ॥

টীকা—স্বভাবস্থৈঃ স্বতএব বর্ত্তমানৈঃ অনিবেদিতৈ-রিত্যর্থঃ ॥ ৩২৭ ॥

অতএব বৈষ্ণবতন্ত্রে—
হরেনিবেদিতং কিঞ্চিন্ন দদ্যাৎ কর্হিচিদ্বুধঃ।
অভক্তেভ্যঃ সশল্যেভ্যো যদ্দদন্নিরয়ং ব্রজেৎ ॥৩২৮॥

অনুবাদ—অতএব বৈষ্ণবতন্ত্রে বলা হইয়াছে—পণ্ডিত ব্যক্তি দশমীবিদ্ধা একাদশী বা বিদ্ধা ব্রতোপবাসকারী এবং কর্ম্মকাণ্ডীয় অনুষ্ঠানসমূহে আসক্ত অবৈষ্ণবদিগকে শ্রীহরির নৈবেদ্যাবশেষ কখনই দিবেন না। দিলে নরকগতি হয় ॥ ৩২৮ ॥

টীকা—সশল্যেভ্যো বিদ্ধোপবাসিভ্যঃ কর্ম্মজড়েভ্য ইত্যর্থঃ ॥ ৩২৮ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে চ—

অবৈষ্ণবে দেবধৃতং নির্ম্মাল্যং ন প্রযচ্ছতি।
নৈবেদ্যং বা মহাভাগ তস্য তুষ্যতি কেশবঃ॥
ইতি ॥ ৩২৯ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরেও বলা হইয়াছে—দেবতাকে দেওয়া নির্ম্মাল্য বা নৈবেদ্য যিনি অবৈষ্ণবকে প্রদান না করেন, হে মহাভাগ! কেশব তাঁহার প্রতি প্রীত হন ॥ ৩২৯ ॥

কথঞ্চিদপি নাশ্নীয়াদকৃত্বা কৃষ্ণপূজনম্।
ন চাসমর্প্য গোবিন্দে কিঞ্চিদ্ভুঞ্জীত বৈষ্ণবঃ ॥৩৩০॥

অনুবাদ—কৃষ্ণপূজা না করিয়া বা গোবিন্দকে নিবেদন না করিয়াও বৈষ্ণবব্যক্তি কিছু মাত্রও ভোজন করিবেন না বা কোন দ্রব্যের কিয়দংশও ভোগ করিবেন না ॥ ৩৩০ ॥

অথ পূজাব্যতিরিক্ত-ভোজনদোষাঃ

শ্রীকূর্ম্মপুরাণে—

অনর্চ্চয়িত্বা গোবিন্দং যৈর্ভুক্তং ধর্ম্মবর্জ্জিতৈঃ।
শ্বানবিষ্ঠাসমঞ্চান্নং নীরঞ্চ সুরয়া সমম্ ॥ ৩৩১ ॥

অনুবাদ—অতঃপর পূজা ব্যতিরেকে ভোজন-দোষ-সমূহ শ্রীকূর্ম্মপুরাণে বর্ণিত আছে—শ্রীগোবিন্দের পূজা না করিয়া ভোজন করিলে সেই সকল ধর্ম্মচ্যুত ব্যক্তির অন্ন কুক্কুরের বিষ্ঠাতুল্য ও জল মদের তুল্য হয় ॥ ৩৩১ ॥

টীকা—শৌবানেতি বক্তব্যে শ্বানেত্যার্ষম্; কচিচ্চ শুন ইতি পাঠঃ ॥ ৩৩১ ॥

কিঞ্চ—

যো মোহাদথবালস্যাদকৃত্বা দেবতার্চ্চনম্।
ভুঙ্‌ক্তে স যাতি নরকং শূকরেষ্বিহ জায়তে ॥৩৩২

অনুবাদ—আরও বলা হইয়াছে যে—আলস্য বশতঃ বা মোহবশতঃ শ্রীহরির অর্চ্চনা না করিয়া আহার করিলে সে নরক গামী হয় এবং এই পৃথিবীতে শূকরদেহে জন্ম গ্রহণ করে ॥ ৩৩২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

এককালং দ্বিকালং বা ত্রিকালং পূজয়েদ্ধরিম্।
অপূজ্য ভোজনং কুর্ব্বন্ নরকাণি ব্রজেন্নরঃ ॥৩৩৩॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—দিনে একবার, দুইবার বা তিনবার শ্রীহরির অর্চ্চনা করা কর্ত্তব্য। পূজা না করিয়া আহার করিলে বহুবিধ নরকে গমন করিবে ॥ ৩৩৩ ॥

টীকা—অপূজ্য অপূজয়িত্বা ॥ ৩৩৩ ॥

নারদীয়ে চ—

প্রাতর্মধ্যন্দিনং সায়ং বিষ্ণুপূজা স্মৃতা বুধৈঃ।
অশক্তো বিস্তরেণৈব প্রাতঃ সম্পূজ্য কেশবম্ ॥৩৩৪
মধ্যাহ্নে চৈব সায়ঞ্চ পুষ্পাঞ্জলিমপি ক্ষিপেৎ।
মধ্যাহ্নে বা বিস্তরেণ সংক্ষেপেণাথ বা হরিম্ ॥৩৩৫
সংভোজ্য ভোজনং কুর্য্যাদন্যথা নরকং ব্রজেৎ ॥৩৩৬

অনুবাদ—শ্রীনারদপুরাণে বলা হইয়াছে—যাঁহারা বিদ্বান ব্যক্তি তাঁহারা প্রাতেঃ, মধ্যাহ্নে ও সন্ধ্যায় শ্রীহরির অর্চ্চনা করার বিধান দিয়াছেন। বিশেষ ভাবে অর্চ্চনা করার সামর্থ্য না থাকিলে অন্ততঃ প্রাতঃকালে পূজা করিয়া মধ্যাহ্নে ও সন্ধ্যাবেলায় পুষ্পাঞ্জলি অর্পণ করিবে। আর মধ্যাহ্নসময়ে শ্রীহরিকে বহুলভাবে বা সংক্ষেপে নৈবেদ্য অর্পণ করিয়া নিজে আহার করিবে, ইহার অন্যথা হইলে নরক গতি হয় ॥ ৩৩৪-৩৩৬ ॥

অথানর্পিত-ভোগনিষেধঃ

হয়শীর্ষপঞ্চরাত্রে—

ন দেবাপূজ্য ভুঞ্জীত ভগবন্তং জনার্দ্দনম্।
ন তৎ স্বয়ং সমশ্নীয়াৎ যদ্বিষ্ণৌ ন নিবেদয়েৎ ॥৩৩৭

অনুবাদ—অনন্তর অনর্পিত ভোগনিষেধ, হয়শীর্ষ পঞ্চরাত্রে—পরমেশ্বর শ্রীহরিকে পূজা না করিয়া আহার করা নিষেধ, সেইরূপ যাহা শ্রীবিষ্ণুতে অনিবেদিত, তাহাও নিজে ভোজন করিবে না ॥ ৩৩৭ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে—

পত্রং পুষ্পং ফলং তোয়মন্নপানাদ্যমৌষধম্ ।
অনিবেদ্য ন ভুঞ্জীত যদাহারায় কল্পিতম্ ॥ ৩৩৮ ॥
অনিবেদ্য তু ভুঞ্জানঃ প্রায়শ্চিত্তী ভবেন্নরঃ ।
তস্মাৎ সর্ব্বং নিবেদ্যৈব বিষ্ণোর্ভুঞ্জীত সর্ব্বদা ॥৩৩৯

অনুবাদ—ব্রহ্মাণ্ডপুরাণে বলা হইয়াছে যে—পাতা, ফুল, ফল, জল, অন্ন, পান প্রভৃতি এমন কি ঔষধ এবং যাহা নিজের ভোগের জন্য কল্পিত হইয়াছে, শ্রীহরিকে নিবেদন না করিয়া তাহা ভোজন করিবে না। নিবেদন না করিয়া আহার করিলে মনুষ্যকে প্রায়শ্চিত্ত করিতে হয়, সুতরাং সবসময়েই যাবতীয় দ্রব্য শ্রীবিষ্ণুকে অর্পণ করিয়া ভোজন করিবে ॥ ৩৩৮-৩৩৯ ॥

টীকা—আহারায় নিজোপভোগায় ॥ ৩৩৮ ॥

পাদ্মে গৌতমাম্বরীষ-সংবাদে—

অম্বরীষ গৃহে পক্বং যদভীষ্টং সদাত্মনঃ ।
অনিবেদ্য হরের্ভুঞ্জন্ সপ্তকল্পানি নারকী ॥ ৩৪০ ॥

অনুবাদ—পদ্মপুরাণে গৌতম অম্বরীষসংবাদে—অম্বরীষ মহারাজকে গৌতম বলিতেছেন, হে মহারাজ! নিজের ইচ্ছামত যে সমস্ত দ্রব্য ভোজনের জন্য পাক করা হয়, তাহা শ্রীহরির উদ্দেশ্যে সমর্পণ না করিয়া ভোজন করিলে সপ্তকল্প যাবৎ নরক-যন্ত্রণা ভোগ করিতে হয় ॥ ৩৪০ ॥

তত্রৈবোত্তরখণ্ডে শিব-উমা-সংবাদে—

অবৈষ্ণবানামন্নঞ্চ পতিতানাং তথৈব চ ।
অনর্পিতং তথা বিষ্ণৌ শ্বমাংস-সদৃশং ভবেৎ ॥৩৪১

অনুবাদ—ঐ পদ্মপুরাণেরই উত্তরখণ্ডে শ্রীশিব-উমা-সংবাদে উক্ত আছে—পতিতদিগের অন্ন, অবৈষ্ণবদিগের অন্ন ও শ্রীবিষ্ণুকে নিবেদন না করা অন্ন সারমেয়মাংসতুল্য ॥ ৩৪১ ॥

বিষ্ণুস্মৃতৌ—

অনিবেদ্য তু যো ভুঙ্‌ক্তে হরয়ে পরমাত্মনে ।
মজ্জন্তি পিতরস্তস্য নরকে শাশ্বতীঃ সমাঃ ॥৩৪২॥

অনুবাদ—শ্রীবিষ্ণুস্মৃতিতে বলা হইয়াছে—পরমাত্মা শ্রীহরিকে নিবেদন না করিয়া যে ব্যক্তি ভোজন করে, তাহার পিতৃপুরুষগণ চিরকাল নরকে পচিতে থাকেন ॥ ৩৪২ ॥

অতএব গৌতমাম্বরীষ-সংবাদে এব—

অম্বরীষ নবং বস্ত্রং ফলমন্নং রসাদিকম্ ।
কৃত্বা বিষ্ণূপভুক্তন্তু সদা সেব্যং হি বৈষ্ণবৈঃ ॥৩৪৩

অনুবাদ—অতএব গৌতম-অম্বরীষ-সংবাদে কথিত হইয়াছে—হে মহারাজ অম্বরীষ! বৈষ্ণবব্যক্তিগণ নূতন কাপড়, প্রাপ্ত ফুল, ফল, অন্ন এবং রস প্রভৃতি সবদ্রব্যই শ্রীভগবানে সমর্পণ করিয়া গ্রহণ করিবেন ॥ ২৪৩ ॥

টীকা—বিষ্ণোরুপভোগ্যং কৃত্বা যথাবিধ্যর্পণাদিনা, তং ভোজয়িত্বেত্যর্থঃ ॥ ৩৪৩ ॥

বিষ্ণুধর্ম্মাগ্নিপুরাণয়োঃ—

গন্ধান্নবরভক্ষ্যাংশ্চ স্রজো বাসাংসি ভূষণম্ ।
দত্ত্বা তু দেবদেবায় তচ্ছেষাণ্যুপভুঞ্জতে ॥ ৩৪৪ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্ম ও অগ্নিপুরাণে বর্ণিত আছে—উৎকৃষ্ট অন্ন, মোদকাদি ভক্ষ্য দ্রব্য, গন্ধ, মালা, বসন, ভূষণ প্রভৃতি সব কিছুই শ্রীবিষ্ণুকে নিবেদন করিয়া সাধুগণ তার অবশেষ গ্রহণ করিয়া থাকেন ॥ ৩৪৪ ॥

টীকা—গন্ধান্ অন্নানি বরভক্ষ্যাংশ্চ মোদকাদীন্, উপভুঞ্জতে সাধব ইতি সদাচারো দর্শিতঃ ॥ ৩৪৪ ॥

গারুড়ে—

পাদোদকং পিবেন্নিত্যং নৈবেদ্যং ভক্ষয়েদ্ধরেঃ ।
শেষাশ্চ মস্তকে ধার্য্যা ইতি বেদানুশাসনম্ ॥ ৩৪৫ ॥

অনুবাদ—গরুড়পুরাণে বলা হইয়াছে—প্রত্যহ শ্রীহরির পাদোদক পান, হরিনৈবেদ্য সেবন এবং মাথায় তুলসী প্রভৃতি ধারণ করিবার আদেশ বেদে আছে ॥ ৩৪৫ ॥

টীকা—শেষাশ্চ তুলস্যাদয়ঃ ॥ ৩৪৫ ॥

ষষ্ঠস্কন্ধে পুংসবনব্রত-প্রসঙ্গে—

উদ্বাস্য দেবং স্বে ধাম্নি তন্নিবেদিতমগ্রতঃ ।
অদ্যাদাত্মবিশুদ্ধ্যর্থং সর্ব্বকামার্থসিদ্ধয়ে ॥ ৩৪৬ ॥

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে পুংসবনব্রত প্রসঙ্গে—যাঁহার আরাধনা করা হইতেছে সেই দেবতাকে তাঁহার স্বস্থানে যাইতে অনুরোধ করিয়া নিজের বিশুদ্ধির জন্য এবং সমস্ত কামনা পূর্ত্তির নিমিত্ত প্রথমে প্রভুর প্রসাদী দ্রব্য ভোজন বা সেবন করিবে ॥ ৩৪৬ ॥

টীকা—দেবং ভগবন্তং, স্বে ধাম্নি স্বহৃদয়ে, অগ্রতঃ প্রাক্ উদ্বাস্য বিসর্জ্জ্য ॥ ৩৪৬ ॥

অষ্টমস্কন্ধে চ পয়োব্রত-প্রসঙ্গে (৮।১৬।৪১)—

নিবেদিতং তদ্ভক্তায় দদ্যাৎ ভুঞ্জীত বা স্বয়ম্ ॥৩৪৭

অনুবাদ—অষ্টমস্কন্ধে পয়োব্রতপ্রসঙ্গে বলা হইয়াছে—শ্রীভগবানে নিবেদিত দ্রব্যসমূহ বৈষ্ণবগণকে ভোজন করাইবে অথবা স্বয়ং ভোজন করিবে ॥৩৪৭॥

টীকা—তদ্ভক্তায় বৈষ্ণবায় ॥ ৩৪৭ ॥

গৌতমীয়তন্ত্রে—

শুক্লোপচারসম্ভারৈর্নিত্যশো হরিমর্চ্চয়েৎ ।
নিবেদ্য কৃষ্ণায় বিধিবদন্নং ভুঞ্জীত তৎ স্বয়ম্ ।
অথবা সাত্বতে দদ্যাদ্‌যদি লভ্যেত ভক্তিতঃ ॥৩৪৮॥

অনুবাদ—গৌতমীয়তন্ত্রে যথা—প্রত্যহই পবিত্র উপকরণসমূহ সংগ্রহ করিয়া শ্রীহরির পূজা করিবে। যথা নিয়মে শ্রীকৃষ্ণকে অন্ন নিবেদন করিয়া সেই প্রসাদী অন্ন নিজে ভোজন করিবে কিংবা বৈষ্ণব অতিথি পাইলে তাঁহাকে ভক্তিসহকারে ভোজন করাইবে ॥ ৩৪৮ ॥

শরৎপ্রদীপে চ—

ভক্তক্ষণক্ষণো দেবঃ স্মৃতিঃ সেবা স্ববেশ্মনি ।
স্বভোজ্যস্যার্পণং দানং ফলমিন্দ্রাদি-দুর্ল্লভম্ ॥৩৪৯॥

অনুবাদ—শরৎপ্রদীপেও বলা হইয়াছে—ভক্তগণের উৎসবই শ্রীবিষ্ণুর উৎসবে পরিণত হয়। নিজের বাড়ীতে থাকিয়া ভগবানের চিন্তন, তাঁহার সেবা বলিয়া গণ্য এবং নিজের ভক্ষ্য দ্রব্য তাঁহাকে নিবেদনই দান—এই ভাবে সেবার ফল বৈকুণ্ঠ লাভ, ইহা ইন্দ্রাদি দেবতাগণেরও সুলভ নহে ॥ ৩৪৯ ॥

টীকা—এবমনর্পিতোপভোগদোষজাতং দর্শয়িত্বা স্তেন চ নিবেদিতস্যৈবোপভোগং বিলিখ্যাধুনা তদেব দ্রঢয়ন্ ভগবদর্পিতস্য গ্রহণেঽপি দত্তাপহারদোষো ন প্রসজ্যেতেতি ভগবৎবাৎসল্যভরতো ন্যায়ান্তরেণ সাধয়তি—ভক্তেতি, ভক্তস্য ক্ষণঃ অবসর এব উৎসব এব বা ক্ষণো যস্য, স্ববেশ্মনি স্থিতেন যা স্মৃতিঃ, সৈব সেবা, স্বভোজ্যস্য নিজভক্ষ্যস্যৈবার্পণং যত্তদেব তস্মৈ দানম্, এবং সুসেব্যত্বং ভক্তবাৎসল্যঞ্চোক্তম্। তৎফলঞ্চ ইন্দ্রাদিদুর্ল্লভং স্যাৎ, শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্তেঃ। এবঞ্চার্পণদানয়োর্ভেদোঽপ্যভিহিতঃ; যতো নৃপাদিভ্যঃ সূদাসাদিভিরিব ভগবতো ভৃত্যৈর্দ্রব্যাণামর্পণমেব ক্রিয়তে, ন তু দানং, তস্যৈব সর্ব্বদ্রব্যাদি-স্বামিত্বেন তেষাং তত্র স্বত্বাভাবাৎ। ততো ভগবতে যদ্দীয়তে, তদর্পণমিত্যুচ্যতে, ন তু দানমিতি। অতএব পাদাদ্যুপচারং কল্পয়ামীত্যেব সৎসম্প্রদায়প্রয়োগঃ, এবঞ্চ 'দদ্যাৎ পুরুষতুষ্টিদম্' ইত্যাদৌ দান-শব্দস্যার্পণমেবার্থোঽবগন্তব্যঃ। ন চ শঙ্কনীয়ং, স্বত্বাভাবে পিত্রাদিভ্যঃ কথং তদ্দানং ঘটতামিতি? মহাপ্রসাদতয়া স্বীকৃতেষু তেষু স্বতোৎপত্তেঃ, শ্রাদ্ধাদিবিধিবলেন তৎকল্পনাদ্বা। ন চ বক্তব্যম্—উচ্ছিষ্টদ্রব্যদানেন শ্রাদ্ধাদৌ গৌণ্যাপত্তিরিতি ভগবদর্পণেন দ্রব্যসংস্কারবিশেষসম্পত্ত্যা ফলবিশেষজনকত্বেন পরমমুখ্যতাপত্তেঃ। এতচ্চ পূর্ব্বং সূচিতমেব. তৎফলঞ্চ লিখিতম্। ইত্থঞ্চ, 'তস্মাৎ সর্ব্বং নিবেদ্যৈব বিষ্ণোর্ভুঞ্জীত সর্ব্বদা' ইত্যাদৌ, 'ওদনঃ পক্ত্বা ভুজ্যতে ইত্যাদিবৎ এককর্ম্মত্বেন যন্নিবেদ্যতে, তদেব ভুঞ্জীতেত্যর্থো নিতরাং সিদ্ধঃ; ন হ্যন্যৎ নিবেদ্য অন্যদ্ভুঞ্জীতেতি পৃথক্‌কর্ম্মান্তরকল্পনদোষাপত্তেঃ, 'অনিবেদ্য ন ভুঞ্জীত যদাহারায় কল্পিতম্' ইত্যাদিনা বিরোধাচ্চ। অতএব

তত্ত্ববিদঃ সাধবঃ পক্বান্নাদিকমশেষমেব ভগবদগ্রে নীত্বা পরিবেশ্য বিধিবদর্পয়ন্তি। যচ্চ বাহুল্যেন পরিবেশণাদ্যশক্ত্যা রন্ধন-পাত্রাদৌ তিষ্ঠেত তদপি শঙ্খোদক-তুলসীদল-নিক্ষেপণাদিনা বিনিবেদিততামাপাদয়তীতি দিক্ ॥ ৩৪৯ ॥

অথ নৈবেদ্যভক্ষণবিধিঃ

দৃষ্ট্বা মহাপ্রসাদান্নং তৎ প্রাঙ্নত্বাভিমন্ত্রয়েৎ।
স্বেষ্টনাম্না ততো মূলমনুনা বারসপ্তকম্ ॥ ৩৫০ ॥

অনুবাদ—অনন্তর নৈবেদ্য ভক্ষণবিধি—মহাপ্রসাদান্ন দেখামাত্রই তাঁহার বন্দনা করিয়া গায়ত্রী-মন্ত্র উচ্চারণ করতঃ সেই অন্নকে অভিমন্ত্রিত করিতে হইবে, তারপর মূলমন্ত্র দ্বারা সাতবার অভিমন্ত্রিত করিবে ॥ ৩৫০ ॥

টীকা—প্রাক্ প্রথমং নত্বা অভিবন্দ্য তদন্নং গায়ত্র্যা অভিমন্ত্রয়েৎ, ততস্তদনন্তরং মূলমন্ত্রেণ সপ্ত বারান্ অভিমন্ত্রয়েৎ ॥ ৩৫০ ॥

ধর্ম্মরাজাদিভাগঞ্চাপাস্য শ্রীচরণামৃতম্।
তুলসীঞ্চাত্র নিক্ষিপ্য শ্লোকান্ সংকীর্ত্তয়েদিমান্॥৩৫১

অনুবাদ—তারপর সেই মহাপ্রসাদান্ন হইতে ধর্ম্মরাজ প্রভৃতির অংশ লইয়া তাহাতে তুলসীপাতা ও ভগবচ্চরণামৃত দিয়া এই শ্লোকসমূহ পাঠ করিতে হইবে ॥ ৩৫১ ॥

টীকা—আদি-শব্দেন পিত্রাদয়ঃ। অপাস্য তদন্নাদপনীয়, শ্রীচরণামৃতং ভগবৎপাদোকম্ ; অত্র মন্ত্রে ॥ ৩৫১ ॥

যস্যোচ্ছিষ্টং হি বাঞ্ছন্তি ব্রহ্মাদ্যা ঋষয়োঽমলাঃ।
সিদ্ধাদ্যাশ্চ হরেস্তস্য বয়মুচ্ছিষ্টভোজিনঃ ॥ ৩৫২ ॥

অনুবাদ—সিদ্ধগণ ও ব্রহ্মাদি লোকপালগণ যাঁহার প্রসাদান্ন আকাঙ্ক্ষা করেন, আমরা সেই শ্রীহরির ভুক্তাবশেষ ভোজনকারী ॥ ৩৫২ ॥

কিঞ্চ—

যস্য নাম্না বিনশ্যন্তি মহাপাতকরাশয়ঃ।
তস্য শ্রীকৃষ্ণদেবস্য বয়মুচ্ছিষ্টভোজিনঃ ॥ ৩৫৩ ॥
উচ্ছিষ্টভোজিনস্তস্য বয়মদ্ভুতকর্ম্মণঃ।
যো বাল্যলীলয়া তাংস্তান্ পূতনাদীনপাতয়ৎ ॥৩৫৪

অনুবাদ—আরও যাঁহার শ্রীনামদ্বারা রাশিকৃত মহাপাতকসমূহ বিনষ্ট হয়, আমরা সেই শ্রীকৃষ্ণের উচ্ছিষ্ট সেবী। বাল্যলীলার সময়ে যিনি অবলীলাক্রমে পূতনাদিকে বধ করিয়াছেন আমরা সেই বিচিত্র-লীল শ্রীকৃষ্ণের উপভুক্ত শেষ গ্রহণকারী ॥ ৩৫৩-৩৫৪

টীকা—তাংস্তান্ অনির্ব্বাচ্যবলপরাক্রমাদিযুক্তান্, 'যেন লীলাবরাহেণ হিরণ্যাক্ষো নিপাতিত' ইত্যেতৎ পদ্যার্দ্ধং পঠন্তি, তচ্চ নিজেষ্টদেবলীলানুসারেণেতি জ্ঞেয়ম্ ॥ ৩৫৪ ॥

একাদশস্কন্ধে (৬।৪৬)—

ত্বয়োপযুক্তস্রগ্গন্ধবাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ।
উচ্ছিষ্ট-ভোজিনো দাসাস্তব মায়াং জয়েমহি ॥৩৫৫

অনুবাদ—একাদশে বলা হইয়াছে—হে নন্দনন্দন! হে শ্রীকৃষ্ণ! আমাদিগকে তোমার দাস বলিয়া জানিও। আমরা তোমাকে নিবেদন করা মালা, চন্দন, বসন, ভূষণ গ্রহণ করিয়া তোমার উচ্ছিষ্ট ভোজন-কারী হইয়া তোমার মায়াকে জয় করিব ॥ ৩৫৫ ॥

ততোঽমৃতোপস্তরণমসীত্যুক্ত্বা যথাবিধি।
পঞ্চ প্রাণাহুতীঃ কৃত্বা ভুঞ্জীত পুরতঃ প্রভোঃ ॥৩৫৬

অনুবাদ—তারপর যথা নিয়মে—'অমৃতোপস্তরণমসি' এই মন্ত্র পাঠ করিয়া পঞ্চপ্রাণের উদ্দেশ্যে আহুতি প্রদান করিয়া দেবগৃহের বাহিরে ভোজন করিবে। দেবমন্দিরের ভিতরে ভোজন সর্ব্বথা নিষিদ্ধ ॥৩৫৬॥

টীকা—প্রভোর্ভগবতঃ পুরতোঽগ্রে ভুঞ্জীত 'যোঽশ্নাতি নিত্যং পুরতো মুরারেঃ' ইতি স্কান্দোক্তেঃ। যচ্চ বারাহে 'শয়নং ভোজনঞ্চাগ্রে' ইত্যাদ্যপরাধে-যুক্তং, তদপি বহির্দেবালয়ে শ্রীমূর্ত্তিপূজাবিষয়ং ন তু স্বগৃহে শালগ্রামশিলাপূজাবিষয়মিতি বিবেচনীয়ম্ ; এতচ্চ পূর্ব্বং লিখিতমেব ॥ ৩৫৬ ॥

তত্র চ বিশেষঃ

শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্ব-সগরসংবাদে—

প্রশস্তরত্নপাণিস্তু ভুঞ্জীত প্রযতো গৃহী ॥ ৩৫৭ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব-সগর-সংবাদে—প্রশস্ত রত্নাদি হস্তে ধারণ করতঃ গৃহস্থ ব্যক্তি পবিত্রভাবে ভোজন করিবেন ॥ ৩৫৭ ॥

টীকা—গৃহীতি—পূর্ব্বং সর্ব্বত্র গৃহস্থকৃত্যলিখনাদত্রাপি যুক্তমেব তৎ, দ্রব্যসমর্পণাদিযোগ্যত্বেন পূজাবিধৌ তস্যৈব প্রাধান্যাৎ ভগবদর্থত্যক্তপরিগ্রহস্য চ বিরক্তস্য যথালাভং ভগবন্তং পূজয়তো ন তাদৃশো বিধিনিষেধাবকাশঃ কল্প্যত ইতি শ্রীভাগবতাদিশাস্ত্রপ্রসিদ্ধমেব কিঞ্চিৎ প্রাক্ লিখিতমগ্রে চ লেখ্যমিতি ॥ ৩৫৭ ॥

পুণ্যগন্ধধরঃ শস্তমাল্যধারী নরেশ্বর ।
নৈকবস্ত্রধরোঽথার্দ্রপাণিপাদো নরাধিপ ॥ ৩৫৮ ॥
বিশুদ্ধবদনঃ প্রীতো ভুঞ্জীত ন বিদিঙ্মুখঃ ।
প্রাঙ্মুখোদঙ্মুখো বাপি ন চৈবান্যমুখো নরঃ ॥৩৫৯

অনুবাদ–হে রাজন্ ! পূর্ব্ব মুখে কিংবা উত্তর মুখে উপবেশন করিয়া ভিজাহাতে ও ভিজাপায়ে অর্থাৎ হাত পা ধুইয়া সানন্দে পবিত্র গন্ধ লেপন ও শুভ মাল্য ধারণ করিয়া সন্তুষ্ট চিত্তে ভোজন করিবে । এক কাপড়ে, অগ্নি প্রভৃতি কোণের দিকে মুখ করিয়া বা অন্যদিকে মুখ করিয়া বসিয়া ভোজন করিতে নাই ॥ ৩৫৮-৩৫৯ ॥

টীকা—প্রাঙ্মুখ উদঙ্মুখো বা ভুঞ্জীত ॥৩৫৯॥

দত্ত্বা তু ভক্তং শিষ্যেভ্যঃ ক্ষুধিতেভ্যস্তথা গৃহী ।
প্রশস্তশুদ্ধপাত্রেষু ভুঞ্জীতাকুপিতো নৃপ ॥ ৩৬০ ॥

অনুবাদ—শিষ্য, ভক্ত ও ক্ষুধাতুর ব্যক্তিগণকে অন্ন দান করিয়া অক্রোধে প্রশস্ত শুদ্ধপাত্রে ভোজন করাই গৃহস্থের কর্ত্তব্য ॥ ৩৬০ ॥

টীকা—প্রশস্তং ভগবন্নিবেদনাৎ ॥ ৩৬০ ॥

নাসন্দীসংস্থিতে পাত্রে নাদেশে চ নরেশ্বর ।
নাকালে নাতিসংকীর্ণে দত্ত্বাগ্রঞ্চ নরোঽগ্নয়ে ॥
নাশেষং পুরুষোঽশ্নীয়াদন্যত্র জগতীপতে ॥ ৩৬১ ॥

অনুবাদ—হে নৃপেন্দ্র ! কাঠের তৈরী ত্রিপদীর উপর ভোজন পাত্র রাখিয়া, অতি সংকীর্ণ স্থানে বা অযোগ্য স্থানে এবং সন্ধ্যাদি অকালে ভোজন নিষিদ্ধ। প্রসাদী অন্নের কিছুটা আগে আগুনে দিয়া ভোজন করিতে হয় এবং পাত্রে কিছু রাখিয়া ভোজন করারই নিয়ম। পুরুষের পক্ষে একেবারে নিঃশেষে ভোজন নিষিদ্ধ ॥ ৩৬১ ॥

টীকা—আসন্দী দারুময়ত্রিপাদী, অদেশে অযোগ্যস্থানে, অকালে সন্ধ্যাদিসময়ে, আকাশ ইতি পাঠে অনাবৃতে। অগ্রমন্নং দত্ত্বা পরিশিষ্টস্যান্নস্য কিঞ্চিদগ্নৌ ক্ষিপ্ত্বা ॥ ৩৬১ ॥

মধ্বম্বুদধি-সর্পিভ্যঃ শক্তুভ্যশ্চ বিবেকবান্ ।
অশ্নীয়াৎ তন্ময়ো ভূত্বা পূর্ব্বন্তু মধুরং রসম্ ॥৩৬২॥

অনুবাদ—মধু, জল, দধি, ঘৃত ও ছাতু এই সমস্ত জিনিষের ভাল মন্দ বিবেচনা করিয়া মনোযোগ সহকারে আগে মধুর রস ভোজন করিবে ॥ ৩৬২ ॥

টীকা—তন্ময়ো ভূত্বাঽন্নে দত্তচিত্তঃ সন্ ॥ ৩৬২ ॥

লবণাম্লে তথা মধ্যে কটুতিক্তাদিকাংস্ততঃ ।
প্রাগ্দ্রবং পুরুষোঽশ্নীয়াৎ মধ্যে চ কঠিনাশনম্ ॥৩৬৩
অন্তে পুনর্দ্রবাশী তু বলারোগ্যে ন মুঞ্চতি ।
পঞ্চগ্রাসং মহামৌনং প্রাণাদ্যাপ্যায়নায় তৎ ॥৩৬৪॥
ভুক্ত্বা সম্যগথাচম্য প্রাঙ্মুখোদঙ্মুখোঽপি বা ।
যথাবৎ পুনরাচামেৎ পাণী প্রক্ষাল্য মূলতঃ ॥৩৬৫॥

অনুবাদ—খাওয়ার সময় মধ্যভাগে লবণ ও অম্লরস খাওয়া উচিত, তারপর কটুতিক্ত প্রভৃতি রসযুক্ত খাদ্য গ্রহণ করিবে। পুরুষ মানুষ যদি আগে তরল পদার্থ, মধ্যে কঠিন এবং শেষে পুনরায় তরলপদার্থ গ্রহণ করেন, তাহা হইলে তাঁহার বল ও আরোগ্য অক্ষয় হয়। পূর্ব্ব বা উত্তর মুখে বসিয়া আচমন করতঃ মৌনী হইয়া প্রাণাদির তৃপ্তির জন্য

আগে পঞ্চগ্রাস ও তারপর ভোজন করতঃ পুনর্বার ভালভাবে হাত মুখ ধুইয়া আচমন করিবে ॥৩ . ৩-৩৬৫

স্বস্থঃ প্রশান্তচিত্তশ্চ কৃতাসনপরিগ্রহঃ।
অভীষ্টদেবতানাঞ্চ কুর্ব্বীত স্মরণং নরঃ॥ ৩৬৬ ॥

অনুবাদ—তারপর সুস্থ এবং প্রশান্ত চিত্তে আসনে উপবেশন পূর্ব্বক ইষ্ট দেবতা স্মরণ করাই মানুষের কর্ত্তব্য ॥ ৩৬৬ ॥

অগস্তিরগ্নির্বড়বানলশ্চ,
ভুক্তং ময়ান্নং জরয়ন্ত্বশেষম্।
সুখঞ্চ মে তৎ পরিণামসম্ভবং,
যচ্ছন্ত্বরোগং মম চাস্তু দেহে॥ ৩৬৭ ॥

অনুবাদ—অগস্তি, অগ্নি ও বাড়বানল আমার ভুক্ত অন্ন ভালভাবে জীর্ণ করুন, ভোজনের পরিপাক জন্য সুখোৎপাদন করুন এবং আমার শরীর ব্যাধিহীন হউক ॥ ৩৬৭ ॥

বিষ্ণুঃ সমস্তেন্দ্রিয়-দেহদেহি-
প্রধানভূতো ভগবান্ যথৈকঃ।
সত্যেন তেনান্নমশেষমেত-
দারোগ্যদং মে পরিণামমেতু॥ ৩৬৮ ॥

অনুবাদ—সকল ইন্দ্রিয়, শরীর ও শরীরধারীদের মধ্যে যে প্রকার শ্রীবিষ্ণু শ্রেষ্ঠ, সেইপ্রকার সত্যদ্বারা এই সকল অন্ন আমার পক্ষে আরোগ্যদায়ক হইয়া পরিণাম প্রাপ্ত হউক ॥ ৩৬৮ ॥

ইত্যুচ্চার্য্য স্বহস্তেন পরিমৃজ্য তথোদরম্।
অনায়াসপ্রদায়ীনি কুর্য্যাৎ কর্ম্মাণ্যতন্দ্রিতঃ॥ ৩৬৯ ॥

অনুবাদ—এই মন্ত্র দুইটি উচ্চারণ করিয়া নিজের হাতে উদর মার্জ্জনা করতঃ আলস্য ত্যাগ করিয়া যাহাতে বেশী পরিশ্রম না হয়, এরূপ কার্য্যাদি করিবে অর্থাৎ আহারের পর দৈহিক শ্রমসাধ্য কর্ম্ম পরিহার করা কর্ত্তব্য ॥ ৩৬৯ ॥

কৌর্ম্মে ব্যাসগীতায়াম্—
প্রাঙ্মুখোঽন্নানি ভুঞ্জীত সূর্য্যাভিমুখমেব বা।
আসীনঃ স্বাসনে সিদ্ধে ভূম্যাং পাদৌ নিধায় চ॥৩৭০

অনুবাদ—কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় বর্ণিত হইয়াছে যে—সূর্য্যের দিকে মুখ করিয়া কিংবা পূর্ব্বদিকে মুখ করিয়া স্বস্তিদায়ক আসনে বসিয়া মাটিতে দুইপা রাখিয়া ভোজন করিবে ॥ ৩৭০ ॥

আয়ুষ্যং প্রাঙ্মুখো ভুঙ্‌ক্তে যশস্যং দক্ষিণামুখঃ।
শ্রিয়ং প্রত্যঙ্মুখো ভুঙ্‌ক্তে ঋতং ভুঙ্‌ক্তে
উদঙ্মুখঃ॥ ৩৭১ ॥

অনুবাদ—পরমায়ু বৃদ্ধি হয় পূর্ব্ব মুখে, যশোলাভ দক্ষিণে, সম্পত্তি লাভ পশ্চিমে এবং উত্তর মুখে ভোজনে সর্ব্ব বাঞ্ছিত লাভ হইয়া থাকে ॥ ৩৭১ ॥

পঞ্চার্দ্রো ভোজনং কুর্য্যাৎ ভূমৌ পাত্রং নিধায় চ।
উপবাসেন তত্তুল্যং মনুরাহ প্রজাপতিঃ॥ ৩৭২ ॥

অনুবাদ—হস্তদ্বয়, পদদ্বয় ও মুখ ভালভাবে ধুইয়া ও মাটিতে পাত্র রাখিয়া ভোজন করিলে উহা অনশন তুল্য হইয়া থাকে অর্থাৎ এই ভাবে ভোজন করিলে রোগাদির সম্ভাবনা কম থাকে, প্রজাপতি মনু ইহা বলিয়াছেন ॥ ৩৭২ ॥

উপলিপ্তে শুচৌ দেশে পাদৌ প্রক্ষাল্য বৈ করৌ।
আচম্যার্দ্রাননোঽক্রোধঃ পঞ্চার্দ্রো
ভোজনঞ্চরেৎ॥ ৩৭৩ ॥
মহাব্যাহৃতিভিস্ত্বন্নং পরিবার্য্যোদকেন তু।
অমৃতোপস্তরণমসীত্যাপোশানক্রিয়াং চরেৎ ॥৩৭৪॥

অনুবাদ—গোময়লেপন দ্বারা পরিষ্কৃত পবিত্র স্থানে হাত, পা ধুইয়া, আচমন করিয়া, মুখ ভিজা অবস্থায় ক্রোধ বর্জ্জন করিয়া পঞ্চার্দ্ররূপে ভোজন করা উচিত। গায়ত্রী পাঠ করিয়া জলধারা দ্বারা অন্নকে বেষ্টন পূর্ব্বক 'অমৃতোপস্তরণমসি' এই মন্ত্র উচ্চারণ করিয়া আচমন করিবে ॥ ৩৭৩-৩৭৪ ॥

স্বাহাপ্রণবসংযুক্তং প্রাণায়েত্যাহুতিং ততঃ ।
অপানায় ততো হুত্বা ব্যানায় তদনন্তরম্ ॥ ৩৭৫ ॥
উদানায় ততঃ কুর্য্যাৎ সমানায়েতি পঞ্চমীম্ ।
বিজ্ঞায় তত্ত্বমেতেষাং জুহুয়াদাত্মনি দ্বিজাঃ ॥ ৩৭৬ ॥
শেষমন্নং যথাকামং ভুঞ্জীত ব্যঞ্জনৈর্যুতম্ ।
ধ্যাত্বা তন্মনসা দেবমাত্মানং বৈ প্রজাপতিম্ ॥৩৭৭॥
অমৃতাপিধানমসীত্যুপরিষ্টাদপঃ পিবেৎ ॥ ৩৭৮ ॥

অনুবাদ—তারপর স্বাহা ও প্রণবযুক্ত প্রাণায়, অর্থাৎ ওঁ প্রাণায় স্বাহা, অপানায় স্বাহা ইত্যাদি ক্রমে পঞ্চ প্রাণকে আহুতি দিতে হইবে। হে বিপ্রগণ! এই সকল বিষয়ে সমস্ত কিছু ভালোভাবে জানিয়া আপনাতে আহুতি দিতে হইবে, তারপর ইচ্ছামত অবশেষ অন্নব্যঞ্জন ভোজন করিতে হয়। ভোজনের পর তদ্‌গতচিত্ত হইয়া নিজেকে প্রজাপতি দেবরূপে চিন্তা করিয়া 'অমৃতাবিপধানমসি স্বাহা' এই মন্ত্র উচ্চারণ করিয়া আচমন করিতে হইবে ॥ ৩৭৫-৩৭৮ ॥

টীকা—প্রত্যঙ্মুখঃ সন্ চেদ্ভুঙ্‌ক্তে, তদা শ্রিয়মেব ভুঙ্‌ক্তে, সর্ব্বসম্পদং লভত ইত্যর্থঃ, ঋতং সত্যং সর্ব্বং বাঞ্ছিতং প্রাপ্নোতীত্যর্থঃ। আত্মনি জুহুয়াৎ আত্মনা সহৈষামৈক্যং ভাবয়েদিত্যর্থঃ। তৎ ততঃ ভোজনানন্তরমিত্যর্থঃ ॥ ৩৭১-৩৭৬ ॥

কিঞ্চ তত্রৈব—

যত্তু ভুঙ্‌ক্তে বেষ্টিতশিরা যচ্চ ভুঙ্‌ক্তে বিদিঙ্মুখঃ ।
সোপানৎকশ্চ যদ্ভুঙ্‌ক্তে সর্ব্বং বিদ্যাত্তদাসুরম্ ॥৩৭৯
নার্দ্ধরাত্রে ন মধ্যাহ্নে নাজীর্ণে নার্দ্রবস্ত্রধৃক্ ।
ন চ ভিন্নাসনগতো ন যানে সংস্থিতোঽপি বা ॥৩৮০
ন ভিন্নভাজনে চৈব ন ভূম্যাং ন চ পাণিষু ।
অনারোগ্যমনায়ুষ্যমস্বর্গ্যং চাতিভোজনম্ ।
অপুণ্যং লোকবিদ্বিষ্টং তস্মাত্তৎ পরিবর্জ্জয়েৎ ॥৩৮১

অনুবাদ—আরও ঐ কূর্ম্মপুরাণেই বলা হইয়াছে—মস্তক আবৃত করিয়া আহার, অগ্ন্যাদি কোণাভিমুখ হইয়া আহার এবং চামড়ার জুতা পরিয়া আহার আসুরিক আহার বলিয়া পরিগণিত। নিশীথে, মধ্যাহ্নে, অজীর্ণে, ভিজাকাপড়ে, ভাঙ্গাপিঁড়িতে বসিয়া, যানের উপরে বসিয়া, ভাঙ্গাবাসনে, মাটিতে ও হাতে লইয়া ভোজন করিবে না, অতিভোজন আরোগ্যের বাধাসৃষ্টি করে, পরমায়ুক্ষয় করে, স্বর্গলাভের বাধাসৃষ্টি করে, পাপ জন্মায় এবং লোকনিন্দারও কারণ হয়, তাই অতিভোজন সর্ব্বথা পরিত্যাগ করা কর্ত্তব্য ॥ ৩৭৯-৩৮১ ॥

কিঞ্চ—

ন বামহস্তেনোদ্ধৃত্য পিবেদ্বক্ত্রেণ বা জলম্ ।৩৮২॥

অনুবাদ—আরও বামহাতে বাসন উঠাইয়া অথবা মুখ দিয়া জল পান করা উচিত নয় ॥ ৩৮২ ॥

বিষ্ণুস্মৃতৌ—

পিবতঃ পততে তোয়ং ভাজনে মুখনির্গতম্ ।
অভোজ্যং তদ্ভবেদন্নং ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেৎ ॥৩৮৩

অনুবাদ—বিষ্ণুস্মৃতিতে যথা—জলপানের সময় মুখ হইতে জল ভোজনপাত্রে পড়িলে সেই অন্ন ভোজনের অযোগ্য হয়। তাহা ভোজন করিলে চান্দ্রায়ণ প্রায়শ্চিত্ত করিতে হয় ॥ ৩৮৩ ॥

মার্কণ্ডেয়ে—

ভুঞ্জীতান্নঞ্চ তচ্চিত্তো হ্যন্তর্জানু সদা নরঃ ।
উপঘাতাদৃতে দোষান্নান্নস্যোদীরয়েদ্ বুধঃ ॥ ৩৮৪ ॥

অনুবাদ—মার্কণ্ডেয়পুরাণে বলা হইয়াছে—জানুদেশ মধ্যস্থিত স্থানে অন্ন রাখিয়া মনোযোগ সহকারে সর্ব্বদা ভোজন বিধেয়। বিদ্বানব্যক্তি কাক বা বিড়ালাদির উচ্ছিষ্ট ছাড়া অন্নের অন্য কোন দোষ দেখেন না ॥ ৩৮৪ ॥

অন্যত্র চ—

হস্তাদৃতেঽম্বুনান্যেনানশ্নন্ পাত্রাদৃতে পিবেৎ ।
দক্ষিণন্তু পরিত্যজ্য বামে নীরং নিধাপয়েৎ ।
অভোজ্যং তদ্ভবেদন্নং পানীয়ঞ্চ সুরাসমম্ ॥ ৩৮৫ ॥

অনুবাদ—অন্যত্রও বর্ণিত হইয়াছে—পাত্র ব্যতীত কেবল হাতে করিয়া জল পান করা নিষেধ এবং হাত দিয়া না ধরিয়া কেবল মুখের সাহায্যে জল পান

উচিত নয়। ডানদিক বাদ দিয়া বামদিকে জল রাখিলে সেই জল মদতুল্য ও অন্ন অভোজ্য হয় ॥ ৩৮৫ ॥

টীকা—অশ্নন্, ভুঞ্জানঃ সন্ হস্তাদৃতে পাণিং বিনা কেবলং মুখেন জলং ন পিবেৎ ; তথা পাত্রং বিনা করাদিনা ন পিবেদিত্যর্থঃ ; অন্যথা অভোজ্যাদিকং স্যাদিত্যর্থঃ ॥ ৩৮৫ ॥

তৃপ্তো দদ্যাদ্ধি তদন্নং শেষং দুর্গতভৃপ্তয়ে ॥ ৩৮৬ ॥

অনুবাদ—আহারের পর যে অন্ন অবশিষ্ট থাকিবে তাহা দুর্গতলোকেদের তৃপ্তির জন্য অর্পণ করিবে, ॥৩৮৬

টীকা—তৃপ্তঃ সমাপ্তভোজনঃ সন্ ॥ ৩৮৬ ॥

সম্যগাচম্য দক্ষাঙ্ঘ্রেরঙ্গুষ্ঠে বারি নিক্ষিপেৎ ॥৩৮৭॥
ততঃ সংস্মৃত্য সন্তুষ্টঃ পুষ্টিদামিষ্টদেবতাম্ ।
সন্নিকৃষ্টৈর্বৃতঃ শিষ্টৈর্জপেদন্নপতের্মনূন্ ।
অন্নপতেঽন্নস্য নো দেহি ॥ ইত্যাদি ॥ ৩৮৮ ॥

অনুবাদ—নিয়মানুযায়ী আচমন করিয়া ডান পায়ের বুড়া আঙ্গুলে জলছিটা দিবে। তারপর পুষ্টি প্রদানকারিণী ইষ্টদেবতাকে স্মরণ করিয়া প্রীতি অনুভব করিবে। অতঃপর নিকটস্থ শিষ্টজন-কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া অন্নপতেঽন্নস্য নো দেহি' ইত্যাদি অন্নপতিমন্ত্র জপ করিতে হইবে ॥ ৩৮৭-৩৮৮ ॥

টীকা—অঙ্গুষ্ঠে বারি নিক্ষিপেৎ ; মন্ত্র—অঙ্গুষ্ঠেতি ॥ ৩৮৭-৩৮৮ ॥

ভক্ষয়েদথ তাম্বুলং প্রসাদং বল্লবীপ্রভোঃ ।
শিষ্টৈরিষ্টৈর্জপেদ্দিব্যং ভগবন্নামমঙ্গলম্ ॥ ৩৮৯ ॥

অনুবাদ—তারপর শ্রীকৃষ্ণের প্রসাদী তাম্বুল খাইয়া মনোমত শিষ্ট জনের সহিত উপবিষ্ট হইয়া শ্রীভগবানের অত্যুত্তম মঙ্গলময় শ্রীনাম জপ করিবে ॥ ৩৮৯ ॥

করণেন পাপং স্যাৎ, তত্রাহ—সর্ব্বেভ্যো বিহিতাকরণজেভ্যঃ কথঞ্চিন্নিষিদ্ধাচরণজেভ্যশ্চ, তথা সংসারদুঃখকারণকর্ম্মরূপেভ্যঃ তদ্বাসনাদিরূপেভ্যোঽপি পাপেভ্যো মোক্ষয়িষ্যামীতি অতঃ মা শুচঃ, পাপভয়েন ভীষ্মদ্রোণাদিবধেন বা শোকং মা কুরু। এবঞ্চান্যলোকশিক্ষণার্থমর্জ্জুনমধিকৃত্যোক্তং, ন তু তং প্রতি তথোপদেশঃ, তস্য নরাবতারত্বেন পরমসখ্যাদিনা চ স্বত এব পরমভাগবতত্বাৎ ॥ ৬৩ ॥

চতুর্থস্কন্ধে (২৯।৪৭)—

যদা যস্যানুগৃহ্ণাতি ভগবানাত্মভাবিতঃ।
স জহাতি মতিং লোকে বেদে চ পরিনিষ্ঠিতাম্ ॥৬৪

অনুবাদ—চতুর্থস্কন্ধে বলা হইয়াছে—মনোমধ্যে ধ্যানের বিষয়ীভূত হইয়া শ্রীভগবান যখন যাঁহাকে দয়া করেন, তখন তিনি বেদবিষয়ে পরিনিষ্ঠিতা মতি বিসর্জ্জন দেন। কারণ বেদ ত্রিগুণাতীত প্রেমময় স্বরূপ নন্দনন্দনের সরাসরি সংবাদ দেন না, এই বিষয়ে ভগবানের বিশেষ কৃপার অপেক্ষা আছে ॥৬৪॥

টীকা—ধর্ম্মত্যাগস্তু কর্ম্মপরলোকবেদাপেক্ষাত্যাগেনৈব স্যাৎ, স চ ভগবতোঽনুগ্রহেণ ভগবদ্ভক্তস্য স্বতঃ সম্পদ্যত ইত্যাশয়েন লিখতি—যদেতি। যস্য যমনুগ্রহে হেতুঃ—আত্মনি মনসি ভাবিতো ধ্যাতঃ সন্; যদ্বা, স তদা আত্মভাবিতঃ শুদ্ধচিত্তঃ সন্ ভগবদ্বিযুক্তঃ সন্ বা, লোকব্যবহারে বেদে চ কর্ম্মমার্গে পরিনিষ্ঠিতাং পূর্ব্বজন্মাভ্যাসেন পরমনিষ্ঠাং প্রাপ্তামপি মতিং জহাতি। অতএব শ্রীভগবদ্গীতাসু (২।৪৫)—'ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন' ইতি ॥ ৬৪ ॥

অন্যসর্ব্বনিরপেক্ষতা

শ্রীভগবদুদ্ধবসংবাদে (শ্রীভাঃ ১১।২৬।২৭)
ঐলোপাখ্যানে—

সন্তোঽনপেক্ষা মচ্চিত্তাঃ প্রশান্তাঃ সমদর্শিনঃ।
নির্ম্মমা নিরহংকারা নির্দ্বন্দ্বা নিষ্পরিগ্রহাঃ ॥ ৬৫ ॥

অনুবাদ—শ্রীভগবদুদ্ধবসংবাদে ঐলোপাখ্যানে কথিত হইয়াছে—প্রশান্ত, সমদর্শী, নিরপেক্ষ, মদ্গত চিত্ত, নির্ম্মম, নিরহঙ্কারী নির্দ্বন্দ্ব ও পরিগ্রহ শূন্য হইলেই সাধুগণ সৎ বলিয়া কীর্ত্তিত হন ॥ ৬৫ ॥

টীকা—এবং ধর্ম্মানাদরেণৈকান্তিতালক্ষণং লিখিত্বা ইদানীং ভগবদ্ব্যতিরিক্তৈহিকামুষ্মিকাদ্যশেষনৈরপেক্ষ্যেণ যা একান্তিতা, তল্লক্ষণং লিখতি—সন্ত ইতি। 'সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ' (শ্রীভাঃ ১১।২৬।২১) ইত্যুক্ত্যাপেক্ষিতং সতাং লক্ষণং মুখ্যমাহ—সন্ত ইতি। অনপেক্ষাঃ মদ্ব্যতিরিক্তে কুত্রচিদপেক্ষারহিতা যে তে সন্তঃ। তত্র হেতুঃ—ময্যেব চিত্তং যেষাং তে; প্রশান্ত ইত্যাদিবিশেষণষট্কস্য যথাসম্ভবং হেতুহেতুমত্তোহ্যা। তত্র প্রশান্তা রাগদ্বেষাদিরহিতাঃ, সমদর্শিনঃ মিত্রে শত্রৌ চৈকদৃষ্টয়ঃ, নির্ম্মমা মমত্বমোহহীনাঃ, নিরহঙ্কারাঃ অভিমানশূন্যাঃ, নির্দ্বন্দ্বাঃ শীতোষ্ণাদিনাঽনাকুলাঃ। নিষ্পরিগ্রহাঃ অকিঞ্চনাঃ ॥ ৬৫ ॥

অতএব শ্রীকপিলদেবহূতি-সংবাদে
(শ্রীভাঃ ৩।২৫।২৪)—

তত্র তে সাধবঃ সাধ্বি সর্ব্বসঙ্গবিবর্জ্জিতাঃ।
সঙ্গস্তেষ্বথ তে প্রার্থ্যঃ সঙ্গদোষহরা হি তে ॥ ৬৬ ॥

অনুবাদ—অতএব কপিলদেবহূতি-সংবাদে—যাঁহারা সর্ব্বসঙ্গরহিত, হে মাতঃ! তাঁহারা সাধুপদবাচ্য। সেই প্রকার সাধুসঙ্গই তোমার কর্ত্তব্য। যেহেতু সাধুগণ সঙ্গজনিত দোষ হরণ করিয়া থাকেন ॥ ৬৬ ॥

টীকা—সর্ব্বেণ বাহ্যেন আন্তরেণ চ সঙ্গেন অনাসক্ত্যা চ বিশেষতো বর্জ্জিতা রহিতাঃ। এতচ্চ একান্তিলক্ষণং দর্শিতম্। অথ অতঃ তেষ্বেব সঙ্গস্ত্বয়া প্রার্থ্যঃ, স্বতঃ পরমপুরুষার্থত্বেন পরমদুর্লভত্বান্মনসাপি বাঞ্ছনীয়ঃ, কিমুত বক্তব্যং সাক্ষাৎকার্য্য ইত্যর্থঃ। যদ্বা, ননু তর্হি তৈঃ সহ মম সঙ্গো ভবতা ক্রিয়তাম্, তত্রাহ—তৈঃ সঙ্গঃ তেষ্বেব ত্বয়া প্রার্থ্যঃ। এবার্থে অথশব্দঃ, তেষাং কৃপয়ৈব স্বভক্ত্যা তৎসঙ্গঃ প্রাপ্যেত, ন ত্বন্যথেত্যর্থঃ। ননু সঙ্গতঃ কথঞ্চিদ্রাগদ্বেষা অপি সম্ভবেয়ুঃ তত্রাহ—সঙ্গে যে দোষাস্তান্ হরন্তীতি তথা তে; যদ্বা, সর্ব্বসঙ্গবিবর্জ্জিতানাং তেষাং সঙ্গো গৃহাদিসঙ্গবত্যা ময়া কথং প্রাপ্যঃ ? তত্রাহ—সঙ্গেতি।

গৃহাদি-সঙ্গদোষং দর্শনমাত্রেণৈব তে হরিষ্যন্তীত্যর্থঃ; যদ্বা, সঙ্গ এব দোষরূপো যেষাং তে নিঃসঙ্গা যতয় ইত্যর্থঃ, তানপি হরন্তি স্বগুণৈরাকর্ষন্তীতি তথা তে। অতস্তেষাং মাহাত্ম্যেনৈবাকৃষ্টা সতী স্বয়মেব সর্ব্বং ত্যক্ত্বা যাস্যতীত্যর্থঃ। অলমতিবিস্তরেণ ॥ ৬৬ ॥

বিঘ্নাকুলত্বেঽপি মনোরতিপরতা

স্কান্দে চ তত্রৈব—

যস্য কৃচ্ছ্রগতস্যাপি কেশবে রমতে মনঃ।
ন বিচ্যুতা চ ভক্তির্বৈ স বৈ ভাগবতো নরঃ ॥ ৬৭ ॥
আপদ্গতস্য যস্যেহ ভক্তিরব্যভিচারিণী।
নান্যত্র রমতে চিত্তং স বৈ ভাগবতো নরঃ ॥ ৬৮ ॥

অনুবাদ—বিঘ্নাকুলত্বেও মনের রতিপরতা, স্কন্দ-পুরাণে—যাঁহার মন কষ্টে পড়িলেও শ্রীকেশবে অনুরক্ত থাকে এবং যে ব্যক্তি হরিভক্তি রহিত হন না তিনি অবশ্যই ভগবদ্ভক্ত। আপদ গ্রস্ত হইলেও শ্রীহরিতে যাঁহার ঐকান্তিকী ভক্তি থাকে, যাঁহার মনোবুদ্ধি হরি ব্যতীত অন্যত্র আসক্ত নহে, তিনিই ভাগবত ॥ ৬৭-৬৮ ॥

টীকা—রতির্ভাবঃ, স চ আগমে 'প্রেম্নস্তু প্রথমাবস্থা ভাব ইত্যভিধীয়তে' ইতি তৎপরতয়া মনোরম ইতি রতিরুক্তা। ভক্তিঃ শ্রবণাদিলক্ষণা, ভাগবতোত্তমা ইতি বা পাঠঃ, এবমগ্রেঽপি। ভক্তিরত্র রতিঃ, অন্যত্র কেশবব্যতিরিক্তে চিত্তং ন রমতে, তত্র প্রেমাকৃষ্টত্বাৎ ॥ ৬৭-৬৮ ॥

প্রেমৈকপরতা চ

শ্রীঋষভদেবস্য পুত্রানুশাসনে (শ্রীভাঃ ৫।৫।৩)—

যে বা ময়ীশে কৃতসৌহৃদার্থা
জনেষু দেহম্ভরবার্ত্তিকেষু।
গৃহেষু জায়াত্মজরাতিমৎসু
ন প্রীতিযুক্তা যাবদর্থাশ্চ লোকে ॥ ৬৯ ॥

অনুবাদ—শ্রীঋষভদেবের পুত্রানুশাসনে কথিত হইয়াছে যে—ঈশ্বররূপী আমার সহিত যাঁহারা সৌহার্দ্য স্থাপন করেন এবং ঐ সৌহার্দ্যকেই একমাত্র পুরুষার্থ বলিয়া জানেন, বিষয়ানুরক্ত জনের প্রতি এবং স্ত্রীপুত্রধন জনাদিতে যিনি আসক্তিহীন আর সংসারে কেবল দেহযাত্রা নির্ব্বাহের জন্যই যাঁহারা ধনাকাঙ্ক্ষা পোষণ ব্যতীত অধিক ধনে স্পৃহা করেন না, তাহারাই মহাপুরুষ ॥ ৬৯ ॥

টীকা—অধুনা প্রেমৈকপরতয়া যৈকান্তিতা, তল্লক্ষণং লিখতি—যে বেতি ত্রিভিঃ। পূর্ব্বং 'মহান্তস্তে সমচিত্তাঃ প্রশান্তাঃ' ইত্যর্দ্ধশ্লোকেন মহত্তাং সামান্যলক্ষণমুক্ত্বা ইদানীং মুখ্যলক্ষণমাহ—ময়ি ঈশে ভগবতি কৃতং সৌহৃদং প্রেমৈব অর্থঃ পুরুষার্থো যেষাং তে। বা-শব্দেনান্যনিরপেক্ষস্যৈবাস্য লক্ষণত্বং দর্শিতম্। তদ্বাহ্যলিঙ্গমাহ—দেহং বিভর্ত্তীতি দেহম্ভরা বিষয়বার্ত্তা এব ন ধর্ম্মাদিবিষয়বার্ত্তাপি যেষু; যদ্বঃ, দেহম্ভরৈব বার্ত্তা জীবনোপায়ধনাদির্ন তু ভগবৎপূজাদ্যার্থা যেষাং তেষু জনেষু গৃহেষু চ জায়াদিযুক্তেষু ন প্রীতিযুক্তাঃ। রাতিমিত্রং ধনং বা, লোকে যাবদর্থাশ্চ যাবদর্থমেবার্থো যেষাং মধ্যপদলোপী সমাসঃ। দেহনির্ব্বাহাধিক-স্পৃহাশূন্যা ইত্যর্থঃ। যদ্বা, ননু প্রীত্যভাবাদ্দেহাদীনামুপেক্ষাপত্ত্যা দেহনির্ব্বাহঃ কথমস্তু? তত্রাহ—লোকে যাবানর্থোঽস্তি, স এবার্থো যেষাম্, লোকাঃ প্রারব্ধবশেন স্বয়মেব স্বধনাদিনা তদ্দেহপোষণাদিকং কুর্য্যুরেবেতি ভাবঃ। পূর্ব্বামাসক্তিরহিতত্বোক্তা, অনাসক্তৌ চ কথঞ্চিৎ কদাচিৎ কুত্রাপি প্রীতিরপি ঘটেত, কিন্তু আসক্ত্যভাবান্নির্ম্মূলা বিনশ্বরা চ। তত্র চ সর্ব্বথা সর্ব্বদা সর্ব্বত্র প্রীতিরাহিত্যমেবোক্তং, অতোঽস্য লক্ষণস্য পূর্ব্বতোঽপি শ্রৈষ্ঠ্যং দ্রষ্টব্যম্। এবমগ্রেঽপি ॥ ৬৯ ॥

ত্রিধা প্রেমৈকপরতা প্রেম্নঃ স্যাত্তারতম্যতঃ।
উত্তমা মধ্যমা চাসৌ কনিষ্ঠা চেতি ভেদতঃ ॥ ৭০ ॥

অনুবাদ—উত্তমা, মধ্যমা ও কনিষ্ঠা ভেদে প্রেমের তারতম্যানুসারে প্রেমৈকপরতা তিন প্রকার ॥ ৭০ ॥

তত্রোত্তমা

যথা একাদশে হবিযোগেশ্বরোত্তরে (২।৪৫)—

সর্ব্বভূতেষু পশ্যেদ্ভগবদ্ভাবমাত্মনঃ।
ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ ॥ ৭১ ॥

অনুবাদ—একাদশস্কন্ধে শ্রীহবিযোগেশ্বরের উত্তরে—হে রাজন্! যিনি সর্ব্বভূতে নিজের ভগবদ্ভাব এবং ভগবানে সর্ব্বভূতকে নিরীক্ষণ করেন, তিনিই ভাগবত শ্রেষ্ঠ ॥ ৭১ ॥

স্বেষ্টদেবস্য ভাবং যঃ সর্ব্বভূতেষু পশ্যতি।
ভাবয়ন্তি চ তান্যস্মিন্নিত্যর্থঃ সম্মতঃ সতাম্ ॥ ৭২ ॥

অনুবাদ—সর্ব্বজীবে নিজ অভীষ্টদেবের ভাব অর্থাৎ সত্তা দর্শন করেন এবং ভগবানে ভূতগণের অবস্থিতি চিন্তা করেন, তিনিই ভাগবত বলিয়া সাধুগণ কর্ত্তৃক অভিহিত হন ॥ ৭২ ॥

শ্রীকপিলদেবহূতি-সংবাদে (শ্রীভাঃ ৩।২৫।২২)—
ময্যনন্যেন ভাবেন ভক্তিং কুর্ব্বন্তি যে দৃঢ়াম্।
মৎকৃতে ত্যক্তকর্ম্মাণস্ত্যক্তস্বজনবান্ধবাঃ ॥ ৭৩ ॥

অনুবাদ—শ্রীকপিল-দেবহূতি-সংবাদে—আমার প্রতি প্রেমনিষ্ঠাহেতু যাঁহারা অনন্যভাবে ভক্তির দৃঢ়তা লাভ করেন, তাঁহারা আমার জন্য কর্ম্মত্যাগ এবং প্রয়োজনে আত্মীয় স্বজন বন্ধুবান্ধব প্রভৃতিকেও ত্যাগ করেন ॥ ৭৩ ॥

টীকা—ন বিদ্যতেঽন্যৎ কিঞ্চিৎ ফলানুসন্ধানাদিকং যস্মিন্ তেন বিশুদ্ধেন ভাবেনেত্যর্থঃ। ভাবেন প্রেম্না, অতএব দৃঢ়াং পরমনিষ্ঠাং প্রাপ্তাং ভক্তিং শ্রবণাদিরূপাং বিবিধাং কেবলং নামসংকীর্ত্তনাত্মিকাং বা যে কুর্ব্বন্তি, তে সাধব ইত্যুত্তরশ্লোকেনান্বয়ঃ। অতএব মৎকৃতে মম কর্ম্মণি নিমিত্তে; যদ্বা, মৎপ্রাপ্ত্যর্থং, যদ্বা মৎপ্রীত্যেত্যর্থঃ; ত্যক্তানি কর্ম্মাণি নিত্যনৈমিত্তিকাদীনি সর্ব্বাণ্যেব যৈঃ; তথা ত্যক্তাঃ স্বজনা জ্ঞাতয়ো বান্ধবাশ্চ সম্বন্ধিনো যৈস্তে। এতচ্চ প্রেমনিষ্ঠতায়া বাহ্যলক্ষণং জ্ঞেয়ম্। পূর্ব্বমাসক্তিত্যাগ এব, ততশ্চ প্রীত্যভাব এবোক্তঃ। অত্র সর্ব্বথা সমূলত্যাগ এব দর্শিতঃ। এবং পূর্ব্বপূর্ব্বতোঽস্য শ্রৈষ্ঠ্যমায়াতম্। ইত্থং ব্রতপরতামারভ্য প্রেমপরতাপর্য্যন্তমুত্তরোত্তরং, তথা তত্তদবান্তরে চ শ্রৈষ্ঠ্যমূহ্যম্। অতএব সর্ব্বতঃ শ্রেষ্ঠতমত্বাদস্যাঃ সর্ব্বান্তে লিখনম্। এবং শ্রীহবিযোগেশ্বরেণাপি 'বিসৃজতি' ইত্যেতদুক্তমিতি দিক্ ॥ ৭৩ ॥

শ্রীহবিযোগেশ্বরোত্তরে চ (শ্রীভাঃ ১১।২।৫৫)—
বিসৃজতি হৃদয়ং ন যস্য সাক্ষা-
দ্ধরিরবশাভিহিতোঽপ্যঘৌঘনাশঃ।
প্রণয়রসনয়া ধৃতাঙ্ঘ্রিপদ্মঃ
স ভবতি ভাগবতপ্রধান উক্তঃ ॥ ৭৪ ॥

অনুবাদ—শ্রীহবিযোগেশ্বরের উত্তরে—যাঁহার শ্রীনাম অবশভাবে উচ্চারণ করিলেও সকল প্রকার পাতক বিনষ্ট হয়, সেই ভগবান শ্রীহরি প্রেমরজ্জুদ্বারা বদ্ধ-পাদপদ্ম হইয়া যাঁহার হৃদয় ত্যাগ করিতে পারেন না, তিনিই ভাগবতোত্তম বলিয়া কীর্ত্তিত হন ॥ ৭৪ ॥

টীকা—'সর্ব্বভূতেষু যঃ পশ্যেৎ' ইত্যাদিনা বহুধা ভাগবতস্য লক্ষণমুক্ত্বা ইদানীমুক্ত সমস্তলক্ষণসারমাহ—বিসৃজতীতি; হরিরেব সাক্ষাৎ স্বয়ং যস্য হৃদয়ং ন বিসৃজতি ন মুঞ্চতি; কথম্ভূতঃ? অবশেনাপ্যভিহিতমাত্রোঽপি অঘৌঘং পাপসমূহং সংসারবেগং বা নাশয়তি যঃ সঃ। তৎ কিমিতি ন বিসৃজতি? যতঃ প্রণয়রসনয়া প্রেমশৃঙ্খলয়া ধৃতং হৃদয়ে বদ্ধং অঙ্ঘ্রিপদ্মং যস্য সঃ; স এব ভাগবতপ্রধান উক্তো ভবতি তত্ত্ববিদ্ভিরিতি। প্রধান-শব্দঃ 'কোষে অস্ত্রিয়াম্' ইত্যুক্তঃ; যদ্বা, বৈষ্ণবাগ্র্য ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ; প্রকরণবলাদধ্যাহার্য্যমেব বা। ভাগবতো ভগবদ্ভক্তো ভাগবতাখ্যশাস্ত্রং বা প্রধানং যস্য স ইতি বাহ্যলক্ষণং তস্যেতি ॥ ৭৪ ॥

তত্র মধ্যমা

হবিযোগেশ্বরোক্তাবেব (শ্রীভাঃ ১১।২।৪৬)—
ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু চ।
প্রেমমৈত্রী-কৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ ॥৭৫॥

অনুবাদ—অনন্তর মধ্যম ভক্তের লক্ষণ ঐ যোগেশ্বরের উত্তরে—যিনি শ্রীভগবানে প্রেম, তাঁহার ভক্তগণে মৈত্রী বা সখ্যতা, অজ্ঞ জনগণের প্রতি কৃপা এবং ভগবৎ বিমুখ জনের প্রতি উপেক্ষা প্রদর্শন করেন, ভেদ জ্ঞান থাকায় তিনি মধ্যম ভক্ত বলিয়া পরিগণিত ॥ ৭৫

তত্র কনিষ্ঠা

তত্রৈব (শ্রীভাঃ ১১।২।৪৭)—

অর্চ্চায়ামেব হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে ।
ন তদ্ভক্তেষু চান্যেষু স ভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ ॥৭৬॥

অনুবাদ—অনন্তর কনিষ্ঠ ভক্তের লক্ষণ ঐ স্থানেই কথিত হইয়াছে—শ্রদ্ধাপূর্ব্বক শ্রীহরির পূজক, কিন্তু শ্রীহরিভক্ত বা অন্যের পূজায় বিমুখ এই প্রকার ব্যক্তি ভক্তির প্রথম অধিকারী। ইহাঁরা ক্রমপর্য্যায়ে ভক্তির উত্তম অধিকারী হইবেন, ইহাতে সন্দেহ নাই ॥৭৬॥

শ্রদ্ধয়া পূজনং প্রেম-বোধকং ভক্ত ইত্যপি ।
লক্ষণানি চ যান্যগ্রে ভক্তের্লেখ্যানি তান্যপি ॥ ৭৭ ॥

অনুবাদ—ভক্তব্যক্তির শ্রদ্ধাপূর্ব্বক অর্চ্চনাই প্রেম প্রকাশক। তারপর বন্দনাদি যে সমস্ত ভক্তির লক্ষণ কথিত হইবে, সেই সকল লক্ষণান্বিত হইলেই তাঁহাকে ভগবদ্ভক্ত বলা যাইবে।' ৭৭ ॥

বন্দনাদীনি বিদ্যন্তে যেষু ভাগবতা হি তে ।
এতানি লক্ষণানীত্থং গৌণমুখ্যাদিভেদতঃ ॥ ৭৮ ॥
উহ্যানি লক্ষণান্যেবং বিবেচ্যানি পরাণ্যপি ॥ ৭৯ ॥

অনুবাদ—ব্রতপরতা পর্য্যন্ত এই ভাবে যে সকল মহাভাগবত লক্ষণ ও ভগবদ্ভক্ত লক্ষণ বর্ণিত হইয়াছে, তন্মধ্যে কিছু গৌণ ও কিছু মুখ্য বা প্রধান বলিয়া জানিবে ॥ ৭৮-৭৯ ॥

টীকা—ননু 'সর্ব্বভূতেষু যঃ পশ্যেৎ' ইত্যাদৌ বহুবিধোঽপি ভগবদ্ভক্তঃ, 'এষ ভাগবতোত্তমঃ ইত্যাদিনা শ্রীভাগবতে সামান্যেনৈব সর্ব্ব উক্তঃ, তথাত্রাপি লিখিতঃ, কিন্তু ভগবদ্ভক্তকর্ম্মাদিপরতায়া জ্ঞানাদিপরতায়াশ্চ তথা কথাদিপরতয়া একান্তিতায়াশ্চ পৃথগ্লিখনাৎ তারতম্যপ্রতীতের্ভেদো ভাসত এব, স চ ব্যক্তং ন লিখিতঃ ; কথং বিবেচনীয় ইত্যপেক্ষায়াং লিখতি—এতানীতি। ইত্থম্ অনেন লিখিতপ্রকারেণ, লিখিতানি এতানি ব্রতপরতাদীনি মহাভাগবতলক্ষণান্তানি ভগবদ্ভক্তলক্ষণানি গৌণমুখ্যাদিভেদেন কানি চ গৌণানি কনিষ্ঠানি, কানি চ মুখ্যানি ; আদিশব্দাৎ তত্রৈব কানিচিদ্বহিরঙ্গানি কানিচিচ্ছান্তরঙ্গানীত্যাদিভেদেন উহ্যানি বিবিচ্য বোদ্ধব্যানি। তত্র ব্রতকর্ম্মাদিপরতা গৌণলক্ষণং, জ্ঞানাদিপরতা তত্তদপেক্ষয়া মুখ্যলক্ষণমপি ভক্তের্বহিরঙ্গমেব ; অতএব সা তস্য সাক্ষাদ্ভগবদ্ভক্তলক্ষণাসম্পত্তেস্তত্র তত্র ভক্তিহেতুরিতি লিখিতম্। শ্রবণাদীনি চ মুখ্যলক্ষণান্যন্তরঙ্গান্যেব. একান্তিতা চ পরমমুখ্যা অত্যন্তান্তরঙ্গা চ, তত্র তত্রৈবান্তরগৌণমুখ্যাদীন্যপ্যূহ্যানি। এবং গৌণমুখ্যাদিভেদেন অপরাণি অত্র লিখিতানি বন্দনাদীন্যপি বিবেচ্যানি, বিবিচ্য জ্ঞেয়ানি, তথা তত্তল্লক্ষণানাং তারতম্যাদীনা ভগবদ্ভক্তানামপি তারতম্যং বিবেচনীয়মিতি দিক্ ॥ ৭৮-৭৯ ॥

ঈদৃগ্-লক্ষণবন্তঃ স্যুর্দুর্ল্লভা বহবো জনাঃ ।
দিব্যা হি মণয়ো ব্যক্তং ন বর্ত্তেরন্নিতস্ততঃ ॥ ৮০ ॥

অনুবাদ—এই সকল লক্ষণে লক্ষণান্বিত ব্যক্তি সংখ্যায় খুবই অল্প। কারণ চিন্তামণি প্রভৃতি অমূল্যরত্ন সকল স্থানে পাওয়া যায় না ॥ ৮০ ॥

টীকা—ননু কর্ম্মজ্ঞানাদিপরাঃ সর্ব্বত্র বহবো দৃশ্যন্তে, লিখিতলক্ষণাশ্চ মহাভাগবতা একান্তিনো ন দৃশ্যন্তে, সত্যং তে নিগূঢ়া এবেতি লিখতি—ঈদৃগিতি। তথা চ হরিভক্তিসুধোদয়ে—'সুদুর্ল্লভা ভাগবতা হি লোকে' ইতি। দিব্যা অমূল্যাশ্চিন্তামণ্যাদয়ঃ, ইতস্ততঃ সর্ব্বত্রেত্যর্থঃ ; ব্যক্তমিতি সন্ত্যেব, অন্যথা লোকরক্ষানুপপত্তেঃ। কিন্তু, অলক্ষিতং কুচিৎ কুশ্চিৎ বর্ত্তত ইতি ভাবঃ ॥ ৮০ ॥

অতএবোক্তং মোক্ষধর্ম্মে নারদীয়ে—

জায়মানং হি পুরুষং যং পশ্যেন্মধুসূদনঃ ।
সাত্ত্বিকঃ স তু বিজ্ঞেয়ো ভবেন্মোক্ষার্থ-নিশ্চয়ঃ ॥
ইতি ॥ ৮১ ॥

অনুবাদ—অতএব নারদীয়পুরাণে মোক্ষধর্ম্মে কথিত হইয়াছে – যে জায়মান পুরুষের প্রতি ভগবান শ্রীমধুসূদন দৃষ্টিদান করেন, তিনি সাত্ত্বিক বলিয়া উক্ত হন। মুক্তি ফল ভক্তির জন্য তাঁহার দৃঢ়নিশ্চয়তা হইয়া থাকে ॥ ৮১ ॥

টীকা—স এব মোক্ষার্থে মোক্ষস্য অর্থঃ ফলং ভক্তিস্তস্মিন্নিশ্চিতঃ কৃতনিশ্চয়ো ভবতি ; এবং পরম-দুর্লভত্বমেব সিদ্ধম্ ॥ ৮১ ॥

এবং সংক্ষিপ্য লিখিতাদ্বৈষ্ণবানান্তু লক্ষণাৎ ।
মাহাত্ম্যমপি বিজ্ঞেয়ং লিখ্যতেঽন্যচ্চ তৎ কিয়ৎ ॥৮২

অনুবাদ—এই ভাবে সংক্ষেপে বর্ণিত লক্ষণ দ্বারা বৈষ্ণব-মাহাত্ম্যও প্রকাশ পাইল। এখন সংক্ষেপে অপর কতিপয় বৈষ্ণব-মাহাত্ম্য বর্ণিত হইতেছে ॥৮২॥

টীকা—'সুপ্রিয়ঃ শ্রীপতির্যেষাম্' ইত্যাদিরূপাৎ, তথা 'সদাচাররতা' ইত্যাদিরূপাৎ, 'তিতিক্ষবঃ' ইত্যাদি-রূপাচ্চ, 'মহৎসেবাং দ্বারমাহুর্বিমুক্তেঃ' (শ্রীভা ৫।৫।২) ইত্যাদিরূপাদপি লক্ষণাৎ বিজ্ঞেয়ং স্যাদেব ; তৎ মাহাত্ম্যং অন্যচ্চ কিয়ৎ সংক্ষিপ্তং লিখ্যতে ॥ ৮২ ॥

অথ ভগবদ্ভক্তানাং মাহাত্ম্যম্

সৌপর্ণে শ্রীশক্রোক্তৌ—

কলৌ ভাগবতং নাম যস্য পুংসঃ প্রজায়তে ।
জননী পুত্রিণী তেন পিতৃণান্তু ধুরন্ধরঃ ॥ ৮৩ ॥

অনুবাদ—অতঃপর ভগবদ্ভক্ত-মাহাত্ম্য বিষয়ে গরুড়পুরাণে দেবরাজ কহিতেছেন—কলিকালে ভগবদ্ভক্ত বলিয়া প্রসিদ্ধ হইলে সেই ব্যক্তিদ্বারা জননী পুত্রবতী হন ও সেই পুরুষ পিতৃবর্গের ভারবাহী হন ॥ ৮৩ ॥

টীকা—ভাগবতং নাম—বৈষ্ণব ইতি নাম ; যদ্বা, শ্রীকৃষ্ণদাসেত্যাদিসংজ্ঞাপি ; তথাপি দীক্ষয়ৈব তাদৃশ-নামোৎপত্ত্যা ভগবদ্ভক্তত্বং সিদ্ধমেব ; যদ্বা, নামমাত্রেণ তাদৃশ-মাহাত্ম্যং কিং পুনরাচারাদিনেত্যর্থঃ। এব-মন্যদপ্যূহ্যং ॥ ৮৩ ॥

কলৌ ভাগবতং নাম দুর্লভং নৈব লভ্যতে ।
ব্রহ্মরুদ্রপদোৎকৃষ্টং গুরুণা কথিতং মম ॥ ৮৪ ॥

অনুবাদ—অর্থাৎ এই কলিযুগে ভগবদ্ভক্ত হওয়াই জীবনের লক্ষ্য উচিত। দেবগুরু বৃহস্পতি আমাকে বলিয়াছেন কলিযুগে ভগবদ্ভক্ত এই নাম দুষ্প্রাপ্য ইহা কদাচ সুলভ নহে। এই ভাগবত নাম রুদ্রপাদ অপেক্ষাও উত্তম ॥ ৮৪ ॥

টীকা—গুরুণা শ্রীবৃহস্পতিনা ॥ ৮৪ ॥

যস্য ভাগবতঃ চিহ্নং দৃশ্যতে তু হরির্মুনে ।
গীয়তে চ কলৌ দেবা জ্ঞেয়াস্তে নাস্তি সংশয়ঃ ॥ ৮৫

অনুবাদ—কলিকালে যিনি তপ্তমুদ্রাদি চিহ্ন ধারণ করেন, হে মুনে! যাঁহাদিগের বদনে শ্রীহরিনাম গীত হন, তাঁহারা দেবতুল্য, ইহাতে সন্দেহ নাই ॥৮৫॥

টীকা—চিহ্নং তপ্তমুদ্রাদিলক্ষণং, হরির্গীয়তে চ যৈঃ তে কলৌ দেবা জ্ঞেয়াঃ। কলাবিত্যস্য পূর্ব্বেণ বান্বয়ঃ ॥ ৮৫ ॥

মার্কণ্ডেয়োক্তৌ—

সমীপে তিষ্ঠতে যস্য হ্যন্তকালেঽপি বৈষ্ণবঃ ।
গচ্ছতে পরমং স্থানং যদ্যপি ব্রহ্মহা ভবেৎ ॥ ৮৬ ॥

অনুবাদ—শ্রীমার্কণ্ডেয় বলিয়াছেন—মৃত্যুকালে বৈষ্ণবজন নিকটে থাকিলে ব্রহ্মঘাতী পাপীও পরম-পদ লাভে সমর্থ হয় ॥ ৮৬ ॥

টীকা—গচ্ছতে গচ্ছতি ॥ ৮৬ ॥

নারদীয়ে শ্রীবামদেবরুক্মাঙ্গদ-সংবাদে—

শ্বপচোঽপি মহীপাল বিষ্ণোর্ভক্তো দ্বিজাধিকঃ ।
বিষ্ণুভক্তিবিহীনো যো যতিশ্চ শ্বপচাধিকঃ ॥ ৮৭ ॥

অনুবাদ—শ্রীনারদীয়পুরাণে বামদেবরুক্মাঙ্গদ-সংবাদে বলা হইয়াছে,—হে নরেন্দ্র! শ্বপচ অর্থাৎ চণ্ডাল ব্যক্তিও বৈষ্ণব হইলে দ্বিজ হইতে উত্তম হইয়া থাকেন এবং বিষ্ণুভক্তি রহিত হইলে যতি ব্যক্তিও চণ্ডাল হইতে হীন বলিয়া গণ্য হন ॥ ৮৭ ॥

টীকা—দ্বিজাৎ বিপ্রাদপ্যধিক উত্তমঃ। শ্বপচাদ-প্যধিকঃ পরমনিকৃষ্ট ইত্যর্থঃ। অধম ইত্যেব বা পাঠঃ ॥ ৮৭ ॥

স্কান্দে রেবাখণ্ডে শ্রীব্রহ্মোক্তৌ—

ইন্দ্রো মহেশ্বরো ব্রহ্মা পরং ব্রহ্ম তদৈব হি ।
শ্বপচোঽপি ভবত্যেব যদা তুষ্টোঽসি কেশব ॥ ৮৮ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে রেবাখণ্ডে শ্রীব্রহ্মার উক্তি —হে কেশব। তুমি প্রীত হইলে শ্বপচ জনও ইন্দ্র শিব, ব্রহ্মা ও পরব্রহ্ম-স্বরূপ হয়॥ ৮৮॥

টীকা—যদা তুষ্টোঽসি তদেব শ্বপচোঽপি ইন্দ্রাদি-র্ভবতি। তত্র পরব্রহ্মেতি—মুক্তস্তন্ময়ো বেত্যর্থঃ॥৮৮

শ্বপচাদপি কষ্টত্বং ব্রহ্মেশানাদয়ঃ সুরাঃ।
তদৈবাঽচ্যুত যান্ত্যেতে যদৈব ত্বং পরাঙ্মুখঃ॥৮৯॥
স কর্ত্তা সর্ব্বধর্ম্মাণাং ভক্তো যস্তব কেশব।
স কর্ত্তা সর্ব্বপাপানাং যো ন ভক্তস্তবাচ্যুত॥ ৯০॥
ধর্ম্মো ভবত্যধর্ম্মোঽপি কৃতো ভক্তৈস্তবাচ্যুত।
পাপং ভবতি ধর্ম্মোঽপি তবাভক্তৈঃ কৃতো হরে॥৯১
নিঃশেষধর্ম্মকর্ত্তা বাঽপ্যভক্তো নরকে হরে।
সদা তিষ্ঠতি ভক্তস্তে ব্রহ্মহাপি বিশুধ্যতি॥ ৯২॥
নিশ্চলা ত্বয়ি ভক্তির্যা সৈব মুক্তির্জনার্দ্দন।
মুক্তা এব হি ভক্তাস্তে তব বিষ্ণো যতো হরে॥৯৩॥

অনুবাদ—হে অচ্যুত! তুমি বিমুখ হইলে বিরিঞ্চি, হর প্রভৃতি দেবগণও শ্বপচ অপেক্ষা হীন হন।

হে অচ্যুত! তোমার ভক্তই সর্ব্বধর্ম্ম কর্ত্তা এবং তোমার প্রতি যে ব্যক্তি ভক্তিমান নহে, সেই ব্যক্তিই সর্ব্বপ্রকার পাপে পাপী, ইহাই শাস্ত্রাভি মত।

হে অচ্যুত! হে হরে! তোমার ভক্তগণ কর্ত্তৃক অনুষ্ঠিত অধর্ম্মও ধর্ম্ম বলিয়া গণ্য এবং তোমার অভক্ত কর্ত্তৃক অনুষ্ঠিত ধর্ম্মও অধর্ম্ম বলিয়া গণনীয় হয়।

হে পুরুষোত্তম! হে জনার্দ্দন! তোমাতে ভক্তি-শূন্য ব্যক্তির নরকে বাস হয় এবং তোমাতে ভক্তি-মান মনুষ্য ব্রহ্মঘাতী হইলেও পবিত্র হইয়া থাকে।

তোমার প্রতি যে অচলা ভক্তি, তাহাকেই মুক্তি বলিয়া কীর্ত্তন করা হয় এবং ইহাতে কোনই সন্দেহ নাই যে তোমার ভক্তগণই মুক্ত॥ ৮৯-৯৩॥

টীকা—ন চ্যুতঃ, কথঞ্চিদপি ন ভ্রষ্টো ভবতি ভক্তো যস্মাদিতি তৎসম্বোধনম্—হে অচ্যুতেতি। তথা চোক্তম্—'ন চ্যবন্তেঽপি যদ্ভক্তা মহত্যাং প্রলয়াপদি। অতোঽচ্যুতোঽখিলে লোকে স একঃ' ইত্যাদি; এতচ্চাগ্রে লেখ্যমেব॥ ৯০॥

টীকা—তব ভক্তৈঃ কৃতঃ অধর্ম্মঃ কদাচিত্তীর্থা-দাবধিকপ্রতিগ্রহাদিনা পাপমপি ধর্ম্ম এব ভবতি, ভক্ত্যা ত্বদর্থমেব কৃতত্বাৎ। তবাভক্তৈঃ কৃতো ধর্ম্মো যোগাদিরপি পাপমেব ভবতি, ত্বদনাদরাৎ; তদুক্তম্। 'অরিমিত্রং বিষং পথ্যমধর্ম্মো ধর্ম্মতাং ব্রজেৎ। প্রসন্নে পুণ্ডরীকাক্ষে বিপরীতে বিপর্য্যয়ঃ॥' ইতি॥ ৯১॥

টীকা—নরকে সদা তিষ্ঠতি, অভক্ত্যা ভগবদনাদরেণ নাস্তিকত্বাপত্তেঃ; তথা চোক্তমেকাদশস্কন্ধে (৫।৩)—'য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বরম্। ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ'॥ ইতি ৯২॥

টীকা—দেহান্তে বিমুচ্যত ইতি কিং বক্তব্যং, ত্বয়ি ভক্তিনিষ্ঠয়া তস্মিন্নেব দেহে মুক্ত এবাসাবিত্যা-শয়েনাহ—নিশ্চলেতি জনার্দ্দনে হে জন্মলক্ষণসংসার-নাশক! বিষ্ণো হে অপরিচ্ছিন্ন! হরে হে সংসার-দুঃখহরেতি সম্বোধনত্রয়েণ তব ভক্তৈর্ভক্তানাঞ্চ তাদৃশত্বং যুক্তমেবেতি দোত্যতে॥ ৯৩॥

তত্রৈব দুর্ব্বাসোনারদ-সংবাদে—

নূনং ভাগবতা লোকে লোকরক্ষা-বিশারদাঃ।
ব্রজন্তি বিষ্ণুনাদিষ্টা হৃদিস্থেন মহামুনে॥ ৯৪॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই দুর্ব্বাসা-নারদ-সংবাদে কথিত হইয়াছে—হে মহামুনে! লোকরক্ষা-বিশারদ ভগবদ্ভক্তগণ হৃদয়ে অধিষ্ঠিত শ্রীহরির আদেশানুসারেই এই সংসারে বিচরণ করিয়া থাকেন॥ ৯৪॥

টীকা—ব্রজন্তীত্যাদৌ গচ্ছন্তি ভ্রমন্তীতি বা॥৯৪॥

ভগবানেব সর্ব্বত্র ভূতানাং কৃপয়া হরিঃ।
রক্ষণায় চরঁল্লোকান্ ভক্তরূপেণ নারদ॥ ৯৫॥

অনুবাদ—হে নারদ! জীবগণের রক্ষার নিমিত্ত কৃপাপরবশ হইয়া ভগবান জনার্দ্দনই ভক্তরূপে এই জগৎ-সংসারে পরিভ্রমণ করেন॥ ৯৫॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসংবাদে—

যস্তু বিষ্ণুপরো নিত্যং দৃঢ়ভক্তির্জিতেন্দ্রিয়ঃ।
স্বগৃহেঽপি বসন্ যাতি তদ্বিষ্ণোঃ পরমং পদম্॥৯৬

অশ্বমেধসহস্রাণাং সহস্রং যঃ করোতি বৈ।
নাসৌ তৎফলমাপ্নোতি তদ্ভক্তৈর্যদবাপ্যতে ॥ ৯৭ ॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে—নিত্য দৃঢ়ভক্তিযুক্ত হরিপরায়ণ, জিতেন্দ্রিয় ব্যক্তি নিজের গৃহে থাকিয়াও শ্রীবিষ্ণুর পরমধামে গমন করেন। দশলক্ষ অশ্বমেধযজ্ঞকারীও শ্রীহরিভক্তগণের প্রাপ্য ফল পাইতে পারেন না ॥ ৯৬-৯৭ ॥

তত্রৈবামৃতসারোদ্ধারে শ্রীযম-তদ্ভটসংবাদে—
সর্ব্বত্র বৈষ্ণবাঃ পূজ্যাঃ স্বর্গে মর্ত্তে রসাতলে।
দেবতানাং মনুষ্যাণাং তথৈবোরগরক্ষসাম্ ॥ ৯৮ ॥
যেষাং স্মরণমাত্রেণ পাপ-লক্ষশতানি চ।
দহ্যন্তে নাত্র সন্দেহো বৈষ্ণবানাং মহাত্মনাম্ ॥ ৯৯ ॥

অনুবাদ—ঐ গ্রন্থে অমৃতসারোদ্ধারে শ্রীযম-যমদূত-সংবাদে বলা হইয়াছে—স্বর্গ, মর্ত্ত্য, পাতাল সর্ব্বত্রই শ্রীবৈষ্ণবগণ দেবতা, মনুষ্য, পন্নগ ও রাক্ষসকুলের পূজার যোগ্য। বৈষ্ণব মহাত্মগণের স্মরণমাত্রই শতলক্ষ পাপ বিনষ্ট হয় ইহাতে সন্দেহ নাই। ৯৮-৯৯ ॥

টীকা—নিত্যং বিষ্ণুপরত্বে হেতুঃ—দৃঢ়া নিশ্চলা ভক্তির্যস্যেতি, অতএব জিতেন্দ্রিয়ঃ। যেষাং বৈষ্ণবানাম্, অতএব মহাত্মনাং স্মরণমাত্রেণ ॥ ৯৬-৯৯ ॥

যেষাং পাদরজেনৈব প্রাপ্যতে জাহ্নবীজলম্।
নার্ম্মদং যামুনং চৈব কিং পুনঃ পাদয়োর্জলম্ ॥১০০
যেষাং বাক্যজলৌঘেন বিনা গঙ্গাজলৈরপি।
বিনা তীর্থসহস্রেণ স্নাতো ভবতি মানবঃ ॥ ১০১ ॥

অনুবাদ—যমুনা, জাহ্নবী ও নর্ম্মদা নদীরজল যাঁহাদের চরণরেণুতে পাওয়া যায়, যাঁহাদের উপদেশ কিংবা যাঁহাদের মুখোচ্চারিত শ্রীহরিসংকীর্ত্তনরূপ জলদ্বারা মনুষ্যগণ অসংখ্য অসংখ্য তীর্থ ও গঙ্গাজল ছাড়াই স্নাত হয়, তাঁহাদের পাদোদক মাহাত্ম্য আর কি বলিব? ১০০-১০১ ॥

টীকা—পাদস্য রজেন রজসৈব, নার্ম্মদং যামুনঞ্চ জলং প্রাপ্যতে। 'কিং পুনস্তেষাং পাদয়োর্জলং, তন্মাহিমা কিং পুনর্বক্তব্য ইত্যর্থঃ। অস্য পানসম্ভবেন রজসঃ সকাশান্মাহাত্ম্যাপেক্ষয়া কিং পুনরিতি ন্যায়োক্তিঃ ॥ ১০০ ॥

টীকা—বাক্যমুপদেশরূপং ভগবৎকথাকীর্ত্তনাদিরূপং বা, তদেব জলৌঘঃ পয়ঃপূরঃ, তেনৈব ॥১০১॥

তত্রৈব চাতুর্ম্মাস্যমাহাত্ম্যে—
তাবৎ ভ্রমন্তি সংসারে পিতরঃ পিণ্ডতৎপরাঃ।
যাবৎ কুলে ভক্তিযুক্তঃ সুতো নৈব প্রজায়তে ॥১০২॥
স এব জ্ঞানবাঁল্লোকে যোগিনাং প্রথমো হি সঃ।
মহাক্রতুনামাহর্ত্তা হরিভক্তিযুতো হি যঃ ॥ ১০৩ ॥

অনুবাদ—ঐ স্থানেই চাতুর্ম্মাস্য মাহাত্ম্যে উক্ত হইয়াছে—যে পর্য্যন্ত বংশে ভক্তিমান পুত্রের জন্ম না হয়, তত দিনই পিতৃকুল পিণ্ডলুব্ধ হইয়া সংসারে ভ্রমণ করেন। সংসারে শ্রীহরিভক্তি পুরুষই জ্ঞানী, যোগিবর ও সর্ব্বযজ্ঞের আহর্ত্তা বলিয়া অভিহিত ॥ ১০২-১০৩ ॥

কাশীখণ্ডে ধ্রুবচরিতে—
ন চ্যবন্তে হি যদ্ভক্তা মহত্যাং প্রলয়াপদি।
অতোঽচ্যুতোঽখিলে লোকে স একঃ
সর্ব্বগোঽব্যয়ঃ ॥ ১০৪ ॥
ন তস্মাদ্ভগবদ্ভক্তাৎ ভেতব্যং কেনচিৎ কৃচিৎ।
নিয়তং বিষ্ণুভক্তা যে ন তে স্যুঃ পরতাপিনঃ ॥১০৫

অনুবাদ—কাশীখণ্ডে শ্রীধ্রুব চরিতে কথিত হইয়াছে—মহাপ্রলয়রূপ আপদেও শ্রীহরিভক্তগণের মানসিকতার তারতম্য ঘটে না, এই কারণেই শ্রীহরি অখিল সংসারে অচ্যুত সর্ব্বগামী ও অব্যয় শব্দ দ্বারা কীর্ত্তিত হন। তাই শ্রীহরিভক্ত হইতে কাহারও কোন ভয়ের আশঙ্কা নাই। বিষ্ণুভক্তগণ কদাচ অপরের তাপ উৎপাদন করেন না। ইঁহারা শ্রীভগবানের মতই জীবগণের তাপ হরণ করিয়াই বিচরণ করেন ॥ ১০৪-১০৫ ॥

টীকা—প্রলয়াপদি অপি ॥ ১০৪ ॥

তত্রৈবাগ্রে—
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রো বা যদি বেতরঃ।
বিষ্ণুভক্তিসমাযুক্তো জ্ঞেয়ঃ সর্ব্বোত্তমোত্তমঃ ॥১০৬॥

শঙ্খচক্রাঙ্কিততনুঃ শিরসা মঞ্জরীধরঃ।
গোপীচন্দনলিপ্তাঙ্গো দৃষ্টশ্চেত্তদঘং কুতঃ॥ ১০৭॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই অগ্রে বর্ণিত হইয়াছে—শ্রীহরিভক্ত হইলে ব্রাহ্মণাদি যে কোন জাতিই হউক, সর্ব্বাপেক্ষা তিনি শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তিত হন। শঙ্খচক্রচিহ্নে চিহ্নিত-গাত্র মস্তকে তুলসীমঞ্জরী-ভূষিত ও গোপীচন্দনের দ্বারা লিপ্ত কলেবর মহাত্মাকে দেখিতে পাইলে আর পাতকাশঙ্কা কোথায়? ১০৬-১০৭॥

টীকা—তুলসীমঞ্জরীধরঃ, শিরসেত্যত্র তুলসীতি বা পাঠঃ; তত্তদা॥ ১০৭॥

মহাভারতে রাজধর্ম্মে—
ঈশ্বরং সর্ব্বভূতানাং জগতঃ প্রভবাপ্যয়ম্।
ভক্তা নারায়ণং দেবং দুর্গাণ্যতিতরন্তি তে॥ ১০৮॥

অনুবাদ—মহাভারতে রাজধর্ম্ম-বর্ণন-প্রসঙ্গে—সর্ব্বজীবেশ্বর ও জগদুৎপত্তিলয়কারী শ্রীহরির ভক্তগণ বিবিধ দুস্পার দুঃখ হইতে উত্তীর্ণ হন॥ ১০৮॥

টীকা—যে ভক্তা অভজন্, দুর্গাণি দুস্তরবিবিধ-দুঃখানি॥ ১০৮॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—
শয়নাদুত্থিতো যস্তু কীর্ত্তয়েন্মধুসূদনম্।
কীর্ত্তনাত্তস্য পাপানি নাশমায়াস্ত্যশেষতঃ॥ ১০৯॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে—প্রাতঃকালে নিদ্রাশেষে শ্রীমধুসূদন নাম কীর্ত্তন করিলে পাতকরাশি সম্পূর্ণ-রূপে দূরীভূত হয়॥ ১০৯॥

তত্রৈব—
যস্যাপ্যনন্তে জগতামধীশে
ভক্তিঃ পরা যাদব-দেবদেবে।
তস্মাৎ পরং নাপরমস্তি কিঞ্চিৎ
পাত্রং ত্রিলোকে পুরুষপ্রবীর॥ ১১০॥

অনুবাদ—ঐ বিষ্ণুধর্ম্মোত্তরেই বলা হইয়াছে—হে পুরুষশ্রেষ্ঠ! অনন্ত, জগদীশ্বর, যাদব দেবদেব শ্রীহরির প্রতি যিনি ভক্তিপরায়ণ, তাঁহার থেকে উৎ-কৃষ্ট পাত্র এই স্বর্গ, মর্ত্ত্য, পাতালে কোথাও নাই॥১১০

দ্বারকা-মাহাত্ম্যে শ্রীপ্রহলাদ-বলিসংবাদে—
নিত্যং যে প্রাতরুত্থায় বৈষ্ণবানাস্তু কীর্ত্তনম্।
কুর্ব্বন্তি তে ভাগবতাঃ কৃষ্ণতুল্যাঃ কলৌ বলে॥১১১

অনুবাদ—দ্বারকা-মাহাত্ম্যে—শ্রীপ্রহলাদ-বলি-মাহাত্ম্যে—প্রত্যহ প্রাতঃকালে বিছানা ছাড়িয়া যাঁহারা বৈষ্ণব-নাম কীর্ত্তন করেন, হে বলি মহারাজ! কলি-যুগে তাঁহারাই ভাগবত ও কৃষ্ণ তুল্য॥ ১১১॥

হরিভক্তিসুধোদয়ে—
স্বদর্শন-স্পর্শন-পূজনৈঃ কৃতী
তমাংসি বিষ্ণুপ্রতিমেব বৈষ্ণবঃ।
ধুন্বন্ বসত্যত্র জনস্য যন্ন তৎ
স্বার্থং পরং লোকহিতায় দীপবৎ॥ ১১২॥

অনুবাদ—হরিভক্তিসুধোদয়ে — শ্রীহরিপ্রতিমা-তুল্য পুণ্য চরিত বৈষ্ণব নিজের দর্শন, স্পর্শন ও অর্চ্চনদ্বারা লোকের অজ্ঞানান্ধকার দূর করিবার নিমিত্তই দীপবৎ পরহিতের জন্য এই সংসারে বাস করেন, নিজের জন্য নহে॥ ১১২॥

টীকা—বিষ্ণুপ্রতিমেব স্বদর্শনাদিভির্জনস্য সর্ব্ব-লোকস্য তমাংসি পাপানি অজ্ঞানানি বা ধুন্বন্ নাশয়ন্; অত্র লোকে বৈষ্ণবো যদ্বসতি, তৎস্বার্থং ন, কিন্তু পরং কেবলং লোকহিতায়ৈব। অত্র দৃষ্টান্তঃ—যথা দীপ ইতি॥ ১১২॥

ইতিহাসসমুচ্চয়ে শ্রীলোমশবাক্যে—
যে ভজন্তি জগদ্যোনিং বাসুদেবং সনাতনম্।
ন তেভ্যো বিদ্যতে তীর্থমধিকং রাজসত্তম॥ ১১৩॥

অনুবাদ—ইতিহাসসমুচ্চয়ে শ্রীলোমশ মুনির কথায়—জগৎকারণ সনাতন বাসুদেবকে যাঁহারা আরাধনা করেন, হে নৃপবর! তাঁহারাই শ্রেষ্ঠতীর্থ স্বরূপ, তদপেক্ষা শ্রেষ্ঠতীর্থ আর হয় না॥ ১১৩॥

টীকা—ততোঽধিকং শ্রেষ্ঠম্॥ ১১৩॥

যত্র ভাগবতাঃ স্নানং কুর্ব্বন্তি বিমলাশয়াঃ ।
তত্তীর্থমধিকং বিদ্ধি সর্ব্বপাপবিশোধনম্ ॥ ১১৪ ॥
যত্র রাগাদিরহিতা বাসুদেবপরায়ণাঃ ।
তত্র সন্নিহিতো বিষ্ণুর্নৃপতে নাত্র সংশয়ঃ ॥ ১১৫ ॥

অনুবাদ—হে নৃপ! শুদ্ধমতি ভগবদ্ভক্তগণ যেখানে অবগাহন করেন, সেই স্থান সর্ব্বপাপবিনাশক তীর্থশ্রেষ্ঠ বলিয়া জানিবে। রাগাদিরহিত শ্রীহরি-পরায়ণ বৈষ্ণবগণকর্ত্তৃক অধিকৃত স্থানে শ্রীহরি সর্ব্বদাই অবস্থান করেন, ইহাতে সংশয় নাই ॥১১৪-১১৫॥

টীকা—অধিকং সর্ব্বতঃ শ্রেষ্ঠং বিদ্ধি ; কুতঃ ? সর্ব্বেষামেব পাপানাং বিশেষেণ বাসনোন্মূলনেন শোধনম্ ॥ ১১৪ ॥

ন গন্ধৈর্ন তথা তোয়ৈর্ন পুষ্পৈশ্চ মনোহরৈঃ ।
সান্নিধ্যং কুরুতে দেবো যত্র সন্তি ন বৈষ্ণবাঃ ॥১১৬
বলিভিশ্চোপবাসৈশ্চ নৃত্যগীতাদিভিস্তথা ।
নিত্যমারাধ্যমানোঽপি তত্র বিষ্ণুর্ন তৃপ্যতি ॥ ১১৭ ॥

অনুবাদ—যে স্থানে বৈষ্ণবগণ বিরাজিত নহেন, সেই স্থানে গন্ধ, জল ও মনোহর কুসুমদ্বারা পূজিত হইলেও শ্রীহরি সেখানে বাস করেন না। বৈষ্ণবগণ-কর্ত্তৃক অনধিষ্ঠিত স্থানে উপহার, অনশন ও নৃত্য-গীতাদি দ্বারা আরাধ্যমান হইলেও শ্রীহরি প্রীতিলাভ করেন না ॥ ১১৬-১১৭ ॥

টীকা—বলিভিঃ উপহারৈঃ, যত্র বৈষ্ণবা ন সন্তি, তত্র ন তৃপ্যতি, ন তুষ্যতি ॥ ১১৭ ॥

তস্মাদেতে মহাভাগা বৈষ্ণবা বীতকল্মষাঃ ।
পুনন্তি সকলাঁল্লোকাংস্তত্তীর্থমধিকং ততঃ ॥ ১১৮ ॥

অনুবাদ—এই কারণেই এই সমস্ত নিষ্পাপ মহা-ভাগ বৈষ্ণবগণ নিখিললোক পবিত্র করেন। অতএব তাঁহারা তীর্থ হইতেও অধিক ॥ ১১৮ ॥

টীকা—তস্মাদেত এব লোকান্ পুনন্তি, ততস্তস্মাদ্ধেতোঃ। তদিত্যব্যয়ং ত ইত্যর্থঃ ; যদ্বা, তীর্থ-বিশেষণত্বান্নপুংসকত্বং, বৈষ্ণবা এব পরমং তীর্থ-মিত্যর্থঃ ॥ ১১৮ ॥

শূদ্রং বা ভগবদ্ভক্তং নিষাদং শ্বপচং তথা ।
বীক্ষতে জাতিসামান্যাৎ স যাতি নরকং ধ্রুবম্ ॥১১৯

অনুবাদ—শূদ্র, চণ্ডাল বা শ্বপচ যাহাই হউন না কেন, বৈষ্ণব ব্যক্তিকে যে সামান্য জাতিগত দৃষ্টিতে হীন ভাবে, সে নরকগামী হয়, ইহাতে সন্দেহ নাই ॥ ১১৯ ॥

টীকা—জাতিসামান্যাৎ নীচজাতিরয়মিতি ; যদ্বা, যথান্যঃ শূদ্রস্তথায়মপীত্যাদিপ্রকারেণ সমানজাতিতয়া যো বীক্ষতে ॥ ১১৯ ॥

তস্মাদ্বিষ্ণুপ্রসাদায় বৈষ্ণবান্ পরিতোষয়েৎ ।
প্রসাদসুমুখো বিষ্ণুস্তেনৈব স্যান্ন সংশয়ঃ ॥ ১২০ ॥

অনুবাদ—এই কারণে শ্রীহরির প্রীতি সাধনের নিমিত্ত বৈষ্ণবগণের সন্তোষ বিধান করিবে। বৈষ্ণব-গণের প্রসন্নতা হইলেই শ্রীহরি প্রসন্ন হইবেন, ইহাতে সংশয় নাই ॥ ১২০ ॥

টীকা—তেন বৈষ্ণবপরিতোষণেনৈব ॥ ১২০ ॥

তত্রৈব শ্রীনারদপুণ্ডরীক-সংবাদে—

যে নৃশংসা দুরাত্মানঃ পাপাচাররতাঃ সদাঃ ।
তেঽপি যান্তি পরং ধাম নারায়ণপরাশ্রয়াঃ ॥ ১২১ ॥
লিপ্যন্তে ন চ পাপেন বৈষ্ণবা বিষ্ণুতৎপরাঃ ।
পুনন্তি সকলাঁল্লোকান্ সহস্রাংশুরিবোদিতঃ ॥১২২॥

অনুবাদ—ঐ ইতিহাসসমুচ্চয় গ্রন্থেই শ্রীনারদ-পুণ্ডরীক-সংবাদে কথিত হইয়াছে যে—নারায়ণ পরায়ণ ব্যক্তিগণের আশ্রিত হইলে নিষ্ঠুর, দুরাত্মা ও সর্ব্বদা পাপাচারীগণেরও পরমধাম বৈকুণ্ঠে স্থান লাভ হয়। যাঁহারা বিষ্ণুপরায়ণ, সেই প্রকার বৈষ্ণবগণ কখনও পাপাচারে লিপ্ত হন না, তাঁহারা দিবাকর তুল্য উদিত হইয়া সমস্ত জগৎ পবিত্র করেন ॥১২১-১২২॥

টীকা—নারায়ণ এব পরঃ পরম আশ্রয়ো যেষাং তে ; যদ্বা, নারায়ণপরা বৈষ্ণবাস্তদাশ্রয়া অপি সন্তঃ ॥ ১২১ ॥

জন্মান্তরসহস্রেষু যস্য স্যাদ্বুদ্ধিরীদৃশী ।
দাসোঽহং বাসুদেবস্য সর্ব্বাঁল্লোকান্ সমুদ্ধরেৎ ॥১২৩

স যাতি বিষ্ণুসালোক্যং পুরুষো নাত্র সংশয়ঃ।
কিং পুনস্তদ্গতপ্রাণাঃ পুরুষাঃ সংযতেন্দ্রিয়াঃ॥১২৪

অনুবাদ—হাজার হাজার জন্মের পর 'আমি বাসুদেবের দাস', যাঁহার এই প্রকার মতি হয়, তিনি জগৎ সংসার উদ্ধারে সমর্থন হন এবং অবশ্যই হরিলোক প্রাপ্ত হন। হরিগত প্রাণ, সংযতেন্দ্রিয় পুরুষের কথা আর কি বলিব? ১২৩-১২৪॥

কিঞ্চ—

স্মৃতঃ সম্ভাষিতো বাপি পূজিতো বা দ্বিজোত্তমাঃ।
পুনাতি ভগবদ্ভক্তাশ্চাণ্ডালোঽপি যদৃচ্ছয়াঃ॥ ১২৫॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—হে বিপ্রেন্দ্রগণ! ভগবদ্ভক্ত যদি চণ্ডাল হন, তবুও তাঁহাকে স্মরণ, তাঁহার সঙ্গে বার্ত্তালাপ ও তাঁহার পূজা করিলে তাঁহার ইচ্ছামাত্রেই পবিত্রতা লাভ হয়॥ ১২৫॥

টীকা—যদৃচ্ছয়া যথাকথঞ্চিদপীত্যর্থঃ, অস্য স্মৃতঃ ইত্যাদিনান্বয়ঃ॥ ১২৫॥

শ্রীব্যাসবাক্যে—

জন্মান্তরসহস্রেষু বিষ্ণুভক্তো ন লিপ্যতে।
যস্য সন্দর্শনাদেব ভস্মীভবতি পাতকম্॥ ১২৬॥

অনুবাদ—শ্রীব্যাসদেব বলিয়াছেন যে—বিষ্ণুভক্তের দর্শনমাত্রেই পাতক ভস্মীভূত হয়। ভক্তব্যক্তি জন্মসহস্রের মধ্যেও কখনও প্রমাদ বশতঃ কোন পাপানুষ্ঠান করিলেও তাহাতে লিপ্ত হন না॥ ১২৬॥

টীকা—ন লিপ্যতে প্রমাদাদিনা কথঞ্চিৎ কৃতৈরপি পাপৈঃ, অন্যেষামপি পাতকং সর্ব্বং ভস্মীভবতি সমূলং বিনশ্যতি॥ ১২৬॥

ইতিহাসসমুচ্চয়ে শ্রীভগবদ্বাক্যে—

ন মে প্রিয়শ্চতুর্ব্বেদী মদ্ভক্তঃ শ্বপচঃ প্রিয়ঃ।
তস্মৈ দেয়ং ততো গ্রাহ্যঃ স চ পূজ্যো
যথা হ্যহম্॥ ১২৭॥

অনুবাদ—ইতিহাসসমুচ্চয়ে শ্রীভগবান বলিতেছেন—আমাতে ভক্তিপরায়ণ না হইলে চতুর্ব্বেদ অভ্যাসসম্পন্ন ব্যক্তিও আমার প্রিয় হন না। আমার প্রতি ভক্তিপরায়ণ শ্বপচও আমার প্রিয়। সেই প্রকার ভক্তিমান শ্বপচকেই দান করিবে, তাঁহার নিকট হইতে গ্রহণ করিবে। সেই শ্বপচ আমার মতই পূজার পাত্র॥ ১২৭॥

টীকা—চতুর্ব্বেদী বেদচতুষ্টয়াভ্যাসযুক্তোঽপি বিপ্রো ন মদ্ভক্তশ্চেৎ তর্হি ন মে প্রিয়ঃ; শ্বপচোঽপি মদ্ভক্তশ্চেন্মম প্রিয় ইত্যর্থঃ, তস্মৈ তাদৃশশ্বপচায়ৈব॥ ১২৭॥

তত্রৈব ব্রহ্মবাক্যে—

সভর্ত্তৃকা বা বিধবা বিষ্ণুভক্তিং করোতি যা।
সমুদ্ধরতি চাত্মানং কুলমেকোত্তরং শতম্॥ ১২৮॥

অনুবাদ—ঐ গ্রন্থেই শ্রীব্রহ্মার উক্তিতে—সধবা বা বিধবা যাহাই হউন, বিষ্ণুভক্তিপরায়ণা হইলে একাধিক শতকুল পরিত্রাণ করিতে পারেন॥ ১২৮॥

দ্বারকামাহাত্ম্যে প্রহলাদবলি-সংবাদে—

সংকীর্ণযোনয়ঃ পূতা যে ভক্তা মধুসূদনে।
ম্লেচ্ছতুল্যাঃ কুলীনাস্তে যে ন ভক্তা জনার্দ্দনে॥১২৯

অনুবাদ—দ্বারকা-মাহাত্ম্যে প্রহলাদ-বলি-সংবাদে কথিত আছে—নীচ জাতিও ভগবান মধুসূদনের ভক্ত হইলে পরমপবিত্র হন, আর হরিভক্তিবিহীন কুলীনব্যক্তিও ম্লেচ্ছতুল্য হইয়া থাকে॥ ১২৯॥

আদিপুরাণে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে—

বৈষ্ণবান্ ভজ কৌন্তেয় মা ভজস্বান্যদেবতাঃ।
পুনন্তি বৈষ্ণবাঃ সর্ব্বে সর্ব্বদেবমিদং জগৎ।
মদ্ভক্তো দুর্ল্লভো যস্য স এব মম দুর্ল্লভঃ॥ ১৩০॥
তৎপরো দুর্ল্লভো নাস্তি সত্যং সত্যং ধনঞ্জয়।
জগতাং গুরবো ভক্তা ভক্তানাং গুরবো বয়ম্॥১৩১
সর্ব্বত্র গুরবো ভক্তা বয়ঞ্চ গুরবো যথা।
অস্মাকং বান্ধবা ভক্তা ভক্তানাং বান্ধবা বয়ম্।
অস্মাকং গুরবো ভক্তা ভক্তানাং গুরবো বয়ম্।
মদ্ভক্তা যত্র গচ্ছন্তি তত্র গচ্ছামি পার্থিব।
ভক্তানামনুগচ্ছন্তি মুক্তয়ঃ শ্রুতিভিঃ সহ॥ ১৩২॥

অনুবাদ—আদিপুরাণে শ্রীকৃষ্ণ-অর্জ্জুন-সংবাদে শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে কহিতেছেন হে পার্থ! দেবতান্তরের উপাসনায় কি প্রয়োজন? তুমি বৈষ্ণবগণের উপাসনা কর। বৈষ্ণবগণ নিখিল দেবগণের সহিত এই জগৎ পবিত্র করিয়া থাকেন। আমার ভক্ত যাঁহার নিকট দুর্ল্লভ, আমিও তাঁহার সুলভ নহি। আমার ভক্ত যাঁহার প্রিয় সেই ব্যক্তি আমারও প্রিয়। হে ধনঞ্জয়! আমি ত্রিসত্য করিয়া বলিতেছি, ভক্ত অপেক্ষা আমার প্রিয় আর নাই। ভক্তগণ জগৎ সংসারের গুরু এবং আমি ভক্তগণের গুরু। যে প্রকার আমি সকলের গুরু আমার ভক্তগণও সেইরূপ। ভক্তগণ আমার বান্ধব, ভক্তগণের আমি বান্ধব, ভক্তগণ আমার গুরু এবং আমিও ভক্তগণের গুরু। ভক্তগণ যে স্থানে গমন করেন, হে অর্জ্জুন! আমিও সেই স্থানে গমন করি। মুক্তিগণ শ্রুতিগণের সহিত ভক্তবৃন্দের অনুসরণ করেন ॥ ১৩০-১৩২ ॥

টীকা—কুলং কুলানি চ, দুর্ল্লভো বল্লভঃ ॥ ১২৮-১৩০ ॥

যে মে ভক্তজনাঃ পার্থ ন মে ভক্তাশ্চ তে জনাঃ।
মদ্ভক্তানাঞ্চ যে ভক্তাস্তে মে ভক্ততমা মতাঃ ॥১৩৩
যে কেচিৎ প্রাণিনো ভক্তা মদর্থে ত্যক্তবান্ধবাঃ।
তেষামহং পরিক্রীতো নান্যক্রীতো ধনঞ্জয় ॥ ১৩৪ ॥

অনুবাদ—যাঁহারা আমার ভক্ত, হে কৌন্তেয়! তাঁহারা প্রকৃত ভক্ত বলিয়া গণ্য নহেন, পরন্তু আমার ভক্তগণের ভক্তবৃন্দই আমার সর্ব্বশ্রেষ্ঠ ভক্ত বলিয়া গণ্য হয়েন। যাঁহারা আমাতে ভক্তিমান হইয়া আমাকে প্রাপ্ত হওয়ার জন্য বন্ধুবান্ধবগণকে পরিত্যাগ করিয়াছেন, সেই সকল ভক্তের নিকট আমি নিজেকে বিক্রয় করিয়া দিয়াছি। ভক্তগণ ব্যতীত আর কেহ আমাকে ক্রয় করিতে পারে না ॥ ১৩৩-১৩৪ ॥

টীকা—তেষামহং পরিক্রীতস্তৈঃ পরিক্রীতঃ ॥ ১৩৪ ॥

এষাং ভক্ষ্যং সুনির্ণীতং শ্রূয়তাং নিশ্চিতং মম।
উচ্ছিষ্টমবশিষ্টঞ্চ ভক্তানাং ভোজনদ্বয়ম্ ॥ ১৩৫ ॥
নামযুক্তজনাঃ কেচিজ্জাত্যান্তরসমন্বিতাঃ।
কুর্ব্বন্তি মে যথা প্রীতিং ন তথা বেদপারগাঃ ॥১৩৬॥

অনুবাদ—এক্ষণে ভক্তগণের ভক্ষ্য বিষয়ে যাহা নির্দ্ধারিত হইয়াছে, হে কুন্তীপুত্র! তাহা বলিতেছি শ্রবণ কর—ভক্তদিগের দুই প্রকার ভোজন—উচ্ছিষ্ট ও অবশিষ্ট। যাহা শ্রীভগবানে নিবেদিত হয় তাহাই উচ্ছিষ্ট দ্রব্য, আর অগ্রভাগ দেওয়ার পর পাকপাত্রে যাহা থাকে তাহাই অবশিষ্ট। অন্য জাতি, নীচ ব্যক্তি যদি আমার নামপরায়ণ হন, তাহা হইলে তাহাতে আমি যে প্রকার প্রীতিলাভ করি, বেদবিচক্ষণ বিপ্রের বেদপাঠেও সেরূপ প্রীতিলাভ করি না ॥ ১৩৫-১৩৬ ॥

টীকা—সুনির্ণীতং নিশ্চিতমিতি—বাক্যভেদাদপৌনরুক্ত্যম্; অবশিষ্টং পুরস্তাদানীতং পাকপাত্রাদৌ স্থিতম্ ॥ ১৩৫ ॥

বৃহন্নারদীয়ে মার্কণ্ডেয়ং প্রতি শ্রীভগবদুক্তৌ—
বিষ্ণুভক্তকুটুম্বীতি বদন্তি বিবুধাঃ সদা।
তদেব পালয়িষ্যামি মজ্জনো নানৃতং বদেৎ ॥১৩৭॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে শ্রীভগবান ঋষি মার্কণ্ডেয়কে বলিতেছেন—বিষ্ণুভক্তজন কুটুম্বী, দেবগণ এইরূপ বলেন, যেহেতু আমার ভক্তগণ মিথ্যাবাদী নহেন, সেই হেতু আমি তাঁহাদের এই বাক্য সত্য করিব ॥ ১৩৭ ॥

টীকা—ভক্ত এব কুটুম্বং তদ্বানিতি; যদ্বা, ভক্তৈঃ কৃত্বা কুটুম্বীতি, তদেব পালয়িষ্যামীতি যথা—স্বকুটুম্বমকৃত্যেনাপি পরিপাল্যতে, তথা নিজভক্তো ময়া পরিপাল্য ইত্যর্থঃ ॥ ১৩৭ ॥

মম জন্ম কুলে যস্য তৎকুলং মোক্ষগামি বৈ।
ময়ি তুষ্টে মুনিশ্রেষ্ঠ কিমসাধ্যং বদস্ব মে ॥ ১৩৮ ॥

অনুবাদ—হে ঋষিবর! আমি যে বংশে অবতীর্ণ হই, সেই বংশ মোক্ষভাগী হয়। আমি প্রীত হইলে কোন কিছুই সাধ্যাতীত থাকে না, ইহা জানিবে ॥ ১৩৮ ॥

টীকা— যস্য কুলে মজ্জন্ম তস্য কুলং, যস্যেত্যত্র যস্মিন্নিতি বা পাঠঃ ॥ ১৩৮ ॥

ময়ি ভক্তিপরো যস্তু মদ্‌যাজী মৎকথাপরঃ।
মদ্ধ্যানী স্বকুলং সর্ব্বং নয়ত্যচ্যুতরূপতাম্ ॥ ১৩৯ ॥
মদর্থং কর্ম্ম কুর্ব্বাণো মৎপ্রণামপরো নরঃ।
মন্মনাঃ স্বকুলং সর্ব্বং নয়ত্যচ্যুতরূপতাম্ ॥ ১৪০ ॥

অনুবাদ—আমার পূজক আমাতে ভক্তিমান, আমার কথায় শ্রদ্ধাবান্, আমার ধ্যানকারী, আমার কর্ম্মকারী, আমাতে প্রণতি ও আমার মননশীল ব্যক্তি নিজের বংশের সকলকে ভগবৎস্বারূপ্য দিয়া থাকেন ॥ ১৩৯-১৪০ ॥

টীকা—অচ্যুতরূপতাং মৎসারূপ্যমিত্যর্থঃ ; যদ্বা, ন চ্যুতং, কথঞ্চিৎ কদাচিদপি ন নিজস্বভাবাদ্‌ভ্রষ্টং রূপং যেষাং বৈকুণ্ঠবাসিনাং তদ্ভাবমিত্যর্থঃ ॥ ১৪০ ॥

অহমেব দ্বিজশ্রেষ্ঠা নিত্যং প্রচ্ছন্নবিগ্রহঃ।
ভগবদ্ভক্তরূপেণ লোকান্ রক্ষামি সর্ব্বদা ॥ ১৪১ ॥

অনুবাদ—প্রচ্ছন্নদেহে আমি আমার ভক্তরূপে সকল জগৎ-সংসার সর্ব্বদা রক্ষা করি, হে মুনিবর ! ইহা জানিও ॥ ১৪১ ॥

টীকা—ভগবদ্ভক্তা মদ্ভক্তাঃ, যদ্বা, ভগবন্ত ঐশ্বর্য্যাদিগুণযুক্তাঃ ; যদ্বা, পরমগৌরবেণ ভগবচ্ছব্দ-প্রয়োগঃ। ভগবন্তঃ যে মদ্ভক্তাস্তদ্রূপেণ ॥ ১৪১ ॥

তত্রৈবাদিতিমাহাত্ম্যে শ্রীসূতোক্তৌ—
বিপ্রাঃ শৃণুধ্বং মাহাত্ম্যং হরিভক্তিরতাত্মনাম্।
হরিধ্যানপরাণাস্তু কঃ সমর্থঃ প্রবাধিতুম্ ॥ ১৪২ ॥
হরিভক্তিপরো যত্র তত্র ব্রহ্মা হরিঃ শিবঃ।
তত্র দেবাশ্চ সিদ্ধাদ্যা নিত্যং তিষ্ঠন্তি সত্তমাঃ ॥১৪৩

অনুবাদ—ঐ বৃহন্নারদীয় পুরাণেই অদিতি মাহাত্ম্যে শ্রীসূত মহারাজের কথায়—হে ব্রাহ্মণগণ! শ্রীহরিভক্তগণের মাহাত্ম্য শ্রবণ কর, হরিধ্যান পরায়ণগণের কোন প্রকার পাতকাদির সঞ্চার যদি হয় ও তাঁহাতে তাঁহার কোন ব্যাঘাত হয় না। ব্রহ্মা, বিষ্ণু, মহাদেব, দেবগণ, সিদ্ধগণ হরিভক্ত-কর্তৃক অধিষ্ঠিত স্থানে সর্ব্বদা অবস্থান করেন ॥ ১৪২-১৪৩

টীকা—প্রবাধিতুং কথঞ্চিৎ পাপাদৌ জাতেঽপি কাঞ্চিদপি বাধাং বিঘ্নং বা কর্ত্তুম্ ॥ ১৪২ ॥

টীকা—দেবাঃ ইন্দ্রাদ্যাঃ, হে সত্তমাঃ। যদ্বা, সিদ্ধাদ্যাঃ সত্তমাঃ পরমসাধবঃ ; যদ্বা, সত্তমাঃ শ্রীনারদাদয়শ্চ তত্রৈব নিত্যং তিষ্ঠন্তি ॥ ১৪৩ ॥

নিমিষং নিমিষার্দ্ধং বা যত্র তিষ্ঠন্তি সত্তমাঃ।
তত্রৈব সর্ব্বশ্রেয়াংসি তত্তীর্থং তত্তপোবনম্ ॥ ১৪৪ ॥

অনুবাদ—নিমেষ বা নিমেষার্দ্ধকাল বিষ্ণুভক্তগণ যেখানে অবস্থান করেন, সেই স্থান নিখিল মঙ্গলের আশ্রয়, তীর্থ ও তপোবন স্বরূপ বলিয়া কীর্ত্তিত ॥ ১৪৪ ॥

টীকা—সত্তমা হরিভক্তা যত্র ॥ ১৪৪ ॥

তত্রৈবাদিতিং প্রতি শ্রীভগবদুত্তরে—
রাগদ্বেষবিহীনা যে মৎভক্তা মৎপরায়ণাঃ।
বদন্তি সততং তে মাং গতাসূয়া অদাম্ভিকাঃ ॥১৪৫॥

অনুবাদ—ঐ গ্রন্থেই অদিতির প্রতি শ্রীভগবানের বাক্যে বর্ণিত হইয়াছে—রাগদ্বেষাদিবর্জ্জিত মৎপরায়ণ ভক্তগণ সর্ব্বদা দম্ভ ও অসূয়া ত্যাগ করিয়া আমার রূপ-গুণাদি কীর্ত্তন করিয়া থাকেন ॥ ১৪৫ ॥

পরাপকারবিমুখা মদ্ভক্তার্চ্চনতৎপরাঃ।
মৎকথাশ্রবণাসক্তা বহন্তি সততং হি মাম্ ॥ ১৪৬ ॥

অনুবাদ—আমার ভক্তগণের পূজায় যাঁহারা সর্ব্বদা নিযুক্ত থাকেন, কখনও অপরের ক্ষতি করেন না, আর আমার কথা শ্রবণে অনুরাগ প্রকাশ করেন তাঁহারাই সর্ব্বদা আমাকে বহন করেন ॥ ১৪৬ ॥

তত্রৈব ধ্বজারোপণমাহাত্ম্যে শ্রীবিষ্ণুদূতোক্তৌ—
যতীনাং বিষ্ণুভক্তানাং পরিচর্য্যাপরায়ণৈঃ।
ঈক্ষিতা অপি গচ্ছন্তি পাপিনোঽপি পরাং গতিম্ ॥১৪৭

অনুবাদ—ধ্বজারোপণ-মাহাত্ম্য শ্রীবিষ্ণুদূতবাক্য অনুযায়ী—হরিভক্ত ও সন্ন্যাসীগণের যাঁহারা সেবা করেন, তাঁহারা যাঁহাদের প্রতি দৃষ্টিপাত করেন, পাতকী হইলেও তাঁহাদের পরমাগতি লাভ হয় ॥১৪৭

টীকা—অপিশব্দস্য সর্ব্বাত্রানুসঙ্গঃ। যতীনামপি বিষ্ণুভক্তানাং পরিচর্য্যাপরায়ণেরপি ॥ ১৪৭ ॥

———

তত্রৈব শ্রীভগবত্তোষপ্রকারপ্রশ্নোত্তরে—

রিপবস্তং ন হিংসন্তি ন বাধন্তে গ্রহাশ্চ তম্।
রাক্ষসাশ্চ ন খাদন্তি নরং বিষ্ণুপরায়ণম্ ॥ ১৪৮ ॥

অনুবাদ—ঐ গ্রন্থেই—শ্রীভগবত্তোষপ্রকার প্রশ্নের উত্তরে—দুষ্ট লোকেরা বিষ্ণুভক্তগণকে হিংসা করিতে পারে না, গ্রহগণ দুঃখ দিতে পারে না, রাক্ষসেরাও গিলিয়া ফেলিতে পারে না ॥ ১৪৮ ॥

টীকা—ন হিংসন্তি, হিংসাং কর্ত্তুং ন শক্নুবন্তী-ত্যর্থঃ; যদ্বা, কুলক্রমাগতবৈরবন্তোঽপি ন দ্বিষন্তি, পরমপ্রীতিবিষয়ত্বাৎ। এবমগ্রেঽপ্যূহ্যম্ ॥ ১৪৮ ॥

———

ভক্তির্দৃঢ়া ভবেদ্যস্য দেবদেবে জনার্দ্দনে।
শ্রেয়াংসি তস্য সিধ্যন্তি ভক্তিমন্তোঽধিকাস্ততঃ ॥১৪৯

তত্রৈবাগ্রে—

অদ্যাপি চ মুনিশ্রেষ্ঠা ব্রহ্মাদ্যা অপি দেবতাঃ।
প্রভাবং ন বিজানন্তি বিষ্ণুভক্তিরতাত্মনাম্ ॥ ১৫০ ॥

অনুবাদ—দেবদেব শ্রীজনার্দ্দনে অচলা ভক্তি থাকিলে নিখিল কল্যাণ লাভ হয়, কারণ ভক্তিপরায়ণ ব্যক্তিগণই শ্রেষ্ঠ। হে মুনিশ্রেষ্ঠগণ! ব্রহ্মাদি দেবগণও আজ পর্যন্ত শ্রীহরিভক্তগণের মাহাত্ম্য সম্যক্ অবগত নহেন ॥ ১৪৯-১৫০ ॥

———

কিঞ্চ—

ধর্ম্মার্থকামমোক্ষাখ্যাঃ পুরুষার্থা দ্বিজোত্তমাঃ।
হরিভক্তিপরাণাং বৈ সম্পদ্যন্তে ন সংশয়ঃ ॥ ১৫১ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—যে, বিষ্ণুভক্তগণই ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ এই চতুর্ব্বিধ পুরুষার্থ লাভ করেন, ইহাতে সন্দেহ নাই ॥ ১৫১ ॥

টীকা—হে দ্বিজোত্তমাঃ ॥ ১৫১ ॥

———

তত্রৈব লুব্ধকোপাখ্যানস্যাদৌ—

যে বিষ্ণুনিরতাঃ শান্তা লোকানুগ্রহতৎপরাঃ।
সর্ব্বভূতদয়াযুক্তা বিষ্ণুরূপাঃ প্রকীর্ত্তিতাঃ ॥ ১৫২ ॥
বিষ্ণুভক্তিবিহীনা যে চাণ্ডালাঃ পরিকীর্ত্তিতাঃ।
চাণ্ডালা অপি বৈ শ্রেষ্ঠা হরিভক্তিপরায়ণাঃ ॥১৫৩॥

অনুবাদ—ঐ পুরাণেই লুব্ধকোপাখ্যানের প্রথমাংশে উক্ত আছে—শ্রীবিষ্ণুতে অনুরাগী, শান্ত, পরোপকারী ও সর্ব্বজীবে দয়াবান ব্যক্তিগণই হরিস্বরূপ বলিয়া পরিকীর্ত্তিত। শ্রীহরিভক্তিবর্জ্জিত ব্যক্তিগণকে চণ্ডাল বলা হয়, আর হরিভক্তি নিষ্ঠ হইলে চণ্ডালও শ্রেষ্ঠ বলিয়া গণ্য হন। অর্থাৎ বৈষ্ণবত্বে গুরুত্ব জাতিত্ব এখানে একান্তই গৌণ ॥ ১৫২-১৫৩ ॥

টীকা—বিষ্ণুনিরতা ইত্যস্য লক্ষণানি—শান্তা ইত্যাদিবিশেষণানি ত্রীণি। তত্রানুগ্রহ-শব্দেনোপকারঃ, দয়া-শব্দেন তৎকারণং স্নেহো জ্ঞেয়ঃ; যদ্বা, লোকানুগ্রহঃ লোককর্ত্তৃকস্ববিষয়কোঽনুগ্রহস্তৎপরাস্তদেকাপেক্ষকা ইত্যর্থঃ। সর্ব্বভূতেষু দয়াযুক্তাশ্চ, বিষ্ণুরূপা বিষ্ণুতুল্যা ইত্যর্থঃ ॥ ১৫২ ॥

———

তত্রৈব যজ্ঞধ্বজোপাখ্যানস্যাদৌ শ্রীসূতবাক্যম্—

হরিভক্তিরসাস্বাদমুদিতা যে নরোত্তমাঃ।
নমস্করোম্যহং তেষাং তৎসঙ্গী মুক্তিভাগ্ যতঃ ॥১৫৪
হরিভক্তিপরা যে চ হরিনামপরায়ণাঃ।
দুর্ব্বৃত্তা বা সুবৃত্তা বা তেষাং নিত্যং নমো নমঃ ॥১৫৫
অহো ভাগ্যমহো ভাগ্যং বিষ্ণুভক্তিরতাত্মনাম্।
যস্মান্মুক্তিঃ করস্থৈব যোগিনামপি দুর্ল্লভা ॥১৫৬॥

অনুবাদ—ঐ স্থানেই যজ্ঞধ্বজোপাখ্যানের আদিতে শ্রীসূতবাক্যে—শ্রীবিষ্ণু ভক্তিরূপ রসের আস্বাদনে আনন্দিত ব্যক্তিগণকে আমি প্রণাম করি, তাঁহাদিগের সান্নিধ্য হইতেও মোক্ষ লাভ হয়। হরিভক্তি পরায়ণ ও হরিনামনিরত ব্যক্তিগণ দুর্ব্বৃত্তই হউন, বা সুবৃত্তই হউন, তাঁহাদিগকে নিত্য পুনঃ পুনঃ প্রণাম করি। অহো হরিভক্তগণের কি সৌভাগ্য! কি সৌভাগ্য! কারণ তাঁহাদিগের অনুগ্রহবশতঃ যোগিজনেরও দুর্ল্লভ মোক্ষ করতলগত হয় ॥ ১৫৪-১৫৬ ॥

টীকা—তেষাং তেভ্যো নমস্করোমি, যতঃ তেষাং সঙ্গ্যপি মুক্তিভাক্ জীবন্মুক্তঃ এবেত্যর্থঃ। অতস্তেষাং

বাহ্যাচারো ন কদাপি বিচার্য্যঃ, সর্ব্বথা সম্মান এব কার্য্য ইত্যাশয়েনাহ—দুর্বৃত্তা বেতি ॥ ১৫৪-১৫৫ ॥

টীকা—যস্মাদন্যস্যাপি তেষাং প্রসাদান্মুক্তিঃ করস্থা স্বাধীনৈব। যেষামিতি পাঠেঽপি তথৈবার্থঃ। যদ্বা, স্বাশ্রিতেভ্যো মুমুক্ষুভ্যো দাতুং করনিহিতেত্যর্থঃ ॥ ১৫৬ ॥

তত্রৈব কলিপ্রসঙ্গে—

ঘোরে কলিযুগে প্রাপ্তে সর্ব্বধর্ম্মবিবর্জ্জিতে।
বাসুদেবপরা মর্ত্ত্যাঃ কৃতার্থা নাত্র সংশয়ঃ ॥ ১৫৭ ॥
অত্যন্তদুর্ল্লভা প্রোক্তা হরিভক্তিঃ কলৌ যুগে।
হরিভক্তিরতানাং বৈ পাপবন্ধো ন জায়তে ॥ ১৫৮ ॥
বেদবাদরতাঃ সর্ব্বে তথা তীর্থনিষেবিণঃ।
হরিভক্তিরতৈঃ সার্দ্ধং কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥১৫৯

অনুবাদ—ঐ গ্রন্থেই কলিপ্রসঙ্গে বলা হইয়াছে যে—সর্ব্বধর্ম্মশূন্য ঘোর কলিকাল আসিলে বাসুদেব-পরায়ণ ব্যক্তিগণই কৃতার্থ হইবেন, ইহাতে সন্দেহ নাই। কথিত আছে, ঐ কলিকালে হরিভক্তি অত্যন্ত দুর্ল্লভা; হরিভক্তিনিষ্ঠগণের পাতকরূপ বন্ধন জন্মে না। বেদবাদপরায়ণ ও নিখিল তীর্থসেবকগণ শ্রীহরিভক্তবৃন্দের ষোলভাগের একভাগেরও তুল্য নন ॥ ১৫৭-১৫৯ ॥

টীকা—পাপরূপো বন্ধঃ; যদ্বা, পাপেন কথঞ্চিৎ কৃতেনাপি বন্ধঃ ॥ ১৫৮ ॥

অতএবোক্তং দেবৈস্তত্রৈব ভারতবর্ষ-প্রসঙ্গে—

হরিকীর্ত্তনশীলো বা তদ্ভক্তানাং প্রিয়োঽপি বা।
শুশ্রূষুর্বাপি মহতাং স বন্দ্যোঽস্মাভিরুত্তমঃ ॥১৬০॥

অনুবাদ—অতএব ঐ পুরাণেই ভারতবর্ষ প্রসঙ্গে দেবগণের উক্তিতে—হরিভক্তগণের প্রিয় অথবা মহাজনগণের সেবা-নিরত কিংবা হরিকীর্ত্তন পরায়ণ শ্রেষ্ঠজনই আমাদের বন্দনীয় ॥ ১৬০ ॥

টীকা—যতঃ স এবোত্তমঃ সর্ব্বতঃ শ্রেষ্ঠঃ ॥১৬০॥

পাদ্মে শ্রীভগবদ্ব্রহ্ম-সংবাদে—

দর্শনধ্যানসংস্পর্শৈর্মৎস্যকূর্ম্মবিহঙ্গমাঃ।
পুষ্ণন্তি স্বান্যপত্যানি তথাহমপি পদ্মজ ॥ ১৬১ ॥
মুহূর্ত্তেনাপি সংহর্ত্তুং শক্তো যদ্যপি দানবান্।
মদ্ভক্তানাং বিনোদার্থং করোমি বিবিধাঃ ক্রিয়াঃ ॥ ১৬২ ॥

অনুবাদ—পদ্মপুরাণে শ্রীভগবৎ-ব্রহ্ম-সংবাদে—শ্রীভগবান ব্রহ্মাকে সম্বোধন করিয়া বলিতেছেন—যে প্রকার, মৎস্য, কচ্ছপ ও পক্ষিগণ দর্শন, ধ্যান ও স্পর্শ দ্বারা নিজ নিজ অপত্যগণকে পোষণ করে, সেই প্রকার আমিও সেইরূপে নিজ ভক্তগণকে পোষণ করি। আমি মুহূর্ত্ত মধ্যে দানবগণের বিনাশে সক্ষম হইলেও ভক্তগণের আনন্দ বিধানের উদ্দেশ্যেই কার্য্যের অনুষ্ঠান করি ॥ ১৬১-১৬২ ॥

টীকা—পদ্মজ হে ব্রহ্মন্! যথা মৎস্যাদয়ো দর্শনাদিভিঃ ক্রমেণ স্বান্যপত্যানি পুষ্ণন্তি, তথাহমপি দর্শনাদিভিঃ সমুচিতৈরেব সর্ব্বৈঃ স্বভক্তান্ পুষ্ণামীত্যর্থঃ ॥ ১৬১ ॥

টীকা—ইত্থং মম সর্ব্বং রূপলীলাদিবৈভবং ভক্তোৎসবার্থমেবেত্যাহ—মুহূর্ত্তেনাপীতি ॥ ১৬২ ॥

তত্রৈব মাঘ-মাহাত্ম্যে দেবদূতবিকুণ্ডল-সংবাদে—

ন যমং যমলোকং ন ন দূতান্ ঘোরদর্শনান্।
পশ্যন্তি বৈষ্ণবা নূনং সত্যং সত্যং ময়োদিতম্ ॥১৬৩
শ্বপাকমিব নেক্ষেত লোকে বিপ্রমবৈষ্ণবম্।
বৈষ্ণবো বর্ণবাহ্যোঽপি পুনাতি ভুবনত্রয়ম্ ॥ ১৬৪ ॥
ন শূদ্রা ভগবদ্ভক্তাস্তে তু ভাগবতা মতাঃ।
সর্ব্ববর্ণেষু তে শূদ্রা যে ন ভক্তা জনার্দ্দনে ॥১৬৫॥
বিষ্ণুভক্তস্য যে দাসা বৈষ্ণবান্নভুজশ্চ যে।
তেঽপি ক্রতুভুজাং বৈশ্য গতিং যান্তি নিরাকুলাঃ ॥১৬৬

অনুবাদ—ঐ পুরাণেই মাঘমাহাত্ম্যে দেবদূত-বিকুণ্ডল-সংবাদে কথিত হইয়াছে—আমি সংশয় রহিত হইয়া পুনঃ পুনঃ সত্য করিয়া বলিতেছি যে, বৈষ্ণবগণ যম, যমালয় কিংবা ঘোরদর্শন করেন না। বিষ্ণুভক্তিরহিত ব্রাহ্মণকে চণ্ডাল অপেক্ষা হীনজ্ঞান করিবে। বৈষ্ণব অন্ত্যজ জাতি হইলেও ত্রিভুবন পবিত্র করেন। ভগবদ্ভক্তিপরায়ণ ব্যক্তিগণ

কখনও শূদ্র বলিয়া গণ্য নহেন, তাঁহারাও ভাগবত বলিয়া কীর্ত্তিত। চারিবর্ণমধ্যে কেশবে ভক্তিহীন ব্যক্তিরাই শূদ্র। হে বশ্য! বিষ্ণুভক্তের দাস ও বৈষ্ণবের অন্ন ভোজনকারী ব্যক্তিগণ নিরাকুল হইয়া যজ্ঞভুক্গণের গতি লাভ করেন ॥ ১৬৩-১৬৬ ॥

তত্রৈব বৈশাখ-মাহাত্ম্যে পঞ্চ-পুরুষাণামুক্তৌ—

ভব্যানি ভূতানি জনার্দ্দনস্য
পরোপকারায় চরন্তি বিশ্বম্ ॥ ১৬৭ ॥

অনুবাদ—ঐ গ্রন্থেই বৈশাখমাহাত্ম্যে পঞ্চ পুরুষগণের বাক্যে—হরিভক্তগণ পরোপকারের নিমিত্তই সংসারে ভ্রমণ করেন ॥ ১৬৭ ॥

তথা—

সন্তঃ প্রতিষ্ঠা দীনানাং দৈবাদুষ্কৃতপাপ্মানাম্ ।
আর্ত্তানামার্ত্তিহন্তারো দর্শনাদেব সাধবঃ ॥ ১৬৮ ॥

অনুবাদ—এই বিষয়ে বলা হইয়াছে—পূর্ব্বে অনুষ্ঠিত কুকার্য্যজনিত পাতকে যাহারা পাতকী, সেই সকল দীনজনের পক্ষে সাধুগণই একান্ত আশ্রয়। সাধুজনের দর্শনে পীড়িতদিগের পীড়া তৎক্ষণাৎ দূরীভূত হয় ॥ ১৬৮ ॥

টীকা—দৈবাৎ পূর্ব্বদুষ্কর্ম্মবশাৎ অকস্মাদ্বা উদ্ভূতং যৎ পাপং তদ্বতাং. পাঠান্তরেঽপি স এবার্থঃ, অতএব দীনানাং জনানাং সন্ত এব প্রতিষ্ঠা আশ্রয়ঃ; যদ্বা, সাক্ষাৎ প্রতিষ্ঠারূপা এব, যথা প্রতিমাদীনাং প্রতিষ্ঠয়ৈব শোধনং, পূজ্যত্বাদিকঞ্চ সম্পদ্যতে, তথা সন্ত এব তেষাং তদিত্যর্থঃ ॥ ১৬৮ ॥

তত্রৈবোত্তরখণ্ডে শিবপার্ব্বতী সংবাদে—

ন কর্ম্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যতে ।
বিষ্ণোরনুচরত্বং হি মোক্ষমাহুর্মনীষিণঃ ॥ ১৬৯ ॥
ন দাস্যং বৈ পরেশস্য বন্ধনং পরিকীর্ত্তিতম্ ।
সর্ব্ববন্ধননির্ম্মুক্তা হরিদাসা নিরাময়াঃ ॥ ১৭০ ॥

অনুবাদ—ঐ পুরাণেরই উত্তরখণ্ডে শিব-পার্ব্বতী-সংবাদে কথিত হইয়াছে—কর্ম্মবন্ধন-জনিত জন্ম হইতে বৈষ্ণবগণ মুক্ত। বুধগণ শ্রীহরির দাসত্বকেই মুক্তি বলিয়াছেন, তাই পরমেশ্বর শ্রীহরির দাসত্ব কখনও ভববন্ধনের কারণ হইতে পারে না। শ্রীহরিদাসগণ কলুষ রহিত এবং সর্ব্বপ্রকার বন্ধন মুক্ত ॥ ১৬৯-১৭০ ॥

টীকা—কর্ম্মণা বধ্যতে সম্বধ্যতে ইতি কর্ম্মবন্ধনম্, অনুচরত্বং দাস্যং, হি যতঃ ॥ ১৬৯ ॥

টীকা—বন্ধনং সংসারবন্ধাপাদকং, নিরাময়া নির্দ্দোষাঃ ॥ ১৭০ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে জন্মাষ্টমীব্রত-মাহাত্ম্যে শ্রীচিত্রগুপ্তোক্তৌ—

দর্শন-স্পর্শনালাপ-সহবাসাদিভিঃ ক্ষণাৎ ।
ভক্তাঃ পুনন্তি কৃষ্ণস্য সাক্ষাদপি চ পুক্কশম্ ॥ ১৭১ ॥
ত্যক্তসর্ব্বকুলাচারো মহাপাতকবানপি ।
বিষ্ণোর্ভক্তং সমাশ্রিত্য নরো নার্হতি যাতনাম্ ॥১৭২॥

অনুবাদ—ব্রহ্মাণ্ডপুরাণে জন্মাষ্টমী-ব্রত-মাহাত্ম্যে শ্রীচিত্রগুপ্ত বাক্যে—দর্শন, স্পর্শন, আলাপ ও একসঙ্গে বাস প্রভৃতির দ্বারা শ্রীহরিভক্তগণ সাক্ষাৎ চণ্ডালকেও শীঘ্রই পবিত্র করেন। বিষ্ণুভক্তের আশ্রয় গ্রহণকারী ব্যক্তি নিখিল কুলাচার-ত্যাগী ও সমস্ত পাপে পাপী ব্যক্তিও ক্লেশ ভোগ হইতে রক্ষা পান ॥ ১৭১-১৭২ ॥

বাশিষ্ঠে—

যস্মিন্ দেশে মরৌ তজ্জ্ঞো নাস্তি সজ্জনপাদপঃ ।
সফলঃ শীতলচ্ছায়ো ন তত্র দিবসং বসেৎ ॥১৭৩॥
সদা সন্তোঽভিগন্তব্যা যদ্যপ্যুপদিশন্তি ন ।
যা হি স্বৈরকথাস্তেষামুপদেশা ভবন্তি তে ॥ ১৭৪ ॥

অনুবাদ—বাশিষ্ঠে কথিত হইয়াছে—ভগবত্তত্ত্বজ্ঞ, সফল শীতলছায়া-বিশিষ্ট সজ্জনরূপ তরু বিহীন মরুপ্রদেশে একদিনও বাস করা উচিত নয়। সর্ব্বদা সাধুগণের নিকটেই যাওয়া উচিত। সাধুগণ যদি উপদেশ নাও দেন, তবুও তাঁহাদের স্বচ্ছন্দ শাস্ত্র কথা আলাপনই উপদেশ মনে করিবে ॥ ১৭৩-১৭৪॥

টীকা—তং ভগবন্তং জানাতীতি তজ্জ্ঞঃ। দিবসমেকদিনপি ॥ ১৭৩ ॥

টীকা—তেষাং যাঃ স্বৈরকথাঃ অন্যোঽন্যং

স্বচ্ছন্দবার্ত্তাস্তা অপি। তে তব ; ত এব বা ; উপদেশবিশেষণত্বেন পুংস্ত্বম্, উপদেশা ভবিষ্যন্তি ॥ ১৭৪॥

গারুড়ে—

সত্রযাজিসহস্রেভ্যঃ সর্ব্ববেদান্তপারগঃ।
সর্ব্ববেদান্তবিৎকোট্যা বিষ্ণুভক্তো বিশিষ্যতে ॥১৭৫॥
বৈষ্ণবানাং সহস্রেভ্য একান্ত্যেকো বিশিষ্যতে।
একান্তিনস্তু পুরুষা গচ্ছন্তি পরমং পদম্ ॥ ১৭৬ ॥

অনুবাদ—গরুড়পুরাণে বলা হইয়াছে—সর্ব্ববেদান্তে অভিজ্ঞ একজন ব্যক্তি সহস্র সংখ্যক যাজ্ঞিক অপেক্ষা শ্রেষ্ঠ। একজন বিষ্ণুভক্ত কোটি বেদান্তবিদ্ অপেক্ষা শ্রেষ্ঠ এবং একজন একান্তী বৈষ্ণব বৈষ্ণব-সহস্র হইতেও শ্রেষ্ঠ। একান্তী বৈষ্ণবগণই পরমপদ পাইয়া থাকেন। ১৭৫-১৭৬ ॥

শ্রীভগবদ্গীতাসু (৯।৩০।৩৩)—

অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ব্যবসিতো হি সঃ ॥১৭৭॥
ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি।
কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি ॥১৭৮॥
মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ।
স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি যান্তি পরাং গতিম্।
কিং পুনর্ব্রাহ্মণাঃ পুণ্যা ভক্ত্যা রাজর্ষয়স্তথা ॥ ১৭৯॥

অনুবাদ—শ্রীমদ্ভগবদ্গীতায় বলা হইয়াছে—অনন্যভক্ত হইয়া আমার উপাসনা করিলে সুদুরাচার ব্যক্তিও সমুচিত অধ্যবসায়ী সাধু বলিয়া মাননীয় হইতে পারেন। তিনিই আশু ধর্ম্মশীল ও নিত্য শান্তিভাগী হন। হে কৌন্তেয়! আমার ভক্তগণ কখনও বিনাশ প্রাপ্ত হয় না, ইহা নিশ্চিত। নিকৃষ্ট জন্মা, অন্ত্যজাদি, স্ত্রীগণ, বৈশ্য জাতি অথবা শূদ্রজাতি আমার আশ্রয় লইলে পরমাগতি লাভ করে। অতএব পুণ্যজন্মা ব্রাহ্মণ অথবা ক্ষত্রিয় বংশে জাত রাজর্ষি ভক্তের পক্ষে সন্দেহ কি? ১৭৭-১৭৯ ॥

টীকা—মদ্ভক্তেরবিতর্ক্যঃ প্রভাব ইতি দর্শয়ন্নাহ—অপীতি ; অত্যন্তং দুরাচারোঽপি নরো যদি পৃথক্ত্বেন দেবতান্তরভক্তিমকুর্ব্বন্ মামেব পরমেশ্বরং শ্রীদেবকীনন্দনং ভজতি, মদ্ভজনে মতিং কুর্য্যাদিত্যর্থঃ, তর্হি সাধুঃ শ্রেষ্ঠ এব মন্তব্যঃ। যতোঽসৌ সম্যগ্ ব্যবসিতঃ শোভনমধ্যবসায়ং কৃতবান্ ॥ ১৭৭॥

টীকা—নন্ কথং সমীচীনাধ্যবসায়মাত্রেণ সাধুর্মন্তব্যঃ? তত্রাহ ক্ষিপ্রমিতি, দুরাচারোঽপি মাং ভজন্ শীঘ্রং ধর্ম্মচিত্তো ধর্ম্মস্বরূপো বা ভবতি প্রাপ্নোতি ; যদ্বা, ভগবদ্ভক্তিলক্ষণস্য ধর্ম্মস্য আত্মা প্রবর্ত্তকো ভবতি ; ততশ্চ শশ্বচ্ছান্তিং শাশ্বতীমুপরমশান্তিং পরমেশ্বরনিষ্ঠাং নিতরাং গচ্ছতি প্রাপ্নোতি। কুতর্ককর্কশবাদিনো নৈবং মন্যেরন্নিতি শোকব্যাকুলমর্জ্জুনং প্রোৎসাহয়তি। হে কৌন্তেয়! পটহকাহলাদি-(কোলাহলাদি) মহাঘোষ-পূর্ব্বকং বিবদমানানাং সভাং গত্বা বাহুমুৎক্ষিপ্য নিঃশঙ্কং প্রতিজানীহি প্রতিজ্ঞাং কুরু কথম্? মে পরমেশ্বরস্য, যদ্বা, মে পরমেশ্বরভক্তস্যাপি ভক্তঃ সুদুরাচারোঽপি ন প্রণশ্যতি, অপি তু কৃতার্থ এব ভবতীতি। ততশ্চ তে প্রৌঢ়িবাদ-বিজৃম্ভ-বিধ্বংসিতকুতর্কাঃ সন্তো নিঃসংশয়ং ত্বামেব গুরুত্বেনাশ্রয়েরন্ ॥ ১৭৮ ॥

টীকা—আচারভ্রষ্টং মদ্ভক্তিঃ পবিত্রীকরোতীতি কিমত্র চিত্রম্? যতো মদ্ভক্তির্যথাকথঞ্চিৎ মদাশ্রয়াপি বা দুষ্কুলানপ্যনধিকারিণোঽপি সংসারান্মোচয়তীত্যাহ—মাং হীতি। যেঽপি পাপযোনয়ঃ স্যুঃ, নিকৃষ্টজন্মানোঽন্ত্যজাদয়ো ভবেয়ুঃ, যেঽপি বৈশ্যাঃ কেবলং কৃষ্যাদিনিরতাঃ, স্ত্রিয়ঃ শূদ্রাদয়শ্চাধ্যয়নাদিরহিতাঃ, তেঽপি মাং ব্যপাশ্রিত্য সংসেব্য ; যদ্বা, বিধিত্যাগাদিনা বিরূপতয়া অপকর্ষেণাপি যথাকথঞ্চিদাশ্রয়মাত্রং কৃত্বাপি পরাং গতিং বৈকুণ্ঠপ্রাপ্তিলক্ষণাং যান্তি লভন্তে। হি নিশ্চিতং, যদেবং তদা সজ্জাতয়ঃ সৎকুলাঃ সদাচারশ্চ মদ্ভক্তাঃ পরাং গতিং যান্তীতি কিং বক্তব্যমিত্যাহ—কিমিতি। পুণ্যাঃ সুকৃতিনো ব্রাহ্মণাঃ, তথা রাজানশ্চৈতে ঋষয়শ্চ, এবম্ভূতাঃ ভক্তাঃ সন্তঃ পরাং গতিং যান্তীতি কিং পুনর্বক্তব্যমিত্যর্থঃ ॥ ১৭৯ ॥

কিঞ্চ তত্রৈব (৬।৪৭)—

যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা।
শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো।
মতঃ ॥ ১৮০ ॥

অনুবাদ—গীতাতে আরও বলা হইয়াছে—যাঁহারা কৃষ্ণরূপ আমার চরণযুগলে অন্তরাত্মা সমর্পণ করিয়া শ্রদ্ধার সহিত আমার আরাধনা করেন, যোগি-গণের মধ্যে তাঁহারাই আমার মতে সর্ব্বশ্রেষ্ঠ যোগী ॥ ১৮০ ॥

টীকা—যুক্ততমঃ সর্ব্বযোগিশ্রেষ্ঠ ইত্যর্থঃ ॥১৮০॥

শ্রীভাগবতস্য প্রথমস্কন্ধে শ্রীপরীক্ষিত উক্তৌ (১৯।৩৩)—

যেষাং সংস্মরণাৎ পুংসঃ সদ্যঃ শুধ্যন্তি বৈ গৃহাঃ।
কিং পুনর্দর্শন-স্পর্শ-পাদশৌচাসনাদিভিঃ ॥ ১৮১ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতে প্রথমস্কন্ধে শ্রীপরীক্ষিৎ মহারাজের কথায়—হে প্রভো! লোকসকলের গৃহ আপনাদের স্মরণমাত্রেই পবিত্র হয়. দর্শন, স্পর্শন, পাদপ্রক্ষালন ও তাঁহাদের উপবেশনের দ্বারা যে পবিত্র হইবে, তাহাতে সন্দেহ কোথায়? ১৮১ ॥

তৃতীয়স্কন্ধে শ্রীবিদুরস্য (১৩।৪)—

শ্রুতস্য পুংসাং সুচিরশ্রমস্য
নন্বঞ্জসা সূরিভিরীড়িতোঽর্থঃ।
তত্তদ্‌গুণানুশ্রবণং মুকুন্দ-
পাদারবিন্দং হৃদয়েষু যেষাম্ ॥ ১৮২ ॥

অনুবাদ—তৃতীয় স্কন্দে শ্রীবিদুরের কথায়—হে মুনিবর! শ্রীমুকুন্দের চরণকমল যাঁহাদের হৃদয়ে বিদ্যমান, তাঁহাদের গুণকীর্তন বা প্রশংসা শ্রবণই পুরুষগণের চিরকালের শ্রমদ্বারা উপার্জ্জিত শাস্ত্র পাঠের ফল এবং বিজ্ঞব্যক্তিগণ সুখে তাঁহারই যথার্থ-রূপে স্তব করেন ॥ ১৮২ ॥

টীকা—যেষাং ভবাদৃশাং সংস্মরণাদপি, সং-শব্দস্তস্যৈব স্বতঃ সম্যক্‌ত্বাভিপ্রায়েণ ঈষদর্থে বা। পুংসামিতি—অবিশেষেণাখিলজনানামেবেত্যর্থঃ। আদিশব্দেন সম্ভাষণাদীনি, সুচিরং শ্রমো যস্মিন্ তস্য পুংসাং শ্রুতস্য শাস্ত্রাভ্যাসস্য অয়মেব অর্থঃ ফলম্। ননু নিশ্চিতম্, অঞ্জসা সুখেন, ঈড়িতঃ স্তুতস্তমেবাহ—মুকুন্দপাদারবিন্দং যেষাং হৃদয়েষ্বস্তি, তেষাং গুণানু-স্মরণমিতি। অঞ্জসেত্য স্যাত্রৈবান্বয়ঃ ॥১৮১-১৮২॥

দেবহূতিং প্রতি কপিলদেবস্য (শ্রীভাঃ ৩।২৫।৩৮)—

ন কর্হিচিন্মৎপরাঃ শান্তরূপে
নংক্ষ্যন্তি নো মেঽনিমিষো লেঢ়ি হেতিঃ।
যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ
সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টম্ ॥ ১৮৩ ॥

অনুবাদ—জননী দেবহূতির প্রতি শ্রীকপিল-দেবের উক্তি—হে মাতঃ! মৎপরায়ণ ব্যক্তিগণ ভক্তিযোগের দ্বারা মুক্ত হইয়া আমার বৈকুণ্ঠধামে আসিয়া এখানেই সানন্দে বহুভোগের মধ্যে কালাতি-পাত করেন। এই ভোগের স্বর্গাদিস্থানের মত ক্ষয়ের আশঙ্কা নাই, আমার অনিমিষ কালচক্র তাঁহাদিগকে গ্রাস করে না। ফলতঃ আমি যাঁহাদের আত্মবৎ প্রিয়, পুত্রবৎ স্নেহভাজন, সখার তুল্য বিশ্বাসের পাত্র, গুরুতুল্য উপদেষ্টা, সুহৃৎ সদৃশ হিতকারী এবং ইষ্টদেবের মত পূজনীয় অর্থাৎ যাঁহারা এইভাবে মৎসর্ব্বস্ব হইয়া ভজনা করেন, আমার কালচক্র তাঁহাদের কাছে পরাস্ত হয় ॥ ১৮৩ ॥

টীকা—হে শান্তরূপে। কদাচিদপি ন নঙ্‌ক্ষ্যন্তি, ভোগহীনা ন ভবন্তি। তত্র হেতুঃ—অনিমিষো মে হেতিঃ মদীয়ং কালচক্রং ন লেঢ়ি, ন তান্ গ্রসতি; যদ্বা, জিহ্বাগ্রেণাপি ন স্পৃশতি, তত্রৈব হেতুঃ—যেষা-মিতি। সুত ইব স্নেহবিষয়ঃ; সখেব বিশ্বাসাস্পদং, গুরুরিবোপদেষ্টা, সুহৃদিব হিতকারী, ইষ্টং দৈবত-মিব পূজ্যম্, এবং সর্ব্বভাবেন যে মাং ভজন্তি, তান্ মদীয়ং কালচক্রং ন গ্রসতীত্যর্থঃ। যদ্বা, ন নঙ্‌ক্ষ্যন্তি বিচিত্রবিষয়াদিভোগেঽপি নিজমার্গান্ন ভ্রশ্যন্তীত্যর্থঃ। যদ্বা, মমাদৃশ্যা ন ভবন্তি, অতঃ কালচক্রং জিহ্বয়া লেঢ়ুং কথঞ্চিৎ স্প্রষ্টুং ন শক্নোতীত্যর্থঃ। চকা-রোঽত্র বিকল্পে তেষামেকতরত্বেনৈব সর্ব্বসিদ্ধেঃ। যদ্বা, যেষাং সাক্ষাৎ প্রিয়াদিরূপোঽপ্যহং ভবামি। তত্র প্রিয়ঃ উপকারাদিনা প্রীতিবিষয়ঃ, আত্মা স্বভাবত এব প্রিয়ঃ, সুহৃদঃ সর্ব্বজ্ঞাতয়ঃ সম্বন্ধিনশ্চ। ইষ্টং দৈবতং, আত্মপ্রদো নাথঃ, এষাং দুর্ঘটত্বং যথোত্তর-মূহ্যং; যথা প্রিয়ো ভর্ত্তা দণ্ডকারণ্যবাসিমুনীনাং গোপীজনানাঞ্চ আত্মা স্বয়মেবাহম্। এবমত্র ভক্ত-মাহাত্ম্যবর্ণনরসেন ক্রমো নাপেক্ষিতঃ ॥ ১৮৩ ॥

চতুর্থে শ্রীধ্রুবস্য (৯।১০)—

যা নির্বৃতিস্তনুভৃতাং তব পাদপদ্ম-
ধ্যানাদ্ভবজ্জনকথাশ্রবণেন বা স্যাৎ।
সা ব্রহ্মণি স্বমহিমন্যপি নাথ মাভূৎ
কিংবান্তকাসিলুলিতাৎ পততাং বিমানাৎ ॥১৮৪॥

অনুবাদ—চতুর্থস্কন্ধে শ্রীধ্রুব মহারাজ বলিতেছেন—হে প্রভো! আপনার শ্রীচরণকমল চিন্তা অথবা আপনার ভক্তজনের উপদেশ শ্রবণ দ্বারা দেহীদের যে মুক্তি প্রাপ্তি হয় (সেবানন্দরূপ), আত্মানন্দ স্বরূপ ব্রহ্ম সাক্ষাৎকারে তাহা হয় না, অতএব যাহারা যমরাজের কালস্বরূপ তরবারি দ্বারা ছিন্ন বিমান হইতে পতিত হইতেছে, তাহাদের কথা আর কি বলিব ? ১৮৪ ॥

টীকা—তনুভৃতামবিশেষেণ সর্ব্বেষামেব জীবানাম্, অপ্যর্থে বা-শব্দঃ, ভবজ্জনানাং কথায়াঃ শ্রবণেনাপি ; যদ্বা, বিকল্প এব, ততশ্চ পাদপদ্মধ্যানেন সহ বৈষ্ণবকথাশ্রবণস্য সাম্যতো মাহাত্ম্যবিশেষ উক্তো ভবতি। স্বমহিমনি নিজানন্দরূপে ; যদ্বা, স্বঃ অসাধারণঃ অন্যানন্দাদ্যপেক্ষয়া বিশিষ্টো মহিমা যস্য তস্মিন্নপি মা ভূৎ, ন ভবেদিত্যর্থঃ। অন্তকস্য অসিনা কালেন লুলিতাৎ খণ্ডিতাৎ বিমানাৎ পততাং সা নাস্তীতি, কিমু বক্তব্যম্ ॥ ১৮৪ ॥

শ্রীরুদ্রস্য (শ্রীভাঃ ৪।২৪।২৯)—

স্বধর্ম্মনিষ্ঠঃ শতজন্মভিঃ পুমান্
বিরিঞ্চিতামেতি ততঃ পরং হি মাম্।
অব্যাকৃতং ভাগবতোঽথ বৈষ্ণবং
পদং যথাহং বিবুধাঃ কলাত্যয়ে ॥ ১৮৫ ॥

অনুবাদ—ঐ স্থানেই শ্রীরুদ্রদেবের কথায়—যাঁহারা নিজ নিজ ধর্ম্মে নিষ্ঠাবান, তাঁহাদের বহুজন্মের পর ব্রহ্মত্ব প্রাপ্তি হয়, তারপর রুদ্রত্বপ্রাপ্তি হয় অর্থাৎ এইরূপ ক্রমোন্নতি হয় কিন্তু ভগবদ্ভক্ত এই দেহান্তেই প্রপঞ্চাতীত বৈষ্ণবপদ লাভ করেন। ইহার উদাহরণ—আমি রুদ্র হইয়া অধিকারীর মত বিদ্যমান আছি ; এই দেবতাগণ অধিকারী হইয়া আছেন, কিন্তু যখন আমাদের অধিকারকাল শেষ হইবে, তখন লিঙ্গদেহ ভঙ্গ হইলে সকলেই প্রপঞ্চাতীত পদ প্রাপ্ত হইব ॥ ১৮৫ ॥

টীকা—স্বধর্ম্মনিষ্ঠঃ পুমান্ বহুভির্জন্মভিঃ বিরিঞ্চিতাং প্রাপ্নোতি, ততোঽপি পুণ্যাতিশয়েন মামেতিঃ ; ভাগবতস্তু অথ দেহান্তে ভাগবতত্বানন্তরং বা অব্যাকৃতং প্রপঞ্চাতীতং বৈষ্ণবং পদমেতি। যথাহং রুদ্রো ভূত্বা আধিকারিকবদ্বর্ত্তমানঃ বিবুধা দেবাশ্চ আধিকারিকাঃ, কলাত্যয়ে অধিকারান্তে লিঙ্গভঙ্গে সত্যেষ্যান্তি ; যদ্বা, কলাত্যয়ে প্রকৃত্যতিক্রমে ॥১৮৫॥

পঞ্চমে শ্রীজড়ভরতস্য (১২।১২)—

রহূগণৈতত্ তপসা ন যাতি
ন চেজ্যয়া নির্ব্বাপণাদ্গৃহাদ্বা।
ন চ্ছন্দসা নাপি জলাগ্নিসূর্য্যৈ-
অনুবাদ—অতএব চতুর্থস্কন্ধে প্রচেতোগণের উক্তি—হে প্রভো! তোমার যে সকল সঙ্গিগণের নিকটে তৃষ্ণাশান্তি-কারিণী পবিত্রগুণগাথার প্রসঙ্গ হইয়া থাকে, যাঁহারা জীবসমূহে শত্রুতাশূন্য, যাঁহারা উদ্বেগ রহিত, যে মুক্তসঙ্গিগণ সৎকথার অবসরে যতি-গণের পরমাগতি সাক্ষাৎ ভগবান্ নারায়ণের প্রসঙ্গ বারংবার কীর্ত্তন করেন, তীর্থগণকে পবিত্র করিবার ইচ্ছায় যাঁহারা পদব্রজে তীর্থপরিক্রমা করেন, আপনার সেই ভক্তগণের সঙ্গলাভ করিতে সংসার-ভীত কোন্ ব্যক্তির ইচ্ছা না হয়? ২৬৭-২৬৯॥

টীকা—যত্র যেষু, যতো যাভ্যঃ কথাভ্যঃ, নির্ব্বৈরং বৈরাভাবঃ, যত্র যাসু কথাসু মুক্তসঙ্গৈস্তৈরেব নারায়ণঃ সাক্ষাৎ প্রস্তূয়তে; যদ্বা, ন্যাসিনামপি গতিরাশ্রয়ো নারায়ণো ভগবান্ যত্র সাক্ষাদস্তীতি। মুক্তসঙ্গৈঃ শ্রীসনকাদিভিঃ সৎকথাসু মধ্যে প্রস্তূয়তে; যদ্বা, মুক্তসঙ্গৈরাত্মারামৈরপি যত্র নারায়ণ এব সাক্ষাৎ প্রস্তূয়তে ন তু জ্ঞানাদি; এতাদৃশং যেষাং মাহাত্ম্যমিত্যর্থঃ॥ ২৬৭-২৬৮॥

টীকা—পদ্ভ্যাং পাবনেচ্ছয়া; যদ্বা, পদ্ভ্যাং বিচরতামিতি সৌলভ্যমুক্তম্। সংসারাদ্ভীতস্যাপি কিং ন রোচেত? অপি তু রোচত এব, ভীতানামনন্যগতিত্বাৎ; তদুক্তং ভগবতৈব—'সন্তোঽর্বাক্ বিভ্যতোঽরণম্ ইতি॥ ২৬৯॥

অথ সর্ব্বসারতা

বৃহন্নারদীয়ে শ্রীনারদ-সনৎকুমার-সংবাদে—
অসারভূতে সংসারে সারমেতদজাত্মজ।
ভগবদ্ভক্তসঙ্গো হি হরিভক্তিং সমিচ্ছতাম্॥ ২৭০॥

অনুবাদ—ভগবদ্ভক্তসঙ্গের সর্ব্বশ্রেষ্ঠত্ব বৃহন্নারদীয়-পুরাণে শ্রীনারদ-সনৎকুমার-সংবাদে—হে ব্রহ্মপুত্র যাঁহারা সর্ব্বতোভাবে শ্রীহরিভক্তি বাঞ্ছা করেন তাঁহাদের সম্বন্ধে এই অসার ভগবদ্ভক্ত সঙ্গই সার ইহা জানিবে॥ ২৭০॥

টীকা—সংসারে, প্রপঞ্চে, কিম্? তদাহ—ভগবদ্ভক্তসঙ্গ ইতি। হরিভক্তিং সম্যগিচ্ছতাং জনানামিতি হরিভক্তিবাঞ্ছাবিশেষং বিনা ভগবদ্ভক্ত-সঙ্গমাহাত্ম্যাননুভবাৎ; যদ্বা, তেষাং শ্রেষ্ঠসাধনমেতদেবেতি ব্যাখ্যায়াং শ্লোকো ভক্তিসম্পাদকতায়াং দ্রষ্টব্যঃ॥ ২৭০॥

পাদ্মে তত্রৈব মহারথনৃপোক্তৌ—
অসাগরোত্থং পীযূষমদ্রব্যং ব্যসনৌষধম্।
হর্ষশ্চালোকপর্য্যন্তঃ সতাং কিল সমাগমঃ॥ ২৭১॥

অনুবাদ—পদ্মপুরাণে উক্ত স্থানেই মহারথ নৃপতির বাক্যে—সৎ-সমাগম অসাগরোদ্ভূত অমৃত, সহজলভ্য মহৌষধ ও সকলের আনন্দবিধানকারী॥ ২৭১॥

টীকা—সতাং সমাগমঃ পীযূষং ভবত্যেব, কিন্তু অসাগরোত্থম্; অতঃ সাগরোদ্ভূতস্য দেবভোগ্য-পীযূষস্য মথনাদিপরিশ্রমেণৈব সাধনাৎ বারুণ্যাদিসম্বন্ধাচ্চ ততোঽপ্যস্য শ্রৈষ্ঠ্যং সূচিতম্। তথাহ—দ্রব্যমিতি, দ্রব্যময়ৌষধে পাকক্রিয়া-প্রয়াসোঽথ ভক্ষণাদিযত্নশ্চাপেক্ষ্যতে ইত্যত্র তত্তদভাবাদস্য শ্রৈষ্ঠ্যম্। তথা 'সুখস্যান্তে ভবেদ্দুঃখম্' ইতি ন্যায়েনান্যো হর্ষঃ শোকাবসান এব স্যাৎ, অয়ং হর্ষয়তীতি হর্ষরূপো বা শোকান্তো ন ভবতি, কিন্তু সদা হর্ষ এব; অতোঽস্য নিত্যপরমানন্দময়ত্বমিত্যর্থঃ। এবঞ্চ সর্ব্বসারতৈব সিদ্ধা॥ ২৭১॥

অথ ভগবৎ কথামৃতপানৈকহেতুতা

পাদ্মে বৈশাখ-মাহাত্ম্যে শ্রীনারদোক্তৌ—
প্রসঙ্গেন সতামাত্মমনঃশ্রুতিরসায়নঃ।
ভবন্তি কীর্ত্তনীয়স্য কথাঃ কৃষ্ণস্য কোমলাঃ॥২৭২॥

অনুবাদ—অনন্তর ভগবৎকথামৃতপানের এক-হেতুত্ব ঐ গ্রন্থেরই বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদের উক্তিতে—সৎপ্রসঙ্গে জীবগণের কর্ণ ও মনের সুখদায়িনী কীর্ত্তনীয় শ্রীকৃষ্ণের কোমল-কথা সমূহই হইয়া থাকে॥ ২৭২॥

টীকা—আত্মনাং সর্বেষামেব জীবানাং মনসঃ

শ্রুত্যোশ্চ রসায়নাঃ সুখপ্রাপকাঃ যতঃ কোমলাঃ মধুরাঃ ॥ ২৭২ ॥

তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবোক্তৌ (২৫।২৫)—

সতাং প্রসঙ্গান্মম বীর্য্যসংবিদো
ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ।
তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি
শ্রদ্ধা রতির্ভক্তিরনুক্রমিষ্যতি ॥ ২৭৩ ॥

অনুবাদ—তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেব জননী দেবহূতিকে বলিতেছেন—সাধুগণের সহিত সংসর্গবশতঃ আমার বীর্য্যপ্রকাশক কথা উপস্থিত হয়, তাহা হৃদয় ও কর্ণের আনন্দদায়ক, তাই তাহা সেবন করিলে শীঘ্রই আমাতে (ভগবান শ্রীহরিতে) শ্রদ্ধা, রতি ও ভক্তি ক্রমে ক্রমে উৎপন্ন হয় ॥ ২৭৩ ॥

টীকা—বীর্য্যস্য সম্যগ্বেদনং যাসু তাঃ বীর্য্যসংবিদঃ, অতএব হৃৎকর্ণরসায়নাঃ সুখদাঃ, তাসাং জোষণাৎ সেবনাৎ অপবর্গোঽবিদ্যানিবৃত্তির্মোক্ষো বা বর্ত্ম যস্মিন্ তস্মিন্ হরৌ প্রথমং শ্রদ্ধা, ততো রতিস্ততো ভক্তিঃ অনুক্রমিষ্যতি ক্রমেণৈব ভবিষ্যতি ইত্যর্থঃ। রতিশ্চ রত্যাখ্যো ভাবঃ, ভক্তিশ্চ প্রেমলক্ষণা; এতদ্বিবরণঞ্চ শ্রীমহানুভাবৈরেব রসার্ণবে কৃতমস্ত্যেব ॥ ২৭৩ ॥

চতুর্থে শ্রীনারদোক্তৌ (২৯।৪০-৪১)—

যত্র ভাগবতা রাজন্ সাধবো বিশদাশয়াঃ।
ভগবদ্গুণানুকথন-শ্রবণব্যগ্রচেতসঃ ॥ ২৭৪ ॥
তস্মিন্ মহন্মুখরিতা মধুভিচ্চরিত্র-
পীযূষশেষসরিতঃ পরিতঃ স্রবন্তি।
তা যে পিবন্ত্যবিতৃষো নৃপ গাঢ়কর্ণৈ-
স্তান্ন স্পৃশন্ত্যশনতৃড়্ভয়শোকমোহাঃ ॥ ২৭৫ ॥

অনুবাদ—চতুর্থস্কন্ধে দেবর্ষি শ্রীনারদের কথায়—যেখানে ভগবানের গুণগাথা শ্রবণ ও কীর্ত্তনের জন্য বিশদাশয় সাধুগণ ব্যগ্রচিত্ত হইয়া বিরাজ করেন, হে রাজন! সেই স্থানে মহদ্ব্যক্তিগণের শ্রীমুখ হইতে ভগবান মধুসূদনের অমলচরিত্র কথা প্রায়ই কীর্ত্তিত হইয়া থাকে। হে নৃপবর! ভগবানের চরিত গাথা সাক্ষাৎ অমৃতবাহিনী নদী। সাবধানে ঐ নদীর সেবকগণ ক্ষুধা, তৃষ্ণা, ভয়, শোক ও মোহ প্রভৃতির স্পর্শ হইতে মুক্ত থাকেন। ফলস্বরূপ ভক্তি রসিক ব্যক্তিগণে ক্ষুধা, তৃষ্ণা প্রভৃতির ভক্তিরসাস্বাদনে বাধা সৃষ্টি করিবে সে সম্ভাবনা কোথায়? ॥ ২৭৪-২৭৫ ॥

টীকা—ননু সাধুসঙ্গং বিনা স্বয়মেব হরিকথাচিন্তনাদিনা ভক্তির্ভবেদিত্যাশঙ্ক্যাহ—যত্রেতি দ্বাভ্যাম্। যস্মিন্ স্থানে ভগবতো গুণানুকথনে শ্রবণে চ ব্যগ্রং সত্বরমত্যাসক্তং বা চেতো যেষাং তে ॥ ২৭৪ ॥

টীকা—তস্মিন্ স্থানে মহদ্ভির্মুখরিতাঃ কীর্ত্তিতাঃ; যদ্বা, মহান্তঃ মৌনাদিশীলা অপি মুখরিতাঃ যাভিঃ তাঃ। মধুভিদশ্চরিতমেব, পীযূষং, তদেব শিষ্যত ইতি শেষো যাসু তাঃ। অসারাংশরহিত-শুদ্ধামৃতবাহিন্য ইত্যর্থঃ। অবিতৃষঃ অলংবুদ্ধিশূন্যাঃ সন্তঃ গাঢ়ৈঃ সাবধানৈঃ কর্ণৈঃ যে তাঃ সরিতঃ পিবন্তি সেবন্তে। অশনশব্দেন ক্ষুল্লভ্যতে অশনাদয়ঃ তান্ন স্পৃশন্তি, ভক্তিরসিকান্ন বাধন্ত ইত্যর্থঃ। নৃপ হে প্রাচীনবর্হিঃ! সৎসঙ্গমন্তরেণ স্বয়মেব কথাচিন্তনাদাবালস্যাদিনা রসাবেশাভাবতঃ ক্ষুৎপিপাসাদ্যভিভূতস্য ভক্ত্যসম্ভবাদবশ্যং সৎসঙ্গো বিধেয়ঃ, ততশ্চ ভগবৎকথামৃতরসপানাদিরূপা ভক্তি অতঃ সম্পদ্যত এবেতি ভাবঃ ॥ ২৭৫ ॥

পঞ্চমে শ্রীব্রাহ্মণরহূগণসংবাদে (১২।১৩)—

যত্রোত্তমঃশ্লোকগুণানুবাদঃ
প্রস্তূয়তে গ্রাম্যকথাবিঘাতঃ।
নিষেব্যমাণোঽনুদিনং মুমুক্ষো-
র্মতিং সতীং যচ্ছতি বাসুদেবে ॥ ২৭৬ ॥

অনুবাদ—পঞ্চমস্কন্ধে শ্রীব্রাহ্মণ-রহূগণ-সংবাদে—হে নৃপবর! সাধুগণ সর্ব্বদাই উত্তমশ্লোক শ্রীভগবানের গুণানুবাদ কীর্ত্তনই করেন। তাঁহারা কখনই গ্রাম্য কথার লেশমাত্র উচ্চারণ করেন না। সেই ভগবদ্গুণানুবাদের সর্ব্বদা সেবা করিতে পারিলে তাহাই শ্রীভগবান বাসুদেবের প্রতি মুমুক্ষুজনের সদ্বুদ্ধি প্রদান করিয়া থাকে ॥ ২৭৬ ॥

টীকা—যত্র যেষু মহৎসু, গ্রাম্যকথানাং বিঘাতো

যস্মাৎ মুমুক্ষোরপি, সতীং মতিং প্রেমভক্তিমিত্যর্থঃ ॥ ২৭৬ ॥

———

একাদশে ভগবদুদ্ধব-সংবাদে শ্রীঐলোপাখ্যানান্তে
(২৬।২৮-২৯)—

তেষু নিত্যং মহাভাগ মহাভাগেষু মৎকথাঃ।
সম্ভবন্তি হি তা নৃণাং জুষতাং প্রপুনন্ত্যঘম্ ॥২৭৭॥
তা যে শৃণ্বন্তি গায়ন্তি হ্যনুমোদন্তি চাদৃতাঃ।
মৎপরাঃ শ্রদ্দধানাশ্চ ভক্তিং বিন্দন্তি তে ময়ি ॥২৭৮

অনুবাদ—একাদশস্কন্ধে ভগবদুদ্ধব-সংবাদে শ্রী ঐল-উপাখ্যানের শেষে শ্রীকৃষ্ণ উদ্ধবকে কহিতেছেন —সেই সাধুগণের নিকটে শিষ্টলোকের মঙ্গলজনক আমার কথা আলোচিত হয় এবং তাহা শ্রবণকারী ব্যক্তিগণের হিতকারী হইয়া পাপ নাশ করে। যে সকল শ্রদ্ধাবান ভক্ত সাদরে সেই সকল কথা শ্রবণ বা গান করেন, অথবা ঐ সব অনুষ্ঠানের অনুমোদন করেন তাঁহারা আমাতে ভক্তি লাভ করিয়া থাকেন ॥ ২৭৭-২৭৮ ॥

টীকা—সম্ভবন্তি সম্যক্ জায়ন্তে, তাঃ কথা এব অঘং পাপং প্রকর্ষেণ পুনন্তি, সবাসনমুন্মূলয়ন্তি, সংসার-দুঃখং নাশয়ন্তীতি বা ॥ ২৭৭ ॥

———

ভক্তিসম্পাদকতা

বৃহন্নারদীয়ে তত্রৈব—

ভক্তিস্তু ভগবদ্ভক্তসঙ্গেন পরিজায়তে।
সৎসঙ্গঃ প্রাপ্যতে পুম্ভিঃ সুকৃতৈঃ পূর্ব্বসঞ্চিতৈঃ ॥২৭৯

অনুবাদ—ভগবদ্ভক্তসঙ্গ ভক্তিসম্পাদক—বৃহন্নারদীয়পুরাণে উক্ত স্থানেই বর্ণিত আছে—ভগবদ্ভক্ত-সঙ্গ-দ্বারা ভক্তি জন্মে এবং পূর্ব্বজন্ম সঞ্চিত সুকৃতি-বশতঃ মনুষ্যগণের সৎসঙ্গ লাভ হয় ॥ ২৭৯ ॥

টীকা—শ্রবণাদিভিরেব মৎপরাঃ শ্রদ্দধানাশ্চ শ্রবণাদিষ্বেব প্রীতিমন্তঃ সন্তঃ ভক্তিং প্রেমলক্ষণাং বিন্দন্তি। ভগবদ্ভক্তসঙ্গস্য দৌর্ল্লভ্যমাহ—সৎসঙ্গ ইতি ॥ ২৭৮-২৭৯ ॥

———

শ্রীভগবদ্বশীকারিতা

একাদশে শ্রীভগবদুদ্ধব সংবাদে
(১১।৪৯, ১২।১-২)—

অথৈতৎ পরমং গুহ্যং শৃণ্বতো যদুনন্দন।
সুগোপ্যমপি বক্ষ্যামি ত্বং মে
ভৃত্যঃ সুহৃৎ সখা ॥ ২৮০ ॥
ন রোধয়তি মাং যোগো ন সাংখ্যং ধর্ম্ম এব বা।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো নেষ্টাপূর্ত্তং ন দক্ষিণা ॥২৮১॥
ব্রতানি যজ্ঞশ্ছন্দাংসি তীর্থানি নিয়মা যমাঃ।
যথাঽবরুন্ধে সৎ-সঙ্গ সর্ব্বসঙ্গাপহো হি মাম্ ॥২৮২॥

অনুবাদ—ভগবদ্ভক্তসঙ্গ শ্রীভগবদ্বশীকারক একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসংবাদে শ্রীকৃষ্ণ বাক্য—হে উদ্ধব! তুমি আমার ভৃত্য, সুহৃৎ ও সখা অতএব তাহা অত্যন্ত গোপনীয় হইলেও এই পরমগুহ্য বিষয় তোমাকে বলিতেছি শোন। অষ্টাঙ্গযোগ, তত্ত্ববিবেক, অহিংসাদিধর্ম্ম, বেদপাঠ তপস্যা, সন্ন্যাস, যজ্ঞ, কূপারামাদি নির্ম্মাণ, দান, একাদশী প্রভৃতি ব্রত, দেবপূজা, রহস্য মন্ত্র, তীর্থভ্রমণ, নিয়ম ও যম, এই সমস্ত অনুষ্ঠানও সেই প্রকার বশীভূত করিতে পারে না। সর্ব্বসংসারসঙ্গের অপহারক সাধুসঙ্গ আমাকে যে প্রকার বশীভূত করিতে পারে ॥ ২৮০-২৮২ ॥

টীকা—সাংখ্য-যোগাদীনি সাধনান্তর-সব্যপেক্ষাণি সব্যভিচারাণি চ, মৎসঙ্গস্তু স্বতন্ত্র এব, সমর্থঃ ফলাব্যভিচারী চেতি বর্ণয়িতুমাহ—অথেতি ত্রিভিঃ। এতদ্বক্ষ্যমাণং পরমং গুহ্যং শৃণু, যতস্ত্বং মম ভৃত্যঃ, সুহৃৎ, জ্ঞাতিঃ, সখা চ, অতঃ সুগোপ্যমপি বক্ষ্যামি। ন রোধয়তি ন বশীকরোতি, যোগোঽষ্টাঙ্গঃ, সাংখ্যং তত্ত্বানাং বিবেকঃ, ধর্ম্মঃ সামান্যতোঽহিংসাদিঃ বর্ণাশ্রমাচারো বা, স্বাধ্যায়ো বেদজপঃ, তপঃ কৃচ্ছ্রাদি, ত্যাগঃ সংন্যাসঃ, ইষ্টাপূর্ত্তম্ ইষ্টং পূর্ত্তঞ্চ; তত্র ইষ্টমগ্নিহোত্রাদি, পূর্ত্তং কূপারামাদিনির্ম্মাণম্; দক্ষিণা-শব্দেন সামান্যতো দানং লক্ষ্যতে, ব্রতানি একাদশ্যুপবাসাদীনি, যজ্ঞো দেবপূজা, ছন্দাংসি রহস্যমন্ত্রাঃ, নিয়মা বাহ্যেন্দ্রিয়নিগ্রহাদয়ঃ, যমা অন্তঃ-করণসংযমাদয়; যদ্বা, 'অহিংসা সত্যমস্তেয়মসঙ্গো হ্রীরসঞ্চয়ঃ। আস্তিক্যং ব্রহ্মচর্য্যঞ্চ মৌনং স্থৈর্য্যং ক্ষমা ভয়ম্ ॥ শৌচং জপস্তপো হোমঃ শ্রদ্ধাতিথ্যং মদর্চ্চনম্। তীর্থাটনং পরার্থেহা তুষ্টিরাচার্য্যসেব-

নম্ ॥' (শ্রীভাঃ ১১।১৯।৩৩-৩৪) ইতি ভগবদুক্ত-লক্ষণা গ্রাহ্যাঃ। অত্র অস্তেয়ং মনসাপি পরস্বাগ্রহণং, আস্তিক্যং ধর্ম্মে বিশ্বাসঃ, ভয়ং পাপাদিভ্যঃ, শৌচং বাহ্যমান্তরঞ্চেতি দ্বয়ম্, অতো দ্বাদশনিয়মাঃ শ্রদ্ধা ধর্ম্মাদয় ইতি। অবরুন্ধে বশীকরোতি, সর্ব্বসঙ্গাপহঃ বাহ্যান্তরাশেষাসক্তি-নিরসনঃ ॥ ২৮০ ২৮২ ॥

অতএবোক্তং বিদুরেণ তৃতীয়স্কন্ধে (৭।১৯)
যৎসেবয়া ভগবতঃ কূটস্থস্য মধুদ্বিষঃ।
রতিরাসো ভবেত্তীব্রঃ পাদয়োর্ব্যসনার্দ্দনঃ ॥২৮৩॥

অনুবাদ—অতএব তৃতীয়স্কন্ধে শ্রীবিদুর মহারাজের বাক্য—হে মৈত্রেয়! হে মুনে! আপনাদের ন্যায় মহাত্মাদের শ্রীপাদপদ্ম সেবার দ্বারা কি না হয়? আপনাদের সেবার দ্বারা নির্ব্বিকার, মধুদ্বেষি শ্রীভগবানের পাদপদ্মে তীব্র রতি জাত হয় এবং তাহাতেই সংসার ক্ষয় পায় ॥ ২৮৩ ॥

টীকা—যেষাং ভগবদ্ভক্তানাং সেবয়া সঙ্গরূপয়া, কূটস্থস্য নির্ব্বিকারস্যাপি; যদ্বা, শ্রীগোবর্দ্ধনশৃঙ্গোপরি বর্ত্তমানস্য মধুদ্বিষো ভগবতঃ শ্রীকৃষ্ণস্য পাদয়োঃ চরণারবিন্দয়ো রতিরাসঃ প্রেমোৎসবঃ তীব্রঃ স্বাভাবিকো ভবেৎ। ব্যসনং সংসারদুঃখমর্দ্দয়তি নাশয়তীতি তথা সঃ; যদ্বা, মধুদ্বিট্‌সম্বন্ধিরত্যা প্রেম্না রতিযুক্তো বা রাসঃ রাসক্রীড়া তীব্রঃ অতুৎকটঃ দেবাদীনামপি মোহনত্বাৎ বহুকালব্যাপিত্বাচ্চ। পাদয়োর্ব্যসনানি দুঃখান্যর্দয়তীতি তথা সঃ, সর্ব্বেন্দ্রিয়ানন্দকস্যাপি রাসস্য প্রায়ো নৃত্যবিশেষত্বেন গতিবিশেষসম্পত্তেঃ যদ্বা, মধুদ্বিষঃ পাদয়োরিত্যেবান্বয়ঃ। ততশ্চ তচ্চরণারবিন্দদ্বয়েন সহেত্যর্থঃ পূর্ব্ববদেব, অতোঽস্য ফলবিশেষত্বেনান্তে লেখ্যঃ ॥ ২৮৩ ॥

অথ স্বতঃ পরমপুরুষার্থতা

প্রথমস্কন্ধে শ্রীশৌনকাদীনাম্ (১৮।১৩), চতুর্থে চ শ্রীপ্রচেতসামুক্তৌ (৩০।৩৪)—
তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবম্।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ২৮৪ ॥

অনুবাদ—অতঃপর ভগবদ্ভক্তসঙ্গের স্বতঃ পরমপুরুষার্থত্ব প্রথমস্কন্ধে শ্রীশৌনকাদির এবং চতুর্থস্কন্ধে শ্রীপ্রচেতোগণের উক্তি অনুযায়ী—হে প্রভো! ভগবৎসঙ্গিগণের সঙ্গলেশের সঙ্গে আমরা স্বর্গ এবং মোক্ষেরও তুলনা করি না; এই বিষয়ে মানবজাতির আকাঙ্ক্ষিত অন্যান্য বিষয়ের কথা আর কি বলিব? ॥ ২৮৪ ॥

টীকা—ভগবৎসঙ্গিনো ভগবদ্ভক্তাঃ, তেষাং সঙ্গস্য যো লবঃ অত্যল্পঃ কালঃ, তেনাপি স্বর্গং ন তুলয়াম, সমং ন পশ্যাম, ন চাপুনর্ভবং মোক্ষম্। মর্ত্ত্যানাং তুচ্ছা আশিষো রাজ্যাদ্যা ন তুলয়ামেতি কিমুত বক্তব্যম্। এবং ফলরূপাৎ স্বর্গাৎ অপবর্গাদপ্যধিকত্বেন সৎসঙ্গস্য পরমফলত্বং সিদ্ধম্ ॥ ২৮৪ ॥

চতুর্থে শ্রীপ্রচেতসঃ প্রতি শ্রীশিবোপদেশে (২৪।৫৭)—
ক্ষণার্দ্ধেনাপি তুলয়ে ন স্বর্গং নাপুনর্ভবম্।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ২৮৫ ॥

অনুবাদ—চতুর্থস্কন্ধে শ্রীপ্রচেতার প্রতি শ্রীশিবের উপদেশ বাক্য—মর্ত্ত্যগণের রাজ্য প্রভৃতি বিষয়ের কথা দূরে থাকুক, ভগবৎ-সঙ্গিগণের অর্দ্ধক্ষণ সঙ্গের সহিত স্বর্গ বা মোক্ষেরও তুলনা হয় না ॥ ২৮৫ ॥

টীকা—ভগবৎ-সঙ্গিসঙ্গস্য ক্ষণার্দ্ধেনাপি স্বর্গং ন তুলয়ে, সমং ন পশ্যামি, ন বাপুনর্ভম্ ॥ ২৮৫ ॥

দ্বাদশে শ্রীমার্কণ্ডেয়োপাখ্যানে শ্রীশিবস্য (১০।৭)—
তথাপি সংবদিষ্যামো ভবান্যেতেন সাধুনা।
অয়ং হি পরমো লাভো নৃণাং সাধুসমাগমঃ ॥২৮৬

অনুবাদ—দ্বাদশস্কন্ধে শ্রীমার্কণ্ডেয়োপাখ্যানে শ্রীশিব কহিলেন—তুমি অনুরোধ করিতেছ, তাই হে দেবি! আমি ইহার সহিত কথা বলিব, যেহেতু সাধুসমাগমই সকলের পক্ষে পরম লাভ জনক ॥ ২৮৬ ॥

টীকা—যদ্যপি 'নৈবেচ্ছত্যাশিষঃ ক্বাপি ব্রহ্মর্ষির্মোক্ষমপ্যুত। ভক্তিং পরাং ভগবতি লব্ধবান্ পুরুষেঽব্যয়ে ॥' (শ্রীভাঃ ১২।১০।১৬), তথাপি অনেন মার্কণ্ডেয়েন সহ সংবদিষ্যামঃ, সম্ভাষাং করিষ্যামঃ, যতঃ সাধুভিঃ সমাগমঃ সংযোগঃ অয়মেব পরমো লাভঃ ফলম্ ॥ ২৮৬ ॥

অতএব শ্রীপ্রহ্লাদং প্রতি শ্রীধরণ্যোক্তম্ হরিভক্তিসুধোদয়ে—

অক্ষ্ণোঃ ফলং ত্বাদৃশদর্শনং হি
তন্বাঃ ফলং তাদৃশগাত্রসঙ্গঃ ।
জিহ্বাফলং ত্বাদৃশকীর্ত্তনং হি
সুদুর্ল্লভা ভাগবতা হি লোকে ॥ ২৮৭ ॥

অনুবাদ—অতএব হরিভক্তিসুধোদয়ে শ্রীপ্রহ্লাদের প্রতি শ্রীবসুমতীর বাক্য—সেই প্রকার ভক্তগণের দর্শনই নেত্রদ্বয়ের ফল, গাত্রসঙ্গই দেহের ফল এবং তাঁহাদের নাম কীর্ত্তনই জিহ্বার ফল কারণ এই সংসারে ভগবদ্ভক্তগণই পরম দুর্ল্লভ ॥ ২৮৭ ॥

টীকা—ত্বাদৃশানাং কথঞ্চিৎ ত্বদনুকরণবতামপি দর্শনমেবাক্ষ্ণোঃ ফলম্, এবমন্যদপি ॥ ২৮৭ ॥

অতএব বিদুরেণ তৃতীয়স্কন্ধে (৭।২০)—

দুরাপা হ্যল্পতপসঃ সেবা বৈকুণ্ঠবর্ত্মসু ।
যত্রোপগীয়তে নিত্যং দেবদেবো জনার্দ্দনঃ ॥২৮৮॥

অনুবাদ—তৃতীয়স্কন্ধে শ্রীবিদুরের বাক্যে—যাঁহারা মহদ্ব্যক্তি তাঁহারা সব সময়ের জন্যই ভগবান জনার্দ্দনের গুণকীর্ত্তন করেন, তাঁহারা ভগবানের অথবা তাঁর বাসস্থান বৈকুণ্ঠধামের মার্গস্বরূপ। তাঁহাদিগের সেবা অল্পতপা ব্যক্তিগণের পক্ষে অনায়াসলভ্য হয় না অর্থাৎ বহু তপস্যার ফলেই প্রকৃত সাধুসঙ্গ লাভ হয় ॥ ২৮৮ ॥

টীকা—বৈকুণ্ঠবর্ত্মসু শ্রীভগবতঃ তল্লোকস্য বা মার্গভূতেষু মহৎসু সেবা সঙ্গাদিরূপা অল্পতপসঃ ভাগ্যবিশেষহীনস্য জনস্য দুরাপা যত্র যৈরিত্যর্থঃ ; যদ্বা, যেষু বিষয়েঽবন্যৈরপি সর্ব্বৈর্গীয়তে, অতস্তেষাং সান্নিধ্যমাত্রেণৈব কৃতার্থতা, ন চোপদেশাপেক্ষাপীতি ভাবঃ ; যদ্বা যেষু নিমিত্তেষু যৎপ্রাপ্ত্যর্থমিত্যর্থঃ, এবঞ্চ সৎসঙ্গস্য স্বতঃ পুরুষার্থতা সিদ্ধৈব ॥ ২৮৮ ॥

শ্রীবিদেহেনাপ্যেকাদশস্কন্ধে (২।২৯)—

দুর্ল্লভো মানুষো দেহো দেহিনাং ক্ষণভঙ্গুরঃ ।
তত্রাপি দুর্ল্লভং মন্যে বৈকুণ্ঠপ্রিয়দর্শনম্ ॥ ২৮৯ ॥

অনুবাদ—একাদশস্কন্ধে শ্রীবিদেহের উক্তিতে—দেহধারণকারী প্রাণিদের মধ্যে এই ক্ষণভঙ্গুর মনুষ্য দেহ দুর্ল্লভ, তাহার মধ্যে আবার শ্রীবিষ্ণুভক্তগণের দর্শন লাভ আরও দুর্ল্লভ ॥ ২৮৯ ॥

টীকা—বহবো দেহা ভবন্তি যেষান্তে দেহিনো জীবাস্তেষাং ক্ষণভঙ্গুরোঽপি মানুষো দেহো দুর্ল্লভঃ, পরমপুরুষার্থসাধনত্বাৎ। বৈকুণ্ঠঃ প্রিয়ো যেষাং বৈকুণ্ঠস্য বা প্রিয়াস্তেষাং দর্শনমপি, কিমুত সঙ্গাদিকম্ ॥ ২৮৯ ॥

অতএব হি প্রার্থিতং শ্রীধ্রুবেণ চতুর্থস্কন্ধে (৯।১১)—

ভক্তিং মুহুঃ প্রবহতাং ত্বয়ি মে প্রসঙ্গো
ভূয়াদনন্ত মহতামমলাশয়ানাম্ ।
যেনাঞ্জসোল্বণমুরুব্যসনং ভবাব্ধিম্
নেষ্যে ভবদ্গুণকথামৃতপানমত্তঃ ॥ ২৯০ ॥

অনুবাদ—অতএব চতুর্থস্কন্ধে শ্রীধ্রুব মহারাজ প্রার্থনা করিতেছেন—বিমলমতি মহাপুরুষগণ সর্ব্বদা আপনাতে ভক্তিপরায়ণ, হে দেবদেব ! হে অনন্ত ! আমার প্রার্থনা—তোমার কথা শ্রবণের জন্য তাঁহাদিগের সহিত যেন আমার প্রসঙ্গ হয়। যেহেতু মহৎসঙ্গ পাইলেই আমি আপনার গুণকথা পানে মত্ত হইয়া অনায়াসে এই ভীষণ মহাঘোর বিপদসঙ্কুল ভবসাগর সহজেই উত্তীর্ণ হইতে পারিব ॥ ২৯০ ॥

টীকা—ভক্তিং ত্বয়ি প্রবহতাং সাতত্যেন কুর্ব্বতাম্ অতএবামলাশয়নাং প্রসঙ্গো মে ময়া সহ ভূয়াৎ। ননু মোক্ষং কিং ন যাচসে ? অত আহ—যেন মহৎপ্রসঙ্গেন অঞ্জসা অযত্নত এব, উরূণি ব্যসনানি যস্মিন্ তৎ, নেষ্যে পারং গমিষ্যামি। ভগবদ্গুণকথৈবামৃতং, তস্য পানেন মত্তঃ সন্ ; অত্র মত্ত-শব্দেনৈবং সূচ্যতে—যথা মদিরামত্তো ন জানাতি কথং রাত্রির্গতা, দিনমায়াতং বেত্তি, তথা সৎসঙ্গজাতকথামৃতপানমত্তোঽপি ন জানাতি কথং সংসারোঽপগতঃ, মোক্ষো বা জাত ইতি। এবমমৃতপানস্য যথা দেহগেহাদ্যননুসন্ধানং ন ফলং, কিন্তু পরমমধুররসাস্বাদনাদিকমেব, তথা সৎসঙ্গস্য ভগবৎকথামৃতপানমেব ফলং, মোক্ষস্ত্বানুষঙ্গিকঃ স্বয়মেবোপস্থাস্যতি, কিন্তদ্যাচনেনেতি ভাবঃ ॥ ২৯০ ॥

প্রচেতসঃ প্রত্যুপদেশে শ্রীশিবেন চ
(শ্রীভাঃ ৪।২৪।৫৮)—

অথানঘাঙ্ঘ্রেস্তব কীর্ত্তিতীর্থয়োর-
ন্তর্বহিঃস্নানবিধূতপাপানাম্ ।
ভূতেষ্বনুক্রোশ-সুসত্ত্বশীলিনাং
স্যাৎ সঙ্গমোঽনুগ্রহ এষ নস্তব ॥ ২৯১ ॥

অনুবাদ—প্রচেতোগণের প্রতি শ্রীশিবের উপদেশ প্রসঙ্গে বলা হইয়াছে—তোমার কীর্ত্তনগাথারূপ অমৃত-ধারায় এবং চরণোদ্ভূতা গঙ্গাধারায় যাঁহারা স্নাত এবং তজ্জন্য পাতকশূন্য, যাঁহারা দয়ালু ও রাগাদি-রহিত হে প্রভো। আপনি এইরূপ কৃপা করুন, যাহাতে এই প্রকার ভগবদ্ভক্তগণে সঙ্গলাভ করি ॥ ২৯১ ॥

টীকা—অথ অতো হেতোঃ, অনঘৌ অঘহরাবঙ্ঘ্রী যস্য তস্য তব কীর্ত্তির্যশঃ তীর্থং গঙ্গা তয়োঃ ক্রমে-ণান্তর্বহিঃ-স্নানাভ্যাং বিধূতঃ বিনাশিতঃ পাপ্মা যেষা-মন্যেষামপি যৈরিতি বা ; অতএব ভূতেষু অনুক্রোশঃ কৃপা সুসত্ত্বঞ্চ রাগাদিরহিতং চিত্তং শীলং চার্জ্জবাদি, তদ্বতাং সঙ্গোঽস্মাসু অস্তু। এষ এব নোঽস্মান্ প্রতি ত্বদনুগ্রহঃ ॥ ২৯১ ॥

———

শ্রীপ্রচেতোভিশ্চ (শ্রীভাঃ ৪।৩০।৩৩)—

যাবত্তে মায়য়া স্পৃষ্টা ভ্রমাম ইহ কর্ম্মভিঃ ।
তাবদ্ভবৎপ্রসঙ্গানাং সঙ্গঃ স্যান্নো ভবে ভবে ॥২৯২॥

অনুবাদ—শ্রীপ্রচেতোগণও বলিয়াছেন যে,—হে প্রভো! আমরা তোমার মায়ায় মোহিত হইয়া যত-দিন সংসারে ভ্রমণ করিব ততদিন যেন তোমার সঙ্গিগণের সঙ্গলাভ করি ॥ ২৯২ ॥

টীকা—স্পৃষ্টা ব্যাপ্তাঃ সন্তো বয়ং কর্ম্মভির্যাবদিহ প্রপঞ্চমধ্যে ভ্রমামস্তাবদ্ভবতি প্রকৃষ্টঃ সঙ্গো যেষাং তেষাং সঙ্গোঽস্মাকং জন্মনি জন্মনি স্যাৎ। যাবদ্-ভ্রমামস্তাবদিতি শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্তৌ স্বত এব ভগ-বদ্ভক্তানাং সঙ্গসিদ্ধেঃ ; যদ্বা, যাবৎ কর্ম্মভির্ভ্রমামঃ মায়য়া অস্পৃষ্টা মুক্তা বা ভবামঃ। এবং ভবে সং-সারে অভবে চ মোক্ষে সঙ্গঃ স্যাৎ ; অন্যৎ সমানম্ ॥ ২৯২ ॥

———

শ্রীপ্রহ্লাদেনাপি সপ্তমস্কন্ধে (ভাঃ ৯।২৪)—

তস্মাদমূস্তনুভৃতামহমাশিষোঽজ্ঞ
আয়ুঃ শ্রিয়ং বিভবমৈন্দ্রিয়মাবিরিঞ্চাৎ ।
নেচ্ছামি তে বিলুলিতানুরুবিক্রমেণ
কালাত্মনোপনয় মাং নিজভৃত্যপার্শ্বম্ ।
ইতি ॥ ২৯৩ ॥

অনুবাদ—সপ্তমস্কন্ধে শ্রীপ্রহলাদমহারাজের কথায়—হে প্রভো। দেহিগণের ঐ সকল ভোগাবসানের ফল আমার জানা আছে এই কারণেই আমি আয়ু, শ্রী,যশঃ, ধনসম্পদ ব্রহ্মাদিদেবতার ভোগ্য বিষয়, অনিমাদি সিদ্ধি কিছুই আকাঙ্ক্ষা করি না, যেহেতু স্পষ্টই দেখা যাইতেছে আপনি নিজেই বিক্রমশালী কালরূপ ধারণ করিয়া ঐ গুলির বিনাশ সাধন করেন। অতএব আমার এই মাত্র প্রার্থনা আপনার কিঙ্করগণের নিকট আমাকে লইয়া যান ॥ ২৯৩ ॥

টীকা—যস্মাৎ লোকপ্রার্থ্যাঃ স্বর্গিণামায়ুরাদয়ো বিভবা মৎপিতৃক্রোধ-ভ্রূক্ষেপেণৈব বিনষ্টাস্তস্মাৎ আশিষঃ ভোগান্, ঐন্দ্রিয়ম্ ইন্দ্রিয়ৈর্ভোগ্যং, ব্রহ্মণো ভোগ্যমভিব্যাপ্য কিমপি নেচ্ছামি ; যতো জন্তুৎপরি-পাকং বিদ্বান্ নশ্বরত্বাদিত্যর্থঃ। তে কালাত্মনা কাল-রূপ-স্বরূপেণ উরুবিক্রমেণ বিলুলিতান্ অণিমাদী-নপি ; যদ্বা, কালাত্মনা অবিলুলিতান্ অস্পৃষ্টান্ অর্থান্ সালোক্যসারূপ্যসামীপ্যসাযুজ্যলক্ষণানপি নেচ্ছামি। তর্হি কিমিচ্ছসীত্যত আহ—উপনয়েতি। পরমফল-রূপস্তদ্ভক্তসঙ্গমো যত্র কুত্রাপি ভূয়াৎ, তত্র মম স্থানা-দ্যাগ্রহো নাস্তীতি ভাবঃ ॥ ২৯৩ ॥

———

অথাসৎসঙ্গদোষাঃ

অসদ্ভিঃ সহ সঙ্গস্তু ন কর্ত্তব্যঃ কদাচন ।
যস্মাৎ সর্ব্বার্থহানিঃ স্যাদধঃপাতশ্চ জায়তে ॥২৯৪॥

অনুবাদ – অতঃপর অসৎসঙ্গের দোষ—অসৎ ব্যক্তিগণের সঙ্গে কখনও সঙ্গ করিবে না। কারণ তাহাতে সকল অর্থের হানি ও অধঃপতন হয় ॥২৯৪

টীকা—এবং সৎসঙ্গসেবনমুপপাদ্য তস্যৈব দার্ঢ্যায়াসৎসঙ্গবর্জ্জনং লিখতি—অসদ্ভিরিতি। সর্ব্বে-ষামৈহিকানামামুষ্মিকাণাঞ্চ অর্থানাং সাধনানাং সাধ্যা-

নাপ্যং হানিঃ ক্ষয়ঃ স্যাৎ, ন চ তাবদেব, কিন্তু অধঃপাতঃ নরকাদি ভোগশ্চ জায়তে ॥ ২৯৪॥

শ্রীকাত্যায়নবাক্যে—

বরং হুতবহজ্বালাপঞ্জরান্তর্ব্যবস্থিতিঃ ।
ন শৌরিচিন্তাবিমুখজনসংবাসবৈশসম্ ॥ ২৯৫॥

অনুবাদ—শ্রীকাত্যায়নের কথায়—আগুনের শিখারূপ খাঁচায় বাস করাও ভাল, কিন্তু যেন শ্রীকৃষ্ণ চিন্তা-বিমুখজনের সহিত সঙ্গরূপ ক্লেশ ভোগ করিতে না হয় ॥ ২৯৫ ॥

টীকা—বিশেষেণ অবস্থিতিনিবাসঃ শৌরিঃ শ্রীকৃষ্ণস্তস্য চিন্তায়া অপি বিমুখো যো জনস্তেন সংবাসঃ সহবাস এব বৈশসং পীড়া তু নৈব সোঢ়ব্যমিত্যর্থঃ, লোকদ্বয়ো স্বকুলস্যাপ্যনর্থাবহত্বাৎ ॥ ২৯৫॥

পাদ্মে উত্তরখণ্ডে শ্রীউমামহেশ্বর-সংবাদে—

অবৈষ্ণবাস্তু যে বিপ্রাশ্চাণ্ডালাদধমাঃ স্মৃতাঃ ।
তেষাং সম্ভাষণং স্পর্শং সোমপানাদি বর্জ্জয়েৎ ॥২৯৬

অনুবাদ—পদ্মপুরাণে উত্তরখণ্ডে শ্রীউমা-মহেশ্বর-সংবাদে বলা হইয়াছে—অবৈষ্ণব ব্রাহ্মণদের সঙ্গে কথা বলা, তাঁহাদিগকে ছোঁওয়া এবং তাঁহাদের সহিত একসঙ্গে পান ভোজন বর্জ্জন করিবেন, যেহেতু তাঁহারা চণ্ডাল হইতেও বেশী পতিত বলিয়া কথিত হন ॥২৯৬

টীকা—কথঞ্চিৎ সম্ভাষণে সত্যপি স্পর্শং বর্জ্জয়েৎ, কথঞ্চিৎ স্পর্শে সত্যপি সোমপানং বর্জ্জয়েদিত্যর্থঃ। আদিশব্দেন সহবাসান্ন-ভক্ষণাদি ॥ ২৯৬ ॥

তৃতীয়স্কন্ধে শ্রীকপিল-দেবহূতি-সংবাদে
(৩১।৩৩-৩৫)

সত্যং শৌচং দয়া মৌনং বুদ্ধিহ্রীঃ শ্রীর্যশঃ ক্ষমা ।
শমো দমো ভগশ্চেতি যৎসঙ্গাৎ
যাতি সংক্ষয়ম্ ॥ ২৯৭ ॥
তেষ্বশান্তেষু মূঢ়েষু যোষিৎক্রীড়ামৃগেষু চ ।
সঙ্গং ন কুর্য্যাচ্ছোচ্যেষু খণ্ডিতাত্মস্বসাধুষু ॥ ২৯৮ ॥
ন তথাস্য ভবেন্মোহো বন্ধশ্চান্যপ্রসঙ্গতঃ ।
যোষিৎসঙ্গাদ্‌যথা পুংসো যথা তৎসঙ্গিসঙ্গতঃ ॥২৯৯॥

অনুবাদ—তৃতীয়স্কন্ধে শ্রীকপিল-দেবহূতিসংবাদে শ্রীকপিলদেব জননীকে বলিতেছেন হে মাতঃ! অসৎসঙ্গ অত্যন্ত অহিত কর। অসৎসঙ্গের প্রভাবে সত্য, শৌচ, দয়া, মৌন, মতি, হ্রী, শ্রী, কীর্ত্তি, ক্ষমা, শম, দম ঐশ্বর্য্য প্রভৃতি শুভসূচক সব কিছুই নষ্ট হয়। এই জন্য ঐ সকল মূর্খ, অশান্ত নারীগণের ক্রীড়ামৃগ স্বরূপ, নিন্দনীয়, দেহাত্মবুদ্ধি সম্পন্ন অসৎ জনের সহিত কদাপি সঙ্গ করা উচিত নহে। অসাধু লোকের সঙ্গ যেমন অহিত কর সেইরূপ অবৈধ স্ত্রী-সঙ্গ এবং স্ত্রীসঙ্গীর সঙ্গও অতিশয় অনিষ্ট কর। এই উভয়ের সঙ্গপ্রভাবে যেমন মোহ ও বন্ধন হয় অন্য সঙ্গে তেমন অনিষ্ট হয় না ॥ ২৯৭-২৯৯ ॥

টীকা—শমোঽন্তঃকরণোপরতিঃ, দমো বাহ্যেন্দ্রিয়সংযমঃ, ভগঃ ভাগ্যং, যোষিতাং ক্রীড়ামৃগবদধীনেষু। খণ্ডিতাত্মসু দেহাত্মবুদ্ধিষু অস্থিরচিত্তেষ্বিতি বা, অতএব শোচ্যেষু নিন্দ্যেষু ॥ ২৯৭-২৯৮ ॥

টীকা—অত্র চ যোষিতাং যোষিদাসক্তানাঞ্চ সঙ্গোঽবশ্যং ত্যাজ্য ইত্যাহ—ন তথেতি। যথা চ যোষিৎসঙ্গিনাং সঙ্গতো বন্ধো মোহশ্চ, তথা অন্য-প্রসঙ্গতো ন ভবেৎ ॥ ২৯৯ ॥

একাদশে চ শ্রীভগবদুদ্ধ-সংবাদে (২৬।৩)—

সঙ্গং ন কুর্য্যাদসতাং শিশ্নোদরতৃপাং ক্বচিৎ ।
তস্যানুগস্তমস্যন্ধে পতত্যন্ধানুগোঽন্ধবৎ ॥ ৩০০ ॥

অনুবাদ—একাদশস্কন্ধে শ্রীউদ্ধবসংবাদে —ভোজন ও ইন্দ্রিয় পরায়ণ অসৎ লোকের সঙ্গ করিলে অন্ধের অনুগামী অন্ধের মত অন্ধতম কূপে পতিত হইতে হয়। অতএব এই প্রকার ব্যক্তির সঙ্গ সর্ব্বতোভাবে পরিহার করিবে ॥ ৩০০ ॥

টীকা—অসতাং লক্ষণমাহ—শিশ্নোদরে তর্পয়ন্তীতি শিশ্নোদরতৃপস্তেষাং ক্বচিৎ কদাচিদপি। আস্তাং তাবত্তাদৃশানাং বহূনাং সঙ্গঃ, তস্যৈব কস্যাপ্যনুগঃ অনুবর্ত্তী, অন্ধমনুগচ্ছতি যোঽন্ধস্তদ্বৎ ॥ ৩০০ ॥

ভগবদ্ভক্তিহীনা যে মুখ্যাঽসন্তস্ত এব হি ।
তেষাং নিষ্ঠা শুভা ক্বাপি ন
স্যাৎ সচ্চরিতৈরপি ॥ ৩০১ ॥

অনুবাদ—ভগবদ্ভক্তিবিমুখ জনেরাই অসাধু প্রধান, সদাচারনিষ্ঠ হইলেও কোন স্থানে তাহাদের শুভগতি হয় না ॥ ৩০১ ॥

টীকা—যদ্যপি যোষিদাসক্তাঃ শিশ্নোদরতর্পণপরা এবাসন্তো নির্দ্দিষ্টাঃ, তথাপ্যভক্তা এবাসৎসু মুখ্যাঃ ভগবদ্ভক্ত্যভাবেন সর্ব্বদোষাশ্রয়ত্বাৎ ; অতস্তেষাং কথঞ্চিৎ কুত্রাপি শুভং ন স্যাদিতি সৎসঙ্গতিদার্ঢ্যায়ৈব লিখতি—ভগবদ্ভক্তীতি। মুখ্যাশ্চ তে অসন্তশ্চ পরমাসাধব ইত্যর্থঃ ; নিষ্ঠা গতিঃ প্রাপ্যমিত্যর্থঃ ॥ ৩০১ ॥

অথাসতাং নিষ্ঠা

বৃহন্নারদীয়ে প্রায়শ্চিত্তপ্রকরণান্তে—

কিং বেদৈঃ কিমু বা শাস্ত্রৈঃ কিমু তীর্থনিষেবণৈঃ।
বিষ্ণুভক্তি-বিহীনানাং কিন্তপোভিঃ কিমধ্বরৈঃ ॥৩০২

অনুবাদ—অতঃপর অসদ্ব্যক্তিগণের গতি বৃহন্নারদীয়পুরাণে প্রায়শ্চিত্ত প্রকরণের অন্তে বিষ্ণুভক্তি বিহীন ব্যক্তিদের বেদ, শাস্ত্র, তপস্যা তীর্থসেবা ও যজ্ঞানুষ্ঠানে কি ফল হইবে ? ৩০২ ॥

টীকা—বেদাদিভিঃ কিং ? অপি তু ন কিমপি ফলমিত্যর্থঃ। সর্ব্বেষাং সৎকর্ম্মণাং ভগবদ্ভক্তিসাধনত্বাৎ তদভাবে চ বৈয়র্থ্যাপত্তেঃ ; তদুক্তম্—'ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাম্' (শ্রীভাঃ ১।২।৮) ইত্যাদি ॥৩০২॥

শ্রীগারুড়ে—

অন্তং গতোঽপি বেদানাং সর্ব্বশাস্ত্রার্থবেদ্যপি।
যো ন সর্ব্বেশ্বরে ভক্তস্তং
বিদ্যাৎ পুরুষাধমম্ ॥ ৩০৩ ॥

অনুবাদ—শ্রীগরুড়পুরাণে বলা হইয়াছে—সর্ব্বেশ্বর শ্রীকৃষ্ণের প্রতি ভক্তিমান্ না হইলে সর্ব্ববেদ পারদর্শী ও সর্ব্বশাস্ত্রবেত্তা হইলেও পুরুষাধম বলিয়া গণ্য হয় ॥ ৩০৩ ॥

তৃতীয়স্কন্ধে (৯।১০) শ্রীব্রহ্মস্তবৌ—

অহ্ন্যাপৃতার্ত্তকরণা নিশি নিঃশয়ানা
নানামনোরথধিয়া ক্ষণভগ্ননিদ্রাঃ।
দৈবাহতার্থরচনা ঋষয়োঽপি দেবা
যুষ্মৎ-প্রসঙ্গবিমুখা ইহ সংসরন্তি ॥ ৩০৪ ॥

অনুবাদ—তৃতীয়স্কন্ধে শ্রীব্রহ্মস্তুতিতে—হে প্রভো ! অভক্ত হইলে বিবেকবান ব্যক্তিগণও দুর্গতিগ্রস্ত হয়। তোমাতে ভক্তি বিমুখ ঋষিগণ ও দেবগণেরও ভব যন্ত্রণা হইয়া থাকে। দিনের বেলা ইন্দ্রিয় বর্গ বিবিধ বিষয়ে ব্যাপৃত থাকায় ক্লিষ্ট হয় এবং রাত্রিতে নিদ্রার সময়েও সুখ হীন হইয়া পুনঃ পুনঃ স্বপ্ন দেখিয়া নিদ্রাসুখ বঞ্চিত হয় আর দুরদৃষ্টহেতু অর্থ উপার্জ্জনের উদ্যম ব্যহত হয়, এই জন্য বিবেকী জনেরও তোমার প্রতি ভক্তি করা উচিত ॥ ৩০৪ ॥

টীকা—বিবেকিনোঽপ্যভক্তাশ্চেৎ সদা সংসারদুঃখাদ্যনুভবন্ত্যেবেত্যাহ—অহ্নীতি। দিবসে আপৃতানি চ তানি আর্ত্তানি চ ক্লিষ্টানি করণানি ইন্দ্রিয়াণি যেষাম্ ; রাত্রাবপি সুখলবো নাস্তি, যতো নিঃশয়ানাঃ স্বপ্নদর্শনেন চ ক্ষণে ক্ষণে ভগ্ননিদ্রাঃ, দৈবেন আহতাঃ সর্ব্বতঃ প্রতিহতাঃ অর্থরচনাঃ অর্থার্থোদ্যমা যেষাম্ ॥ ৩০৪ ॥

অতএবোক্তং ষষ্ঠে (১।১৮)—

প্রায়শ্চিত্তানি চীর্ণানি নারায়ণপরাঙ্মুখম্।
ন নিষ্পুনন্তি রাজেন্দ্র সুরাকুম্ভমিবাপগাঃ ॥ ৩০৫ ॥

অনুবাদ—অতএব ষষ্ঠস্কন্ধে—হে নৃপ ! নদী সকল যেমন মদ্যভাণ্ড পবিত্র করিতে সমর্থ নহে, সেই প্রকার নিয়ম অনুসারে অনুষ্ঠিত মহাপ্রায়শ্চিত্ত ও নারায়ণ পরাঙ্মুখ জনকে পবিত্র করিতে পারে না। একমাত্র ভক্তিই সর্ব্বত্র সর্ব্বতোভাবে পবিত্রতা বিধান করিতে পারেন ॥ ৩০৫ ॥

টীকা—চীর্ণানি কৃতান্যপি ন নিষ্পুনন্তি, শোধয়ন্তি, মহতামপ্যশোধকত্বে দৃষ্টান্তঃ সুরাকুম্ভমাপগা ইবেতি ॥ ৩০৫ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

কুতঃ পাপক্ষয়স্তেষাং কুতস্তেষাঞ্চ মঙ্গলম্।
যেষাং নৈব হৃদিস্থোঽয়ং মঙ্গলায়তনো হরিঃ ॥৩০৬

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—মঙ্গলময় শ্রীহরি যাহাদের হৃদয়ে অবস্থান করেন না, তাহাদের কি প্রকারে মঙ্গল হইবে ? পাপক্ষয়েরই বা সম্ভাবনা কোথায় ? ৩০৬ ॥

টীকা—মঙ্গলম্ ঐহিকামুষ্মিকশ্রেয়ঃ, হৃদিস্থোঽপি ন স্যাৎ, মনসাপি ন চিন্ত্যত ইত্যর্থঃ ॥ ৩০৬ ॥

অতএব বৃহন্নারদীয়ে লুব্ধকোপাখ্যানারম্ভে—

হরিপূজা-বিহীনাশ্চ বেদবিদ্বেষিণস্তথা ।
দ্বিজগো-দ্বেষিণশ্চাপি রাক্ষসাঃ পরিকীর্ত্তিতাঃ ॥৩০৭॥

অনুবাদ—অতএব বৃহন্নারদীয়পুরাণে লুব্ধকোপাখ্যানের আরম্ভে যাঁহারা শ্রীহরিপূজা বিমুখ, বেদবিদ্বেষী এবং গো-ব্রাহ্মণে হিংসা পরায়ণ তাঁহাদিগকে রাক্ষস বলিয়া গণ্য করা হয় ॥ ৩০৭ ॥

টীকা—হরিপূজাবিহীনত্বাদেব বেদাদিবিদ্বেষিণো রাক্ষসাশ্চ পরিকীর্ত্তিতাঃ ॥ ৩০৭ ॥

অতএব নিজদূতান্ প্রতি ধর্ম্মরাজস্যানুশাসনং ষষ্ঠস্কন্ধে (৩।২৮-২৯)

তানানয়ধ্বমসতো বিমুখান্ মুকুন্দ-
পাদারবিন্দমকরন্দরসাদজস্রম্ ।
নিষ্কিঞ্চনৈঃ পরমহংসকুলৈ রসজ্ঞৈ-
র্জুষ্টাদ্‌গৃহে নিরয়বর্ত্মনি বদ্ধতৃষ্ণান্ ॥ ৩০৮ ॥

অনুবাদ—অতএব ষষ্ঠস্কন্ধে নিজ দূতগণের প্রতি ধর্ম্মরাজ যমের অনুশাসন প্রসঙ্গে—হে দূতগণ ! অকিঞ্চন রসজ্ঞ পরমহংসকুল সেবিত শ্রীহরিচরণ-কমল-মধুরসপানে বিমুখ এবং নরকমার্গস্বরূপ গৃহ-সুখে বদ্ধতৃষ্ণ ব্যক্তিগণকে আমার নিকট লইয়া আসিও ॥ ৩০৮ ॥

টীকা—অসতো দুষ্টান্ তানেবাহ—মুকুন্দপদারবিন্দয়োর্মকরন্দরূপো রসঃ ভক্তিলক্ষণস্তস্মাদ্বিমুখান্। কথম্ভুতান্ ? রসজ্ঞৈঃ ভক্তিসুখাভিজ্ঞৈঃ রসবিবেকিভির্বা পরমহংসকুলৈঃ, অতএব নিষ্কিঞ্চনৈঃ অভিমান-শূন্যৈর্নিরপেক্ষৈর্বা, অজস্রং জুষ্টান্ সেবিতান্ ; যদ্বা, অজস্রং বিমুখানিতি সম্বন্ধঃ । তাদৃশে মহারসে সকৃৎ ক্ষণমপি যেঽভিমুখা ন ভবন্তি, তানিত্যর্থঃ । অসতাং জ্ঞাপকমাহ—নিরয়বর্ত্মনি স্বধর্ম্মশূন্যে গৃহে অনিবেদিতভোগাদৌ বা বদ্ধাস্তৃষ্ণা যৈস্তান্ দণ্ডার্থমিহানয়ধ্বম্ ; এবং তেষাং লক্ষণং নিষ্ঠা চোক্তা ॥ ৩০৮ ॥

জিহ্বা ন বক্তি ভগবদ্‌গুণনামধেয়ং
চেতশ্চ ন স্মরতি তচ্চরণারবিন্দম্ ।
কৃষ্ণায় নো নমতি যচ্ছির একদাপি
তানানয়ধ্বমসতোঽকৃতবিষ্ণুকৃত্যান্ ॥ ৩০৯ ॥

অনুবাদ—যাহাদের রসনা একবারও ভগবানের গুণকীর্ত্তন বা নামোচ্চারণ না করে, যাহাদের মন একবারও ভগবচ্চরণ-পদ্ম স্মরণ না করে, যাহাদের মস্তক শ্রীকৃষ্ণচরণকমলে একবারও প্রণত হয় না এবং যাহারা আজন্ম ভগবদ্-ব্রতের অনুষ্ঠান করে নাই, সেই সকল দুষ্ট ব্যক্তিগণকে আমার নিকট লইয়া আসিও ॥ ৩০৯ ॥

টীকা—কিঞ্চ, যৎ যেষাং জিহ্বেত্যাদ্যন্বয়ঃ, ন কৃতঃ বিষ্ণুকৃত্যং ভগবদ্ব্রতম্ একাদশ্যুপবাস-কার্ত্তিকনিয়মাদি যৈস্তাংশ্চ একদাপীত্যস্য পূর্ব্বাবাক্য-দ্বয়ে সম্বন্ধঃ । অপি-শব্দস্যাপি সর্ব্বত্রানুষঙ্গঃ । ততশ্চায়মর্থঃ—জিহ্বাপি গুণ-কৃত-নামধেয়ং দীনবৎসল ইত্যাদিকমপি ন বক্তীতি যথা কথঞ্চিদেব নামোচ্চারণম্, তচ্চ নিজার্ত্ত্যাদি-হেতুনাপি, ন ত্বর্থানুসন্ধানপূর্ব্বকং শ্রদ্ধয়া শ্রীকৃষ্ণস্য নাম সম্যগুচ্চারণং করোতীত্যর্থঃ । এবং চেতোঽপি তচ্চরণারবিন্দমপীতি যথাকথঞ্চিন্মনোমাত্রেণৈবাঙ্গস্য স্পর্শনং, ন তু সর্ব্বাঙ্গস্য, শ্রীমচ্চরণারবিন্দয়োর্বা সম্যক্ ধ্যানম্ ; তথা শিরোঽপি কৃষ্ণায়াপীতি, শিরোভির্নমনমাত্রেণ বন্দনং, তচ্চ কৃষ্ণোদ্দেশেন যৎ কিঞ্চিদপ্যালক্ষ্যেতি, ন তু সর্ব্বাঙ্গৈঃ সাক্ষাৎ শ্রীমূর্ত্ত্যাদিকং বেতি । এবং কথঞ্চিদপি শ্রীকৃষ্ণভক্তিসম্বন্ধহীনা যে তানেবানয়ধ্বমিতি । অতএব জিহ্বাদি-শব্দপ্রয়োগঃ, অন্যথা জিহ্বাদীনামেব বচনাদিব্যাপারাৎ পুনস্তত্তচ্ছব্দপ্রয়োগস্য বৈয়র্থ্যাপত্তেরিতি দিক্ ॥ ৩০৯ ॥

অথ শ্রীবৈষ্ণবনিন্দাদিদোষঃ

স্কান্দে মার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে—

যো হি ভাগবতং লোকমুপহাসং নৃপোত্তম ।
করোতি তস্য নশ্যন্তি অর্থধর্ম্মযশঃসুতাঃ ॥ ৩১০ ॥

নিন্দাং কুর্ব্বন্তি যে মূঢ়া বৈষ্ণবানাং মহাত্মনাম্ ।
পতন্তি পিতৃভিঃ সার্দ্ধং মহারৌরবসংজ্ঞিতে ॥৩১১॥

অনুবাদ—অনন্তর শ্রীবৈষ্ণব-নিন্দাদি-দোষ সম্বন্ধে স্কন্দপুরাণে মার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে—হে নৃপেন্দ্র ! ভগবদ্ভক্তকে উপহাস করিলে ধর্ম্ম, অর্থ, কীর্ত্তি ও সন্তানসন্ততি বিনষ্ট হয়। মহাত্মা বৈষ্ণবগণের নিন্দাকারী মূর্খব্যক্তিগণ পিতৃগণের সহিত মহারৌরব নরকে পতিত হয় ॥ ৩১০-৩১১ ॥

টীকা—অসতাং নিষ্ঠামেব বিশেষতো দর্শয়ন্ তেষু চাসৎসু মধ্যে বৈষ্ণববিষয়কাপরাধিনোঽসত্তম-মুখ্যা ইত্যভিপ্রেত্য তেষাঞ্চ নিষ্ঠাদিকং পূর্ব্বতো বিশেষেণ পৃথক্ লিখতি—যো হীত্যাদীনা অচ্যুত ইত্যন্তেন ॥ ৩১০ ॥

হন্তি নিন্দতি বৈ দ্বেষ্টি বৈষ্ণবান্নাভিনন্দতি ।
ক্রুধ্যতে যাতি নো হর্ষং দর্শনে পতনানি ষট্ ॥৩১২॥

অনুবাদ—যে ব্যক্তি বৈষ্ণবগণকে প্রহার, নিন্দা, দ্বেষ বা অনাদর করে বা তাঁহাদের প্রতি ক্রোধ করে ও তাঁহাদের দেখিলে আনন্দ প্রকাশ করে না, সে নরকগামী হয়। এই ছয়টি নরকে পতনের কারণ ॥ ৩১২ ॥

টীকা—ভাগবতং প্রতি, হন্তি প্রহরতি, দর্শনে সত্যপি হর্ষং ন যাতি নাপ্নোতি—এতানি ষট্ পতনানি পাতিত্যাপাদকানি নরকাবহানীত্যর্থঃ ॥ ৩১২ ॥

তত্রৈবামৃতসারোদ্ধারে শ্রীযমোক্তৌ—
জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ সুকৃতং সমুপার্জ্জিতম্ ।
নাশমায়াতি তৎ সর্ব্বং পীড়য়েদ্যদি বৈষ্ণবান্ ॥৩১৩

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই অমৃতসারোদ্ধারে শ্রীযমরাজের বাক্য যথা—বৈষ্ণবগণকে কষ্ট দিলে কষ্ট প্রদানকারী ব্যক্তির আজন্মসঞ্চিত পুণ্যসকল বিনষ্ট হয় ॥ ৩১৩ ॥

দ্বারকা-মাহাত্ম্যে প্রহলাদবলি-সংবাদে—
করপত্রৈশ্চ ফাল্যন্তে সুতীব্রৈর্যমশাসনৈঃ ।
নিন্দাং কুর্ব্বন্তি যে পাপা বৈষ্ণবানাং মহাত্মনাম্ ॥৩১৪
পূজিতো ভগবান্ বিষ্ণুর্জন্মান্তরশতৈরপি ।
প্রসীদতি ন বিশ্বাত্মা বৈষ্ণবে চাপমানিতে ॥৩১৫॥

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে প্রহলাদ-বলি-সংবাদে বলা হইয়াছে—মহাত্মা বৈষ্ণবগণের নিন্দাবাদ করিলে যমদূতগণ ধারাল কর পাত্র দ্বারা সেই পাপীর দেহ ছিন্ন ভিন্ন করে। শত শত জন্ম অর্চ্চিত হইলেও ভগবান শ্রীহরি বৈষ্ণবের অবমাননাকারীর প্রতি প্রসন্ন হন না ॥ ৩১৪-৩১৫ ॥

দশমস্কন্ধে (৭৪।৪০) চ—
নিন্দাং ভগবতঃ শৃণ্বংস্তৎপরস্য জনস্য বা ।
ততো নাপৈতি যঃ সোঽপি
যাত্যধঃ সুকৃতাচ্চ্যুতঃ ॥৩১৬॥

অনুবাদ—দশমস্কন্ধে বলা হইয়াছে—ভগবানের কিংবা ভগবৎ ভক্তের নিন্দা শ্রবণ করিয়া যে ব্যক্তি সেখান হইতে অন্য স্থানে গমন না করে, সেই ব্যক্তির সুকৃতি নষ্ট হয় এবং সে নরকে পতিত হয় ॥৩১৬॥

টীকা—অস্তু বৈষ্ণবনিন্দাকারিণাং পরমানর্থঃ, বৈষ্ণবনিন্দাশ্রোতৃণামপি মহানরকং স্যাদিতি লিখতি—নিন্দামিতি। ততস্তস্মাৎ নিন্দাশ্রবণাৎ তৎস্থানাদ্বা, সুকৃতাৎ পূর্ব্বপূর্ব্বকৃতাদপি পুণ্যাদ্ভ্রষ্টঃ সন্ অধো যাতি নিন্দাকর্ত্তা চ সুকৃতাচ্চ্যুতঃ অধো যাতীতি কিং বক্তব্যমিত্যপি-শব্দার্থঃ ॥ ৩১৪-৩১৬ ॥

অতএবোক্তং শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে—
জীবিতং বিষ্ণুভক্তস্য বরং পঞ্চ দিনানি চ ।
ন তু কল্পসহস্রাণি ভক্তিহীনস্য কেশবে ॥ ৩১৭ ॥

অনুবাদ—অতএব বিষ্ণুধর্ম্মোত্তরে—শ্রীকেশবের প্রতি ভক্তিহীন হইয়া সহস্র কল্প বাঁচিয়া থাকার চেয়ে বিষ্ণুভক্ত হইয়া মাত্র পাঁচদিন বাঁচিয়া থাকাও ভাল ॥ ৩১৭ ॥

টীকা—অতো ভগবদ্ভক্তিহীনস্য সদ্য এব মরণং শ্রেয়ঃ, চিরজীবনং চ মহানর্থায়েবেত্যাশয়েন লিখতি—জীবিতমিতি ॥ ৩১৭ ॥

অতএবোক্তং শ্রীভাগবতে ঐলোপাখ্যানান্তে
(১১।২৬।২৬)—

ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্।
সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ ॥ ৩১৮ ॥

অনুবাদ—অতএব শ্রীভাগবতে ঐলোপাখ্যানের শেষে বর্ণিত হইয়াছে—বুদ্ধিমান ব্যক্তির কর্ত্তব্য হইল দুষ্টসঙ্গ পরিত্যাগ করিয়া সৎসঙ্গে অনুরাগী হওয়া, কারণ সাধুগণ দয়াপরবশ হইয়া যে উপদেশ দেন তাহাতে মনোব্যথা দূরীভূত হয় ॥ ৩১৮ ॥

টীকা—সন্তো ভগবদ্ভক্তা এব, ন তু কর্ম্মজ্ঞানাদি-পরাঃ, মনসো ব্যাসঙ্গং গৃহাদ্যাসক্তিং কামাদিসম্বন্ধং বা, উক্তিভিঃ হিতোপদেশৈঃ ॥ ৩১৮ ॥

অথ শ্রীভগবদ্ভক্তান্ সল্লক্ষণবিভূষিতান্।
গত্বা তান্ দূরতো দৃষ্ট্বা দণ্ডবৎপ্রণমেন্মুদা ॥৩১৯॥

অনুবাদ—তারপর তপ্তমুদ্রাদি বৈষ্ণবচিহ্নে বিভূষিত শ্রীভগবদ্ভক্তগণের নিকট যাইয়া সানন্দে দূর হইতে সাষ্টাঙ্গ প্রণাম করিবে ॥ ৩১৯ ॥

টীকা—সদ্ভিরুক্তৈর্মৈস্তপ্তমুদ্রাধারণাদিভির্লক্ষণৈর্বিভূ-ষিতান্ ॥ ৩১৯ ॥

অথ শ্রীবৈষ্ণবসমাগম-বিধিঃ

তেজোদ্রবিণপঞ্চরাত্রে—

বৈষ্ণবো বৈষ্ণবং দৃষ্ট্বা দণ্ডবৎ প্রণমেদ্ভুবি।
উভয়োরন্তরা বিষ্ণুঃ শঙ্খচক্রগদাধরঃ ॥ ৩২০ ॥

অনুবাদ—অনন্তর শ্রীবৈষ্ণবসমাগমে ব্যবস্থা, তেজোদ্রবিণ পঞ্চরাত্রে কথিত হইয়াছে যে, একজন বৈষ্ণবের কর্ত্তব্য বৈষ্ণব দেখিলে ভূমিতে দণ্ডবৎ পতিত হইয়া প্রণাম করা, যেহেতু শঙ্খ চক্র গদা পদ্ম-ধারী শ্রীহরি উভয়েরই অন্তরে বর্ত্তমান রহিয়াছেন ॥ ৩২০ ॥

টীকা—বৈষ্ণবো বৈষ্ণবং দৃষ্ট্বা প্রণমেদিতি দ্বয়ো-রন্যোন্যমেব প্রণামোঽভিপ্রেতঃ, অতএব তয়োরুভয়ো-র্মধ্যে বিষ্ণুর্ভবতি তিষ্ঠতীত্যর্থঃ। যচ্চ কৌর্ম্মে ব্যাস-গীতায়াম্—'ন কুর্য্যাদ্‌যোঽভিবাদ্যস্য দ্বিজঃ প্রত্যভি-বাদনম্। নাভিবাদ্যঃ স বিদুষা যথা শূদ্রস্তথৈব সঃ ॥' ইতি প্রত্যভিবাদনমাত্রমুক্তম্, তচ্চ স্মার্ত্তজনপরমিতি জ্ঞেয়ম্। যদ্বা, অভিবাদন-প্রত্যভিবাদনাভ্যাং প্রণাম-প্রতিপ্রণামবাচিভ্যামন্যোঽন্যনমস্কার এবাভিপ্রেত ইতি ॥ ৩২০ ॥

তত্র চ বিশেষো বৃহন্নারদীয়ে—

সভায়াং যজ্ঞশালায়াং দেবতায়তনেষ্বপি।
প্রত্যেকন্তু নমস্কারো হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥৩২১॥
পুণ্যক্ষেত্রে পুণ্যতীর্থে স্বাধ্যায়সময়ে তথা।
প্রত্যেকন্তু নমস্কারো হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥৩২২॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে বৈষ্ণব প্রণতি বিষয়ে নিম্নরূপ ব্যবস্থা দেওয়া হইয়াছে—সভা, যজ্ঞগৃহ ও দেবালয় এই সমস্ত স্থানে প্রত্যেককে পৃথক্ পৃথক্ প্রণাম করিলে পূর্ব্বসঞ্চিত পুণ্য ধ্বংস হয় এবং পুণ্য ক্ষেত্রে পুণ্য তীর্থে এবং বেদাধ্যয়নকালে প্রত্যেকের প্রতি যে আলাদা আলাদা প্রণাম তাহা পূর্ব্ব সঞ্চিত পুণ্য নষ্ট করে ॥ ৩২১-৩২২ ॥

টীকা—তত্র চ সর্ব্বান্ সভাস্থিতান্ একত্রৈব প্রণ-মেন্ন তু প্রত্যেকমিতি লিখতি—সভায়ামিতি ॥ ৩২১ ॥

বৈষ্ণবঞ্চাগতং বীক্ষ্যাভিগম্যালিঙ্গ্য বৈষ্ণবম্।
বৈদেশিকং প্রীণয়েয়ুর্দর্শয়ন্তঃ স্ববৈষ্ণবান্ ॥ ৩২৩ ॥

অনুবাদ—অন্যস্থান হইতে আগত বৈষ্ণব দর্শনে তাঁহার নিকট যাইয়া আলিঙ্গন করিবে এবং নিজসঙ্গী বৈষ্ণবগণকে তাঁহাদের নাম উল্লেখ করিয়া পরিচয় দিয়া আনন্দিত করাইবে ॥ ৩২৩ ॥

টীকা—এবং যাত্রিকস্য কৃত্যং লিখিত্বা সভ্যানা-মপি কৃত্যং লিখতি—বৈষ্ণবঞ্চেত্যাদিনাপূজাভ্যধি-কেত্যন্তেন। বৈদেশিকং দূরদেশাদগতঞ্চেৎ, স্বকীয়ান্ বৈষ্ণবান্ দর্শয়ন্তঃ তত্তন্নামকথনাদিনা পরিচয়ং কার-য়ন্তঃ সন্তঃ ॥ ৩২৩ ॥

তথা চোক্তং শ্রীব্রহ্মণা তেজোদ্রবিণপঞ্চরাত্রে—

নারায়ণাশ্রয়ং ভক্তং দেশান্তরসমাগতম্।
প্রীণয়েদ্দর্শয়ংস্তস্য ভক্ত্যা নারায়ণাশ্রয়ান্ ॥
ইতি ॥ ৩২৪ ॥

অনুবাদ—অতএব তেজোদ্রবিণ পঞ্চরাত্রে শ্রীব্রহ্মার বাক্য—বিদেশ হইতে সমাগত নারায়ণ-পরায়ণ ভক্তকে দেখিয়া নিজের নারায়ণাশ্রয় ভক্তগণকে দেখাইয়া ভক্তিভরে তাঁহার প্রীতি সাধন করিবেন ॥ ৩২৪ ॥

ততশ্চ বৈষ্ণবঃ প্রাপ্তঃ সন্তর্প্য বচনামৃতৈঃ।
সদ্বন্ধুরিব সংমান্যোঽন্যথা
দোষো মহান্ স্মৃতঃ ॥৩২৫॥

অনুবাদ—এইহেতু শ্রীবৈষ্ণবের আগমন ঘটিলে মধুর বাক্যে সৎ বন্ধুর মত তাঁহার সহিত ব্যবহার করিবে, এরূপ না করিলে দোষভাগী হইতে হয় ॥৩২৫

অথ বৈষ্ণবসম্মাননিত্যতা

স্কান্দে শ্রীমার্কণ্ডেয়ভগীরথ-সংবাদে—
দৃষ্ট্বা ভাগবতং দৈবাৎ সম্মুখে যো ন যাতি হি।
ন গৃহ্ণাতি হরিস্তস্য পূজাং দ্বাদশবার্ষিকীম্ ॥৩২৬॥

অনুবাদ—অতঃপর বৈষ্ণব সম্মাননের নিত্যতা স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে—অকস্মাৎ ভগবদ্ভক্ত দৃষ্ট হইলে যিনি তাঁহার নিকট না যান, শ্রীভগবান দ্বাদশবৎসর পর্য্যন্ত তাঁহার পূজা গ্রহণ করেন না ॥ ৩২৬ ॥

যো ন গৃহ্ণাতি ভূপাল বৈষ্ণবং গৃহমাগতম্।
তদ্গৃহং পিতৃভিস্ত্যক্তং শ্মশানমিব ভীষণম্ ॥৩২৭॥
অথবাভ্যাগতং দূরাৎ যো নার্চ্চয়তি বৈষ্ণবম্।
স্বশক্ত্যা নৃপশার্দূল নান্যঃ পাপরতস্ততঃ ॥ ৩২৮ ॥

অনুবাদ—হে নৃপেন্দ্র! যে ব্যক্তি গৃহাগত বৈষ্ণব মাহাত্মাকে গ্রহণ করে না, তাহার শ্মশানতুল্য ভীষণ গৃহ পিতৃগণ বর্জ্জন করেন। দূরদেশ হইতে অভ্যাগত বৈষ্ণবকে সামর্থ্যানুসারে যে ব্যক্তি পূজা করে না তাহা অপেক্ষা পাপী আর নাই ॥ ৩২৭-৩২৮॥

টীকা—দূরাৎ দূরদেশাদভ্যাগতম্ ॥ ৩২৮ ॥

শ্রান্তং ভাগবতং দৃষ্ট্বা কঠিনং যস্য মানসম্।
প্রসীদতি ন দুষ্টাত্মা শ্বপচাদধিকো হি সঃ ॥৩২৯॥

অনুবাদ—শ্রীহরিভক্তকে পরিশ্রান্ত দেখিয়া যাহার কঠিন চিত্ত প্রসন্ন বা দ্রব না হয়, সেই দুষ্টাত্মা শ্বপচ হইতেও অধিক নিকৃষ্ট ॥ ৩২৯ ॥

বিপ্রং ভাগবতং দৃষ্ট্বা দীনমাতুরমানসম্।
ন করোতি পরিত্রাণং কেশবো ন প্রসীদতি ॥৩৩০॥

অনুবাদ—যে ব্যক্তি দীনভাবাপন্ন কাতর ভগবদ্ভক্ত ব্রাহ্মণকে দেখিয়া তাঁহার রক্ষাবিধান না করে, শ্রীহরি তাহার প্রতি অপ্রসন্ন হন ॥ ৩৩০ ॥

টীকা—কঠিনং স্নেহার্দ্রং ন স্যাৎ, ন চ প্রসীদতি, অতঃ স এব দুষ্টাত্মা শ্বপচাদপ্যধিকঃ পরমাধব ইত্যর্থঃ। নমস্কারেণাপি নার্চ্চয়েৎ ॥ ৩২৯-৩৩১ ॥

দৃষ্ট্বা ভাগবতং বিপ্রং নমস্কারেণ নার্চ্চয়েৎ।
দেহিনস্তস্য পাপস্য ন চ বৈ ক্ষমতে হরিঃ ॥৩৩১॥
অপূজিতো যদা গচ্ছেদ্বৈষ্ণবো গৃহমেধিনঃ।
শতজন্মার্জ্জিতং ভূপ পুণ্যমাদায় গচ্ছতি ॥ ৩৩২ ॥

অনুবাদ—হে রাজন্ ভগবদ্ভক্ত ব্রাহ্মণকে দেখিয়া প্রণাম এবং পূজা না করিলে শ্রীহরি সেই পাতকীকে কখনও ক্ষমা করেন না। বৈষ্ণব পূজা না পাইয়া গৃহ হইতে ফিরিয়া গেলে সেই গৃহীর শত জন্মার্জ্জিত পুণ্য সেই বৈষ্ণবের সঙ্গে গমন করে ॥ ৩৩১-৩৩২ ॥

অনভ্যর্চ্চ্য পিতৄন্ দেবান্ ভুঞ্জতে হরিবাসরে।
তৎপাপং জায়তে ভূপ বৈষ্ণবানামতিক্রমে ॥৩৩৩॥
পূর্ব্বং কৃত্বা তু সম্মানমবজ্ঞাং কুরুতে তু যঃ।
বৈষ্ণবানাং মহীপাল সান্বয়ো যাতি সংক্ষয়ম্ ॥৩৩৪

অনুবাদ—হে নৃপ! বৈষ্ণবগণকে অবহেলা করিলে পিতৃদেবার্চ্চন-বিমুখতা পাপে ও শ্রীহরিবাসরে ভোজন জন্য পাপে লিপ্ত হইতে হয়। প্রথমে বৈষ্ণবগণের প্রতি মর্য্যাদা প্রদর্শন করিয়া পরে অবজ্ঞা করিলে সবংশে বিনষ্ট হইতে হয় ॥ ৩৩৩-৩৩৪ ॥

টীকা—হরিবাসরে চ যে ভুঞ্জতে, তেষাং যৎ পাপং তৎ, অতিক্রমে অপূজনাদিনাপরাধে সতি ॥ ৩৩৩ ॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণ-সংবাদে—

বৈষ্ণবং জনমালোক্য নাভ্যুত্থানং করোতি যঃ।
প্রণয়াদরতো বিপ্র স নরো নরকাতিথিঃ ॥৩৩৫॥

অনুবাদ—পদ্মপুরাণে বৈশাখ-মাহাত্ম্যে যম-ব্রাহ্মণ সংবাদে কথিত হইয়াছে যে, বৈষ্ণব দেখিয়া প্রীতি ও আদর পূর্ব্বক দাঁড়াইয়া সম্মান না দেখাইলে নরক-গামী হইতে হয় ॥ ৩৩৫ ॥

টীকা—নরকাতিথিঃ বহুল-নরকদুঃখং চিরং ভুঙ্ক্ত ইত্যর্থঃ ॥ ৩৩৫ ॥

চতুর্থস্কন্ধে (২২।১১) চ—

ব্যালালয়দ্রুমা হ্যেতেহপ্যরিক্তাখিলসম্পদঃ।
যদ্গৃহাস্তীর্থপাদীয়-পাদতীর্থবিবর্জ্জিতাঃ ॥ ৩৩৬ ॥

অনুবাদ—চতুর্থস্কন্ধে বলা হইয়াছে—সাধুবৈষ্ণব-গণের পাদোদক বর্জ্জিত গৃহ সকল যদি সমস্ত ধন সম্পদে পূর্ণ হয় তবুও সর্পের বাসস্থান বৃক্ষ কোঠরের তুল্য ভয়াবহ জানিবে ॥ ৩৩৬ ॥

টীকা—ব্যালানামালয়া দ্রুমা এব, অরিক্তাঃ পূর্ণাঃ অখিলাঃ সম্পদো যেষু তাদৃশা অপি ; যদ্গৃহা যে গৃহাঃ তীর্থপাদীয়া বৈষ্ণবাস্তেষাং পাদতীর্থেন পাদোদকেন বা বিবর্জ্জিতাঃ ॥ ৩৩৬ ॥

অথ বৈষ্ণবস্তুতিঃ

স্কান্দে—

ধন্যোহহং কৃতকৃত্যোহহং যদ্যূয়ং গৃহমাগতাঃ।
দুর্ল্লভং দর্শনং নূনং বৈষ্ণবানাং যথা হরেঃ ॥৩৩৭॥
মেরুমন্দরতুল্যা বৈ পুণ্যপুঞ্জা ময়া কৃতাঃ।
সংপ্রাপ্তং দর্শনং যদ্বৈ বৈষ্ণবানাং মহাত্মনাম্ ॥৩৩৮॥

অনুবাদ—অনন্তর বৈষ্ণবস্তুতি, স্কন্দপুরাণে বলা হইয়াছে—বৈষ্ণবব্যক্তি আগমন করিলে গৃহস্থ বলি-বেন আমার গৃহে আপনাদের শুভাগমনে আমি ধন্য হইলাম। কৃতকৃত্য হইলাম। শ্রীহরিদর্শনের মত বৈষ্ণব দর্শনও নিশ্চয় দুর্ল্লভ। আমি নিশ্চয় মেরুমন্দর তুল্য রাশি রাশি পুণ্য সঞ্চয় করিয়াছি, সেই নিমিত্তই মহাত্মা বৈষ্ণবগণের দর্শন লাভ করি-লাম ॥ ৩৩৭-৩৩৮ ॥

টীকা—বচনামৃতৈঃ সন্তর্প্যেতি লিখিতং, তান্যেব লিখতি—ধন্যোহহমিত্যাদীনি সপ্ত। অত্র চ ধন্যো-হহমিত্যাদি-বচনপাঠেন তদর্থনির্বচনেন বা স্তুতিঃ কার্য্যেতি জ্ঞেয়ম্ ॥ ৩৩৭ ॥

টীকা—যৎ যস্মাৎ যেভ্যঃ পুণ্যপুঞ্জেভ্যঃ ইতি বা ॥ ৩৩৮ ॥

দশমস্কন্ধে শ্রীগর্গাচার্য্যং প্রতি শ্রীনন্দস্য বাক্যম্ (৮।৪)—

মহদ্বিচলনং নৃণাং গৃহিণাং দীনচেতসাম্।
নিঃশ্রেয়সায় ভগবন্ কল্পতে নান্যথা কুচিৎ ॥৩৩৯॥

অনুবাদ—দশমস্কন্ধে শ্রীগর্গাচার্য্যকে শ্রীনন্দমহা-রাজ কহিতেছেন—হে প্রভো। গৃহস্থগণের মঙ্গল-সাধন করিবার জন্যই মহৎ ব্যক্তিগণ নিজের আশ্রম হইতে অন্য স্থানে গমনাগমন করেন, তাঁহাদের নিজের প্রয়োজনে নহে। গৃহীগণ অত্যন্ত কৃপণ, অল্প সময়ের নিমিত্তও গৃহত্যাগ করিতে পারে না, তাই মহাপুরুষগণ কৃপাপর বশ হইয়া নিজেই গৃহস্থ-গণের আলয়ে আসিয়া দর্শন দেন। হে ভগবন্! ইহা ব্যতীত আমি সাধুদের গৃহি-গৃহে আগমনের অন্য কারণ দেখি না ॥ ৩৩৯ ॥

টীকা—মহতাং স্বাশ্রমাদন্যত্র বিচলনং গমনং ন স্বার্থং, কিন্তু গৃহিণাং মঙ্গলায়। ননু তর্হি ত এব মহদ্দর্শনার্থং কিমিতি নাগচ্ছন্তি ? তত্রাহ—দীনচেত-সাং কৃপণানাং ক্ষণমপি গৃহং ত্যক্তুমশক্নুবতামিত্যর্থঃ। যদ্বা, গৃহিণাং নিঃশ্রেয়সায় মহতাং বিচলনং ভগবৎ-পূজাপরতাদিস্বধর্ম্মত্যাগোহপি কল্পতে যোগ্যং ভবতি। কুতঃ ? দীনচেতসাং সদা পরমার্ত্তানামিত্যর্থঃ। স্বার্থানপেক্ষণাৎ ন চ কুচিৎ কদাচিদপি, অন্যথা পূজাহলাভাদিত্যর্থঃ ॥ ৩৩৯ ॥

চতুর্থস্কন্ধে (২২।৭, ১০, ১৩-১৪) সনকাদীন্ প্রতি পৃথুমহারাজস্য—

অহো আচরিতং কিং মে মঙ্গলং মঙ্গলায়নাঃ।
যস্য বো দর্শনং হ্যাসীদ্দুর্দর্শানাং চ যোগিভিঃ ॥৩৪০

অনুবাদ—চতুর্থস্কন্ধে শ্রীসনকাদির প্রতি পৃথু

মহারাজের কথায়—অহো! মহাপুরুষগণ! আপনারাই মঙ্গলায়ন, যোগিগণের কাছেও আপনাদের দর্শন দুর্ল্লভ। এই জন্য আপনাদের দর্শন লাভ করিয়া ভাবিতেছি আমি এমন কি মঙ্গলানুষ্ঠান করিয়াছি? ৩৪০ ॥

টীকা—মঙ্গলময়নং যেষাং হে মঙ্গলায়নাঃ, ময়া কিং মঙ্গলমাচরিতম্? যস্য মে যোগিভিরপি দুর্দ্দর্শানাম্ ॥ ৩৪০ ॥

অধনা অপি তে ধন্যাঃ সাধবো গৃহমেধিনঃ।
যদ্‌গৃহা হ্যর্হবর্য্যাম্বু-তৃণভূমীশ্বরাবরাঃ ॥ ৩৪১ ॥

অনুবাদ—অহো! পূজ্যপাদগণ যাঁহাদের বাড়ীতে যাইয়া জল, আসন, ভূমি এবং গৃহস্বামী ও ভৃত্যগণকে স্বীকার করেন, নির্দ্ধন হইলেও সেই গৃহস্থ নিশ্চয়ই ধন্যবাদের যোগ্য ॥ ৩৪১ ॥

টীকা—যেষাং সাধূনাং গৃহাঃ অর্হাণাং পূজ্যানাং বর্ষা বরণীয়াঃ স্বীকারার্হাঃ, চর্য্যেতি পাঠে আচরণযোগ্যাঃ অম্ব্বাদয়ো যেষু তাদৃশাঃ। অম্বু চ তৃণঞ্চ ভূমিশ্চ ঈশ্বরো গৃহস্বামী চ অবরাশ্চ ভৃত্যাদয়ঃ ॥ ৩৪১ ॥

কচ্চিন্নঃ কুশলং নাথা ইন্দ্রিয়ার্থবেদিনাম্।
ব্যসনাবাপ এতস্মিন্ পতিতানাং স্বকর্ম্মভিঃ ॥৩৪২॥
ভবৎসু কুশলং প্রশ্ন আত্মারামেষু নেষ্যতে।
কুশলাকুশলা যত্র ন সন্তি মতিবৃত্তয়ঃ ॥ ৩৪৩ ॥

অনুবাদ—হে মহাপুরুষগণ! আমরা নিজ নিজ কর্ম্মফলে অখিল দুঃখের কৃষিক্ষেত্র স্বরূপ এই সংসারে পতিত হইয়া ইন্দ্রিয়-ভোগ্য রূপরসাদি বিষয় সুখকেই পরম পুরুষার্থ বলিয়া বোধ করি, সুতরাং আমরা কি ভাবে কুশলী হইব? আপনারা আমার গৃহে অভ্যাগত, অভ্যাগত ব্যক্তির কুশল জিজ্ঞাসাই গৃহস্থের কর্ত্তব্য, ইহা সত্য হইলেও আপনারা আত্মারাম, সুতরাং কুশল অথবা অকুশল প্রশ্ন জিজ্ঞাসার অবকাশ কোথায়? ৩৪২-৩৪৩ ॥

টীকা—হে নাথাঃ, কচ্চিদিতি প্রশ্নে। ইন্দ্রিয়ার্থং বিষয়মেব অর্থং পুরুষার্থং যে বিদন্তি তেষাং নঃ, ব্যসনানি উপ্যন্তে যস্মিন্ সংসারে ॥ ৩৪২ ॥

টীকা—ননু ভাগবতানামেব কুশলং পৃচ্ছ্যতে, ন ত্বাত্মনস্তত্রাহ—ভবৎস্বিতি। কুশলা অকুশলাশ্চ মতেবৃত্তয়োঽপি যেষাং ন সন্তি ॥ ৩৪৩ ॥

অথ বৈষ্ণবাভিগমন-মাহাত্ম্যম্

স্কান্দে শ্রীমার্কণ্ডেয়ভগীরথ-সংবাদে—

সম্মুখং ব্রজমানস্য বৈষ্ণবানাং নরাধিপ।
পদে পদে যজ্ঞফলং প্রাহুঃ পৌরাণিকা দ্বিজাঃ ॥ ৩৪৪

অনুবাদ—অতঃপর বৈষ্ণবনিকটে গমনের মাহাত্ম্য স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে উক্ত হইয়াছে—হে রাজন্! পৌরাণিক দ্বিজগণ বলিয়াছেন যে, যাঁহারা বৈষ্ণবগণের সম্মুখে উপস্থিত হন, তাঁহাদের পদে পদে যজ্ঞফল লাভ হয় ॥ ৩৪৪ ।

টীকা—এবং বৈষ্ণবানামভিগমনং সম্মাননং স্তুতিঞ্চ লিখিত্বা ইদানীং তত্তন্মাহাত্ম্যং লিখতি সম্মুখমিত্যাদিনা নরা ইত্যন্তেন ॥ .৪৪ ॥

অথ বৈষ্ণবস্তুতি-মাহাত্ম্যম্

তত্রৈব—

প্রত্যক্ষং বা পরোক্ষং বা যঃ প্রশংসতি বৈষ্ণবম্।
ব্রহ্মহা মদ্যপঃ স্তেয়ী গুরুগামী সদা নৃণাম্।
মুচ্যতে পাতকাৎ সদ্যো বিষ্ণুরাহ নৃপোত্তম ॥৩৪৫॥

অনুবাদ—অতঃপর বৈষ্ণবস্তুতি মাহাত্ম্য সম্বন্ধে ঐ স্কন্দপুরাণেই কথিত হইয়াছে—মনুষ্যগণের মধ্যে সর্ব্বদা সুরাপায়ী, ব্রহ্মহত্যাকারী, স্বর্ণস্তেয়ী এবং গুরুদারগামী হইলেও হে রাজন্ সম্মুখে বা পরোক্ষে বৈষ্ণবজনের প্রশংসাকারী ব্যক্তি শীঘ্রই পাতক হইতে নিষ্কৃতি লাভ করিয়া থাকেন। ইহা স্বয়ং বিষ্ণুর শ্রীমুখ বচন ॥ ৩৪৫ ॥

টীকা—গুরুগামী গুরুতল্পগঃ, নৃণাং মধ্যে, নর ইতি পাঠো বা ॥ ৩৪৫ ॥

কিঞ্চ—

প্রত্যক্ষং বা পরোক্ষং বা যে প্রশংসন্তি বৈষ্ণবম্।
প্রসাদাদ্বাসুদেবস্য তে তরন্তি ভবার্ণবম্ ॥ ৩৪৬ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—যাঁহারা প্রত্যক্ষে বা পরোক্ষে বৈষ্ণবের প্রশংসা করেন, বাসুদেবের কৃপায় তাঁহারা অবহেলায় ভবসাগর পার হইয়া যান ॥ ৩৪৬ ॥

টীকা—যদ্যপি যথালিখনক্রমং বৈষ্ণবসম্মানন-মাহাত্ম্যানন্তরমেব বৈষ্ণবস্তুতিমাহাত্ম্যং লিখিতুমুপ-যুজ্যতে, তথাপি প্রথমং স্তুতিস্ততঃ সম্মাননমিত্য-পেক্ষয়া তথা সম্মাননমাহাত্ম্যস্য বাহুল্যাচ্চ তস্য পশ্চাল্লিখনম্ ॥ ৩৪৬ ॥

অথ শ্রীবৈষ্ণবসম্মাননমাহাত্ম্যম্

তত্রৈবামৃতসারোদ্ধারে—

শ্রদ্ধয়া দত্তমন্নঞ্চ বৈষ্ণবাগ্নিষু জীর্য্যতি ।
তদন্নং মেরুণা তুল্যং ভবতে চ দিনে দিনে ॥৩৪৭॥
দৈবে পৈত্রে চ যো দদ্যাৎ বারিমাত্রন্তু বৈষ্ণবে ।
সপ্তোদধিসমং ভূত্বা পিতৄণামুপতিষ্ঠতি ॥ ৩৪৮ ॥

অনুবাদ—অনন্তর বৈষ্ণবসম্মানন-মাহাত্ম্য স্কন্দ-পুরাণে অমৃতসারোদ্ধার প্রস্তাবে বলা হইয়াছে—শ্রদ্ধা-পূর্ব্বক প্রদত্ত অন্ন বৈষ্ণবগণের উদরানলে জীর্ণতাপ্রাপ্ত হইলে উহা দিন দিন বৃদ্ধি পাইয়া সুমেরু তুল্য হইয়া থাকে। দেবকার্য্যে কিংবা পিতৃকার্য্যে বৈষ্ণবকে জলমাত্র অর্পণ করিলে সেই জল সপ্ত সমুদ্র তুল্য হইয়া পিতৃ-লোক সমীপে সমাগত হয় ॥ ৩৪৭-৩৪৮ ॥

বিষ্ণুধর্ম্মে—

কিং দানৈঃ কিং তপোভির্বা
যজ্ঞৈশ্চ বিবিধৈঃ কৃতৈঃ ।
সর্ব্বং সম্পদ্যতে পুংসাং
বিষ্ণুভক্তাভিপূজনাৎ ॥ ৩৪৯ ॥
পূজয়েৎ বৈষ্ণবানেতান্ প্রযত্নেন বিচক্ষণঃ ।
স্বশক্ত্যা বৈষ্ণবেভ্যো যদ্দত্তং স্যাদক্ষয়ং ভবেৎ ॥৩৫০॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—দান, তপস্যা ও বিবিধ যজ্ঞানুষ্ঠানে বিশেষ কোন ফল হয় না, কিন্তু হরিভক্তের পূজা করিলে সমস্ত সম্পত্তিই লাভ হয়। এই জন্য সযত্নে এই বৈষ্ণবগণের পূজা করাই সুধীজনের কর্ত্তব্য। বৈষ্ণবগণকে নিজের সাধ্য অনুযায়ী যাহা দেওয়া যায়, তাহাই অক্ষয় ফল-প্রদ হয় ॥ ৩৪৯-৩৫০ ॥

বৃহন্নারদীয়ে যজ্ঞমাল্যুপাখ্যানান্তে—

হরিভক্তিরতান্ যস্তু হরিবুদ্ধ্যা প্রপূজয়েৎ ।
তস্য তুষ্যন্তি বিপ্রেন্দ্রা ব্রহ্মবিষ্ণুশিবাদয়ঃ ॥ ৩৫১ ॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে যজ্ঞমালীর উপাখ্যা-নের শেষে কথিত হইয়াছে যে—বিষ্ণুভক্তি নিষ্ঠ বৈষ্ণবগণকে শ্রীহরিজ্ঞানে পূজা করিলে ব্রহ্মা বিষ্ণু মহাদেব সকলেরই প্রীতি সাধিত হয় ॥ ৩৫১ ॥

টীকা—সর্ব্বদোষনির্হারকত্বাদ্বৈষ্ণবা এবাগ্নয়স্তেষু জীর্য্যতি, সুখং তৈর্ভুজ্যতে ইত্যর্থঃ। হে বিপ্রেন্দ্রাঃ ॥ ৩৪৭-৩৫১ ॥

হরিপূজারতানাঞ্চ হরিনামরতাত্মনাম্ ।
শুশ্রূষাভিরতা যান্তি পাপিনোঽপি
পরাং গতিম্ ॥ ৩৫২ ॥

অনুবাদ—পাতকী হইলেও হরিপূজা-নিষ্ঠ ও হরিনামপরায়ণ বৈষ্ণববৃন্দের সেবাকারিগণের পরমা-গতি হইয়া থাকে ॥ ৩৫২ ॥

তত্রৈব যজ্ঞধ্বজোপাখ্যানস্যারম্ভে—

সংসারসাগরং তর্ত্তুং য ইচ্ছেন্মুনিপুঙ্গবাঃ ।
স ভজেদ্ধরিভক্তানাং
ভক্তাংস্তে পাপহারিণঃ ॥ ৩৫৩ ॥

অনুবাদ—ঐ বৃহন্নারদীয়পুরাণেই যজ্ঞধ্বজো-পাখ্যানের আরম্ভে—হে মুনীন্দ্রগণ! ভবসাগর তর-ণেচ্ছু ব্যক্তিগণ শ্রীহরিভক্তগণের সেবকগণের আরা-ধনা করুন, কারণ তাঁহারা পাপহরণে সমর্থ ॥৩৫৩॥

টীকা—তে হরিভক্ত-ভক্তাঃ। পাপং সংসার-দুঃখং, তদপহারিণ ॥ ৩৫৩ ॥

তদন্তে চ—

যো বিষ্ণুভক্তান্ নিষ্কামান্ ভোজয়েৎ শ্রদ্ধয়ান্বিতঃ ।
ত্রিসপ্তকুল-সংযুক্তঃ স যাতি হরিমন্দিরম্ ॥৩৫৪॥

বিষ্ণুভক্তায় যো দদ্যান্নিষ্কামায় মহাত্মনে।
পানীয়ং বা ফলং বাপি স এব
ভগবান্ হরিঃ ॥ ৩৫৫ ॥

অনুবাদ—উক্ত উপাখ্যানের শেষে—নিষ্কাম বিষ্ণু ভক্তগণকে যিনি শ্রদ্ধাসহকারে ভোজন করান, তিনি একবিংশতি কুলসহ হরিধামে গমন করিবেন। যিনি নিষ্কাম মহাত্মা বিষ্ণু ভক্তকে পানীয় জল অথবা ফলাদি দান করেন তিনি হরিতুল্য গণনীয় ॥ ৩৫৪-৩৫৫ ॥

———

বিষ্ণুপূজাপরাণাস্তু শুশ্রূষাং কুর্ব্বতে হি যে।
তে যান্তি বিষ্ণুভবনং ত্রিসপ্তপুরুষান্বিতাঃ ॥ ৩৫৬ ॥
দেবপূজাপরো যস্য গৃহে বসতি সর্ব্বদা।
তত্রৈব সর্ব্বদেবাশ্চ হরিশ্চৈব শ্রিয়ান্বিতঃ ॥৩৫৭॥

অনুবাদ—যাঁহারা বিষ্ণুভক্তিনিষ্ঠ ব্যক্তিগ'ণের সেবা করেন, তাঁহারা একবিংশতি পুরুষের সহিত বৈকুণ্ঠধামে গমন করেন। যাঁহার বাড়ীতে শ্রীকৃষ্ণ-পূজাপরায়ণ বৈষ্ণব বাস করেন, সেই বাড়ীতে দেবতা-গণ এবং স্বয়ং শ্রীহরি লক্ষ্মীর সহিত বাস করেন ॥ ৩৫৬-৩৫৭ ॥

টীকা—দেবঃ শ্রীকৃষ্ণস্তস্য পূজাপরঃ ॥ ৩৫৭ ॥

———

লৈঙ্গে—

নারায়ণপরো বিদ্বান্ যস্যান্নং প্রীতমানসঃ।
অশ্নাতি তদ্ধরেরাস্যং গতমন্নং ন সংশয়ঃ ॥৩৫৮॥
সার্চ্চনাদপি বিশ্বাত্মা প্রীতো ভবতি মাধবঃ।
দৃষ্ট্বা ভাগবতস্যান্নং স ভুঙ্‌ক্তে ভক্তবৎসলঃ ॥৩৫৯

অনুবাদ—লিঙ্গপুরাণে উক্ত হইয়াছে—নারায়ণ-পরায়ণ বিদ্বান্ ব্যক্তি সন্তুষ্ট চিত্তে যে অন্ন ভোজন করেন, সেই অন্ন নিশ্চয়ই শ্রীহরির বদনকমলগত হয় অর্থাৎ বৈষ্ণব জনের মুখেই শ্রীভগবান আহার করেন। জগদাত্মা ভক্তবৎসল শ্রীহরি নিজের পূজা অপেক্ষাও বৈষ্ণবের অন্ন দেখিয়া সন্তুষ্ট হন এবং তাহা ভোজন করেন ॥ ৩৫৮-৩৫৯ ॥

টীকা—স ভক্তবৎসলো মাধবঃ শ্রীকৃষ্ণঃ ॥৩৫৯॥

———

ব্রাহ্মে শ্রীভগবদ্বাক্যম্—
নৈবেদ্যং পুরতো ন্যস্তং দৃষ্ট্বৈব স্বীকৃতং ময়া।
ভক্তস্য রসনাগ্রেণ রসমশ্নামি পদ্মজ ॥ ৩৬০ ॥

অনুবাদ—ব্রহ্মপুরাণে শ্রীভগবানের বাক্য—আমার শালগ্রামাদি মূর্ত্তির সম্মুখে যে অন্ন নিবেদিত হয়, হে ব্রহ্মন্! আমি দর্শন মাত্রই তাহা স্বীকার করি, কিন্তু ভক্তের জিহ্বার সাহায্যে তাহার রসাস্বাদন করি ॥ ৩৬০ ॥

টীকা—পুরতঃ শ্রীশালগ্রামশিলাদিরূপিণো মমা-গ্রতো ন্যস্তমেব সৎ ॥ ৩৬০ ॥

———

পাদ্মোত্তরখণ্ডে শ্রীশিবোমা-সংবাদে—
আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরম্।
তস্মাৎ পরতরং দেবি তদীয়ানাং সমর্চ্চনম্ ॥৩৬১

অনুবাদ—পদ্মপুরাণের উত্তরখণ্ডে শ্রীশিব-উমা-সংবাদে বলা আছে—শ্রীবিষ্ণুর আরাধনা সমস্ত প্রকার আরাধনা গুলির মধ্যে শ্রেষ্ঠ এবং বৈষ্ণবগণের আরাধনা তদপেক্ষাও শ্রেষ্ঠ ॥ ৩৬১ ॥

টীকা—পরং শ্রেষ্ঠং, পরতরং পরমশ্রেষ্ঠম্ ॥৩৬১

———

অর্চ্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্নার্চ্চয়েত্তু যঃ।
ন স ভাগবতো জ্ঞেয়ঃ কেবলং দাম্ভিকঃ স্মৃতঃ ॥৩৬২
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন বৈষ্ণবান্ পূজয়েৎ সদা।
সর্ব্বং তরতি দুঃখৌঘং মহাভাগবতার্চ্চনাৎ ॥৩৬৩॥

অনুবাদ—বৈষ্ণব-পূজা-বিরহিত গোবিন্দপূজক ভগবদ্ভক্ত বলিয়া স্বীকৃতি লাভ করেন না, তাহাকে দাম্ভিকই বলা যায়, সুতরাং সর্ব্বদা সযত্নে বৈষ্ণব-পূজা করণীয়, কারণ মহাভাগবতের পূজা সর্ব্বদুঃখ-হারিণী ॥ ৩৬২-৩৬৩ ॥

টীকা—মহৎ যৎ ভাগবতানামর্চ্চনং, তস্মাৎ ॥ ৩৬৩ ॥

———

একাদশে শ্রীভগবদ্বাক্যম্ (১১।৪৪ ; ১৯।২১)—
বৈষ্ণবে বন্ধুসৎকৃত্যা ॥ ৩৬৪ ॥
মদ্ভক্তপূজাভ্যধিকা ॥ ৩৬৫ ॥

অনুবাদ—একাদশস্কন্ধে শ্রীভগবান কহিতেছেন—বৈষ্ণবব্যক্তির সহিত বন্ধুর মত ব্যবহার ও মর্য্যাদা দান করিবে। আমার পূজা অপেক্ষা আমার ভক্তের পূজা অধিক প্রীতিকর ॥ ৩৬৪-৩৬৫ ॥

টীকা—বৈষ্ণবেঽধিষ্ঠানে মৎপূজনঞ্চ, তস্মিন্নেব বন্ধুবৎ সম্মাননেত্যর্থঃ ॥ ৩৬৪ ॥

টীকা—পুনশ্চ কথয়িষ্যামি মদ্ভক্তেঃ কারণং পরমিতি প্রতিজ্ঞয়োক্তম্—মদ্ভক্তেতি, মদ্ভক্তানাং পূজা মত্তোঽপ্যভ্যধিকা বিশেষেণ কার্য্যেত্যর্থঃ ॥ ৩৬৫ ॥

কিঞ্চ, স্কান্দে শ্রীমার্কণ্ডেয়-ভগীরথ সংবাদে—

কর্ম্মণা মনসা বাচা যেঽর্চ্চয়ন্তি সদা হরিম্।
তেষাং বাক্যং নরৈঃ কার্য্যং তে হি
বিষ্ণুসমা নরাঃ ॥ ৩৬৬ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে কথিত আছে—কায়মনোবাক্যে নিরন্তর যাঁহারা শ্রীহরির পূজা করেন, সেই সব ভজনকারী মহাত্মাগণের বাক্য পালন করা মনুষ্যগণের কর্ত্তব্য যেহেতু ঐ মহাত্মাগণ শ্রীহরির তুল্য মাহাত্ম্য সম্পন্ন ॥ ৩৬৬ ॥

টীকা—এবমন্নাদিসমর্পণেন সম্মাননং লিখিত্বা ইদানীং বাক্যপরিপালনেনাপি সম্মানঃ কার্য্যঃ ইতি লিখতি—কর্ম্মণেতি। কায়াদিব্যাপারেণ ত্রিধা সদা যে অর্চ্চয়ন্তি ; যদ্বা, কর্ম্মাদিনা তেষাং বচঃ কার্য্যমিতি সম্বন্ধঃ ॥ ৩৬৬ ॥

ইত্যাদৃতোঽনুশৃণুয়াদ্ভক্তিশাস্ত্রাণি তত্র চ।
শ্রীভাগবতমত্রাপি কৃষ্ণলীলাকথাং মুহুঃ ॥ ৩৬৭ ॥

অনুবাদ—এই বৈষ্ণবজনের সহিত প্রীতি বিনিময় করিয়া তাঁহাদের নিকট ভক্তিমূলক শাস্ত্রসমূহ বিশেষতঃ ভাগবতঃ শ্রবণ এবং তাহার মধ্যেও দশমস্কন্ধ বর্ণিত শ্রীকৃষ্ণলীলা কথা অনুক্ষণ শ্রবণ করিবে ॥ ৩৬৭ ।

টীকা—ইতি এবমাদৃতঃ সন্ ভগবদ্ভক্তিপরাণি শাস্ত্রাণ্যেব অনু নিরন্তরং শৃণুয়াৎ। তত্র ভক্তিশাস্ত্রেষু চ মধ্যে শ্রীভাগবতং বিশেষতোঽনুশৃণুয়াৎ। অত্র শ্রীভাগবতেঽপি কৃষ্ণস্য লীলাকথাং দশমস্কন্ধাদিসম্বন্ধিনীমনু নিরন্তরং শৃণুয়াদিত্যর্থঃ ॥ ৩৬৭ ॥

অথ বৈষ্ণবশাস্ত্র-মাহাত্ম্যম্

স্কান্দে শ্রীব্রহ্মনারদসংবাদে—

বৈষ্ণবানি চ শাস্ত্রাণি যে শৃণ্বন্তি পঠন্তি চ।
ধন্যাস্তে মানবা লোকে তেষাং
কৃষ্ণঃ প্রসীদতি ॥ ৩৬৮ ॥

অনুবাদ—অতঃপর বৈষ্ণবশাস্ত্র মাহাত্ম্য, স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ সংবাদে উক্ত হইয়াছে—এই সংসারে বৈষ্ণবশাস্ত্র শ্রবণ ও অধ্যয়নকারী ব্যক্তিগণই ধন্য। শ্রীকৃষ্ণ প্রসন্নতা লাভে তাঁহারা ধন্য হন। ৩৬৮ ॥

বৈষ্ণবানি চ শাস্ত্রাণি যেঽর্চ্চয়ন্তি গৃহে নরাঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তা ভবন্তি সর্ব্ববন্দিতাঃ ॥ ৩৬৯ ॥

অনুবাদ—নিজ নিজ গৃহে বৈষ্ণবশাস্ত্রের পূজা করিয়া মনুষ্যগণ নিখিল পাতক হইতে মুক্ত হইয়া সকলের পূজ্য হইতে পারেন ॥ ৩৬৯ ॥

টীকা—ভক্তিশাস্ত্রাদীনাঞ্চৈষাং প্রত্যেকং মাহাত্ম্যং লিখিষ্যন্নাদৌ সামান্যতো বিষ্ণুভক্তিসম্বন্ধিশাস্ত্রমাহাত্ম্যং লিখতি—বৈষ্ণবানিত্যাদিনা সদেত্যন্তেন। পূর্ব্বঞ্চ পূজাঙ্গত্বেন স্বপনে পুরাণপাঠস্য মাহাত্ম্যং লিখিতং, অধুনা চ পূজানন্তরং সৎসঙ্গে বৈষ্ণবশাস্ত্রশ্রবণাদীনাং মাহাত্ম্যমিতি ভেদঃ। কিন্তু প্রায়ো দ্বয়োরৈক্যাৎ তত্র লিখিতং মাহাত্ম্যমত্র দ্রষ্টব্যমত্র লিখিতং তত্র চেতি ॥ ৩৬৯ ॥

সর্ব্বস্বেনাপি বিপ্রেন্দ্র কর্ত্তব্যঃ শাস্ত্রসংগ্রহঃ।
বৈষ্ণবৈস্তু মহাভক্ত্যা তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ ॥৩৭০॥

অনুবাদ—ভগবান শ্রীহরির প্রীতি উৎপাদনের নিমিত্ত বিশেষ ভক্তির সহিত বৈষ্ণবশাস্ত্র সংগ্রহ বৈষ্ণবগণের অবশ্য কর্ত্তব্য হওয়া উচিত ॥ ৩৭০ ॥

তিষ্ঠতে বৈষ্ণবং শাস্ত্রং লিখিতং যস্য মন্দিরে।
তত্র নারায়ণো দেবঃ স্বয়ং বসতি নারদ ॥ ৩৭১ ॥

অনুবাদ—হে নারদ! বৈষ্ণবশাস্ত্র লিখিত হইয়া যাঁহার গৃহে অবস্থান করেন, শ্রীমন্নারায়ণও সেই গৃহে অবস্থান করেন ॥ ৩৭১ ॥

পৌরাণং বৈষ্ণবং শ্লোকং শ্লোকার্দ্ধমথবাপি চ।
শ্লোকপাদং পঠেদ্‌যস্তু গোসহস্রফলং লভেৎ ॥৩৭২॥
দেবতানামৃষীণাঞ্চ যোগিনামপি দুর্ল্লভম্।
বিপ্রেন্দ্র বৈষ্ণবং শাস্ত্রং মনুষ্যাণাঞ্চ কা কথা। ৩৭৩

অনুবাদ—পুরাণ সম্বন্ধীয় শ্রীবিষ্ণুমাহাত্ম্য-প্রকাশক শ্লোকের একটি, আধখানি বা এক চতুর্থাংশও অধ্যয়ন করিলে গোসহস্র দানের ফল লাভ হয়। মনুষ্যের কথা দূরে থাকুক বৈষ্ণবশাস্ত্র দেবগণ, ঋষিগণ ও যোগিগণেরও দুর্ল্লভ ॥ ৩৭২-৩৭৩ ॥

টীকা—পৌরাণং পুরাণসম্বন্ধিনং, বৈষ্ণব বিষ্ণুপরম্ ॥ ৩৭২ ॥

তত্রৈব শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে—

মম শাস্ত্রাণি যে নিত্যং পূজয়ন্তি পঠন্তি চ।
তে নরাঃ কুরুশার্দ্দূল মমাতিথ্যং গতাঃ সদা ॥৩৭৪॥
মম শাস্ত্রপ্রবক্তারং মম শাস্ত্রানুচিন্তকম্।
চিন্তয়ামি ন সন্দেহো নরং তং চাত্মবৎ সদা ॥৩৭৫॥

অনুবাদ—ঐ স্কন্দপুরাণেই শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে বলা হইয়াছে—হে অর্জ্জুন! প্রত্যহ আমার শাস্ত্র সমূহের পূজা ও পাঠ যাঁহারা করেন, তাঁহারা মৎ সম্বন্ধে সর্ব্বদা অতিথির মত পূজ্য হন। আমি সর্ব্বদা আমার শাস্ত্র বক্তাকে ও শাস্ত্র চিন্তককে নিজের মনে করি ইহাতে সংশয় নাই ॥ ৩৭৪-৩৭৫ ॥

টীকা—আতিথ্যমতিথিবৎ পরমাদরণীয়তামিত্যর্থঃ ॥ ৩৭৪ ॥

টীকা—চিন্তয়ামি কদাচিদপি ন বিস্মরামীত্যর্থঃ, যদ্বা, তস্য যোগক্ষেমমনুসন্দধে ॥ ৩৭৫ ॥

অথ শ্রীমদ্ভাগবত-মাহাত্ম্যম্

তত্রৈব—

জীবিতাদধিকং যেষাং শাস্ত্রং ভাগবতং কলৌ।
ন তেষাং ভবতি ক্লেশো যাম্যঃ কল্পশতৈরপি ॥৩৭৬॥

অনুবাদ—অতঃপর শ্রীমদ্ভাগবত মাহাত্ম্য, ঐ স্কন্দপুরাণেই উক্ত হইয়াছে—কলিযুগে যাহারা ভাগবত-শাস্ত্রকে নিজের জীবন অপেক্ষাও বেশী বলিয়া মনে করেন, শতকল্পেও তাঁহাদিগকে যম যন্ত্রণা পাইতে হয় না ॥ ৩৭৬ ॥

ধারয়ন্তি গৃহে নিত্যং শাস্ত্রং ভাগবতং হি যে।
আস্ফোটয়ন্তি বল্‌গন্তি তেষাং
প্রীতাঃ পিতামহাঃ ॥ ৩৭৭ ॥

অনুবাদ—যাঁহারা নিত্য ভাগবত শাস্ত্র গৃহমধ্যে রক্ষা করেন, তাঁহাদিগের পিতৃপুরুষগণ সানন্দে উদ্দণ্ড নৃত্য করিতে থাকেন ॥ ৩৭৭ ॥

টীকা—প্রীতাঃ হৃষ্টাঃ সন্তঃ বল্‌গন্তি নৃত্যাদিকং কুর্ব্বন্তি ॥ ৩৭৭ ॥

যাবদ্দিনানি বিপ্রর্ষে শাস্ত্রং ভাগবতং গৃহে।
তাবৎ পিবন্তি পিতরঃ ক্ষীরং সর্পির্মধূদকম্ ॥৩৭৮॥
যেঽর্চ্চয়ন্তি সদা গেহে শাস্ত্রং ভাগবতং নরাঃ।
প্রীণিতাস্তৈশ্চ বিবুধা যাবদাহূতসংপ্লবম্ ॥৩৭৯॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবত শাস্ত্র যতদিন পর্য্যন্ত গৃহে বিরাজ করেন, হে বিপ্রর্ষে! পিতৃগণ ততদিন ক্ষীর, মধু ও জল সেবন করিয়া থাকেন। যাঁহারা গৃহে সর্ব্বদা ভাগবতশাস্ত্রের পূজা করেন, তাঁহারা মহাপ্রলয় পর্য্যন্ত দেববৃন্দের তৃপ্তি সাধন করিয়াছেন জানিবে ॥ ৩৭৮-৩৭৯ ॥

টীকা—আহূতেত্যত্র ভকারস্থানে হকারশ্ছান্দসঃ, ভূতসংপ্লবো মহাপ্রলয়স্তৎপর্য্যন্তম্ ॥ ৩৭৯ ॥

যচ্ছন্তি বৈষ্ণবে ভক্ত্যা শাস্ত্রং ভাগবতং হি যে।
কল্পকোটিসহস্রাণি বিষ্ণুলোকে বসন্তি তে ॥৩৮০॥
শ্লোকার্দ্ধং শ্লোকপাদং বা বরং ভাগবতং গৃহে।
শতশোঽথ সহস্রৈশ্চ কিমন্যৈঃ শাস্ত্রসংগ্রহৈঃ ॥৩৮১॥

অনুবাদ—বৈষ্ণবগণকে ভক্তিভরে যাঁহারা ভাগবত শাস্ত্র অর্পণ করেন সহস্র কোটি কল্প তাঁহারা বিষ্ণু-লোকে বাস করেন। শ্রীমদ্ভাগবতের অর্দ্ধ শ্লোক কিংবা একচতুর্থাংশও বাড়ীতে থাকা মঙ্গলজনক। শত শত সহস্র সহস্র অন্য শাস্ত্র সংগ্রহের প্রয়োজন নাই—শ্রীমদ্ভাগবত শাস্ত্রই সমস্ত কিছুর পরিপূরক ॥ ৩৮০-৩৮১ ॥

টীকা—ভাগবতং শ্রীভাগবতীয়মিত্যর্থঃ ॥ ৩৮০ ॥

ন যস্য তিষ্ঠতে গেহে শাস্ত্রং ভাগবতং কলৌ।
ন তস্য পুনরাবৃত্তির্যাম্যাৎ পাশাৎ কদাচন ॥৩৮২॥
কথং স বৈষ্ণবো জ্ঞেয়ঃ শাস্ত্রং ভাগবতং কলৌ।
গৃহে ন তিষ্ঠতে যস্য স বিপ্রঃ শ্বপচাধমঃ ॥ ৩৮৩ ॥
যত্র যত্র ভবেদ্বিপ্র শাস্ত্রং ভাগবতং কলৌ।
তত্র তত্র হরির্যাতি ত্রিদশৈঃ সহ নারদ ॥ ৩৮৪ ॥
তত্র সর্ব্বাণি তীর্থানি নদীনদসরাংসি চ।
যত্র ভাগবতং শাস্ত্রং তিষ্ঠতে মুনিসত্তম ॥ ৩৮৫ ॥
তত্র সর্ব্বাণি তীর্থানি সর্ব্বে যজ্ঞাঃ সুদক্ষিণাঃ।
যত্র ভাগবতং শাস্ত্রং পূজিতং তিষ্ঠতে গৃহে ॥৩৮৬॥

অনুবাদ—কলিকালে যাঁহার গৃহে ভাগবত শাস্ত্র নাই তাঁহাকে যম পাশ হইতে আর পুনরাগমন করিতে হয় না। অর্থাৎ তিনি যমের বাড়ীতেই থাকেন। যাঁহার বাড়ীতে ভাগবত শাস্ত্র বিরাজিত নহেন, তাঁহাকে কি প্রকারে বৈষ্ণব বলিয়া জানা যাইবে। সেই বিপ্র চণ্ডাল অপেক্ষাও অধম। হে নারদ! যে যে স্থানে ভাগবত-শাস্ত্র বিরাজ করেন স্বয়ং শ্রীহরি দেবগণকে লইয়া সেখানে গমন করেন। যে স্থানে ভাগবত শাস্ত্র বিদ্যমান থাকেন, সেই স্থানে নদী নদ এবং সরোবর প্রভৃতি নিখিল তীর্থই বিরাজ করেন।

ভাগবত-শাস্ত্র পূজিত হইয়া যে গৃহে বিদ্যমান থাকেন সেই স্থানে নিখিল তীর্থ ও সুদক্ষিণ সর্ব্বযজ্ঞ বিরাজমান রহিয়াছেন ॥ ৩৮২-৩৮৬ ॥

টীকা—শ্রীভাগবতসংগ্রহস্য নিত্যতামাহ—ন যস্যেতি দ্বাভ্যাম্ ॥ ৩৮২ ॥

কিঞ্চ—

নিত্যং ভাগবতং যস্তু পুরাণং পঠতে নরঃ।
প্রত্যক্ষং ভবেত্তস্য কপিলাদানজং ফলম্ ॥ ৩৮৭ ॥
শ্লোকার্দ্ধং শ্লোকপাদং বা নিত্যং ভাগবতোদ্ভবম্।
পঠেৎ শৃণোতি বা ভক্ত্যা
গোসহস্রফলং লভেৎ ॥ ৩৮৮ ॥
যঃ পঠেৎ প্রযতো নিত্যং শ্লোকং ভাগবতং মুনে।
অষ্টাদশপুরাণানাং ফলং প্রাপ্নোতি মানবঃ ॥৩৮৯॥

অনুবাদ—আরও যথা—যে ব্যক্তি নিত্য ভাগবত-পুরাণ অধ্যয়ন করেন, তিনি প্রতি অক্ষরে কপিলা-দানের ফল লাভ করেন। ভক্তিপূর্ব্বক ভাগবতের শ্লোকার্দ্ধ কিংবা পাদ মাত্র নিত্য পাঠ বা শ্রবণ করিলে সহস্র গো-দান জনিত ফল লাভ হয়। হে মুনিবর! শুদ্ধচিত্ত হইয়া যিনি ভাগবতের শ্লোক নিত্য পাঠ করেন তিনি অষ্টাদশপুরাণ পাঠের ফল প্রাপ্ত হন ॥ ৩৮৭-৩৮৯ ॥

তত্রৈব মার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে—

যো হি ভাগবতে শাস্ত্রে বিঘ্নমাচরতে পুমান্।
নাভিনন্দতি দুষ্টাত্মা কুলানাং পাতয়েচ্ছতম্ ॥৩৯০॥

অনুবাদ—ঐ গ্রন্থেই মার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে—ভাগবত অধ্যয়নাদিতে যিনি বিঘ্নাচরণ করেন ও অভিনন্দন জানান না, সেই দুষ্টাত্মা নিজের শত সংখ্যক বংশকে অধোগামী করেন ॥ ৩৯০ ॥

টীকা—বিঘ্নং তৎপাঠাদাবন্তরায়ং, ন চ তদভি-নন্দতি যঃ ॥ ৩৯০ ॥

পাদ্মে গৌতমাম্বরীষ-সংবাদে—

অম্বরীষ শুকপ্রোক্তং নিত্যং ভাগবতং শৃণু।
পঠস্ব স্বমুখেনাপি যদীচ্ছসি ভবক্ষয়ম্ ॥ ৩৯১ ॥
শ্লোকং ভাগবতং বাপি শ্লোকার্দ্ধং পাদমেব বা।
লিখিতং তিষ্ঠতে যস্য গৃহে তস্য সদা হরিঃ।
বসতে নাত্র সন্দেহো দেবদেবো জনার্দ্দনঃ ॥৩৯২॥

অনুবাদ—পদ্মপুরাণে গৌতম-অম্বরীষ-সংবাদে—হে মহারাজ! যদি তোমার ভববন্ধন ছিন্ন করিবার ইচ্ছা থাকে, তাহা হইলে প্রত্যহ শ্রীশুক কথিত শ্রীমদ্ভাগবত শ্রবণ বা পাঠ কর। ভাগবতের একশ্লোক কিংবা অর্দ্ধশ্লোক অথবা পাদমাত্র লিখিত হইয়া যাঁহার

গৃহে বিরাজ করেন, দেবদেব শ্রীহরি সদা সর্ব্বদা তাঁহার আলয়ে অবস্থান করেন ৩৯১-৩৯২ ॥

দ্বারকা-মাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্ন-সংবাদে—

শ্রীমদ্ভাগবতং শাস্ত্রং পঠতে কৃষ্ণসন্নিধৌ।
কুলকোটিশতৈর্যুক্তঃ ক্রীড়তে যোগিভিঃ সহ ॥৩৯৩॥

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয়-ইন্দ্রদ্যুম্ন সংবাদে—শ্রীকৃষ্ণের সম্মুখে শ্রীমদ্ভাগবতশাস্ত্র পাঠ করিলে নিজের কোটিকুল সমন্বিত হইয়া ভক্তি রসিক বৈষ্ণবগণের সহিত শ্রীকৃষ্ণসমীপে ক্রীড়ারত থাকা যায় ॥ ৩৯৩ ॥

টীকা—কৃষ্ণসন্নিধৌ ক্রীড়তি, যোগিভিঃ ভক্তি-যোগপরৈঃ; যদ্বা, কৃষ্ণসংযোগবদ্ভি সহ ক্রীড়তি ॥৩৯৩

গারুড়ে—

অর্থোঽয়ং ব্রহ্মসূত্রাণাং ভারতার্থ-বিনির্ণয়ঃ।
গায়ত্রীভাষ্যরূপোঽসৌ বেদার্থপরিবৃংহিতঃ ॥৩৯৪॥

অনুবাদ—গরুড়পুরাণে কথিত হইয়াছে—এই শ্রীমদ্ভাগবতশাস্ত্র বেদান্তসূত্রের অর্থ-স্বরূপ, মহাভারতের অর্থ নির্ণয়কারী, গায়ত্রী মন্ত্রের ভাষ্য, বেদসমূহের অর্থবোধক ও পুরাণগণ মধ্যে শ্রেষ্ঠ ॥ ৩৯৪॥

পুরাণানাং সামরূপঃ সাক্ষাদ্ভগবতোদিতঃ।
দ্বাদশস্কন্ধযুক্তোঽয়ং শতবিচ্ছেদসংযুতঃ।
গ্রন্থোঽষ্টাদশসাহস্রঃ শ্রীমদ্ভাগবতাভিধঃ ॥ ৩৯৫ ॥

অনুবাদ—সাক্ষাৎ শ্রীভগবান কর্ত্তৃক কথিত, দ্বাদশস্কন্ধবিশিষ্ট শত প্রকরণ-সংযুক্ত এবং অষ্টাদশ সহস্র শ্লোক-সমন্বিত এই শ্রীমদ্ভাগবত ॥ ৩৯৫ ॥

টীকা—ব্রহ্মসূত্রাণাং, বেদান্তসূত্রাণাম্, পুরাণানাং মধ্যে সামরূপঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ। সারেতি বা পাঠঃ। বিচ্ছেদাঃ প্রকরণানি ॥ ৩৯৪-৩৯৫ ॥

তস্মিন্নেব শ্রীভাগবতে প্রথমস্কন্ধে
(১।২, ৩।৪০-৪১)—

ধর্ম্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমো নির্ম্মৎসরাণাং সতাং বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং তাপত্রয়োন্মূলনম্।
শ্রীমদ্ভাগবতে মহামুনিকৃতে কিংবা পরৈরীশ্বরঃ সদ্যো হৃদ্যবরুধ্যতেঽত্র কৃতিভিঃ শুশ্রূষুভিস্তৎক্ষণাৎ ॥ ৩৯৬ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতে প্রথমস্কন্ধে—মহামুনি শ্রীনারায়ণ এই ভাগবতশাস্ত্র প্রণয়ন করিয়াছেন, এই শাস্ত্রে সর্ব্বজীবে দয়াবান, মাৎসর্য্য-দোষ রহিত পরমহংসকুলের অনুষ্ঠেয় পরমধর্ম্ম নিরূপিত হইয়াছে। ইহাতে আধ্যাত্মিকাদি ত্রিতাপ নাশক পরমার্থ স্বরূপ তত্ত্ব জানা যায়। অতএব অন্যান্য শাস্ত্রে বা অন্যবিধ অনুষ্ঠানের কি প্রয়োজন? সুকৃতিবান্ ব্যক্তিগণ ইহার শ্রবণ মাত্রেই পরাৎপর পরমেশ্বরকে হৃদয় মধ্যে আসীন করিতে পারিবেন ॥ ৩৯৬ ॥

টীকা—তথা স্বতঃ প্রমাণভূতানাং বেদানাং সর্ব্বাণ্যেব বচনানি প্রমাণভূতানি তথা সর্ব্ববেদফলস্য শ্রীভাগবতস্য বচনান্যেব স্বয়ং পরমপ্রমাণভূতানীতি তৈরেব তন্মাহাত্ম্যং লিখতি—ধর্ম্ম ইত্যাদিভিঃ। তত্র প্রথমং শ্রোতৃপ্রবর্ত্তনায় শ্রীভাগবতস্য কাণ্ডত্রয় বিষয়েভ্যঃ সর্ব্বশাস্ত্রেভ্যঃ শ্রৈষ্ঠ্যং দর্শয়তি—ধর্ম্ম ইতি। অত্র শ্রীমতি সুন্দরে সাক্ষাদ্ভক্তিসম্পত্তিমতি বা ভাগবতে পরমো ধর্ম্মো নিরূপ্যতে। সাক্ষাদেবাস্তীতি বা, এতৎসেবয়ৈব স স্বতঃ প্রাপ্তঃ স্যাদিতি ভাবঃ। পরমত্বে হেতুঃ—প্রকর্ষেণ উজ্ঝিতং ত্যক্তং কৈতবং ফলাভিসন্ধিলক্ষণং কপটং যস্মিন্ সঃ। প্র-শব্দেন মোক্ষাভিসন্ধিরপি নিরস্তঃ, কেবলমীশ্বরারাধনলক্ষণো ধর্ম্ম ইত্যর্থঃ। অধিকারিতোঽপি ধর্ম্মস্য পরমত্বমাহ—নির্ম্মৎসরাণাম্, পরোৎকর্ষাসহনং মৎসরঃ, তদ্রহিতানাং সতাং ভূতানুকম্পিনাম্; যদ্বা, পরমত্বহেতুতয়া প্রোজ্ঝিতকৈতবত্বমেব প্রতিপাদয়তি; মৎসরকারণে বর্ত্তমানেঽপি মৎসরহীনানাং সতাং ভগবদ্ভক্তানামিত্যর্থঃ। কর্ম্মিণাং স্পর্দ্ধাদিহেতুসম্ভাবেন মৎসরস্বভাবত্বাৎ, জ্ঞানিনাঞ্চ কর্ম্মাদিপরিত্যাগেন মৎসরকারণাভাবাৎ, ভক্তানাস্তু পূজাদিভগবদ্ধর্ম্মপরাণাং কর্ম্মিণামেব মৎসরসম্ভবেঽপি ভক্তিস্বভাবেন পরস্পরমাসক্ত্যা ভগবৎকথা-শ্রবণাদিনান্যোন্যং প্রীতিসম্পত্ত্যা মৎসরাদিদোষানুৎপত্তেঃ এবং কর্ম্মকাণ্ডবিষয়েভ্যঃ শাস্ত্রেভ্যঃ শ্রৈষ্ঠ্যমুক্তং, জ্ঞানকাণ্ডবিষয়েভ্যোঽপি শ্রৈষ্ঠ্যমাহ—বেদ্যমিতি। বাস্তবং পরমার্থভূতং বস্তু বেদ্যং, ন তু বৈশেষিকাণামিব দ্রব্যগুণাদিরূপম্; যদ্বা, বাস্তব-

শব্দেন বস্তুনোঽংশো জীবঃ, বস্তুনঃ শক্তির্মায়া চ, বস্তুনঃ কার্য্যং জগচ্চ, তৎসর্ব্বং বস্তুেব, ন তু ততঃ পৃথগিতি। বেদ্যং অযত্নেনৈব জ্ঞাতুং শক্যম্; ততঃ কিম্? অত আহ—শিবদং পরমসুখদম, আধ্যাত্মিকাদি-তাপত্রয়োন্মূলনঞ্চ; যদ্বা বস্তু সারভূতং ভগবদ্ভক্তিলক্ষণং তস্যাপি বস্তু প্রেম তৎ বেদ্যং প্রাপ্যং, বিদলাভ ইত্যস্মাৎ। এবং সাধনসাধকসাধ্যদ্বারা ক্রমেণ শ্রৈষ্ঠ্যং দর্শিতং, কর্ত্তৃতোঽপি শ্রৈষ্ঠ্যমাহ—মহামুনিঃ নারায়ণত্বেন প্রথমতঃ সংক্ষেপেণ কৃতে। দেবতাকাণ্ডগতং শ্রৈষ্ঠ্যমাহ—পরৈঃ শাস্ত্রৈস্তদুক্তসাধনৈর্বা ঈশ্বরো হৃদি কিং বা সদ্য এব অবরুধ্যতে স্থিরীক্রিয়তে। বা-শব্দঃ কটাক্ষে, কিন্তু বিলম্বেন কথঞ্চিদেব। অত্র তু শুশ্রূষুভিঃ শ্রোতুমিচ্ছদ্ভিরপি তৎক্ষণাদবরুধ্যতে; যদ্বা, অপরৈঃ প্রয়োজনৈর্বর্ণিতৈঃ কিম্? সদ্যঃ সম্প্রতি স্থিতো য ঈশ্বরঃ শ্রীকৃষ্ণঃ, তদবতারস্যৈব নিরন্তরবর্ণনে শ্রীভাগবতপ্রবৃত্তেঃ; যদ্বা, সদ্যঃ সপদ্যেব হৃদ্যবরুধ্যতে, প্রকটসর্ব্বাঙ্গলাবণ্য-তত্তল্লীলা-পরিকরপরিবারাদিসহিতঃ সাক্ষাদিব সদানুভূয়ত ইত্যর্থঃ; যদ্বা হৃদি স্থিতো যং সোঽবরুধ্যতে সাক্ষান্নিজসমীপং প্রাপ্যতে। কীদৃশঃ সঃ? নির্ব্বক্তুমযোগ্যো যঃ ক্ষণঃ মরণকাল ইত্যর্থঃ, তমত্তি নাশয়তীতি তথা সঃ, মরণাদিসংসারদুঃখহন্তেত্যর্থঃ; যদ্বা, স অনির্ব্বচনীয়ঃ ক্ষণ উৎসবঃ মুক্তিলক্ষণস্তমত্তি নিজভক্তিমহিম্না নিরস্যতি তথা সঃ; যদ্বা, তং প্রসিদ্ধং ক্ষণম্ ইন্দ্রমহম্ অত্তি—শ্রীগোবর্দ্ধনপূজাপ্রবর্ত্তনেন হন্তীতি সঃ। যদ্বা, তস্মিন্ শ্রীগোবর্দ্ধনমহোৎসবে তদখিলবলিভক্ষণেনোপচারান্তমেব অত্তি ভক্ষয়তীতি তথা সঃ, 'বলিমাদৎ বৃহদ্বপুঃ' (শ্রীভাঃ ১০।২৪।৩৫) ইতি তত্রৈবোক্তেঃ; যদ্বা, তাসাং শ্রীগোপীনাং, তস্যা বা শ্রীরাধায়াঃ, তন্নামাগ্রহণং গৌরবাদিনা, ক্ষণং গৃহাদ্যাশেষোৎসবং বাহ্যমান্তরঞ্চ প্রেমবিশেষবিস্তারণেন প্রায়ো বিরহদুঃখপ্রদানেন বা নাশয়তীতি তথা সঃ। এতচ্চ শ্রীভাগবতামৃতে বিস্তরতো লিখিতমস্তি। এবং সর্ব্বথা শ্রীকৃষ্ণ এবেত্যর্থঃ, শ্রীভাগবতেঽস্মিন্ শ্রীকৃষ্ণস্যৈব নায়কত্বেন প্রাধান্যাৎ। তথা চ—'যৎ কৃতঃ কৃষ্ণসংপ্রশ্নঃ' (শ্রীভাঃ ১।২।৫) ইত্যত্র শ্রীস্বামিপাদৈর্ব্যাখ্যাতম্—'যতঃ কৃষ্ণবিষয়ঃ প্রশ্নঃ কৃতঃ, সর্ব্বশাস্ত্রসারোদ্ধারপ্রশ্নস্যাপি শ্রীকৃষ্ণে পর্য্যবসানাৎ' ইতি, অতএব তত্তদুপাখ্যানাদেঃ সর্ব্বস্যাপি শ্রীকৃষ্ণ এব তাৎপর্য্যং, সাক্ষাদেব ভাতীতি দিক্। ননু তর্হি ইদমেব সর্ব্বে কিমতি ন শৃণ্বন্তি? তত্রাহ—কৃতিভিঃ। এতচ্ছ্রবণেচ্ছা তু পুণ্যৈর্বিনা নোৎপদ্যত ইত্যর্থঃ; যদ্বা, কৃতিভিঃ পণ্ডিতৈঃ, সদসদ্বিচারাভাবেনাস্য শুশ্রূষানুৎপত্তেঃ। এবং সর্ব্বথা সর্ব্বতঃ শ্রৈষ্ঠ্যাদিদমেব নিত্যমবশ্যং শ্রোতব্যমিতি ভাবঃ ॥ ৩৯৬ ॥

ইদং ভাগবতং নাম পুরাণং ব্রহ্মসম্মিতম্।
উত্তমঃশ্লোকচরিতং চকার ভগবানৃষিঃ ॥ ৩৯৭ ॥
নিঃশ্রেয়সায় লোকস্য ধন্যং স্বস্ত্যয়নং মহৎ।
তদিদং গ্রাহয়ামাস সুতমাত্মবতাং বরম্।
সর্ব্ববেদেতিহাসানাং সারং সারং সমুদ্ধৃতম্ ॥৩৯৮॥

অনুবাদ—হে ঋষিগণ! আপনাদের নিকট এই ভাগবতপুরাণ বর্ণিত হইতেছে, ইহা নিখিল বেদসদৃশ, ইহাতে উত্তমঃশ্লোক শ্রীহরির লীলাকথা বর্ণিত হইয়াছে। ভগবান বেদব্যাস লোকহিতায় এই শাস্ত্র প্রণয়ন করিয়াছেন অতএব ইহা সমস্ত পুরুষার্থ প্রাপক এবং পরম শুভদায়ক ও সর্ব্বশ্রেষ্ঠ। মহামুনি বেদব্যাস এই শাস্ত্রে বেদ সকল ও ইতিহাসের সারভূত অংশ উদ্ধার করিয়া নিজ পুত্র ধীরশ্রেষ্ঠ শ্রীশুকদেবকে পড়াইয়াছিলেন ॥ ৩৯৭-৩৯৮ ॥

টীকা—ইদং পুরাণং ভাগবতং নাম শ্রীভাগবতসংজ্ঞম্; যদ্বা, নামপুরাণং নামপ্রধানং পুরাণমিদমিত্যর্থঃ, সর্ব্বত্রৈব বিশেষতো ভগবন্নাম-মাহাত্ম্যপ্রতিপাদনাৎ। ব্রহ্মসম্মিতং সর্ব্ববেদতুল্যম্, যদ্বা, অষ্টাদশসাহস্রী-সংহিতারূপেণ সম্মিতং পরিমিতিমেব প্রাপ্তং পরব্রহ্মৈব, 'কৃষ্ণে স্বধামোপগতে (শ্রীভাঃ ১।৩। ৪৩) ইত্যাদিবক্ষ্যমাণত্বাৎ। উত্তমঃশ্লোকস্য চরিতং যস্মিন্ তৎ; যদ্বা, উত্তমাঃ সর্ব্বতঃ শ্রেষ্ঠাঃ উত্তমসো বা তমো অজ্ঞানাদিদুঃখং, তন্নিবর্ত্তকাঃ শ্লোকাঃ পদ্যানি চরিতানি চাখ্যানানি যস্মিন্। ভগবানেব ঋষিঃ ব্যাসরূপঃ সন্ চকার নিববন্ধ ॥ ৩৯৭ ॥

টীকা—ধন্যং ধনাবহং, স্বস্ত্যয়নং সর্ব্বমঙ্গলপ্রাপকম্; যদ্বা, প্রেমধনাবহমতএব সর্ব্বমঙ্গলাশ্রয়ম্। কিঞ্চ, মহৎ সর্ব্বোৎকৃষ্টং স্বতঃ পরমফলরূপমেবেত্যর্থঃ। তত্তস্মাদেব হেতোঃ, সুতং শ্রীশুকদেবং,

মহত্ত্বমেবাভিব্যঞ্জয়তি—সর্ব্বেতি। সারমভিধেয়েষু শ্রেষ্ঠং বীপ্সয়া সর্ব্বং সারমিত্যর্থঃ। সমুদ্ধৃতমিত্যনেন ক্ষীরোদমহাসাগরাদমৃতমেবেতি সূচিতম্। অতএব আত্মবতাং ধীরাণাং জীবন্মুক্তানাং বা বরং, পরমভক্তত্বাৎ, অতএব তং গ্রাহয়ামাস, অন্যথা তস্যাত্র প্রবৃত্ত্যসম্ভবাদিতি দিক্ ॥ ৩৯৮ ॥

কিঞ্চ (শ্রীভাঃ ১।৩।৪৩)—

কৃষ্ণে স্বধামোপগতে ধর্ম্মজ্ঞানাদিভিঃ সহ।
কলৌ নষ্টদৃশামেষ পুরাণার্কোঽধুনোদিতঃ ॥৩৯৯॥

অনুবাদ—আরও বলা হইয়াছে যে, ধর্ম্মজ্ঞান প্রভৃতির সহিত শ্রীকৃষ্ণ নিজধামে গমন করিলে এই কলিযুগে যাবতীয় লোকেরই চক্ষুঃ অজ্ঞান অন্ধকারে অন্ধ হইয়াছিল, সেই সময়েই পুরাণরূপ এই দিবাকরের উদয় হইল ॥ ৩৯৯ ॥

টীকা—'ব্রূহি যোগেশ্বরে কৃষ্ণে ব্রহ্মণ্যে ধর্ম্মবর্ম্মণি। স্বাং কাষ্ঠামধুনোপেতে ধর্ম্মঃ কং শরণং গতঃ ॥' (শ্রীভাঃ ১।১।২৩) ইত্যস্য শ্রীশৌনকাদিপ্রশ্নস্য উত্তরমাহ—কৃষ্ণে ইতি। স্বধাম বৈকুণ্ঠমুপগতে সতি, অধুনা কলৌ নষ্টদৃশাং সতাং লোকানাম্ এষ ভাগবতাখ্যঃ পুরাণার্কঃ ধর্ম্মাদিভিঃ সহ উদিতঃ। যথার্কোদয়ে তমোনাশাচ্চক্ষুরিন্দ্রিয়প্রবৃত্ত্যা দৃশ্যং দৃশ্যেত তথাস্য প্রাকট্যেন সর্ব্বাজ্ঞাননিবৃত্তের্ভক্তিপ্রবৃত্ত্যা শ্রীকৃষ্ণঃ সাক্ষাদিব প্রাপ্যত ইত্যর্থঃ ॥ ৩৯৯ ॥

কিঞ্চ (শ্রীভাঃ ১।৭।৬-৭)—

অনর্থোপশমং সাক্ষাদ্ভক্তিযোগমধোক্ষজে।
লোকস্যাজানতো ব্যাসশ্চক্রে সাত্বতসংহিতাম্ ॥৪০০॥
যস্যাং বৈ শ্রূয়মাণায়াং কৃষ্ণে পরমপুরুষে।
ভক্তিরুৎপদ্যতে পুংসঃ শোকমোহভয়াপহা ॥৪০১॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—অধোক্ষজ শ্রীভগবানে ভক্তিপরায়ণ হইলে সংসাররূপ সাক্ষাৎ অনর্থের নিবৃত্তি হয়। ভক্তিযোগ-বিষয়ে অনভিজ্ঞ লোকেদের উপকারের নিমিত্ত শ্রীব্যাস এই শ্রীমদ্ভাগবতরূপ সাত্বত সংহিতা প্রণয়ন করিলেন। ইহা শ্রবণে শোক, মোহ ও ভয়নাশিনী শ্রীকৃষ্ণভক্তির উদয় হয় ॥ ৪০০-৪০১ ॥

টীকা—সাক্ষাদেব অনর্থং সংসারম্; যদ্বা ন অর্থো ভক্তিলক্ষণো যস্মিন্ তং মোক্ষম্ উপশময়তীতি তথা তম্। ভক্তিযোগমজানতো লোকস্যার্থে সাত্বতসংহিতাং শ্রীভাগবতাখ্যাম্ ॥ ৪০০ ॥

টীকা—অনর্থোপশমং দর্শয়তি—যস্যামিতি। শ্রূয়মাণায়ামেব, কিং পুনঃ শ্রুতায়ামিত্যর্থঃ। পরমপুরুষে পুরুষোত্তমে, ভক্তিঃ পুরুষোত্তম-বিষয়কভাববিশেষঃ, পুংসঃ যস্য কস্যচিজ্জনস্যেত্যর্থঃ। শোকঃ সংসারিত্বাদিনানুতাপঃ, মোহস্তন্মূলমজ্ঞানং, ভয়ং সংসারঃ, তান্যপহন্তীতি তথা সা; যদ্বা, শোকঃ ভগবদপ্রাপ্ত্যানুতাপঃ, মোহঃ গৃহাদ্যাসক্তিঃ, ভয়ং লোকাদিভ্যঃ, তান্যপহন্তীতি তথা সা। এতচ্চানর্থোপশমতারূপমানুষঙ্গিকফলং দর্শিতম্ ॥ ৪০১ ॥

দ্বিতীয়ে শ্রীশুকোক্তৌ (১।২-১০)—

পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্যে উত্তমঃশ্লোকলীলয়া।
গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবান্ ॥ ৪০২ ॥
তদহং তেঽভিধাস্যামি মহাপৌরুষিকো ভবান্।
যস্য শ্রদ্দধতামাশু স্যান্মুকুন্দে মতিঃ সতী ॥ ৪০৩ ॥

অনুবাদ—দ্বিতীয়স্কন্ধে শ্রীশুক বাক্য—হে রাজন্ নির্গুণ ব্রহ্মে পরিনিষ্ঠিত হইলেও উত্তমঃশ্লোক শ্রীহরির লীলা আমার চিত্তবৃত্তিকে আকৃষ্ট করিয়াছিল এবং তাহারই ফলে আমি ইহা অধ্যয়ন করিয়াছি। তুমি পরমভক্ত, এই হেতু তোমার নিকট এই শাস্ত্রের ব্যাখ্যা করিতেছি। এই লীলাকথায় শ্রদ্ধাবান হইলে ভগবান মুকুন্দে অমলা মতি হয় ॥ ৪০২-৪০৩ ॥

টীকা—ব্রহ্মানন্দপরিনিষ্ঠিতস্য শ্রীবাদরায়ণেরেতদধ্যয়নে প্রবৃত্ত্যাঃ পরমফলত্বং দর্শয়ন্ তদ্বচনেনৈব লিখতি—পরিনিষ্ঠিত ইতি। গৃহীতচেতা আকৃষ্টচিত্তঃ, আখ্যানং শ্রীভাগবতরূপম্ ॥ ৪০২ ॥

টীকা—মহাপুরুষো ভগবান্ শ্রীকৃষ্ণস্তদীয়ঃ, এবং বৈষ্ণবেষ্বেব শ্রীভাগবতমভিধেয়মিত্যুক্তম্। যস্য যস্মিন্ শ্রদ্ধাং কুর্ব্বতামপি, সতী অহৈতুকী মতিঃ প্রেমেত্যর্থঃ ॥ ৪০৩ ॥

দ্বাদশে চ (১৩।১৪-১৬, ১৮)—

রাজন্তে তাবদন্যানি পুরাণানি সতাং গণে ।
যাবদ্ভাগবতং নৈব শ্রূয়তেঽমৃতসাগরঃ ॥ ৪০৪ ॥
সর্ব্ববেদান্তসারং হি শ্রীভাগবতমিষ্যতে ।
তদ্রসামৃততৃপ্তস্য নান্যত্র স্যাদ্রতিঃ কচিৎ ॥ ৪০৫ ॥

অনুবাদ—দ্বাদশস্কন্ধে এই বিষয়ে বলা হইয়াছে —অমৃতসমুদ্রস্বরূপ এই পুরাণ যতদিন পর্য্যন্ত শ্রবণ না করা যায় ততদিনই সজ্জন সমাজে অন্য পুরাণগুলি সমাদৃত হন। সর্ব্ববেদান্তসার এই শ্রীমদ্ভাগবত ইহার অমৃত ধারায় পরিতৃপ্তি জন্মিলে কখনও আর অন্য কিছুতে রতি জন্মায় না ॥ ৪০৪-৪০৫ ॥

টীকা—অমৃতং ভগবদ্ভক্তিরসঃ, তস্য সাগরঃ ॥৪০৪

টীকা—তদ্রসঃ, তস্যাস্বাদনং তৎপ্রীতির্বা, স এবামৃতং তেন তৃপ্তস্য, অন্যত্র বেদান্তাদৌ ॥ ৪০৫ ॥

নিম্নগানাং যথা গঙ্গা দেবানামচ্যুতো যথা ।
বৈষ্ণবানাং যথা শম্ভুঃ পুরাণানামিদং তথা ॥৪০৬॥
শ্রীমদ্ভাগবতং পুরাণমমলং যদ্বৈষ্ণবানাং প্রিয়ং
যস্মিন্ পারমহংস্যমেকমমলং জ্ঞানং পরং গীয়তে ।
যত্র জ্ঞানবিরাগভক্তিসহিতং নৈষ্কর্ম্ম্যমাবিষ্কৃতং
তচ্ছৃণ্বন্ বিপঠন্ বিচারণপরো
ভক্ত্যা বিমুচ্যেন্নরঃ ॥ ৪০৭ ॥

অনুবাদ—নদী মধ্যে গঙ্গা, দেবগণ মধ্যে শ্রীবিষ্ণু, বিষ্ণুভক্তগণ মধ্যে শ্রীশিব যেমন, তেমনই পুরাণ মধ্যে এই ভাগবত। এই বিমল ভাগবত পুরাণ বৈষ্ণবগণের অতিশয় প্রিয়, ইহাতে পরমহংসগণের প্রাপ্য ভগবদ্ভক্তি মাহাত্ম্য বিষয়ে একমাত্র শ্রেষ্ঠ বিশুদ্ধ জ্ঞান পরিগীত হইয়াছে এবং জ্ঞান-বিরাগ-ভক্তি-বিশিষ্ট নৈষ্কর্ম্ম্য আবিষ্কৃত হইয়াছে, অতএব ভক্তির সহিত ইহার শ্রবণ, অধ্যয়ন ও বিচার করিলে মনুষ্য মুক্তি গতি প্রাপ্ত হয় ॥ ৪০৬-৪০৭ ॥

টীকা—বৈষ্ণবানাং প্রিয়ত্বে হেতুমাহ—যস্মিন্নিত্যাদিনা। পারমহংস্যাং পরমহংসৈঃ প্রাপ্যং, যদ্বা, পরমহংসানামপি হিতং পরং জ্ঞানং ভগবদ্ভক্তি-মাহাত্ম্যাদিবিষয়ম্, অতোঽমলং সর্ব্বমলনিবর্ত্তকম্; অতএব শ্রীভাগবতে ব্যাখ্যাতম্—আদৌ জ্ঞানং, ততস্তত্ত্ববেদনং, ততো বিরাগঃ বিষয়াদিবৈরাগ্যং, ততো ভক্তিশ্চ শ্রবণাদিলক্ষণা, তৎসহিতং নৈষ্কর্ম্ম্যং নিষ্কর্ম্মাণো ভগবদ্ভক্তাস্তৈঃ প্রাপ্যং ভগবৎপ্রেম আবিষ্কৃতং সাক্ষাদিব দর্শিতম্। এতচ্ছ্রবণাদিপ্রবৃত্ত্যা এব স্বতস্তত্তৎসিদ্ধেঃ। তৎ শ্রীমদ্ভাগবতং ভক্ত্যা শৃণ্বন্ বিপঠন্ সংকীর্ত্তয়ন্ বিচারণপরশ্চ তদর্থং বিচারয়ংশ্চ সন্ নরঃ সর্ব্বো জনঃ বিশেষেণ মুচ্যতে, শ্রীবৈকুণ্ঠলোকং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৪০৭ ॥

অতএবোক্তম্ (শ্রীভাঃ ১।১।৩)—

নিগমকল্পতরোর্গলিতং ফলং
শুকমুখাদমৃতদ্রবসংযুতম্ ।
পিবত ভাগবতং রসমালয়ং
মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ ॥ ৪০৮ ॥

অনুবাদ—অতএব প্রথমস্কন্ধে—হে রসিক ভাবুকগণ। এই শ্রীমদ্ভাগবত নিখিল পুরুষার্থ প্রদানকারী বেদরূপ কল্পতরুর ফল, ইহা শ্রীশুকদেবের মুখামৃত-দ্রব সংযুক্ত হইয়া এই পৃথিবী মণ্ডলে অখণ্ডরূপে পতিত হইয়াছে, ইহাতে পরিত্যাগ যোগ্য হেয়াংশ কিছুই নাই সুতরাং তোমরা এই ফল মুক্তি পর্য্যন্ত পুনঃ পুনঃ পান কর ॥ ৪০৮ ॥

টীকা—এবং প্রায়ঃ সাধনরূপত্বমস্য দর্শিতং, অধুনা স্বতঃ পরমফলরূপত্বং দর্শয়ন্ সর্ব্বদা পরমাদরেণেদমেব সেব্যমিতি লিখতি—নিগমেতি, নিগমো বেদঃ, স এব কল্পতরুঃ সর্ব্বপুরুষার্থোপায়ত্বাৎ সেবকস্যাভীষ্টপূরকত্বাদ্বা, তস্য ফলমিদং শ্রীভাগবতং নাম; তত্তু বৈকুণ্ঠগতং নারদেনানীয় শ্রীব্যাসায় দত্তং, তেন চ শ্রীশুকমুখে নিহিতং, তচ্চ তন্মুখাদ্ভুবি গলিতং শিষ্যপ্রশিষ্যাদিরূপ-পল্লবপরম্পরয়া শনৈরখণ্ডমেবাবতীর্ণং, ন তুচ্চনিপাতেন স্ফুটিতমিত্যর্থঃ। অত এবামৃতরূপেণ দ্রবেণ সংযুতম্; লোকে হি শুকমুখস্পৃষ্টং ফলমমৃতমিব স্বাদুভবতীতি প্রসিদ্ধম্। অত্র তু শুকো মুনিঃ অমৃতং পরমানন্দঃ, স এব দ্রবো রসঃ; 'রসো বৈ সঃ রসং হ্যেবায়ং লব্ধানন্দী ভবতি (শ্রীতৈঃ ২।৭।১) ইতি শ্রুতেঃ। যদ্বা, দ্রবয়তি জগচ্চিত্তমার্দ্রয়তীতি দ্রবঃ, স এব পরমমধুরত্বাদিনা অমৃতরূপঃ, শ্রীকৃষ্ণ-চরণারবিন্দ-বিষয়কপ্রেমেত্যর্থঃ। অতঃ হে রসিকাঃ। তত্রাপি ভাবুকাঃ রসবিশেষভাবনাচতুরাঃ। অহো

ভুবি গলিতমিত্যলভ্য-লাভোক্তিঃ। ইদং ভাগবতং নাম ফলং মুহুঃ পিবত ; ননু ত্বগষ্ট্যাদিকং বিহায় ফলাদ্রসঃ পীয়তে, কথং ফলমেব পাতব্যম্ ? তত্রাহ —রসং রসরূপম্, অতস্ত্বগষ্ট্যাদের্হেয়াংশস্যাভাবাৎ ফলমেব কৃৎস্নং পিবত। অত্র চ—রসতাদাত্ম্য-বিবক্ষয়া রসবত্ত্বস্যাবিবক্ষিতত্বাৎ অগুণবচনেঽপি রস-শব্দে মতুপঃ প্রাপ্ত্যভাবাৎ তেন বিনৈব রসং ফলমিতি সামানাধিকরণ্যম্। অত্র ফলমিত্যুক্তে পানাসম্ভবো হেয়াংশপ্রসক্তিশ্চ ভবেদিতি তন্নিবৃত্ত্যর্থং রসমিত্যুক্তম্ ; রসমিত্যুক্তেঽপি গলিতস্য রসস্য পাতুমশক্যত্বাৎ ফল-মিত্যুক্তমিতি দ্রষ্টব্যম্। ন চ ভাগবতামৃতপানং মোক্ষেঽপি ত্যাজ্যমিত্যাহ—আলয়ং লয়ো মোক্ষঃ, অভিবিধাবাকারঃ, লয়মভিব্যাপ্য। ন হীদং স্বর্গাদি-সুখবৎ মুক্তেরুপেক্ষ্যং কিন্তু সেব্যমেবেত্যর্থঃ। বক্ষ্যতি হি—'আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে' (শ্রীভাঃ ১।৭।১০) ইত্যাদি ॥ ৪০৮ ॥

কিঞ্চ (শ্রীভাঃ ১২।১৩)—

যঃ স্বানুভাবমখিলশ্রুতিসারমেক-
মধ্যাত্মদীপমতিতিতীর্ষতাং তমোঽন্ধম্।
সংসারিণাং করুণয়াহ পুরাণগুহ্যং
তং ব্যাসসূনুমুপযামি গুরুং মুনীনাম্ ॥ ৪০৯ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—এই ঘোর সংসাররূপ অন্ধকার তরণেচ্ছু সংসারিগণের প্রতি করুণা করিয়া এই অসাধারণ প্রভাব, বেদসার, অধ্যাত্মদীপ, অতীব গুহ্য পুরাণ কথা বলিয়াছেন, সেই মুনি গুরু ব্যাসনন্দন শ্রীশুকদেবের শরণ লইতেছি ॥ ৪০৯ ॥

টীকা—এবং শ্রীভাগবতস্যাসাধারণমাহাত্ম্যমেব দর্শয়ন্ তচ্চোপসংহরন্ ভক্ত্যা তত্র প্রবক্তারং শ্রীব্যাস-নন্দনমাশ্রয়তি—য ইতি। অন্ধং গাঢ়ন্তমঃ সংসা-রাখ্যং মায়াখ্যং বা। অত্যন্তং সম্যক্তয়া তরিতু-মিচ্ছতাং সংসারিণাং জনানাং করুণয়া তদ্বিষয়ক-কৃপয়া যঃ পুরাণেষু মধ্যে গুহ্যং গোপ্যমাহ। গোপ্যত্বে হেতুত্বেন চত্বারি বিশেষণানি—স্বো নিজঃ অসাধারণঃ অনুভাবঃ প্রভাবঃ—'ঈশ্বরঃ সদ্যো হৃদ্যবরুধ্যতে (শ্রীভাঃ ১।১।২) ইত্যাদিরূপো যস্য, অখিলশ্রুতীনাং সারম্, একম্ অদ্বিতীয়মনুপমমিত্যর্থঃ। আত্মানং কার্য্যকারণসঙ্ঘমধিকৃত্য বর্ত্তমানমাত্মতত্ত্বমধ্যাত্মম্ ; যদ্বা, আত্মানং ভগবন্তং হরিমধিকৃত্য বর্ত্তমানমধ্যাত্মং, তৎপ্রসাদৈকলভ্যং তৎপ্রেমেত্যর্থঃ। তস্য দীপং সাক্ষাৎ প্রকাশকম্। উপযামি শরণং ব্রজামি ॥৪০৯॥

ভগবদ্ধর্ম্মবক্তারং ভগবচ্ছাস্ত্রবাচকম্।
বৈষ্ণবং গুরুবদ্ভক্ত্যা পূজয়েজ্জ্ঞানদায়কম্ ॥৪১০॥

অনুবাদ—ভগবচ্ছাস্ত্র-বক্তা, ভগবদ্ধর্ম্মবক্তা ও জ্ঞানদাতা বৈষ্ণবকে ভক্তিপূর্ব্বক গুরুদেবের ন্যায় পূজা করিবে ॥ ৪১০ ॥

টীকা—গুরুর্মন্ত্রোপদেষ্টা, তদ্বৎ জ্ঞানস্য ভগ-বদ্ধর্ম্মাদিবিষয়কস্য দায়কং ভগবচ্ছাস্ত্রবাচনেন ভগ-বদ্ধর্ম্মপ্রতিপাদনাৎ ॥ ৪১০ ॥

অথ শ্রীভগবচ্ছাস্ত্রবক্তৃ-মাহাত্ম্যম্

নারদপঞ্চরাত্রে ঋষীন্ প্রতি শ্রীশাণ্ডিল্যোক্তৌ—
বৈষ্ণবজ্ঞানবক্তারং যো বিদ্যাদ্বিষ্ণুবদ্গুরুম্।
পূজয়েদ্বাঙ্মনঃকায়ৈঃ স শাস্ত্রজ্ঞঃ স বৈষ্ণবঃ ॥৪১১॥
শ্লোকপাদস্য বক্তাপি যঃ পূজ্যঃ স সদৈব হি।
কিং পুনর্ভগবদ্বিষ্ণোঃ স্বরূপং বিতনোতি যঃ ॥৪১২॥

অনুবাদ—অতঃপর শ্রীভগবচ্ছাস্ত্রবক্তার মাহাত্ম্য নারদ পঞ্চরাত্রে শ্রীশাণ্ডিল্য মুনি ঋষিগণকে কহিতে-ছেন—বিষ্ণুসম্বন্ধীয় জ্ঞানের বক্তাকে যিনি বিষ্ণুতুল্য গুরুরূপে জানেন ও তাঁহাকে কায়মনোবাক্যে পূজা করিয়া থাকেন, তিনিই যথার্থ শাস্ত্রজ্ঞ ও বৈষ্ণব। যিনি বিষ্ণুধর্ম্মাদি-মাহাত্ম্য বিস্তার করিয়া থাকেন তাঁহার কথা দূরে থাকুক, পাদমাত্র শ্লোক বক্তাও সর্ব্বদা পূজার যোগ্য ॥ ৪১১-৪১২ ॥

টীকা—স্বরূপং তত্ত্বং তদ্ধর্ম্মাদি-মাহাত্ম্যম্ ॥৪১২॥

কিঞ্চ—
নারায়ণঃ পরং ব্রহ্ম তজ্জ্ঞানেনাথ গম্যতে।
জ্ঞানস্য সাধনং শাস্ত্রং শাস্ত্রঞ্চ গুরুবক্ত্রগম্ ॥৪১৩॥
ব্রহ্মপ্রাপ্তিরতো হেতোর্গুর্ব্বধীনা সদৈব হি।
হেতুনানেন বৈ বিপ্রা গুরুর্গুরুতরঃ স্মৃতঃ ॥৪১৪॥

যস্মাদ্দেবো জগন্নাথঃ কৃত্বা মর্ত্ত্যময়ীং তনুম্ ।
মগ্নানুদ্ধরতে লোকান্ কারুণ্যাচ্ছাস্ত্রপাণিনা ॥ ৪১৫ ॥
তস্মাদ্ভক্তির্গুরৌ কার্য্যা সংসারভয়ভীরুণা ।
শাস্ত্রজ্ঞানেন যোঽজ্ঞানং তিমিরং বিনিপাতয়েৎ ॥৪১৬
শাস্ত্রং পাপহরং পুণ্যং পবিত্রং ভোগমোক্ষদম্ ।
শান্তিদঞ্চ মহার্থঞ্চ বক্তি যঃ স জগদ্গুরুঃ ॥ ৪১৭ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—ব্রহ্মজ্ঞানবলে শ্রীনারায়ণকে পাওয়া অতীব দুঃসাধ্য। জ্ঞানের সাধন শাস্ত্র এবং শাস্ত্রও গুরুমুখগত সুতরাং ব্রহ্মলাভ একান্তভাবেই গুরুর অধীন। হে দ্বিজগণ! এইজন্য শ্রীগুরুদেবকে সর্ব্বশ্রেষ্ঠ বলা হয়। ভগবান জগৎ-পতি শ্রীহরি গুরুরূপ পরিগ্রহ করিয়া করুণা পূর্ব্বক শাস্ত্ররূপ বাহুদ্বারা সংসার-সাগরে পতিত ব্যক্তিগণকে উদ্ধার করিয়া থাকেন। যিনি শাস্ত্র জ্ঞানদ্বারা অজ্ঞান-রূপ অন্ধকার দূরীভূত করেন, সেই শ্রীগুরুদেবে ভক্তি পরায়ণ হওয়া সংসারভয় ভীত জনের অবশ্য কর্ত্তব্য। শাস্ত্র পাতকনাশক, পুণ্য, বিশুদ্ধ, ভোগ-মোক্ষ দানকারী, শান্তি প্রদাতা ও ভক্তিলক্ষণ স্বরূপ। যিনি এই শাস্ত্রবক্তা তিনি জগদ্গুরু ॥ ৪১৩-৪১৭ ॥

টীকা—হে বিপ্রাঃ ॥ ৪১৪ ॥

টীকা—শাস্ত্রমেব পাণিঃ উদ্ধারহেতুত্বাৎ, তেন ॥৪১৫

টীকা—মহানর্থঃ ভক্তিলক্ষণো যস্মাত্তৎ ॥ ৪১৭ ॥

অথ শ্রীকৃষ্ণলীলা-শ্রবণমাহাত্ম্যম্, তত্র পাপাদিশোধকত্ব

স্কান্দে ব্রহ্মনারদসংবাদে—

তেষাং ক্ষীণং মহৎ পাপং বর্ষকোটিশতোদ্ভবম্ ।
বিপ্রেন্দ্র নাস্তি সন্দেহো যে
শৃণ্বন্তি হরেঃ কথাম্ ॥ ৪১৮ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণলীলাকথা-শ্রবণ-মাহাত্ম্য, তন্মধ্যে উক্ত লীলা কথার পাপাদি শোধকত্ব বিষয়ে স্কন্দ-পুরাণে ব্রহ্মনারদ সংবাদে বলা হইয়াছে—ইহাতে কখনও সন্দেহ করা উচিত নয় যে, শ্রীহরিকথা শ্রবণকারী ব্যক্তিগণের শতকোটি বৎসরের সঞ্চিত মহাপাপও ক্ষীণতা প্রাপ্ত হয় ॥ ৪১৮ ॥

তত্রৈবান্যত্র—

সর্ব্বাশ্রমাভিগমনং সর্ব্বতীর্থাবগাহনম্ ।
ন তথা পাবনং নৃণাং নারায়ণ-কথা যথা ॥ ৪১৯ ॥

অনুবাদ—স্কন্দপুরাণেরই অন্যস্থানে বলা হইয়াছে—শ্রীনারায়ণের কথা মনুষ্যগণকে যে প্রকার পবিত্র করেন, সকল আশ্রমধর্ম্মের আচরণ বা সকল তীর্থে অবগাহন দ্বারাও সেইরূপ পবিত্রতার সম্ভাবনা নাই ॥ ৪১৯ ॥

টীকা—সর্ব্বেষামাশ্রমাণাং ব্রহ্মচর্য্যাদীনাম্ অভি-গমনং ক্রমেণ তত্তদ্ধর্ম্মানুষ্ঠানম্। কথেতি। সামান্যতো যদ্যপি কথায়াঃ শ্রবণং কীর্ত্তনাদিকং চোক্তং স্যাৎ, তথাপি শ্রবণানন্তরমেব কীর্ত্তনাদি সম্ভবতীতি আদৌ শ্রবণাপেক্ষা; যদ্বা, শ্রবণে সতি স্বতঃ কীর্ত্তনাদি সিধ্য-তীতি। কথায়াং শ্রবণস্য প্রাধান্যাভিপ্রায়েণ পদ্যমে-তদত্র সংগৃহীতম্। কিঞ্চ, 'শৃণ্বতাং ব্রুবতাম্' ইত্যাদৌ চ যদ্যপি কীর্ত্তনাদেরপি স্পষ্টং মাহাত্ম্য-মুচ্যতে, তথাপি শ্রবণপ্রকরণেঽত্র লিখনাৎ তত্তদত্র দৃষ্টান্তত্বেনোহ্যম্। যদি বা তৎ সর্ব্বং স্বতন্ত্রমেব মন্তব্যং, তর্হি এক এব মহাভাগবতো রসিকতয়া কদাচিৎ বক্তা, কদাচিৎ শ্রোতা, যুগপদ্বা শ্রবণাদিকর্ত্তে-ত্যেবং শ্রবণ-কীর্ত্তনাদি-মিশ্রিত-প্রকরণং শ্রীবিষ্ণু-পুরাণলিখিতানুসারেণ পৃথক্ কল্পয়িতব্যম্। অত্র চ প্রয়োজনবিশেষাভাবেন গ্রন্থবিস্তরভয়েন চ ন লিখিত-মিতি দিক্; এবমন্যদপ্যূহ্যম্ ॥ ৪১৯ ॥

বৃহন্নারদীয়ে যজ্ঞধ্বজোপাখ্যানারম্ভে—

অহো হরিকথা লোকে পাপঘ্নী পুণ্যদায়িনী ।
শৃণ্বতাং ব্রুবতাঞ্চৈব তদ্ভাবানাং বিশেষতঃ ॥৪২০॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে যজ্ঞধ্বজোপাখ্যানের আরম্ভে—অহো! এই সংসারে হরিকথাই পাপ-নাশিনী ও পুণ্যদানকারিণী। ভক্তির সহিত শ্রীহরি কথা শ্রবণে উহা বিশেষরূপে পাপনাশিনী ও পুণ্যদান-কারিণী হন সন্দেহ নাই ॥ ৪২০ ॥

টীকা—তস্যাং হরিকথায়াং ভাবো ভক্তির্যেষাং তেষাং কথা-চিন্তকানাং বা ॥ ৪২০ ॥

প্রথমস্কন্ধে (২।১৭)—
**শৃণ্বতাং স্বকথাঃ কৃষ্ণঃ পুণ্যশ্রবণকীর্ত্তনঃ।
হৃদ্যন্তঃস্থো হ্যভদ্রাণি বিধুনোতি
সুহৃৎ সতাম্ ॥ ৪২১ ॥**

অনুবাদ—প্রথমস্কন্ধে বলা হইয়াছে—সাধুগণের মঙ্গলকারী, পুণ্যশ্রবণ-কীর্ত্তন ভগবান কৃষ্ণ নিজ-কথা শ্রবণকারী জনগণের হৃদয়াভ্যন্তরে অবস্থান করিয়া তাহার চিত্তের যাবতীয় কামাদি অশুভ বাসনা ধ্বংস করেন ॥ ৪২১ ॥

টীকা—পুণ্যে শ্রবণকীর্ত্তনে যস্য সঃ, হৃদি যানি অভদ্রাণি কামাদিবাসনাস্তানি, অন্তঃস্থঃ হৃদয়স্থঃ সন্ সতাং কথাশ্রবণাদিপরাণাং, সুহৃদ্ধিতকারী ॥ ৪২১ ॥

———

একাদশে চ দেবস্তুতৌ (৬।)—
**শুদ্ধির্ণ্ণাং ন তু তথেড্য দুরাশয়ানাং
বিদ্যাশ্রুতাধ্যয়ন-দান-তপঃক্রিয়াভিঃ।
সত্ত্বাত্মনামৃষভ তে যশসি প্রবৃদ্ধ-
সচ্ছ্রদ্ধয়া শ্রবণসংভৃতয়া যথা স্যাৎ ॥ ৪২২ ॥**

অনুবাদ—একাদশস্কন্ধে দেবগণ স্তুতি প্রসঙ্গে বলিয়াছেন—হে ঋষভ! হে স্তবনীয়! আপনার যশোরাশি শ্রবণ হেতু বৃদ্ধিপ্রাপ্ত শ্রদ্ধাদ্বারা সাধুগণের যে প্রকার চিত্তশুদ্ধি হয়, বিদ্যা, অধ্যয়ন, দান ও তপস্যাদি অনুষ্ঠান দ্বারাও সংসারিগণের সেই প্রকার হয় না ॥ ৪২২ ॥

টীকা—হে ঈড্য! হে ঋষভ! দুরাশয়ানাং রাগিণাং বিদ্যাদিভিস্তথা শুদ্ধির্ন ভবতি। অত্র বিদ্যা উপাসনা, শ্রুতং শাস্ত্রং, অধ্যয়নং বেদাভ্যাসঃ, তপঃ স্বধর্ম্মাচরণং, ক্রিয়া যজ্ঞাদয়ঃ, সত্ত্বাত্মনাং সতাং, তে যশসি শ্রবণেন সম্ভৃতয়া পরিপুষ্টয়া অতিবৃদ্ধয়া সচ্ছ্রদ্ধয়া উত্তমপ্রীত্যা পরমাদরেণ বা; যদ্বা, সতামিব শ্রদ্ধয়া আস্তিক্যমাত্রেণাপি যথা স্যাৎ; যদ্বা, শুদ্ধির্ন স্যাদিত্যত্র হেতুঃ—দুরাশয়ানাং বিদ্যাদিভিরেব দুষ্টাভিমানবতাং সতামিতি। শুদ্ধিঃ স্যাদিত্যত্র হেতুঃ—যশসি প্রবৃদ্ধসচ্ছ্রদ্ধয়ৈব সত্ত্বাত্মনাং শুদ্ধচিত্তানাং সতামিতি। যদ্বা, হে সত্ত্বাত্মনামৃষভ! সাত্বতবর্গপ্রভো! দুরাশয়ানামপি যশসি প্রবৃদ্ধসচ্ছ্রদ্ধয়া যথা শুদ্ধিঃ স্যাৎ, তথা বিদ্যাদিভির্ন স্যাৎ, যদ্বা, তথা সত্ত্বাত্মনাং সাত্ত্বিকানামপি বিদ্যাদিভির্ন স্যাৎ ভগবৎকথাশ্রবণাভাবাৎ ॥ ৪২২ ॥

———

অথ ক্ষুত্তৃড়াদি-সর্ব্বদুঃখনিবর্ত্তকত্বম্

দশমে শ্রীবাদরায়ণিং প্রতি শ্রীপরীক্ষিদুক্তৌ (১।১৩)—
**নৈষাতিদুঃসহা ক্ষুন্মাং ত্যক্তোদমপি বাধতে।
পিবন্তং ত্বন্মুখাম্ভোজচ্যুতং হরিকথামৃতম্ ॥ ৪২৩ ॥**

অনুবাদ—দশমস্কন্ধে শ্রীপরীক্ষিৎ মহারাজ শ্রীশুকদেবকে কহিলেন—আমি আমৃত্যু অনশন-ব্রত লইয়া জল পর্য্যন্ত ত্যাগ করিয়াছি, কিন্তু তোমার মুখ-পদ্ম নির্গত শ্রীকৃষ্ণকথামৃত পানহেতু দুঃসহা ক্ষুধাতেও আমি বিন্দুমাত্র ক্লেশানুভব করিতেছি না ॥৪২৩

টীকা—এষা ক্ষুৎ তু অনশনব্রতোত্থা সর্ব্বানর্থমূলভূতা সদ্যো মহাতিপ্রদত্বেন সর্ব্বৈরনুভূয়মানা বা অন্যেষামতিদুঃসহাপি মাং ত্যক্তোদমপি ন বাধতে, ন পীড়য়তি; যদ্বা, কায়িকব্যাপারাদিবাধমপি নাচরতি। কুতঃ? সর্ব্বদুঃখং হরতীতি হরিস্তস্য কথৈবামৃতং তৎ পিবন্তং, তচ্চ ত্বন্মুখাম্ভোজচ্যুতমিতি গুণবিশেষো দর্শিতঃ। হরিকথামৃতপানাভাবে চ সদ্য এব জীবনং ন স্যাদিত্যর্থঃ ॥ ৪২৩ ॥

———

স্কান্দে চ তত্রৈব—
**শ্রীপ্রদং বিষ্ণুচরিতং সর্ব্বোপদ্রব-নাশনম্।
সর্ব্বদুঃখোপশমনং দুষ্টগ্রহনিবারণম্ ॥ ৪২৪ ॥**

অনুবাদ—স্কন্দপুরাণেও বলা হইয়াছে—শ্রীবিষ্ণু-চরিত শ্রবণ করিলে সম্পত্তি লাভ, সর্ব্বপ্রকারের উপদ্রব নাশ, সকল দুঃখের উপশম ও কুগ্রহ নিবারণ হয় ॥ ৪২৪ ॥

———

অথ প্রকর্ষেণ সর্ব্বমঙ্গলকারিত্বম্

তত্রৈব—
**শ্রোতব্যং সাধুচরিতং যশোধর্ম্মজয়ার্থিভিঃ।
পাপাক্ষয়ার্থং দেবর্ষে স্বর্গার্থং ধর্ম্মবুদ্ধিভিঃ ॥ ৪২৫ ॥
আয়ুষ্যমারোগ্যকরং যশস্যং পুণ্যবর্দ্ধনম্।
চরিতং বৈষ্ণবং নিত্যং শ্রোতব্যং সাধুবুদ্ধিনা ॥৪২৬॥**

কুটুম্ববৃদ্ধিং বিজয়ং শত্রুনাশং যশো বলম্ ।
করোতি বিষ্ণুচরিতং সর্ব্বকামফলপ্রদম্ ॥ ৪২৭ ॥

অনুবাদ—অনন্তর শ্রীকৃষ্ণলীলা শ্রবণ-উত্তমরূপে সর্ব্বমঙ্গলপ্রদ, ঐ স্কন্দপুরাণেই বলা হইয়াছে—হে নারদ! যশঃ, ধর্ম্ম ও জয় প্রার্থীগণের এবং ধর্ম্ম-বুদ্ধি ও সাধুবুদ্ধি-ব্যক্তিগণের পাপক্ষয় ও স্বর্গলাভের জন্য আয়ুবর্দ্ধক, আরোগ্যপ্রদ, যশঃপ্রদ, ও পুণ্য বর্দ্ধক বিষ্ণুচরিত প্রত্যহ শ্রবণ করা উচিত। বিষ্ণু-চরিত গাথা—বিজয়, অরিক্ষয়, যশোবৃদ্ধি, কুটুম্ববৃদ্ধি, বলবর্দ্ধন এবং সমস্ত অভীষ্ট পূরণকারী ॥৪২৫-৪২৭

টীকা—কিং বহুনোক্তেন ? সর্ব্বেষামেব কামানাং বাঞ্ছানাং ফলং প্রকর্ষেণ দদাতীতি তথা তৎ ॥৪২৭॥

অথ সর্ব্বসৎকর্ম্মফলত্বম্

প্রথমস্কন্ধে (২।৮)—

ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং বিষ্বক্সেনকথাসু যঃ ।
নোৎপাদয়েদ্‌যদি রতিং শ্রম এব হি কেবলম্ ॥৪২৮

অনুবাদ—অতঃপর শ্রীকৃষ্ণলীলা-শ্রবণ সর্ব্ব সৎ-কর্ম্মের ফলস্বরূপ, প্রথমস্কন্ধে বলা হইয়াছে—শ্রীহরি কথায় অনুরাগের অভাবে সুচারুরূপে অনুষ্ঠিত ধর্ম্মাচরণও কেবল শ্রমমাত্র সারই হইয়া থাকে—অর্থাৎ ভগবৎ কথায় অনুরাগই সমস্ত ফল প্রাপ্তির প্রধান হেতু ॥ ৪২৮ ॥

টীকা—যো ধর্ম্ম ইতি প্রসিদ্ধঃ, স যদি বিষ্বক্সেন-কথাসু রতিং নোৎপাদয়েৎ, তর্হি স্বনুষ্ঠিতোঽপি সন্ অয়ং শ্রমো জ্ঞেয়ঃ। কথাস্বিতি বহুত্বং গৌরবেণ, যাসু কাসুচিদিত্যেতদ্বিবক্ষয়া বা। ননু মোক্ষাদ্যর্থস্য ধর্ম্মস্য শ্রমত্বমস্ত্যেব, অত আহ—কেবলং বিফলশ্রম ইত্যর্থঃ, ভগবৎকথারত্যনুৎপত্ত্যা মোক্ষাসিদ্ধেঃ, নিজ-সাধ্যভগবৎকথারত্যনুৎপাদনাদ্বা। নন্বস্তি তত্রাপি স্বর্গাদিফলমিত্যাশঙ্ক্য এবকারেণ নিরাকরোতি, ক্ষয়িষ্ণুত্বান্ন তৎ ফলমিত্যর্থঃ ননু 'অক্ষয্যং হ বৈ চাতুর্ম্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতি' ইত্যাদি-শ্রুতের্ন তৎফলস্য ক্ষয়িষ্ণুত্বমিত্যাশঙ্ক্য হি-শব্দেন সাধয়তি, তদ্বৎ 'যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে, এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে' ইতি তর্কানুগৃহীতয়া শ্রুত্যা ক্ষয়প্রতিপাদনাৎ। যদ্বা, ননু সত্ত্বশুদ্ধিদ্বারা মোক্ষঃ ফলমস্ত, তত্রাহ—কেবলমিতি। তত্রাপি বিফলশ্রম এবেতি ভাবঃ, বৈষ্ণবৈর্মোক্ষস্যাপ্যনাদৃতত্বাৎ। যদ্বা, ননু ভক্তিবিঘ্নরূপবিবিধসংসারদুঃখনিরসনার্থং তেষা-মপাসাবপেক্ষ্যঃ স্যাৎ, তত্রাহ—এবেতি। তথাপি তস্যাতিতুচ্ছত্বাৎ কেবলং শ্রম এবেতি ভাবঃ। ননু মোক্ষঃ পরমপুরুষার্থো বেদান্তাদৌ প্রসিদ্ধঃ তত্রাহ—হীতি। 'অজ্ঞানসংজ্ঞৌ ভববন্ধমোক্ষৌ' (শ্রীভাঃ ১০।১৪।২৬) ইত্যাদিভির্বচনৈর্মোক্ষস্য মায়িকতুল্যতা-প্রতিপাদনাৎ। তচ্চ বিস্তরেণ শ্রীভাগবতামৃতোত্তর-খণ্ডে ব্যক্তমেবাস্তি। এবং শ্রীকৃষ্ণকথারত্যুৎপাদন-মেব সর্ব্বধর্ম্মফলমিতি তাৎপর্য্যম্ ॥ ৪২৮ ॥

অথ শ্রোত্রেন্দ্রিয়-সাফল্যকারিত্বম্

তৃতীয়ে শ্রীবিদুরমৈত্রেয়-সংবাদে (৬।৩৭)—

একান্তলাভং বচসো নু পুংসাং
সুশ্লোকমৌলেগুর্ণবাদমাহুঃ ।
শ্রুতেশ্চ বিদ্বদ্ভিরুপাকৃতায়াং
কথাসুধায়ামুপসংপ্রয়োগম্ ॥ ৪২৯ ॥

অনুবাদ—অতঃপর শ্রীকৃষ্ণলীলা-কথায় শ্রবণে-ন্দ্রিয়ের সাফল্যকারিত্ব, তৃতীয়স্কন্ধে শ্রীবিদুর-মৈত্রেয়-সংবাদে—বিদুরকে শ্রীমৈত্রেয় বলিতেছেন—পুণ্যকীর্ত্তি শ্রীভগবানের গুণকীর্ত্তন ভক্তজনগণের বাক্যের এবং মহাত্মাগণ-কীর্ত্তিত শ্রীহরিকথামৃত-শ্রবণ দ্বারাই পুরুষগণের কান দুইটির সার্থকতা ইহাই বিদ্বদভিমত ॥ ৪২৯ ॥

টীকা—একান্ততো লাভং ফলং নু নিশ্চিতমাহুঃ—শ্রুতেঃ শ্রোত্রস্য চ। উপাকৃতায়াং নিরূপিতায়াম্, উপসংপ্রয়োগং সন্নিধাবর্পণম্ ॥ ৪২৯ ॥

অথ আয়ুঃসাফল্যকারিত্বম্

দ্বিতীয়ে শৌনকোক্তৌ (৩।১৭)—

আয়ুর্হরতি বৈ পুংসামুদ্যন্নস্তঞ্চ যন্নসৌ ।
তস্যর্ত্তে যৎ ক্ষণো নীত উত্তমঃশ্লোকবার্ত্তয়া ॥ ৪৩০ ॥

অনুবাদ—অতঃপর শ্রীকৃষ্ণলীলা-শ্রবণে আয়ুর

সাফল্য কারিত্ব দ্বিতীয়স্কন্ধে শ্রীসূতের প্রতি শ্রীশৌনিকের বাক্য—সূর্য্যের উদয়াস্তের দ্বারা প্রত্যহ জীবগণের আয়ুহৃত হইতেছে, সুতরাং তুমি শ্রীহরিকথা শোনাইয়া আমাদের জীবিত কালকে সার্থক কর ॥ ৪৩০ ॥

টীকা—অসৌ সূর্য্যঃ উদ্যন্ উদ্গচ্ছন্ অস্তমদর্শনঞ্চ যন্ গচ্ছন্ যৎ যেন ক্ষণো নীতঃ, তস্যায়ুর্জীবনকালম্ ঋতে বর্জ্জয়িত্বা হরতি। এবং শ্রীভগবদ্বার্ত্তারহিতস্য বৃথৈবায়ুর্গচ্ছতি। একদাপি শ্রীভগবৎকথয়া সর্ব্বমেবায়ুঃ সফলং স্যাদিতি ভাবঃ ॥ ৪৩০ ॥

অথ পরমবৈরাগ্যোৎপাদকত্বম্

তৃতীয়ে বিদুরোক্তৌ (৫।১৩)—

সা শ্রদ্দধানস্য বিবর্দ্ধমানা
বিরক্তিমন্যত্র করোতি পুংসঃ।
হরেঃ পদানুস্মৃতিনির্বৃতস্য
সমস্তদুঃখাত্যয়মাশু ধত্তে ॥ ৪৩১ ॥

অনুবাদ—অতঃপর শ্রীকৃষ্ণলীলা-শ্রবণে পরমবৈরাগ্যের উৎপাদকত্ব, তৃতীয়স্কন্ধে শ্রীবিদুর মহাশয়ের কথায়—যাঁহারা শ্রদ্ধাযুক্ত সেই সকল ব্যক্তিগণের বুদ্ধি ক্রমে ক্রমে পরিশুদ্ধ হইয়া গ্রাম্যসুখে বৈরাগ্য আনয়ন করে। পরে তাহাকে শ্রীহরিপাদপদ্মের অনুস্মরণে পুলকিত করিয়া অল্পকাল মধ্যেই তাহার সর্ব্বপ্রকার দুঃখ বিনষ্ট করে ॥ ৪৩১ ॥

টীকা—সা হরিকথা শ্রদ্দধানস্য প্রীতিং বিশ্বাসং বা কুর্ব্বতঃ, তয়া বিনা তাদৃশবিরক্ত্যসিদ্ধেঃ, প্রবৃত্ত্যভাবাচ্চ। যদ্বা, আস্তিক্যমাত্রং কুর্ব্বতোঽপি পুংমাত্রস্য, অন্যত্র গ্রাম্যসুখে হরিকথাব্যতিরিক্তে বা সর্ব্বত্র। ততঃ কিম্ ? অত আহ—হরেরিতি, হরেঃ পাদয়োরনুস্মৃতিঃ নিরন্তরস্মরণং, তয়া নির্বৃতস্য সতঃ ॥৪৩১

চতুর্থে শ্রীপৃথুচরিতান্তে শ্রীমৈত্রেয়োক্তৌ (২৩।১২)—

ছিন্নান্যধীরধিগতাত্মগতির্নিরীহ-
স্তত্তত্যজেঽচ্ছিনদিদং বয়ুনেন যেন।
তাবন্ন যোগগতিভির্যতিরপ্রমত্তো
যাবদ্গদাগ্রজকথাসু রতিং ন কুর্য্যাৎ ॥ ৪৩২॥

অনুবাদ—চতুর্থস্কন্ধে শ্রীপৃথুমহারাজের সহিত শ্রীমৈত্রেয়ের উক্তিতে দেহে আত্মবুদ্ধি ছিন্ন হওয়ায় এবং ভগবৎ-স্বরূপ-লাভ করায় মহারাজ পৃথুর উপস্থিত অণিমাদি সিদ্ধিতেও আর স্পৃহা রহিল না, অতএব যে জ্ঞানবলে অসম্ভাবনাদির নিদান-স্বরূপ হৃদয়গ্রন্থি কর্ত্তিত হইল, তাহা ত্যাগ করিলেন। কারণ শ্রীহরিকথায় আসক্তি বা অনুরাগ না জন্মান পর্য্যন্ত যোগগতিতে সন্ন্যাসী প্রমত্ততা ত্যাগ করিতে পারে না ॥ ৪৩২ ॥

টীকা—ছিন্না বিনষ্টা অন্যধীঃ দেহাত্মবুদ্ধির্দ্দেবান্তরবিষয়কবুদ্ধির্বা ভক্তিব্যতিরিক্তজ্ঞানাদিবিষয়কবুদ্ধির্বা যস্য সঃ। যতঃ অধিগতা অধিকং প্রাপ্তা আত্মগতিঃ আত্মতত্ত্বং শ্রীকৃষ্ণো বা তদ্ভক্তির্বা যেন সঃ, অতএব নিরীহঃ প্রাপ্তাসু সিদ্ধিষ্বপি নিঃস্পৃহঃ দেহাদ্যর্থচেষ্টারহিতো বা। কিঞ্চ, যেন বয়ুনেন জ্ঞানেন ইদং পূর্ব্বোক্তং সংশয়পদং সংসারবন্ধনং বা অচ্ছিনৎ তত্যাজ—পৃথুঃ তৎপ্রযত্নাদপ্যুপররামেত্যর্থঃ, ফলে সিদ্ধে সাধনপ্রয়াসানুপপত্তেঃ। তস্যাণিমাদিসিদ্ধিষু চতুর্ব্বিধমোক্ষেষ্বপি নিঃস্পৃহত্বং যুক্তমেবেত্যাহ—তাবন্নাপ্রমত্তঃ, কিন্তু প্রমত্তো ভবত্যেব। যতির্জ্ঞাননিষ্ঠোঽপি, অতঃ পৃথোঃ শ্রীকৃষ্ণকথারত্যা তত্র তত্র ন লোভো জাত ইত্যর্থঃ ॥ ৪৩২ ॥

একাদশে চ শ্রীভগবন্তং প্রত্যুদ্ধববাক্যে (৬।৪৪)—

তব বিক্রীড়িতং কৃষ্ণ নৃণাং পরমমঙ্গলম্।
কর্ণপীযূষমাস্বাদ্য ত্যজন্ত্যন্যস্পৃহাং জনাঃ ॥ ৪৩৩ ॥

অনুবাদ—একাদশস্কন্ধে শ্রীভগবানের প্রতি শ্রীউদ্ধবের বাক্যে—হে কৃষ্ণ! পরমমঙ্গল জনক এবং কর্ণকুহরে প্রবিষ্ট অমৃতধারার ন্যায় তোমার ক্রীড়াবিষয় আস্বাদন করিয়া মনুষ্যগণ সহজেই অন্য বাসনা ত্যাগ করে ॥ ৪৩৩ ॥

টীকা—আস্বাদ্য প্রীত্যা নিশম্য; অন্যস্মিন্ বিষয়ভোগাদৌ মোক্ষেঽপি স্পৃহাম্ ॥ ৪৩৩ ॥

অথ সংসারতারকত্বম্

চতুর্থে প্রচেতসঃ প্রতি শ্রীভগবদুক্তৌ (৩০।১৯)—

গৃহেষ্বাবিশতাঞ্চাপি পুংসাং কুশলকর্ম্মণাম্।
মদ্বার্ত্তা-যাতযামানাং ন বন্ধায় গৃহা মতাঃ ॥ ৪৩৪ ॥

অনুবাদ—অতঃপর শ্রীকৃষ্ণলীলাকথা-শ্রবণের সংসারতারকত্ব চতুর্থস্কন্ধে প্রচেতোগণের প্রতি শ্রীভগবানের উক্তিতে—ইহা সত্য যে গৃহাশ্রম হইতে বন্ধনের উৎপত্তি হয়, কিন্তু হে বৎসগণ! গৃহাশ্রমী হইয়াও কর্ম্ম সকল আমায় অর্পণ করিলে একপ্রহর-কালমাত্রও আমার কথা প্রসঙ্গে কাটাইলে সেই গৃহা-শ্রম কখনও বন্ধের কারণ হয় না অর্থাৎ গৃহাশ্রম বা সন্ন্যাসাশ্রম যাহাই হউক না কেন বন্ধন-মুক্তির হেতু ভগবদ্ভক্তি ॥ ৪৩৪ ॥

টীকা—আবিশতাম্ আসক্ত্যা নিবসতামপি, কুশলং মদর্পিতং কর্ম্ম যেষাং; মদ্বার্ত্তয়া যাতো যামঃ কালঃ একপ্রহরমাত্রো বা যেষাং, ন বন্ধায় মতাঃ, কিন্তু সংসারবন্ধমোচনায়ৈব মতাঃ সদ্ভিরিত্যর্থঃ ॥ ৪৩৪ ॥

———

অথ সর্ব্বার্থপ্রাপকত্বম্

স্কান্দে তত্রৈব—

ধর্ম্মার্থকামমোক্ষাণাং যদিষ্টঞ্চ নৃণামিহ।
তৎ সর্ব্বং লভতে বৎস কথাং শ্রুত্বা হরেঃ সদা ॥৪৩৫

অনুবাদ—অতঃপর কৃষ্ণলীলা-কথা-শ্রবণে সর্ব্বার্থ প্রাপকত্ব—স্কন্দপুরাণে উক্ত স্থানেই বলা হইয়াছে—হে নারদমনুষ্যগণ এই সংসারে যদি ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ চায়, তাহা হইলে সর্ব্বদা শ্রীহরিকথাশ্রবণ করিতে হইবে। এইরূপ করিলে তাহারা সব কিছুই লাভ করিতে পারিবে ॥ ৪৩৫ ॥

টীকা—বৎস হে নারদ! যদ্বা, হরের্বৎসসম্বন্ধি-কথাং বৎসপালনলীলাবার্ত্তামিত্যর্থঃ ॥ ৪৩৫ ॥

———

দ্বাদশে চ শ্রীশুকোক্তৌ (৪।৫০)—

সংসারসিন্ধুমতিদুস্তরমুত্তিতীর্ষো-
র্নান্যঃ প্লবো ভগবতঃ পুরুষোত্তমস্য।
লীলাকথারসনিষেবণমন্তরেণ
পুংসো ভবেদ্বিবিধ-দুঃখদবার্দ্দিতস্য ॥ ৪৩৬ ॥

অনুবাদ—দ্বাদশস্কন্ধে শ্রীশুকদেবের কথায়—সংসারে বিবিধ দুঃখ-রূপ দাবাগ্নির দ্বারা পীড়িত এবং দুস্তর সংসারসমুদ্র পার হইতে ইচ্ছুক ব্যক্তি-গণের বিষয়ে পুরুষোত্তম শ্রীভগবানের লীলাকথা-রস সেবন ব্যতীত অন্য কোন উপায় নাই ॥ ৪৩৬ ॥

টীকা—বিবিধং দুঃখমেব দাবানলঃ, তেনার্দ্দিতস্য পীড়িতস্য, অত উত্তিতীর্ষোঃ পুংসঃ ভগবতো যা লীলাকথাস্তাসাং রসস্তন্নিষেবণমন্তরেণ অন্যঃ প্লবঃ উত্তরণসাধনং ন ভবেৎ ॥ ৪৩৬ ॥

———

দ্বারকামাহাত্ম্যে—

নিত্যং কৃষ্ণকথা যস্য প্রাণাদপি গরীয়সী।
ন তস্য দুর্ল্লভং কিঞ্চিদিহ লোকে পরত্র চ ॥ ৪৩৭ ॥

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে উক্ত হইয়াছে—শ্রীকৃষ্ণ-কথা যাহার প্রাণাপেক্ষা প্রিয়, তাঁহার ইহলোক ও পর লোকে সব কিছুই সুলভ ॥ ৪৩৭ ॥

টীকা—প্রাণাদপি কথা গরীয়সীতি—নিজজীব-নাদপি কথাশ্রবণাদৌ যস্যাসক্তিরিত্যর্থঃ ॥ ৪৩৭ ॥

———

দ্বিতীয়স্কন্ধে (৩।১২)—

জ্ঞানং যদা প্রতিনিবৃত্তগুণোর্ম্মিচক্র-
মাত্মপ্রসাদ উত যত্র গুণেষ্বসঙ্গঃ।
কৈবল্যসম্মতপথস্ত্বথ ভক্তিযোগঃ
কো নির্বৃতো হরিকথাসু রতিং ন কুর্য্যাৎ ॥৪৩৮

অনুবাদ—দ্বিতীয়স্কন্ধে—শ্রীশুকদেব মহারাজ পরীক্ষিৎকে কহিলেন, হরিকথা শ্রবণ করিতে করিতে এরূপ জ্ঞানের উদয় হয় যে তাহাতে সমস্ত রাগ এক-বারে নিবৃত্ত হয়। ইহাতে মনের প্রসন্নতা জন্মে এবং রূপরসাদি বিষয়ে বৈরাগ্য উৎপন্ন হয়, সুতরাং তাহা-কেই মুক্তিপথ স্বরূপ কিংবা ভক্তিযোগ বলা হয়। বিষয়-সুখে বিরাগী ব্যক্তিমাত্রই সেই কথায় রতি করিয়া থাকে ॥ ৪৩৮ ॥

টীকা—যৎ যাসু কথাসু জ্ঞানং ভবতি। কীদৃশং? আ সর্ব্বতঃ প্রতিনিবৃত্তম্ উপরতং গুণোর্ম্মীণাং রাগা-দীনাং চক্রং সমূহো যস্মাৎ, তদ্ধেতুরাত্মনো মনসঃ প্রসাদশ্চ যত্র যাসু। আত্মপ্রসাদহেতুঃ গুণেষু বিষয়েষু অসঙ্গো বৈরাগ্যঞ্চ। উভয়ত্রেতি পাঠে ইহামুত্র চ গুণেষ্বসঙ্গঃ। অথ তত্তদনন্তরং কৈবল্যমিত্যেব

সম্মতঃ পন্থা যো ভক্তিযোগঃ, স চ ভবতি। নির্বৃতঃ অন্যত্র, শ্রবণসুখেন নির্বৃত ইতি বা ॥ ৪৩৮ ॥

অথ মোক্ষাধিকত্বম্

দশমস্কন্ধে শ্রুতিস্তুতৌ (৮৭।২১)—

দুরবগমাত্মতত্ত্বনিগমায় তবাত্ততনো-
শ্চরিতমহামৃতাব্ধিপরিবর্ত্তপরিশ্রমণাঃ।
ন পরিলষন্তি কেচিদপবর্গমপীশ্বর তে
চরণসরোজহংসকুল-সঙ্গবিসৃষ্টগৃহাঃ ॥ ৪৩৯ ॥

অনুবাদ—অতঃপর শ্রীকৃষ্ণলীলাকথা-শ্রবণের মোক্ষ অপেক্ষা আধিক্য, দশমস্কন্ধে শ্রুতিগণ কহিতেছেন—হে ঈশ্বর! দুর্ব্বোধ আত্মতত্ত্ব জানাইবার নিমিত্ত আবিষ্কৃত মূর্ত্তি আপনার চরিত্ররূপ মহাসাগরে স্নান করিয়া বিগতশ্রম ব্যক্তিগণের মধ্যে কেহ কেহ আপনার চরণ কমলে হংসকুলের মত রমমান ভক্তগণের সঙ্গ করিয়া শ্রমক্লান্তি রহিত হইয়া মুক্তিকেও অবহেলা করেন ॥ ৪৩৯ ॥

টীকা—ভো ঈশ্বর! দুর্ব্বোধং যৎ আত্মনস্তব তত্ত্বং তস্য নিগমায় জ্ঞাপনায় তবাত্ততনোঃ আবিষ্কৃতমূর্ত্তেঃ চরিতমেব মহামৃতাব্ধিঃ, তস্মিন্ পরিবর্ত্তো বিগাহস্তেন পরিশ্রমণাঃ পরিবর্জ্জনার্থং শ্রমণং শ্রমঃ, গতশ্রমা ইত্যর্থঃ। যদ্বা, তৎ পরিশ্রমণমভ্যাসো যেষাং তে; যদ্বা, চরিতমহামৃতাব্ধেঃ পরিবর্ত্তাস্তরঙ্গাস্তেষু পরিশ্রমণাঃ কৃতপরিশীলনাঃ ত্বন্মধুরকথারসসেবিন ইত্যর্থঃ। অপবর্গমপি ন পরিলষন্তি নেচ্ছন্তি, কুতোঽন্যৎ। কেচিদিতি এবম্ভূতা ভক্তিরসিকা বিরলা ইতি দর্শয়তি। ন কেবলমন্যন্নেচ্ছন্তি, কিন্তু তেনৈব সুখেন পূর্ণাঃ সন্তঃ পূর্ব্বসিদ্ধগৃহাদিসুখমপ্যপেক্ষন্তে ইত্যাহ—তব চরণসরোজে হংসা ইব রমমাণা যে ভক্তাস্তেষাং কুলং, তেন সঙ্গস্তেন বিসৃষ্টা গৃহা যৈস্তে তথা; যদ্বা, চরিতমহামৃতাব্ধিপরিবর্ত্তপরিশ্রমণত্বে হেতুঃ—'চরণসরোজহংসকুলসঙ্গবিসৃষ্টগৃহাঃ' ইতি অর্থস্তু তথৈব। শ্রুতিশ্চ মুক্তেরপ্যাধিক্যং ভক্তের্দর্শয়তি—'যং সর্ব্বে বেদা নমন্তি, মুমুক্ষবো ব্রহ্মবাদিনশ্চ' ইতি। ব্যাখ্যাতঞ্চ সর্ব্বজ্ঞৈর্ভাষ্যকৃদ্ভিঃ—মুক্তা অপি লীলয়া বিগ্রহং কৃত্বা ভগবন্তং ভজন্তে ইতি ॥৪৩৯

তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবহূতি-সংবাদে (২৫।৩৪)—

নৈকাত্মতাং মে স্পৃহয়ন্তি কেচিন্মৎ-
পাদসেবাভিরতা মদীহাঃ।
যেঽন্যোঽন্যতো ভাগবতাঃ প্রসজ্য
সভাজয়ন্তে মম পৌরুষাণি ॥ ৪৪০ ॥

অনুবাদ—তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবহূতি সংবাদে কপিলদেবের বাক্য—হে মাতঃ, আমার পদসেবানিষ্ঠ ব্যক্তিদের সমস্ত চেষ্টাই আমার সুখের, জন্য, বিশেষতঃ যাঁহারা পরস্পর মিলিত হইয়া সানুরাগে আমার লীলাকথা কীর্ত্তন করেন। এই প্রকার ভাগবত পুরুষ সেই প্রকার মুক্তি অর্থাৎ আমার সহিত একাত্মতা ইচ্ছা করেন না ॥ ৪৪০ ॥

টীকা—মোক্ষাদপি ভক্তের্গরিষ্ঠত্বমেবোপপাদয়তি নৈকাত্মতামিতি, একাত্মতাং সাযুজ্যমোক্ষং, পাদসেবাভিরতত্বমেবাহ—মদীহা মদর্থমেব ঈহাঃ শ্রবণবাগিন্দ্রিয়াদিব্যাপারা যেষাম্। তামেবাভিব্যঞ্জয়তি—যে ইতি। প্রসজ্য আসক্তিং কৃত্বা পৌরুষাণি বীর্য্যাণি সভাজয়ন্তে শ্রবণকীর্ত্তনাদিনা সংমানয়ন্তি। প্রসজ্যেত্যনেন অন্যোঽন্যপ্রীতিহেতুঃ পৌরুষসভাজনস্য স্বাভাবিকো রসবিশেষো দর্শিতঃ, অতএব গরিষ্ঠত্বং সিদ্ধমিতি দিক্ ॥ ৪৪০ ॥

অথ বৈকুণ্ঠলোকপ্রাপকত্বম্

দ্বিতীয়ে শ্রীসূতোক্তৌ (২।৩৭)—

পিবন্তি যে ভগবত আত্মনঃ সতাং
কথামৃতং শ্রবণপুটেষু সংভৃতম্।
পুনন্তি তে বিষয়বিদূষিতাশয়ং
ব্রজন্তি তচ্চরণসরোরুহান্তিকাম্ ॥ ৪৪১ ॥

অনুবাদ—অতঃপর শ্রীকৃষ্ণলীলা-কথা-শ্রবণের বৈকুণ্ঠলোক প্রাপকত্ব. দ্বিতীয়স্কন্ধে শ্রীসূত গোস্বামী কহিতেছেন—ভগবান্ শ্রীহরি ভক্তগণের আত্মপ্রকাশক, তাঁহার কথামৃত যাঁহারা কর্ণদ্বয়ের মাধ্যমে পান করেন, তাঁহাদের চিত্তবৃত্তি বিষয়-দূষিত হইলেও তাঁহারা তাহা পবিত্র করিয়া শ্রীবিষ্ণুর পাদপদ্মে গমন করেন ॥ ৪৪১ ॥

টীকা—সতাং জ্ঞানিনামাত্মনঃ আত্মত্বেন প্রকাশ-

মানস্য ; যদ্বা, সতাং ভক্তানামাত্মনঃ পরমপ্রিয়স্য, শ্রবণপুটৈষু সম্ভৃতং পিবন্তীতি সুখমাদরেণ, মুহুঃ শৃণ্বন্তীত্যর্থঃ। বিষয়ৈর্বিদূষিতং মলিনীকৃতমাশয়ম্ ; যদ্বা, বিষয়ৈর্বিদূষিত আশয়ো যস্য তমপি পুনন্তি শোধয়ন্তি, কিমুতাত্মানম্ ; কিঞ্চ, তস্য চরণপদ্মান্তিকং শ্রীবৈকুণ্ঠলোকং ব্রজন্তি ॥ ৪৪১ ॥

তৃতীয়ে কপিলদেবস্তুতৌ (৫।৪৫)—

পানেন তে দেব কথাসুধায়াঃ
প্রবৃদ্ধভক্ত্যা বিশদাশয়া যে।
বৈরাগ্যসারং প্রতিলভ্য বোধং
যথাঞ্জসান্বীয়ুরকুণ্ঠধিষ্ণ্যম্ ॥ ৪৪২ ॥

অনুবাদ—তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেব স্তুতিতে—ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত ভক্তিদ্বারা যাঁহাদের চিত্তবৃত্তি নির্ম্মল হইয়াছে এবং যাঁহারা তোমার কথারূপ অমৃতপানে অভ্যস্ত, তাঁহারা বৈরাগ্যসার জ্ঞানলাভান্তে শ্রীবৈকুণ্ঠধাম প্রাপ্ত হন ॥ ৪৪২ ॥

টীকা—বৈরাগ্যং সারঃ বলং যস্য তম্ ; যদ্বা ; বৈরাগ্যস্য সারঃ ফলরূপং বোধং ভগবদ্ভক্তিমাহাত্ম্যাদিজ্ঞানং যথাবৎ প্রতিলভ্য লব্ধ্বা অঞ্জসা সুখেন অকুণ্ঠধিষ্ণ্যং শ্রীবৈকুণ্ঠলোকম্ অন্বীয়ুঃ প্রাপুঃ ॥ ৪৪২ ॥

স্কান্দে অমৃতসারোদ্ধারে শ্রীযমস্য দূতানুশাসনে—

যে শৃণ্বন্তি কথাং বিষ্ণোর্যে পঠন্তি হরেঃ কথাম্।
কুলাযুতং নাবলোক্যং গতাস্তে ব্রহ্ম শাশ্বতম্ ॥৪৪৩

অনুবাদ—স্কন্দপুরাণে অমৃতসারোদ্ধারে শ্রীধর্ম্মরাজ দূতগণকে কহিতেছেন—হে দূতগণ! যাঁহারা বিষ্ণুকথা শ্রবণ করেন এবং যাঁহারা পাঠ করেন, তোমরা তাঁহাদের অযুতকুলের প্রতি কখনও দৃষ্টিপাত করিও না। তাঁহারা সকলে শ্রীবৈকুণ্ঠলোক প্রাপ্ত হইয়াছেন ॥ ৪৪৩ ॥

টীকা—ব্রহ্মস্বরূপং শাশ্বতং নিরপায়পদং শ্রীবৈকুণ্ঠলোকমিত্যর্থঃ ॥ ৪৪৩ ॥

যস্য বিষ্ণুকথালাপৈর্নিত্যং প্রমুদিতং মনঃ।
তস্য ন চ্যবতে লক্ষ্মীস্তৎপদঞ্চ করে স্থিতম্ ॥৪৪৪॥

অনুবাদ—বিষ্ণুকথা আলাপনে যাঁহার মন নিত্য হর্ষান্বিত, লক্ষ্মী কখনও তাঁহাকে পরিত্যাগ করেন না এবং তিনি বৈকুণ্ঠলোক করতলগত করিয়াছেন ॥ ২৪৪ ॥

টীকা—তস্য বিষ্ণোঃ পদং স্থানং শ্রীবৈকুণ্ঠলোকঃ, করে স্থিতং সুলভমিত্যর্থঃ ॥ ৪৪৪ ॥

অথ প্রেমসম্পাদকত্বম্

দ্বাদশে (৩।১৫)—

যস্তূত্তমঃশ্লোকগুণানুবাদঃ
সঙ্গীয়তেঽভীক্ষ্ণমমঙ্গলঘ্নঃ।
তমেব নিত্যং শৃণুয়াদভীক্ষ্ণং
কৃষ্ণেঽমলাং ভক্তিমভীপ্সমানঃ ॥ ৪৪৫ ॥

অনুবাদ—অতঃপর শ্রীকৃষ্ণলীলাকথা-শ্রবণের প্রেম সম্পাদকত্ব, দ্বাদশস্কন্ধে শ্রীশুকদেব রাজা পরীক্ষিৎকে কহিলেন—হে রাজন্! শ্রীকৃষ্ণে প্রেমলক্ষণা ভক্তিলাভের ইচ্ছায় সর্ব্বদা তাঁহার অমঙ্গল নাশক গুণানুবাদ শ্রবণ করাই পারমার্থিক বলিয়া জানিবে ॥ ৪৪৫ ॥

টীকা—তমেব, ন তু তদ্ব্যতিরিক্তং শৃণুয়াৎ। নিত্যং প্রত্যহং, তত্রাপ্যভীক্ষ্ণম্ ; যদ্বা, অভীক্ষ্ণং কৃষ্ণে যা অমলা ভক্তিঃ প্রেমলক্ষণা তামভীপ্সমানঃ, গুণানুবাদশ্রবণেনৈব সা সম্পদ্যেতেত্যর্থঃ ॥ ৪৪৫ ॥

অথ শ্রীভগবদ্বশীকারিত্বম্

স্কান্দে—

যত্র যত্র মহীপাল বৈষ্ণবী বর্ত্ততে কথা।
তত্র তত্র হরির্যাতি গৌর্যথা সুতবৎসলা ॥ ৪৪৬ ॥

অনুবাদ—অতঃপর শ্রীকৃষ্ণলীলাকথা-শ্রবণের ভগবদ্বশীকারিত্ব স্কন্দপুরাণে যথা—যেখানে যেখানে বিষ্ণুকথা বিদ্যমান, হে রাজন্! সেখানে সেখানে ভগবান হরি সন্তান বৎসলা গাভীর মত গমন করেন ॥ ৪৪৬ ॥

শ্রীবিষ্ণুধর্ম্মে শ্রীভগবদুক্তৌ, স্কান্দে চ
শ্রীভগবদর্জ্জুন-সংবাদে—
মৎকথাবাচকং নিত্যং মৎকথাশ্রবণে রতম্ ।
মৎকথাপ্রীতমনসং নাহং ত্যক্ষ্যামি তং নরম্ ॥৪৪৭

অনুবাদ—শ্রীবিষ্ণুধর্ম্মে শ্রীভগবদ্বাক্যে এবং স্কন্দ-পুরাণে, শ্রীভগবদর্জ্জুন-সংবাদে এই বিষয়ে কথিত হইয়াছে—আমি তাহাকে কখনই ত্যাগ করি না, যিনি প্রত্যহ আমার কথা বলেন, আমার কথা শ্রবণে অনু-রাগ প্রকাশ করেন এবং আমার কথায় যাঁহার প্রীতি হয় ॥ ৪৪৭ ॥

———

দশমস্কন্ধে ব্রহ্মস্তুতৌ (১৪।৩)—
জ্ঞানে প্রয়াসমুদপাস্য নমন্ত এব
জীবন্তি সন্মুখরিতাং ভবদীয়বার্ত্তাম্ ।
স্থানেস্থিতাঃ শ্রুতিগতাং তনু-বাঙ্মনোভি-
র্যে প্রায়শোঽজিত জিতোঽপ্যসি তৈস্ত্রিলোক্যাম্ ॥৪৪৮

অনুবাদ—দশমস্কন্ধে ব্রহ্মস্তুতি-প্রসঙ্গে ব্রহ্মা শ্রীকৃষ্ণকে কহিতেছেন—হে ভগবন্ ! জ্ঞান বিষয়ে অল্প চেষ্টাও না করিয়া যে সকল ব্যক্তি সৎস্থানেই অব-স্থান করিয়া সাধুজনকর্ত্তৃক নিত্য প্রকটিত, নিজ হইতে শ্রুতিগত তোমার কথা কায়মনোবাক্যে ও শ্রদ্ধায় অবলম্বন করিয়া থাকেন, তাঁহারা অন্য কোন কর্ম্ম না করিলেও ত্রৈলোক্য মধ্যে অন্যান্য সকলের প্রায়শঃ অজিত আপনাকে জয় করিয়া থাকে। অর্থাৎ আপনি আপনার গুণগ্রাহী ব্যক্তিগণের বশীভূত থাকেন ॥ ৪৪৮ ॥

টীকা—উদপাস্য ঈষদপ্যকৃত্বা, সদ্ভির্মুখরিতাং স্বত এব নিত্যং প্রকটিতাম্ ; যদ্বা, সন্তঃ সংযত-বাচোঽপি মুখরিতা যয়া তাং ভবদীয়াং ভবদীয়ানাং বা ভগবদ্ভক্তানামপি বার্ত্তাম্ । সৎস্থান এব স্থিতাঃ, সৎসন্নিধিমাত্রেণ সন্মুখরিতত্বেন বা স্বত এব শ্রুতি-গতাং শ্রবণং প্রাপ্তাম্ ; তনুবাঙ্মনোভির্নমন্তঃ সৎ-কুর্ব্বন্তঃ যে জীবন্তি কেবলং, ন ত্বন্যৎ যদ্যপি কুর্ব্বন্তি, তৈঃ প্রায়শস্ত্রিলোক্যামন্যৈরজিতোঽপি ত্বং জিতঃ প্রাপ্তঃ বশীকৃতো বাঽসি। যদ্বা, শ্রুতিগতাং বেদবর্ত্তিনীং সন্মুখরিতাং ভবদীয়বার্ত্তাং প্রায়শো নমন্তঃ, তদুদ্দেশেন নমনং কুর্ব্বন্তোঽপি ; অপ্যর্থে এবকারঃ, প্রায়শ ইতি —কদাচিদশক্ত্যাদিনা ন নমন্তোঽপীত্যর্থঃ। জীবন্তি যদ্যপি স্বপ্রাণান্ পোষয়ন্তি ; যদ্বা, বার্ত্তামুপজীবন্তি, তয়া নিজজীবিকাং সাধয়ন্তি। তথাপি হে অজিত ! ত্রিলোক্যাং সর্ব্বত্রৈবেত্যর্থঃ, তনুবাঙ্মনোভিঃ কৃত্বা তৈরপি ত্বং জিতোঽসি, কিং পুনর্যত্নতঃ সতাং স্থানে গত্বা ভক্ত্যা ত্বৎকথাশ্রবণাদিপরৈরিত্যর্থঃ। তত্র তন্বা জিতত্বং, সততবিচিত্রপরিচর্য্যাদিশক্ত্যা, বাচা চ সতত-ত্বন্নামাদিস্ফূর্ত্ত্যা, মনসা চ সততচিন্তান্তরাবির্ভাবেন ; যদ্বা, তৈরেব তন্বাদিভিঃ সহ জিতোঽসি, ততশ্চ তন্বা সহ জিতত্বং সততং শ্রীমূর্ত্তেঃ স্ফূর্ত্ত্যাদি, বাচা সহ জিতত্বঞ্চ তেনৈব তৎস্তুত্যাদিকং, মনসা সহ জিতত্বঞ্চ তেনৈব তস্য ধ্যানাদিকমিতি দিক্। অন্যৎ সমানম্। এবং জ্ঞানানাদরেণ ভগবৎকথাশ্রবণপরতায়া মাহাত্ম্যং দর্শিতম্ ॥ ৪৪৮ ॥

———

অথ স্বতঃ পরমপুরুষার্থতা

তৃতীয়ে শ্রীসনকাদি-স্তুতৌ (১৫।৪৮)—
নাত্যন্তিকং বিগণয়ন্ত্যপি তে প্রসাদং
কিংবান্যদর্পিতভয়ং ভ্রুব উন্নয়ৈস্তে ।
যেঽঙ্গ ত্বদঙ্ঘ্রিশরণা ভবতঃ কথায়াঃ
কীর্ত্তন্যতীর্থযশসঃ কুশলা রসজ্ঞাঃ ॥ ৪৪৯ ॥

অনুবাদ—অতঃপর শ্রীকৃষ্ণলীলাকথা-শ্রবণের স্বতঃ পরমপুরুষার্থকতা বিষয়ে তৃতীয়স্কন্ধে শ্রীসন-কাদির স্তবে উক্ত হইয়াছে—হে প্রভো ! অতিশয় রমণীয় ও পবিত্রতা হেতু তোমার যশঃসমূহ কীর্ত্ত-নের যোগ্য এবং তীর্থীভূত। তোমার কথা রসজ্ঞ বিজ্ঞব্যক্তিগণ তোমার আত্যন্তিক অনুগ্রহ স্বরূপ মোক্ষপদও ইচ্ছা করেন না, তোমার ভ্রূভঙ্গী ভীতি সঙ্কুল ইন্দ্রাদি পদের কথা আর কি বলিব ? ৪৪৯ ॥

টীকা—আত্যন্তিকং মোক্ষাখ্যমপি তে প্রসাদং বৈকুণ্ঠলোকং বা তে ন বিগণয়ন্তি নাদ্রিয়ন্তে, কিমুত অন্যৎ ব্রাহ্ম্যাদিপদম্। তে তব ভ্রুব উন্নয়ৈঃ উজ্জৃম্ভৈ-রর্পিতং নিহিতং ভয়ং যস্মিন্ তৎ ; কে তে ? অঙ্গ হে ভগবন্ ! যে ভবতঃ কথায়াঃ রসজ্ঞাঃ, যতঃ কুশলাঃ নিপুণা, যতস্তদঙ্ঘ্র্যাশ্রয়াঃ। কথম্ভূতস্য ? রমণীয়ত্বেন পাবনত্বেন চ কীর্ত্তনার্হং তীর্থঞ্চ যশো যস্য

তস্য। এবং কথারসজ্ঞানাং বৈকুণ্ঠলোকানাদরেণ কথায়াঃ স্বতঃ পরমফলত্বং সিদ্ধম্ ॥ ৪৪৯ ॥

চতুর্থে শ্রীভগবন্তং প্রতি সিদ্ধানাং স্তুতৌ (৭।৩৫)—

অয়ং তে কথামৃষ্টপীযূষনদ্যাং
মনোবারণঃ ক্লেশ-দাবাগ্নিদগ্ধঃ।
তৃষার্ত্তোঽবগাঢ়ো ন সস্মার দাবং
ন নিষ্ক্রামতি ব্রহ্মসম্পন্নবন্নঃ ॥ ৪৫০ ॥

অনুবাদ—চতুর্থস্কন্ধে শ্রীসিদ্ধগণের স্তুতি শ্রীভগবানের প্রতি—হে ভগবন্! সংসার-দাবাগ্নিতে দগ্ধ এবং বিষয়-তৃষ্ণায় কাতর আমাদের মনোরূপ মত্ত-হস্তী আপনার কথা রূপ পরিশুদ্ধ অমৃত নদীতে অবগাহন করুক, তাহা হইলে ঐ দাবাগ্নি একবারে নির্ব্বাপিত হইবে এবং পরব্রহ্ম-সাযুজ্যের ন্যায় আর সেখান হইতে ফিরিয়া আসিবে না অর্থাৎ তোমার ধাম প্রাপ্ত হইবে ॥ ৪৫০ ॥

টীকা—অয়ং মনোগজঃ ত্বৎ কথৈব মৃষ্টং শুদ্ধং পরমমধুরং বা পীযূষং, তন্ময়ী যা নদী, তস্যামবগাঢ়ঃ প্রবিষ্টঃ দাবাগ্নিতুল্যং সংসারতাপং ন স্মরতি স্ম, ন চ ততো নির্গচ্ছতি, তস্যৈব স্বতঃ পরমপুরুষার্থত্বাৎ। ব্রহ্মসম্পন্নবৎ—ব্রহ্মৈক্যপ্রাপ্তো জন ইব ॥ ৪৫০ ॥

অতএবোক্তং প্রথমস্কন্ধে শ্রীশৌনকাদিভিঃ (১।১৯)—

বয়ন্তু ন বিতৃপ্যাম উত্তমঃশ্লোকবিক্রমে।
যচ্ছৃণ্বতাং রসজ্ঞানাং স্বাদু স্বাদু পদে পদে ॥ ৪৫১॥

অনুবাদ—অতএব প্রথমস্কন্ধে শ্রীশৌনকাদির উক্তি—আমরা যাগ যোগ প্রভৃতিতে তৃপ্ত হইলেও হে সূত। উত্তমশ্লোক শ্রীভগবানের চরিতকথা শুনিতে শুনিতে রসজ্ঞগণের পদে পদে স্বাদু হইতেও স্বাদু বোধ হইয়া থাকে, সেই চরিত কথায় আমরাও সর্ব্বদা সতৃষ্ণ রহিয়াছি ॥ ৪৫১ ॥

টীকা—এবং লীলাকথাশ্রবণস্য পাপাদিশোধকত্বমারভ্য স্বতঃ পরমপুরুষার্থতান্তং মাহাত্ম্যং যথোত্তরশ্রৈষ্ঠ্যং ক্রমেণ লিখিত্বা ইদানীং কেষুচিদ্বচনেষু পূর্ব্ববৎ সাক্ষান্মাহাত্ম্যাভিধায়কত্বাভাবেঽপি তাৎপর্য্যেণ তত্রৈব পর্য্যবসানান্মাহাত্ম্যদার্ঢ্যায়ৈব তানি সংগৃহ্ণাতি—বয়ন্ত্বিত্যাদিনা সেব্যতামিত্যন্তেন। এবমগ্রেঽপ্যন্যত্র বোদ্ধব্যম্। যোগযাগাদিষু তৃপ্তাঃ স্ম উদ্গচ্ছতি তমো যস্মাৎ স উত্তমঃ, তথাভূতঃ শ্লোকো যশো যস্য তস্য বিক্রমে তু বিশেষেণ ন তৃপ্যামঃ, অলমিতি ন মন্যামহে। অত্র হেতুঃ—যদ্বিক্রমং শৃণ্বতাং, যদ্বা, অন্যে তৃপ্যন্তু নাম, বয়ন্তু নেতি তু-শব্দস্যান্বয়ঃ। অয়মর্থঃ—ত্রিধা হ্যলংবুদ্ধির্ভবতি, উদরাদিভরণেন বা, রসাজ্ঞানেন বা, স্বাদবিশেষাভাবাদ্বা। অত্র শৃণ্বতামিত্যনেন শ্রোত্রস্যাকাশত্বাৎ ন ভরণমিত্যুক্তম্। রসজ্ঞানামিত্যনেন চ অজ্ঞানতঃ পশুবত্তৃপ্তিনিরাকৃতা। ইক্ষুভক্ষণবদ্রসান্তরাভাবেন তৃপ্তিং নিরাকরোতি—পদে পদে প্রতিক্ষণং স্বাদুতোঽপি স্বাদিতি ॥ ৪৫১ ॥

কিঞ্চ (শ্রীভাঃ ১।১৮।১৪)—

কো নাম লোকে রসবিৎ কথায়াং
মহত্তমৈকান্তপরায়ণস্য।
নান্তং গুণানামগুণস্য জগ্মু-
র্যোগেশ্বরা যে ভবপাদ্মমুখ্যাঃ ॥ ৪৫২ ॥

অনুবাদ—তাঁহারা আরও বলিয়াছেন, যথা—মহত্তম পুরুষগণের একান্ত আশ্রয় ও প্রাকৃত গুণরহিত শ্রীভগবান শ্রীকৃষ্ণের মঙ্গলকর গুণ-সমূহের অন্ত, যোগেশ্বর ব্রহ্মা-শিবাদিও প্রাপ্ত হন নাই, সেই শ্রীকৃষ্ণের লীলাকথায় কি কোনও রসজ্ঞব্যক্তি কখনও পরিতৃপ্তি লাভ করিতে পারেন ? ৪৫২ ॥

টীকা—রসবিৎ রসজ্ঞঃ মহত্তমানাং শ্রীনারদাদীনামেকান্তং পরময়নমাশ্রয়ো যস্তস্য কথায়াম্, অগুণস্য প্রাকৃতগুণরহিতস্য, কল্যাণগুণানামন্তং যে যোগেশ্বরাস্তেঽপি ন জগ্মুঃ, এতাবন্ত ইতি ন পরিগণয়াঞ্চক্রুঃ। ভবঃ শিবঃ, পাদ্মো ব্রহ্মা চ মুখ্যো যেষাংতে ॥ ৪৫২ ॥

তৃতীয়ে শ্রীবিদুরেণ (৫।৭)—

ক্রীড়ন্ বিধত্তে দ্বিজগোসুরাণাং
ক্ষেমায় কর্ম্মাণ্যবতারভেদৈঃ।
মনো ন তৃপ্যত্যপি শৃণ্বতাং নঃ
সুশ্লোকমৌলেশ্চরিতামৃতানি ॥ ৪৫৩ ॥

অনুবাদ—তৃতীয়স্কন্ধে শ্রীবিদুর কহিতেছেন—গো-ব্রাহ্মণ এবং দেবগণের মঙ্গলের জন্য সেই ভগবান মৎস্যাদি অবতার গ্রহণ করিয়া যে যে ক্রীড়া করেন এবং যে যে কর্ম্ম করেন, সে সমস্তই আমাদিগকে বলুন। পুণ্যশ্লোক শিরোমণি ভগবান শ্রীকৃষ্ণের চরিতামৃত যতই শ্রবণ করি না কেন, আমাদের মনের অতৃপ্তি থাকিয়াই যায় আরও শুনিবার ইচ্ছা হয় ॥ ৪৫৩ ॥

টীকা—মৎস্যাদ্যবতারভেদৈঃ ক্রীড়ন্ যানি বিচিত্রাণি কর্ম্মাণি বিধত্তে, তানি সুশ্লোকমৌলেঃ সুশ্লোকাঃ পুণ্যকীর্ত্তয়স্তেষাং মৌলিরিবাধিক্যেনোপরি বিরাজমানস্তস্য চরিতামৃতানি শৃণ্বতামপি নোঽস্মাকং মনো ন তৃপ্যতি ॥ ৪৫৩ ॥

———

দশমস্কন্ধে চ শ্রীপরীক্ষিতা (৫২।২০)—

ব্রহ্মন্ কৃষ্ণকথাঃ পুণ্যা মাধ্বীর্লোকমলাপহাঃ ।
কো নু তৃপ্যেত শৃণ্বান্ শ্রুতজ্ঞো নিত্যনূতনাঃ ॥৪৫৪

অনুবাদ—দশমস্কন্ধেও শ্রীপরীক্ষিৎ মহারাজের কথায়—হে ব্রহ্মন্! মহাফল প্রদা, শ্রুতি সুখদা, কলিমলাপহা এবং নিত্য নব অর্থাৎ প্রতি পদে পদে আশ্চর্য্যবৎ প্রতীয়মানা এই কৃষ্ণ কথা শুনিয়া কোন শ্রুত সারবিদ্ ব্যক্তি পরিতৃপ্ত হইয়া থাকেন? অর্থাৎ কেহই পরিপূর্ণ তৃপ্তি পান না তাই উহা বলিতে আজ্ঞা হউক ॥ ২৫৪ ॥

টীকা—পুণ্যা মহাফলাঃ, মাধ্বীঃ শ্রুতিসুখাঃ, লোকস্য মলাপহাশ্চ শৃণ্বান্ শৃণ্বন্নিত্যর্থঃ; শ্রুতজ্ঞঃ শ্রুতসারবিৎ, নিত্যনূতনাঃ প্রতিক্ষণমাশ্চর্য্যবৎ প্রতীয়মানাঃ ॥ ৪৫৪ ॥

———

অতো হি শ্রীপৃথুরাজেন প্রার্থিতম্ (শ্রীভাঃ ৪।২০।২৪)—

ন কাময়ে নাথ তদপ্যহং ক্বচি-
ন্ন যত্র যুষ্মচ্চরণাম্বুজাসবঃ ।
মহত্তমান্তর্হৃদয়ান্মুখচ্যুতো
বিধৎস্ব কর্ণাযুতমেষ মে বরঃ ॥ ৪৫৫ ॥

অনুবাদ—চতুর্থস্কন্ধে শ্রীপৃথুরাজের প্রার্থনা—হে প্রভো! হে কৈবল্য পতি! আপনার যশঃ শ্রবণাদি-দ্বারা সুখ প্রাপ্তির সম্ভাবনা না থাকিলে মুক্তি পদ বা ঐ প্রকার কিছুও আমার প্রার্থনীয় নহে। হৃদয় পূর্ণ করিয়া আপনার যশঃ যাহাতে শ্রবণ করিতে পারি সেই জন্য আমাকে অযুত কর্ণ দেওয়া হউক, আমি ইহাই প্রার্থনা করি ॥ ৪৫৫ ॥

টীকা—মহত্তমানামন্তর্হৃদয়ান্মুখদ্বারা নির্গতো যুষ্মাকং তব ত্বদীয়ানাঞ্চ পদাম্ভোজমকরন্দযশঃশ্রবণ-সুখং যত্র নাস্তি, তৎ কৈবল্যমপি ক্বচিৎ কদাচিদপি ন কাময়ে। তর্হি কিং কাময়সে? তদাহ—যশঃ-শ্রবণায় কর্ণানামযুতং বিধৎস্ব। ননু কোঽপ্যেবং ন বৃতবানস্তি? কিমন্যচ্চিন্তয়? ইত্যাহ—মম তু এষ এব বর ইতি ॥ ৪৫৫ ॥

———

অতএব নিশ্চিত্যোক্তং পাদ্মে বৈশাখ-মাহাত্ম্যে অম্বরীষং প্রতি শ্রীনারদেন—

নাতঃ পরং পরমতোষবিশেষতোষং
পশ্যামি পুণ্যমুচিতঞ্চ পরস্পরেণ ।
সন্তঃ প্রসজ্য যদনন্তগুণাননন্ত-
শ্রেয়োবিধীনধিকভাবভুজো ভজন্তি ॥ ৪৫৬ ॥

অনুবাদ—অতএব পদ্মপুরাণে বৈশাখ-মাহাত্ম্যে শ্রীঅম্বরীষ মহারাজকে দেবর্ষি শ্রীনারদ নিশ্চয় করিয়া বলিয়াছেন—ভক্তি বিশেষ নিষ্ঠ ভগবদ্ভক্তগণ পরস্পর আকৃষ্ট হইয়া অনন্ত মহিম শ্রীভগবানের অনন্ত মঙ্গল-প্রদ গুণগণের যে ভজনা করেন, তাহা অপেক্ষা পরমপরিতোষের বিশেষ তোষ স্বরূপ উচিত পুণ্য আর দেখা যায় না ॥ ৪৫৬ ॥

টীকা—পরস্পরেণ আসজ্য অন্যোন্যম্ আসক্তিং কৃত্বা অনন্তস্য ভগবতো গুণান্. অধিকভাবভুজঃ ভক্তিবিশেষযুক্তাঃ সন্ত ইত্যর্থঃ ॥ ৪৫৬ ॥

———

প্রথমস্কন্ধে শ্রীসূতেন (১৮।১০)—

যা যাঃ কথা ভগবতঃ কথনীয়োরুকর্ম্মণঃ ।
গুণকর্ম্মাশ্রয়াঃ পুম্ভিঃ সংসেব্যাস্তা বুভূষুভিঃ ॥৪৫৭॥

অনুবাদ—প্রথমস্কন্ধে শ্রীসূত কহিতেছেন—অদ্ভুত কর্ম্মা শ্রীভগবানের গুণ-কর্ম্ম-বিষয়ে যে সকল কথা আছে যাঁহারা সদ্ভাব ইচ্ছা করেন সেই পুরুষগণের তাহা শ্রবণ করা উচিত ॥ ৪৫৭ ॥

টীকা—কিং বহুনা, এতাবদেব কর্ত্তব্যমিতি সর্ব্বশাস্ত্রসারং কথয়তি—যা যা ইতি। কথনীয়ানি উরূণি কর্ম্মাণি যস্য তস্য, গুণকর্ম্মাশ্রয়া গুণকর্ম্ম-বিষয়াঃ, বুভূষুভিঃ সম্ভাবমিচ্ছদ্ভিঃ ॥ ৪৫৭ ॥

দশমস্কন্ধশেষে চ শ্রীবাদরায়ণিনা (৯০।৪৯)—
ইত্থং পরস্য নিজধর্ম্মরিরক্ষয়াত্ত-
লীলাতনোস্তদনুরূপবিড়ম্বনানি।
কর্ম্মাণি কর্ম্মকষণানি যদূত্তমস্য
শ্রূয়াদমুষ্য পদয়োরনুবৃত্তিমিচ্ছন্ ॥ ইতি ॥৪৫৮॥

অনুবাদ—দশমস্কন্ধশেষেও শ্রীশুকবাক্য রহিয়াছে, যথা—লীলাবিগ্রহসকল যাঁহার নিজ ধর্ম্ম রক্ষার জন্য, সেই যদূত্তম শ্রীকৃষ্ণের সেই প্রকার কর্ম্ম ও চরিতসমূহ তাঁহার চরণকমলের প্রতি একনিষ্ঠতা প্রাপ্তি কামী ব্যক্তিগণের শ্রবণ করা উচিত॥ ৪৫৮॥

টীকা—ইত্থমুক্তপ্রকারেণ নিজধর্ম্মো ভগবদ্ধর্ম্মঃ, তস্য রিরক্ষয়া স্বীকৃতমৎস্যকূর্ম্মাদিনানামূর্ত্তেঃ পর-মেশ্বরস্য বিশেষতো যদূত্তমস্য সতঃ তদনুরূপানু-কারীণি কর্ম্মকষণানি কর্ম্মনিবন্ধননিরসনানি কর্ম্মাণি চ চরিতানি শ্রূয়াৎ শৃণুয়াদিত্যর্থঃ। যদ্বা, ভবান্ শ্রূয়াদিতি শ্রীপরীক্ষিতং প্রতি; যদ্বা, সর্ব্বোঽপি জনঃ শ্রূয়াদিতি সর্ব্বলোকং প্রতি শ্রীবাদরায়ণেরাশীঃ, এব-মপি তদেব তাৎপর্য্যম্। অনুবৃত্তিং তদেকনিষ্ঠতাম্ ॥ ৪৫৮ ॥

অতঃ কৃষ্ণকথায়াস্তু সত্যামন্যকথাশ্রুতিম্।
তদশ্রুতিঞ্চ বৈমুখ্যং তস্যাং তৃপ্তিমপি ত্যজেৎ ॥৪৫৯

অনুবাদ—অতএব শ্রীকৃষ্ণকথা থাকিতে অন্য কথা শ্রবণ, ভগবৎকথা শ্রবণ না করা, শ্রীকৃষ্ণ কথায় অশ্রদ্ধা প্রদর্শন, কৃষ্ণকথায় তৃপ্তি অর্থাৎ অল্প শ্রবণ করিয়াই বিরক্তি পূর্ব্বক অনেক হইয়াছে এই-রূপ বুদ্ধি ত্যাগ করিবে ॥ ৪৫৯ ॥

টীকা—অতোঽস্মাল্লিখিতাদ্ধেতোঃ, সত্যাং বর্ত্ত-মানায়ান্তু অন্যকথায়াঃ শ্রুতিং শ্রবণং, তথা তস্যাঃ কৃষ্ণকথায়াঃ অশ্রুতিম্ অশ্রবণং, তথা তস্যাং কৃষ্ণ-কথায়াং বৈমুখ্যম্, অশ্রদ্ধয়া বলাত্ততঃ পরাঙ্মুখত্ব-মিত্যর্থঃ। তৃপ্তিং কিঞ্চিৎ শ্রবণানন্তরং তত্র বিরক্ত্যা অলংবুদ্ধিমপি ত্যজেৎ বর্জ্জয়েৎ ॥ ৪৫৯ ।

অথ শ্রীভগবৎকথাত্যাগাদিদোষঃ

তৃতীয়স্কন্ধে কপিলদেবহূতি-সংবাদে (৩২।১৯)—
নূনং দৈবেন নিহতা যে চাচ্যুতকথাসুধাম্।
হিত্বা শৃণ্বন্ত্যসদ্গাথাঃ পুরীষমিব বিড়্ভুজঃ ॥৪৬০

অনুবাদ—অতঃপর শ্রীভগবৎকথা-ত্যাগাদি দোষ, তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবহূতি সংবাদে বলা হইয়াছে—অচ্যুত ভগবানের কথামৃত পরিত্যাগ করিয়া যাহারা বিষ্ঠাভোজী শূকরের বিষ্ঠাভোজনের মত অসৎ সকলের কথা শ্রবণ করে, তাহারা অবশ্যই দৈবহত ইহা জানিও অর্থাৎ তাহারা ভাগ্যহীন ॥৪৬০॥

টীকা—এতদেব ক্রমেণ দর্শয়তি—নূনমিত্যাদিনা পশুঘ্নাদিত্যন্তেন। তত্রাদৌ অন্যকথাশ্রবণদোষং লিখতি—নূনমিতি দ্বাভ্যাম্। যে তু অচ্যুতস্য কথা-সুধাং হিত্বা অসতাং গাথাং শৃণ্বন্তি, তে নূনং দৈবেন নিহতাঃ ॥ ৪৬০ ॥

তত্রৈব শ্রীবৈকুণ্ঠবর্ণনে (১৫।২৩)—
যন্ন ব্রজন্ত্যঘভিদো রচনানুবাদা-
চ্ছৃণ্বন্তি যেঽন্যবিষয়াঃ কুকথা মতিঘ্নীঃ।
যাস্তু শ্রুতা হতভগৈর্নৃভিরাত্তসারা-
স্তাংস্তান্ ক্ষিপন্ত্যশরণেষু তমঃসু হন্ত ॥ ৪৬১ ॥

বরং বৃন্দাবনং ধ্যায়েৎ পুণ্যবৃক্ষাদিসেবিতম্ ॥১৩॥
পুন্নাগৈর্নাগবৃক্ষৈশ্চ পনসৈশ্চৈব কাঞ্চনৈঃ।
বকুলৈশ্চৈব বিল্বৈশ্চ বন্যৈঃ কুরবকৈরপি ॥ ১৪ ॥
সর্ব্বর্ত্তুকুসুমোপেতৈঃ পুষ্পাবনত-শাখিভিঃ।
তন্মধ্যে পুলিনং ধ্যায়েদ্বহু-পুষ্পকচম্পকম্ ॥ ১৫ ॥
ধূপদীপৈর্বিতানেন পুষ্পমালাবিভূষিতম্।
মুক্তাদামপতাকাভির্বন্যপুষ্পৈরলঙ্কৃতম্ ॥ ১৬ ॥

অনুবাদ—অনন্তর ত্রিকালার্চ্চনে বিধিবিশেষ বিষয়ে শ্রীগৌতমীয়তন্ত্রে বর্ণিত হইয়াছে—প্রাতঃকালের আরাধনাবিধি বিশেষ করিয়া বর্ণনা করা হইতেছে। পুন্নাগ, নাগ, পনস, কাঞ্চন, বকুল, বিল্ব, বন্য কুরুবক ও সর্ব্ব ঋতুর কুসুমযুক্ত পুষ্পাবনত শাখা বিশিষ্ট পুণ্য বৃক্ষাদিতে সেবিত শ্রীবৃন্দাবনকে ধ্যান করিবে।

তাহার মধ্যে বহু চম্পকপুষ্প, ধূপ, দীপ, শয্যা তথা পুষ্পমাল্য বিভূষিত ও মুক্তাদাম পতাকাদি বন্যপুষ্পে সজ্জিত পুলিন স্থানের ধ্যান করিবে ॥ ১৩-১৬ ॥

তন্মধ্যে কল্পবৃক্ষস্য ছায়ায়াং পঙ্কজাসনে।
সুস্থিতং বেণুগীতাঢ্যং সর্ব্বাভরণভূষিতম্ ॥ ১৭ ॥
বনমালাপরিবৃতং গোপিকাশতবেষ্টিতম্।
দেবাসুরৈশ্চ সিদ্ধৈশ্চ গন্ধর্ব্বৈরপ্সরোগণৈঃ ॥ ১৮ ॥
যক্ষৈর্বিদ্যাধরগণৈর্বিহগৈর্ভুবি সংস্থিতৈঃ।
ব্রহ্মর্ষিভিঃ স্তূয়মানং কৃষ্ণঞ্চৈব শুচিস্মিতম্ ॥ ১৯ ॥

অনুবাদ—তাহার মধ্যে আবার কল্পবৃক্ষের ছায়ায় পদ্মাসনে সুখে উপবিষ্ট, বেণুগীতরত, সর্ব্বালংকার-ভূষিত বনমালাপরিবৃত গোপিকাশত-বেষ্টিত তথা দেব, অসুর, সিদ্ধ, গন্ধর্ব্ব, অপ্সরোগণ যক্ষ বিদ্যাধর বিহগ এবং ভূমিতে অবস্থিত ব্রহ্মর্ষিগণ দ্বারা স্তূয়মান ঈষৎ হাসিযুক্ত বদনকমল শ্রীকৃষ্ণকে ধ্যান করিবে ॥ ১৭-১৯ ॥

নানাবিধৈশ্চ গোপালৈর্মৃগপক্ষিবিভূষিতম্।
লেলিহ্যমানং প্রণয়াৎ পশূনাং শতকোটিভিঃ ॥ ২০ ॥
ইন্দীবরনিভং দিব্যং সুন্দরং শ্রিন্দিরালয়ম্।
সম্পূর্ণচন্দ্রবদনং পদ্মনেত্রনিভেক্ষণম্ ॥ ২১ ॥
পদ্মাভপানিপাদঞ্চ পদ্মরাগবরার্চ্চিতম্।
শরণ্যং সর্ব্বলোকানাং গোপীনাং প্রাণবল্লভম্ ॥২২॥

অনুবাদ—এই শ্রীকৃষ্ণ নানাবিধ গোপালগণে ও মৃগপক্ষিগণে পরিবৃত, প্রণয়বশতঃ শতকোটি গবাদি পশু তাঁহার শ্রীঅঙ্গ লেহন করিতেছে, ইনি ইন্দীবরের মত দিব্য সুন্দর এবং শোভার আধার, পরিপূর্ণ চন্দ্র-মণ্ডল সদৃশ তাঁহার বদনকমল, নয়নযুগল পদ্মপত্রের ন্যায় এবং ইনি পদ্মবর্ণ হস্ত ও পদযুক্ত শ্রেষ্ঠ পদ্মরাগ মণিতে শোভিত, সর্ব্বলোকের শরণ্য ও গোপীগণের প্রাণবল্লভ ॥ ২০-২২ ॥

এবং ধ্যাত্বার্চ্চয়েন্নিত্যং ষোড়শেনোপচারতঃ।
দুগ্ধঞ্চ দধিখণ্ডেন সহিতং সংনিবেদয়েৎ ॥ ২৩ ॥
সৌবর্ণপাত্রে গোপানাং গ্রাসং কাংস্যে নিবেদয়েৎ।
এবং সমর্চ্চয়েদ্ভক্ত্যা জপন্মন্ত্রং সমাহিতঃ ॥ ২৪ ॥

অনুবাদ—এইভাবে ধ্যান করিয়া প্রত্যহ ষোড়শোপচারে তাঁহার পূজা করিবে। তাহার পর সোনার বাসনে দধি ও দুগ্ধে খণ্ড মিশ্রিত করিয়া সমর্পণ করিবে এবং গোপগণকে কাঁসার বাসনে অন্ন নিবেদন করিবে। এইপ্রকারে ভক্তিভরে পূজা সমাপনান্তে অত্যন্ত সতর্কতার সহিত মন্ত্র জপ করিবে ॥২৩-২৪॥

মধ্যাহ্নে সংপ্রবক্ষ্যামি পূজাং সর্ব্বার্থসিদ্ধিদাম্।
সৌপর্ণপর্ব্বতে মূলে ধাতুভিঃ সমলঙ্কৃতে ॥ ২৫ ॥
পুণ্যবৃক্ষসমাকীর্ণে পুণ্যপক্ষিনিনাদিতে।
পদ্মোৎপলাদিসঙ্কীর্ণে বাপীভিঃ সমলঙ্কৃতে ॥ ২৬ ॥
তস্মিন্ সৎপুলিনে রম্যে ছায়ায়াং পঙ্কজাসনে।
সৌবর্ণমণ্ডপে সম্যগ্বিতানাদিবিভূষিতে ॥ ২৭ ॥
মালাদিরচিতে রম্যে মণিভিঃ পুষ্পশোভিতৈঃ।
সুবর্ণরত্নসন্দোহৈরন্তরান্তরশোভিতে ॥ ২৮ ॥
সিংহাসনে সমাসীনং বিশ্রান্তং কংসসূদনম্।
মুক্তাময়ৈঃ সুরুচিরৈর্হারৈর্দামবিভূষিতম্ ॥ ২৯ ॥
ধ্যাত্বা সম্যগ্বিশুদ্ধাত্মা জাতীপুষ্পৈঃ সমর্চ্চয়েৎ।
মহারজতপাত্রে তু নৈবেদ্যান্নং নিবেদয়েৎ ॥ ৩০ ॥
দদ্যাদ্গ্রাসং সখীনাঞ্চ গোপানাং বিজিতেন্দ্রিয়ঃ।
দেবকীপরমানন্দমেবং ধ্যায়েৎ সুখাসনম্ ॥ ৩১ ॥

অনুবাদ—এখন সর্ব্বার্থ সিদ্ধিদায়িনী মধ্যাহ্ন সময়ের পূজার কথা বলিতেছি। পুণ্য বৃক্ষসমূহে পরিপূর্ণ, পুণ্য বিহগকুল দ্বারা মুখরিত এবং ধাতু-সমূহের দ্বারা অলংকৃত সুবর্ণময় পর্ব্বতের মূলদেশে, পদ্মোৎপলাদিযুক্ত জলাশয়সমূহে বিভূষিত রমণীয় প্রশস্ত পুলিনে, বৃক্ষছায়ায় পদ্মাসনে, বিচিত্র চন্দ্রাতপ শোভিত, মধ্যে মধ্যে বহু বহু সুবর্ণ-রত্ন খচিত মনোহর সিংহাসনে মুক্তাময় মনোহর হার ও মালায় সমলংকৃত শ্রীকৃষ্ণ উপবেশন করিয়া বিশ্রাম করিতেছেন। সম্যক্ প্রকারে বিশুদ্ধ অন্তঃকরণে ধ্যান পূর্ব্বক জাতীকুসুম দ্বারা তাঁহার পূজা করিবে। পরে মহারজতপাত্রে (রৌপ্য পাত্রে) অন্ন নিবেদন করিয়া সখা গোপগণকে অন্ন দিবে। এই প্রকার

সুখে উপবিষ্ট শ্রীকৃষ্ণকে জিতেন্দ্রিয় পুরুষগণ ধ্যান করিবেন ॥ ২৫-৩১ ॥

রাত্রিপূজাবিধিং বক্ষ্যে রুক্মিণীবল্লভস্য চ।
অধস্তাৎ কল্পবৃক্ষস্য সর্ব্বপুষ্পফলস্য বৈ ॥ ৩২ ॥
রত্নমণ্ডপমধ্যস্থং দিব্যপীতাম্বরং হরিম্।
দিব্যচন্দনলিপ্তাঙ্গং দিব্যাভরণভূষিতম্ ॥ ৩৩ ॥
অনেকদিব্যমালাভির্মণ্ডিতং পঙ্কজেক্ষণম্।
রত্নমণ্ডপমধ্যস্থং সুন্দরং সুন্দরস্মিতম্ ॥ ৩৪ ॥
শোভয়ন্তং স্ববপুষা সর্ব্বলোকাম্বিজশ্রিয়া।
গোপীজনানাং হৃদয়বল্লভং প্রোক্তবর্চ্চসম্ ॥ ৩৫ ॥
সুগন্ধিপুষ্পৈরারাধ্যং শ্রীকৃষ্ণং সর্ব্বনায়কম্।
রাজতে তু পয়ঃ শুদ্ধং পক্বং পাত্রে নিবেদয়েৎ ॥ ৩৬
এবমভ্যর্চ্চ্য মনসা জপেন্মন্ত্রং সমাহিতঃ।
কালত্রয়ার্চ্চনে চৈব সহস্রং সাষ্টকং জপেৎ।
এষ নিত্যক্রমঃ প্রোক্তঃ কৃষ্ণমন্ত্রস্য সূরিভিঃ ॥৩৭॥

অনুবাদ—অতঃপর শ্রীকৃষ্ণের রাত্রিকালীন পূজার নিয়ম বলা হইতেছে। সর্ব্বপ্রকার পুষ্পফলযুক্ত কল্পবৃক্ষের মূলে রত্নমণ্ডপ মধ্যস্থ দিব্য পীতাম্বরধারী শ্রীহরি দিব্যচন্দনে অনুলিপ্ত দিব্যাভরণে ভূষিত, বহু বহু দিব্য মালিকায় সজ্জিত পদ্মলোচন, রত্নমণ্ডপের মধ্যবর্ত্তী সুন্দর শোভন হাস্য বিশিষ্ট স্ব শরীর ও স্ব শোভাদ্বারা সকল লোকের শোভা বিধানকারী এবং গোপীগণের হৃদয় বল্লভ তেজোরূপে কথিত সেই সর্ব্বনায়ক শ্রীকৃষ্ণকে সুগন্ধি কুসুমসমূহদ্বারা আরাধনা করিয়া রজতপাত্রে পক্ব দুগ্ধ প্রদান করিবে। স্থিরচিত্তে এইভাবে পূজা করিয়া মন্ত্রজপ করিবে। ত্রৈকালিক পূজায় এক হাজার আটবার মন্ত্র জপ করিবার বিধান আছে। সূরিগণ শ্রীকৃষ্ণমন্ত্রের এই নিত্যক্রম বলিয়াছেন ॥ ৩২-৩৭ ॥

তত্রৈবাদৌ সংক্ষিপ্তত্রিকালপূজোক্ত্যনন্তরম্—
মনসা বা সমভ্যর্চ্চ্য ত্রিষু সন্ধ্যাসু সংযমী
প্রত্যহন্ত জপেন্মন্ত্রমষ্টোত্তরসহস্রকম্।
অসামর্থ্যে জপেন্মন্ত্রং নিত্যমষ্টশতং তথা ॥ইতি॥৩৮

অনুবাদ—তদ্বিষয়ে সংক্ষেপে প্রথমে ত্রিকালপূজা নির্ব্বাহ হইলে অথবা ত্রিসন্ধ্যা মানস পূজার পর সমাহিত চিত্তে এক হাজার আট বার; অসামর্থ্যে একশত আটবার মন্ত্র জপ করিবে ॥ ৩৮ ॥

অথ নক্তংকৃত্যানি

ততো যথাসংপ্রদায়ং হোমং নিষ্পাদ্য বৈষ্ণবঃ।
গীতনৃত্যাদিকং ভক্ত্যা বিধায় প্রার্থয়েৎ প্রভুম্ ॥৩৯॥

অনুবাদ—অতঃপর রাত্রিকৃত্য—তারপর যে প্রকার গুরুপরম্পরা ব্যবহার আছে, বৈষ্ণবজন সেই প্রকার হোমকর্ম্ম নিষ্পাদন করিয়া ভক্তিসহকারে গীত নৃত্যাদি পূর্ব্বক শ্রীকৃষ্ণ সমীপে প্রার্থনা করিবেন ॥৩৯

তথাচোক্তম্—
বলীয়সা পদা স্বামিন্ পদবীমবধারয়।
আগচ্ছ শয়নস্থানং প্রিয়াভিঃ সহ কেশব ॥ইতি॥৪০॥

অনুবাদ—এক্ষণে সেই প্রার্থনা কথিত হইতেছে—হে স্বামিন্ বলিষ্ঠ চরণদ্বারা পদবী অবধারণ করুন। হে কেশব! প্রিয়াসকলের সহিত শয়নস্থানে আগমন করুন ॥ ৪০ ॥

টীকা—প্রিয়াভিঃ শ্রীরাধিকাদিভিঃ ॥ ৪০ ॥

এবং প্রার্থ্য সমর্প্যাস্মৈ পাদুকে শয়নালয়ম্।
আনীয় দেবং তত্রত্যানুপচারান্ প্রকল্পয়েৎ ॥ ৪১ ॥

অনুবাদ—এই প্রকার প্রার্থনার সহিত পাদুকা প্রদান করিয়া শ্রীকৃষ্ণকে শয়নস্থানে আনয়ন পূর্ব্বক শয়নস্থানের উপযুক্ত উপাচার সমূহের কল্পনা করিতে হইবে ॥ ৪১ ॥

টীকা—তত্রত্যান্ শয়নালয়ে কৃত্যান্ ॥ ৪১ ॥

বিশেষতোঽর্পয়েত্তত্র ঘনং দুগ্ধং সশর্করম্।
তাম্বূলঞ্চ সকর্পূরং দিব্যমাল্যানুলেপনম্ ॥ ৪২ ॥
ইত্থং ভক্ত্যা সমারাধ্য ভগবন্তং স্বশক্তিতঃ।
তৎপ্রীত্যৈ সর্ব্বকর্ম্মাণি তৎফলং বার্পয়েৎ কৃতী॥৪৩

অনুবাদ—বিশেষ করিয়া শয়নস্থানে শর্করাযুক্ত ঘনদুগ্ধ, কর্পূর সমন্বিত তাম্বুল, উৎকৃষ্ট মালা ও অনুলেপন দ্রব্য নিবেদন করিতে হয়। এইভাবে নিজের ক্ষমতা অনুসারে ভক্তিসহকারে ভগবানকে আরাধনা করিয়া কৃতী ব্যক্তি ভগবৎপ্রীতির জন্য সকল কর্ম্ম ও কর্ম্মের ফল শ্রীভগবানে অর্পণ করিবেন ॥ ৪২-৪৩ ॥

অথাহোরাত্রাখিলকর্ম্মার্পণবিধিঃ

একাদশস্কন্ধে (২।৩৬)—

কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈর্বা
বুদ্ধ্যাত্মনা বানুসৃতস্বভাবাৎ।
করোতি যদ্‌যৎ সকলং পরস্মৈ
নারায়ণায়েতি সমর্পয়েত্তৎ ॥ ৪৪ ॥

অনুবাদ—অনন্তর অহোরাত্র সম্বন্ধীয় অখিল কর্ম্মার্পণবিধি—শ্রীমদ্ভাগবতের একাদশ স্কন্ধে বলা হইয়াছে যে, আমি করিতেছি এই জ্ঞানে শাস্ত্র-নিয়ম অনুযায়ী দেহদ্বারা বাক্যদ্বারা মনদ্বারা ইন্দ্রিয়সকল দ্বারা যাহা আচরণ করিবে, বুদ্ধি দ্বারা যাহা নির্দ্ধারণ করিবে, সমস্ত কিছুই পরমেশ্বর নারায়ণে সমর্পণ করিবে ॥ ৪৪ ॥

টীকা—আত্মনা চিত্তেনাহঙ্কারেণ বা অনুসৃতো যঃ স্বভাবস্তস্মাৎ। অয়মর্থঃ—ন কেবলং বিধিতঃ কৃতমেবেতি নিয়মঃ স্বভাবানুসারি—লৌকিকমপীতি। তথা চ ভগবদ্‌গীতাসু (৯।১৭)—'যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি' ইত্যাদি। যদ্বা, ননু কায়াদীনামেব কর্ম্ম, নাত্মন ইত্যাশঙ্ক্যাহ—অধ্যাসেনানুসৃতাৎ ব্রাহ্মণত্বাদি-স্বভাবাৎ যৎ যৎ করোতীত্যর্থঃ। যদ্বা, অনুসৃতঃ আশ্রিতো যঃ স্বভাবঃ বৈষ্ণবত্বং, তস্মাদ্ধেতোঃ কায়াদিনা যদ্‌যৎ ভগবদারাধনকর্ম্মেত্যর্থঃ, তৎ সকলং পরস্মৈ পরমেশ্বরায় নারায়ণায় সমর্পয়েৎ, ইত্যনেন বচনেন কায়েনেত্যাদি নারায়ণায়েত্যন্তপদ্যমিদং পঠিতব্যমিত্যর্থঃ; যদ্বা, নারায়ণপ্রীত্যর্থং ভবত্বিতি সমর্পয়েৎ ॥ ৪৪ ॥

কিঞ্চাত্র—

সাধু বাসাধু বা কর্ম্ম যদ্‌যদাচরিতং ময়া।
তৎ সর্ব্বং ভগবন্ বিষ্ণো গৃহাণারাধনং পরম্ ॥৪৫॥

অনুবাদ—এই বিষয়ে আরও বলা হইয়াছে—হে বিষ্ণো! হে ভগবন্! সাধু বা অসাধু আমি যে যে কার্য্য করিয়াছি, সেই সকলকে আপনি পরম আরাধনা হিসাবে গ্রহণ করুন ॥ ৪৫ ॥

টীকা—কর্ম্ম ভগবদারাধনলক্ষণং, সাধু সম্যক্‌তয়া, অসাধু অসম্যক্‌তয়া বা কৃতমিত্যর্থঃ। শ্রীভগবতি ভক্তেরসৎকর্ম্মণামর্পণস্যাযোগ্যত্বাৎ, এবম্ আরাধনং পরমারাধনত্বেন গৃহাণ স্বীকুরু ॥ ৪৫ ॥

কিঞ্চ—

অপাং সমীপে শয়নাসনে গৃহে
দিবা চ রাত্রৌ চ যথা চ গচ্ছতা।
যদস্তি কিঞ্চিৎ সুকৃতং কৃতং ময়া
জনার্দ্দনস্তেন কৃতেন তুষ্যতু ॥ ৪৬ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—গৃহে, জল সমীপে, শয়নে, উপবেশনে, দিনে, রাত্রিতে কিংবা যাইতে যাইতে আমার দ্বারা কৃত যাহা কিছু সুকৃত আছে, সেই কার্য্যদ্বারা ভগবান্ জনার্দ্দন প্রীত হউন ॥ ৪৬ ॥

অতএবোক্তং তৃতীয়স্কন্ধে ব্রহ্মাণং প্রতি
শ্রীভগবতা (৯।৪১)

পূর্ত্তেন তপসা যজ্ঞৈর্দানৈর্যোগৈঃ সমাধিনা।
রাদ্ধং নিঃশ্রেয়সং পুংসাং মৎপ্রীতিস্তত্ত্ববিন্মতম্ ॥
ইতি ॥ ৪৭ ॥

অনুবাদ—অতএব তৃতীয়স্কন্ধে ব্রহ্মার প্রতি শ্রীভগবানের বাক্য—হে ব্রহ্মন্! পুরুষগণের পরম শ্রেয় হইতেছে আমার প্রীতি সম্পাদন, খাতাদি কর্ম্ম, দান, তপস্যা, যোগ ও সমাধি এই সমস্ত দ্বারা লোকেদের যে মোক্ষাদি ফল লাভ হয়, তত্ত্বজ্ঞ পণ্ডিতগণের মতে আমার প্রীতি দ্বারা তৎসমুদয়ই সিদ্ধ হয় ॥৪৭॥

টীকা—ন চ মৎপ্রীতেরধিকং কিঞ্চিদস্তি ইত্যাহ—পূর্ত্তেনেতি। পূর্ত্তাদিভী রাদ্ধং সিদ্ধং যন্নিঃশ্রেয়সং ফলং, মৎপ্রীতিরেবেতি তত্ত্ববিদাং মতম্ ॥ ৪৭ ॥

ইত্থমারাধয়েন্নিত্যং ভগবন্তং যথাবিধি।
ন্যায়ার্জ্জিতার্থবিত্তেন সমগ্রফলসিদ্ধয়ে ॥ ৪৮ ॥

অনুবাদ—ন্যায়ার্জ্জিত আপ্তবিত্তদ্বারা সমস্ত ফল সিদ্ধির নিমিত্ত এইরূপে নিয়মানুযায়ী শ্রীভগবানের আরাধনা করিবে ॥ ৪৮ ॥

টীকা—ইত্থং লিখিতপ্রকারেণ যথাবিধি নিত্যমারাধয়েৎ। তচ্চ ন্যায়াজ্জিতেন আত্মন এব বিত্তেন ধনেন, সমগ্রস্য সম্পূর্ণস্য ফলস্য সিদ্ধয়ে, অন্যথা শাস্ত্রোক্তপূজাফলং সম্পূর্ণং ন সম্পদ্যত ইত্যর্থঃ ॥৪৮॥

অথ পূজাফলসম্প্রাপ্ত্যুপায়ঃ

দশমস্কন্ধে (৮৪।৩৭)—

অয়ং স্বস্ত্যয়নং পন্থা দ্বিজাতের্গৃহমেধিনঃ।
যচ্ছ্রদ্ধয়াপ্তবিত্তেন শুক্লেনেজ্যেত পুরুষঃ ॥ ৪৯ ॥

অনুবাদ—অতঃপর পূজাফল-সংপ্রাপ্তির উপায় সম্বন্ধে দশমস্কন্ধে বলা হইয়াছে—শুদ্ধচিত্ত হইয়া শ্রদ্ধাসহকারে ন্যায়ার্জ্জিত সম্পদ দ্বারা সেই পরম-পুরুষের পূজা করা গৃহাশ্রমে অবস্থিত দ্বিজাতির মঙ্গল-জনক উত্তম পথ ॥ ৪৯ ॥

টীকা—স্বস্ত্যয়নং স্বস্তি, ক্ষেমময়তেঽনেনেতি তথা, শ্রদ্ধয়া নিষ্কামতয়া ভক্ত্যা বা, শুক্লেন শুদ্ধেন আপ্তেন ন্যায়ার্জ্জিতেন বিত্তেন পুরুষ ঈশ্বর ইজ্যেতেতি যৎ-অয়ং পন্থাঃ ॥ ৪৯ ॥

অগস্ত্যসংহিতায়াঞ্চ—

ন্যায়ার্জ্জিতৈঃ সাধনৈশ্চ দানহোমার্চ্চনাদিকম্।
কুর্য্যান্ন চেদধো যাতি ভক্ত্যা কুর্ব্বন্নপি দ্বিজেতি ॥৫০॥

অনুবাদ—অগস্ত্যসংহিতায়ও বলা হইয়াছে—হে ব্রাহ্মণ! ন্যায়পথে অর্জ্জিত ধন দ্বারা দান, হোম ও আরাধনাদি করিবে, যদি এই প্রকার না করা হয়, তাহা হইলে অন্যায়ার্জ্জিত ধনে ভক্তিপূর্ব্বক দেবপূজা করিলেও পূজকের অধোগতি হয় ॥ ৫০ ॥

টীকা—নচেৎ অন্যায়ার্জ্জিতৈর্যদি কুর্য্যাত্তদেত্যর্থঃ। দ্বিজ হে সুতক্ষণ ॥ ৫০ ॥

যত্নাৎ সিদ্ধৈর্নিজৈঃ শুদ্ধৈর্দ্রব্যৈর্ধন্যোঽর্চ্চয়েৎ প্রভুম্।
পূজাদ্রব্যাণ্যশক্তশ্চেদ্দদ্যাদীক্ষেত বার্চ্চনম্ ॥ ৫১ ॥

অনুবাদ—সার্থকজন্মা ব্যক্তি নিজের শুদ্ধভাবে যত্নসঞ্চিত পবিত্র দ্রব্যদ্বারা শ্রীভগবানের পূজা করিবেন। তাহাতে যদি অপারগ হন তাহা হইলে ভগবদুদ্দেশে পূজার দ্রব্যসমূহ সমর্পণ করিবেন; তাহাও যদি সম্ভব না হয় তাহা হইলে পূজা দর্শন করিবেন ॥ ৫১ ॥

টীকা—যশ্চ শ্রদ্ধাবিশেষেণ যত্নতো বিশুদ্ধসাধনানি সম্পাদ্য পূজামাচরেৎ, স চ পরমভাগ্যবানিতি লিখতি —যত্নাদিতি। অশক্তশ্চেদ্যদি তথার্চ্চনেঽসমর্থস্তদা পূজাদ্রব্যাণি দদ্যাৎ, তত্রাশক্তৌ চ পূজাদর্শনমপি কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৫১ ॥

অথাশক্তস্য পূজাফলপ্রাপ্ত্যুপায়ঃ

অগস্ত্যসংহিতায়াম্—

আরাধনাসমর্থশ্চেদ্দদ্যাদর্চ্চনসাধনম্।
যো দাতুং নৈব শক্নোতি কুর্য্যাদর্চ্চন-দর্শনম্ ॥৫২॥
নিস্তারায় তদেবালং ভবাব্ধের্মুনিসত্তম।
নৈকঞ্চ যস্য বিদ্যেত সোঽধো যাত্যেব নান্যথা ॥৫৩

অনুবাদ—অনন্তর অসমর্থব্যক্তির পূজাফলপ্রাপ্তির উপায় বিষয়ে অগস্ত্য সংহিতায় বলা হইয়াছে যে,—ভগবৎপূজায় অসমর্থ ব্যক্তি তাঁহাকে পূজা দ্রব্যাদি অর্পণ করিবেন। যদি ইহাতে অক্ষম হন তাহা হইলে কেবল পূজা দর্শন করিবেন। হে মুনিবর! এই পূজা দর্শনমাত্রই ভবসাগর হইতে উত্তীর্ণ হইবার উপায় স্বরূপ জানিবেন। এই দুই প্রকারের মধ্যে কোনটাই যিনি অবলম্বন করিতে পারেন না তিনি অধোগামী, ইহাতে অন্যথা নাই ॥ ৫২-৫৩ ॥

কিঞ্চ তত্রৈব—

যস্তু ভক্ত্যা প্রযত্নেন স্বয়ং সম্পাদ্য চাখিলম্।
সাধনং চার্চ্চয়েদ্বিদ্বান্ সমগ্রং লভতে ফলম্ ॥ ৫৪ ॥
যোঽর্চ্চয়েদ্বিধিবদ্ভক্ত্যা পরানীতৈশ্চ সাধনৈঃ।
পূজাফলার্ধমেব স্যান্ন সমগ্রং ফলং লভেৎ ॥ ৫৫ ॥

অনুবাদ—ঐ অগস্ত্যসংহিতা গ্রন্থে আরও বলা হইয়াছে—ভক্তিপূর্ব্বক পূজার জিনিষ পত্র নিজে সংগ্রহ করিয়া যে ব্যক্তি সযত্নে ভগবানকে সমর্পণ

করেন, তিনিই সমগ্র পূজা ফললাভ করেন। যে ব্যক্তি অন্য-কর্ত্তৃক সংগৃহীত পূজার উপকরণ দ্বারা ভক্তিভরে পূজা করেন তিনি পূজা ফলের সমগ্র অংশের পরিবর্ত্তে অর্দ্ধেক মাত্র পাইয়া থাকেন ॥৫৪-৫৫॥

টীকা—এতদেবাগস্ত্যাদ্যুক্ত্যা প্রমাণয়ন্ আদৌ পূজাসাধনদাতাপি সমগ্রমেব ফলং প্রাপ্নুয়াদিতি লিখতি —আরাধনেতি। অপ্যর্থে এব-শব্দঃ, তৎ অর্চ্চন-দর্শনমপি ভবাব্ধেঃ সকাশান্নিস্তারায় অলং সমর্থম্ ॥ ৫২-৫৪ ॥

টীকা—ফলভেদমাহ যস্ত্বিতি দ্বাভ্যাম্ ॥ ৫৫ ॥

———

কিঞ্চ, পাদ্মে শ্রীকৃষ্ণ-সত্যাসংবাদীয়-কার্ত্তিকমাহাত্ম্যে—

ধর্ম্মোদ্দেশেন যো দ্রব্যং পরং যাচয়তে নরঃ।
তৎপুণ্যকর্ম্মজং তস্য ধনদস্ত্বাপ্নুয়াৎ ফলম্ ॥ ৫৬ ॥

অনুবাদ—পদ্মপুরাণে শ্রীকৃষ্ণ-সত্যভামা সংবাদান্তর্গত কার্ত্তিক মাহাত্ম্যে—পুণ্য কার্য্য করিবার জন্য যে ব্যক্তি নিজের দুরবস্থা হেতু অন্যের কাছে জিনিষপত্র চাহেন, তাঁহার পুণ্য ফল ধনদাতাই প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৫৬ ॥

টীকা—স্বয়ন্তু পূজার্থং দ্রব্যমন্যজনং নৈব যাচেতেত্যত্র পাদ্মবচনং লিখতি—ধর্ম্মেতি। তস্য দ্রব্যযাচকস্য ॥ ৫৬ ॥

———

অথ দর্শনমাহাত্ম্যম্

পাদ্মে শ্রীপুলস্ত্যভগীরথসংবাদে—

পূজিতং পূজ্যমানঞ্চ যে পশ্যন্তি জনার্দ্দনম্।
কপিলাশতদানস্য নিত্যং ভবতি তৎফলম্ ॥ ৫৭ ॥

অনুবাদ—অতঃপর পূজাদর্শনের মাহাত্ম্য পদ্মপুরাণে শ্রীপুলস্ত্য-ভগীরথ-সংবাদে বলা হইয়াছে—শ্রীজনার্দ্দনকে পূজিত বা পূজা করিবার সময় যাঁহারা দর্শন করেন, তাঁহারা প্রত্যহ শতকপিলা ধেনুদানের ফল লাভ করিয়া থাকেন ॥ ৫৭ ॥

টীকা—অধুনা স্বপরদ্রব্যার্চ্চনাৎ পূজাদর্শনে শ্রীভগবতো দর্শনং স্যাদিতি প্রসঙ্গাত্তন্মাহাত্ম্যং লিখতি—পূজিতমিত্যাদিনা ॥ ৫৭ ॥

———

আগ্নেয়ে—

পূজিতং পূজ্যমানং বা যঃ পশ্যেদ্ভক্তিতো হরিম্।
শ্রদ্ধয়া মোদয়েদ্যস্তু সোঽপি যাগফলং লভেৎ ॥৫৮॥
সংপূজ্যমানং বিধিনা যঃ পশ্যেৎ শ্রদ্ধয়া হরিম্।
সোঽপি যাগফলং কৃৎস্নং প্রাপ্নুয়াৎ নাত্র সংশয়ঃ ॥৫৯
দৃষ্ট্বা সংপূজিতং দেবং নৃত্যমানোঽনুমোদয়েৎ।
অসংশয়মতিঃ শুদ্ধঃ পরং ব্রহ্মাধিগচ্ছতি ॥ ৬০ ॥

অনুবাদ—অগ্নিপুরাণে এই বিষয়ে বলা হইয়াছে যে—ভক্তি পূর্ব্বক যে ব্যক্তি শ্রীহরির পূজা হইতেছে বা হইয়াছে ইহা দর্শন করেন অথবা যিনি সশ্রদ্ধচিত্তে তাহা অনুমোদন করেন, তিনিও যাগফল লাভ করেন।

শ্রীহরির পূজাকালে যিনি তাহা শ্রদ্ধাভরে দর্শন করেন তিনিও সকল যাগফল প্রাপ্ত হন, ইহাতে সন্দেহ নাই। শ্রীভগবানকে সুপূজিত দর্শন করিয়া যিনি সানন্দে নৃত্য সহকারে অনুমোদন করেন সেই সংশয় রহিত পবিত্র পুরুষ পরব্রহ্মলোকে গমন করেন ॥ ৫৮-৫৯ ॥

টীকা—মোদয়েৎ অনুমোদং কুর্য্যাৎ ॥ ৫৮ ॥

———

অথ শ্রীভগবন্মূর্ত্তিদর্শন-নিত্যতা

বিষ্ণুধর্ম্মোত্তরে—

তাবদ্ভ্রমন্তি সংসারে মনুষ্যা মন্দবুদ্ধয়ঃ।
যাবদ্রূপং ন পশ্যন্তি কেশবস্য মহাত্মনঃ ॥ ৬১ ॥

অনুবাদ—অনন্তর শ্রীভগবন্মূর্ত্তি দর্শনের নিত্যতা বিষয়ে বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—শ্রীকেশব ভগবানের কমনীয় শ্রীবিগ্রহ যাবৎ দর্শন না হয়, দুর্ম্মতি মানবকুল ততকাল পর্য্যন্ত এই সংসারচক্রে আবর্ত্তিত হইতে থাকে ॥ ৬১ ॥

টীকা—তথা সুপ্রতিষ্ঠিতায়া ভক্তেঃ পূজ্যমানায়াঃ সন্নিহিতায়াঃ শ্রীভগবন্মূর্ত্তেঃ সংদর্শনমবশ্যং কার্য্যমিতি লিখতি—তাবদিত্যাদিনা। শ্রীরূপং শ্রীমূর্ত্তিম্ ॥৬১॥

———

পাদ্মে চ তত্রৈব—

পূজ্যমানং হৃষীকেশং যে ন পশ্যন্তি বৈষ্ণবাঃ।
তেষাং দত্তং হুতং জপ্তং দৈত্যেয়ায়োপতিষ্ঠতি ॥৬২॥

অনুবাদ—পদ্মপুরাণেও এই বিষয়ে বলা হইয়াছে যে—পূজ্যমান শ্রীহৃষীকেশকে যে বৈষ্ণবব্যক্তি দর্শন করেন না, তাঁহাদের দান, হোম ও জপ প্রভৃতি সব কিছুই দেবতার উদ্দেশ্যে হইয়াও দানবোচ্ছিষ্ট হয় অর্থাৎ উহার ফল দৈত্যেরা ভোগ করে ॥ ৬২ ॥

———

কিঞ্চ, তত্রৈব নারায়ণ-নারদসংবাদে পূজাবিধিকথনে—

যত্র কুত্রাপি প্রতিমাং বেদধর্ম্মসমন্বিতাম্ ।
ন পশ্যন্তি জনা গত্বা তে দণ্ড্যা যমকিঙ্করৈঃ ॥ ৬৩ ॥

অনুবাদ—ঐ পুরাণেই শ্রীনারায়ণ-নারদ-সংবাদে পূজাবিধি কথনে—সুগম অথবা দুর্গম যে স্থানেই হউক যাহারা বেদোক্ত ক্রিয়াদ্বারা প্রতিষ্ঠিত ভগবন্মূর্ত্তি দর্শন না করে, তাহারা যমকিঙ্করগণ দ্বারা দণ্ডিত হয় ॥ ৬৩ ॥

টীকা—যত্র কুত্রাপি দুর্গমে স্থানে সুগমে বেতি জ্ঞেয়ম্, বেদধর্ম্মসমন্বিতাং বেদোক্তধর্ম্মেণ প্রতিষ্ঠাদি-পূর্ব্বকং যথাবিধি পূজ্যমানামিত্যর্থঃ ॥ ৬৩ ॥

———

অথ ভগবদর্থ-দ্রব্যদান-মাহাত্ম্যম্

স্কান্দে—

বিষ্ণুমুদ্দিশ্য যৎ কিঞ্চিদ্বিষ্ণুভক্তায় দীয়তে ।
দানং তদ্বিমলং প্রোক্তং কেবলং মোক্ষসাধনম্ ॥৬৪॥

অনুবাদ—অতঃপর ভগবদুদ্দেশ্যে দ্রব্যদান মাহাত্ম্য-স্কন্দপুরাণে বলা হইয়াছে, শ্রীবিষ্ণুকে উদ্দেশ্য করিয়া বিষ্ণুভক্ত বৈষ্ণবকে যাহা দান করা যায়, তাহাই নির্ম্মল বলিয়া কথিত এবং ঐ প্রকার দানই মোক্ষ-সাধক ॥ ৬৪ ॥

———

কৌর্ম্মে—

যৎকিঞ্চিদ্দেয়মীশানমুদ্দিশ্য ব্রাহ্মণায় চ ।
প্রভবে বিষ্ণবে চাথ তদনন্তফলং স্মৃতম্ ॥ ৬৫ ॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে এই বিষয়ে বলা হইয়াছে—শ্রীভগবানকে উদ্দেশ্য করিয়া ব্রাহ্মণকে যাহা কিছু দান করা যায় তাহা ভগবান বিষ্ণুই গ্রহণ করেন এবং উহা অনন্তফলদায়ক বলিয়া কথিত হয় ॥৬৫॥

———

বিষ্ণুধর্ম্মোত্তরে—

অনুগ্রহেণ মহতা প্রেতস্য পতিতস্য চ ।
নারায়ণবলিঃ কার্য্যস্তেনাস্যানুগ্রহো ভবেৎ ॥ ৬৬ ॥
অনাদিনিধনো দেবঃ শঙ্খচক্রগদাধরঃ ।
অক্ষয়ঃ পুণ্ডরীকাক্ষস্তত্র দত্তং ন নশ্যতি ॥ ৬৭ ॥
যথাকথঞ্চিদ্‌যদ্দত্তং দেবদেবে জনার্দ্দনে ।
অবিনাশি তু তদ্বিদ্ধি পাত্রমেকো জনার্দ্দনঃ ॥ ৬৮ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—প্রেত ও পতিত ব্যক্তির প্রতি অনুগ্রহের আশয়ে যিনি শ্রীনারায়ণের প্রীতি বিধানে যত্ন করেন, তাঁহার সেই প্রকার কার্য্যে নারায়ণের অনুগ্রহ হইয়া থাকে। যিনি শঙ্খ চক্র গদাধারী যাঁহার আদি কিংবা অন্ত নাই, অক্ষয় পুণ্ডরীকাক্ষ দেবতা যিনি, তাঁহার উদ্দেশ্যে যে সকল দ্রব্য দান করা যায় তাহা কখনও নষ্ট হয় না। দেব দেব জনার্দ্দনকে যে কোন প্রকারে যে দ্রব্যই দেওয়া হউক না কেন তাহার ধ্বংস নাই। জনার্দ্দন শ্রীহরিই একমাত্র দানের পাত্র ইহা জানিও ॥ ৬৬-৬৮ ॥

———

তত্রৈব তৃতীয়কাণ্ডে—

সামান্যভক্ত্যা যদ্দত্তং তদ্ধি পদ্ভ্যাং প্রতীচ্ছতি ।
একান্তভাবোপগমৈর্ম্মূর্দ্ধ্না দ্বিজবরোত্তমাঃ ॥ ৬৯ ॥
অনন্তো ভগবান্ বিষ্ণুস্তস্য কামবিবর্জ্জিতৈঃ ।
যদেব দীয়তে কিঞ্চিত্তদেবাক্ষয়মুচ্যতে ॥ ৭০ ॥
পদ্ভ্যাং প্রতীচ্ছতে দেবঃ সকামেন নিবেদিতম্ ।
মূর্দ্ধ্না প্রতীচ্ছতে দত্তমকামেন দ্বিজোত্তমাঃ ॥ ৭১ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরেই তৃতীয় কাণ্ডে বলা হইয়াছে—হে বিপ্রশ্রেষ্ঠগণ! ভগবদুদ্দেশ্যে লোকে সামান্য ভক্তি দ্বারা যাহা দান করেন, ভগবান তাহাই গ্রহণ করেন, আর একান্ত ভক্তিসহকারে যাহা দান করা হয়, তাহা অত্যাদর পূর্ব্বক নিজের মস্তকে করিয়া গ্রহণ করিয়া থাকেন। কামনা রহিত ভাবে যিনি শ্রীভগবানের উদ্দেশ্যে যৎ কিঞ্চিৎ অর্পণ করেন,

তাহাই অক্ষয় বলিয়া কথিত হয়। সকাম ভাবে লোকে বিষ্ণুর নিমিত্ত যাহা দান করিয়া থাকে, বিষ্ণু তাহা স্বীয় চরণদ্বয়ে গ্রহণ করেন কিন্তু ভক্তগণ প্রদত্ত কামনা রহিত দান নিজের মস্তকে ধারণ করেন ॥ ৬৯-৭১ ॥

টীকা—পূজাদ্রব্যাণি বা দদ্যাদিতি সমস্তপূজা-সাধনদানেনাপি সমগ্রং পূজাফলং লভত ইতি লিখিতং, তত্র শ্রীভগবদর্থকিঞ্চিদ্দানেনাপি মহাফলং সিধ্যেদিত্যা-শয়েন সামান্যতো বিশেষতশ্চ শ্রীভগবদর্থদ্রব্যদান-মাহাত্ম্যং লিখন্নাদৌ তত্র সামান্যতো লিখতি—বিষ্ণু-মিত্যাদিনা স্বয়মিত্যন্তেন ॥ ৬৪-৭০ ॥

টীকা—প্রতীচ্ছতে স্বীকরোতি ॥ ৭১ ॥

তথৈবোক্তং মোক্ষধর্ম্মে শ্রীনারদেন—

ব্রহ্মা যদৃষয়শ্চৈব স্বয়ং পশুপতিশ্চ যৎ।
অন্যে চ বিবুধশ্রেষ্ঠা দৈত্য-দানব-রাক্ষসাঃ ॥ ৭২ ॥
নাগাঃ সুপর্ণা গন্ধর্ব্বাঃ সিদ্ধা রাজর্ষয়স্তথা।
হব্যং কব্যঞ্চ সততং বিধিযুক্তং প্রভুঞ্জতে।
কৃৎস্নন্তু তস্য দেবস্য চরণাবুপতিষ্ঠতি ॥ ৭৩ ॥
যাঃ ক্রিয়াঃ সংপ্রযুক্তাস্তু একান্তগতবুদ্ধিভিঃ।
তাঃ সর্ব্বাঃ শিরসা দেবঃ
প্রতিগৃহ্নাতি বৈ স্বয়ম্ ॥ ৭৪ ॥

অনুবাদ—এই বিষয়ে মোক্ষধর্ম্মে শ্রীনারদ বলিয়াছেন—ব্রহ্মা, পশুপতি ও ঋষিবৃন্দ যাহা ভোজন করিয়া থাকেন, অপরাপর দেবগণ, দৈত্য, দানব, রাক্ষস, নাগ, সুপর্ণ, গন্ধর্ব্ব, সিদ্ধ ও রাজর্ষিগণ যে সমস্ত হব্য কব্য ভোজন করেন, সমস্ত কিছুই শ্রীভগ-বানের শ্রীচরণকমলে উপনীত হয় কিন্তু একনিষ্ঠ ভগবদ্ভক্ত মনুষ্যগণ যে ক্রিয়ার অনুষ্ঠান করেন ভগ-বান নিজে সেই সমস্তই নিজের মস্তকে ধারণ করিয়া থাকেন ॥ ৭২-৭৪ ॥

টীকা—যৎ হব্যং দেবেভ্যো দেয়ং, কব্যঞ্চ পিতৃভ্যো দেয়ং চরণৌ প্রতি ; একস্মিন্নেব ভগবতি অন্তং গতা নিষ্ঠাং প্রাপ্তা বুদ্ধির্যেষাং তৈঃ ॥ ৭২-৭৪ ॥

—২

অথ দানবিশেষফলম্

ব্রহ্মবৈবর্ত্তে—

একামপি নরো ধেনুং সবৎসাং বিধিপূর্ব্বকম্।
দত্ত্বোদ্দেশেন কৃষ্ণস্য প্রাপ্নোত্যোবাভিবাঞ্ছিতম্ ॥৭৫॥

অনুবাদ—অনন্তর দানবিশেষ ফল ব্রহ্ম-বৈবর্ত্ত-পুরাণে বলা হইয়াছে—শ্রীকৃষ্ণের উদ্দেশ্যে একটি মাত্র বৎসযুক্তগাভী যথা নিয়মে লোকে যদি দান করে, তাহা হইলে সে অভীপ্সিত ফল লাভ করে ॥ ৭৫ ॥

নারসিংহে—

যো গাং পয়স্বিনীং বিষ্ণোঃ কৃষ্ণবর্ণাং প্রযচ্ছতি।
অশ্বমেধস্য যজ্ঞস্য ফলং প্রাপ্য হরিং ব্রজেৎ ॥ ৭৬ ॥
সর্ব্বপাপৈর্বিরহিতঃ সর্ব্বভূষণভূষিতঃ।
গবাং সহস্রদানস্য ফলং প্রাপ্য দিবং ব্রজেৎ ॥ ৭৭ ॥

অনুবাদ—শ্রীনৃসিংহপুরাণেও উক্ত হইয়াছে—কৃষ্ণবর্ণা দুগ্ধবতী গাভী যিনি শ্রীকৃষ্ণের উদ্দেশ্যে দান করেন, তিনি অশ্বমেধ যজ্ঞের ফল পাইয়া থাকেন এবং শ্রীহরির নিকট গমন করিতে সমর্থ হন, অন্য কথা আর কি বলিব, সেই ব্যক্তি সর্ব্বপাপরহিত ও সর্ব্বালংকারে অলংকৃত হইয়া সহস্র গোদানের ফল লাভ করিয়া স্বর্গলোকে গমন করেন ॥ ৭৬-৭৭ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—

গবাং লোকমবাপ্নোতি ধেনুং দত্ত্বা পয়স্বিনীম্।
দধিক্ষীরঘৃতার্থায় বাসুদেবস্য চালয়ে।
দত্ত্বা গাং মধুপর্কায় মহৎ ফলমবাপ্নুয়াৎ ॥ ৭৮ ॥
জলাশয়ং তথা কৃত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৭৯ ॥
সপুষ্পৈঃ সফলৈর্বৃক্ষৈর্যুতং কৃত্বা জলাশয়ম্।
উদ্যানৈঃ পদ্মিনীষণ্ডৈরাশ্রমৈশ্চ মনোহরৈঃ।
শ্বেতদ্বীপমবাপ্নোতি পুনর্নাবর্ত্ততে ততঃ ॥ ৮০ ॥
দেবাগ্রে কারয়েদ্যস্তু রম্যামাপণবীথিকাম্।
রাজা ভবতি লোকেষু বিজিতারির্মহাযশাঃ ॥ ৮১ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে এই বিষয়ে বলা হই-য়াছে—শ্রীভগবানের মন্দিরে ঘৃত দুগ্ধ ও দধির জন্য যদি দুগ্ধবতী গাভী দান করা হয়, তাহা হইলে গো-লোকে বাস হইয়া থাকে এবং মধুপর্কের জন্য

গোদান করা হইলে মহাফল প্রাপ্তি হয়। ভগবানের উদ্দেশ্যে জলাশয় উৎসর্গকারী ব্যক্তি সর্ব্বপাপ হইতে মুক্তি লাভ করেন। যিনি মনোহর আশ্রমে জলাশয় প্রতিষ্ঠা করিয়া তাহা ফলপুষ্পযুক্ত বৃক্ষরাজি দ্বারা সুসজ্জিত উদ্যান সকলে পরিবৃত ও পদ্মাদি পুষ্প সম্ভারে সুশোভিত করিয়া দেন। তাঁহার শ্বেতদ্বীপে বাস হইয়া থাকে। তাঁহাকে আর জন্মান্তর দুঃখ ভোগ করিতে হয় না। শ্রীহরির সম্মুখে পবিত্র আপন বীথি বিন্যস্ত করেন যিনি, তিনি শত্রুবিজয়ী ও মহাযশস্বী হইয়া রাজপদে অধিষ্ঠিত হন ॥ ৭৮-৮১ ॥

নগরঞ্চ তথা কৃত্বা সাম্রাজ্যমধিগচ্ছতি।
শিবিকাং যে প্রযচ্ছন্তি তে প্রযান্ত্যমরাবতীম্ ॥ ৮২॥
অশ্বদাঃ স্বর্গলোকস্থা রাজন্তে দিবি সূর্য্যবৎ।
করীন্দ্রদানাচ্ছক্রস্য চিরাল্লোকাচ্চ্যুতো নরঃ ॥ ৮৩॥
রাজা ভবতি ধর্ম্মাত্মা পৃথিব্যাং পৃথিবীপতিঃ ॥ ৮৪॥

অনুবাদ—শ্রীবিষ্ণুর উদ্দেশ্যে যিনি নগর নির্ম্মাণ করেন, তাঁহার সাম্রাজ্য লাভ হয়। শ্রীনারায়ণের উদ্দেশ্যে যিনি শিবিকা দান করেন, তিনি স্বর্গাধিপতি হন। যিনি শ্রীবিষ্ণুর উদ্দেশ্যে অশ্বদান করেন, তিনি স্বর্গবাসী হইয়া সূর্য্যের মত শোভা পাইয়া থাকেন। এইভাবে যদি হস্তী দান করা হয় তাহা হইলে সেই ধার্ম্মিক ব্যক্তি দীর্ঘকাল ইন্দ্রলোকে অবস্থান করিয়া পরে পৃথিবীশ্বর হন ॥ ৮২-৮৪ ॥

টীকা—অধুনা দ্রব্যবিশেষ-দানেন ফল-বিশেষং লিখতি—একামিত্যাদিনা সুখং ভবেদিত্যন্তেন। যদ্যপি গোদানাদিকমেতৎ কাদাচিৎকত্বান্নিত্যকর্ম্মমধ্যেঽত্র লিখিতুং নোপযুজ্যতে, তথাপি তত্তদ্দানেন নিত্যপূজাসিদ্ধেঃ, পূজাদ্রব্যদানলিখনাচ্চ তত্তৎফলবিশেষাপেক্ষয়া প্রসঙ্গতোঽত্রৈব লিখিতমিতি দিক্ ॥৭৫-৮৩ ॥

বিষ্ণোরায়তনে দত্ত্বা তৎকথা-পুস্তকং নরঃ।
ব্রহ্মলোকমবাপ্নোতি বহুকালস্থিরং দ্বিজাঃ ॥ ৮৫ ॥
পুস্তকাংশ্চ তথৈবান্যান্ যঃ প্রদদ্যান্নরস্ত্বিহ।
সারস্বতমবাপ্নোতি লোকং কালং তথা বহুম্ ॥৮৬॥
স্বভৃতং বাচকং কৃত্বা দেবাগারে নরঃ সদা।
বিদ্যাদানফলং প্রাপ্য ব্রহ্মলোকে মহীয়তে ॥ ৮৭ ॥

অনুবাদ—হে বিপ্রবর্য্যগণ! শ্রীবিষ্ণুমন্দিরে দীর্ঘকালস্থায়ী ভগবৎ-কথা পুস্তক-ভাগবতাদি দান করিয়া নরগণ ব্রহ্মলোকে গমন করিতে পারেন। যে ব্যক্তি ভগন্মন্দিরে অন্যান্য পুস্তকাদি দান করেন তিনি দীর্ঘকাল যাবৎ সারস্বত ভবনে বাস করেন। যিনি দেবালয়ে বেতনাদি প্রদান পূর্ব্বক সর্ব্বদা ধর্ম্মবক্তা নিয়োগ করেন তিনি বিদ্যাদানের ফল প্রাপ্ত হন এবং সসম্মানে ব্রহ্মালয়ে বাস করিয়া থাকেন ॥ ৮৫-৮৭ ॥

টীকা—তস্য বিষ্ণোঃ কথায়াঃ পুস্তকং শ্রীভাগবতাদি ॥ ৮৫ ॥

টীকা—ইহ বিষ্ণ্বায়তনে ॥ ৮৬ ॥

টীকা—স্বভৃতং বেতনাদিনা স্বায়ত্তীকৃতম্ ॥৮৭।

বিষ্ণোঃ শঙ্খপ্রদানেন বারুণং লোকমশ্নুতে।
মানুষ্যমাসাদ্য তথা খ্যাত-শব্দশ্চ জায়তে ॥ ৮৮ ॥
ঘণ্টাপ্রদানেন তথা মহদ্‌যশঃ উপাশ্নুতে।
কূটাগারং তথা দত্ত্বা নগরাধিপতির্ভবেৎ ॥ ৮৯ ॥
দত্ত্বা তু দেবকর্ম্মার্থং নবাং বেদীং দৃঢ়াং শুভাম্।
পার্থিবত্বমবাপ্নোতি বেদী হি পৃথিবী যতঃ ॥ ৯০ ॥
তোরণং কারয়েদ্‌যস্তু দেবদেবালয়ে নরঃ।
লোকেষু তস্য দ্বারাণি ভবন্তি বিবৃতানি বৈ ॥ ৯১ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুর উদ্দেশ্যে শঙ্খ দেওয়া হইলে বরুণলোক লাভ হয় এবং পরে পৃথিবীতে মনুষ্যরূপে জন্ম গ্রহণ করিয়া বিশেষ খ্যাতি লাভ হয়। ঘণ্টা প্রদান করিলে অতিশয় খ্যাতি এবং মঞ্চ গৃহ প্রতিষ্ঠা করিলে নগরের আধিপত্য লাভ হইয়া থাকে। যিনি দেবধর্ম্মের উদ্দেশ্যে ইষ্টকাদি নির্ম্মিত বেদী প্রস্তুত করিয়া দেন, তিনি রাজা হইয়া থাকেন, কারণ পৃথিবীই বেদী বলিয়া কথিত হয়। শ্রীবিষ্ণুমন্দিরের সম্মুখে যে ব্যক্তি তোরণ নির্ম্মাণ করেন, তাঁহার দ্বার সমস্ত লোকেই খোলা থাকে অর্থাৎ তিনি যে কোন লোকে যাইবার অধিকার লাভ করেন ॥ ৮৮-৯১ ॥

টীকা—কূটাগারং মঞ্চগৃহম্ ॥ ৮৯ ॥

টীকা—বেদীং ভগবদগ্রতঃ পূজোপকরণস্থাপনার্থমিষ্টকাদিনির্ম্মিতং স্থানবিশেষম্ ॥ ৯০ ॥

দেববেশ্মোপযোগ্যানি শিল্পভাণ্ডানি যো নরঃ।
দদ্যাদ্বা বাদ্যভাণ্ডানি গণেশত্বমবাপ্নুয়াৎ ॥ ৯২ ॥
যঃ কুম্ভং দেবকর্ম্মার্থং নরো দদ্যান্নবং শুভম্।
বারুণং লোকমাপ্নোতি সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৯৩॥

অনুবাদ—যে ব্যক্তি দেবালয়ে ব্যবহারের উপযোগী প্রয়োজনীয় শিল্পভাণ্ড বা বাদ্যভাণ্ড প্রদান করেন, সেই ব্যক্তি গণেশত্ব লাভ করেন। দেব-কার্য্যের জন্য যিনি মঙ্গলকর নূতন কলসী দান করেন, তাঁহার বরুণ লোকে বাস হয় এবং পাপ সকল ধ্বংস হইয়া থাকে ॥ ৯২-৯৩ ॥

টীকা—শিল্পভাণ্ডানি শিল্পনির্ম্মাণোচিতদ্রব্যাদীনি বাদ্যাদীনি চ ॥ ৯২ ॥

টীকা—শুভমুৎকৃষ্টদ্রব্যনির্ম্মিতং সুন্দরং বা ॥৯৩॥

চতুরঃ কলসান্ দদ্যাদ্যস্তু দেবগৃহে নরঃ।
চতুঃসমুদ্রবলয়াং স হি ভুঙ্‌ক্তে বসুন্ধরাম্ ॥ ৯৪ ॥
দত্ত্বৈকমপি বিপ্রেন্দ্রাঃ কলসং সুসমাহিতঃ।
রাজা ভবতি ধর্ম্মাত্মা ভূতলে নাত্র সংশয়ঃ ॥ ৯৫ ॥
বারিধানীং তথা দত্ত্বা বারুণং লোকমশ্নুতে।
কমণ্ডলুপ্রদানেন যজ্ঞস্য ফলমাপ্নুয়াৎ ॥ ৯৬ ॥

অনুবাদ—দেবগৃহে চারিটি কলসী দানকারী ব্যক্তি চতুঃসমুদ্রবেষ্টিত বসুন্ধরা ভোগ করিয়া থাকেন। হে বিপ্রশ্রেষ্ঠগণ! সুসমাহিত চিত্তে শ্রীহরির নিমিত্ত একটি মাত্র কলসী দান করিলেও সুধার্ম্মিক রাজা হইয়া পৃথিবীতে আধিপত্য লাভ হয়। ইহাতে কোনও সন্দেহ নাই। শ্রীভগবানের উদ্দেশ্যে ছোট ঘটি দান করিলে বরুণলোকে বাস হইয়া থাকে, এই ভাবে কমণ্ডলু দান করিলে যজ্ঞীয় ফল প্রাপ্তি হয় ॥ ৯৪-৯৬ ॥

টীকা—বারিধানীং লঘুঘটম্ ॥ ৯৬ ॥

মাত্রাস্তু পরিচর্য্যার্থং নিবেদ্য হরয়ে তথা।
সর্ব্বকামসমৃদ্ধস্য যজ্ঞস্য ফলমশ্নুতে ॥ ৯৭ ॥
তালবৃন্তপ্রদানেন নির্বৃতিং প্রাপ্নুয়াৎ পরাম্।
মাল্যাধারং তথা দত্ত্বা ধূপাধারন্তথৈব চ।
গন্ধাধারং তথা পাত্রং কামানাং পাত্রতাং ব্রজেৎ ॥৯৮

অনুবাদ—দেবসেবার জন্য পূজার উপকরণ বা তাহার আধার অর্পণ করিলে সর্ব্বকাম সমৃদ্ধ যজ্ঞ-ফল ভাগী হওয়া যায়। তালবৃন্ত দান করিলে পরম-সুখ-সম্ভোগ লাভ হয়। মালিকার আধার, ধূপের আধার, গন্ধের আধার ও অন্য পাত্র দান করিলে নিখিল ঐশ্বর্য্য ভোগ হইয়া থাকে ॥ ৯৭-৯৮ ॥

টীকা—মাত্রাং দেবোপচারসামগ্রীং তদাধারদ্রব্যং বা ॥ ৯৭ ॥

সমুদ্রজানি পাত্রাণি দত্ত্বা বৈ তৈজসানি বা।
পাত্রং ভবতি কামানাং বিদ্যানাঞ্চ ধনস্য চ ॥ ৯৯ ॥
শয়নাসনদানেন স্থিতিং বিন্দতি শাশ্বতীম্।
উত্তরচ্ছদদানেন সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥ ১০০ ॥
নরঃ সুবর্ণদানেন সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ।
রূপ্যদো রূপমাপ্নোতি বিশেষাৎ ভুবি দুর্ল্লভম্ ॥১০১

অনুবাদ—সমুদ্রজাত পাত্রসমূহ অথবা ধাতু দ্বারা তৈরী পাত্রসমূহ দান করিলে ঐশ্বর্য্য, বিদ্যা ও অর্থ-লাভের অধিকারী হয়। শয্যা ও আসন দান করিলে নিত্যা স্থিতি লাভ হইয়া থাকে। উত্তরীয় দানে সর্ব্ব-কামনা সিদ্ধি হয়। স্বর্ণদান করিলে কামনা সুসিদ্ধ হয় এবং রৌপ্যদানকারী ব্যক্তি পৃথিবীতে সুদুর্ল্লভ রূপ লাভ করে ॥ ৯৯-১০১ ॥

টীকা—কামানামৈশ্বর্য্যভোগানাং পাত্রতামাশ্রয়তাম্ ॥ ৯৯ ॥

রত্নদানেন লোকেষু প্রামাণ্যমুপগচ্ছতি।
অনড়্বাহপ্রদানেন দশধেনুফলং লভেৎ ॥ ১০২ ॥
অজাবিমহিষোষ্ট্রাণাং দানমশ্বতরস্য চ।
সহস্রগুণিতং দানাৎ পূর্ব্বপ্রোক্তাৎ প্রকীর্ত্তিতম্ ॥১০৩
বারুণং লোকমাপ্নোতি দত্ত্বা বস্তং দ্বিজোত্তমাঃ।
অবিপ্রদানাচ্চ তথা তমেনং লোকমশ্নুতে ॥ ১০৪ ॥
উষ্ট্রং বা গর্দ্দভং বাপি খরং বা যঃ প্রযচ্ছতি।
অলকাং স সমাসাদ্য যক্ষেন্দ্রৈঃ সহ মোদতে ॥১০৫॥
আরণ্যমৃগজাতীনাং তথা দানাচ্চ পক্ষিণাম্।
অগ্নিষ্টোমমবাপ্নোতি সুভগশ্চ তথা ভবেৎ ॥ ১০৬ ॥
দাসং দত্ত্বা সুখে লোকে নেষ্টভ্রষ্টো বিজায়তে।
দাসীং দত্ত্বা তথা বিপ্রা নাত্র কার্য্যা বিচারণা ॥১০৭॥

গণিকাং যে প্রযচ্ছন্তি নৃত্যগীতবিশারদাম্।
সর্ব্বদুঃখবিনির্মুক্তাস্তে প্রযান্ত্যমরাবতীম্ ॥ ১০৮ ॥
নৃত্যং দত্ত্বা তথাপ্নোতি রুদ্রলোকমসংশয়ম্ ॥ ১০৯ ॥

অনুবাদ—মণিহীরকাদি দানের দ্বারা সর্ব্বজন পূজ্যত্ব লাভ হয় এবং বৃষ দান দ্বারা দশ ধেনু দানের ফল লাভ হয়। ছাগ, মেষ, মহিষ, উষ্ট্র ও অশ্বতর দানে পূর্ব্বোক্ত দান অপেক্ষা হাজার গুণ বেশী ফল প্রাপ্তি হইয়া থাকে। হে বিপ্রবর! ছাগ ও মেষ দানদ্বারা বরুণলোকে বাস হয়। যে ব্যক্তি উষ্ট্র, গর্দ্দভ বা পশ্চিম দেশ প্রসিদ্ধ গোখর দান করেন, তিনি অলকাপুরীতে গমন করিয়া যক্ষ শ্রেষ্ঠগণের সহিত আনন্দ উপভোগ করেন।

অরণ্যমৃগ ও পক্ষীদান দ্বারা অগ্নিষ্টোম যজ্ঞের ফল লাভ হয় এবং সৌভাগ্য বৃদ্ধি হইয়া থাকে। দাস দান করিলে সুন্দর লোক হইতে আর স্খলিত হইতে হয় না। এইরূপ দাসী দানে দাস দানের মতই ফল লাভ হয়, এই বিষয়ে কোন তর্কের অবকাশ নাই।

নৃত্য গীত বিচক্ষণা গণিকাদানে সর্ব্বপ্রকার দুঃখ হইতে নিষ্কৃতি লাভ হইয়া থাকে এবং অমরাবতীতে বাস হয়। কেবল মাত্র নৃত্যদানে নিঃসন্দেহে রুদ্র লোকে বাস হয় ॥ ১০২-১০৯ ॥

টীকা—রত্নানি মৌক্তিকহীরকগোমেদেন্দ্রনীল-পুষ্পরাগ-বৈদূর্য্য-বিদ্রুম-মরকতপদ্মরাগাদীনি ।১০২॥

টীকা—পূর্ব্বপ্রোক্তাৎ ব্রাহ্মণসম্প্রদানকাদ্দানাৎ ॥১০৩

টীকা—বস্তং ছাগং, অবির্মেষঃ, খরং গর্দ্দভ-বিশেষং পশ্চিমদেশে গোখরেতি প্রসিদ্ধম্ ॥১০৪-১০৫॥

———

প্রেক্ষণীয়-প্রদানেন শক্রলোকে মহীয়তে।
গীতং দত্ত্বা তথাপ্নোতি ব্রহ্মলোকমসংশয়ম্ ॥ ১১০ ॥
দুন্দুভিং যে প্রযচ্ছন্তি কীর্ত্তিমন্তো ভবন্তি তে ॥১১১॥

অনুবাদ—ইন্দ্রজাল প্রদর্শন করাইলে ইন্দ্রলোকে বাস হয়। গায়ক দ্বারা গান করাইলে ব্রহ্মলোকে গমন হয়, ইহাতে সন্দেহ নাই। যে সকল ব্যক্তি দেব-তার উদ্দেশ্যে দুন্দুভিপ্রদান করেন, তাঁহারা সংসারে কীর্ত্তিমান হইয়া থাকেন ॥ ১১০-১১১ ॥

———

দত্ত্বা ধান্যানি বীজানি শস্যানি বিবিধানি চ।
রূপকাণি চ তান্যেব প্রাপ্নুয়াৎ সুরপূজ্যতাম্ ॥১১২।
দত্ত্বা শাকানি রম্যাণি বিশোকস্তু্ভিজায়তে।
দত্ত্বা চ ব্যঞ্জনার্থায় তথোপকরণানি চ ॥ ১১৩ ॥

অনুবাদ—শাকবীজ, ধান্যবীজ, যবাদি শস্যবীজ ও অঙ্কুরিত বীজ প্রভৃতি দানের দ্বারা দেবপূজ্যত্ব লাভ হয়। যদি দেবতার উদ্দেশ্যে ব্যঞ্জনার্থ শাক বা উপকরণ সকল অর্পণ করা যায়, তাহা হইলে আর শোকে মগ্ন হইতে হয় না ॥ ১১২-১১৩ ॥

টীকা—প্রেক্ষণীয়মিন্দ্রজালাদি, গীতং দত্ত্বা গায়ন-দ্বারা গীতং পাপয়িত্বা ; বীজানি শাকাদীনাং বীজানি, বীজরূপাণি ধান্যানি বা ; শস্যানি ভোজ্যানি যবাদীনি, রূপকাণি অঙ্কুরিতানি ॥ ১১০-১১২ ॥

———

পুষ্পবৃক্ষং তথা দত্ত্বা দেশস্যাধিপতির্ভবেৎ।
ফলবৃক্ষং তথা দত্ত্বা নগরাধিপতির্ভবেৎ ॥ ১১৪ ॥

অনুবাদ—এইরূপ ভাবে পুষ্পবৃক্ষ দানের দ্বারা দেশাধিপত্য ও ফল বৃক্ষদানে নগরাধিপত্য লাভ হইয়া থাকে ॥ ১১৪ ॥

টীকা—পুষ্পবৃক্ষং পুষ্পপ্রধানকং বৃক্ষং, এবং ফলবৃক্ষম্ ॥ ১১৪ ॥

———

তথা—

সুগন্ধসাধনানীহ পটবাসানি যো নরঃ।
দদাতি দেবদেবস্য সোঽশ্বমেধফলং লভেৎ ॥১১৫॥
কঙ্কতস্য প্রদানেন বিরোমস্তুভিজায়তে।
কূর্চপ্রসাধনং কৃত্বা পরং মঙ্গলমশ্নুতে ॥ ১১৬ ॥

অনুবাদ—ঐরূপভাবে দেবদেব জনার্দ্দনের জন্য যিনি সুগন্ধ প্রসাধন ও পট্টবস্ত্র সকল দান করেন, তিনি অশ্বমেধ যজ্ঞের ফল লাভ করেন। চিরুণী প্রদানে দেহ রোমশূন্য হয় এবং কূর্চ প্রসাধন করিয়া পরমমঙ্গল লাভ হইয়া থাকে ॥ ১১৫-১১৬ ॥

———

বিস্মাপনীয়ং যৎ কিঞ্চিদ্দত্ত্বাত্যন্তং সুখং লভেৎ ॥১১৭
বস্ত্রালঙ্করণাদীনাং কৃষ্ণার্পণফলঞ্চ যৎ।
উপচারপ্রয়োগে প্রাক্ তত্র তত্র ব্যলেখি তৎ ॥ ১১৮ ॥

উপচারাশ্চ বিবিধাঃ শ্রীমদ্ভগবদর্চ্চনে।
শক্ত্যশক্ত্যাদিভেদেন তান্ত্রিকৈর্বৈষ্ণবৈর্মতাঃ ॥ ১১৯ ॥

অনুবাদ—চমৎকারময় দ্রব্যজাত অল্পপরিমাণে দান করিলেও অতিশয় সুখ ভোগ হয়। বেশী কি বলিব, শ্রীকৃষ্ণের উদ্দেশ্যে বসন-ভূষণাদি অর্পণ করিলে যে ফল প্রাপ্তি হয়, তাহা পূর্ব্বে বলা হইয়াছে। শ্রীভগবানের পূজা বিষয়ে নানাবিধ উপচার দৃষ্ট হয়। তান্ত্রিক বৈষ্ণবগণ সামর্থ্য অনুসারে তাহার কম বেশীর ব্যবস্থা নির্ণয় করিয়া দিয়াছেন ॥ ১১৭-১১৯ ॥

টীকা—বিস্মাপনীয়ং আশ্চর্য্যাবহম্ ॥ ১১৭ ॥

টীকা—অত্রালিখিতোঽপি বস্ত্রাদিদানফলভেদঃ পূর্ব্ববৎ তদর্পণ-প্রকরণে লিখিতোঽত্রাপি তথৈব জ্ঞেয়ঃ, ইত্যাশয়েন লিখতি—বস্ত্রেতি ॥ ১১৮ ॥

টীকা—'পূর্ব্ববৎ কুর্য্যাৎ শক্তো ভগবদর্চ্চনম্' ইতি সায়ং পূজায়াং লিখিতং, তত্র শক্তৌ পূর্ব্বলিখিতৈঃ সর্ব্বৈরেবোপচারৈরর্চ্চনং কার্য্যম্ অশক্তৌ সংক্ষেপেণ কতিভিশ্চিদেব কর্ত্তব্যমিত্যাশয়েনোপচারাণাং বহুবিধত্বং লিখতি—উপচারাশ্চেতি। শক্তেরশক্তেশ্চ ভেদেন, আদি-শব্দাৎ কালদেশশ্রদ্ধাদিভেদেন চ বিবিধা মতাঃ ॥ ১১৯ ॥

অথ বিবিধোপচারাঃ

আগমে—

আসন-স্বাগতে সার্ঘ্যে পাদ্যমাচমনীয়কম্।
মধুপর্কাচমস্নানবসনাভরণানি চ ॥ ১২০ ॥
সুগন্ধসুমনোধূপ-দীপনৈবেদ্যবন্দনম্।
প্রযোজয়েদর্চ্চনায়ামুপচারাংস্তু ষোড়শ ॥ ১২১ ॥

অনুবাদ—অতঃপর নানাপ্রকার উপচার আগমে উক্ত হইয়াছে—আসন, স্বাগত, অর্ঘ্য, পাদ্য, আচমনীয়, মধুপর্ক, আচমন, স্নান, বস্ত্র, অলংকার, সুগন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য ও বন্দনা পূজার এই সকল ষোড়শোপচার প্রয়োগ করিতে হইবে ॥ ১২০-১২১ ॥

টীকা—সার্ঘ্যে অর্ঘ্যসহিতে, অর্ঘ্যঞ্চৈকমিত্যর্থঃ, এবং ষোড়শ ॥ ১২০-১২১ ॥

অর্ঘ্যঞ্চ পাদ্যাচমনমধুপর্কাচমান্যপি।
গন্ধাদয়ো নিবেদ্যান্তা উপচারা দশ ক্রমাৎ ॥ ১২২ ॥
গন্ধাদিভির্নিবেদ্যান্তৈঃ পূজা পঞ্চোপচারিকী।
সপর্য্যাস্ত্রিবিধাঃ প্রোক্তাস্তাসামেকাং সমাচরেৎ ॥১২৩

অনুবাদ—অর্ঘ্য, পাদ্য, আচমন, মধুপর্ক, পুনরাচমন, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য এই দশ প্রকার উপচারের নাম দশোপচার। গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য এই পাঁচটি উপচারকে পঞ্চোপচার বলা হয়। পূজা তিন প্রকার—ইহার মধ্যে যে কোন এক প্রকার পূজা করিতে হইবে ॥ ১২২-১২৩ ॥

টীকা—অর্ঘ্যাদীনি পঞ্চ, গন্ধাদয়শ্চ পঞ্চ—ইত্যেবং দশ ॥ ১২২ ॥

টীকা—ত্রিবিধা উপচারাণাং ষোড়শাদিনা ভেদত্রয়েণ ত্রিপ্রকারাঃ ॥ ১২৩ ॥

কুচিচ্চ—

আসনাবাহনঞ্চৈব পাদ্যার্ঘ্যাচমনীয়কম্।
স্নানং বাসো ভূষণঞ্চ গন্ধঃ পুষ্পঞ্চ ধূপকঃ ॥ ১২৪ ॥
প্রদীপশ্চৈব নৈবেদ্যং পুষ্পাঞ্জলিরতঃপরম্।
প্রদক্ষিণং নমস্কারো বিসর্গশ্চৈব ষোড়শ ॥ ১২৫ ॥

অনুবাদ—কোন কোন স্থানে আসন, আবাহন, পাদ্যার্ঘ্য, আচমনীয়, স্নান, বসন, ভূষণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, কুসুমাঞ্জলি প্রদক্ষিণ, নমস্কার ও বিসর্জ্জন এই ষোড়শোপচারের ব্যবহার দৃষ্ট হয় ॥ ১২৪-১২৫ ॥

টীকা—ষোড়শস্বেব মতান্তরং লিখতি—আসনেতি। পুষ্পস্য পুষ্পাঞ্জলেশ্চৈক্যেন ষোড়শ ॥১২৪-১২৫

কেচিচ্চাহুশ্চতুঃষষ্টিমুপচারান্সমার্চ্চনে।
তেষ্বনেকপ্রকারেষু প্রকারৈকোঽত্র লিখ্যতে ॥১২৬॥
সুখসুপ্তস্য কৃষ্ণস্য প্রাতরাদৌ প্রবোধনম্।
বেদঘোষণবীণাদিবাদ্যৈর্বন্দিস্তবৈরপি ॥ ১২৭ ॥
জয়শব্দা নমস্কারা মঙ্গলারাত্রিকং ততঃ।
আসনং দন্তকাষ্ঠঞ্চ পাদ্যার্ঘ্যাচমনান্যপি ॥ ১২৮ ॥
ততশ্চ মধুপর্কাদ্যাচমনং পাদুকার্পণম্।
অঙ্গমার্জ্জনমভ্যঙ্গোদ্বর্ত্তনে স্নপনং জলৈঃ ॥ ১২৯ ॥

ক্ষীরেণ দধ্না হবিষা মধুনা সিতয়া তথা।
মন্ত্রপূতৈঃ পুনর্বাভিরঙ্গবাসোঽথ বাসসী ॥ ১৩০ ॥
উপবীতং পুনশ্চাচমনীয়ং চানুলেপনম্।
ভূষণং কুসুমং ধূপো দীপো দুষ্টাপসারণম্ ॥১৩১॥
নৈবেদ্যং মুখবাসস্তু তাম্বূলং শয়নোত্তমম্।
কেশপ্রসাধনং দিব্যবস্ত্রাণি মুকুটং মহৎ ॥ ১৩২ ॥
দিব্যগন্ধানুলেপশ্চ কৌস্তুভাদিবিভূষণম্।
বিচিত্রদিব্যপুষ্পাণি মঙ্গলারাত্রিকং ততঃ ॥ ১৩৩ ॥
আদর্শঃ সুখযানেন মণ্ডপাগমনোৎসবঃ।
সিংহাসনোপবেশশ্চ পাদ্যাদ্যৈঃ পুনরর্চ্চনম্ ॥১৩৪॥
পুনর্ধূপাদ্যর্পণেন প্রাগ্বন্নৈবেদ্যমুত্তমম্।
ততশ্চ দিব্যতাম্বূল-মহানীরাজনং পুনঃ ॥ ১৩৫ ॥
চামরব্যজনচ্ছত্রং গীতং বাদ্যঞ্চ নর্ত্তনম্।
প্রদক্ষিণং নমস্কারঃ স্তুতিঃ শ্রীচরণাব্জয়োঃ ॥১৩৬॥
তয়োশ্চ স্থাপনং মূর্দ্ধ্নি তীর্থনির্ম্মাল্যধারণম্।
উচ্ছিষ্টভোজনং পাদসেবোদ্দেশোপবেশনম্ ॥১৩৭॥
নক্তং শয্যাবিনির্ম্মাণং দিব্যৈর্বিবিধসাধনৈঃ।
হস্তপ্রদানং শয়নস্থানাগম-মহোৎসবঃ ॥ ১৩৮ ॥
শয্যোপবেশনং শ্রীমৎপাদক্ষালনপূর্ব্বকম্।
গন্ধপ্রসূন-তাম্বূলার্পণ-নীরাজনোৎসবঃ ॥ ১৩৯ ॥
শেষপর্য্যঙ্কশয়ন-পাদসংবাহনাদিকম্।
ক্রমেণৈতে চতুঃষষ্টিরুপচারাঃ প্রকীর্ত্তিতাঃ ॥১৪০॥

অনুবাদ—কেহ কেহ আমার (শ্রীভগবানের) পূজা বিষয়ে চৌষট্টি প্রকার উপচারের ব্যবস্থা দিয়া থাকেন; যদিও তাহা নানা প্রকার, তাহার মধ্যে এক প্রকার উপচারের বিষয় এই গ্রন্থে লেখা হইতেছে।

১। সুখে নিদ্রিত শ্রীহরির পুরোভাগে প্রাতঃকালে বেদগান, বীণাবাদন ও স্তুতি পাঠকগণের স্তবদ্বারা প্রবোধনই প্রথম উপচার, ২। জয়শব্দ, ৩। নমস্কার, ৪। মঙ্গলারাত্রিক, ৫। আসন, ৬। দন্তকাষ্ঠ, ৭। পাদ্য, ৮। অর্ঘ্য, ৯। আচমন, ১০। মধুপর্কসহ আচমন, ১১। পাদুকাদান, ১২। অনুলেপনাদি দ্বারা শরীর মার্জ্জন, ১৩। অভ্যঙ্গ, ১৪। তৈলাপসারণ, ১৫। সুগন্ধি পুষ্পোদকাদিতে স্নান, ১৬। দুগ্ধস্নান, ১৭। দধিস্নান, ১৮। ঘৃতস্নান, ১৯। মধুস্নান, ২০। শর্করাস্নান, ২১। সমস্ত জলে স্নান, ২২। অঙ্গ মার্জ্জনাদিবস্ত্র, ২৩। সোত্তরীয় পরিধেয় বস্ত্র, ২৪। যজ্ঞোপবীত, ২৫। পুনরাচমন, ২৬। অনুলেপন, ২৭। অলংকার, ২৮। পুষ্প, ২৯। ধূপ, ৩০। দীপ, ৩১। দুষ্ট লোকের দৃষ্টি অপসারণ, ৩২। নৈবেদ্য, ৩৩। মুখবাস, ৩৪। তাম্বূল, ৩৫। সুন্দর শয্যা, ৩৬। কেশপ্রসাধন, ৩৭। সুন্দর বস্ত্র, ৩৮। উত্তম মুকুট, ৩৯। দিব্য গন্ধানুলেপন, ৪০। কৌস্তুভাদি বিভূষণ, ৪১। বিচিত্র দিব্যপুষ্পসমূহ, ৪২। মঙ্গলারতি, ৪৩। দর্পণ, ৪৪। সুন্দর যানে আরোহণ করাইয়া মণ্ডপে আগমনের উৎসব, ৪৫। সিংহাসনোপরি উপবেশন, ৪৬। পাদ্য অর্ঘ্য ইত্যাদি দ্বারা পুনরায় পূজা, ৪৭। পুনরায় ধূপ সম্প্রদান করিয়া পূর্ব্ববৎ নৈবেদ্যাদি সমর্পণ, ৪৮। পরে পুনরায় তাম্বূল নিবেদন করিয়া মহানীরাজন, ৪৯। চামরব্যজন ছত্র, ৫০। গীত, ৫১। বাদ্য, ৫২। নৃত্য, ৫৩। প্রদক্ষিণ, ৫৪। নমস্কার, ৫৫। শ্রীপাদপদ্ম সমীপে স্তুতি, ৫৬। শ্রীকৃষ্ণের চরণকমলযুগল মস্তকে ধারণ, ৫৭। শিরোভাগে নির্ম্মাল্য ধারণ, ৫৮। উচ্ছিষ্ট গ্রহণ, ৫৯। পাদসেবনোদ্দেশে উপবেশন, ৬০। নিশাকালে সুন্দর সুগন্ধ চূর্ণাদি সুবাসিত কোমল বস্ত্রান্তরে পুষ্প ছড়াইয়া শয্যা রচনা, ৬১। শয্যাস্থানে শুভাগমনের জন্য হস্ত সংযোজন, ৬২। শয্যাস্থানে আগমনার্থ মহোৎসব, ৬৩। শ্রীভগবানের শ্রীচরণ প্রক্ষালন পূর্ব্বক শয্যায় তাঁহার উপবেশন করণ, গন্ধ পুষ্প ও তাম্বূলাদি অর্পণ পূর্ব্বক নীরাজন, ৬৪। শেষে পালঙ্কে শয়ন করান ও পাদ সম্বাহনাদি যথাক্রমে এই চৌষট্টি প্রকার উপচার বলা হইল ॥১২৬-১৪০॥

টীকা—অনেকে প্রকারা ভেদা যেষাং তেষু চতুঃষষ্টি উপচারেষু মধ্যে একঃ প্রকারোঽত্র গ্রন্থে লিখ্যতে ॥ ১২৬ ॥

টীকা—প্রবোধনমিত্যাদিভিঃ প্রথমান্তপদৈরুপচারাঃ। তত্রৈকবচনান্তেনৈকঃ দ্বন্দ্বসমাসে দ্বিবচনান্তেন দ্বৌ, বহুবচনান্তেন চ বহবঃ। তৃতীয়ান্ত-পদৈশ্চ প্রায় উপচারস্য সাধনং, কুচিচ্চ তস্য ভেদোঽপি জ্ঞেয়ঃ। মধুপর্কেণাচ্যং সহিতমাচমনমিতি তয়োর্দ্বিত্বেঽপি মধুপর্কানন্তরমাচমনস্যাবস্যাপেক্ষ্যত্বাদৈক্যাভিপ্রায়েণৈক এবোপচারঃ। অঙ্গমার্জ্জনং পর্য্যুষিতানুলেপনাদিরূপশ্রীগাত্রমলোত্তারণম্, অভ্যঙ্গস্তৈলাভ্যঞ্জনং, তৈলমর্দ্দনমিতি বা পাঠঃ। অভ্যঙ্গো বিশেষতঃ তৈলাদিনা

শ্রীমস্তকাভ্যঞ্জনম্, উদ্বর্ত্তনঞ্চ তৈলাদ্যপসারণং, জলৈঃ সুগন্ধপুষ্পোদকাদিভিঃ, স্নপনসৌকবিধত্বেঽপি জল-ভেদেন ক্ষীরাদিভেদেন চ সপ্তধা সপ্তোপচারা ইত্যেবং বিশিষ্ট-সম্প্রদায়াচারোঽনুসর্ত্তব্যঃ। অঙ্গবাসঃ শ্রীমদঙ্গজলমার্জ্জনার্থং বস্ত্রং, বাসসী পরিধানোত্তরীয়ে, দৃষ্টেঃ দুষ্টলোকাবলোকস্য অপসারণং, সর্ষপাদি-ভির্নির্ম্মঞ্ছনেনোত্তারণং, শয়নোত্তমং দিব্যশয্যা, মহা-রাজোপচারান্ লিখতি—দিব্যবস্ত্রানীত্যাদিনা আদর্শ ইত্যন্তেন। দিব্যানি বিচিত্রাণি কঞ্চুকোষ্ণীষাদিরূপাণি বহূনি বস্ত্রাণি মণ্ডপে বহিঃপ্রাসাদে আগমনমেবোৎ-সবঃ বিশেষতোঽত্রোৎসবপ্রয়োগেণ গীতবাদ্যাদি-পূর্ব্বকতা সূচিতা পাদ্যাদীনাং পৃথক্ত্বেন পুনর্যুগপ-দর্পণাদ্যোক্ত্যনৈবেক এবোপচারঃ, কৃচিচ্চ নিত্যসাহ-চর্য্যাভাবাৎ পৃথগুপচারনির্দ্দেশ ইতি দিক্ ॥১২৭-১৩৬

টীকা—পাদয়োঃ শ্রীচরণাব্জয়োঃ যা সেবা সং-বাহনাদিরূপা তদুদ্দেশেনোপবেশনমুপবেশঃ, বিবিধৈঃ সুগন্ধিচূর্ণাদিসুবাসিতকোমলবস্ত্রান্তঃপুষ্পবিরচনাদিভিঃ সাধনৈঃ, হস্তপ্রদানং শয়নস্থানে শুভাগমনার্থং হস্ত-যোজনম্। শয্যায়ামুপবেশনং, শ্রীমৎপাদয়োঃ ক্ষালনং পূর্ব্বমাদৌ যস্য তাদৃশং, গন্ধাদ্যর্পণেন নীরাজনরূপোৎ-সবঃ ॥ ১৩৭-১৩৯ ॥

সদাচারানুসারেণ যদ্‌যদাচর্য্যতে স্বয়ম্।
নিত্যকর্ম্মাদিকং তত্তৎ শ্রীকৃষ্ণস্যাপি কারয়েৎ ॥১৪১
অতোঽত্রালিখিতং যদ্‌যদুপচারাদিকং পরম্।
সর্ব্বং তত্তচ্চ জানীয়াল্লোকরীত্যনুসারতঃ ॥ ১৪২ ॥
উক্তানাঞ্চোপচারাণামভাবে ভগবান্ সদা।
ভক্তেনার্চ্চ্যো যথালব্ধৈস্তৈরন্তর্ভাবিতৈরপি ॥ ১৪৩ ॥

অনুবাদ—যে যে উপচারের উল্লেখ এই গ্রন্থে করা হয় নাই, তাহা গুরুপরম্পরা বা শিষ্টাচার অনুসারে করণীয়। প্রকৃতপক্ষে শ্রীভগবান শ্রীকৃষ্ণের যে সকল নিত্য কর্ম্ম ও জন্মাদি কার্য্য শিষ্টজন নিজেরা করিয়া থাকেন, সদাচার হিসাবে তাহা অবশ্য পালনীয়। এখানে যে সমস্ত উত্তম উপচারা-দির কথা লিখিত হয় নাই তাহা লোক ব্যবহার অনুসারে জানিয়া লইতে হইবে। যদি উক্ত প্রকার উপচারসমূহের মধ্যে কোনও দ্রব্যের অভাব হয়, তাহা হইলে ভক্ত ব্যক্তি যাহা পাওয়া যাইবে তাহা এবং মানস কল্পিত দ্রব্যাদি দ্বারা শ্রীভগবানের পূজা করিবেন ॥ ১৪১-১৪৩ ॥

টীকা—তত্র তত্রানুক্তমপ্যুচারাদিকং শিষ্টাচার-দৃষ্ট্যা লিখতি—সদাচারেতি দ্বাভ্যাম্। যদ্‌যন্নিত্যকর্ম্ম, আদি-শব্দাজ্জন্মাদিকৃত্যঞ্চ, তথা তত্র তত্র কালদেশা-দিভেদেন যদ্‌যথা স্বয়ং ক্রিয়তে, তচ্চ সর্ব্বম্ ॥১৪১॥

টীকা—অতোঽস্মাদ্ধেতোঃ পরমন্যদ্যুচারাদিকম্, অত্র গ্রন্থে যদ্‌যল্লিখিতং নাস্তি, তচ্চ স্নানাৎ পূর্ব্বং কেশ-প্রসাধনং, স্নানার্থঞ্চ ধৌতবস্ত্রপরিধাপনং, ভোজনে চাদৌ পীঠাদ্যর্পণং, ভোজনান্তে চ জলগণ্ডূষার্পণং, সুগন্ধি-তাম্বুলমিত্যেবমাদিকং নিত্যকর্ম্ম, তথা জন্ম-দিনে তিলস্নানাদি, তথা নবান্নাদি কালে নবান্নপ্রাশনা-দিকং চেত্যেবমাদিকং মাসাদিকৃত্যং জানীয়াৎ। তচ্চ লোকস্য রীত্যের্ব্যবহারক্রমস্যানুসারতঃ। শীত-কালে উষ্ণদ্রব্যং, শীতনিবারণার্থং তদ্‌যোগ্যবস্ত্রং জ্বলদঙ্গারস্থাল্যাদিকমুষ্ণকালে চ শীতলং দ্রব্যং হিমাদি-কঞ্চ সমর্পয়েৎ। ভোজনানন্তরং ক্ষণং সুখবিশ্রামার্থং শয্যাবিস্তারণাদি-বিবিক্ততাপাদনং, তত্রাপি চ শীত-কালেঽল্পকালং, গ্রীষ্মে চ বহুকালম্ উত্থাপনানন্তরঞ্চ পাদ্যাচমনীয়াদিকং কিঞ্চিত্তক্ষ্যপেয়াদিকঞ্চার্প্যমিত্যাদি-শিষ্টাচারাদ্বোদ্ধব্যমিত্যর্থঃ ॥ ১৪২ ॥

টীকা—ননু পঞ্চস্বপ্যুপচারেষু যদি কশ্চিন্ন সিধ্যেত্তর্হি কিং কার্য্যম্? ইত্যপেক্ষায়াং লিখতি উক্তানামিতি, শাস্ত্রপ্রতিপাদিতানাম্, তৈরুপচারৈঃ যথালব্ধৈঃ, যেঽ-নায়াসতঃ প্রাপ্তাস্তৈর্যে চালব্ধাস্তৈরন্তর্ভাবিতৈর্মান-সিকৈরিত্যর্থঃ ॥ ১৪৩ ॥

অথালব্ধসমাধানম্

তন্ত্রে—

উপচারোক্ত-বস্তূনামুপসংগ্রহণে বিধিঃ।
দ্রব্যাণামপ্যভাবে তু পুষ্পাক্ষতযবৈঃ ক্রিয়া ॥ ১৪৪ ॥
অর্চ্চোপচারবস্তূনামভাবে সমুপস্থিতে।
নির্ম্মলেনোদকেনৈব দ্রব্যসম্পূর্ণতা ভবেৎ ॥ ১৪৫ ॥
উপচারেষু দ্রব্যেষু যৎকিঞ্চিদ্দুষ্করং বুধঃ।
তৎ সর্ব্বং মনসা বুদ্ধ্যা পুষ্পক্ষেপেণ কল্পয়েৎ ॥১৪৬
এতেষু চোপচারেষু বিত্তশাঠ্যবিবর্জ্জিতম্।
যদসম্পন্নমেতেষাং মনসা তু প্রকল্পয়েৎ ॥ ১৪৭ ॥

অনুবাদ—অনন্তর উপচারালাভে তৎ সমাধান, তন্ত্রশাস্ত্রে উক্ত হইয়াছে যে—উপচার দ্রব্য সংগ্রহ করিবার নিয়ম এইরূপ, দ্রব্যসমূহের অভাব হইলে পুষ্প, আতপ চাউল ও যবাদি দ্বারা ক্রিয়া সকল সম্পন্ন করা যাইবে। পূজায় উপহার দেওয়ার জন্য দ্রব্য সমূহের অলাভে বিশুদ্ধ জল-সংযোগে সকল দ্রব্যের সম্পূর্ণতা ঘটিয়া থাকে। উপচার দ্রব্যসমূহের মধ্যে যে দ্রব্য নিতান্ত দুর্লভ, বিদ্বান ব্যক্তি মনে মনে চিন্তা করিয়া তাহার পরিবর্ত্তে ফুল দিয়া সেই দ্রব্যের কল্পনা করিবেন। বিত্তশাঠ্য পরিত্যাগ করিয়া পূর্ব্বোক্ত উপচার মধ্যে যাহা অসম্পন্ন থাকিবে তাহা মনে মনে ভাবিয়া দিতে হইবে ॥ ১৪৪-১৪৭ ॥

টীকা—উপসংগ্রহণে সমাধানে বিধিরয়ং, তমেবাহ—দ্রব্যাণামিতি। পুষ্পাদিভিরপি ক্রিয়াঃ পূজা-কর্ম্মাণি ভবন্তি, তত্তদ্‌দ্রব্যস্থানে পুষ্পাদিনৈবার্চ্চয়েদিত্যর্থঃ ॥ ১৪৪ ॥

টীকা—পুষ্পাদ্যভাবে চ জলেনৈব সিধ্যন্তীত্যাহ—অর্চ্চেতি ॥ ১৪৫ ॥

টীকা—জলাভাবে চ তত্তদ্ধ্যানেনৈব সিধ্যন্তীত্যাহ—উপচারেষ্বিতি। মনসা যা বুদ্ধির্ভাবনা তয়া; যদ্বা, বুদ্ধ্যা যৎ পুষ্পং, তস্য মনসৈব প্রক্ষেপণং কল্পয়েদিত্যর্থঃ ॥ ১৪৬ ॥

টীকা—কিন্তু তত্র বিত্তশাঠ্যং ন কার্য্যমিত্যাহ—এতেষ্বিতি। বিত্তশাঠ্যং বিত্তে সতি গৌণোপচারেহকিঞ্চনবৎপ্রবৃত্তিস্তদ্বিবর্জ্জিতং যথা স্যাত্তথা প্রকল্পয়েৎ। বিবর্জ্জিত ইতি প্রথমান্তো বা পাঠঃ ॥ ১৪৭ ॥

অগস্ত্যসংহিতায়াং তুলসীমাহাত্ম্যে—

যদ্‌যদ্ন্যূনং ভবত্যেব রামারাধনসাধনম্।
তুলসীদলমাত্রেণ যুক্তং তৎ পরিপূর্য্যতে ॥ ১৪৮ ॥

অনুবাদ—অগস্ত্যসংহিতায় তুলসী মাহাত্ম্যে বলা হইয়াছে—আরাধনা-সাধনায় যে যে দ্রব্যের ন্যূনতা হইবে, হে রামচন্দ্র! তুলসীদলমাত্রে যুক্ত হইয়া তত্তদভাব পূরণ হইতে পারে ॥ ১৪৮ ॥

টীকা—যুক্তং সম্বদ্ধং সৎ ॥ ১৪৮ ॥

একাদশস্কন্ধে চ শ্রীভগবদুদ্ধব-সংবাদে (২৭।১৫)—

দ্রব্যৈঃ প্রসিদ্ধৈর্মদ্‌যাগঃ প্রতিমাদিষ্বমায়িনঃ।
ভক্তস্য চ যথালব্ধৈর্হৃদি ভাবেন চৈব হি ॥ ১৪৯ ॥
ততোহনুজ্ঞাং প্রভোঃ প্রার্থ্য দণ্ডবত্তং প্রণম্য চ।
সায়ং ভুক্ত্বা যথান্যায়ং সুখং
স্বপ্যাৎ প্রভুং স্মরন্ ॥ ১৫০ ॥

অনুবাদ—একাদশ-স্কন্ধে উদ্ধবের সহিত শ্রীকৃষ্ণের তুলসী-মাহাত্ম্য বিষয়ে কথোপকথন-প্রসঙ্গে শ্রীকৃষ্ণ-বাক্য—নিষ্কাম ভক্ত যদি কোনও দ্রব্য সংগ্রহ করিতে না পারেন, তাহা হইলে যথা লব্ধ দ্রব্য এবং হৃদয়ের ভাবের সংযোগে মনে মনে অলব্ধ দ্রব্যের চিন্তা করিয়া প্রতিমাদিতে আমার পূজা করিলেই উহা যথেষ্ট হইবে। অতঃপর প্রভুর সমীপে অনুমতি ভিক্ষা করিয়া দণ্ডবৎ প্রণাম পূর্ব্বক সায়ংকালে যথা-যোগ্য ভোজনের পর তাঁহাকে স্মরণ করিতে করিতে শয্যায় শয়ন করিবে ॥ ১৪৯-১৫০ ॥

টীকা—প্রসিদ্ধৈঃ প্রকর্ষেণ সিদ্ধৈঃ সুশোভনৈরিত্যর্থঃ। যদ্বা, প্রখ্যাতৈরেব গন্ধচন্দন-পুষ্পাদিভিঃ, অতস্তত্তদ্বিশেষনির্দ্দেশেনালমিত্যর্থঃ। অমায়িনঃ নিষ্কামস্য ভক্তস্য চেতি সম্বন্ধঃ; যদ্বা, শাঠ্যহীনস্য জনস্যেতি তত্র বিত্তশাঠ্যমবশ্যং বর্জ্জয়েদিত্যর্থঃ। ভক্তস্য তু যথালব্ধৈঃ, যথোপপন্নৈঃ, যত্তু চন্দনাদি সর্ব্বথা ন লভ্যতে, তস্য হৃদি ভাবেন ভাবনয়া ॥ ১৪৯ ॥

অথ শয়নবিধিঃ

আগমে—

নির্গুণো নিষ্কলশ্চৈব বিশ্বমূর্ত্তিধরোহব্যয়ঃ।
অনাদ্যন্তে সদানন্তে ফণামণি-বিশোভিতে।
ক্ষীরাব্ধিমধ্যে যঃ শেতে স মাং রক্ষতু মাধবঃ ॥১৫১
সবাহ্যাভ্যন্তরং দেহমাপাদতলমস্তকম্।
সর্ব্বাত্মা সর্ব্বশক্তিশ্চ পাতু মাং গরুড়ধ্বজঃ ॥১৫২॥
ইতি রক্ষাং পুরস্কৃত্য স্বপেদ্বিষ্ণুমনুস্মরন্ ॥ ১৫৩ ॥

অনুবাদ—অনন্তর শয়ন বিধি-আগমে উক্ত হইয়াছে—ক্ষীরসমুদ্রে ফণিফণামণি বিশোভিত আদি অন্তরহিত, নিষ্কল, অব্যয়, বিশ্বমূর্ত্তিধারী অনন্ত-শয্যায় সর্ব্বদা শায়িত শ্রীমাধব আমাকে সতত রক্ষা করুন। সেই সর্ব্বশক্তিমান্ সর্ব্বাত্মা গরুড়ধ্বজ শ্রীভগবান্

আমার বাহ্যাভ্যন্তর সহ আপাদতলমস্তক এই শরীর রক্ষা করুন—এই ভাবে মন্ত্রপাঠ করিয়া শ্রীবিষ্ণুকে স্মরণ করিতে করিতে শয়ন করিবে ॥ ১৫১-১৫৩ ॥

কিঞ্চান্যত্র—

অদ্ভিঃ শৌচবিধিং বিধায় চরণৌ প্রক্ষাল্য চোপস্পৃশেদ্দিঃ
সংস্মৃত্য জগৎপতিং ব্রজপতিং শ্রীবল্লবীবল্লভম্ ।
রাধায়াঃ সুচিরং পিবন্তমমৃতাসারায়মাণং গিরং ।
বস্ত্রেণাঙ্ঘ্রিযুগং প্রমৃজ্য শয়নন্তাসাদ্য সদ্যঃ স্বপেৎ ॥১৫৪

অনুবাদ—অন্যত্র আরও বলা হইয়াছে—জলদ্বারা শৌচবিধি সমাপন পূর্ব্বক পা ধুইয়া ও আচমন করিয়া জগৎপতি ব্রজপতি শ্রীগোপপতি শ্রীকৃষ্ণ সুদীর্ঘ সময় শ্রীরাধারাণীর অমৃতধারাবর্ষী বাক্য পান করিতেছেন এইরূপ ভাবিতে ভাবিতে বস্ত্রদ্বারা তাঁহার চরণকমলযুগল মার্জ্জন পূর্ব্বক তৎক্ষণাৎ শয্যায় যাইয়া শয়ন করিবে ॥ ১৫৪ ॥

টীকা—দ্বিরুপস্পৃশেৎ বারদ্বয়মাচমনং কুর্য্যাৎ, অমৃতস্য সুধায়াঃ আসারঃ ধারাসম্পাতঃ তদ্বদাচরন্তীং গিরং সুচিরং পিবন্তং সংস্মৃত্য ; শয়নং শয্যাম্ ॥১৫৪

কিঞ্চ—

রামং স্কন্দং হনুমন্তং বৈনতেয়ং বৃকোদরম্ ।
শয়নে যঃ স্মরেন্নিত্যং দুঃস্বপ্নং তস্য নশ্যতি ॥ ১৫৫

অনুবাদ—আরও বলা হইয়াছে—প্রত্যহ শয়নকালে যে ব্যক্তি শ্রীরামচন্দ্র, কাত্তিকেয়, হনুমান, বিনতানন্দন ও বৃকোদরকে স্মরণ করেন, তাঁহার দুঃস্বপ্ন বিনষ্ট হয় ॥ ১৫৫ ॥

অপি চ স্কান্দ-পাদ্ময়োঃ—

ঋতুকালাভিগামী যঃ স্বদারনিরতশ্চ যঃ ।
স সদা ব্রহ্মচারীহ বিজ্ঞেয়ঃ সন্ গৃহাশ্রমী ॥ ১৫৬ ॥
ঋতুঃ ষোড়শ যামিন্যশ্চতস্রস্তাসু গর্হিতাঃ ।
পুত্রাস্তাস্বপি যুগ্মাস্তু অযুগ্মাঃ কন্যকাঃ স্মৃতাঃ ॥১৫৭
ত্যক্ত্বা চন্দ্রমসং দুষ্টং মঘাং মূলাং বিহায় চ ।
শুচিঃ সন্নিবিশেৎ পত্নীং পুন্নামর্ক্ষে বিশেষতঃ ।
শুচিঃ পুত্রং প্রসূয়েত পুরুষার্থপ্রসাধকম্ ॥ ১৫৮ ॥

অনুবাদ—স্কন্দপুরাণ ও পদ্মপুরাণেও বলা হইয়াছে—ঋতুকালে যিনি ভার্য্যায় উপরত হন এবং যিনি নিজ স্ত্রীর প্রতি অনুরক্ত, সেই গৃহাশ্রমীকে সর্ব্বদা ব্রহ্মচারী বলিয়া জানিতে হইবে। স্ত্রীলোকের ঋতু ষোড়শ রাত্রি পর্য্যন্ত, তারমধ্যে প্রথম চারি রাত্রি নিন্দনীয়া, এ ছাড়া যুগ্মরাত্রি পুত্রোৎপাদিকা ও অযুগ্মরাত্রি কন্যোৎপাদিকা বলিয়া কথিত হইয়াছে। অশুদ্ধ চন্দ্র এবং মঘা ও মূলা নক্ষত্র পরিত্যাগ করিয়া পুরুষ পরিচায়ক দশটি নক্ষত্রের আবির্ভাবে শুচি হইয়া পত্নীতে উপগত হইলে পুরুষার্থ প্রসাধক পুত্র প্রসব হয় ॥ ১৫৬-১৫৮ ॥

টীকা—ইহ গৃহাশ্রমেঽপি স এব সন্ উত্তমঃ গৃহাশ্রমী চ গৃহী বিজ্ঞেয়ঃ ॥ ১৫৬ ॥

টীকা—তাসু অগর্হিতাস্বপি যামিনীষু মধ্যে যুগ্মাঃ ঋতুদর্শনাৎ পরা ষষ্ঠ্যাদ্যা যামিন্যঃ ; পুত্রাঃ পুত্রোৎপাদিকা ইত্যর্থঃ ॥ ১৫৭ ॥

টীকা—পুন্নামর্ক্ষং নক্ষত্রদশকম্ ; তদুক্তং বার্হস্পত্যে—'সর্পাচ্চতুষ্কং রৌদ্রঞ্চ যাম্যং ত্বাষ্ট্রত্রিকং তথা। বৈশ্বেন্দ্র-বাসবং পৌষ্ণং স্ত্রীলিঙ্গাঃ সমুদাহৃতাঃ ॥ সৌম্যবারুণ-মূলানি নপুংসকদিনান্যপি। শেষাঃ পুংলিঙ্গতাং প্রাপ্তাস্তারাঃ সুরশচীপতে ॥' ইতি অতোঽশ্বিনী-কৃত্তিকা-রোহিণী-পুনর্ব্বসু-পুষ্যা-হস্তানুরাধা-শ্রবণা-পূর্ব্বভাদ্রোত্তরভাদ্রপদানীতি দশ ॥ ১৫৮ ॥

বিষ্ণুপুরাণে ঔর্ব্বসগর-সংবাদে—

কৃতপাদাদি-শৌচশ্চ ভুক্ত্বা সায়ং ততো গৃহী ।
গচ্ছেচ্ছয্যামস্ফুটিতামেকদারুময়ীং নৃপ ॥ ১৫৯ ॥
নাবিশালাং ন বৈ ভগ্নাং নাসমাং মলিনাং ন চ ।
ন চ জন্তুময়ীং শয্যামধিতিষ্ঠেদনাস্তৃতাম্ ॥ ১৬০ ॥

অনুবাদ—বিষ্ণুপুরাণে ঔর্ব্বসগর-সংবাদে কথিত হইয়াছে যে—গৃহী ব্যক্তি পাদাদি শৌচক্রিয়া সমাপনান্তে সায়ংকালে ভোজনাদির পর অভগ্না দারুময়ী খট্টায় শয়ন করিবে। যে শয্যা সংকীর্ণ, ভগ্ন, অসম, মলিন, অস্তরণ হীন ও জন্তুময় তাহাতে শয়ন করিতে নাই ॥ ১৫৯-১৬০ ॥

টীকা—শয্যাং খট্টাম্, অস্ফুটিতাং অবিদীর্ণাম্ ॥ ১৬০ ॥

প্রাচ্যাং দিশি শিরঃ শস্তং যাম্যায়ামথবা নৃপ।
সদৈব স্বপতঃ পুংসো বিপরীতন্তু রোগদম্ ॥ ১৬১ ॥

অনুবাদ—পূর্বদিকে মস্তক রাখিয়া শয়ন করা প্রশস্ত অথবা দক্ষিণদিকে শিয়র করিয়া সর্ব্বদা শয়ন করিবেন। হে মহারাজ। ইহার বিপরীত পশ্চিম বা উত্তর দিকে মস্তক করিয়া শয়ন করিলে উহা রোগ-প্রদ জানিবেন ॥ ১৬১ ॥

ঋতাবুপগমঃ শস্তঃ স্বপত্ন্যামবনীপতে।
পুন্নামর্ক্ষে শুভে কালে জ্যেষ্ঠযুগ্মাসু রাত্রিষু ॥১৬২॥

অনুবাদ—হে মহারাজ! নিজ পত্নীতে ঋতুকালে প্রথম হইতে পঞ্চম দিবস বর্জন করিয়া ষষ্ঠ, অষ্টম, দশম, দ্বাদশ এইরূপ যুগ্ম রাত্রিতে ষোড়শ রাত্রি পর্য্যন্ত মিলিত হইবেন, শুভকালে পুং নক্ষত্রে পর পর রাত্রি-গুলি শুভ ॥ ১৬২ ॥

টীকা—ঋতুদর্শনাৎ পরাসু ষষ্ঠ্যাদ্যাসু যুগ্মাসু রাত্রিষু, তত্রাপি জ্যেষ্ঠাসু উত্তরোত্তরশুভাসু ॥ ১৬২ ॥

নাস্নাতান্তু স্ত্রিয়ং গচ্ছেন্নাতুরাং ন রজস্বলাম্।
নানিষ্টাং ন প্রকুপিতাং নাপ্রশস্তাং
ন গুর্ব্বিণীম্ ॥ ১৬৩ ॥

অনুবাদ—ঋতুস্নানের পূর্ব্বে অর্থাৎ চতুর্থ রাত্রির পূর্ব্বে, আতুরা, রজস্বলা, রজনিবৃত্তি না হওয়া পর্য্যন্ত, অনিচ্ছাযুক্তা, নিন্দিতা, প্রকুপিতা ও আসন্ন গর্ভবতীতে মিলিত হইবেন না ॥ ১৬৩ ॥

টীকা—অস্নাতাং চাণ্ডালাদিস্পর্শেঽপ্যকৃতস্নানাং, রজস্বলাং চতুর্থরাত্রিপ্রভৃত্যনুপরতরজসম্, অনিষ্টাং সদ্যোনিবিষ্টাং, অপ্রশস্তাং পরিবাদাদিযুতাম্ ॥১৬৩॥

নাদক্ষিণাং নান্যকামাং নাকামাং নান্যযোষিতম্।
ক্ষুৎক্ষামামতিভুক্তাং বা স্বয়ঞ্চৈভিগুণৈর্যুতঃ ॥১৬৪॥

অনুবাদ—অননুকূলা, অন্যকামা, অকামা, পর-পত্নী, ক্ষুধাক্ষীণা, অতিভুক্তা অথবা নিজে ঐ সকল গুণযুক্ত হইয়া স্ত্রীর সহিত মিলিত হইবেন না ॥১৬৪॥

টীকা—অদক্ষিণাম্ অননুকূলাম্ ॥ ১৬৪ ॥

স্নাতঃ স্রগ্‌গন্ধধৃক্ প্রীতো নাধ্যাতঃ ক্ষুধিতোঽপি বা।
সকামঃ সানুরাগশ্চ ব্যবায়ং পুরুষো ব্রজেৎ ॥১৬৫॥

অনুবাদ—স্নান করিয়া গন্ধমাল্যাদি ধারণ পূর্ব্বক প্রীতিসহ, অতিতৃপ্ত না হইয়া, ক্ষুধাতুর না হইয়া, সকাম, অনুরাগযুক্ত পুরুষ স্বস্ত্রীর সহিত মিলিত হইবেন ॥ ১৬৫ ॥

টীকা—আধ্যাতঃ অতিতৃপ্তঃ, সকামঃ রিরংসুঃ, সানুরাগঃ স্ত্রিয়াং প্রীতিমান্, ব্যবায়ং সুরতম্ ॥১৬৫॥

চতুর্দ্দশ্যষ্টমী চৈব অমাবস্যাথ পূর্ণিমা।
পর্ব্বাণ্যেতানি রাজেন্দ্র রবিসংক্রান্তিরেব চ ॥ ১৬৬॥
তৈল-স্ত্রী-মাংস-সম্ভোগী পর্ব্বস্বেতেষু বৈ পুমান্।
বিণ্মূত্রভোজনং নাম প্রযাতি নরকং নৃপ ॥ ১৬৭ ॥
নান্যযোনাবযোনৌ বা নোপযুক্তৌষধস্তথা।
দেবদ্বিজগুরূণাঞ্চ ব্যবায়ী নাশ্রমী ভবেৎ ॥ ১৬৮ ॥

অনুবাদ—কাহারা বিষ্ঠামূত্র ভোজন নামক নরকে অবস্থিতি করে, হে রাজেন্দ্র। তাহা বলিতেছি শ্রবণ করুন—চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা এবং রবিসংক্রান্তি এই সব দিনে যে সব পুরুষ বা স্ত্রী তৈল ও মাংস ভোগ করে তাহারা পূর্ব্বোক্ত নরকে গমন করে। যে ব্যক্তি গো, অশ্ব প্রভৃতি প্রাণীতে অথবা অন্য কোন যোনিতে উপগত হয়, যে ব্যক্তি ঔষধ সেবনে ও সুরত ব্যাপারে রত থাকে, যে ব্যক্তি দেবতা, ব্রাহ্মণ ও গুরুগৃহে বাস করিয়া স্ত্রীসহবাস করে, সেই ব্যক্তি আশ্রমী হইবার যোগ্য নহে ॥১৬৬-১৬৮ ॥

টীকা—অন্যযোনৌ গবাশ্বাদিযোনৌ, দেব-দ্বিজ-গুরূণামাশ্রমী, তেষাং গৃহে স্থিতঃ ॥ ১৬৮ ॥

চৈত্যচত্বর-তীর্থেষু নৈব গোষ্ঠে চতুষ্পথে।
নৈব শ্মশানোপবনে সলিলেষু মহীপতে ॥ ১৬৯ ॥
প্রোক্তপর্ব্বস্বশেষেষু নৈব ভূপাল সন্ধ্যয়োঃ।
গচ্ছেদ্ব্যবায়ং মতিমান্ ন মূত্রোচ্চারপীড়িতঃ ॥১৭০॥

অনুবাদ—বিজ্ঞব্যক্তি গ্রামে অবস্থিত পূজ্যবৃক্ষ, যাগস্থান, তীর্থ, গোষ্ঠ, চতুষ্পথ, শ্মশান উপবন ও

জল মধ্যে বা পঞ্চপর্ব্বে কিংবা সন্ধ্যাদ্বয়ে অথবা মল-মূত্র দ্বারা পীড়িতাবস্থায় সহবাস করিবে না ॥ ১৬৯-১৭০ ॥

পরদারান্ ন গচ্ছেত মনসাপি কদাচন ।
কিমু বাচাস্থিবন্ধোঽপি নাস্তি তেষু ব্যবায়িনাম্ ॥১৭১
মৃতো নরকমভ্যেতি হীয়তে চাত্র চায়ুষঃ ।
পরদাররতিঃ পুংসামুভয়ত্রাপি ভীতিদা ॥ ১৭২ ॥
ইতি মত্বা স্বদারেষু ঋতুমৎসু বুধো ব্রজেৎ ।
যথোক্ত-দোষহীনেষু সকামেষ্বনৃতাবপি ॥ইতি॥১৭৩

অনুবাদ—পরস্ত্রী সহবাস দূরে থাকুক তাহা মনে মনেও কখনও চিন্তনীয় নহে, যাহারা পরস্ত্রীহরণে প্রবৃত্ত হয় তাহারা অস্থিহীন কৃমি কীট যোনিতে ভ্রমণ করে। পরস্ত্রীরত ব্যক্তি মরণের পরে নরকবাসী হয় এবং ইহলোকে সে অল্পায়ু হইয়া থাকে। পর-দারানুগ ইহলোক ও পরলোক দুই লোকের পক্ষেই ক্ষতিকর। পণ্ডিতব্যক্তি ইহা বিবেচনা করিয়া ঋতু-মতী নিজ ভার্য্যায় উপগত হইবেন। যথা উক্ত দোষ শূন্য সকামকালে ঋতু ভিন্ন সময়ে সহবাস ব্যবস্থা নির্দ্দিষ্ট হইয়াছে তাহা সকলেরই মান্য করা উচিত ॥ ১৭১-১৭৩ ॥

টীকা—পরদারেষু ব্যবয়িনামস্থিবন্ধোঽপি নাস্তি, কেবলমনস্থিকৃমিকীটযোনিষু পরিবর্ত্ততে ইত্যর্থঃ ॥১৭১

তেষাং ভক্ত্যুপযোগিত্বং ন স্যাদ্যদ্যপি কর্ম্মণাম্ ।
তথাপি কৃত উল্লেখো গৃহিণ্বাবশ্যকং ততঃ ॥১৭৪॥

অনুবাদ—এই সকল ব্যবস্থা বা কার্য্য যদিও ভক্তির উপযোগী নহে তবুও গৃহস্থ ব্যক্তির প্রয়ো-জনীয় বলিয়া এখানে উল্লেখ করা হইল ॥ ১৭৪ ॥

ইত্থং হি প্রাতরুত্থানাৎ প্রত্যহং শয়নাবধি ।
শ্রীকৃষ্ণং পূজয়ন্ সিদ্ধসর্ব্বার্থোঽস্য প্রিয়ো ভবেৎ ॥১৭৫

অনুবাদ—প্রাতঃকাল হইতে শয়নকাল পর্য্যন্ত যিনি শ্রীকৃষ্ণ-পূজায় নিযুক্ত থাকেন, তাঁহার সর্ব্ব-প্রকার সিদ্ধি লাভ হইয়া থাকে এবং তিনি শ্রীভগবানের প্রিয় হন ॥ ১৭৫ ॥

টীকা—সিদ্ধাঃ সর্ব্বে অর্থাঃ পুরুষার্থা যস্য সঃ, অস্য শ্রীকৃষ্ণস্য প্রিয়শ্চ ॥ ১৭৫ ॥

অথ ভগবদর্চ্চন-মাহাত্ম্যম্

শ্রীকূর্ম্মপুরাণে—
ন বিষ্ণ্বারাধনাৎ পুণ্যং বিদ্যতে কর্ম্ম বৈদিকম্ ।
তস্মাদনাদিমধ্যান্তং নিত্যমারাধয়েদ্ধরিম্ ॥ ১৭৬ ॥

অনুবাদ—অতঃপর ভগবৎপূজার মাহাত্ম্য শ্রীকূর্ম্মপুরাণে কথিত হইয়াছে—ভগবান শ্রীবিষ্ণুর আরাধনা অপেক্ষা অন্য পুণ্য জনক বৈদিক অনুষ্ঠান নাই অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ বৈদিক অনুষ্ঠান শ্রীবিষ্ণুর আরাধনা। অতএব আদি অন্ত নাই যাঁর সেই শ্রীভগবানের আরাধনা করিবে ॥ ১৭৬ ॥

টীকা—বিষ্ণোরারাধনাদন্যৎ বৈদিকং কর্ম্ম পুণ্যং নাস্তি, বিষ্ণোরাধনমেব পুণ্যমিত্যর্থঃ। অনাদি-মধ্যান্তপরিচ্ছিন্নমিত্যর্থঃ। অনেন তদারাধনপুণ্য-স্যাপ্যপরিচ্ছিন্নতাভিপ্রেতা। অতঃ পরিচ্ছিন্ন-স্বর্গাদি-ফলক-বৈদিকযজ্ঞাদি কর্ম্মতঃ শ্রৈষ্ঠ্যং যুক্তমেবেতি ভাবঃ ॥ ১৭৬ ॥

তত্রৈব ভৃগ্বাদীন্ প্রতি সাক্ষাৎ শ্রীভগবদুক্তৌ—
যেঽর্চ্চয়িষ্যন্তি মাং ভক্ত্যা নিত্যং কলিযুগে দ্বিজাঃ ।
বিধিনা বেদদৃষ্টেন তে গমিষ্যন্তি তৎ পদম্ ॥১৭৭॥

অনুবাদ—ঐ কূর্ম্মপুরাণেই শ্রীভৃগু প্রভৃতি মুনি সমাজের প্রতি স্বয়ং শ্রীভগবদ্বাক্য—কলিকালে যে সকল ব্যক্তি বেদ বিহিত বিধান অনুসারে ভক্তিভরে প্রত্যহ আমার পূজা করে তাহারা কৈবল্যধাম প্রাপ্ত হয় ॥ ১৭৭ ॥

টীকা—বেদদৃষ্টেন সদাচারানুসারেণেত্যর্থঃ ; যদ্বা, অকারপ্রশ্লেষতঃ অবেদদৃষ্টেন স্বচ্ছন্দকৃতেনাপী-ত্যর্থঃ ; তৎ অনির্ব্বচনীয়ং শ্রীবৈকুণ্ঠাখ্যম্ ॥ ১৭৭ ॥

বিষ্ণুরহস্যে—
শ্রীবিষ্ণোরর্চ্চনং যে তু প্রকুর্ব্বন্তি নরা ভুবি ।
তে যান্তি শাশ্বতং বিষ্ণোরানন্দং পরমং পদম্ ।
ইতি ॥ ১৭৮ ॥

তত্রৈব শ্রীভগবদুক্তৌ—

ন মে ধ্যানরতাঃ সম্যগ্‌যোগিনঃ পরিতুষ্টয়ে।
অনুবাদ—স্কন্দপুরাণে কথিত হইয়াছে—যে ব্যক্তি হরি এই দুইটী বর্ণ একবার মাত্র উচ্চারণ করে, সেই ব্যক্তি শীঘ্রই মোক্ষলাভের অধিকারী হয় অর্থাৎ শ্রীভগবানের নামের মুক্তি দেওয়ার সামর্থ্য আছে ॥ ৪১৭ ॥

টীকা—মোক্ষায় গমনং প্রতি, আশু মোক্ষপ্রাপ্তয়ে পরিকরো বদ্ধঃ, সাধনং সম্যগনুষ্ঠিতমিত্যর্থঃ ॥৪১৭॥

ব্রহ্মপুরাণে—

অপ্যন্যচিত্তোঽশুদ্ধো বা যঃ সদা কীর্ত্তয়েদ্ধরিম্ ।
সোঽপি দোষক্ষয়ান্মুক্তিং লভেচ্চেদিপতির্যথা ॥৪১৮

অনুবাদ—ব্রহ্মপুরাণে বলা হইয়াছে—অশুভ অবস্থায় কিংবা অন্যমনস্ক ভাবেও যদি সর্ব্বদা শ্রীহরি-কীর্ত্তন কোনও ব্যক্তি করেন, সেই ব্যক্তিও চেদিপতি শিশুপালের মত সকল দোষক্ষয়ে মুক্তি লাভ করিয়া থাকেন ॥ ৪১৮ ॥

টীকা—দোষাঃ কামক্রোধাদয়স্তেষাং ক্ষয়াৎ, চেদিপতিঃ শিশুপালঃ ॥ ৪১৮ ॥

পাদ্মে দেবহূতিস্তুতৌ—

সকৃদুচ্চারয়েদ্যস্তু নারায়ণমতন্দ্রিতঃ ।
শুদ্ধান্তঃকরণো ভূত্বা নির্ব্বাণমধিগচ্ছতি ॥ ৪১৯ ॥

অনুবাদ—পদ্মপুরাণে দেবহূতিস্তুতিতে বলা হইয়াছে—আলস্য বর্জ্জন পূর্ব্বক যিনি একবার মাত্রও নারায়ণ নাম উচ্চারণ করেন, তাঁহার অন্তঃকরণ পবিত্র হয় এবং তিনি মুক্তিপদ অধিকার করিয়া থাকেন ॥ ৪১৯ ॥

টীকা—অতন্দ্রিতং নামোচ্চারণাদাবানলসঃ সন্, ততশ্চ শুদ্ধান্তঃকরণো ভূত্বা ॥ ৪১৯ ॥

মাৎস্যে—

পরদাররতো বাপি পরাপকৃতিকারকঃ ।
স শুদ্ধো মুক্তিমাপ্নোতি হরের্নামানুকীর্ত্তনাৎ ॥৪২০॥

অনুবাদ—মৎস্যপুরাণে বলা হইয়াছে—পরদার-রত কিংবা পরের ক্ষতিকারক ব্যক্তিও শ্রীহরিনাম-কীর্ত্তনের দ্বারা পাপ হইতে পবিত্র হইয়া মুক্তিপদ পাইয়া থাকেন ॥ ৪২০ ॥

টীকা—শুদ্ধঃ পরদাররতত্বাদিপাপাঃ পবিত্রঃ সন্ ॥ ৪২০ ॥

বৈশম্পায়ন সংহিতায়াম্—

সর্ব্বধর্ম্মবহির্ভূতঃ সর্ব্বপাপরতস্তথা ।
মুচ্যতে নাত্র সন্দেহো বিষ্ণোর্নামানুকীর্ত্তনাৎ ॥৪২১॥

অনুবাদ—বৈশম্পায়ন সংহিতায় বলা হইয়াছে—যে ব্যক্তি সকলধর্ম্ম-বহির্ভূত, সকল পাপানুরক্ত, শ্রীবিষ্ণুর নামকীর্ত্তনে সে ব্যক্তিও যে মুক্ত হইয়া থাকে তাহাতে সন্দেহের অবকাশ নাই ॥ ৪২১ ॥

বৃহন্নারদীয়ে—

যথাকথঞ্চিদ্যন্নাম্নি কীর্ত্তিতে বা শ্রুতেঽপি বা ।
পাপিনোঽপি বিশুদ্ধাঃ স্যুঃ শুদ্ধা মোক্ষমবাপ্নুয়ুঃ ॥৪২২

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে বলা হইয়াছে—যে কোন প্রকারে শ্রীভগবানের নাম কীর্ত্তন বা শ্রবণ করা হইলে পাপী লোকও পাপমুক্ত এবং পবিত্র হইয়া মোক্ষপ্রদ প্রাপ্ত হয় ॥ ৪২২ ॥

টীকা—বিশেষেণ শুদ্ধাঃ সবাসনসর্ব্বপাপতঃ পবিত্রাঃ, শুদ্ধা নিষ্পাপাস্তু মোক্ষং প্রাপ্নুবন্তি। পাপিনাং বিলম্বেন মোক্ষঃ, সুকৃতিনাঞ্চ সদ্য এবেতি জ্ঞেয়ম্ । যদ্বা, বিশুদ্ধাঃ সন্তঃ কিং প্রাপ্নুবন্তীত্যপেক্ষয়ামাহ—শুদ্ধা ইতি অনুবাদমাত্রম্ ॥ ৪২২ ॥

ভারতবিভাগে—

প্রাণপ্রয়াণপাথেয়ং সংসারব্যাধিভেষজম্ ।
দুঃখশোকপরিত্রাণং হরিরিত্যক্ষরদ্বয়ম্ ।। ৪২৩ ।।

অনুবাদ—ভারতবিভাগে যথা—হরি এই দুই বর্ণ প্রাণ-প্রয়াণ-পথের পাথেয়, ভবব্যাধির ঔষধ ও শোক দুঃখ হইতে পরিত্রাণ পাওয়ার উপায় বিশেষ ।। ৪২৩ ।।

টীকা—প্রাণস্য প্রয়াণে পাথেয়ং পথি ভক্ষ্যসম্বলং পরলোকে সহায়মিত্যর্থঃ । সংসাররূপস্য ব্যাধের্ভেষজং নাশকং মোক্ষপ্রদমিত্যর্থঃ । ইহলোকে চ দুঃখশোকাভ্যাং পরিত্রাণং যস্মাত্তৎ ; যদ্বা, তয়োঃ পরিত্রাণরূপমেব ; যদ্বা, ভগবদপ্রাপ্ত্যা যৌ দুঃখশোকৌ, তাভ্যাং পরিত্রাণং যস্মাদিতি শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকত্বম্ । যদ্বা, কিং বহুনোক্তেন ঐহিকামুষ্মিকাশেষ-দুঃখশোকপরিত্রাণমেবেত্যুপসংহারঃ । বিষ্ণুধর্ম্মে চ—'প্রাণকান্তারপাথেয়ম্' ইতি শ্রীপ্রহলাদেনোক্তম্ অর্থঃ স এব ।। ৪২৩ ।।

নারদীয়ে—

নব্যং নব্যং নামধেয়ং মুরারে-
র্যদ্যচ্চৈতদ্গেয়পীযূষপুষ্টম্ ।
যে গায়ন্তি ত্যক্তলজ্জাঃ সহর্ষং
জীবন্মুক্তাঃ সংশয়ো নাস্তি তত্র ।। ৪২৪ ।।

অনুবাদ—নারদপুরাণে কথিত হইয়াছে—শ্রীহরির যে সকল নাম প্রতিক্ষণেই নবনবায়মান হইয়া মাধুর্য্য বিস্তার করে, যে সকল নাম গীতযোগ্য গাথাদির পরম প্রশংসনীয় মধুর রসে পূর্ণ, যাঁহারা লজ্জাদি ত্যাগপূর্ব্বক সানন্দে এই সকল নাম গান করেন, তাঁহারা যে জীবন্মুক্ত ইহাতে সংশয় নাই ।। ৪২৪ ।।

টীকা—কিং বক্তব্যং, দেহান্তে মুক্তিং দদাতীতি, দেহে সত্যপি সদ্যো দদাতীতি লিখতি—নব্যমিত্যাদিনা ; নব্যং নব্যং প্রতিক্ষণনূতনমিত্যর্থঃ, অনেন মাধুরীবিশেষো দর্শিতঃ । তমেবাহ—গেয়ানাং গানযোগ্যানাং গাথাদিনাম্ ; যদ্বা, গেয়ং পরমশ্লাঘ্যং যৎ পীযূষং মধুররসবিশেষস্তেন পুষ্টম্ । এবম্ভূতং মুরারের্যৎ নামধেয়ম্, এতৎ যে গায়ন্তি, তে জীবন্মুক্তা এব ; যদ্যপীতি পাঠে যদ্যপি গেয়পীযূষপুষ্টং পরমাদকমিত্যর্থ ইতি জীবন্মুক্ততাবিরোধিচিত্তক্ষোভহেতুতোক্তা, তথাপি জীবন্মুক্তা এব, তেনৈব স্বতঃ সংসারবিস্মরণাৎ ।। ৪২৪ ।।

প্রথমস্কন্ধে (১।১।১৪)—

আপন্নঃ সংসৃতিং ঘোরাং যন্নাম বিবশো গৃণন্ ।
ততঃ সদ্যো বিমুচ্যেত যদ্বিভেতি স্বয়ং ভয়ম্ ।।৪২৫

অনুবাদ—প্রথমস্কন্ধে কথিত হইয়াছে—ঘোর সংসারী ব্যক্তিও বিবশে যাঁহার নাম স্মরণ করিলে সংসারবন্ধন হইতে সত্বর মুক্ত হয় এবং ভয় যাঁহার নামরবে নিজেই ভীত হইয়া থাকে ।। ৪২৫ ।।

টীকা—সংসৃতিম্ আপন্নঃ প্রাপ্তঃ, বিবশোঽপি ততঃ সংসৃতেঃ । গৃণন্নেব সদ্যো বিমুচ্যেত ইতি জীবন্মুক্ততোক্তা অত্র হেতুঃ যৎ যতো নাম্নঃ ভয়মপি স্বয়ং বিভেতি ।। ৪২৫ ।।

তৃতীয়ে (৩।৯।১৫) ব্রহ্মস্তবৌ—

যস্যাবতারগুণকর্ম্মবিড়ম্বনানি
নামানি যেঽসুবিগমে বিবশা গৃণন্তি ।
তেঽনেকজন্মশমলং সহসৈব হিত্বা
সংযান্ত্যপাবৃতমৃতং তমজং প্রপদ্যে ।। ৪২৬ ।।

অনুবাদ—তৃতীয়স্কন্ধে ব্রহ্মা শ্রীকৃষ্ণের স্তব প্রসঙ্গে কহিতেছেন—বিবশ হইয়াও যাঁহারা প্রাণত্যাগকালে আপনার অবতার, গুণ ও কর্ম্ম ইত্যাদির উল্লেখ করত দেবকীনন্দন, গোবর্দ্ধনধারী, কংস-নিসূদন প্রভৃতি নাম কীর্ত্তন করেন, তাঁহারা অনেক জন্মার্জ্জিত পাপরাশি পরিত্যাগ পূর্ব্বক নিরস্তাবরণ সত্য জ্যোতিঃ আপনাকে তৎক্ষণাৎ প্রাপ্ত হন । অতএব আমি সেই অজ শ্রীভগবানে প্রপন্ন হইতেছি ।। ৪২৬ ।।

টীকা—অবতারাদীনাং বিড়ম্বনমনুকরণমবলম্বনং বাস্তি যেষু, তত্রাবতারবিড়ম্বনানি—দেবকীনন্দন ইত্যাদীনি, গুণবিড়ম্বনানি—সর্ব্বজ্ঞো ভক্তবৎসল ইত্যাদীনি, কর্ম্মবিড়ম্বনানি গোবর্দ্ধনোদ্ধরণঃ কংসনিসূদন ইত্যাদীনি । অসুবিগমেঽপি বিবশা অপি গৃণন্তি উচ্চারয়ন্তি । কেবলং, শমলং পাপম্, অপা-

বৃতং নিরন্তাবরণম্ ঋতং ব্রহ্ম, সহসা সদ্য এব প্রাপ্নুবন্তি, জীবন্মুক্তা ভবন্তীত্যর্থঃ ॥ ৪২৬ ॥

ষষ্ঠে (৩।২৪) —

এতাবতাঽলমঘনির্হরণায় পুংসাং
সঙ্কীর্তনং ভগবতো গুণকর্ম্মনাম্নাম্ ।
বিক্রুশ্য পুত্রমঘবান্ যদজামিলোঽপি
নারায়ণেতি ম্রিয়মাণ ইয়ায় মুক্তিম্ ॥৪২৭॥

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে—শ্রীভগবানের গুণ, কর্ম্ম ও নামকীর্ত্তন দ্বারা পাপীদের যে পাপক্ষয় হইয়া থাকে এ কথারই বা আবশ্যক কি ? যেহেতু মহাপাতকী অজামিল প্রায়শ্চিত্ত না করিয়াও মরণকালে নিজ পুত্র নারায়ণকে ডাকিয়া মুক্তি লাভ করিয়াছে ॥ ৪২৭ ॥

টীকা—ভগবতো গুণানাং কর্ম্মণাং নাম্নাঞ্চ ; যদ্বা, গুণকর্ম্মসম্বন্ধিনাং বিচিত্রাণাং নাম্নাং বহূনাং সম্যক্ কীর্ত্তনং পুংসাম্ অঘনির্হরণায় পাপক্ষয়মাত্রায় ভবতীতি যৎ, এতাবতা উক্তেন অলং প্রয়োজনং নাস্তি । কুতঃ ? অজামিলো মহাপাতক্যপি নারায়ণেত্যেব বিক্রুশ্য, ন তু তবতারসম্বন্ধিগুণকর্ম্মমাধুরীবিশিষ্টং নামবিশেষং সম্যক্ কীর্ত্তয়িত্বা ; তত্র চ পুত্রং বিক্রুশ্য, ন তু হরিম্ । অঘবান্ । অশুচিরপি অকৃতপ্রায়শ্চিত্তোঽপীতি বা ম্রিয়মাণ অস্বস্থচিত্তোঽপি মুক্তিমবাপ, ন ত্বঘনির্হরণমাত্রং, তদানীমজামিলস্য দেহস্য বর্ত্তমানত্বেন জীবন্মুক্তৈব সিদ্ধা । অতো নামাভাসেনাপি যথাকথঞ্চিজ্জাতেন মুক্তিরপি স্যাৎ, কিমুত পাপক্ষয় ইতি ভাবঃ ॥ ৪২৭ ॥

শ্রীবৈকুণ্ঠলোক-প্রাপকত্বম্

উক্তঞ্চ লৈঙ্গে শ্রীনারদং প্রতি শ্রীশিবেন—

ব্রজংস্তিষ্ঠন্ স্বপন্নশ্নন্ শ্বসন্ বাক্যপ্রপূরণে ।
নামসঙ্কীর্ত্তনং বিষ্ণোর্হেলয়া কলিমর্দ্দনম্ ।
কৃত্বা স্বরূপতাং যাতি ভক্তিযুক্তঃ পরং ব্রজেৎ ॥৪২৮

অনুবাদ—শ্রীহরিনাম শ্রীবৈকুণ্ঠলোক প্রাপকত্ব, লিঙ্গপুরাণে শ্রীনারদের প্রতি শ্রীশিব বাক্য যথা—গমন, অবস্থান, শয়ন, ভোজন, শ্বাসক্ষেপ ও কথা বলিবার সময় অবহেলায় কলিমর্দ্দন শ্রীহরিনাম করিয়া যখন মুক্তি লাভ হয়, তখন ভক্তি পূর্ব্বক ভক্ত তাঁহাকে ডাকিলে নিশ্চয়ই পরমধামে গমন করিবেন ॥ ৪২৮ ॥

টীকা—হেলয়াপি কৃত্বা স্বরূপতাং ব্রহ্মত্বং প্রাপ্নোতি, মুক্তো ভবতীত্যর্থঃ । ভক্তিযুক্তস্তু সন্ নামসঙ্কীর্ত্তনং কৃত্বা পরং পরমেশ্বরং শ্রীবৈকুণ্ঠনাথং, যদ্বা, উৎকৃষ্টপদং শ্রীবৈকুণ্ঠলোকং ব্রজেৎ ॥ ৪২৮ ॥

নারদীয়ে শ্রীব্রহ্মণা—

ব্রাহ্মণঃ শ্বপচীং ভুঞ্জন্ বিশেষেণ রজস্বলাম্ ।
অশ্নাতি সুরয়া পক্বং মরণে হরিমুচ্চরন্ ॥ ৪২৯ ॥
অভক্ষ্যাগম্যয়োর্জাতং বিহায়াঘৌঘসঞ্চয়ম্ ।
প্রযাতি বিষ্ণুসালোক্যং বিমুক্তো ভববন্ধনৈঃ ॥৪৩০॥

অনুবাদ—শ্রীনারদপুরাণে ব্রহ্মার বাক্য—ব্রাহ্মণ ব্যক্তি যদি রজস্বলা শ্বপচী গমন ও সুরাসিদ্ধ অন্ন ভক্ষণ করিয়াও মৃত্যুকালে শ্রীহরিকে ডাকে, তাহা হইলে অগম্যাগমন, অভক্ষ্য ভক্ষণ প্রভৃতি সঞ্চিত উৎকৃষ্ট পাপভার ও ভববন্ধন হইতে পরিত্রাণ লাভ করিয়া বিষ্ণুলোক প্রাপ্ত হয় ॥ ৪২৯-৪৩০ ॥

টীকা—মরণেঽপি ভববন্ধনৈঃ দুষ্পরিহারসংসারদুঃখৈঃ বিশেষণ মুক্তঃ সন্ ॥ ৪২৯-৪৩০ ॥

বৃহন্নারদীয়ে শুক্রং প্রতি শ্রীবলিনা—

জিহ্বাগ্রে বর্ত্ততে যস্য হরিরিত্যক্ষরদ্বয়ম্ ।
বিষ্ণোর্লোকমবাপ্নোতি পুনরাবৃত্তিদুর্লভম্ ॥ ৪৩১ ॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে শুক্রাচার্য্যের প্রতি বলি মহারাজের বাক্য—হরি এই দুই অক্ষর যাঁহার রসনায় বিদ্যমান, তিনি বিষ্ণুলোকে গমন করেন এবং তাঁহার আর পুনর্জন্ম হয় না ॥ ৪৩১ ॥

টীকা—পুনরাবৃত্তিদুর্লভং অপুনরাবৃত্তিকমত্যর্থঃ ॥ ৪৩১ ॥

পাদ্মে—

যত্র তত্র স্থিতো বাপি কৃষ্ণ কৃষ্ণেতি কীর্ত্তয়েৎ ।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা স গচ্ছেৎ পরমাং গতিম্ ॥৪৩২॥

অনুবাদ—পদ্মপুরাণে বলা হইয়াছে—যেখানে সেখানে থাকিয়া কৃষ্ণ কৃষ্ণ বলিয়া কেহ যদি কীর্ত্তন করে, তবে সে সর্ব্বপাপ মুক্ত হইয়া পরমাগতি লাভ করে ॥ ৪৩২ ॥

———

তত্রৈব বৈশাখমাহাত্ম্যে অম্বরীষং প্রতি নারদেন—

তদেব পুণ্যং পরমং পবিত্রং
গোবিন্দগেহে গমনায় পত্রম্ ।
তদেব লোকে সুকৃতৈকসত্রং
যদুচ্যতে কেশব-নামমাত্রম্ ॥ ৪৩৩ ॥

অনুবাদ—ঐ পদ্মপুরাণেই বৈশাখমাহাত্ম্যে অম্বরীষ মহারাজকে শ্রীনারদ বলিলেন—শ্রীকেশবের নামমাত্র উচ্চারণই পুণ্যদায়ক, পরমপবিত্র, বৈকুণ্ঠগমনের সহায় ও সংসারে সুকৃতের পরমস্থান ॥ ৪৩৩ ॥

টীকা—গোবিন্দগেহে শ্রীবৈকুণ্ঠলোকে গমনার্থং পত্রং বাহনং সহায়মিত্যর্থঃ, সুকৃতস্য একং সত্রং স্থানম্ ॥ ৪৩৩ ॥

———

ব্রহ্মবৈবর্ত্তে —

এবং সংগ্রহণীপুত্রাভিধান-ব্যাজতো হরিম্ ।
সমুচ্চার্য্যান্তকালেঽগাদ্ধাম তৎ পরমং হরেঃ ॥৪৩৪
নারায়ণমিতি ব্যাজাদুচ্চার্য্য কলুষাশ্রয়ঃ ।
অজামিলোঽপ্যগদ্ধাম কিমুত শ্রদ্ধয়া গৃণন্ ॥ ৪৩৫ ॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—বেশ্যাপুত্রের নাম লইয়া দুরাচার অজামিল এইরূপে মৃত্যুকালে শ্রীহরিনাম করিয়া শ্রীহরির পরমধাম প্রাপ্ত হইয়াছিল। মহাপাপী অজামিলও যখন পুত্রের নামব্যাজে নারায়ণকে ডাকিয়া (নামাভাসহেতু) বৈকুণ্ঠধাম প্রাপ্ত হইয়াছিল, তখন শ্রদ্ধাভক্তি পূর্ব্বক তাঁহার নাম লইলে যে কি ফল হইবে তাহা আর কি বলিব? ৪৩৪-৪৩৫॥

টীকা—এবমুক্তপ্রকারেণেতি তত্রাপি শ্রীভাগবত-বদজামিলোপাখ্যানস্যোপসংহারে প্রোক্তত্বাৎ। সংগ্রহণী কামক্ষোভেণ সংগৃহীতা বেশ্যা, তস্যাং যো নারায়ণসংজ্ঞঃ পুত্রঃ, তস্যাভিধানম্ আহ্বানং, তদ্ব্যাজেন অন্তকালেঽপি, তৎ অনির্ব্বচনীয়ম্ ॥ ৪৩৪ ॥

টীকা—কলুষাণাং সর্ব্বপাপানামাশ্রয়োঽপি ॥৪৩৫

———

ষষ্ঠস্কন্ধে (২।২৯)—

ম্রিয়মাণো হরের্নাম গৃণন্ পুত্রোপচারিতম্ ।
অজামিলোঽপ্যগাদ্ধাম কিমুত শ্রদ্ধয়া গৃণন্ ॥৪৩৬॥

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে যথা —অজামিল মরণ সময়ে পুত্রের নামে শ্রীহরির নামগ্রহণ করিয়াছিল বলিয়া যখন তাহার উদ্ধার ও বৈকুণ্ঠ প্রাপ্তি হইল, তখন সশ্রদ্ধভাবে শ্রীনাম গ্রহণ করা হইলে যে পাপমুক্ত হইয়া বৈকুণ্ঠ লাভ হইবে তাহাতে বিচিত্র কি? ৪৩৬

টীকা—ধাম হরেঃ ॥ ৪৩৬ ॥

———

বামনে—

যে কীর্ত্তয়ন্তি বরদং বরপদ্মনাভং
শঙ্খাব্জচক্রশরচাপগদাসিহস্তম্ ।
পদ্মালয়াবদনপঙ্কজষট্‌পদাক্ষং
নূনং প্রয়ান্তি সদনং মধুঘাতিনস্তে ॥ ৪৩৭ ॥

অনুবাদ—বামনপুরাণে বলা হইয়াছে—বরদ, পদ্মনাভ, শঙ্খ, চক্র, গদা, পদ্ম, শর, চাপ ও অসিধর কমলার বদনপঙ্কজের ভ্রমরসদৃশ চক্ষুঃ শ্রীহরির নাম যাঁহারা কীর্ত্তন করিবেন, তাঁহারা নিশ্চয়ই বৈকুণ্ঠধামবাসী হইবেন ॥ ৪৩৭ ॥

———

আঙ্গিরসপুরাণে—

বাসুদেবেতি মনুজ উচ্চার্য্য ভবভীতিতঃ ।
তন্মুক্তঃ পদমাপ্নোতি বিষ্ণোরেব ন সংশয়ঃ ॥৪৩৮॥

অনুবাদ—আঙ্গিরসপুরাণে বলা হইয়াছে - মানবগণ সংসার ভয় হইতে মুক্তি লাভের জন্য বাসুদেব এই নাম উচ্চারণ করিলে নিঃসন্দেহে বিষ্ণুপদ লাভ করেন ॥ ৪৩৮ ॥

টীকা—তৎ নাম ধামবিশেষণং বা ॥ ৪৩৮ ॥

———

নন্দিপুরাণে—

সর্ব্বদা সর্ব্বকালেষু যেঽপি কুর্ব্বন্তি পাতকম্ ।
নামসঙ্কীর্ত্তনং কৃত্বা যান্তি বিষ্ণোঃ পরং পদম্ ॥৪৩৯

অনুবাদ—নন্দিপুরাণে বলা হইয়াছে—সর্ব্বদা সর্ব্বকালের মহাপাতকীও শ্রীনাম-সংকীর্ত্তন করিয়া শ্রীবিষ্ণুর পরমপদ প্রাপ্ত হয় ॥ ৪৩৯ ॥

টীকা—সর্ব্বদা সর্ব্বাবস্থায়াং, সর্ব্বত্রেতি বা পাঠঃ ; পরং বৈকুণ্ঠলোকম্ ॥ ৪৩৯ ॥

বিশেষতঃ কলৌ দ্বাদশস্কন্ধে (৩।৫১)—
কলের্দোষনিধে রাজন্নস্তি হ্যেকো মহান্ গুণঃ ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তবন্ধঃ পরং ব্রজেৎ ॥ ৪৪০ ॥

অনুবাদ—বিশেষতঃ কলিকালে, শ্রীমদ্ভাগবত দ্বাদশস্কন্ধে—কলির বহুদোষ থাকিলেও একটি মহৎ গুণ এই যে, শ্রীকৃষ্ণকীর্ত্তন প্রভাবেই জীব বন্ধনমুক্ত হইয়া পরমগতি লাভ করিয়া থাকে ॥ ৪৪০ ॥

গারুড়ে অম্বরীষং প্রতি শ্রীশুকেন—
যদীচ্ছসি পরং জ্ঞানং জ্ঞানাদ্‌যৎ পরমং পদম্ ।
তদাদরেণ রাজেন্দ্র কুরু গোবিন্দ-কীর্ত্তনম্ ॥৪৪১॥

অনুবাদ—গরুড়পুরাণে মহারাজ অম্বরীষের প্রতি শ্রীশুকবাক্য—হে রাজন্ ! যদি তুমি পরমজ্ঞান এবং তাহা হইতে পরমপদ লাভ করিতে চাও, তাহা হইলে প্রযত্নসহকারে শ্রীগোবিন্দকীর্ত্তন করিতে থাক॥৪৪১॥

টীকা—পরম্—উৎকৃষ্টং ভগবদ্ভক্তিমাহাত্ম্যাদিবিষয়কং জ্ঞানম্ ॥ ৪৪১ ॥

শ্রীভগবৎপ্রীণনত্বম্

বারাহে—
বাসুদেবস্য সংকীর্ত্ত্যা সুরাপো ব্যাধিতোঽপি বা ।
মুক্তো জায়েত নিয়তং মহাবিষ্ণুঃ প্রসীদতি ॥৪৪২॥

অনুবাদ—বরাহপুরাণে কথিত হইয়াছে—সুরাপায়ী কিংবা রোগগ্রস্ত ব্যক্তিও শ্রীহরিসংকীর্ত্তন করিয়া মুক্তিলাভ ও মহাবিষ্ণুর প্রসন্নতা লাভ করেন ॥৪৪২॥

টীকা—ব্যাধিতো রোগী ॥ ৪৪২ ॥

বৃহন্নারদীয়ে—
নামসঙ্কীর্ত্তনং বিষ্ণোঃ ক্ষুত্তৃট্ প্রস্খলিতাদিষু ।
করোতি সততং বিপ্রাস্তস্য প্রীতো হ্যধোক্ষজঃ ॥৪৪৩

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে বলা হইয়াছে—হে বিপ্রগণ ! ক্ষুধা, তৃষ্ণা ও বিচ্যুতি প্রভৃতির সময় যাঁহারা সর্ব্বদা শ্রীবিষ্ণুর নাম-সংকীর্ত্তন করেন, অধোক্ষজ শ্রীভগবান তাঁহাদিগের প্রতি সর্ব্বদা প্রীত হন ॥ ৪৪৩ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে—
নামসঙ্কীর্ত্তনং বিষ্ণোঃ ক্ষুত্‌তৃট্ প্রস্খলিতাদিষু ।
যঃ করোতি মহাভাগ তস্য তুষ্যতি কেশবঃ ॥৪৪৪॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—হে মহাভাগ ! ক্ষুধা, তৃষ্ণা ও প্রস্খলনাদিকালে যে ব্যক্তি বিষ্ণুর নাম গ্রহণ করেন, কেশব তাঁহার প্রতি প্রীত হন ॥ ৪৪৪ ॥

টীকা—ক্ষুত্তৃড়াদিষ্বপি যঃ করোতি, যদ্যপি ক্ষুত্তৃড়াদিভির্বৈকল্যে সতি নামসঙ্কীর্ত্তনমত্যন্তাভ্যাসবলাদেব জায়তে, অতস্তত্র তস্য প্রাশস্ত্যং সদা নামপরত্বং চোক্তং স্যাৎ, তথাপি বিবশত্বমাত্রবিবক্ষয়া ক্ষুত্তৃড়াদিষ্বিত্যুক্তম্ ইতি জ্ঞেয়ম্, এবমন্যত্রাপ্যূহ্যম্ ॥ ৪৪৪ ॥

অথ শ্রীভগবদ্বশীকারিত্বম্

মহাভারতে শ্রীভগবদ্বাক্যম্—
ঋণমেতৎ প্রবৃদ্ধং মে হৃদয়ান্নাপসর্পতি ।
যদ্‌গোবিন্দেতি চুক্রোশ কৃষ্ণা মাং দূরবাসিনম্ ॥৪৪৫

অনুবাদ—অনন্তর শ্রীনামের ভগবদ্বশীকারিত্ব সম্বন্ধে মহাভারতে শ্রীভগবদ্বাক্য—বিপদগ্রস্ত হইয়া দ্রৌপদী দূরস্থিত আমাকে যে হে গোবিন্দ ! হে গোবিন্দ ! বলিয়া ডাকিয়াছিলেন, এই জন্য আমার ঋণ অতিশয় বৃদ্ধি পাইয়াছে, ইহা কোনও প্রকারেই হৃদয় হইতে অপসারিত হইতেছে না ॥ ৪৪৫ ॥

আদিপুরাণে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে—
গীত্বা চ মম নামানি নর্ত্তয়েন্মম সন্নিধৌ ।
ইদং ব্রবীমি তে সত্যং ক্রীতোঽহং তেন চার্জ্জুন ॥ ৪৪৬ ॥
গীত্বা চ মম নামানি রুদন্তি মম সন্নিধৌ ।
তেষামহং পরিক্রীতো নান্যক্রীতো জনার্দ্দনঃ ॥৪৪৭॥

অনুবাদ—আদিপুরাণে শ্রীকৃষ্ণ-অর্জ্জুনসংবাদে—যাহারা আমার নামসমূহ গান করিয়া আমার নিকট নৃত্য করিয়া থাকে, আমি তাহাদের দ্বারাই ক্রীত, অন্যের নহি, হে অর্জ্জুন। ইহা সত্য করিয়া বলিতেছি ॥ ৪৪৬-৪৪৭ ॥

টীকা—দূরবাসিনং দূরে বসন্তমপি, অতঃ সাক্ষাদিব সম্বোধনং ন ঘটতে। তথাপি হে গোবিন্দেতি চুক্রোশ আকারয়ামাস ; যৎ এতৎ মম ঋণং প্রবৃদ্ধং, তস্যাঃ পরমবশ্যোঽহস্মীত্যর্থঃ, পরমার্ত্ত্যা কীর্ত্তনাৎ। অতঃ হৃদয়ান্নাপসর্পতি, সদা তদেব বিচারয়ামি ইত্যর্থঃ। তেষাং তৈর্জ্জনার্দ্দনোঽহং জনৈর্জীবৈঃ সর্ব্বৈঃ সেবিতুম্ অর্দ্দ্যতে যাচ্যতে, ন তু প্রাপ্যতে, তাদৃশোঽপ্যহম্ পরিক্রীতঃ সর্ব্বতোভাবেন বশীকৃতোঽহম্ ॥ ৪৪৫-৪৪৭ ॥

এবং 'শ্রুত্বা চ মম নামানি' ইত্যাদি ॥ ৪৪৮ ॥

অনুবাদ—এইরূপ আমার নামসকল শ্রবণ করিয়া ইত্যাদি ॥ ৪৪৮ ॥

বিষ্ণুধর্ম্মে প্রহলাদেন—

জিতন্তেন জিতন্তেন জিতন্তেনেতি নিশ্চিতম্।
জিহ্বাগ্রে বর্ত্ততে যস্য হরিরিত্যক্ষরদ্বয়ম্ ॥ ৪৪৯ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মে শ্রীপ্রহলাদবাক্য—হরি এই অক্ষরদ্বয় যাহার জিহ্বাগ্রে বিরাজমান, তিনি নিশ্চয়ই ভগবানকে বশীভূত করিয়াছেন, বশীভূত করিয়াছেন, বশীভূত করিয়াছেন ॥ ৪৪৯ ॥

টীকা—তেন জিতং ভগবান্ বশীকৃত ইত্যর্থঃ। মুহুরুক্তির্ভক্তিবিশেষোদয়াৎ ॥ ৪৪৯ ॥

স্বতঃপরমপুরুষার্থত্বম্

স্কান্দে কাশীখণ্ডে, পাদ্মে চ বৈশাখমাহাত্ম্যে—

ইদমেব হি মাঙ্গল্যমেতদেব ধনার্জ্জনম্।
জীবিতস্য ফলঞ্চৈতদ্যদ্দামোদর-কীর্ত্তনম্ ॥ ৪৫০ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে কাশীখণ্ডে ও পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে-দামোদরকীর্ত্তনই সকল মঙ্গলানুষ্ঠানের ফল, ইহাই ধনার্জ্জন ও ইহাই জীবনধারণের ফল ॥ ৪৫০ ॥

টীকা— মাঙ্গল্যং মঙ্গলসমূহঃ, সর্ব্বমঙ্গলকর্ম্মফলং বা, ধনস্য পুরুষার্থত্বেন ধনার্জ্জনস্যাপি পুরুষার্থতয়া তৎস্বরূপস্য নামকীর্ত্তনস্যাপি স্বতঃ পরমপুরুষার্থত্বং সিদ্ধমেব। যদ্বা, প্রেমলক্ষণং ধনমত্র জ্ঞেয়ম্ ॥৪৫০॥

প্রভাসখণ্ডে—

মধুরমধুরমেতন্মঙ্গলং মঙ্গলানাং
সকলনিগমবল্লীসৎফলং চিৎস্বরূপম্।
সকৃদপি পরিগীতং শ্রদ্ধয়া হেলয়া বা
ভৃগুবরনরমাত্রং তারয়েৎ কৃষ্ণনাম ॥৪৫১॥

অনুবাদ—প্রভাসখণ্ডে বলা হইয়াছে— হে ভৃগুবর! মধুর হইতে মধুর, সকল মঙ্গলের মঙ্গল, নিখিল নিগমবল্লীর নিত্যফল, চিন্ময়স্বরূপ এই কৃষ্ণনাম শ্রদ্ধায় বা হেলায় একবার মাত্রও প্রকৃষ্টরূপে কীর্ত্তিত হইলে নরমাত্রকেই ত্রাণ করিয়া থাকেন ॥ ৪৫১ ॥

টীকা—এতৎ কৃষ্ণনাম কৃষ্ণেতি নাম কৃষ্ণস্য নামেতি বা মধুরাদপি মধুরম্ ; চিৎ চৈতন্যং ব্রহ্ম তৎস্বরূপম্ ইতি পরমফলরূপতোক্তা। অতো যথা-কথঞ্চিৎ সকৃৎ তৎকীর্ত্তনাদপ্যানুষঙ্গিকত্বেন সর্ব্বস্যাপি মোক্ষো ভবেদেবেত্যাহ—সকৃদপীতি। পরীত্যর্দ্ধে অব্যক্তমসম্পূর্ণমুচ্চারিতমপীত্যর্থঃ। হেলয়াপি বা, হে ভৃগুবর ॥ ৪৫১ ॥

বিষ্ণুরহস্যে, বিষ্ণুধর্ম্মোত্তরে চ—

এতদেব পরং জ্ঞানমেতদেব পরং তপঃ।
এতদেব পরং তত্ত্বং বাসুদেবস্য কীর্ত্তনম্ ॥ ৪৫২ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে ও বিষ্ণুধর্ম্মোত্তরে—শ্রীহরি কীর্ত্তনই পরমজ্ঞান, শ্রেষ্ঠ তপস্যা ও শ্রেষ্ঠ তত্ত্ব বলিয়া কথিত হইয়া থাকেন ॥ ৪৫২ ॥

টীকা—তপশ্চিত্তৈকাগ্র্যং সমাধিরিত্যর্থঃ। তত্ত্বং বস্তু, এবং সাধ্যানাং পরমজ্ঞানাদীনাং তাদাত্ম্যোক্ত্যা নামকীর্ত্তনস্য পরমফলতা সিদ্ধৈব ॥ ৪৫২ ॥

ভক্তিপ্রকারেষু শ্রৈষ্ঠ্যম্

বৈষ্ণবচিন্তামণৌ শ্রীশিব-উমা-সংবাদে—

অঘচ্ছিৎ স্মরণং বিষ্ণোর্ব্বহ্বায়াসেন সাধ্যতে।
ওষ্ঠস্পন্দনমাত্রেণ কীর্ত্তনন্তু ততো বরম্ ॥ ৪৫৩ ॥

অনুবাদ—ভক্তিপ্রকারসমূহ মধ্যে শ্রেষ্ঠতা—বৈষ্ণবচিন্তামণিগ্রন্থে শ্রীশিব-উমা-সংবাদে বলা হইয়াছে—শ্রীবিষ্ণুর স্মরণ দ্বারা বহু চেষ্টায় ভববন্ধন ছিন্ন হয়, কিন্তু কীর্ত্তনে ওষ্ঠমাত্র স্পন্দিত হইলে সংসার-ভয় প্রশমিত হইয়া থাকে, এইহেতু নাম অপেক্ষা শ্রীনামকীর্ত্তনের অধিক মাহাত্ম্য শোনা যায় ॥৪৫৩॥

টীকা—ইত্থং নামকীর্ত্তনস্য পরমসাধনত্বং সাধ্যত্বঞ্চ লিখিত্বা ইদানীং স্বতঃ পরমপুরুষার্থরূপাণাং শ্রবণ-কীর্ত্তন-স্মরণাদি ভক্তিপ্রকারাণামপি মধ্যে শ্রীমন্নাম-কীর্ত্তনস্য শ্রৈষ্ঠ্যং লিখন্ তত্রাদৌ তেষ্বেব পরমশ্রেষ্ঠত্বেন শ্রীমুক্তাফলাদিগ্রন্থকারাণাং সম্মতাৎ স্মরণাদপি শ্রৈষ্ঠ্যং লিখতি—অঘেতি। বিষ্ণোঃ স্মরণম্ অঘং সংসার-দুঃখং তন্মূলং পাপং বা ছিনত্তীতি অঘচ্ছিত্তবত্যেব, কিন্তু বহ্বায়াসেনৈব তৎ সাধ্যতে, মনসো দুর্নিগ্রহত্বেন স্মরণস্য দুষ্করত্বাৎ। কীর্ত্তনন্তুওষ্ঠস্পন্দনমাত্রেণা-ঘচ্ছিৎ, অতস্ততস্তস্মাৎ স্মরণাৎ কীর্ত্তনং বরং শ্রেষ্ঠম্। যদ্বা, কিঞ্চ ততঃ স্মরণাৎ কীর্ত্তনং বরং, সর্ব্বথা শ্রেষ্ঠমেব, মনঃশ্রবণবাগিন্দ্রিয়াদিব্যাপ্য-সুখবিশেষস্যা-পাদনাৎ। তচ্চ শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে বিবৃতমস্তি ॥ ৪৫৩ ॥

অন্যত্র চ—

যেন জন্মশতৈঃ পূর্ব্বং বাসুদেবঃ সমর্চ্চিতঃ।
তন্মুখে হরিনামানি সদা তিষ্ঠন্তি ভারত ॥ ৪৫৪ ॥

অনুবাদ—অন্যত্র বলা হইয়াছে—যিনি পূর্ব্ব পূর্ব্ব শত শত জন্মে শ্রীবাসুদেবের সম্যক্ পূজা করিয়াছেন, হে রাজন্! তাহার মুখে সর্ব্বদা শ্রীহরিনামসমূহ বিরাজমান থাকেন ॥ ৪৫৪ ॥

টীকা—অধুনা স্মরণাদীনামপি পূজাঙ্গত্বাৎ পূজায়াঃ শ্রৈষ্ঠ্যমভিপ্রেত্য তস্যা অপি সকাশান্নামসঙ্কীর্ত্তনস্য শ্রৈষ্ঠ্যং লিখতি—যেনেতি। সমর্চ্চিতঃ সম্যক্ পূজিতঃ ॥ ৪৫৪ ॥

বিশেষতঃ কলৌ বিষ্ণুরহস্যে—

যদভ্যর্চ্চ্য হরিং ভক্ত্যা কৃতে ক্রতুশতৈরপি।
ফলং প্রাপ্নোত্যবিকলং কলৌ গোবিন্দকীর্ত্তনাৎ ॥৪৫৫

অনুবাদ—বিশেষতঃ কলিকালে বিষ্ণুরহস্যে—সত্য-যুগে শত শত যজ্ঞের অনুষ্ঠানে ও ভক্তিপূর্ব্বক শ্রীহরির পূজায় যে ফল পাওয়া যাইত, এই কলিকালে শ্রীগোবিন্দ-কীর্ত্তনের দ্বারা অবিকল সেই ফল পাওয়া যায় ॥৪৫৫

টীকা—কৃতে সত্যযুগে ইতি তদানীং বিশুদ্ধা-শেষদ্রব্যাদি-সামগ্রীসংসিদ্ধেঃ। তত্র চ ক্রতুশতৈ-রিত্যর্থঃ। যদ্বা, ক্রতুঃ কর্ম্ম, উপচারশতৈরিত্যর্থঃ। তত্রাপি ভক্ত্যা অভ্যর্চ্চ্য অভিতঃ পূজয়িত্বা, যদ্বা, অভ্যর্চ্চ্যেতি পূজায়া যৎ ফলং প্রাপ্নোতীত্যর্থঃ অনন্যয়া ভক্ত্যা শ্রবণ-স্মরণ-ভক্তিপ্রকারেণ চ যৎ, যজ্ঞশতৈরপি যৎ, তদ্গোবিন্দেতি-কীর্ত্তনাৎ অবিকলং সম্পূর্ণং সকলং প্রাপ্নোতীত্যর্থঃ। তত্র চ কলাবিত্যত্রেদং নিগূঢ়তত্ত্বং স্থানেষ্বিব শ্রীমথুরাদিস্থানবৎ কালেষু চ মধ্যে যথা শ্রীকার্ত্তিকাদয়স্ত্রয়ো মাসাঃ, যথা চ তিথিষু একাদশ্যাদয়ঃ, তথা যুগেষু মধ্যে কলিযুগং শ্রীভগবৎ-প্রিয়ং, তত্র চ যথা কার্ত্তিকাদিমাসেষু একাদশ্যাদিষু চ স্বল্পমপি কৃতং কর্ম্ম বহুলফলং ভবতি, তথা কলা-বপি। এবমন্যযুগাপেক্ষয়া তস্য শ্রেষ্ঠত্বেন তত্রকৃত-কর্ম্মণাং, বিশেষতো ভগবদ্ভজনস্য শ্রৈষ্ঠ্যং যুক্ত-মেবেতি। অনেনৈবাভিপ্রায়েণোক্তং শ্রীবিষ্ণুপুরাণে শ্রীব্যাসদেবেন 'কলির্ধন্যঃ' ইতি দ্বাদশস্কন্ধে চ শ্রীব্যাসনন্দনেন 'গুণজ্ঞাঃ' ইত্যাদি; প্রথমস্কন্ধে শ্রী-সূতেন (১৮।৭) 'কুশলান্যাশু সিধ্যন্তি নেতরাণি কৃতানি যৎ' ইতি একাদশস্কন্ধে (৫।৩৮) চ শ্রীকর-ভাজনেন—কৃতাদিষু প্রজা রাজন্ কলাবিচ্ছন্তি সম্ভ-বম্। কলৌ খলু ভবিষ্যন্তি নারায়ণপরায়ণাঃ॥ ইত্যাদি। অতএবাস্মিন্ যুগশ্রেষ্ঠে নিজৈশ্বর্য্যবিশেষ-প্রকটন-নামরূপো ভগবতো মুখ্যাবতারঃ, অতোঽস্য কলৌ মাহাত্ম্যবিশেষো যুক্ত এব। যে চ তত্র পাপোপ-দ্রবাদিকা বিবিধধর্ম্মাদি-বিঘ্নাঃ শ্রূয়ন্তে, যেভ্যো বহি-র্দৃষ্ট্যা কলের্নিন্দাদিকং কথ্যতে, তে তু শ্রীমথুরাদি-পুরপালকাঃ শ্রীরুদ্রগণাদয়ো দৈত্যরাক্ষসা অপি যথা শ্রূয়ন্তে, তথৈব জ্ঞেয়াঃ। ইত্থমেব মাহাত্ম্যবিশেষো-ঽপি সুসিধ্যেৎ, সর্ব্বং চাবিরুদ্ধং স্যাদিতি দিক্ ॥৪৫৫

বিষ্ণুপুরাণে—

ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈস্ত্রেতায়াং দ্বাপরেঽর্চ্চয়ন্ ।
যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সঙ্কীর্ত্ত্য কেশবম্ ॥৪৫৬

অনুবাদ—বিষ্ণুপুরাণে কথিত হইয়াছে—সত্যযুগে ধ্যান, ত্রেতায় যজ্ঞ, দ্বাপরযুগে জগৎপূজ্য শ্রীহরির অর্চ্চনায় যে ফল লাভ হয়, কলিযুগে একমাত্র শ্রীহরি-কীর্ত্তনদ্বারাই তাহা লাভ করা যায় ॥ ৪৫৬ ॥

টীকা—কৃতযুগে পরমশুদ্ধচিত্ততয়া ধ্যানস্য, ত্রেতায়াঞ্চ সর্ব্ববেদপ্রবৃত্ত্যা যজ্ঞানাং, দ্বাপরে চ শ্রীমূর্ত্তি-পূজাবিশেষপ্রবৃত্ত্যাঽর্চ্চনস্য শ্রৈষ্ঠ্যমপেক্ষ্য তত্তত্র পৃথক্ পৃথগুক্তম্ । এবমগ্রেঽপি জ্ঞেয়ম্ । তচ্চ সর্ব্বং সমুচ্চিতং, কলৌ শ্রীকেশবনাম-কীর্ত্তনান্তর্ভূতমেবেতি সুখমাপ্নোতীত্যর্থঃ । সঙ্কীর্ত্ত্য সম্যক্ উচ্চৈরুচ্চার্য্যেতি পদাঃ স্বপরানন্দবিশেষার্থমুক্তং, তেন চ মাহাত্ম্যবিশেষ এব সম্পদ্যতে ॥ ৪৫৬ ॥

———

দ্বাদশস্কন্ধে (৩।৫২)—

কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মখৈঃ ।
দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ ॥৪৫৭॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবত দ্বাদশস্কন্ধেও বলা হইয়াছে—ধ্যানানুষ্ঠানের দ্বারা সত্যযুগে, যজ্ঞানুষ্ঠানের দ্বারা ত্রেতায়, দ্বাপরে পূজা-অর্চ্চনায় যে ফল লভ্য হইত, কলিকালে একমাত্র শ্রীহরিকীর্ত্তনদ্বারাই তাহা লাভ হইয়া থাকে ॥ ৪৫৭ ॥

টীকা—বিষ্ণুং ধ্যায়ত ইতি বিষ্ণুধ্যানকর্ত্তুর্জনস্য যৎ ফলং স্যাদিতি কালত্রয়সম্বন্ধ্যশেষ-সৎকর্ম্মফল-মভিপ্রেতম্ । এবমগ্রেঽপি । এতেন শ্রীবিষ্ণুপুরাণ-বচনাদস্য বিশেষো দ্রষ্টব্যঃ পুরাণগুহ্যত্বাৎ । পরি-চর্য্যায়াং পূজায়াং বর্ত্তমানস্য জনস্য, হরের্ভগবতঃ হরীত্যক্ষরদ্বয়স্য বা কীর্ত্তনমাত্রেণ তৎ সর্ব্বং কলৌ ভবতীতি ॥ ৪৫৭ ॥

———

একাদশে (৫।৩২)—

কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্ ।
যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ ॥ ৪৫৮ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবত একাদশস্কন্ধে বলা হইয়াছে—যিনি কৃষ্ণবর্ণ এবং ইন্দ্রনীলমণির মত অত্যুজ্জ্বলকান্তিবিশিষ্ট, সেই হৃদয়াদি অঙ্গ, কৌস্তুভাদি উপাঙ্গ, সুদর্শনাদি অস্ত্র এবং সুনন্দাদি পার্ষদ পরি-বেষ্টিত ভগবান শ্রীকৃষ্ণকে সুধী ব্যক্তিগণ সংকীর্ত্তন প্রধান যজ্ঞদ্বারা আরাধনা করিয়া থাকেন ॥ ৪৫৮ ॥

টীকা—ত্বিষা কান্ত্যা অকৃষ্ণম্ ইন্দ্রনীলমণিবদুজ্জ্বল-মিতি রুক্ষতাং ব্যাবর্ত্তয়তি ; যদ্বা, ত্বিষা বিশিষ্টং কৃষ্ণমিতি শ্রীকৃষ্ণাবতারস্য তত্র প্রাধান্যং দর্শয়তি । অঙ্গানি হৃদয়াদীনি, উপাঙ্গানি কৌস্তুভাদীনি, অস্ত্রাণি সুদর্শনাদীনি, পার্ষদাঃ সুনন্দাদয়ঃ, তৎসহিতম্ । একান্তিপক্ষে—উপাঙ্গানি বেণ্বাদীনি, অস্ত্রাণি ষণ্ট্যাদীনি, পার্ষদাঃ শ্রীদামাদয়ঃ ইতি পূর্ব্ববৎ বিজ্ঞেয়ম্ । যজ্ঞৈঃ অর্চ্চনৈঃ, সঙ্কীর্ত্তনং নামোচ্চারণং, গীতং স্তুতিশ্চ নামময়ী, তৎপ্রধানৈঃ, সুমেধসঃ বিবেকিনঃ, এবমপি কলৌ পূজাতঃ শ্রীমন্নামসঙ্কীর্ত্তনস্য মাহাত্ম্য-মেব সিদ্ধং, দ্রব্যশুদ্ধ্যাদেরসম্ভবাৎ, লিখিতন্যায়েন মাহাত্ম্যবিশেষাচ্চেতি দিক্ ॥ ৪৫৮ ॥

———

স্কান্দে চ—

মহাভাগবতা নিত্যং কলৌ কুর্ব্বন্তি কীর্ত্তনম্ ॥৪৫৯

অনুবাদ—স্কন্দপুরাণে বলা হইয়াছে—মহাভাগ-বতগণ কলিকালে প্রত্যহ শ্রীকৃষ্ণকীর্ত্তন করিয়া থাকেন ॥ ৪৫৯ ॥

———

বৃহন্নারদীয়ে নারদেনোক্তম্—

হরের্নামৈব নামৈব নামৈব মম জীবনম্ ।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা ॥৪৬০॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে শ্রীনারদ বাক্য—শ্রীহরির নামই, শ্রীহরির নামই, শ্রীহরির নামই আমার জীবন, এই কলিকালে শ্রীহরিনাম ব্যতীত জীবের অন্য গতি নাই, নাই, নাই ॥ ৪৬০ ॥

———

অতএবোক্তম্—

সকৃদুচ্চারয়ন্ত্যেব হরের্নাম চিদাত্মকম্ ।
ফলং নাস্য ক্ষমো বক্তুং সহস্রবদনো বিধিঃ ॥৪৬১॥

অনুবাদ—অতএব কথিত হইয়াছে—চিদাত্মক শ্রীহরির নাম মাত্র একবার উচ্চারণ করিলে যে ফল পাওয়া যায়, সহস্রবদনে অনন্ত ও চতুর্ম্মুখ ব্রহ্মাও সে ফল বর্ণনা করিতে সক্ষম নহেন ॥ ৪৬১ ॥

টীকা—উপসংহরন্ ফলিতং লিখতি—সকৃদিতি ত্রিভিঃ। সহস্রবদনঃ শেষঃ, বিধিশ্চ ব্রহ্মা; যদ্বা, সহস্রবদনং সন্নপি বিধিঃ ॥ ৪৬১ ॥

পাদ্মোত্তরখণ্ডে রামাষ্টোত্তরশতনামস্তোত্রে শ্রীশিবেন—

রকারাদীনি নামানি শৃণ্বতো দেবি জায়তে।
প্রীতির্মে মনসো নিত্যং রামনামবিশঙ্কয়া ॥ ৪৬২ ॥

অনুবাদ—পদ্মপুরাণে উত্তরখণ্ডে শ্রীরামচন্দ্রের অষ্টোত্তরশতনামস্তোত্রে শ্রীশিবের বাক্যে—হে দেবি! যে সকল নামের আদিতে র কারের প্রয়োগ আছে, তাহা শ্রবণ করিয়া রামনামের আশঙ্কায় আমার মনে নিত্য আনন্দের উদয় হয় ॥ ৪৬২ ॥

টীকা—রামনাম্নঃ বিশঙ্কয়া আশঙ্কয়া নিত্যং মম মনসঃ প্রীতিরানন্দো জায়তে; সম্পূর্ণনামকীর্ত্তনস্য তু মাহাত্ম্যং কিং বক্তব্যমিতি ভাবঃ ॥ ৪৬২ ॥

বৈষ্ণবচিন্তামণৌ চ—

ঈশোঽহং সর্ব্বজগতাং নাম্নাং বিষ্ণোর্হি জাপকঃ।
সত্যং সত্যং বদাম্যেষ হরের্নাম গতির্নৃণাম্ ॥৪৬৩॥

অনুবাদ—বৈষ্ণবচিন্তামণিগ্রন্থে—শ্রীবিষ্ণুর নাম-সমূহ জপ করিয়াই আমি সর্ব্বজগতের অধীশ্বর হইয়াছি। শ্রীহরিনামই মানবগণের পরমাগতি ইহা আমি বারংবার সত্য করিয়া বলিতেছি ॥ ৪৬৩ ॥

টীকা—গতিঃ শরণং ফলং বা, মমাপি সেব্যত্বাৎ ॥ ৪৬৩ ॥

আদিপুরাণে চ শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে—

শ্রদ্ধয়া হেলয়া নাম রটন্তি মম জন্তবঃ।
তেষাং নাম সদা পার্থ বর্ত্ততে হৃদয়ে মম ॥ ৪৬৪ ॥
ন নাম-সদৃশং জ্ঞানং ন নাম-সদৃশং ব্রতম্।
ন নাম-সদৃশং ধ্যানং ন নাম-সদৃশং ফলম্ ॥৪৬৫॥
ন নাম সদৃশস্ত্যাগো ন নাম-সদৃশঃ শমঃ।
ন নাম-সদৃশং পুণ্যং ন নাম-সদৃশী গতিঃ ॥৪৬৬॥

অনুবাদ—আদিপুরাণে শ্রীকৃষ্ণ-অর্জ্জুনসংবাদে কথিত হইয়াছে—আমার নাম শ্রদ্ধায় অথবা হেলায় যাহারা জপ করে, হে অর্জ্জুন! তাহাদের নাম সর্ব্বদা আমার অন্তরে দীপ্যমান থাকে; নাম সদৃশ জ্ঞান, নামসদৃশ ব্রত, নামসদৃশ ধ্যান, নামসদৃশ ফল, নাম-সদৃশ ত্যাগ, নামের তুল্য শান্তি, নামসদৃশ পুণ্য ও নাম সদৃশী গতি আর নাই ॥ ৪৬৪-৪৬৬ ॥

কিঞ্চ—

নামৈব পরমা মুক্তির্নামৈব পরমা গতিঃ।
নামৈব পরমা শান্তির্নামৈব পরমা স্থিতিঃ ॥ ৪৬৭ ॥
নামৈব পরমা ভক্তির্নামৈব পরমা মতিঃ।
নামৈব পরমা প্রীতির্নামৈব পরমা স্মৃতিঃ ॥ ৪৬৮ ॥
নামৈব কারণং জন্তোর্নামৈব প্রভুরেব চ।
নামৈব পরমারাধ্যো নামৈব পরমো গুরুঃ ॥ ৪৬৯ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—নামই পরমা মুক্তি, নামই পরমা গতি, নামই পরমা শান্তি, নামই পরমা স্থিতি, নামই পরমা ভক্তি, নামই পরমা মতি, নামই পরমা প্রীতি, নামই পরমা স্মৃতি, নামই জীবের কারণ, নামই প্রভু, নামই পরমারাধ্য বিষয় ও নামই পরম গুরু ॥ ৪৬৭-৪৬৯ ॥

টীকা—ফলং স্বর্গাদি, গতিরাশ্রয়ঃ, স্থিতির্নিষ্ঠা, পরমারাধ্যো জনো নামৈব ॥ ৪৬৫-৪৬৯ ॥

কিঞ্চ—

নামযুক্তান্ জনান্ দৃষ্ট্বা স্নিগ্ধো ভবতি যো নরঃ।
স যাতি পরমং স্থানং বিষ্ণুনা সহ মোদতে ॥৪৭০॥
তস্মান্নামানি কৌন্তেয় ভজস্ব দৃঢ়মানসঃ।
নামযুক্তঃ প্রিয়োঽস্মাকং নামযুক্তো ভবার্জ্জুন ॥৪৭১

অনুবাদ—আরও যথা—যিনি নামপরায়ণ ব্যক্তিকে দেখিয়া আনন্দিত হন, তিনি পরমপদ লাভ করিয়া বিষ্ণুর সহিত আনন্দানুভব করেন। হে পার্থ! এই জন্য বলিতেছি—তুমি দৃঢ় মানসে নাম ভজন

করিতে থাক, কারণ নাম পরায়ণ ব্যক্তি আমার প্রিয়; হে অর্জ্জুন! তুমি নাম পরায়ণ হও ॥ ৪৭০-৪৭১ ॥

টীকা—বিষ্ণুনা ময়ৈব ॥ ৪৭০ ॥

অথ শ্রীভগবন্নাম-জপস্য স্মরণস্য চ।
শ্রবণস্যাপি মাহাত্ম্যমীষদ্ভেদাদ্বিলিখ্যতে ॥ ৪৭২ ॥

অনুবাদ—অতঃপর শ্রীভগবানের নাম জপ, শ্রীনাম স্মরণ ও শ্রবণাদির মাহাত্ম্য সম্বন্ধে যে কিছু সামান্য তারতম্য আছে তাহা লিখিত হইতেছে ॥৪৭২

টীকা—এবং নাম্নাং কীর্ত্তনমাহাত্ম্যং লিখিত্বা জপাদিমাহাত্ম্যলিখনমপি প্রতিজানীতে—অথেতি। ঈষদ্ভেদাৎ, কীর্ত্তনেন সহ জপাদেরল্পভেদাৎ হেতোঃ-বিশেষেণ লিখ্যতে। তত্রাগ্রে লেখ্যস্য বাচিকোপাংশু-মানসিকভেদেন ত্রিবিধস্য জপস্য মধ্যে ঈষদোষ্ঠচাল-নেন শনৈরুচ্চারণরূপোপাংশুজপোঽত্র গ্রাহ্যঃ, বাচি-কস্য কীর্ত্তনান্তর্গতত্বাৎ, মানসিকস্য চ স্মরণাত্ম-কত্বাৎ। কুচিচ্চ নাম্নঃ স্মরণং শনৈরীষদুচ্চারণং জ্ঞেয়ম্। তচ্চাগ্রে জন্মাষ্টমী-ব্রতবিধ্যন্তরকথনে 'হরিং স্মরন্' ইত্যাদিনা ব্যক্তং ভাবি ॥ ৪৭২ ॥

অথ শ্রীমন্নামজপমাহাত্ম্যম্—

বিষ্ণুরহস্যে শ্রীভগবদুক্তৌ—
সত্যং ব্রবীমি মনুজাঃ স্বয়মূর্দ্ধবাহু-
র্যো মাং মুকুন্দ নরসিংহ জনার্দ্দনেতি।
জীবন্ জপত্যনুদিনং মরণে ঋণীব
পাষাণ-কাষ্ঠ-সদৃশায় দদাম্যভীষ্টম্ ॥ ৪৭৩ ॥

অনুবাদ—অতঃপর শ্রীমন্নামজপ-মাহাত্ম্য সম্বন্ধে বিষ্ণুরহস্যে শ্রীভগবানের বাক্য—যে ব্যক্তি জীবিত-কালে প্রতিদিন এবং মরণ সময়ে হে মুকুন্দ! হে নরসিংহ! হে জনার্দ্দন! এই বলিয়া আমার নাম জপ করে, বলিতে কি, ঐ জপকারী যদি কাষ্ঠ বা পাষাণ তুল্য নীরস হয়, তাহা হইলেও আমি তাহাকে ঋণীর ন্যায় অভীষ্ট দিয়া থাকি। হে নরগণ! আমি স্বয়ং ঊর্দ্ধবাহু হইয়া ইহা বলিতেছি ॥ ৪৭৩॥

টীকা—ঋণীবেতি—'হা হন্ত, অমুকস্য ঋণং ধারয়ামি, ন হি শোধিতবানস্মি' ইতি যথা নিত্যমৃণ-দাতুর্নাম জীবনসময়ে মরণে চ জপতি, তথা জীবন্ সন্, মরণে ম্রিয়মাণশ্চ সন্ যো জপতি তস্মৈ পাষাণ-কাষ্ঠসদৃশায় পরমনীরসহৃদয়ায়াপি জ্ঞানাদিরাহিত্যে-নাচেতনতুল্যায়াপি বা অভীষ্টং তস্য মম বা পরম-প্রিয়ং বস্তু দদামি, যদ্বা, মরণে দেহান্তে সতি দদামি; ঋণী তস্য বশ্যতাং প্রাপ্তঃ সন্। ইবেতি লোকোক্তি-রীত্যা। যদ্বা, সকৃন্নামৈককীর্ত্তনেনাপি পাষাণাদি-সদৃশায়াভীষ্টং দদামি, যোঽহং সোঽহং নিত্যং জীবনে মরণে চ বহুবিধনামজপেন ঋণীব ভবামি। অন্যৎ সমানম্ ॥ ৪৭৩ ॥

কাশীখণ্ডে অগ্নিবিন্দুস্তুতৌ—
নারায়ণেতি নরকার্ণবতারণেতি
দামোদরেতি মধুহেতি চতুর্ভুজেতি।
বিশ্বম্ভরেতি বিরজেতি জনার্দ্দনেতি
কাস্তীহ জন্ম জপতাং ক্ব কৃতান্তভীতিঃ ? ৪৭৪ ॥

অনুবাদ—কাশীখণ্ডে অগ্নিবিন্দুস্তুতিতে—হে নারায়ণ! হে নরকার্ণবতারণ! হে দামোদর, হে মধু দৈত্য ঘাতিন্! হে চতুর্ভুজ! হে বিশ্বম্ভর, হে বিরজ! হে জনার্দ্দন! এই সকল নাম ধরিয়া যাঁহারা আমার জপ করে, তাঁহাদের জন্ম কিংবা যম ভয় কিরূপে হইতে পারে? অর্থাৎ তাঁহাদের যম ভয় থাকে না পুনর্জন্মও হয় না ॥ ৪৭৪ ॥

টীকা—নারায়ণেত্যাদি-জপতাং জনানাং জন্ম কাস্তি? অপি তু ন কুত্রাপি, মুক্তো ভবতীত্যর্থঃ। অতএব কৃতান্তাৎ যমাৎ কালাৎ বা ভীতিঃ ক্ব? অপি তু ন কুত্রাপ্যস্তীত্যর্থঃ। অত্র বিগতং রজো যস্মা-দিতি তৎসম্বোধনং—হে বিরজঃ, সন্ধিরার্ষঃ, রজ-শব্দো বা অদন্তঃ ॥ ৪৭৪ ॥

পাদ্মে বৈশাখ-মাহাত্ম্যে যমব্রাহ্মণ-সংবাদে—
বাসুদেব-জপাসক্তানপি পাপকৃতো জনান্।
নোপসর্পন্তি বৈ বিঘ্না যমদূতাশ্চ দারুণাঃ ॥ ৪৭৫ ॥

অনুবাদ—পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে যম ব্রাহ্মণ-সংবাদে—শ্রীহরিনাম জপে আসক্ত হইলে পাপিষ্ঠ ব্যক্তিগণও কামাদি বিঘ্ন কিংবা ত্রিতাপ জ্বালা কিংবা

ভয়ঙ্কর যমদূতগণ হইতে পরিত্রাণ পাইয়া থাকে ॥ ৪৭৫ ॥

টীকা—বিঘ্নাঃ কামাদয়ঃ, ত্রিতাপা বা ॥ ৪৭৫ ॥

বৃহদ্বিষ্ণুপুরাণে—

ক্ব নাকপৃষ্ঠগমনং পুনরাবৃত্তি-লক্ষণম্ ।
ক্ব জপো বাসুদেবেতি মুক্তিবীজমনুত্তমম্ ? ৪৭৬ ॥

অনুবাদ—বৃহদ্বিষ্ণুপুরাণে বলা হইয়াছে—যে স্বর্গ হইতে পুনরায় আসিতে হয় সেই স্বর্গই বা কোথায় এবং অত্যুত্তম মুক্তির কারণ শ্রীবাসুদেবের জপই বা কোথায় ? অর্থাৎ এই দুই এর মধ্যে অনেক পার্থক্য ॥ ৪৭৬ ॥

টীকা—ক্ব-দ্বয়স্য বিরোধোক্তত্বয়া ভগবন্নামজপস্য স্বর্গপ্রাপ্তিরতিতুচ্ছত্বাৎ ফলং ন স্যাদিত্যভিপ্রেতম্ । তর্হি কিন্তস্য ফলং, তদাহ—মুক্তেবীজং কারণম্ অনুত্তমং পরমোৎকৃষ্টমিতি যোগাভ্যাসাদেরপি তস্মান্নিকৃষ্টত্বং সূচিতম্ ॥ ৪৭৬ ॥

শ্রীমন্নামস্মরণ-মাহাত্ম্যম্

ইতিহাসোত্তমে—

স্বপ্নেঽপি নামস্মৃতিরাদিপুংসঃ
ক্ষয়ং করোত্যাহিত-পাপরাশেঃ ।
প্রযত্নতঃ কিং পুনরাদিপুংসঃ
প্রকীর্ত্তিতে নাম্নি জনার্দ্দনস্য ॥ ৪৭৭ ॥

অনুবাদ—শ্রীমন্নামস্মরণ-মহিমা ইতিহাসোত্তমে —আদিপুরুষ শ্রীভগবানের নাম স্বপ্নেও স্মরণ হইলে, যখন সঞ্চিত পাপসমূহ বিনষ্ট হয়, তখন যত্ন সহকারে জনার্দ্দনের নামসংকীর্ত্তন করিলে যে পাপরাশি ধ্বংস হইবে এ কথা কি বলার অপেক্ষা রাখে ? ৪৭৭

টীকা—আহিতস্য সঞ্চিতস্য পাপরাশেঃ ক্ষয়ং করোতি, প্রযত্নতো নাম্নি সঙ্কীর্ত্তিতে সতি পাপরাশেঃ ক্ষয়ঃ স্যাদিতি, কিং পুনর্বক্তব্যার্থঃ ॥ ৪৭৭ ॥

লঘুভাগবতে—

তে সভাগ্যা মনুষ্যেষু কৃতার্থা নৃপ নিশ্চিতম্ ।
স্মরন্তি যে স্মারয়ন্তি হরের্নাম কলৌ যুগে ॥ ৪৭৮ ॥

অনুবাদ—লঘুভাগবতে বলা হইয়াছে—কলিযুগে যাঁহারা শ্রীহরির নাম স্মরণ করেন ও অন্যকে করান, হে নৃপবর ! তাঁহারা নিশ্চয়ই কৃতকৃতার্থ ও ভাগ্যবান বলিয়া বিবেচিত ॥ ৪৭৮ ॥

পাদ্মে দেবহূতিস্তুতৌ—

প্রয়াণে চাপ্রয়াণে চ যন্নাম-স্মরণান্নৃণাম্ ।
সদ্যো নশ্যতি পাপৌঘো নমস্তস্মৈ চিদাত্মনে ॥৪৭৯॥

অনুবাদ—পদ্মপুরাণে দেবহূতিস্তুতি প্রসঙ্গে বলা হইয়াছে—মনুষ্যগণের পাপরাশি যাঁহার নাম জীবিতকালে বা মরণকালে স্মৃত হইলে সদ্য বিনষ্ট হয়, সেই চিৎস্বরূপ শ্রীহরিকে নমস্কার করি ॥ ৪৭৯ ॥

টীকা—প্রয়াণে মরণে, অপ্রয়াণে জীবনে চ ॥৪৭৯

তত্রৈবোত্তরখণ্ডে—

যন্নাম-স্মরণাদেব পাপিনামপি সত্বরম্ ।
মুক্তির্ভবতি জন্তূনাং ব্রহ্মাদীনাং সুদুর্ল্লভা ॥ ৪৮০ ॥

অনুবাদ—ঐ গ্রন্থেরই উত্তরখণ্ডে উক্ত হইয়াছে—ভয়ানক পাতকীগণও আমার নাম (শ্রীহরিনাম) স্মরণ করিলে ব্রহ্মাদি দেবতারও দুর্ল্লভগতি লাভ করিয়া থাকে ॥ ৪৮০ ॥

ব্রহ্মবৈবর্ত্তে—

যদনুধ্যানদাবাগ্নিদগ্ধকর্ম্মতৃণঃ পুমান্ ।
বিশুদ্ধঃ পশ্যতি ব্যক্তমব্যক্তমপি কেশবম্ ॥ ৪৮১ ॥
তদস্য নাম জীবস্য পতিতস্য ভবাম্বুধৌ ।
হস্তাবলম্ব-দানায় প্রবীণো নাপরো হরেঃ ॥ ৪৮২ ॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বলা হইয়াছে—যে নাম-চিন্তারূপ দাবানল-সংযোগে জীবের কর্ম্মরূপ তৃণসমূহ দগ্ধ হইয়া অব্যক্ত শ্রীকেশবের ব্যক্ত মূর্ত্তির দর্শন হয়, এই প্রকার সেই ভগবানের নামই ভবসমুদ্রে নিমজ্জিত জীবের উদ্ধারের কারণ। সত্য কথা এই যে শ্রীহরিনাম ব্যতীত ভব বন্ধন হইতে মুক্ত হওয়ার শ্রেষ্ঠ উপায় আর নাই ॥ ৪৮১-৪৮২ ॥

টীকা—যস্য নাম্নোঽনুধ্যানং চিন্তনমেব দাবাগ্নি-

স্তেন কৃত্বা দগ্ধানি কর্ম্মাণ্যেব তৃণানি শীঘ্রসমূলসুখ-দহ্যত্বাৎ যেন সঃ। তন্নাম অস্য সাক্ষান্নিরন্তর-দুঃখ-মনুভবতো ভবাম্বুধৌ পতিতস্য জীবস্য হস্তাবলম্বন-দানায় সমুদ্ধরণায় ভবতীতি দ্বাভ্যামন্বয়ঃ। ব্যক্তা-ব্যক্তত্বঞ্চ একস্যৈব সগুণ-নির্গুণত্বাদিনা, তচ্চ শ্রীভাগ-বতামৃতোত্তরখণ্ডে বিবৃতমেবাস্তি। অতঃ হরেরন্যঃ প্রবীণঃ শ্রেষ্ঠো নাস্তি, স এব সর্ব্বশ্রেষ্ঠ ইত্যর্থঃ ॥৪৮১

———

জাবালিসংহিতায়াম্—

হরের্নাম পরং জপ্যং ধ্যেয়ং গেয়ং নিরন্তরম্।
কীর্ত্তনীয়ঞ্চ বহুধা নির্বৃতীর্বহুধেচ্ছতা ॥ ৪৮৩ ॥

অনুবাদ—জাবালসংহিতায়—যাঁহারা সর্ব্বদা বিভিন্ন প্রকার সুখ খুঁজিয়া বেড়ান, তাঁহাদের নিরন্তর শ্রীহরির নাম জপ, ধ্যান ও কীর্ত্তন করা উচিত ॥৪৮৩

———

অথ শ্রীভগবন্নাম-মাহাত্ম্যম্

বৃহন্নারদীয়ে শ্রীনারদোক্তৌ—

যন্নাম শ্রবণেনাপি মহাপাতকিনোঽপি যে।
পাবনত্বং প্রপদ্যন্তে কথং স্তোষ্যামি খিন্নধীঃ ? ৪৮৪॥

অনুবাদ—অনন্তর শ্রীভগবন্নামমাহাত্ম্য বৃহন্নার-দীয়পুরাণে শ্রীনারদবাক্যে—যাঁহার নাম শ্রবণ মাত্রেই মহাপাতকীগণও পবিত্রতা লাভ করে, অল্পমতি আমি কিভাবে তাঁহার স্তব করিব ? ৪৮৪ ॥

———

ইতিহাসোত্তমে—

শ্রুতং সঙ্কীর্ত্তিতং বাপি হরেরাশ্চর্য্যকর্ম্মণঃ।
দহত্যেনাংসি সর্ব্বাণি প্রসঙ্গাৎ কিমু ভক্তিতঃ ? ৪৮৫

অনুবাদ—ইতিহাসোত্তমে—যখন পাপসমূহ আশ্চর্য্যকর্ম্মা শ্রীহরির নাম প্রসঙ্গক্রমে শ্রবণ বা সং-কীর্ত্তন করিলেই দগ্ধ হইয়া থাকে তখন ভক্তি পূর্ব্বক তাঁহার নাম শ্রবণ কিংবা কীর্ত্তন করিলে যে ফল হয় তাহা আর কি বলিব ? ৪৮৫ ॥

টীকা—শ্রুতং সঙ্কীর্ত্তিতমিতি ভাবে নিষ্ঠা। হরের্নামাত্মকস্য, নামেতি শেষো বা ॥ ৪৮৫ ॥

———

ষষ্ঠস্কন্ধে (১৬।৪৪) চিত্রকেতূক্তৌ—

ন হি ভগবন্নঘটিতমিদং ত্বদ্দর্শনান্নৃণামখিলাঘক্ষয়ঃ।
যন্নামসকৃচ্ছ্রবণাৎ পুক্কশোঽপি বিমুচ্যতে সাক্ষাৎ ॥ ইতি ॥ ৪৮৬ ॥

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে চিত্রকেতুর কথায়—হে ভগ-বন্ একবার মাত্র আপনার নাম শ্রবণ করিয়া পুক্কশ-জনও যখন মুক্তি লাভ করে, তখন আপনার দর্শন লাভ করিয়া মানবগণের যে পাপরাশি দগ্ধ হইবে না, একথা কি প্রকারে সম্ভব হয় ? ৪৮৬ ॥

টীকা—সাক্ষাৎ স্বয়মেব বিমুক্তো ভবতি, ইত্যনন্য-সাধনতোক্তা। যদ্বা, সাক্ষাদিতি বর্ত্তমানতচ্ছরীর এবেত্যর্থঃ। এতচ্চ প্রারব্ধবিনাশিত্বে পূর্ব্বং লিখি-তার্থমেব ॥ ৪৮৬ ॥

———

শ্রীমন্নাম্নাঞ্চ সর্ব্বেষাং মাহাত্ম্যেষু সমেষ্বপি।
কৃষ্ণস্যৈবাবতারেষু বিশেষঃ কোঽপি কস্যচিৎ ॥৪৮৭

অনুবাদ—শ্রীমান্ ভগবন্নামসমূহের মাহাত্ম্য সমান হইলেও ভগবানের অবতারসমূহের মধ্যে কৃষ্ণের কোনরূপ বিশেষ মাহাত্ম্য আছে ॥ ৪৮৭ ॥

টীকা—এবং সামান্যতো নাম্নাং সর্ব্বেষামপি মাহাত্ম্যং লিখিত্বা ইদানীং বিশেষতো লিখন্ তত্র মাহাত্ম্যস্য সাম্যেঽপি কিঞ্চিদ্বিশেষং দৃষ্টান্তেন সাধ-য়তি—শ্রীমদিতি; শ্রীমতো ভগবতঃ, শ্রীমতাং বা অশেষশোভাসম্পত্ত্যতিশয়যুক্তানাং নাম্নাং কস্য-চিন্নাম্নঃ কোঽপি মাহাত্ম্যবিশেষোঽস্তি। ননু চিন্তা-মণেরিব ভগবন্নাম্নাং মহিমা সর্ব্বোঽপি সম এব উচিত ইত্যাশঙ্ক্য দৃষ্টান্তেন সাম্যেঽপি কঞ্চিদ্বিশেষং দর্শয়তি—কৃষ্ণস্যৈবেতি। যথা শ্রীনৃসিংহরঘুনাথা-দীনাং মহাবতারাণাং সর্ব্বেষাং ভগবত্ত্বয়া সাম্যেঽপি 'কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্' (শ্রীভাঃ ১।৩।২৮) ইত্যুক্ত্যা কৃষ্ণস্যাবতারত্বেঽপি সাক্ষাদ্ভগবত্ত্বেন কশ্চিদ্বিশেষো দর্শিতস্তদ্বদিত্যর্থঃ। এতচ্চ শ্রীধরস্বামিপাদৈর্ব্যাখ্যা-তম্, শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে বিশেষতো নিরূপিত-মস্ত্যেব। পূর্ব্বং বহুবিধকামোপহতচিত্তান্ প্রতি তত্তৎকামসিদ্ধ্যর্থং তত্তন্নাম-বিশেষমাহাত্ম্যং লিখিতম্, অত্র চ সর্ব্বফলসিদ্ধয়ে নামবিশেষমাহাত্ম্যমিতি ভেদো দ্রষ্টব্যঃ ॥ ৪৮৭ ॥

———

অথ বিশেষতঃ শ্রীকৃষ্ণাবতার-মাহাত্ম্যম্

ব্রহ্মাণ্ডপুরাণে শ্রীকৃষ্ণাষ্টোত্তরশতনাম-মাহাত্ম্যে—

সহস্রনাম্নাং পুণ্যানাং ত্রিরাবৃত্ত্যা তু যৎ ফলম্।
একাবৃত্ত্যা তু কৃষ্ণস্য নামৈকং তৎ প্রযচ্ছতি ॥ ৪৮৮

অনুবাদ—অতঃপর বিশেষরূপে শ্রীকৃষ্ণাবতার মাহাত্ম্য—ব্রহ্মাণ্ডপুরাণে শ্রীকৃষ্ণের অষ্টোত্তরশতনামের মাহাত্ম্য—পবিত্র সহস্র নাম তিনবার পাঠ করিলে যে ফল হয়, শ্রীকৃষ্ণের অবতারসম্বন্ধি একটি নাম একবার মাত্র পাঠেই সেই ফল লাভ হয় ॥৪৮৮॥

টীকা—কৃষ্ণস্য কৃষ্ণাবতারসম্বন্ধি নামৈকমপি তৎফলম্ ॥ ৪৮৮ ॥

ইদং কিরীটী সংজপ্য জয়ী পাশুপতাস্ত্রভাক্।
কৃষ্ণস্য প্রাণভূতঃ সন্ কৃষ্ণং সারথিমাপ্তবান্ ॥৪৮৯
কিমিদং বহুনা শংসন্ মানুষানন্দনির্ভরঃ।
ব্রহ্মানন্দমবাপ্যান্তে কৃষ্ণসাযুজ্যমাপ্নুয়াৎ ॥ ৪৯০ ॥

অনুবাদ—এই শ্রীকৃষ্ণাবতারসম্বন্ধি নাম জপ করিয়া তৃতীয় পাণ্ডব অর্জ্জুন পাশুপত অস্ত্রলাভ করিয়াছিলেন এবং শ্রীকৃষ্ণের প্রাণসখা হইয়া যুদ্ধ-ক্ষেত্রে সারথিরূপে তাঁহাকে লাভ করিয়াছিলেন। অধিক কি শ্রীকৃষ্ণাবতার নাম বলিতে বলিতে মানুষ আনন্দে বিভোর হইয়া ব্রহ্মানন্দ লাভ করিয়া পরিশেষে কৃষ্ণ সাযুজ্য লাভ করে ॥ ৪৮৯-৪৯০ ॥

টীকা—ইদং শ্রীকৃষ্ণাবতারসম্বন্ধি নাম; বহুনা কিম ইদং শ্রীকৃষ্ণাবতারনাম। শ্রীকৃষ্ণেন সাযুজ্যং নিত্যসংযোগম্ ॥ ৪৯০ ॥

বারাহে চ শ্রীমথুরামাহাত্ম্যে—

তত্র গুহ্যানি নামানি ভবিষ্যন্তি মম প্রিয়ে।
পুণ্যানি চ পবিত্রাণি সংসারচ্ছেদনানি চ ॥ ৪৯১ ॥

অনুবাদ—বরাহপুরাণে শ্রীমথুরামাহাত্ম্যে—হে প্রিয়ে! সেই শ্রীকৃষ্ণলীলায় আমার গোপনীয় নাম-সমূহ মঙ্গলাবহ পরমশোধক ও সংসারচ্ছেদক হইবে ॥ ৪৯১ ॥

টীকা—গুহ্যানীতি মাহাত্ম্যবিশেষো দর্শিতঃ, আনুষঙ্গিকফলঞ্চাহ—পুণ্যানি মঙ্গলাবহানি, পবিত্রাণি পরমশোধকানি, সংসারচ্ছেদকানি মুক্তিদানীতি। যদ্বা, গুহ্যত্বমেবাহ। পুণ্যস্বরূপাণি পবিত্ররূপাণি চ, তথা সম্যক্ সারস্য মোক্ষস্য ছেদনানি মুমুক্ষানিবর্ত্তনেনৈব তদেকনিষ্ঠতাপাদকানীত্যর্থঃ ॥ ৪৯১ ॥

তত্রৈব বিশেষতঃ শ্রীকৃষ্ণেতি-নাম-মাহাত্ম্যম্

দ্বারকামাহাত্ম্যে প্রহলাদ-বলি-সংবাদে—

অতীতাঃ পুরুষাঃ সপ্ত ভবিষ্যাশ্চ চতুর্দ্দশ।
নরস্তারয়তে সর্ব্বান্ কলৌ কৃষ্ণেতি-কীর্ত্তনাৎ ॥৪৯২
কৃষ্ণ কৃষ্ণেতি কৃষ্ণেতি স্বপন্ জাগ্রদ্ ব্রজংস্তথা।
যো জল্পতি কলৌ নিত্যং কৃষ্ণরূপী ভবেদ্ধি সঃ ॥৪৯৩

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে প্রহলাদ-বলি-সংবাদে—কলিকালে শ্রীকৃষ্ণকীর্ত্তনকারী মনুষ্য তাহার অতীত সাত পুরুষ ও ভবিষ্যৎ চৌদ্দপুরুষকে উদ্ধার করিয়া থাকেন। কলিযুগে যে ব্যক্তি স্বপ্নাবস্থায়, জাগ্রৎসময়ে ও গমনকালে নিত্য কৃষ্ণ! কৃষ্ণ! কৃষ্ণ! এই প্রকার উচ্চারণ করেন, তিনি কৃষ্ণরূপী হন ॥ ৪৯২-৪৯৩ ॥

ব্রহ্মবৈবর্ত্তে—

হনন্ ব্রাহ্মণমত্যন্তং কামতো বা সুরাং পিবন্।
কৃষ্ণ কৃষ্ণেত্যহোরাত্রং সঙ্কীর্ত্য শুচিতামিয়াৎ ॥৪৯৪

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—নিজের হাতে ব্রহ্ম-হত্যা কিংবা স্বেচ্ছায় সুরাপান করিয়া থাকিলেও অহো-রাত্র কৃষ্ণ! কৃষ্ণ! এইরূপ সংকীর্ত্তন করিয়া মানুষ পবিত্র হইয়া থাকে ॥ ৪৯৪ ॥

টীকা—অত্যন্তং সাক্ষাৎ স্বহস্তেন বাহুল্যেনেত্যর্থঃ। তত্র চ হনন্ ঘ্নন্নিতি বর্ত্তমাননির্দ্দেশেন অনিবৃত্তিং বোধয়তি। এবমন্যত্রাপূহ্যম্। অহোরাত্রমেকমেব সংকীর্ত্য ইতি সঙ্কীর্ত্তনস্য বাহুল্যমাত্রমভিপ্রেতম্। যদ্বা, অহোরাত্রং সুরাং পিবন্নপি ইতি সম্বন্ধঃ ॥৪৯৪॥

বিষ্ণুধর্ম্মে—

কৃষ্ণেতি মঙ্গলং নাম যস্য বাচি প্রবর্ত্ততে।
ভস্মীভবন্তি রাজেন্দ্র মহাপাতককোটয়ঃ ॥ ৪৯৫ ।

অনুবাদ—বিষ্ণুধর্ম্মে কথিত হইয়াছে—পরম মঙ্গলময় শ্রীকৃষ্ণনাম যাহার বদন হইতে নির্গত হন, হে রাজেন্দ্র! সেই মনুষ্যের কোটি মহাপাতক ভস্মীভূত হয় ॥ ৪৯৫ ॥

টীকা—যস্য বাচি প্রবর্ত্ততে, শ্রদ্ধাদিকমন্তরেণ সাঙ্কেত্যাদিনা কথঞ্চিদপি জিহ্বায়াং স্বয়মেবোদেতীত্যর্থঃ। তস্য সদ্যো ভস্মীভবন্তি। ন কেবলমেতাবদেব, কিন্তু পরমশুভাবহং পরমসুখাত্মকং চেত্যাহ—মঙ্গলমিতি ॥ ৪৯৫ ॥

নারসিংহে শ্রীভগবদুক্তৌ—

কৃষ্ণ কৃষ্ণেতি কৃষ্ণেতি যো মাং স্মরতি নিত্যশঃ।
জলং ভিত্ত্বা যথা পদ্মং নরকাদুদ্ধরাম্যহম্ ॥ ৪৯৬ ॥

অনুবাদ—নৃসিংহপুরাণে শ্রীভগবানের বাক্য—কৃষ্ণ! কৃষ্ণ! কৃষ্ণ! এই বলিয়া যে ব্যক্তি নিত্যকাল আমাকে স্মরণ করে, জলজপদ্ম যেমন জল ভেদ করিয়া ওঠে, সেই প্রকার আমি তাহাকে নরক হইতে উদ্ধার করিয়া থাকি ॥ ৪৯৬ ॥

গারুড়ে পাদ্মে চ—

সংসার-সর্পসন্দষ্টং নষ্টচেষ্টৈকভেষজম্।
কৃষ্ণেতি বৈষ্ণবং মন্ত্রং শ্রুত্বা মুক্তো ভবেন্নরঃ ॥৪৯৭

অনুবাদ—গরুড়পুরাণে ও পদ্মপুরাণে বলা হইয়াছে—সংসাররূপ সর্পদংশনে যে ব্যক্তি চেষ্টাহীন হইয়া পড়িয়াছে, একমাত্র ঔষধ-স্বরূপ 'কৃষ্ণ' এই বৈষ্ণবমন্ত্র শ্রবণ করিয়া সেই ব্যক্তি বিষজ্বালা হইতে মুক্তি পাইয়া থাকে ॥ ৪৯৭ ॥

টীকা—কৃষ্ণেতি নামৈকং বা সকৃৎ প্রত্যহং স্মরতি, জলমেকার্ণবোদকং ভিত্ত্বা পদ্মংভূপদ্মং পৃথিবীমণ্ডলং যথা উদ্ধরামি; যদ্বা, জলং ভিত্ত্বা যথা পদ্মমুদ্ভবতি তথা নরকনিমগ্নমপ্যুদ্ধরামি। তত্র যথা পদ্মস্য জলসম্পর্কো ন স্যাদেবেবং তস্য পুনর্নরকসম্বন্ধো নৈবেতি মোক্ষোঽভিপ্রেতঃ, প্রারব্ধকর্ম্মনাশশ্চ দর্শিতঃ। সংসার এব সর্পস্তেন সম্যক্ দষ্টস্য, অতএব নষ্টচেষ্টস্য একমদ্বিতীয়ং ভেষজং তন্নিবর্ত্তকমিত্যর্থঃ। বৈষ্ণবমিতি গারুড়াদিমন্ত্রতো বিশিষ্টতোক্তা ॥ ৪৯৬ ৪৯৭ ॥

প্রভাসপুরাণে নারদকুশধ্বজসংবাদে শ্রীভগবদুক্তৌ—

নাম্নাং মুখ্যতরং নাম কৃষ্ণাখ্যং মে পরন্তপ।
প্রায়শ্চিত্তমশেষাণাং পাপানাং মোচকং পরম্ ॥ ৪৯৮

অনুবাদ—প্রভাসপুরাণে নারদ-কুশধ্বজ-সংবাদে শ্রীভগবানের বাক্য—হে পরন্তপ! আমার নামসমূহের মধ্যে শ্রীকৃষ্ণনামই শ্রেষ্ঠতর, এই নাম অশেষ পাপের প্রায়শ্চিত্ত স্বরূপ ও পরম মুক্তি দায়ক ॥ ৪৯৮ ॥

টীকা—পরং মোচকং পরমমুক্তিকরমিত্যর্থঃ ॥৪৯৮

পাদ্মে—

যত্র যত্র স্থিতো বাপি কৃষ্ণকৃষ্ণেতি কীর্ত্তয়েৎ।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা স গচ্ছেৎ পরমাং গতিম্ ॥৪৯৯॥

অনুবাদ—পদ্মপুরাণে বলা হইয়াছে—যে কোনও স্থানে থাকিয়া কৃষ্ণ! কৃষ্ণ! এইরূপ বলিয়া কীর্ত্তন করিলে মানব সর্ব্বপাপ হইতে মুক্ত ও বিশুদ্ধ হইয়া পরমাগতি লাভ করে ॥ ৪৯৯ ॥

টীকা—পরমাং গতিং বৈকুণ্ঠলোকমিত্যর্থঃ ॥৪৯৯

বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীকৃষ্ণসহস্রনামস্তোত্রে—

বল্লবীকান্ত কিন্তৈস্তৈরুপায়ৈঃ কৃষ্ণনাম তে।
কিন্তু জিহ্বাগ্রগং জাগ্রন্নিরুদ্ধে হি মহাভয়ম্ ॥৫০০॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে শ্রীকৃষ্ণসহস্রনামস্তোত্রে—হে বল্লভীকান্ত! কর্ম্মজ্ঞানাদি সাধনায় আমার কি প্রয়োজন? আপনার কৃষ্ণনাম আমার রসনায় বিরাজমান থাকিলে আর সংসার ভয়ের ভাবনা কোথায়? ৫০০ ॥

টীকা—তৈস্তৈঃ কর্ম্মজ্ঞানাদিভিঃ শ্রবণাদিভক্তিপ্রকারৈশ্চ কিম্? জাগ্রৎ সদা প্রকাশমানং জিহ্বাগ্রগমপি সৎ মহাভয়ং সংসারং নিরুন্ধে ব্যাবর্ত্তয়তি; যদ্বা, মহৎ অভয়ং মোক্ষন্তমপি নিরুন্ধে, ততোঽপি পরমানন্দরসবিশেষময়ত্বাৎ ॥ ৫০০ ॥

তত্রৈবান্যত্র—

সত্যং ব্রবীমি তে শম্ভো গোপনীয়মিদং মম।
মৃত্যুসঞ্জীবনীং নাম কৃষ্ণাখ্যামবধারয় ॥ ৫০১ ॥

অনুবাদ—ঐ বিষ্ণুধর্ম্মোত্তরেই অন্যত্র বলা হই-য়াছে—হে মহাদেব ! আমি তোমাকে সত্য করিয়া বলিতেছি, অতি গোপনীয় আমার এই কৃষ্ণনাম। এই নামকে মৃতসঞ্জিবনী বলিয়া মনে করিবে ॥ ৫০১ ॥

টীকা—মৃত্যুসঞ্জীবনীং মৃত্যোতোঽপি সম্যক্ জীব-য়তি যা বিদ্যা ওষধির্বা তাম্। মৃতসঞ্জীবনীতি পাঠো বা ॥ ৫০১॥

———

ভারতবিভাগে—

কৃষ্ণঃ কৃষ্ণঃ কৃষ্ণ ইত্যন্তকালে
জল্পন্ জন্তুর্জীবিতং যো জহাতি।
আদ্যঃ শব্দঃ কল্পতে তস্য মুক্ত্যৈ
ব্রীড়ানম্রৌ তিষ্ঠতোঽন্যাবৃণস্থৌ ॥ ৫০২ ॥

অনুবাদ—ভারতবিভাগে বলা হইয়াছে—মরণ-কালে যে ব্যক্তি কৃষ্ণ, কৃষ্ণ, কৃষ্ণ বলিয়া জপ করিতে করিতে প্রাণত্যাগ করে, তাহার মুক্তির জন্য প্রথম উচ্চারিত কৃষ্ণ নামই কার্য্যকর তবে অন্য অবশিষ্ট নামদ্বয় কোনও কার্য্য করিতে না পারিয়া লজ্জায় ঋণগ্রস্তের ন্যায় অবনতবদনে অবস্থিতি করেন॥৫০২

টীকা—অন্তকালে মরণসময়েঽপি, আদ্যঃ প্রাগুক্তঃ ; শব্দঃ কৃষ্ণনাম, অন্যৌ দ্বৌ শব্দৌ ঋণস্থৌ ঋণিনৌ সন্তৌ তিষ্ঠতঃ ; তদ্বশ্যতয়া কৃষ্ণ কৃষ্ণেতি সদা তন্মুখাদিষু প্রাদুর্ভবতীতি ভাবঃ। নাম-নামিনো-রভেদেন নাম্নঃ ঋণস্থত্বাৎ নামিনোঽপি ঋণস্থতয়া ভগবদ্বশীকারিত্বং জ্ঞেয়ম্ ॥ ৫০২ ॥

———

অন্যত্রাপি—

নাম চিন্তামণিঃ কৃষ্ণশ্চৈতন্যরসবিগ্রহঃ।
পূর্ণঃ শুদ্ধো নিত্যমুক্তোঽভিন্নত্বান্নামনামিনোঃ ॥৫০৩

অনুবাদ—অন্যত্রও বলা হইয়াছে—কৃষ্ণনাম চিন্তা-মণি স্বরূপ, স্বয়ং কৃষ্ণ, চৈতন্যরসমূর্ত্তি, পূর্ণ, মায়াতীত, নিত্যমুক্ত, যেহেতু নাম ও নামী অভেদতত্ত্ব ॥ ৫০৩ ॥

টীকা—কৃষ্ণেতি নাম চিন্তামণিরিব চিন্তামণিঃ, সেবকস্য চিন্তিতার্থপ্রদত্বাৎ ; কৃষ্ণনাম্নঃ স্বরূপমাহ—চৈতন্যেত্যাদিবিশেষণচতুষ্কেণ। যদ্যপি নামবিশেষণ-ত্বেন চৈতন্যরসবিগ্রহাদিপদানাং নপুংসকত্বমুপযুজ্যতে, তথাপি নামনামিনোরভেদবিবক্ষয়া কৃষ্ণ ইত্যস্য বিশেষণত্বেন পুংস্ত্বং, যথা—'নারায়ণো নাম নরো নরাণাং, প্রসিদ্ধচৌরঃ কথিতঃ পৃথিব্যাম্' ইত্যাদি॥৫০৩

———

অতএবোক্তম্—

তেভ্যো নমোঽস্তু ভববারিধিজীর্ণপঙ্ক-
সংমগ্নমোক্ষণবিচক্ষণ-পাদুকেভ্যঃ।
কৃষ্ণেতি বর্ণযুগলশ্রবণেন যেষা-
মানন্দথুর্ভবতি নর্ত্তিত রোম বৃন্দঃ ॥ ৫০৪ ॥

অনুবাদ—অতএব উক্ত হইয়াছে—ভবসমুদ্রের জীর্ণপঙ্ক নিমগ্ন জীবগণের উদ্ধারকার্য্যে যাঁহাদের পাদুকা সুদক্ষ, 'কৃষ্ণ' এই দুই বর্ণ শ্রবণে যাঁহাদের আনন্দাশ্রু অনবরত নিপতিত ও যাঁহাদের হর্ষরোমাঞ্চ হয়, সেই ভক্তগণকে নমস্কার ॥ ৫০৪ ॥

টীকা—এবং কৃষ্ণনাম-মাহাত্ম্যবিশেষং লিখিত্বা অধুনা তচ্ছ্রবণানন্দিতান্ প্রণমন্ তানেব পরিপোষয়ন্ লিখতি—তেভ্য ইতি। ভববারিধের্জীর্ণে পুরাতনে পঙ্কে সংমগ্নস্য মোক্ষণে বিচক্ষণা অভিজ্ঞা পাদুকাপি যেষাং তেভ্যঃ ॥ ৫০৪ ॥

———

কিঞ্চ দ্বিতীয়স্কন্ধে (৩।২৪)—

তদশ্মসারং হৃদয়ং বতেদং
যদ্গৃহ্যমাণৈর্হরিনামধেয়ৈঃ।
ন বিক্রিয়েতাথ যদা বিকারো
নেত্রে জলং গাত্ররুহেষু হর্ষঃ ॥ ৫০৫ ॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবত দ্বিতীয়স্কন্ধে আরও বলা হইয়াছে—যাহার হৃদয় শ্রীহরিনাম গ্রহণ করিয়াও বিকার প্রাপ্ত হয় না অর্থাৎ আনন্দহেতু দ্রবীভূত হয় না, নেত্র প্রেমাশ্রুপূর্ণ হয় না এবং রোমাঞ্চ হয় না, হায় ! তাহার হৃদয় পাথরের মত কঠিন জানিতে হইবে ॥ ৫০৫ ॥

টীকা—ইত্থং পরমমাহাত্ম্যবিশেষবতো ভগবন্নাম্নঃ শ্রবণাদিনাপ্যানন্দরহিতান্ প্রসঙ্গান্নিন্দতি—তদশ্মেতি দ্বাভ্যাম্। অশ্মবৎ সারঃ স্থিরাংশঃ কাঠিন্যং যস্য তৎ। বিক্রিয়ালক্ষণম্—অথেতি। গাত্ররুহেষু লোমসু হর্ষঃ উদ্গমঃ ॥ ৫০৫ ॥

———

ইতিহাসোত্তমে চ—

নাম্নি সঙ্কীর্ত্তিতে বিষ্ণোর্যস্য পুংসো ন জায়তে।
সরোমপুলকং গাত্রং স ভবেৎ কুলিশোপমঃ ॥৫০৬॥

অনুবাদ—ইতিহাসোত্তমে—শ্রীবিষ্ণুর নামকীর্ত্তনে যাহার গাত্র রোমাঞ্চিত না হয় সেই মনুষ্য বজ্রের মত কঠিন ॥ ৫০৬ ॥

অথ শ্রীমন্নামকীর্ত্তন-নিত্যতা

কাত্যায়ন-সংহিতায়াম্—

নামসঙ্কীর্ত্তনাজ্জাতং পুণ্যং নোপচয়ন্তি যে।
নানাব্যাধিসমাযুক্তাঃ শতজন্মসু তে নরাঃ ॥ ৫০৭ ॥
সা হানিস্তন্মহচ্ছিদ্রং স মোহঃ স চ বিভ্রমঃ।
যন্মুহূর্ত্তং ক্ষণং বাপি বাসুদেবং ন কীর্ত্তয়েৎ ॥৫০৮

অনুবাদ—অনন্তর শ্রীমন্নাম-কীর্ত্তন-নিত্যতা, কাত্যায়ন সংহিতায়—যাহারা শ্রীনামসংকীর্ত্তন হইতে প্রাপ্তব্য পুণ্য সংগ্রহ করে না, তাহারা শত শত জন্ম ধরিয়া বিভিন্ন ব্যাধিগ্রস্থ হইয়া কষ্ট ভোগ করে। শ্রীহরিকীর্ত্তনে যে সময় ব্যয় করা না হয় তাহাই ক্ষতি, তাহাই মহৎছিদ্র, তাহাই মোহ ও তাহাই বিভ্রম অর্থাৎ মনুষ্য জন্ম পাইয়া শ্রীনামসংকীর্ত্তন করা না হইলে জীবন ব্যর্থতায় পর্যাবসিত হয় ॥ ৫০৭-৫০৮ ॥

টীকা—তেষু তেষু অসংখ্যেষু জন্মসু নানাবিধ-ব্যাধিযুক্তা ভবন্তি। মুহূর্ত্তং ক্ষণং বাপি বাসুদেবং ন কীর্ত্তয়েদিতি যৎ, সৈব হানিঃ পুরুষার্থক্ষয়ঃ, তদেব মহৎ ছিদ্রম্ কর্ম্মসাঙ্গতায়া অন্তরায়ে বা। স এব মোহোঽজ্ঞানম্, স এব চ বিভ্রমঃ ভ্রান্তিবিশেষঃ, সংসার ভ্রমণং বা ॥ ৫০৮ ॥

পাদ্মে বৈশাখ-মাহাত্ম্যে যমব্রাহ্মণ-সংবাদে—

অবমত্য চ যে যান্তি ভগবৎকীর্ত্তনং নরাঃ।
তে যান্তি নরকং ঘোরং তেন পাপেন কর্ম্মণা ॥৫০৯

অনুবাদ—পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে যম-ব্রাহ্মণ-সংবাদে—ভগবৎকীর্ত্তনে লক্ষ্য না করিয়া যাহারা অন্যত্র গমন করে, তাহারা পাপকর্ম্মহেতু দারুণ নরকে স্থান লাভ করে ॥ ৫০৯ ॥

টীকা—এবং নামসংকীর্ত্তনস্য নিত্যতাং লিখিত্বা নামকীর্ত্তনশ্রবণানুমোদনাদিনিত্যতামপি লিখতি—অবমত্যেতি। যে ভগবৎকীর্ত্তনমনাদৃত্যান্যতো যান্তি ॥ ৫০৯ ॥

শ্রুতয়শ্চ—

ওঁ আস্য জানন্তো নাম চিদ্বিবিক্তন
মহস্তে বিষ্ণো সুমতিং ভজামহে ॥৫১০॥
ওঁ তৎ সৎ ওঁ পদং দেবস্য নমসা
ব্যন্তঃ শ্রবস্যবশ্রব আপন্নমৃক্তম্।
নামানি চিদ্দধিরে যজ্ঞিয়ানি
ভদ্রায়াস্তে রণয়ন্তঃ সংদৃষ্টৌ ॥ ৫১১ ॥
ওঁ তমু স্তোতারঃ পূর্ব্বং যথাবিদ
ঋতস্য গর্ভং জনুষা পিপর্ত্তন।
আস্য জানন্তো নাম চিদ্বিবিক্তন মহস্তে বিষ্ণো সুমতিং ভজামহে ॥ ইত্যাদ্যা ইতি ॥ ৫১২ ॥

অনুবাদ—যেহেতু শ্রুতিতে বলা হইয়াছে—হে বিষ্ণো। তোমার এই জ্ঞানস্বরূপ, সর্ব্বপ্রকাশক ও সুজ্ঞেয় নাম আমরা বিচার করিয়া ভজনা করি। হে পরমারাধ্য। আপনার শ্রীচরণকমলে আমরা অসংখ্য প্রণাম, কারণ ঐ শ্রীচরণ-মাহাত্ম্য শুনিলে ভক্ত ব্যক্তি যশঃ ও মোক্ষের অধিকারী হইতে পারেন। যাঁহারা ঐ চরণকমলের পূজ্যতা নির্দ্ধারণের জন্য বিতর্ক করেন এবং পরস্পর কীর্ত্তনে তাহা ঠিক করেন, তাঁহাদের মনোমধ্যে আসক্তি প্রকাশ পাইলে, তাঁহারা তোমার সাক্ষাৎকারের নিমিত্ত চৈতন্যস্বরূপ আপনারই নামাশ্রয় করেন। সেই প্রাচীন, প্রসিদ্ধ, পূর্ণ-পদার্থ শ্রীকৃষ্ণসম্বন্ধে তোমরা যাহা জান, তাহা কীর্ত্তন করিয়া জন্ম সফল কর, আমরা কিন্তু তাহা করিতে পারিতেছি না; যেহেতু তাঁহার স্তব বা কীর্ত্তন কিভাবে করিতে হয় তাহা যখন আমরা জানি না, তখন নাম করাই আমাদের নিত্য কার্য্য ॥ ৫১০-৫১২ ॥

টীকা—চৈতন্যদেবং তং বন্দে যস্য নাম-সমাশ্রয়াৎ। প্রাপ্নুয়াদধিকারিত্বং সর্ব্বত্রানধিকার্য্যপি ॥ স্মৃত্যুক্তমেবার্থং শ্রুতিভিঃ প্রমাণয়ন্ লিখতি—শ্রুতয়শ্চেতি। আস্য এতদিত্যর্থঃ, হে বিষ্ণু এতন্নাম জানন্তঃ। যদ্বা, আ অস্যেতি পদদ্বয়ম্, অস্য প্রকটা-

নন্তাত্তু তন্মাহাত্ম্যস্য তব নাম আ সম্যক্ জানন্তঃ বিচারয়ন্তঃ নামৈব বিবিক্তন ব্রুবাণা নামৈব ভজামহে। তচ্চ কতমৎ ? চিৎ কিঞ্চিৎ, ন তত্র নিয়ম ইত্যর্থঃ। অনেন সর্ব্বস্যৈব নাম্নঃ সাম্যমভিপ্রেতম্। যদ্বা, কীদৃশম্ ? চিৎ জ্ঞানস্বরূপং মহঃ সর্ব্বপ্রকাশকং, তত এব সর্ব্ববেদাদ্যাবির্ভাবাৎ। তথা চোক্তং শ্রীব্রহ্মণা নামময়াষ্টাদশাক্ষরমন্ত্রপ্রসঙ্গে তাপনীয়শ্রুতৌ (১।২৮) 'তেভ্যক্ষরেষু ভবিষ্যজ্জগদ্রূপং প্রকাশয়ন্' ইতি। যদ্বা, মহঃ পরমানন্দম্, এবং ব্রহ্মস্বরূপমিত্যর্থঃ। পুনশ্চ কীদৃশম্ ? সুমতিং সুষ্ঠু মন্যত ইতি তথা তৎ সুজ্ঞেয়ং, ন চাত্মরূপাদিবদ্দুর্জ্ঞেয়মিত্যর্থঃ। যদ্বা, মতিবিদ্যা শোভনবিদ্যারূপম্, এবং সাধ্যত্বং সাধনত্বং চোক্তম্। অতস্তদেব ভজনীয়ং ভজামহ ইতি ॥ ৫১০ ॥

টীকা—কিঞ্চ, দেবস্য মায়য়া ক্রীড়তোঽপি, যদ্বা, পরমপূজ্যস্য তব পদ্যাতে জ্ঞায়ত ইতি পদং স্বরূপং পদারবিন্দং বা প্রতি নমসা নত্যা ব্যন্তঃ তন্বানাঃ, নমস্কারং বহুধা বহুলং কুর্ব্বাণা ইত্যর্থঃ। রণয়ন্তঃ তন্নির্ব্বচনে বিবাদং কুর্ব্বাণাঃ। যদ্বা, পদমেব নমস্কারদ্বারা ব্যন্তঃ সন্তন্বন্তঃ প্রকটয়ন্ত ইত্যর্থঃ। তদেব রণয়ন্তঃ অন্যোঽন্যং কীর্ত্তয়ন্তশ্চ। সংদৃষ্টৌ সম্যগবধারণে সতি, অন্তে পশ্চাৎ ; যদ্বা, তন্নিষ্ঠায়াঞ্চ সত্যাং ভদ্রায় আত্মনঃ শ্রেয়সে ; যদ্বা, ভদ্রায়েত্যস্যৈব বিবরণং সংদৃষ্টাবিতি সম্যগ্‌দর্শনে নিমিত্তে, ত্বাং সাক্ষাদ্ দ্রষ্টুমিত্যর্থঃ। তব নামান্যেব চিৎ চৈতন্যরূপাণি দধিরে ধৃতবন্তঃ নিশ্চয়েনাশ্রিতবন্ত ইত্যর্থঃ। কীদৃশং পদম্ ? অবশ্রবে সমন্তাৎ শ্রূয়মাণে শ্রবসি কীর্ত্তৌ বিষয়ে আপন্নানাং ভক্তানাং যশো গায়তামিত্যর্থঃ। মৃক্ মৃজা পরিশোধনং, তাং তনোতি ইতি আপন্নমৃক্তম্। যদ্বা, মার্ষ্টি শুধ্যতীতি মৃক্, তস্য ভাবো মৃক্তা, আপন্নানাং মৃক্তা যস্মাৎ ; পুনঃ কীদৃশম্ ? তৎ সৎ পরব্রহ্মস্বরূপমিত্যর্থঃ। যদ্বা, শ্রবস্যবশ্রব ইতি নামান্যেব দধির ইত্যত্র হেতুঃ—নাম্নামেব মাহাত্ম্যবিশেষে শ্রূয়মাণে সতীত্যর্থঃ ॥৫১১

টীকা—কিঞ্চ, উ বিস্ময়ে নির্দ্ধারে বা। তং প্রসিদ্ধং ভগবন্তং শ্রীকৃষ্ণং স্তোতারঃ স্তুধ্বমিত্যর্থঃ। কথং ? যথাবিদ যথা জানীথ, তথৈব ন তৎস্তোত্রাদিনিয়ম ইত্যর্থঃ। কথম্ভূতং ? পূর্ব্বং পুরাতনং, ন স্তুধনাবতীর্ণত্বেন নূতনমিত্যর্থঃ। এবমবতারিত্বমুক্তম্। কিঞ্চ, ঋতস্য বেদস্য গর্ভং তাৎপর্য্যগোচরমিত্যর্থঃ। যদ্বা, ঋতস্য ব্রহ্মণঃ গর্ভং সারভূতং সচ্চিদানন্দঘনমিত্যর্থঃ। ততশ্চ জনুষা পিপর্ত্তন পূর্ণা ভবত, জন্মানি সমাপয়তেত্যর্থঃ। যদ্বা, তং দেবং জনুষা পিপর্ত্তন স্বচ্ছন্দচরিতেন বহুবিধেন জন্মনা পূরয়ত, মৎস্যাদ্যবতারৈরন্বিতং পরিপূর্ণং বর্ণয়তেত্যর্থঃ। কিঞ্চ, অস্য দেবস্য নাম চ আ বিবিক্তন্, সম্যক্ কীর্ত্তয়ত। হে জানন্তঃ, ভো বিদ্বাংসঃ, যদ্বা, অজানন্তঃ সর্ব্বোৎকৃষ্টতয়াবধারয়ন্তঃ সন্তঃ। হে বিষ্ণো বয়ন্তু স্তোতুং জ্ঞাতুং চাসমর্থাঃ, কেবলং তব নামৈব ভজামহে। অন্যৎ পূর্ব্ববৎ। যদ্বা, হে বিষ্ণো যথা বিদন্তীতি যথাবিদঃ সন্তো যথা বিদ্বস্তথেত্যর্থঃ। তং নামরূপং ত্বাং স্তোতারঃ স্তুবন্তঃ। অতএব জনুষা পিপর্ত্তন জন্মনঃ পূর্ত্তিং কুর্ব্বাণাঃ। অজানন্তঃ বিচারয়ন্তঃ, বিবিক্তন কীর্ত্তয়ন্তশ্চ তব নাম ভজামহে। তমিত্যত্র তদিতি বা পাঠঃ। ততশ্চ তন্নামৈবৈকং স্তোতার ইত্যাদীনাং কর্ম্ম। তস্যৈব বিশেষণং পূর্ব্বমিত্যাদি। যদ্বা, হেতৌ শতৃঙ্। তং তাং স্তোতুমাজ্ঞাতুং কীর্ত্তয়িতুঞ্চ তব নামৈব ভজামহে, তন্নামসেবনেনৈব তব স্তুতিঃ সম্যক্ জ্ঞানং কীর্ত্তনঞ্চ সম্পদ্যত ইত্যর্থঃ। অন্যৎ সমানম্। অলমতি বিস্তরেণ ॥৫১২

ঈদৃশে নামমাহাত্ম্যে শ্রুতি-স্মৃতি-বিনিশ্চিতে।
কল্পয়ন্ত্যর্থবাদং যে তে যান্তি ঘোরযাতনাম্ ॥৫১৩॥

অনুবাদ—শ্রুতি-স্মৃতি-কর্ত্তৃক নির্দ্ধারিত এই প্রকার শ্রীনামমাহাত্ম্য-বিষয়ে অর্থবাদ কল্পনা যাহারা করে, তাহারা নরকাদি ঘোর যাতনা ভোগ করিয়া থাকে ॥ ৫১৩ ॥

টীকা—এবং বহুলস্মৃতিশ্রুতিবচনৈঃ শ্রীমন্নামমাহাত্ম্যং নির্দ্ধার্য্য, তত্র কথঞ্চিদপ্যর্থবাদো ন কল্পয়িতব্য ইতি দুষ্টমীমাংসকান্ শিক্ষয়ন্নিব লিখতি—ঈদৃশ ইতি অর্থবাদকল্পনা চাত্র ন ঘটত ইতি অজামিলোপাখ্যানে শ্রীধরস্বামিপাদৈস্তথা ভগবন্নামকৌমুদীকার শ্রীলক্ষ্মীধর-স্বামিপাদাদিভিশ্চ সন্যায়ং ব্যাখ্যাতমস্ত্যেবেতি, কিমত্র লিখন-প্রয়াসেন ॥ ৫১৩॥

অথ শ্রীভগবন্নামার্থবাদকল্পনাদূষণম্

কাত্যায়নসংহিতায়াম্—

অর্থবাদং হরের্নাম্নি সম্ভাবয়তি যো নরঃ।
স পাপিষ্ঠো মনুষ্যাণাং নিরয়ে পততি স্ফুটম্ ॥৫১৪

অনুবাদ—অনন্তর শ্রীভগবন্নামে অর্থবাদ কল্পনার দোষ প্রদর্শন, কাত্যায়ন সংহিতায়—যে ব্যক্তি শ্রীহরির নামে অর্থবাদ কল্পনা করে, মনুষ্যগণের মধ্যে সেই পাপিষ্ঠ নিশ্চয়ই নরকগামী হয় ॥ ৫১৪ ॥

টীকা—যঃ সম্ভাবয়ত্যপি, কিং পুনঃ কল্পয়েদিতি ॥ ৫১৪ ॥

———

ব্রহ্মসংহিতায়াং বৌধায়নং প্রতি শ্রীভগবদুক্তৌ—

যন্নামকীর্ত্তনফলং বিবিধং নিশম্য
ন শ্রদ্দধাতি মনুতে যদুতার্থবাদম্।
যো মানুষস্তমিহ দুঃখচয়ে ক্ষিপামি
সংসারঘোরবিবিধার্ত্তিনিপীড়িতাঙ্গম্ ॥৫১৫॥

অনুবাদ—ব্রহ্মসংহিতায় বৌধায়নের প্রতি শ্রীভগবানের বাক্য—শ্রীনামকীর্ত্তনের বিবিধ ফলশ্রুতি শ্রবণ করিয়াও যাহারা তাহাতে বিশ্বাস করে না, বিশেষ করিয়া উহা অতিরিক্ত বলিয়া মনে করে, আমি সংসারের নানাপ্রকার ভয়াবহ যাতনায় তাহাদিগকে নিপীড়িত করিয়া ইহলোকে দুঃখসমুদ্রের মধ্যে নিক্ষেপ করি ॥ ৫১৫ ॥

টীকা—যদিতি 'যঃ' ইত্যেব বা পাঠঃ। ন শ্রদ্দধাতি, ন বিশ্বসিতি প্রত্যুত যোঽর্থবাদং মনুতে। সংসারে বিবিধা যা আর্ত্তয়ঃ তাভির্নিপীড়িতাঙ্গং যথা স্যাত্তথা ক্ষিপামি ॥ ৫১৫ ॥

———

জৈমিনিসংহিতায়াঞ্চ—

শ্রুতি-স্মৃতি-পুরাণেষু নামমাহাত্ম্যবাচিষু।
যেঽর্থবাদ ইতি ব্রূয়ুর্ন তেষাং নিরয়ক্ষয়ঃ ॥৫১৬॥
তস্মিংশ্চ ভগবন্নাম্নি জগদেকোপকারিণি।
বিশ্বৈকসেব্যে মতিমানপরাধান্ বিবর্জ্জয়েৎ ॥ ৫১৭॥

অনুবাদ—জৈমিনিসংহিতায় কথিত হইয়াছে—যাহারা নামমাহাত্ম্যবাচক শ্রুতি, স্মৃতি ও পুরাণ সকলের উক্তিগুলিকে অর্থবাদ বলিয়া মনে করে তাহাদের নরকের ক্ষয় নাই। অতএব জ্ঞানী ব্যক্তি জগতের একমাত্র উপকারী ও বিশ্বসংসারের একমাত্র সেব্য, সেই ভগবন্নামের প্রতি অপরাধসমূহ বিষয়ে সতর্ক হইবেন অর্থাৎ নিরপরাধ হইতে যত্ন করিবেন ॥ ৫১৬-৫১৭ ॥

টীকা—নিরয়াণাং ক্ষয়ো নাশো ন ভবতি, কিন্তু সদা নিরয়েষু বসন্তীত্যর্থঃ ॥ ৫১৬ ॥

টীকা—এবং শ্রীভগবন্নাম্নোঽশেষদোষহরণাখিলগুণময়ত্বাদিমাহাত্ম্যবিশেষং বিলিখ্য তেন চাবিনীতানামুচ্ছৃঙ্খলতয়া শ্রীবৈষ্ণবাদিষ্বপরাধমাশঙ্ক্য তন্নিবারণায় নামাপরাধান্ লিখিষ্যন্, আদৌ বিভিষিকার্থমপরাধফলমগ্রে দর্শয়ন্, তাংস্ত্যাজয়তি—তস্মিংশ্চেতি। অপরাধবিবর্জ্জনে হেতুঃ—জগদেকোপকারিণীতি, বিশ্বৈকসেব্য ইতি চ ॥ ৫১৭ ॥

———

যত উক্তং পাদ্মে শ্রীনারদং প্রতি শ্রীসনৎকুমারেণ—

সর্ব্বাপরাধকৃদপি মুচ্যতে হরিসংশ্রয়ঃ ॥ ৫১৮ ॥
হরেরপ্যপরাধান্ যঃ কুর্য্যাদ্দ্বিপদপাংশনঃ।
নামাশ্রয়ঃ কদাচিৎ স্যাত্তরত্যেব স নামতঃ ॥৫১৯॥
নাম্নোঽপি সর্ব্বসুহৃদো হ্যপরাধাৎ পতত্যধঃ ॥৫২০

অনুবাদ—যেহেতু পদ্মপুরাণে শ্রীনারদের প্রতি শ্রীসনৎকুমার বলিয়াছেন—যে ব্যক্তি সর্ব্বপ্রকার অপরাধ, পাপাচরণ করিয়াছে, সেই ব্যক্তি শ্রীহরির চরণাশ্রয় করিলে পাপ হইতে মুক্তি লাভ করে; আবার যে নরাধম শ্রীহরির চরণে অপরাধ করে সে যদি বিপদনাশন শ্রীনামের আশ্রয় নেয়, তাহা হইলে নাম প্রভাবে সেই ভগবদপরাধ হইতে মুক্ত হইয়া থাকে। অতএব সকলের বন্ধু শ্রীনামের চরণে অপরাধ হইলে যে নিশ্চিত ভাবেই সে অধঃপতিত হইয়া নরকবাসী হইবে ইহাতে সন্দেহ কোথায়? ৫১৮-৫২০ ॥

টীকা—সর্ব্বান্ অপরাধান্ পাপানি করোতীতি তথা সোঽপি হরিসংশ্রয়ঃ ভগবন্তং প্রপন্নঃ সন্ মুচ্যতে, ততো মুক্তো ভবতি। হরেরপরাধান্ পূর্ব্বলিখিতান্ শ্রীবারাহোক্তান্ দ্বাত্রিংশদাদীন্। দ্বিপদেষু নরেষু পাংশনঃ অধমঃ। স যদি কদাচিন্নামাশ্রয়ঃ নামকীর্ত্তনকৃৎ স্যাৎ, তদা নামপ্রভাবতঃ তরতি, হরিবিষয়কাপরাধেভ্যোঽপি মুচ্যত এব। সর্ব্বসুহৃদঃ

জগদুপকারপরস্যাপি নাম্নোঽপরাধাৎ হি নিশ্চিতং অধঃ পততি, নরকং গচ্ছতি ॥ ৫১৮-৫২০ ॥

অথ নামাপরাধাঃ

তং প্রতি তেনৈবোক্তাঃ—

সতাং নিন্দা নাম্নঃ পরমমপরাধং বিতনুতে,
যতঃ খ্যাতিং যাতং কথমু সহতে তদ্বিগরিহাম্।
শিবস্য শ্রীবিষ্ণোর্য ইহ গুণনামাদি সকলং,
ধিয়া ভিন্নং পশ্যেৎ স খলু হরিনামাহিতকরঃ॥৫২১

গুরোরবজ্ঞা শ্রুতিশাস্ত্রনিন্দনং,
তথার্থবাদো হরিনাম্নি কল্পনম্।
নাম্নো বলাদ্যস্য হি পাপবুদ্ধি-,
র্ন বিদ্যতে তস্য যমৈর্হি শুদ্ধিঃ॥ ৫২২ ॥

অনুবাদ—অতঃপর নামাপরাধসমূহ ঐ পদ্মপুরাণেই শ্রীসনৎকুমার দেবর্ষি নারদকে বলিয়াছেন—(১) সাধুগণের নিন্দা শ্রীনামের নিকটে ভয়ানক অপরাধ বিস্তার করে; যে সকল নামনিষ্ঠ সাধু হইতে জগতে কৃষ্ণনাম-মহিমা প্রচারিত হন, শ্রীনাম সেই সকল সাধুনিন্দা কি প্রকারে সহ্য করিবেন? (২) যে ব্যক্তি এই সংসারে শ্রীবিষ্ণু ও শ্রীশিবের নাম, রূপ, গুণ, লীলা প্রভৃতিতে বুদ্ধিদ্বারা পরস্পর ভিন্ন ভাবে দর্শন করে, সে ব্যক্তি নিশ্চয়ই নামের নিকট অপরাধ করে। (৩) শ্রীনাম-তত্ত্বাভিজ্ঞ গুরুদেবকে অবজ্ঞা। (৪) শ্রুতিশাস্ত্রের নিন্দা। (৫) শ্রীহরিনাম-মহিমাকে অতিস্তুতি বলিয়া চিন্তন। (৬) ভগবানের নামসমূহকে কল্পনা মনে করা নামাপরাধ। (৭) যাহার নাম বলে পাপানুষ্ঠানে মতি হয়, বহু যম, নিয়ম, ধ্যানধারণাদি প্রক্রিয়াসমূহ দ্বারা বা বহু বহু যমযাতনা ভোগ করিয়াও সেই অপরাধীর শুদ্ধি হয় না ॥ ৫২১-৫২২ ॥

টীকা—যতঃ সদ্ভ্যঃ খ্যাতিং প্রসিদ্ধিং প্রাকট্যং বা প্রাপ্তং নাম। উ—খেদে তেষাং বিগর্হাং কথং সহতে? অপি তু সোঢ়ুং ন শক্নুয়াদেব; অতোঽয়মেকোঽপরাধঃ। অস্য চ মুখ্যত্বাদাদৌ নির্দ্দেশঃ। আদি-শব্দেন রূপলীলাদি, ধিয়াপি হরিনাম্নি অহিতমপরাধং করোতীতি তথা সঃ ॥ ৫২১ ॥

টীকা—শ্রুতীনাং ধর্ম্মশাস্ত্রাণাঞ্চ নিন্দনম্। তথেত্যুক্তসমুচ্চয়ে। অর্থবাদো যস্তস্য কল্পনং, যদ্বা, হরিনাম্ন্যর্থবাদঃ কল্পনমেব, ন তু তত্ত্বতো ঘটত ইত্যর্থঃ। কল্প্যত ইতি বা পাঠঃ যদ্বা, হরিনাম্নি কল্পনঞ্চ, তন্মাহাত্ম্যার্থপরিত্যাগেন দুর্ব্বুদ্ধ্যা বৃথার্থান্তর-কল্পনা চৈকোঽপরাধ ইত্যর্থঃ। নাম্নো বলাৎ নাম-গ্রহণেন পাপক্ষয়ো ভবেদিতি নাম্নাং প্রভাবজ্ঞানেন পাপে বুদ্ধিরপি, কিং পুনঃ প্রবৃত্তিঃ। যদ্বা, অকার-প্রশ্লেষেণ নাম্নো বলমজ্ঞাত্বা যস্য পাপে বুদ্ধিরিত্যর্থঃ। তস্য যমৈঃ বহুলব্রতাদিভিরহিংসাদিভির্দ্বাদশাভির্বা; যদ্বা, বহুভিঃ ধর্ম্মরাজৈঃ চিরকালং তৎকৃত যাতনা-ভোগেনাপীত্যর্থঃ ॥ ৫২২ ॥

ধর্ম্মব্রতত্যাগহুতাদিসর্ব্ব-,
শুভক্রিয়াসাম্যমপি প্রমাদঃ।
অশ্রদ্দধানে বিমুখেঽপ্যশৃণ্বতি,
যশ্চোপদেশঃ শিবনামাপরাধঃ॥ ৫২৩ ॥
শ্রুতেঽপি নামমাহাত্ম্যে যঃ প্রীতিরহিতোঽধমঃ।
অহং মমাদি-পরমো নাম্নি সোঽপ্যপরাধকৃৎ॥ ৫২৪

অনুবাদ—(৮) ধর্ম্ম, ব্রত, ত্যাগ বা হোমাদি প্রাকৃত শুভকার্য্যের সহিত অপ্রাকৃত নাম গ্রহণকে সমান বুদ্ধি করাও নামে অনবধান, উহা নামাপরাধ; (৯) শ্রদ্ধাহীন বা নাম শ্রবণে বিমুখজনকে যে উপ-দেশ দান, তাহা মঙ্গলময় নামের নিকট অপরাধ; (১০) যে ব্যক্তি নামের অদ্ভুত মাহাত্ম্য শ্রবণ করিয়াও আমি ও আমার এইরূপ দেহাত্ম বুদ্ধিবশতঃ শ্রীনাম-গ্রহণ শ্রবণে আদর করে না, সেই অধম নিশ্চয় নামাপরাধী ॥ ৫২৩-৫২৪ ॥

টীকা—ধর্ম্মাদীনাং সর্ব্বাসাং শুভক্রিয়াণাং সাম্যং নাম্না তুল্যত্বমপি প্রমাদঃ অপরাধ ইত্যর্থঃ। যদ্বা, ধর্ম্মাদিশুভক্রিয়াসাম্যমেকোঽপরাধঃ; প্রমাদঃ—নাম্ন্যনবধানতাপ্যেকঃ, এবমত্রাপরাধদ্বয়ম্। ততশ্চ তথার্থবাদো হরিনাম্নি কল্পনমিত্যত্রৈকাপরাধো জ্ঞেয়ঃ। কিঞ্চ, অশ্রদ্দধানাদৌ জনে য উপদেশঃ, স শিবনাম্নি অপরাধঃ, শ্রীভগবতা সহ শ্রীশিবস্যাভেদেন শিবেত্যুক্তিঃ ॥ ৫২৩ ॥

টীকা—নাম্নি প্রীতিঃ শ্রদ্ধা ভক্তির্বা, তয়া রহিতঃ

সন্, যঃ অহং-মমাদি-পরমঃ, অহন্তা মমতা চ আদি-শব্দেন বিষয়ভোগাদিকং চৈব পরমং প্রধানং, ন তু নামগ্রহণং যস্য তথাভূতঃ স্যাৎ, সোঽপ্যপরাধকৃৎ। যদ্বা, ধর্ম্মব্রতেত্যাদ্যর্দ্ধশ্লোকেনৈক এবাপরাধঃ। অহং-মমাদীত্যর্দ্ধশ্লোকে চাস্মিন্ একঃ। এবম্ অপরাধা দশ, যে জ্ঞাত্বাপি ন বর্জ্জয়ন্তি, সহসা নাম্নোঽপরাধান্ দশেতি তত্রৈবোক্তেঃ। ততশ্চায়মর্থঃ—যঃ প্রীতি-রহিতো নাম্ন্যেব সোঽধমঃ নামাপরাধীত্যর্থঃ। যদ্বা, যোঽধমঃ প্রীতিরহিতঃ, সোঽপরাধকৃদিত্যুত্তরে-ণান্বয়ঃ। কিঞ্চ, নাম্ন্যেব বিষয়ে যোঽহংমমতাদি-পরমঃ—অহং বহুতরনামকীর্ত্তকঃ ইতস্ততো নাম-কীর্ত্তনঞ্চ মৎপ্রবর্ত্তিতমেব, ময়া সমো নামকীর্ত্তন-পরোঽন্যঃ কঃ ? মদীয়জিহ্বাধীনমেব নামেত্যা-দিকমেব পরমং প্রধানং, নামকীর্ত্তনঞ্চ কদাচিৎ সিধ্যতি ন বা যস্য তথাভূতো যঃ, সোঽপীতি। অত-এবাদিষ্টং ভগবতা—'তৃণাদপি সুনীচেন তরোরপি সহিষ্ণুনা। অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ ॥' (শ্রীশিক্ষাষ্টকম্ ৩) ইতি ॥ ৫২৪ ॥

জাতে নামাপরাধেঽপি প্রমাদেন কথঞ্চন।
সদা সংকীর্ত্তয়ন্নাম তদেকশরণো ভবেৎ ॥ ৫২৫॥

অনুবাদ—অনবধানতাবশে বা যে ভাবেই হউক, শ্রীনামের নিকট অপরাধ হইলে শ্রীনামেরই শরণাপন্ন হইয়া সর্ব্বদা নাম-সংকীর্ত্তন করিতে হইবে ॥ ৫২৫ ॥

টীকা—কথঞ্চন প্রমাদেন ভ্রমেণ জাতে সতি তৎ নামৈব একং শরণমাশ্রয়ো যস্য তথা, তথাভূতো ভবেৎ, সর্ব্বথা নামপরো ভবেদিত্যর্থঃ ॥ ৫২৫ ॥

অপরাধভঞ্জনম্

উক্তঞ্চ তেনৈব তত্র—
নামাপরাধযুক্তানাং নামান্যেব হরন্ত্যঘম্।
অবিশ্রান্তপ্রযুক্তানি তান্যেবার্থকরাণি চ ॥ ৫২৬ ॥

অনুবাদ—অপরাধ ভঞ্জনে ঐ পদ্মপুরাণে শ্রীসনৎ-কুমারই বলিয়াছেন—নামপরাধযুক্ত জনগণের নাম সকলই পাপসমূহ নাশ করিয়া থাকেন এবং অবি-শ্রান্তভাবে নামগ্রহণ করিলে নামাপরাধ শূন্য হইয়া নিরপরাধে নাম গ্রহণের ফল শ্রীকৃষ্ণপ্রেম লাভ হয় ॥ ৫২৬ ॥

টীকা—যস্মাৎ অবিশ্রান্তং সততং প্রযুক্তানি কীর্ত্তিতানি সন্তি, তানি নামান্যেবার্থকরাণি সর্ব্ব-প্রয়োজন-সম্পাদকানি ॥ ৫২৬ ॥

নামৈকং যস্য বাচি স্মরণপথগতং শ্রোত্রমূলং গতং বা
শুদ্ধং বাশুদ্ধবর্ণং ব্যবহিতরহিতং তারয়ত্যেব সত্যম্।
তচ্চেদ্দেহ-দ্রবিণ-জনতা-লোভ-পাষণ্ড-মধ্যে
নিক্ষিপ্তং স্যান্ন ফলজনকং শীঘ্রমেবাত্র বিপ্র ॥৫২৭॥

অনুবাদ—একটি মাত্র হরিনাম বাক্যে স্মরণ বা শ্রবণপথগত হইলে তাহা শুদ্ধবর্ণ বা অশুদ্ধবর্ণ, খণ্ড খণ্ড ভাবে উচ্চারিত হইলেও নাম গ্রহণকারীকে উদ্ধার করিবে ইহা সত্য; কিন্তু শ্রীনামসেবনের যে মুখ্য ফল তাহা সদ্যই পাওয়া যাইবে না। আবার ঐ নাম দেহ, ধন, পরিবার, সর্ব্বস্ব লোভী পাষণ্ডের মধ্যে পতিত হইলে ইহলোকে শীঘ্র না হইলেও বিলম্বে ফলদায়ক হইবে ॥ ৫২৭ ॥

টীকা—এতদেব পরিপোষয়ন্ নামকীর্ত্তনে লাভ-পূজা-খ্যাত্যর্থতাং পরিত্যাজয়তি—নামৈকমিত্যাদি। বাচি গতং প্রসঙ্গাদ্বাক্যমধ্যে প্রবৃত্তমপি, স্মরণপথগতং কথঞ্চিন্মনঃস্পৃষ্টমপি, শ্রোত্রমূলং গতং কিঞ্চিৎ শ্রুত-মপি, শুদ্ধবর্ণং বা অশুদ্ধবর্ণমপি বা, ব্যবহিতং শব্দান্তরেণ যদ্ব্যবধানং, বক্ষ্যমাণনারায়ণ-শব্দস্য কিঞ্চিদুচ্চারণানন্তরং প্রসঙ্গাদাপতিতং শব্দান্তরং তেন রহিতং সৎ; যদ্বা, যদ্যপি 'হলং রিক্তম্' ইত্যাদ্যুক্তৌ হকাররিকারয়োর্বৃত্ত্যা হরীতি নামাস্ত্যেব, তথা 'রাজ-মহিষী' ইত্যত্র রামনামাপি, এবমন্যদপ্যূহ্যং, তথাপি তত্তন্নামমধ্যে ব্যবধায়কমক্ষরান্তরমস্তীত্যেতাদৃশ-ব্যবধানরহিতমিত্যর্থঃ। যদ্বা, ব্যবহিতঞ্চ তৎ রহি-তঞ্চাপি বা তত্র ব্যবহিতং নাম্নঃ কিঞ্চিদুচ্চারণানন্তরং কথঞ্চিদাপতিতং শব্দান্তরং সমাধায় পশ্চান্নামাব-শিষ্টাক্ষরগ্রহণমিত্যেবং রূপং, মধ্যে শব্দান্তরেণান্ত রিতমিত্যর্থঃ, রহিতং পশ্চাদবশিষ্টাক্ষরগ্রহণবর্জ্জিতং, কেনচিদংশেন হীনমিত্যর্থঃ। তথাপি তারয়ত্যেব, সর্ব্বেভ্যঃ পাপেভ্যোঽপরাধেভ্যশ্চ সংসারাদপ্যুদ্ধা-

রয়ত্যেবেতি সত্যমেব। কিন্তু নামসেবনস্য মুখ্যং যৎ ফলং, তন্ন সদ্যঃ সম্পদ্যতে। তথা দেহভরণাদ্যর্থমপি নামসেবনেন মুখ্যং ফলমাশু ন সিধ্যতীত্যাহ— তচ্চেদিতি। তন্নাম চেৎ যদি দেহাদিমধ্যে নিক্ষিপ্তং, দেহভরণাদ্যর্থমেব বিন্যস্তং, তদাপি ফলজনকং ন ভবতি কিম্? অপি তু ভবত্যেব, কিন্তু অত্র ইহলোকে শীঘ্রং ন ভবতি, কিন্তু বিলম্বেনৈব ভবতীত্যর্থঃ ॥ ৪২৭ ॥

অতএবোক্তং শ্রীনারদেন বৃহন্নারদীয়ে—
মহিম্নামপি যন্নাম্নঃ পারং গন্তুমনীশ্বরাঃ।
মনবোঽপি মুনীন্দ্রাশ্চ কথং তং ক্ষুদ্রধীর্ভজে?
ইতি ॥ ৫২৮ ॥

অনুবাদ—অতএব বৃহন্নারদীয়পুরাণে শ্রীনারদের কথায়—যে নামমহিমাসমূহের পার মনুগণ ও মুনীন্দ্রগণ প্রাপ্ত হন না, আমি অল্পবুদ্ধি হইয়া কি প্রকারে সেই নামের ভজনা করিব ॥ ৫২৮ ॥

টীকা—এবমুপসংহরন্ শ্রীমন্নাম-মাহাত্ম্যস্যানন্ত্যমেব দ্রঢ়য়ন্ লিখতি মহিম্নামিতি। পারং গন্তুমপি, কিং পুনস্তত্ত্বমনুভবিতুমিতি ॥ ৫২৮ ॥

ইত্থং শ্রীকৃষ্ণপাদাব্জে ভক্তিঃ কার্য্যা সদা বুধৈঃ।
সা চ তস্য প্রসাদেন মহাপুণ্যাৎ প্রজায়তে ॥৫২৯॥

অনুবাদ—বিচক্ষণ ব্যক্তিগণ এই প্রকারে সর্ব্বদা শ্রীকৃষ্ণপাদপদ্মে ভক্তি বিধান করিয়া থাকেন। ঐ ভক্তিও সহজে পাওয়া যায় না বহু জন্মার্জ্জিত পুণ্য ফলে শ্রীকৃষ্ণের অনুগ্রহেই কেবল উহা আবির্ভূত হয় ॥ ৫২৯ ॥

টীকা—চৈতন্যচন্দ্রং তং বন্দে বর্ষন্ ভক্তিরসং নিজম্। প্লায়তে যবনান্তং যোঽকরোৎ ভক্তিপ্লুতং জগৎ। এবং ভক্ত্যঙ্গানি লিখিত্বা ইদানীং সমগ্রাং ভক্তিং লিখন্ আদৌ তস্য মাহাত্ম্যবিশেষার্থং পরমদৌর্ল্লভ্যং লিখতি—ইত্থমিতি। মহাপুণ্যাৎ যস্তস্য শ্রীকৃষ্ণপাদাব্জস্য প্রসাদস্তেনৈব প্রকর্ষেণ জায়তে। এতচ্চ পুণ্যবিশেষার্থপ্রযত্নায় লিখিতম্। যদ্বা, তস্য প্রসাদেন যন্মহাপুণ্যং, তস্মাদেব প্রজায়তে ইতি যথাক্রমমেবান্বয়ঃ। যদ্যপি তস্য প্রসাদ এব ভক্তিপ্রাদুর্ভাবে স্বতন্ত্রো নিরপেক্ষো হেতুঃ, তথাপি তৎকর্ত্তৃকপুণ্যবিশেষাজ্জাতায়াঃ সত্যাস্তস্যাঃ সমূলতা শোভাবিশেষশ্চ সম্পদ্যতে ইতি তথা লিখিতম্। যথা মুমুক্ষুভক্তিসিদ্ধান্তে ভক্ত্যা জ্ঞান-দ্বারা মোক্ষো জন্যত ইতি, অতএব প্র-শব্দঃ। এবঞ্চ 'জন্মকোটিসহস্রেষু যৈঃ পুণ্যং সমুপার্জ্জিতম্' ইত্যাদিবচনান্যপ্যুপপদ্যন্ত ইতি দিক্ ॥ ৫২৯ ॥

অথ শ্রীমদ্ভক্তের্দুর্ল্লভত্বম্

স্কান্দে শ্রীপরাশরোক্তৌ—
ন হ্যপুণ্যবতাং লোকে মূঢ়ানাং কুটিলাত্মনাম্।
ভক্তির্ভবতি গোবিন্দে স্মরণং কীর্ত্তনং তথা ॥৫৩০॥

অনুবাদ—অতঃপর শ্রীমদ্ভক্তির দুর্ল্লভত্ব স্কন্দপুরাণে শ্রীপরাশরের বাক্য—কুটিল হৃদয়, মূঢ়মতি দুষ্কৃতশালী ব্যক্তিদিগের শ্রীগোবিন্দ পাদপদ্মে ভক্তির উদয় হয় না, এমন কি তাঁহার নাম স্মরণ কিংবা কীর্ত্তনের অধিকারও তাহাদের হয় না ॥ ৫৩০ ॥

টীকা—অপুণ্যবতামেব লক্ষণম্—মূঢ়ানামিতি কুটিলাত্মনামিতি চ। ভক্তিঃ পূজাপরিচর্য্যাদিলক্ষণা, সুখসাধ্যং স্মরণং কীর্ত্তনঞ্চ ন ভবতি, ন সিধ্যতি। যদ্বা, ভক্তিঃ সমগ্রা ন ভবতীতি কিং বক্তব্যং তদঙ্গমপি স্মরণং কীর্ত্তনঞ্চ ন ভবতীত্যর্থঃ। যদ্বা, সর্ব্বেষ্বঙ্গেষু স্মরণ-কীর্ত্তনয়োরেব পরমমুখ্যত্বাৎ ভক্তেস্তৎপ্রধানতাবিবক্ষয়া লক্ষণমেবোদ্দিষ্টম্—স্মরণং কীর্ত্তনঞ্চেতি। যদ্বা, সমুচ্চয়ে তথা-শব্দঃ। তথা তেন বিশুদ্ধত্বাদিপ্রকারেণ সকামত্বাদিপ্রকারেণাপীতি বা ॥ ৫৩০ ॥

তত্রৈব শ্রীব্রহ্মোক্তৌ—
নিমিষং নিমিষার্দ্ধং বা মর্ত্ত্যানামিহ নারদ।
নাদগ্ধাশেষপাপানাং ভক্তির্ভবতি কেশবে ॥ ৫৩১ ॥

অনুবাদ—ঐ পুরাণেই শ্রীব্রহ্মার উক্তিতে—হে নারদ! সেই সকল ব্যক্তিদের, যাহাদের অশেষ পাপরাশি দগ্ধ হয় নাই, সংসারে তাহাদের নিমেষ বা তাহার অর্দ্ধেক সময়ও শ্রীকেশবের ভক্তি হয় না ॥ ৫৩১ ॥

টীকা—নিমিষমপি নিমিষার্দ্ধমপি ভক্তির্ন ভবতি ॥ ৫৩১ ॥

———

যোগবাশিষ্ঠে—

জন্মান্তরসহস্রেষু তপোজ্ঞানসমাধিভিঃ।
নরাণাং ক্ষীণপাপানাং কৃষ্ণে ভক্তিঃ প্রজায়তে ॥৫৩২

অনুবাদ—যোগবাশিষ্টে বলা হইয়াছে—তপস্যা জ্ঞান ও সমাধি অবলম্বন করিয়া যাহারা শত শত জন্ম ধরিয়া পাপক্ষয় করিয়াছে, কেবল তাহাদিগেরই শ্রীকৃষ্ণে ভক্তি হইয়া থাকে ॥ ৫৩২ ॥

টীকা—এবং পুণ্যহীনানাং পাপিনাঞ্চ কদাচিদপি ন জায়ত ইতি দৌর্ল্লভ্যং লিখিতম্। অধুনা সমূলাখিলপাপক্ষয়েণৈব জায়ত ইতি লিখতি—জন্মান্তরেতি। ক্ষীণানি সবাসনং ক্ষয়ং গতানি পাপানি যেষাং তেষামেব ॥ ৫৩২ ॥

———

আদিবারাহে—

জন্মান্তরসহস্রেণ সমারাধ্য বৃষধ্বজম্।
বৈষ্ণবত্বং লভেদ্ধীমান্ সর্ব্বপাপক্ষয়ে সতি ॥৫৩৩॥

অনুবাদ—আদি বরাহপুরাণে কথিত হইয়াছে—যে জ্ঞানীব্যক্তি সহস্র জন্ম ধরিয়া বৃষধ্বজ শ্রীশিবের আরাধনা করিয়া সর্ব্বপ্রকার পাপমুক্ত হইয়াছেন, তিনিই বৈষ্ণব হইতে পারেন ॥ ৫৩৩ ॥

———

বৃহন্নারদীয়ে যজ্ঞধ্বজনৃপোপাখ্যানান্তে—

জন্মকোটি-সহস্রেষু পুণ্যং যৈঃ সমুপার্জ্জিতম্।
তেষাং ভক্তির্ভবেচ্ছুদ্ধা দেবদেবে জনার্দ্দনে ॥৫৩৪॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে যজ্ঞধ্বজ রাজার উপাখ্যানের শেষভাগে বলা হইয়াছে—হাজার হাজার কোটি জন্মে সুকৃতি অর্জ্জনকারী ব্যক্তিগণই দেবদেব জনার্দ্দনে শুদ্ধাভক্তি লাভ করেন ॥ ৫৩৪॥

টীকা—অধুনা মহাপুণ্যসঞ্চয়েনৈব জায়ত ইতি পরমং দৌর্ল্লভ্যং লিখতি—জন্মেত্যাদিনা সাধ্যত ইত্যন্তেন। শুদ্ধা জ্ঞান-কর্ম্মাদ্যসংমিশ্রিতা ॥৫৩৩-৫৩৪

———

সুলভং জাহ্নবীস্নানং তথা চাতিথি-পূজনম্।
সুলভাঃ সর্ব্বযজ্ঞাশ্চ বিষ্ণুভক্তিঃ সুদুর্ল্লভা ॥ ৫৩৫ ॥

অনুবাদ—এই পৃথিবীতে গঙ্গাস্নান এবং অতিথি-সেবা দুর্ল্লভ নয় এবং সমস্ত প্রকার যজ্ঞের অনুষ্ঠানও দুর্ল্লভ নয়, বিষ্ণুভক্তি অতিশয় দুর্ল্লভ ॥ ৫৩৫ ॥

টীকা—সুদুর্ল্লভেতি—গঙ্গাস্নানাদি-জনিতপুণ্যতোঽপি, বিশিষ্টতরপুণ্যেনৈব জায়তে ইতি সূচিতম্। তত্র লিখিতমেব—'সা চ তস্য প্রসাদেন মহাপুণ্যাৎ প্রজায়তে' ইতি ॥ ৫৩৫ ॥

———

ইতিহাস-সমুচ্চয়ে শিলোঞ্ছবৃত্তিবাক্যে—

গঙ্গায়াং মরণঞ্চৈব দৃঢ়া ভক্তিশ্চ কেশবে।
ব্রহ্মবিদ্যাপ্রবোধশ্চ নাল্পস্য তপসঃ ফলম্ ॥৫৩৬॥

অনুবাদ—ইতিহাস সমুচ্চয়ে শিলোঞ্ছবৃত্তি-বাক্যে—গঙ্গায় দেহ বিসর্জ্জন, শ্রীকেশবে দৃঢ়াভক্তির উদ্ভব অথবা তত্ত্বজ্ঞানের আবির্ভাব, এ সমস্ত অল্প তপস্যার ফল নহে ॥ ৫৩৬ ॥

টীকা—ব্রহ্মবিদ্যাপ্রবোধঃ—ভক্তিতত্ত্বজ্ঞানম্ ॥৫৩৬

———

অগস্ত্যসংহিতায়াম্—

ব্রতোপবাসনিয়মৈর্জ্জন্মকোট্যাপ্যনুষ্ঠিতৈঃ।
যজ্ঞৈশ্চ বিবিধৈঃ সম্যগ্‌ভক্তির্ভবতি কেশবে ॥৫৩৭॥

অনুবাদ—অগস্তসংহিতায় কথিত হইয়াছে—তাহারাই শ্রীকেশবে সম্যগ্ ভক্তির অধিকারী হন, যাহারা কোটিজন্ম ধরিয়া ব্রত, উপবাস, নিয়ম ও বিবিধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছেন ॥ ৫৩৭ ॥

টীকা—যেষাং পুণ্যব্রতানি ষষ্ঠকালভোজনাদি-নিয়মাঃ, চান্দ্রায়ণাদীনি বা, উপবাসা একাদশ্যাদিষু অন্নবর্জ্জনাদিলক্ষণাঃ, নিয়মাঃ চাতুর্ম্মাস্যাদিব্রতানি শৌচাদয়ো বা দ্বাদশ, তৈঃ। অপি-শব্দ এব-শব্দার্থে ॥ ৫৩৭ ॥

———

বিষ্ণুধর্ম্মোত্তরে—

দিবসং দিবসার্দ্ধং বা মুহূর্ত্তৈকমেব বা।
নাশাচ্চাশেষপাপস্য ভক্তির্ভবতি কেশবে ॥ ৫৩৮ ॥

অনেকজন্মসাহস্রৈর্নানাযোন্যন্তরেষু চ।
জন্তোঃ কলুষহীনস্য ভক্তির্ভবতি কেশবে ॥৫৩৯॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—যাহার অশেষ পাপরাশি বিনষ্ট হইয়াছে সেই ব্যক্তি এক-দিবস, অর্দ্ধদিবস কিংবা এক মুহূর্ত্তের জন্য কেশবের প্রতি ভক্তি লাভ করিতে পারেন। বহু সহস্র জন্মে বিবিধ যোনি ভ্রমণ করিয়া নিষ্পাপ হইলে তবে কেশবের প্রতি ভক্তি হইতে পারে ॥ ৫৩৮-৫৩৯ ॥

দশমস্কন্ধে গোপীঃ প্রতি উদ্ধবোক্তৌ (৪৭।২৪)—
দানব্রততপোহোমজপ-স্বাধ্যায়সংযমৈঃ।
শ্রেয়োভির্বিবিধৈশ্চান্যৈঃ কৃষ্ণে
ভক্তির্হি সাধ্যতে ॥ ৫৪০ ॥

অনুবাদ—দশমস্কন্ধে গোপীগণের প্রতি শ্রীউদ্ধবের কথায়—দান, ব্রত, তপস্যা, হোম, জপ, বেদপাঠ এবং ইন্দ্রিয়সংযম প্রভৃতি শুভকর বিবিধ প্রকার সাধনা দ্বারা শ্রীকৃষ্ণে ভক্তি হয় ॥ ৫৪০ ॥

টীকা—শ্রেয়োভিঃ—শ্রেয়সাধনৈঃ সর্ব্বপুরুষার্থৈর্বা ॥ ৫৩২ ॥

শ্রীভগবদ্গীতাসু চ (৭।২৮)
যেষাং ত্বন্তগতং পাপং জনানাং পুণ্যকর্ম্মণাম্।
তে দ্বন্দ্বমোহনির্ম্মুক্তা ভজন্তে মাং দৃঢ়ব্রতাঃ। ৫৪১॥

অনুবাদ—শ্রীমদ্ভগবদ্গীতায় শ্রীকৃষ্ণ বাক্য—যে সকল পুণ্য কর্ম্মকারী লোকেদের পাপক্ষয় হইয়াছে, তাহারা সুখদুঃখ ও মোহ মুক্ত হইয়া একান্তভাবে আমাকে ভজনা করে ॥ ৫৪১ ॥

টীকা—যেষান্তু পুণ্যাচরণশীলানাং সর্ব্বশ্রেয়ঃ প্রতিবন্ধকং পাপমন্তং গতং বিনষ্টং, তে দ্বন্দ্বনিমিত্তেন মোহেন, যদ্বা দ্বন্দ্বৈঃ সুখদুঃখাদিভিঃ তৎকারণাজ্ঞানেন চ বিনির্ম্মুক্তাঃ, যদ্বা, অকার-প্রশ্লেষেণ অদ্বন্দ্বমোহাশ্চ তে নির্ম্মুক্তাশ্চ নিঃশেষেণ মুক্তাঃ সন্তঃ, দৃঢ়ব্রতা একান্তিনঃ সন্তো মাং ভজন্তে ॥ ৫৪১ ॥

পঞ্চমস্কন্ধে পরীক্ষিতং প্রতি বাদরায়ণিনা (৬।১৮)—
রাজন্ পতির্গুরুরলং ভবতাং যদূনাং,
দৈবং প্রিয়ঃ কুলপতিঃ ক্ব চ কিঙ্করো বঃ।
অস্ত্বেবমঙ্গ ভজতাং ভগবান্ মুকুন্দো,
মুক্তিং দদাতি কর্হিচিৎ স্ম ন ভক্তিযোগম্ ॥৫৪২॥

অনুবাদ—পঞ্চমস্কন্ধে পরীক্ষিৎ মহারাজের প্রতি শ্রীশুকদেব বাক্য—হে মহারাজ! ভগবান শ্রীমুকুন্দ তোমাদের ও যদুগণের পালক, উপদেষ্টা, উপাস্য, প্রিয় কুলপতিও কখন কখন পাণ্ডবদিগের আজ্ঞানুবর্ত্তীর ন্যায় আচরণ করেন এবং সহজে উপাসককে মুক্তি দেন বটে কিন্তু সহসা প্রেম ভক্তি দেন না ॥ ৫৪২ ॥

টীকা—অধুনা শ্রীভগবতোঽপ্যদেয়ত্বেন দৌর্ল্লভ্য-বিশেষং লিখতি—রাজন্নিতি। অঙ্গ হে রাজন্, ভবতাং পাণ্ডবানাং যদূনাঞ্চ পতিঃ পালকঃ, গুরুরু-পদেষ্টা, দৈবমুপাস্যঃ, কুলপতির্নিয়ন্তা, কিং বহুনা ক্ব চ কদাচিৎ বঃ পাণ্ডবানাং কিঙ্করোঽপি আজ্ঞানুবর্ত্তী। অস্তু নামৈবং, তথাপ্যেন্যেষাং নিত্যং ভজতামপি মুক্তিং দদাতি, ন তু কদাচিদপি স্বপ্রেমভক্তিযোগম্। যদ্বা, ভজতাং যজ্ঞাদিনা সেবমানানাম্; যদ্বা, স্বধর্ম্মাচরণা-দিনা ভগবদাজ্ঞাপ্রতিপালনরূপাং ভক্তিং কুর্ব্বতামপি শ্রবণাদিভক্তিযোগং ন দদাতি। এবং ভগবৎপ্রসা-দৈকলভ্যতা, অন্যথা চ পরমেদোর্ল্লভ্যমিতি দর্শিতম্. এবঞ্চ শ্রবণাদিকমপি যো ন দদাতি, স বো বশ্য ইতি পাণ্ডবানাং মাহাত্ম্যঞ্চ সিদ্ধমিতি দিক্ ॥ ৫৪২ ॥

পাদ্মে শ্রীপ্রহ্লাদস্তৌে—
লক্ষেষু শৃণুতে কশ্চিৎ কোটিরেকস্তু বুধ্যতে।
ভক্তিতত্ত্বং পরিজ্ঞায় কশ্চিদেব সমাচরেৎ ॥ ৫৪৩॥

অনুবাদ—পদ্মপুরাণে শ্রীপ্রহ্লাদের বাক্যে—লক্ষলোকের মধ্যে কেহ বা ভক্তিতত্ত্ব শ্রবণ করে বটে কিন্তু কোটির মধ্যে একজন হয়ত বুঝিতে পারে এবং কদাচিৎ দু'একজন আচরণ করে ॥ ৫৪৩ ॥

টীকা—ভক্তেস্তত্ত্বং পরমানন্দঘনত্ব মাহাত্ম্যং বা লক্ষেষু লোকেষু মধ্যে কশ্চিদেব শৃণোতি, বুধ্যতে অবধারয়তি, সমাচরেৎ, ভক্তিং করোতি ॥ ৫৪৩ ॥

পূজয়া হসতে ভক্তির্জপতস্ত্রস্যতি স্ফুটম্ ।
সমাধিযোগাচ্চ বহিঃ সা ভক্তিঃ কেন গৃহ্যতে ? ৫৪৪॥

অনুবাদ—সকামভাবে পূজা করিলে ভক্তি উপ-হাস করিতে থাকেন। আর সকামভাবে জপ করিলে ভক্তি ত্রস্ত হন এবং সকামভাবে সমাধি বা যোগের আশ্রয় লইলে ভক্তি বহিঃপ্রদেশে চলিয়া যান, সুতরাং এরূপ ভক্তিকে কে পাইতে পারে ? ৫৪৪ ॥

টীকা—যা ভক্তিঃ পূজয়া সকামজপাঙ্গপূজাবিধিনা হসতি, তামুপহসতীত্যর্থঃ, তয়া প্রায়স্তুচ্ছফলাবাপ্তেঃ। জপতো মন্ত্রজপাৎ ত্রস্যতি বিভেতি দূরমপসরতীত্যর্থঃ। প্রায়ো মন্ত্রজপে বিবিধকামানামেব কৃচ্ছিন্মুক্তেরেব চ সিদ্ধ্যুক্তেঃ। সমাধিলক্ষণাৎ যোগাচ্চ বহিঃ, তেনাপ্য-প্রাপ্যেত্যর্থঃ। তস্য শূন্যময়ত্বেন তত্র শ্রবণাদিভক্তের-প্রবৃত্তেঃ। কেন গৃহ্যতে আত্মসাৎ ক্রিয়তে ? অপি তু ভগবৎপ্রসাদং বিনা ন কেনাপ্যাত্মসাৎ কর্ত্তুং শক্যত ইত্যর্থঃ ॥ ৫৪৪ ॥

ষষ্ঠস্কন্ধে বৃত্রোপাখ্যানান্তে (১৪।২)—
দেবানাং শুদ্ধসত্ত্বানামৃষীণাঞ্চামলাত্মনাম্ ॥
ভক্তির্মুকুন্দচরণে ন প্রায়েণোপজায়তে ॥ ইতি ॥৫৪৫

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে বৃত্রোপাখ্যানের শেষে—শুদ্ধ-সত্ত্ব দেববৃন্দ ও নির্ম্মলাত্মা ঋষিদিগেরও শ্রীমুকুন্দ-চরণকমলে ভক্তির প্রায়ই আবির্ভাব ঘটে না ॥৫৪৫॥

টীকা—শুদ্ধসত্ত্বময়ানামপি দেবানামমলাত্মনাং নির্ম্মলচিত্তানামপি ঋষীণাম্ ; প্রায়েণেতি-কদাচিৎ কস্যাচিদেব জায়ত ইত্যর্থঃ ॥ ৫৪৫ ॥

শ্রীমদ্ভক্ত্যৈ নমস্তস্যৈ যস্যা মাহাত্ম্যমন্দরম্ ।
যৎপ্রভাবেণ লোলোঽয়ং কীটোঽপ্যুদ্ধর্ত্তুমিচ্ছতি ॥৫৪৬

অনুবাদ—যাঁহার মাহাত্ম্য মন্দর পর্ব্বতের মত শ্রেষ্ঠ, সেই শ্রীমতী ভক্তিদেবীকে নমস্কার করি, তাঁহারই প্রভাববলে কীট তুল্য অতি সামান্য ব্যক্তি আমি লোভপরায়ণ হইয়া তদীয় মাহাত্ম্য সমুদ্ধারে ইচ্ছা করিয়াছি ॥ ৫৪৬ ॥

টীকা—এবং পরমদৌর্ল্লভ্যেন ভক্তের্মাহাত্ম্যং লিখিত্বা, ইদানীং পরমপি কিয়ন্মাহাত্ম্যবিশেষং লিখন্ আদৌ ভক্ত্যা ভক্তিমেব তৎসিদ্ধয়ে প্রণমতি—শ্রী-মদিতি। মাহাত্ম্যমেব মন্দরো নাম মহাপর্ব্বতঃ পরমবিস্তীর্ণত্বগুণত্বাদিনা তং কীটতুল্যঃ ক্ষুদ্রতরোঽ-প্যয়ং জনঃ যস্যাঃ ভক্তেঃ প্রভাবেণ লোলঃ সন্ উদ্ধর্ত্তুং সমাহর্ত্তুমিচ্ছতি। অতোঽশক্যেঽপি কর্ম্মণি প্রবৃত্তি-স্তৎশক্তিপ্রেরণয়ৈব, ন মে স্বত ইতি তন্মহিম্নৈব তন্মা-হাত্ম্যং কিঞ্চিল্লেখ্যমিতি ভাবঃ ॥ ৫৪৬ ॥

অথ শ্রীভগবদ্ভক্তিমাহাত্ম্যং, তত্রাদৌ ভক্তি-মতঃ কথঞ্চিদাপতিতেঽপি পাপে প্রায়শ্চিত্তান্তর-নিরসত্বম্

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে নারদাম্বরীষ-সংবাদে—
যথাগ্নিঃ প্রসমিদ্ধাচ্চিতঃ করোত্যেধাংসি ভস্মসাৎ ।
পাপানি ভগবদ্ভক্তিস্তথা দহতি তৎক্ষণাৎ ॥ ৫৪৭ ॥

অনুবাদ—অতঃপর শ্রীভগবদ্ভক্তি-মাহাত্ম্য—তন্মধ্যে প্রথমে ভক্তিনিষ্ঠ ব্যক্তির কোনও প্রকার পাপ হইয়া থাকিলে অন্য প্রকার প্রায়শ্চিত্ত পরিত্যাগ করিতে হইবে। পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে-নারদ-অম্বরীষ-সংবাদে—অগ্নি যেরূপ প্রজ্বলিত হইয়া কাষ্ঠ-রাশি দগ্ধ করে, সেই প্রকার ভগবানে ভক্তি করিলে তাহা সকল পাপরাশিকে তৎক্ষণাৎ দগ্ধ করিয়া ফেলে ॥ ৫৪৭ ॥

টীকা—পাকাদ্যর্থমপি প্রজ্বালিতোঽগ্নির্যথা কাষ্ঠানি ভস্মীকরোতি, তথা ভগবদর্থমপ্যনুষ্ঠীয়মানা ভক্তিঃ সর্ব্বাণ্যেব পাপানি তৎক্ষণাৎ পাপোৎপত্তিসমকাল এব দহতি ॥ ৫৪৭ ॥

ষষ্ঠে অজামিলোপাখ্যানারম্ভে (১।১৫)—
কেচিৎ কেবলয়া ভক্ত্যা বাসুদেবপরায়ণাঃ ।
অঘং ধুন্বন্তি কার্ৎস্ন্যেন নীহারমিব ভাস্করঃ ॥৫৪৮॥

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে অজামিল উপাখ্যানের আরম্ভে—কোন কোন বাসুদেব পরায়ণ ব্যক্তি সূর্য্যোদয়ে নীহারধ্বংস হওয়ার ন্যায় ভগবানে অচলা ভক্তি সংস্থাপন করিয়া পাপ সমূহ দূরীভূত করিয়া থাকেন ॥ ৫৪৮ ॥

টীকা—'তপসা ব্রহ্মচর্য্যেণ শমেন চ দমেন চ।

ত্যাগেন সত্যশৌচাভ্যাং যমেন নিয়মেন চ।। দেহবাগ্‌-বুদ্ধিজং ধীরা ধর্ম্মজ্ঞাঃ শ্রদ্ধয়ান্বিতাঃ। ক্ষিপন্ত্যঘং মহদপি বেণুগুল্মমিবানলঃ ॥' (শ্রীভাঃ ৬।১।১৩-১৪) ইত্যুক্তস্য প্রায়শ্চিত্তস্যাতিদুষ্করত্বানুখ্যমেবান্যৎ প্রায়শ্চিত্তমাহ—কেচিদিতি। কেচিদিত্যনেনএবম্ভূতা ভক্তিপ্রধানা বিরলা ইতি দর্শয়তি। কেবলয়া তপ-আদিনিরপেক্ষয়া; বাসুদেবপরায়ণা ইতি নাধিকারি-বিশেষণমেতৎ, কিন্তু অন্যেষামশ্রদ্ধয়া তত্রাপ্রবৃত্তে-রর্থাত্তেষ্বেব পর্য্যবসানাদনুবাদমাত্রম্। কার্ৎস্ন্যেন মূলতোঽপ্যতশ্চেত্যর্থঃ। তত্রানুরূপো দৃষ্টান্তঃ—ভাস্করো নীহারং তৎকৃততম ইব। এবমত্র সমূল-সাঙ্গাশেষপাপনাশোঽভিপ্রেতঃ। পূর্ব্বঞ্চ অনলো বেণু-গুল্মমেবেতি অনলস্য ভূম্যন্তর্গতদহনাশক্ত্যা ভস্মাদে-রপি বিদ্যমানতয়া সমূলাশেষপাপনিবৃত্তিরুক্তা। এব-মপি পূর্ব্বতোঽস্য বিশেষোঽবগন্তব্যঃ ॥ ৫৪৮ ॥

একাদশে শ্রীভগবদুদ্ধব-সংবাদে (১৪।১৯)—

যথাগ্নিঃ সুসমিদ্ধার্চ্চিঃ করোত্যেধাংসি ভস্মসাৎ।
তথা মদ্বিষয়া ভক্তিরুদ্ধবৈনাংসি কৃৎস্নশঃ ॥৫৪৯॥

অনুবাদ—একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধসংবাদে শ্রীকৃষ্ণ বাক্য—হে উদ্ধব! প্রদীপ্ত অগ্নি যেমন পাকাদি কার্য্যের সময় শিখা বিস্তার করিয়া কাষ্ঠ-সমূহকে ভস্ম করে, সেই প্রকার আমাতে ভক্তি সমগ্র পাপ-রাশিকে বিনষ্ট করিয়া ফেলে ॥ ৫৪৯ ॥

টীকা—আস্তাং তাবদুত্তমভক্তেঃ কথা, যথাকথঞ্চিৎ ভক্ত্যাপি স্বত এব সমূলাশেষপাপক্ষয়ঃ স্যাদিত্যাহ—যথেতি। পাকাদ্যর্থমপি প্রজ্জ্বালিতোঽগ্নির্যথা কাষ্ঠানি ভস্মীকরোতি, তথা রাগাদিনাপি কথঞ্চিন্মদ্বিষয়া সতী ভক্তিঃ সমস্তপাপানীতি। ভগবানপি স্বভক্তমাশ্চর্য্যেণ সম্বোধয়তি—অহো উদ্ধব! বিস্তরেণ শৃণ্বিতি ॥৫৪৯

অতএবোক্তং তত্রৈব শ্রীকরভাজনেন—
(শ্রীভাঃ ১১।৫।৪২)—

স্বপাদমূলং ভজতঃ প্রিয়স্য,
ত্যক্তান্যভাবস্য হরিঃ পরেশঃ।
বিকর্ম্ম যচ্চোৎপতিতং কথঞ্চিদ্-,
ধুনোতি সর্ব্বং হৃদি সন্নিবিষ্টঃ ॥ ৫৫০ ॥

অনুবাদ—অতএব একাদশস্কন্ধেই শ্রীকরভাজন ঋষির উক্তিতে—পরমেশ্বর শ্রীকৃষ্ণ স্বীয় পাদমূল ভজনকারী প্রিয়জন অনন্যভাব লাভ করিয়াছেন দেখিয়া তাঁহার অন্তর মধ্যে প্রবেশ পূর্ব্বক তাঁহার যে কিছু বিকর্ম্ম সহসা হইয়া পড়ে, সেই সমস্তই বিনষ্ট করিয়া ফেলেন ॥ ৫৫০ ॥

টীকা—'দেবর্ষি-ভূতাপ্তনৃণাম্' (শ্রীভাঃ ১১।৫।৪১) ইতি নিরন্তরপূর্ব্বশ্লোকেন বিহিতকর্ম্মনিবৃত্তিমুক্ত্বা নিষেধ-নিমিত্তপ্রায়শ্চিত্তনিবৃত্তিমাহ—স্বপাদেতি। ত্যক্তঃ অন্যস্মিন্ দেহাদৌ দেবান্তরে ভাবো যেন, অতএব তস্য বিকর্ম্মণি প্রবৃত্তির্ন সম্ভবতি। যচ্চ কথঞ্চিৎ প্রমাদাদিনা উৎপতিতমকস্মাৎ প্রাপ্তং ভবেৎ, তদপি হরির্ধুনোতি। ননু যমস্তন্ন মন্যেত, তত্রাহ—পরেশঃ পরমেশ্বরঃ। ননু 'শ্রুতিস্মৃতী মমৈবাজ্ঞে' ইতি ভগবদ্বচনাৎ স্বাজ্ঞাভঙ্গং কথং সহেত? তত্রাহ—প্রিয়স্য। ননু নায়ং পাপক্ষয়ার্থং ভজতে, তত্রাহ—হৃদি সন্নিবিষ্টঃ, ন হি বস্তুশক্তিরর্থিতামপেক্ষত ইত্যর্থঃ ॥৫৫০॥

দ্বারকামাহাত্ম্যে চন্দ্রশর্ম্মাণং প্রতি শ্রীভগবতা—

মদ্ভক্তিং বহতাং পুংসামিহ লোকে পরেঽপি বা।
নাশুভং বিদ্যতে কিঞ্চিৎ কুলকোটিং নয়েদ্দিবম্ ॥৫৫১

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে চন্দ্রশর্ম্মার প্রতি শ্রীভগবানের বাক্য, যথা—আমার ভক্তির বাহন যাঁহারা ইহলোকে বা পরলোকে তাঁহাদের কোনও প্রকার অমঙ্গল ঘটিতে পারে না। প্রকৃতপক্ষে ভক্তি তাঁহাদের কোটিকুলকে দিব্যধামে প্রতিষ্ঠিত করেন ॥ ৫৫১ ॥

টীকা—অশুভং পাপম্ অমঙ্গলং বা পাপমূলকং, তেষাং কুলকোটিঃ ভক্তিরেব দিবং শ্রীবৈকুণ্ঠলোকং প্রাপয়তি ॥ ৫৫১ ॥

বিষয়ভোগেঽপি তদ্দোষনিরাকরত্বম্

একাদশস্কন্ধে তত্রৈব (১৪।১৮)—

বাধ্যমানোঽপি মদ্ভক্তো বিষয়ৈরজিতেন্দ্রিয়ঃ।
প্রায়ঃ প্রগল্ভয়া ভক্ত্যা বিষয়ৈর্নাভিভূয়তে ॥৫৫২॥

অনুবাদ—বিষয়ভোগেও তদ্দোষমোচকত্ব একাদশস্কন্ধেই বলা হইয়াছে—আমার ভক্ত যদিও ইন্দ্রিয়

জয়ের অভাবে বিষয়সমূহে আকৃষ্যমান হন, তথাপি প্রগল্ভ ভক্তিপ্রভাবে তিনি বিষয়াবিষ্ট হন না ॥ ৫৫২

টীকা—বিষয়ৈর্বাধ্যমান আকৃষ্যমাণোঽপি, অতঃ প্রায়োঽজিতেন্দ্রিয়ঃ, প্রগল্ভয়া সমর্থয়া, পরমপদ-প্রদানশক্তায়া অপি ভক্তেবিষয়াভিভবতো রক্ষণং কত-রৎ প্রয়োজনমিতি ভাবঃ ॥ ৫৫২ ॥

কর্ম্মাধিকারনিরসনত্বম্

তত্রৈব (শ্রীভাঃ ১১।২০।৯)—

তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা।
মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে ॥৫৫৩॥

অনুবাদ—কর্ম্মাধিকারের নিরসনত্ব ঐ একাদশ-স্কন্ধেই বলা হইয়াছে—যতদিন পর্য্যন্ত আমার কথা-দিতে শ্রদ্ধা না জন্মায় কিংবা যে কাল পর্য্যন্ত বেদ বিহিত সকাম কর্ম্মাদিতে নির্ব্বেদ না আসে সেই পর্য্যন্ত কর্ম্মসমূহ অনুষ্ঠান করিতে থাক ॥ ৫৫৩ ॥

টীকা—ভক্তিমতঃ কর্ম্মানধিকারাৎ কর্ম্মত্যাগেঽপি ন দোষঃ স্যাদিতি ভক্তের্মাহাত্ম্যং লিখতি—তাব-দিতি। কর্ম্মাণি নিত্যনৈমিত্তিকাদীনি, যাবতা যাবৎ ন নির্ব্বিদ্যেত, কর্ম্মফলেষু ঐহিকামুষ্মিকবিষয়ভোগেষু বা বিরক্তো ন স্যাৎ। শ্রদ্ধা বিশ্বাসঃ প্রীতির্বা; আদিশব্দেন কীর্ত্তনাদি-ভক্তিপ্রকারাঃ; নির্ব্বেদে জাতে মৎকথাশ্রবণাদি-শ্রদ্ধায়াং বা জাতায়াং ন কুর্য্যাদি-ত্যর্থঃ। কর্ম্মণাং সাবধিত্বেন সাধ্যে সিদ্ধে সাধন-পরিত্যাগোপপত্তেঃ। বা-শব্দেন পূর্ব্বতোঽস্য পক্ষস্যা-ধিক্যং সূচিতং, 'যে বা ময়ীশে' (শ্রীভাঃ ৫।৫।৩) ইতিবৎ। বৈরাগ্যে জাতেঽপি কর্ম্মত্যাগো যুক্তঃ, কিং পুনর্বৈরাগ্যস্য ফলে শ্রবণাদৌ জাতে সতীতি ভাবঃ ॥ ৫৫৩ ॥

অতএবোক্তং প্রথমস্কন্ধে (৫।১৭)—

ত্যক্ত্বা স্বধর্ম্মং চরণাম্বুজং হরে,-
র্ভজন্নপক্বোঽথ পতেত্ততো যদি।
যত্র ক্ব বাঽভদ্রমভূদমুষ্য কিং,
কো বার্থ আপ্তোঽভজতাং স্বধর্ম্মতঃ ॥ ৫৫৪ ॥

অনুবাদ—অতএব প্রথমস্কন্ধে কথিত হইয়াছে—স্বধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক যদি কেহ শ্রীহরি চরণকমল আরাধনায় রত থাকিয়া স্খলিত বা মৃত হয় তাহা হইলে স্বধর্ম্ম ত্যাগ করায় তাহার কখনই অমঙ্গল ঘটিবে না। শ্রীহরিপাদপদ্ম ভজনা না করিয়া কাহারই বা স্বধর্ম্ম পালনে অর্থবৃদ্ধি হইয়াছে ? শ্রীহরি-ভজন ব্যতীত সর্ব্বাঙ্গীণ মঙ্গল অসম্ভব ইহাই বলিতে চাওয়া হইয়াছে ॥ ৫৫৪ ॥

টীকা—'নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতম্' (শ্রীভাঃ ১৫।১২) ইত্যাদিনা কাম্যকর্ম্মাদেরনর্থহেতুত্বাত্তদ্বিহায় হরের্লীলাদিবর্ণনারূপা ভক্তিঃ কার্য্যেত্যুক্ত্বা, ইদানীং নিত্যনৈমিত্তিকাদিস্বধর্ম্মনিষ্ঠামপ্যনাদৃত্য কেবলং হরি-ভক্তিরেব কার্য্যেত্যাহ—ত্যক্ত্বেতি। স্বধর্ম্মং নিজনিজ-বর্ণাশ্রমধর্ম্মং ত্যক্ত্বা; ননু স্বধর্ম্মত্যাগেন ভজন ভক্তি-পরিপাকেন যদি কৃতার্থো ভবেত্তর্হি ন কাচিচ্চিন্তা; যদি পুনরপক্ব এব ম্রিয়তে, ততো ভ্রশ্যেত বা, তদা চ স্বধর্ম্ম-ত্যাগনিমিত্তোঽনর্থঃ স্যাদিত্যাহ—ততো ভজনাৎ পতেৎ কথঞ্চিৎ ভ্রশ্যেৎ, ম্রিয়তে বা যদি, তথাপি ভক্তি-রসিকস্য কর্ম্মানধিকারান্নানর্থশঙ্কা। অঙ্গীকৃত্যাপ্যাহ—বা-শব্দঃ কটাক্ষে যত্র ক্ব নীচযোনাবপি অমুষ্য ভক্তিরসিকস্য অভদ্রমভূৎ কিম্ ? নাভূদেবেত্যর্থঃ। ভক্তিবাসনাসম্ভাবনাদিতি ভাবঃ। অভজদ্ভিস্তু কেবলং স্বধর্ম্মতঃ কো বার্থ প্রাপ্তঃ ? অভজতামিতি ষষ্ঠী সম্বন্ধমাত্রবিবক্ষয়া। অতএব শ্রীভগবদ্গীতাসু (১৮। ৬৬) সর্ব্বান্তে সর্ব্বোপদেশসারঃ—'সর্ব্বধর্ম্মান্ পরি-ত্যজ্য' ইতি; একাদশস্কন্ধে চ (১২।১৪)—'তস্মাৎ ত্বমুদ্ধবোৎসৃজ্য' ইত্যাদি। তচ্চ সর্ব্বমগ্রে শরণাপত্তৌ লেখ্যমেব ॥ ৫৫৪ ॥

একান্তিলক্ষণে যচ্চ লিখিতং শরণাগতৌ।
লেখ্যঞ্চ তত্তদ্বচনৈরেতৎ সুদৃঢ়তামিয়াৎ ॥ ৫৫৫ ॥

অনুবাদ—পূর্ব্বে একান্তিলক্ষণে যাহা যাহা লিখা হইয়াছে এবং পরে শরণাপত্তিতে যাহা যাহা লেখা হইবে, সেই সকল বচনানুসারে কর্ম্মাধিকার নির-সনের দৃঢ়তা ঘটিবে ॥ ৫৫৫॥

টীকা—একান্তিপ্রকরণে 'অজ্ঞায়ৈবম্' (শ্রীভাঃ ১১।১১।৩২) ইত্যাদিনা যল্লিখিতং তচ্চাগ্রে শরণাগতি-প্রকরণে 'সর্ব্বধর্ম্মান্' ইত্যাদিনা লেখ্যম্। এতৎ

কর্ম্মাধিকার-নিরসনং তাৎপর্য্যদ্বারা সুদৃঢ়ং ভবতী-ত্যর্থঃ ॥ ৫৫৫ ॥

মনঃপ্রসাদকত্বম্

প্রথমস্কন্ধে (২।৬)—

স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে।
অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সুপ্রসীদতি ॥ ৫৫৬ ॥

অনুবাদ—প্রথমস্কন্ধে বলা হইয়াছে—ইন্দ্রিয় জ্ঞানাতীত শ্রীভগবানে যাহা হইতে শ্রবণ-কীর্ত্তনাদি লক্ষণা ফলাভিসন্ধান রহিতা অপ্রতিহতা ভক্তি হয় তাহাই মনুষ্যগণের পরমধর্ম্ম। সেই ভক্তি প্রভাবে জীবাত্মা সুন্দররূপে বা সম্যক্‌রূপে প্রসন্নতা প্রাপ্ত হয় ॥ ৫৫৬ ॥

টীকা—বৈ প্রসিদ্ধৌ নির্দ্ধারে বা, পর উৎকৃষ্টো ধর্ম্মঃ স এব; যতো ধর্ম্মাৎ, অহৈতুকী—হেতুঃ ফলানুসন্ধানং, তদ্রহিতা; অপ্রতিহতা বিঘ্নৈরনভিভূতা; যয়া ভক্ত্যা আত্মা চিত্তং স্বয়মেব সুষ্ঠু প্রসীদতীতি আনুষঙ্গিকফলমুক্তম্ ॥ ৫৫৬ ॥

অতএবোক্তমেকাদশে (১৪।২২)—

ধর্ম্মঃ সত্যদয়োপেতো বিদ্যা বা তপসান্বিতা।
মদ্ভক্ত্যাপেতমাত্মানং ন সম্যক্ প্রপুনাতি হি॥ ৫৫৭॥

অনুবাদ—অতএব একাদশস্কন্ধে উক্ত হইয়াছে—তপস্যা সহিত বিদ্যাচর্চ্চা কিংবা সত্য ও দয়াযুক্ত ধর্ম্মানুষ্ঠান আমার প্রতি ভক্তি রহিত জীবাত্মাকে সম্পূর্ণরূপে পবিত্র করিতে পারে না—অর্থাৎ একমাত্র ভক্তিই জীবাত্মাকে সম্যক্ পূর্ণতাদানে সমর্থা ॥৫৫৭॥

টীকা—অপেতং রহিতম্ ॥ ৫৫৭ ॥

পরমপাবনত্বম্

তত্রৈব (শ্রীভাঃ ১১।১৪।২১)—

ভক্তিঃ পুনাতি মন্নিষ্ঠা শ্বপচানপি সম্ভবাৎ ॥ ৫৫৮ ॥

অনুবাদ—পরমপাবনত্ব, ঐ একাদশস্কন্ধেই বলা হইয়াছে—নিষ্ঠাসহকারে আমাতে ভক্তি প্রকাশকারী ব্যক্তি শ্বপচাদি জাতিদোষ হইতে মুক্ত হইয়া পবিত্র হয় ॥ ৫৫৮ ॥

টীকা—সম্ভবাৎ জাতিদোষাদপি পুনাতি ॥৫৫৮॥

পরমধর্ম্মত্বম্

ষষ্ঠে (৩।২২)—

এতাবানেব লোকেঽস্মিন্ পুংসাং ধর্ম্মঃ পরঃ স্মৃতঃ।
ভক্তিযোগো ভগবতি তন্নামগ্রহণাদিভিঃ ॥ ৫৫৯ ॥

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে—শ্রীভগবানে নামসংকীর্ত্তনাদি দ্বারা যে ভক্তিযোগ, তাহাই এই জগতে জীবগণের পক্ষে উৎকৃষ্ট ধর্ম্ম বলিয়া কথিত হইয়াছে ॥ ৫৫৯॥

টীকা—তস্য ভগবতো নামগ্রহণাদিভিরিতি ভক্তের্নামগ্রহণপ্রধানতাভিপ্রেতা ॥ ৫৫৯ ॥

অতএবোক্তং পাদ্মে—

কিং তস্য বহুভির্মন্ত্রৈঃ শাস্ত্রৈঃ কিং বহুবিস্তরৈঃ।
বাজপেয়সহস্রৈঃ কিং ভক্তির্যস্য জনার্দ্দনে ॥ ৫৬০ ॥

অনুবাদ—অতএব পদ্মপুরাণে উক্ত হইয়াছে—শ্রীজনার্দ্দনে যাঁহার দৃঢ়াভক্তি আছে তাঁহার বহু শাস্ত্র অধ্যয়ন, বিবিধ মন্ত্রজপ এবং সহস্র বাজপেয় যজ্ঞানুষ্ঠানের কোন প্রয়োজন নাই ॥ ৫৬০ ॥

টীকা—মন্ত্রৈঃ সাধিতৈঃ কিম্ ? ৫৬০ ॥

সর্ব্বগুণাদিসেব্যতাকারিত্বম্

পঞ্চমস্কন্ধে শ্রীপ্রহলাদোক্তৌ (১৮।১২)—

যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা,
সর্ব্বৈগুণৈস্তত্র সমাসতে সুরাঃ।
হরাবভক্তস্য কুতো মহদ্‌গুণা,
মনোরথেনাসতি ধাবতো বহিঃ ॥ ৫৬১ ॥

অনুবাদ—সর্ব্বগুণাদি-সেব্যতাকারিত্ব, পঞ্চমস্কন্ধে শ্রীপ্রহলাদ মহারাজের কথায়—শ্রীভগবানে অকিঞ্চনা ভক্তিমান ব্যক্তির শরীরে দেবগণ এবং সমস্ত সদ্‌গুণ বিরাজিত থাকেন, হরিভক্তি হীন ব্যক্তির জ্ঞান-বৈরাগ্যাদি গুণ কিংবা দেবগণের অধিষ্ঠান কি ভাবে

হইবে, সুতরাং সেই ব্যক্তি ভক্তি রহিত হওয়ায় তুচ্ছ বিষয়সমূহে আকৃষ্ট হয় ॥ ৫৬১ ॥

টীকা—অকিঞ্চনা নিষ্কিঞ্চনা শুদ্ধা বা। সর্ব্বে দেবাঃ সর্ব্বৈর্গুণৈর্ধর্ম্মজ্ঞানাদিভিঃ সহ তত্র সম্যগাসতে, নিত্যং বসন্তি। মহতাং গুণাঃ জ্ঞানবৈরাগ্যাদয়ঃ প্রেমবিকারা বা, কুতো ভবন্তি ? তত্র হেতুঃ—অসতি বিষয়সুখে তুচ্ছমোক্ষসুখে বা মনোরথেন বহির্ভক্তের্দূরে ধাবতঃ ॥ ৫৬১ ॥

অহঙ্কারোন্মূলনত্বম্

চতুর্থে শ্রীধ্রুবং প্রতি মনূক্তৌ (১১।৩০)—

ত্বং প্রত্যগাত্মনি তদা ভগবত্যনন্ত,
আনন্দমাত্র উপপন্নসমস্তশক্তৌ।
ভক্তিং বিধায় পরমাং শনকৈরবিদ্যা,-
গ্রন্থিং বিভেৎস্যসি মমাহমিতি প্ররূঢ়ম্ ॥৫৬২॥

অনুবাদ—অহঙ্কারোন্মূলত্ব—চতুর্থস্কন্ধে শ্রীধ্রুবের প্রতি মনুর কথায়—পরমাত্মার অনুসন্ধানকালে তুমি স্বরূপভূত ত্রিবিধ পরিচ্ছেদ বর্জ্জিত, আনন্দৈকরস, এবং সমস্ত শক্ত্যাধর সেই ভগবান শ্রীকৃষ্ণে অহৈতুকী ও অব্যবহিতা ভক্তির অনুশীলন করিয়া ক্রমে আমি ও আমার এই অবিদ্যাগ্রন্থি ছেদন করিতে পারিবে ॥ ৫৬২ ॥

টীকা—'আত্মানমন্বিচ্ছ বিমুক্তমাত্মদৃক্' (শ্রীভাঃ ৪।১৫।২১) ইতি পূর্ব্বমুক্তং তদন্বেষণফলমাহ—ত্বমিতি। তদান্বেষণকাল এব, প্রত্যগাত্মনি সর্ব্বান্তর্য্যামিণীত্যর্থঃ। অনন্তে অপরিচ্ছিন্নে. আনন্দমাত্রে সুখঘনমূর্ত্তৌ ভগবতি শ্রীকৃষ্ণে, পরমাং নিষ্কামাং বিশুদ্ধাং বা, শনৈর্বিধায়েতি পরমভক্তের্দুষ্করতয়া ক্রমেণৈব তৎসিদ্ধেঃ। যদ্বা, শনকৈঃ চিরং ক্রমেণ যোঽবিদ্যারূপো গ্রন্থিঃ, তমিতি দুর্ভেদ্যতোক্তা ; ননু তাদৃশস্য তদেব কথং বিভেদো ঘটতে ? তত্রাহ—উপপন্নাঃ সম্পন্নাঃ সমস্তাঃ শক্তয়ো যস্মিন্ ; যদ্বা, উপপন্নানাং প্রপন্নানাং সমস্তাঃ শক্তয়ো যস্মাত্তস্মিন্নিতি। এবং প্রত্যগাত্মাদি-ভগবন্মাহাত্ম্যজ্ঞানেন পূর্ব্বং নিষ্কামভক্ত্যকরণাদহঙ্কারাদ্যানপগমনে বৈরেণ কুবেরানুচরাস্ত্বয়া ঘাতিতা ইতি শ্রীধ্রুবং প্রতি মনোর্বাক্যাভিপ্রায়ঃ। —১১

স চ কেবলং শ্রীশিবসখানুগরক্ষার্থমেব বিভীষিকয়ান্যথাভাসত ইত্যাহ্যং যথাকথঞ্চিদ্ভক্ত্যা মুক্তেরপি সুসিদ্ধেঃ ॥ ৫৬২ ॥

শ্রীপৃথুং প্রতি সনকাদিভিঃ (শ্রীভাঃ ৪।২২।৩৯)—

যৎপাদপঙ্কজপলাশবিলাসভক্ত্যা,
কর্ম্মাশয়ং গ্রথিতমুদ্গ্রথয়ন্তি সন্তঃ।
তদ্বন্ন রিক্তমতয়ো যতয়ো নিরুদ্ধ,-
স্রোতোগণাস্তমরণং ভজ বাসুদেবম্ ॥৫৬৩॥

অনুবাদ—শ্রীপৃথু মহারাজের প্রতি শ্রীসনকাদি মুনিগণের বাক্যে সাধুগণ যাঁহার চরণকমলের অঙ্গুলি বিলাসের প্রতি ভক্তি দেখাইয়া অহঙ্কাররূপ সুদৃঢ় হৃদয়গ্রন্থিকে ছেদন করেন, তাঁহার প্রতি ভক্তিবিমুখ সন্ন্যাসীগণ বিষয়রহিত ও নিরুদ্ধমতি হইয়াও সেই প্রকার সহজে কর্ম্মবন্ধন ছেদন করিতে পারেন না। তাই তুমি সকলের শরণ্য শ্রীবাসুদেবকে সর্ব্বান্তঃকরণে ভজনা কর ॥ ৫৬৩ ॥

টীকা—এবং তাদৃশজ্ঞানেন পরমভক্ত্যাহঙ্কারোন্মূলনং লিখিত্বা ইদানীং কথঞ্চিদপি ভজনেন তচ্চ স্যাদিতি দর্শয়তি—যৎপাদেতি ; যস্য পাদপঙ্কজয়োঃ পলাশানি অঙ্গুলয়ঃ, তেষাং বিলাসঃ কান্তিঃ, তস্য ভক্ত্যা স্মৃত্যা ; যদ্বা, নৃত্যগীতাদিবিলাসরূপয়াপি ভক্ত্যা, কর্ম্মাণ্যাশেরতে যস্মিন্নিতি কর্ম্মাশয়োঽহঙ্কারঃ, তদ্রূপং হৃদয়গ্রন্থিং কর্ম্মভিরেব গ্রথিতং দৃঢ়ং বদ্ধং, সন্তো বৈষ্ণবা উদ্গ্রথয়ন্তি মোচয়ন্তি। রিক্তা নির্ব্বিশেষা সর্ব্বমূর্দ্ধন্যা মতির্যেষাম্, নিরুদ্ধঃ প্রত্যাহৃতস্রোতোগণ ইন্দ্রিয়বর্গো যৈঃ, অরণং শরণম্ ; স্রোতোগণশব্দেনেদং সূচ্যতে, যথা গঙ্গাদিপ্রবাহস্য কথঞ্চিদপি যত্নান্নিরোধঃ সম্ভবেদেবমিন্দ্রিয়স্যাপি। ভবতু বা কস্যচিদিন্দ্রিয়স্য, সর্ব্বস্য তু ন ভবত্যেব ; যদি বা কদাচিৎ কস্যচিদ্যতেঃ সর্ব্বনিরোধো ভবতু নাম, তথাপ্যহঙ্কারোন্মূলনং সম্যক্ ন স্যাদেবেতি। অতঃ শ্লেষেণ রিক্তমতয়ঃ নির্ব্বুদ্ধয় এবেত্যুক্তম্। যথা সন্তো ভক্ত্যোদ্গ্রথয়ন্তি যতয়শ্চ তদ্বন্নেতি সদ্ভ্যঃ পৃথক্ত্বেন নির্দ্দেশাদ্ভক্তিবিমুখানাং যতীনাং তদিতরত্বমপ্যুক্তম্। এবং তেষাং ভক্ত্যনাদরেণ নিন্দেতি দিক্ ॥৫৬৩॥

সর্ব্বমার্গাধিকত্বম্

তৃতীয়ে শ্রীকাপিলেয়ে (২৫।১৯)—

ন যুজ্যমানয়া ভক্ত্যা ভগবত্যখিলাত্মনি।
সদৃশোঽস্তি শিবঃ পন্থা যোগিনাং ব্রহ্মসিদ্ধয়ে ॥৫৬৪

অনুবাদ—সর্ব্বপথ অপেক্ষা অধিকত্ব, তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবের বাক্যে—অখিলাত্মা শ্রীভগবানে ভক্তি-যোগ ছাড়া যোগীদের ব্রহ্মজ্ঞান সিদ্ধির নিমিত্ত মঙ্গল-দায়ক আর দ্বিতীয় পথ দেখা যায় না ॥ ৫৬৪ ॥

টীকা—যোগিনামপি ব্রহ্মসিদ্ধয়ে আত্মতত্ত্ব-পরিস্ফূর্ত্তয়ে মুক্তয়ে ইত্যর্থঃ। ভক্ত্যা সদৃশঃ শিবো নির্ব্বিঘ্নো মঙ্গলরূপো বা পন্থা নাস্তি ॥ ৫৬৪ ॥

ষষ্ঠে চ (১।১৭)—

সধ্রীচিনো হ্যয়ং লোকে পন্থাঃ ক্ষেমোঽকুতো ভয়ঃ।
সুশীলাঃ সাধবো যত্র নারায়ণপরায়ণাঃ ॥ ৫৬৫ ॥

অনুবাদ—ষষ্ঠস্কন্ধে বলা হইয়াছে—এই সংসারে ভক্তিপথ বাধাবিঘ্ন হীন, তাই পরমমঙ্গলদায়ক, অতএব এই পথই গ্রহণ করা উচিত। নারায়ণ পরায়ণ শান্তশীল সাধুগণ এই পথের যথার্থ পথিক ॥ ৫৬৫ ॥

টীকা—অয়ং পন্থা ভক্তিমার্গঃ সধ্রীচীনঃ সমীচীনঃ, যতঃ ক্ষেমঃ কল্যাণম্। ক্ষেমত্বে হেতুঃ—ন কুতশ্চিদ্বিঘ্নাদের্ভয়ং যস্মিন্। যদ্বা, ক্ষেমঃ মঙ্গলরূপোঽকুতশ্চিভয়শ্চ। তদেবাহ—যত্র যস্মিন্ মার্গে সুশীলাঃ কৃপালবঃ সাধবো নিষ্কামাঃ, অতো ন জ্ঞানমার্গবদসহায়তানিমিত্তং ভয়ং, নাপি কর্ম্মমার্গবৎ মৎসরাদিযুক্তেভ্যো ভয়ং তেষাং সঙ্গত্যা চ সর্ব্বথা ক্ষেমমেবেতি ভাবঃ ॥ ৫৬৫ ॥

অতএবোক্তং দ্বিতীয়ে শ্রীবাদরায়ণিনা (২।৩৩-৩৪)—

ন হ্যতোঽন্যঃ শিবঃ পন্থা বিশতঃ সংসৃতাবিহ।
বাসুদেবে ভগবতি ভক্তিযোগো যতো ভবেৎ ॥৫৬৬॥
ভগবান্ ব্রহ্ম কার্ৎস্ন্যেন ত্রিরন্বীক্ষ্য মনীষয়া।
তদধ্যবস্যৎ কূটস্থো রতিরাত্মন্ যতো ভবেৎ ॥৫৬৭॥

অনুবাদ—অতএব দ্বিতীয়স্কন্ধে শ্রীশুকদেবের বাক্যে—বাসুদেব শ্রীভগবানে ভক্তিযোগ অনুষ্ঠিত হইলে যে প্রকার সুখানুভূতি হয়, সংসারীজনের পক্ষে সেই প্রকার মঙ্গলজনক পন্থা আর দেখা যায় না। কিভাবে ভগবান শ্রীহরিতে আসক্তি হইতে পারে তাহা জানিবার জন্য তিনবার সমগ্রবেদ বিচারে প্রবৃত্ত হন। পরিশেষে তিনি একাগ্র চিত্তে চিন্তা করিয়া বুদ্ধিবলে স্থির করিয়াছেন যে ভক্তিযোগই শ্রেষ্ঠ পথ ॥ ৫৬৬-৫৬৭ ॥

টীকা—অধুনা সর্ব্বমার্গফলত্বেন ভক্তেঃ সর্ব্বমার্গাধিকত্বমেব দ্রঢ়য়তি—ন হীতি দ্বাভ্যাম্। সন্তি চ সংসরতঃ পুংসো বহবো মোক্ষমার্গাঃ, কিন্তু যতঃ পথোঽনুষ্ঠিতাৎ ভক্তিযোগো ভবেৎ, অতোঽন্যঃ শিবঃ সুখরূপো নির্ব্বিঘ্নশ্চ পন্থা নাস্ত্যেবেত্যর্থঃ ॥ ৫৬৬ ॥

টীকা—অতস্তদাহ—ভগবান্ ব্রহ্মা কূটস্থঃ নির্ব্বিকারঃ একাগ্রচিত্তঃ সন্নিত্যর্থঃ, ত্রিঃ ত্রীন্ বারান্ কার্ৎস্ন্যেন সাকল্যেন ব্রহ্ম বেদমন্বীক্ষ্য বিচার্য্য, যতঃ আত্মনি হরৌ রতির্ভবেৎ তদেব মনীষয়া অধ্যবস্যৎ, সন্মার্গত্বেন সদ্বস্তুত্বেন বা নিশ্চিতবান্। এবং রতিহেতুত্বেন ভক্তিযোগস্যৈব সন্মার্গত্বম্ দর্শিতম্। যদ্বা, কার্য্যকারণয়োরভেদবিবক্ষয়া রতিরেব ভক্তিযোগ ইত্যভিপ্রেতম্। যদ্বা, যতো ভক্তিযোগাৎ, তদিতি 'তম্' ইতি ভক্তিযোগমাহাত্ম্যমুক্তম্ ॥ ৫৬৭ ॥

সর্ব্বার্থসাধকত্বম্

বৃহন্নারদীয়ে শ্রীনারদোক্তৌ—

যথা সমস্তলোকানাং জীবনং সলিলং স্মৃতম্।
তথা সমস্তসিদ্ধীনাং জীবনং ভক্তিরিষ্যতে ॥৫৬৮॥

অনুবাদ—সর্ব্বার্থ সাধকত্ব—বৃহন্নারদীয়পুরাণে শ্রীনারদের বাক্যে—জলের মত ভক্তিই সর্ব্বসিদ্ধির জীবন স্বরূপ—অর্থাৎ ভক্তি ছাড়া কোন অর্থই সিদ্ধ হয় না ॥ ৫৬৮ ॥

টীকা—সমস্তানাং সিদ্ধীনামর্থানাং জীবনং ভক্তিরেবেতি, তাং বিনা ন স্যুরিত্যর্থঃ ॥ ৫৬৮ ॥

জীবন্তি জন্তবঃ সর্ব্বে যথা মাতরমাশ্রিতাঃ।
তথা ভক্তিং সমাশ্রিত্য সর্ব্বা জীবন্তি সিদ্ধয়ঃ ॥৫৬৯

অনুবাদ—জঠরধারিণী জননীর দয়ায় যেমন

জীবসমূহের জীবন রক্ষিত হয়, সেই প্রকার ভক্তি-দেবীর আশ্রয়ে বা দয়ায়ই সমস্ত সিদ্ধি সফল হয়—সংস্পর্শ ব্যতীত কোন কিছুই ফল দিতে পারে না ॥ ৫৬৯ ॥

টীকা—জীবন্তি—সিধ্যন্তি ॥ ৫৬৯ ॥

———

ধ্বজারোপণ-মাহাত্ম্যে শ্রীবিষ্ণুদূতোক্তৌ—

মহাপাতকযুক্তো বা যুক্তো বা সর্ব্বপাতকৈঃ ।
ঈপ্সিতাং ভগবদ্ভক্ত্যা লভতে পরমাং গতিম্ ॥৫৭০॥

অনুবাদ—ধ্বজারোপণ মাহাত্ম্যে যম-ব্রাহ্মণ-সংবাদে বলা হইয়াছে—কেবল ভগবানে ভক্তি ভাব দৃঢ় করিয়া ধরিয়া রাখিয়া এই পৃথিবীতে মহাপাতকী বা সর্ব্বপাতকে লিপ্ত ব্যক্তিও ঈপ্সিত পরাগতি লাভ করিয়া থাকে ॥ ৫৭০ ॥

টীকা—ঈপ্সিতামভীষ্টাং পরমামুৎকৃষ্টাং গতিম্ ফলম্ ॥ ৫৭০ ॥

———

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যম-ব্রাহ্মণ-সংবাদে—

অপত্যং দ্রবিণং দারা হারা হর্ম্ম্যং হয়া গজাঃ ।
সুখানি স্বর্গমোক্ষৌ চ ন দূরে হরিভক্তিতঃ ॥ ৫৭১ ॥

অনুবাদ—পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে যম-ব্রাহ্মণ-সংবাদে বলা হইয়াছে শ্রীহরিভক্তের পক্ষে পুত্র, বিত্ত, স্ত্রী, মুক্তামালা, প্রাসাদ বা অট্টালিকা, অশ্বাদি বাহন, রাজ্যাদি সম্পত্তি, স্বর্গ ও মোক্ষ এই সমস্ত কোন কিছুই দুর্ল্লভ বা দুষ্প্রাপ্য নহে। শ্রীহরিভক্ত ইচ্ছা করিলেই এই সমস্ত পাইতে পারেন ॥ ৫৭১ ॥

টীকা—হারা মনোহরাঃ মুক্তাবল্যো বা, তৈশ্চ সর্ব্বাণি ভূষণানি উপলক্ষ্যন্তে ; সুখানি রাজ্যাদি-সম্পত্তয়ো হরিভক্তিতো দূরে ন ভবন্তি, কিন্তু তদাশ্রিতানি, অতএব লভ্যন্ত ইত্যর্থঃ ॥ ৫৭১ ॥

———

প্রথমস্কন্ধে (২।৭)—

বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ ।
জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহৈতুকম্ ॥ ৫৭২ ॥

অনুবাদ—প্রথমস্কন্ধে বলা হইয়াছে—বাসুদেব শ্রীভগবানে ভক্তিযোগ অনুষ্ঠিত হইলে সত্বর বৈরাগ্য ও অহৈতুক জ্ঞানের উদয় হয় ॥ ৫৭২ ॥

টীকা—অহৈতুকং শুষ্কতর্কাদ্যগোচরম্ ঔপনিষদ-মিত্যর্থঃ। যদ্বা, নিষ্কামজনপ্রাপ্যপদং যৎ মোক্ষাখ্যং বা শ্রীবৈকুণ্ঠাখ্যং তচ্চ। যদ্বা, ফলাভিসন্ধিরহিতং প্রেম চ জনয়তীত্যর্থঃ ॥ ৫৭২ ॥

———

একাদশে চ ভগবদুদ্ধব-সংবাদে (২০।৩২-৩৩)—

যৎকর্ম্মভির্যত্তপসা জ্ঞানবৈরাগ্যতশ্চ যৎ ।
যোগেন দানধর্ম্মেণ শ্রেয়োভিরিতরৈরপি ॥ ৫৭৩ ॥
সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসা ।
স্বর্গাপবর্গং মদ্ধাম কথঞ্চিদ্‌যদি বাঞ্ছতি ॥ ৫৭৪ ॥

অনুবাদ—একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সংবাদে—আমার ভক্ত ভক্তিযোগের সহায়তায় কর্ম্ম, তপস্যা, জ্ঞান, বৈরাগ্য, যোগসাধন, দান, ধর্ম্ম ও অন্যান্য শ্রেয় সাধক শুভকর্ম্মসমূহদ্বারা লভ্য সমস্ত ফলই সহজেই পাইয়া থাকেন। স্বর্গ, অপবর্গ, বৈকুণ্ঠ যাহা ইচ্ছা করেন, ভক্ত ব্যক্তি তাহাই পাইতে পারেন ॥ ৫৭৩-৫৭৪ ॥

টীকা—ইতরৈস্তীর্থযাত্রাব্রতাদিভিরপি শ্রেয়ঃসাধনৈর্যদ্ভাব্যং সত্ত্বশুদ্ধ্যাদি তৎ সর্ব্বমনায়াসেনৈব লভতে। তথা স্বর্গমপবর্গং মদ্ধাম চ বৈকুণ্ঠং লভত এব। যদি বাঞ্ছতীতি বাঞ্ছা তু নাস্তীত্যুম্। তত্র কথঞ্চিদিতি স্বর্গাপবর্গয়োস্তুচ্ছতামনুভবিতুক্তম্। কিংবা স্বর্গে দেবতাঃ শ্রীবিষ্ণুং দ্রষ্টুং স্বর্গং ভক্তিবিঘ্নসাংসারিকদুঃখতরণার্থঞ্চাপবর্গং বৈকুণ্ঠলোকে সাক্ষাৎ মৎসেবার্থং চেত্যেবংপ্রকারেণ বাঞ্ছন্তি চেদিত্যর্থঃ। বৈকুণ্ঠবাঞ্ছা চ তত্রত্যবিভূতিশ্রবণাদ্ ভক্তিরসপ্লুতত্বেনানন্যাপেক্ষ্যত্বাদ্বা ॥ ৫৭৩-৫৭৪ ॥

———

অতএবোক্তং দ্বিতীয়ে (৩।১০)—

অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ ।
তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্ ॥ ৫৭৫ ॥

অনুবাদ—অতএব দ্বিতীয়স্কন্ধে বলা হইয়াছে—অকাম, সর্ব্বকাম বা মোক্ষকাম উদারবুদ্ধি ব্যক্তি অনন্য-তীব্র-ভক্তিসহকারে পরমপুরুষকে আরাধনা করিয়া থাকে ॥ ৫৭৫ ॥

টীকা—অকামঃ একান্তভক্তঃ, সর্ব্বকামঃ—'ব্রহ্মবর্চ্চসকামস্তু' (শ্রীভাঃ ২।৩।২) ইত্যাদ্যষ্টশ্লোকোক্ত-ব্রহ্মবর্চ্চসাদিকামঃ। উক্তানুক্তাখিলকামো বা উদারধীর্মহাবুদ্ধিশ্চেৎ, তদা পরং পুরুষং শ্রীকৃষ্ণং ভজেৎ। তীব্রেণ দৃঢ়েণ; যদ্বা, অকামো বৈরাগ্যকামঃ, উদারধীঃ ভগবদেকপ্রাপ্তিকামো বা, অন্যৎ সমানম্ ॥ ৫৭৫ ॥

মোক্ষাধিকত্বম্

তৃতীয়ে কাপিলেয়ে (২৫।৩২)—

অনিমিত্তা ভাগবতী ভক্তিঃ সিদ্ধের্গরীয়সী।
জরয়ত্যাশু যা কোষং নিগীর্ণমনলো যথা ॥ ৫৭৬ ॥

অনুবাদ—মোক্ষাধিকত্ব, তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবের উক্তিতে—নিষ্কামভক্তি মুক্তি অপেক্ষা শ্রেষ্ঠা, যেহেতু নিষ্কামভক্তির আনুষঙ্গিক ভাবেই এই মুক্তি প্রাপ্তি ঘটে। জঠরাগ্নি যেমন ভুক্ত অন্নকে বিনা যত্নেই পরিপাক করে, সেই প্রকার ভগবদ্ভক্তিও সত্বর এই লিঙ্গদেহকে ক্ষয় করিয়া থাকে ॥ ৫৭৬ ॥

টীকা—অনিমিত্তা নিষ্কামা; সিদ্ধের্মুক্তেরপি গরীয়সী। মুক্তিশ্চানুষঙ্গিকী ভবত্যেবেত্যাহ—যা ভক্তিঃ কোষং লিঙ্গশরীরং জরয়তি ক্ষপয়তি। প্রযত্নং বিনৈব সিদ্ধো দৃষ্টান্তঃ—নিগীর্ণং ভুক্তমন্নং জাঠরোঽগ্নির্যথা জরয়তীতি। 'দেবানাং গুণলিঙ্গানাম্ (শ্রীভাঃ ৩।২৫।৩২) ইত্যাদিশ্লোকোঽত্র ন সংগৃহীতঃ। তত্র ভক্তিলক্ষণোক্তে গরীয়স্ত্বঞ্চ, ভক্তেস্তত্রৈবোক্তং 'নৈকাত্মতাং মে স্পৃহয়ন্তি কেচিৎ' (শ্রীভাঃ ৩।২৫।৩৪) ইত্যাদিশ্লোকপঞ্চকেন। তদত্রানুপযোগান্ন সংগৃহীতম্। এবমন্যদপ্যূহ্যম্ ॥ ৫৭৬ ॥

পঞ্চমে শ্রীঋষভদেবচরিতান্তে (৬।১৭)—

যস্যামেব কবয় আত্মানমবিরতং বিবিধ-বৃজিনসংসারপরিতাপোপতপ্যমানমনুসবনং স্নাপয়ন্তস্তয়ৈব পরয়া নির্বৃত্যা হ্যপবর্গমাত্যন্তিকং পরমপুরুষার্থমপি স্বয়মাসাদিতং ন এবাদ্রিয়ন্তে ভগবদীয়ত্বেনৈব পরিসমাপ্তসর্ব্বার্থাঃ ॥ ৫৭৭ ॥

অনুবাদ—পঞ্চমস্কন্ধে শ্রীঋষভদেবের চরিত বর্ণনার শেষে কথিত হইয়াছে—কবিগণ যাহাতে সংসারতাপতপ্ত জীবাত্মাকে স্নান করাইয়া পরমানন্দ প্রাপ্ত হন এবং যাহার সহায়তায় পরমপুরুষার্থ মুক্তি প্রার্থনা ছাড়া ভগবৎকৃপায় আপনি আবির্ভূত হইলেও তাহা গ্রহণে আগ্রহ প্রকাশ করেন না, সেই ভগবদ্ভক্তিই সমস্ত পুরুষার্থের বিধাত্রী, অতএব ভক্তজন ভগবচ্চিহ্নিত সামর্থ্যবান বলিয়া স্বভাবতঃ তাঁহাদের সর্ব্ব প্রকার পুরুষার্থই প্রাপ্তি হইয়া থাকে ॥ ৫৭৭ ॥

টীকা—ভগবতি তস্মিন্ বাসুদেবে একান্ততো ভক্তিরনয়োরপি সমনুবর্ত্তত। ইতি পূর্ব্বগদ্যাদ্ভক্তিরনুবর্ত্তত এব। অতো যস্যাং ভক্তাবেব, ন তু যোগাদিষু অনুসবনমবিরতং চাত্মানং স্নাপয়ন্ত ইতি পরমানন্দরসময়ত্বং সূচিতম্। আত্যন্তিকং পরমপুরুষার্থমপি; যদ্বা, আত্যন্তিকং সাযুজ্যরূপমপি। অতঃ পরমপুরুষার্থমপ্যপবর্গং মোক্ষম্। যদ্বা, অপবর্গো মোক্ষম্। আত্যন্তিকং পরমপুরুষার্থং শ্রীবৈকুণ্ঠলোকমপি। এবং সতীদং গদ্যমগ্রে স্বতঃপরমপুরুষার্থতায়াং দ্রষ্টব্যম্। এবমন্যদপি জ্ঞেয়ম্। স্বয়মাসাদিতং আত্মনৈব প্রাপ্তম্; যদ্বা, ভগবতা স্বয়মেব দীয়মানমপি অনাদরে হেতুঃ—ভগবদীয়ত্বেনৈব পরিতঃ সমাপ্তাঃ সম্যক্ প্রাপ্তাঃ সর্ব্বে পুরুষার্থা যৈঃ

দ্বাদশে চ শ্রীমার্কণ্ডেয়মুদ্দিশ্য শ্রীশিবোক্তৌ (১০।৬)—

নৈবেচ্ছত্যাশিষঃ ক্বাপি ব্রহ্মর্ষির্মোক্ষমপ্যুত।
ভক্তিং পরাং ভগবতি লব্ধবান্ পুরুষেঽব্যয়ে ॥৫৭৮

অনুবাদ—দ্বাদশস্কন্ধে শ্রীমার্কণ্ডেয়ের প্রতি শ্রীশিব বাক্য—এই ব্রহ্মর্ষি যখন অব্যয় পুরুষে পরাভক্তি লাভ করিয়াছেন, তখন ইনি কোনও প্রকার আশীর্ব্বাদ বা মুক্তিলাভ আকাঙ্ক্ষা করেন না ॥ ৫৭৮ ॥

টীকা—আশিষঃ অভ্যুদয়লক্ষণাঃ, উত স্মিতৌ; তত্র হেতুঃ—ভক্তিমিতি, অব্যয়ে পরিপূর্ণে পুরুষে শ্রীকৃষ্ণে ॥ ৫৭৮ ॥

অতএবোক্তং পঞ্চমে শ্রীভগবন্তমুদ্দিশ্য বাদরায়ণিনা (১৪।৪৩)—

যো দুস্ত্যজান্ ক্ষিতিসুতস্বজনার্থদারান্
প্রার্থ্যাং শ্রিয়ং সুরবরৈঃ সদয়াবলোকাম্।
নৈচ্ছন্নৃপস্তদুচিতং মহতাং মধুদ্বিট্-
সেবানুরক্তমনসামভবোঽপি ফল্গুঃ ॥৫৭৯॥

অনুবাদ—অতএব পঞ্চমস্কন্ধে শ্রীভগবানকে লক্ষ্য করিয়া শ্রীশুকদেবের বাক্য—ভগবদ্ভক্তির জন্য সেই রাজার মন অত্যন্ত লুব্ধ, সেইজন্য তিনি দুস্ত্যজ রাজ্য, ধন, জন, পুত্র, কলত্রাদি বা দেববাঞ্ছিত যে রাজলক্ষ্মী দয়ার পাত্র হইবার ইচ্ছায় তাঁহার প্রতি দীনভাবে দৃষ্টি দিতেন, তাহাকেও বাসনা করেন নাই, কারণ যাঁহাদের অন্তঃকরণ অন্তর্য্যামী শ্রীহরির সেবায় আসক্ত তাঁহাদিগের পক্ষে পরম পুরুষার্থ বিধায়ক মোক্ষ ও তুচ্ছাতিতুচ্ছ বলিয়া গণ্য হয় ॥৫৭৯

টীকা—য এবম্ভূতোঽসৌ নৃপঃ, স ক্ষিত্যাদীন্ নৈচ্ছদিতি যৎ, তদুচিতম্। সদয়াবলোকাং ভরতস্য দয়া যথা ভবতি এবমবলোকো যস্যাস্তামিতি পরি-জনাবলোকঃ শ্রিয়ামুপচর্য্যতে। যদ্বা, সাক্ষাত্তুতাং ভরতং কৃপয়াবলোকয়ন্তীমপি সর্ব্বসম্পদধিষ্ঠাত্রীং লক্ষ্মীমেব। যতঃ মধুদ্বিষঃ সেবায়াং ভক্তৌ কস্যা-ঞ্চিদ্বা পরিচর্য্যায়ামপি অনুরক্তং মনোঽপি, ন তু প্রবৃত্তং সর্ব্বেন্দ্রিয়ং যেষাং তেষাং মহতাম্ অভবঃ মোক্ষোঽপি ফল্গুস্তুচ্ছ এব ॥ ৫৭৯ ॥

———

একাদশে চ ভগবতা (১৪।১৪)—

> ন পারমেষ্ঠ্যং ন মহেন্দ্রধিষ্ণ্যং
> ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যম্
> ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা
> মর্য্যর্পিতাত্মেচ্ছতি মদ্বিনান্যৎ ॥ ৫৮০ ॥

অনুবাদ—একাদশস্কন্ধে শ্রীভগবানের বাক্য—একনিষ্ঠভাবে আমাতে যে ভক্ত আত্মসমর্পণ করিয়াছে, সেই ভক্ত আমাকে ছাড়া কি ইন্দ্রলোক, কি ব্রহ্ম-লোক কিংবা সার্ব্বভৌমত্ব অথবা পাতালের আধিপত্য কিংবা মুক্তি কিছুই বাঞ্ছা করেন না ॥ ৫৮০ ॥

টীকা—রসাধিপত্যং পাতালাদি-স্বাম্যম্, অপুন-র্ভবং মোক্ষমপি, পারমেষ্ঠ্যাদ্যপুনর্ভবান্তেষ্বেষু ক্রমেণ শ্রীভগবদ্ভক্তের্ন্যূনতয়া তেষাং ন্যূনতাভিপ্রায়েণৈবং ব্যাখ্যেয়ম্ পারমেষ্ঠ্যমপি নেচ্ছতি, কিম্পুনর্মহেন্দ্র-ধিষ্ণ্যমিত্যাদি। মদ্বিনা মাং হিত্বা অন্যন্নেচ্ছতি, অহমেব তস্য শ্রেষ্ঠ ইত্যর্থঃ। যদ্বা, মদ্বিনা মদ্ভক্তিং বিনা অন্যৎ শ্রীবৈকুণ্ঠবাসাদিকমপি নেচ্ছতীত্যর্থঃ ॥৫৮০॥

———

অতএবোক্তং ষষ্ঠে শ্রীরুদ্রেণ (১৭।৩১)—

> **বাসুদেবে ভগবতি ভক্তিমুদ্বহতাং নৃণাম্।**
> **জ্ঞানবৈরাগ্যবীর্য্যাণাং নেহ কশ্চিদ্ব্যপাশ্রয়ঃ ॥ ৫৮১ ॥**

অনুবাদ—অতএব ষষ্ঠস্কন্ধে শ্রীরুদ্র বাক্যে—যাঁহারা শ্রীবাসুদেবে একনিষ্ঠ ভক্ত এবং যাঁহাদের জ্ঞান ও বৈরাগ্য প্রভাবসমন্বিত, তাঁহারা ভক্তি অপেক্ষা অন্য কোনও পদার্থকে উত্তম বলিয়া স্বীকার করেন না, আশ্রয়ও করেন না ॥ ৫৮১ ॥

টীকা—তদেব সর্ব্বনৈরপেক্ষ্যেণ দ্রঢ়য়তি—বাসু-দেব ইতি দ্বাভ্যাম্। জ্ঞানবৈরাগ্যয়োর্বীর্য্যং বলং যেষাং, তয়োরপি বীর্য্যং যেভ্য ইতিবা ; ব্যপাশ্রয়ঃ বিশিষ্টবুদ্ধ্যা আশ্রয়ণীয়োঽর্থো নাস্তি ॥ ৫৮১ ॥

———

বিষ্ণুপুরাণে চ শ্রীপ্রহ্লাদেন (১।২০।২৭)—

> **ধর্ম্মার্থকামৈঃ কিং তস্য মুক্তিস্তস্য করে স্থিতা।**
> **সমস্তজগতাং মূলে যস্য ভক্তিঃ স্থিতা ত্বয়ি ॥ ৫৮২ ॥**

অনুবাদ—বিষ্ণুপুরাণে প্রহলাদ মহারাজের বাক্য—সমস্ত জগতের মূলাশ্রয় আপনাতে যাহার ভক্তি প্রতি-ষ্ঠিত হইয়াছে, ধর্ম্ম, অর্থ বা কামে তাহার প্রয়োজন কি ? মুক্তিই তাহার করতলগত হইয়া থাকে ॥৫৮২

টীকা—করে স্থিতা অধীনাভূদিত্যর্থঃ। অতস্তস্যা-মাদরো নাস্তীতি ভাবঃ। যদ্বা, স্বাশ্রিতেভ্যো মুমুক্ষুভ্যো দাতুং করে গৃহীতেত্যর্থঃ। অতস্তস্যাং স্বার্থাভাবান্নৈর-পেক্ষ্যমেব সিদ্ধম্। সমস্তজগতাং সাধকানাং সিদ্ধা-নাঞ্চ সর্ব্বেষাং মূলে আশ্রয়ে, অতো মূলাপেক্ষয়া পত্রাদিস্থানীয়ান্যপেক্ষ্যাণ্যেবেতি ভাবঃ ॥ ৫৮২ ॥

———

অতএবোক্তং নারসিংহে—

> **পত্রেষু পুষ্পেষু ফলেষু তোয়ে-**
> **ষ্বক্রীতলভ্যেষু সদৈব সৎসু।**
> **ভক্ত্যা সুলভ্যে পুরুষে পুরাণে**
> **মুক্তৌ কিমর্থং ক্রিয়তে প্রযত্নঃ ? ৫৮৩ ॥**

অনুবাদ—অতএব নৃসিংহপুরাণে উক্ত হইয়াছে—ক্রয় না করিলেও যে প্রকার পত্র, পুষ্প, ফল ও জল পাওয়া যায়, সেই প্রকার ভক্তিপ্রভাবে পুরাণ-

পুরুষ শ্রীভগবানকে সহজে লাভ করিতে পারিলে লোক কি জন্য মুক্তিলাভে যত্ন করিবে ॥ ৫৮৩ ॥

টীকা—অক্রীতেষু চ তেষু তথাপি লভ্যেষু সৎসু। যদ্বা, ভাবে ক্তঃ; ক্রয়ং বিনাপি লভ্যেহিবত্যর্থঃ। এবং ভক্তিসাধনানাং সুলভতা দর্শিতা, ভক্ত্যা চ সুলভে পুরাপি নবঃ পুরাণঃ শ্রীকৃষ্ণ ইত্যর্থঃ, তস্মিন্ ইতি ভজনীয়স্য সুসাধ্যতা দর্শিতা। মুক্তেঃ প্রযত্নঃ কিমর্থং ক্রিয়তে, আনুষঙ্গিকত্বেন তস্যাঃ স্বত এব সিদ্ধেঃ। কিংবা সাধ্যে সিদ্ধে সাধনপ্রয়াসানুপযোগাৎ। পরমবস্তুনি সুলভে তুচ্ছবস্তুর্থং প্রয়াসোহনুচিত ইতি॥৫৮৩

অতএবোক্তং প্রথমস্কন্ধে (৭।১০)—

আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে।
কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিঃ ॥৫৮৪॥

অনুবাদ—অতএব প্রথমস্কন্ধে বলা হইয়াছে—কর্ম্মগ্রন্থিমুক্ত ব্রহ্মনিষ্ঠ মুনিগণও উরুক্রম শ্রীকৃষ্ণে অহৈতুকী ভক্তি করিয়া থাকেন, এই প্রকার আকর্ষণকারিণী শক্তি শ্রীকৃষ্ণে বিদ্যমান ॥ ৫৮৪ ॥

টীকা—আত্মারামা ব্রহ্মনিষ্ঠা অপি, অতএব নির্গ্রন্থা গ্রন্থেভ্যো নির্গতাঃ। তদুক্তং শ্রীগীতাসু (২।৫২)—'যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিতরিষ্যতি। তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ' ॥ ইতি। যদ্বা, গ্রন্থিরেব গ্রন্থঃ, নিবৃত্তহৃদয়গ্রন্থয় ইত্যর্থঃ। ননু মুক্তানাং কিং ভক্ত্যোতাদি-সর্ব্বাক্ষেপপরিহারার্থমাহ—ইত্থম্ভূতগুণ ইতি। অত্যনির্ব্বচনীয়পরমাকর্ষক-ভক্তিগুণত্বাদিত্যর্থঃ। তচ্চ শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে ব্যুপাদিতমেবাস্তি ॥ ৫৮৪ ॥

শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকত্বম্

বামনে—

যেষাঞ্চক্রগদাপাণৌ ভক্তিরব্যভিচারিণী।
তে যান্তি নিয়তং স্থানং যত্র যোগেশ্বরো হরিঃ ॥৫৮৫

অনুবাদ—শ্রীবৈকুণ্ঠলোক প্রাপকত্ব—বামনপুরাণে বলা হইয়াছে—যাঁহাদের চক্রপাণি ও গদাপাণি শ্রীভগবানে অব্যভিচারিণী ভক্তি আছে, তাঁহারা ভক্তি-যোগ দ্বারা লভ্য শ্রীহরির নিত্যধামে গমন করেন ॥ ৫৮৫ ॥

টীকা—যোগেশ্বরো ভক্তিযোগপ্রাপ্যঃ ॥ ৫৮৫ ॥

স্কান্দে—

মুনির্জাপ্যপরো নিত্যং দৃঢ়ভক্তির্জিতেন্দ্রিয়ঃ।
স্বগৃহেহপি বসন্ যাতি তদ্বিষ্ণোঃ পরমং পদম্ ॥৫৮৬

অনুবাদ—স্কন্দপুরাণে উক্ত হইয়াছে—শ্রীভগবানে দৃঢ় ভক্তিনিষ্ঠ এবং জিতেন্দ্রিয়, নিত্য ভগবানের নাম-মন্ত্র জপকারী মুনি বা গৃহস্থ যাহাই হউন না কেন তিনি শ্রীবিষ্ণুর সেই পরমধামে গমন করেন ॥৫৮৬॥

টীকা—জাপ্যং ভগবতো মন্ত্রঃ নাম বা, তৎপরঃ, অতো দৃঢ়ভক্তিঃ, অতএব জিতেন্দ্রিয়ঃ, বিপরীতো বা হেতুহেতুমদ্ভাবঃ ॥ ৫৮৬ ॥

তৃতীয়স্কন্ধে শ্রীবৈকুণ্ঠ-বর্ণনে (১৫।২৫)—

যদ্বৈ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা
দূরেযমা হ্যপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।
ভর্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ-
বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥৫৮৭॥

অনুবাদ—তৃতীয়স্কন্ধে শ্রীবৈকুণ্ঠ-বর্ণনে—দেবগণ অপেক্ষা অধিক যোগশক্তি সম্পন্ন ও অহঙ্কার বর্জ্জিত ব্যক্তিগণই বৈকুণ্ঠলোকে যাইতে পারেন। দেবাদিদেব শ্রীহরির প্রতি সর্ব্বদা ভক্তি পরায়ণ হওয়ায় তাঁহারা এতদূর প্রভাবশালী যে কৃতান্তও তাঁহাদের নিকট যাইতে সাহস পান না। তাঁহাদের ভক্তি-বিষয়ে অধিক কি বলিব, যখন পরস্পরে উত্তমঃশ্লোক শ্রীহরির গুণকীর্ত্তনে অনুরাগী হন, তখন অবশতা ও বাষ্প নির্গম বশতঃ তাঁহাদের শরীর পুলকিত হইয়া থাকে। এই প্রকার স্বভাব সকলেরই বাঞ্ছা করা উচিত ॥ ৫৮৭ ॥

টীকা—যচ্চ নোহস্মাকং সর্ব্বদেবানামুপরি স্থিতং ব্রজন্তি। কে? অনিমিষাং দেবানামৃষভঃ শ্রেষ্ঠো হরিস্তস্যানুবৃত্ত্যা ভক্ত্যা দূরে যমো যেষাং তে; যদ্বা, দূরীকৃতযমনিয়মাঃ। দূরেঽহম্ ইতি পাঠে দূরীকৃতা-হঙ্কারা ইত্যর্থঃ। স্পৃহণীয়ং করুণাদি ভগবদ্ভজনাদি

বা শীলং স্বভাবো যেষাম্। যদ্বা, অস্মৎপ্রার্থ্যং শীলং যেষাম্। কিঞ্চ, ভর্ত্তুর্হরের্যৎ সুযশস্তস্য মিথঃ কথনেন যঃ প্রেমাবির্ভাবস্তেন বৈক্লব্যং বৈবশ্যং, তেন যা বাষ্পকলা, তয়া সহ পুলকীকৃতমঙ্গং যেষাং তে। ইত্যনুবৃত্তিলক্ষণমুক্তম্। যদ্বা, তথাভূতাঃ সন্তো ব্রজন্তীতি গমনপ্রকারঃ; যদ্বা, ন উপরীতি ব্রজতাং বিশেষণং, নিরহঙ্কার ত্বাদপ্যস্মত্তোঽপি যেঽধিকাস্তে ইত্যর্থঃ ॥ ৫৮৭ ॥

দশমে চ শ্রীব্রহ্মস্তুতৌ (১৪।৫)—

পুরেহ ভূমন্ বহবোঽপি যোগিন-
স্ত্বদর্পিতেহা নিজকর্ম্মলব্ধয়া।
বিবুধ্য ভক্ত্যৈব কথোপনীতয়া
প্রপেদিরেঽঞ্জোঽচ্যুত তে গতিং পরাম্ ॥৫৮৮॥

অনুবাদ—দশমস্কন্ধে শ্রীব্রহ্মার স্তুতি প্রসঙ্গে ব্রহ্মার বাক্য—হে অপরিচ্ছিন্ন মাহাত্ম্য! পুরাকালে ইহলোকে অনেকানেক যোগপথাবলম্বী ব্যক্তি যোগবলে আপনার স্বরূপ উপলব্ধি করিতে না পারিয়া সর্ব্বপ্রকার লৌকিক চেষ্টাসমূহ আপনাতেই সমর্পণ করিয়াছিলেন, তারপর নিজকর্ম্ম অর্পণহেতু লব্ধ ও আপনার কথা শ্রবণ জনিত ভক্তি লাভ করিয়া আত্মতত্ত্ব জানিতে পারিয়া মহাসুখে আপনার দিব্য গতি প্রাপ্ত হইয়াছেন ॥ ৫৮৮ ॥

টীকা—ভক্ত্যৈব বৈকুণ্ঠপ্রাপ্তির্নান্যথেত্যত্র সদাচারং প্রমাণয়তি—পুরেতি ভূমন্। হে অপরিচ্ছিন্নমাহাত্ম্য, ইহলোকে পূর্ব্বং যোগিনোঽপি সন্তঃ যোগৈর্জ্ঞানমপ্রাপ্য পশ্চাত্ত্বদর্পিতেহা ত্বয়ি অর্পিতা লোকিক্যপি ঈহা চেষ্টা যৈস্তে, নিজকর্ম্মলব্ধয়া ত্বদর্পিতৈর্নিজৈঃ কর্ম্মভির্ধর্ম্মলক্ষণৈর্লব্ধয়া। অর্পিতা লৌকিক্যপি ঈহা চ নিজকর্ম্মাণি চ তৈর্লব্ধয়েত্যেকং বা পদম্। কথোপনীতয়া কথয়া ত্বৎসমীপং প্রাপিতয়া, যদ্বা, কথয়া উপস্থাপিতয়া কথাপ্রধানয়েত্যর্থঃ। যদ্বা, কথা প্রবর্ত্তিতয়েত্যর্থঃ। ভক্ত্যৈব বিবুধ্য তত্ত্বং জ্ঞাত্বা অঞ্জঃ সুখেনৈব তে পরাং পরমাং গম্যত ইতি গতিং গম্যপদং প্রাপ্তাঃ ॥ ৫৮৮ ॥

শ্রীভগবত্তোষণম্

বৃহন্নারদীয়ে ভগবত্তোষ প্রশ্নোত্তরে—

সর্ব্বদেবময়ো বিষ্ণুঃ শরণার্ত্তিপ্রণাশনঃ।
স্বভক্তবৎসলো দেবো ভক্ত্যা তুষ্যতি নান্যথা ॥৫৮৯॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে ভগবত্তোষণ প্রশ্নোত্তরে—শরণাগতের দুঃখ মোচনকারী ও ভক্তবৎসল, সেই সর্ব্বদেবময় শ্রীহরিভক্তি দ্বারাই প্রীত হন। অন্য প্রকারে তাঁহার প্রসন্নতা হয় না ॥ ৫৮৯ ॥

সপ্তমস্কন্ধে শ্রীপ্রহলাদস্য বালোপদেশে (৭।৫১-৫২)—

নালং দ্বিজত্বং দেবত্বমৃষিত্বং বাঽসুরাত্মজাঃ।
প্রীণনায় মুকুন্দস্য ন বৃত্তং ন বহুজ্ঞতা ॥ ৫৯০ ॥
ন দানং ন তপো নেজ্যা ন শৌচং ন ব্রতানি চ।
প্রীয়তেঽমলয়া ভক্ত্যা হরিরন্যদ্বিড়ম্বনম্ ॥ ৫৯১ ॥

অনুবাদ—সপ্তমস্কন্ধে অসুর বালদের প্রতি শ্রীপ্রহলাদ বাক্য—হে অসুর নন্দনগণ! ব্রহ্মত্ব, দেবত্ব, ঋষিত্ব, সদ্বৃত্ত অথবা বহুজ্ঞতা—এ সকল দ্বারা শ্রীমুকুন্দের প্রীতি উৎপাদন হয় না। কি দান, কি তপস্যা, কি যজ্ঞানুষ্ঠান, কি পবিত্রতা, কি ব্রতাদি, কি অন্য প্রকার আয়োজন, এ-সব কিছুই প্রেমময় শ্রীহরির প্রীতিপদ নয়। নির্ম্মল ভক্তিযোগেই তিনি প্রীতি অনুভব করিয়া থাকেন, এছাড়া আর সকলই বিড়ম্বনা মাত্র ॥ ৫৯০-৫৯১ ॥

টীকা—হে অসুরাত্মজাঃ! দেবত্বাদিকং মুকুন্দস্য প্রীণনায় নালং ন সমর্থম্; বৃত্তং সদাচারং, অমলয়া নিষ্কাময়া বিশুদ্ধয়া বা; বিড়ম্বনং নটনমাত্রং, ন তু তাত্ত্বিকমিত্যর্থঃ ॥ ৫৯০-৫৯১ ॥

শ্রীনৃসিংহস্তুতৌ চ (শ্রীভাঃ ৭।৯।৯)

মন্যে ধনাভিজন-রূপ-তপঃশ্রুতৌজ-
স্তেজঃপ্রভাব-বলপৌরুষ-বুদ্ধিযোগাঃ।
নারাধনায় হি ভবন্তি পরস্য পুংসো
ভক্ত্যা তুতোষ ভগবান্ গজযূথপায় ॥৫৯২॥

অনুবাদ—শ্রীনৃসিংহ স্তুতিতে—অর্থ প্রাচুর্য্য, সৎকুলে জন্ম, শরীর সৌন্দর্য্য, স্বধর্ম্মাচরণ, পাণ্ডিত্য, ইন্দ্রিয় পটুতা, কান্তি, প্রতাপ, দৈহিক ক্ষমতা, উদ্যম,

প্রজ্ঞা এবং অষ্টাঙ্গযোগ এই সমস্ত পদার্থের কিছুই শ্রীহরির প্রীতি উৎপাদনে সমর্থ নহে, ইহাই আমার মনে হয়, যেহেতু ভগবান গজেন্দ্রের প্রতি কেবলমাত্র ভক্তিদ্বারাই তুষ্ট হইয়াছিলেন ॥ ৫৯২ ॥

টীকা—অভিজনঃ সৎকুলে জন্ম, রূপং সৌন্দর্য্যম্, তপঃ স্বধর্ম্মাচরণম্, শ্রুতং পাণ্ডিত্যম্, ওজঃ ইন্দ্রিয়-নৈপুণ্যম্, তেজঃ কান্তিঃ, প্রভাবঃ প্রতাপঃ, বলং শরীর-শক্তিঃ, পৌরুষম উদ্যমঃ, বুদ্ধিঃ, প্রজ্ঞা, যোগোঽষ্টাঙ্গঃ; এতে ধনাদয়ো দ্বাদশাপি গুণাঃ পরস্য পুংসঃ শ্রীকৃষ্ণস্য তবারাধনায় ভজনোপকরণায়াপি ন ভবন্তি, কিমুত তত্তুষ্ট্যৈ। হি যতঃ কেবলয়া ভক্ত্যৈব গজেন্দ্রায় তুষ্টোঽভবৎ ॥ ৫৯২ ॥

অন্যত্রাপি—

ব্যাধস্যাচরণং ধ্রুবস্য চ বয়ো বিদ্যা গজেন্দ্রস্য কা কুব্জায়াঃ কিমু নাম রূপমধিকং
কিন্তৎ সুদাম্নো ধনম্?
বংশঃ কো বিদুরস্য যাদবপতেরুগ্রস্য কিং পৌরুষং ভক্ত্যা তুষ্যতি কেবলং ন চ
গুণৈর্ভক্তিপ্রিয়ো মাধবঃ ॥ ৫৯৩ ॥

অনুবাদ—অন্যত্রও বলা হইয়াছে—ব্যাধের কি আচরণ, ধ্রুবের কি বয়স, গজেন্দ্রের কি বিদ্যা, কুব্জার কি রূপ, সুদামার কি ধন, বিদুরের কি বংশ অথবা যাদবপতি উগ্রসেনের কি পরাক্রম ছিল? ভক্তিপ্রিয় মাধব কেবল ভক্তিদ্বারাই প্রীত হন, কর্ম্ম, বয়স বা বিদ্যাদির দ্বারা নয় ॥ ৫৯৩ ॥

টীকা—ব্যাধস্যাচরণং কিং ধ্রুবস্য চ বয়ঃ কিং, বিদুরস্য বংশঃ কুলং কঃ, অপি তু ন কোঽপি, দাস্যাং জাতত্বাৎ। যাদবপতেরুগ্রসেনস্য। অতঃ কর্ম্মবয়ো-বিদ্যাদিভির্গুণৈর্ন তুষ্যতি কিন্তু কেবলং ভক্ত্যৈব। যতঃ ভক্তিরেব প্রিয়া প্রীতিকরী যস্য সঃ ॥ ৫৯৩ ॥

অতএবোক্তং শ্রীভগবতা (শ্রীগীতাঃ ৯।২৬)—
পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ ॥ ৫৯৪ ॥

অনুবাদ—অতএব শ্রীভগবানের উক্তিতে—কামনা-রহিত ব্যক্তি ভক্তিপূর্ব্বক আমাকে পত্র, পুষ্প, ফল, জল যাহা দান করেন, তাঁহার সেইসব ভক্তি প্রদত্ত বস্তু আমি সাগ্রহে স্বীকার করি ॥ ৫৯৪ ॥

টীকা—ভক্ত্যা প্রীত্যা উপহৃতং স্বীকৃতং যথা স্যাত্তথাশ্নামি। প্রযতাত্মনো নিষ্কামস্য ॥ ৫৯৪ ॥

পঞ্চমস্কন্ধে শ্রীহনূমতোক্তম্ (৫।১৯।৭)—
ন জন্ম নূনং মহতো ন সৌভগং
ন বাঙ্ন বুদ্ধির্নাকৃতিস্তোষহেতুঃ।
তৈর্য্যদ্বিসৃষ্টানপি নো বনৌকস-
শ্চকার সখ্যে বত লক্ষ্মণাগ্রজঃ ॥ ৫৯৫ ॥

অনুবাদ পঞ্চমস্কন্ধে শ্রীহনূমৎ বাক্য—সৎকুলে জন্ম-পরিচয়, রূপ-গৌরব, বাগ্মিতা, বুদ্ধিচাতুর্য্য বা প্রখ্যাত জাতি, এ সকল দ্বারা ভগবৎপ্রীতি সংঘটিত হয় না, কেবল ভক্তিই ভগবৎপ্রীতির কারণ। তাহা না হইলে আমাদিগকে বনচর জানিয়াও শ্রীরামচন্দ্র ভক্তি বাধ্য হইয়া আমাদের সঙ্গে সখ্য স্থাপন করি-লেন কেন? ৫৯৫ ॥

টীকা—ন তস্য তোষহেতুঃ সৎকুলজন্মাদি, কিন্তু ভক্তিরেবেত্যাহ—ন জন্মেতি। মহতঃ পুরুষাজ্জন্ম, যদ্বা, মহতো বৈষ্ণবস্যাপি ন তোষহেতুঃ, কুতো ভগ-বত ইত্যর্থঃ। সৌভগং সৌন্দর্য্যম্; আকৃতির্জাতি, যদ্যস্মাৎ তৈর্জন্মাদিভির্বিসৃষ্টান্ ত্যক্তানাপি নো বন-চরান্ বত অহো লক্ষ্মণাগ্রজোঽপি সখিত্বে ন কৃতবান্ ॥ ৫৯৫ ॥

শ্রীভগবৎসঙ্গমকত্বম্

শ্রীভগবদ্গীতাসু (১১।৫৪)—
ভক্ত্যা ত্বনন্যয়া শক্য অহমেবং বিধোঽর্জ্জুন।
জ্ঞাতুং-দ্রষ্টুঞ্চ তত্ত্বেন প্রবেষ্টুঞ্চ পরন্তপ ॥ ৫৯৬ ॥

অনুবাদ—দান গ্রহণ জনিত যে পাপ, ব্রহ্মচর্য্যাদি ব্রত ভঙ্গ জনিত যে পাপ—হে দূতগণ! একাদশী উপবাস কারীগণের ঐসকল পাপ আমি মার্জ্জন করি ॥ ১৫৯ ॥

টীকা—দশা অবস্থা ব্রহ্মচর্য্যাদি, তদ্‌ভ্রংশেনোদ্ভবো যস্য তৎ ॥ ১৫৯ ॥

———

অতএব তত্র—
একাদশ্যুপবাসী যো নরো ভবতি ভূতলে।
মুক্তং ময়া শতানন্দ তেষাং ত্রিপুরুষং কুলম্ ॥১৬০॥
একাদশ্যামভুঞ্জানা যুক্তাঃ পাপশতৈরপি।
ভবদ্ভিঃ পরিহর্ত্তব্যা হিতা মে যদি সর্ব্বদা ॥ ১৬১ ॥

অনুবাদ—অতএব স্কন্দপুরাণে—হে শতানন্দ! এই ভূতলে যে ব্যক্তি একাদশীতে উপবাসী হয়, তাহাদের তিনপুরুষ কুলকে আমি মুক্ত করিয়া থাকি। হে দূতগণ! তোমরা যদি সর্ব্বদা আমার হিত ইচ্ছা কর, তাহা হইলে শত পাপযুক্ত ব্যক্তি একাদশীতে উপবাস করিলে তাহাকে আনিবে না ॥ ১৬০-১৬১ ॥

———

কিঞ্চ—

বরং চাণ্ডালজাতীয় একাদশ্যুপবাসকৃৎ।
ন তু বিপ্রশ্চতুর্ব্বেদী যো ভুঙ্‌ক্তে হরিবাসরে॥ ১৬২॥

অনুবাদ—আরও — একাদশীতে উপবাসকারী চণ্ডাল জাতীয় ব্যক্তি শ্রেষ্ঠ, হরিবাসরে যে ভোজন করে ঐরূপ চতুর্ব্বেদী বিপ্রও শ্রেষ্ঠ নহে॥ ১৬২॥

———

তত্রৈব শ্রীব্রহ্মনারদসংবাদে—

কল্পবৃক্ষসমা খ্যাতা দ্বাদশী বাঞ্ছিতার্থদা।
সুগতের্দায়িনী পুংসাং স্মৃতা চ কৃতকীর্ত্তনা॥ ১৬৩॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদ-সংবাদে—দ্বাদশী বাঞ্ছিতার্থ প্রদানে কল্পবৃক্ষসমা বলিয়া প্রসিদ্ধা, ঐ দ্বাদশীর মহিমা স্মরণ ও কীর্ত্তন মানবের সুগতিদায়িনী॥ ১৬৩॥

টীকা—বাঞ্ছিতং কর্ত্তুমিষ্টম্॥ ১৬৩॥

———

নাশ্বমেধসহস্রৈশ্চ তীর্থকোট্যবগাহনৈঃ।
যৎ ফলং প্রাপ্যতে বৎস দ্বাদশী-বাসরে কৃতে॥১৬৪

অনুবাদ—হে বৎস! দ্বাদশী দিনে উপবাস করিলে যে ফল পাওয়া যায়, অশ্বমেধ যজ্ঞ সহস্র বা কোটি তীর্থ স্নান ফলেও তাহা পাওয়া যায় না॥১৬৪

টীকা—দ্বাদশীবাসরে কৃতে সতি যৎ ফলং প্রাপ্যতে, অশ্বমেধাদিভিস্তন্ন প্রাপ্যতে॥ ১৬৪॥

———

পূজামাপ্নোতি সর্ব্বত্র ন রোগেভ্যো ভয়ং ভবেৎ।
নোপসর্গভয়ং তস্য দুষ্টজীবসমুদ্ভবম্॥ ১৬৫॥

অনুবাদ—দ্বাদশীব্রতকারী সর্ব্বত্র পূজা লাভ করে, তাহার রোগসমূহ হইতে ভয় হয় না, দুষ্ট জীব হইতে জাত উপসর্গ ভয়ও তাহার নাই॥ ১৬৫॥

———

ন দাহো ন ক্লমো নাত্তিঃ স্মরণং সর্ব্বদা হরেঃ।
সন্ততের্ন বিয়োগশ্চ দ্বাদশীকারিণাং হরেঃ॥ ১৬৬॥

অনুবাদ—শ্রীহরির সর্ব্বদা স্মরণকারীর যেমন শারীরিক ও মানসিক দাহ নাই, ক্লান্তি নাই, বিপদ নাই। সেইরূপ শ্রীহরির দ্বাদশী ব্রতকারীগণের সন্তান বিয়োগও নাই॥ ১৬৬॥

———

কথারুচির্ভবেন্নিত্যং ন ভয়ং বিদ্যতে কৃচিৎ।
রণে রাজকুলে চৈব সর্ব্বত্র বিজয়ী ভবেৎ॥ ১৬৭॥

অনুবাদ—দ্বাদশী ব্রতকারীগণের নিত্য শ্রীহরির কথাতে রুচি হয়, কোথাও ভয় থাকে না, যুদ্ধক্ষেত্রে এবং রাজকুলে সর্ব্বত্র বিজয়ী হয়॥ ১৬৭॥

———

ধর্ম্মোপরি মতিনিত্যং কৃষ্ণে ভক্তিঃ সুনির্ম্মলা।
পাতকৈর্নৈব লিপ্যেত দ্বাদশীভক্তিতো নরঃ॥ ১৬৮॥

অনুবাদ—ধর্ম্মের উপরে দৃঢ়মতি, নিত্য শ্রীকৃষ্ণে সুনির্মলা ভক্তি, পাপেলিপ্ত হয় না, মানব দ্বাদশীব্রতে ভক্তি করিলে॥ ১৬৮॥

টীকা—উপসর্গা অরিষ্টানি, তেভ্যো ভয়ম্; সর্ব্বদা হরেঃ স্মরণং ভবতি, হরেঃ কথায়াং রুচিরিত্যন্বয়ঃ। ভক্তিঃ শ্রবণাদিরূপা প্রেমলক্ষণা বা; এবং দ্বাদশী-ভক্তিতঃ দ্বাদশ্যাঃ সেবয়া। যদ্বা, দ্বাদশ্যা প্রীতিমাত্রেণাপি পাতকৈঃ কথঞ্চিৎ ক্রিয়মাণৈরপি ন লিপ্যতে॥ ১৬৫-১৬৮॥

———

ইত্থং গুহ্যং সমাখ্যাতং দৃষ্ট্বা শাস্ত্রসমুচ্চয়ম্।
সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য কলৌ কার্য্যং হরের্দিনম্॥১৬৯

অনুবাদ—শাস্ত্রসমূহ দর্শন করিয়া এইভাবে গূঢ় বিষয় সম্পূর্ণ বলা হইল, এই কলিযুগে সর্ব্বধর্ম্ম পরিত্যাগ করিয়া হরিবাসর ব্রত কর্ত্তব্য॥ ১৬৯॥

———

ন ভবেন্মানসী পীড়া রোগাশ্চাত্যন্তদুঃখদাঃ।
মাহাত্ম্যং পঠতঃ পুংসো দ্বাদশীসম্ভবং কলৌ॥১৭০॥

অনুবাদ—এই কলিযুগে দ্বাদশীমাহাত্ম্য পাঠকারী মানবের মানসী পীড়া বা অত্যন্ত দুঃখপ্রদ রোগসমূহ হয় না॥ ১৭০॥

———

ন তৎ পুণ্যং কুরুক্ষেত্রে প্রয়াগে চ সতাং কলৌ।
মাহাত্ম্যং পঠতাং পুংসাং যৎ ফলং দ্বাদশীভবম্ ॥ ১৭১ ॥

অনুবাদ—এই কলিযুগে কুরুক্ষেত্রে ও প্রয়াগে সেই পুণ্য লাভ হয় না, দ্বাদশীব্রতের মাহাত্ম্য পাঠ-কারী মানবগণের যে ফল ॥ ১৭১ ॥

ভবিষ্যে—
একাদশী মহাপুণ্যা সর্ব্বপাপবিনাশিনী।
ভক্তেশ্চ দীপনী বিষ্ণোঃ পারমার্থগতিপ্রদা ॥
যামুপোষ্য নরো ভক্ত্যান সংসারে ভবিষ্যতি ॥ ১৭২॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—একাদশী মহাপুণ্যা সর্ব্বপাপ বিনাশিনী বিষ্ণু-ভক্তিরও উদ্দীপনী এবং পরমার্থ গতিপ্রদা, একাদশীর উপবাস ভক্তিসহ করিলে মানব আর সংসারে জন্মগ্রহণ করে না ॥ ১৭২ ॥

একাদশ্যাং নিরাহারো যো ভুঙ্‌ক্তে দ্বাদশীদিনে।
ন স দুর্গতিমাপ্নোতি নরকাণি ন পশ্যতি ॥ ১৭৩ ॥

অনুবাদ—একাদশীতে উপবাস করিয়া যে ব্যক্তি দ্বাদশীদিনে একপাদ বাদ দিয়া ভোজন করে, সে ব্যক্তি দুর্গতি প্রাপ্ত হয় না এবং নরকসমূহও দর্শন করে না ॥ ১৭৩ ॥

কৃত্বা পাপসহস্রাণি একাদশ্যামুপোষিতঃ।
দ্বাদশ্যামর্চ্চয়েদ্বিষ্ণুং ন স দুর্গতিমাপ্নুয়াৎ ॥ ১৭৪ ॥

অনুবাদ—সহস্র সহস্র পাপ করিয়াও যিনি একাদশীতে উপবাস পূর্ব্বক দ্বাদশীতে শ্রীবিষ্ণুর অর্চ্চন করেন, তিনি দুর্গতি প্রাপ্ত হন না ॥ ১৭৪ ॥

এষা তিথিঃ পরা পুণ্যা বিষ্ণোরীশস্য তুষ্টিদা।
তস্যামেব জগন্নাথো অমূর্ত্তো মূর্ত্তিমান্ স্থিতঃ।
তেনা সা সর্ব্বপাপঘ্নী সর্ব্বদুঃখবিনাশিনী ॥ ১৭৫ ॥

অনুবাদ—এই তিথি পরমা পবিত্রা, পরমেশ্বর শ্রীবিষ্ণুর তুষ্টি প্রদা। শ্রীজগন্নাথ অব্যক্ত হইয়াও এই তিথিতে ব্যক্ত মূর্ত্তিমান হইয়া থাকেন, এই কারণে দ্বাদশী সর্ব্বপাপহারিণী ও সর্ব্বদুঃখ বিনাশিনী ॥১৭৫

টীকা—অস্তু তাবদ্দ্বাদশীব্রতাদিনিষ্পাদনং, তন্মাহাত্ম্য-পঠনাদপি সর্ব্বদুঃখশান্তিঃ পরমপুণ্যপ্রাপ্তিশ্চেত্যাহ—ন ভবেদিতি দ্বাভ্যাম্। অমূর্ত্তঃ—অব্যক্তঃ, মূর্ত্তিমান্ স্থিতঃ ব্যক্তোঽভূৎ ॥ ১৭০-১৭৫ ॥

যা সা বিষ্ণুময়ী শক্তিরনন্তা ব্যাপ্য যা স্থিতা।
সা তেন তিথিরূপেণ দ্রষ্টব্যৈকাদশী সতী ॥ ১৭৬ ॥

অনুবাদ—প্রসিদ্ধা বিষ্ণুময়ী শক্তি যিনি অনন্তা, সর্ব্বজগৎ ব্যাপিয়া যিনি থাকেন, তাঁহাতেই সতী একাদশী তিথিরূপে ॥ ১৭৬ ॥

সনৎকুমারপ্রোক্তে—
কৃত্বা পাপসহস্রাণি ব্রহ্মহত্যাশতানি বৈ।
একামেকাদশীং ভক্ত্যা সমুপোষ্য শুচির্ভবেৎ ॥১৭৭॥

অনুবাদ—সনৎকুমার প্রোক্ত—সহস্র সহস্র পাপ করিয়া নিশ্চয়ই ভক্তিপূর্ব্বক একটি একাদশী সম্পূর্ণ উপবাস করিয়া পবিত্র হইবে ॥ ১৭৭ ॥

একাদশীব্রতাদন্যযদ্ব্রতং ক্রিয়তে নরৈঃ।
তৎফলং তদ্বিজানীয়াদ্দুঃখোদ্ভূতমিবাঙ্কুরম্ ॥ ১৭৮ ॥

অনুবাদ—মানবগণ একাদশী ব্রত হইতে ভিন্ন যে ব্রত করে, তাহার ফল তাহাই একাদশীব্রতই বিশেষরূপে জানিবে। দুঃখের সহিত অন্য ব্রতের প্রয়াস হইতে জাত অঙ্কুর, পুণ্যবীজ ফুটিয়া জাত অঙ্কুর অথবা, অন্য ব্রতের ফল একাদশী ব্রত জানিবে ॥ ১৭৮ ॥

সৌরধর্ম্মে—
একতশ্চাগ্নিহোত্রাদি দ্বাদশীমেকতঃ প্রভুঃ।
তুলয়াতোলয়ত্তত্র দ্বাদশী চ বিশিষ্যতে ॥ ১৭৯ ॥

অনুবাদ—সৌরধর্ম্মে—ব্রহ্মলোকে ব্রহ্মা তুলা-দণ্ডে একদিকে অগ্নিহোত্রাদি যজ্ঞসমূহ ও অন্য দিকে

দ্বাদশীকে স্থাপন করিয়া তুলনা করাতে অধিক বিশিষ্ট স্থান লাভ করিলেন ॥ ১৭৯ ॥

দেবীরহস্য-স্কন্দপুরাণয়োঃ—

পাপং পঞ্চবিধং প্রোক্তং পাতকঞ্চাতিপাতকম্ ।
উপপাতকসংজ্ঞঞ্চ মহাপাতকমেব চ ॥ ১৮০ ॥
প্রকীর্ণকঞ্চ তৎ সর্ব্বমেকাদশ্যামুপোষণাৎ ।
বিলয়ং যাতি তোয়স্থং যথা চৈবামভাজনম্ ॥ ১৮১॥

অনুবাদ—দেবীরহস্য ও স্কন্দপুরাণে—পাপ পঞ্চবিধ কথিত হইয়াছে—পাতক—পাতিত্য কারক, অতিপাতক—পুত্রবধূগমনাদি, উপপাতক—গোবধাদি, মহাপাতক—ব্রহ্মহত্যাদি, প্রকীর্ণ—বহুবিধ ক্ষুদ্র, পাপ। এই সকলই একাদশীতে উপবাস দ্বারা বিনাশ প্রাপ্ত হয়, যেমন কাঁচা মাটির পাত্র জলে রাখিলে গলিয়া যায় ॥ ১৮০-১৮১ ॥

টীকা—তস্য অন্যব্রতস্য ফলং তৎ একাদশীব্রতমেব বিশেষেণ জানীয়াৎ। কথমিব ? দুঃখেন অন্যব্রতপ্রয়াসেনোদ্ভূতমঙ্কুরং পুণ্যবীজোদ্ভেদমিব জানীয়াৎ। যদ্বা, তস্য ফলং তৎ বিজানীয়াৎ। কিমিত্যপেক্ষায়ামাসু—দুঃখস্যোদ্ভূতমঙ্কুরমিব। একাদশীব্রতত্যাগেনান্যব্রতকরণাদ্দুঃখমেবোপার্জ্জিতমিত্যর্থঃ। পাতকং পাতিত্যকারণম্ অতিপাতকং স্নুষাগমনাদি, উপপাতকং গোবধাদি, মহাপাতকং প্রকীর্ণং ব্রহ্মহত্যাদি, বহুবিধক্ষুদ্রপাপং বা॥১৭৮-১৮১

দেবীরহস্যে—

গায়ত্রীহ যথা সর্ব্বপাপঞ্জরভেদিনী ।
একাদশী তথা সর্ব্বপাপপঞ্জরভেদিনী ॥ ১৮২ ॥

অনুবাদ—দেবীরহস্যে—এই জগতে গায়ত্রী যেমন সর্ব্ববিধ পাপরূপ পঞ্জর ভঙ্গ করেন, শ্রীএকাদশীব্রত সেইরূপ সর্ব্ববিধ পাপরূপ পঞ্জর ভঙ্গ করেন ॥ ১৮২ ॥

বায়ব্যে স্কান্দে চ—

অভোজ্যভোজনাজ্জাতমগম্যাগমনাচ্চ যৎ ।
অযাজ্যযাজনাদ্‌যচ্চ অভক্ষ্যাণাঞ্চ ভক্ষণাৎ ॥ ১৮৩॥
অস্পৃশ্যস্পর্শনাদ্‌যচ্চ পরেষাং নিন্দয়া চ যৎ ।
আত্মসম্ভাবনাদ্‌যচ্চ পারদার্য্যকৃতঞ্চ যৎ ॥ ১৮৪ ॥
বিহিতাকরণাদ্‌যচ্চ পরবিত্তাপহারতঃ ।
কামান্ধেন কৃতং যচ্চ পাতকং চোপপাতকম্ ।
তৎ সর্ব্বং বিলয়ং যাতি একাদশ্যামুপোষণাৎ ॥১৮৫

অনুবাদ—বায়ুপুরাণে ও স্কন্দপুরাণে—অভোজ্য ভোজন জাত, অগম্যা গমন জাত, অযাজ্য ব্যক্তিকে যাজন জাত, অভোক্ষ্য বস্তু সকলের ভক্ষণ জাত। অস্পৃশ্য ব্যক্তি বা বস্তুকে স্পর্শজাত, পরনিন্দা, নিজ নিজ প্রশংসা, পরদারগমন, শাস্ত্রবিধির অকরণ, পরবিত্ত অপহরণ, কামান্ধ হইয়া কৃত যে সকল পাতক ও উপপাতকাদি সেই সকলই একাদশীতে উপবাস দ্বারা বিনষ্ট হয় ॥ ১৮৩-১৮৫ ॥

বিষ্ণুরহস্যে শ্রীব্রহ্মোক্তৌ—

মনসাপি চিকীর্ষন্তি দ্বাদশীং যে নরোত্তমাঃ ।
তেঽপি ঘোরং ন পশ্যন্তি সংসারদুঃখসাগরম্ ॥১৮৬

অনুবাদ—শ্রীবিষ্ণুরহস্যে শ্রীব্রহ্মার উক্তিতে—যে সকল শ্রেষ্ঠ মানব মনে মনেও দ্বাদশীব্রত করিতে ইচ্ছা করেন, তাঁহারাও ভয়ঙ্কর সংসার দুঃখ সাগর আর দর্শন করেন না ॥ ১৮৬ ॥

বিষ্ণুপুরাণে—

ওঁকারঃ সর্ব্ববেদানাং যথা চাদ্যঃ প্রপূজিতঃ ।
তথা সর্ব্বব্রতানাঞ্চ দ্বাদশীব্রতমুত্তমম্ ॥ ১৮৭ ॥

অনুবাদ—বিষ্ণুপুরাণে—যেমন প্রণব সর্ব্ববেদের অগ্রে পূজিত হন, সেইরূপ সর্ব্বব্রতের প্রথমে দ্বাদশী-পূজিত হন ॥ ১৮৭ ॥

দ্বারকামাহাত্ম্যে শ্রীকৃষ্ণং প্রতি শ্রীচন্দ্রশর্ম্মণ উক্তৌ—

ত্বৎপাদাম্বুজভক্তানাং ন দুঃখং পাপিনামপি ।
কিং পুনঃ পাপহীনানাং দ্বাদশীসেবিনাং নৃণাম্ ॥ ১৮৮ ॥

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে শ্রীকৃষ্ণের প্রতি শ্রীচন্দ্র শর্ম্মার উক্তিতে—হে শ্রীকৃষ্ণ ! আপনার চরণকমলের

ভক্তগণ কুচিৎ পাপ করিলেও দুঃখ পায় না, দ্বাদশী-ব্রতকারী নিষ্পাপ মানবগণ যে দুঃখ পায় না, তাহা আর কি বলিব ।' ১৮৮ ॥

———

তত্রৈব শ্রীবলিং প্রতি প্রহলাদোক্তৌ—

নোষ্ণত্বং দ্বিজরাজে হি শীতত্বং ন হুতাশনে ।
বৈষ্ণবানামপাপত্বমেকাদশ্যুপবাসিনাম্ ॥ ১৮৯ ॥

অনুবাদ—ঐস্থলে শ্রীবলিমহারাজের প্রতি শ্রীপ্রহলাদের উক্তিতে—যেমন দ্বিজরাজ চন্দ্রে উষ্ণতা নাই, অগ্নিতে যেমন শীতলতা নাই, সেইরূপ একাদশীতে উপবাসকারী বৈষ্ণবগণের পাপ নাই ॥ ১৮৯ ॥

———

বৈষ্ণবতন্ত্রে—

একাদশী মহাপুণ্যা বিষ্ণোরীশস্য বল্লভা ।
তস্যামুপোষিতো যস্তু দ্বাদশ্যাং পূজয়েদ্ধরিম্ ।
তস্য পাপানি নশ্যন্তি বিষ্ণৌ
ভক্তিশ্চ জায়তে ॥ ১৯০ ॥

অনুবাদ—বৈষ্ণবতন্ত্রে—এখন শ্রীএকাদশীর বিশেষ মাহাত্ম্য শ্রীহরিপ্রিয়াহেতু ভগবদ্ভক্তি লাভ ভগবদ্ধাম-প্রাপ্তিরূপ মহাফল সমূহ দেখান হইতেছে—পরমেশ্বর শ্রীবিষ্ণুর বল্লভা একাদশী মহাপুণ্যা, তাহাতে উপবাস করিয়া যে ব্যক্তি দ্বাদশীতে শ্রীহরির বিশেষ পূজা করেন, তাহার পাপসমূহ নাশ প্রাপ্ত হইয়া শ্রীবিষ্ণুতে ভক্তি লাভও হয় ॥ ১৯০ ॥

———

বৃহন্নারদীয়ে, একাদশীমাহাত্ম্যারম্ভে—

মহাপাতকযুক্তো বা যুক্তো বা সর্ব্বপাতকৈঃ ।
একাদশ্যাং নিরাহারঃ স্থিত্বা যাতি
পরং পদম্ ॥ ১৯১ ॥

অনুবাদ—বৃহন্নারদীয়পুরাণে একাদশীমাহাত্ম্যা-রম্ভে—মহাপাতকযুক্ত অথবা সর্ব্ববিধ পাতকযুক্ত ব্যক্তি একাদশীতে উপবাস থাকিয়া নির্ম্মলচিত্তে শ্রীভগবদ্ধাম গমন করেন ॥ ১৯১ ॥

———

বায়ুপুরাণে—

একাদশীব্রতং যস্তু ভক্তিমান্ কুরুতে নরঃ ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ স বিষ্ণোর্যাতি মন্দিরম্ ॥ ১৯২॥

অনুবাদ—বায়ুপুরাণে—যে ভক্তিমান্ মানব একাদশীব্রত পালন করেন, তিনি সর্ব্বপাপ বিনির্ম্মুক্ত হইয়া শ্রীবিষ্ণুধামে গমন করেন ॥ ১৯২ ॥

———

বিষ্ণুধর্ম্মোত্তরে—

একাদশ্যুপবাসং যঃ শ্রদ্ধয়া কুরুতে নরঃ ।
স সর্ব্বপাতকৈঃ সদ্যস্ত্বচেবাহির্বিমুচ্যতে ॥ ১৯৩ ॥
ন পশ্যত্যাময়ং নাপি নরকান্তরযাতনাম্ ।
স নমস্যঃ প্রপূজ্যশ্চ বাসুদেবপ্রিয়ো হি সঃ ॥ ১৯৪ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরপুরাণে—শ্রদ্ধাসহ যে ব্যক্তি একাদশী, উপবাস করেন, সর্প যেমন সদ্য অনায়াসে খোলস মুক্ত হয়, সেই তিনি সদ্য সর্ব্ব-পাতক মুক্ত হন। তিনি রোগ ব্যাধি দর্শন করেন না, নরক যাতনা ভোগ করেন না, তিনি সকলের নমস্য ও পূজনীয়, তিনি শ্রীকৃষ্ণের নিশ্চয়ই প্রিয় ভক্ত ॥ ১৯৩-১৯৪ ॥

———

গারুড়ে—

একাদশীব্রতং ভক্ত্যা যঃ করোতি নরঃ সদা ।
স বিষ্ণুলোকং ব্রজতি যাতি বিষ্ণোঃ
স্বরূপতাম্ ॥ ১৯৫ ॥

অনুবাদ—গরুড়পুরাণে—যে ব্যক্তি ভক্তির সহিত সকল একাদশীব্রত করেন, তিনি শ্রীবিষ্ণুর ধামে গমন করেন এবং বিষ্ণুর সারূপ্য প্রাপ্ত হন ॥ ১৯৫ ॥

———

আগ্নেয়ে—

একাদশ্যুপবাসং যঃ সদা তু কুরুতে নরঃ ।
স যাতি পরমং স্থানং যত্র দেবো হরিঃ স্থিতঃ ॥১৯৬

অনুবাদ—অগ্নি-পুরাণে—যে মানব সকল একাদশী উপবাস করেন তিনি পরমধাম শ্রীহরির লীলা-স্থানে গমন করেন ॥ ১৯৬ ॥

———

শিবপুরাণে—

যঃ করোতি নরো ভক্ত্যা একাদশ্যামুপোষণম্ ।
স যাতি বিষ্ণুসালোক্যং প্রাপ্য
বিষ্ণোঃ স্বরূপতাম্ ॥ ১৯৭ ॥

অনুবাদ— শিবপুরাণে—যে মানব ভক্তিসহকারে একাদশীতে উপবাস করেন, তিনি বিষ্ণুর সারূপ্য প্রাপ্ত হইয়া বিষ্ণুলোকে গমন করেন ॥ ১৯৭ ॥

টীকা—অধুনা বিশেষতো ভগবদ্বল্লভত্বেন ভগবদ্ভক্তি-তল্লোকাদি-প্রাপ্তিমহাফলং বৈষ্ণবতন্ত্রাদিবচনৈরন্তে দর্শয়তি—একাদশীত্যাদিনা স্বরূপতামিত্যন্তেন ॥ ১৯০-১৯৭ ॥

———

ঈদৃঙ্মাহাত্ম্যরত্নানি শাস্ত্রাম্ভোধৌ স্ফুরন্ত্যপি ।
কঃ সংগ্রহীতুং শক্তঃ স্যাদত্র কৃষ্ণকৃপাং বিনা ॥১৯৮

অনুবাদ—শ্রীগোস্বামিপাদের কারিকা—এইরূপ শ্রীএকাদশীর মাহাত্ম্য রত্নসমূহ শাস্ত্র-সমুদ্রে বিরাজিত থাকিলেও শ্রীকৃষ্ণকৃপা ব্যতীত এই সংসারে অন্য কোন্ ব্যক্তি সংগ্রহ করিতে পারে ? ১৯৮ ॥

টীকা—ইদানীং মাহাত্ম্য-লিখনমুপসংহরন্ পরমোপাদেয়ানামপি তন্মাহাত্ম্যবচনানাং সর্ব্বেষাং লিখনাসম্ভবং ব্যঞ্জয়তি—ঈদৃগিতি । স্ফুরন্তি, প্রসিদ্ধতয়া প্রকাশমানান্যপি, অতো নিজাযোগ্যত্বেন তদানন্ত্যেন চ তানি সর্ব্বাণ্যত্র সংগৃহ্য লিখিতুং ন শক্যন্ত ইত্যর্থঃ ॥ ১৯৮ ॥

———

অথোপবাসদিননির্ণয়ঃ

একাদশী চ সম্পূর্ণা বিদ্ধেতি দ্বিবিধা স্মৃতা ।
বিদ্ধা চ দ্বিবিধা তত্র ত্যাজ্যা বিদ্ধা তু পূর্ব্বজা ॥ ১৯৯

অনুবাদ—অনন্তর শ্রীএকাদশীর উপবাসদিন নির্ণয় প্রদর্শিত হইতেছে—শাস্ত্রে উক্ত হইয়াছে—শ্রীএকাদশী দ্বিবিধা সম্পূর্ণা ও বিদ্ধা। বিদ্ধা ও দ্বিবিধা —পূর্ব্ব বিদ্ধা ও পরবিদ্ধা, তন্মধ্যে পূর্ব্ব দশমী বিদ্ধা পরিবর্জ্জনীয়া ॥ ১৯৯ ॥

টীকা—বিদ্ধৈকাদশী চ অগ্রে লেখ্যেন বেধাতিবেধমহাবেধযোগা ইতি ভেদচতুষ্টয়েন সন্দিগ্ধা । সংযুক্তাদিভেদত্রয়েণ চ কিংবা স্বতঃ সামান্যূনতাধিক্যৈর্দশম্যা সামান্যূনতাধিক্যৈর্নবভেদতো নানাবিধা ভবতি । তত্র পূর্ব্ববিদ্ধোত্তরবিদ্ধয়োর্মধ্যে পূর্ব্বয়া দশম্যা বিদ্ধা ত্যাজ্যা নোপোষ্যেত্যর্থঃ । অত্র চ ত্যাজ্যেতি সামান্যনির্দ্দেশেন সর্ব্বৈরেব পরিত্যাজ্যেতি বোদ্ধব্যম্ । ততশ্চ, শুদ্ধৈব দ্বাদশী রাজন্নুপোষ্যা মোক্ষকাঙ্ক্ষিভিঃ । সকামৈর্গৃহিভিঃ পূর্ব্বাবিদ্ধাপীতি বিনিশ্চয়ঃ ॥' ইতি পুরাণসমুচ্চয়াদিবচনার্থো নিরস্তঃ । তদ্যুক্তিশ্চাগ্রে দর্শয়িতব্যেতি দিক্ ॥ ১৯৯ ॥

———

তথা চ পৈঠীনসিঃ—

নাগবিদ্ধা চ যা ষষ্ঠী শিববিদ্ধা চ সপ্তমী ।
দশম্যেকাদশীবিদ্ধা তত্র নোপবসেদ্বুধঃ ॥ ২০০ ॥

অনুবাদ—তাহাই পৈঠীনসিস্মৃতিতে—পঞ্চমীবিদ্ধা যে ষষ্ঠী-তিথি, ষষ্ঠী-বিদ্ধা যে সপ্তমী এবং দশমী দ্বারা যে একাদশী তিথি বিদ্ধা তাহাতে অভিজ্ঞ ব্যক্তি উপবাস করিবেন না ॥ ২০০ ॥

টীকা—নাগঃ পঞ্চমী তেন বিদ্ধা, শিবঃ ষষ্ঠী তেন বিদ্ধা ॥ ২০০ ॥

———

সারদাপুরাণে—

একাদশী তথা ষষ্ঠী পৌর্ণমাসী চতুর্দ্দশী ।
তৃতীয়া চ চতুর্থী চ অমাবস্যাষ্টমী তথা ।
উপোষ্যাঃ পরসংযুক্তা নোপোষ্যাঃ পূর্ব্বসংযুতাঃ
॥ ২০১ ॥

অনুবাদ—সারদাপুরাণে—যেমন একাদশী, সেইরূপ ষষ্ঠী, পৌর্ণমাসী, চতুর্দশী, তৃতীয়া, চতুর্থী, অমাবস্যা ও অষ্টমী—পর তিথির সহিত সংযুক্ত থাকিলে উপবাস কর্ত্তব্য, পূর্ব্বতিথির সহিত সংযুক্ত থাকিলে উপবাস কর্ত্তব্য নহে ॥ ২০১ ॥

———

সৌরধর্ম্মোত্তরে চ—

একাদশীমুপবসেদ্দ্বাদশীমথবা পুনঃ ।
বিমিশ্রাং বাপি কুর্ব্বীত ন দশম্যা যুতাং ক্বচিৎ ॥২০২

অনুবাদ—সৌরধর্ম্মোত্তর পুরাণেও—শুদ্ধা একাদশী অথবা দ্বাদশী বা দ্বাদশী মিশ্রা একাদশীর উপবাস

করিবে। কখনও দশমীযুক্তা একাদশীর উপবাস করিবে না ॥ ২০২ ॥

টীকা—বিমিশ্রাং একাদশীং দ্বাদশীং চান্যোঽন্য-মিলিতাম্, একাদশীযুক্তাং দ্বাদশীমিত্যর্থঃ ॥ ২০২ ॥

অথ সামান্যতো বিদ্ধোপবাসদোষঃ

অত্র বার্ষ্যায়ণিঃ—

ভূতবিদ্ধা ত্বমাবস্যা দশম্যেকাদশীযুতা।
দিশা বিদ্ধা তু সা স্বর্গং হন্তি
পুণ্যং পুরা কৃতম্ ॥ ২০৩ ॥

অনুবাদ—অতঃপর সামান্য ভাবে বিদ্ধা উপবাসে দোষসমূহ দেখাইতেছেন বার্ষ্যায়ান ঋষি বাক্যে—চতুর্দ্দশী বিদ্ধা অমাবস্যা, একাদশী যুক্তা দশমী এবং দশমী বিদ্ধা একাদশী উপবাস করিলে স্বর্গ ও পূর্ব্ব সঞ্চিত পুণ্য ক্ষয় করে ॥ ২০৩ ॥

টীকা—ভূতেন চতুর্দ্দশ্যা বিদ্ধা। একাদশ্যা যুতা দশমী চ ভবেৎ। সা একাদশী তু দিশয়া দশম্যা বিদ্ধা স্বর্গং পুণ্যঞ্চ হন্তি ॥ ২০৩ ॥

নারদঃ—

দশম্যনুগতা যত্র তিথিরেকাদশী ভবেৎ।
তত্রাপত্যবিনাশঞ্চ পরেত্য নরকং ব্রজেৎ ॥ ২০৪ ॥

অনুবাদ—নারদীয়স্মৃতি—যে ব্রতে দশমী মিশ্রিতা একাদশী তিথি হইবে সেই ব্রত করিলে সন্তান বিনাশ এবং মৃত্যুর পর ব্রতী নরকে যাইবে ॥ ২০৪ ॥

টীকা—অপত্যানাং বিনাশং ব্রজেৎ প্রাপ্নোতি, বিনাশ ইতি বা পাঠঃ ॥ ২০৪ ॥

নোপোষ্যা দশমী-বিদ্ধা সদৈবৈকাদশী তিথিঃ।
সমুপোষ্য নরো জহ্যাৎ পুণ্যং বর্ষশতোদ্ভবম্ ॥২০৫॥

অনুবাদ—দশমীবিদ্ধা একাদশী-তিথি-ব্রত করা কখনও উচিত নহে। মানব ঐ তিথিতে উপবাস করিলে শতবর্ষ জাত পুণ্যক্ষয় হইবে ॥ ২০৫ ॥

কিঞ্চ—

দশম্যা চৈব বিদ্ধায়ামেকাদশ্যামুপোষিতঃ।
তস্যায়ুঃ ক্ষীয়তে নিত্যং নারদোঽহং ব্রবীমি বঃ।
সত্যং সত্যং বিনশ্যেত সন্ততিস্তু ন চান্যথা ॥ ২০৬॥

অনুবাদ—আরও—দশমী দ্বারা বিদ্ধা একাদশীতে উপবাস করিলে তাহার আয়ু নিত্য ক্ষয় হয়—ইহা আমি নারদ তোমাদিগকে বলিতেছি, আর সত্য সত্য সন্তান বিনাশ হয়—ইহা অন্যথা নহে ॥ ২০৬ ॥

কিঞ্চ—

মুহূর্ত্তেনাপি সংযুক্তা দশম্যৈকাদশী তু যা।
তামুপোষ্য নরো মোহাৎ সুখাদ্ধর্মাচ্চ হীয়তে ॥২০৭।

অনুবাদ—আরও—যে একাদশী দশমীর সহিত একমুহূর্ত্তও (অর্থাৎ দুই দণ্ড) সংযুক্ত হয়, মানব মোহবশতঃ তাহাতে উপবাস করিলে সুখ ও ধর্ম্ম বর্জ্জিত হয় ॥ ২০৭ ॥

বশিষ্ঠশ্চ—

দশম্যৈকাদশী যত্র তত্র নোপবসেদ্বুধঃ।
অপত্যানি বিনশ্যন্তি স্বর্গলোকং ন গচ্ছতি ॥ ২০৮ ॥

অনুবাদ—বশিষ্ঠস্মৃতিতেও—যে দিনে দশমী ও একাদশী মিশ্রিত থাকে সে দিনে জ্ঞানী ব্যক্তি উপবাস করিবে না, করিলে সন্তানসমূহ বিনষ্ট হয় ও স্বর্গলোকে যায় না ॥ ২০৮ ॥

ব্রাহ্মে ব্রতখণ্ডে—

উপোষ্যৈকাদশীং মোমাদ্দশমীশেষসংযুতাম্।
ন নরঃ সুখমাধত্তে ইহলোকে পরত্র চ ॥ ২০৯ ॥

অনুবাদ—ব্রহ্মপুরাণে ব্রতখণ্ডে—দশমী শেষ যুক্ত একাদশী মোহবশতঃ উপবাস করিলে মনুষ্য ইহ-লোকে এবং পরলোকে সুখ লাভ করে না ॥ ২০৯ ॥

ধৃতরাষ্ট্রেণ মৈত্রেয়ঃ পৃষ্টঃ প্রাহ নরাধিপম্।
যদর্থং তে বিয়োগোঽভূৎ পুত্রাণাং ভার্য্যয়া সহ ॥২১০

অনুবাদ—ধৃতরাষ্ট্র কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া মৈত্রেয় ঋষি মহারাজ ধৃতরাষ্ট্রকে বলিলেন—যে কারণ ভার্য্যাসহ তোমার পুত্রগণের বিয়োগ হইয়াছে ॥ ২১০ ॥

পূর্ব্বং ত্বয়া সভার্য্যেণ দশমী-শেষসংযুতা।
কৃতা চৈকাদশী রাজন্ তস্যেদং কারণং মতম্ ॥২১১

অনুবাদ—পূর্ব্বে তুমি ভার্য্যাসহ দশমী শেষযুক্ত একাদশী ব্রত করিয়া ছিলে, হে রাজন্। তাহার এই ফল জানিবেন ॥ ২১১ ॥

টীকা—ভার্য্যয়া সহ গান্ধারীসহিতস্য তব। তস্যান্তব চ যদর্থং পুত্রবিয়োগোঽভূতৎ, তস্যেদং কারণমিত্যন্বয়ঃ। তদেবাহ—পূর্ব্বমিতি ॥ ২১১ ॥

কিঞ্চ তত্রৈব—

ন চাহং স্বৈরিণী ভার্য্যা ন চাহমপতিব্রতা।
ন চেহ কলুষং যেন কিং পাপং ত্বন্যজন্মনি ॥ ২১২॥
রামপত্ন্যা বচঃ শ্রুত্বা বাল্মীকির্মুনিপুঙ্গবঃ।
চিরং ধ্যাত্বা মহারাজ তামুবাচেদৃশং বচঃ ॥ ২১৩ ॥
দশম্যেকাদশীং পূর্ব্বং সমুপোষ্য জনার্দ্দনঃ।
অভ্যর্চ্চিতস্ত্বয়া দেবি তস্যেদং কর্ম্মণঃ ফলম্ ॥২১৪॥

অনুবাদ—আরও ঐ পুরাণে—শ্রীরামচন্দ্রের পত্নী সীতাদেবী বলিলেন—আমি স্বেচ্ছাচারিণী নহি বা অপতিব্রতাও নই। এই জন্মে এমন কোন পাপ করি নাই, অন্য জন্মে আমি কি পাপ করিয়া ছিলাম? যে জন্য আমার স্বামীসহ বিচ্ছেদ বনবাস? হে মহারাজ! মুনিশ্রেষ্ঠ বাল্মীকি সীতাদেবীর এই বাক্য শুনিয়া দীর্ঘকাল ধ্যান করিয়া তাঁহাকে এইরূপ বলিলেন—তুমি পূর্ব্বে দশমীযুক্ত একাদশীতে উপবাস করিয়া জনার্দ্দনকে পূজা করিয়াছিলে, সেই কর্ম্মেরই এই ফল ॥ ২১২-২১৪ ॥

টীকা—'ন চাহম্' ইত্যাদি বচঃ ॥ ২১৩ ॥

টীকা—দশমীযুক্তামেকাদশীম্, দেবি হে শ্রীসীতে ॥ ২১৪ ॥

কিঞ্চ—

বশিষ্ঠঃ সমুবাচেদং পৃষ্টো মান্ধাতৃভার্য্যয়া।
দশম্যেকাদশী দেবি পুরা চোপোষিতা ত্বয়া ॥ ২১৫ ॥
তেন তে কর্ম্মণা চেহ স্বভর্ত্তৃসুতবান্ধবৈঃ।
বিয়োগঃ সমনুপ্রাপ্তঃ সত্যং বিদ্ধি পতিব্রতে ॥ ২১৬ ॥

অনুবাদ—আরও— মান্ধাতার ভার্য্যা কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া বশিষ্ঠদেব এইরূপ বলিয়া ছিলেন —হে দেবি প্রাচীনকালে তুমি দশমীযুক্তা একাদশী উপবাস করিয়াছিলে, তোমার সেই কর্ম্মদ্বারা এই জন্মে নিজ স্বামী, পুত্র ও বান্ধবগণের সহিত বিয়োগ হইয়াছে, হে পতিব্রতে ইহা সত্য জানিবে ॥ ২১৫-২১৬ ॥

টীকা—তামিতি পাঠে মান্ধাতৃভার্য্যাং প্রত্যুবাচ। দেবি, হে রাজ্ঞি! মান্ধাতৃভার্য্যে ॥ ২১৫ ॥

যানি যানীহ পাপানি ত্রৈলোক্যে সম্ভবন্তি বৈ।
তেষাং স্থানং দশম্যা বৈ সহিতৈকাদশী মতা।
সপ্তজন্মকৃতং পুণ্যং নশ্যেত নাত্র সংশয়ঃ ॥ ২১৭ ॥

অনুবাদ—এই ত্রিলোকে যে সকল পাপ হয়, তাহাদের স্থান দশমী যুক্তা একাদশীতে, ইহা নিশ্চয় জানিবে এবং সপ্ত জন্মকৃত পুণ্য নষ্ট হয় ইহাতে সংশয় নাই ॥ ২১৭ ॥

কৌর্ম্ম-নারদীয়-বিষ্ণুরহস্যেষু—

দশমীশেষসংযুক্তাং যঃ করোতি বিমূঢ়ধীঃ।
একাদশীং ফলং তস্য ন স্যাদ্দ্বাদশবার্ষিকম্ ॥২১৮॥

অনুবাদ—কূর্ম্মপুরাণ, নারদীয়পুরাণ ও বিষ্ণুরহস্যে—যে মূঢ়বুদ্ধি ব্যক্তি দশমীশেষযুক্তা একাদশী ব্রত করে, তাহার দ্বাদশ বর্ষ ব্রতের ফল নষ্ট হয় ॥ ২১৮ ॥

যৈঃ কৃতা দশমীবিদ্ধা বিদ্ধা-মোহেন মানবৈঃ।
তে গতা নরকং ঘোরং যুগানামেকসপ্ততিম্ ॥ ২১৯॥

অনুবাদ—যে সকল মানব বিদ্যামদে মত্ত হইয়া দশমীবিদ্ধা একাদশীতে উপবাস করে, তাহারা একা-

তর চারিযুগ এক মন্বন্তর ঘোর নরকে গমন করে ॥ ২১৯ ॥

কিঞ্চ—

দশমী বেধসংযুক্তামুপোষ্যৈকাদশীং কিল।
সংবৎসরকৃতেনেহ নরো ধর্ম্মেণ মুচ্যতে ॥ ২২০ ॥

অনুবাদ—আরও—দশমী বিদ্ধা একাদশী উপবাস করিয়া নিশ্চয়ই এই জন্মে মনুষ্য পূর্ণ একবৎসরে কৃত ধর্ম্মের ফল পায় না ॥ ২২০ ॥

টীকা—মুচ্যতে পরিত্যজ্যতে ॥ ২২০ ॥

ভবিষ্যে—

পূর্ণা-বিদ্ধাং পলার্দ্ধেন নন্দাং পূর্ণামপি ত্যজেৎ।
যদীচ্ছেদাত্মসন্তানং চতুর্ষু নিয়মেষ্বপি ॥ ২২১ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—অর্ধপল কাল দ্বারা দশমী বিদ্ধা একাদশী সম্পূর্ণা হইলেও পরিত্যাগ করিবে। যদি কেহ আত্ম সন্তান কামনা করে বক্ষ্যমাণ চতুর্ব্বিধ নিয়মের মধ্যেও ॥ ২২১ ॥

টীকা—পলার্দ্ধেনাপি পূর্ণয়া দশম্যা বিদ্ধাং নন্দামেকাদশীং সপূর্ণামপি চতুর্ষুনিয়মেষু বক্ষ্যমাণোপোষিতাদিষু ত্যজেৎ ॥ ২২১ ॥

নোপোষিতঞ্চ নক্তঞ্চ নৈকভক্তমযাচিতম্।
নন্দায়াং পূর্ব্ববিদ্ধায়াং কুর্য্যাদৈশ্বর্য্যমোহিতঃ ॥২২২॥

অনুবাদ—কখনও সকাম অশক্ত ব্যক্তিগণের জন্য একভক্ত, নক্ত, অযাচিত ও উপবাস—এই চতুর্ব্বিধ ব্রত বিহিত আছে, তাহাও ঐশ্বর্য্যমত্ত হইয়া দশমী বিদ্ধা একাদশীতে ব্রত করিবে না ॥ ২২২ ॥

টীকা—একভক্তেন নক্তেনেত্যাদিনা কদাচিদশক্তাদীনামেকাদশীব্রতপালনার্থমেকভক্তাদিকং বিহিতমস্তি, তদপি বিদ্ধায়াং বর্জ্জনীয়মিত্যাহ—নোপোষিতমিতি। উপবাসং যথা তদেত্যর্থঃ ॥২২২॥

ব্রহ্মবৈবর্ত্তে—

গঙ্গোদকস্য সম্পূর্ণং যথা ত্যাজ্যং ঘটং ভবেৎ।
সুরাবিন্দুসমাযুক্তং তৎ সর্ব্বং মদ্যতাং ব্রজেৎ ॥২২৩
হালাহলং বিষং রৌদ্রং কঃ পিবেন্মূঢ়ধীর্নরঃ।
দশমীশেষসংযুক্তাং ক উপোষতি সদ্ব্রতী ? ২২৪ ॥
এবং জ্ঞাত্বা মুনিশ্রেষ্ঠ দশমীশেষসংযুতা।
বর্জ্জিতা মুনিভিঃ সর্ব্বৈর্বাসুদেবমভীপ্সুভিঃ ॥২২৫॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—গঙ্গাজল পরিপূর্ণ ঘটও যেমন মদ্য বিন্দু স্পর্শ হইলে সম্পূর্ণ মদ্যতা প্রাপ্ত ও ত্যাজ্য হয়। হলাহল বিষ মহাদেব ব্যতীত অন্য কোন্ মূঢ় ব্যক্তি পান করিবে ? হে মুনিবর। এইরূপ জানিয়া শ্রীকৃষ্ণচরণলাভেচ্ছু মুনিগণ কর্ত্তৃক দশমীশেষ যুক্তা একাদশী ব্রত বর্জ্জিত হইয়াছে ॥ ২২৩-২২৫ ॥

টীকা—ত্যাজ্যত্বে হেতুঃ—সুরেত্যাদিঃ ॥ ২২৩ ॥

টীকা—এবং পরলোকে দুঃখহেতুত্বমুক্তং ইহলোকেঽপ্যাহ—হালেতি, দশম্যাঃ শেষেণ সংযুক্তামেকাদশীমিতি শেষঃ ॥ ২২৪ ॥

গারুড়ে—

বিদ্ধামেকাদশীং বিপ্রাস্ত্যজন্ত্যেতাং মনীষিণঃ।
তস্যামুপোষিতো যাতি দারিদ্র্যং দুঃখমেব চ ॥২২৬॥

অনুবাদ—গরুড়পুরাণে—হে বিপ্রগণ এই বিদ্ধা একাদশীকে মনীষিগণ ত্যাগ করেন, যেহেতু তাহাতে উপবাস করিলে দারিদ্র ও দুঃখ প্রাপ্ত হয় ॥ ২২৬ ॥

নারদীয়ে—

লববেধেঽপি বিপ্রেন্দ্র দশম্যৈকাদশীং ত্যজেৎ।
সুরায়া বিন্দুনা স্পৃষ্টং গঙ্গাম্ভঃকলসং যথা।
শ্বদৃতৌ পঞ্চগব্যঞ্চ দশম্যা দূষিতং ত্যজেৎ ॥ ২২৭ ॥

অনুবাদ—নারদীয়পুরাণে—দশমীলেশমাত্র বিদ্ধা হইলেও একাদশীকে ত্যাগ করিবে। হে বিপ্রবর। সুরাবিন্দুদ্বারা স্পৃষ্ট গঙ্গাজলের কলস যেমন ত্যাজ্য, কুক্কুর চর্ম্মে ধৃত পঞ্চগব্য যেমন ত্যাজ্য, সেইরূপ দশমী স্পর্শ দূষিত একাদশী ত্যাগ করিবে ॥ ২২৭ ॥

টীকা—শুনো দৃতৌ চর্ম্মণি পঞ্চগব্যমিব ॥২২৭॥

স্কান্দে—

দ্বাপরান্তে তু গান্ধারী কুরুবংশবিবর্দ্ধিনী।
করিষ্যতি চ সেনানি মূঢ়ভাবাচ্ছিখিধ্বজ।
তেন পুত্রশতং তস্যা নাশমেষ্যত্যসংশয়ম্ ॥ ২২৮॥

অনুবাদ—স্কন্দপুরাণে—হে ময়ূরবাহন, হে দেব-সেনাপতি কার্ত্তিক! দ্বাপরযুগের শেষে কুরুবংশ বর্দ্ধনকারিণী গান্ধারী মূঢ়বুদ্ধিবশতঃ দশমীবিদ্ধা একাদশীব্রত করিবেন, তাহার ফলে তাহার শতপুত্র বিনাশ হইবে, ইহাতে সংশয় নাই ॥ ২২৮ ॥

কলা কাষ্ঠাপি যা চৈব দৃশ্যতে দশমী বিভো।
একাদশ্যান্তু সেনানি কর্ত্তব্যা ন কথঞ্চন ॥ ২২৯ ॥

অনুবাদ—হে সেনাপতি কার্ত্তিক! যে একাদশীতে প্রাতে কলা বা কাষ্ঠা পরিমিত দশমী দৃশ্য হইবে, হে বিভো! সেই একাদশীতে কোন প্রকারে ব্রত করা উচিত নহে ॥ ২২৯ ॥

কিঞ্চ—

দশম্যৈকাদশী যত্র তত্র সন্নিহিতোঽসুরঃ।
দ্বাদশ্যৈকাদশী যত্র তত্র সন্নিহিতো হরিঃ ॥ ২৩০ ॥

অনুবাদ—আরও—যে দিনে দশমী ও একাদশীর মিলন সেই দিনে অসুর অবস্থান করে, অর্থাৎ দৈত্যগণ ঐ উপবাসের ফল প্রাপ্ত হয়। আর যে দিনে দ্বাদশী ও একাদশীর মিলন, সেই দিনে শ্রীহরি অবস্থান করেন ॥ ২৩০ ॥

টীকা—তত্রাসুরঃ সন্নিহিত ইতি দৈত্যানাং তদুপবাসফলপ্রাপ্তেঃ ॥ ২৩০ ॥

কিঞ্চ, তত্রৈবোমামহেশ্বর-সংবাদে—

স্বর্গাপেক্ষা মহাদেবি তেন ত্যক্তা ন সংশয়ঃ।
বাঞ্ছিতং নারকং সৌখ্যং বিদ্ধং
কৃত্বা হরের্দিনম্ ॥ ২৩১ ॥

অনুবাদ—আরও স্কন্দপুরাণেরই উমামহেশ্বর-সংবাদে—হে মহাদেবি! যে ব্যক্তি বিদ্ধ হরিবাসর ব্রত করে, সে নিশ্চয়ই স্বর্গসুখ ত্যাগ করিয়া নরকসুখ বাঞ্ছা করে ॥ ২৩১ ॥

নিহতাঃ পিতরস্তেন দেবতানাং বধঃ কৃতঃ।
দত্তং রাজ্যন্তু দৈত্যানাং কৃত্বা বিদ্ধং হরের্দিনম্ ॥২৩২

অনুবাদ—যে ব্যক্তি বিদ্ধ হরিবাসর ব্রত করে, সে ব্যক্তির পিতৃগণকে ও দেবগণকে বধ করিয়া দৈত্যগণকে রাজ্য প্রদান করা হয় ॥ ২৩২ ॥

পিতৃভিঃ সহিতং বৈরং কৃতং তৈস্তু সুরৈঃ সহ।
কারাপয়ন্তি বিদ্ধং যে কুর্ব্বন্তি হরিবাসরম্ ॥ ২৩৩ ॥

অনুবাদ—যাহারা বিদ্ধ হরিবাসর ব্রত করে এবং অন্যকে করায় তাহাদের পিতৃগণের সহিত বিরোধ করা হয় ॥ ২৩৩ ॥

টীকা—কারয়ন্তীতি বক্তব্যে কারাপয়ন্তীত্যার্ষম্ ॥ ২৩৩ ॥

কিঞ্চ, তত্রৈব—

যে শংসন্তি দিনং বিষ্ণোর্দশমীবেধদূষিতম্।
জ্ঞেয়াস্তে পাপপুরুষাঃ শুক্রমায়া-বিমোহিতাঃ ॥২৩৪॥

অনুবাদ—আরও স্কন্দপুরাণেই—যাহারা দশমী-বেধ দুষ্ট শ্রীহরিবাসর ব্রত অন্যকে করিবার জন্য উপদেশ করে, তাহাদিগকে শুক্রাচার্য্যকৃত মায়া-মোহিত পাপপুরুষ বলিয়া জানিবে ॥ ২৩৪ ॥

টীকা—শংসন্তি কর্ত্তুমুপদিশন্তি। ননু কথং তে পাপপুরুষাঃ, বিদ্ধাপ্যবিদ্ধা বিজ্ঞেয়েত্যাদিশাস্ত্রবিধানাৎ? তত্রাহ—শুক্রেতি। তদগ্রে ব্যক্তং ভাবি ॥২৩৪

উপোষণদিনে বিদ্ধে জাগরঃ পূজনং হরেঃ।
বৃথা দানাদিকং সর্ব্বং কৃতঘ্নেষু কৃতং যথা ॥২৩৫॥

অনুবাদ—দশমীবিদ্ধা উপবাস দিনে জাগরণ, শ্রীহরিপূজন এবং দানাদি সর্ব্ব কর্ম্মই বৃথা হয়, যেমন কৃতঘ্ন ব্যক্তির কর্ম্মসমূহ বৃথা হয় ॥ ২৩৫ ॥

উপোষণদিনে বিদ্ধে প্রারব্ধে জাগরে সতি।
বিহায় স্থানং তদ্বিষ্ণুঃ শাপং দত্ত্বাপগচ্ছতি ॥ ২৩৬ ॥

অনুবাদ—দশমীবিদ্ধা উপবাস দিনে রাত্রি জাগরণ আরম্ভ করিলে শ্রীবিষ্ণু ঐ ব্যক্তিকে শাপ প্রদান পূর্ব্বক ঐ স্থান ত্যাগ করিয়া অন্যত্র গমন করেন ॥২৩৬

কিঞ্চ—
একাদশীং যদা বিদ্ধাং কুরুতে চারুলোচনে।
দশমীবেধজং পাপং নশ্যতে কৃষ্ণদর্শনাৎ ॥ ২৩৭ ॥
ন চাস্তি সংশয়ঃ কশ্চিৎ পুনর্ন কুরুতে যদি।
কারাপয়ন্তি যে ত্বজ্ঞাঃ কূটযুক্তাস্তু হৈতুকাঃ।
প্রেতযোনিং প্রপশ্যন্তি পিতৃভিঃ সহিতা নরাঃ ॥২৩৮॥

অনুবাদ—আরও—হে প্রিয়দর্শিনি! যখন বিদ্ধা একাদশী ব্রত করে, তখন শ্রীকৃষ্ণ দর্শনহেতু দশমী-বেধজাত পাপ নষ্ট হয়—ইহাতে কোন সংশয় নাই, যদি পুনরায় বিদ্ধা ব্রত না করে, কিন্তু যাহারা অজ্ঞ হইয়াও অন্যকে বিদ্ধা ব্রত করায় তাহারা কূট-যুক্তি নিপুণ ও তার্কিক, ঐ সকল ব্যক্তি পিতৃগণের সহিত প্রেতযোনি দর্শন করিবে ॥ ২৩৭-২৩৮ ॥

টীকা—কৃষ্ণদর্শনান্নশ্যতীতি পাপস্য মহত্ত্বয়া প্রায়শ্চিত্তমপি দুর্ঘটং মহদুক্তম্। 'পুনর্ন কুরুতে যদি' ইত্যনেন পুনর্যদি বিদ্ধাং কুরুতে, তদা পুনঃ পাপোৎপত্তেরনিষ্টমেবেতি বিদ্ধাকরণপাপস্য মহাভয়ানকত্বমুক্তম্। কূটং শাঠ্যং তদ্যুক্তাঃ হৈতুকাঃ শুষ্কতর্কপরাঃ ॥ ২৩৭-২৩৮ ॥

দ্বাদশী দশমী-বিদ্ধা ধনসন্তাননাশিনী।
ধ্বংসিনী সর্ব্বপুণ্যানাং কৃষ্ণভক্তি প্রণাশিনী ॥ ২৩৯॥

অনুবাদ—দশমীবিদ্ধা দ্বাদশী অর্থাৎ একাদশী ধন ও সন্তান নাশিনী, সর্ব্ববিধ পুণ্যের ধ্বংসকারিণী এবং কৃষ্ণভক্তি প্রণাশিনী ॥ ২৩৯ ॥

তত্রৈব শ্রীমার্কণ্ডেয়ভগীরথ-সংবাদে—
ন স ভাগবতো জ্ঞেয়ো যঃ করোতি হরের্দিনম্।
দশমী-বেধসংযুক্তং পাপমূলং সদৈব হি ॥ ২৪০ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয়-ভগীরথ-সংবাদে—সর্ব্বদাই পাপমূল দশমীবেধযুক্ত শ্রীহরিবাসর ব্রত যিনি করেন, তিনি ভগবদ্ভক্ত নন—ইহা জানিবেন ॥ ২৪০ ॥

পুরাণমন্যথা কৃত্বা করোত্যেকাদশীদিনম্।
দশমীশেষসংযুক্তং স নরঃ পশুসন্ততিঃ ॥ ২৪১ ॥

অনুবাদ—যে ব্যক্তি পুরাণাদি শাস্ত্রকে অন্যরূপে ব্যাখ্যা করিয়া দশমীশেষ যুক্ত বিদ্ধা একাদশী দিনে ব্রত করেন, তিনি নরপশু ॥ ২৪১ ॥

ব্রহ্মঘ্নস্য চ যৎ পাপং স্ত্রীবালগুরুঘাতিনঃ।
দশমীশেষসংযুক্তাং যঃ করোতি তদাপ্নুয়াৎ ॥২৪২॥

অনুবাদ—দশমীশেষ যুক্তা একাদশী ব্রত যিনি করেন, ব্রহ্মঘাতীর যে পাপ এবং স্ত্রী, বালক, গুরুঘাতীর যে পাপ, তাহা তিনি প্রাপ্ত হন ॥ ২৪২ ॥

বৃষলীসেবনাৎ পাপং শ্বপচীগমনে চ যৎ।
তৎ পাপং জায়তে বিদ্ধং যঃ
করোতি হরের্দিনম্ ॥ ২৪৩ ॥

অনুবাদ—দশমীবিদ্ধ শ্রীহরিবাসর যিনি করেন, তাহার বৃষলীগমন জন্য যে পাপ ও শ্বপচী গমন জন্য যে পাপ, তাহা জাত হয় ॥ ২৪৩ ॥

দশমীশেষসংযুক্তং নিষিদ্ধং বিষ্ণুনা পুরা।
তস্মাদ্ভাগবতৈর্ভূপ শোধয়িত্বা হরের্দিনম্।
উপোষিতব্যং যত্নেন পূর্ব্বসঙ্গতি-বর্জ্জিতম্ ॥ ২৪৪ ॥

অনুবাদ—প্রাচীন কাল হইতে শ্রীবিষ্ণু দশমী-শেষযুক্ত একাদশীব্রত নিষেধ করিয়াছেন। সুতরাং হে মহারাজ! ভগবদ্ভক্তগণের সহিত শোধন করিয়া যত্নপূর্ব্বক দশমীসংযোগ বর্জ্জিত শ্রীহরিবাসর উপবাস কর্ত্তব্য ॥ ২৪৪ ॥

পৃথিব্যাং যানি পাপানি স্থূলসূক্ষ্মাণি ভূপতে।
তেষাং ফলমবাপ্নোতি সশল্যৈকাদশীব্রতে ॥ ২৪৫ ॥

অনুবাদ—হে মহারাজ! পৃথিবীতে স্থূল সূক্ষ্ম যে সকল পাপ আছে, বিদ্ধা একাদশীব্রতকারী সে সকলের ফল প্রাপ্ত হয় ॥ ২৪৫ ॥

কুরুতে বৈষ্ণবো ভূত্বা সশল্যৈকাদশীব্রতম্।
জ্ঞানতোহজ্ঞানতো বাপি ন স
বিষ্ণুপ্রিয়ো ভবেৎ ॥ ২৪৬ ॥

অনুবাদ—যিনি বৈষ্ণব-দীক্ষা প্রাপ্ত হইয়া জানিয়া বা না জানিয়া বিদ্ধা একাদশীব্রত করেন, তিনি শ্রীবিষ্ণুর প্রিয় হইতে পারেন না ॥ ২৪৬ ॥

কিঞ্চ, তত্রৈবান্যত্র—
বিদ্ধামেকাদশীং মোহাদ্দশমীশেষসংযুতাম্।
কুর্ব্বন্ন সুখমাধত্তে ইহলোকে পরত্র চ ॥ ২৪৭ ॥

অনুবাদ—আরও স্কন্দপুরাণের অন্যত্র—মোহবশতঃ দশমীশেষযুক্ত বিদ্ধা একাদশীব্রত করিলে ইহলোকে ও পরলোকে সুখ পায় না ॥ ২৪৭ ॥

তস্মাদেকাদশী যুক্তা দশম্যা নরসত্তম।
ন কর্ত্তব্যা প্রযত্নেন নিষ্ফলা দ্বাদশী মতা ॥ ২৪৮ ॥

অনুবাদ—অতএব হে নরোত্তম! দশমীযুক্তা একাদশী কর্ত্তব্য নহে, যত্নপূর্ব্বক শুদ্ধা দ্বাদশীব্রত করিবেন, ইহা শাস্ত্র সম্মত ॥ ২৪৮ ॥

টীকা—নিষ্ফলা শুদ্ধা দ্বাদশ্যেব মতা মুনিভিরুপবাসার্থমনুজ্ঞাতেত্যর্থঃ ॥ ২৪৮ ॥

যথা চৈকাদশী রাজন্ দ্বাদশী চ তথা নৃণাম্ ॥
সমানা তৎফলা প্রোক্তা ব্রতেহস্মিন্
চক্রপাণিনঃ ॥ ২৪৯ ॥

অনুবাদ—হে রাজন্! এই শ্রীহরিবাসর ব্রতে শুদ্ধা একাদশী ও দ্বাদশী মনুষ্যগণের পক্ষে সমানফলপ্রদা, শাস্ত্রে উক্ত হইয়াছে ॥ ২৪৯ ॥

টীকা—সমানা বিষ্ণুদৈবতেন, ততঃ তৎফলাঃ সমানফলাঃ, তত্র হেতুঃ—ব্রত ইতি। চক্রপাণেরেব ব্রতদ্বয়মেতৎ, অতস্তত্র সাম্যং যুক্তমেবেত্যর্থঃ ॥২৪৯॥

দ্বারকামাহাত্ম্যে চন্দ্রশর্ম্মাণং প্রতি তৎপিতৃণামুক্তৌ—
বর্জ্জনীয়ঃ প্রযত্নেন বেধো দশমি-সম্ভবঃ।
নোচেৎ পুত্র ন সন্দেহঃ প্রেতযোনিমবাপস্যসি ॥২৫০

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে চন্দ্র শর্ম্মার প্রতি তাহার পিতৃপুরুষগণের উক্তিতে—দশমীবেধযুক্ত একাদশীব্রত যত্নের সহিত বর্জ্জনীয়, নচেৎ হে পুত্র! প্রেতযোনি প্রাপ্ত হইবে—ইহাতে সন্দেহ নাই ॥ ২৫০॥

টীকা—দশমীতি হ্রস্বত্বমার্ষম্ ॥ ২৫০ ॥

হত্যা গচ্ছতি কাশ্যান্তু গয়ায়াং পৈতৃকং ঋণম্।
দশমীবেধজং পাপং ন কাশ্যাং ন গয়াশিরে ॥ ২৫১॥

অনুবাদ—হত্যা জনিত পাপ কাশীক্ষেত্রে নষ্ট হয়, পিতৃঋণ গয়াক্ষেত্রে শোধ হয়, দশমীবেধ জনিত পাপ কাশীতে নষ্ট হয় না, গয়াশিরেও নষ্ট হয় না ॥ ২৫১ ॥

ত্রৈলোক্যসম্ভবং পাপং তেষাং ভবতি ভূতলে।
সশল্যং যে প্রকুর্ব্বন্তি বাসরং কৃষ্ণসংজ্ঞকম্।
প্রেতত্বং দুঃসহং পুত্র দুঃসহা যমযাতনাঃ ॥ ২৫২ ॥

অনুবাদ—যাহারা বিদ্ধা শ্রীহরিবাসর ব্রত করে, তাহাদের এই ভূতলে ত্রিলোকজাত পাপ হয়। হে পুত্র! তাহারা দুঃসহ প্রেতত্ব ও দুঃসহা যমযাতনা প্রাপ্ত হয় ॥ ২৫২ ॥

তত্রৈব তং প্রতি শ্রীভগবদুক্তৌ—
পুণ্যং সুসঞ্চিতং যাতি কল্পকোটিশতার্জ্জিতম্।
সশল্যং যে প্রকুর্ব্বন্তি মুক্তিদং মম বাসরম্ ॥২৫৩॥

অনুবাদ—সেই পুরাণেই দ্বারকা মাহাত্ম্যে চন্দ্র শর্ম্মার প্রতি শ্রীভগবানের উক্তি—মুক্তিপ্রদ আমার বাসর যাহারা বিদ্ধা ব্রত করে, তাহাদের শতকোটি কল্পে অর্জ্জিত সুসঞ্চিত পুণ্য নষ্ট হয় ॥ ২৫৩ ॥

অতএব তত্রৈব ভগবন্তং প্রতি তৎপ্রার্থনে—
দশমীবেধজং পাপং ত্বদ্দিনে মম পূর্ব্বজৈঃ।
যৎ কৃতং নাশমায়াতু ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন ॥ ২৫৪ ॥

অনুবাদ—অতএব দ্বারকামাহাত্ম্যে শ্রীভগবানের নিকট চন্দ্র শর্ম্মার প্রার্থনা—হে জনার্দ্দন। শ্রীহরিবাসরে আমার পূর্ব্বজাত ব্যক্তিগণ দশমীবেধজাত যে পাপ করিয়াছে, তোমার প্রসাদে তাহা নষ্ট হউক ॥ ২৫৪ ॥

———

সবিদ্ধং ত্বদ্দিনে কৃষ্ণ যৎ কৃতং জাগরং বিভো
তৎপাপং বিলয়ং যাতু লবণন্তু যথাম্ভসি ॥ ২৫৫ ॥

অনুবাদ—হে কৃষ্ণ। বিদ্ধা হরিবাসরে আমার পূর্ব্বপুরুষগণ জাগরণ করিয়া যে পাপ করিয়াছে, সেই পাপ বিলীন হউক, যেমন লবণ জলে বিলীন হয় ॥ ২৫৫ ॥

টীকা—জাগরমিতি নপুংসকত্বমার্ষম্ ॥ ২৫৫ ॥

———

সবিদ্ধং বাসরং যস্মাৎ কৃতং মম পিতামহৈঃ।
প্রেতত্বং তেন সংপ্রাপ্তং মহাদুঃখপ্রদায়কম্ ॥ ২৫৬ ॥

অনুবাদ—আমার পিতামহগণ যেহেতু বেধযুক্ত হরিবাসরব্রত করিয়াছে, সেইহেতু মহাদুঃখ প্রদ প্রেতত্ব প্রাপ্ত হইয়াছে ॥ ২৫৬ ॥

টীকা—বিদ্ধং বেধঃ, তেন সহ বর্ত্তমানম্। সা চাখ্যায়িকা তত্রৈব—'চন্দ্রশর্ম্মা বিপ্রঃ শ্রীরুদ্রৈকভক্তঃ শ্রীভগবদ্বিমুখঃ কদাচিৎ স্বপ্নে দৃষ্টৈর্বিদ্ধাব্রতেন প্রেতত্বং গতৈস্তৎপিতৃগণৈঃ শ্রীভগবদ্ভক্ত্যর্থমুপদিষ্টো দ্বারকাং গত্বা ভগবদ্ভক্তমারাধ্য সংপ্রার্থ্য সপিতৃকো বিমুক্তিং প্রাপ।' ইতি ॥ ২৫৬ ॥

———

পাদ্মে শ্রীভগবদ্ব্রহ্ম সংবাদে—
শুক্রেণ মোহিতা বিপ্রা দৈত্যানাং কারণেন তু।
পুষ্ট্যর্থং দশমীবিদ্ধং কুর্ব্বন্তি মম বাসরম্ ॥ ২৫৭ ॥

অনুবাদ—পদ্মপুরাণে শ্রীভগবান ও ব্রহ্মসংবাদে শ্রীভগবান্ বলিতেছেন—শুক্রাচার্য্যের মায়ায় মোহিত হইয়া বিপ্রগণ দৈত্যগণের পুষ্টির নিমিত্ত দশমীবিদ্ধা আমার একাদশী ব্রত করিতেছেন ॥ ২৫৭ ॥

টীকা—হিরণ্যাক্ষবধ-প্রসঙ্গে দৈত্যানাং বধং দুষ্করং দৃষ্ট্বা ব্রহ্মণা তৎকারণং পৃষ্টঃ শ্রীভগবানাহ—শুক্রেণেত্যাদি। কারণমেবাহ—পুষ্ট্যর্থমিতি, মদীয়ং বাসরমেকাদশীদিনম্ ॥ ২৫৭ ॥

———

বাসরং দশমীবিদ্ধং দৈত্যানাং পুষ্টিবর্দ্ধনম্।
মদীয়ং নাস্তি সন্দেহঃ সত্যং সত্যং পিতামহ ॥২৫৮

অনুবাদ—হে পিতামহ! সত্য সত্য বলিতেছি—দশমীবদ্ধা মদীয় একাদশীব্রত দৈত্যগণের পুষ্টিবর্দ্ধনকারী, ইহাতে সন্দেহ নাই ॥ ২৫৮ ॥

———

যাবদ্দশম্যা সংযুক্তং করিষ্যন্তি দিনং মম।
তৎ পুণ্যং দৈত্যজাতীনাং সুরৈর্দত্তং পিতামহ ॥২৫৯

অনুবাদ—হে পিতামহ! যতদিন পর্য্যন্ত দশমী সংযুক্ত আমার দিন একাদশী ব্রত করিবে, তাহার পুণ্য দৈত্যজাতীগণকে দেবগণ দিয়াছেন ॥ ২৫৯ ॥

———

তেন পুণ্যেন সংপুষ্টো হিরণ্যাক্ষঃ পিতামহ।
নির্জ্জিত্য বাসবং সংখ্যে হৃতং রাজ্যং
দিবৌকসাম্ ॥ ২৬০ ॥

অনুবাদ—হে পিতামহ! বিদ্ধাব্রতের পুণ্যদ্বারা পুষ্ট হইয়া হিরণ্যাক্ষ যুদ্ধে ইন্দ্রকে নির্জিত করিয়া দেবরাজ্য হরণ করিয়াছিল ॥ ২৬০ ॥

টীকা—অতএব তেন রাজ্যাদি হৃতম্ ॥ ২৬০ ॥

———

শুক্রেণ মোহিতাঃ সর্ব্বে দৈত্যানাং বিজয়ায় বৈ।
অতো বিদ্ধং প্রকুর্ব্বন্তি বাসরং মম মানুষাঃ ॥ ২৬১॥

অনুবাদ—অতএব মনুষ্যগণ শুক্রাচার্য্যের মায়াতে মোহিত হইয়া সকলে দৈত্যগণের বিজয় লাভের জন্য আমার বাসর বিদ্ধব্রত করিতেছে ॥ ২৬১ ॥

———

মার্কণ্ড গচ্ছ ভদ্রং তে ভূর্লোকন্তু মমাজ্ঞয়া।
দশমীবেধবিষয়ে মায়াং শুক্রস্য নাশয় ॥ ২৬২ ॥

অনুবাদ—অতএব হে মার্কণ্ডেয় ! আমার আজ্ঞায় ভূলোকে গমন কর, তোমার মঙ্গল হউক। দশমী-বেধ বিষয়ে শুক্রাচার্য্যের মায়া নষ্ট কর ॥ ২৬২ ॥

টীকা—তত্রাধুনোপায়ঃ কঃ ? তত্রাহ—মার্কণ্ডেতি, মায়াং শুক্রস্য নাশয়েতি। বিদ্ধোপবাসবচনানি শুক্রমায়াকৃতান্যেবেত্যুপদিশ্য তত্রোপবাসং নিষে-ধয়েত্যর্থঃ ॥ ২৬২ ॥

শ্রীবিষ্ণোর্বচনং শ্রুত্বা মার্কণ্ডো মুনিসত্তমঃ।
সংপ্রাপ্তো নৈমিষারণ্যং যত্র
যজ্ঞপুমান্ হরিঃ ॥ ২৬৩ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুর আদেশ বাক্য শ্রবণ করিয়া মার্কণ্ডেয় মুনিসত্তম যেখানে যজ্ঞপুরুষ শ্রীহরি অবস্থান করেন সেই নৈমিষারণ্যে উপস্থিত হইলেন ॥ ২৬৩ ॥

মার্কণ্ডবচনং শ্রুত্বা ঋষয়ো নৈমিষালয়াঃ।
শুক্রমায়াবিনির্ম্মুক্তা বিস্ময়ং পরমং গতাঃ ॥ ২৬৪ ॥

অনুবাদ—নৈমিষালয়বাসী ঋষিগণ মার্কণ্ড ঋষির বচন শুনিয়া শুক্রাচার্য্যকৃত মায়ামুক্ত ও পরম বিস্মিত হইলেন ॥ ২৬৪ ॥

টীকা—পরমং বিস্ময়ং গতা ইতি শাস্ত্রেষ্বপি তাদৃশমায়াসম্ভবাৎ ॥ ২৬৪ ॥

ইন্দ্রদ্যুম্নায় কথিতং মহাভাগবতায় বৈ।
গত্বাশ্রমেষু সর্ব্বেষু কথিতং বনবাসিনাম্ ॥ ২৬৫ ॥

অনুবাদ—মহাভাগবত ইন্দ্রদ্যুম্নকে বলিলেন এবং বনবাসিগণের সকল আশ্রমে গিয়া বলিলেন ॥২৬৫॥

টীকা—বনবাসিনাং বনবাসিনঃ প্রতি কথিতং মার্কণ্ডেয়েন ॥ ২৬৫ ॥

হিত্বা শুক্রস্য বাক্যানি মার্কণ্ডবচনাজ্জনৈঃ।
ত্যক্তা দশমীসংযুক্তা বিপ্রাদ্যৈঃ পুণ্যকাঙ্ক্ষিভিঃ
॥ ২৬৬ ॥

অনুবাদ—মার্কণ্ডেয় ঋষির বচন শুনিয়া জনগণ শুক্রাচার্য্যের বাক্যসমূহ ত্যাগ করিয়া বিপ্রাদি পুণ্যার্থী-গণ দশমীযুক্তা ব্রত ত্যাগ করিয়াছিলেন ॥ ২৬৬ ॥

পূর্ণাবেধকুঠারেণ নরা দ্বাদশীপাদপম্।
ছেদয়ন্তি চ যে পাপাঃ কল্পান্তং
নারকা হি তে ॥ ২৬৭ ॥

অনুবাদ—যে সকল পাপী মানব দশমীবেধরূপ অর্থাৎ বিদ্ধা ব্রত দ্বারা দ্বাদশীরূপ কল্পতরুকে ছেদন করে, তাহারা কল্পকাল নরকে বাস করে ॥ ২৬৭ ॥

টীকা—পূর্ণয়া দশম্যা বেধ এব কুঠারস্তেন ছেদ-য়ন্তি, তত্র ব্রতদ্বারা ॥ ২৬৭ ॥

ভবিষ্যে, মার্কণ্ডেয়পুরাণে চ—

পূর্ণা-বিদ্ধামুপাস্তে কো নন্দাং বেদবলাদপি।
কো বেদ বচনাত্তাত গোসবে
গাং নিহন্তি বৈ ? ২৬৮ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে ও মার্কণ্ডেয়পুরাণে—দশমীবিদ্ধা একাদশী ব্রত বিধান বেদে প্রক্ষিপ্ত থাকিলেও কোন্ ব্যক্তি বিদ্ধাতে উপবাস করে ? অর্থাৎ শ্রীভগবানের নিষেধ আজ্ঞাহেতু কেহ করে না। যেমন বেদে গোমেধ যজ্ঞ বর্ণিত থাকিলেও হে বৎস যজ্ঞে কেহ গোবধ করে না ॥ ২৬৮ ॥

টীকা—বেদবলাদপীতি—বেদেষু তাদৃশানি বচ-নানি ন সন্ত্যেব, সৎস্বপি তদ্বলাৎ ক উপাস্তে ? অপি তু ন কোঽপি। কথঞ্চিৎ পূর্ব্ববৃত্তানামপি বচনানাং পরবচনৈর্বাধিতত্বাৎ। তত্র দৃষ্টান্তঃ—গোমেধে পূর্ব্ববৃত্তমপি গোবধং কঃ কুর্য্যাৎ ? অধুনা কলি-কালে তন্নিষেধাৎ। এবং শুক্রমায়াদিনা কথঞ্চিৎ পূর্ব্বং বৃত্তানামপি বিদ্ধোপবাসবচনানামধুনা শ্রীভগ-বদাজ্ঞয়া মার্কণ্ডেয়বচনেন নিষিদ্ধত্বাৎ পুনর্বিদ্ধোপ-বাসং কঃ কুর্য্যাদিত্যর্থঃ ॥ ২৬৮ ॥

দশমীশেষসংযুক্তমাশ্রয়েৎ কো ব্রতং ব্রতী।
তস্মাদেকাদশী ত্যাজ্যা দশমীপলমিশ্রিতা।
উপোষ্যা দ্বাদশী শুদ্ধা ত্রয়োদশ্যান্তু পারণম্ ॥ ২৬৯ ॥

অনুবাদ—দশমীশেষযুক্ত ব্রতকে কোন্ ব্রতী আশ্রয় করে ? অতএব দশমীপল মিশ্রিতা একাদশী ব্রত বর্জ্জনীয় এবং শুদ্ধা দ্বাদশী ব্রত কর্ত্তব্য, আর ত্রয়োদশীতে পারণ কর্ত্তব্য ॥ ২৬৯ ॥

কৌর্ম্মে ব্রহ্মবৈবর্ত্তে চ শ্রীব্যাসসূতসংবাদে—

সুপুণ্যৈকাদশী সূত যদি শল্যবিবর্জ্জিতা।
কর্ত্তুর্নিরয়পাতায় সশল্যা সমুপোষিতা ॥
শল্যং বেধ ইতি প্রোক্তং পুরাণার্থবিচক্ষণৈঃ ॥ ২৭০ ॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে ও ব্রহ্মবৈবর্ত্তপুরাণে শ্রীব্যাস-সূত-সংবাদে—হে সূত ! একাদশী যদি বেধ বিবর্জ্জিতা হন, তবে পরমমঙ্গলকারিণী। আর যদি বেধ-যুক্তা হইয়া উপোষিতা হন, তবে ব্রতীর নরকপাতের কারণ হন। পুরাণার্থবিদ্‌গণ 'শল্য'-শব্দের অর্থ বেধ বলিয়াছেন ॥ ২৭০ ॥

টীকা—যদি শল্যবিবর্জ্জিতৈকাদশী সমুপোষিতা, তদা সুপুণ্যা পরমমঙ্গলকারিণীত্যর্থঃ। সা চেৎ সশল্যা সমুপোষিতা, তদা কর্ত্তুস্তদ্ব্রতকর্ত্তুর্নিরয়ে পতনায় ভবতি সৈব ॥ ২৭০ ॥

কিঞ্চ, তত্রৈব শ্রীসূতশৌনকসংবাদে—

যে তু মিথ্যাভিধানেন মোহয়ন্তি নরা ভুবি।
বিমূঢ়াঃ পাপিনস্তেষাং রৌরবং শরণং চিরম্ ॥২৭১॥

অনুবাদ—অতঃপর বিদ্ধাব্রত উপদেশকারীর নিন্দা আরও ঐস্থলে শ্রীসূত-শৌনক-সংবাদে—এই ভূতলে যে সকল মানব মিথ্যা বিদ্ধা উপদেশ দ্বারা জনগণকে মোহিত করে, তাহারা নিজে অজ্ঞ হইয়া অন্যকে উপদেশ করে সুতরাং পাপী, তাহাদের দীর্ঘ-কাল রৌরব নরকে বাস ॥ ২৭১ ॥

অধ্যাপয়ন্ত্যবিজ্ঞেয়ং পণ্ডিতম্মন্যবুদ্ধয়ঃ।
কারয়ন্ত্যবুধা লোকে দ্বাদশীং দশমীযুতাম্ ॥ ২৭২ ॥
যে কারয়ন্তি কুর্ব্বন্তি দ্বাদশীং দশমীযুতাম্।
শুদ্ধয়ে তন্মুখং বীক্ষ্য সূর্য্যদর্শনমাচরেৎ ॥ ২৭৩ ॥

অনুবাদ—এই একাদশীব্রত বিষয়ে যাহারা অজ্ঞ হইয়াও নিজেকে পণ্ডিত মনে করিয়া অন্যকে উপদেশ দ্বারা দশমীযুক্তা একাদশী (দ্বাদশী) ব্রত করায় এবং করে, তাহাদের মুখদর্শন করিলে আত্মশুদ্ধির জন্য সূর্য্য দর্শন করিবেন ॥ ২৭২-২৭৩ ॥

টীকা—অধুনা বিদ্ধোপবাসোপদেশকান্নিন্দতি—যে ত্বিতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। অবিজ্ঞেয়ং স্বয়ং জ্ঞাতুম-শক্যমপ্যন্যানধ্যাপয়ন্তীতি ॥ ২৭১-২৭২ ॥

নমো নারায়ণায়েতি জপেদ্বা দ্বাদশাক্ষরম্।
বরাকাঃ কিমু জানন্তি প্রাণিনঃ কার্য্যনিশ্চয়ম্ ?
ধিগ্‌ধিগ্ মূঢ়ধিয়ঃ পাপান্ ধর্ম্মবিপ্লবকারিণঃ ॥২৭৪॥

অনুবাদ—আত্মশুদ্ধির জন্য 'নমো নারায়ণায়' বা দ্বাদশাক্ষর বাসুদেব মন্ত্র জপ করিবেন। ক্ষুদ্র ব্যক্তিগণ কি প্রাণিবর্গের কর্ত্তব্য নির্ণয় করিতে জানে ? মূঢ়বুদ্ধি পাপী ধর্ম্ম বিপ্লবকারিগণকে পুনঃ পুনঃ ধিক্ ॥ ২৭৪ ॥

হিংসিতো ভগবাংস্তেন দ্বাদশী দশমীযুতা।
কৃতা যেন দ্বিজশ্রেষ্ঠ সম্যগুক্তং ময়া তব ॥ ২৭৫ ॥

অনুবাদ—হে দ্বিজশ্রেষ্ঠ ! যে ব্যক্তি দশমীযুক্তা একাদশী (দ্বাদশী) ব্রত করে, সে ভগবান্‌কে হিংসা করে, আমি তোমার নিকট সকল কথা বলিলাম ॥ ২৭৫ ॥

সংস্থিতো ভগবান্ কৃষ্ণ দ্বাদশীরূপধৃক্ যতঃ।
তস্মাদসংশয়ং ত্যাজ্যা দ্বাদশী দশমীযুতা ॥ ২৭৬ ॥

অনুবাদ—যেহেতু ভগবান কৃষ্ণ দ্বাদশী রূপধারণ করিয়া অবস্থান করিতেছেন, অতএব নিঃসংশয়ে দশমীযুক্তা একাদশী ত্যাগ করিয়া দ্বাদশী ব্রত কর্ত্তব্য ॥ ২৭৬ ॥

টীকা—বিদ্ধাকরণে চ মহাদোষবিশেষং পুনরাহ—হিংসিতি ইতি দ্বাভ্যাম্ ॥ ২৭৫-২৭৬ ॥

কিঞ্চ—

দ্বেয়ার্বিবদতোঃ শ্রুত্বা দ্বাদশীং সমুপোষয়েৎ।
পারণন্তু ত্রয়োদশ্যামেষ শাস্ত্রবিনির্ণয়ঃ ॥ ২৭৭ ॥

অনুবাদ—আরও—ব্রত নির্ণয়কারী দুইব্যক্তির বিবাদ শুনিয়া মধ্যস্থব্যক্তি দ্বাদশীতে উপবাস এবং ত্রয়োদশীতে পারণ করাইবে, ইহাই শাস্ত্র-তাৎপর্য্য ॥ ২৭৭ ॥

টীকা—কুতর্কবলতো বিবাদেনানিশ্চয়েঽপি জাতে বিদ্ধাং পরিত্যজ্য শুদ্ধা দ্বাদশ্যেবোপোষ্যেতি সনিশ্চয়মাহ—দ্বয়োরিতি ॥ ২৭৭ ॥

দ্বাদশী দশমীযুক্তা যত্র শাস্ত্রে প্রতিষ্ঠিতা।
ন তৎ শাস্ত্রমহং মন্যে যদি ব্রহ্মা স্বয়ং বদেৎ ॥২৭৮

অনুবাদ—দশমীযুক্তা একাদশী ব্রত যে শাস্ত্রে ব্যবস্থাপিত আছে, তাহা যদি ব্রহ্মা স্বয়ং বলেন, আমি তাহাকে শাস্ত্র মনে করি না ॥ ২৭৮ ॥

টীকা—ননু শাস্ত্রদৃষ্টেরবিবাদঃ, তত্রাহ—দ্বাদশীতি। অহং বেদব্যাসঃ ॥ ২৭৮ ॥

অতএব নারদীয়ে—

বহুবাক্যবিরোধেন সন্দেহো জায়তে যদা।
উপোষ্যা দ্বাদশী তত্র ত্রয়োদশ্যান্তু পারণম্ ॥ ২৭৯ ॥

অনুবাদ—অতএব নারদীয়পুরাণে—বহু ঋষি বাক্যের বিরোধহেতু যখন সন্দেহ উপস্থিত হয়, সেই স্থলে দ্বাদশীতে উপবাস এবং ত্রয়োদশীতে পারণ কর্ত্তব্য ॥ ২৭৯ ॥

শ্রীমার্কণ্ডেয়েন চেন্দ্রদ্যুম্নং প্রতি শ্রীভগবদাজ্ঞায়াঃ প্রতিপালনে—

বিবাদেষু চ সর্ব্বেষু দ্বাদশ্যাং সমুপোষণম্।
পারণং হি ত্রয়োদশ্যামাজ্ঞেয়ং মামকী মুনে।
হেতুবাদো ন কর্ত্তব্যো হেতুনা পততে নরঃ ॥ ২৮০ ॥

অনুবাদ—ইন্দ্রদ্যুম্নের প্রতি শ্রীমার্কণ্ডেয় মুনি কর্ত্তৃক শ্রীভগবদাজ্ঞা প্রতিপালনস্থলে—সর্ব্ববিধ বিবাদেরস্থলে দ্বাদশীতে সম্পূর্ণ উপবাস, ত্রয়োদশীতেই পারণ। হে মুনিবর! ইহা আমার আদেশ। এ বিষয়ে তর্ককরা উচিত নহে, তর্কদ্বারা মানব অধঃপতিত হয় ॥ ২৮০ ॥

অতএব পিতামহঃ—

একাদশী-দিনক্ষয়ে উপবাসং করোতি যঃ।
তস্য পুত্রা বিনশ্যন্তি মঘায়াং পিণ্ডতো যথা ॥ ২৮১ ॥

অনুবাদ—অতএব পিতামহ বলিয়াছেন—একাদশী তিথিক্ষয় প্রাপ্ত হইলে ঐ ত্রিস্পৃশা দিনে যে ব্যক্তি উপবাস করে তাহার পুত্রগণ বিনাশ প্রাপ্ত হয়, যেমন মঘা-নক্ষত্রে পিণ্ডদান ফলে পুত্রক্ষয় হয় ॥ ২৮১ ॥

টীকা—বিদ্ধাবর্জ্জনমেব তিথিক্ষয়দিনোপবাসদোষদর্শনাদিনা সাধয়তি—একাদশীত্যাদিনাং একাদশীদিনস্য ক্ষয়ো দশম্যাঃ শেষানুবৃত্তাবেব স্যাৎ। অতস্তদ্দিনং বিদ্ধমেব, তস্মিন্ য উপবাসং করোতি ॥ ২৮১ ॥

দিনক্ষয়ে তু সংপ্রাপ্তে নোপোষ্যা দশমীযুতা।
যদীচ্ছেৎ পুত্রপৌত্রাণাং বৃদ্ধিং সম্পদমাত্মনঃ ॥২৮২॥

অনুবাদ—তিথিক্ষয় উপস্থিত হইলে দশমীযুক্তা একাদশীতে উপবাস কর্ত্তব্য নহে, যদি নিজের পুত্র পৌত্র সম্পদ বৃদ্ধির ইচ্ছা কর ॥ ২৮২ ॥

টীকা—দশমীযুতেতি দ্বাদশাক্ষয়ব্যাবৃত্ত্যর্থম্ ॥২৮২

ব্যাসঃ—

একাদশীদিনে ক্ষীণে উপবাসী ভবেদ্‌গৃহী।
অন্নাভাবে নিরুদ্ধো বা সঙ্কল্পাদ্বা বিশেষতঃ ॥ ২৮৩ ॥
ধর্ম্মহানিশ্চ ভবতি সন্ততির্নশ্যতি ধ্রুবম্।
তস্যায়ুঃ ক্ষীয়তে নিত্যং সংবৎসরমিতি শ্রুতিঃ ॥ ২৮৪ ॥

অনুবাদ—ব্যাসদেবের উক্তি—যদি কোন গৃহী ব্যক্তি অন্নের অভাবে রাজবন্দী অবস্থায় বা বিশেষ কোন সঙ্কল্পবশতঃ একাদশী তিথি ক্ষয়প্রাপ্ত দিনে (ত্র্যহস্পর্শ দিনে) উপবাসী হয়, তাহা হইলে তাহার ধর্ম্মহানি হয়, সন্ততি বিনাশ যায় ইহা সত্য। তাহার এক সংবৎসর ব্যাপি নিত্য আয়ুক্ষয় হয়—ইহা শ্রুতি বাক্য ॥ ২৮৩-২৮৪ ॥

অতএব গোভিলঃ—

একাদশ্যাং যদা ব্রহ্মন্ দিনক্ষয়তিথির্ভবেৎ।
তদা হ্যেকাদশীং ত্যক্ত্বা দ্বাদশীং সমুপোষয়েৎ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণম্ ॥ ২৮৫ ॥

অনুবাদ—অতএব গোভিল ঋষি বাক্য—হে ব্রহ্মন্! যে দিনে একাদশী তিথি ক্ষয় হয়, ঐ দিন ত্যাগ করিয়া দ্বাদশীতে উপবাস করাইবে, ইহাতে শত অশ্বমেধ যজ্ঞের পুণ্য হয় এবং ত্রয়োদশীতে পারণ কর্ত্তব্য ॥ ২৮৫ ॥

———

শ্রীনারদীয়ে—

ক্ষয়ে বাপ্যথবা বৃদ্ধৌ সংপ্রাপ্তে বা দিনত্রয়ে।
উপোষ্যা দ্বাদশী শুদ্ধা ত্রয়োদশ্যান্তু পারণম্ ॥ ২৮৬ ॥

অনুবাদ—শ্রীনারদীয়পুরাণে—একাদশী ক্ষয়ে বা বৃদ্ধিতে, অথবা ত্র্যহস্পর্শে, শুদ্ধা দ্বাদশীতে উপবাস এবং ত্রয়োদশীতে পারণ কর্ত্তব্য ॥ ২৮৬ ॥

টীকা—ক্ষয়ে তিথিক্ষয়ে, দিনত্রয়ে ত্র্যহস্পর্শ ইত্যর্থঃ। এবং ত্রয়োদশীবিয়োগসংযোগাভ্যাং ভেদঃ ॥ ২৮৬ ॥

———

কিঞ্চ—

দশম্যেকাদশী বিদ্ধা পরতো দ্বাদশী ন চেৎ।
দ্বাদশী তু তদোপোষ্যা ত্রয়োদশ্যান্তু
পারণম্ ॥ ২৮৭ ॥

অনুবাদ—আরও—দশমী ও একাদশী বিদ্ধা এবং পারণ দিনে যদি দ্বাদশী না থাকে। তখন দ্বাদশীতে উপবাস এবং ত্রয়োদশীতে পারণ কর্ত্তব্য ॥ ২৮৭ ॥

———

কৌর্ম্মে—

দিনক্ষয়ে তু সম্প্রাপ্তে উপোষ্যা দ্বাদশী ভবেৎ।
দশমীশেষসংযুক্তাং ন কুর্ব্বীত কদাচন ॥ ২৮৮ ॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে—একাদশী তিথিক্ষয় উপস্থিত হইলে দ্বাদশীতে উপবাস হইবে। দশমীশেষযুক্তা একাদশী ব্রত কোন দিনই করিবে না ॥ ২৮৮ ॥

———

কিঞ্চ—

তিথিবৃদ্ধৌ তথা হ্রাসে সংপ্রাপ্তে বা দিনক্ষয়ে।
সন্দিগ্ধেষু চ বাক্যেষু দ্বাদশীং সমুপোষয়েৎ ॥ ২৮৯ ॥

অনুবাদ—আরও—একাদশী তিথি বৃদ্ধি বা হ্রাস ত্র্যহস্পর্শ বা সংশয়যুক্ত বাক্যসমূহ-স্থলে দ্বাদশীতে উপবাস করাইবে ॥ ২৮৯ ॥

———

ব্রাহ্মে—

তিথিচ্ছেদে তু সংপ্রাপ্তে দ্বাদশীং সমুপক্রমেৎ।
পারয়েদ্বৈ ত্রয়োদশ্যাং যদীচ্ছেচ্ছ্রেয় আত্মনঃ ॥ ২৯০ ॥

অনুবাদ—ব্রহ্মপুরাণে—তিথিক্ষয় উপস্থিত হইলে দ্বাদশীতে উপবাস করাইয়া ত্রয়োদশীতে পারণ করাইবে, যদি আত্মমঙ্গল কামনা কর ॥ ২৯০ ॥

টীকা—তিথিচ্ছেদে তিথিক্ষয়ে ॥ ২৯০ ॥

———

জপে হোমে তথা দানে ব্রাহ্মণানাঞ্চ তর্পণে।
পারণে চাপি রাজেন্দ্র প্রশস্তা চ ত্রয়োদশী ॥ ২৯১ ॥

অনুবাদ—হে রাজেন্দ্র! জপ, হোম, দান, ব্রাহ্মণ ভোজন এবং ব্রত পারণেও ত্রয়োদশী তিথি প্রশস্তা ॥ ২৯১ ॥

———

স্কান্দে চ—

একাদশ্যান্তু বিদ্ধায়াং নোপবাসার্চ্চনাদিকম্।
দ্বাদশ্যামেব তৎ কুর্য্যাৎ ত্রয়োদশ্যান্তু পারণম্।
শতযজ্ঞাধিকং পুণ্যং মুক্তিরেব মহাফলম্ ॥ ২৯২ ॥

অনুবাদ—স্কন্দপুরাণেও—একাদশী পূর্ব্ব বিদ্ধা হইলে উপবাস অর্চ্চনাদি কর্ত্তব্য নহে। দ্বাদশীতেই তাহা করিবে এবং ত্রয়োদশীতে পারণ করিবে, ইহাতে শতযজ্ঞের অধিক পুণ্য এবং মুক্তিই মহাফল প্রাপ্ত হইতে পারিবে ॥ ২৯২ ॥

———

কিঞ্চ—

উর্দ্ধং হরিদিনং ন স্যাদ্দ্বাদশীং গ্রাহয়েত্ততঃ।
দ্বাদশ্যামুপবাসোঽত্র ত্রয়োদশ্যান্তু পারণম্ ॥ ২৯৩ ॥

অনুবাদ—আরও—পারণ দিনে যদি দ্বাদশী না থাকে, তবে দ্বাদশীতে উপবাস করাইবে। এইস্থলে দ্বাদশীতে উপবাস এবং ত্রয়োদশীতে পারণ। নতুবা পারণ দিনে দ্বাদশী থাকিলে দ্বাদশী মধ্যেই পারণ, দ্বাদশী তিথির একচতুর্থাংশ 'হরিবাসর' বাদ দিয়া পরে পারণ। দ্বাদশী অতিক্রম করিয়া ত্রয়োদশীতে পারণ নিষিদ্ধ ॥ ২৯৩ ॥

এবং কুর্ব্বন্ নরো ভক্ত্যা বিষ্ণুসাযুজ্যমাপ্নুয়াৎ।
অন্যথা কুরুতে যস্তু স যাতি নরকং ধ্রুবম্ ॥ ২৯৪॥

অনুবাদ—মানব ভক্তিসহ এইরূপ ব্রত করিলে শ্রীবিষ্ণুর ধাম প্রাপ্ত হইবে, ইহার অন্যথা যে ব্যক্তি করে, সে নিশ্চয়ই নরক প্রাপ্ত হয় ॥ ২৯৪ ॥

টীকা—যচ্চোক্তং বিষ্ণুরহস্যাদৌ—পারণন্তু ন কর্ত্তব্যমুপোষ্যৈকাদশীমিহ। ত্রয়োদশ্যাং নরৈর্নিত্যং ধর্ম্মবৃদ্ধিমভীপ্সুভিঃ ॥' ইত্যাদি। তত্রাহ—জপ ইতি। এবং ত্রয়োদশী-পারণ-নিষেধ-বচনানি ত্রয়োদশ্যাং দ্বাদশীসদ্ভাবে দ্বাদশ্যতিক্রমেণ ত্রয়োদশ্যাং পারণবিষয়াণি জ্ঞাতব্যানি। এতচ্চাগ্রে বিবৃতং ভাবি ॥ ২৯১-২৯৪ ॥

একাদশী ঋষীণান্তু দ্বাদশী চক্রপাণিনঃ ॥ ২৯৫ ॥

অনুবাদ—এখন রহস্য কথা বলিতেছেন—প্রত্যেক তিথির এক এক অধিষ্ঠাতৃ দেব আছেন। সেই কারণে একাদশী অপেক্ষা দ্বাদশীর গৌরব। ঋষিগণের অধিষ্ঠান একাদশীতে, আর চক্রপাণি শ্রীহরির অধিষ্ঠান দ্বাদশীতে, সুতরাং হরিতিথি, হরিদিন শ্রীহরিবাসর বা হরিব্রত বলিতে দ্বাদশী শ্রীহরির প্রীতিদায়িনী। একাদশীতে পাপসমূহ অন্নকে আশ্রয় করিয়া থাকে এজন্য একাদশীতে উপবাস কর্ত্তব্য। উভয়দিক রক্ষা করিতে হইলে একাদশীর শেষ চতুর্থাংশ এবং দ্বাদশীর প্রথম পাদ—এক চতুর্থাংশ লইয়া হরিবাসর ব্রত। যে দিনে পড়িবে ঐ দিন উপবাস কর্ত্তব্য ॥ ২৯৫ ॥

টীকা—যদ্যপ্যেকাদশ্যপি ভগবত এব তিথিঃ, তথাপি ঋষীণাং সম্বন্ধেনৈব, দ্বাদশী চ সাক্ষাচ্চক্রপাণেঃরেবেতি দ্বাদশ্যা মাহাত্ম্যবিশেষার্থমুক্তম্ ॥২৯৫॥

অতএব মার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্ন-সংবাদে—
একাদশী ঋষীণান্তু দ্বাদশী চক্রপাণিনঃ।
তৎ কথং দ্বাদশী ভূপ নোপোষ্যা
ক্রিয়তে জনৈঃ ॥ ২৯৬ ॥

অনুবাদ—অতএব মার্কণ্ডেয় ও ইন্দ্রদ্যুম্ন সংবাদে—একাদশী ঋষিগণের তিথি, দ্বাদশী শ্রীহরির তিথি, হে মহারাজ! কি কারণ জনগণ দ্বাদশীর উপবাস করেন না? যদি এইরূপ প্রশ্ন কর ॥ ২৯৬ ॥

টীকা—শ্রীমার্কণ্ডেয়েন পূর্ব্বমেকাদশ্যুপবাসো দ্বাদশ্যাঞ্চ পারণমিত্যুক্ত্বাঽনন্তরঞ্চ বেধসংশয়াদৌ সতি দ্বাদশ্যুপবাসত্রয়োদশ্যাং পারণমিত্যুক্তম্; তত্র সর্ব্বত্র সুপ্রসিদ্ধৈকাদশীব্রতপরিত্যাগেন কথঞ্চিদ্দোষঃ স্যাদিত্যাশঙ্কয়া মহারাজেন্দ্রদ্যুম্নেন পৃষ্টে সতি দ্বাদশ্যুপবাসেনৈব সর্ব্বদোষক্ষয়ো মহাফলঞ্চেতি দ্বাদশী-মাহাত্ম্যং শ্রীমার্কণ্ডেয়েনোক্তং লিখতি—একাদশী-ত্যাদিনা পাপনাশিনীত্যন্তেন ॥ ২৯৬ ॥

এষা নিঃশ্রেয়সী ভূপ ফলভোগবিবর্দ্ধিনী।
মোক্ষাত্মিকা পুরা প্রোক্তা
দ্বাদশী প্রবরা তিথিঃ ॥ ২৯৭ ॥

অনুবাদ—তদুত্তরে বলিতেছি—হে মহারাজ! এই দ্বাদশী তিথি পরমমঙ্গলদায়িণী ফলভোগ বিবধিনী এবং মোক্ষস্বরূপিণী শ্রেষ্ঠা তিথি, পূর্ব্বে বলা হইয়াছে। অতএব দ্বাদশী উপবাস দ্বারাই সর্ব্বদোষ ক্ষয় এবং মহাফল প্রাপ্তি হয় ॥ ২৯৭ ॥

টীকা—ফলং মোক্ষাদি, ভোগশ্চ বিষয়সুখাদিস্তয়োর্বর্দ্ধনী। পাঠান্তরে ফলং স্বর্গাদিসুখং, তস্য ভোগেন রহিতা, মোক্ষাত্মকত্বাৎ ॥ ২৯৭ ॥

একাদশী শরীরন্তু পুরুষো দ্বাদশী স্মৃতা।
দ্বাদশ্যামুপবাসেন সিদ্ধা ভূপ সহস্রশঃ ॥ ২৯৮ ॥

অনুবাদ—হে মহারাজ! আরও বলিতেছি—

একাদশী শরীর, আর দ্বাদশী আত্মা, ইহাই স্মরণীয় বিষয়। হে মহারাজ! ইতঃপূর্ব্বে দ্বাদশী উপবাস দ্বারাই সহস্র সহস্র ব্যক্তি সিদ্ধ হইয়াছেন ॥ ২৯৮॥

চক্রবর্ত্তিত্বমতুলং সংপ্রাপ্তা অচলাং শ্রিয়ম্।
চতুর্দ্দশৈতে সঞ্জাতা বলিনশ্চক্রবর্ত্তিনঃ ॥ ২৯৯ ॥
বিষ্ণ্বংশাস্তে মহাবীরা দুষ্টদৈত্যনিবর্হণাঃ।
উপোষ্য দ্বাদশীং শুদ্ধাং যাবজ্জীবং ব্রতান্বিতাঃ ॥ ৩০০ ॥

অনুবাদ—অগ্রে বক্ষ্যমাণ চতুর্দ্দশ ব্যক্তি অতুলনীয় রাজ চক্রবর্ত্তি পদ, অচলা সম্পদ্ ও বলবান্ হইয়াছিলেন। যাবজ্জীবত ব্রতযুক্ত হইয়া শুদ্ধা দ্বাদশী উপবাস করিয়া সেই চক্রবর্ত্তীগণ বিষ্ণুর অংশ, মহাবীর, দুষ্টদৈত্য নিধনকারী হইয়াছিলেন, ॥২৯৯-৩০০

চক্রবর্ত্তিত্বমাপন্না ভুক্ত্বা ভোগান্ সুখানি বৈ।
কুবলাশ্বো বিশ্বগন্ধির্হরিশ্চন্দ্রো নলঃ পৃথুঃ ॥ ৩০১॥
মরুত্তো ভরতশ্চৈব কার্ত্তবীর্য্যশ্চ হৈহয়ঃ।
মান্ধাতা সগরো রামঃ ককুৎস্থো নহুষস্তথা ॥ ৩০২ ॥
উপোষ্য দ্বাদশীং পুণ্যামপরাঞ্চ বিবর্জ্য তু।
ভুক্ত্বা স্বর্গসুখান্যেতে চক্রবর্ত্তিত্বমাগতাঃ ॥ ৩০৩ ॥

অনুবাদ—এই জগতে রাজচক্রবর্ত্তীপদ প্রাপ্ত হইয়া ভোগ্য বস্তু ও সুখসমূহ ভোগ করিয়াছিলেন—কুবালাশ্ব (কুবলয়াশ্ব) চন্দ্রবংশীয়, বিশ্বগন্ধি, হরিশ্চন্দ্র সূর্য্যবংশীয়, নলরাজা চন্দ্রবংশীয় যদুর পুত্র, পৃথু মহারাজ—ভগবদংশ, মরুত্ত সূর্য্যবংশীয়, ভরত—আদি ভরত ঋষভদেব পুত্র, কার্ত্তবীর্য্যার্জ্জুন চন্দ্রবংশীয়, মান্ধাতা সূর্য্যবংশীয়, সগররাজ সূর্য্যবংশীয়, শ্রীরামচন্দ্র ককুৎস্থ সূর্য্যবংশীয়, নহুষ চন্দ্রবংশীয়—এই চতুর্দ্দশ চক্রবর্ত্তী রাজা একাদশী বর্জ্জন পূর্ব্বক পবিত্র দ্বাদশী উপবাস করিয়া স্বর্গীয় সুখ ভোগান্তে ভূতলে চক্রবর্ত্তী পদ প্রাপ্ত হইয়াছিলেন ॥৩০১-৩০৩॥

টীকা—অপরাম্ একাদশীম্ ॥ ৩০৩ ॥

জনকানাং মহীপাল দ্বাদশ্যাং সমুপোষণে।
সপ্তত্যা সন্ততির্যুক্তা সংসিদ্ধিং পরমাং গতা ॥ ৩০৪॥

অনুবাদ—হে রাজন্! জনকবংশীয় সপ্ততি (৭০ জন) সন্তান দ্বাদশীতে উপবাস ফলে পরমা সিদ্ধি প্রাপ্ত হইয়াছেন ॥ ৩০৪ ॥

পুরুকুৎসো মহীপালো দ্বাদশ্যাং সমুপোষণে।
সিদ্ধিস্ততঃ পরিত্যজ্য কর্ম্মবন্ধং দুরাসদাম্ ॥ ৩০৫ ॥

অনুবাদ—মহারাজ পুরুকুৎস সূর্য্যবংশীয় মান্ধাতার পুত্র দ্বাদশী উপবাস ফলে দুশ্চেদ্য কর্ম্মবন্ধন পরিত্যাগ করিয়া দুর্ল্লভ সিদ্ধি প্রাপ্ত হইয়াছেন ॥ ৩০৫

টীকা—দুরাসদাম্ অন্যৈর্দুর্ল্লভাং সিদ্ধিম্; পাঠান্তরে দুষ্পরিহরং কর্ম্মবন্ধম্ ॥ ৩০৫ ॥

মান্ধাতা যৌবনাশ্বশ্চ দ্বাদশ্যাং সমুপোষণে।
সংগ্রামে নিধনং প্রাপ্য সংপ্রাপ্তঃ পরমং পদম্ ॥ ৩০৬ ॥

অনুবাদ—মান্ধাতা ও তৎপুত্র যৌবনাশ্ব দ্বাদশীব্রতকারী [অন্য নাভাগপুত্র অম্বরীষ মহারাজ দ্বাদশীব্রতকারী] যুদ্ধক্ষেত্রে নিহত হইয়াও পরমপদ বৈকুণ্ঠধাম প্রাপ্ত হইয়াছেন ॥ ৩০৬ ॥

শাকুন্তলো মহীপালো দৌষ্মন্তিরপরাজিতঃ।
দ্বাদশ্যামুপবাসেন গতস্তদ্বৈষ্ণবং পদম্ ॥ ৩০৭ ॥

অনুবাদ—শকুন্তলা ও দুষ্মন্ত পুত্র মহারাজ ভরত (২) অপরাজিত দ্বাদশীতে উপবাস ফলে বৈকুণ্ঠধাম প্রাপ্ত হইয়াছেন ॥ ৩০৭ ॥

ঐলঃ পুরূরবা ভূপ পালয়িত্বা ধরাতলম্।
ধরণীধরমভ্যর্চ্চ্য দ্বাদশীষু সদা পুনঃ।
গতস্তদ্বৈষ্ণবং লোকং দাহপ্রলয়বর্জ্জিতম্ ॥ ৩০৮ ॥

অনুবাদ—হে মহারাজ! ইলাপুত্র পুরূরবা পৃথিবীমণ্ডল পালনকারী হইয়াও প্রতি দ্বাদশীতে শ্রীভগবানের অর্চ্চনা করিয়া দাহ প্রলয়হীন বিষ্ণুলোক প্রাপ্ত হইয়াছেন ॥ ৩০৮ ॥

এতে রাজর্ষয়ো ভূপ দ্বাদশ্যাং সমুপোষণৈঃ।
সিদ্ধিং পরমিকাং প্রাপ্তা যে
দ্বিজাস্তান্ শৃণুষ্ব মে ॥ ৩০৯ ॥

অনুবাদ—হে মহারাজ! এই সকল রাজর্ষি দ্বাদশীতে উপবাস ফলে পরম সিদ্ধি প্রাপ্ত হইয়াছেন। আর যে ব্রাহ্মণগণ দ্বাদশীতে উপবাস ফলে সিদ্ধি প্রাপ্ত হইয়াছেন, তাঁহাদের নাম আমার নিকট হইতে শ্রবণ করুন ॥ ৩০৯ ॥

যাবক্রীতশ্চ বৈদর্ভো মাণ্ডব্যঃ কৌশিকো মুনিঃ।
ভরদ্বাজস্তথা কণ্বঃ কুম্ভযোনিস্তথা মুনিঃ ॥ ৩১০ ॥
অষ্টাশীতিসহস্রাণি মুনীনামূর্ধরেতসাম্।
প্রযান্তি স্যন্দনস্যাগ্রে তিমিরারের্জনাধিপ ॥ ৩১১ ॥
তে সর্ব্বে পরমাং সিদ্ধিং দ্বাদশ্যাং সমুপোষণে।
ময়া সহ গতা ভূপ কথন্তে সংশয়ো ভবেৎ ॥ ৩১২ ॥
দ্বাদশীবাসরং রাজন্ হরিগুহ্যং প্রকীর্ত্তিতম্।
নিরাপরাধং লোকেঽস্মিন্ শুদ্ধং বৈষ্ণববল্লভম্ ॥৩১৩

অনুবাদ – হে রাজন্! যাবক্রীত, বৈদর্ভ, মাণ্ডব্য, কৌশিক মুনি, ভরদ্বাজ, কণ্ব, অগস্ত্যমুনি, অষ্টাশীতি সহস্র ব্রহ্মচারী মুনি যাঁহারা সূর্য্যদেবের রথের সম্মুখে বিচরণ করেন, তাঁহারা সকলেই দ্বাদশীতে উপবাস ফলে পরমসিদ্ধি আমার সহিত প্রাপ্ত হইয়াছে। ইহাতে আপনার সংশয় কেন ॥ ৩১০-৩১২ ॥

টীকা—নিঃশেষেণ আ সম্যক্ অপগতা বাধা যস্মিন্; পাঠান্তরে নির্গতং আত্মাপরাধোদ্ভবং ফলং যস্মাৎ তৎ ॥ ৩১৩ ॥

তস্মাদ্ভূপ ন সন্দেহঃ কর্ত্তব্যো দ্বাদশীং প্রতি।
বিশেষফলদা প্রোক্তা দ্বাদশী পাপনাশিনী ॥ ৩১৪ ॥

অনুবাদ—হে রাজন্! নিঃশেষে সম্পূর্ণ বাধাহীন এই লোকে শুদ্ধ বৈষ্ণবগণের প্রিয় দ্বাদশীব্রত শ্রীহরি গোপনে কীর্ত্তন করিয়াছেন, তাহা আমি তোমার নিকট কীর্ত্তন করিলাম। অতএব হে মহীপাল! দ্বাদশীর প্রতি সন্দেহ করা উচিত নয়, পাপনাশিনী দ্বাদশী বিশেষ ফলপ্রদা বলা হইয়াছে ॥৩১৩-৩১৪ ॥

অথ সম্পূর্ণা-লক্ষণেন বিদ্ধা-লক্ষণম্

স্কান্দে—
প্রতিপৎ-প্রভৃতয়ঃ সর্ব্বা উদয়াদোদয়াদ্রবেঃ।
সম্পূর্ণা ইতি বিখ্যাতা হরিবাসরবর্জ্জিতাঃ ॥ ৩১৫ ॥

অনুবাদ—অনন্তর সম্পূর্ণা একাদশীর লক্ষণ দ্বারা বিদ্ধা লক্ষণ প্রদর্শিত হইতেছে. স্কন্দপুরাণে—শ্রীহরিবাসর ব্যতীত প্রতিপদ প্রভৃতি সকল তিথিই রবির এক উদয় হইতে পরবর্ত্তি উদয় পর্য্যন্ত সম্পূর্ণা ৬০ দণ্ড—ইহা বিখ্যাত রহিয়াছে ॥ ৩১৫ ॥

টীকা—এবং সর্ব্বথা বিদ্ধা পরিত্যাজ্যেতি নিশ্চিতম্। তত্রাপেক্ষিতং বিদ্ধালক্ষণং সম্পূর্ণালক্ষণভিন্নত্বেন লিখতি—প্রতিপদিতি ত্রিভিঃ। রবেঃ উদয়াৎ একমুদয়মারভ্য আউদয়াৎ অন্যোদয়াবধি যদি স্যুস্তদা সম্পূর্ণা ইত্যর্থঃ। হরিবাসর একাদশী তদ্বর্জ্জিতাঃ। স চ নৈতাদৃশঃ, কিন্তু উদয়াৎ পূর্ব্বং মুহূর্ত্তদ্বয়ং যদ্যসৌ ভবতি, তদৈব সম্পূর্ণঃ স্যাদিত্যর্থঃ ॥ ৩১৫ ॥

গারুড়ে শিবরহস্যে চ—
উদয়াৎ প্রাক্ যদা বিপ্র মুহূর্ত্তদ্বয়সংযুতা।
সম্পূর্ণৈকাদশী নাম তত্রৈবোপবসেদ্গৃহী ॥ ৩১৬ ॥

অনুবাদ—গরুড়পুরাণে ও শিবরহস্যে—হে বিপ্র! সূর্য্যোদয়ের পূর্ব্বে দুই মুহূর্ত্ত অর্থাৎ ৪ দণ্ড ব্যাপিয়া একাদশী তিথি থাকিবে উহার নাম সম্পূর্ণা একাদশী তাহাতেই গৃহী উপবাস করিবে। অর্থাৎ গৃহীগণও অরুণোদয়বিদ্ধাতে উপবাস করিবে না ॥ ৩১৬ ॥

টীকা—তদেব শ্রীগরুড়পুরাণাদিবচনৈর্দর্শয়তি—উদয়াদিতি দ্বাভ্যাম্। গৃহীতি বিদ্ধায়াং কেচিদুপবাসং ব্যবস্থাপয়ন্তি, তৎপরিহারার্থমুক্তম্ ॥ ৩১৬ ॥

ভবিষ্যে চ—
আদিত্যোদয়বেলায়াঃ প্রাঙ্মুহূর্ত্তদ্বয়ান্বিতা।
একাদশী তু সংপূর্ণা বিদ্ধান্যা পরিকীর্ত্তিতা ॥
ইতি ॥ ৩১৭ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণেও—সূর্য্যোদয়ের পূর্ব্বে

দুই মুহূর্ত্ত যুক্ত (৪ দণ্ডযুক্ত) সম্পূর্ণা এ দাদশী, ইহা ভিন্না একাদশী বিদ্ধা নামে কীর্ত্তিতা ॥ ৩১৭ ॥

টীকা—অন্যা উক্তলক্ষণ-সংপূর্ণেতরা বিদ্ধোক্তা ॥ ৩১৭ ॥

অতএব পরিত্যাজ্যা সময়ে চারুণোদয়ে।
দশম্যৈকাদশী বিদ্ধা বৈষ্ণবেন বিশেষতঃ ॥ ৩১৮ ॥

অনুবাদ—অতএব অরুণোদয় সময়ে দশমী বিদ্ধা একাদশী সকলের পক্ষে পরিত্যাজ্যা, বৈষ্ণব কর্ত্তৃক অরুণোদয়বিদ্ধা বিশেষতঃ ত্যাজ্যা ॥ ৩১৮ ॥

টীকা—অতঃ পূর্ব্ববিদ্ধাত্যাগাদেব হেতোঃ। তত্র চ উদয়াৎ প্রাক্ মুহূর্ত্তদ্বয়ান্তর্দশমী-প্রাপ্ত্যা বেধ-প্রসঙ্গাদ্ধেতোরেব অরুণস্যোদয়ো যস্মিন্ তস্মিন্ সময়ে দশম্যা বিদ্ধৈকাদশী পরিত্যাজ্যা সর্ব্বৈরেব। তত্র চ বৈষ্ণবেন বিশেষতঃ পরিত্যাজ্যেতি 'বৈষ্ণবেন ন কর্ত্তব্যং তদ্ধি চৈকাদশীব্রতম্' ইতি ভবিষ্যপুরাণাদি-বিশেষোক্তের্বৈষ্ণবেতরেষাং শৈবসৌরাদীনাং কেষাঞ্চিৎ কথঞ্চিৎ বিদ্ধোপবাসব্যবস্থাপনাভিপ্রায়েণ ; তচ্চাগ্রে ব্যক্তং ভাবি ॥ ৩১৮ ॥

অথ অরুণোদয়বিদ্ধা-পরিত্যাগঃ

তত্র কণ্বঃ—

অরুণোদয়বেলায়াং দশমী-সংযুতা যদি।
অত্রোপোষ্যা দ্বাদশী স্যাৎ ত্রয়োদশ্যান্তু পারণম্ ॥৩১৯

অনুবাদ—অনন্তর অরুণোদয়ে দশমী বিদ্ধা পরিত্যাগ বিষয়ে প্রমাণে কণ্বমুনির উক্তি—যদি অরুণোদয় বেলাতে দশমী সংযুক্তা থাকে, এস্থলে দ্বাদশী উপবাস যোগ্য হয় এবং ত্রয়োদশীতে পারণ ॥ ৩১৯ ॥

স্কান্দে—

অরুণোদয়বেলায়াং দশমী যদি সঙ্গতা।
রবিচক্রার্ধমাত্রাপি দ্বাদশীমুপবাসয়েৎ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণম্ ॥ ৩২০ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—সূর্য্যোদয়ের পূর্ব্বে অরুণোদয় ৪ দণ্ড ঐ সময় যদি দশমী মিলিতা হয়—সূর্য্যোদয়ের পূর্ব্বে অরুণোদয় ৫ দণ্ড, তৎপূর্ব্বে রবি চক্রের উদয়, তাহার অর্ধমাত্রাও অর্থাৎ অতি অল্প গন্ধমাত্রও স্পর্শ হয়, তবে ঐ একাদশী পরিত্যাগ পূর্ব্বক দ্বাদশীতে উপবাস করাইবে। তাহাতে শত অশ্বমেধ তুল্য পুণ্য হয় এবং ত্রয়োদশীতে পারণ হইবে ॥ ৩২০ ॥

টীকা—রবিচক্রার্দ্ধমাত্রাপীতি—সারথেররুণস্যোদয়াৎ প্রাগেব রথচক্রোদয়ং, তত্রার্দ্ধচক্রোদয়মাত্র-প্রাপ্তত্বেন অত্যল্পাপীত্যর্থঃ। যথোক্তং ভবিষ্যে—'অরুণোদয়ে তু দশমীগন্ধমাত্রং ভবেদ্‌যদি' ইতি ॥৩২০

অতএব গারুড়ে—

উদয়াৎ প্রাক্ ত্রিঘটিকাব্যাপিন্যেকাদশী যদা।
সন্দিগ্ধৈকাদশী নাম বর্জ্জয়েদ্ধর্মকাঙ্ক্ষয়া ॥ ৩২১ ॥
উদয়াৎ প্রাঙ্মুহূর্ত্তেন ব্যাপিন্যেকাদশী যদা।
সংযুক্তৈকাদশী নাম বর্জ্জয়েদ্ধর্মবৃদ্ধয়ে ॥ ৩২২ ॥
আদিত্যোদয়বেলায়ামারভ্য ষষ্টিনাড়িকাম্।
সম্পূর্ণৈকাদশী নাম ত্যাজ্যা
কর্ম্মফলেপ্সুভিঃ ॥ ৩২৩ ॥

অনুবাদ—অতএব গরুড়পুরাণে—সূর্য্যোদয়ের পূর্ব্বে তিন দণ্ড ব্যাপিনী যখন একাদশী, তাহার নাম 'সন্দিগ্ধা' একাদশী, ধর্ম্মলাভেচ্ছু ব্যক্তি তাহা বর্জ্জন করিবে॥ উদয়ের পূর্ব্বে মুহূর্ত্ত=২ দণ্ড ব্যাপিনী একাদশী যখন তাহার নাম 'সংযুক্তা' একাদশী, তাহা ধর্ম্ম বৃদ্ধিকামী বর্জ্জন করিবে॥ সূর্য্যোদয় বেলা হইতে আরম্ভ করিয়া ৬০ দণ্ড একাদশীর নাম 'সম্পূর্ণা' একাদশী, তাহা কর্ম্মফলকামী ব্যক্তিগণও ত্যাগ করিবেন ॥ ৩২১-৩২৩ ॥

টীকা—ত্রিঘটিকেত্যনেন দশম্যা ঘটিকৈকা অরুণোদয়ে প্রবিষ্টেতি জ্ঞেয়ম্। এতচ্চ সংজ্ঞা-বিশেষার্থমুক্তম্। এবমগ্রেঽপি তাঞ্চ ধর্ম্মকাঙ্ক্ষয়া বর্জ্জয়েদিতি, অন্যথা ধর্ম্মহানিঃ স্যাদিত্যর্থঃ। এবমগ্রেঽপ্যূহ্যম্ ॥ ৩২১-৩২২ ॥

এষাং সর্ব্বেষামন্তে—

পুত্রপৌত্রসমৃদ্ধ্যর্থং দ্বাদশ্যামুপবাসয়েৎ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণম্ ॥ ৩২৪ ॥

অনুবাদ—গরুড়পুরাণে এই সকল বচনের পরে —পুত্র পৌত্র ও সম্পদ বৃদ্ধির জন্য ঐরূপ অরুণোদয় বিদ্ধা একাদশী ত্যাগ করাইয়া দ্বাদশীতে উপবাস করাইবেন, তাহাতে শত অশ্বমেধ যজ্ঞতুল্য পুণ্য এবং ত্রয়োদশীতে পারণ ॥ ৩২৪ ॥

টীকা—এষাং গারুড়োক্তানাং ত্রিশ্লোকানাং ; পুত্রাণাং পৌত্রাণাঞ্চ সমৃদ্ধয়ে ; যদ্বা, পুত্রাশ্চ পৌত্রাশ্চ সমৃদ্ধয়শ্চ ধনাদিসম্পত্তয়স্তদর্থম্ ॥ ৩২৪ ॥

কিঞ্চ, ব্রহ্মবৈবর্ত্তে সূতশৌনকসংবাদে—

অরুণোদয়বেলায়াং যা স্তোকাপি তিথির্ভবেৎ ।
পূর্ণৈবেত্যবগন্তব্যা প্রভূতা নোদয়ং বিনা ॥ ৩২৫ ॥

অনুবাদ—আরও ব্রহ্মবৈবর্ত্তপুরাণে সূতশৌনক-সংবাদে—অরুণোদয় বেলাতে যৎকিঞ্চিৎ দশমী তিথি থাকিলেও তাহাকে পূর্ণ বেধ জানিতে হইবে, সূর্য্যোদয় পর্য্যন্ত থাকিলে 'যোগ' বলা হয় ॥ ৩২৫ ॥

তত্র চেদ্দশমীবেধোঽতিবেধো বাপি জায়তে ।
মহাবেধোঽথবা যোগো
রক্ষসাং তৎফলং ভবেৎ ॥ ৩২৬ ॥

অনুবাদ—ঐ অরুণোদয়ে যদি ৪ দণ্ড পূর্ণ দশমী থাকে, তাহাকে চারিভাগে বিভক্ত করিলে—বেধ, অতিবেধ, মহাবেধ ও যোগ বলা হয়, ঐ সকল ব্রতের ফল রাক্ষসগণ প্রাপ্ত হইবে ॥ ৩২৬ ॥

টীকা—তিথিরেকাদশী, অরুণোদয়ং বিনা ন প্রভূতা ন সম্পূর্ণা । একমরুণোদয়মারভ্যান্যারুণোদয়ং যাবদ্ব্যাপিন্যেব সতী সম্পূর্ণা স্যাদিত্যর্থঃ ॥৩২৫॥

টীকা—তত্র—অরুণোদয়ে ॥ ৩২৬ ॥

তত্র প্রশ্নঃ—

কীদৃশস্তু ভবেদ্বেধো যোগো বিপেন্দ্র কীদৃশঃ ।
যোগবেধৌ সমাচক্ষ্ব যাভ্যাং দুষ্টমুপোষণম্ ॥ ৩২৭॥

অনুবাদ—সেই বিষয়ে প্রশ্ন—হে বিপ্রবর ! বেধ কি প্রকার এবং যোগ কি প্রকার ? যোগ ও বেধ সম্পূর্ণ ব্যাখ্যা করিয়া বলুন, যে দুইটির দ্বারা উপবাস দুষ্ট হয় ॥ ৩২৭ ॥

চতস্রো ঘটিকাঃ প্রাতররুণোদয়নিশ্চয়ঃ ।
চতুষ্টয়বিভাগোঽত্র বেধাদীনাং কিলোদিতঃ ॥৩২৮॥

অনুবাদ—প্রাতঃকালে অরুণোদয় চারিদণ্ড নিশ্চিত হইয়াছে এবং ইহাতে বেধাদি চারিটি বিভাগও বলিয়াছেন ॥ ৩২৮ ॥

তত্রোত্তরম্—

অরুণোদয়-বেধঃ স্যাৎ সার্দ্ধন্তু ঘটিকাত্রয়ম্ ।
অতিবেধো দ্বিঘটিকঃ প্রভাসন্দর্শনাদ্রবেঃ ॥ ৩২৯ ॥
মহাবেধোঽপি তত্রৈব দৃশ্যতেঽর্কো ন দৃশ্যতে ।
তুরীয়স্তত্র বিহিতো যোগঃ সূর্য্যোদয়ে বুধৈঃ ॥৩৩০॥

অনুবাদ—ঐ বিষয়ে উত্তর—সার্ধ তিন দণ্ড অরুণোদয় বেধ, অতিবেধ দুইদণ্ড সূর্য্যের প্রভা দর্শন পর্য্যন্ত, মহাবেধ তাহাতে সূর্য্য দর্শন হয়, চতুর্থ যোগ সূর্য্যোদয়ে দশমীস্পর্শ ॥ ৩২৯-৩৩০ ॥

ব্যাখ্যাতঞ্চেদং মাধবীয়ে—

বেধাতিবেধমহাবেধ-যোগা-
শ্চত্বার উপবাসস্য দূষকাঃ ।
তত্র রবেঃ সন্দর্শনাৎ পূর্ব্বং সার্দ্ধং
ঘটিকাত্রয়মেকাদশ্যা ব্যাপ্তম্ ॥
তত্র প্রাচীনে ঘটিকার্দ্ধে দশমী-সদ্ভাবে বেধঃ ।
যদা ঘটিকাদ্বয়মুপরিতনমেকাদশীব্যাপ্তং পূর্ব্বন্তু
ঘটিকাদ্বয়ং দশমীব্যাপ্তং তদানীমতিবেধ ইতি ॥৩৩১
পরন্তু সুগমম্ ।

অনুবাদ—কাল মাধবীয় নিবন্ধে এই প্রমাণের ব্যাখ্যা—বেধ, অতিবেধ, মহাবেধ ও যোগ এই চারিটি উপবাসের দোষ সংঘটক। তন্মধ্যে সূর্য্য-দর্শনের পূর্ব্বে সাড়ে তিন ঘটিকা (দণ্ড) একাদশী দ্বারা ব্যাপ্ত তাহার পূর্ব্বে অর্ধদণ্ড দশমী থাকিলে বেধ। যখন দুইদণ্ড একাদশী ব্যাপ্ত, তৎ পূর্ব্বে দুই দণ্ড দশমী ব্যাপ্ত তখন অতিবেধ। অতঃপর সহজ-বোধ্য মূলানুবাদে দ্রষ্টব্য ॥ ৩৩১ ॥

অথ তত্র দোষাঃ

তত্রৈব—

রাক্ষসানাং ফলং যোগে মহাবেধে তু বাস্কলেঃ।
জম্ভাসুরস্যাতিবেধে মোহিনী বেধশিন্নিনী ॥ ৩৩২ ॥

অনুবাদ—অনন্তর ঐ বেধে দোষসমূহ ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—তন্মধ্যে যোগদ্বারা একাদশী দূষিত হইলে ফল রাক্ষসগণ পায়, মহাবেধের ফল বাস্কলি দৈত্য পায়, অতিবেধের ফল জম্ভাসুর পায়, বেধের ফল মোহিনী প্রাপ্ত হয় ॥ ৩৩২ ॥

গোভিলোক্তৌ—

অরুণোদয়বেলায়াং দশমী যদি সঙ্গতা।
সংযুক্তৈকাদশীং তান্তু মোহিন্যৈ দত্তবান্ বিভুঃ ॥ ৩৩৩ ॥

অনুবাদ—গোভিল মুনির উক্তিতে—অরুণোদয় বেলাতে যদি দশমী মিলিত হয়, সেই বিদ্ধা একাদশীর ব্রত-ফল শ্রীভগবান্ মোহিনীকে দিয়াছেন ॥ ৩৩৩ ॥

পাদ্মোত্তরখণ্ডে—

অরুণোদয়বেলায়াং দশমীমিশ্রিতা ভবেৎ।
তাং ত্যক্ত্বা দ্বাদশীং শুদ্ধামুপোষ্যেদবিচারয়ন্ ॥৩৩৪॥

অনুবাদ—পদ্মপুরাণের উত্তরখণ্ডে—অরুণোদয় বেলাতে যদি দশমী মিশ্রিত হয়, তাহা ত্যাগ পূর্ব্বক বিচার না করিয়া শুদ্ধা দ্বাদশীতে উপবাস করাইবে ॥ ৩৩৪ ॥

ভবিষ্যে—

অরুণোদয়ে তু দশমী-গন্ধমাত্রং ভবেদ্যদি।
দ্রষ্টব্যং তৎ প্রযত্নেন বর্জ্জনীয়ং নরাধিপ ॥ ৩৩৫ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—অরুণোদয়ে যদি দশমী গন্ধমাত্র থাকে, হে মহারাজ! তাহা বিচারপূর্ব্বক যত্নের সহিত বর্জ্জন করিবেন ॥ ৩৩৫ ॥

টীকা—দ্রষ্টব্যং গণকাদিদ্বারা বিচার্য্য জ্ঞাতব্যম্ ॥ ৩৩৫ ॥

কিঞ্চ—

দশমীশেষসংযুক্তো যদি স্যাদরুণোদয়ঃ।
বৈষ্ণবেন ন কর্ত্তব্যং তদ্দিনৈকাদশীব্রতম্ ॥ ৩৩৬ ॥

অনুবাদ—আরও—যদি অরুণোদয়ে দশমীশেষযুক্ত হয়, ঐ দিনে একাদশী ব্রত বৈষ্ণবের কর্ত্তব্য নহে ॥ ৩৩৬ ॥

টীকা—তদ্দিনে যদেকাদশীব্রতং তৎ ॥ ৩৩৬ ॥

গারুড়ে—

দশমীশেষসংযুক্তো যদি স্যাদরুণোদয়ঃ।
নৈবোপোষ্যং বৈষ্ণবৈস্তু তত্র চৈকাদশী-ব্রতে ॥ ৩৩৭॥

অনুবাদ—গরুড়পুরাণে—অরুণোদয় সময়ে যদি দশমীশেষ সংযুক্ত হয়, ঐ দিনে একাদশীব্রতে বৈষ্ণবগণের উপবাস কর্ত্তব্য নহে ॥ ৩৩৭ ॥

টীকা—তত্র তস্মিন্ দিনে একাদশীব্রতে নিমিত্তে নৈবোপোষ্যম্। ব্রত ইত্যত্র দিন ইতি বা পাঠঃ ॥ ৩৩৭ ॥

অথ অত্র বৈষ্ণবলক্ষণম্

গৃহীত-বিষ্ণুদীক্ষাকো বিষ্ণুসেবাপরো নরঃ।
বৈষ্ণবশ্চাত্র সংগ্রাহ্যঃ স্কান্দাদ্যুক্তানুসারতঃ ॥ ৩৩৮ ॥

অনুবাদ—অনন্তর এস্থলে বৈষ্ণবলক্ষণ—এস্থলে স্কন্দপুরাণাদির উক্তি অনুসারে বিষ্ণুদীক্ষা গ্রহণ পূর্ব্বক বিষ্ণুসেবা পরায়ণ ব্যক্তি বৈষ্ণবের গ্রহণীয় ॥ ৩৩৮ ॥

টীকা—ননু স চ বৈষ্ণবঃ কীদৃশঃ? পূর্ব্বং ভগবদ্ভক্তিলক্ষণে যো লিখিতঃ উত্তান্যো বেত্যপেক্ষায়াং লিখতি—গৃহীতেতি। অত্র ব্রতবিধৌ স এব গ্রাহ্যঃ, ন তু পূর্ব্বলিখিতো ভক্তিনিষ্ঠাপ্রাপ্তঃ, তস্য ব্রতাদ্যনধিকারাৎ। এবং দ্বাদশ্যাদৌ ক্ষৌদ্রকাংস্যাদিবর্জ্জনাদিষ্বপি তথৈব জ্ঞেয়ম্ ॥ ৩৩৮ ॥

তথা চ স্কান্দে—

পরমাপদমাপন্নে হর্ষে বা সমুপস্থিতে।
নৈকাদশীং ত্যজেদ্যস্তু যস্য দীক্ষাস্তি বৈষ্ণবী ॥ ৩৩৯ ॥

সমাত্মা সর্ব্বজীবেষু নিজাচারাদবিপ্লুতঃ।
বিষ্ণ্বর্পিতাখিলাচারঃ স হি বৈষ্ণব উচ্যতে ॥ ৩৪০ ॥

অনুবাদ—স্কন্দপুরাণেও সেইরূপ—পরম আপদ উপস্থিত হইলে বা হর্ষ উপস্থিত হইলে যিনি একাদশী ব্রত ত্যাগ করেন না, যাঁহার বৈষ্ণব শাস্ত্রানুসারে দীক্ষা আছে, যিনি সকলের প্রতি সমভাবাপন্ন, নিজ আচার বৈষ্ণবধর্ম্ম লঙ্ঘন করেন না, শ্রীবিষ্ণুতে স্বধর্ম্মাদি অখিল আচার অর্পিত, তিনিই বৈষ্ণব নামে কথিত ॥ ৩৩৯-৩৪০ ॥

টীকা—সর্ব্বজীবেষু সমাত্মা সমবুদ্ধিঃ হিংসা-নিন্দাদিরাহিত্যাৎ স্বাত্মবদ্ধিতকারিত্বাচ্চ। নিজাচারো বৈষ্ণবধর্ম্মস্তস্মাদবিপ্লুতঃ অপরিভ্রষ্টঃ। বিষ্ণৌ অর্পিতোঽখিল আচারঃ স্বধর্ম্মাদির্যেন সঃ ॥ ৩৪০ ॥

পাদ্মে চ—

সদীক্ষাবিধি সন্যাসং সযন্ত্রং দ্বাদশাক্ষরম্।
অষ্টাক্ষরমথান্যং বা যে মন্ত্রং সমুপাসতে।
জ্ঞেয়াস্তে বৈষ্ণবা লোকে বিষ্ণ্বর্চ্চনরতাস্তথা ॥ ৩৪১॥

অনুবাদ—পদ্মপুরাণেও—যাঁহারা এই জগতে দীক্ষাবিধি, ন্যাস ও যন্ত্র সহিত দ্বাদশাক্ষর বাসুদেব মন্ত্র বা অষ্টাক্ষর নারায়ণ মন্ত্র, অথবা অন্য অষ্টা-দশাক্ষরাদি বিষ্ণুমন্ত্র উপাসনা করেন এবং বিষ্ণু অর্চ্চনরত, তাঁহাদিগকেই বৈষ্ণব বলিয়া জানিবে ॥৩৪১

টীকা—দীক্ষাবিধ্যাদিকং পূর্ব্বং লিখিতমেবাস্তি, দীক্ষাবিধিসহিতং ন্যাসেন সহিতং যন্ত্রেণ সহিতঞ্চ, এতচ্চ পূজাঙ্গমেবেত্যুক্তম্। অন্যঞ্চ শ্রীগোপাল-দেবাদিমন্ত্রম্; তথেতি সমুচ্চয়ে। তথাপি দীক্ষাদিং বিনা পূজাসম্পত্ত্যভাবাদ্দীক্ষাপ্যস্তীত্যেব জ্ঞেয়ম্। যদ্বা, তথা তেন দীক্ষাগ্রহণাদিপ্রকারেণ, বিষ্ণ্বর্চ্চনরতা ইতি তেষামেব বিশেষণম্। সদেতি চ কুচিৎ পাঠঃ ॥৩৪১

অথারুণোদয়লক্ষণম্

স্কান্দে—

উদয়াৎ প্রাক্ চতস্রশ্চ ঘটিকা অরুণোদয়ঃ।
তত্র স্নানং প্রশস্তং স্যাৎ স বৈ
পুণ্যতমঃ স্মৃতঃ ॥ ৩৪২ ॥

অনুবাদ—অনন্তর অরুণোদয় লক্ষণ স্কন্দপুরাণে—সূর্য্যোদয়ের পূর্ব্বে চারিদণ্ড সময়কে অরুণোদয় বলা হয়। ঐ সময় পুণ্যতম বলিয়া স্নান প্রশস্ত ॥ ৩৪২ ॥

ব্রহ্মবৈবর্ত্তে—

চতস্রো ঘটিকাঃ প্রাতররুণোদয় উচ্যতে।
যতীনাং স্নানকালোঽয়ং গঙ্গাম্ভঃসদৃশঃ স্মৃতঃ ॥৩৪৩

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তে—সূর্য্যোদয়ের পূর্ব্বে চারি-দণ্ড সময় অরুণোদয়রূপে শাস্ত্রে কথিত হয়। ইহা সন্ন্যাসিগণের স্নানকাল, ঐ সময় সকল জলই গঙ্গা-জল সম পবিত্র ॥ ৩৪৩ ॥

টীকা—প্রাতরুষসি যাশ্চতস্রো ঘটিকাস্তা; অরুণোদয়ঃ, গঙ্গাম্ভঃসদৃশঃ পরমপাবন ইত্যর্থঃ ॥৩৪৩

ত্রিযামাং রজনীং প্রাহুস্ত্যক্ত্বাদ্যন্তচতুষ্টয়ম্।
নাড়ীনাং তে উভে সন্ধ্যে দিবসাদ্যন্তসংজ্ঞিতে ॥ ৩৪৪

অনুবাদ—রাত্রির প্রথম অর্দ্ধ প্রহর ও শেষ অর্দ্ধ প্রহর বাদ দিয়া মধ্যের তিন প্রহরকে শাস্ত্রে রজনী বলা হয়। ঐ প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যাকে দিবসের আদি ও অন্ত নামে উল্লেখ করা হয়। অতএব রাত্রি তিন প্রহর ও দিবস পঞ্চ প্রহর মিলিয়া অষ্ট প্রহর দিবারাত্র ॥ ৩৪৪ ॥

টীকা—রাত্রিশেষে চতুর্ঘটিকাব্যাপ্যারুণোদয় ইত্যত্র হেতুমাহ—ত্রিযামামিতি। নাড়ীনামাদ্যন্তয়ো-শ্চতুষ্টয়ং রাত্রেরাদৌ নাড়ীচতুষ্টয়ম্ অন্তে চ নাড়ী-চতুষ্টয়ং ত্যক্ত্বা। এবমেকযামত্যাগেন ত্রিযামা-মাহুর্মুনয়ঃ। যতঃ তন্নাড়ীনামাদ্যন্তচতুষ্টয়ঞ্চ দিবসস্যাদ্যন্তসংজ্ঞিতে তে প্রসিদ্ধে উভে সন্ধ্যে প্রাহুঃ ॥ ৩৪৪ ॥

অথারুণোদয়বিদ্ধোপবাসদোষাঃ

তত্র কৌৎসঃ—

অরুণোদয়বেলায়াং বিদ্ধা কাচিদুপোষিতা।
তস্যাঃ পুত্রশতং নষ্টং তস্মাত্তাং পরিবর্জ্জয়েৎ ॥৩৪৫

অনুবাদ—অনন্তর অরুণোদয় বিদ্ধা উপবাসে দোষসমূহ, এই বিষয়ে কৌৎস ঋষির বচন—কোন মহিলা অরুণোদয় কালে দশমীবিদ্ধা একাদশী উপবাস করিয়াছিল, তাহার শতপুত্র নষ্ট হয়, সেই হেতু বিদ্ধা ব্রত পরিত্যাগ করিবে ॥ ৩৪৫ ॥

টীকা—কাচিৎ একা যয়োপোষিতা তস্যাঃ ॥৩৪৫

———

পাদ্মে শ্রীভগবদ্‌ব্রহ্মসংবাদে—

অরুণোদয়কালে তু বেধং দৃষ্ট্বা চতুর্ব্বিধম্ ।
মদ্দিনং যে প্রকুর্ব্বন্তি যাবদাহূতনারকাঃ ॥ ৩৪৬ ॥

অনুবাদ—পদ্মপুরাণে শ্রীভগবৎ-ব্রহ্মসংবাদে—অরুণোদয়কালে চতুর্ব্বিধ বেধ জানিয়া ঐ বিদ্ধা হরিবাসরে যাহারা ব্রত করে। তাহারা প্রলয়াবধি নারকী হয় ॥ ৩৪৬ ॥

টীকা—দৃষ্ট্বা জ্ঞাত্বাপি, চাতুর্বিধ্যঞ্চ বেধাতিবেধাদিভেদেন প্রাগ্‌লিখিতমেব ॥ ৩৪৬ ॥

———

কৃতে তু মদ্দিনে তত্র সন্তানস্যাপি সংক্ষয়ঃ ।
সপ্তজন্মসু নশ্যন্তি ধর্ম্মাণি চ ধনানি চ ॥ ৩৪৭ ॥

অনুবাদ—বিদ্ধা হরিবাসরে ব্রত করিলে সন্তান সকলও ক্ষয় হয় এবং সাতজন্ম ব্যাপিয়া ধর্ম্মসমূহ ও ধনসমূহ নষ্ট হয় ॥ ৩৪৭ ॥

———

ভবিষ্যে চ—

অরুণোদয়কালে তু দশমী যদি দৃশ্যতে ।
ন তত্রৈকাদশী কার্য্যা ধর্ম্মকামার্থনাশিনী ॥ ৩৪৮ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণেও—অরুণোদয়কালে যদি দশমী দেখা যায়, ঐ দিনে একাদশী ধর্ম্ম, অর্থ, কাম নাশিনী উপবাস কর্ত্তব্য নহে ॥ ৩৪৮ ॥

———

কিঞ্চ—

অরুণোদয়কালে তু দশমী যদি দৃশ্যতে ।
পাপমূলং তদা জ্ঞেয়মেকাদশ্যুপবাসিনাম্ ॥
ইতি ॥ ৩৪৯ ॥

অনুবাদ—আরও—অরুণোদয়কালে যদি দশমী দৃষ্ট হয়, ঐদিনে একাদশী উপবাসকারিগণের উপবাস পাপমূল জানিবে ॥ ৩৪৯ ॥

টীকা—তদা একাদশ্যুপবাসিনামুপবাসঃ পাপস্য মূলং জ্ঞেয়মিত্যর্থঃ ॥ ৩৪৯ ॥

———

বিদ্ধোপবাসদোষা যে সামান্যাল্লিখিতাঃ পুরা ।
জ্ঞেয়াস্তেঽত্রাপি বিদ্ধায়া লক্ষণস্যানুসারতঃ ॥ ৩৫০ ॥

অনুবাদ—ইহার পূর্ব্বে সাধারণভাবে যে সকল বিদ্ধা উপবাস দোষ লিখিত হইয়াছে, এইস্থলেও (অরুণোদয় প্রসঙ্গে) ঐ সকল দোষ জানিবে, বিদ্ধার লক্ষণ অনুসারে ॥ ৩৫০ ॥

টীকা—সামান্যাৎ অরুণোদয়বেধাদিবিশেষরাহিত্যেন সামান্যতঃ পূর্ব্বং লিখিতাঃ। অরুণোদয় বিদ্ধোপবাসেঽপি। কুতঃ ? বিদ্ধায়া লক্ষণস্য পূর্ব্বলিখিতস্যানুসারাৎ, উদয়াৎ প্রাক্ মুহূর্ত্তদ্বয়ব্যাপিনী সতী সম্পূর্ণা, অন্যথা বিদ্ধেতি বিদ্ধালক্ষণেঽরুণোদয়বেধস্যৈব সুসিদ্ধেঃ ॥ ৩৫০ ॥

———

এবং জ্ঞেয়ানি বাক্যানি বিদ্ধাব্রতপরাণি তু ।
অবৈষ্ণবাশ্রয়াণ্যেব শুক্রমায়া-কৃতানি বা ॥ ৩৫১ ॥

অনুবাদ—পূর্ব্বোক্তরূপে বিদ্ধা একাদশী উপবাস সর্ব্বথা নিষিদ্ধ হইল। ইহা ব্যতীত যে সকল বিদ্ধা-ব্রত পর বাক্য দৃষ্ট হয়, ঐ সকল বাক্য অবৈষ্ণবের বা সকাম গৃহস্থদের জন্য, তাহাদেরও বিদ্ধা উপবাসে বহুদোষ শাস্ত্রে দৃষ্ট হওয়ায় ঐ সকল বাক্য শুক্রাচার্য্যকৃত অসুরমোহন জন্য রচিত জানিতে হইবে ॥ ৩৫১ ॥

টীকা—ইত্থং সর্ব্বথা বিদ্ধোপবাসো নিষিদ্ধঃ, তত্র চ যদুক্তমৃষ্যশৃঙ্গেণ—'একাদশী ন লভ্যেত সকলা দ্বাদশী ভবেৎ। উপোষ্যা দশমীবিদ্ধা ঋষিরুদ্দালকোঽব্রবীৎ ॥'; কিঞ্চ—'অবিদ্ধানি নিষিদ্ধৈশ্চেন্ন লভ্যন্তে দিনানি তু। মুহূর্ত্তৈঃ পঞ্চভির্বিদ্ধা গ্রাহ্যৈবৈকাদশী তিথিঃ। তদর্দ্ধবিদ্ধান্যন্যানি দিনান্যুপবসেদ্‌বুধঃ ॥', অপি চ—'পারণাহে ন লভ্যেত দ্বাদশী কলয়াপি চেৎ। তদানীং দশমী বিদ্ধা উপোষ্যৈকা-

দশী তিথিঃ ইতি ; পাদ্মে চ—বিদ্ধাপ্যেকাদশী গ্রাহ্যা পরতো দ্বাদশী নচেৎ। দ্বাদশী দ্বাদশীর্হন্তি ত্রয়োদশ্যান্ত পারণম্। বিদ্ধাপ্যবিদ্ধা বিজ্ঞেয়া পরতো দ্বাদশী ন চেৎ ॥' ইতি। ঈদৃশান্যন্যানি চ যানি বচনানি বর্ত্তন্তে, তেষাং বিষয়ং ব্যবস্থাপ্য লিখতি—এবমিতি লিখিতপ্রকারেণ। অবৈষ্ণবাঃ বৈষ্ণবেতরাঃ শৈবসৌরাদয়ঃ, কামিনো গৃহস্থাশ্চেতি-বিষয়কাণি। তেষামপি বিদ্ধোপবাসে বহুলদোষশ্রবণাদপরিতোষেণ পক্ষান্তরং লিখতি—শুক্লেতি ॥ ৩৫১ ॥

ইত্থঞ্চ জন্মাষ্টম্যাদি-ব্রতান্যপি ন বৈষ্ণবৈঃ।
বিদ্ধেষ্বহঃসু কার্য্যাণি তাদৃগ্‌দোষগণাশ্রয়াৎ ॥৩৫২॥

অনুবাদ—এইরূপ আরও জন্মাষ্টমী আদি ব্রত-সমূহও সূর্য্যোদয় বিদ্ধা হইলে ঐ বিদ্ধা দিনসমূহে বৈষ্ণবগণের ব্রত কর্ত্তব্য নহে, ঐরূপ বহু দোষ শাস্ত্রে শ্রবণ হেতু ॥ ৩৫২ ॥

টীকা—প্রসঙ্গাদ্বৈষ্ণবব্রতেষু সর্ব্বেষ্বপি সবেধ-দিনানীত্থং পরিত্যাজ্যানীত্যাদিশন্ লিখতি—ইত্থঞ্চেতি ; নৈবোপোষ্যং বৈষ্ণবৈস্ত্বিত্যাদি-লিখিত-প্রকারেণ। আদি-শব্দেন রামনবমী-নৃসিংহ-চতুর্দ্দশ্যাদি, তাদৃশং বিদ্ধৈকাদশীব্রতোক্তসদৃশানাং দোষাণাং গণস্যাশ্রয়াৎ ॥ ৩৫২ ॥

অথার্দ্ধরাত্রবিদ্ধা-সমাধানম্

অর্দ্ধরাত্রাচ্চ পরতো বর্ত্তেত দশমী যদি।
তদাপ্যেকাদশীং বিদ্ধাং মন্যন্তে যচ্চ কেচন ॥৩৫৩॥

অনুবাদ—অনন্তর অর্দ্ধরাত্র বিদ্ধা সমাধান—দশমীতে অর্দ্ধরাত্রির পর দশমী যদি থাকে পরদিনে তাহাকেও বিদ্ধা কেহ কেহ মনে করেন ॥ ৩৫৩ ॥

অথা চ কৌর্ম্মে—
অর্ধরাত্রমতিক্রম্য দশমী যদি দৃশ্যতে।
তদা হ্যেকাদশীং ত্যক্ত্বা দ্বাদশীং সমুপোষয়েৎ।
ইতি ॥ ৩৫৪ ॥

অনুবাদ—সেইরূপ কূর্ম্মপুরাণে—অর্দ্ধরাত্র অতিক্রম করিয়া যদি দশমী দৃষ্ট হয়, তখনও পরদিনে একাদশী ত্যাগ করিয়া দ্বাদশীতে উপবাস করাইবে ॥ ৩৫৪ ॥

অভিজ্ঞাস্তচ্চ মন্যন্তে পক্ষবর্ধন্যুপাশ্রিতম্।
অতস্তচ্চ তথান্যচ্চ মহতাং নৈব সম্মতম্ ॥ ৩৫৫ ॥

অনুবাদ—শাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তিগণ ঐ সকল বচন পক্ষবর্দ্ধিনী মহাদ্বাদশীর স্থলে উপযোগী মনে করেন, অতএব ঐ বাক্য বা ঐরূপ অন্য বাক্যও শ্রীব্যাস-দেবাদি মহৎগণের সম্মত নহে ॥ ৩৫৫ ॥

টীকা—এবমরুণোদয়বেধে সতি ন কেনাপ্যুপ-বাসঃ কার্য্য ইতি নিশ্চিতম্। তত্র চ কেচিদর্দ্ধরাত্রাৎ পরতঃ, কেচিচ্চত্বারিংশদ্‌ঘটিকাভ্যশ্চ পরতোঽপি দশম্যনুবৃত্তৌ বেধমিচ্ছন্তীতি তন্মতমুত্থাপ্য নিরা-করোতি—অর্দ্ধরাত্রাচ্চেতি ষড়্‌ভিঃ। যন্মন্যন্তে তৎ পক্ষবর্দ্ধনী নাম মহাদ্বাদশী, তদ্বিষয়কমভিজ্ঞা মন্যন্ত ইতি উত্তরেণান্বয়ঃ। তৎ অর্দ্ধরাত্রাৎ পরতো বেধ-বচনং বিদ্ধত্বং বা, অন্যৎ চত্বারিংশদ্‌ঘটিকোপরি বেধবিষয়কঞ্চ, মহতাং শ্রীব্যাসাদীনাং নৈব সম্মতং ভবতি ॥ ৩৫৩-৩৫৫ ॥

তথা ব্রহ্মবৈবর্ত্তে ব্যাসোক্তৌ তত্রৈব—
অর্দ্ধরাত্রোঽপি কেষাঞ্চিদ্দশম্যা বেধ ইষ্যতে।
অরুণোদয়বেলায়াং নাবকাশো বিচারণে ॥ ৩৫৬ ॥

অনুবাদ—ঐরূপ ব্রহ্মবৈবর্ত্তপুরাণে শ্রীব্যাসদেবের উক্তিতে—অর্দ্ধরাত্রিতেও কাহারও মতে দশমী বিদ্ধা ইচ্ছা করে, তাহা স্বীকার করিলে অরুণোদয় বিদ্ধা নিষেধ পর শাস্ত্রবচনগুলির বিচারের আর অবকাশ থাকে না। অতএব অরুণোদয় বেধই নিশ্চিত ॥ ৩৫৬ ॥

টীকা—অরুণোদয়-বেলায়ান্তু বেধবিচারণোপরি অবকাশোঽপি নাস্তীত্যনেনারুণোদয়-বেধ এব নিশ্চিতঃ ন তূর্দ্ধ-রাত্রোপরি বেধঃ স্থাপিত ইতি কৈমুতিকন্যায়-বিচারাদিতি দিক্ ॥ ৩৫৬ ॥

কপালবেধ ইত্যাহুরাচার্য্যা যং হরিপ্রিয়াঃ।
ন তন্মম মতং যস্মাৎ ত্রিযামা রাত্রিরুচ্যতে॥ ৩৫৭॥

অনুবাদ—কোন কোন আচার্য্য অর্দ্ধরাত্র বেধকে কপালবেধ বলেন, তাহা হরিপ্রিয়গণের এবং ব্যাস যে আমি আমারও মত নহে। যেহেতু শ্রীমদ্ভাগবতে রাত্রিকে ত্রিযামা বলা হইয়াছে। প্রতিপদ প্রভৃতি তিথি এক সূর্য্যোদয় হইতে পরবর্ত্তী সূর্য্যোদয় পর্য্যন্ত ৬০ দণ্ড এক অহোরাত্র। আর একাদশী তিথি এক অরুণোদয় হইতে পরবর্ত্তী সূর্য্যোদয় পর্য্যন্ত ৬৪ দণ্ড এক অহোরাত্র ব্রত॥ ৩৫৭॥

টীকা—নন্বর্দ্ধরাত্রোপরি বেধো হি কপালবেধত্বেন প্রসিদ্ধো বৈষ্ণবানাং সম্মতঃ, অতঃ সোঽপি বর্জ্জনীয় এব। তত্রাহ—কপালেতি। যম অর্দ্ধরাত্রাৎ পরতো বেধম্, আচার্য্যাঃ কপালবেধ ইতি বদন্তি, হরিপ্রিয়া ইতি হরিপ্রিয়তয়া বেধশ্রবণমাত্রেণ দোষাশঙ্কয়াঽহর্ন তু বিচারেণেত্যর্থঃ। যদ্বা, হরিপ্রিয়া ইতি তত্রত্যানাং শৌনকাদীনাং সম্বোধনম্। তেন চাখিলবিচার-নৈপুণ্যং সমর্থয়তি। যে ইতি পাঠে কেচিদাহুঃ; তচ্চ যে হরিপ্রিয়া আচার্য্যাস্তেষাং মম চ বেদব্যাসস্য সম্মতং ন ভবতীত্যর্থঃ। তত্র হেতুঃ—যস্মাদিতি। এবং ত্রিযামায়া রাত্রের্মধ্যে একাদশ্যাঃ প্রবেশ এব নাস্তি। যতো দশম্যা এব সা রাত্রিঃ, অতস্তত্র যতো দশম্যা বেধঃ স্যাৎ, অতোঽরুণোদয়ে একাদশী-সদ্ভাবেন তৎসম্পূর্ণতা-প্রতিপাদনাৎ তত্রৈব দশম্যনু-বৃত্তৌ বেধঃ কল্প্যতে ইত্যর্থঃ। অন্যথা অতিব্যাপ্তার্দ্ধ-রাত্রাৎ পূর্ব্বং ততোঽপি পূর্ব্বমিত্যেবং রাত্রিপ্রথম-ভাগেঽপি নিয়মাভাবাৎ বেধঃ স্যাৎ। ততশ্চানবস্থা-প্রসঙ্গদোষ এব স্যাদিতি দিক্॥ ৩৫৭॥

পাদ্মে চ—

অর্দ্ধরাত্রং স্পৃশেৎ পূর্ণা পক্ষবৃদ্ধির্যদগ্রতঃ।
কপালবেধনী সা চ শুদ্ধাং ভদ্রামুপোষয়েৎ॥ ৩৫৮॥

অনুবাদ—পদ্মপুরাণেও—দশমী অর্দ্ধরাত্রকে স্পর্শ করিলে ঐ পক্ষের পূর্ণিমা বা অমাবস্যা যদি অহোরাত্র ব্যাপিয়া পরদিন বৃদ্ধিপায়, তাহাই কপালবেধনী, ঐস্থলে শুদ্ধা পক্ষবর্দ্ধনী-মহাদ্বাদশীর উপবাস করিবে॥ ৩৫৮॥

টীকা—ননু তর্হি অর্দ্ধরাত্রমতিক্রম্যেত্যাদি কূর্ম্ম-পুরাণবচনম্—'অর্দ্ধরাত্রাৎ পরং যাম্যাঃ কলাকাষ্ঠাদি-সংযুতা। মোহিনী সাধিকারা চ ব্রহ্মণা নিৰ্ম্মিতা পুরা। নিশীথাৎ পরত্যে যাম্যা একাদশ্যামুপোষিতা। স পতেন্নরকে ঘোরে যাদবাহূতসংপ্লবম্॥' ইত্যাদি। স্মৃত্যর্থসারবচনঞ্চ যৎ, তস্য কো বিষয়ঃ? তত্রাহ—অর্দ্ধরাত্রমিতি। যদাগ্রতঃ পক্ষবৃদ্ধির্ভবতি, তদা পূর্ণা দশমী চেদর্দ্ধরাত্রং স্পৃশেৎ, তদা সা কপালবেধনী নামৈকাদশী স্যাৎ। তদা চ শুদ্ধাং ভদ্রাং দ্বাদশী-মেবোপবসেদিত্যর্থঃ। অতশ্চ—'পূর্ণৈকচত্বারিংশচ্চ ঘটিকা দৃশ্যতে যদি। তদা ব্যালমুখী জ্ঞেয়া বর্জ্জিতা মৎপরায়ণৈঃ॥ দ্বিচত্বারিংশদ্ ঘটিকা দশমী দৃশ্যতে যদি। মহাব্যালেতি বিখ্যাতা ন কার্য্যা মুক্তি-কাঙ্ক্ষিভিঃ॥ ত্রিচত্বারিংশদ্ঘটিকাঽভয়া সা হ্যভি-ধীয়তে। পূর্ণা চতুশ্চত্বারিংশৎ কথিতা সা মহাভয়া' ইত্যাদীনি। শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে—'দ্বিপঞ্চাশচ্চ ঘটিকা দশমী দৃশ্যতে যদি। ছায়াভিধা তু সা জ্ঞেয়া নন্দা যা বৃদ্ধিগামিনী॥ ত্রিপঞ্চাশদ্যদা পূর্ণা গ্রস্তা সৈব তু গীয়তে। চতুঃপঞ্চাশকো জ্ঞেয়োঽপ্যতি-বেধস্ততোঽধিকঃ॥ মহাবেধঃ ষড়ধিকস্তথোক্তঃ পূর্ব্বসূরিভিঃ। প্রলয়ঃ সপ্তপঞ্চাশৎ মহান্ প্রোক্তস্ত-তোঽপরঃ॥ নবাধিকা মহাঘোরা সম্পূর্ণা ষষ্টি-রাক্ষসী। ছায়াদি-নববেধেষু যঃ কুর্য্যাৎ সমু-পোষণম্। মৃতে স নরকং যাতি যাবদাহূত-সংপ্লবম্॥' ইত্যাদীনি চ বচনানি স্বত এব নিরস্তানি। অর্দ্ধরাত্রবেধপক্ষস্যাপি নিরসনাৎ বিশেষতশ্চ প্রাচী-নৈর্মহদ্ভিরভিজ্ঞৈরসংগৃহীতত্বাৎ তান্যমূলান্যেব জ্ঞেয়ানি॥ ৩৫৮॥

অথ বেধবিহীনাপি সম্পূর্ণৈকাদশী তিথিঃ।
অগ্রতো বৃদ্ধিগামিত্বাৎ
পরিত্যাজ্যৈব বৈষ্ণবৈঃ॥ ৩৫৯॥

অনুবাদ—অনন্তর দশমী বিদ্ধা না হইলেও সম্পূর্ণা একাদশী তিথি ৬৪ দণ্ড হইয়া পরদিন বৃদ্ধি পাইলে ঐ তিথি শুদ্ধাবৈষ্ণবগণের পরিত্যাজ্যই॥৩৫৯

টীকা—এবমনেকদোষহেতুত্বাৎ বিদ্ধোপবাসঃ পরিত্যাজিতঃ। অধুনা কদাচিৎ শুদ্ধাপি পরিত্যা-

জ্যোতি লিখতি। অথেতি। দশমীবেধেন বিহীনা পরিত্যক্তা ; কুতঃ ? পূর্ণা সম্পূর্ণা অরুণোদয়াদেব প্রবৃত্তেত্যর্থঃ, সাপ্যেকাদশী পরিত্যাজ্যা। তত্র হেতুঃ —অগ্রতঃ ইতি। কদাচিৎ একাদশ্যা দ্বাদশীদিনে, কদাচিৎ দ্বাদশ্যাশ্চ ত্রয়োদশীদিনে, কদাচিৎ পক্ষান্ত-তিথেশ্চ প্রতিপদ্দিনে বৃদ্ধগামিত্বাভাবেন চ ত্রয়োদশ্যা সম্পূর্ণায়ামপি সত্যাং তথা দ্বাদশ্যামপি সম্পূর্ণায়াং সত্যাং, পক্ষান্তস্যাপি বৃদ্ধ্যভাবে চ সতি সম্পূর্ণায়া-মেকাদশ্যামেবোপবাসঃ। দ্বাদশ্যাঞ্চ লেখ্যলক্ষণ-হরিবাসর-ত্যাগেন পারণমিতি ব্যবস্থা। সা চৈকা-দশী নোন্মীলন্যাদিষু ক্বাস্বপি ভবতীতি বিশেষতো নো লিখিতা। বৈষ্ণবৈরিত্যনেন কেচিদবৈষ্ণবাশ্চ ন পরিত্যজেয়ুরিত্যগ্রে ব্যবস্থায়াং লেখ্যম্ ॥ ৩৫৯ ॥

অথ শুদ্ধাবিশেষপরিত্যাগঃ

গারুড়ে—

সম্পূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা।
বৈষ্ণবী চ ত্রয়োদশ্যাং ঘটিকৈকাপি দৃশ্যতে।
গৃহস্থোঽপি পরাং কুর্য্যাৎ পূর্ব্বাং নোপবসেত্তদা ॥ ৩৬০ ॥

অনুবাদ—এ-পর্য্যন্ত বিদ্ধা ব্রত ত্যাগ বলিয়া অনন্তর শুদ্ধা একাদশী বিশেষ ত্যাগ পূর্ব্বক মহা-দ্বাদশীব্রত বিধান বলিতেছেন. গরুড়পুরাণে—সম্পূর্ণা ৬৪ দণ্ড একাদশী থাকিয়া যে স্থলে পরদিন প্রভাতে সূর্য্যোদয়ের পরেও একাদশী এবং বৈষ্ণবী দ্বাদশী ও ত্রয়োদশী দিনে একদণ্ডও দৃশ্য হয়, এস্থলে গৃহস্থও শুদ্ধা একাদশী ত্যাগ করিয়া পর দিন দ্বাদশী ব্রত করিবেন, ঐস্থলে সম্পূর্ণা একাদশীতে উপবাস করিবে না। ইহা উন্মীলনী মহাদ্বাদশী ॥ ৩৬০ ॥

টীকা—সম্পূর্ণা অরুণোদয়মারভ্য পরদিনে সূর্য্যোদয়ং যাবদ্ব্যাপ্তেত্যর্থঃ। পুনরপি তৎপরদিনে প্রভাতে সা একাদশী ভবতি বর্দ্ধতে ইত্যর্থঃ। বৈষ্ণবী দ্বাদশী। গৃহস্থোঽপীত্যপি শব্দঃ একাদশী প্রবৃদ্ধা চেচ্ছুক্লে কৃষ্ণে বিশেষতঃ। তত্রোত্তরাং যতিঃ কুর্য্যাৎ পূর্ব্বামুপবসেদ্গৃহী।' ইত্যাদিবচনপ্রাপ্তো যতেরেব পরদিনোপবাসো ন গৃহস্থস্যেতিপক্ষনিরাসার্থঃ ॥৩৬০॥

কিঞ্চ, শ্রীনারদঃ—

সম্পূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা।
অত্রোপোষ্যা দ্বিতীয়া তু পুত্রপৌত্রবিবর্ধিনী ॥ ৩৬১ ॥

অনুবাদ—আরও শ্রীনারদের উক্তি—যে স্থলে সম্পূর্ণা ৬৪ দণ্ড একাদশী থাকিয়া পরদিন প্রভাতে বৰ্দ্ধিত থাকে, এস্থলে গৃহস্থদের পক্ষেও পুত্র পৌত্র বিবৰ্দ্ধিনী পরদিনে দ্বাদশীতে উপবাস কর্ত্তব্য ॥৩৬১॥

টীকা—এবং ত্রয়োদশ্যাং দ্বাদশ্যা নিষ্ক্রমে সতি শুদ্ধৈকাদশীত্যাগো লিখিতঃ। প্রায়োঽয়মবৈষ্ণবা-নামপি সম্মতঃ। অধুনা দ্বাদশ্যনিষ্ক্রমেঽপি মহাদ্বা-দশ্যপেক্ষয়া বৈষ্ণবানাং সম্মতং শুদ্ধাপরিত্যাগং লিখতি —শ্রীনারদাদ্যুক্তেঃ সম্পূর্ণেত্যাদিভিঃ। প্রভাতে দ্বাদশীদিনে সৈবৈকাদশী পুনর্ভবতি, বৃদ্ধিগামিত্বাৎ। এবঞ্চ দ্বাদশী-পরতো বৰ্দ্ধতাং ন বেত্যপেক্ষা নাস্তি। অতএবোক্তং স্কান্দাদৌ—'পরতো দ্বাদশী ন চেৎ' ইত্যাদি। অত্র অস্মিন্ কালে দ্বিতীয়ৈবৈকাদশী উপোষ্যা, সম্পূর্ণ প্রথমদিন-পরিত্যাগেন নিষ্ক্রমণা-দিনমেবোপোষ্যমিত্যর্থঃ। এবঞ্চ,—'সম্পূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা। তত্রোপোষ্যা দ্বিতীয়া তু পরতো দ্বাদশী যদি ॥' ইত্যাদিবচনৈঃ। ত্রয়োদশ্যাং দ্বাদশী সদ্ভাবে সত্যেব সম্পূর্ণৈকাদশী পরিত্যাজ্যা, অন্যথা তু নেতি ব্যবস্থাপিতপক্ষো নিরস্তঃ। ননু 'একাদশী প্রবৃদ্ধা চেৎ' ইতি বচনানুসারেণ যতি-পরোঽয়মিতি ব্যবস্থাপয়িতব্যঃ ; তত্রাহ—পুত্রেতি। এবং পুত্রপৌত্রবিবর্দ্ধনীত্যনেন তথাগ্রে লেখ্যেন গৃহিভিঃ পুত্রবদ্ভিশ্চেত্যাদিনা চ একাদশী প্রবৃদ্ধা চেদিত্যাদি-বচনপ্রাপ্তো গৃহিণাং দ্বিতীয়ৈকাদশ্যুপবাসনিষেধোঽপি পরিহৃত ইতি দিক্ ॥ ৩৬১ ॥

অতএব পাদ্মে—

দ্বাদশীমিশ্রিতা গ্রাহ্যা সর্ব্বত্রৈকাদশী তিথিঃ।
দ্বাদশী চ ত্রয়োদশ্যাং বিদ্যতে যদি বা ন বা ॥৩৬২॥

অনুবাদ—অতএব পদ্মপুরাণে—সর্ব্বত্র একাদশী তিথি দ্বাদশী মিশ্রিতা ব্রতার্থে গ্রহণীয়া, দ্বাদশী তিথি ত্রয়োদশীতে থাকুক বা না থাকুক ॥ ৩৬২ ॥

কিঞ্চ—

সর্ব্বত্রৈকাদশী কার্য্যা দ্বাদশী-মিশ্রিতা নরৈঃ।
প্রাতর্ভবতু বা মা বা যতো নিত্যমুপোষণম্ ॥ ৩৬৩॥

অনুবাদ—আরও—মানবগণ কর্ত্তৃক সর্ব্বত্র দ্বাদশী মিশ্রিতা একাদশী ব্রত কর্ত্তব্য, পারণ দিনে প্রাতে দ্বাদশী থাকুক বা না থাকুক। যেহেতু উপবাস নিত্য ॥ ৩৬৩ ॥

টীকা—প্রাতস্ত্রয়োদশ্যাং দ্বাদশী ভবতু বা, মা ভবতু। নিত্যমুপোষণমিতি উক্তপ্রকারেণোক্তলক্ষণ-স্যোন্মীলনীব্রতস্য নিত্যত্বাদিত্যর্থঃ ॥ ৩৬৩ ॥

স্কান্দে—

সম্পূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যাস্তু পারণম্ ॥ ৩৬৪ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—সম্পূর্ণা একাদশী থাকিয়া যেস্থলে পরদিন প্রভাতে পুনরায় কিঞ্চিৎ থাকে। সেই পরদিনে ব্রত করিলে শতযজ্ঞ তুল্য পুণ্য লাভ। ত্রয়োদশীতে পারণ ॥ ৩৬৪ ॥

কিঞ্চ—

একাদশী-কলা যত্র পরতো দ্বাদশী নচেৎ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যাস্তু পারণম্ ॥ ৩৬৫ ॥

অনুবাদ—আরও—একাদশী সম্পূর্ণা থাকিয়া পরে দ্বাদশী দিনে এক কলা, তৎপর দিনে দ্বাদশী পারণকালে নাই, ঐ দ্বাদশীতে উপবাসে শতযজ্ঞের পুণ্য, ত্রয়োদশীতে পারণ ॥ ৩৬৫ ॥

টীকা—এবং দ্বাদশীবৃদ্ধিক্ষয়য়োরনপেক্ষয়া শুদ্ধা-ত্যাগং লিখিত্বা ইদানীং দ্বাদশীক্ষয়মপেক্ষ্যৈব উন্মী-লনীং লিখন্ শুদ্ধাপরিত্যাগমেব লিখতি—সম্পূর্ণে-ত্যাদি-স্কান্দাদিবচনৈঃ। পরতস্ত্রয়োদশ্যাং ন বর্দ্ধতে দ্বাদশী ফলবিশেষং দর্শয়তি—একাদশীতি পঞ্চভিঃ ॥ ৩৬৪-৩৬৫ ॥

কৌর্ম্মে—

একাদশীকলাঽপ্যেকা পরতো দ্বাদশী ন চেৎ।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যাস্তু পারণম্ ॥ ৩৬৬ ॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে—একাদশীর এককলা যদি পরদিনে থাকে, পারণকালে দ্বাদশী না থাকে, ঐ একাদশী কলাযুক্তা দ্বাদশীতে উপবাসে শতযজ্ঞের পুণ্য, ত্রয়োদশীতে পারণ ॥ ৩৬৬ ॥

ভবিষ্যে—

একাদশী-কলাপ্যেকা পরতো ন চ বর্দ্ধতে।
গৃহিভিঃ পুত্রবদ্ভিশ্চ নৈবোপোষ্যা সদা তিথিঃ ॥ ৩৬৭

অনুবাদ—ভবিষ্যপুরাণে—একাদশীর এককলা, পরদিনে লক্ষিত হইলে এবং ত্রয়োদশীতে দ্বাদশীর বৃদ্ধি নাই, পুত্রবান গৃহিগণও সর্ব্বদা দ্বাদশী তিথি উপবাস করিবেন ॥ ৩৬৭ ॥

কিঞ্চ পাদ্মে—

একাদশীকলাযুক্তা যেন দ্বাদশ্যুপোষিতা।
কিন্তস্য বহুভির্যজ্ঞৈরশ্বমেধাদিভির্নৃপ ॥ ৩৬৮ ॥

অনুবাদ—আরও পদ্মপুরাণে—হে মহারাজ! এককলা একাদশী যুক্তা দ্বাদশী যিনি উপবাস করি-য়াছেন, তাহার অশ্বমেধাদি বহু যজ্ঞের কি প্রয়োজন? ॥ ৩৬৮ ॥

একাদশী দ্বাদশী চ তত্র সন্নিহিতো হরিঃ।
উপোষ্য রজনীমেকাং ব্রহ্মহত্যাং ব্যপোহতি ॥৩৬৯॥

অনুবাদ—একাদশী ও দ্বাদশী মিলন স্থানে শ্রীহরি অবস্থান করেন, ঐ দিন উপবাস ও রাত্রিজাগরণ করিলে ব্রহ্মহত্যা পাপও বিনষ্ট হয় ॥ ৩৬৯ ॥

বিষ্ণুরহস্যে—

একাদশীকলা-প্রাপ্তা যেন দ্বাদশ্যুপোষিতা।
তুল্যা ক্রতুশতেন স্যাৎ ত্রয়োদ্যাশস্তু পারণম্ ॥ ৩৭০ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে—এক কলা একাদশীযুক্তা দ্বাদশীতে উপবাস করিলে শত অশ্বমেধ তুল্য পুণ্য হয়, ত্রয়োদশীতে পারণ ॥ ৩৭০ ॥

বৌধায়নস্মৃতৌ—

একাদশীকলাযুক্তা উপোষ্যা দ্বাদশী নরৈঃ।
ত্রয়োদশ্যান্তু যো ভুঙ্‌ক্তে তস্য
বিষ্ণুঃ প্রসীদতি ॥ ৩৭১ ॥

ইত্যুন্মীলনী

অনুবাদ—বৌধায়নস্মৃতিতে—একাদশীর কলাযুক্তা দ্বাদশীতে মানবগণ উপবাস করিয়া ত্রয়োদশীতে যিনি ভোজন করেন, তাঁহার প্রতি বিষ্ণু প্রসন্ন হন। ॥ ৩৭১ ॥ ইতি উন্মীলনী মহাদ্বাদশী ॥ ৩৭১ ॥

অথ ব্যঞ্জুলী-দ্বাদশীব্রতবিধিঃ

স্কান্দে—

একাদশী ভবেৎ পূর্ণা পরতো দ্বাদশী যদা।
তদা হ্যেকাদশীং ত্যক্ত্বা
দ্বাদশ্যাং সমুপোষয়েৎ ॥ ৩৭২ ॥

অনুবাদ—অথ ব্যঞ্জুলী মহাদ্বাদশীব্রতবিধি স্কন্দপুরাণে—একাদশী ৬৪ দণ্ড পূর্ণা থাকিয়া দ্বাদশী ৬০ দণ্ড থাকিয়া পরদিন বৃদ্ধি যখন থাকে, তখনই একাদশী ত্যাগ করিয়া দ্বাদশীতে উপবাস করাইবেন ॥ ৩৭২ ॥

টীকা—এবং শুদ্ধাপরিত্যাগে উন্মীলনী মহাদ্বাদশী-বিষয়ং দর্শয়িত্বাধুনা ব্যঞ্জুলীমহাদ্বাদশীবিষয়ং লিখতি—একাদশীতি সার্দ্ধপঞ্চভিঃ। পূর্ণা সম্পূর্ণা যদা একাদশী ভবেদিতি প্রায়স্তস্যাঃ সম্পূর্ণত্বেনৈব দ্বাদশ্যা অপি সম্পূর্ণায়াঃ সত্যা বৃদ্ধিসম্ভবাৎ, ন ত্বত্র দ্বাদশীবৃদ্ধিমাত্রাপেক্ষা, ব্যঞ্জুল্যামেকাদশীসম্পূর্ণতাপেক্ষণাৎ। যদ্বা, পূর্ণেতি অরুণোদয়াৎ প্রবৃত্তত্বেন শুদ্ধাপরিত্যাগো দর্শিত ইতি দিক্ ॥ ৩৭২ ॥

কালিকাপুরাণে—

একাদশী তু সম্পূর্ণা পরতো দ্বাদশী ভবেৎ।
উপোষ্যা দ্বাদশী তত্র তিথিবৃদ্ধিঃ প্রশস্যতে ॥ ৩৭৩ ॥

অনুবাদ—কালিকাপুরাণে—একাদশী সম্পূর্ণা, দ্বাদশী পূর্ণা থাকিয়া পরদিন বৃদ্ধি হয়, সেস্থলে দ্বাদশীতে উপবাস কর্ত্তব্য। এস্থলে তিথিবৃদ্ধি প্রশস্ত ॥ ৩৭৩ ॥

টীকা—তিথের্বৃদ্ধিঃ প্রশস্যতে, তত্র ব্রতাদিকং মহাফলমিত্যর্থঃ। ব্যঞ্জুলীমহাত্ম্যবিশেষশ্চাগ্রে মুখ্যপ্রসঙ্গে লেখ্যঃ। অত্র চ শুদ্ধা-পরিত্যাগ-প্রকরণস্যৈব মুখ্যত্বাদুন্মীলন্যাদি-নিরূপণপ্রকরণমধ্যোন্মীলনীত্যাদিরূপেণ স্পষ্টতয়া মুখ্যত্বেন ন লিখিতমিতি দিক্ ॥ ৩৭৩ ॥

ভবিষ্যে—

উপোষ্যা দ্বাদশী শুদ্ধা দ্বাদশ্যামেব পারণম্।
নির্গতায়াং ত্রয়োদশ্যাং কলা চ
বিকলাপি বা ॥ ৩৭৪ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—শুদ্ধা দ্বাদশীর উপবাস করিয়া পরদিন দ্বাদশীতেই পারণ, কারণ ত্রয়োদশী দিনে বৃদ্ধিপ্রাপ্ত দ্বাদশী এক কলা বা বিকলা যাহাই থাকুক ॥ ৩৭৪ ॥

বিকলায়ান্তু দ্বাদশ্যাং পারণং যঃ করোতি হি।
তামুপোষ্য মহীপাল ন গর্ভে বিশতে নরঃ ॥ ৩৭৫ ॥

অনুবাদ—হে মহারাজ! বৃদ্ধিপ্রাপ্ত দ্বাদশীর বিকলাতে যিনি পারণ করেন এবং ঐ দ্বাদশীতে উপবাস করিলে মানব আর মাতৃগর্ভে প্রবেশ করে না ॥ ৩৭৫ ॥

ভাগবতাদি-তন্ত্রে চ—

সম্পূর্ণৈকাদশী ত্যাজ্যা পরতো দ্বাদশী যদি।
উপোষ্যা দ্বাদশী শুদ্ধা দ্বাদশ্যামেব পারণম্।
ন গর্ভে বিশতে জন্তুরিত্যাহ ভগবান্
হরিঃ ॥ ৩৭৬ ॥

ইতি ব্যঞ্জুলী।

অনুবাদ—ভাগবতাদি তন্ত্রেও—দ্বাদশী যদি অহোরাত্র ব্যাপিয়া পরদিন বৃদ্ধি প্রাপ্ত হয়, ঐস্থলে সম্পূর্ণা শুদ্ধা একাদশী ত্যাজ্য, শুদ্ধা দ্বাদশীতে উপবাস, পরদিন দ্বাদশী মধ্যে পারণ করিলে মানব আর মাতৃগর্ভে প্রবেশ করে না—ইহা ভগবান্ শ্রীহরি বলেন ॥ ৩৭৬ ॥ ইতি ব্যঞ্জুলী মহাদ্বাদশী ॥

টীকা —যচ্চোক্তম্—'পূর্ণাপ্যেকাদশী ত্যাজ্যা পরতো বর্দ্ধতে যদি। দ্বাদশ্যাং পারণালাভে পূর্বৈব পরিগৃহ্যতে ॥' ইত্যনেন একাদশীবৎ দ্বাদশীবৃদ্ধৌ পূর্বৈকাদশীত্যাগ ইতি। অতএব স্কান্দে—'শুদ্ধা যদা সমা হীনা সমা ক্ষীণাধিকোত্তরা। একাদশী-মুপবসেন্ন তু শুদ্ধান্ত বৈষ্ণবীম্ ॥'; অস্যার্থঃ—শুদ্ধা একাদশী সমা হীনা বা উত্তরা দ্বাদশী সমাঽক্ষীণা-ধিকা বা, তদা একাদশীমেবোপবসেৎ, ন তু শুদ্ধাং বৈষ্ণবীং দ্বাদশীমিতি। তৎপরিহারার্থং ভবিষ্য-পুরাণাদিবচনং লিখতি—উপোষ্যেতি; শুদ্ধেত্যনেন একাদশীসংযোগাভাবাদেকাদশী-বৃদ্ধির্নাপেক্ষিতা। অতএবোক্তং ব্রাহ্মে—'একলিপ্ত্যা সমাযুক্তা যদি বৃদ্ধি-পরা তিথিঃ। অথবৈকাদশী নাস্তি দশম্যা বাথ সঙ্গতা। দ্বাদশী তু কলা কাষ্ঠা যদি স্যাদপরেঽহনি। দ্বাদশ দ্বাদশীর্হন্তি পূর্ব্বস্যাং পারণং কৃতম্ ॥' ইতি। অস্যার্থঃ—তিথিবৃদ্ধিপরত্বেন একাদশীপরদিনে এক-লিপ্ত্যা সমাযুক্তা কিঞ্চিন্মাত্রাপ্যস্তীত্যর্থঃ। অথবা নাস্তি দ্বাদশী চ কিঞ্চিন্মাত্রা ত্রয়োদশ্যামস্তি, তদা শুদ্ধ-দ্বাদশ্যামেবোপবাসঃ ন ত্বেকাদশ্যাম্। দশম্যা সঙ্গতে-ত্যত্র দৃষ্টান্তত্বেনোদাহৃতম্। একাদশীমুপোষ্য সম্পূর্ণদ্বাদশ্যাঞ্চ তদা পারণং কৃতং সৎ 'দ্বাদশ-দ্বাদশী-পুণ্যং হন্তি' ইতি। 'ন গর্ভে বিশতে নর' ইতি ন গর্ভে বিশতে জন্তুঃ' ইত্যাদিনা চ বঞ্জুল্যা মাহাত্ম্যবিশেষ উক্তঃ, ন তু তত্র মুমুক্ষোরেবাধিকারো দর্শিত ইতি। তাসামষ্টমহাদ্বাদশীনাং সর্ব্বাসামেব নিত্যত্বাদিতি দিক্। 'পূর্ণাপ্যেকাদশী ত্যাজ্যা' ইত্যাদি-বচনানাঞ্চ বিষয়ব্যবস্থাগ্রে লেখ্যা ॥ ৩৭৪-৩৭৬ ॥

———

অথ ত্রিস্পৃশা

নারদীয়ে—

একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
ত্রিস্পৃশা নাম সা প্রোক্তা
ব্রহ্মহত্যাং ব্যপোহতি ॥ ৩৭৭ ॥

অনুবাদ—অথ ত্রিস্পৃশা মহাদ্বাদশী নারদীয়-পুরাণে একাদশী সম্পূর্ণা, পরদিন কিঞ্চিৎ বৃদ্ধি, দ্বাদশী ক্ষয় প্রাপ্ত, রাত্রিশেষে ত্রয়োদশী প্রবেশ, তাহাই ত্রিস্পৃশা নাম্নী মহাদ্বাদশী কথিতা, ঐ দ্বাদশী ব্রত দ্বারা ব্রহ্মহত্যা পাপও দূরে যায় ॥ ৩৭৭ ॥

টীকা—অধুনা ত্রিস্পৃশা-দ্বাদশীং লিখতি—একাদশীত্যাদিনা পারণমিত্যন্তেন ॥ ৩৭৭ ॥

———

কৌর্ম্মে—

একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
ত্রিভির্মিশ্রা তিথিঃ প্রোক্তা
সর্ব্বপাপহরা স্মৃতা ॥ ৩৭৮ ॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে—শুদ্ধা একাদশী বৃদ্ধি প্রাপ্ত হইয়া পরদিনে কিঞ্চিৎ দ্বাদশী ক্ষয় প্রাপ্তা, রাত্রি শেষে ত্রয়োদশী প্রবেশ, মধ্য দিনে একাদশী, দ্বাদশী ও ত্রয়োদশী মিশ্রিত হইয়া ত্রিস্পৃশা মহাদ্বাদশী নামে কথিতা, উহা ব্রত করিলে সর্ব্বপাপহরা ॥ ৩৭৮ ॥

———

উপবাসঃ কৃতস্তস্যাং সদা পাতকনাশনঃ।
একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যান্তু পারণম্ ॥ ৩৭৯ ॥

অনুবাদ—সদা পাতকনাশন একাদশী, দ্বাদশী ও ত্রয়োদশী মিশ্রা ত্রিস্পৃশা মহাদ্বাদশী উপবাস করিলে শত যজ্ঞসম পুণ্য হয়, ত্রয়োদশীতে পারণ ॥ ৩৭৯ ॥

———

কিঞ্চ—

ত্রিস্পৃশৈকাদশী যত্র তত্র সন্নিহিতো হরিঃ।
তামেবোপবসেৎ কামী অকামো বিষ্ণুতৎপরঃ
॥ ৩৮০ ॥

অনুবাদ—আরও—ত্রিস্পৃশা একাদশী যে দিন, ঐ দিনে শ্রীহরির অধিষ্ঠান। ধনপুত্রাদিকামী, অকাম মুমুক্ষু ও বৈষ্ণব সকলেই তাহাতে উপবাস করিবেন ॥ ৩৮০ ॥

টীকা—ততশ্চ যদুক্তং 'একাদশী দ্বাদশী চ রাত্রি-শেষে ত্রয়োদশী। উপবাসং ন কুর্ব্বীত পুত্র-পৌত্র-সমন্বিতঃ ॥' ইতি। তৎ পরিহরতি—ত্রিস্পৃশেতি। কামী ধনপুত্রাদিকামযুক্তঃ। অকামো বৈষ্ণবঃ। তত্র হেতুঃ—বিষ্ণুতৎপর ইতি। যদ্বা, অকামশ্চ মুমুক্ষুঃ,

বিষ্ণুতৎপরশ্চ বৈষ্ণবঃ, এবং সর্ব্বেষামেব তত্রোপবাসো বিহিতঃ। এতদেব ব্রহ্মহত্যাং ব্যপোহতীত্যাদিনা সর্ব্বদুঃখদোষমূলপাপনিরসনোক্ত্যা তথা 'তত্র ক্রতুশতং পুণ্যম্' ইত্যাদিনা সর্ব্বসুখমঙ্গলহেতুপুণ্যোৎপাদনোক্ত্যা চ প্রতিপাদিতমিতি দিক্ ॥৩৮০॥

———

স্কান্দে—

একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
উপোষ্যা চ প্রযত্নেন মহাপুণ্যবিবর্দ্ধিনী ॥ ৩৮১ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—একাদশী, দ্বাদশী ও রাত্রিশেষে ত্রয়োদশী এই ত্রিস্পৃশা মহাদ্বাদশী মহাপুণ্য বৃদ্ধিকারিণী যত্নসহ উপবাস কর্ত্তব্য ॥ ৩৮১ ॥

———

কিঞ্চ

একাদশীকলাযুক্তা দ্বাদশী ক্ষীয়তে যদা।
উপোষ্যা চ মহাপুণ্যা সর্ব্বপাপহরা তিথিঃ ॥ ৩৮২ ॥

অনুবাদ—আরও—যে দিন একাদশী কলা যুক্ত, দ্বাদশী ক্ষয় প্রাপ্ত, সেই সর্ব্বপাপহরা মহাপুণ্যা তিথি উপবাস কর্ত্তব্যা ॥ ৩৮২ ॥

———

সুমন্তুস্মৃতৌ—

একাদশীকলাযুক্তা দ্বাদশী লুপ্যতে যদা।
একাদশী তদোপোষ্যা দ্বিতীয়া
মোক্ষকাঙ্ক্ষিভিঃ ॥ ৩৮৩ ॥

অনুবাদ—সুমন্তুস্মৃতিতে—একাদশী কলাযুক্ত দ্বাদশী যখন ক্ষয়প্রাপ্ত হয়, ঐ একাদশীযুক্তা দ্বাদশী মোক্ষকামীগণও উপবাস করিবেন ॥ ৩৮৩ ॥

———

ভবিষ্যে—

একাদশী-কলাপ্যেকা দ্বাদশী সকলং দিনম্।
ত্রয়োদশী উষাকালে বৈষ্ণবন্তু দিনত্রয়ম্।
সর্ব্বপাপহরং প্রাপ্তং তদুপোষ্যমিতি স্মৃতিঃ ॥ ৩৮৪॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—একাদশী এককলা থাকিয়া সমগ্র দিন দ্বাদশী, উষাকালে ত্রয়োদশী, এই ত্রিস্পৃশাতে বিষ্ণুর অধিষ্ঠানহেতু সর্ব্বপাপহর তিথি পাইলে উপবাস কর্ত্তব্য, ইহা স্মৃতি সম্মত ॥ ৩৮৪ ॥

———

পাদ্মে চ—

দ্বাদশীসংযুতা যত্র ভবত্যেকাদশীকলা।
দিনক্ষয়েঽপি যা পুণ্যা ন দশম্যা কদাচন ॥ ৩৮৫ ॥

অনুবাদ—পদ্মপুরাণেও—যে দিনে দ্বাদশী সংযুক্তা একাদশী কলা তাহা দ্বাদশী ক্ষয়ে সংগঠিতা হইলেও পুণ্যপ্রদা, দশমী মিলিতা কখনও পবিত্রা নহে ॥ ৩৮৫ ॥

———

ত্রিস্পৃশৈকাদশী যত্র তত্র সন্নিহিতো হরিঃ।
পুণ্যং ক্রতুশতস্যোক্তং ত্রয়োদশ্যান্তু পারণম্ ॥ ৩৮৬॥

অনুবাদ—ত্রিস্পৃশা (একাদশী) দ্বাদশী যে দিন, সেই দিন শ্রীহরির অধিষ্ঠানহেতু উহাতে শত যজ্ঞের পুণ্য বলা হইয়াছে এবং ত্রয়োদশীতে পারণ ॥ ৩৮৬॥

———

দ্বারকামাহাত্ম্যে—

পুরা চৈকাদশী স্বল্পা অন্তে চৈব ত্রয়োদশী।
সম্পূর্ণা দ্বাদশী মধ্যে ত্রিস্পৃশা সা হরিপ্রিয়া ॥ ৩৮৭॥

অনুবাদ—দ্বারকামাহাত্ম্যে—প্রথমে অল্পা একাদশী, মধ্যে সম্পূর্ণা দ্বাদশী অন্তে ত্রয়োদশী, সেই ত্রিস্পৃশা শ্রীহরিপ্রিয়া ॥ ৩৮৭ ॥

———

ত্রিস্পৃশাং দ্বাদশীং প্রাপ্য কুরুতে পূর্ব্ববাসরম্।
তেনাত্মনন্ত কল্যাণং দগ্ধং পাপাগ্নিনা দৃঢ়ম্ ॥ ৩৮৮॥

ইতি ত্রিস্পৃশা।

অনুবাদ—যে ব্যক্তি ত্রিস্পৃশা দ্বাদশী প্রাপ্ত হইয়া পূর্ব্বদিনে ব্রত করে, সেই ব্যক্তি আত্মকল্যাণকে পাপাগ্নি দ্বারা দৃঢ়ভাবে দগ্ধ করে ॥ ৩৮৮ ॥ ইতি ত্রিস্পৃশা ॥ ৩৮৮ ॥

———

অথ পক্ষবৰ্দ্ধিনী

ব্রহ্মবৈবর্ত্তে ব্যাসোক্তৌ—

তিথিঃ সশল্যা পরিবর্জ্জনীয়া
ধর্ম্মার্থকামৈস্তু বুধৈর্মনুষ্যৈঃ।
বিহীনশল্যাপি বিবর্জ্জনীয়া
যদ্যগ্রতো বৃদ্ধিমুপৈতি পক্ষঃ ॥ ৩৮৯॥

অনুবাদ—অথ পক্ষবর্দ্ধিনী মহাদ্বাদশী ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণে শ্রীব্যাসদেবের উক্তিতে—বেধযুক্তা একাদশী তিথি ধর্ম্মার্থকামী ও জ্ঞানী মনুষ্য কর্ত্তৃক সর্ব্বভাবে বর্জ্জনীয়া, বেধ বিহীনা শুদ্ধা একাদশীও বর্জ্জনীয়া হয় যদি সম্মুখে পূর্ণিমা বা অমাবস্যা অহোরাত্র ব্যাপিয়া পরদিনে বৃদ্ধি প্রাপ্ত হয় ॥ ৩৮৯ ॥

টীকা—পক্ষবর্দ্ধিনীং লিখতি—তিথিরিতি দ্বাভ্যাম্। পক্ষ ইতি পক্ষান্তোঽমাবস্যা পূর্ণিমা বেত্যর্থঃ ॥৩৮৯॥

অন্যত্র চ—

দর্শশ্চ পৌর্ণমাসী চ সম্পূর্ণা বর্দ্ধতে যদি।
দ্বিতীয়েঽহ্নি নৃপশ্রেষ্ঠ সা ভবেৎ পক্ষবর্দ্ধিনী ॥৩৯০॥

অনুবাদ—অন্যত্রও অগ্রে অমাবস্যা ও পূর্ণিমা অহোরাত্র ব্যাপিয়া দ্বিতীয় দিনে যদি বৃদ্ধি পায়, হে মহারাজ! ঐ পক্ষের দ্বাদশী পক্ষবর্দ্ধিনী মহাদ্বাদশী ব্রত কর্ত্তব্যা ॥ ৩৯০ ॥

টীকা—তদেব স্পষ্টয়তি—সম্পূর্ণা সতী দ্বিতীয়েঽহ্নি প্রতিপদ্দিনে যদি বর্দ্ধতে ॥ ৩৯০ ॥

এবং মহত্যো দ্বাদশ্যশ্চতস্রো দর্শিতঃ ক্রমাৎ।
উন্মীলনী ব্যঞ্জুলী চ ত্রিস্পৃশা পক্ষবর্দ্ধিনী ॥ ৩৯১ ॥

অনুবাদ—পূর্ব্বোক্তরূপে ক্রমে উন্মীলনী, ব্যঞ্জুলী ত্রিস্পৃশা ও পক্ষবর্দ্ধিনী মহাদ্বাদশী চতুষ্টয় প্রদর্শিত হইল ॥ ৩৯১ ॥

টীকা—এতে চ মহাদ্বাদশীভেদা ইতি স্পষ্টতয়া লিখতি—এবমিতি, লিখিতশুদ্ধৈকাদশীত্যাগপ্রকারেণ ॥ ৩৯১ ॥

অপরাশ্চ চতস্রস্তা জ্ঞেয়া নক্ষত্রযোগতঃ।
জয়া চ বিজয়া চৈব জয়ন্তী পাপনাশিনী ॥ ৩৯২ ॥

অনুবাদ—অন্য চারিটি নক্ষত্রযোগ বশতঃ মহাদ্বাদশী জানিবেন, যথা—জয়া, বিজয়া, জয়ন্তী ও পাপনাশিনী ॥ ৩৯২ ॥

টীকা—নক্ষত্রে মহাদ্বাদশ্যঃ প্রসিদ্ধাঃ, তত্র লিখতি—অপরাশ্চেতি। তা মহাদ্বাদশ্যঃ ॥ ৩৯২ ॥

তত্র তত্র বিশেষশ্চ যোঽন্যঃ কৃষ্ণার্চ্চনাদিকঃ।
লেখ্যঃ সোঽগ্রে বিশেষেণ তত্তন্মুখ্যনিরূপণে ॥৩৯৩॥

অনুবাদ—সেই সেই প্রসঙ্গে আর যাহা বিশেষ শ্রীকৃষ্ণ অর্চ্চনাদি তাহাও অগ্রে এই গ্রন্থ মধ্যে সেই সেই বিষয় মুখ্যভাবে নিরূপণ প্রসঙ্গে বিশেষভাবে লেখা হইবে ॥ ৩৯৩ ॥

টীকা—ননু তত্র কেন নক্ষত্রেণ কতমা স্যাৎ, কেন বা পূজাদিবিশেষেণ তাসাং মহত্ত্বম্? তত্র লিখতি—তত্রেতি। উন্মীলন্যাদৌ জয়াদৌ চ বিশেষেণ অসাধারণতয়া, তাসাং মুখ্যং নিরূপণম্ অগ্রতো লেখ্যং তস্মিন্ ॥ ৩৯৩ ॥

অথ পূর্ব্বোপবাসাদি-সমাধানম্

এবং দ্বাদশ্যবৃদ্ধৌ চ পূর্ব্বোপোষ্যেতি যদ্বচঃ।
তথা ত্যাজ্যা ত্রিস্পৃশা চ
কৃষ্ণাপ্যেকাদশীতি যৎ ॥ ৩৯৪ ॥

অনুবাদ—অনন্তর পূর্ব্বপক্ষীয় বিদ্ধা উপবাসাদির সমাধান, পূর্ব্বপক্ষ—যেমন পারণ দিনে দ্বাদশী বৃদ্ধি না পাইলে একাদশী উপবাস কর্ত্তব্য এই বাক্য, ত্রিস্পৃশা একাদশী ত্যাজ্যা এবং কৃষ্ণা একাদশী ত্যাজ্যা ইত্যাদি যে সকল বাক্য ॥ ৩৯৪ ॥

তথা চ স্কান্দে—

পূর্ণা একাদশী ত্যাজ্যা বর্দ্ধতে দ্বিতয়ং যদি।
দ্বাদশ্যাং পারণালাভে পূর্ব্বৈব পরিগৃহ্যতে ॥ ৩৯৫ ॥

অনুবাদ—পূর্ব্বপক্ষ বাক্যগুলি যেমন স্কন্দপুরাণে—দ্বাদশী যদি বৃদ্ধি প্রাপ্ত হয়, তখনই পূর্ণা একাদশী ত্যাজ্যা, পারণে দ্বাদশী না থাকিলে একাদশীই ব্রতে গ্রহণীয় ॥ ৩৯৫ ॥

একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
ত্রিস্পৃশং তদহোরাত্রং নোপোষ্যং
তৎ সুতার্থিভিঃ ॥ ৩৯৬॥

অনুবাদ—একাদশী, দ্বাদশী ও রাত্রিশেষে ত্রয়োদশী, অহোরাত্র মধ্যে এই তিন তিথি স্পর্শ হইলে পুত্রার্থিগণ তাহাতে উপবাস করিবে না ॥ ৩৯৬ ॥

টীকা—এবং শুদ্ধাত্যাগে বৈষ্ণবানাং ব্রতনিশ্চয়-বচনানি সংগৃহ্যাধুনা তদ্বিরোধীন্যন্যান্যপি বচনানি ব্যবস্থাপয়ন্ লিখতি—এবমিতি, লিখিতবৈষ্ণব-ব্রত-নিশ্চয়-প্রকারেণ। দ্বাদশ্যা অবৃদ্ধৌ ত্রয়োদশীদিনে বৃদ্ধ্যভাবে সতি পূর্ব্বা একাদশী এবোপোষ্যেতি যদ্বচঃ, পূর্ণাপ্যেকাদশী ত্যাজ্যেত্যাদিবচনম্। তথেতি সমুচ্চয়ে। ত্রিস্পৃশৈকাদশী ত্যাজ্যেত্যর্থে একাদশী দ্বাদশী চেত্যাদিকং যদ্বচঃ, তথা কৃষ্ণৈকাদশ্যাপি ত্যাজ্যেত্যর্থে চ 'যথা শুক্লা তথা কৃষ্ণা' ইত্যাদি যদ্বচঃ, এতৎ সর্ব্বং বৈষ্ণবেতরান্ অবৈষ্ণবান্ গৃহস্থান্ প্রতি অন্যতামিত্যুরশ্লোকেনান্বয়ঃ। তত্তদ্বচনমেব লিখতি—পূর্ণেত্যাদিনা সদা গৃহীত্যন্তেন। দ্বিতয়ং একাদশী দ্বাদশী চ। পাঠান্তরে পরতঃ অগ্রে যদি বর্দ্ধতে একাদশ্যেব, দ্বাদশ্যাং পারণস্য ব্রতসমাপ্তিকালস্যালাভে চ সতি। অভাবে ইতি ক্বচিৎ পাঠঃ। এবঞ্চ দ্বাদশী-বৃদ্ধিরপেক্ষিতৈব। পূর্ব্বা এব একাদশী প্রথমদিনম্। পূর্ণেতি পাঠেঽপি স এবার্থঃ। অতএবোক্তং ভৃগুণাপি—'সম্পূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা। তত্রোপোষ্যা দ্বিতীয়া তু পরতো দ্বাদশী যদি॥' ইতি এতাদৃশান্যন্যানি বচনানি সন্তি, তানি চ বৈষ্ণবানামনুপাদেয়ত্বাৎ ন সংগৃহীতানি। এবমগ্রেঽপি জ্ঞেয়ম্। এবং দ্বাদশ্যবৃদ্ধৌ পূর্ব্বদিনোপবাসবচনং লিখিতম্, অধুনা পুত্রার্থিনাং গৃহস্থানাং ত্রিস্পৃশানুপবাসবচনং লিখতি—একাদশীতি ॥ ৩৯৪-৩৯৬ ॥

অতো বিষ্ণুধর্ম্মোত্তরে—

একাদশী যদা বৃদ্ধা দ্বাদশী চ ক্ষয়ং গতা।
ক্ষীণা সা দ্বাদশী জ্ঞেয়া নক্তং তত্র বিধীয়তে ॥৩৯৭॥

অনুবাদ—অতএব বিষ্ণুধর্ম্মোত্তরে—যে দিনে একাদশী বৃদ্ধি প্রাপ্ত হইয়া দ্বাদশী ক্ষয় যায়, সেই দ্বাদশীকে ক্ষীণা বলা হয়, সে স্থলে রাত্রিব্রত বিধান আছে ॥ ৩৯৭ ॥

স্কান্দে চ—

একাদশী কলা যত্র দ্বাদশী চ ক্ষয়ং গতা।
তত্র নক্তং প্রকুর্ব্বীত নোপবাসং গৃহাশ্রমী ॥ ৩৯৮ ॥

অনুবাদ—স্কন্দপুরাণেও—যে দিনে একাদশী এককলা দ্বাদশীও ক্ষয়প্রাপ্ত সে দিনে নক্ত ব্রত করিবে, গৃহাশ্রমী উপবাস করিবে না ॥ ৩৯৮ ॥

টীকা—সুতার্থিনাং ত্রিস্পৃশানুপবাসমেব তত্র নক্তং বিধানতঃ সাধয়তি—একাদশীতি দ্বাভ্যাম্। নক্তং নক্তভোজনং, তচ্চ কিঞ্চিৎ ফলাদিনৈব, ব্রতস্য নিত্যত্বাৎ। এতচ্চাগ্রে ব্যক্তং ভাবি ॥ ৩৯৭-৩৯৮ ॥

ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসংবাদে—

যথা শুক্লা তথা কৃষ্ণা দ্বাদশী মে সদা প্রিয়া।
শুক্লা গৃহস্থৈঃ কর্ত্তব্যা ভোগসন্তানবর্দ্ধিনী ॥ ৩৯৯ ॥

অনুবাদ—ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণ যুধিষ্ঠির সংবাদে—যেমন শুক্লা দ্বাদশী, তেমনই কৃষ্ণা দ্বাদশী আমার সর্ব্বদা প্রিয়া। শুক্লা ব্রত গৃহস্থগণ করিবেন, ভোগ ও সন্তান বৃদ্ধিকারিণী ॥ ৩৯৯ ॥

কিঞ্চ—

সংক্রান্ত্যাদ্যুপবাসেন পারণা ন যুধিষ্ঠির।
একাদশ্যাঞ্চ কৃষ্ণায়াং জ্যেষ্ঠঃ পুত্রো বিনশ্যতি ॥ ৪০০

অনুবাদ—আরও—হে যুধিষ্ঠির! সংক্রান্ত্যাদি উপবাসে পারণা না করিলে এবং কৃষ্ণা একাদশীতে উপবাসী থাকিলে জ্যেষ্ঠপুত্রের বিনাশ হয় ॥ ৪০০ ॥

কিঞ্চ—

শয়নী-বোধনী-মধ্যে যা কৃষ্ণৈকাদশী ভবেৎ।
সৈবোপোষ্যা গৃহস্থেন নান্যা কৃষ্ণা কদাচন ॥ ৪০১ ॥

অনুবাদ—আরও শয়নী একাদশী হইতে উত্থান একাদশী মধ্যে যে কৃষ্ণা একাদশী তাহাই গৃহস্থ কর্ত্তৃক উপবাস কর্ত্তব্য, অন্য সময় কৃষ্ণা উপবাস নিষিদ্ধ ॥ ৪০১ ॥

অতএব গোভিলঃ—

একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি।
বনস্থযতিধর্ম্মোঽয়ং শুক্লামেব সদা গৃহী ॥ইতি ॥৪০২

অনুবাদ—অতএব গোভিল বাক্য—উভয়পক্ষীয়

একাদশীতে ভোজন করিবে না, উহা বানপ্রস্থ ও যতি-গণের ধর্ম্ম, সর্ব্বদা গৃহী শুক্লা একাদশীতে উপবাস করিবে ॥ ৪০২ ॥

টীকা—অধুনা গৃহস্থানাং কৃষ্ণৈকাদশীত্যাগবচনানি লিখতি—যথেত্যাদিনা। শুক্লা গৃহস্থৈঃ কর্ত্তব্যেতি তথা 'কৃষ্ণায়াং জ্যেষ্ঠপুত্রো বিনশ্যতি' ইত্যাদিনা কামিনঃ পুত্রবতো গৃহস্থস্য কৃষ্ণৈকাদশ্যুপবাসো নিষিদ্ধঃ। তত্র চ চাতুর্ম্মাস্যাঃ কৃষ্ণৈকাদশ্যস্তেনাপি কর্ত্তব্যাঃ ইত্যাহ—শয়নীতি; শয়নীবোধন্যোরেকাদশ্যোর্ম্মধ্যে। 'শুক্লামেব সদা গৃহী' ইত্যনেন চ নৈবোপবাসো নিষিধ্যতে, ব্রতস্য নিত্যত্বাৎ, কিন্তু তত্র পূজাদিনিময়মবিশেষ এব নিষিধ্যতে। তচ্চ শ্রীকৃষ্ণদেবাচার্য্যবোপদেবাচার্য্যাদিভিরেব সবিস্তরঃ ব্যাখ্যাতমস্তীত্যতস্তথাত্র বৈষ্ণবকৃত্যলিখনেহনপেক্ষ্যত্বাচ্চ, কিন্তুদ্বিস্তারণেন ॥ ৩৯৯-৪০২ ॥

এতৎ সর্ব্বং তথান্যচ্চ বচনং বৈষ্ণবেতরান্।
গৃহস্থান্ পুত্রবিত্তাদি-তৎপরান্ প্রতি মন্যতাম্ ॥ ৪০৩

অনুবাদ—এই সকল বাক্য এবং এইরূপ অন্য বাক্য সকলও বৈষ্ণব ভিন্ন গৃহস্থ ও পুত্রবিত্তাদি পরায়ণ ব্যক্তিদের জন্য মনে করুন ॥ ৪০৩ ॥

টীকা—এতল্লিখিতং সর্ব্বং বচনম্; তথেতি সমুচ্চয়ে; তাদৃশং বা অন্যৎ মহাদ্বাদশ্যষ্টকং কাম্যমিত্যাদিপরঞ্চ যদ্বচনং, পুত্রবিত্তাদি-তৎপরানিত্যবৈষ্ণবলক্ষণম্। পূর্ব্বং শুক্রমায়া-কল্পিতত্বেন বিদ্ধোপবাস-বচনানাং সমাধানং কৃতম্। ইদানীঞ্চ বৈষ্ণবাবৈষ্ণবভেদব্যবস্থয়া কদাচিচ্চ দ্ধাত্যাগেন পরদিনোপবাসাদি-বিরোধিবচনানাং কৃতমিতি বিশেষঃ। তত্র চ যদ্যপি বিদ্ধোপবাসত্যাগে 'বৈষ্ণবেন ন কর্ত্তব্যং তদ্দিনৈকাদশীব্রতম্' ইত্যাদাবিবাত্র পরদিনোপবাসাদি-বচনেষু সর্ব্বেষু বিশেষতো বৈষ্ণব-শব্দা ব্যক্তো নাস্তি, তথাপি দ্বাদশ্যা মাহাত্ম্যবিশেষাৎ, তথা উন্মীলন্যাদিষু ফলবিশেষশ্রবণাৎ কুচিচ্চ 'তত্র সন্নিহিতো হরিঃ' ইত্যাদি, কুচিচ্চ 'বিষ্ণুতৎপরঃ' ইত্যাদি-শব্দবৃত্তেঃ। তথা শ্রীবিষ্ণুপ্রীণনত্বেন মহাদ্বাদশ্যষ্টকস্য বৈষ্ণবেষু নিত্যত্বাচ্চ বৈষ্ণবাবৈষ্ণব-ভেদেনৈব ব্যবস্থা সাধীয়সীতি মহতাং সম্মতমিতি দিক্। অতএবাগ্রে লেখ্যং—বৈষ্ণবসম্মতেতি ॥ ৪০৩ ॥

অতএবোক্তং মার্কণ্ডেয়পুরাণে—
সম্পূর্ণৈকাদশী যত্র পরতঃ পুনরেব সা।
পূর্ব্বামুপবসেৎ কামী নিষ্কামস্তুত্তরাং বসেৎ ॥ ৪০৪॥

অনুবাদ—অতএব মার্কণ্ডেয়পুরাণে উক্ত হইয়াছে—যেস্থলে সম্পূর্ণা একাদশী পরদিন পুনরায় কিঞ্চিৎ বৃদ্ধি প্রাপ্ত, কামী ব্যক্তি পূর্ব্বা একাদশী উপবাস করিবে, নিষ্কামব্যক্তি পরদিন উপবাস করিবে ॥৪০৪

টীকা—এবং পূর্ব্বোপবাসাদিকমবৈষ্ণববিষয়কং পরদিনোপবাসঞ্চ বৈষ্ণববিষয়কমিতি ব্যবস্থাপ্য লিখিতং, তদেব শ্রীমার্কণ্ডেয়াদ্যুক্তব্যবস্থয়া সাধয়তি—সংপূর্ণেতি চতুর্ভিঃ। কামী পুত্রাদিকামবান্ নিষ্কামশব্দেন গৃহস্থোঽপি গ্রাহ্যঃ, তস্যাপি নিষ্কামতাসম্ভবাৎ। অতএব স্কান্দাদৌ 'নিষ্কামস্তু সদা গৃহী' ইত্যাদি। অত্র চ কামিত্বেনাবৈষ্ণবত্বং নিষ্কামত্বেন চ বৈষ্ণবত্বং সুসিদ্ধমেব ॥ ৪০৪ ॥

ত্রিকাণ্ডমণ্ডলেন চ—
সম্পূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা।
উত্তরান্তু যতিঃ কুর্য্যাৎ পূর্ব্বামুপবসেদ্গৃহী ॥ ৪০৫॥

অনুবাদ—ত্রিকাণ্ড মণ্ডলেও—পূর্ব্বদিনে সম্পূর্ণা একাদশী, পরদিনে কিঞ্চিৎ বৃদ্ধি প্রাপ্তা, পরদিনে যদি উপবাস করিবেন, পূর্ব্বদিনে গৃহী উপবাস করিবে ॥ ৪০৫ ॥

টীকা—যতিরিব যতিঃ নিষ্কাম ইত্যর্থঃ। গৃহী সকাম ইত্যর্থঃ, লিখিতন্যায়াৎ। তত্র চ প্রায়ো যতেরেব নিষ্কামতয়া গৃহিণশ্চ সকামতয়া যতিগৃহিশব্দপ্রয়োগ ইতি দিক্ ॥ ৪০৫ ॥

স্কান্দে —
নিষ্কামস্তু গৃহী কুর্য্যাদুত্তরৈকাদশীং সদা।
প্রাতর্ভবতু বা মা বা দ্বাদশী চ দ্বিজোত্তম ॥ ৪০৬ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—নিষ্কাম গৃহী পরদিনে

একাদশী সর্ব্বদা উপবাস করিবে, হে দ্বিজবর! দ্বাদশী পারণ দিনে প্রাতে থাকুক বা না থাকুক ॥ ৪০৬ ॥

টীকা—প্রাতস্ত্রয়োদশীদিনে দ্বাদশী ভবতু বা, ন ভবতু বা, তথা উত্তরামেবৈকাদশীং নিষ্কামো গৃহস্থঃ সদা কুর্য্যাৎ, ন তু পূর্ব্বামিত্যর্থঃ ॥ ৪০৬ ॥

বিষ্ণুরহস্যে ব্যাসেনাপি—

শুদ্ধৈব দ্বাদশী রাজন্ উপোষ্যা মোক্ষকাঙ্ক্ষিভিঃ।
পারণন্তু ত্রয়োদশ্যাং পূজয়িত্বা জনার্দ্দনম্ ॥ ৪০৭ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে ব্যাসদেবও—হে রাজন্ মোক্ষকামীগণ শুদ্ধা দ্বাদশীই উপবাস করিবেন। ত্রয়োদশীতে শ্রীজনার্দ্দনের পূজা করিয়া পারণ করিবেন ॥ ৪০৭ ॥

টীকা—মোক্ষো জন্মমরণাদি-সংসারবন্ধতো মুক্তিঃ; যদ্বা, মোক্ষয়তীতি মোক্ষঃ শ্রীবিষ্ণুঃ; যদ্বা, অকারবিশ্লেষেণ অমোক্ষং ভগবৎপ্রেম, তদাকাঙ্ক্ষাবদ্ভিঃ। জনার্দ্দনং পূজয়িত্বেতি বৈষ্ণবতীথের্দ্বাদশ্যা অভাবে তস্যাং পারণে কৃতস্য ভগবৎপূজাবিশেষস্য ত্রয়োদশ্যামপি বিধানাক্ত্যা সন্দেহো নিরস্তঃ ॥ ৪০৭ ॥

তাদৃশোঽপি গৃহস্থোঽত্র পরং পুত্রাদি-কামুকঃ।
উপবাসস্য নিত্যত্বাৎ কিঞ্চিদ্ভক্ষ্যং প্রকল্পয়েৎ ॥৪০৮॥

অনুবাদ—পুত্রাদিকামী বৈষ্ণব গৃহস্থও উপবাসের নিত্যতাহেতু কিঞ্চিৎ ফল-মূলাদি অনুকল্প গ্রহণ করিবেন ॥ ৪০৮ ॥

টীকা—ননু 'নক্তং তত্র বিধীয়তে' ইত্যাদিনা পুত্রবতঃ কামিনো গৃহস্থস্য নক্তং বিহিতং, তস্যাপি কথং তৎ সঙ্গচ্ছতাং 'ন ভোক্তব্যম্, ন ভোক্তব্যম্' ইত্যাদিনাধিকারনির্ণয়ে সর্ব্বেষামেব ভোজননিষেধাৎ? সত্যম্ তেনাপি কথঞ্চিদবশ্যং ব্রতং পরিপালনীয়মেবেতি লিখতি—তাদৃশঃ অবৈষ্ণবোঽপি, অতএব পরং কেবলং পুর্ব্বাদিকামুকঃ। ত্রিস্পৃশা-দিনে কিঞ্চিদ্‌পয়োমূলফলাদিকং বা ভক্ষ্যং প্রকল্পয়েৎ, আহারং কুর্য্যাৎ, তচ্চ পুর্ব্বং লিখিতমেব ॥ ৪০৮ ॥

তদুক্তম্—

উপবাসনিষেধে তু কিঞ্চিদ্ভক্ষ্যং প্রকল্পয়েৎ।
নো দুষ্যত্যুপবাসোঽত্র উপবাসফলং লভেৎ ॥
ইতি ॥ ৪০৯ ॥

অনুবাদ—তাহাই বলা হইয়াছে—উপবাস নিষেধের তাৎপর্য্য নিরম্বু উপবাস না, কিঞ্চিৎ ফল-মূলাদি অনুকল্প গ্রহণ করিবে। ইহাতে উপবাস দূষিত হয় না, উপবাসের ফল পাওয়া যায় ॥ ৪০৯ ॥

টীকা—অতঃ কিঞ্চিদ্‌ভক্ষ্যপ্রকল্পনাদ্ধেতোরুপবাসো ন দুষ্যতি, উপবাসফলঞ্চ লভেদিতি ॥ ৪০৯ ॥

ইত্থং শাস্ত্রবিচারেণ শিষ্টাচারানুসারতঃ।
একাদশী-ব্যবস্থেয়ং কৃতা বৈষ্ণবসম্মতা ॥ ৪১০ ॥

অনুবাদ—এইভাবে শাস্ত্র বিচার দ্বারা শিষ্টাচার অনুসারে বৈষ্ণবসম্মতা একাদশী ব্রত ব্যবস্থা ইহা লিখিত হইল ॥ ৪১০ ॥

টীকা—এবং বৈষ্ণবাবৈষ্ণবভেদেন ব্যবস্থাং লিখিত্বা নির্ণয়প্রকরণমুপসংহরন্ লিখতি—ইত্থমিতি। শাস্ত্রবিচারেণ, যঃ শিষ্টানামাচারস্তদনুসারেণ। যদ্বা, ন কেবলং শাস্ত্রবিচারেণ, কিন্তু শিষ্টাচারানুসারতশ্চ। বৈষ্ণবানাং সম্মতেত্যনেন বৈষ্ণবেতরাণাং কামিনাং গৃহিণাং বিদ্ধায়ামপ্যুপবাসস্তথা একাদশী-দ্বাদশ্যোর্বৃদ্ধ্যোব সম্পূর্ণৈকাদশীত্যাগঃ, তথা ত্রিস্পৃশায়াং চাতুর্ম্মাস্যবত্তি-ব্যতিরিক্ত কৃষ্ণৈকাদশ্যাঞ্চানুপবাসো ব্যবস্থাপিতঃ। তচ্চ সংক্ষেপেণাদৌ লিখিতমেব, বৈষ্ণবানামনুপাদেয়ত্বাচ্চাত্র বিস্তরেণ নালেখীতি ॥৪১০

বিদ্বাংসোঽপ্যত্র মূঢ়াঃ স্যুর্বিনা কৃষ্ণপ্রসাদতঃ।
অতঃ সদাসৌ নির্ধার্য্যা পৃষ্ট্বা ভাগবতোত্তমান্ ॥৪১১॥

অনুবাদ—এই শ্রীএকাদশী ব্রত ব্যবস্থা বিষয়ে শ্রীকৃষ্ণের কৃপা ব্যতীত শাস্ত্রজ্ঞ বিদ্বান্‌গণও শুক্রমায়া দ্বারা মোহপ্রাপ্ত হন, অতএব সর্ব্বদা উত্তম ভাগবতগণকে জিজ্ঞাসা করিয়া এই উপবাস নির্ধারণ কর্ত্তব্য ॥ ৪১১ ॥

টীকা—অত্র একাদশী-ব্যবস্থায়াং বিদ্বাংসঃ শাস্ত্রবিদোঽপি বিমূঢ়াঃ স্যুঃ শুক্রমায়াদিনা। তচ্চ

ভগবদনুগ্রহাভাবাদেবেতি লিখতি—বিনেতি। অসৌ ব্যবস্থা একাদশী বা ॥ ৪১১ ॥

তথা চ মার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্ন সংবাদে—
**দ্বাদশ্যা নির্ণয়ে ভূপ মূঢ়মত্র জগত্রয়ম্।
অত্র মূঢ়া মহীপাল প্রায়শো যে নরাঃ পুরা ॥ ৪১২ ॥**

অনুবাদ—ঐরূপ মার্কণ্ডেয় ইন্দ্রদ্যুম্ন সংবাদে—হে মহীপাল! এবিষয়ে প্রাচীন দৈত্য-প্রকৃতি মানবগণ প্রায়শই মোহ প্রাপ্ত ছিলেন ॥ ৪১২ ॥

টীকা—পুরা প্রাচীনা অপি নরাঃ, কিমুতার্ব্বাচীনা ইত্যর্থঃ। নরাসুরা ইতি পাঠে নররূপা অসুরা দৈত্যপ্রকৃতয়ো মানুষা ইত্যর্থঃ ॥ ৪১২ ॥

অতএব সৌরধর্ম্মোত্তরে—
**মহাপুণ্যতমা হ্যেষা দ্বাদশী ফলতোঽধিকা।
শোধয়িত্বা সদা কার্য্যা সম্যগ্ দৈবজ্ঞসত্তমৈঃ ॥৪১৩॥**

অনুবাদ—অতএব সৌরধর্ম্মোত্তরে—এই মহাপুণ্যতমা দ্বাদশী অধিক ফলপ্রদা। অতএব দৈবজ্ঞ সত্তমগণের সহিত সর্ব্বদা সম্পূর্ণ শোধন করিয়া ব্রত কর্ত্তব্য ॥ ৪১৩ ॥

টীকা—দৈবজ্ঞসত্তমৈর্গণকশ্রেষ্ঠৈর্দ্বারভূতৈঃ সম্যক্ শোধয়িত্বা ॥ ৪১৩ ॥

অথ সন্দেহ নিরসন-বিধিঃ

বিষ্ণুরহস্যে শ্রীব্রহ্মোক্তৌ—
**অর্চ্চয়ন্তি সদা বিষ্ণুং মনোবাক্কায়কর্ম্মভিঃ।
তেষাং হি বচনং কার্য্যং তে হি
বিষ্ণুসমা মতাঃ ॥ ৪১৪ ॥**

অনুবাদ—অতঃপর সন্দেহ নিরসন বিধি বিষ্ণুরহস্যে শ্রীব্রহ্মার উক্তিতে—যাঁহারা সর্ব্বদা কায়মনোবাক্যে ও আচরণে শ্রীবিষ্ণুর অর্চ্চন করেন, তাঁহাদেরই বাক্য অনুসরণ কর্ত্তব্য, তাঁহারাই শ্রীবিষ্ণুর সমান বলিয়া সম্মতা ॥ ৪১৪ ॥

টীকা—অত্র চ গণকানাং ব্যবস্থাপকানাঞ্চ শাস্ত্রবিদাং বহূনাং বিবাদেন সন্দেহে সতি শ্রীভগবদ্ভক্তিপরাণাং বচনেনৈব ব্যবহর্ত্তব্যং ন ত্বন্যেষামিতি লিখতি—অর্চ্চয়ন্তীত্যাদিনা যাবৎসমাপ্তি। অর্চ্চয়ন্তি সেবন্তে, মনোবাক্কায়ানাং কর্ম্মভিশ্চেষ্টাভিঃ, স্মরণ-কীর্ত্তন-পরিচর্য্যাদিভিরিত্যর্থঃ ॥ ৪১৪ ॥

কৌর্ম্মে শ্রীভগবদুক্তৌ—
**সংপৃষ্টা বৈষ্ণবান্ বিপ্রান্ বিষ্ণুশাস্ত্রবিশারদান্।
চীর্ণব্রতান্ সদাচারাংস্তদুক্তং যত্নতশ্চরেৎ ॥ ৪১৫ ॥**

অনুবাদ—কূর্ম্মপুরাণে শ্রীভগবৎ উক্তিতে—বৈষ্ণবশাস্ত্র বিশারদ, বেদজ্ঞ বৈষ্ণব ব্রাহ্মণগণকে জিজ্ঞাসা করিয়া ব্রতসমূহ ও সদাচারসমূহ তাঁহার উক্তি অনুসারে যত্নপূর্ব্বক আচরণ করিবে ॥ ৪১৫ ॥

টীকা—সংপৃচ্ছ্যেতি বক্তব্যে সংপৃষ্টেত্যার্ষম্। চীর্ণব্রতান্—সমাপিতস্বনিয়মান্ ॥ ৪১৫ ॥

পাদ্মে বৈষ্ণবতন্ত্রে—
**ইতিহাসপুরাণজ্ঞাঃ স্মৃতিসিদ্ধান্তবেদিনঃ।
বাসুদেবপ্রিয়া যে চ তদুক্তং বৈদিকং ভবেৎ ॥৪১৬॥**

অনুবাদ—পদ্মপুরাণে ও বৈষ্ণবতন্ত্রে—যাঁহারা মহাভারতাদি ইতিহাস ও পুরাণশাস্ত্র বিশারদ, স্মৃতি-সিদ্ধান্ত বিদ, আর যাঁহারা বাসুদেব শ্রীকৃষ্ণের প্রিয়জন, তাঁহাদের বচন বেদবাক্য সদৃশ ॥ ৪১৬ ॥

টীকা—বৈদিকং বেদোক্তমিব ॥ ৪১৬ ॥

অথ তত্র বর্জ্জ্যম্

বিষ্ণুরহস্যে কৌর্ম্মে চ—
**যেষাং ন কারণং বেদা ন বিপ্রা ন জনার্দ্দনঃ।
তন্ত্রাণি ধর্ম্মশাস্ত্রাণি তেষাং বাক্যং বিবর্জ্জয়েৎ ॥৪১৭**

অনুবাদ—অনন্তর ঐ বিষয়ে বর্জ্জনীয় বিষ্ণুরহস্যে ও কূর্ম্মপুরাণে—যাহাদের বেদ, বেদজ্ঞ ব্রাহ্মণ, শ্রীভগবান্ বিষ্ণু, পঞ্চরাত্রাদি আগমশাস্ত্র ও মন্বাদি ধর্ম্মশাস্ত্র প্রমাণ নহে তাহাদের বাক্য বর্জ্জনীয় ॥৪১৭

টীকা—বেদাদয়ো ন কারণং প্রমাণম্; তন্ত্রাণি আগমশাস্ত্রাণি ॥ ৪১৭ ॥

বৈষ্ণবতন্ত্রে—

যেষাং গুরৌ ন জপ্যে বা বিষ্ণৌ চ পরমাত্মনি।
নাস্তি ভক্তিঃ সদা তেষাং বচনং পরিবর্জ্জয়েৎ ॥৪১৮

অনুবাদ—বৈষ্ণবতন্ত্রে—যাহাদের শ্রীগুরুদেবে, জপ্যমন্ত্রে, শ্রীবিষ্ণুতে, অন্তর্য্যামি পরমাত্মাতে ভক্তি নাই, তাহাদের বাক্য সর্ব্বদা পরিবর্জ্জনীয় ॥ ৪১৮ ॥

টীকা—জপ্যে মন্ত্রে ॥ ৪১৮ ॥

স্কান্দে —

যেষাং বিশ্বেশ্বরে বিষ্ণৌ শিবে ভক্তি র্ন বিদ্যতে।
ন তেষাং বচনং গ্রাহ্যং ধর্ম্মনির্ণয়সিদ্ধয়ে ॥ ৪১৯ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—যাঁহাদের সর্ব্বেশ্বরেশ্বর পরমমঙ্গলময় শ্রীবিষ্ণুতে, অথবা বৈষ্ণবশ্রেষ্ঠ শ্রীশিবে ভক্তি নাই, ধর্ম্ম নির্ণয় বিচারে তাহাদের বচন গ্রাহ্য নহে ॥ ৪১৯ ॥

টীকা—শিবে পরমমঙ্গলস্বরূপে ; যদ্বা, শিবে চ শ্রীরুদ্রে ॥ ৪১৯ ॥

কিঞ্চ—

পঞ্চরাত্র-পুরাণানি সেতিহাসানি মানবাঃ।
যে বিনিন্দন্তি তেষাং বৈ বচনং পরিবর্জ্জয়েৎ ॥৪২০॥

অনুবাদ—আরও—পঞ্চরাত্র, পুরাণসমূহ মহাভারতসহ মন্বাদি ধর্ম্মশাস্ত্রকে যাহারা নিন্দা করে, তাহাদের বচন পরিবর্জ্জনীয় ॥ ৪২০ ॥

টীকা—ইতিহাসা মহাভারতাদয়স্তৎসহিতানি ॥ ৪২০ ॥

অতএব যাজ্ঞবল্কঃ—

পুরাণং পঞ্চরাত্রঞ্চ বেদাঃ পাশুপতাস্তথা।
অতি প্রমাণান্যেতানি ন হন্তব্যানি হেতুভিঃ ॥ ৪২১ ॥

ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিতে শ্রীভগবদ্ভক্তি-
বিলাসে একাদশী-নির্ণয়ো নাম
দ্বাদশো বিলাসঃ ॥

অনুবাদ—অতএব যাজ্ঞবল্ক্যবচন—পুরাণ, পঞ্চরাত্র, বেদসমূহ ও পাশুপতশাস্ত্র এই সকল অতিশয় প্রমাণ শাস্ত্রসমূহকে কুতর্ক বিলসিত হেতুবাদ দ্বারা খণ্ডন করিবে না ॥ ৪২১ ॥

ইতি শ্রীগোপাল ভট্ট বিলিখিত শ্রীভগবদভক্তি-বিলাসে একাদশী নির্ণয় নামক দ্বাদশ বিলাস ॥ ১২॥

টীকা—হেতুভিঃ কুতর্ক-বিজৃম্ভিত-হেতুবাদৈর্ন হন্তব্যানি ন খণ্ডয়িতব্যানি ॥ ৪২১ ॥

॥ ইতি শ্রীভগবদ্ভক্তিবিলাস-টীকায়াং দিগ্দর্শিন্যাং
দ্বাদশো বিলাসঃ ॥

ত্রয়োদশ-বিলাসঃ

বন্দে চৈতন্যদেবং তং কৃষ্ণং নিত্যনবোৎসবম্।
যস্য প্রসাদাৎ সিধ্যন্তি দীনস্যাপি মহোৎসবাঃ ॥ ১ ॥

অনুবাদ—ভক্তবৃন্দের নিত্য নবনবায়মান আনন্দোৎসব উদিত হয় যাঁহা হইতে সেই প্রসিদ্ধ শ্রীকৃষ্ণ অভিন্ন শ্রীচৈতন্যদেবকে বন্দনা করি। যাঁহার প্রসন্নতার ফলে দীনজনেরও মহোৎসব সমূহ সিদ্ধ হয় ॥১॥

টীকা—

যস্য শক্ত্যংশলাভেন ব্রহ্মাদেরপি শক্তয়ঃ।
তাস্তা বিভান্তি তং বন্দে সর্ব্বশক্তিপ্রদং বিভুম্ ॥

এবমেকাদশীব্রতং নির্ণীয়াধুনা দশম্যাদিকৃত্য-মহোৎসবপ্রকরণং লিখন্, তল্লিখনাদি-মহোৎসব-সিদ্ধয়ে ভগবন্তং প্রণমতি—বন্দে ইতি। নিত্যং নবনবোৎসবো ভক্তানাং যস্মাত্তং, যদ্বা, প্রতিক্ষণ-নূতনোৎসবরূপম্ ॥ ১ ॥

অথোপবাসপূর্ব্বদিনকৃত্যম্

প্রাতঃস্নানাদিকং কৃত্বা সুবেশো ধৌতবস্ত্রকঃ।
ব্রতং সঙ্কল্প্য কুর্ব্বীত বৈষ্ণবৈশ্চ মহোৎসবম্ ॥ ২ ॥

অনুবাদ—অনন্তর উপবাসের পূর্ব্বদিন দশমীকৃত্য—প্রাতঃস্নান সন্ধ্যা-উপাসনাদি ক্ষৌর কর্ম্ম দ্বারা সুবেশ ও ধৌত বস্ত্র ধারণ পূর্ব্বক ব্রত সঙ্কল্প করিয়া বৈষ্ণবগণের সহিত মহোৎসব করিবেন ॥ ২ ॥

সঙ্কল্পমন্ত্রঃ

দশমীদিনমারভ্য করিষ্যেঽহং ব্রতং তব।
ত্রিদিনং দেবদেবেশ নির্ব্বিঘ্নং কুরু কেশব ॥ ৩ ॥

অনুবাদ—সঙ্কল্পমন্ত্র—হে দেবদেবেশ ব্রহ্মাদি দেবগণেরও পরমেশ্বর! দশমীদিন হইতে দিবসত্রয় ব্যাপি তোমার ব্রত আমি করিব, হে কেশব! তুমি নির্বিঘ্নে সম্পাদন কর ॥ ৩ ॥

টীকা—প্রাতঃসময়ে স্নানম্, আদি-শব্দেন সন্ধ্যোপাসনাদি নিত্যকৃত্যঞ্চ, সর্ব্বং সম্পাদ্য। সুবেশ ইতি বৈষ্ণবানাং দশম্যাং ক্ষৌরকর্ম্মাদিবিধানাৎ। ক্ষৌরকর্ম্মাবসরশ্চ রত্নমালায়াম্—'ভুক্তাভুক্তনিরাসনৈশ্চ সমর-গ্রামান্তরপ্রস্থিতৈঃ, স্নাতৈর্নো নবমেঽহনীতি বিবুধাঃ ক্ষৌরং হি কার্য্যং জগুঃ। দীক্ষাবন্ধবিমোক্ষমৃত্যুসময়োদ্বাহেষু ভূপাজ্ঞয়া, বিপ্রাণামখিলেষু তেষু কথিতং ক্ষৌরং শুভং সূরিভিঃ ॥' ইতি; যচ্চ স্মৃতৌ—'উষ্ণোদকং তথাভ্যঙ্গং শয্যাবপনমৈথুনম্। বর্জ্জয়েত্তানি যত্নেন দশম্যাদিদিনত্রয়ে ॥' ইতি, তচ্চাবৈষ্ণববিষয়কমিতি জ্ঞেয়ম্। তথা ধৌতং বস্ত্রং যস্য যেন বেতি চ, বস্ত্রাদিপ্রক্ষালনাৎ। বৈষ্ণবৈঃ কৃত্বা সহেতি বা। মহোৎসবনির্বর্ত্তনপ্রকারশ্চ পূর্ব্বলিখিতেনাগ্রে লেখ্যেন চ তথা সর্ব্বঃ সদাচারেণাপি প্রসিদ্ধ এব। যদ্বিশেষতঃ শ্রীভগবন্মন্দিরং সংমার্জ্জন্যাদিনা সংস্কৃত্য ধ্বজপতাকাদিভিরলঙ্কৃত্য চ ভগবন্তং সিংহাসনোত্তমে সুখমুপবেশ্য মহাপূজাং বিধায় ভক্ত্যা বৈষ্ণবানাহূয় সম্মান্য নৃত্যগীতাদিকং বিনিষ্পাদয়েদিতি ॥ ৩ ॥

তত্র চাস্পৃশ্য-স্পর্শেঽপি ন স্নানম্

বিষ্ণুস্মৃতৌ—

উৎসবে বাসুদেবস্য স্নায়াদ্‌যোঽশুচিশঙ্কয়া।
তাদৃশং কশ্মলং দৃষ্ট্বা সবাসা জলমাবিশেৎ ॥
ইতি ॥ ৪ ॥

অনুবাদ—ঐরূপ শ্রীভগবানের উৎসবকালে অস্পৃশ্য স্পর্শেতেও স্নান কর্ত্তব্য নহে। এ বিষয়ে বিষ্ণুস্মৃতিতে—শ্রীবাসুদেবের উৎসবকালে অশুচি-স্পর্শ শঙ্কা করিয়া যে ব্যক্তি স্নান করিবে, ঐরূপ পাপীকে দেখিয়া সবস্ত্র অবগাহন করিবে ॥ ৪ ॥

স্তুত্বাঽথ বহুধা কৃষ্ণং ঘোষয়েন্নিয়মান্বিতম্।
শ্রীরুক্মাঙ্গদ-মত্তেভপটহোদ্‌ঘোষিতং বচঃ ॥ ৫ ॥

অনুবাদ—অনন্তর শ্রীকৃষ্ণকে বিচিত্র গদ্যপদ্যাদি পাঠ দ্বারা স্তুতি করিয়া শ্রীরুক্মাঙ্গদ মহারাজ কৃত মত্তহস্তির পৃষ্ঠে আরোহণ পূর্ব্বক বৃহৎ ঢক্কাবাদ্যসহ ঘোষিত দিনত্রয়ব্যাপি ব্রতের নিয়মসমূহ যুক্ত বাক্য ঘোষণা করিবে ॥ ৫ ॥

টীকা—অথ মহোৎসবানন্তরং বহুধা বিচিত্রগদ্যপদ্যাদিপাঠেন স্তুত্বা, শ্রীরুক্মাঙ্গদস্য মত্তেভস্তস্মিন্ পটহো বাদ্যভাণ্ডবিশেষস্তেন, যদ্বা, শ্রীরুক্মাঙ্গদেন প্রয়োজকেন নিজমত্তেভপটহেন কৃত্বা উদ্‌ঘোষিতম্ উচ্চৈঃ শব্দিতং যদ্বচঃ বাক্যং তৎ ঘোষয়েৎ, শ্রাবয়েৎ। নিয়মৈর্দ্দশম্যাদিকৃত্যৈরগ্রে লেখ্যৈরন্বিতমিতি নিয়মাংশ্চ ঘোষয়েদিত্যর্থঃ ॥ ৫ ॥

তদা হি নারদীয়ে—

প্রাতর্হরিদিনং লোকাস্তিষ্ঠধ্বং চৈকভোজনাঃ।
অক্ষারলবণাঃ সর্ব্বে হবিষ্যান্ননিষেবিণঃ ॥ ৬ ॥

অনুবাদ—তাহাই নারদীয়পুরাণে—হে মানবগণ! আকামীকল্য শ্রীহরিবাসরব্রত, অদ্য দশমী দিনে সকলে ক্ষার ও লবণ বর্জ্জিত হবিষ্যান্ন একবার ভোজন করিয়া অবস্থান কর ॥ ৬ ॥

অবনীতল্পশয়নাঃ প্রিয়াসঙ্গবিবর্জ্জিতাঃ।
স্মরধ্বং দেবমীশানং পুরাণং পুরুষোত্তমম্।
সকৃদ্ভোজনসংসক্তা দ্বাদশ্যাঞ্চ ভবিষ্যথ ॥ ৭ ॥

অনুবাদ—এই দিবসত্রয় ভূমিশয্যায় শয়ন, স্ত্রীসঙ্গ বর্জ্জিত হইয়া সর্ব্ব নিয়ন্তা পুরাণ পুরুষোত্তম

শ্রীকৃষ্ণকে স্মরণ কর। দ্বাদশী দিনেও একবার ভোজন করিয়া অবস্থান কর ॥ ৭ ॥

কিঞ্চ—

বরং স্বমাতৃগমনং বরং গোমাংসভক্ষণম্ ।
বরং হত্যা সুরাপানং নৈকাদশ্যান্তু ভোজনম্ ॥ ৮ ॥

অনুবাদ—আরও—পরকালে পাপ ও এইকালে নিন্দিত কার্য্য—স্বমাতৃগমন, গো-মাংস ভক্ষণ, হত্যা-কার্য্য ও মদ্যপানাদি কর্ম্ম হইতেও অতি নিন্দিত পাপমূল একাদশীতে অন্নভোজন, সুতরাং একাদশীতে অন্নভোজন করিবে না ॥ ৮ ॥

অথ ক্ষারাঃ

তিলমুদ্গাদৃতে শস্যং শম্যং গোধূম-কোদ্রবাঃ ।
চণকং দেবধান্যঞ্চ এষ ক্ষারগণঃ স্মৃতঃ ॥ ৯ ॥

অনুবাদ—অতঃপর ক্ষারদ্রব্যসমূহ লিখিত হইতেছে—তিল-মুগ-ভিন্ন শস্য, শমীধান্য, গোধূম, কোদো চণক, দেবধান্য—এই সকল ক্ষারগণ জানিবে ॥ ৯ ॥

অথ হবিষ্যাণি

হৈমান্তিকং সিতাস্বিন্নং ধান্যং মুদ্গা যবাস্তিলাঃ ।
যৎকিঞ্চিৎ ক্রিয়তে পাপং কোটিজন্মানি মানবৈঃ।
কৃষ্ণস্য জাগরে সর্ব্বং রাত্রৌ দহতি পার্ব্বতি ॥১৮২॥

অনুবাদ—হে পার্ব্বতি! মানবগণ কোটি জন্ম ব্যাপিয়া যত কিছু পাপ করে, শ্রীহরিবাসরে নিশি-জাগরণে সকল পাপই দগ্ধ হয় ॥ ১৮২ ॥

টীকা—দহ্যতে পার্ব্বতীতি পাঠে দহ্যতে স্বয়মেব নশ্যতীত্যর্থঃ ॥ ১৮২ ॥

———

শালগ্রামশিলাগ্রে তু যে কুর্ব্বন্তি হি জাগরম্।
যামে যামে ফলং প্রোক্তং কোট্যৈন্দবসমুদ্ভবম্ ॥১৮৩

অনুবাদ—যাঁহারা শালগ্রাম শিলার সম্মুখে জাগরণ করেন, প্রহরে প্রহরে কোটি চান্দ্রায়ণের ফল তাঁহাদের উক্ত হইয়াছে ॥ ১৮৩ ॥

টীকা—ঐন্দবং চান্দ্রায়ণম্ ॥ ১৮৩ ॥

———

কামার্থসম্পদঃ পুত্রাঃ কীর্ত্তির্লোকশ্চ শাশ্বতঃ।
যজ্ঞাযুতৈর্ন লভ্যেত দ্বাদশীজাগরং বিনা ॥ ১৮৪ ॥

অনুবাদ—দ্বাদশী জাগরণ ব্যতীত সহস্র যজ্ঞ-দ্বারাও ভোগ, অর্থ, সম্পদ, বহুপুত্র, কীর্ত্তি, নিত্যধাম পাওয়া যায় না ॥ ১৮৪ ॥

———

যাবৎ পদানি কুরুতে কেশবায়তনং প্রতি।
অশ্বমেধসমানি স্যুর্জাগরার্থং প্রগচ্ছতঃ ॥ ১৮৫ ॥

অনুবাদ—শ্রীহরিবাসর জাগরণের জন্য শ্রীকেশব-মন্দিরে গমন কালে প্রতিপদে অশ্বমেধ-সম পুণ্য হয় ॥ ১৮৫ ॥

পাদয়োঃ পতিতং যাবদ্ধরণ্যাং পাংশু গচ্ছতঃ।
তাবদ্বর্ষসহস্রাণি জাগরী বসতে দিবি ॥ ১৮৬ ॥

অনুবাদ—গমনকালে পৃথিবীতে পদদ্বয় ফেলিতে যত ধূলি লাগে, জাগরণকারী তত সহস্র বৎসর স্বর্গবাসী হন ॥ ১৮৬ ॥

তস্মাদ্গৃহাৎ প্রগন্তব্যং জাগরে মাধবালয়ম্ ॥
কলৌ মলবিনাশায় দ্বাদশী-দ্বাদশীষু চ ॥ ১৮৭ ॥

অনুবাদ—অতএব কলিযুগে পাপক্ষয়ের জন্য প্রতি দ্বাদশীতে গৃহ হইতে জাগরণের জন্য শ্রীমাধবদেবের মন্দিরে গমন কর্ত্তব্য ॥ ১৮৭ ॥

কিং ব্রতৈর্বহুভিশ্চীর্ণৈস্তীর্থবাসেন তস্য কিম্।
দ্বাদশী-বাসরে প্রাপ্তে ন কুর্য্যাৎ জাগরং যদি ॥১৮৮

অনুবাদ—দ্বাদশী শ্রীহরিবাসর প্রাপ্ত হইয়া যদি জাগরণ না করা হয়, তাহা হইলে তাহার বহুব্রত প্রায়শ্চিত্ত তীর্থবাস সকলই বিফল ॥ ১৮৮ ॥

প্রবাসে ন ত্যজেদ্যস্তু পথি খিন্নোঽপি পার্ব্বতি।
জাগরং বাসুদেবস্য স হি মেঽতিপ্রিয়ো নরঃ ॥১৮৯

অনুবাদ—হে পার্ব্বতি! দূর প্রবাসে গমনে পথে ক্লান্ত হইয়াও শ্রীহরি জাগরণ যিনি ত্যাগ করেন না, তিনি নিশ্চয়ই আমার অতিপ্রিয় পাত্র ॥ ১৮৯ ॥

যঃ পুনঃ সুস্থচিত্তোঽপি স্বস্থানে বসতোঽপি সন্।
ন হরের্জাগরং কুর্য্যাৎ তেন কার্য্যং ন মে
কৃচিৎ ॥ ১৯০ ॥

অনুবাদ—আর যিনি সুস্থচিত্ত হইয়াও স্বগৃহে বাস করিয়াও হরিজাগরণ না করেন, তাহার সহিত আমার কোন কার্য্য নাই ॥ ১৯০ ॥

টীকা—সন্নপি সাধুরপি ॥ ১৯ ॥

মদ্ভক্তো ন হরেঃ কুর্য্যাজ্জাগরং পাপমোহিতঃ।
ব্যর্থং মৎপূজনং তস্য মৎপূজ্যং যো ন পূজয়েৎ ॥১৯১

অনুবাদ—শ্রীমহাদেব বলিতেছেন—আমার ভক্ত পাপমোহিত হইয়া যে শ্রীহরিজাগরণ না করে, তৎকৃত আমার পূজন বৃথা, কারণ আমার পূজনীয়কে যে পূজা না করে ॥ ১৯১ ॥

সবাহ্যাভ্যন্তরং দেহং বেষ্টিতং পাপকোটিভিঃ।
মুচ্যতে বাসরে বিষ্ণোর্জাগরে নৃত্যতাং নিশি ॥১৯২॥

অনুবাদ—যাহার দেহের বাহির ও ভিতর পাপকোটি দ্বারা বেষ্টিত, সেও শ্রীহরিবাসরে নিশিজাগরণে নৃত্য করিলে পাপমুক্ত হয় ॥ ১৯২ ॥

টীকা—বাহ্যানি অঙ্গানি, আভ্যন্তরাণি ইন্দ্রিয়াণি, তৈঃ সহিতম্। মুচ্যতে পাপকোটিভ্যস্তাভ্যঃ ॥১৯২॥

প্রাপ্তে কলিযুগে ঘোরে নরাস্তে ত্রিদশৈঃ সমাঃ।
বিশল্যে বাসরে বিষ্ণোর্যে কুর্ব্বন্তি হি জাগরম্ ॥১৯৩

অনুবাদ—ঘোর কলিযুগ মধ্যেও সেই সকল মানব দেবগণের তুল্য, যাঁহারা দশমী বেধহীন শ্রীহরিবাসরেই জাগরণ করে ॥ ১৯৩ ॥

কূর্পরং যমদূতানাং দত্তং তেন যমস্য চ।
কৃত্বা জাগরণং বিষ্ণোরবিদ্ধদ্বাদশীব্রতম্ ॥ ১৯৪ ॥

অনুবাদ—যিনি বেধ বিহীন দ্বাদশীব্রতে হরিজাগরণ করিয়াছেন, তিনি যমরাজ ও যমদূতগণকে কনুই প্রহার দ্বারা হঠাইয়া দিয়া বিষ্ণুলোকে গমন ॥ ১৯৪ ॥

দ্বাদশ্যাং জাগরে বিষ্ণোর্যৈঃ কৃতং পুষ্পমণ্ডপম্।
প্রতিপুষ্পফলং তেষাং বাজিমেধসমং প্রিয়ে ॥ ১৯৫ ॥

অনুবাদ—হে প্রিয়ে! দ্বাদশীতে হরিজাগরণে যাঁহারা পুষ্পমণ্ডপ রচনা করেন, তাহাদের প্রতি পুষ্পের ফল অশ্বমেধ যজ্ঞ তুল্য ॥ ১৯৫ ॥

দ্বাদশ্যাং কৃষ্ণভবনং কদলীস্তম্ভশোভিতম্।
যে কুর্ব্বন্তি হরিস্তেষাং স্বকীয়ং যচ্ছতে পদম্ ॥১৯৬

অনুবাদ—দ্বাদশীতে কদলীস্তম্ভ শোভিত শ্রীকৃষ্ণ-মন্দির রচনাকারীগণকে শ্রীহরি নিজ ধামে স্থান দেন ॥ ১৯৬ ॥

দীপদানং প্রকুর্ব্বন্তি জাগরে কেশবস্য হি।
তে ধ্বস্ততিমিরা গৌরি যান্তি
বিষ্ণোঃ পরং পদম্ ॥ ১৯৭ ॥

অনুবাদ—হে গৌরি! যাহারা হরিজাগরণে দীপ দান করেন, তাহারা অজ্ঞান বিমুক্ত হইয়া শ্রীবিষ্ণুর পরমপদে গমন করেন ॥ ১৯৭ ॥

টীকা—কৃর্পরং দত্তং কূর্পরেণ প্রহৃত্য বিষ্ণুলোকং প্রযাতীত্যর্থঃ। ধ্বস্তং নষ্টং তিমিরমজ্ঞানং যেষাং তে ॥ ১৯৪-১৯৭ ॥

ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ স্ত্রিয়ঃ শূদ্রাশ্চ জাগরে।
হীনবর্ণা অন্ত্যজাশ্চ রাক্ষসা দৈত্যদানবাঃ।
প্রাপ্তাস্তে পরমং স্থানং শ্রীবিষ্ণোর্জাগরে কৃতে ॥১৯৮॥

অনুবাদ—শ্রীহরি জাগরণ করিলে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও স্ত্রীগণ, হীনবর্ণ, অন্ত্যজ, রাক্ষস, দৈত্য, দানব সকলেই শ্রীবিষ্ণুর পরমপদ প্রাপ্ত হন ॥ ১৯৮ ॥

টীকা—জাগরে ভবন্তি জাগরং কুর্ব্বন্তীত্যর্থঃ। হীনবর্ণাঃ সঙ্করজাতয়ঃ ॥ ১৯৮ ॥

অপ্রেরিতঃ স্বয়ং ভক্ত্যা গীতং নৃত্যং করোতি যঃ।
জাগরে পদ্মনাভস্য স কিং নাকৃত মানবঃ ॥ ১৯৯ ॥

অনুবাদ—যে মানব অন্যের দ্বারা প্রেরিত না হইয়া স্বয়ং ভক্তিসহ পদ্মনাভ শ্রীহরির জাগরণে নৃত্যগীত করেন, তিনি কি না করিলেন? অর্থাৎ তাঁহার কোন কৃত্য অবশিষ্ট নাই ॥ ১৯৯ ॥

টীকা—স কিং নাকৃত? অপি তু সর্ব্বমেব কৃত্যমকরোদিত্যর্থঃ ॥ ১৯৯ ॥

যো নৃত্যতি প্রহৃষ্টাত্মা কৃত্বা বৈ করতাড়নম্।
গীতং কুর্ব্বন্ মুখেনাপি দর্শয়ন্
কৌতুকান্ বহূন্ ॥ ২০০ ॥
পুরতো বাসুদেবস্য রাত্রৌ জাগরণে স্থিতঃ।
পঠন্ কৃষ্ণচরিত্রাণি রঞ্জয়ন্ দেবি বৈষ্ণবান্ ॥২০১॥
মুখেন কুরুতে বাদ্যং সংপ্রহৃষ্টতনূরুহঃ।
দর্শয়ন্ বিবিধান্ নৃত্যান্
স্বেচ্ছালাপাংশ্চ কুর্ব্বতি ॥ ২০২ ॥

অনুবাদ—যিনি করতালি দিয়া আনন্দমনে নৃত্য করেন, বহু কৌতুক দেখাইয়া মুখে গান করেন। হে দেবি! শ্রীকৃষ্ণের সম্মুখে নিশিজাগরণে থাকিয়া বৈষ্ণবগণকে রঞ্জিত করেন, কৃষ্ণ চরিত্রসমূহ পাঠ করিয়া পুলকিত দেহ হইয়া মুখবাদ্য করেন, বিবিধ নৃত্য দেখাইয়া স্বেচ্ছানুসারে আলাপও করেন ॥ ২০০-২০২ ॥

ভাবৈরেতৈর্নরো যস্তু কুরুতে জাগরং হরেঃ।
নিমিষে নিমিষে পুণ্যং তীর্থকোটিসমং স্মৃতম্ ॥২০৩

অনুবাদ—যে মানব এই সকল ভাব প্রদর্শন পূর্ব্বক শ্রীহরি জাগরণ করেন, তাঁহার নিমেষে নিমেষে তীর্থকোটি স্নান বা দর্শন সম পুণ্য হয় ॥ ২০৩ ॥

অবিগ্নমনসা যস্তু ধূপং নীরাজনং হরেঃ।
কুরুতে জাগরে রাত্রৌ সপ্তদ্বীপাধিপো ভবেৎ ॥২০৪॥

অনুবাদ—যিনি অনুদ্বিগ্নমনে শ্রীহরির নিশি-জাগরণে ধূপ দান ও নীরাজন, করেন তিনি সপ্তদ্বীপা-ধিপতি হন ॥ ২০৪ ॥

টীকা—কুর্ব্বতি করোতি, অবিগ্নেন অনুদ্বিগ্নেন মনসা ॥ ২০২-২০৪ ॥

কিঞ্চ—
অভাবে কৃষ্ণধিষ্ণ্যস্য গত্বা মন্মন্দিরং শিবে।
কার্য্যং জাগরণং রাত্রৌ বিদ্ধি মাং মাধবপ্রিয়ম্ ॥২০৫

অনুবাদ—আরও—হে শিবে! শ্রীমন্দির না থাকিলে আমার মন্দিরে অর্থাৎ শিবমন্দিরে গিয়া রাত্রিতে জাগরণ কর্ত্তব্য, আমাকে মাধবপ্রিয় জানিও ॥ ২০৫ ॥

অভাবে মম ধিষ্ণ্যস্য গত্বা তু রবি-মন্দিরম্।
কার্য্যং জাগরণং রাত্রৌ যথা বিষ্ণুস্তথা রবিঃ ॥২০৬॥

অনুবাদ—শিবমন্দির অভাবে সূর্য্য মন্দিরে গিয়া জাগরণ কর্ত্তব্য, যেমন বিষ্ণু তেমন সূর্য্য ॥ ২০৬ ॥

তদভাবে বিনা গ্রামমরণ্যেৎকাদশী যদি।
তদাকাশে সুরেশানি বিষ্ণোস্ত্রীণি পদানি বৈ।
দৃষ্ট্বা দেবি প্রকর্ত্তব্যং জাগরং চক্রপাণিনঃ ॥ ২০৭ ॥

অনুবাদ—সূর্য্যমন্দির অভাবে গ্রাম ব্যতীত অরণ্য মধ্যে যদি একাদশী প্রাপ্ত হয়, হে দেবি সুরেশানি তখন আকাশে শ্রীবিষ্ণুর ত্রিপদচিহ্ন শ্রবণা নক্ষত্র দর্শন করিয়া হরিজাগরণ কর্ত্তব্য ॥ ২০৭ ॥

টীকা—অধুনা বর্ষাদৌ মুখ্যাভাবে জাগরণ-স্থানমাহ—অভাব ইতি সপ্তভিঃ। অরণ্যে যদি একাদশী স্যাৎ। সন্ধিরার্ষঃ ॥ ২০৫-২০৭ ॥

অথবা প্রতিমা বিষ্ণোঃ শালগ্রামশিলাঽথবা।
তিষ্ঠতে যদি দেবেশি কার্য্যস্তত্র প্রজাগরঃ ॥ ২০৮ ॥

অনুবাদ—অথবা হে দেবেশি! বিষ্ণুর চলা প্রতিমা বা শালগ্রামশিলা যদি অবস্থান করেন, সে স্থানে জাগরণ কর্ত্তব্য ॥ ২০৮ ॥

টীকা—প্রতিমা চলা ॥ ২০৮ ॥

মেঘসংছাদিতে ব্যোম্নি বিষ্ণোস্ত্রীণি পদানি চ।
অদৃষ্ট্বা বোধিমূলে তু কার্য্যং জাগরণং হরেঃ ॥২০৯॥

অনুবাদ—মেঘাচ্ছাদিত আকাশে শ্রীবিষ্ণুপদ দর্শন না হইলে অশ্বত্থমূলে হরিজাগরণ কর্ত্তব্য ॥ ২০৯ ॥

টীকা—বোধিঃ—অশ্বত্থবৃক্ষঃ ॥ ২০৯ ॥

ধাত্রীমূলেঽথবা গৌরি তুলসীবনপার্শ্বতঃ।
যত্র বা তত্র বা কার্য্যং তীর্থে বা নিম্নগা-জলে ॥২১০

অনুবাদ—অথবা, হে গৌরি! ধাত্রীমূলে, অথবা তুলসীবন পার্শ্বে অথবা তীর্থে কিংবা নদীজলে, অথবা যত্র তত্র জাগরণ কর্ত্তব্য ॥ ২১০ ॥

সর্ব্বাভাবে মহাদেবি বৈষ্ণবস্য চ সন্নিধৌ।
কর্ত্তব্যং জাগরং বিষ্ণোর্মানসীং ভক্তিমাস্থিতৈঃ ॥২১১

অনুবাদ—হে মহাদেবি! ঐ সকলের অভাবে স্মরণাঙ্গভক্তি আশ্রয়ে বৈষ্ণবের নিকট হরিজাগরণ কর্ত্তব্য ॥ ২১১ ॥

বিনা জাগরণং গৌরি বিষ্ণোর্দিনফলং ন হি।
নাস্মাকং ভবতি প্রীতির্ব্রহ্মাদীনাং
দিবৌকসাম্ ॥ ২১২ ॥

অনুবাদ—হে গৌরি! জাগরণ ব্যতীত শ্রীহরি-বাসরের ফল পাওয়া যায় না, আর ব্রহ্মাদিদেবগণের ও আমার প্রীতি হয় না ॥ ২১২ ॥

যজ্ঞানামপি সর্ব্বেষাং মহাযজ্ঞঃ স কথ্যতে।
বাসরে বাসুদেবস্য যতো জাগরসংজ্ঞকঃ ॥ ২১৩ ॥

অনুবাদ—সর্ব্ববিধ যজ্ঞের মধ্যে শ্রীহরিবাসর-যজ্ঞই মহাযজ্ঞ নামে কথিত হয়, শ্রীকৃষ্ণের বাসরে যেহেতু জাগরণ করা হয় ॥ ২১৩ ॥

তস্মাজ্জাগরণং কার্য্যং ত্যক্ত্বা কার্য্যান্তরাণ্যপি ॥২১৪

অনুবাদ—অতএব অন্য সকল কার্য্য পরিত্যাগ করিয়া জাগরণ কর্ত্তব্য ॥ ২১৪ ॥

পাদ্মে দেবদূতবিকুণ্ডল-সংবাদে—
রাত্রৌ জাগরণং কৃত্বা সমুপাস্য জনার্দ্দনম্।
দশ বৈ পৈতৃকে পক্ষে মাতৃকে দশ পূর্ব্বজাঃ।
প্রিয়ায়া দশ যে বৈশ্য তানুদ্ধরতি নিশ্চিতম্ ॥২১৫॥

অনুবাদ—পদ্মপুরাণে দেবদূত-বিকুণ্ডল-সংবাদে—শ্রীহরিবাসরে নিশি জাগরণ করিয়া ভগবৎ অর্চ্চন করিলে পিতৃকুলে, মাতৃকুলে ও শ্বশুরকুলে দশ দশ পূর্ব্বপুরুষকে উদ্ধার করা হয় ॥ ২১৫ ॥

শ্রীমার্কণ্ডেয়পুরাণে—

ধ্যানধ্যেয়বিহীনস্য সংজ্ঞাতীতস্য ভূপতে।
কর্ম্মভ্রষ্টস্য কথিতো মোক্ষস্তু হরিজাগরে ॥ ২১৬ ॥

অনুবাদ—শ্রীমার্কণ্ডেয়পুরাণে—হে মহীপতে! শ্রীহরিবাসরে নিশিজাগরণে ধ্যান, ধ্যেয়, জ্ঞানহীন এবং কর্ম্মভ্রষ্ট ব্যক্তিরও মোক্ষ হয়—বলা হইয়াছে ॥২১৬

প্রহলাদসংহিতায়াং প্রহলাদোক্তৌ—

যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যাদিকানি চ।
কৃষ্ণজাগরণে তানি বিলয়ং যান্তি খণ্ডশঃ ॥ ২১৭ ॥

অনুবাদ—প্রহলাদ-সংহিতাতে শ্রীপ্রহলাদের উক্তিতে—এই সংসারে ব্রহ্মহত্যাদি যে সকল পাপ আছে, সেই সকল পাপ শ্রীকৃষ্ণ জাগরণে খণ্ড খণ্ড হইয়া বিনাশ প্রাপ্ত হয় ॥ ২১৭ ॥

একতঃ ক্রতবঃ সর্ব্বে সমাপ্তবরদক্ষিণাঃ।
একতো দেবদেবস্য জাগরঃ কৃষ্ণবল্লভঃ।
ন সমং কবয়ঃ প্রাহুরধিকঃ কৃষ্ণজাগরঃ ॥ ২১৮ ॥

অনুবাদ—উত্তম দক্ষিণাসহ সম্পাদিত সর্ব্ববিধ যজ্ঞ একদিকে, তুলাদণ্ডের অন্য দিকে দেবদেব শ্রীকৃষ্ণের প্রিয় জাগরণ সমান হয় না, জাগরণ অধিক হয়—ইহা সুধী ভক্তগণ বলেন ॥ ২১৮ ॥

তত্র ব্রহ্মা চ রুদ্রশ্চ শক্রাদ্যা দেবতাগণাঃ।
নিত্যমেব সমায়ান্তি জাগরে কৃষ্ণবল্লভে ॥ ২১৯ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণপ্রিয় নিশিজাগরণে ব্রহ্মা, শিব ও ইন্দ্রাদিদেবগণ নিত্য আগমন করেন ॥ ২১৯ ॥

ঋষয়ো নারদাদ্যাস্তু ব্যাসাদ্যা মুনয়স্তথা।
অহঞ্চ তত্র গচ্ছামি কৃষ্ণপূজারতঃ সদা ॥ ২২০ ॥

অনুবাদ—শ্রীনারদাদি ঋষিগণ, ব্যাসাদি মুনিগণ ও আমি প্রহলাদ সর্ব্বদা হরিপূজারত হইয়াও জাগরণে গমন করি ॥ ২২০ ॥

টীকা—অহং—প্রহলাদঃ ॥ ২২০ ॥

তত্র কাশী পুষ্করঞ্চ প্রয়াগো নৈমিষং গয়া।
শালগ্রামমহাক্ষেত্রমর্ব্বুদারণ্যমেব চ ॥ ২২১ ॥
সুপুণ্যা মথুরা তত্র সর্ব্বতীর্থানি চৈব হি।
যজ্ঞা দেবাশ্চ চত্বারো ব্রজন্তি হরিজাগরম্ ॥ ২২২ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণ জাগরণ স্থানে কাশী, পুষ্কর, প্রয়াগ, নৈমিষারণ্য, গয়া, শালগ্রাম মহাক্ষেত্র, অর্ব্বুদারণ্য, সুপুণ্যা, মথুরাপুরী এবং সর্ব্বতীর্থ, যজ্ঞসমূহ, চারিবেদ গমন করেন ॥ ২২১-২২২ ॥

গঙ্গা সরস্বতী রেবা যমুনা বৈ শতদ্রুকা।
চন্দ্রভাগা বিতস্তা চ নদ্যঃ সর্ব্বাস্তু তত্র বৈ ॥ ২২৩ ॥

অনুবাদ—গঙ্গা, সরস্বতী, রেবা, যমুনা, শতদ্রু, চন্দ্রভাগা, তিস্তা প্রভৃতি নদী সকল জাগরণে গমন করেন ॥ ২২৩ ॥

সরাংসি চ হ্রদাঃ সর্ব্বে সমুদ্রাঃ সর্ব্ব এব হি।
একাদশ্যাং দ্বিজশ্রেষ্ঠ গচ্ছন্তে কৃষ্ণজাগরম্ ॥ ২২৪ ॥

অনুবাদ—হে দ্বিজশ্রেষ্ঠ! পুণ্যজলা সরোবরসমূহ, হ্রদগণ, সমুদ্র সকল একাদশীতে শ্রীকৃষ্ণজাগরণে গমন করেন ॥ ২২৪ ॥

স্পৃহণীয়া হি দেবানাং যে নরাঃ কৃষ্ণজাগরে।
নৃত্যন্তি গীতং কুর্ব্বন্তি বীণাবাদ্য-প্রহৃষিতাঃ ॥
ইতি ॥ ২২৫ ॥

অনুবাদ—যে সকল ব্যক্তি শ্রীকৃষ্ণজাগরণে বীণা-বাদ্যে আনন্দিত হইয়া নৃত্য গীত করেন, তাহারা দেবগণের প্রার্থনীয় ॥ ২২৫ ॥

জন্মাষ্টমী-প্রবোধন্যাদিকেষ্বন্যচ্চ মহোৎসবে ।
মাহাত্ম্যং জাগরস্যাগ্রে লেখ্যং তত্তৎপ্রসঙ্গতঃ ।।২২৬।।

অনুবাদ—জন্মাষ্টমী, উত্থান একাদশী এবং অন্যান্য মহোৎসবে জাগরণের মহিমা সেই সেই প্রসঙ্গে পরে লেখা হইবে ।। ২২৬ ।।

টীকা—এবমেকাদশীজাগরণমাহাত্ম্যং লিখিতম্, তর্হি কিং জন্মাষ্টম্যাদি-জাগরণমহিমা নাস্তি ? তত্র লিখতি—জন্মেতি। আদি-শব্দেন শ্রীরামনবম্যাদি ।। ২২৬ ।।

ততঃ প্রভাতে ভগবদ্রাত্রিক্রীড়ারসাত্মিকাম্ ।
কৌশিকীং প্রমুদা গায়েচ্ছ্রীকৃষ্ণপরিতোষণীম্ ।।২২৭

অনুবাদ—অনন্তর প্রভাতে শ্রীকৃষ্ণের রাত্রিলীলা রাসাদি গীতি জাগরণ শেষে শ্রীকৃষ্ণপ্রীতির জন্য মধুররসের রাগিণীতে সানন্দে গান করিবে ।। ২২৭ ।।

টীকা—কৌশিকী শৃঙ্গাররসপ্রধানগীতবৃত্তি-বিশেষস্তাম্, অতএব ভগবতো রাত্রৌ যা ক্রীড়া রাসাদিস্তদ্রসাত্মিকাম্। যথা শ্রীগীতগোবিন্দে।—'রজনি-জনিতগুরুজাগর'-ইত্যাদি। অতএব শ্রীকৃষ্ণস্য পরমরসিক-শিরোমণেঃ পরিতোষণীম্ ।। ২২৭ ।।

তথা চ স্কান্দে—

প্রভাতে কৌশিকীং যস্তু প্রগায়েজ্জাগরে হরেঃ ।
স সমুদ্ধরতে সর্ব্বান্ শ্বপচান্ ব্রাহ্মণো যথা ।।
ইতি ।। ২২৮ ।।

অনুবাদ—তাহাই স্কন্দপুরাণে লিখিত আছে—যিনি প্রভাতে হরি জাগরণের শেষে কৌশিকী—শৃঙ্গার রসাত্মিকা গীতি কীর্ত্তন করেন তিনি সকলকে উদ্ধার করেন যেমন ব্রাহ্মণ চণ্ডালগণকে উদ্ধার করেন ।। ২২৮ ।।

অথ পারণদিনকৃত্যম্

মঙ্গলারাত্রিকং কৃত্বাভ্যর্চ্য প্রস্থাপ্য বৈষ্ণবান্ ।
প্রাতঃ পূজাঞ্চ নিষ্পাদ্য কৃষ্ণে তৎ সর্ব্বমর্পয়েৎ ।।২২৯

অনুবাদ—অথ পারণদিনকৃত্য—মঙ্গলারাত্রিক করিয়া বৈষ্ণবগণকে মহাপ্রসাদাদি দ্বারা পরিতৃপ্ত করিয়া বিদায় দিয়া প্রাতঃকালীন পূজা সমাপনপূর্ব্বক পূজাদির ফল শ্রীকৃষ্ণে সমর্পণ করিবে ।। ২২৯ ।।

টীকা—অভ্যর্চ্য মহাপ্রসাদাদিনা সম্মান্য, প্রস্থাপ্য চ স্বস্বগৃহং, তৎ উপবাসাদিকম্, কেচিচ্চ পারণা-নন্তরমেব সমর্পণমিচ্ছন্তি ।। ২২৯ ।।

তদুক্তং কাত্যায়নেন—

প্রাতঃ স্নাত্বা হরিং পূজ্য উপবাসং সমর্পয়েৎ ।
পারণন্তু ততঃ কুর্য্যাৎ ব্রতসিদ্ধৌ হরিং স্মরন্ ।।২৩০

অনুবাদ—তাহাই কাত্যায়ন ঋষি বলিতেছেন—প্রাতঃস্নানান্তে শ্রীহরির অর্চ্চন পূর্ব্বক উপবাস ফল শ্রীকৃষ্ণচরণে সমর্পণ করিবে। অতঃপর শ্রীহরিস্মরণ পূর্ব্বক ব্রত সিদ্ধির নিমিত্ত পারণ করিবে ।। ২৩০ ।।

অথ তত্র সমর্পণমন্ত্রঃ

অজ্ঞানতিমিরান্ধস্য ব্রতেনানেন কেশব ।
প্রসীদ সুমুখো নাথ জ্ঞানদৃষ্টিপ্রদো ভব ।।
ইতি ।। ২৩১ ।।

অনুবাদ—অথ ব্রত সমর্পণমন্ত্র—হে কেশব ! অজ্ঞানান্ধ আমার এই ব্রতদ্বারা প্রসন্ন হও, আপনি সুমুখ হইয়া হে নাথ জ্ঞান দৃষ্টি প্রদান করুন ।।২৩১

তত্র স্নানোপচারন্তু প্রাতর্নৈব সমাচরেৎ ।
প্রামাণিকানাং কেষাঞ্চিদ্বৈষ্ণবানামিদং মতম্ ।।২৩২

অনুবাদ—দ্বাদশীতে দিবাভাগে শ্রীভগবানকে স্নানদ্রব্য দিবে না, প্রাচীন বৈষ্ণবস্মৃতি নৃসিংহ পরি-চর্য্যাকর শ্রীকৃষ্ণ দেবাচর্য্যাদির এইমত—আমাদেরও পালনীয় ।। ২৩২ ।।

টীকা- তত্র দ্বাদশ্যাং, ভগবৎপূজায়াং প্রামাণি-কানাং শ্রীকৃষ্ণদেবাচার্য্যাদীনামিত্যনেন তেষাং মতং পালনীয়মিত্যভিপ্রেতম্। কেষাঞ্চিদিত্যনেনসর্ব্বেষা-মিতি সূচিতং, শ্রীবৈষ্ণবাদীনাং তাদৃশাচারাদর্শনাৎ ।। ২৩২ ।।

অথ তত্র শ্রীভগবতঃ প্রাতরস্নপনম্

পাদ্মে ব্রতখণ্ডে—

জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ সুকৃতং সমুপার্জ্জিতম্ ।
নশ্যতি দ্বাদশীদিনে হরের্নির্ম্মাল্যলঙ্ঘনাৎ ॥ ২৩৩ ॥

অনুবাদ—অনন্তর দ্বাদশীতে দিবাভাগে শ্রীভগবানের স্নান নিষেধ বিষয়ে প্রমাণ, পদ্মপুরাণে ব্রতখণ্ডে—জন্মকাল হইতে উপার্জ্জিত পুণ্য সকল দ্বাদশীদিনে শ্রীহরির নির্ম্মাল্য উঠাইলে বিনষ্ট হয় ॥ ২৩৩ ॥

টীকা—তন্মতমেব প্রমাণয়তি—জন্মেতি। নির্ম্মাল্যস্য লঙ্ঘনাৎ অতিক্রমাৎ উত্তারণাদিত্যর্থঃ। ন চ পদ্ভ্যাং যল্লঙ্ঘনং তস্মাদিত্যর্থঃ, তস্য সর্ব্বদা সর্ব্বদেবসম্বন্ধিনোঽপি নিষিদ্ধত্বেন দ্বাদশী হরিপদয়োর্বৈয়র্থ্যাপত্তেঃ, অতএব দ্বাদশ্যাং বর্জ্জনীয়মধ্যে স্নানাদৌ নির্ম্মাল্য-লঙ্ঘনমপ্যুক্তম্। তচ্চাগ্রে নিয়মেষু লেখ্যং, লিখিতঞ্চ পূর্ব্বং পক্ষকৃত্যবিধৌ; সময়েষু মধ্যে দ্বাদশ্যাং নিষিদ্ধেষু তত্র বিষ্ণোর্দিবা ন স্নানমিতি ॥ ২৩৩ ॥

ত্রৈলোক্যমোহন-পঞ্চরাত্রে চ—

স্নানং ন হরয়ে দদ্যাদ্দ্বাদশ্যাং বৈষ্ণবো দিবা ।
পক্ষপূজাফলং সর্ব্বং বাস্কলায়োপগচ্ছতি ॥
ইতি ॥ ২৩৪ ॥

অনুবাদ—ত্রৈলোক্যমোহন পঞ্চরাত্রেও—দিবাভাগে দ্বাদশীতে বৈষ্ণব শ্রীহরিকে স্নানীয় উপাচার দিবে না, দ্বাদশীতে শ্রীহরিকে স্নান করাইলে এক পক্ষকালের পূজাফল সমূহ বাস্কল দৈত্য প্রাপ্ত হয় ॥ ২৩৪ ॥

টীকা—এতদেব পঞ্চরাত্রবচনেন সাধয়তি—স্নানমিতি ॥ ২৩৪ ॥

অতো দিবা নিষিদ্ধত্বাদ্রজন্যাং স্নাপয়েৎ প্রভুম্ ।
পবিত্রদমনদ্বাদশ্যুৎসবে তু ন নিশ্যপি ॥ ২৩৫ ॥

অনুবাদ—অতএব দিবাভাগে শ্রীহরির স্নান নিষিদ্ধহেতু গ্রীষ্মকালে রাত্রিতে প্রভুকে স্নান করাইবে। কিন্তু পবিত্রারোপণ দ্বাদশীতে এবং দমনকারোপণ দ্বাদশীতে উৎসবে রাত্রিতেও স্নান করাইবে না ॥২৩৫

টীকা—পবিত্রারোপণ-দমনকারোপণদ্বাদশ্যোরুৎসবে তু রাত্রাবপি ন স্নাপয়েৎ। এতদপি কেষাঞ্চিদেব প্রামাণিকানাং মতম্ ॥ ২৩৫ ॥

নিত্যকৃত্যং সমাপ্যাথ শক্ত্যা বিপ্রাংশ্চ ভোজয়েৎ ।
কুর্ব্বীত দ্বাদশীমধ্যে তুলসীং প্রাশ্য পারণম্ ॥২৩৬॥

অনুবাদ—জপাদি নিত্যকর্ম্ম সমাপন করিয়া সামর্থ্য থাকিলে ব্রাহ্মণগণকে ভোজন দিয়া দ্বাদশী মধ্যে শ্রীচরণ তুলসী সেবা করিয়া পারণ করিবে ॥ ২৩৬ ॥

টীকা—নিত্যকৃত্যং বৈশ্বদেবাদিকং জপাদিকং বা। তুলসীং প্রাশ্যেতি তুলসীপ্রাশনপূর্ব্বং ভোজনং কুর্য্যাদিত্যর্থঃ। যদ্যপি 'নৈবেদ্যশেষং তুলসীবিমিশ্রম্' ইত্যাদিনা সদা তুলসীযুক্তমেব ভোজনং বিহিতমস্তি, তথাপি পারণে বিশেষতোঽবশ্যমেবেতি জ্ঞেয়ম্ ॥২৩৬॥

তথা চ স্কান্দে—

কৃত্বা চৈবোপবাসন্তু যোঽশ্নাতি দ্বাদশীদিনে ।
নৈবেদ্যং তুলসীমিশ্রং পাপকোটিবিনাশনম্ ॥২৩৭॥

অনুবাদ—প্রমাণ স্কন্দপুরাণে—একাদশীতে উপবাস করিয়া যে ব্যক্তি দ্বাদশী দিনে শ্রীহরির প্রসাদ নৈবেদ্য তুলসী মিশ্রিত করিয়া ভোজন করে, তাহাতে কোটি সংখ্যক পাপ বিনষ্ট হয় ॥ ২৩৭ ॥

টীকা—তদেব স্কন্দপুরাণোক্ত্যাভিব্যঞ্জয়তি—কৃত্বেতি ॥ ২৩৭ ॥

অথ পারণে দ্বাদশ্যপেক্ষণম্

যত উক্তং পাদ্মে—

মহাহানিকরী হ্যেষা দ্বাদশী লঙ্ঘিতা নৃণাম্ ।
করোতি ধর্ম্মহরণমস্নাতেব সরস্বতী ॥ ২৩৮ ॥

অনুবাদ—অনন্তর পারণকালে দ্বাদশী থাকা প্রয়োজন, যেহেতু পদ্মপুরাণে উক্ত হইয়াছে—পারণকালে দ্বাদশী না থাকা মনুষ্যগণের মহা অনিষ্টকরী, স্নান না করিয়া সরস্বতী নদী পার হইলে যেমন ধর্ম্ম নষ্ট হয়, তদ্রূপ দ্বাদশী লঙ্ঘনে ধর্ম্ম নষ্ট হয় ॥২৩৮

টীকা—লঙ্ঘিতা পারণায়ামতিক্রান্তা। অস্নাতা সরস্বতীবেতি—গঙ্গাদ্যাস্তুন্যা নদীরুত্তীর্য্য পরে পারে স্নানং কার্য্যং, সরস্বত্যাস্তু প্রথমং স্নাত্বৈব পরং পারং গন্তব্যমিতি বিধেঃ স্নানমকৃত্বোল্লঙ্ঘিতা সরস্বতী যথা ধর্ম্মহরণং করোতি, তদ্বদিত্যর্থঃ ॥ ২৩৮ ॥

স্কান্দে—

পারণাহনি সম্প্রাপ্তে দ্বাদশীং যো ব্যতিক্রমেৎ।
ত্রয়োদশ্যান্তু ভুঞ্জানঃ শতজন্মানি নারকী ॥ ২৩৯ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—পারণ দিনে যে ব্যক্তি দ্বাদশী লঙ্ঘন করে এবং ত্রয়োদশীতে পারণ করে সে ব্যক্তি শতজন্ম নরক ভোগ করে ॥ ২৩৯ ॥

তত্রৈব শ্রীমার্কণ্ডেয়ভগীরথ সংবাদে—

যো হি ভাগবতো ভূত্বা দ্বাদশীং ন হি সাধয়েৎ।
কৃতস্য পূর্ব্বপুণ্যস্য দত্তস্তেন বিভাবসুঃ ॥ ২৪০ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয় ভগীরথ-সংবাদে—যে ব্যক্তি ভগবদ্ভক্ত হইয়া দ্বাদশীর সম্মান না দেয়, সেই ব্যক্তি পূর্ব্বকৃত পুণ্যকে অগ্নিতে নিক্ষেপ করে ॥ ২৪০ ॥

কৌর্ম্মে—

একাদশ্যামুপোষ্যৈব দ্বাদশ্যাং পারণং স্মৃতম্।
ত্রয়োদশ্যাং ন তৎ কুর্য্যাৎ দ্বাদশদ্বাদশীক্ষয়াৎ ॥২৪১॥

অনুবাদ—কূর্ম্মপুরাণে—একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতে পারণ করা বিধি, ত্রয়োদশীতে পারণ করিবে না, কারণ তাহাতে দ্বাদশটি দ্বাদশী-ব্রতের ফল ক্ষয় হয় ॥ ২৪১ ॥

টীকা—দ্বাদশদ্বাদশীক্ষয়াদিতি দ্বাদশদ্বাদশীষু কৃতং পুণ্যং ক্ষীয়ত ইতিহেতোরিত্যর্থঃ ॥ ২৪১ ॥

কিঞ্চ—

কলাদ্বয়ং ত্রয়ং বাপি দ্বাদশীং ন ত্বতিক্রমেৎ।
অতিক্রান্তা দ্বাদশী তু হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥২৪২॥

অনুবাদ—আরও—দুই বা তিন কলা দ্বাদশীও অতিক্রম করিবে না, কারণ ঐ অতি অল্প দ্বাদশীও পূর্ব্বকৃত পুণ্য বিনাশ করে ॥ ২৪২ ॥

ভবিষ্যে—

যো দ্বাদশীমতিক্রম্য পারণং কুরুতে নরঃ।
দ্বাদশাব্দকৃতং তস্য তৎক্ষণাদেব নশ্যতি ॥ ২৪৩ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—যে ব্যক্তি দ্বাদশী অতিক্রম করিয়া পারণ করে, তাহার দ্বাদশবর্ষকৃত পুণ্য তৎক্ষণাৎ নষ্ট হয় ॥ ২৪৩ ॥

দেবীরহস্যে—

দ্বাদশীং সমতিক্রম্য পারণং যঃ করোতি হি।
স্নানদানাদিকং সর্ব্বং নিষ্ফলং তস্য জায়তে ॥২৪৪॥

অনুবাদ—দেবীরহস্যে—যে মানব দ্বাদশী অতিক্রম করিয়া পারণ করে, তাহার স্নানদানাদির সকল ফল ব্যর্থ হয় ॥ ২৪৪ ॥

অল্পা চেদ্দ্বাদশী কুর্য্যান্নিত্যকর্ম্মারুণোদয়ে।
অত্যল্পা চেন্নিশীথোর্দ্ধমামধ্যাহ্নিকমেব তৎ ॥২৪৫॥

অনুবাদ—যদি অল্প দ্বাদশী পরদিনে থাকে তবে অরুণোদয়কালে নিত্যকর্ম্ম করিবে, অতিঅল্প দ্বাদশী থাকিলে মধ্য রাত্রির পূর্ব্ব হইতে আরম্ভ করিয়া মধ্যাহ্ন কাল পর্য্যন্ত কৃত্য নিত্যকর্ম্ম সমাপন করিবে ॥ ২৪৫ ॥

টীকা—অরুণোদয়ে নিত্যকর্ম্ম কুর্য্যাৎ, আমধ্যাহ্নিকং মধ্যাহ্নকৃত্যপর্য্যন্তং তন্নিত্যকর্ম্ম নিশীথাদূর্দ্ধমর্দ্ধরাত্রোপর্য্যেব কুর্য্যাৎ। আমধ্যাহ্নিকমিত্যেতৎ পূর্ব্বমপি দ্রষ্টব্যম্ ॥ ২৪৫ ॥

অথ দ্বাদশ্যল্পত্বে কৃত্যসমাধানম্

ভবিষ্যে—

স্বল্পায়ামথ ভূপাল দ্বাদশ্যামরুণোদয়ে।
স্নানার্চ্চনক্রিয়াঃ কার্য্যা দানহোমাদি-সংযুতাঃ ॥২৪৬

অনুবাদ—পারণ দিনে দ্বাদশী অল্প থাকিলে নিত্যকর্ম্ম সমাধান, ভবিষ্যপুরাণে—হে মহীপাল। পারণ দিনে অতি অল্প দ্বাদশী থাকিলে অরুণোদয়কাল মধ্যে দান হোমাদিযুক্ত স্নান অর্চ্চনাদি ক্রিয়া করিবে ॥ ২৪৬ ॥

পাদ্মে—

যদা ভবতি স্বল্পা হি দ্বাদশী পারণে দিনে।
উষঃকালে দ্বয়ং কুর্য্যাৎ প্রাতর্মাধ্যাহ্নিকং তথা ॥২৪৭

অনুবাদ—পদ্মপুরাণে—যখন পারণ দিনে দ্বাদশী অতি অল্প থাকে তখন উষাকালে প্রাতঃকৃত্য ও মধ্যাহ্নকৃত্য দুইই করিবে ॥ ২৪৭ ॥

তথা নারদীয়ে—

অল্পায়ামথ বিপ্রেন্দ্র দ্বাদশ্যামরুণোদয়ে।
স্নানার্চ্চনক্রিয়াঃ কার্য্যা দানহোমাদি-সংযুতাঃ ॥২৪৮

অনুবাদ—সেইরূপ নারদীয়পুরাণে—হে বিপ্রবর। দ্বাদশী যদি পারণ দিনে অল্প থাকে, দান হোমাদি-যুক্ত স্নান অর্চ্চন কার্য্য অরুণোদয়ে কর্ত্তব্য ॥ ২৪৮ ॥

দেবলোক্তৌ, অতএবোক্তং সারদাপুরাণে—

দিনকর্ম্মদিনে সর্ব্বং কর্ত্তব্যং যদি তদ্দিনে।
নৈব সিদ্ধিমবাপ্নোতি তদা রাত্রৌ বিধীয়তে ॥
ইতি ॥ ২৪৯ ॥

অনুবাদ—দেবলঋষির উক্তিতে এবং সারদা-পুরাণে—দিনমানের সকল কর্ত্তব্য দিবাভাগেই করণীয়, যদি সেই দিনে সমাপন না হয়, তখন রাত্রিতে করার বিধান আছে ॥ ২৪৯ ॥

অথ সঙ্কটে পারণসমাধানম্

স্কান্দে—

কলার্দ্ধাং দ্বাদশীং দৃষ্ট্বা নিশীথাদূর্দ্ধমেব হি।
আমধ্যাহ্নাঃ ক্রিয়াঃ সর্ব্বাঃ কর্ত্তব্যাঃ
শম্ভুশাসনাৎ ॥ ২৫০ ॥

অনুবাদ—অনন্তর সঙ্কটকালে পারণ সমাধান, স্কন্দপুরাণে—পারণ দিনে এক কলার অর্দ্ধ পরিমাণ দ্বাদশী আছে দেখিয়া মধ্যরাত্রির পূর্ব্ব হইতে মধ্যাহ্ন-কালীন পর্য্যন্ত করণীয় সেবাসমূহ করিতে থাকিবে, ইহা মহাদেবের উপদেশ ॥ ২৫০ ॥

টীকা—অরুণোদয়ে নিত্যকর্ম্মাচরণে ভবিষ্য-পুরাণাদিবচনানি প্রমাণত্বেন লিখিত্বা অত্যল্পায়াং নিশীথাদূর্দ্ধমেব তৎকরণে স্কন্দপুরাণাদিবচনানি প্রমাণয়তি—কলার্দ্ধমিতি, আমধ্যাহ্নাঃ মধ্যাহ্নাবধি যাঃ ক্রিয়াঃ কৃত্যানি তাঃ সর্ব্বাঃ ॥ ২৫০ ॥

অশক্ত্যা সঙ্কটে প্রাপ্তে পারণং বারিণা চরেৎ।
তদ্ধি নৈবাশিতং নৈবানশিতঞ্চ বিদুর্বুধাঃ ॥ ২৫১ ॥

অনুবাদ—তাহাতেও অশক্ত হইলে সঙ্কটকালে জলপান দ্বারা পারণ করিবে, জল পানকে অভিজ্ঞগণ ভোজন ও অভোজন উভয়ই বলেন ॥ ২৫১ ॥

টীকা—তৎ বারিণা পারণমশিতং ভুক্তমিতি ন বিদুর্মুনয়ঃ ইতি। পশ্চাদ্ভোজনেঽপি দ্বির্ভোজনদোষ-পরিহারঃ। 'অনশিতঞ্চ ন বিদুঃ' ইত্যনেন দ্বাদশী-লঙ্ঘনদোষপরিহারঃ ॥ ২৫১ ॥

অতএব তত্র—

কলাদ্বয়ং ত্রয়ং বাপি দ্বাদশী যদি দৃশ্যতে।
স্নানার্চ্চনাদিকং কর্ম্ম তদা রাত্রৌ বিধীয়তে ॥২৫২॥

অনুবাদ—অতএব ঐ স্কন্দপুরাণে—পারণ দিনে দুই বা তিন কলা দ্বাদশী যদি দৃষ্ট হয়, তখন রাত্রিতে স্নান-অর্চ্চনাদি কর্ম্মের বিধান আছে ॥ ২৫২ ॥

কালিকা-সারদাপুরাণয়োঃ—

স্বল্পৈব দ্বাদশী যত্র স্নানদানাদিকাঃ ক্রিয়াঃ।
রজন্যামেব কর্ত্তব্যা দানহোমাদিসংযুতাঃ ॥ ২৫৩ ॥

অনুবাদ—কালিকা ও সারদাপুরাণে—পারণ দিনে যখন অতিঅল্পই দ্বাদশী থাকে, তখন দান-হোমাদিযুক্ত স্নানদানাদি-কর্ম্ম রাত্রিতেই কর্ত্তব্য ॥২৫৩

সঙ্কটে বিষমে প্রাপ্তে দ্বাদশ্যাং পারয়েৎ কথম্ ।
অদ্ভিস্তু পারণং কুর্য্যাৎ পুনর্ভুক্তং ন দোষকৃৎ ।।২৫৪

অনুবাদ—দ্বাদশীতে বিষম সঙ্কট উপস্থিত হইলে কিভাবে পারণ কর্ত্তব্য ? জলদ্বারা পারণ করিবে, পুনরায় অন্নাদি ভোজন করিলে দোষ হইবে না ।। ২৫৪ ।।

কাত্যায়নোক্তৌ চ—
মন্ত্রং জপিত্বা হরয়ে নিবেদ্যোপোষণং ব্রতী ।
অদ্ভিস্তু পারণং কুর্য্যাৎ সঙ্কটে বিষমে সতি ।।২৫৫।।

অনুবাদ—কাত্যায়ন ঋষির উক্তিতেও—মন্ত্রজপ-পূর্ব্বক শ্রীহরিচরণে উপবাস সমর্পণ করিয়া বিষম সঙ্কট উপস্থিত হইলে জলদ্বারা পারণ করিবে ।।২৫৫।।

কিঞ্চ—
সন্ধ্যাদিকং ভবেন্নিত্যং পারণন্তু নিমিত্ততঃ ।
অদ্ভিস্তু পারয়িত্বা তু কুর্য্যাৎ সন্ধ্যাদিকং পুনঃ ।।
ইতি ।। ২৫৬ ।।

অনুবাদ—আরও— সন্ধ্যাবন্দনাদি প্রাতঃকৃত্য নিত্যকর্ম্ম, পারণ নৈমিত্তিক কর্ম্ম, অতএব দ্বাদশীমধ্যে জলদ্বারা পারণ করিয়া পুনরায় সন্ধ্যাবন্দনাদি কর্ত্তব্য ।। ২৫৬ ।। ইতি ।

দ্বাদশী পূর্ব্বপাদীয়স্তত্র চেদ্ধরিবাসরঃ ।
দ্বাদশ্যাধিক্যতস্তিষ্ঠেৎ পারণং তত্র নাচরেৎ ।।২৫৭।।

অনুবাদ—দ্বাদশীতিথির প্রথম পাদ (এক চতুর্থাংশ) শ্রীহরিবাসর নামে প্রসিদ্ধ । পারণ দিনে প্রাতে যদি ঐ প্রথম পাদ থাকে তাহার মধ্যে পারণ করিবে না, তাহা গত হইলে পারণ কর্ত্তব্য ।। ২৫৭ ।।

টীকা—দ্বাদশ্যাঃ পূর্ব্বপাদসম্বন্ধী হরিবাসরঃ । তত্র পারণদিনে দ্বাদশ্যা আধিক্যতঃ বাহুল্যাৎ পঞ্চচত্বারিংশদ্‌ঘটিকোপরি বৃদ্ধিশ্চেদ্‌যদি তিষ্ঠেৎ, তত্র হরিবাসরে পারণং নাচরেৎ ।। ২৫৭ ।।

অথ হরিবাসরকালে পারণনিষেধঃ

বিষ্ণুধর্ম্মোত্তরে—
দ্বাদশ্যাঃ প্রথমঃ পাদো হরিবাসরসংজ্ঞকঃ ।
তমতিক্রম্য কুর্ব্বীত পারণং বিষ্ণুতৎপরঃ ।। ২৫৮ ।।

অনুবাদ—অনন্তর হরিবাসরকালে পারণ নিষিদ্ধ, বিষ্ণুধর্ম্মোত্তরে—দ্বাদশীর প্রথম পাদ (প্রায় ১৫ দণ্ড-৬ ঘণ্টা) 'হরিবাসর' নামে প্রসিদ্ধ । বিষ্ণুভক্তগণ ঐ হরিবাসর গত হইলে পর পারণ করিবেন ।।২৫৮।।

কৃচিচ্চ—
দ্বাদশ্যেকাদশী-যোগে বিখ্যাতো হরিবাসরঃ ।
একাদশ্যন্ত্যপাদশ্চ দ্বাদশ্যাঃ পূর্ব্ব এব হি ।
হরিবাসর ইত্যাহুর্ভোজনং ন সমাচরেৎ ।। ২৫৯ ।।

অনুবাদ—কোথাও—দ্বাদশী ও একাদশীর যোগে হরিবাসর বিখ্যাত । একাদশীর শেষ চতুর্থাংশ ও দ্বাদশীর প্রথম চতুর্থাংশই 'হরিবাসর' বলা হয়, ঐ সময় ভোজন করিবে না ।। ২৫৯ ।।

অথান্যেঽপি দ্বাদশীনিয়মাঃ

স্কান্দে—
ক্ষৌদ্রং মাংসং সুরাং তৈলং ব্যায়ামং ক্রোধমৈথুনে ।
পরান্নং কাংস্যং তাম্বূলে লোভং নির্ম্মাল্যলঙ্ঘনম্ ।
দ্বাদশ্যাং দ্বাদশৈতানি বৈষ্ণবঃ পরিবর্জ্জয়েৎ ।।২৬০।।

অনুবাদ—অনন্তর দ্বাদশীর অন্য নিয়মসমূহ, স্কন্দপুরাণে—দ্বাদশীতে মধু, মাংস, মদ্য, তৈল, ব্যায়াম, ক্রোধ, মৈথুন, পরান্ন, কাংস্যপাত্র, তাম্বুল, লোভ, শ্রীবিগ্রহের অঙ্গের তুলসী উঠান—এই দ্বাদশটি বৈষ্ণব বর্জ্জন করিবেন ।। ২৬০ ।।

টীকা—এবং দ্বাদশ্যাং পূজাদিনিয়মং লিখিত্বান্যানপি নিয়মান্ লিখতি—ক্ষৌদ্রমিতি ষড়্‌ভিঃ ।।২৬০

ব্রহ্মাণ্ডপুরাণে—
কাংস্যং মাংসং সুরাং ক্ষৌদ্রং লোভং বিতথভাষণম্ ।
ব্যায়ামঞ্চ প্রবাসঞ্চ দিবাস্বপ্নমথাঞ্জনম্ ।। ২৬১ ।।

শিলাপিষ্টং মসূরঞ্চ দ্বাদশৈতানি বৈষ্ণবঃ।
দ্বাদশ্যাং বর্জ্জয়েন্নিত্যং সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥২৬২

অনুবাদ—ব্রহ্মাণ্ডপুরাণে—কাংস্যপাত্র, মাংস, মদ্য, মধু, লোভ, মিথ্যা ভাষণ, ব্যায়াম, প্রবাস, দিবা নিদ্রা, অঞ্জন, মসূর বৈষ্ণব এই দ্বাদশটী দ্বাদশীতে সর্ব্বদা বর্জ্জন করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হন ॥ ২৬১-২৬২ ॥

———

বৃহস্পতিরপি
কাংস্যং মাংসং সুরাং দ্যূতং ব্যায়ামং ক্রোধমৈথুনম্।
হিংসামসত্যং লৌল্যঞ্চ তৈলং নির্ম্মাল্যলঙ্ঘনম্।
দ্বাদশ্যাং দ্বাদশৈতানি বৈষ্ণবঃ পরিবর্জ্জয়েৎ ॥২৬৩॥

অনুবাদ—বৃহস্পতিও বলিয়াছেন—কাংস্যপাত্র, মদ্য, দ্যূতক্রীড়া, ব্যায়াম, ক্রোধ, মৈথুন, হিংসা, অসত্য, লোভ, তৈল, নির্ম্মাল্য উঠান—বৈষ্ণব দ্বাদশীতে এই দ্বাদশটি পরিবর্জ্জন করিবেন ॥ ২৬৩ ॥

টীকা—অসত্যম্—অনৃতভাষণম্ ॥ ২৬৩ ॥

———

ক্বচিচ্চ—
কাংস্যং মাংসং মসূরঞ্চ চণকং কোরদূষকম্।
রত্যৌষধপরান্নঞ্চ দ্বাদশ্যামষ্ট বর্জ্জয়েৎ ॥ ২৬৪ ॥

অনুবাদ—অন্যত্রও—কাংস্য, মাংস, মসূর, চণক, কোরদূষক (কোদো), মৈথুন, ঔষধ, পরান্ন—দ্বাদশীতে অষ্ট বর্জ্জন করিবে ॥ ২৬৪ ॥

———

অথোন্মীলনাদ্যষ্টমহাদ্বাদশীনাং বিশেষতো নিরূপণম্

ব্রহ্মবৈবর্ত্তে শ্রীসূতশৌনক সংবাদে—
উন্মীলনী ব্যঞ্জুলী চ ত্রিস্পৃশা পক্ষবর্দ্ধিনী।
জয়া চ বিজয়া চৈব জয়ন্তী পাপনাশিনী ॥ ২৬৫ ॥
দ্বাদশ্যোঽষ্টৌ মহাপুণ্যাঃ সর্ব্বপাপহরা দ্বিজ।
তিথিযোগেন জায়ন্তে চতস্রশ্চাপরাস্তথা।
নক্ষত্রযোগাচ্চ বলাৎ পাপং প্রশময়ন্তি তাঃ ॥ ২৬৬ ॥

অনুবাদ—অনন্তর উন্মীলনী আদি অষ্টমহাদ্বাদশীর বিশেষভাবে নিরূপণ, ব্রহ্মবৈবর্ত্তে শ্রীসূত-শৌনক-সংবাদে—উন্মীলনী, ব্যঞ্জুলী, ত্রিস্পৃশা, পক্ষবর্দ্ধিনী, জয়া, বিজয়া, জয়ন্তী, পাপনাশিনী ॥ এই অষ্ট মহাদ্বাদশী হে দ্বিজ! মহাপুণ্যা ও সর্ব্বপাপহরা। প্রথম চারিটি তিথি যোগে হয়। সেইরূপ জয়াদি চারিটি নক্ষত্রযোগে হয়, ঐগুলি বলপূর্ব্বক পাপ বিনষ্ট করে ॥ ২৬৫-২৬৬ ॥

টীকা—উন্মীলনী তথা ব্যঞ্জুলীত্যত্র ব্যঞ্জুলীতি ক্বচিৎ পাঠঃ ॥ ২৬৫ ॥

———

তত্র উন্মীলনীনিরূপণম্

একাদশী তু সংপূর্ণা বর্দ্ধতে পুনরেব সা।
দ্বাদশী চ ন বর্দ্ধেত কথিতোন্মীলনীতি সা ॥ ২৬৭ ॥

অনুবাদ—তন্মধ্যে উন্মীলনী নিরূপণ—একাদশী সম্পূর্ণা অরুণোদয় হইতে ৬৪ দণ্ড হইয়া পরদিন বর্দ্ধিত হইলে, দ্বাদশী কিন্তু পরদিনে বর্দ্ধিত হয় নাই—ইহাকে উন্মীলনী মহাদ্বাদশী বলা হয় ॥ ২৬৭ ॥

———

অথ ব্যঞ্জুলীনিরূপণম্

দ্বাদশ্যেব বিবর্দ্ধেত ন চৈবৈকাদশী যদা।
ব্যঞ্জুলী তু ভৃগুশ্রেষ্ঠ কথিতা পাপনাশিনী ॥ ২৬৮ ॥

অনুবাদ—অথ ব্যঞ্জুলী নিরূপণ—যখন দ্বাদশীই ৬০ দণ্ডের অধিক হইয়া পরদিনে বর্দ্ধিত হয়। একাদশী পরদিনে বৃদ্ধি পায় না, হে ভৃগুশ্রেষ্ঠ! তাহাই 'ব্যঞ্জুলী' মহাদ্বাদশী পাপনাশকারিণী ॥২৬৮॥

টীকা—পুনঃ পরদিনমিত্যর্থঃ। ব্যঞ্জুল্যা এব বিশেষণং পাপনাশিনীতি ॥ ২৬৭-২৬৮ ॥

———

অথ ত্রিস্পৃশানিরূপণম্

অরুণোদয় আদ্যা স্যাদ্দ্বাদশী সকলং দিনম্।
অন্তে ত্রয়োদশী প্রাতস্ত্রিস্পৃশা সা হরেঃ প্রিয়া ॥২৬৯॥

অনুবাদ—অথ ত্রিস্পৃশা নিরূপণ—অরুণোদয়ে একাদশী থাকিয়া সমগ্রদিন দ্বাদশী, রাত্রিশেষে ত্রয়োদশী আরম্ভ হইয়া প্রাতঃকাল ব্যাপিনী 'ত্রিস্পৃশা' মহাদ্বাদশী, তাহা শ্রীহরির প্রিয়া ॥ ২৬৯ ॥

টীকা—অরুণোদয়ে সূর্য্যোদয়ে, আদ্যা একাদশী; পাঠান্তরেঽপি সৈব অরুণোদয়ং ব্যাপ্য ॥ ২৬৯ ॥

অথ পক্ষবর্দ্ধিনী

কুহূরাকে যদা বৃদ্ধিং প্রয়াতে পক্ষবর্দ্ধিনী।
বিহায়ৈকাদশীং তত্র দ্বাদশী সমুপোষয়েৎ ॥ ২৭০ ॥

অনুবাদ—অথ পক্ষবর্দ্ধিনী—অমাবস্যা ও পূর্ণিমা অহোরাত্র থাকিয়া বৃদ্ধি প্রাপ্ত হইলে তখন ঐ পক্ষের দ্বাদশী 'পক্ষবর্দ্ধিনী' মহাদ্বাদশী নামে বিখ্যাতা ঐস্থলে শুদ্ধা একাদশী ত্যাগ করিয়া দ্বাদশীতে উপবাস করিবে ॥ ২৭০ ॥

পুণ্যশ্রবণ-পুষ্যাদ্য-রোহিণী-সংযুতাস্তু তাঃ।
উপোষিতাঃ সমফলা দ্বাদশ্যোঽষ্টৌ পৃথক্ পৃথক্ ॥ ২৭১ ॥

অনুবাদ—নক্ষত্রযোগে মহাদ্বাদশী চতুষ্টয় বলিতেছেন—পুষ্যা, শ্রবণা, পুনর্বসু ও রোহিণী নক্ষত্রযুক্তা শুক্লাদ্বাদশী চতুষ্টয় ও তিথি ঘটিতা দ্বাদশী চতুষ্টয় মিলিয়া পৃথক্ পৃথক্ অষ্ট মহাদ্বাদশী উপবাস করিলে সমফল প্রাপ্ত হওয়া যায় ॥ ২৭১ ॥

টীকা—পুষ্যাদ্যং পুনর্বসুনক্ষত্রং, সমফলা ইতি সর্ব্বাসাং নিত্যত্বাৎ ॥ ২৭১ ॥

ব্রহ্মঘ্নমপি সা পূর্ব্বা বিশোধয়তি ভার্গব।
ব্যঞ্জুলীতি দ্বিতীয়া সা হত্যাযুতবিনাশিনী ॥ ২৭২ ॥
মহাপাপানি চত্বারি শোধয়েৎ ত্রিস্পৃশা কৃতা।
কুরুতেঽশেষকলুষবিচ্ছেদং পক্ষবর্দ্ধিনী ॥ ২৭৩ ॥

অনুবাদ—উন্মীলনী ব্রহ্মঘাতীকেও বিশেষ ভাবে শোধিত করে, হে ভার্গব! ব্যঞ্জুলী অযুত সংখ্যক হত্যার পাপ বিনাশ করে। ত্রিস্পৃশা চতুর্ব্বিধ মহাপাপ শোধিত করে; পক্ষবর্দ্ধিনী অশেষ পাপ বিচ্ছেদ করে ॥ ২৭২-২৭৩ ॥

জয়া জয়ন্তী বিজয়া প্রেতমোক্ষং তথাপরা।
জয়ন্তী নরকচ্ছেদমপি দুষ্কৃতকারিণাম্।
অষ্টমী তু ভৃগুশ্রেষ্ঠ যথার্থা পাপনাশিনী ॥ ২৭৪ ॥

অনুবাদ—জয়া, জয়ন্তী, বিজয়া এই তিনটি মহাদ্বাদশী প্রেতত্ব মোচনকারিণী, আর জয়ন্তী দুষ্কৃতকারীদিগের নরকপ্রাপ্তিও ছেদন করে। হে ভৃগুশ্রেষ্ঠ! অষ্টমী 'পাপনাশিনী' যথার্থ পাপনাশিনী ॥২৭৪

টীকা—পূর্ব্বা উন্মীলনী তথাপরা জয়ন্তী চেত্যর্থঃ। পুনর্জয়ন্ত্যা বিশেষং দর্শয়তি—জয়ন্তীতি। পাঠান্তরে জয়াদিত্রয়ং প্রেতমোক্ষং কুরুতে। তথা পরেত্যস্য পরেণান্বয়ঃ। পরা সর্ব্বশ্রেষ্ঠা যত ইত্যর্থঃ। অষ্টমী পাপনাশিনী ॥ ২৭২-২৭৪ ॥

কিঞ্চ—

অথেতি মহতা পুণ্যপ্রসারেণ হরের্দিনম্।
শুক্লপক্ষে ভৃগুশ্রেষ্ঠ বিশেষব্রতসংযুতম্ ॥ ২৭৫ ॥
তদায়াতমপি ত্যক্তং যদি পুণ্যং বহিঃশ্রুতৈঃ।
তদেতদমৃতং প্রাপ্তং করাদ্বিগলিতং ক্ষণাৎ ॥২৭৬॥

অনুবাদ—আরও—হে ভৃগুশ্রেষ্ঠ! শুক্লপক্ষে শ্রীহরিবাসর অতিমহাপুণ্য বিস্তার দ্বারা বিশেষ ব্রতযুক্ত হইয়া সম্মুখে উপস্থিত হইলেও যদি বহির্ম্মুখ ব্যক্তির বাক্যে কেহ ত্যাগ করে তাহার পুণ্য সকল করতলগত অমৃতের ন্যায় ক্ষণকাল মধ্যে বিগলিত হয় ॥ ২৭৫-২৭৬ ॥

একাদশীস্বরূপেণ ধর্ম্মঃ সাক্ষাজ্জনার্দ্দনঃ।
তচ্ছরীরসমং প্রাহুর্ব্যঞ্জুল্যুন্মীলনীব্রতম্ ॥ ২৭৭ ॥

অনুবাদ—সাক্ষাৎ জনার্দ্দন একাদশী স্বরূপে ধর্ম্ম, ব্যঞ্জুলী ও উন্মীলনী ব্রত ভগবৎ শরীর সম বলা হয় ॥ ২৭৭ ॥

বিহায় ব্যঞ্জুলীং পাপাঃ কারয়ন্ত্যবরাং তিথিম্।
হিংসিতস্তৈরসৌ কৃষ্ণাক্ষর ইত্যবধারয় ॥ ২৭৮ ॥

অনুবাদ—পাপীগণ ব্যঞ্জুলী ব্রত ত্যাগ করিয়া অন্য তিথি ব্রত করিলে ঐ সকল পাপীগণ কৃষ্ণাক্ষর অর্থাৎ ভগবান শ্রীকৃষ্ণকেও হিংসা করিয়াছে—ইহা জানিবে ॥ ২৭৮ ॥

যে কারয়ন্ত্যবিদ্বাংসঃ শাস্ত্রমুল্লঙ্ঘ্য হৈতুকাঃ।
প্রাণিনস্তৎকৃতং পাপং তেষাং গচ্ছত্যসংশয়ম্ ॥২৭৯

অনুবাদ—যে সকল অবিদ্বান্ তার্কিক শাস্ত্রলঙ্ঘন করিয়া অন্য ব্রত করায়, প্রাণিগণের অন্যব্রতকৃত পাপ উপদেষ্টার নিকট যায়—ইহাতে সংশয় নাই ॥ ২৭৯ ॥

———

তেষাং নিরভিমানৈস্তু ভূত্বা শাস্ত্রানুগামিভিঃ।
যথাবদুপদেষ্টব্যং ন ভাব্যং কলুষাশয়ৈঃ ॥ ২৮০ ॥

অনুবাদ—নিরভিমানী ও শাস্ত্রানুগামী হইয়া সুধীগণ যথাযথ উপদেশ করিবেন, মলিন চিত্তগণের সহিত সঙ্গ করিবেন না ॥ ২৮০ ॥

টীকা—হরেদিনং উন্মীলন্যাদি, বহিঃশ্রুতৈঃ অশ্রুতশাস্ত্রৈরিত্যর্থঃ। অক্ষরেতি পাঠে অক্ষরো জনার্দ্দন এব। ততস্মাৎ অস্থির ইতি বা পাঠঃ। ততঃ পদাবির্ভাবস্থানং তুল্যমিত্যর্থঃ। তেষাং গচ্ছতি তান্ প্রাপ্নোতি। ভাব্যমিতি পাঠে মলিনাশয়ৈর্ভূত্বা ন বক্তব্যমিত্যর্থঃ ॥ ২৭৫-২৮০ ॥

———

ব্রাহ্মে বশিষ্ঠমান্ধাতৃসংবাদে—
জয়া চ বিজয়া চৈব জয়ন্তী পাপনাশিনী।
সর্ব্বপাপহরা হ্যেতাঃ কর্ত্তব্যাঃ ফলকাঙ্ক্ষিভিঃ ॥২৮১

অনুবাদ—ব্রহ্মপুরাণে বশিষ্ট মান্ধাতৃ-সংবাদে—সর্ব্বপাপহরা জয়া, বিজয়া, জয়ন্তী ও পাপনাশিনী এই সকল মহাদ্বাদশী ফললাভেচ্ছু ব্যক্তিগণ ব্রত করিবেন ॥ ২৮১ ॥

টীকা—ফলং তত্রোক্তং যত্তৎকাঙ্ক্ষিভিঃ ॥২৮১॥

———

অথাষ্টমহাদ্বাদশীনিত্যত্বম্

ব্রহ্মবৈবর্ত্তে—
দ্বাদশ্যোঽষ্টৌ সমাখ্যাতা যাঃ পুরাণবিচক্ষণৈঃ।
তাসামেকাপি চ হতা হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥২৮২॥

অনুবাদ—অথ অষ্ট মহাদ্বাদশীর নিত্যতা, ব্রহ্মবৈবর্ত্তপুরাণে—পুরাণবিদ্গণ যে অষ্ট মহাদ্বাদশী উল্লেখ করিয়াছেন, তাহাদের একটিও বর্জ্জন করিলে পূর্ব্বকৃত পুণ্য সমূহ নষ্ট হয় ॥ ২৮২ ॥

টীকা—তাসাং মধ্যে হতা অতিক্রান্তা। পাঠান্তরেঽপি স এবার্থঃ ॥ ২৮২ ॥

———

পাদ্মে মার্কণ্ডেয়পুরাণে চ শ্রীভগবদুক্তৌ—
ন করিষ্যন্তি যে লোকে দ্বাদশ্যোঽষ্টৌ মমাজ্ঞয়া।
তেষাং যমপুরে বাসো যাবদাহূতসংপ্লবম্ ॥ ২৮৩ ॥

অনুবাদ—পদ্মপুরাণে ও মার্কণ্ডেয়পুরাণে শ্রীভগবানের উক্তিতে—ইহলোকে যে সকল ব্যক্তি আমার আদিষ্ট অষ্ট মহাদ্বাদশী ব্রত না করিবে, প্রলয়কাল পর্য্যন্ত তাহাদের যমপুরীতে বাস হইবে ॥ ২৮৩ ॥

টীকা—যা অষ্টৌ দ্বাদশ্যস্তা, যে ন করিষ্যন্তি ॥ ২৮৩ ॥

———

স্কান্দে চ ব্রহ্মনারদসংবাদে জাগরণপ্রসঙ্গে—
উন্মীলনী পরিত্যক্তা ব্যঞ্জুলী পক্ষবর্দ্ধিনী।
নরকে বসতে তাবদ্যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ২৮৪ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে ব্রহ্ম-নারদ-সংবাদে জাগরণ প্রসঙ্গে, উন্মীলনী, ব্যঞ্জুলী ও পক্ষবর্দ্ধিনী—এই মহাদ্বাদশী সকল যে ব্রত না করে, তাহার কল্পকাল নরকে বাস হয় ॥ ২৮৪ ॥

———

ত্রিস্পৃশা বিষ্ণুদয়িতা যে ন কুর্ব্বন্তি ভূতলে।
তাবদ্যমপুরে বাসো যাবন্নদ্যঃ সসাগরাঃ।
ইতি ॥ ২৮৫ ॥

অনুবাদ—যাহারা বিষ্ণুপ্রিয়া ত্রিস্পৃশা মহাদ্বাদশী ব্রত পালন না করে, তাহারা এই ভূতলে যতদিন সাগরসহ নদীসমূহ অবস্থান করিবে, ততদিন যমপুরে বাস করিবে ॥ ২৮৫ ॥

———

অথ ঋক্ষপ্রযুক্তানাং ব্রতকর্ত্তব্যতা যথা।
জয়াদীনাং চতসৃণাং তথা ব্যক্তং নিরূপ্যতে ॥
ভান্যর্কোদয়মারভ্য প্রবৃত্তান্যধিকানি চেৎ।
সমা ন্যূনানি বা সন্তু ততোঽমীষাং ব্রতৌচিতী ॥২৮৬

অনুবাদ—অনন্তর নক্ষত্রযোগে জয়াদি মহাদ্বাদশী চতুষ্টয়ের ব্রত কর্ত্তব্যতা যেরূপে হয়, তাহা স্পষ্টভাবে নিরূপিত হইতেছে। শুক্লা দ্বাদশীতে জয়াদি ক্রমে পুনর্ব্বসু, শ্রবণা, রোহিণী ও পুষ্যা—এই চারিটি নক্ষত্র সূর্য্যোদয় হইতে আরম্ভ করিয়া ৬০ দণ্ড অহোরাত্র ভোগ করিয়া যদি অধিক, সম বা কম হইয়া থাকুক, তাহাতে ইহাদের ব্রতযোগ্যতা থাকে এবং ব্রত করা উচিত ॥ ২৮৬ ॥

টীকা—স্কান্দোক্তোন্মীলন্যাদীনাং সাহচর্য্যাৎ জয়াদীনামপি চতসৃণাং নিত্যত্বং সিদ্ধমেব। কিংবা তাস্বষ্টসু মধ্যে উন্মীলন্যাদীনামেব চতসৃণাং প্রাধান্যাভিপ্রায়েণ তত্র তাসামেব নিত্যত্বং যুক্তমিতি দিক্ ॥ ২৮৪-২৮৬ ॥

কিংবা সূর্য্যোদয়াৎ পূর্ব্বং প্রবৃত্তান্যধিকানি চেৎ।
সমানি বা তদাপ্যেষা ব্রতাচরণযোগ্যতা ॥ ২৮৭ ॥

অনুবাদ—অথবা—সূর্য্যোদয়ের পূর্ব্বে নক্ষত্র সকল আরম্ভ হইয়া ৬০ দণ্ড অহোরাত্র ভোগ করার পর অধিক বা সমান থাকে তাহাতেও ঐ মহাদ্বাদশীতে ব্রতাচারণ যোগ্যতা থাকে। পরন্তু অহোরাত্রের ন্যূন হইলে নহে ॥ ২৮৭ ॥

শ্রবণাব্যতিরিক্তেষু নক্ষত্রেষু খলু ত্রিষু।
সূর্য্যাস্তমনপর্য্যন্তং কার্য্যং দ্বাদশ্যপেক্ষণম্ ॥ ২৮৮ ॥

অনুবাদ—নক্ষত্রের পরিমাণ বলা হইল, এক্ষণে তিথির পরিমাণ বলিতেছেন—শ্রবণা ব্যতীত অন্য পুনর্ব্বসু, রোহিণী ও পুষ্যা নক্ষত্রযোগে—জয়া, জয়ন্তী ও পাপনাশিনী মহাদ্বাদশী ব্রতে সূর্য্যাস্ত গমন পর্য্যন্ত দ্বাদশী থাকা অবশ্য অপেক্ষণীয় ॥ ২৮৮ ॥

শ্রবণে ত্বস্তমনতঃ প্রাগ দ্বাদশ্যাং সমাপ্ততাম্।
গতায়ামপি তত্রৈব ব্রতস্যোচিততা ভবেৎ ॥ ২৮৯ ॥

অনুবাদ—পরন্তু শ্রবণা নক্ষত্র বিষয়ে সূর্য্যাস্তের পূর্ব্বে দ্বাদশীর অবসান হইলেও তাহাতেও ব্রত কর্ত্তব্যতা থাকে, ব্রত করা উচিত ॥ ২৮৯ ॥

অথ পারণকালনির্ণয়ঃ

বৃদ্ধৌ ভতিথ্যোরধিকা তিথিশ্চেৎ পারণন্ততঃ।
অন্তে স্যাচ্চেত্তিথির্ন্যূনা তিথিমধ্যে তু পারণম্ ॥২৯০

অনুবাদ—অনন্তর পারণকাল নির্ণয় উল্লিখিত হইতেছে—পারণদিনে প্রাতে নক্ষত্র ও তিথি বৃদ্ধি প্রাপ্ত হইলে নক্ষত্র অপেক্ষা তিথি অধিক পরিমাণ হইলে নক্ষত্রের শেষে পারণ হইবে। আর তিথি কম পরিমাণ থাকিলে তিথি মধ্যে পারণ হইবে ॥ ২৯০ ॥

দ্বাদশ্যনন্বৃত্তৌ তু বৃদ্ধৌ ব্রহ্মাচ্যুতর্ক্ষয়োঃ।
তন্মধ্যে পারণং বৃদ্ধৌ শেষয়োস্তদতিক্রমে ॥ ২৯১ ॥

অনুবাদ—পারণ দিনে দ্বাদশী না থাকিলে রোহিণী ও শ্রবণা নক্ষত্র বৃদ্ধি পাইলে নক্ষত্র মধ্যে পারণ, পুনর্ব্বসু ও পুষ্যা বৃদ্ধি পাইলে তাহাদের অবসানে পারণ হইবে ॥ ২৯১ ॥

শ্রীদ্বাদশীচতুষ্কস্য মহতোঽসৌ বিনির্ণয়ঃ।
নৃসিংহপরিচর্য্যাদি-গ্রন্থদৃষ্ট্যা নিরূপিতঃ ॥ ২৯২ ॥

অনুবাদ—প্রাচীন বৈষ্ণবাচার্য্য শ্রীকৃষ্ণদেবাচার্য্যকৃত নৃসিংহপরিচর্য্যাদি নিবন্ধ দৃষ্টে নক্ষত্র ঘটিত জয়াদি মহাদ্বাদশী চতুষ্টয়ের ব্রত নির্ণয় কীর্ত্তিত হইল ॥ ২৯২ ॥

অথোন্মীলন্যাদীনাং বিশেষতো মাহাত্ম্যং তাসু পূজাবিধিবিশেষশ্চ।

অথ তত্রাদৌ উন্মীলনীব্রতম্

পাদ্মে শ্রীসূত উবাচ—

রাজ্যং প্রকুর্ব্বতঃ পূর্ব্বমম্বরীষস্য বেশ্মনি।
গৌতমস্তপসা শ্রেষ্ঠং সমায়াতো মহামুনিঃ ॥২৯৩॥
দৃষ্ট্বা তমাগতং রাজা সমুত্তস্থৌ নিজাসনাৎ
দত্বার্ঘ্যং পরয়া ভক্ত্যা প্রোবাচাসনসংস্থিতম্ ॥২৯৪॥

অনুবাদ—অনন্তর উন্মীলনী আদি মহাদ্বাদশী সমূহের বিশেষরূপে মাহাত্ম্য ও তাহাতে পূজাবিধি বিশেষ কীর্ত্তিত হইতেছে। তন্মধ্যে প্রথমে উন্মীলনী

ব্রত কথা—পদ্মপুরাণে শ্রীসূত বলিলেন—প্রাচীনকালে মহারাজ অম্বরীষের গৃহে মহাতপস্বী মহামুনি গৌতম ঋষি আগমন করিলে তাঁহাকে আগমন করিতে দেখিয়া রাজা নিজ আসন হইতে উত্থিত হইয়া আসনে বসাইয়া পরম ভক্তিসহ পাদ্যঅর্ঘ্যাদি দান করিয়া বলিলেন ॥ ২৯৩-২৯৪ ॥

শ্রীঅম্বরীষ উবাচ—

স্বাগতং মুনিশার্দূল প্রসাদং কর্ত্তুমর্হসি।
ধন্যানামপি ধন্যোঽহং যত্ত্বং মদ্গৃহমাগতঃ ॥২৯৫॥

অনুবাদ—শ্রীঅম্বরীষ বলিলেন—হে মুনিবর! সুখে আগমন ত? কৃপা করুন, ধন্যগণের মধ্যেও আমি শ্রেষ্ঠ ধন্য যেহেতু আপনি আমার গৃহে আগমন করিয়াছেন ॥ ২৯৫ ॥

তপসঃ কুশলং তেঽদ্য ভক্তিঃ শ্রীকেশবোপরি।
নিশ্চলা মুনিশার্দূল হৃদয়ান্নাপসর্পতি ॥ ২৯৬ ॥

অনুবাদ—হে মুনিবর! অদ্য আপনার তপস্যার কুশল ত? শ্রীকৃষ্ণে আপনার নিশ্চলা ভক্তি হৃদয় হইতে অপসারিত হয় নাই? ২৯৬॥

টীকা—তে তব অদ্য ইদানীং, তপসঃ কুশলং কিমিতি প্রশ্নঃ। তথা ভক্তিশ্চেতি চ ॥ ২৯৬ ॥

শ্রীগৌতম উবাচ—

তপসঃ কুশলং রাজন্ ভক্তিঃ কৃষ্ণে সুনিশ্চলা।
কুশলং তব রাজেন্দ্র ব্রাহ্মণান্ পাসি সর্ব্বদা ॥২৯৭॥
ভক্তিং ভাগবতীং নিত্যং কিং করোষি নরাধিপ।
শালগ্রামময়ং বিশ্বং কিং ত্বং পশ্যসি প্রত্যহম্? ২৯৮॥
কিং ত্বং বন্দয়সে নিত্যং শালগ্রামশিলাজলম্।
গৃহীত্বা স্নানতোয়ন্তু কিং ত্বং পিবসি প্রত্যহম্?২৯৯॥

অনুবাদ—শ্রীগৌতম ঋষি বলিলেন—হে রাজন্! আমার তপস্যার কুশল, শ্রীকৃষ্ণে সুনিশ্চলা ভক্তিও আছে। হে রাজেন্দ্র অপানার কুশল ত? ব্রাহ্মণগণকে সর্ব্বদা পালন করিতেছেন, হে মহারাজ? আপনি কি নিত্য শ্রীভগবানে ভক্তি করিতেছেন! আপনি কি প্রত্যহ শালগ্রামময় বিশ্ব দেখিতেছেন? আপনি কি প্রত্যহ শালগ্রামের চরণামৃতকে বন্দনা করেন? আপনি কি প্রত্যহ শ্রীভগবানের স্নানজল লইয়া পান করেন? ২৯৭-২৯৯ ॥

টীকা—ভক্তিমেব প্রপঞ্চয়তি—শালগ্রামেত্যাদিনা প্রযত্নত ইত্যন্তেন। বিশ্বং শ্রীমূর্ত্তিং, কিমিত্যগ্রে সর্ব্বত্রৈবানুবর্ত্তনীয়ং, প্রশ্নপ্রকরণবলাৎ ॥২৯৮-২৯৯॥

দত্ত্বা বৈ বৈষ্ণবানান্তু প্রোক্ষণং কুরুষে গৃহে।
তদ্বিলেপনশেষেণ অঙ্গানি পরিমার্জ্জসি? ৩০০ ॥

অনুবাদ—গৃহে বৈষ্ণবগণের শ্রীচরণ প্রক্ষালন করেন কি? বৈষ্ণব অঙ্গে চন্দন লেপন করিয়া তাহার অবশেষ দ্বারা নিজ অঙ্গ সমূহ মার্জ্জন করেন কি? ॥ ৩০০ ॥

টীকা—দত্ত্বা বৈষ্ণবেভ্য ইতি শেষঃ ॥ ৩০০ ॥

শালগ্রামশিলামালাং দত্ত্বা মূর্দ্ধনি প্রত্যহম্।
কিং ধারয়সি ভূপাল কণ্ঠে নিত্যং সুভক্তিতঃ? ৩০১॥

অনুবাদ—প্রত্যহ শ্রীশালগ্রামশিলাতে মালা দিয়া ঐ মালা মস্তকে ও কণ্ঠে নিত্য উত্তম ভক্তিতে ধারণ করেন কি? ৩০১ ॥

ধূপশেষন্তু কৃষ্ণস্য ভক্ত্যা ভজসি ভূমিপ।
কৃত্বা চারাত্রিকং বিষ্ণোর্ভক্ত্যা বন্দয়সে নৃপ ॥৩০২॥

অনুবাদ—হে ভূপতি! শ্রীকৃষ্ণের ধূপশেষ ভক্তি-সহ আঘ্রাণ করেন ত? হে রাজন্! শ্রীবিষ্ণুর আরতি করিয়া ভক্তিসহ বন্দনা করেন ত? ৩০২ ॥

শঙ্খোদকং হরের্মূর্দ্ধ্নি ভ্রাময়িত্বা সুভক্তিতঃ।
বিভর্ষি শিরসা নিত্যং শেষং যচ্ছসি বৈষ্ণবান্? ৩০৩॥

অনুবাদ—শ্রীহরির মস্তকোপরি শঙ্খজল ভ্রমণ করাইয়া উত্তম ভক্তিসহ নিজ মস্তকে নিত্য ধারণ ও অবশেষ বৈষ্ণবগণকে দান করেন কি? ৩০৩ ॥

টীকা—বৈষ্ণবানিতি পাঠে তান্ প্রতি শেষং নির্ম্মাল্যং কিং যচ্ছসি? ৩০৩ ॥

নৈবেদ্যং দেবদেবস্য সর্ব্বোপস্করসংযুতম্ ।
বিষ্বক্সেনায় দত্ত্বা ত্বং ভুঙ্‌ক্ষে বৈষ্ণবৈঃ সহ ? ৩০৪॥

অনুবাদ—সর্ব্ব উপকরণসহ দেবদেব শ্রীনারায়ণের প্রসাদ নৈবেদ্য সেনাপতি বিষ্বক্‌সেনকে দিয়া বৈষ্ণবগণের সহিত আপনি ভোজন করেন ত ? ৩০৪॥

টীকা—উপস্করা ব্যঞ্জনাদীনি ॥ ৩০৪ ॥

নিত্যং নামসহস্রেণ ভক্ত্যা স্তৌষি জনার্দ্দনম্ ।
দীপার্ঘ্যদানং দেবস্য কুরুষে গীতনর্ত্তনম্ ? ৩০৫ ॥

অনুবাদ—প্রত্যহ সহস্রনাম দ্বারা ভক্তিসহ জনার্দ্দনকে স্তব করেন ত ? প্রদীপ, অর্ঘ্যদান শ্রীকৃষ্ণের উদ্দেশ্যে দিয়া গীত নৃত্য করেন ত ? ৩০৫ ॥

দূর্ব্বাঙ্কুরৈঃ পূজয়িত্বা পূজান্তে মধুসূদনম্ ।
অক্ষতৈর্নৃপশার্দ্দূল কিমর্চ্চয়সি কেশবম্ ? ৩০৬ ॥

অনুবাদ—হে মহারাজ দুর্ব্বার কোমল অঙ্কুর সমূহ দ্বারা মধুসূদনকে পূজা করিয়া পূজান্তে অক্ষত (আতপ চাল) দ্বারা কেশবকে অর্চ্চন করেন কি ? ॥ ৩০৬ ॥

পক্ষে পক্ষে নৃপশ্রেষ্ঠ বিধিবদ্দ্বাদশীব্রতম্ ।
দশমীবেধরহিতং কুরুষে জাগরান্বিতম্ ? ৩০৭ ॥

অনুবাদ—হে মহারাজ ! শুক্ল ও কৃষ্ণপক্ষে দশমীবেধ বিহিত বিধিবদ্ দ্বাদশীব্রত রাত্রি জাগরণ সহ করেন কি ? ৩০৭ ॥

তুলসীপত্রনিকরৈর্নিত্যং পূজয়সে হরিম্ ।
পুণ্ড্রং বিভর্ষি দেহে ত্বং গোপীচন্দনসম্ভবম্ ? ৩০৮ ॥

অনুবাদ—প্রত্যহ তুলসীপত্র সমূহদ্বারা শ্রীহরিকে পূজা করেন কি ? গোপীচন্দন দ্বারা দেহে উর্দ্ধ্বপুণ্ড্র তিলক করেন কি ? ৩০৮ ॥

বিভর্ষি কণ্ঠে ত্বং নিত্যং ধাত্রীফলসমুদ্ভবাম্ ।
মালাং মখাযুতসমাং তুলসীপত্রসম্ভবাম্ ॥ ৩০৯ ॥

অনুবাদ—আপনি কণ্ঠে নিত্য ধাত্রীফল মালা ধারণ করেন কি ? যজ্ঞাযুত সম তুলসীপত্র মালা কণ্ঠে নিত্য ধারণ করেন কি ? ৩০৯ ॥

টীকা—তুলসীপত্রসম্ভবাঞ্চ মালাম্ ॥ ৩০৯ ॥

শালগ্রামশিলাযুক্তং দ্বারকায়াঃ সমুদ্ভবম্ ।
নিত্যং পূজয়সে ভূপ ভুক্তিমুক্তিফলপ্রদম্ ? ৩১০ ॥

অনুবাদ—হে মহারাজ ! শালগ্রামশিলাযুক্ত দ্বারকাচক্র ভুক্তিমুক্তি ফলপ্রদ, আপনি তাঁহার নিত্য পূজা করেন কি ? ৩১০ ॥

টীকা—দ্বারকায়াঃ সমুদ্ভবং দ্বারকাসম্বন্ধি চক্রাঙ্কম্ ॥ ৩১০ ॥

পুরাণং ত্বং ভাগবতং পঠ্যসে পুরতো হরেঃ ।
চরিতং দৈত্যরাজস্য প্রহলাদস্য চ ভূপতে ॥ ৩১১ ॥

অনুবাদ—হে ভূপতি ! আপনি শ্রীহরির সম্মুখে ভাগবত পুরাণ ও দৈত্যরাজ প্রহলাদ চরিত্র পাঠ করেন কি ? ৩১১ ॥

বাসরং বাসুদেবস্য সবেধং কুর্ব্বতো নরান্ ।
নিবারয়সি ভূপাল শাস্ত্রদৃষ্ট্যা প্রযত্নতঃ ? ৩১২ ॥

অনুবাদ—হে রাজন্ দশমীবিদ্ধা শ্রীহরিবাসর ব্রতকারী মানবগণকে শাস্ত্র দৃষ্টিতে যত্নসহকারে নিষেধ করেন কি ? ৩১২ ॥

সবেধং বাসরং বিষ্ণোর্যস্মিন্ রাষ্ট্রে প্রবর্ত্ততে ।
লিপ্যতে তেন পাপেন রাজা ভবতি নারকী ॥৩১৩॥

অনুবাদ—যে রাজ্যে দশমীবিদ্ধা শ্রীহরিবাসর প্রচলিত হয়, সেই পাপে লিপ্ত রাজা নারকী হয় ॥৩১৩

বেধং চতুর্ব্বিধং ত্যক্ত্বা সমুপোষ্য হরেদিনম্ ।
কুলকোটিং সমুদ্ধৃত্য নরকাদ্ব্রজতে দিবম্ ॥৩১৪॥

অনুবাদ—অরুণোদয়ে চারিদণ্ডে চতুর্ব্বিধ বেধ ত্যাগ করিয়া যে মানব শ্রীহরিবাসরে উপবাস করে,

তাহার কোটিকুল নরক হইতে উদ্ধার লাভ করিয়া স্বর্গে গমন করে ॥ ৩১৪ ॥

অম্বরীষ উবাচ—
ত্বয়া যদুক্তং বিপ্রেন্দ্র তৎ সর্ব্বং প্রকরোম্যহম্।
পশ্যাম্যহং বিষ্ণুময়ং জগদেতচ্চরাচরম্ ॥ ৩১৫ ॥

অনুবাদ—রাজা অম্বরীষ বলিলেন—হে বিপ্রবর! আপনি যাহা যাহা জিজ্ঞাসা করিলেন তৎসমুদয়ই আমি পালন করি, এই চরাচর জগৎ বিষ্ণুময় দেখি ॥ ৩১৫ ॥

বিষ্ণুরূপী ত্বমায়াতো মদ্গৃহং মুনিসত্তম।
ব্রতং কথয় মে বিপ্র বৈষ্ণবং সর্ব্বকামদম্ ॥৩১৬॥

অনুবাদ—হে মুনি সত্তম! বিষ্ণুরূপী আপনি আমার গৃহে আগমন করিয়াছেন, হে বিপ্র সর্ব্বকামপ্রদ বিষ্ণুব্রত আমাকে বলুন ॥ ৩১৬ ॥

যৎ কৃত্বা ন পুনঃ কৃত্যং ভবতে ঋষিসত্তম।
পুনর্গতির্যথা বিপ্র বিষ্ণুলোকান্তবেন্ন হি ॥ ৩১৭ ॥

অনুবাদ—হে ঋষি সত্তম! যাহা করিলে পুনরায় কোন কৃত্য অবশিষ্ট থাকে না এবং হে বিপ্র! যাহাতে বিষ্ণুলোক হইতে পুনরাগমন না হয় ॥৩১৭॥

শ্রীগৌতম উবাচ—
শৃণু ভূপাল বক্ষ্যামি ব্রতং যদ্বৈষ্ণবং মহৎ।
দ্বাদশীসম্ভবং পুণ্যং ময়াখ্যাতং ন কস্যচিৎ ॥৩১৮॥

অনুবাদ—শ্রীগৌতম ঋষি বলিলেন—হে ভূপাল! শ্রবণ করুন, মহৎ বৈষ্ণবব্রত বলিব, দ্বাদশীব্রত জাত পুণ্য আমি এ যাবৎ কাহাকেও বলি নাই ॥ ৩১৮ ॥

বৈষ্ণবোঽসি মহারাজ ভক্ত্যা ভাগবতাং নৃণাম্।
বৈষ্ণবং যন্মহাগুহ্যং তদ্ব্রতং ত্বং নিশাময় ॥ ৩১৯ ॥

অনুবাদ—হে মহারাজ! আপনি ভক্তিতে ভক্তগণের মধ্যে শ্রেষ্ঠ হইয়াছেন। মহাগোপনীয় যে বৈষ্ণবব্রত, সেই ব্রত আপনি শ্রবণ করুন ॥ ৩১৯ ॥

টীকা—ভাগবতানামিতি বক্তব্যে ভাগবতামিত্যার্ষম্ ॥ ৩১৯ ॥

উন্মীলনী নাম পুরা মম ভক্ত্যা তু বিষ্ণুনা।
কথিতা সুপ্রসন্নেন তাং তে ভূপ বদাম্যহম্ ॥ ৩২০ ॥

অনুবাদ—প্রাচীনকালে আমার ভক্তিতে সুপ্রসন্ন শ্রীবিষ্ণু উন্মীলনী নামক যে ব্রত বলিয়াছেন, হে মহারাজ! আপনার প্রতি সুপ্রসন্ন আমি তাহা বলিব ॥ ৩২০ ॥

সম্পূর্ণৈকাদশী প্রাতর্দ্বিতীয়েঽহ্নি প্রবর্দ্ধতে।
উন্মীলনীতি সা প্রোক্তা পাপপঙ্কৌঘনাশিনী ॥৩২১॥

অনুবাদ—সম্পূর্ণা একাদশী অরুণোদয় হইতে ৬৪ দণ্ড অহোরাত্র থাকিয়া পরদিন প্রাতে যদি বৃদ্ধি হয়, তাহার নাম উন্মীলনী, তাহা বহু পাপপঙ্ক নাশিনী ॥ ৩২১ ॥

ত্রৈলোক্যে যানি তীর্থানি পুণ্যান্যায়তনানি চ।
কোট্যংশেনৈব তুল্যানি মখা বেদাস্তপাংসি চ ॥৩২২॥
উন্মীলনীসমং কিঞ্চিন্ন দৃষ্টং ন শ্রুতং ময়া।
প্রয়াগো ন কুরুক্ষেত্রং ন কাশী ন চ পুষ্করম্ ॥৩২৩॥
ন রেবা ব্রহ্মতনয়া কালিন্দী মথুরা ন হি।
পিণ্ডারকং প্রভাসঞ্চ ন ক্ষেত্রং হাটকেশ্বরম্ ॥৩২৪॥
শৈলো হিমাচলো নৈব ন মেরুর্গন্ধমাদনঃ।
শৈলো নৈবেহ মলয়ো ন বিন্ধ্যো নৈব নৈষধঃ ॥৩২৫॥
গোদাবরী চ কাবেরী চন্দ্রভাগা ন দেবিকা।
ন তাপী ন পয়োষ্ণী চ ন শিপ্রা নৈব চন্দনা ॥৩২৬॥
চর্ম্মণ্বতী চ সরযূশ্চন্দ্রভাগা ন গণ্ডকী।
গোমতী চ বিপাশা চ শোণশ্চৈব মহানদঃ ॥৩২৭॥

অনুবাদ—ত্রিলোকে যে সকল তীর্থ ও পুণ্যস্থান, যজ্ঞসমূহ, বেদসমূহ, তপস্যা সকল, কোটি অংশেও উন্মীলনীর সমান কিছুই আমি দেখি নাই বা শুনি নাই। প্রয়াগ, কুরুক্ষেত্র, কাশী, পুষ্কর, রেবা, সর-

স্বতী, যমুনা, মথুরা, পিণ্ডারক, প্রভাস, হাটকেশ্বর ক্ষেত্র, হিমাচল গিরি, মেরু, গন্ধমাদন, মলয়, বিন্ধ্য, নৈষধ, গোদাবরী, কাবেরী, চন্দ্রভাগা, দেবিকা, তাপী, পয়োষ্ণী, শিপ্রা, চন্দনা, চর্ম্মণ্বতী, সরযূ, চন্দ্রভাগা, গণ্ডকী, গোমতী, বিপাশা, শোণ, মহানন্দ কোনই উন্মীলনীর সম নহে ॥ ৩২২-৩২৭ ॥

টীকা - কোটীনামাংশানামেকেনৈবাংশেন তীর্থাদীনি তুল্যানীত্যর্থঃ। যদ্বা, কোট্যংশে বিষয়েঽপি নৈব তুল্যানি ॥ ৩২২ ॥

টীকা—তদেব প্রপঞ্চয়তি—উন্মীলনীতি ষড্ভিঃ। প্রয়াগমিত্যাদীনাং নপুংসকত্বমার্ষম্, এবং সর্ব্বত্রে-বোহ্যম্। ব্রহ্মতনয়া—সরস্বতী ॥ ৩২৩ ৩২৪ ॥

কিমত্র বহুনোক্তেন ভূয়ো ভূয়ো নরাধিপ।
নোন্মীলনীসমং কিঞ্চিন্ন দেবঃ কেশবাৎ পরঃ ॥৩২৮॥

অনুবাদ—হে মহারাজ! এ বিষয়ে পুনঃ পুনঃ বহু বলিয়া কি প্রয়োজন, উন্মীলনীর সম কিছুই, নাই যেমন কেশবের অপেক্ষা শ্রেষ্ঠ দেব নাই ॥ ৩২৮ ॥

উন্মীলনীমনুপ্রাপ্য যৈঃ কৃতং কেশবার্চ্চনম্।
পাপচক্রসমূহস্য দগ্ধস্তেন দবানলঃ ॥ ৩২৯ ॥

অনুবাদ—উন্মীলনীর ব্রত প্রাপ্ত হইয়া যাহারা শ্রীকেশবের অর্চ্চন করেন, তাহারা পাপপুঞ্জ সমূহকে দাবানলে ভস্মীভূত করেন ॥ ৩২৯ ॥

যস্মিন্ মাসে মহীপাল তিথিরুন্মীলনী ভবেৎ।
তন্মাস-নাম্না গোবিন্দঃ পূজনীয়ো যথাবিধি ॥৩৩০॥

অনুবাদ—হে ভূপতি! যে মাসে উন্মীলনী তিথি উপস্থিত হয়, সেই মাসের নামদ্বারা যথাবিধি গোবিন্দ পূজা কর্ত্তব্য ॥ ৩৩০ ॥

টীকা—এবং মাহাত্ম্যমুক্ত্বা তত্র পূজাবিধিবিশেষ-মাহ—যস্মিন্নিত্যাদিনা কথানকৈরিৎ্যন্তেন। তন্মা-সনাম্নেতি—মার্গাদি দ্বাদশমাসেষু ক্রমেণ কেশবাদ্যা দামোদরান্তাঃ কেশবাদিন্যাসাদৌ লিখিতা দ্বাদশ দেবতাঃ। অতস্তন্মাসদেবতানাম্নেত্যর্থঃ। অতশ্চ তত্তদায়ুধাদিকমপি তথৈব কর্ত্তব্যমিত্যূহ্যম্, এবম-গ্রেঽপি ॥ ৩৩০ ॥

জাতরূপময়ঃ কার্য্যো মাসনাম্না তু মাধবঃ।
স্বশক্ত্যা বিশ্বরূপঞ্চ শ্রদ্ধাভক্তিসমন্বিতৈঃ ॥ ৩৩১ ॥

অনুবাদ—মাসনামে স্বর্ণময় মাধব নির্ম্মাণ করিয়া নিজশক্তি অনুসারে শ্রদ্ধা ভক্তিসহ বিশ্বরূপকেও পূজা করিবে ॥ ৩৩১ ॥

পবিত্রোদকসংযুক্তং পঞ্চরত্ন-সমন্বিতম্।
গন্ধপুষ্পাক্ষতৈর্যুক্তং কুম্ভং স্রগ্দামভূষিতম্ ॥ ৩৩২॥
পাত্রমৌড়ুম্বরং কার্য্যং গোধূমৈশ্চাপি পূরিতম্।
তণ্ডুলৈর্বা মহীপাল স্থাপনীয়ং ঘটোপরি ॥ ৩৩৩ ॥

অনুবাদ—পবিত্র গঙ্গাজল পূর্ণ পঞ্চরত্ন সমন্বিত, গন্ধপুষ্প অক্ষতযুক্ত পুষ্পমালা ভূষিত কুম্ভস্থাপন পূর্ব্বক, তাম্রপাত্রে গম বা চাউল দ্বারা পূর্ণ করিয়া হে মহারাজ! ঘটের উপরে স্থাপন কর্ত্তব্য ॥ ৩৩২-৩৩৩

স্নাপয়িত্বা তু গোবিন্দং কুঙ্কুমাগুরুচন্দনৈঃ।
কৃত্বা বিলেপনং বিষ্ণোঃ স্থাপনীয়ো ঘটোপরি ॥৩৩৪॥

অনুবাদ—শ্রীগোবিন্দকে স্নান করাইয়া কুঙ্কুম অগুরু চন্দন দ্বারা তিলকাদি রচনা করিয়া ঘটের উপর নারায়ণকে স্থাপন করিতে হইবে ॥ ৩৩৪ ॥

টীকা—স্বশক্ত্যা নিজশক্ত্যনুসারেণ, বিশ্বরূপং সমগ্রসৌন্দর্য্যং যথা স্যাৎ। যদ্বা, তদীয়াখিলায়ু-ধাদ্যুপাঙ্গক্ষেত্যর্থঃ। কুম্ভং স্থাপয়েদিতি শেষঃ, স্নাপয়িত্বা পঞ্চামৃতাদিনা, ঘটোপরি স্থাপনীয় ইতি ঘটোপরি যত্তাম্রপাত্রং, তদুপরীত্যর্থঃ। তত্রাপি ঘটোপরি তস্যা-ব্যভিচারাৎ। স্থাপনঞ্চ—'এহ্যেহি ত্বং জগন্নাথ বৈকুণ্ঠ পুরুষোত্তম। পরিবারগণোপেত লক্ষ্ম্যা সহ জগৎ-পতে ॥' ইত্যাবাহনেন, তথা মনোজ্যোরিতি প্রতিষ্ঠা-দিনা চ জ্ঞেয়ম্। গন্ধপুষ্পাদিসমর্পণঞ্চ তন্নাম-মন্ত্রেণৈব ॥ ৩৩১-৩৩৪ ॥

প্রদদ্যাদ্বস্ত্রযুগ্মন্তু সোপবীতঞ্চ সোত্তরম্।
উপানহৌ চ রাজর্ষে আতপত্রং শিরোপরি ॥ ৩৩৫ ॥
ভাজনং জলপাত্রঞ্চ সপ্তধান্যং তিলৈঃ সহ।
রূপ্যং চৈব চ কার্পাসং পায়সং
মুদ্রিকাং হরেঃ ॥ ৩৩৬ ॥
ধেনুং বা নিষ্ক্রয়ং বাপি দদ্যান্মাধবতুষ্টয়ে।
শয্যাং সোপস্করাং দত্ত্বা মাধবায় তু ভক্তিতঃ ॥৩৩৭
ধূপদীপন্তু নৈবেদ্যং ফলং পত্রং নিবেদয়েৎ।
পূজনীয়ো মহাভক্ত্যা মন্ত্রৈরেভিস্তু বৈষ্ণবৈঃ।
তুলসীপত্রসংযুক্তৈঃ পুষ্পৈঃ কালোদ্ভবৈর্হরিঃ ॥৩৩৮॥

অনুবাদ—পরিধেয় ও উত্তরীয় বস্ত্রদ্বয় উপবীত সহ পরাইয়া, হে রাজর্ষি! চরণে পাদুকা, মস্তক উপরে ছত্র, প্রশস্তপাত্র, জলপাত্র, তিলসহ সপ্তধান্য, রূপার অলঙ্কার, কার্পাস, পায়স, শ্রীহরির হস্তে অঙ্গুরী ধেনু বা ধেনুমূল্য মাধবের তুষ্টির জন্য বালিশ মশারি সহ শয্যা ভক্তিসহ মাধবকে দান করিয়া ধূপ, দীপ, নৈবেদ্য, ফল, তুলসী পত্র নিবেদন করিতে হয়। উত্তম-ভক্তিসহ বৈষ্ণব শাস্ত্রোক্ত মন্ত্রসমূহদ্বারা পূজা কর্ত্তব্য। তুলসীপত্র সহ যথাকালোদ্ভব পুষ্পসমূহদ্বারা শ্রীহরি পূজনীয় ॥ ৩৩৫-৩৩৮ ॥

টীকা—সোত্তরম্ উত্তরীয়সহিতম্ ॥ ৩৩৫ ॥

———

মাসনাম্না তু পাদৌ হি জানুনী বিশ্বরূপিণে।
গুহ্যন্তু কামপতয়ে কটিঞ্চ পীতবাসসে ॥ ৩৩৯ ॥
ব্রহ্মমূর্ত্তিভৃতে নাভিমুদরং বিশ্বযোনয়ে।
হৃদয়ং জ্ঞানগম্যায় কণ্ঠং বৈকুণ্ঠমূর্ত্তয়ে ॥ ৩৪০ ॥
উরুগায় ললাটন্তু বাহূ ক্ষত্রান্তকারিণে।
উত্তমাঙ্গং সুরেশায় সর্ব্বাঙ্গং সর্ব্বমূর্ত্তয়ে ॥ ৩৪১ ॥

অনুবাদ—মাস নামে শ্রীচরণদ্বয়, বিশ্বরূপ মন্ত্রে জানুদ্বয়, কামপতি মন্ত্রে গুহ্যদেশ, পীতবাস মন্ত্রে, কটিদেশ, ব্রহ্মমূর্ত্তিভৃৎ মন্ত্রে নাভিদেশ, বিশ্বযোনি মন্ত্রে উদর, জ্ঞানগম্য মন্ত্রে হৃদয়, বৈকুণ্ঠমূর্ত্তি মন্ত্রে কণ্ঠ, উরুগায় মন্ত্রে ললাট, ক্ষত্রান্তকারি মন্ত্রে বাহুদ্বয়, সুরেশ মন্ত্রে মস্তক, সর্ব্বমূর্ত্তি মন্ত্রে সর্ব্বাঙ্গ পূজা করিবে ॥ ৩৩৯-৩৪১ ॥

টীকা—অবয়বপূজামাহ—মাসেতি ত্রিভিঃ। মাসনাম্না স্বনাম্নেত্যর্থঃ, অত্র সর্ব্বত্রৈব নমঃশব্দঃ প্রযোজ্যঃ। অতএব মন্ত্রাঃ, পাদৌ পূজয়েদিতি শেষঃ। এবমগ্রেঽপি সর্ব্বত্র ॥ ৩৩৯ ॥

———

স্বনাম্না চায়ুধাদীনি পূজনীয়ানি ভক্তিতঃ।
অর্ঘ্যদানং প্রকর্ত্তব্যং নারিকেলাদিভিঃ ফলৈঃ ॥৩৪২॥

অনুবাদ—অস্ত্র সমূহ নিজ নিজ নামে ভক্তিসহ পূজনীয়, নারিকেল ফলের জলদ্বারা অর্ঘ্যদান কর্ত্তব্য

টীকা—স্বনাম্না—সুদর্শনায় নম ইত্যাদিনা রূপেণ ॥ ৩৪২ ॥

———

শঙ্খোপরি ফলং কৃত্বা গন্ধপুষ্পফলান্বিতম্।
সূত্রেণ বেষ্টনং কৃত্বা দদ্যাদর্ঘ্যং বিধানতঃ ॥৩৪৩॥

অনুবাদ—শঙ্খের উপর ফল রাখিয়া গন্ধপুষ্প-ফলযুক্ত অর্ঘ্যপাত্র সূত্রদ্বারা বেষ্টন করিয়া বিধিমত অর্ঘ্যদান করিবে ॥ ৩৪৩ ॥

———

দেবদেব মহাদেব মহাপুরুষ পূর্ব্বজ।
সুব্রহ্মণ্য নমস্তেঽস্তু পুণ্যকীর্ত্তিবিবর্দ্ধন ॥ ৩৪৪ ॥

অনুবাদ—অর্ঘ্যদানমন্ত্র—হে দেবদেব! মহাদেব, মহাপুরুষ, আদিদেব, সুব্রহ্মণ্য, পুণ্যকীর্ত্তি বিবর্দ্ধন আপনাকে প্রণাম ॥ ৩৪৪ ॥

———

শোকমোহমহাপাপান্মামুদ্ধর ভবার্ণবাৎ।
সুকৃতং ন কৃতং কিঞ্চিজ্জন্মান্তরশতৈরপি।
তথাপি মাং জগন্নাথ সমুদ্ধর ভবার্ণবাৎ ॥ ৩৪৫ ॥

অনুবাদ—শোকমোহ মহাপাপ ও ভবসমুদ্র হইতে আমাকে উদ্ধার করুন। শত শত জন্মেও কোন সুকৃত করি নাই। তথাপি আমাকে হে জগন্নাথ! ভবসমুদ্র হইতে উদ্ধার করুন ॥ ৩৪৫ ॥

———

ব্রতেনানেন দেবেশ যে চান্যে মম পূর্ব্বজাঃ।
বিযোনিঞ্চ গতাশ্চান্যে পাপাত্মত্বাবশং গতাঃ।
যে ভবিষ্যতি যেঽতীতাঃ প্রেতলোকাৎ সমুদ্ধর ॥৩৪৬

অনুবাদ—হে দেবেশ ! এই ব্রতদ্বারা 'আমার পূর্ব্বজাত যে সকল ব্যক্তি পাপহেতু বিযোনি প্রাপ্ত হইয়াছেন এবং যমলোকে গিয়াছেন, যাহারা যাইবেন আর যাহারা অতীতে গিয়াছেন তাহাদিগকে প্রেত-লোক হইতে উদ্ধার করুন ॥ ৩৪৬ ॥

আর্ত্তস্য মম দীনস্য ভক্তিরব্যভিচারিণী ।
দত্তমর্ঘ্যং ময়া তুভ্যং ভক্ত্যা গৃহ্ণ গদাধর ॥ ৩৪৭ ॥

অনুবাদ—হে গদাধর ! আর্ত্ত ও দীন আমার যেন অব্যভিচারিণী ভক্তি হয় এবং ভক্তিসহ আমি আপনাকে অর্ঘ্যদান করিলাম গ্রহণ করুন ॥ ৩৪৭ ॥

দত্ত্বার্ঘ্যং ধূপদীপাদ্যৈর্নৈবেদ্যৈর্হবিরুত্তবৈঃ ।
স্তোত্রৈর্নীরাজনৈর্গীতৈর্নৃত্যৈঃ সন্তোষয়েদ্ধরিম্ ॥৩৪৮॥

অনুবাদ—অর্ঘ্যদান পূর্ব্বক ধূপ দীপাদিসহ ঘৃত-পক্ব নৈবেদ্য স্তোত্র পাঠ নীরাজন নৃত্যগীত দ্বারা শ্রীহরিকে সন্তুষ্ট করিবেন ॥ ৩৪৮ ॥

বস্ত্রদানৈশ্চ গোদানৈর্ভোজনৈস্তোষয়েৎ গুরুম্ ।
অকুর্ব্বন্ বিত্তশাঠ্যন্তু ব্রতং কুর্য্যাত্তু বৈষ্ণবঃ ॥৩৪৯॥

অনুবাদ—বস্ত্রদান, গোদান, ভোজন দান দ্বারা শ্রীগুরুদেবকে সন্তুষ্ট করিবেন। বৈষ্ণব বিত্তশাঠ্য না করিয়া ব্রত করিবেন ॥ ৩৪৯ ॥

তুষ্ট্যর্থং পদ্মনাভস্য কার্য্যং জাগরণন্তথা
নিশান্তে ব্রতকৃত্যন্তু গুরবে তন্নিবেদয়েৎ ॥ ৩৫০ ॥

অনুবাদ—পদ্মনাভ শ্রীহরির নিশি জাগরণ করা উচিত। সেইরূপ নিশান্তে ব্রতকৃত্য গুরুদেবে নিবেদন করা কর্ত্তব্য ॥ ৩৫০ ॥

গুরৌ নিবেদিতে ভূপ পরিপূর্ণ ভবেদ্ব্রতম্ ।
কৃত্বা দিনকৃতং কর্ম্ম ভোজনং ব্রাহ্মণৈঃ সহ ।
কর্ত্তব্যং নৃপশার্দূল দিনং নেয়ং কথানকৈঃ ॥৩৫১॥

অনুবাদ—হে রাজন্ ! শ্রীগুরুদেবে ব্রত নিবেদিত হইলে পর ব্রত পরিপূর্ণ হইবে। নিত্যকর্ম্ম শেষ করিয়া ব্রাহ্মণগণের সহ ভোজন কর্ত্তব্য। হে মহা-রাজ ! শ্রীকৃষ্ণ কথা শ্রবণ কীর্ত্তন সহ দিন যাপন করিবেন ॥ ৩৫১ ॥

টীকা—বিধানত ইতি সজলকুঙ্কুমশঙ্খোপরি একসূত্রবেষ্টিতং গন্ধাদিসহিতং ফলং কৃত্বার্ঘ্যং দদ্যা-দিতি বিধানং জ্ঞেয়ম্। তত্র মন্ত্রঃ দেবদেবেত্যাদি। ব্রতকৃত্যং ব্রতোপস্করং শ্রীমূর্ত্ত্যাদিকং, দিনকৃতং দিন-কৃত্যং, কথানকৈঃ ভগবদ্বার্ত্তাদিভিঃ ॥ ৩০৩-৩৫১ ॥

অনেন বিধিনা যস্তু কুর্য্যাদুন্মীলনীব্রতম্ ।
কল্পকোটিসহস্রাণি বসতে বিষ্ণুসন্নিধৌ ॥ ৩৫২ ॥

অনুবাদ—এইরূপ বিধি অনুসারে যে ব্যক্তি উন্মীলনী ব্রত করেন, তিনি সহস্রকোটি কল্প বিষ্ণুর নিকটে বাস করিবেন ॥ ৩৫২ ॥

টীকা—এবং ব্রতস্য পুনঃ ফলবিশেষমাহ—অনেনেতি দ্বাভ্যাম্ ॥ ৩৫২ ॥

কিঞ্চ—

উন্মীলনীব্রতং কুর্য্যাদেবং যঃ স ধনী ভবেৎ ।
দীর্ঘায়ুঃ পুত্রবান্ বিদ্বান্ ন কর্ত্তা
নিরয়ং ব্রজেৎ ॥ ৩৫৩ ॥

অনুবাদ—আরও—এই নিয়মে যে মানব উন্মী-লনী ব্রত করিবেন, তিনি ধনী, দীর্ঘায়ু, পুত্রবান্, বিদ্বান্ হইবেন, অকরণে নরকগামী হইবে ॥৩৫৩॥

ব্রহ্মবৈবর্ত্তে সূতশৌনকসংবাদে—

তাবৎ পাপানি দেহেষু দুঃসহা যমযাতনাঃ ।
প্রাণিনাং কুরুতে তাবদ্যাবন্নোন্মীলনীব্রতম্ ॥৩৫৪॥

অনুবাদ—ব্রহ্মবৈবর্ত্তে সূত শৌনক-সংবাদে—প্রাণিগণের শরীরে সেইকাল পর্য্যন্ত দুঃখপ্রদ যম-যাতনা সমূহ ও পাপসমূহ বিদ্যমান থাকে। যে কাল পর্য্যন্ত উন্মীলনী ব্রত না করে ॥ ৩৫৪ ॥

টীকা—যাবদুন্মীলনীব্রতং ন কুরুতে জনঃ তাব-

দেব প্রাণিনাং দেহেষু পাপানি, তাবচ্চ যমযাতনা দুঃসহা ভবন্তীত্যন্বয়ঃ। নকারাভাবপাঠেঽপি উন্মীলনীব্রতাচরণং যাবদেব, পাপাদয়স্তিষ্ঠন্তি, তাবদেব; তস্মিন্ সতি চ ন তিষ্ঠন্তীতি তথৈবার্থঃ ॥৩৫৪

———

যদত্র দীয়তে দানং হূয়তে বাত্র যদ্ধবিঃ।
সর্ব্বং তদক্ষয়ং প্রাহুরুন্মীলন্যাং মহর্ষয়ঃ ॥ ৩৫৫ ॥

ইত্যুন্মীলনীব্রতম্।

অনুবাদ—মহর্ষিগণ বলেন—উন্মীলনী ব্রতে যে সকল দ্রব্য দান করা হয় এবং যে ঘৃত হোম করা হয়, সে সকল অক্ষয় থাকে ॥ ৩৫৫ ॥

এই পর্য্যন্ত উন্মলনী ব্রত কথা সমাপ্ত।

———

অথ ব্যঞ্জুলীব্রতম্

পাদ্ম এব শ্রীগৌতমাম্বরীষসংবাদে—

সম্পূর্ণৈকাদশী যত্র দ্বাদশী চ যদা ভবেৎ।
ত্রয়োদশ্যাং মুহূর্ত্তার্দ্ধং ব্যঞ্জুলী সা হরিপ্রিয়া ॥৩৫৬॥

অনুবাদ—অতঃপর ব্যঞ্জুলী ব্রত কথা, পদ্মপুরাণেই শ্রীগৌতম ঋষি ও অম্বরীষ মহারাজ সংবাদে—যে স্থলে একাদশী অরুণোদয় হইতে সম্পূর্ণা এবং দ্বাদশীও সম্পূর্ণা থাকিয়া ত্রয়োদশী দিনে কিঞ্চিৎ বৃদ্ধিপায় তাহা শ্রীহরিপ্রিয়া 'ব্যঞ্জুলী' মহাদ্বাদশী নামে প্রসিদ্ধা ॥ ৩৫৬ ॥

টীকা—দ্বাদশী চ সম্পূর্ণা সতী ত্রয়োদশ্যাং মুহূর্ত্তাধং কিঞ্চিদ্ভবতীত্যর্থঃ ॥ ৩৫৬ ॥

———

শুক্লপক্ষে তথা কৃষ্ণে যদা ভবতি ব্যঞ্জুলী।
একাদশীদিনে ভুক্ত্বা দ্বাদশ্যাং কারয়েদ্ব্রতম্ ॥৩৫৭॥

অনুবাদ—শুক্লপক্ষে বা কৃষ্ণপক্ষে যখন এই ব্যঞ্জুলী মহাদ্বাদশী উপস্থিত হইবে, তখন একাদশী দিনে ভোজন করিয়া দ্বাদশী দিনে ব্রতানুষ্ঠান করিতে-হইবে ॥ ৩৫৭ ॥

———

পারণং দ্বাদশীমধ্যে ত্রয়োদশ্যাং ন কারয়েৎ।
এবং কৃতে মহীপাল যজ্ঞাযুতফলং লভেৎ ॥৩৫৮॥

অনুবাদ—অতি অল্প হইলেও দ্বাদশী মধ্যে পারণ, ত্রয়োদশীতে পারণ করাইবেন না, হে রাজন্! এইরূপ করিলে দশসহস্র যজ্ঞের ফল প্রাপ্ত হওয়া যায় ॥৩৫৮

———

দ্বাদশ্যান্তু নিরাহারঃ পারণা চাপরেঽহনি।
ধর্ম্মার্থকামমোক্ষার্থং করিষ্যে ব্যঞ্জুলীব্রতম্ ॥৩৫৯॥

ইতি নিয়মমন্ত্রঃ।

পাবনং পাবনানাঞ্চ মাঘস্নানমনুত্তমম্ ॥ ১৪৯ ॥
স্নান্তি মাঘে নরা রাজন্ সর্ব্বকামফলপ্রদে।
তে কথং ভুঞ্জতে ভোগান্ চন্দ্রসূর্য্যগ্রহোপমান্? ১৫০

অনুবাদ—জন্মান্তরীন সংস্কার বশতঃ যে প্রকার অধ্যাত্মজ্ঞানের নৈপুণ্য দৃষ্ট হয়, সেই প্রকার পূর্ব্ব জন্মের অভ্যাসবশেই মাঘস্নানে মনুষ্যগণের মতি হয়। নিখিল পবিত্রকারীর ও পবিত্রকারী অত্যুত্তম মাঘস্নান সংসার পঙ্ক প্রক্ষালন বিষয়ে সুপটু। হে মহাভাগ! যাঁহারা সমস্ত কাম্যফলপ্রদ মাঘমাসে স্নান করেন, তাঁহারা আর কি প্রকারে চন্দ্র-সূর্য্য সদৃশ ভোগসমুদয় ভোগ করিবেন ॥ ১৪৮-১৫০ ॥

টীকা—অতঃ অনুত্তমং সর্ব্বোত্তমমিদমেবেত্যর্থঃ। চন্দ্রসূর্য্যগ্রহয়োরুপমান্ তদ্ভোগ্যতুল্যানিত্যর্থঃ ॥ ১৪৯-১৫০ ॥

———

কিঞ্চ—

নানবাপ্তোঽত্র তস্যাস্তি পুরুষার্থো হি কশ্চন।
নাক্ষীণং পাতকং কিঞ্চিন্মাঘে মজ্জতি যো নরঃ ॥১৫১
তুলয়ন্তি ন তেনাত্র যজ্ঞাঃ সর্ব্বে সদক্ষিণাঃ।
মাঘস্নানেন রাজেন্দ্র তীর্থে চৈব বিশেষতঃ ॥১৫২॥
ন চান্যৎ স্বর্গদং কর্ম্ম ন চান্যৎ পাপনাশনম্।
ন চান্যৎ মোক্ষদং চাত্র মাঘস্নানসমং ভুবি ॥১৫৩॥

অনুবাদ—আরও বলা হইয়াছে যে, মাঘস্নায়ী ব্যক্তির পক্ষে কোন প্রকার পুরুষার্থই অপ্রাপ্য হয় না এবং তাহার কোনও প্রকার পাতকও অবশিষ্ট থাকে না। হে নৃপেন্দ্র! মাঘমাসে সাধারণ জলে স্নান করিলেই সদক্ষিণ যজ্ঞের ফলও তাহার সমান হয় না, তখন তীর্থে মাঘস্নানের বিষয় আর কি বলিব? উহা যে বিশেষ ফলদায়ক তাহাতে সন্দেহ নাই। এই জগতে মাঘস্নানের মত অন্য স্বর্গ প্রদানকারী কার্য্য বা অন্য পাপহরণকারী কার্য্য দেখা যায় না এবং অন্য কোন মুক্তিপ্রদ কার্য্যও মাঘস্নান সদৃশ নহে ॥ ১৫১-১৫৩ ॥

———

একবিংশৎকুলৈঃ সার্দ্ধং ভুক্ত্বা ভোগান্ যথেপ্সিতান্।
মাঘে মাসেঽপ্সি স্নাত্বা বিষ্ণুলোকং স গচ্ছতি ॥১৫৪

অনুবাদ—অন্যত্র আরও উক্ত হইয়াছে—যে ব্যক্তি মাঘমাসে জলে অবগাহন করে সেই ব্যক্তি এক-বিংশতি কুলের সহিত অভিলষিত ভোগসমূহ ভোগের পর শ্রীবিষ্ণুলোকে যাইয়া থাকে ॥ ১৫৪ ॥

তত্রৈব কুণ্ডবিকুণ্ডলোপাখ্যানানন্তরং
শ্রীকার্ত্তবীর্য্য উবাচ—

হেতুনা কেন বিপ্রর্ষে মাঘস্নানে মহাদ্ভুতঃ।
প্রভাবো বর্ণিতো নূনং তন্মে কথয় সুব্রত ॥ ১৫৫ ॥
গতপাপো যদেকেন দ্বিতীয়েন দিবং গতঃ।
বৈশ্যো মাঘজপুণ্যেন ব্রূহি মে তৎ কুতূহলাৎ ॥১৫৬

অনুবাদ—ঐ পদ্মপুরাণেই ভূগু-বিকুণ্ডল-উপাখ্যা-নান্তে, কার্ত্তবীর্য্য শ্রীদত্তাত্রেয়কে কহিতেছেন—মাঘ-স্নানের অত্যাশ্চর্য্য প্রভাব কিজন্য বর্ণিত হইল, হে বিপ্রর্ষে! তাহা আমার কাছে নিশ্চয়রূপে বলুন। মাঘ মাসে কৃত এক পুণ্যের ফলে বৈশ্যের পাপ নষ্ট হইল, দ্বিতীয় পুণ্য ফলে স্বর্গলোক প্রাপ্তি হইল সুতরাং আমি কুতূহলী হওয়ায় এই বিষয়ে কিছু বলুন ॥ ১৫৫-১৫৬ ॥

শ্রীদত্তাত্রেয় উবাচ—

নিসর্গাৎ সলিলং মেধ্যং নির্ম্মলং শুচি পাবনম্।
মলহং পুরুষব্যাঘ্র দ্রাবকং দাহকং তথা ॥ ১৫৭ ॥
ধারকং সর্ব্বভূতানাং পোষকং জীবনঞ্চ তৎ।
আপো নারায়ণো দেবঃ সর্ব্ববেদেষু পঠ্যতে ॥১৫৮॥
গ্রহাণাঞ্চ যথা সূর্য্যো নক্ষত্রাণাং যথা শশী।
মাসানাং হি তথা মাঘঃ শ্রেষ্ঠঃ সর্ব্বেষু কর্ম্মসু ॥১৫৯
মকরস্থে রবৌ মাঘে প্রাতঃকালে তথামলে।
গোষ্পদেঽপি জলে স্নানং স্বর্গদং পাপিনামপি ॥১৬০

অনুবাদ—শ্রীদত্তাত্রেয় বলিলেন—হে পুরুষ শ্রেষ্ঠ! জল স্বভাবতঃ মেধ্য, মলহীন, শুচি, পবিত্রজনক, মলহারক, দ্রাবক, অজীর্ণ নাশক, ধারক, প্রাণিগণের পোষক ও জীবন স্বরূপ। সর্ব্ববেদেই জলকে নারায়ণ বলিয়া কীর্ত্তন করা হইয়াছে। গ্রহগণ মধ্যে যেমন সূর্য্য ও নক্ষত্রগণ মধ্যে যেমন চন্দ্র শ্রেষ্ঠ, সেই প্রকার ক্রিয়াকরণে মাসগুলির মধ্যে মাঘ মাসই শ্রেষ্ঠ। মকররাশিস্থিত সূর্য্য যুক্ত মাঘমাসে অমল প্রভাতে গোষ্পদ পরিমিত জলেও স্নান করিলে তাহা পাপি-দিগের পক্ষে স্বর্গ ফল জনক হইয়া থাকে ॥ ১৫৭-১৬০ ॥

টীকা— মাঘস্নানেন ন তুলয়ন্তি, সদৃশা ন ভবন্তী-ত্যর্থঃ। তীর্থং চ যন্মাঘস্নানং, তেন চ বিশেষতো ন তুলয়ন্ত্যেব। একবিংশদিতি পিতৃমাতৃভার্য্যাণাং প্রত্যেকং সপ্ততয়া একবিংশতিভিঃ কুলৈঃ সহ। দ্রাব-কম্ আর্দ্রীকারকং, দাহকং পানেনাজীর্ণনাশকমিত্যর্থঃ ॥ ১৫২-১৫৭ ॥

টীকা—এবং স্বত এব মহাপ্রভাবযুক্তং জলং, তত্র চ ভগবৎসম্বন্ধিবিশেষ ইতি কালবিশেষে ভাব-বিশেষো ভবতীতি পরিহরতি—গ্রহণামিতি দ্বাভ্যাম্ ॥ ১৫৯-১৬০ ॥

যোগোঽয়ং দুর্ল্লভো রাজন্ ত্রৈলোক্যে সচরাচরে।
অস্মিন্ মাসে ত্বশক্তোঽপি স্নায়াদপি
দিনত্রয়ম্ ॥ ১৬১ ॥
দদ্যাৎ কিঞ্চিদ্‌যথাশক্তি দারিদ্র্যাভাবমিচ্ছতি।
ত্রিস্নানেনাপি মাঘে স্যূর্ধনিনো দীর্ঘজীবিনঃ।
পঞ্চ বা সপ্ত বাহানি চন্দ্রবদ্বর্দ্ধতে ফলম্ ॥ ১৬২ ॥

অনুবাদ—হে রাজন্! ত্রিলোক মধ্যে এই যোগ সাধারণতঃ দুর্ল্লভ। যদি সম্পূর্ণ মাসস্নান করা সম্ভব না হয়, তাহা হইলে তিন দিন স্নান করা উচিত এবং নিজের দারিদ্র নাশের ইচ্ছা থাকিলে সাধ্য অনুসারে দানও করা উচিত, মাঘমাসে তিন দিন মাত্র স্নান করিলেই ধনবান ও দীর্ঘায়ু হওয়া যায়। পাঁচ দিন বা সাত দিন স্নান করিলে চন্দ্র-কলার মত ফল বৃদ্ধি হইয়া থাকে ॥ ১৬১-১৬২ ॥

নারদীয়ে চ—

দেবৈস্তেজঃ পরিক্ষিপ্তং মাঘমাসে জলেষু বৈ।
অতঃ পবিত্রং হি জলমশেষাঘৌঘনাশনম্ ॥
ইতি ॥ ১৬৩ ॥

অনুবাদ—নারদপুরাণে বলা হইয়াছে—মাঘ-মাসের জলে দেবতাগণ তাঁহাদের নিজের নিজের

তেজ নিক্ষেপ করিয়াছেন, এই জন্য মাঘমাসে জল পবিত্র ও অশেষ পাপ নাশক ॥ ১৬৩ ॥

অন্যানি মাঘমাহাত্ম্যবচনানি বিশেষতঃ।
উপাখ্যানেষু বর্ত্তন্তে পাদ্মাদৌ তত্র তত্র হি ॥ ১৬৪ ॥
ইত্থঞ্চ মাঘস্নানস্য প্রায়োঽত্র মহিমোদিতঃ।
মাঘকৃত্যেষু যৎ প্রাতঃস্নানস্যৈব প্রধানতা ॥১৬৫॥
বাসন্তী পঞ্চমী মাঘে ভৈমী চৈকাদশী সিতা।
বারাহী দ্বাদশী যা চ তাসু কুর্য্যান্মহোৎসবম্ ॥১৬৬

অনুবাদ—মাঘমাস মাহাত্ম্য বিষয়ক অন্যান্য প্রমাণ বচন পদ্মপুরাণ প্রভৃতির বিভিন্ন উপাখ্যানে বর্ণিত হইয়াছে। এ স্থানে এইরূপই মাঘস্নান মাহাত্ম্য বর্ণিত হইল। মাঘমাসের সমুদয় কৃত্য মধ্যে প্রাতঃ স্নানই প্রধান। এই মাসে শুক্লা বাসন্তী পঞ্চমী, ভৈমী একাদশী ও বারাহী দ্বাদশী এই তিনটি মহোৎসব অবশ্যই সম্পাদন করা উচিত ॥ ১৬৪-১৬৬ ॥

টীকা—গ্রন্থবিস্তরভীত্যা পরিত্যক্তানি চ মাঘ-মাহাত্ম্যাদিবর্ত্তীনি বচনান্যন্যান্যপি দর্শয়তি—অন্যা-নীতি ॥ ১৬৪ ॥

টীকা—ননু পূর্ব্বং মাঘে স্নানাদিসৎকর্ম্মবৎ কর্ম্মান্তরমপি বিহিতং, সামান্যতো মাঘমাহাত্ম্যাদি-লিখনাচ্চ তদেব দৃঢ়ীকৃতম্, অধুনা চান্তে স্নানমাহাত্ম্য-মেব শ্রূয়তে। এবমুপক্রমোপসংহারয়োরেকার্থতা ন স্যাৎ। সত্যং, মাঘে প্রাতঃস্নানস্যৈব প্রধানত্বাৎ, তথাপি লিখিতমিতি লিখতি—ইত্থঞ্চেতি। প্রধানতা মুখ্যতা, অতএব স্নানস্যৈব নিত্যত্বং লিখিতমিতি দিক্ ॥ ১৬৫ ॥

টীকা—তত্রৈব তিথিবিশেষেষু কৃত্যং মহোৎসব-বিশেষং লিখতি—বাসন্তীতি। ১৬৬ ॥

অথ বসন্তপঞ্চমী

মাঘস্য শুক্লপঞ্চম্যাং মহাপূজাং সমাচরেৎ।
নবৈঃ প্রবালৈঃ কুসুমৈরনুলেপৈর্বিশেষতঃ ॥ ১৬৭ ॥
নীরাজনোৎসবং কৃত্বা ভক্ত্যা সম্মান্য বৈষ্ণবান্।
বসন্তরাগং জনয়ন্ গীতনৃত্যাদি কারয়েৎ ॥ ১৬৮ ॥

অনুবাদ—অনন্তর বসন্তপঞ্চমী—মাঘমাসের শুক্লা পঞ্চমীতে নব পত্র, পুষ্প ও অনুলেপন দ্বারা শ্রীহরির মহাপূজা সাধন করা উচিত। বিশেষতঃ ভক্তি সহকারে নীরাজনোৎসবের সহিত বৈষ্ণবগণের সম্মান করতঃ বসন্তরাগ, আলাপ ও নৃত্য গীতাদি করাইতে হইবে ॥ ১৬৭-১৬৮ ॥

টীকা—তত্রৈব বসন্তপঞ্চমীমহোৎসবো বিশেষতঃ কার্য্য ইতি লিখতি—মাঘস্যেতি। তত্রৈব কৃত্য-বিশেষং লিখতি—নবৈরিতি সার্দ্ধেন। জনয়ন্নিতি ভগবচ্ছয়নে সতি তদ্গানাদন্তর্হিতমিব প্রাদুর্ভাবয়ন্নি-ত্যর্থঃ ॥ ১৬৭-১৬৮ ॥

তদুক্তম্—
শ্রীপঞ্চমীং সমারভ্য যাবৎ স্যাচ্ছয়নং হরেঃ।
তাবদ্বসন্তরাগস্য গানমুক্তং মনীষিভিঃ ॥
বসন্তরাগঃ কর্ত্তব্যো নান্যথা তু কদাচন ॥
ইতি ॥ ১৬৯ ॥

অনুবাদ—এই বিষয়ে বলা হইয়াছে—শ্রীপঞ্চমীতে শুভারম্ভ করতঃ শ্রীহরির শয়ন পর্য্যন্ত বসন্তরাগ আলাপ করিতে হয়। ইহা ছাড়া অন্য সময় বসন্ত-রাগ আলাপ নিষিদ্ধ। সুধীগণ এইরূপ মত প্রকাশ করিয়াছেন ॥ ১৬৯ ॥

কৃত্বা বসন্তপঞ্চম্যাং শ্রীকৃষ্ণস্যার্চ্চনোৎসবম্।
স্যাদ্বসন্ত ইব প্রেয়ান্ বৃন্দাবনবিহারিণঃ ॥ ১৭০ ॥

অনুবাদ—বসন্তপঞ্চমীতে শ্রীকৃষ্ণের পূজা-বিষয়ক উৎসব করিলে সেই পূজক বসন্ত ঋতুর মতই শ্রীবৃন্দা-বন বিহারীর প্রিয় পাত্র হইয়া থাকেন ॥ ১৭০ ॥

টীকা—বসন্তপঞ্চম্যুৎসব-মাহাত্ম্যং লিখতি—কৃত্বেতি, বৃন্দাবনবিহারিণ ইতি; বসন্তে বৃন্দাবনস্য শোভা-বিশেষ-প্রকটনাদ্‌যথাসৌ সদা তদ্বিহারশীলস্য ভগবতোঽত্যন্তপ্রিয়ো ভবতি, তথা সোঽপি স্যাদিত্যর্থঃ ॥ ১৭০ ॥

অথ ভীষ্মাষ্টমী

মাঘস্য চাষ্টমীং শুক্লামারভ্য দিনপঞ্চকম্।
তর্পয়েদথবাষ্টম্যাং ভীষ্মং ভাগবতোত্তমম্ ॥ ১৭১ ॥

নিত্যতর্পণতঃ পশ্চাৎ সলিলান্তরুদঙ্মুখঃ।
নিবীতী তর্পণং কুর্য্যাদ্গাঙ্গেয়স্য মহাত্মনঃ ॥১৭২॥

অনুবাদ—অনন্তর ভীষ্মাষ্টমী—মাঘী শুক্লা অষ্টমী হইতে আরম্ভ করিয়া পাঁচ দিন পর্য্যন্ত ভাগবতশ্রেষ্ঠ শ্রীভীষ্মদেবের তর্পণ করা কর্ত্তব্য, কিংবা কেবলমাত্র অষ্টমীতেই তাহা করণীয়। প্রত্যহ তর্পণের পর জলগর্ভে উত্তরদিকে মুখ করিয়া যজ্ঞোপবীত গলায় মালার মত জড়াইয়া মহাত্মা ভীষ্মের তর্পণ করিতে হইবে ॥ ১৭১-১৭২ ॥

টীকা—ভাগবতেষু মধ্যে উত্তমং, তৎপ্রতিজ্ঞাপালনায় নিজপ্রতিজ্ঞাত্যাগেন সাক্ষাদ্ভগবতৈব ভক্তবাৎসল্যবিশেষপ্রকটনেন নিজভক্তবশত্বদর্শনাৎ। তচ্চ 'স্বনিগম' (৯।৩৭) ইত্যাদিবচনৈঃ প্রথমস্কন্ধাদৌ প্রসিদ্ধমেব। অতস্তত্তর্পণং বৈষ্ণবৈঃ কার্য্যমেবেতি ভাবঃ ॥ ১৭১ ॥

টীকা—তদ্বিধিং লিখতি—নিত্যেতি। তত্র চ জীবৎপিতৃপিতামহকো ভীষ্মতর্পণং ন কুর্য্যাদিতি জ্ঞেয়ম্, 'জীবৎপিতা ন কুর্ব্বীত তর্পণং যমভীষ্ময়োঃ' ইতি পাদ্মেঽভিধানাৎ ॥ ১৭২ ॥

অথ তত্র মন্ত্রঃ

বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাঙ্কৃতিপ্রবরায় চ।
অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে ॥ ১৭৩ ॥

অনুবাদ—অতঃপর ভীষ্মতর্পণের মন্ত্র—"বৈয়াঘ্রপদ-গোত্রোদ্ভূত, সাংস্কৃতিপ্রবরযুক্ত, পুত্রহীন ভীষ্মবর্ম্মাকে এই জল অর্পণ করিতেছি ॥ ১৭৩ ॥

অথ ভৈম্যেকাদশী

তত্র মাৎস্যে শ্রীব্রহ্মোবাচ—
কথমারোগ্যমৈশ্বর্য্যমনন্তমমরেশ্বর।
স্বল্পেন তপসা দেব ভবেন্মোক্ষো যথা নৃণাম্ ? ১৭৪

অনুবাদ—অতঃপর ভৈমী-একাদশী, মৎস্যপুরাণে শ্রীব্রহ্মার উক্তিতে আছে—হে দেব! হে অমরেশ্বর অল্প পরিমান তপস্যানুষ্ঠান দ্বারা মনুষ্যের কি প্রকারে বিপুল ঐশ্বর্য্য নীরোগতা ও মোক্ষ পাইতে পারে ? ১৭৪॥

টীকা—তপসা কৃচ্ছ্রেণ ॥ ১৭৪ ॥

শ্রীমহেশ্বর উবাচ—
ত্বয়া পৃষ্টস্য ধর্ম্মস্য রহস্যস্যাস্য ভেদকৃৎ।
ভবিতা স তদা ব্রহ্মন্ কর্ত্তা চৈব বৃকোদরঃ ॥১৭৫॥

অনুবাদ—শ্রীমহাদেব কহিলেন—হে ব্রহ্মন্, তুমি যাহা জিজ্ঞাসা করিতেছ, এই গূঢ়ধর্ম্মের প্রকাশক ও কর্ত্তা হইবেন শ্রীভীম ॥ ১৭৫ ॥

কিঞ্চ—
ইদং ব্রতমশেষাণাং ব্রতানামধিকং যতঃ।
কথয়িষ্যতি বিশ্বাত্মা বাসুদেবো জগদ্গুরুঃ ॥ ১৭৬॥
অশেষযজ্ঞফলদমশেষাঘবিনাশনম্।
অশেষদুষ্টশমনমশেষসুরপূজিতম্ ॥ ১৭৭ ॥
পবিত্রাণাং পবিত্রঞ্চ মঙ্গলানাঞ্চ মঙ্গলম্।
ভবিষ্যঞ্চ ভবিষ্যাণাং পুরাণানাং পুরাতনম্ ॥১৭৮॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—সর্ব্বশ্রেষ্ঠ এই ব্রতের বিধান জগদ্গুরু বিশ্বাত্মা বাসুদেবই বলিবেন। এই ব্রতদ্বারা সমস্ত যজ্ঞের ফল পাওয়া যায়। ইহা সমস্ত পাপনাশক, সকল দুষ্ট প্রশমনকারী, অখিল অমরগণ কর্ত্তৃক বন্দিত, পবিত্রসমূহের মধ্যে পবিত্র, মঙ্গলসমূহের মধ্যে মঙ্গল, ভবিষ্য ব্রতসমূহের মধ্যে ভবিষ্য ও পুরাকৃত-সমূহের মধ্যেও পুরাতন অর্থাৎ এই ব্রত-সমূহের আদি বলিয়া কথিত ॥ ১৭৬-১৭৮ ॥

টীকা—ভেদকৃৎ প্রকাশক ইত্যর্থঃ। ভবিতেত্যাদি ভবিষ্যৎপ্রয়োগো ভবিষ্যকথনাৎ। ভবিষ্যাণাং ব্রতানাং মধ্যে ভবিষ্যং পরমান্ত্যম্ ; ন কেবলং ভবিষ্যমেব, কিন্তু পুরাণানাং পূর্ব্বব্রতানাং মধ্যে পুরাতনং সর্ব্বাদ্যমিত্যর্থঃ। এবং মাহাত্ম্যবিশেষো দর্শিতঃ। তথা চ তত্রৈব শ্রীভীমং প্রতি শ্রীভগবদুক্তৌ—'কুরু ব্রতমিদং সম্যক্ স্নেহাত্তব ময়েরিতম্। ত্বয়া কৃতমিদং ধীরতন্নামাঙ্কং ভবিষ্যতি। সা ভীমদ্বাদশী হ্যেষা সর্ব্বপাপহরা শুভা। যা তু কল্যাণিনী নাম পুরাকল্পেষু পঠ্যতে ॥' ইতি ১৭৫-১৭৮ ॥

তত্রৈব শ্রীভীমং প্রতি শ্রীভগবদুক্তৌ—

যদ্যাষ্টমী-চতুর্দ্দশ্যোর্দ্বাদশীষ্বথ ভারত ।
অন্যেষ্বপি দিনর্ক্ষেষু ন শক্তস্ত্বমুপোষিতুম্ ॥১৭৯॥
ততঃ পুণ্যামিমাং ভীম তিথিং পাপপ্রণাশিনীম্ ।
উপোষ্য বিধিনানেন গচ্ছ বিষ্ণোঃ পরং পদম্ ॥১৮০

অনুবাদ—ঐ মৎস্যপুরাণেই ভীমের প্রতি শ্রীভগবানের উক্তি, যথা—হে মধ্যম পাণ্ডব! অষ্টমী, চতুর্দ্দশী, দ্বাদশী এবং অপরাপর দিনে ও নক্ষত্রাদিতে উপবাস করিতে অসমর্থ হইলে পাতক প্রণাশিনী পুণ্য স্বরূপা এই তিথিতে বক্ষ্যমাণ নিয়মে উপবাস করিয়া শ্রীবিষ্ণুর পরমপদে গমন কর ॥ ১৭৯-১৮০ ॥

টীকা—দ্বাদশীষু একাদশীষু, অন্যদিনেষু জন্মাষ্টম্যাদিষু, ঋক্ষেষু শ্রবণদ্বাদশ্যাদিষু ॥ ১৭৯ ॥

———

কিঞ্চ তত্রৈব তদ্‌ব্রতবিধি কথনান্তে—

ইদমেব কৃতং মহেন্দ্রমুখ্যৈ-
র্বসুভিশ্চৈব সুরাদিভিস্তথা ।
ফলমস্য ন শক্যতে হি বক্তুং
যদি জিহ্বাযুতকোটয়ো মুখে স্যুঃ ॥ইতি॥১৮১॥

অনুবাদ—ঐ মৎস্যপুরাণেই আরও ভৈমী-একাদশীর নিয়ম বর্ণনার পর বলা হইয়াছে—ইন্দ্রাদি ও বসু প্রভৃতি দেবরন্দ এই ব্রতানুষ্ঠান করিয়াছিলেন, আমার অযুত কোটি সংখ্যক জিহ্বা হইলেও আমি এই ব্রতের ফল বর্ণনে অসমর্থ ॥ ৯৮১ ॥

———

ব্রতে কৃত্যবিধিশ্চাস্মিন্ পূজাবিধিবিশেষবান্ ।
বৈষ্ণবৈশ্চেদপেক্ষ্যঃ স্যাজ্‌জ্ঞেয়ো
মৎস্যপুরাণতঃ ॥ ১৮২ ॥

অনুবাদ—এই ব্রতের বিশেষ বিশেষ নিয়ম ও পূজা পদ্ধতি জানিতে হইলে মৎস্যপুরাণ হইতে তাহা জানা বৈষ্ণবগণের কর্ত্তব্য ॥ ১৮২ ॥

———

অথ ফাল্গুনকৃত্যম্—

তত্র যমঃ—

প্রাতঃস্নায়ী ভবেন্নিত্যং মাসৌ দ্বৌ মাঘফাল্গুনৌ ।
দেবান্ পিতৃন্ সমভ্যর্চ্চ্য মুচ্যতে সর্ব্বকিল্বিষৈঃ ॥১৮৩

অনুবাদ—অতঃপর ফাল্গুন কৃত্য, এই বিষয়ে শ্রীযম বলিয়াছেন—মাঘ ও ফাল্গুন এই দুই মাসে প্রত্যহ প্রাতঃকালে স্নান করিবে এবং দেবতা ও পিতৃলোকের পূজা করিবে। এরূপ করিলে সমস্ত প্রকার পাতক হইতে পরিত্রাণ পাওয়া যায় ॥ ১৮৩ ॥

———

কিঞ্চান্যত্র—

যদীচ্ছেদ্বিপুলান্ ভোগান্ চন্দ্রসূর্য্যোপমান্ শুভান্ ।
মাঘফাল্গুনয়োর্মধ্যে প্রাতঃস্নায়ী তদা ভবেৎ ॥১৮৪॥

অনুবাদ—অন্যত্র আরও বলা হইয়াছে—চন্দ্র-সূর্য্যবৎ পবিত্র অসীম ভোগে অভিলাষ থাকিলে মাঘ ও ফাল্গুন এই দুই মাসেই প্রাতঃস্নান করা কর্ত্তব্য ॥ ১৮৪ ॥

টীকা—পূজাবিধিবিশেষযুক্তঃ। অস্মিন্ ব্রতে কৃত্যবিধির্যঃ, স চেদ্ যদি অপেক্ষ্যঃ স্যাদিতি তাদৃশ-কৃত্যবিধেরাবশ্যকত্বাভাবেন বৈষ্ণবৈর্নাত্যন্তাপেক্ষণা-দিতি দিক্। তদ্বিধিস্তত্রৈব তং প্রতি শ্রীভগবদুক্তৌ, তথা হি—'মাঘমাসস্য দশমী যদা শুক্লা ভবেত্তদা। ঘৃতেনাভ্যঞ্জনং কৃত্বা তিলৈঃ স্নানং সমাচরেৎ॥ তথৈব বিষ্ণুমভ্যর্চ্চ্য নমো নারায়ণেতি চ। কৃষ্ণায় পাদৌ সংপূজ্য শিরঃ সর্ব্বাত্মনেতি চ॥ বৈকুণ্ঠায়েতি বৈকুণ্ঠমুরঃ শ্রীবৎসধারিণে। শঙ্খিনে চক্রিণে তদ্বদ্‌গদিনে বরদায় বৈ॥ সর্ব্বং নারায়ণায়েতি সংপূজ্যা বাহবঃ ক্রমাৎ। দামোদরায়েত্যুদরং মেঢ্রং পঞ্চশরায় বৈ॥ ঊরূ সৌভাগ্যনাথায় জানুনী ভূত-ধারিণে। নমো নীলায় বৈ জঙ্ঘে পাদৌ বিশ্বসৃজে নমঃ॥ নমো দেব্যৈ নমঃ শান্ত্যৈ নমো লক্ষ্মৈ নমঃ শ্রিয়ৈ। নমস্তুষ্ট্যৈ নমঃ পুষ্ট্যৈ বৃষ্ট্যৈ হৃষ্ট্যৈ যজেচ্ছিয়ম্॥ নমো বিহগনাথায় বায়ুবেগায় পক্ষিণে। বিষপ্রমাথিনে নিত্যং গরুড়ঞ্চাভিপূজয়েৎ॥ এবং সম্পূজ্য গোবিন্দমুমাপতিবিনায়কৈঃ। গন্ধৈর্মা-ল্যৈস্তথা ধূপৈর্ভক্ষ্যৈর্নানাবিধৈরপি॥ গব্যেন পয়সা সিক্তাং কৃষরামথ বাগ্‌যতঃ। সর্পিষা সহ ভুক্ত্বা তাং জপ্ত্বা মন্ত্রপদং বুধঃ। ন্যগ্রোধং দন্তধাবনমথবা খাদিরং পুনঃ। গৃহীত্বা পাবয়েদ্দন্তানাচান্তঃ প্রাগু-দঙ্মুখঃ॥ স্নায়াৎ সায়ন্তনীং কৃত্বা সন্ধ্যামস্তমিতে রবৌ। নমো নারায়ণায়েতি ত্বামহং শরণং গতঃ॥

একাদশ্যাং নিরাহারঃ সমভ্যর্চ্য চ কেশবম্। রাত্রিঞ্চ সকলাং স্থিত্বা স্নানঞ্চ পয়সা তথা ॥ সর্পিষা চাপি দহনং হুত্বা ব্রাহ্মণপুঙ্গবৈঃ। সহৈব পুণ্ডরীকাক্ষ দ্বাদশ্যাং ক্ষীরভোজনম্। করিষ্যামি যতাত্মাহং নির্ব্বিঘ্নেনাস্ত তচ্চ মে ॥ এবমুক্ত্বা স্বপেত্তুমাবিতিহাস-কথাং পুনঃ। শ্রুত্বা প্রভাতে বিধিবৎ কৃত্বা চ পিতৃ-তর্পণম্ ॥ প্রণম্য চ হৃষীকেশমমলং চার্কমীক্ষ্য চ। গৃহস্য পুরতো ভক্ত্যা মণ্ডপং কারয়েদ্বুধঃ ॥ দশ হস্তানথাষ্টৌ বা করান্ কুর্য্যাৎ বিশাম্পতে। চতু-র্হস্তাং শুভাং কুর্য্যাদ্বেদীমরিনিসূদন ॥ চতুর্হস্তপ্রমাণঞ্চ বিন্যসেত্তত্র তোরণম্। প্রকল্প্য কলসং তত্র মাষনাত্রেণ সংযুতম্ ॥ ছিদ্রেণ জলসংপূর্ণমধঃ কৃষ্ণাজিনে স্থিতঃ। তস্য ধারাঞ্চ শিরসি ধারয়েৎ সকলং নিশাম্ ॥ ধারাভির্ভূরিভির্ভূরি ফলং বেদবিদো বিদুঃ। যস্মাত্তস্মাৎ কুরুশ্রেষ্ঠ ধারা ধার্য্যা স্বশক্তিতঃ ॥ তথৈব বিষ্ণোঃ শিরসি ক্ষীরধারাং প্রদাপয়েৎ। অরত্নিমাত্রং কুণ্ডঞ্চ কৃত্বা তত্র ত্রিমেখলং। যোনিবক্ত্রঞ্চ তৎ কৃত্বা ব্রাহ্মণৈর্যবসার্পষী। তিলাংশ্চ বিষ্ণু-দেবত্যৈর্মন্ত্রৈরেকাগ্নিবত্তদা। হুত্বা চ বৈষ্ণবং সম্যক্ চরু গোক্ষীরসংযুতম্। নিষ্পরার্দ্ধপ্রমাণাং বৈ ধারা-মাজ্যস্য পাতয়েৎ। জলকুম্ভান্ মহাবীর্য্য স্থাপয়িত্বা ত্রয়োদশ ॥ ভক্ষ্যৈর্নানাবিধৈর্যুক্তান্ সিতবস্ত্রৈর-লঙ্কৃতান্। যুক্তানৌডুম্বরৈঃ পাত্রৈঃ পঞ্চরত্নসমন্বি-তান্ ॥ চতুর্ভির্বহ্বৃচৈর্হোমস্তত্র কার্য্য উদঙ্মুখৈঃ। রুদ্রজাপৈশ্চতুর্ভিশ্চ যজুর্ব্বেদ পরায়ণৈঃ ॥ বৈষ্ণবানি চ সামানি চতুরঃ সামবেদিনঃ। অরিষ্টবর্গসহিতান্য-ভিতঃ পরিপাঠয়েৎ ॥ এবং দ্বাদশ তান্ বিপ্রান্ বস্ত্র-মাল্যানুলেপনৈঃ। পূজয়েদঙ্গুলীয়ৈশ্চ কটকৈর্হেম সূত্রকৈঃ ॥ বাসোভিঃ শয়নীয়ৈশ্চ বিত্তশাঠ্যবিবর্জ্জিতঃ। উপাধ্যায়স্য চ পুনর্দ্বিগুণং সর্ব্বমেব তু ॥ ততঃ প্রভাতে বিমলে সমুত্থায় ত্রয়োদশ। গা বৈ দদ্যাৎ কুরুশ্রেষ্ঠ সৌবর্ণমুখসংযুতাঃ ॥ পয়স্বিনীঃ শীলবতীঃ কাংস্য-দোহসমন্বিতাঃ। রৌপ্যখুরাঃ সবৎসাশ্চ চন্দনেনা-ভিষেচিতাঃ ॥ তাস্ত দত্ত্বা ততো ভক্ত্যা ভক্ষ্যভক্ষণ-তর্পিতান্ কৃত্বা বৈ ব্রাহ্মণান্ সর্ব্বানন্নৈর্নানাবিধৈস্তথা। ভুক্ত্বা চাক্ষারলবণমাত্মনা চ বিসর্জ্জয়েৎ। অনুগম্য পদান্যষ্টৌ পুত্রভার্য্যাসমন্বিতঃ ॥ প্রীয়তামত্র দেবেশ কেশব ক্লেশনাশন। এবমুচ্চার্য্য তান্ কুম্ভান্ তাশ্চ গাঃ শয়নানি চ। বাসাংসি চৈব সর্ব্বেষাং গৃহাণি প্রাপয়েদ্বুধঃ। অভাবে বহুশয্যানামেকামপি সুসং-স্কৃতাম্। শয্যাং দদ্যাদ্গুরৌ ভীম সর্ব্বোপস্কর-সংযুতাম্ ॥ ইতিহাসপুরাণানি বাচয়িত্বাতিবাহয়েৎ। তদ্দিনং নরশার্দূল যদীচ্ছেদ্বিপুলাং শ্রিয়ম্ ॥' ইতি ॥ ১৮২-১৮৪ ॥

গৌতমীয়ে—

ফাল্গুনে দেবকীপুত্রং পূজয়েৎ স্বর্ণচম্পকৈঃ।
চূতসৌগন্ধিকুসুমৈর্ধূপৈর্গন্ধৈঃ সুবিস্তরৈঃ ॥
ইতি ॥ ১৮৫ ॥

অনুবাদ—গৌতমীয়তন্ত্রে বলা হইয়াছে—স্বর্ণবর্ণ, চম্পক পুষ্প, সুগন্ধি আম্রপুষ্প, ধূপ ও উৎকৃষ্ট গন্ধ দ্বারা ফাল্গুন মাসে দেবকীপুত্রকে পূজা করিবে ॥১৮৫

অথ শিবরাত্রিব্রতম্

শিবরাত্রিব্রতমিদং যদ্যপ্যাবশ্যকং ন হি।
বৈষ্ণবানাং তথাপ্যত্র সদাচারাদ্বিলিখ্যতে ॥ ১৮৬ ॥
শিবরাত্রিব্রতং কৃষ্ণচতুর্দ্দশ্যাস্তু ফাল্গুনে।
বৈষ্ণবৈরপি তৎ কার্য্যং শ্রীকৃষ্ণপ্রীতয়ে সদা ॥১৮৭॥

অনুবাদ—অতঃপর শিবরাত্রিব্রত—যদিও বৈষ্ণব-গণের শিবরাত্রিব্রতের বিষয়ে বিশেষ আবশ্যকতা নাই, তবুও সদাচার অনুসরণক্রমে এখানে তাহা লিখিত হইতেছে। ফাল্গুন মাসে কৃষ্ণাচতুর্দ্দশী তিথিতে এই ব্রত করিবে। শ্রীকৃষ্ণ প্রীতির জন্য সর্ব্বদা এই ব্রতানুষ্ঠান করা বৈষ্ণবগণেরও কর্ত্তব্য। যেহেতু শাস্ত্রে শ্রীশিবকে বৈষ্ণবাগ্রগণ্য "বৈষ্ণবানাং যথা শম্ভু" বলা হইয়াছে ॥ ১৮৬-১৮৭ ॥

টীকা—অন্যোন্যভক্তিদানার্থমন্যোন্যোপাসনাকরৌ। বন্দে হরিহরৌ দেবাবন্যোহন্য-প্রেমতৎপরৌ ॥ ননু বৈষ্ণবানাং কিং শিবরাত্রিব্রতকরণেন ? তত্র লিখতি —শ্রীকৃষ্ণপ্রীতয় ইতি। শিবরাত্রিব্রত-পরিত্যাগেন ভগবৎপূজাফলানুদয়াৎ ভগবৎপ্রীত্যভাবঃ, অতস্তদর্থং বৈষ্ণবৈঃ কর্ত্তব্যমেবেত্যর্থঃ। অপি শব্দাৎ কিং পুনঃ শৈবৈঃ, শাক্তৈঃ সৌরাদিভির্বেত্যর্থঃ ॥ ১৮৭ ॥

তথা চ পাদ্মে ব্রতখণ্ডে—

সৌরো বা বৈষ্ণবো বান্যো দেবতান্তরপূজকঃ ।
ন পূজাফলমাপ্নোতি শিবরাত্রিবহির্ম্মুখঃ ॥ ১৮৮ ॥

অনুবাদ—অতএব পদ্মপুরাণে ব্রতখণ্ডে উক্ত হই-য়াছে—বৈষ্ণব অথবা সূর্য্যোপাসক অথবা অন্য দেবোপাসক যিনিই হউন না কেন শিবরাত্রি-ব্রত বিমুখ হইলে তাহার দ্বারা অনুষ্ঠিত পূজা ফলবতী হয় না ॥ ১৮৮ ॥

টীকা—দেবতান্তরং দুর্গাগণেশাদি, তৎপূজ-কোহন্যো বা ; ন পূজাফলমাপ্নোতীত্যনেন ব্রতস্য নিত্যত্বং বোধিতম্ ॥ ১৮৮ ॥

———

কিঞ্চ—তদিদম্ ঔদাস্যে দূষণং, দ্বেষে তু কৌর্ম্মে ভৃগ্বাদীন্ প্রতি স্বয়ং ভাগবতোক্তম্—

পরাৎ পরতরং যান্তি নারায়ণপরায়ণাঃ ।
ন তে তত্র গমিষ্যন্তি যে দ্বিষন্তি মহেশ্বরম্ ॥ ১৮৯ ॥
যো মাং সমর্চ্চয়েন্নিত্যমেকান্তং ভাবমাশ্রিতঃ ।
বিনিন্দন্ দেবমীশানং স যাতি নরকাযুতম্ ॥১৯০॥

অনুবাদ—আরও বলা হইয়াছে—শিবরাত্রিব্রতের প্রতি অবজ্ঞা করিলে দোষ হয়। শিবরাত্রিব্রতের প্রতি দ্বেষ করিলে যাহা হয় শ্রীহরি স্বয়ং, কূর্ম্মপুরাণে ভৃগু প্রভৃতি মুনিগণ সমক্ষে বর্ণনা করিয়াছেন—নারায়ণপরায়ণ ব্যক্তিগণের বৈকুণ্ঠ লাভ হয় ইহা অসত্য নহে। কিন্তু শিবদ্বেষী হইলে তাঁহারা ঐ বিষ্ণুধাম পান না। সতত আমাতে একান্তভাবে পূজানিষ্ঠ হইলেও শিব নিন্দাকারী অযুত সংখ্যক নরকে যাইয়া থাকে ॥ ১৮৯-১৯০ ॥

টীকা—কিঞ্চ, শ্রীশিবব্রতাকরণে মহাদোষ-প্রদর্শনেন নিত্যতামেব দ্রঢ়য়তি—পরাদিতি ত্রিভিঃ। পরাৎ চতুর্বর্গেষু শ্রেষ্ঠাৎ মোক্ষাদপি পরতরং শ্রীবৈকুণ্ঠাখ্যপদং নারায়ণপরা যান্তীতি সত্যমেব, কিন্তু যদি তে শ্রীশিবেহপরাধিনো ন ভবন্তীত্যাহ—নেতি। অত্র চ পূর্ব্বপদ্যার্দ্ধং শ্রীশিবেনোক্তং, পরার্দ্ধঞ্চ শ্রীভগ-বতেতি সৎসু প্রসিদ্ধম্। যদি চ কৌর্ম্মদৃষ্ট্যা সর্ব্বং পদ্যং শ্রীভগবদুক্তমেব তর্হি নিখিলগুণামৃতনিধিনা ভগবতা নারায়ণেন পরোক্ষবদ্বিনয়ভরেণোক্তমিতি জ্ঞেয়ম্। দ্বিষন্তীতি—দ্বেষস্তু তদ্ব্রতাকরণাদিনা তদনাদরলক্ষণ এব, যথা গুরুদেবতাদিদ্রোহঃ এবং নিন্দাপি ॥ ১৮৯ ॥

———

অন্যত্র চ—

মদ্ভক্তঃ শঙ্করদ্বেষী মদ্দ্বেষী শঙ্করপ্রিয়ঃ ।
উভৌ তৌ নরকং যাতো যাবচ্চন্দ্রদিবাকরৌ ॥
ইতি ॥ ১৯১ ॥

অনুবাদ—অন্যত্র আরও বলা হইয়াছে—আমার ভক্ত যদি শিবদ্বেষী হয়, তাহা হইলে চন্দ্রসূর্য্যের স্থিতি কাল অর্থাৎ প্রলয়কাল পর্য্যন্ত তাহারা নরকে পচ্যমান হইয়া অবস্থান করে ॥ ১৯১ ॥

———

অতএব হয়শীর্ষপঞ্চরাত্রে শ্রীহরিহরপ্রতিষ্ঠায়াং শ্রীভগবতৈবোক্তম—

যঃ শিবঃ সোঽহমেবেহ যোঽহং স ভগবান্ শিবঃ ।
নাবয়োরন্তরং কিঞ্চিদাকাশানিলয়োরিব ॥ ১৯২ ॥

অনুবাদ—অতএব হয়শীর্ষপঞ্চরাত্রে শ্রীহরিহর প্রতিষ্ঠায় শ্রীভগবানের উক্তি যথা—যিনি শিব তিনিই আমি, যে আমি সেই ভগবান শিব। আকাশ ও বায়ুর অভেদের মত আমাদের উভয়ের অভেদ বুঝিতে হইবে ॥ ১৯২ ॥

টীকা—ননু 'নান্যং দেবং নমস্কুর্য্যান্নান্য দেবং নিরীক্ষয়েৎ। চক্রাঙ্কিতঃ সদা তিষ্ঠেন্মদ্ভক্তঃ পাণ্ডু-নন্দন ॥' ইতি ভবিষ্যোত্তরোক্ত-শ্রীভগবদ্বচনাদিনা বিরোধঃ স্যাৎ, তত্র শ্রীভগবদ্বচনমেব লিখতি—যঃ শিব ইতি। আকাশানিলয়োরিবেতি দীপাদ্দীপান্ত-রবৎ কারণেন সহ কার্য্যস্যাভেদাভিপ্রায়েণাবতা-রিণাত্মনা সহাবতারস্য শ্রীশিবস্যাভেদো দর্শিতঃ ॥১৯২

———

বহ্ব চ-পরিশিষ্টে—

শিবায় বিষ্ণুরূপায় শিবরূপায় বিষ্ণবে ।
শিবস্য হৃদয়ং বিষ্ণুর্বিষ্ণোস্তু হৃদয়ং শিবঃ ॥১৯৩॥
যথা শিবময়ো বিষ্ণুরেবং বিষ্ণুময়ঃ শিবঃ ।
যথান্তরং ন পশ্যামি তথা মে স্বস্তিরায়ুষঃ ॥
ইতি ॥ ১৯৪ ॥

অনুবাদ—বহ্ব্‌চ-পরিশিষ্টে—বিষ্ণুই শিবরূপী ও শিবই বিষ্ণুরূপী। বিষ্ণুই শ্রীশিবের হৃদয় ও শিবই বিষ্ণুর হৃদয়। বিষ্ণু যেমন শিবময় তেমনই শিবও বিষ্ণুময়। যেহেতু এই দুই জনের মধ্যে প্রভেদ দেখা যায় না। অতএব ইহা আমার পরমায়ুর সত্তা হউক ॥ ১৯৩-১৯৪ ॥

কার্য্যং গুণাবতারত্বেনৈক্যাদ্রুদ্রস্য বৈষ্ণবৈঃ।
বৈষ্ণবাগ্র্যতয়া শ্রৈষ্ঠ্যাৎ সদাচারাচ্চ তদ্ব্রতম্‌ ॥১৯৫॥
চতুর্থস্কন্ধদৃষ্ট্যা তু নৈকে কুর্ব্বন্তি তদ্ব্রতম্‌ ॥১৯৬॥

তথা চ ভৃগুশাপঃ (শ্রীভাঃ ৪।২।২৮)—

ভবব্রতধরা যে চ যে চ তান্‌ সমনুব্রতাঃ।
পাষণ্ডিনস্তে ভবন্তু সচ্ছাস্ত্রপরিপন্থিনঃ ॥ ইতি ॥ ১৯৭ ॥

অনুবাদ—গুণাবতারতারূপে একত্ব হেতু শিব বৈষ্ণবাগ্রগণ্য, অতএব সদাচার বশতঃ শিবরাত্রিব্রতানুষ্ঠান করা বৈষ্ণবের কর্ত্তব্য। বৈষ্ণবগণের কেহ কেহ চতুর্থস্কন্ধে বর্ণিত বিষয় লক্ষ্য করিয়া শিবব্রতে বিমুখ হন। ঐ স্থানে ভৃগুশাপ কথনে বর্ণিত হইয়াছে—যাহারা শিবব্রতানুষ্ঠান করিবে অথবা উহাদের অনুগামী হইবে সেই সকল ব্যক্তিকে সৎ-শাস্ত্রের প্রতিকূলাচারী বলিয়া মনে করিবে, সুতরাং তাহারা পাষণ্ডীদিগের মধ্যে গণ্য হউক্‌ ॥ ১৯৫-১৯৭ ॥

টীকা—তথা তত ইত্যর্থঃ, আয়ুষো জীবনস্য ভগবদ্ভক্তিলক্ষণস্য স্বস্তিঃ শোভনসত্তা সদা সম্যগ্‌বৃত্তির্ভবতীত্যর্থঃ, অস্তিতি শেষো বা। 'শিবস্য শ্রীবিষ্ণোর্য ইহ গুণনামাদিসকলং, ধিয়া ভিন্নং পশ্যেৎ' ইত্যাদিকঞ্চ শ্রীমন্নামাপরাধস্তোত্রে পূর্ব্বং লিখিতমেব অতোঽত্রায়ং সিদ্ধান্তঃ—শ্রীবিষ্ণুরেকো দেবঃ, শিবশ্চান্যো দেব ইত্যেবমন্যত্বে ভাসমানে তন্নমস্কারাদিকং বৈষ্ণবানামযুক্তমেব, কিন্তু যথা মৎস্যাদয়ো লীলাবতারাস্তথা শ্রীশিবশ্চ গুণাবতারোঽয়মিত্যভেদেন ন দোষাবহম্‌ অপি তু গুণ এব, ভগবদ্ভক্তিবিশেষ এব পর্য্যবসানাদিতি ॥ ১৯৪-১৯৫ ॥

অথ শিবরাত্রিব্রতনির্ণয়ঃ

তত্র স্কান্দে—

মাঘফাল্গুনয়োর্মধ্যে অসিতা যা চতুর্দ্দশী।
শিবরাত্রিস্তু সা খ্যাতা সর্ব্বযজ্ঞোত্তমোত্তমা ॥ ১৯৮ ॥

অনুবাদ—অতঃপর শিবরাত্রিব্রত নির্ণয়, স্কন্দপুরাণে উক্ত হইয়াছে—মাঘ ও ফাল্গুন এই উভয়ের মধ্যবর্ত্তী কৃষ্ণা চতুর্দ্দশীই শিবরাত্রি বলিয়া কথিত, উহা সর্ব্বযজ্ঞ অপেক্ষা প্রধান ॥ ১৯৮ ॥

মহীখণ্ডে—

মাঘমাসস্য শেষা যা প্রথমা ফাল্গুনস্য চ।
কৃষ্ণা চতুর্দ্দশী সা তু শিবরাত্রিঃ প্রকীর্ত্তিতা ॥১৯৯॥

অনুবাদ—মহীখণ্ডে কথিত হইয়াছে—মাঘমাসের শেষে ফাল্গুন মাসের প্রথমে যে কৃষ্ণা চতুর্দ্দশী তিথি তাহাকেই শিবরাত্রি বলা হয় ॥ ১৯৯ ॥

কিঞ্চ নাগরখণ্ডে—

যানি কানাত্র লিঙ্গানি স্থাবরাণি চরাণি চ।
তেষু সংক্রমতে দেবস্তস্যাং রাত্রৌ যতো হরঃ।
শিবরাত্রিস্ততঃ প্রোক্তা তেন সা হরিবল্লভা ॥
ইতি ॥ ২০০ ॥

অনুবাদ—নাগরখণ্ডে আরও বলা হইয়াছে—ভূলোকে স্থাবর ও চর যত কিছু শিবলিঙ্গ আছেন, চতুর্দ্দশীর রাত্রিতে দেবাদিদেব শ্রীশঙ্কর সেই লিঙ্গ সমুদায়ে অধিষ্ঠিত হইয়া থাকেন, এই কারণেই এই চতুর্দ্দশী তিথিকে শিবরাত্রি বলা হয়। এই তিথি শ্রীশিবের বিশেষ প্রিয় ॥ ২০০ ॥

টীকা—হরিবল্লভত্বেনাস্য শ্রীশিবপ্রিয়ত্বাদেব বৈষ্ণবৈরপি কর্ত্তব্যমিতি ভাবঃ ॥ ২০০ ॥

শুদ্ধোপোষ্যা চ সা সর্ব্বৈর্বিদ্ধা স্যাচ্চেচ্চতুর্দ্দশী।
প্রদোষব্যাপিনী গ্রাহ্যা তত্রাপ্যাধিক্যমাগতা ॥ ২০১ ॥

অনুবাদ—চতুর্দ্দশী তিথি সকলের পক্ষেই শুদ্ধা, এই তিথিতে উপবাস করা উচিত কিন্তু বিদ্ধা চতুর্দ্দশী যদি প্রদোষব্যাপিনী বা তাহার থেকে বেশী সময় ব্যাপিনী হয়, তাহা হইলে বৈষ্ণব ছাড়া অন্য উপাসকগণ তাহা গ্রহণ করিতে পারেন ॥ ২০১ ॥

তথা চোক্তম্—

প্রদোষব্যাপিনী গ্রাহ্যা শিবরাত্রিঃ শিবপ্রিয়ৈঃ ।
রাত্রৌ জাগরণং তস্যাং যস্মাত্তস্যামুপোষণম্ ॥২০২॥

অনুবাদ—এই বিষয়ে উক্ত হইয়াছে—মহাদেবের প্রিয়পাত্রগণ প্রদোষব্যাপিনী চতুর্দ্দশী শিবরাত্রিই গ্রহণ করেন, যেহেতু তাহাতেই উপবাস নির্দ্ধারিত হইয়াছে। উক্ত শিবরাত্রিব্রতে রাত্রি জাগরণ করিতে হয় ॥ ২০২ ॥

টীকা—শিবপ্রিয়ৈরিত্যনেন বিদ্ধাব্রতস্য বৈষ্ণবানামকর্ত্তব্যত্বং প্রতিপাদিতমিতি ভাবঃ ॥ ২০২ ॥

———

কিঞ্চ—

প্রদোষশ্চ চতুর্নাড্যাত্মকোঽভিজ্ঞজনৈর্মতঃ ।
ইতি ॥ ২০৩ ॥

অনুবাদ—আরও বলা হইয়াছে যে চতুর্দণ্ডাত্মক সময়ই (সূর্য্যাস্তের পরে) প্রদোষ বলিয়া বিজ্ঞগণ বলিয়া থাকেন ॥ ২০৩ ॥

———

প্রদোষব্যাপিনীসাম্যেঽপ্যুপোষ্যং প্রথমং দিনম্ ।
নোপোষ্যা বৈষ্ণবৈর্বিদ্ধা সাপীতি
চ সতাং মতম্ ॥ ২০৪ ॥

অনুবাদ—দুই দিনেই প্রদোষব্যাপিনী চতুর্দ্দশী হইলে প্রথম দিনে উপবাসী থাকা বৈষ্ণব ব্যতীত অন্য উপাসকদের ক্ষেত্রে বিধি। ঐ প্রথম দিন ত্রয়োদশী বিদ্ধা হইলে প্রথম দিন ব্রতোপবাস করা বৈষ্ণবগণের কর্ত্তব্য নহে। ইহা সাধুগণ সম্মত ॥ ২০৪ ॥

———

যত উক্তম্—

শিবরাত্রিব্রতে ভূতং কামবিদ্ধং বিবর্জ্জয়েৎ ॥২০৫॥

অনুবাদ—যেহেতু উক্ত হইয়াছে—শিবরাত্রি ব্রতে ত্রয়োদশীবিদ্ধা চতুর্দ্দশী তিথি পরিত্যাগ করিতে হইবে ॥ ২০৫ ॥

———

অতএবোক্তং পরাশরেণ—

মাঘাসিতং ভূতদিনং হি রাজ-
ন্নুপৈতি যোগং যদি পঞ্চদশ্যা ।
জয়াপ্রযুক্তাং ন তু জাতু কুর্য্যা-
চ্ছিবস্য রাত্রিং প্রিয়কৃচ্ছিবস্য ॥ ইতি ॥ ২০৬ ॥

অনুবাদ—অতএব পরাশর বলিয়াছেন—মাঘী-কৃষ্ণা চতুর্দ্দশীতে অমাবস্যা যোগ হইলে শিবরাত্রি ব্রত করিতে হইবে। উহা মহাদেবের প্রীতিপ্রদ। কিন্তু ত্রয়োদশী সংযুক্তা চতুর্দ্দশী বর্জ্জনীয়া ॥ ২০৬ ॥

টীকা—এতদেব প্রতিপাদয়তি—সতাং মতমিতি। তত্র প্রমাণমাহ—মাঘেঽসিতেত্যাদি। এবঞ্চ—'মাঘফাল্গুনয়োর্ম্মধ্যে যা স্যাচ্ছিবচতুর্দ্দশী। অনঙ্গেন সমাযুক্তা কর্ত্তব্যা সর্ব্বদা তিথিঃ ॥' ইতিবচনং ভবিষ্যোত্তরোক্তশিবরাত্রিব্যতিরিক্তশিবচতুর্দ্দশীসংজ্ঞক-ব্রতবিষয়কং, কিংবা পরদিনে অমাবস্যাযোগাভাব-বিষয়কং, সকামবৈষ্ণববিষয়কং বা জ্ঞেয়ম্। অন্যে চ মাঘাসিতমিত্যেতদ্বচনং 'শিবরাত্রি-ব্রতে ভূতম্' ইতি বচনং পরদিনপ্রদোষব্যাপি-চতুর্দশ্যুপবাস-বিষয়কমিতি ব্যবস্থাপয়ন্তি, তচ্চাসঙ্গতমিতি মাঘেতি; পঞ্চদশ্যা যোগমুপৈতীত্যাদিবিশেষোক্ত্যা প্রদোষব্যাপিনীত্যাদিবিরোধাপত্তেঃ লিখিতব্যবস্থৈব যুক্তেতি দিক্। ইত্থঞ্চ যদা চতুর্দ্দশীক্ষয়ঃ স্যাত্তর্হি বৈষ্ণবানামপি বিদ্ধোপবাসঃ প্রসজ্যেতৈব, অন্যথা অমাবস্যাসংযোগ-ব্যবস্থায়া অত্র লোপপ্রসঙ্গাৎ। অতঃ সা ব্যবস্থা বৈষ্ণবজনসম্মতা ন স্যাদিত্যপেক্ষা। এতচ্চাগ্রে জন্মাষ্টমীব্রতনির্ণয়ান্তে লেখ্যমেব ইতি ॥২০৪-২০৬॥

———

অথ যোগাশ্চ—

উক্তঞ্চ লোকাক্ষিণা—

দ্বিমুহূর্ত্তো ভবেদ্‌যোগো বেধো মৌহূর্ত্তিকঃ স্মৃতঃ ॥
ইতি ॥ ২০৭ ॥

অনুবাদ—অতঃপর উক্ত যোগলক্ষণ, লোকাক্ষি বাক্য যথা—দুই মুহূর্ত্ত সময়কে যোগ ও এক মুহূর্ত্ত সময়কে বেধ বলে ॥ ২০৭ ॥

———

শিবরাত্রৌ চ কর্ত্তব্যং নিয়মেন ত্রয়ং বুধৈঃ ।
উপবাস-মহাদেবপূজা-জাগরণং নিশি ॥ ২০৮ ॥

অনুবাদ—বুধগণ শিবরাত্রিব্রতে উপবাস, রাত্রিতে

শিবপূজা ও জাগরণ নিয়মবিধি অনুসারে অনুষ্ঠান করিবেন ॥ ২০৮ ॥

টীকা—শিবরাত্রৌ চোপবাস-পূজা-জাগরণানাং ত্রয়াণামেবাবশ্যকত্বং লিখতি—শিবেতি ॥ ২০৮ ॥

অথ শিবব্রতবিধিঃ—

সায়ং শিবালয়ং গত্বা শুচিরাচম্য চ ব্রতী।
কৃত্বা শিবাগ্রে সঙ্কল্পমারভেত তদর্চ্চনম্ ॥ ২০৯ ॥
পঞ্চাক্ষরেণ মন্ত্রেণ শতরুদ্রেণ বা দ্বিজ।
ক্ষীরাদিভিশ্চ শুদ্ধাভির্ধারয়া স্নাপয়েচ্ছিবম্ ॥২১০॥
মহার্চ্চাং বিধিনা কৃত্বা গন্ধপুষ্পতিলাদিভিঃ।
সমর্প্য ধূপদীপাদীন্ শঙ্খেনার্ঘ্যং নিবেদয়েৎ ॥২১১॥

অনুবাদ—অথ শিবরাত্রিব্রত বিধি—সন্ধ্যা-সময়ে পবিত্র ভাবে ব্রতধারণকারী ব্যক্তি শিবালয়ে গিয়া আচমন করতঃ শিবের নিকট সঙ্কল্প করিবেন। তারপর পূজায় প্রবৃত্ত হইবেন। দ্বিজাতিগণ পঞ্চাক্ষর মন্ত্রে কিংবা শতরুদ্র মন্ত্রে ক্ষীরাদি দ্বারা ও শুদ্ধ জল-দ্বারা মহাদেবকে স্নান করাইবেন। বিধানানুসারে গন্ধ পুষ্প, তিল ইত্যাদি দ্বারা পূজা শেষ করিয়া ধূপ, দীপ দিয়া শঙ্খে করিয়া অর্ঘ্য প্রদান করিতে হইবে ॥ ২০৯-২১১ ॥

টীকা—অধুনা ভবিষ্যোত্তর-স্কন্দপুরাণশিবধর্ম্মোত্ত-রাদ্যুক্তানুসারেণ ব্রতানুষ্ঠানপ্রকারং লিখতি—সায়-মিতি পঞ্চভিঃ। তস্য শিবস্য অর্চ্চনং পূজামারভেত ॥ ২০৯ ॥

টীকা—তদেব লিখতি—পঞ্চেতি দ্বাভ্যাম্। আদি-শব্দেন ঘৃতমধ্বাদি দ্রাক্ষারসাদিকঞ্চ ॥ ২১০ ॥

টীকা—বিধিনেত্যত্রায়ং বিধিঃ—'প্রথমে যামে শিবায় নমঃ' ইতি, পঞ্চ-ব্রহ্মমন্ত্রৈর্বা গন্ধপুষ্প-তিলমাষ-গোধূমাদিনা মহাপূজাং কৃত্বা, ততশ্চ 'ওঁ আদ্যায় নমঃ', 'ওঁ বামায় নমঃ', 'ওঁ তৎপুরুষায় নমঃ', 'ওঁ অঘোরায় নমঃ', ইতি প্রত্যগাদিচতুর্দ্দিক্ষু; 'ওঁ ঈশানায় নমঃ' ইত্যুপরি। এবং পঞ্চবক্ত্রাণি পুষ্পাদিভিঃ সম্পূজ্য পশ্চাদিষ্টপুষ্পং সমর্পয়েৎ। আদি-শব্দান্নৈ-বেদ্যতাম্বূলাদি, অর্ঘ্যঞ্চ ফলগন্ধাক্ষতান্বিতং জ্ঞেয়ম্ ॥ ২১১ ॥

অথ তত্র মন্ত্রঃ—

গৌরীবল্লভ দেবেশ সর্পাঢ্য শশিশেখর।
বর্ষপাপবিশুদ্ধ্যর্থমর্ঘ্যং মে প্রতিগৃহ্যতাম্ ॥
ইতি ॥ ২১২ ॥

অনুবাদ—অতঃপর তদ্বিষয়ে অর্ঘ্যমন্ত্র—হে গৌরি বল্লভ! হে দেবেন্দ্র! হে সর্পাঢ্য, হে শশিশেখর, সারাবৎসর-কৃত পাতকের শোধনের জন্য আমি এই অর্ঘ্য প্রদান করিতেছি ইহা গ্রহণ করুন ॥ ২১২ ॥

আচার্য্যং পরিপূজ্যাথ দত্ত্বা তস্মৈ চ দক্ষিণাম্।
বিধিবজ্জাগরং কৃত্বা প্রাতঃ পারণমাচরেৎ ॥ ২১৩ ॥

অনুবাদ—এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক অর্ঘ্য প্রদান করতঃ আচার্য্যকে পূজা করিয়া দক্ষিণা দিবে এবং বিধানানুসারে জাগরণ পূর্ব্বক প্রাতে পারণ করিবে ॥ ২১৩ ॥

টীকা—আচার্য্যং শিবব্রতবিধ্যুপদেশকম্ অক্ষত-পুষ্পান্নবস্ত্রাদিনা সম্মান্য। বিধিবদিতি দ্বিতীয়ে যামে 'শঙ্করায় নমঃ' ইতি, তৃতীয়ে 'মহেশ্বরায় নমঃ' ইতি, চতুর্থে 'রুদ্রায় নমঃ' ইতি পূর্ব্বতো বিশেষঃ। অন্যশ্চ সমান এব বিধির্জ্ঞেয়ঃ। তথৈকাদশীজাগরণবদ্‌গীত-নৃত্যাদিনেতি চ জ্ঞেয়ম্। পারণমাচরেদিত্যত্রাপি বিধিবদিত্যনুবর্ত্তনীয়ম্। ততশ্চ প্রভাতে নিত্যকৃত্যং কৃত্বা গৃহে শিবমভ্যর্চ্চ্য শিবভক্তান্ বৈষ্ণবান্ বিপ্রাংশ্চ সম্ভোজ্য বন্ধুভিঃ সহ ভুঞ্জীত ইতি জ্ঞেয়ম্ ॥ ২১৩ ॥

অথ তত্র পারণ-নির্ণয়ঃ

পূর্ব্ববিদ্ধোপবাসে চ পরেঽহনি চতুর্দ্দশী।
দিবসব্যাপিনী তিষ্ঠেৎ কুর্য্যাৎ তস্যাং
হি পারণম্ ॥ ২১৪ ॥

অনুবাদ—অনন্তর তদ্‌ব্রতের পারণ-নির্ণয়—যদি ত্রয়োদশীবিদ্ধা তিথিতে উপবাস হয় এবং পরদিন দিবসব্যাপিনী চতুর্দ্দশী তিথি থাকে, তবে চতুর্দ্দশী তিথিতেই পারণ কর্তব্য ॥ ২১৪ ॥

টীকা—ননু তদ্‌ব্রতপারণে চ শুদ্ধায়ামুপবাসে সতি, তথা প্রদোষব্যাপিত্বাদিনা পরদিনেঽপ্যুপবাসে সতি

প্রাতরমাবস্যায়ামেব পারণমবাধম্। পূর্ব্ববিদ্ধোপবাসে চ—'কৃষ্ণাষ্টমী স্কন্দষষ্ঠী শিবরাত্রিচতুর্দ্দশী। এতাঃ পূর্ব্বযুতাঃ কার্য্যাস্তিথ্যন্তে পারণং ভবেৎ ॥' ইত্যাদি-স্কন্দবচনৈস্তিথ্যন্তে পারণবিধিনা তত্র চ সমস্ত-দিনব্যাপি-চতুর্দ্দশী-নিক্রমে সতি কদা পারণমস্তু? ইত্যপেক্ষায়াং লিখতি—পূর্ব্বেতি। হি-শব্দস্তেবার্থে। তস্যাং চতুর্দ্দশ্যামেব পারণম্, অন্যথাঽমাবস্যারাত্রৌ ভোজনস্য প্রসঙ্গাৎ, তচ্চ নিষিদ্ধম্; ভূতাষ্টম্যোর্দিবা ভুক্ত্বা রাত্রৌ ভুক্ত্বা চ পর্ব্বণি। একাদশ্যাং দিবা রাত্রৌ ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেৎ ॥' ইতি। এবং যদ্যপি চতুর্দ্দশ্যাং দিবা ভোজনং নিষিদ্ধং, তথাপি পারণানুরোধেন অমাবস্যারাত্রিভোজনবত্তদ্দোষবিশেষাবহং ন স্যাদিতি জ্ঞেয়ম্। কিঞ্চ—'সর্ব্বেষ্বেবোপবাসেষু দিবাপারণমিষ্যতে' ইতি, অন্যদা তু চতুর্দ্দশ্যামন্তে সত্যেব পারণম্ ॥ ২১৪ ॥

তথা চোক্তম্—

সা তু তময়পর্য্যন্তং ব্যাপিনী চেৎ পরেঽহনি।
দিবৈব পারণং কুর্য্যাৎ পারণে নৈব দোষভাক্ ॥
ইতি ॥ ২১৫ ॥

অনুবাদ—ঐ বিষয়ে বলা হইয়াছে—পরের দিন অন্তকালব্যাপিনী চতুর্দ্দশী থাকিলে দিনের বেলাতেই পারণ কর্ত্তব্য। তাহাতে দোষভাগী হইতে হইবে না ॥ ২১৫ ॥

টীকা—সা শিবরাত্রি-চতুর্দ্দশী তু পরস্মিন্ দিনে অস্তময়পর্য্যন্তং সূর্য্যাস্তসময়াবধিব্যাপিনী চেত্তবতি, এবং চতুর্দ্দশ্যন্তপারণে চ ব্রতী দোষভাক্ ব্রতভঙ্গ-দোষভাগী ন স্যাৎ, অন্যথামাবস্যারাত্রিভোজনপ্রাপ্তেরিতি ভাবঃ। এবমুপবাসদ্বয়ঞ্চ নিরস্তম্। অতএবোক্তং—'যামত্রয়োর্দ্ধগামিন্যাং প্রাতরেব হি পারণম্' ইতি দিক্ ॥ ২১৫ ॥

অনুষ্ঠানবিধিশ্চাস্য ব্রতস্যোক্তোঽতিবিস্তরম্।
শিবধর্ম্মোত্তরাদৌ তু জ্ঞেয়োপেক্ষ্যঃ স চেত্ততঃ ॥২১৬
শিবব্রতস্য মাহাত্ম্যমস্য সর্ব্বত্র বিশ্রুতম্।
ব্যাধোঽপি মুক্তো যস্তাদৃগ্
লিঙ্গার্চ্চা-জাগরাদিনা ॥ ২১৭ ॥

অনুবাদ—বিশদভাবে শিবরাত্রি ব্রতের নিয়ম উক্ত হইল, কোনও বিষয়ের বিশেষ বিধি জানিতে হইলে শিবধর্ম্মোত্তরাদি হইতে তাহা জানিতে হইবে। এই ব্রতমাহাত্ম্য সর্ব্বস্থানেই বিখ্যাত, লিঙ্গপূজা ও জাগরণাদি করায় সেইপ্রকার পাপী ব্যাধও উদ্ধার পাইয়াছিল ॥ ২১৬-২১৭ ॥

টীকা—অস্য শিবরাত্রিসম্বন্ধিনো ব্রতস্য, অত্যন্ত-বিস্তরং যথা স্যাৎ, অপেক্ষ্যশ্চেত্তবতি, তদা ততঃ শিবধর্ম্মোত্তরাদিতঃ, স বিধির্জ্ঞেয়ঃ। আদি-শব্দেন ভবিষ্যোত্তরস্কন্দপুরাণ-শিবযামলাদি ॥ ২১৬ ॥

টীকা—তাদৃগ্দেবাদন্যপ্রসঙ্গজাতং যৎ, লিঙ্গার্চ্চা শ্রীশিবপূজনম্, জাগরঃ, আদিশব্দেন উপবাসশ্চ, তেনাপি ব্যাধোঽপি মুক্ত ইতি যৎ, যদ্যস্মাচ্ছিব-ব্রতাদিতি বা ॥ ২১৭ ॥

অথ শিবরাত্রিব্রত-মাহাত্ম্যম্

নাগরখণ্ডে—

স্বয়ম্ভুলিঙ্গমভ্যর্চ্চ্য সোপবাসঃ সজাগরঃ।
অজানন্নপি নিষ্পাপো নিষাদো গণতাং গতঃ ॥২১৮॥

অনুবাদ—অতঃপর শ্রীশিবরাত্রিব্রত-মাহাত্ম্য স্কন্দপুরাণে নাগরখণ্ডে বলা হইয়াছে—শ্রীশিবরাত্রি বিষয়ে অনবিহিত হইয়াও কোনও এক চণ্ডাল অনাদি লিঙ্গের পূজা, উপবাস ও জাগরণ ফলে নিষ্পাপ হইয়া শিবের পারিষদ-পদ লাভ করিয়াছিল ॥ ২১৮ ॥

টীকা—তথা চোক্তম্ ভবিষ্যোত্তরে—'কৃষ্ণপক্ষে চতুর্দ্দশ্যাং ন কিঞ্চিন্মৃগয়ন্নপি। প্রাপ্তবান প্রাণযাত্রার্থং ক্ষুধাসংপীড়িতোঽবশঃ ॥' ইত্যুপবাসঃ; কিঞ্চ—'ধনুষ্কোট্যা হতান্যেব বিল্বপত্রাণি মানদ। পতিতানি মহাবাহো শম্ভোঃ শিরসি ভূমিপ ॥ তস্থৌ স এব তত্রৈব সর্ব্বরাত্রিমতন্দ্রিতঃ। স্বোদরার্থং মহারাজ মৃগলিপ্সুরহস্কৃতঃ ॥' ইতি; এবঞ্চ পূজাজাগরণে বৃত্তে, গণতাং শিবপার্ষদতাম্ ॥ ২১৮ ॥

স্কান্দে চ—

শিবঞ্চ পূজয়িত্বা যো জাগর্তি চ চতুর্দ্দশীম্।
মাতুঃ পয়োধররসং ন পিবেৎ স কদাচন ॥ ২১৯ ॥

অনুবাদ—স্কন্দপুরাণেও উক্ত হইয়াছে—চতুর্দ্দশীতে শিব পূজা করিয়া যিনি রাত্রি জাগরণ করেন, তাঁহাকে আর জন্ম গ্রহণ করিতে হয় না ॥ ২১৯ ॥

কিঞ্চান্যত্র—

কশ্চিৎ পুণ্যবিশেষেণ ব্রতহীনোঽপি যঃ পুমান্।
জাগরং কুরুতে তত্র স রুদ্রসমতাং ব্রজেৎ ॥
ইতি ॥ ২২০ ॥

অনুবাদ—অন্যত্র আরও বলা হইয়াছে—উপবাস প্রভৃতি নিয়ম না মানিয়াও কোন পুণ্য-বিশেষে শ্রীশিবরাত্রিতে জাগরণ মাত্র করিলে অন্ত্যজ ব্যক্তিও রুদ্র পারিষদত্ব লাভ করেন ॥ ২২০ ॥

টীকা—কশ্চিদন্ত্যজাদিরপি ব্রতহীনঃ উপবাসাদি-নিয়মরহিতোঽপি যঃ পুণ্যবিশেষেণ তত্র শিবারাত্রৌ জাগরণং কুরুতে, রুদ্রসমতাং তদীয়-সারূপ্যাদিযুক্ত-পার্ষদত্বং বৈষ্ণবাগ্র্যত্বং বা স প্রাপ্নুয়াৎ ॥ ২২০ ॥

শ্রীকৃষ্ণে বৈষ্ণবানান্তু প্রেমভক্তিবিবর্দ্ধতে।
কৃষ্ণভক্তিরসাসারবর্ষিরুদ্রানুকম্পয়া ॥ ২২১ ॥

অনুবাদ—কিন্তু বৈষ্ণবগণের পক্ষে শিবরাত্রিব্রত পালনে কৃষ্ণভক্তিরসাসারবর্ষণকারী শ্রীরুদ্রদেবের অনুগ্রহে শ্রীকৃষ্ণে প্রেমভক্তি বিশেষভাবে বর্দ্ধিত হয় ॥ ২২১ ॥

টীকা—ননু শ্রীকৃষ্ণচরণারবিন্দভক্ত্যেকাপেক্ষকাণাং বৈষ্ণবানাং শিবব্রতেন কিং স্যাৎ ? ইত্যপেক্ষায়াং লিখতি—শ্রীকৃষ্ণে ইতি। ননু শ্রীশিবব্রতেন কথং শ্রীকৃষ্ণপ্রেমভক্তির্বর্দ্ধতাম্ ? তত্র লিখতি—কৃষ্ণেতি। কৃষ্ণভক্তিরসাসারবর্ষিণো রুদ্রস্যানুকম্পয়া, শ্রীশঙ্করকরুণয়ৈব শ্রীকৃষ্ণপ্রেমভক্তিবিশেষসিদ্ধেঃ। যদ্বা, কৃষ্ণস্য যা ভক্তিরসবর্ষিণী রুদ্রানুকম্পা তয়া, এবং শ্রীশিবব্রতেনৈব শ্রীকৃষ্ণকৃপাবিশেষোৎপত্তেস্তৎ-প্রেমভক্তিবৃদ্ধির্ভবতীতি দিক্ ॥ ২২১ ॥

অথ শ্রীগোবিন্দদ্বাদশী

ফাল্গুনে দ্বাদশী শুক্লা যা পুষ্যর্ক্ষেণ সংযুতা।
গোবিন্দদ্বাদশী নাম সা স্যাদ্গোবিন্দভক্তিদা ॥২২২॥

তস্যামুপোষ্য বিধিনা ভগবন্তং প্রপূজয়েৎ।
লিখিতঃ পাপনাশিন্যাং
বিধির্যোঽত্রাপি স স্মৃতঃ ॥ ২২৩ ॥

অনুবাদ—অথ শ্রীগোবিন্দদ্বাদশী—ফাল্গুন মাসে শুক্লপক্ষে যে দ্বাদশী পুষ্যানক্ষত্র যুক্তা হয়, তাহার নাম "গোবিন্দদ্বাদশী" তাহা শ্রীগোবিন্দভক্তি প্রদা। তাহাতে উপবাস করিয়া যথাবিধি ভগবান শ্রীগোবিন্দ-দেবকে পূজা করিবে। পূর্ব্বে (১৩।৫৪০-৫৬৩) পাপনাশিনী মহাদ্বাদশী ব্রত প্রসঙ্গে যে বিধি লিখিত হইয়াছে। এস্থলেও তাহাই অনুসরণ করিবে ॥ ২২২-২২৩ ॥

টীকা—অত্র গোবিন্দদ্বাদশ্যাং ভগবৎপূজনেঽপি স এব বিধিঃ স্মৃতো মুনিভিঃ। একদৈবতত্বাদিনা দ্বয়োরেকরূপত্বাৎ ॥ ২২৩ ॥

অথ শ্রীগোবিন্দদ্বাদশীমাহাত্ম্যম্

ব্রহ্মপুরাণে শ্রীবশিষ্ঠমান্ধাতৃসংবাদে—

ফাল্গুনামলপক্ষে তু পুষ্যর্ক্ষে দ্বাদশী যদি।
গোবিন্দদ্বাদশী নাম মহাপাতকনাশিনী ॥ ২২৪ ॥

অনুবাদ—অথ শ্রীগোবিন্দদ্বাদশী মাহাত্ম্য ব্রহ্মপুরাণে শ্রীবশিষ্ঠ-মান্ধাতৃ-সংবাদে—ফাল্গুনমাসে শুক্লপক্ষের দ্বাদশীতে যদি পুষ্যানক্ষত্র যুক্ত হয়, তাহা হইলে তাহার নাম "গোবিন্দদ্বাদশী"-মহাপাতক-নাশিনী ॥ ২২৪ ॥

তস্যামুপোষ্য বিধিবন্নরঃ সংক্ষীণকল্মষঃ।
প্রাপ্নোত্যনুত্তমাং সিদ্ধিং পুনরাবৃত্তিদুর্ল্লভাম্ ॥
ইতি ॥ ২২৫ ॥

অনুবাদ—তাহাতে যথাবিধি উপবাস করিয়া মানব পাপমুক্ত হইয়া সংসারে পুনরাগমন রহিত দুর্ল্লভ উত্তম সিদ্ধি লাভ করেন ॥ ২২৫ ॥

টীকা—পুনরাবৃত্তির্যেষাং তৈর্দুর্ল্লভাম্, অপুনরাবৃত্তিকামিত্যর্থঃ ॥ ২২৫ ॥

আমর্দ্দকী দ্বাদশীতি লোকে খ্যাতেয়মেব হি।
যোগাভাবেঽত্র তন্নাম্নী তদীয়ৈকাদশী মতা।
যত্র আমর্দ্দকী-পূজা-ব্রতমস্যাং বিশেষতঃ ॥২২৬॥

অনুবাদ—ইহাই জগতে "আমলকী দ্বাদশী" নামে বিখ্যাতা। পুষ্যানক্ষত্র যোগ না থাকিলে 'আমলকী একাদশী' নামে বিখ্যাতা। বিশেষত যেখানে আমলকী পূজা, অতএব ইহাতে ব্রত বিশেষ-ভাবে কর্ত্তব্য ॥ ২২৬ ॥

অথ আমর্দ্দকীব্রতবিধিঃ

তদুক্তং ব্রাহ্মে তত্রৈব পাপনাশিনীমাহাত্ম্যপ্রসঙ্গে—

ফাল্গুনে তু বিশেষেণ বিশেষঃ কথিতো নৃপ।
আমর্দ্দক্যা ব্রতং পুণ্যং বিষ্ণুলোকপ্রদং নৃণাম্ ॥২২৭

অনুবাদ—অথ আমলকী একাদশী ব্রতবিধি ব্রহ্ম-পুরাণে ঐ প্রসঙ্গে পাপনাশিনী মাহাত্ম্যে—হে মহারাজ! ফাল্গুনমাসে বিশেষ ভাবে বিশেষ কথা উক্ত আছে—আমর্দ্দকী একাদশীতে ব্রত পবিত্র মানবগণের বিষ্ণু-লোকপ্রদ ॥ ২২৭ ॥

প্রভাসখণ্ডে চ শ্রীদেবীমহেশ-সংবাদে—

ফাল্গুনস্য সিতে পক্ষে একাদশ্যামুপোষিতঃ।
স্নাত্বা নদ্যাং তড়াগে বা বাপ্যাং কূপে গৃহেঽপি বা।
গত্বা গিরৌ বনে বাঽপি যত্র সা
প্রাপ্যতে শিবা ॥ ২২৮ ॥

অনুবাদ প্রভাসখণ্ডেও দেবী-মহেশ-সংবাদে—ফাল্গুনমাসে শুক্লপক্ষে একাদশীতে উপবাস করিয়া নদীতে, পদ্মপুষ্করিণীতে, সাধারণ পুকুরে বা কূপের জলে গৃহে স্নান করিয়া পর্ব্বতে, বনে বা যেখানে আমলকী বৃক্ষ পাওয়া যায় সেখানে গমন করিবে ॥২২৮

টীকা—ইয়ং ফাল্গুনশুক্লদ্বাদশী, দ্বাদশী চ দ্বাদশ্যেকাদশ্যোরভেদাভিপ্রায়েণ, কিংবা দ্বাদশ্যাং পুষ্যানক্ষত্রে সতি তস্যামেবোপবাসাপেক্ষয়েতি। তদ-ভাবেঽপি একাদশ্যামুপবাসে সতি তস্যামেবামর্দ্দকী-পূজাদিকমপি। তচ্চাগ্রে ব্যক্তং ভাবি। শিবা আমর্দ্দকী ॥ ২২৬-২২৮ ॥

ক্ষীরোদে মথ্যমানে তু যদা বৃক্ষঃ সমুত্থিতঃ।
আমর্দ্দান্দেবদৈত্যানাং তেন সামর্দ্দকী স্মৃতা ॥২২৯
শিবা লক্ষ্মীঃ স্মৃতো বৃক্ষঃ সেব্যতে সুরসত্তমৈঃ।
দেবৈর্ব্রহ্মাদিভিঃ সর্ব্বৈর্বৃক্ষোঽসৌ
বৈষ্ণবঃ স্মৃতঃ ॥ ২৩০ ॥

অনুবাদ—ক্ষরোদসমুদ্র মন্থনকালে দেব ও দৈত্যগণের মর্দ্দন হইতে এই বৃক্ষ উৎপন্ন হইয়াছিল, সেই হেতু ইহার নাম হয় আমর্দ্দকী। এই বৃক্ষ শিবা বা লক্ষ্মী-স্বরূপহেতু দেবশ্রেষ্ঠ ব্রহ্মাদি দ্বারা সেবিত হন, বিভূতি বৈষ্ণব বৃক্ষ জানিবে ॥ ২৩০ ॥

টীকা—আমর্দ্দকীবৃক্ষোঽয়ং শিবেতি লক্ষ্মীরিতি চ স্মৃতঃ অতএব সেব্যতে ॥ ২৩০ ॥

তত্র গত্বা হরিঃ পূজ্যো বৃক্ষমূলেঽথবা শিবা।
পূজ্যা পুষ্পৈঃ শুভৈ রাত্রৌ কার্য্যং
জাগরণং নরৈঃ ॥ ২৩১ ॥

অনুবাদ—ঐ বৃক্ষমূলে গিয়া পবিত্র পুষ্প সমূহ দ্বারা শ্রীহরির পূজা বা বৃক্ষকে পূজা করিবে এবং মানবগণ রাত্রি জাগরণ করিবে ॥ ২৩১ ॥

করকং জলপূর্ণন্তু কর্ত্তব্যং পাত্রসংযুতম্।
হবিষ্যান্নন্তু কর্ত্তব্যং দীপঃ কার্য্যো বিধানতঃ ॥২৩২॥
এবং জাগরণং কার্য্যং কথাশ্রবণতৎপরৈঃ।
মুচ্যন্তে দেহিনঃ পাপৈঃ কলিজৈঃ কায়সম্ভবৈঃ ॥২৩৩
দেহান্তে চ নরাঃ সর্ব্বে পূজ্যন্তে হরিমন্দিরে ॥২৩৪॥

অনুবাদ—পাত্রসহ জলপূর্ণ কলস স্থাপন কর্ত্তব্য, হবিষ্যান্ন কর্ত্তব্য, যথা বিধি দীপ প্রজ্বালিত করিবে, শ্রীহরিকথা শ্রবণ পর ভক্তগণসহ রাত্রি জাগরণ করিবে। এইরূপে ব্রত পালন করিলে মানবগণ কলিকালজাত কায়িক পাপসমূহ হইতে মুক্ত হয় এবং দেহান্তে মানবগণ শ্রীহরিধামে পূজিত হন ॥ ২৩২-২৩৪ ॥

অথ বসন্তোৎসবঃ

ফাল্গুন্যাং পৌর্ণমাস্যান্তু বিদধ্যাদ্বৈষ্ণবৈঃ সহ।
শ্রীকৃষ্ণপ্রিয়ভক্তস্য বসন্তস্যার্চ্চনোৎসবম্ ॥ ২৩৫ ॥

অনুবাদ—অথ বসন্তোৎসব—ফাল্গুন মাসের পূর্ণিমাতে বৈষ্ণববৃন্দসহ শ্রীকৃষ্ণের প্রিয়ভক্ত বসন্তের অর্চ্চনোৎসব করিবে ॥ ২৩৫ ॥

টীকা—শ্রীকৃষ্ণপ্রিয়ভক্ততা চ বসন্তস্য, সদা শ্রীবৃন্দাবনাশ্রিতত্বাৎ। অতএব তস্য পূজোৎসবং কুর্য্যাৎ ॥ ২৩৫ ॥

ভবিষ্যোত্তরতো জ্ঞেয়স্তদ্বিধিশ্চেদপেক্ষ্যতে।
যঃ শ্রীযুধিষ্ঠিরস্যোক্তো ব্যক্তং ভগবতা স্বয়ম্ ॥২৩৬

অনুবাদ—ইহার বিশেষ বিধি জানিবার ইচ্ছা থাকিলে ভবিষ্যোত্তর পুরাণে স্বয়ং ভগবৎ প্রোক্ত শ্রীযুধিষ্ঠির সংবাদে অনুসন্ধান করুন ॥ ২৩৬ ॥

অথ বসন্তোৎসব-মাহাত্ম্যম্

তত্রৈব—

এবং যঃ কুরুতে পার্থ শাস্ত্রোক্তং ফাল্গুনোৎসবম্।
মৎপ্রসাদাচ্চ সিধ্যন্তি তস্য সর্ব্বে মনোরথাঃ ॥২৩৭॥

অনুবাদ—অথ বসন্ত উৎসব মাহাত্ম্য ভবিষ্যোত্তরে—হে প্রার্থ। আমার প্রসাদে শাস্ত্রোক্ত ফাল্গুন উৎসব এই বিধি অনুসারে যিনি অনুষ্ঠান করেন, তাহার সকল মনোবাসনা সিদ্ধ হয় ॥ ২৩৭ ॥

বৃত্তে তুষারসময়ে সিতপঞ্চদশ্যাং
প্রাতর্বসন্তসময়ে সমুপস্থিতে চ।
সম্প্রাপ্য চূতকুসুমং সহ চন্দনেন
সত্যং হি পার্থ পুরুষোঽব্দশতং সুখী স্যাৎ ॥২৩৮॥

অনুবাদ—শীত ঋতুগত হইলে শুক্ল পূর্ণিমাতে প্রাতঃকালে বসন্ত সময়ে চন্দনের সহিত আম্রমুকুল ভোজন করিলে, হে পার্থ! মানব শত বৎসর সুখী হয় ॥ ২৩৮ ॥

অথ চৈত্রকৃত্যম্

চৈত্রে কুর্য্যাৎ সিতে পক্ষে শ্রীরামনবমীব্রতম্।
একাদশ্যাং প্রভোর্দোলাং দ্বাদশ্যাং মদনার্পণম্ ॥২৩৯

অনুবাদ—অথ চৈত্রমাসকৃত্য—চৈত্রমাসে শুক্লপক্ষে শ্রীরামনবমী ব্রত করিবে। একাদশীতে শ্রীকৃষ্ণের দোলযাত্রা, দ্বাদশীতে দমনক পুষ্প শ্রীমদনমোহনকে অর্পণ করিবে ॥ ২৩৯ ॥

গৌতমীয়ে চ—

চৈত্রমাসে বাসুদেবং সর্ব্বপুষ্পৈঃ সমর্চ্চয়েৎ ॥২৪০॥

অনুবাদ—গৌতমীয়তন্ত্রেও—চৈত্রমাসে শ্রীবাসুদেবকে সর্ব্বপুষ্প দ্বারা অর্চ্চনা করিবে ॥ ২৪০ ॥

অথ শ্রীরামনবমী

অগস্ত্যসংহিতায়াম্—

চৈত্রে মাসি নবম্যান্তু শুক্লায়াং হি রঘূদ্বহঃ।
প্রাদুরাসীৎ পুরা ব্রহ্মন্ পরং ব্রহ্মৈব কেবলম্।
তস্মিন্ দিনে তু কর্ত্তব্যমুপবাসব্রতাদিকম্ ॥ ২৪১ ॥

অনুবাদ—অথ শ্রীরামনবমী—হে ব্রহ্মন্, অগস্ত্য সংহিতাতে—চৈত্রমাসে শুক্লপক্ষে নবমীতে পুরাকালে শ্রীরামচন্দ্র পরব্রহ্ম আবির্ভূত হন। সেই দিনে উপবাস ব্রতাদি কর্ত্তব্য ॥ ২৪১ ॥

টীকা—ব্রহ্মন্ হে সুতীক্ষ্ণ ॥ ২৪১ ॥

অথ তদ্ব্রতনিত্যত্বম্

তত্রৈব—

মুমুক্ষবোঽপি হি সদা শ্রীরামনবমীব্রতম্।
ন ত্যজন্তি সুরশ্রেষ্ঠো দেবেন্দ্রোঽপি বিশেষতঃ ॥২৪২

অনুবাদ—অথ শ্রীরামনবমী ব্রত নিত্যতা ঐ অগস্ত্য সংহিতাতে—হে সুর শ্রেষ্ঠ। মুক্তিকামীগণ, বিশেষতঃ দেবরাজ ইন্দ্রও সর্ব্বদা শ্রীরামনবমীব্রত ত্যাগ করেন না ॥ ২৪২ ॥

কিঞ্চ—

প্রাপ্তে শ্রীরামনবমীদিনে মর্ত্ত্যো বিমূঢ়ধীঃ।
উপোষণং ন কুরুতে কুম্ভীপাকেষু পচ্যতে ॥ ২৪৩ ॥

অনুবাদ—আরও—যে বিমূঢ়ধী মানব শ্রীরাম-নবমী দিন প্রাপ্ত হইয়া উপবাস করে না, সে কুম্ভী-পাক নরকে পতিত হয় ॥ ২৪৩ ॥

যস্তু রামনবম্যাং হি ভুঙ্‌ক্তে মোহাদ্বিমূঢ়ধীঃ।
কুম্ভীপাকেষু ঘোরেষু পচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ২৪৪ ॥

অনুবাদ—যে বিমূঢ়ধী মানব মোহবশতঃ রাম-নবমীতে ভোজন করে, সে ঘোর কুম্ভীপাক নরকে পাচিত হয়, ইহাতে সংশয় নাই ॥ ২৪৪ ॥

অথ তদ্ব্রতমাহাত্ম্যম্

তত্রৈব—

শ্রীরামনবমী প্রোক্তা কোটিসূর্য্যগ্রহাধিকা।
তস্মিন্ দিনে মহাপুণ্যে রামমুদ্দিশ্য ভক্তিতঃ।
যৎ কিঞ্চিৎ কুরুতে কর্ম্ম তদ্ভবক্ষয়কারকম্ ॥২৪৫॥

অনুবাদ—অথ সেই ব্রত মাহাত্ম্য—অগস্ত্য সংহিতাতে—কোটি সূর্য্যগ্রহণেরও অধিক শ্রীরামনবমী ব্রত বলা হইয়াছে—মহাপবিত্র ঐদিনে ভক্তিসহ শ্রীরামচন্দ্রকে উদ্দেশ্য করিয়া যৎকিঞ্চিৎ কর্ম্ম করিলে তাহা সংসার-মুক্তির কারণ হয় ॥ ২৪৫ ॥

কিঞ্চ—

কুর্য্যাদ্রামনবম্যাং য উপোষণমতন্দ্রিতঃ।
ন মাতুর্গর্ভমাপ্নোতি স বৈ রামপ্রিয়ো ভবেৎ ॥২৪৬॥

অনুবাদ—আরও—যিনি আলস্যবিহীন হইয়া শ্রীরামনবমীতে উপবাস করেন, তিনি আর মাতৃগর্ভে প্রবেশ করেন না, তিনি শ্রীরামচন্দ্রের প্রিয় ভক্ত হন ॥ ২৪৬ ॥

টীকা—রামপ্রিয়ো ভবেদিতি তৎসারূপ্যং প্রাপ্তঃ স্যাদিত্যর্থঃ ॥ ২৪৬ ॥

তস্মাৎ সর্ব্বাত্মনা সর্ব্বে কৃত্বৈতন্নবমীব্রতম্।
মুচ্যন্তে সর্ব্বপাপেভ্যো যান্তি ব্রহ্ম সনাতনম্ ॥২৪৭॥

অনুবাদ—অতএব সকলে সর্ব্বভাবে কায়মনো-বাক্যে এই শ্রীরামনবমীব্রত উপবাস করিয়া সর্ব্বপাপ হইতে মুক্ত হন এবং সনাতন ব্রহ্ম শ্রীরামচন্দ্র লোক প্রাপ্ত হন ॥ ২৪৭ ॥

কিঞ্চ—

একমপি নরো ভক্ত্যা শ্রীরামনবমীব্রতম্।
উপোষ্য কৃতকৃত্যঃ সন্ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥২৪৮॥

অনুবাদ—আরও—মানব ভক্তিসহ একটিমাত্র শ্রীরামনবমী ব্রত উপবাস করিয়া কৃতকার্য্য ও সর্ব্ব-পাপ হইতে মুক্ত হন ॥ ২৪৮ ॥

অথ তদ্ব্রতনির্ণয়ঃ

চৈত্রে মাসি নবম্যান্তু জাতো রামঃ স্বয়ং হরিঃ।
পুনর্বস্বৃক্ষসংযুক্তা সা তিথিঃ সর্ব্বকামদা ॥ ২৪৯ ॥

অনুবাদ—অনন্তর শ্রীরামনবমীব্রত নির্ণয়—চৈত্র মাসের শুক্লা নবমীতে সাক্ষাৎ হরি শ্রীরামচন্দ্র আবির্ভূত হন। পুনর্বসু নক্ষত্র যুক্তা ঐ তিথি সর্ব্ববাঞ্ছা পূরণকারিণী ॥ ২৪৯ ॥

সৈব মধ্যাহ্নযোগেন মহাপুণ্যতমা ভবেৎ ॥ ২৫০ ॥

অনুবাদ—তাহাই দিবা মধ্যাহ্নসময়ে যোগ হইলে মহাপুণ্যতমা হয় ॥ ২৫০ ॥

মেষং পূষণি সম্প্রাপ্তে লগ্নে কর্কটকাহ্বয়ে।
আবিরাসীৎ স্বকলয়া কৌশল্যায়াং পরঃ পুমান্ ॥২৫১

অনুবাদ—মেষ রাশিতে সূর্য্য অবস্থানকালে কর্কটলগ্নে কৌশল্যা গর্ভ হইতে নিজ কলার সহিত পরমপুরুষ শ্রীরামচন্দ্র আবির্ভূত হন ॥ ২৫১ ॥

নবমী চাষ্টমী-বিদ্ধা ত্যাজ্যা বিষ্ণুপরায়ণৈঃ।
উপোষণং নবম্যাং বৈ দশম্যামেব পারণম্ ॥
ইতি ॥ ২৫২ ॥

অনুবাদ—বৈষ্ণবগণ সূর্য্যোদয়ে অষ্টমী বিদ্ধা

নবমী ত্যাগ করিয়া নবমীতে উপবাস এবং দশমীতেই পারণ করিবেন ॥ ২৫২ ॥

টীকা—ননু বৈষ্ণবৈবিদ্ধা সর্ব্বত্র এব বর্জ্জ্যেতি পূর্ব্বং নিশ্চিতম্ অত্রাপি তথৈবোক্তম্, 'নবমী চাষ্টমীবিদ্ধা ত্যাজ্যা' ইতি। তত্র চ নবমীক্ষয়ে সতি তিথিহ্রাসক্রমেণ একাদশ্যাশ্চ শুদ্ধত্বে কিং কর্ত্তব্যম্ ? তত্রাহ—উপোষণমিতি ॥ ২৫২ ॥

দশম্যাং পারণায়াশ্চ নিশ্চয়ান্নবমীক্ষয়ে।
বিদ্ধাপি নবমী গ্রাহ্যা বৈষ্ণবৈরপ্যসংশয়ম্ ॥ ২৫৩ ॥

অনুবাদ—"দশম্যামেব" এস্থলে 'এব' শব্দদ্বারা দশমীতেই পারণের নিশ্চয়তা বিধান থাকায় যখন নবমীক্ষয় হইবে তখন বাধ্য হইয়া বৈষ্ণবগণ নিঃসংশয়ে অষ্টমীবিদ্ধা নবমীদিনে ব্রত করিবেন (শ্রীএকাদশীতে ব্রতের জন্য দশমীতে পারণ আবশ্যক ॥ ২৫৩ ॥

টীকা—তদেবাভিব্যজ্য লিখতি—দশম্যামিতি। নিশ্চয়াদ্দশম্যামেবেত্যেবকারতঃ, অন্যথোপবাসদ্বয়প্রসঙ্গাদিতি দিক্ ॥ ২৫৩ ॥

অস্য ব্রতস্য চাগস্ত্যসংহিতাদৌ সবিস্তরম্।
বিধিরুক্তঃ প্রসিদ্ধশ্চ লিখ্যতেঽত্র সমাসতঃ ॥২৫৪॥

অনুবাদ—এই ব্রতের বিস্তৃত বিধি অগস্ত্য সংহিতা ও রামার্চ্চন চন্দ্রিকাতে উক্ত ও প্রসিদ্ধি থাকায় এস্থলে সংক্ষেপে লিখিত হইল ॥ ২৫৪ ॥

অথ শ্রীরামনবমীব্রতবিধিঃ

অষ্টম্যাং চৈত্রমাসস্য শুক্লপক্ষে জিতেন্দ্রিয়ঃ।
দন্তধাবনপূর্ব্বন্তু প্রাতঃ স্নানাদ্যথাবিধি ॥ ২৫৫ ॥
দান্তং কুটুম্বিনং বিপ্রং বেদশাস্ত্ররতং সদা।
শ্রীরামপূজানিরতং সুশীলং দম্ভবর্জ্জিতম্ ॥ ২৫৬ ॥
বিধিজ্ঞং রামমন্ত্রাণাং রামমন্ত্রৈকসাধকম্।
আহূয় ভক্ত্যা সম্পূজ্য শৃণুয়াৎ প্রার্থয়ন্নিতি ॥২৫৭॥

অনুবাদ—অনন্তর শ্রীরামনবমী ব্রতবিধি—চৈত্র মাসের শুক্লপক্ষের অষ্টমীতে সংযতচিত্ত থাকিয়া পরদিন প্রাতঃকালে দন্তধাবন পূর্ব্বক যথাবিধি স্নানাদির পর, সংযতচিত্ত গৃহস্থ সর্ব্বদা শ্রীরামপূজারত, সুশীল, দম্ভহীন, রামমন্ত্রবিধিজ্ঞ, রামমন্ত্রসাধক, একনিষ্ঠ বেদজ্ঞ বিপ্রকে আহ্বান করিয়া আনিয়া ভক্তিসহ পূজা করিয়া এইভাবে প্রার্থনা করিবে ॥২৫৫-২৫৭॥

টীকা—অষ্টম্যামিত্যাদি স্পষ্টার্থমেব ॥ ২৫৫ ॥

শ্রীরামপ্রতিমাদানং করিষ্যেঽহং দ্বিজোত্তম।
তত্রাচার্য্যো ভব প্রীতঃ শ্রীরামবিত্ত্বমেব মে ॥ ২৫৮ ॥

অনুবাদ—হে দ্বিজোত্তম! আমি শ্রীরামপ্রতিমা দান করিব, সেই বিষয়ে আপনি প্রসন্ন হইয়া আমার আচার্য্য হউন, আপনিই শ্রীরামচন্দ্রের তত্ত্বজ্ঞ ॥২৫৮॥

আচার্য্যং ভোজয়েৎ পশ্চাৎ সাত্ত্বিকান্নৈঃ সবিস্তরৈঃ।
ভুঞ্জীত স্বয়মপ্যেবং হৃদি রামমনুস্মরন্ ॥ ২৫৯ ॥

অনুবাদ—ব্রতান্তে উপকরণসহ সাত্ত্বিক অন্নদ্বারা আচার্য্যকে ভোজন করাইবে এবং স্বয়ংও চিত্তে শ্রীরামচন্দ্রকে স্মরণ করিতে করিতে ভোজন করিবে ॥ ২৫৯ ॥

টীকা—বামেঽঙ্কে পার্শ্বে, দক্ষিণেঽঙ্কে পার্শ্বে। অঙ্গ ইতি বা পাঠঃ। দক্ষিণে পার্শ্বে পার্শ্বদ্বয়ে ইতি বা। ততশ্চ সীতাদশরথয়োর্বহিস্তৌ জ্ঞেয়ৌ ॥ ২৬৯ ॥

তত্রৈকভক্ত-নিবেদনমন্ত্রঃ

নবম্যামঙ্গভূতেন একভক্তেন রাঘব।
ইক্ষ্বাকুবংশতিলক প্রীতো ভব ভবপ্রিয় ॥
ইতি ॥ ২৬০ ॥

অনুবাদ—ঐ ব্রত বিষয়ে একভক্ত নিবেদন মন্ত্র—হে রাঘব! হে ইক্ষ্বাকুবংশতিলক! হে ভবপ্রিয়! নবমীর অঙ্গস্বরূপ একভক্ত-ব্রতদ্বারা আপনি প্রীত হউন ॥ ২৬০ ॥

ততঃ প্রাতঃ সমুত্থায় স্নাত্বা সন্ধ্যাং বিধায় চ।
প্রাতঃ সর্ব্বাণি কর্ম্মাণি শীঘ্রমেব সমাপয়েৎ ॥২৬১॥

অনুবাদ—উপবাসের দিন প্রাতঃকালে উঠিয়া স্নান, সন্ধ্যা আদি যথাবিধি পূর্ব্বাহ্নে সর্ব্বকর্ম্ম শীঘ্রই সমাধান করিবে ॥ ২৬১ ॥

———

উপবাসনিবেদনমন্ত্রঃ

উপোষ্য নবমী ত্বদ্য যামেষ্বষ্টাসু রাঘব।
তেন প্রীতো ভব ত্বন্তোঃ সংসারাৎ ত্রাহি
মাং হরে ॥ ইতি ॥ ২৬২ ॥

অনুবাদ—উপবাস নিবেদন মন্ত্র—হে রাঘব! অদ্য অষ্টপ্রহর নবমী অপবাস করিব। অতএব আপনি প্রসন্ন হউন, হে শ্রীহরে! আমাকে সংসার হইতে পরিত্রাণ করুন ॥ ২৬২ ॥

———

বিধিবন্নির্ম্মিতে যাগমণ্ডপে পরমোৎসবৈঃ।
পুণ্যাহং বাচয়িত্বা তু সদ্ভিঃ সঙ্কল্পমাচরেৎ ॥২৬৩॥

অনুবাদ—যথাবিধি নির্ম্মিত যাগমণ্ডপে পরমানন্দে সাধুগণের সহিত পুণ্যাহ বাচন করিয়া সঙ্কল্প করিবে ॥ ২৬৩ ॥

———

অথ সঙ্কল্পমন্ত্রঃ

অস্যাং রামনবম্যান্তু সমারাধনতৎপরঃ।
উপোষ্যাষ্টসু যামেষু পূজয়িত্বা যথাবিধি ॥ ২৬৪ ॥
ইমাং স্বর্ণময়ীং রামপ্রতিমাং সুপ্রযত্নতঃ।
শ্রীরামপ্রীতয়ে দাস্যে রামভক্তায় ধীমতে ॥ ২৬৫ ॥
প্রীতো রামো হরত্বাশু পাপানি সুবহূনি মে।
অনেকজন্মসংসিদ্ধান্যভ্যস্তানি মহান্তি চ ॥
ইতি ॥ ২৬৬ ॥

অনুবাদ—অথ সঙ্কল্পমন্ত্র - এই শ্রীরামনবমীতে আরাধনা তৎপর আমি অষ্টপ্রহর উপবাসী থাকিয়া যথাবিধি এই স্বর্ণময়ী শ্রীরামপ্রতিমা উত্তম যত্নসহ শ্রীরামচন্দ্রের প্রীতির উদ্দেশ্যে ধীমান্ রামভক্তকে দান করিব। ইহাতে প্রসন্ন হইয়া শ্রীরামচন্দ্র আমার বহুজন্মের অভ্যস্ত মহামহা বহুবিধ পাপ শীঘ্র হরণ করুন ॥ ২৬৪-২৬৬ ॥

———

মূর্ত্তিং শ্রীরামচন্দ্রস্য সুবর্ণস্য পালেন তু।
অশক্তশ্চেৎ পলার্দ্ধেন তদর্ধার্ধেন বা চরেৎ ॥২৬৭॥

অনুবাদ—শ্রীরামচন্দ্রের মূর্ত্তি সুবর্ণের ১ পল দ্বারা নির্ম্মিত, অশক্তপক্ষে অর্দ্ধপল, তাহার অর্দ্ধেক বা তাহা অর্দ্ধেক দ্বারা রচিত ॥ ২৬৭ ॥

———

রৌপ্যেণ বাথ লৌহেন শিলয়া দারুণাথবা।
লেপ্যাঞ্চ লেখ্যাং বা কুর্য্যাৎ কৌশল্যাং কল্পিতাং
শুভাম্ ॥ ২৬৮ ॥

অনুবাদ—অথবা রৌপ্যদ্বারা বা অষ্টধাতু, শিলা বা দারু, মৃন্ময়ী বা চিত্রপট করিবে, পবিত্রভাবে কল্পিত কৌশল্যা মূর্ত্তিসহ ॥ ২৬৮ ॥

———

বামাঙ্কে জানকীং চাস্য সংশ্লিষ্টাং বামপাণিনা।
দক্ষিণাঙ্কে দশরথং পুত্রাবেক্ষণতৎপরম্ ॥ ২৬৯ ॥

অনুবাদ—শ্রীরামের বামাঙ্গে জানকী বামহস্ত দ্বারা আলিঙ্গিতা, দক্ষিণাঙ্গে বা পার্শ্বে দশরথ মূর্ত্তি পুত্র দর্শন তৎপর ॥ ২৬৯ ॥

———

পৃষ্ঠতো লক্ষ্মণং দেবং সচ্ছত্রং সহচামরম্।
পার্শ্বে ভরতশত্রুঘ্নৌ তালবৃন্তকরাবুভৌ।
অগ্রে ব্যগ্রং হনুমন্তং রামানুগ্রহকাঙ্ক্ষিণম্ ॥২৭০॥

অনুবাদ—পশ্চাতে লক্ষ্মণদেব উত্তর ছত্র ও চামর সহ, উভয় পার্শ্বে ভরত ও শত্রুঘ্ন তালপত্র ব্যজন হস্তে, অগ্রভাগে সেবোন্মুখ হনুমান শ্রীরামচন্দ্রের অনুগ্রহ প্রার্থী ॥ ২৭০ ॥

———

আসনোপরি সংবিশ্য ন্যাসজালং বিধায় চ।
শঙ্খং প্রপূজয়েদগ্রে গন্ধপুষ্পাক্ষতাদিভিঃ ॥ ২৭১ ॥

অনুবাদ—অনন্তর আসনে উপবেশন করিয়া অঙ্গন্যাসাদির পর অগ্রে গন্ধপুষ্প অক্ষতাদির দ্বারা শঙ্খ পূজা করিবে ॥ ২৭১ ॥

———

কলসং বামভাগস্থং পূজাদ্রব্যাণি চাদরাৎ।
পাত্রঞ্চ প্রোক্ষয়েদ্ভক্ত্যা চাত্মানং মন্ত্রমুচ্চরন্ ॥ ২৭২ ॥

অনুবাদ—সাদরে বামভাগে স্থাপিত কলস, পূজা দ্রব্যাদি এবং পাদ্যাদি পাত্র ও মন্ত্র উচ্চারণ পূর্ব্বক ভক্তিসহ ঐ শঙ্খজল দ্বারা আপনাকে প্রোক্ষণ ছিটা দিবে ॥ ২৭২ ॥

সর্ব্বেষাং রামমন্ত্রাণাং মন্ত্ররাজঃ ষড়ক্ষরঃ।
তারকব্রহ্ম চেত্যুক্তস্তেন পূজা প্রশস্যতে ॥ ২৭৩ ॥

অনুবাদ—সকল রামমন্ত্র মধ্যে ষড়ক্ষর 'মন্ত্ররাজ' ও 'তারক ব্রহ্ম' নামে প্রসিদ্ধ ঐ মন্ত্র দ্বারা পূজা প্রশস্ত ॥ ২৭৩ ॥

বিলিখেৎ সর্ব্বতোভদ্রং বেদিকোপরি সুন্দরম্।
সর্ব্বব্রতে সমুদ্দিষ্টং সর্ব্বতোভদ্রমণ্ডলম্ ॥ ২৭৪ ॥

অনুবাদ—বেদির উপর সুন্দর সর্ব্বতোভদ্র মণ্ডল রচনা করিবে। সর্ব্ববিধ ব্রতে সর্ব্বতোভদ্র মণ্ডল উল্লিখিত আছে ॥ ২৭৪ ॥

মধ্যে তীর্থোদকৈঃ পূর্ণং কুম্ভং রত্নোদরং শুভম্।
চূতপল্লবপুষ্পৈশ্চ যুক্তং ন্যসেদলঙ্কৃতম্ ॥ ২৭৫ ॥

অনুবাদ—মধ্যস্থলে গঙ্গাজল দ্বারা পূর্ণকুম্ভ মধ্যে পঞ্চরত্ন গর্ভ মঙ্গল ঘট আম্রপল্লব পুষ্পমাল্যাদিযুক্ত কুঙ্কুমাদি অলঙ্কৃত করিয়া স্থাপন করিবে ॥ ২৭৫ ॥

টীকা—রত্নানি উদরে অভ্যন্তরে যস্য তম্ ॥২৭৫॥

সৌবর্ণে রাজতে তাম্রে পাত্রে ষট্‌কোণমালিখেৎ।
অলাভে বিল্বপীঠে বা কলসোপরি সংস্থিতে।
উপর্য্যাস্তীর্য্য বস্ত্রে দ্বে আচ্ছিদ্রে সুদশে শুভে ॥২৭৬॥

অনুবাদ—স্বর্ণ, রৌপ্য বা তাম্র পাত্রে অভাবে বিল্বকাষ্ঠের পীড়িতে ষট্ কোণ লিখিয়া কলসের উপর রাখিয়া সুন্দর পবিত্র দুইটি বস্ত্র দ্বারা আচ্ছাদন করিবে ॥ ২৭৬ ॥

টীকা—সৌবর্ণাদিপাত্রস্যালাভে সতি ॥ ২৭৬ ॥

দিব্যসিংহাসনং তত্র স্থাপয়িত্বার্চ্চয়েৎ সুধীঃ।
পীঠার্চ্চাং বিধিবৎ কৃত্বা দত্ত্বা চার্ঘ্যাদিকস্তথা ॥ ২৭৭

অনুবাদ—সুধী ব্যক্তি তাহার উপর দিব্য সিংহাসন স্থাপনপূর্ব্বক অর্চ্চন করিবে এবং যথাবিধি ঐ পীঠের অর্চ্চন করিয়া অর্ঘ্যাদি দান করিবে ॥২৭৭॥

ক্ষীরাদিনা চ স্নপনং কুর্য্যাদাবাহনাদি চ।
নানারত্নবিচিত্রাণি দদ্যাদাভরণানি চ ॥ ২৭৮ ॥

অনুবাদ—দুগ্ধাদি পঞ্চামৃত দ্বারা শ্রীমূর্ত্তিকে স্নান করাইয়া আবাহনাদি ষোড়শ উপচারে পূজা করিয়া নানারত্ন খচিত বিচিত্র অলঙ্কার দান করিবে ॥২৭৮॥

হিমাম্বুঘৃষ্টরুচিরঘনসারসমন্বিতম্।
গন্ধং দদ্যাৎ প্রযত্নেন সাগুরুঞ্চ সকুঙ্কুমম্ ॥ ২৭৯ ॥

অনুবাদ—শীতল জলে ঘৃষ্ট কর্পূরাদিযুক্ত উত্তম চন্দনগন্ধ এবং যত্নসহকারে অগুরুকাষ্ঠ চন্দন, কুঙ্কুমাদি চন্দন দিবে ॥ ২৭৯ ॥

কহলারকেতকী-জাতী-পুন্নাগাদ্যৈঃ প্রপূজয়েৎ।
চম্পকৈঃ শতপত্রৈশ্চ সুগন্ধৈঃ সুমনোহরৈঃ ॥ ২৮০ ॥

অনুবাদ—রক্তপদ্ম, কেতকী, জাতী, পুন্নাগাদিদ্বারা এবং চম্পক পুষ্প, সুগন্ধ সুদৃশ্য মনোহর শতদল পদ্ম পুষ্প দ্বারা পূজা করিবে ॥ ২৮০ ॥

চূতপল্লবপুষ্পৈশ্চ দূর্ব্বাভিস্তুলসীদলৈঃ।
কোমলৈর্বিল্বপত্রৈশ্চ অশোককুসুমৈস্তথা ॥ ২৮১ ॥

অনুবাদ—আম্রপল্লব ও মুকুলদ্বারা, দূর্ব্বা ও তুলসীপত্র সমূহ দ্বারা, কোমল বিল্বপত্র ও অশোক পুষ্পদ্বারা পূজা করিবে ॥ ২৮১ ॥

অথ কৌশল্যাদ্যর্চ্চা

রামস্য জননী চাসি রামাত্মকমিদং জগৎ।
অতস্ত্বাং পূজয়িষ্যামি লোকমাতর্নমোঽস্তু তে ॥২৮২॥

অনুবাদ—অনন্তর কোশল্যাদি পরিকর পূজা হে লোকমাতঃ! আপনি শ্রীরামচন্দ্রেরও জননী হইয়াছেন। এই জগৎ রামাত্মক, অতএব তোমাকে পূজা করিব, তোমাকে নমস্কার ॥ ২৮২ ॥

নমো দশরথায়েতি পূজয়েৎ পিতরং ততঃ।
ততোঽনুজ্ঞাপ্য দেবেশং পরিবারান্ সমর্চ্চয়েৎ।
পূর্ব্বষট্‌কোণকোণেষু হৃদয়াদীনি ষট্ ক্রমাৎ ॥২৮৩

ইতি প্রথমাবরণম্।

অনুবাদ—অনন্তর 'দশরথায় নম' বলিয়া পিতাকে পূজা করিবে, তৎপরে শ্রীরামচন্দ্রের আদেশ লইয়া পরিকরগণকে পূজা করিবে। পূর্ব্বলিখিত ষট্ কোণ যন্ত্রের ছয় কোণে হৃদয়াদি ক্রমে ষড়ঙ্গ পূজা করিবে ॥ ২৮৩ ॥

ইতি প্রথম আবরণ।

হনুমন্তং সসুগ্রীবং ভরতং সবিভীষণম্।
লক্ষ্মণাঙ্গদশত্রুঘ্নান্ জাম্ববন্তং দলেষ্বিমান্ ॥ ২৮৪ ॥

ইতি দ্বিতীয়াবরণম্।

অনুবাদ—সুগ্রীব সহ হনুমান্, বিভীষণ সহ ভরত, লক্ষ্মণ, অঙ্গদ, শত্রুঘ্ন, জাম্ববান্ অষ্টদলে ইহাদের পূজা করিবে ॥ ২০৪ ॥

ইতি দ্বিতীয় আবরণ।

ধৃতিং জয়ন্তং বিজয়ং সুরাষ্ট্রং রাষ্ট্রবর্দ্ধনম্।
অশোকং ধর্ম্মপালঞ্চ সুমন্ত্রং দলমধ্যতঃ ॥ ২৮৫ ॥

ইতি তৃতীয়াবরণম্।

অনুবাদ—ধৃতি, জয়ন্ত, বিজয়, সুরাষ্ট্র, রাষ্ট্রবর্দ্ধন, অশোক, ধর্ম্মপাল, সুমন্ত্র দলমধ্যে ॥ ২৮৫ ॥

ইতি তৃতীয় আবরণ।

দলাগ্রে লোকপালাংশ্চ ॥ ২৮৬ ॥

ইতি চতুর্থাবরণম্।

অনুবাদ—দলাগ্রে লোকপালগণ ইন্দ্রাদির পূজা ॥২৮৬

ইতি চতুর্থ আবরণ।

তদস্ত্রাণি ততো বহিঃ ॥ ২৮৭ ॥

ইতি পঞ্চমাবরণম্।

অনুবাদ—তাহার বাহিরে শ্রীরামচন্দ্রের অস্ত্রসমূহের পূজা ॥ ২৮৭ ॥

ইতি পঞ্চম আবরণ।

ঘণ্টাঞ্চ বাদয়ন্ ধূপং দীপঞ্চাস্মৈ নিবেদয়েৎ।
ভক্ষ্যভোজ্যাদিনা ভক্ত্যা নৈবেদ্যং
বিধিনার্পয়েৎ ॥ ২৮৮ ॥

অনুবাদ—অতঃপর ঘণ্টাবাদ্য সহ শ্রীরামচন্দ্রকে ধূপ ও দীপ নিবেদন করিবে এবং যথাবিধি ভক্তিসহ ভক্ষ্যভোজনাদি নৈবেদ্য অর্পণ করিবে ॥ ২৮৮ ॥

আচামঞ্চ সুতাম্বূলং মহানীরাজনং ততঃ।
নমস্কুর্য্যাত্ততঃ স্তোত্রৈঃ স্তুত্বা চ প্রজপেন্মনুম্ ॥২৮৯॥

অনুবাদ—অতঃপর আচমন, উত্তম তাম্বূল, মহা-আরত্রিক করিয়া প্রণামপূর্ব্বক স্তোত্রদ্বারা স্তব করিয়া মন্ত্র জপ করিবে ॥ ২৮৯ ॥

শৃণ্বন্ জয়ন্তী-মাহাত্ম্যং দিব্যাং রামকথাস্তথা।
রামভক্তৈঃ সমং যামং নয়েদ্রামমনুস্মরন্ ॥ ২৯০ ॥

ইতি প্রথমযামকৃত্যম্।

অনুবাদ—জয়ন্তী-মাহাত্ম্য শ্রবণ করিতে করিতে দিব্য রামকথা রামভক্তগণসহ শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করিতে করিতে প্রথমপ্রহর অতিবাহিত করিবে ॥২৯০

ইতি দিবা প্রথম প্রহর কৃত্য।

টীকা—যামং নবমীদিবস-প্রথমপ্রহরম্ ॥২৯০॥

শঙ্খপাত্রাসনার্চ্চাঞ্চ কুর্য্যাদ্‌যামেষ্বতন্দ্রিতঃ।
যামে দ্বিতীয়ে সম্পূজ্য মধ্যাহ্নে জন্ম ভাবয়েৎ ॥২৯১

অনুবাদ—প্রতি প্রহরে নিরালস্য ভাবে শঙ্খ, পাত্র ও পীঠাদির পূজা অবশ্য কর্ত্তব্য। দ্বিতীয় প্রহরেও ঐরূপ পূজা করিয়া মধ্যাহ্নে জন্মলীলা স্মরণ করিবে ॥ ২৯১ ॥

টীকা—অতন্দ্রিত ইতি সর্ব্বেষ্বেব যামেষু শঙ্খ-পাত্রপীঠানাং পূজামনালস্যেনাবশ্যং কুর্য্যাদিত্যর্থঃ ।।২৯১

উচ্চস্থে গ্রহপঞ্চকে সুরগুরৌ সেন্দ্রৌ নবম্যাং তিথৌ
লগ্নে কর্কটকে পুনর্বসুযুতে মেষং গতে পূষণি ।
নির্দগ্ধুং নিখিলাঃ পলাশসমিধো মেধ্যাদযোধ্যারণে-
রাবির্ভূতমভূদপূর্ব্ববিভবং যৎকিঞ্চিদেকং মহঃ ।।২৯২

অনুবাদ—যথা—পঞ্চগ্রহ উচ্চস্থ হইলে, দেবগুরু বৃহস্পতি চন্দ্রযুক্ত হইলে, নবমী তিথিতে, কর্কট লগ্নে, পুনর্বসু নক্ষত্রে, সূর্য্য মেষরাশিতে অবস্থান করিলে, রাক্ষসকুলরূপ পলাশকাষ্ঠ নিঃশেষে দগ্ধ করিবার জন্য অযোধ্যা রূপ অরণিকাষ্ঠ হইতে অপূর্ব বিভবযুক্ত অত্যাশ্চর্য্য তেজঃ আবির্ভূত হইয়াছিলেন ।। ২৯২ ।।

টীকা—জন্মভাবনবিধিমেবাহ—উচ্চস্থ ইতি, 'সূর্য্যাদ্যুচ্চান্ ক্রিয়-বৃষ-মৃগ-স্ত্রী-কুলীরান্ত্যযুকে দিগ্বহ্নীন্দ্রদ্বয়তিথি-শরান্ সপ্তবিংশাংশ্চ বিংশান্ । অংশান্ যাবদ্বদতি যবনে' ইত্যাদ্যুক্তনিজনিজোচ্চ-স্থানবর্ত্তিনি গ্রহপঞ্চকে, মেষ-মকর-কর্কট-মীন-তুলাসু ক্রমেণ সূর্য্য-ভৌম-গুরু-শুক্র-শনিষু স্থিতেষ্বিত্যর্থঃ । কিঞ্চ, কর্কটে লগ্নে চন্দ্রসহিতগুরাবিতি গুণবিশেষঃ । পলং মাংসমশ্নন্তীতি পলাশা রাক্ষসাস্ত এব সমি-ধস্তান্নির্দগ্ধুং যথা যজ্ঞেঽরণি-জাতোঽগ্নিঃ পলাশকা-ষ্ঠানি নির্দহতি, তদ্বদিতি রূপকার্থঃ ।। ২৯২ ।।

স্তুত্বৈবং বাদয়েদ্বাদ্যান্যর্ঘ্যং দদ্যাজ্জগৎপতেঃ ।
ফলপুষ্পাম্বুসম্পূর্ণং গৃহীত্বা শঙ্খমুজ্জ্বলম্ ।
অশোকচূতকুসুমৈর্যুক্তঞ্চ তুলসীদলৈঃ ।। ২৯৩ ।।

অনুবাদ—এইরূপ স্তব করিয়া নানাবিধ বাদ্য-সমূহ বাদন । করিবে, ফল, পুষ্প ও জলপূর্ণ উজ্জ্বল শঙ্খ গ্রহণ করিয়া জগৎপতিকে অর্ঘ্যদান করিবে । অশোক, আম্রমুকুল ও তুলসীপত্রসমূহ যুক্ত অর্ঘ্য-দান করিবে ।। ২৯৩ ।।

অথ অর্ঘ্যমন্ত্রঃ

দশাননবধার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ ।
দানবানাং বিনাশায়দৈত্যানাং নিধনায় চ ।। ২৯৪ ।।
পরিত্রাণায় সাধূনাং জাতো রামঃ স্বয়ং হরিঃ ।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং ভ্রাতৃভিঃ সহিতোঽনঘ ।।
ইতি ।।২৯৫।।

অনুবাদ—অথ অর্ঘ্যমন্ত্র দশাননের বধ নিমিত্ত ধর্ম্মস্থাপন জন্য এবং দানবগণের বিনাশ নিমিত্ত দৈত্যগণের নিধনের জন্য এবং সাধুগণের পরিত্রাণ জন্য সাক্ষাৎ হরি শ্রীরামচন্দ্র জন্মলীলা করিয়াছেন । আমার প্রদত্ত এই অর্ঘ্য হে অনঘ ! ভ্রাতৃগণসহ গ্রহণ করুন ।। ২৯৪-২৯৫ ।।

পুনঃ পুষ্পাঞ্জলিং দত্ত্বা যামে যামে হ্যতন্দ্রিতঃ ।
পূজয়েদ্বিধিবদ্ভক্ত্যা দিবারাত্রং নয়েদ্বুধঃ ।। ২৯৬ ।।

অনুবাদ—নিরলসভাবে প্রহরে প্রহরে পুনঃ পুনঃ পুষ্পাঞ্জলি দান করিয়া যথাবিধি ভক্তিসহ পূজা করিবে এবং অভিজ্ঞ ব্যক্তি এইভাবে দিবারাত্র অতি-বাহিত করিবে ।। ২৯৬ ।।

ততঃ প্রাতঃ সমুত্থায় নিত্যকৃত্যং সমাপ্য চ ।
বিধিবদ্রামমভ্যর্চ্চ্য ভক্ত্যাচার্য্যং প্রতোষ্য চ ।
ব্রাহ্মণৈঃ সহ ভুঞ্জীত তেভ্যো দদ্যাচ্চ দক্ষিণাম্ ।।২৯৭

অনুবাদ—পরদিন প্রাতে উঠিয়া নিত্যকর্ম্ম সমা-পন করিয়া যথাবিধি শ্রীরামচন্দ্রকে অর্চ্চনা করিয়া ভক্তিপূর্ব্বক আচার্য্যকে প্রসন্ন করিয়া ব্রাহ্মণগণ সহ ভোজন করিবে এবং তাহাদিগকে দক্ষিণা দিবে ।।২৯৭

অথ পারণমন্ত্রঃ

তব প্রসাদস্বীকারাৎ কৃতং যৎ পারণং ময়া ।
ব্রতেনানেন সন্তুষ্টঃ স্বস্তি ভক্তিং প্রযচ্ছ মে ।।
ইতি ।। ২৯৮ ।।

অনুবাদ—অথ পারণমন্ত্র, হে শ্রীরামচন্দ্র । তোমার প্রসাদ গ্রহণ পূর্ব্বক আমি যে ব্রত পারণ করিলাম, এই ব্রতদ্বারা প্রসন্ন হইয়া স্বস্তি ও ভক্তি আমাকে প্রদান করুন ।। ২৯৮ ।।

কৃত্বৈবং ব্রহ্মহত্যাদিপাপেভ্যো মুচ্যতে ধ্রুবম্ ।
তুলাপুরুষদানাদিফলং প্রাপ্নোতি মানবঃ ॥ ২৯৯ ॥

অনুবাদ—এইভাবে ব্রত পালন করিয়া ব্রহ্ম হত্যাদি পাপ সকল হইতে নিশ্চিতই মুক্ত হয় এবং মানব তুলাপুরুষ দানাদির ফল প্রাপ্ত হয় ॥ ২৯৯ ॥

———

অনেকজন্মসংসিদ্ধপাপেভ্যো মুচ্যতে ধ্রুবম্ ।
বহুনা কিমিহোক্তেন ভক্তিস্তস্য করে স্থিতা ॥৩০০॥

অনুবাদ—বহুজন্মার্জ্জিত পাপসকল হইতে মুক্ত হয়, ইহা নিশ্চিত অধিক আর কি বলিব, ভগবদ্ভক্তি তাহার করতলগতা হয় ॥ ৩০০ ॥

———

অকিঞ্চনোঽপি নিয়ত উপোষ্য নবমীব্রতম্ ।
কৃত্বা জাগরণং ভক্ত্যা পূজয়েদ্বিধিবন্মুনে ॥ ৩০১ ॥

অনুবাদ—হে মুনিবর ! নিষ্কিঞ্চন ব্যক্তিও নবমী-ব্রতে নিয়ত উপবাসী থাকিয়া এবং জাগরণ করিয়া ভক্তিসহ যথাবিধি পূজন করিবেন ॥ ৩০১ ॥

———

গঙ্গায়াং প্রক্ষিপেন্নেপ্যাং
লেখ্যাং মূর্ত্তিং গৃহে ন্যসেৎ ।
আচার্য্যায় চ হৈমাদিং
দদীত প্রতিমাং বুধঃ ॥ ইতি ॥ ৩০২ ॥

অনুবাদ—মৃন্ময়ী মূর্ত্তি গঙ্গায় বিসর্জ্জন দিবে, চিত্রপট গৃহে রাখিবে অভিজ্ঞ ব্যক্তি সুবর্ণ প্রতিমাদি আচার্য্যকে প্রদান করিবে ॥ ৩০২ ॥

———

অথ দোলমহোৎসবঃ

চৈত্রে সিতৈকাদশ্যাঞ্চ দক্ষিণাভিমুখং প্রভুম্ ।
দোলয়া দোলনং কুর্য্যাদ্গীতনৃত্যাদিনোৎসবম্ ॥৩০৩

অনুবাদ—অনন্তর দোলমহোৎসব,—চৈত্রমাসে শুক্লপক্ষের একাদশীতে প্রভুকে দক্ষিণাভিমুখে দোলায় বসাইয়া দোলাইবে এবং গীত, নৃত্য, বাদ্যাদি সহ আনন্দ উৎসব করিবে ॥ ৩০৩ ॥

———

তথা চ গারুড়ে—
চৈত্রে মাসি সিতে পক্ষে দক্ষিণাভিমুখং হরিম্ ।
দোলারূঢ়ং সমভ্যর্চ্চ্য মাসমান্দোলয়েৎ কলৌ ॥৩০৪

অনুবাদ—ইহার প্রমাণ গরুড়পুরাণে—কলিকালে চৈত্রমাসে শুক্লপক্ষে শ্রীহরিকে দক্ষিণ অভিমুখে দোলারূঢ় করিয়া অর্চ্চনান্তে মাসভর আন্দোলন করিবে ॥ ৩০৪ ॥

———

অথ তন্নিত্যতা

পদ্মপুরাণে—
উর্জ্জে রথং মধৌ দোলাং শ্রাবণে তন্তুপর্ব্ব চ ।
চৈত্রে দমনকারোপমকুর্ব্বাণো ব্রজত্যধঃ ॥
ইতি ॥ ৩০৫ ॥

অনুবাদ—অনন্তর দোলযাত্রার নিত্যতা পদ্মপুরাণে—কার্ত্তিকে ব্রত বা রথযাত্রা, চৈত্রে দোলযাত্রা, শ্রাবণে পবিত্রারোপণ, চৈত্রে দমনকপুষ্প আরোপণ যিনি না করেন, তিনি অধঃপতিত হন ॥ ৩০৫ ॥

———

দোলারূঢ়শ্চ ভগবানবলোক্যঃ প্রযত্নতঃ ।
দোলারূঢ়স্য চাস্যাগ্রে কুর্য্যাজ্জাগরণং শুভম্ ॥৩০৬॥

অনুবাদ—দোলারূঢ় ভগবান্‌কে প্রযত্ন-সহ দর্শন করিবে এবং উঁহার অগ্রে পবিত্রভাবে নিশি জাগরণ করিবে ॥ ৩০৬ ॥

———

অথ দোলোৎসব-মাহাত্ম্যম্

তত্রৈব—
দোলারূঢ়ং প্রপশ্যন্তি কৃষ্ণং কলিমলাপহম্ ।
অপরাধসহস্রৈস্তু মুক্তাস্তে ঘূর্ণনে কৃতে ॥ ৩০৭ ॥

অনুবাদ—অনন্তর দোলোৎসব মাহাত্ম্য, পদ্মপুরাণে কথিত আছে—কলিকাল জাত চিত্তমালিন্য অপহরণকারী দোলারূঢ় শ্রীকৃষ্ণকে আন্দোলনসময়ে যিনি দর্শন করেন, তিনি সহস্র অপরাধ হইতে মুক্ত হন ॥ ৩০৭ ॥

টীকা—ঘূর্ণনে আন্দোলনে সতি যে প্রপশ্যন্তি, তে

মুক্তা ইত্যন্বয়ঃ। যদ্বা, ঘূর্ণনেঽপি কৃতে সর্ব্বেঽপরাধসহস্রৈর্মুক্তা ভবন্তীতি বাক্যান্তরম্। মধুমাধবে বসন্ত ইত্যর্থঃ, যদ্বা, মধৌ মাধবে বেত্যর্থঃ। কদাচিদ্বিঘ্নাপাতাদ্বৈশাখেঽপি তৎকরণাৎ ॥ ৩০৭ ॥

তাবত্তিষ্ঠন্তি পাপানি জন্মকোটিকৃতান্যপি।
যাবন্নান্দোলয়েদ্ভূপ কৃষ্ণং কংসবিনাশিনম্ ॥৩০৮॥

অনুবাদ—কোটিজন্ম সঞ্চিত পাপসমূহও সেই কাল পর্য্যন্ত অবস্থান করে, হে মহারাজ। যে পর্য্যন্ত কংসধ্বংসকারী শ্রীকৃষ্ণকে না দোলায় ॥ ৩০৮ ॥

আন্দোলনদিনে প্রাপ্তে রুদ্রেণ সহিতাঃ সুরাঃ।
কুর্ব্বন্তি প্রাঙ্গণে নৃত্যং গীতং বাদ্যঞ্চ হর্ষিতাঃ ॥৩০৯

অনুবাদ—দোলযাত্রাদিনে মহাদেবের সহিত দেবগণ আনন্দিত হইয়া মন্দির প্রাঙ্গণে নৃত্য, গীত ও বাদ্য করেন ॥ ৩০৯ ॥

ঋষয়ো গণগন্ধর্ব্বা রম্ভাদ্যাপ্সরসাং গণাঃ।
বাসুকিপ্রমুখা নাগাস্তথা দেবাঃ সুরেশ্বরাঃ।
দোলযাত্রাং সমায়ান্তি বিষ্ণুদর্শনলালসাঃ ॥ ৩১০ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণু দর্শনে লোভযুক্ত হইয়া ঋষিগণ, গন্ধর্ব্বগণ, রম্ভাদি অপ্সরাগণ, বাসুকি প্রমুখ নাগগণ, দেবগণ, ব্রহ্মাদি সুরেশ্বরগণ দোলযাত্রা উৎসবে আগমন করেন ॥ ৩১০ ॥

দোলযাত্রানিমিত্তন্তু দোলাহে মধুমাধবে।
ভূতানি সন্তি ভূপৃষ্ঠে যে কেচিদ্দেবযোনয়ঃ।
সমায়ান্তি মহীপাল কৃষ্ণে দোলাস্থিতে ধ্রুবম্ ॥৩১১॥

অনুবাদ—চৈত্র ও বৈশাখে দোলপর্বে দোলযাত্রা দর্শন নিমিত্ত এই ভূমণ্ডলে যে কোন প্রাণি আছে, হে ভূপাল! দোলারূঢ় শ্রীকৃষ্ণকে যাহারা দর্শনে আসেন তাহারা সকলেই দেবতা ॥ ৩১১ ॥

বিষ্ণুং দোলাস্থিতং দৃষ্ট্বা
ত্রৈলোক্যস্যোৎসবো ভবেৎ।
তস্মাৎ কার্য্যশতং ত্যক্ত্বা
দোলাহে উৎসবং কুরু ॥ ৩১২ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুকে দোলারূঢ় দেখিয়া ত্রিলোকেরই আনন্দ হয়। অতএব শতকার্য্য ত্যাগ করিয়া দোলযাত্রা দিনে উৎসব করুন ॥ ৩১২ ॥

প্রহলাদে তু সমায়াতে বিষ্ণুর্দোলাবরোহণম্।
কুরুতে পাণ্ডবশ্রেষ্ঠ বরং দত্তমনুস্মরন্ ॥ ৩১৩ ॥

অনুবাদ—হে যুধিষ্ঠির মহারাজ! প্রহলাদ সমাগত হইলে শ্রীবিষ্ণু তাঁহাকে যে বর দিয়াছিলেন, তাঁহা অনুস্মরণ করিয়া দোলাবরোহণ করেন ॥ ৩১৩ ॥

দোলাস্থিতস্য কৃষ্ণস্য যেঽগ্রে কুর্ব্বন্তি জাগরম্।
সর্ব্বপুণ্যফলাবাপ্তির্নিমেষৈকেন জায়তে ॥ ৩১৪ ॥

অনুবাদ—দোলাস্থিত শ্রীকৃষ্ণের অগ্রে যাহারা জাগরণ করেন, এক নিমেষে তাহাদের সর্ব্ববিধপুণ্যফল প্রাপ্তি হয় ॥ ৩১৪ ॥

দোলাসংস্থন্তু যে কৃষ্ণং পশ্যন্তি মধুমাধবে।
ক্রীড়ন্তি বিষ্ণুনা সার্দ্ধং বৈকুণ্ঠে দেববন্দিতাঃ ॥৩১৫॥

অনুবাদ—চৈত্র ও বৈশাখে যাঁহারা শ্রীকৃষ্ণকে দোলারূঢ় দর্শন করেন, তাহারা দেবগণ বন্দিতা হইয়া বৈকুণ্ঠে শ্রীবিষ্ণুর সহিত লীলায় রত থাকেন ॥ ৩১৫॥

কিঞ্চান্যত্র—
দক্ষিণাভিমুখং দেবং দোলারূঢ়ং সুরেশ্বরম্।
সকৃদ্দৃষ্ট্বা তু গোবিন্দং মুচ্যতে ব্রহ্মহত্যয়া ॥
ইতি ॥ ৩১৬ ॥

অনুবাদ—আরও অন্যত্র—দেবদেব শ্রীগোবিন্দদেবকে দক্ষিণাভিমুখে দোলারূঢ় একবার দর্শন করিয়া ব্রহ্মহত্যা পাপ হইতে মুক্তি লাভ করে ॥৩১৬

অথ দোলোৎসববিধিঃ

চৈত্রস্য শুক্লদ্বাদশ্যাং প্রাতঃকৃত্যং সমাপ্য চ।
নিত্যপূজাং বিধায়াথ কুর্য্যাদ্দোলোৎসবং ব্রতী॥ ৩১৭

অনুবাদ—অথ দোল উৎসব বিধি চৈত্রমাসের শুক্লা দ্বাদশীতে প্রাতঃকৃত্য সমাপন করিয়া এবং নিত্যপূজা বিধান করিয়া ব্রতী দোলোৎসব করিবে ॥ ৩১৭ ॥

———

তদর্থঞ্চ বিশেষেণ নৈবেদ্যাদিকমর্পয়েৎ।
সম্মান্য বৈষ্ণবাংস্তৈশ্চ গীতনৃত্যাদি কারয়েৎ ॥৩১৮॥

অনুবাদ—উৎসবার্থে বিশেষ নৈবেদ্যাদি অর্পণ করিবে, ঐ সকল প্রসাদ দ্বারা বৈষ্ণবগণকে তৃপ্ত করিয়া গীত, নৃত্যাদি করাইবে ॥ ৩১৮ ॥

———

মহানীরাজনং কৃত্বা প্রক্ষিপেদচ্যুতোপরি।
গন্ধানুলেপচূর্ণাদিবিচিত্রাণি বিভাগশঃ ॥ ৩১৯ ॥

অনুবাদ—মহাআরতি করিয়া শ্রীভগবানের উপরে ভাগে ভাগে বিচিত্র গন্ধ, চন্দন, আবিরাদি চূর্ণ নিঃক্ষেপ করিবে ॥ ৩১৯ ॥

টীকা—অথ নিত্যপূজানন্তরং, ব্রতী কৃতোপবাসঃ পূর্ব্বলিখিতদশম্যাদিনিয়মযুক্তো বা, তদর্থং দোলোৎসবার্থং, বিশেষেণ অন্যদিনাদাধিক্যেন, সম্মান্য আদৌ সাদরং নিমন্ত্র্যাহূয় পাদপ্রক্ষালনপূর্ব্বকং শ্রীচরণামৃতানুলেপনমাল্যাদিমহাপ্রসাদপ্রদানেন সম্পূজ্য, তৈর্বৈষ্ণবৈঃ। আদি-শব্দেন বাদ্যনামসঙ্কীর্ত্তনাদি, বিচিত্রাণি গন্ধাদীনি, বিভাগশঃ শ্রীমদঙ্গোষ্ণীষাদিভূষণং দোলাদৌ ভাগে ভাগে পৃথক্ পৃথক্ অচ্যুতোপরি প্রক্ষিপেৎ। তত্র গন্ধঃ—অগুরু কলম্বকাদিসাধিত-সুরভিদ্রব্যবিশেষঃ, অনুলেপশ্চন্দনাদিপঙ্কং, চূর্ণানি চ পট্টবাসাঃ বুক্কাবক্ষনেতিপ্রসিদ্ধানি। এতচ্চ বাসন্তিকদোলক্রীড়াবিশেষলক্ষণম্ ॥ ৩১৭-৩১৯ ॥

———

সন্তোষ্য বৈষ্ণবাংস্তৈশ্চ গীতনৃত্যাদিভি প্রভুম্।
নত্বাভ্যর্থ্যাপ্রমত্তঃ সন্ দোলামারোহয়েচ্ছুভাম্ ॥৩২০

অনুবাদ—ঐ সকল গন্ধাদি দ্রব্য দ্বারা বৈষ্ণবগণকেও সন্তুষ্ট করিয়া তাহাদের সহিত নৃত্য ও গীতাদি সহ শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া প্রার্থনাপূর্ব্বক দোলমঞ্চে লইয়া গিয়া সাবধানভাবে অলঙ্কৃত উত্তম দোলায় আরোহণ করাইবে ॥ ৩২০ ॥

———

নীত্বা বহির্বেদিকায়ামুত্তুঙ্গায়াং যথাবিধি।
অভ্যর্চ্চ্যান্দোলয়েৎ কৃষ্ণং
সর্ব্বলোকাবলোকিতম্ ॥ ৩২১ ॥

অনুবাদ—সর্ব্বলোকের সুখে দর্শন নিমিত্ত মন্দিরের বাহিরে অতি উচ্চ বেদিতে লইয়া গিয়া যথাবিধি অর্চ্চন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে দোলাইবে ॥ ৩২১ ॥

টীকা—তৈর্গন্ধাদিভির্বৈষ্ণবান্ সন্তোষ্য প্রভুঞ্চ ভগবন্তং নত্বা প্রণম্য, অভ্যর্থ্য চ 'সর্ব্বলোকহিতার্থং নিজজনসুখার্থঞ্চ সুখং দোলামিমামারুহ্য সাবধানমান্দোলনলীলাং বিধেহি' ইত্যাদি, তথা বলীয়সা পদা 'স্বামিন্ পদবীমবধারয়' ইত্যাদিকঞ্চ প্রার্থ্য; অপ্রমত্তঃ সাবধানঃ সন্, শুভাং নির্ম্মাণবিশেষতোঽলঙ্কারবিশেষতশ্চোত্তমাং দোলাং গীতাদিভিরারোহয়েৎ। আদিশব্দেন জয় জয়েত্যাদিমঙ্গলঘোষ-বেদঘোষ-বাদ্য-সঙ্কীর্ত্তনাদি, বহির্দোলায়াঃ, উত্তুঙ্গায়ামত্যুচ্চায়াস্তদুপরীত্যর্থঃ। এতচ্চ সর্ব্বলোকানাং সুখদর্শনার্থম্ ॥ যথাবিধীতি বেদিকাং তামুপস্কৃত্য ধ্বজপতাকাতোরণাদিভিরলঙ্কৃত্য চ দৃঢ়পট্টবসনেন পার্শ্বদ্বয়ে স্তম্ভাদৌ দোলাং নিবধ্য দোলারূঢ়স্য ভগবতোঽর্চ্চনে ফলবিশেষোক্তেরান্দোলনশ্রমবিশেষদৃষ্টেশ্চ পূজাবিশেষং কৃত্বা মহানীরাজনং কৃত্বা গন্ধাদিকঞ্চ প্রক্ষিপ্য শনৈঃ শনৈঃ সাবধানমান্দোলয়েদিত্যাদিপ্রকার উহ্যঃ। সর্ব্বলোকৈরবলোকিতং যথা স্যাত্তথান্দোলয়েৎ, দোলারূঢ়ভগবদ্দর্শনে ফলবিশেষোক্তেঃ ॥৩২০-৩২১॥

———

এবমভ্যর্চ্চয়ন্ যামে যামে ত্বান্দোলয়ন্ প্রভুম্।
মহোৎসবেন গময়েদ্দিনং রাত্রিঞ্চ যত্নতঃ ॥ ৩২২ ॥

অনুবাদ—এই ভাবে প্রহরে প্রহরে অর্চ্চন করিতে করিতে প্রভুকে দোলাইবে। যত্নসহকারে মহা আনন্দে উৎসবের সহিত দিন ও রাত্রি অতিবাহিত করিবে ॥ ৩২২ ॥

———

এবং জাগরণং কৃত্বা বৈষ্ণবৈঃ সহ বৈষ্ণবঃ ।
প্রণম্য প্রার্থ নির্ম্মঞ্ছ্য কৃষ্ণং স্বালয়মানয়েৎ ॥ ৩২৩॥

অনুবাদ—এইভাবে বৈষ্ণবগণের সহিত বৈষ্ণব জাগরণ করিয়া প্রণাম, প্রার্থনা ও আরতি করিয়া শ্রীকৃষ্ণকে নিজমন্দিরে গীতবাদ্যাদি সহ আনয়ন করিবে ॥ ৩২৩ ॥

কেচিচ্চ বৈষ্ণবাঃ শুক্লতৃতীয়াং মহোৎসবম্ ।
ইমমিচ্ছন্তি শক্তাশ্চ কুর্ব্বতে মাসমেব তম্ ॥ ৩২৪॥

অনুবাদ—কোন কোন বৈষ্ণবগণ চৈত্র শুক্লা তৃতীয়াতে এই মহোৎসব ইচ্ছা করেন এবং সমর্থ হইলে বৈশাখী শুক্লা তৃতীয়া (অক্ষয়তৃতীয়া) পর্য্যন্ত একমাস ফুলদোলে এই উৎসব সমাপ্ত করেন ॥৩২৪॥

টীকা—এবমনেন লিখিতপ্রকারেণ যামে যামে প্রতিপ্রহরং প্রভুমভ্যর্চ্চয়ন্ আন্দোলয়ংশ্চ সন্ মহোৎসবেন নৃত্যগীতাদিনা দিনং রাত্রিঞ্চ গময়েৎ। অত্র প্রতিযামমভ্যর্চ্চনমান্দোলনঞ্চ, 'ততঃ পুষ্পাঞ্জলিং দত্ত্বা যামে যামে হ্যতন্দ্রিতঃ' ইতি রামার্চ্চনচন্দ্রিকোক্তেঃ, তথা একাদশীজাগরণে 'যামে যামে মহাভাগ কুর্য্যাদারাত্রিকং হরেঃ' ইত্যাদিস্কান্দোক্তেশ্চানুসারঃ তথাত্রৈব 'ঘূর্ণনে কৃতে' ইতি, 'যাবন্নান্দোলয়েৎ' ইত্যাদ্যুক্তান্দোলনস্য পৌনঃপুন্যপ্রতীতেরিতি দিক্। প্রার্থ্যেতি দেবালয়ান্তরাধিবাস্য-শ্রীশালগ্রামশিলাগ্রে স্থাপিতস্য দমনকস্যারোপণোৎসবার্থমান্দোলনলীলামেতামপহায় ভগবজ্জন-বাৎসল্যেন সুখং সাবধানং স্বমন্দিরে বিজয়ং বিধেহীত্যাদিপ্রার্থনাং কৃত্বা। নির্ম্মঞ্ছ্য দোলক্রীড়ায়াং দৃষ্টিমূত্তার্য্য, স্বালয়ং দেবালয়ম্ আ সম্যগ্গীতবাদ্যাদিনা নয়েৎ, ইমং দোলযাত্রাখ্যম্ ॥ ৩২২-৩২৪ ॥

তথা চোক্তম্—

চৈত্রে মাসি সিতে পক্ষে তৃতীয়াং রমাপতিম্ ।
দোলারূঢ়ং সমভ্যর্চ্চ্য মাসমান্দোলয়েৎ কলৌ ॥
ইতি ॥ ৩২৫ ॥

অনুবাদ—এইরূপ শাস্ত্রে উক্তি আছে—চৈত্রমাসে শুক্লপক্ষে তৃতীয়াতে শ্রীলক্ষ্মীপতিকে দোলার উপরে অর্চ্চন করিয়া কলিযুগে এক মাস দোলাইবে ॥৩২৫॥

যৎ ফাল্গুনস্য রাকাদাবুত্তরা ফল্গুনী যদা ।
তদা দোলোৎসবঃ কার্য্যস্তচ্চ শ্রীপুরুষোত্তমে ॥৩২৬

অনুবাদ—ফাল্গুনমাসের রাকা-পূর্ণিমাতে যখন উত্তরফল্গুনী নক্ষত্র হয় তখন দোল উৎসব কর্ত্তব্য, ঐরূপ শ্রীপুরুষোত্তমক্ষেত্রে উৎসব হয় ॥ ৩২৬ ॥

টীকা—রাকা পূর্ণিমা, আদি-শব্দেন প্রতিপদাদিঃ, কদাচিৎ প্রতিপদি কদাচিদ্দ্বিতীয়ামামপি উত্তরফল্গুনীনক্ষত্রযোগাৎ কার্য্য ইতি যৎ, তচ্চ শ্রীপুরুষোত্তমক্ষেত্রে, ন তু সর্ব্বত্র পুরুষোত্তমখণ্ডাদৌ তত্রৈব তস্য বিধানাৎ ॥ ৩২৬ ॥

কিন্ত্বীদৃগ্ভক্তিসংদর্শি-জগন্নাথানুসারতঃ ।
দোলা-চন্দন-কীলাল-রথযাত্রাশ্চ কারয়েৎ ॥ ৩২৭॥

অনুবাদ—তথাপি এইরূপ শ্রীবিগ্রহসেবা-পরিপাটী যাত্রা-উৎসবাদি সহ ভক্তিপ্রদর্শনকারী শ্রীজগন্নাথদেবের অনুসারে শ্রীক্ষেত্রে যে যে দিনে দোলযাত্রা, চন্দনযাত্রা, জলযাত্রা, নৌকাবিলাসে বা স্নানযাত্রা ও রথযাত্রা হয়, সেই অনুসারে অন্যত্রও সেইরূপ দোল আদি উৎসব কর্ত্তব্য ॥ ৩২৭ ॥

টীকা—তথাপি তদ্দৃষ্ট্যান্যত্রাপি তথৈব দোলাদ্যুৎসবঃ কর্ত্তব্য ইতি লিখতি—কিন্ত্বিতি। ঈদৃশী মূর্ত্তি-পূজা যাত্রোৎসবাদিরূপা যা ভক্তিস্তস্যাঃ সম্যগ্দর্শনশীলস্য লোকানুগ্রাহকস্য শ্রীজগন্নাথদেবস্য অনুসারতঃ, যস্মিন্ দিনে যথা তৎক্ষেত্রে ভবেত্তদ্দিনেঽপি তথা দোলযাত্রাং চন্দনযাত্রাং জলযাত্রাং রথযাত্রাঞ্চ কুর্য্যাদেবেত্যর্থঃ। তত্র হেতুত্বেন লিখিতমেব—ঈদৃগ্ভক্তিসন্দর্শীতি। মহোৎসববাহুল্যঞ্চ গুণাবহমেবেতি দিক্ ॥ ৩২৭ ॥

অথ দমনকারোপণোৎসবঃ

চৈত্রস্য শুক্লদ্বাদশ্যাং দমনারোপণোৎসবম্ ।
বিদধ্যাত্তদ্বিধির্বৈধায়নাদ্যুক্তোঽত্র লিখ্যতে ॥ ৩২৮ ॥

অনুবাদ—অথ দমনকপুষ্প আরোপণ উৎসব—চৈত্রমাসের শুক্লদ্বাদশীতে দমনক আরোপণ উৎসব করিবে। তাহার বিধি বৌধায়নাদি সংহিতা উক্ত এস্থলে লিখিত হইতেছে ॥ ৩২৮ ॥

মধোঃ সিতৈকাদশ্যাঞ্চ প্রাতঃকৃত্যং সমাপ্য চ।
গত্বা দমনকারামং তত্রাশোকং স্মরং যজেৎ ॥৩২৯॥

অনুবাদ—চৈত্রমাসের শুক্লা একাদশীতে প্রাতঃকৃত্য সমাপন করিয়া দমনক উদ্যানে গিয়া সেখানে অশোক বৃক্ষরূপী কামদেবকে আতপ তণ্ডুল চন্দনাদি দ্বারা পূজা করিবে ॥ ৩২৯ ॥

অথ তত্র মন্ত্রঃ

অশোকায় নমস্তুভ্যং কামস্ত্রীশোকনাশনঃ।
শোকার্ত্তিং হর মে নিত্যমানন্দং জনয়স্ব মে ॥
ইতি ॥ ৩৩০ ॥

অনুবাদ—অনন্তর অশোক পূজামন্ত্র—অশোক তোমায় নমস্কার, তুমি কামস্ত্রীশোকনাশন। আমার শোক ও আর্ত্তি হরণ কর এবং আমার নিত্য আনন্দ উৎপাদন কর ॥ ৩৩০ ॥

টীকা—তত্র দমনকারামে অশোকবৃক্ষরূপং স্মরমক্ষতচন্দনাদিনা পূজয়েৎ। তত্র চ কামরূপেণ শ্রীভগবত এব পূজাদিকং জ্ঞেয়ম্। যদ্বা, ভগবদর্পণায় দমনকগুণবিশেষার্থং কামদেবস্যেবেতি দিক্ ॥ ৩২৯-৩৩০ ॥

নেষ্যামি কৃষ্ণপূজার্থং ত্বাং কৃষ্ণপ্রীতিকারকম্।
ইতি সম্প্রার্থ্য নত্বা চ গৃহ্ণীয়াদ্দমনং শুভম্ ॥৩৩১॥

অনুবাদ – কৃষ্ণপ্রীতিকারক তোমাকে শ্রীকৃষ্ণ পূজার নিমিত্ত লইয়া যাইব—এইরূপ প্রার্থনা করিয়া ও প্রণাম করিয়া পবিত্র মঞ্জরী সহ দমনক বৃক্ষ গ্রহণ করিবে ॥ ৩৩১ ॥

টীকা—গৃহ্ণীয়াদিতি—নিজদমনকারামাভাবেঽন্যোদ্যানাদপীত্যর্থঃ। শুভং পরমোত্তমং সুন্দর-মঞ্জর্য্যাদিযুক্তম্ ॥ ৩৩১ ॥

প্রোক্ষ্য তৎ পঞ্চগব্যেন প্রক্ষাল্যাদ্ভিঃ প্রপূজ্য চ।
বস্ত্রেণাচ্ছাদ্য বেদাদিঘোষেণ গৃহমানয়েৎ ॥ ৩৩২ ॥

অনুবাদ—পঞ্চগব্য দ্বারা ছিটা দিয়া ঐ বৃক্ষকে জল দ্বারা ধৌত করিয়া গন্ধপুষ্পাদি দ্বারা পূজা করিয়া নববস্ত্র দ্বারা আচ্ছাদনপূর্ব্বক বেদমন্ত্র পাঠ করিতে করিতে গৃহে আনয়ন করিবে ॥ ৩৩২ ॥

টীকা—তৎ দমনকম্ অদ্ভিঃ শুদ্ধোদকেন প্রক্ষাল্য প্রপূজ্য অক্ষতগন্ধাদিভিঃ সমভ্যর্চ্য বস্ত্রেণ আচ্ছাদ্যেতি নবে পটলে নিধায় সিতধৌতবাসসাচ্ছাদ্যেতি জ্ঞেয়ম্। আদি-শব্দেন গীতবাদ্যাদি ॥ ৩৩২ ॥

অথ দমনকাধিবাসবিধিঃ

কৃষ্ণস্যাগ্রে সমুদ্ধৃত্য সর্ব্বতোভদ্রমণ্ডলম্।
নিধায় দমনং তত্র রাত্রৌ তদধিবাসয়েৎ ॥ ৩৩৩ ॥

অনুবাদ—অনন্তর দমনকঅধিবাসবিধি—শ্রীকৃষ্ণের সম্মুখে সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কিত করিয়া উহার উপর দমনক রাখিয়া রাত্রিতে উহার অধিবাস করিবে ॥ ৩৩৩ ॥

টীকা - তত্র মণ্ডলে তৎপটলনিহিতং দমনম্, অধিবাসয়েদিতি নিত্যক্রিয়াং নির্ব্বর্ত্ত্য ভগবতঃ পূজাং বিশেষতঃ কৃত্বা তদনুজ্ঞয়া তদধিবাসনং কুর্য্যাদিতি বোদ্ধব্যম্ ॥ ৩৩৩ ॥

অথ তত্র মন্ত্রঃ

পূজার্থং দেবদেবস্য বিষ্ণোর্লক্ষ্মীপতেঃ প্রভোঃ।
দমন ত্বমিহাগচ্ছ সান্নিধ্যং কুরু তে নমঃ ॥
ইতি ॥ ৩৩৪ ॥

অনুবাদ—অনন্তর অধিবাস মন্ত্র—দেবদেব প্রভু লক্ষ্মীপতি শ্রীবিষ্ণুর পূজার জন্য, হে দমনক! আপনি এখানে আগমন করুন, অবস্থান করুন, আপনাকে প্রণাম ॥ ৩৩৪ ॥

সবীজং কামদেবঞ্চ তথা ভস্মশরীরকম্।
অনঙ্গং মন্মথঞ্চৈব বসন্তসখমেব চ।
স্মরমিক্ষুচাপঞ্চ পুষ্পবাণঞ্চ পূজয়েৎ ॥ ৩৩৫ ॥
প্রাগাদিদিক্ষু রত্যাদ্যং বিধিবদ্দমনে ক্রমাৎ ॥৩৩৬॥

অনুবাদ—অনন্তর দমনকের পূর্ব্বাদি-ক্রমে অষ্ট দিকে কামবীজ ও রতিসমন্বিত বিধিবৎ ইক্ষুদণ্ড অক্ষত গন্ধ-পুষ্পাদি দ্বারা অষ্ট নামমন্ত্রে পূজা করিবে —কামদেবায়, ভস্মশরীরায়, অনঙ্গায়, মন্মথায়, বসন্তসখ্যে, স্মরায়, ইক্ষুচাপায়, পুষ্পবাণায় ইতি ॥ ৩৩৫-৩৩৬ ॥

টীকা—দমনকস্য প্রাগাদ্যষ্টদিক্ষু ক্রমেন কামদেবাদ্যষ্টকং কামবীজসহিতঞ্চ, বিধিবৎ ইক্ষ্বক্ষত-গন্ধাদিভিঃ পূজয়েৎ। তত্র প্রয়োগঃ—'ক্লীং দ্রীঁ' কামদেবায় নমঃ; দ্রীঁ রত্যৈ নমঃ' ইত্যাদি; যদ্বা, কেশবাদিন্যাসবৎ 'ক্লীং কামদেবায় রত্যৈ নমঃ' ইত্যাদি ॥ ৩৩৫-৩৩৬ ॥

অষ্টোত্তরশতং কামগায়ত্র্যা চাভিমন্ত্র্য তৎ।
দত্ত্বা পুষ্পাঞ্জলিং কামদেবং বন্দেত মন্ত্রবৎ ॥৩৩৭॥

অনুবাদ—একশত আটবার কামগায়ত্রী দ্বারা দমনককে অভিমন্ত্রিত করিয়া শ্রীকৃষ্ণচরণে পুষ্পাঞ্জলি প্রদান করিয়া মন্ত্রপাঠ সহ কামদেবকে বন্দনা করিবে ॥ ৩৩৭ ॥

তত্র প্রণামমন্ত্রঃ

নমোঽস্তু পুষ্পবাণায় জগদাহলাদকারিণে।
মন্মথায় জগন্নেত্রে রতিপ্রীতিপ্রদায়িনে॥ ইতি ॥৩৩৮॥

অনুবাদ—উহার প্রণামমন্ত্র যথা—পুষ্পবাণ ধারণকারী জগতের আনন্দ বিধানকারী, মন্মথ, জগৎ প্রবর্ত্তক, রতিপ্রীতিপ্রদ আপনাকে নমস্কার ॥ ৩৩৮ ॥

আমন্ত্রিতোঽসি দেবেশ পুরাণ পুরুষোত্তম।
অতস্ত্বাং পূজয়িষ্যামি সান্নিধ্যং কুরু কেশব ॥৩৩৯॥
নিবেদয়াম্যহং তুভ্যং প্রাতর্দমনকং শুভম্।
সর্ব্বথা সর্ব্বদা বিষ্ণো নমস্তেঽস্তু প্রসীদ মে ॥৩৪০॥
ইত্থমামন্ত্র্য দেবেশং দত্ত্বা পুষ্পাঞ্জলিং পুনঃ।
গীত-নৃত্যাদিনা রাত্রৌ কুর্য্যাজ্জাগরণং মুদা ॥ ৩৪১॥

অনুবাদ—হে দেবেশ, হে পুরাণ-পুরুষোত্তম! আপনি আমা কর্ত্তৃক আমন্ত্রিত হইয়াছেন। অতএব আপনাকে পূজা করিব, হে কেশব সম্মুখে অবস্থান করুন। হে বিষ্ণো! আমি প্রাতঃকালে আপনাকে পবিত্র দমনক নিবেদন করিব, সর্ব্বপ্রকারে সর্ব্বদা আপনাকে প্রণাম করি, আপনি আমার প্রতি প্রসন্ন হউন। এইরূপে পরমেশ্বরকে আমন্ত্রণ পূর্ব্বক পুষ্পাঞ্জলি দান করিয়া পুনরায় পরমানন্দে গীত-নৃত্যাদি সহ একাদশীতে রাত্রিজাগরণ করিবে ॥ ৩৩৯-৩৪১॥

টীকা—তদ্দমনকমভিমন্ত্র্য, জাগরণঞ্চ দোলারূঢ়স্য ভগবতোঽগ্রে যত্রদেব, কিংবা শক্তৌ সত্যাং দমনকাধিবাসস্থানে পুত্রাদিদ্বারেণ পৃথক্ কুর্য্যাৎ॥৩৩৭-৩৪১

অথ দমনকার্পণবিধিঃ

প্রাতঃস্নানাদি নির্ব্বর্ত্ত্য নিত্যপূজাং বিধায় চ।
দমনারোপণার্থঞ্চ মহাপূজাং সমাচরেৎ ॥ ৩৪২ ॥
ততো দমনকং ভক্ত্যা পাণিভ্যাং পরিগৃহ্য চ।
ঘণ্টাদিবাদ্যঘোষেণ শ্রীকৃষ্ণায় সমর্পয়েৎ ॥ ৩৪৩ ॥

অনুবাদ—অনন্তর দমনক অর্পণ বিধি—দ্বাদশীতে প্রাতঃস্নানাদি-কৃত্য শেষে নিত্য পূজা করিয়া দমনক আরোপণ নিমিত্ত মহাপূজার পর ভক্তিসহ দুই হস্তে দমনক গ্রহণ করিয়া ঘণ্টাদি বাদ্যসহ প্রথমত শ্রীকৃষ্ণের মস্তকে মঞ্জরী আরোপণ করিয়া পরে শোভানুসারে শ্রীচরণাদিতে অর্পণ করিবে ॥ ৩৪২-৩৪৩ ॥

টীকা—সমর্পয়েদিতি সমর্পণঞ্চাদৌ দেবস্য শিরসি দমনকমঞ্জরীমারোপয়েৎ, ততো যথাশোভং শ্রীচরণাদাবারোপয়েদিতি জ্ঞেয়ম্ ॥ ৩৪৩ ॥

অথ দমনকারোপণ-মন্ত্রঃ

দেবদেব জগন্নাথ বাঞ্ছিতার্থপ্রদায়ক।
কৃৎস্নান্ পূরয় মে কৃষ্ণ কামান্
কামেশ্বরীপ্রিয় ॥ ৩৪৪ ॥

অনুবাদ—অনন্তর দমনক আরোপণমন্ত্র—হে দেব দেব! হে জগন্নাথ! হে বাঞ্ছিতার্থ প্রদ! হে কৃষ্ণ, হে রাধারতিপ্রিয়, আমার সম্পূর্ণ বাসনা-সমূহ পূরণ কর ॥ ৩৪৪ ॥

টীকা—কামেশ্বরী রতিঃ, তস্যাঃ প্রিয়েতি, কৃষ্ণস্য কামদেবত্বেনার্চ্চনাৎ। যদ্বা সর্ব্বকামপ্রদা ভগবতী লক্ষ্মীঃ; যদ্বা, শ্রীকৃষ্ণস্য সর্ব্বকামপূরণী শ্রীরাধা তৎ-প্রিয়েতি সম্বোধনং কামবিশেষপূরণার্থং প্রীত্যা দমনক-গ্রহণার্থং বেতি দিক্ ॥ ৩৪৪ ॥

———

ইদং দমনকং দেব গৃহাণ মদনুগ্রহাৎ।
ইমাং সাম্বৎসরীং পূজাং ভগবন্নিহ পূরয় ॥
ইতি ॥ ৩৪৫ ॥

অনুবাদ—হে দেব! আমার প্রতি অনুগ্রহ পূর্ব্বক এই দমনক গ্রহণ করুন এবং হে ভগবন্! এই সাম্বৎসরিক পূজা এখানেই পূরণ করুন ॥ ৩৪৫ ॥

———

ততো দামনকীং মালাং গন্ধাদীনি সমর্প্য চ।
গীতাদিনোৎসবং কৃত্বা শ্রীকৃষ্ণং প্রার্থয়েদিদম্ ॥৩৪৬

অনুবাদ—অনন্তর দমনক পত্রপুষ্পময়ী মালা ও গন্ধাদি সমর্পণ করিয়া গীত-বাদ্যাদি সহ উৎসব করিয়া শ্রীকৃষ্ণের নিকট এইরূপ প্রার্থনা করিবে ॥৩৪৬

টীকা—দামনকীং দমনকমঞ্জরীবিরচিতাং মালাং ভগবতে সমর্প্য অনন্তরং গন্ধাদ্যুপচারান্ পঞ্চ সমর্প্য গীতনৃত্যাদিনা মহোৎসবং দমনকারোপণযাত্রা-সম্বন্ধিনং কৃত্বা মণিবিদ্রুমেত্যাদি প্রার্থয়েৎ ॥ ৩৪৬ ॥

———

মণি-বিদ্রুমমালাভির্মন্দারকুসুমাদিভিঃ।
ইয়ং সাংবৎসরী পূজা তবাস্তু গরুড়ধ্বজ ॥ ৩৪৭ ॥

অনুবাদ—মণি, বিদ্রুমমালা ও মন্দার পুষ্পাদি-মালা সহ হে গরুড়ধ্বজ, এই সাম্বৎসরিক পূজা তোমার হউক ॥ ৩৪৭ ॥

টীকা—ইয়ং মৎকৃতদমনকার্পণরূপা পূজৈব মণিবিদ্রুমমালাদিভিঃ পূজা তবাস্তু, তাভির্যথা প্রীয়সে, অনয়াপি, তথা প্রীতো ভবেতি ভাবঃ ॥ ৩৪৭ ॥

———

বনমালাং যথা দেব কৌস্তুভং সততং হৃদি।
তদ্বদ্দামনকীং মালাং পূজাঞ্চ হৃদয়ে বহ ॥
ইত্যাদি ॥ ৩৪৮ ॥

অনুবাদ—হে দেব! যেমন বনমালাকে ও কৌস্তুভ মণিকে সতত হৃদয়ে বহন কর, সেইরূপ দামনকী মালা ও পূজা হৃদয়ে বহন কর, অর্থাৎ প্রীতিসহ স্বীকার কর ॥ ৩৪৮ ॥

———

ভগবন্তং প্রণম্যাথ গুরুং সম্পূজ্য ভক্তিতঃ।
সম্পূজ্য ব্রাহ্মণান্ শক্ত্যা ভুঞ্জীত সহ বন্ধুভিঃ ॥৩৪৯॥

অনুবাদ—অনন্তর শ্রীভগবানকে প্রণাম করিয়া ভক্তিসহকারে শ্রীগুরুদেবকে পূজা করিয়া ও ব্রাহ্মণ-গণকে যথাশক্তি পূজা করিয়া বন্ধুগণের সহিত ভোজন করিবে ॥ ৩৪৯ ॥

———

পারণাহে ন লভ্যেত দ্বাদশীঘটিকাপি চেৎ।
তদা ত্রয়োদশী গ্রাহ্যা পবিত্রা-দমনার্পণে ॥ ৩৫০ ॥

অনুবাদ—যদি পারণদিনে একদণ্ডও দ্বাদশী না থাকে, তখন পবিত্রারোপণ ও দমনকারোপণ ত্রয়োদশী দিনে কর্ত্তব্য ॥ ৩৫০ ॥

টীকা—পূজাঞ্চ হৃদয়ে বহ—প্রীত্যা স্বীকুরু ॥৩৩৮

টীকা—এবং বিধিং বিলিখ্য তত্র কালং নিশ্চি-নোতি—পারণাহ ইতি দ্বাভ্যাম্ ॥ ৩৫০ ॥

———

ন কৃষ্ণে দমনারোপঃ স্যান্মধৌ বিঘ্নতো যদি।
বৈশাখ্যাং শ্রাবণে মাসি কর্ত্তব্যং বা তদর্পণম্ ॥৩৫১

অনুবাদ—যদি কোন বিঘ্নবশতঃ চৈত্রমাসে শ্রীকৃষ্ণে দমনকারোপণ না হয়, তখন বৈশাখমাসে পূর্ণিমা বা দ্বাদশীতে বা শ্রাবণমাসের দ্বাদশীতে দমনকারোপণ উৎসব করিবে ॥ ৩৫১ ॥

টীকা—বিঘ্নতো যদি মধৌ চৈত্রে ন স্যাৎ, তদা বৈশাখ্যাং পূর্ণিমায়াং দ্বাদশ্যাং বা শ্রাবণে বা তস্য দমনকস্যার্পণং কর্ত্তব্যম্। শ্রাবণেঽপি তথৈব বোদ্ধব্যং, সর্ব্বত্র ভগবন্মহোৎসবে দ্বাদশ্যেব প্রশস্তা, ভগবৎতিথিত্বাৎ ॥ ৩৫১ ॥

———

অতএবোক্তং ব্রহ্মণা দেবীপুরাণে—
চৈত্রাদৌ কারয়েৎ পূজাং সম্যগ্বৎস যথাবিধি।
গন্ধধূপার্ঘ্যনৈবেদ্যৈর্মাল্যৈর্দমনকোদ্ভবৈঃ ॥ ৩৫২ ॥

অনুবাদ—অতএব ব্রহ্মা-দেবীপুরাণে বলিয়াছেন—হে বৎস যথাবিধি চৈত্রাদিমাসে গন্ধ, ধূপ, অর্ঘ্য, নৈবেদ্য ও দমনকমাল্য দ্বারা সুষ্ঠুভাবে শ্রীকৃষ্ণের পূজা করাইবে ॥ ৩৫২ ॥

সহোমং পূজয়েদ্দেবং সর্ব্বকামানবাপ্নুয়াৎ ।
সর্ব্বতীর্থাভিষেকস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥৩৫৩॥

অনুবাদ—হোমসহ শ্রীভগবানের পূজা করাইলে সর্ব্বপ্রকার বাঞ্ছা পূর্ত্তি হয় এবং মানব সর্ব্বতীর্থ স্নানের ফল প্রাপ্ত হয় ॥ ৩৫৩ ॥

অথ বৈশাখকৃত্যম্

পাদ্মে পাতালখণ্ডে নারদাম্বরীষসংবাদে—
মাধবে মাসি সম্প্রাপ্তে মেষস্থে কর্ম্মসাক্ষিণি ।
কেশবপ্রীতয়ে কুর্য্যাৎ কেশবব্রতসঞ্চয়ম্ ॥ ৩৫৪ ॥

অনুবাদ—অনন্তর বৈশাখমাসকৃত্য পদ্মপুরাণে পাতালখণ্ডে নারদ-অম্বরীষ-সংবাদে—বৈশাখমাসে সূর্য্যদেব মেষরাশিতে অবস্থান করিলে শ্রীকেশব-দেবের প্রীতির জন্য সম্পূর্ণ কেশবব্রত পালন করিবে ॥ ৩৫৪ ॥

টীকা—আদি-শব্দেন বৈশাখাদিঃ, দমনকারোপণ-মাহাত্ম্যঞ্চাহ—সর্ব্বকামানিতি পাদত্রয়েণ ॥৩৫২-৩৫৩

টীকা—কর্ম্মসাক্ষিণি—সূর্য্যে ॥ ৩৫৪ ॥

দদ্যাদনেকদানানি তিলাজ্যপ্রভৃতীন্যপি ।
জন্মকোটিসমুদ্ভূত-পাতকান্তকরাণি চ ॥ ৩৫৫ ॥

অনুবাদ—কোটি জন্মার্জ্জিত পাপ ক্ষয়ার্থে তিল, ঘৃত প্রভৃতি বহুবিধ দ্রব্য দান করিবে, ॥ ৩৫৫ ॥

জলান্নশর্করাধেনু-তিলধেনুমুখানি চ ।
বিত্তমানেন দেয়ানি দানানীপ্সিতসিদ্ধয়ে ।
বৈশাখে বিধিনা স্নানদ্বয়ং নদ্যাদিকে বহিঃ ॥৩৫৬॥

অনুবাদ—জল, অন্ন, শর্করা সবৎসা দুগ্ধবতী গাভী, তিল ধেনু প্রভৃতি সামর্থ্য অনুসারে বাঞ্ছিত পূর্ত্তির জন্য দান করিবে এবং গৃহের বাহিরে পবিত্র গঙ্গাদি নদীতে যথাবিধি দুইবার স্নান করিবে ॥ ৩৫৬

হবিষ্যং ব্রহ্মচর্য্যঞ্চ ভূশয্যা নিয়মস্থিতিঃ ।
ব্রতং দানং দমো দেব-মধুসূদন-পূজনম্ ।
মাধবে মাসি কুর্ব্বীত মধুসূদনতুষ্টিদম্ ॥ ৩৫৭ ॥

অনুবাদ—হবিষ্যান্ন ভোজন, ব্রহ্মচর্য্য, ভূমিশয্যা, সঙ্কল্পানুসারে একত্র বাস, ব্রত, একবার ভোজন, দান, ইন্দ্রিয় দমন, মধুসূদনের পূজা, মাসের অধিদেব মধুসূদনের প্রীতিপ্রদ বৈশাখমাসে এই সকল নিয়ম পালন করিবে ॥ ৩৫৭ ॥

তিলোদকসুবর্ণান্ন-শর্করাম্বররোহিণীঃ ।
পাদত্রাণাতপত্রাম্বু-কুম্ভান্ দদ্যাদ্দ্বিজাতিষু ॥ ৩৫৮ ॥

অনুবাদ—ব্রাহ্মণগণকে তিল, জল, স্বর্ণ, অন্ন, শর্করা, বস্ত্র, গাভী, পাদুকা, ছত্র, জলকুম্ভ দান করিবে ॥ ৩৫৮ ॥

টীকা—নিয়মে স্থিতিঃ, সঙ্কল্পপরিপালনমেকত্র বাসাদি বা ; ব্রতম্—একভক্তাদি, দমঃ—ইন্দ্রিয়-নিগ্রহঃ, রোহিণীঃ—গাঃ ॥ ৩৫৭-৩৫৮ ॥

ত্রিসন্ধ্যং পূজয়েদীশং ভক্তিতো মধুসূদনম্ ।
সাক্ষাদ্বিমলয়া লক্ষ্ম্যা সমুপেতং সমাহিতঃ ॥ ৩৫৯ ॥

অনুবাদ—ভক্তিসহ ত্রিসন্ধ্যা মধুসূদনদেবকে পূজা করিবে সংযত চিত্তে স্বয়ং বিমলা লক্ষ্মীদেবী সহ ॥ ৩৫৯ ॥

তত্রৈব বরাহ-ধরণীসংবাদে—
বিশেষাদিহ দাতব্যাস্তিলা মধুসমন্বিতাঃ ।
ধর্ম্মায় মহতে দীর্ঘা-দুরিতক্ষয়হেতবে ॥ ইতি ॥৩৬০॥

অনুবাদ—পদ্মপুরাণে বরাহদেব-ধরণী-সংবাদে—দীর্ঘকাল সঞ্চিত পাপক্ষয়ের জন্য এই বৈশাখে বিশেষতঃ মধুযুক্ত তিল মহান্ ধর্ম্মকে দান করিবে, ॥ ৩৬০ ॥

**যদ্যপ্যান্তেঽখিলং কৃত্যং মাহাত্ম্যলিখনে স্ফুটম্।
তথাপ্যেকত্র সংগৃহ্য ব্যলেখীদং সমাসতঃ ॥ ৩৬১ ॥**

অনুবাদ—যদিও মাহাত্ম্যগ্রন্থে বহুবিধ করণীয় লিখিত আছে তথাপি সংক্ষেপে একত্র সংগ্রহ পূর্ব্বক ইহা লিখিত হইল ॥ ৩৬১ ॥

অথ বৈশাখকৃত্যনিত্যতা

বরাহধরণীসংবাদে—

**যঃ পরিত্যজ্য বৈশাখং ব্রতমন্যদুপাচরেৎ।
স করস্থং মহারত্নং হিত্বা লোষ্ট্রং হি যাচতে ॥৩৬২॥**

অনুবাদ—অনন্তর বৈশাখকৃত্য নিত্যতা, বরাহ-দেব-ধরণী-সংবাদে—যে মানব বৈশাখ-নিয়ম-ব্রত ত্যাগ করিয়া অন্য ব্রত আচরণ করে, সেই ব্যক্তি হস্তস্থিত মহারত্ন ত্যাগ করিয়া মৃত্তিকা ঢেলা প্রার্থনা করে ॥ ৩৬২ ॥

টীকা—বৈশাখম্ বৈশাখ্যনিয়মব্রতমিত্যর্থঃ ॥৩৬২

কিঞ্চ—

**অবৈশাখী ভবেচ্ছাখী বিপ্রঃ শ্রৌতপরোঽপি চ ॥
ইতি ॥ ৩৬৩ ॥**

অনুবাদ—আরও—বেদজ্ঞ বিপ্রও বৈশাখ-ব্রতহীন হইলে বৃক্ষ হইয়া জন্ম গ্রহণ করে ॥ ৩৬৩ ॥

অথ সামান্যতো বৈশাখমাহাত্ম্যম্

তত্রৈব নারদাম্বরীষসংবাদে—

**ন মাধবসমো মাসো ন মাধবসমো বিভুঃ।
পোতোঽধিদুরিতাম্ভোধিমজ্জমানজনস্য যঃ ॥৩৬৪॥**

অনুবাদ—অনন্তর সামান্য ভাবে বৈশাখ মাহাত্ম্য পদ্মপুরাণে নারদ-অম্বরীষ-সংবাদে—যেমন নারায়ণের সম পরমেশ্বর নাই, সেইরূপ পাপসমুদ্রে নিমজ্জমান ব্যক্তির পক্ষে বৈশাখমাসব্রত-সম উদ্ধারের জাহাজ নাই ॥ ৩৬৪ ॥

টীকা—মাধবেন শ্রীকৃষ্ণেন সমঃ বিভুরীশ্বরো যথা নাস্তীতি দৃষ্টান্তোঽবগন্তব্য এবমগ্রেঽপি যো মাসঃ॥৩৬৪

**দত্তং জপ্তং হুতং স্নাতং যদ্ভক্ত্যা মাসি মাধবে।
তদক্ষয়ং ভবেদ্ভূপ পুণ্যং মাধববল্লভে ॥ ৩৬৫ ॥**

অনুবাদ—হে ভূপতি! মাধবপ্রিয় বৈশাখমাসে ভক্তিসহ দান, জপ, হোম, স্নান যাহা যাহা করিবে তাহাতে অক্ষয়পুণ্য হইবে ॥ ৩৬৫ ॥

টীকা—মাধবস্য বল্লভ ইতি সর্ব্বত্রৈব হেতুর্দ্রষ্টব্যঃ ॥ ৩৬৫ ॥

কিঞ্চ—

**বৈশাখান্তানি পাপানি সূর্য্যান্তানি তমাংসি চ।
পরাপকারপৈশুন্য-প্রান্তানি সুকৃতানি চ ॥ ৩৬৬ ॥**

অনুবাদ—আরও—পাপসমূহ বৈশাখমাস-ব্রত না আসা পর্য্যন্ত অবস্থান করে, অন্ধকার সূর্য্যোদয় না হওয়া পর্য্যন্ত থাকে, পুণ্যসমূহ সেই পর্য্যন্ত বিদ্যমান থাকে যে পর্য্যন্ত পরের অপকার রূপ খলতা না আসে ॥ ৩৬৬ ॥

**কার্ত্তিকে মাসি যৎ কিঞ্চিত্তুলাসংস্থে দিবাকরে।
স্নানদানাদিকং রাজংস্তৎ পরার্দ্ধগুণং ভবেৎ ॥৩৬৭॥
তস্মাৎ সহস্রগুণিতং মাঘে মকরগে রবৌ।
ততোঽপি শতসংখ্যাকং বৈশাখেমেষগে ভগে ॥৩৬৮॥**

অনুবাদ—হে রাজন্! কার্ত্তিকমাসে সূর্য্য তুলা রাশিতে অবস্থান কালে যাহা কিছু করা হয়—স্নান দানাদি তাহা পরার্দ্ধ গুণ হয়। তাহা হইতে সহস্র-গুণ ফল হয় মাঘমাসে মকর রাশিতে সূর্য্য থাকিলে, তাহা হইতে শতগুণ ফল হয় বৈশাখমাসে মেষ রাশিতে সূর্য্য থাকিলে ॥ ৩৬৭-৩৬৮ ॥

**তে ধন্যাস্তে সুকৃতিনো নরা বৈশাখমাসি যে।
প্রাতঃ স্নাত্বা বিধানেন পূজয়ন্তি মধুদ্বিষম্ ॥ ৩৬৯ ॥**

অনুবাদ—তাহারাই ধন্য ও তাহারাই সুকৃতি মানব, যাহারা বৈশাখমাসে প্রাতঃস্নান করিয়া যথা-বিধি শ্রীমধুসূদনকে পূজা করে ॥ ৩৬৯ ॥

কিঞ্চ —

পুনঃ কলিযুগে রাজন্ নৈতদ্‌গোপ্যং ভবিষ্যতি।
অশ্বমেধাদিকং যস্মাম্মাহাত্ম্যং মাধবস্য চ ॥ ৩৭০ ॥

অনুবাদ—আরও—হে রাজন্! কলিযুগে ইহা গোপ্য হইবে না যে, বৈশাখ-মাহাত্ম্য অশ্বমেধ যজ্ঞ হইতে অধিক ॥ ৩৭০ ॥

তস্মিংস্তিষ্যে নরৈঃ পাপৈর্গন্তব্যং নরকার্ণবে।
অতস্তু বিরলস্তস্য প্রচারোঽজেন নির্ম্মিতঃ ॥ ৩৭১ ॥

অনুবাদ—সেই কলিযুগে নরগণ পাপসমূহ দ্বারা নরকসমুদ্রে গমন করিবে বলিয়াই দেবদেব শ্রীহরি বিরল প্রচার বৈশাখমাস সৃষ্টি করিয়াছেন ॥ ৩৭১ ॥

টীকা—ভগে সূর্য্যে, তিষ্যে কলিযুগে ॥৩৬৮-৩৭১॥

কিঞ্চ তত্রৈব—

দুর্ল্লভং ভারতে বর্ষে জন্ম তত্র মনুষ্যতা।
মানুষ্যে দুর্ল্লভং লোকে স্বস্বধর্ম্মপ্রবর্ত্তনম্ ॥ ৩৭২ ॥

অনুবাদ—আরও পদ্মপুরাণে—ভারতবর্ষে জন্ম দুর্ল্লভ, তাহাতে মনুষ্যজন্ম দুর্ল্লভ, মনুষ্যলোকে নিজ নিজ ধর্ম্ম প্রবর্ত্তন দুর্ল্লভ ॥ ৩৭২ ॥

ততোঽপি ভক্তির্ভূপাল বাসুদেবেঽতিদুর্ল্লভা।
তত্রাপি দুর্ল্লভো মাসো মাধবো মাধবপ্রিয়ঃ ॥ ৩৭৩॥

অনুবাদ—হে ভূপতি! তাহা হইতেও দুর্ল্লভ ভক্তি, তাহা হইতে অতি দুর্ল্লভ শ্রীকৃষ্ণে ভক্তি, তাহা হইতেও দুর্ল্লভ মাধব প্রিয় বৈশাখমাস ॥ ৩৭৩ ॥

তমবাপ্য ততো মাসং স্নানদানজপাদিকম্।
কুর্ব্বন্তি বিধিনা যে তু ধন্যাস্তে কৃতিনো নরাঃ ॥৩৭৪

অনুবাদ—ঐ বৈশাখমাস প্রাপ্ত হইয়া স্নান, দান, জপাদি বিধিবৎ যাহারা করেন তাহারা ধন্য, তাহারা সুকৃতি মনুষ্য ॥ ৩৭৪ ॥

তেষাং দর্শনমাত্রেণ পাপিনোঽপি বিকল্মষাঃ।
ভবন্তি ভগবদ্ভাবভাবিতা ধর্ম্মকাঙ্ক্ষিণঃ ॥ ৩৭৫ ॥

অনুবাদ—তাহাদের দর্শনমাত্র পাপীগণও নিষ্পাপ হয়, আর ধর্ম্মজিজ্ঞাসুগণ শ্রীভগবানে ভক্তি-ভাবিত হন ॥ ৩৭৫ ॥

টীকা—ভগবদ্ধর্ম্মকাঙ্ক্ষিণঃ সন্তঃ ভগবদ্ভাবভাবিতা ভবন্তি ॥ ৩৭৫ ॥

অথ তত্র কর্ম্মবিশেষমাহাত্ম্যম্

তত্রৈব—

প্রাতঃ স্নানঞ্চ বৈশাখে যজ্ঞদানমুপোষণম্।
হবিষ্যং ব্রহ্মচর্য্যঞ্চ মহাপাতকনাশনম্ ॥ ৩৭৬ ॥

অনুবাদ—অনন্তর বৈশাখে কর্ম্মবিশেষের মাহাত্ম্য, পদ্মপুরাণে—বৈশাখে প্রাতঃস্নান, যজ্ঞ, দান, উপবাস, হবিষ্য ও ব্রহ্মচর্য্য মহাপাতক নাশন ॥ ৩৭৬ ॥

কিঞ্চ—

বৈশাখং সকলং মাসং নিত্যস্নায়ী জিতেন্দ্রিয়ঃ।
জপন্ হবিষ্যভুক্ শান্তঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৩৭৭

অনুবাদ—আরও—সম্পূর্ণ বৈশাখমাস নিত্য স্নানকারী, জিতেন্দ্রিয়, জপরত, হবিষ্যভোজী ও শান্ত ইহারা সর্ব্বপাপ মুক্ত হয় ॥ ৩৭৭ ॥

একভক্তমথো নক্তমযাচিতমতন্দ্রিতঃ।
মাধবে মাসি যঃ কুর্য্যাল্লভতে সর্ব্বমীপ্সিতম্ ॥৩৭৮

অনুবাদ—একভক্ত, নক্তভোজী, অযাচিত ভোজী, নিদ্রাজয়ী বৈশাখমাসে ইহারা সর্ব্ববাঞ্ছিত প্রাপ্ত হয় ॥ ৩৭৮ ॥

বরাহ-ধরণী সংবাদে—

বৈশাখে মাসি যো বিপ্রান্ ভোজয়েদ্ভক্তিতৎপরঃ।
সিক্থে সিক্থে ভবেত্তৃপ্তিঃ
পিতৄণাং যুগসংখ্যয়া ॥ ৩৭৯ ॥

অনুবাদ—বরাহদেব-ধরণী-সংবাদে—বৈশাখ-মাসে ভক্তিতৎপর হইয়া যিনি ব্রাহ্মণগণকে ভোজন

দান করেন, গ্রাসে গ্রাসে যুগ পরিমাণে তাঁহার পিতৃগণের তৃপ্তি হয় ॥ ৩৭৯ ॥

যচ্ছন্তি তত্র মধুরাধিকভোজনানি
যে বা যবাশনতিলোদকভোজনানি ।
ছত্রাম্বরাণি চরণোচিতরক্ষণানি
ধন্যাস্ত এব পরিতো হরিতোষণানি ॥ ৩৮০ ॥

অনুবাদ—বৈশাখমাসে যাঁহারা মধুর দ্রব্য ভোজন দান করেন, যবান্ন, তিল, জলপান, ভোজন দান, ছত্র, বস্ত্র, পাদুকা প্রভৃতি দান করেন তাঁহারাই ধন্য, হরিতোষণ দ্রব্যদানে অতি ধন্য ॥ ৩৮০ ॥

টীকা—মধুরাধিকভোজনানি মধুরদ্রব্যপ্রধানভোগ্যানি। যবাশনং যবান্নং, তস্য পুনরুক্তির্বিশেষায় ॥ ৩৮০ ॥

এবং কৃতেন যৎ পুণ্যং প্রাপ্যতে নিয়মৈশ্চ তৈঃ ।
তৎ কেন গণনাং যাতি বর্ষকোটিশতৈরপি ? ৩৮১ ॥

অনুবাদ—ঐ সকল নিয়ম সহ বৈশাখ-ব্রত পালনে যে পুণ্য প্রাপ্ত হয়, কোটি শত বৎসরেও তাহার পুণ্যের গণনা কে করিতে পারে ॥ ৩৮১ ॥

পুত্রপৌত্রাদিসম্পত্তিং দীর্ঘায়ুংষি যথেপ্সিতম্ ।
ইহাপ্নোতি পরত্রাপি মামেব প্রতিপদ্যতে ॥ ৩৮২ ॥

অনুবাদ—পুত্র পৌত্রাদি সম্পত্তি দীর্ঘায়ু বাঞ্ছিত ফল ইহলোকে প্রাপ্ত হয়, পরলোকেও শ্রীভগবানকেই প্রাপ্ত হয় ॥ ৩৮২ ॥

অথ তত্র প্রাতঃস্নানমাহাত্ম্যম্

তত্রৈব নারদাম্বরীষ-সংবাদে—

অম্বরীষ মহাপুণ্য-প্রাপ্তয়ে কুরু বীক্ষণম্ ।
মাধবে মাসি যৈঃ স্নাতং প্রাতর্নিয়মসংযুতৈঃ ॥ ৩৮৩

অনুবাদ—অনন্তর বৈশাখে প্রাতঃস্নান মাহাত্ম্য, পদ্মপুরাণে নারদ-অম্বরীষ-সংবাদে—হে অম্বরীষ মহারাজ! মহাপুণ্য প্রাপ্তির জন্য তাঁহাদিগকে দর্শন করুন, যাঁহারা বৈশাখমাসে নিয়ম পালন সহ প্রাতঃস্নান করেন ॥ ৩৮৩ ॥

যদানন্দপুরে প্রোক্তং বসতাং বর্ষকোটিভিঃ ।
তৎ প্রাতর্মাধবে মাসি স্নানেনৈকেন লভ্যতে ॥ ৩৮৪॥

অনুবাদ—আনন্দপুরতীর্থে কোটিবর্ষ বাসকারীর যে পুণ্য কথিত আছে, বৈশাখমাসে একবার প্রাতঃস্নানে সেই পুণ্য লাভ হয় ॥ ৩৮৪ ॥

টীকা—আনন্দপুরে তীর্থবিশেষে, তৎফলম্ ॥৩৮৪

কিঞ্চ—

যথৈব মাধবো ধ্যাতো বিনাশয়তি কিল্বিষম্ ।
তথৈব মাধবে স্নানং নিয়মেন বিনির্ম্মিতম্ ॥ ৩৮৫ ॥

অনুবাদ—আরও—কমলাপতির ধ্যান করিলে যেরূপ পাপ ক্ষয় হয়, সেই রূপই পাপক্ষয়ার্থ বৈশাখে নিয়মপূর্ব্বক স্নান বিহিত হইয়াছে ॥ ৩৮৫ ॥

অথ তত্র শ্রীভগবৎ-পূজামাহাত্ম্যম্

তত্রৈব বিধিকথনে—

বিশেষাদপি বৈশাখে যোহর্চ্চয়েন্মধুসূদনম্ ।
সর্ব্বসম্বৎসরং যাবদর্চ্চিতস্তেন মাধবঃ ॥ ৩৮৬ ॥

অনুবাদ—অনন্তর বৈশাখেমাসে শ্রীভগবৎপূজা মাহাত্ম্য, পদ্মপুরাণে বিধিকথনে—বৈশাখ বিশেষবিধানে যিনি মধুসূদনকে অর্চ্চন করেন, তিনি পূর্ণ সম্বৎসর মাধব অর্চ্চনের ফল পান ॥ ৩৮৬ ॥

টীকা—বিশেষাৎ অন্যমাসত আধিক্যেন য এককালমভ্যর্চ্চয়েৎ, অপিশব্দস্তুর্থে ॥ ৩৮৬ ॥

কিঞ্চ—

যশ্চাপি নিঃস্বঃ পুরুষো মাধবে মাসি মাধবম্ ।
পুষ্পার্চ্চনবিধানেন পূজয়েন্মধুসূদনম্ ॥ ৩৮৭ ॥
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ পিতৄণাং তারয়েচ্ছতম্ ।
স জন্মশতসাহস্রং ন শোকফলভাগ্ভবেৎ ॥ ৩৮৮ ॥

অনুবাদ—আরও—যিনি নির্দ্ধন পুরুষ বৈশাখ-

মাসে মাধবকে সর্ব্ব উপচার অভাবে কেবল পুষ্প-দ্বারা অর্চ্চন করেন, তিনি সর্ব্বপাপ বিনির্ম্মুক্ত হইয়া শত পিতৃপুরুষকে উদ্ধার করেন। তিনি শত সহস্র জন্ম শোক ফলভাগী হন না ॥ ৩৮৭-৩৮৮ ॥

টীকা—পুষ্পৈর্যদর্চ্চনবিধানং পূজাকরণং, তেনাপি কেবলেন ॥ ৩৮৭ ॥

ন চ ব্যাধিভয়ং তস্য ন দারিদ্র্যং ন বন্ধনম্।
স বিষ্ণুভক্তো জায়তে ধন্যো জন্মনি জন্মনি ॥ ৩৮৯॥

অনুবাদ—তাঁহার ব্যাধিভয় নাই, দারিদ্র নাই, তিনি ধন্য, জন্মে জন্মে বিষ্ণু ভক্ত হন ॥ ৩৮৯ ॥

যাবদ্যুগসহস্রাণি শতমষ্টোত্তরং ভবেৎ।
তাবৎ স্বর্গে বসেদ্বীর ভূপতিশ্চ পুনর্ভবেৎ ॥ ৩৯০ ॥
ভূপত্বে বিবিধান্ ভোগান্ বিহৃত্য চ যথাসুখম্।
মাধবস্য প্রসাদেন মাধবে লীয়তে ততঃ ॥ ৩৯১ ॥

অনুবাদ—হে বীর! অষ্টোত্তরশত সহস্র যুগ পর্য্যন্ত তিনি স্বর্গে বাস করেন, পুনরায় রাজা হন, রাজা হইয়া বিবিধ ভোগবিলাস করিয়া শ্রীমাধবের প্রসাদে পরে মাধবের শ্রীচরণ সান্নিধ্য প্রাপ্ত হয় ॥ ৩৯০-৩৯১ ॥

টীকা—লীয়তে সংযোগং প্রাপ্নোতি ॥ ৩৯১ ॥

কিঞ্চ বরাহধরণীসংবাদে—
বিধিনাঽবিধিনা বাপি যে যজন্তি নরা ধরে।
মাধবে মাসি মাং ভক্ত্যা তৈশ্চ
যাজ্যোঽস্ম্যহং সদা ॥ ৩৯২ ॥

অনুবাদ—আরও বরাহদেব ধরণী-সংবাদে—হে ধরণীদেবি! যে সকল মানব বিধিপূর্ব্বক বা বিধিহীনভাবে বৈশাখমাসে আমাকে ভক্তিসহ যজনা করে, তাহাদিগ-কর্ত্তৃক আমি সর্ব্বদা আরাধ্য হই ॥ ৩৯২ ॥

টীকা—সদা যাজ্যঃ কৃতপূজোঽস্মীত্যর্থঃ; যদ্বা সদৈব মৎপূজাং তে করিষ্যন্তি, মদ্ভক্ততাং প্রাপ্তা ইত্যর্থঃ ॥ ৩৯২ ॥

যে যজন্তি ধরে নিত্যমধ্বরৈর্বিবিধৈরপি।
মাধবে যজতে যো মাং তেভ্যস্ত্বধিকং ফলম্ ॥
ইতি ॥ ৩৯৩ ॥

অনুবাদ—হে ধরণীদেবি! যাহারা নিত্য বিবিধ যজ্ঞদ্বারা যজন করে, তাহাদিগ হইতেও বৈশাখমাসে যে ব্যক্তি আমাকে অর্চ্চন করে তাহার ফল অধিক ॥ ৩৯৩ ॥

বৈশাখস্য পরঞ্চান্তে তত্রোপাখ্যানপঙ্ক্তিষু।
সামান্যেন চ মাহাত্ম্যং বিশেষেণ চ সর্ব্বশঃ ॥ ৩৯৪॥

অনুবাদ—পদ্মপুরাণাদিতে নানা উপাখ্যানে আরও বৈশাখ-মাহাত্ম্য সামান্য ও বিশেষ ভাবে বর্ণিত আছে ॥ ৩৯৪ ॥

টীকা—তস্যাধিকং ফলং স্যাৎ। অলিখিতমপি যুক্ত্যা সংগৃহ্ণাতি—বৈশাখস্যেতি। পরঞ্চ মাহাত্ম্য-মাস্তে, তত্র পদ্মপুরাণাদৌ, উপাখ্যানপঙ্ক্তিষু ইতিহাস-পরম্পরাসু ॥ ৩৯৩-৩৯৪ ॥

অথ তত্র স্নানবিধিঃ

তত্রৈব নারদাম্বরীষ-সংবাদে—
মেষসংক্রমণে ভানোর্মাধবে মাসি যত্নতঃ।
মহানদ্যাং নদীতীর্থে নদে সরসি নির্ঝরে।
দেবখাতে তথা স্নায়াদ্যথাপ্রাপ্তে জলাশয়ে ॥ ৩৯৫॥
দীর্ঘিকা-কূপবাপীষু নিয়তাত্মা হরিং স্মরন্ ॥৩৯৬॥

অনুবাদ—অনন্তর বৈশাখে স্নান বিধি পদ্মপুরাণে নারদ-অম্বরীষ-সংবাদে—সূর্য্যের মেষরাশিতে সংক্রমণে বৈশাখমাসে যত্নপূর্ব্বক মহানদীতে গঙ্গাদি নদীতীর্থে, নদে, পুষ্করিণীতে, ঝরণাতে, দেব পুষ্করিণীতে, সেইরূপ যেমন জলাশয় পাওয়া যায়—দীঘি, কূপ, ছোট পুষ্করিণীতে সংযত চিত্তে শ্রীহরিস্মরণ পূর্ব্বক স্নান করিবে ॥ ৩৯৫-৩৯৬ ॥

মধুমাসস্য শুক্লায়ামেকাদশ্যামুপোষিতঃ।
পঞ্চদশ্যাঞ্চ বা বীর মেষসংক্রমণেঽপি বা ॥ ৩৯৭॥

বৈশাখস্নাননিয়মং ব্রাহ্মণানামনুজ্ঞয়া ।
মধুসূদনমভ্যর্চ্চ্য কুর্য্যাৎ সবনপূর্ব্বকম্ ॥ ৩৯৮ ॥
বৈশাখং সকলং মাসং মেষসংক্রমণে রবেঃ ।
প্রাতঃ সনিয়মং স্নাস্যে প্রীয়তাং মধুসূদনঃ ॥ ৩৯৯ ॥

অনুবাদ—চৈত্রমাসের শুক্লা একাদশীতে উপবাস করিয়া, অথবা হে বীর ! পূর্ণিমাতে বা মেষ সংক্রান্তিতে ব্রাহ্মণের আদেশ লইয়া বৈশাখে স্নান নিয়ম গ্রহণ করিবে। হোমসহ মধুসূদনের অর্চ্চন করিয়া রবির মেষরাশিতে সংক্রমণ হইতে সম্পূর্ণ বৈশাখমাস প্রাতঃকালে নিয়মসহ স্নান করিব, মধুসূদন প্রীত হউন ॥ ৩৯৭-৩৯৯ ॥

টীকা—সবনম্—স্নানম্ ॥ ৩৯৮ ॥

মধুহন্তুঃ প্রসাদেন ব্রাহ্মণানামনুজ্ঞয়া ।
নির্বিঘ্নমস্তু মে পুণ্যং বৈশাখস্নানমম্বহম্ ॥ ৪০০ ॥

অনুবাদ—মধুসূদনের প্রসাদে ব্রাহ্মণগণের আদেশে পবিত্র বৈশাখ স্নান আমার প্রতিদিন নির্ব্বিঘ্ন হউক ॥ ৪০০ ॥

মাধবে মেষগে ভানৌ মুরারে মধুসূদন ।
প্রাতঃস্নানেন মে নাথ যথোক্তফলদো ভব ॥ ৪০১ ॥

অনুবাদ—বৈশাখ মাসে মেষরাশিতে সূর্য্য অবস্থান কালে হে মুরারি ! হে মধুসূদন ! হে নাথ ! প্রাতঃস্নান দ্বারা আমায় যথোক্ত ফলদ হওন্ ॥ ৪০১ ॥

যথা তে মাধবো মাসো বল্লভো মধুসূদন ।
প্রাতঃস্নানেন মে তস্মিন্ ফলদো ভব পাপহা ॥৪০২॥

অনুবাদ—হে মধুসূদন বৈশাখমাস তোমার যেমন প্রিয়, তাহাতে প্রাতঃস্নান দ্বারা আমায় পাপহারী ফলপ্রদ হওন্ ॥ ৪০২ ॥

এবমুচ্চার্য্য তত্তীর্থে পাদৌ প্রক্ষাল্য বাগ্‌যতঃ ।
স্মরন্নারায়ণং দেবং স্নানং কুর্য্যাদ্বিধানতঃ ॥
ইতি ॥ ৪০৩ ॥

অনুবাদ—এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক সেই তীর্থে পাদপ্রক্ষালন করিয়া মৌনভাবে নারায়ণদেবকে স্মরণ করিতে করিতে যথাবিধি স্নান করিবে ॥ ৪০৩

বিধানঞ্চ পরং জ্ঞেয়ং প্রসিদ্ধং স্মৃতিশাস্ত্রতঃ ।
তৎ কিঞ্চিল্লিখিতং পূর্ব্বং প্রাতঃস্নানপ্রসঙ্গতঃ ॥৪০৪॥

অনুবাদ—অতঃপর স্মৃতিশাস্ত্র হইতে প্রসিদ্ধ বিধান জ্ঞাত হইবে। পূর্ব্বে প্রাতঃস্নান প্রসঙ্গে কিঞ্চিৎ লিখিত হইয়াছে ॥ ৪০৪ ॥

অথ বিশেষতস্তত্রাক্ষয়তৃতীয়াকৃত্যম্
আদৌ তন্মাহাত্ম্যম্

মাৎস্যে—
বৈশাখে মাসি শুক্লায়াং তৃতীয়ায়াং জনার্দ্দনঃ ।
যবানুৎপাদয়ামাস যুগঞ্চ কৃতবান্ কৃতম্ ॥ ৪০৫ ॥

অনুবাদ—অনন্তর বিশেষ বৈশাখমাসে অক্ষয়-তৃতীয়া-কৃত্য, প্রথমে তাহার মাহাত্ম্য মৎস্যপুরাণে—বৈশাখমাসে শুক্ল তৃতীয়াতে প্রজাহিতকারী ভগবান যব শস্য উৎপন্ন করিয়াছিলেন এবং সত্যযুগ আরম্ভ করিয়াছিলেন ॥ ৪০৫ ॥

ব্রহ্মলোকাৎ ত্রিপথগাং পৃথিব্যামবতারয়ৎ ।
তস্যাং কার্য্যো যবৈর্হোমো যবৈর্বিষ্ণুং
সমর্চ্চয়েৎ ॥ ৪০৬ ॥

অনুবাদ—ব্রহ্মলোক হইতে ত্রিপথগা গঙ্গাকে পৃথিবীতে অবতারণ করিয়াছিলেন, ঐদিনে যবদ্বারা হোম কর্ত্তব্য এবং যবদ্বারা বিষ্ণুর অর্চ্চন করিবে ॥ ৪০৬ ॥

যবান্ দদ্যাদ্দ্বিজাতিভ্যঃ প্রযতঃ প্রাশয়েদ্‌যবান্ ॥৪০৭

অনুবাদ—ব্রাহ্মণগণকে যব দান করিবে এবং যত্নসহকারে যবান্ন ভোজন করাইবে ॥ ৪০৭ ॥

পাদ্মে চ শ্রীবরাহধরণী-সংবাদে—

ত্রেতাযুগং তৃতীয়ায়াং শুক্লায়াং মাসি মাধবে।
প্রবৃত্তঞ্চ ত্রয়ীধর্ম্মাঃ প্রবৃত্তাস্তে প্রবর্ত্তিতাঃ ॥ ৪০৮ ॥

অনুবাদ—পদ্মপুরাণেও শ্রীবরাহদেব ও ধরণী সংবাদে—বৈশাখমাসে শুক্লা তৃতীয়াতে ত্রেতাযুগ, বেদ, ধর্ম্ম ও প্রবৃত্তিমার্গ প্রবর্ত্তিত হইয়াছিল ॥ ৪০৮॥

টীকা—ত্রয়ী বেদত্রয়ং, তয়া ত্রয্যা প্রবর্ত্তিতা ধর্ম্মাশ্চ প্রবৃত্তাঃ ॥ ৪০৮ ॥

অক্ষয়া সোচ্যতে লোকে তৃতীয়া হরিবল্লভা।
স্নানে দানেঽর্চ্চনে শ্রাদ্ধে জপে পূর্ব্বজতর্পণে ॥৪০৯॥
যেঽর্চ্চয়ন্তি যবৈর্বিষ্ণুং শ্রাদ্ধং কুর্ব্বন্তি যত্নতঃ।
তস্যাং দদাতি দানানি ধন্যাস্তে বৈষ্ণবা নরাঃ ॥৪১০

অনুবাদ—সেই তৃতীয়া তিথি শ্রীহরিপ্রিয়া হেতু লোকে অক্ষয়া তৃতীয়া বলা হয়। স্নানে, দানে, অর্চ্চনে, শ্রাদ্ধে, জপে, পিতৃতর্পণে অক্ষয়া, ঐ তিথিতে যাঁহারা যবদ্বারা শ্রীবিষ্ণুকে অর্চ্চন করেন, যত্নপূর্ব্বক শ্রাদ্ধ করেন, তাঁহারা বিষ্ণুভক্ত অতএব ধন্য ॥ ৪০৯-৪১০ ॥

অথ শুক্লা সপ্তমী

তত্রৈব নারদাম্বরীষসংবাদে—

বৈশাখশুক্লসপ্তম্যাং জাহ্নবী জহ্নুনা পুরা।
ক্রোধাৎ পীতা পুনস্ত্যক্তা কর্ণরন্ধ্রাত্তু দক্ষিণাৎ ॥৪১১॥

অনুবাদ—অনন্তর শুক্লা সপ্তমী, পদ্মপুরাণে নারদ ও অম্বরীষ-সংবাদে—পুরাকালে বৈশাখমাসে শুক্লা সপ্তমীতে জহ্নু মুনি ক্রোধবশতঃ জাহ্নবীকে পান করিয়া ফেলেন, পুনরায় দক্ষিণ কর্ণছিদ্র পথে ত্যাগ করেন ॥ ৪১১ ॥

তস্যাং সমর্চ্চয়েদ্দেবীং গঙ্গাং ভুবনমেখলাম্।
স্নাত্বা সম্যগ্বিধানেন স ধন্যঃ সুকৃতী নরঃ ॥৪১২॥

অনুবাদ—ঐ তিথিতে ভুবনমেখলা গঙ্গাদেবীকে অর্চ্চন করিবে এবং যিনি পূর্ণবিধানে স্নান করেন তিনি ধন্য ও সুকৃতী মানব ॥ ৪১২ ॥

তস্যাং সন্তর্পয়েদ্দেবান্ পিতৃন্ মর্ত্ত্যান্ যথাবিধি।
সাক্ষাৎ পশ্যন্তি তে গঙ্গাস্নাতকং গতকল্মষম্ ॥৪১৩

অনুবাদ—ঐ তিথিতে দেবগণকে, পিতৃগণকে ও মর্ত্ত্যবাসীগণকে যথাবিধি তৃপ্তিদান করিলে তাঁহারা গঙ্গাস্নানকারীকে সাক্ষাৎ পাপহীন দর্শন করেন ॥ ৪১৩ ॥

টীকা—কৃতস্নানং, স্বার্থে কন্ ॥ ৪১৩ ॥

অথ শ্রীনরসিংহচতুর্দ্দশী

বৈশাখস্য চতুর্দ্দশ্যাং শুক্লায়াং শ্রীনৃকেশরী।
জাতস্তদস্যাং তৎপূজোৎসবং কুর্ব্বীত সব্রতম্ ॥৪১৪

অনুবাদ—অনন্তর শ্রীনরসিংহচতুর্দ্দশী, বৈশাখ-মাসের শুক্লা চতুর্দ্দশীতে শ্রীনরসিংহদেব আবির্ভূত হন, অতএব ঐ তিথিতে ব্রতের সহিত তাঁহার পূজা ও উৎসব করিবে ॥ ৪১৪ ॥

টীকা—ব্রতমুপবাসাদিনিয়মস্তৎসহিতম্ ॥৪১৪॥

অথ নরসিংহচতুর্দ্দশীব্রতনিত্যতা

বৃহন্নারসিংহপুরাণে শ্রীভগবন্নৃসিংহপ্রহ্লাদ-সংবাদে ব্রতবিধিকথনে—

বর্ষে বর্ষে তু কর্ত্তব্যং মম সন্তুষ্টিকারণম্।
মহাগুহ্যমিদং শ্রেষ্ঠং মানবৈর্ভবভীরুভিঃ ॥ ৪১৫ ॥

অনুবাদ—অনন্তর নরসিংহচতুর্দ্দশী ব্রতের নিত্যতা বৃহন্নারদীয়পুরাণে শ্রীভগবন্ নৃসিংহ-প্রহ্লাদ-সংবাদে ব্রতবিধি কথনে—প্রতিবর্ষে আমার সন্তুষ্টির কারণ চতুর্দ্দশী ব্রত কর্ত্তব্য, সংসার ভয়ে ভীত মানবগণ কর্ত্তৃক পরমগোপনীয় ও শ্রেষ্ঠ ব্রত কর্ত্তব্য ॥ ৪১৫ ॥

টীকা—বর্ষে বর্ষে স্থিতি বীপ্সয়া নিত্যত্বং সাধ্যতে, তচ্চ হেমাদ্রিপ্রভৃতিভিরেকাদশীপ্রকরণাদৌ বিবৃত-মেবাস্তি ॥ ৪১৫ ॥

কিঞ্চ—

বিজ্ঞায় মদ্দিনং যস্তু লঙ্ঘয়েৎ স তু পাপভাক্।
এবং জ্ঞাত্বা প্রকর্ত্তব্যং মদ্দিনে ব্রতমুত্তমম্।
অন্যথা নরকং যাতি যাবচ্চন্দ্রদিবাকরৌ ॥ ৪১৬॥

অনুবাদ—আরও—আমার ব্রতদিন জানিয়া যে ব্যক্তি লঙ্ঘন করে সেই পাপভাগী, ইহা জানিয়া আমার দিনে উত্তম ব্রত কর্ত্তব্য, অন্যথা যাবৎ চন্দ্র-সূর্য্য তাবৎ নরক গমন করে ॥ ৪১৬ ॥

টীকা—অকরণপ্রত্যবায়েন চ নিত্যত্বমাহ—বিজ্ঞায়েতি। বিশেষেণ জ্ঞাত্বাপি জ্ঞাননিষ্ঠোঽপীত্যর্থঃ ॥ ৪১৬ ॥

অথ তদ্ব্রতাধিকারিনির্ণয়ঃ

তত্রৈব—

সর্ব্বেষামেব লোকানামধিকারোঽস্তি মদ্ব্রতে।
মদ্ভক্তৈস্তু বিশেষেণ প্রণেয়ং মৎপরায়ণৈঃ ॥ ৪১৭ ॥

অনুবাদ—অনন্তর ঐ ব্রতের অধিকারী নির্ণয়, ঐ পুরাণেই—আমার ব্রতে সকল লোকেরই অধিকার আছে। আমার ভক্তগণের ও আমাপরায়ণগণের বিশেষ ভাবে কর্ত্তব্য ॥ ৪১৭ ॥

টীকা—প্রণেয়ং কর্ত্তব্যম্, মৎপরায়ণৈর্মদেক-নিষ্ঠৈরিতি তদ্ব্রতস্য তদ্ভক্তিবিশেষরূপত্বাদিতি দিক্ ॥ ৪১৭ ॥

অথ তন্মাহাত্ম্যম্

তত্রৈব শ্রীপ্রহ্লাদ উবাচ—

নমস্তে ভগবন্ বিষ্ণো নৃসিংহবপুষে নমঃ।
ত্বদ্ভক্তোঽহং সুরেশৈকং ত্বাং প্রপৃচ্ছামি তত্ত্বতঃ ॥ ৪১৮ ॥

অনুবাদ—অনন্তর উহার মাহাত্ম্য ঐ পুরাণেই শ্রীপ্রহ্লাদ বলিতেছেন—হে ভগবন্! হে বিষ্ণো! তোমাকে প্রণাম, হে শ্রীনৃসিংহমূর্ত্তি! আপনাকে প্রণাম, আমি তোমার ভক্ত, দেবদেব তোমাকে তত্ত্বত জিজ্ঞাসা করিতেছি ॥ ৪১৮ ॥

স্বামিংস্ত্বয়ি মমোৎপন্না ভক্তির্বহুবিধা কথম্?
কথন্তে সুপ্রিয়ো জাতঃ কারণং বদ মে প্রভো ॥৪১৯॥

অনুবাদ—হে প্রভো! তোমাতে আমার বহু প্রকার ভক্তি কিরূপে উৎপন্ন হইল? হে প্রভো! কিরূপে তোমার উত্তম প্রিয়ভক্ত হইলাম, উহার কারণ আমাকে বলুন ॥ ৪১৯ ॥

শ্রীনৃসিংহ উবাচ—

কথয়ামি মহাপ্রাজ্ঞ শৃণুষ্বৈকাগ্রমানসঃ।
ভক্তের্যৎ কারণং বৎস প্রিয়ত্বস্য চ তৎ পুনঃ ॥৪২০

অনুবাদ—শ্রীনৃসিংহদেব বলিলেন—হে মহাপ্রাজ্ঞ! বলিতেছি, একাগ্র চিত্তে শ্রবণ কর, হে বৎস! আমাতে ভক্তির যে কারণ এবং প্রিয়ত্বের কারণ ॥ ৪২০ ॥

পুরাকল্পে হ্যভূর্বিপ্রঃ কিঞ্চিত্ত্বং নাপ্যধীতবান্।
নাম্না চ বসুদেবো হি বেশ্যায়াং তৎপরো হ্যভূঃ ॥ ৪২১ ॥

অনুবাদ—প্রাচীন কল্পে তুমি বিপ্র হইয়াছিলে কিন্তু কিছুই অধ্যয়ন কর নাই। নাম ছিল বসুদেব এবং বেশ্যাসক্ত হইয়াছিলে ॥ ৪২১ ॥

তস্মিন্ জন্মনি নৈব ত্বং চকর্থ সুকৃতং কিয়ৎ।
মুক্ত্বা তু মদ্ব্রতং চৈকং বেশ্যাসঙ্গতিলালসঃ।
মদ্ব্রতস্য প্রভাবেণ ভক্তির্জাতা তবেদৃশী ॥ ৪২২ ॥

অনুবাদ—বেশ্যাসঙ্গ লোভী ঐ জন্মে তুমি কোন সুকর্ম্ম কর নাই, একটি মাত্র আমার ব্রত ব্যতীত। আমার ব্রতপ্রভাবে তোমার এইরূপ ভক্তি হইয়াছে ॥ ৪২২ ॥

শ্রীপ্রহ্লাদ উবাচ—

শ্রীনৃসিংহাচ্যুত স্বামিন্ কস্য পুত্রেণ কিং কৃতম্।
বেশ্যায়াং বর্ত্তমানেন কথং তদ্ধি কৃতং ময়া?
আখ্যানং বিস্তরেণেদং বক্তুমর্হসি সাম্প্রতম্ ॥৪২৩॥

অনুবাদ—শ্রীপ্রহ্লাদ বলিলেন—হে নৃসিংহ! হে অচ্যুত! হে প্রভো! কাহার পুত্র কি করিতাম? বেশ্যাসক্ত অবস্থায় কিরূপে তোমার ব্রত আমি করিলাম। এক্ষণে ঐ আখ্যান বিস্তৃত ভাবে বলুন ॥৪২৩

টীকা—কথং বা তদ্‌ব্রতং কৃতম্ ? ৪২৩ ॥

শ্রীনৃসিংহ উবাচ—
পুরাবন্তিপুরে হ্যাসীদ্ব্রাহ্মণো বেদপারগঃ।
তন্নাম বসুশর্ম্মেতি সর্ব্বলোকেষু বিশ্রুতম্ ॥ ৪২৪ ॥

অনুবাদ—শ্রীনৃসিংহদেব বলিলেন—পুরাকালে অবন্তিপুরে এক বেদজ্ঞ ব্রাহ্মণ ছিল। তাহার নাম বসুশর্ম্মা সর্ব্বজন প্রসিদ্ধ ॥ ৪২৪ ॥

নিত্যং হোমক্রিয়ামেষ করোতি দ্বিজসত্তমঃ।
ব্রহ্মক্রিয়াসু সততং সর্ব্বাসু কিল তৎপরঃ ॥ ৪২৫ ॥
অগ্নিষ্টোমাদিভির্যজ্ঞৈরিষ্টাঃ সর্ব্বে সুরোত্তমাঃ।
তেনাপি বিদ্যমানেন ন কৃতং দুষ্কৃতং কিয়ৎ ॥৪২৬

অনুবাদ—এই সদ্‌ব্রাহ্মণ নিত্য হোম কর্ম্ম করিতেন, বৈদিক সকল ক্রিয়াতে সতত তৎপর অগ্নিষ্টোমাদি যজ্ঞদ্বারা দেবশ্রেষ্ঠগণকে যজন করিতেন। ঐ অবস্থায় কোন দুষ্কৃত করেন নাই ॥ ৪২৫-৪২৬ ॥

টীকা—ব্রহ্মক্রিয়াসু—বৈদিককর্ম্মসু ॥ ৪২৫ ॥

তস্য ভার্য্যা সুশীলাভূদ্বিখ্যাতা ভুবনত্রয়ে।
পতিব্রতা সদাচারা পতিভক্তিপরায়ণা ॥ ৪২৭ ॥

অনুবাদ—তাহার ভার্য্যা ত্রিভুবন প্রসিদ্ধা সুশীলা ছিলেন—পতিব্রতা, সদাচার নিপুণা, পতি ভক্তিপরায়ণা ॥ ৪২৭ ॥

জজ্ঞিরে চ সুতাঃ পঞ্চ তস্যাং দ্বিজবরাত্ততঃ।
সদাচারাঃ সুবিদ্বাংসঃ পিতৃভক্তিপরায়ণাঃ।
তেষাং মধ্যে কনিষ্ঠস্ত্বং বেশ্যায়াং
তৎপরঃ সদা ॥ ৪২৮ ॥

অনুবাদ—ঐ দ্বিজবর হইতে সুশীলাতে পঞ্চপুত্র জন্মিল, তাহারা সদাচারী, সুবিদ্বান্, পিতৃভক্ত তাহার মধ্যে তুমি কনিষ্ঠ সর্ব্বদা বেশ্যাসক্ত ॥ ৪২৮ ॥

তাং সন্নিষেবমাণেন সুরাপানং কৃতং ত্বয়া।
সদা পাপরতস্ত্বং হি নাকৃথাধ্যয়নং ভৃশম্ ॥ ৪২৯ ॥

অনুবাদ—বেশ্যারত তুমি সুরাপান করিতে, সর্ব্বদা পাপরত, অধ্যয়ন হীন ॥ ৪২৯ ॥

টীকা—অধ্যয়নং নাকৃথাঃ, নাকার্ষীঃ, সন্ধিরার্ষঃ ॥ ৪২৯ ॥

বিলাসিনীগৃহে নিত্যং বসতির্হ্যভবত্তব।
একদা তদ্‌গৃহে হ্যাসীত্তয়া সহ মহান্ কলিঃ ॥ ৪৩০

অনুবাদ—বিলাসিনী গৃহে নিত্য তোমার বসবাস হইয়াছিল, একদিন ঐ গৃহে বেশ্যাসহ তোমার মহা কলহ হইয়াছিল ॥ ৪৩০ ॥

ততঃ কলহভাবেন ভোজনং ন কৃতং ত্বয়া।
অজ্ঞানান্মদ্‌ব্রতং চক্রে ব্রতানামুত্তমং ব্রতম্ ॥ ৪৩১ ॥

অনুবাদ—ঐ কলহ বশতঃ তুমি ভোজন কর নাই। অজ্ঞানে ব্রতগণের মধ্যে উত্তম আমার ব্রত করিলে ॥ ৪৩১ ॥

ত্বয়া সহ বিবাদেন রাত্রৌ জাগরণং কৃতম্।
বেশ্যায়া অপি তৎ সর্ব্বং প্রজাতন্তু ত্বয়া সমম্ ॥৪৩২

অনুবাদ—বেশ্যাসহ বিবাদহেতু রাত্রিতে জাগরণ করিলে, তোমার সহিত ঐ বেশ্যারও ব্রত ও জাগরণ হইয়া গেল ॥ ৪৩২ ॥

রাত্রৌ জাগরণে তস্যাঃ সঞ্জাতং কায়শোধনম্।
যুবয়োর্মদ্‌ব্রতং জাতমজ্ঞানান্বহুপুণ্যদম্ ॥ ৪৩৩ ॥

অনুবাদ—রাত্রি জাগরণে বেশ্যার শরীর শোধন হইল, অজ্ঞানে তোমাদের উভয়ের বহু পুণ্যপ্রদ আমার ব্রত হইল ॥ ৪৩৩ ॥

যেন চীর্ণব্রতেনাদ্য মোদন্তে দিবি দেবতাঃ।
সৃষ্ট্যর্থন্তু ততো ব্রহ্মা চক্রে মদ্‌ব্রতমুত্তমম্ ॥ ৪৩৪ ॥

অনুবাদ—যে ব্রতফলে আজ দেবগণ স্বর্গে আনন্দ উপভোগ করিতেছে। সৃষ্টিশক্তি লাভার্থে ব্রহ্মা উত্তম আমার ব্রত করিয়াছিলেন ॥ ৪৩৪ ॥

টীকা— চীর্ণেন কৃতেন ব্রতেন ॥ ৪৩৪ ॥

মদ্‌ব্রতস্য প্রভাবেণ নির্ম্মিতং সচরাচরম্ ।
ঈশ্বরেণাপি তচ্চীর্ণং যথার্থং ত্রিপুরস্য চ ।
মহিম্নৈব ব্রতস্যাস্য ত্রিপুরং সংনিপাতিতম্ ॥৪৩৫॥

অনুবাদ—ব্রহ্মা আমার ব্রতপ্রভাবে চরাচর প্রাণি নির্ম্মাণ করিয়াছেন। মহাদেবও ত্রিপুরাসুর বধের জন্য আমার ব্রত আচরণ করিয়াছিলেন। এই ব্রতের মহিমাতেই ত্রিপুরাসুরকে নিধন করিয়াছেন ॥ ৪৩৫ ॥

অন্যৈশ্চ বহুভির্দেবৈর্ঋষিভিশ্চ পুরাতনৈঃ ।
রাজভিশ্চ মহাপ্রাজ্ঞৈর্বিহিতং ব্রতমুত্তমম্ ॥ ৪৩৬ ॥

অনুবাদ—অন্যান্য বহু দেবগণ, পুরাতন ঋষিগণ, মহাপ্রাজ্ঞ রাজগণ এই উত্তম ব্রত পালন করিয়াছেন ॥ ৪৩৬ ॥

এতদ্‌ব্রতপ্রভাবেন সর্ব্বে সিদ্ধিমুপাগতাঃ ।
বেশ্যাপি মৎপ্রিয়া জাত ত্রৈলোক্যে সুখচারিণী ।
ঈদৃশং মদ্‌ব্রতং বৎস ত্রৈলোক্যে
চৈব বিশ্রুতম্ ॥ ৪৩৭ ॥

অনুবাদ—এই ব্রতপ্রভাবে সকলে সিদ্ধি লাভ করিয়াছেন। বেশ্যাও আমার প্রিয়া হইয়া ত্রিলোকে সুখচারিণী হইয়াছে। হে বৎস! এইরূপ আমার ব্রত ত্রিলোক প্রসিদ্ধ ॥ ৪৩৭ ॥

ধূর্ত্তায়াশ্চ বিলাসিন্যা ব্রতমেতদুপস্থিতম্ ।
প্রহলাদ তেন তে ভক্তির্ময়ি জাতা হ্যনুত্তমা ॥৪৩৮॥

অনুবাদ—ধূর্ত্তা বিলাসিনী নারীর উদ্ধারের জন্য এই ব্রত উপস্থিত হন। হে প্রহলাদ উক্ত ব্রতপ্রভাবে তোমার আমাতে উত্তমাভক্তি উৎপন্না হইয়াছেন ॥ ৪৩৮ ॥

সা বেশ্যা হ্বপ্সরা জাতা দিবি ভোগাননেকশঃ ।
ভুক্ত্বা কামং বিলীনা তু ত্বং প্রহলাদ
বিবিষ্ট মাম্ ॥ ৪৩৯ ॥

অনুবাদ—ঐ বেশ্যা স্বর্গে অপ্সরা জন্ম পাইয়া বহুবিধ সুখভোগান্তে আমাতে প্রবিষ্ট হইয়াছে। হে প্রহলাদ তুমিও আমাতে প্রবিষ্ট ছিলে ॥ ৪৩৯ ॥

টীকা—বিলীনা প্রবিষ্টা ময্যীতি শেষঃ। মাং বিবিষ্টঃ প্রাবিশঃ, কার্য্যার্থং ভক্তিপ্রবর্ত্তনার্থম্ ॥৪৩৯॥

কার্য্যার্থমবতারস্তে মচ্ছরীরাৎ পৃথক্ ত্বসৌ ।
বিধায় সর্ব্বকার্য্যাণি শীঘ্রং ময়ি গমিষ্যসি ॥৪৪০॥

অনুবাদ—ভক্তিপ্রবর্ত্তন কার্য্যের জন্য আমার শরীর হইতে তোমার এই পৃথক্ অবতার। ভক্তি-প্রচারকার্য্য সম্পন্ন করিয়া শীঘ্র আমাতে প্রবিষ্ট হইবে ॥ ৪৪০ ॥

য ইদং মদ্‌ব্রতাগ্র্যন্তু প্রবিধাস্যন্তি মানবাঃ ।
ন তেষাং পুনরাবৃত্তিঃ কল্পকোটিশতৈরপি ॥ ৪৪১ ॥

অনুবাদ—যে সকল মানব আমার ব্রতশ্রেষ্ঠ পালন করিবে, শতকোটি কল্পেও তাহাদের সংসারে পুনরাগমন নাই ॥ ৪৪১ ॥

অপুত্রো লভতে পুত্রান্ মদ্ভক্তাংশ্চ সুবর্চ্চসঃ ।
দরিদ্রো লভতে লক্ষ্মীং ধনদস্য চ যাদৃশী ॥ ৪৪২ ॥

অনুবাদ—আমার ব্রত প্রভাবে অপুত্র ব্যক্তি আমাতে ভক্তিমান সুন্দর পুত্র সকল লাভ করে, দরিদ্র কুবেরের ন্যায় সম্পদ লাভ করে ॥ ৪৪২ ॥

তেজস্কামো লভেত্তেজো রাজ্যেপ্সু রাজ্যমুত্তমম্ ।
আয়ুষ্কামো লভেদায়ুর্যাদৃশন্তু শিবস্য চ ॥ ৪৪৩ ॥

অনুবাদ—এই ব্রত প্রভাবে তেজস্কামী তেজঃ ও রাজ্যকামী উত্তম রাজ্য লাভ করে, আয়ুষ্কামী মহাদেবের ন্যায় আয়ু লাভ করে ॥ ৪৪৩ ॥

স্ত্রীণাং ব্রতমিদং সাধুপুত্রদং ভাগ্যদন্তথা ।
অবৈধব্যকরং তাসাং পুত্রশোকবিনাশনম্ ॥ ৪৪৪ ॥

অনুবাদ—এই ব্রত স্ত্রীগণের সৎপুত্র প্রদ ও ভাগ্য প্রদ, অবৈধব্য কর ও পুত্রশোক বিনাশন ॥ ৪৪৪ ॥

ধনধান্যকরঞ্চৈব পতিপ্রিয়করং শুভম্।
সার্ব্বভৌমং সুখং তাসাং দিব্যসৌখ্যং ভবেত্ততঃ ॥ ৪৪৫ ॥

অনুবাদ—ধনধান্যকর পতিপ্রিয়কর, মঙ্গলপ্রদ, সার্ব্বভৌমসুখ ও স্ত্রীগণের দিব্য সুখপ্রদ আমার এই ব্রত ॥ ৪৪৫ ॥

স্ত্রিয়ো বা পুরুষো বাপি কুর্ব্বন্তি ব্রতমুত্তমম্।
তেভ্যো দদাম্যহং সৌখ্যং ভুক্তিমুক্তিফলন্তথা ॥৪৪৬॥

অনুবাদ—স্ত্রীগণ বা পুরুষগণ যাহারা এই উত্তম ব্রত পালন করে, তাহাদিগকে আমি সুখ ও ভুক্তি-মুক্তি ফল দান করি ॥ ৪৪৬ ॥

বহুনোক্তেন কিং বৎস ব্রতস্যাস্য ফলস্য হি ?
মদ্ব্রতস্য ফলং বক্তুং নাহং শক্তো ন শঙ্করঃ ॥৪৪৭

অনুবাদ—হে বৎস ! এই ব্রতের ফলের মহিমা বহু বলিবার কি প্রয়োজন ? আমার ব্রতের ফল আমি বলিতে সমর্থ নহি, মহাদেবও সমর্থ নহেন ॥৪৪৭

ব্রহ্মা চতুর্ভির্বক্ত্রৈশ্চ নালং স্যাজ্জীবিতাবধি ॥৪৪৮॥

অনুবাদ—ব্রহ্মা চারিবদনে সারাজীবনে বলিতে সমর্থ নহেন ॥ ৪৪৮ ॥

কিঞ্চ তত্রৈব ব্রতবিধিকথনে—

যথা যথা প্রবৃত্তিঃ স্যাৎ পাতকস্য কলৌ যুগে।
তথা তথা বিধাস্যন্তি মদ্ব্রতং বিরলং জনাঃ ॥৪৪৯॥

অনুবাদ—আরও ঐ পুরাণে ব্রতবিধি কথন-প্রসঙ্গে —কলিযুগে যেমন যেমন পাপের প্রবৃত্তি হয়, সেই সেই স্থানে অল্প সংখ্যক ব্যক্তি আমার ব্রত পালন করে ॥ ৪৪৯ ॥

মদ্ব্রতস্য বিধানেন মতির্ন স্যাদ্দুরাত্মনাম্।
সদা পাপরতানান্তু পুরুষাণাং বিকর্ম্মণি ॥ ৪৫০ ॥

অনুবাদ—দুরাত্মাগণের আমার ব্রত পালনে মতি হয় না, সর্ব্বদা পাপ কার্যরত জনগণের বিকর্ম্মেই মতি হয় ॥ ৪৫০ ॥

বিচার্য্যৈবং প্রকর্ত্তব্যং মাধবে মাসি মদ্ব্রতম্।
প্রাপ্তে ভূতদিনে বৎস সর্ব্বকল্মষনাশনম্ ॥ ৪৫১ ॥

অনুবাদ—এইরূপ বিচার করিয়া বৈশাখমাসে আমার ব্রত কর্ত্তব্য। হে বৎস প্রহলাদ ! চতুর্দ্দশী দিন আগত হইলে সর্ব্বপাপনাশন আমার ব্রত কর্ত্তব্য ॥ ৪৫১ ॥

যেনৈব ক্রিয়মাণেন সহস্রদ্বাদশীফলম্।
জায়তে ন মৃষা বচ্মি মানুষাণাং মহাত্মনাম্ ॥৪৫২॥

অনুবাদ—মহাত্মাগণ যে ব্রত পালন করিলে মনুষ্যগণের সহস্র দ্বাদশী ব্রতের ফল উৎপন্ন হয়, ইহা আমি মিথ্যা বলিতেছি না, ইহা অসম্ভব মনে করিও না ॥ ৪৫২ ॥

টীকা—মানুষাণাং জায়তে। মহাত্মনামিতি মদ্ব্রতানুষ্ঠানাৎ, ন চাত্রাসম্ভাবনাদিকং কার্য্যমিত্যাহ—ন মৃষা বচ্মীতি ॥ ৪৫২ ॥

তদন্তে চ—

য ইদং শৃণুয়াদ্ভক্ত্যা ব্রতং পাপপ্রণাশনম্।
তস্য শ্রবণমাত্রেণ ব্রহ্মহত্যাং ব্যপোহতি ॥ ৪৫৩ ॥

অনুবাদ—প্রসঙ্গ শেষে—যিনি এই পাপনাশন ব্রতকথা ভক্তিপূর্ব্বক শ্রবণ করেন, শ্রবণমাত্রেই তাঁহার ব্রহ্মহত্যা পাপক্ষয় হয় ॥ ৪৫৩ ॥

টীকা—ন তাবদনুষ্ঠানাৎ, শ্রবণাদিনাপি মহাফলং স্যাদিতি লিখতি—য ইতি ॥ ৪৫৩ ॥

পবিত্রং পরমং গুহ্যং কীর্ত্তয়েদ্যস্তু মানবঃ।
সর্ব্বান্ কামানবাপ্নোতি ব্রতস্যাস্য ফলং লভেৎ ॥৪৫৪

অনুবাদ—যিনি এই পরম গোপনীয় পবিত্র ব্রত-কথা কীর্ত্তন করেন, তিনি সর্ব্ববাঞ্ছিত বস্তু এবং ব্রত পালনের ফল প্রাপ্ত হন ॥ ৪৫৪ ॥

অথ তদ্ব্রতদিননির্ণয়ঃ

আগমে—

বৈশাখে শুক্লপক্ষে তু চতুর্দ্দশ্যাং মহাতিথৌ ।
সায়ং প্রহলাদ-ধিক্কারমসহিষ্ণুঃ পরো হরিঃ ॥৪৫৫॥
সদ্য কটকটাশব্দ-বিস্মাপিতসভাজনঃ ।
লীলয়া স্তম্ভগর্ভান্তাদুদ্ভূতঃ শব্দভীষণঃ ॥ ৪৫৬ ॥

অনুবাদ—অনন্তর চতুর্দ্দশী ব্রতদিন নির্ণয়, আগমে—বৈশাখে শুক্লপক্ষে মহাতিথি চতুর্দ্দশীতে সায়ংকালে প্রহলাদের নির্য্যাতন সহ্য করিতে না পারিয়া শ্রীহরি তৎক্ষণাৎ কটাকট-শব্দে সভাস্থিত জনগণকে চমৎ-কৃত করিয়া অনায়াসে স্তম্ভমধ্য হইতে ভয়ঙ্কর শব্দে শ্রীনৃসিংহদেব আবির্ভূত হইলেন ॥ ৪৫৫-৪৫৬ ॥

নৃহরেরবতারাত্তাং যত্নতঃ সমুপোষয়েৎ ।
মহাপুণ্যতমায়াঞ্চ সায়ং বিষ্ণুং প্রপূজয়েৎ ॥ ৪৫৭ ॥

অনুবাদ—ঐ চতুর্দ্দশীতে শ্রীনৃসিংহদেবের অব-তারহেতু যত্নপূর্ব্বক উপবাস করিবে এবং মহাপুণ্য-তমা ঐ তিথিতে সায়ংকালে শ্রীবিষ্ণুকে পূজা করিবে ॥ ৪৫৭ ॥

বৃহন্নারসিংহে—

বৈশাখশুক্লপক্ষস্য চতুর্দ্দশ্যাং সমাচরেৎ ।
মজ্জন্মসম্ভবং পুণ্যং ব্রতং পাপপ্রণাশনম্ ॥ ৪৫৮ ॥

অনুবাদ—বৃহৎ নারসিংহপুরাণে—বৈশাখ শুক্ল-পক্ষের চতুর্দ্দশীতে আমার জন্মহেতু পাপনাশন পুণ্য তিথিতে ব্রত পালন করিবে ॥ ৪৫৮ ॥

কিঞ্চ—

স্বাতীনক্ষত্রযোগে তু শনিবারে হি মদ্ব্রতম্ ।
সিদ্ধিযোগস্য যোগে চ লভ্যতে দৈবযোগতঃ ।
সর্ব্বৈরেতৈস্তু সংযুক্তেহত্যাকোটিবিনাশনম্ ॥৪৫৯॥

অনুবাদ—আরও—স্বাতীনক্ষত্রযোগে এবং শনি-বারেই আমার ব্রত। দৈবযোগে কখন সিদ্ধিযোগও পাওয়া যায়। এই সকলযোগ একত্র হইলে কোটি হত্যাজনিত পাপ বিনাশ প্রাপ্ত হয় ॥ ৪৫৯ ॥

টীকা—দৈবযোগতঃ কদাচিন্মহাভাগ্যেনৈব লভ্যতে ইত্যর্থঃ, যতঃ সর্ব্বৈরিতি ॥ ৪৫৯ ॥

কেবলঞ্চ প্রকর্ত্তব্যং মদ্দিনং ফলকাঙ্ক্ষিভিঃ ।
বৈষ্ণবৈর্ন তু কর্ত্তব্যা স্মরবিদ্ধা চতুর্দ্দশী ॥ ৪৬০ ॥

অনুবাদ—যোগ অভাবে কেবল চতুর্দ্দশী তিথিও আমার জন্মদিন হেতু ফলকামীগণ ব্রত করিবেন। বৈষ্ণবগণ কর্ত্তৃক সূর্য্যোদয়ে ত্রয়োদশী বিদ্ধা চতুর্দ্দশী ব্রতের উপবাস কর্ত্তব্য নহে ॥ ৪৬০ ॥

টীকা—কেবলং তত্তদ্যোগহীনমপি ফলাকাঙ্ক্ষি-ভিরপি কর্ত্তব্যমেব, নিত্যত্বাৎ। স্মরস্ত্রয়োদশী তেন বিদ্ধা ॥ ৪৬০ ॥

আগমে—

প্রিয়া চতুর্দ্দশী ভৌমে কর্ত্তব্যা কিল্বিষাপহা ।
কামবিদ্ধা ন কর্ত্তব্যা স্বাতীভৌমযুতা যদি ॥ ৪৬১ ॥

অনুবাদ—আগমে—মঙ্গলবারে ভগবৎপ্রিয়া চতু-র্দ্দশী পাপহারিণী ব্রত হইলে কর্ত্তব্যা, কিন্তু স্বাতী-নক্ষত্র ও মঙ্গলবার যোগ হইলেও যদি ত্রয়োদশী বিদ্ধা হয়, তাহাতে ব্রত কর্ত্তব্য নহে ॥ ৪৬১ ॥

অথ তদ্ব্রতবিধিঃ

তত্রৈব—

প্রাতরুত্থায় কুর্ব্বীত নিয়মং মনসা স্মরন্ ।
মামেব মদ্দিনে বৎস দন্তধাবনপূর্ব্বকম্ ॥ ৪৬২ ॥

অনুবাদ—অনন্তর ঐ ব্রত বিধি আগমে—হে বৎস প্রহলাদ! আমার দিনে প্রাতঃকালে উঠিয়া দণ্ডধারণপূর্ব্বক মনে মনে আমাকে স্মরণ করিতে করিতে ব্রতের নিয়ম গ্রহণ করিবে ॥ ৪৬২ ॥

টীকা—প্রাতুশ্চতুর্দ্দশী-প্রভাতে, সর্ব্বব্রতসাধারণ-ত্বাৎ, পূর্ব্বদিনে চৈকভক্তাদিসংযমো বিজ্ঞেয় এব

দন্তধাবনন্ত উপবাসদিনে কাষ্ঠেন তন্নিষেধাৎ তৃণাদিনা বোদ্ধব্যম্ ॥ ৪৬২ ॥

অথ নিয়মমন্ত্রঃ—

শ্রীনৃসিংহ মহাভীম দয়াং কুরু মমোপরি।
অদ্যাহং তে বিধাস্যামি ব্রতং নির্ব্বিঘ্নতাং নয় ॥
ইতি ॥ ৪৬৩ ॥

অনুবাদ—অনন্তর নিয়মমন্ত্র—হে শ্রীনৃসিংহ! হে মহাভীম! আমার উপর দয়া প্রকাশ করুন, অদ্য আমি তোমার ব্রত আচরণ করিব, নির্ব্বিঘ্নে সম্পূর্ণ করুন ॥ ৪৬৩ ॥

ব্রতস্থেন ন বক্তব্যং মদ্দিনে পাপিভিঃ সহ।
মিথ্যালাপা ন কর্ত্তব্যাঃ সমগ্রফলকাঙ্ক্ষিভিঃ ॥৪৬৪॥

অনুবাদ—ব্রতের সম্পূর্ণ ফলপ্রার্থী ব্রতচারী আমার দিনে পাপীগণের সহিত ভাষণ করিবে না এবং মিথ্যালাপ বর্জ্জন করিবে ॥ ৪৬৪ ॥

স্ত্রিয়ং দ্যূতং বিহায়োচ্চৈর্ব্রতস্থেন মহাত্মনা।
স্মর্ত্তব্যং মম রূপঞ্চ মদ্দিনে সকলে শুভে ॥ ৪৬৫ ॥

অনুবাদ—আমার ব্রতদিনে স্ত্রীসম্ভাষণ দ্যূতক্রীড়া ত্যাগ করিয়া ব্রতচারী মহাত্মা সমগ্র পবিত্র দিনে আমার রূপ স্মরণ করিবে ॥ ৪৬৫ ॥

ততো মধ্যাহ্নবেলায়াং নদ্যাদৌ বিমলে জলে।
গৃহে বা দেবখাতে বা তড়াগে বাতিশোভনে।
বৈদিকেন চ মন্ত্রেণ স্নানং কুর্য্যাদ্বিচক্ষণঃ ॥ ৪৬৬ ॥

অনুবাদ—অতঃপর মধ্যাহ্ন সময়ে নদ্যাদির পবিত্র জলে বা গৃহে বা দেবখাতে বা অতি শোভন পদ্মপুকুরে বিচক্ষণ ব্যক্তি বৈদিক-মন্ত্র উচ্চারণ সহ স্নান করিবে ॥ ৪৬৬ ॥

মৃত্তিকাগোময়েনৈব তথা ধাত্রীফলেন বা।
তিলৈর্বা সর্ব্বপাপঘ্নৈঃ স্নানং কৃত্বা মহাত্মভিঃ।
পরিধায় শুচির্বস্ত্রে নিত্যকর্ম্ম সমাচরেৎ ॥ ৪৬৭ ॥

টীকা—নিষ্পাবাঃ শিম্বীপ্রভেদাশ্চান্ ॥ ১১৮ ॥

কার্ত্তিকে তু বিশেষেণ রাজমাষাংশ্চ ভক্ষয়ন্।
নিষ্পাবান্ মুনিশার্দূল যাবদহূতনারকী ॥ ১১৯ ॥

অনুবাদ—বিশেষতঃ কার্ত্তিকমাসে বরবটি, শিম ভক্ষণ করিলে হে মুনিবর! প্রলয় পর্য্যন্ত নারকী হইবে ॥ ১১৯ ॥

কালিঙ্গানি পটোলানি বৃন্তাকং সন্ধিতানি চ।
এতানি ভক্ষয়েদ্যস্তু সুপ্তে দেবে জনার্দ্দনে।
সপ্তজন্মার্জ্জিতং পুণ্যং হরতে নাত্র সংশয়ঃ ॥ ১২০ ॥

অনুবাদ—জনার্দ্দনদেব শয়ন করিলে কালিঙ্গ, পটোল, বেগুন, আচার—এই সকল দ্রব্য যে ভক্ষণ করে, তাহার সপ্তজন্মার্জ্জিত পুণ্য ক্ষয় হয়, ইহাতে সংশয় নাই ॥ ১২০ ॥

টীকা—হরতে—নাশয়তি ॥ ১২০ ॥

কিঞ্চ—

রুচ্যং তত্তৎকাললভ্যং ফলমূলাদি বর্জ্জয়েৎ ॥
ইতি ॥ ১২১ ॥

অনুবাদ—আরও—রুচিকর সেই সেই কালে প্রাপ্ত ফল, মূলাদি বর্জ্জন করিবে ॥ ১২১॥

টীকা—রুচ্যং রুচিকরং, চাতুর্ম্মাস্য জায়মান-ফলাদিমধ্যে নিজপ্রিয়ং কিঞ্চিদ্বর্জ্যমিত্যর্থঃ ॥ ১২১॥

কিঞ্চ—

জপহোমাদ্যনুষ্ঠানং নামসঙ্কীর্ত্তনন্তথা।
স্বীকৃত্য প্রার্থয়েদ্দেবং গৃহীতনিয়মো বুধঃ ॥ ১২২ ॥

অনুবাদ—আরও—বিজ্ঞব্যক্তি নিয়মগ্রহণকারী জপ, হোমাদি অনুষ্ঠান, শ্রীনাম-সংকীর্ত্তন স্বীকার করিয়া প্রভুকে এইরূপে প্রার্থনা করিবে ॥ ১২২ ॥

টীকা—এবং বর্জ্জ্যানি লিখিতানি, কৃত্যানি চ সংক্ষেপতো লিখতি—জপেতি। আদি শব্দাৎ পুরাণ-শ্রবণাদি, স্বীকৃত্যেতি অন্যমাসতো বিশেষেণ তত্তন্নিয়মং গৃহীত্বেত্যর্থঃ ॥ ১২২ ॥

ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব।
নির্ব্বিঘ্নং সিদ্ধমায়াতু প্রসাদাত্তব কেশব ॥ ১২৩ ॥

অনুবাদ—হে দেব ! এই চাতুর্ম্মাস্য ব্রত আমি আপনার সম্মুখে গ্রহণ করিয়াছি। হে কেশবদেব ! আপনার প্রসাদে ইহা নির্ব্বিঘ্নে সিদ্ধ হউক ॥ ১২৩ ॥

গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব পঞ্চত্বং যদি বা ভবেৎ ।
তদা ভবতু সম্পূর্ণং প্রসাদাত্তে জনার্দ্দন ॥ইতি॥১২৪॥

অনুবাদ—হে দেব ! এই ব্রত মধ্যে যদি আমার দেহান্ত হয়, হে জনার্দ্দন ! আপনার প্রসাদে তাহা সম্পূর্ণ হউক ॥ ১২৪ ॥

অথ চাতুর্ম্মাস্যব্রতনিয়মমাহাত্ম্যম্

বিষ্ণুরহস্যে শ্রীব্রহ্ম-নারদ-সংবাদে—

শৃণু নারদ কার্ৎস্ন্যেন চাতুর্ম্মাস্যব্রতক্রিয়াঃ ।
যা নির্ব্বর্ত্য নরো ভক্ত্যা প্রযাতি পরমাং গতিম্ ॥১২৫

অনুবাদ—অনন্তর চাতুর্ম্মাস্যব্রত-নিয়ম-মাহাত্ম্য, বিষ্ণুরহস্যে ব্রহ্ম-নারদ-সংবাদে—হে নারদ ! চাতুর্ম্মাস্য ব্রতকর্ম সম্পূর্ণরূপে শ্রবণ কর। যাহা ভক্তি-সহ পালন করিলে মানব পরমাগতি বৈকুণ্ঠ গমন করে ॥ ১২৫ ॥

টীকা—অন্যানপি নিয়মান্ দর্শয়িতুং তেষু শ্রদ্ধা-বিশেষমুৎপাদয়িতুঞ্চ তন্মাহাত্ম্যং সামান্যবিশেষাভ্যাং লিখতি—শৃণ্বিত্যাদিনা পদদ্বয়মিত্যন্তেন ॥ ১২৫ ॥

ব্রতানি বৈষ্ণবানীহ মনসাপি চিকীর্ষতঃ ।
নরস্য ক্ষয়মাপ্নোতি পাপং জন্মশতোদ্ভবম্ ॥ ১২৬॥

অনুবাদ—এই লোকে বৈষ্ণবব্রতসমূহ মনে মনে ইচ্ছা করিলেও মানবের শতজন্মাৰ্জ্জিত পাপক্ষয় হয় ॥ ১২৬ ॥

টীকা—বৈষ্ণবানীতি ভগবতঃ শয়নে বিশেষতস্ত-দগ্রে সঙ্কল্পবিশেষেণ গৃহীতত্বাত্তদ্ভক্তিরূপত্বেন তত্তোষ-ণান্যেবেত্যর্থঃ। অতএব ফলমুক্তং—'প্রযাতি পরমাং গতিম্' ইত্যাদি ॥ ১২৬ ॥

একভক্তো নরঃ শান্তো নিত্যস্নায়ী দৃঢ়ব্রতঃ ।
যোঽর্চ্চয়েচ্চতুরো মাসান্ হরিং স্যাত্তস্য লোকভাক্ ॥১২৭॥

অনুবাদ—একাহারী শান্ত নিত্যস্নায়ী দৃঢ় সংকল্প করিয়া যে মানব চারি মাস শ্রীহরিকে অর্চ্চন করে তিনি শ্রীহরিধাম প্রাপ্ত হন ॥ ১২৭ ॥

টীকা—চতুরো মাসান্ যো হরিমর্চ্চয়েৎ ॥ ১২৭॥

যস্তু সুপ্তে হৃষীকেশে ক্ষিতিশায়ী ভবেন্নরঃ ।
বার্ষিকান্ চতুরো মাসান্ লভতে বৈষ্ণবীং গতিম্ ॥ ১২৮ ॥

অনুবাদ—শ্রীহৃষীকেশের শয়নকালে চারি মাস যে মানব ভূমিশায়ী হয়, তিনি বিষ্ণুধাম প্রাপ্ত হন ॥ ১২৮ ॥

যস্তু কেশবমুদ্দিশ্য চান্দ্রায়ণপরায়ণঃ ।
চাতুর্ম্মাস্যং নয়েদ্ভক্ত্যা স বিষ্ণুতনুমাবিশেৎ ॥১২৯॥

অনুবাদ—যে ব্যক্তি শ্রীকেশবদেবকে উদ্দেশ্য করিয়া চান্দ্রায়ণ-ব্রতনিষ্ঠ হইয়া চাতুর্ম্মাস্য ভক্তিসহ যাপন করে, সেই মানব বিষ্ণুসাযুজ্য লাভ করে॥১২৯

ভবিষ্যোত্তরে ভগবদ্‌যুধিষ্ঠির-সংবাদে—

চতুরো বার্ষিকান্ মাসান্ দেবস্যোত্থাপনাবধি ।
স্ত্রী বা নরো বা মদ্ভক্তো ধর্ম্মার্থং সুদৃঢ়ব্রতঃ ।
গৃহ্ণীয়ান্নিয়মানেতান দন্তধাবনপূর্ব্বকম্ ॥ ১৩০ ॥

অনুবাদ—ভবিষ্যোত্তরে ভগবদ্-যুধিষ্ঠির-সংবাদে—প্রভুর উত্থান পর্য্যন্ত বর্ষের চারিমাস আমার ভক্ত স্ত্রী বা পুরুষ ধর্ম্মের জন্য সুদৃঢ়ব্রতী দন্তধাবনান্তে এই সকল নিয়ম গ্রহণ করিবেন ॥ ১৩০ ॥

তেষাং ফলানি বক্ষ্যামি তৎকর্ত্তৃণাং পৃথক্ পৃথক্ ॥ ১৩১ ॥

অনুবাদ—নিয়ম পালনকারিগণের যে ফল লাভ হয়, তাহা পৃথক্ পৃথক্ বলিব ॥ ১৩১ ॥

মধুরস্বরসম্পন্নো ভবেল্লবণবর্জ্জনাৎ ।
লভতে সন্ততিং দীর্ঘাং তৈলস্য পরিবর্জ্জনাৎ ॥১৩২॥
অভ্যঙ্গবর্জ্জনাৎ পার্থ সুন্দরাঙ্গঃ প্রজায়তে ।
পক্বতৈলপরিত্যাগাচ্ছত্রুনাশমবাপ্নুয়াৎ ॥ ১৩৩ ॥
মধুকতৈলত্যাগেন সৌভাগ্যমতুলং ভবেৎ ।
পুষ্পোপভোগত্যাগেন স্বর্গে বিদ্যাধরো ভবেৎ ।১৩৪॥

অনুবাদ—লবণ বর্জ্জনকারী মধুর কণ্ঠস্বর সম্পন্ন হইবে। তৈলবর্জ্জনকারী দীর্ঘায়ু সন্তান লাভ করে। হে পার্থ তৈলমর্দ্দন বর্জ্জনকারী সুন্দরাঙ্গ হয়। পক্ব-তৈল পরিত্যাগকারীর শত্রুবিনাশ যায়। মধুক তৈল-ত্যাগে অতুল সৌভাগ্য হয়। পুষ্প উপভোগ ত্যাগ-দ্বারা স্বর্গে বিদ্যাধর হয় ॥ ১৩২-১৩৪ ॥

যোগাভ্যাসী ভবেদ্যস্তু স ব্রহ্মপদমাপ্নুয়াৎ ।
কটূম্লতিক্তমধুরক্ষারকাষায়জান্ রসান্ ।
যো বর্জ্জয়েৎ স বৈরূপ্যং বৈগন্ধ্যং নাপ্নুয়াৎ ক্বচিৎ ॥ ১৩৫ ॥
তাম্বুলবর্জ্জনাদ্ভোগী অপক্বাদোঽমলো ভবেৎ ॥১৩৬॥

অনুবাদ—যোগাভ্যাসী ব্রহ্মপদ প্রাপ্ত হয়। ষড়্-রস বর্জ্জনকারী বিরূপতা ও দুর্গন্ধ কখনও পায় না। তাম্বুল বর্জ্জনে ভোগী হয়, অপক্ব ভোজনকারী নির্ম্মল হয় ॥ ১৩৫-১৩৬ ॥

পাদাভ্যঙ্গশিরোভ্যঙ্গপরিত্যাগাচ্চ পার্থিব ।
দীপ্তিমান্ দীপ্তচরণো মধুক্ষৌদ্রে পরিত্যজেৎ ॥১৩৭॥
দধিদুগ্ধতক্রনিয়মাদ্গোলোকং লভতে নরঃ ।
ইন্দ্রাতিথিত্বমায়াতি স্থালীপাকবিবর্জ্জনাৎ ॥ ১৩৮ ॥
লভেচ্চ সন্ততিং দীর্ঘাং তাপপক্বস্য বর্জ্জনাৎ ।
ভূমৌ প্রস্তরশায়ী চ বিষ্ণোরনুচরো ভবেৎ ॥ ১৩৯ ॥

অনুবাদ—পদে ও মস্তকে তৈলমর্দ্দন বর্জ্জনে রাজা হয়, মধু ও মিষ্ট দ্রব্য বর্জ্জনে দীপ্তিমান দীপ্ত-চরণ হয়, দধি, দুগ্ধ, ঘোল বর্জ্জনে গোলোক প্রাপ্ত হয়। স্থালীপাকবর্জ্জনে ইন্দ্রের আতিথ্য লাভ, অগ্নি-পক্ব বর্জ্জনে দীর্ঘজীবী সন্তান লাভ, ভূমিশায়ী ও প্রস্তরশায়ী শ্রীবিষ্ণুর অনুচর হয় ॥ ১৩৭-১৩৯ ॥

সদা মুনিঃ সদা যোগী মধুমাংসস্য বর্জ্জনাৎ ।
নির্ব্যাধিনীরুগোজস্বী সুরামদ্যাবিবর্জ্জনাৎ ॥ ১৪০ ॥
একান্তরোপবাসেন ব্রহ্মলোকে মহীয়তে ।
ধারণান্নখলোমানাং গঙ্গাস্নানং দিনে দিনে ॥ ১৪১ ॥
মৌনব্রতী ভবেদ্যস্তু তস্যাজ্ঞাঽস্খলিতা ভবেৎ ।
ভূমৌ ভুঙ্ক্তে সদা যস্তু স পৃথিব্যাঃ পতির্ভবেৎ । ১৪২

অনুবাদ—মধু বা মাংস বর্জ্জনকারী সদা মুনি ও যোগী হয়। সুরামদ্য ত্যাগী ব্যাধিহীন, রোগহীন, ওজস্বী হয়। একদিন পরপর উপবাসে ব্রহ্মলোকে বিরাজ করে, নখ, লোম, ধারণে প্রতিদিন গঙ্গাস্নান ফল, মৌনব্রতীর আজ্ঞা অলঙ্ঘ্য হয়। ভূমিতে ভোজনকারী পৃথিবী পতি হয় ॥ ১৪০-১৪২ ॥

নমো নারায়ণায়েতি জপ্তা দানশতং ফলম্ ॥১৪৩॥
পাদাভিবন্দনাদ্বিষ্ণোর্ভবেদ্গোদানজং ফলম্ ॥
বিষ্ণুপাদাম্বুজস্পর্শাৎ কৃতকৃত্যো ভবেন্নরঃ ॥ ১৪৪ ॥
বিষ্ণোর্দেবালয়ে কুর্য্যাদুপলেপনমার্জ্জনে ।
কল্পস্থায়ী ভবেদ্রাজা স নরো নাত্র সংশয়ঃ ॥ ১৪৫ ॥

অনুবাদ—'নমো নারায়ণায়' জপকারীর দানশত-ফল, শ্রীবিষ্ণুরচরণ বন্দনে গোদানজ ফল, বিষ্ণুপাদ-পদ্ম স্পর্শে কৃতার্থ হয় মানব। শ্রীবিষ্ণু মন্দিরে উপ-লেপন ও মার্জ্জনে কল্পস্থায়ী রাজা হয় ইহাতে সংশয় নাই ॥ ১৪৩-১৪৫ ॥

টীকা—দানশতং বহুলদানমিত্যর্থঃ ॥ ১৪৩ ॥

প্রদক্ষিণত্রয়ং কৃত্বা যস্তু স্যাৎ স্তুতিপাঠকঃ ।
হংসযুক্তবিমানেন স চ বিষ্ণুপদং ব্রজেৎ ॥ ১৪৬ ॥

অনুবাদ—তিনবার প্রদক্ষিণকারী ও স্তুতি পাঠ-কের হংসযুক্ত বিমানে বিষ্ণুধাম প্রাপ্তি হয় ॥ ১৪৬ ॥

গীতবাদ্যকরো বিষ্ণোর্গন্ধর্ব্বলোকমাপ্নুয়াৎ ।
নিত্যং শাস্ত্রবিনোদেন লোকান্ যস্তু প্রবোধয়েৎ ।
স ব্যাসরূপী ভগবানন্তে বিষ্ণুপুরং ব্রজেৎ ॥ ১৪৭ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুর গীতবাদ্যকারীর গন্ধর্ব্বলোক

প্রাপ্তি। নিত্য শাস্ত্র পাঠদ্বারা শ্রোতাদিগকে জ্ঞানদাতা ব্যাসরূপী ভগবান্ অন্তে বিষ্ণুধাম গামী ॥ ১৪৭ ॥

পুষ্পমালাকুলাং পূজাং কৃত্বা বিষ্ণোঃ পুরং
ব্রজেৎ ॥ ১৪৮ ॥

অনুবাদ—পুষ্পমালা সমূহ দ্বারা পূজা করিয়া বিষ্ণুর ধামে গমন হয় ॥ ১৪৮ ॥

কৃত্বা প্রোক্ষণিকং দিব্যং স্থানমপ্সরসাং লভেৎ।
তীর্থাদিষু কৃতস্নানো নির্ম্মলং দেহমাপ্নুয়াৎ ॥ ১৪৯ ॥

অনুবাদ—শ্রীমন্দির ধৌতকারী অপ্সরাগণ দিব্য-স্থান লাভ করেন। তীর্থাদিতে স্নানকারীর নির্ম্মল দেহপ্রাপ্তি ॥ ১৪৯ ॥

পঞ্চগব্যাশনাৎ পার্থ চান্দ্রায়ণফলং লভেৎ।
একভক্তাশনান্নিত্যমগ্নিহোত্রফলং লভেৎ ॥ ১৫০ ॥

অনুবাদ—হে পার্থ! পঞ্চগব্য পানকারী চান্দ্রায়ণ ফলভাগী হয়। একাহারীর নিত্য অগ্নিহোত্র ফল প্রাপ্তি ॥ ১৫০ ॥

নক্তভোজী সমগ্রন্তু তীর্থযাত্রাফলং লভেৎ।
অযাচিতেন চাপ্নোতি বাপীকূপপ্রপাফলম্ ॥ ১৫১ ॥

অনুবাদ—সম্পূর্ণ চারিমাস রাত্রিভোজী তীর্থযাত্রার ফল লাভ করেন। অযাচিত ভোজী পুষ্করিণী, কূপ, পিয়াও দানের ফল পায় ॥ ১৫১ ॥

ষষ্ঠকালোঽন্নভোজী যঃ স্থায়ী স্বর্গে নরো ভবেৎ।
নিত্যস্নায়ী নরো যস্তু নরকং স ন পশ্যতি ॥ ১৫২ ॥
ভাজনং বর্জ্জয়েদ্‌যস্তু স স্নানং পৌষ্করং লভেৎ ॥১৫৩
পত্রেষু যো নরো ভুঙ্‌ক্তে কুরুক্ষেত্রফলং লভেৎ।
শিলায়াং ভোজনং নিত্যং ভবেৎ
স্নানং প্রয়াগজম্ ॥ ১৫৪ ॥
যামদ্বয়জলত্যাগান্ন রোগৈঃ পরিভূয়তে।
এবমাদিব্রতৈঃ পার্থ তুষ্টিমায়াতি তোষিতঃ ॥১৫৫॥

অনুবাদ—দিবা তৃতীয় প্রহরে অন্নভোজী স্থায়ী স্বর্গবাসী হয়। নিত্যস্নানকারী মানব নরক দর্শন করে না। করপাত্রী পুষ্করতীর্থ-স্নানফল প্রাপ্ত হন। পত্রভোজী কুরুক্ষেত্র যাত্রা ফলভাগী হয়। শিলা-ভোজীর প্রয়াগ-স্নানফল, দ্বিপ্রহর জলত্যাগী নীরোগী হয়। হে পার্থ! এই সকল ব্রতদ্বারা শ্রীবিষ্ণু তুষ্টি লাভ করেন ॥ ১৫২-১৫৫ ॥

টীকা—ভাজনং—কাংস্যপাত্রম্ ॥ ১৫৩ ॥

টীকা—এবমাদিব্রতৈস্তোষিতঃ সন্ শ্রীকেশব ইতি শেষঃ ॥ ১৫৫ ॥

কিঞ্চ—
যোগনিদ্রাং সমালম্ব্য শেষাহিশয়নে স্বপন্।
ক্ষীরোদতোয়বীচ্যগ্রৈর্ধৌতপাদঃ সমাহিতঃ ॥১৫৬॥
লক্ষ্মীকরাম্বুজৈঃ শ্লক্ষ্ণৈর্মৃজ্যমানপদদ্বয়ঃ ॥ ১৫৭ ॥
তস্মিন্ কালে চ মদ্ভক্তো যো মাসাংশ্চতুরঃ ক্ষিপেৎ।
ব্রতৈরনেকৈর্নিয়মৈঃ পাণ্ডবশ্রেষ্ঠ মানবঃ।
কল্পস্থায়ী বিষ্ণুলোকে ভবেন্নাস্ত্যত্র সংশয়ঃ ॥ ১৫৮ ॥

অনুবাদ—আরও—যোগনিদ্রা অবলম্বনে শেষ শয্যায় শয়নকালে ক্ষীরোদ সমুদ্রের জলতরঙ্গে ধৌত-চরণ লক্ষ্মীদেবীর করকমলদ্বারা ধীরে ধীরে সম্বাহিত হইতে হইতে আমি সমাধিস্থ। ঐ কালে আমার ভক্ত যিনি বহুবিধ নিয়মসহ চারিমাস যাপন করেন, হে পাণ্ডব শ্রেষ্ঠ! ঐ মানব বিষ্ণুলোকে কল্পকাল বাস করেন, ইহাতে সংশয় নাই ॥ ১৫৬-১৫৮ ॥

টীকা—তমেব বিশিনষ্টি—যোগেতি সার্দ্ধেন। সমাহিতঃ—যোগনিদ্রামাস্থিতঃ ॥ ১৫৬ ॥

সত্যাং ব্রতসমাপ্তৌ চ শ্রীকৃষ্ণস্য প্রসাদতঃ।
যদ্‌যদ্দানাদিকৃত্যঞ্চ লেখ্যং তত্তচ্চ কার্ত্তিকে ॥১৫৯॥

অনুবাদ—শ্রীকৃষ্ণ কৃপায় ব্রত সমাপ্তি হইলে যে সে বস্তুদানাদি কর্ত্তব্য তাহা কার্ত্তিক ব্রত শেষে লিখিত হইবে ॥ ১৫৯ ॥

টীকা—কার্ত্তিকে—কার্ত্তিককৃত্যলিখনে ॥ ১৫৯ ॥

স্তুত্বাথ কৃষ্ণমভ্যর্চ্চ্য প্রসাদ্য চ পুনঃপুনঃ।
শেষং শঙ্খোদতীর্থে চ স্বীকুর্য্যাদ্বৈষ্ণবৈঃ সহ ॥১৬০॥

অনুবাদ—শ্রীকৃষ্ণকে স্তব ও পূজা দ্বারা পুনঃ পুনঃ প্রসন্ন করিয়া প্রসাদ, শঙ্খোদক, শ্রীচরণামৃত বৈষ্ণবগণের সহিত গ্রহণ করিবে ॥ ১৬০ ॥

টীকা—স্তুত্বা শ্রীব্রহ্মস্তুত্যাদিভিঃ স্তুতিং কৃত্বা, অভ্যর্থ্য 'স্বস্ত্যস্তু বিশ্বস্য' ইত্যাদিনা সম্প্রার্থ্য, প্রসাদ্য বিচিত্রার্থবচনৈঃ প্রসন্নং কৃত্বা, শেষং ভগবদুচ্ছিষ্ট-মহাপ্রসাদ-পুষ্পচন্দনাদিকম্, শঙ্খোদকং তীর্থঞ্চ শ্রীচরণোদকম্ ॥ ১৬০ ॥

গীতনৃত্যাদিনা দেবং পরিতোষ্যাথ বৈষ্ণবান্।
সংপূজ্য নরযানেন দেবং স্বালয়মানয়েৎ ॥ ১৬১ ॥

অনুবাদ—গীত নৃত্যাদিদ্বারা প্রভুকে পরিতুষ্ট করিয়া পরে বৈষ্ণবগণকে সম্মান করিয়া মনুষ্যযানে প্রভুকে নিজ গৃহে আনয়ন করিবে ॥ ১৬১ ॥

প্রভোর্নীরাজনং কৃত্বা বিসর্জ্জ্য বত বৈষ্ণবান্।
নিবেশ্য স্বাসনে দেবং শয়ীত ভুবি তং স্মরন্ ॥১৬২

অনুবাদ—প্রভুর আরতি করিয়া বৈষ্ণবগণকে বিদায় দিয়া প্রভুকে নিজ সিংহাসনে বসাইয়া ভগবৎস্মরণ করিতে করিতে ভূমিতে শয়ন করিবে ॥ ১৬২ ॥

এবঞ্চ কুর্ব্বতো মাসাংশ্চতুরো যান্তি বৈ সুখম্।
অন্যথা প্রভবেদ্দুঃখমনাবৃষ্টিশ্চ জায়তে ॥ ১৬৩ ॥

অনুবাদ—এইভাবে চারিমাস ব্রত পালন করিলে সুখে যাপন হইবে। নতুবা দুঃখের প্রভাব বৃদ্ধি হইবে ও অনাবৃষ্টিও হইবে ॥ ১৬৩ ॥

তথা চ ভবিষ্যে—

মিথুনস্থে সহস্রাংশৌ ন স্বাপয়তি যো হরিম্।
বৈষ্ণবৈঃ সহ সম্ভূয় হ্যনাবৃষ্টিস্তদা ভবেৎ ॥ ১৬৪ ॥

অনুবাদ—ঐরূপ ভবিষ্যপুরাণে—আষাঢ়মাসে যিনি শ্রীহরিকে শয়ন না করান বৈষ্ণবগণের সহিত মিলিত হইয়া—তখন অনাবৃষ্টি হইবে ॥ ১৬৪ ॥

কিঞ্চ ভবিষ্যোত্তরে—

যো দেবশয়নং পার্থ অনুমোদ্য সমাচরেৎ।
উত্থানং বাপি কৃষ্ণস্য স হরের্লোকমাপ্নুয়াৎ ॥১৬৫॥

অনুবাদ—আরও ভবিষ্যোত্তরপুরাণে—হে পার্থ! যে মানব দেবশয়ন অনুমোদন করিয়া আচরণ করে এবং শ্রীকৃষ্ণের উত্থান উৎসব ও অনুষ্ঠান করেন, তিনি শ্রীহরিধাম প্রাপ্ত হন ॥ ১৬৫ ॥

টীকা—অনুমোদ্য হৃষ্টো ভূত্বেত্যর্থঃ, যদ্বা, অনুমোদনদ্বারাপি যঃ কুর্য্যাদিতি ॥ ১৬৫ ॥

অথ শ্রাবণকৃত্যম্

গৌতমীয়ে—

শ্রাবণে মাসি কৃষ্ণং তং পুষ্পৈঃ কেতকসম্ভবৈঃ।
চন্দ্রচন্দন-কস্তূরী-কুঙ্কুমাদি-সুবাসিতৈঃ।
এলা-লবঙ্গ-কক্কোল-ফলানি বহুধার্পয়েৎ ॥
ইতি ॥ ১৬৬ ॥

অনুবাদ—অনন্তর শ্রাবণ কৃত্য, গৌতমীয়তন্ত্রে—শ্রাবণমাসে শ্রীকৃষ্ণকে কর্পূর, চন্দন, কস্তূরী, কুঙ্কুমাদি দ্বারা সুবাসিত কেতকী পুষ্পসমূহ দ্বারা অর্চ্চনপূর্ব্বক এলাচ, লবঙ্গ, কক্কোলাদি ফলসমূহ অর্পণ করিবে ॥ ১৬৬ ॥

পবিত্রারোপণং কুর্য্যাদ্দ্বাদশ্যামৃষিতর্পণম্।
পৌর্ণমাস্যান্তু কুর্ব্বীত তত্তদুক্তবিধানতঃ ॥ ১৬৭ ॥

অনুবাদ—শুক্লাদ্বাদশীতে পবিত্রারোপণ করিবে এবং ঋষিতর্পণ পূর্ণিমাতে যথাবিধি করিবে ॥ ১৬৭ ॥

টীকা—দ্বাদশ্যাং ভগবতঃ পবিত্রারোপণং কুর্য্যাৎ, পৌর্ণমাস্যাঞ্চ ঋষিতর্পণং কুর্য্যাৎ, তত্র তত্র পবিত্রারোপণে ঋষিতর্পণে চ যৎ শাস্ত্রোক্তং বিধানং প্রকারস্তেন ॥ ১৬৭ ॥

অথ পবিত্রারোপণম্

শ্রাবণস্য সিতে পক্ষে দ্বাদশ্যাং বৈষ্ণবৈর্মুদা ।
কর্ত্তব্যঃ কৃষ্ণদেবস্য পবিত্রারোপণোৎসবঃ ॥ ১৬৮ ॥

অনুবাদ—অনন্তর পবিত্রারোপণ—শ্রাবণমাসের শুক্লপক্ষের দ্বাদশীতে বৈষ্ণবগণের সহিত আনন্দে শ্রীকৃষ্ণচন্দ্রের পবিত্রারোপণ উৎসব কর্ত্তব্য ॥ ১৬৮ ॥

অথ তন্নিত্যতা

বহ্বৃচপরিশিষ্টে—
স স্নাতঃ সর্ব্বতীর্থেষু সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ ।
হরিশ্চ প্রীতিমাপ্নোতি যঃ পবিত্রং সমাচরেৎ ॥১৬৯॥

অনুবাদ—অনন্তর পবিত্রারোপণ নিত্যতা, বহ্বৃচ পরিশিষ্টে—যিনি পবিত্রারোপণ উৎসব যথাবিধি আচরণ করেন, তিনি সর্ব্বতীর্থে স্নান ও সর্ব্বযজ্ঞে দীক্ষার ফল প্রাপ্ত হন, এবং শ্রীহরিও প্রীত হন ॥১৬৯

টীকা—প্রথমং শ্রীভগবৎপ্রীণনত্বান্নিত্যতাং দর্শয়তি—স স্নাত ইতি ॥ ১৬৯ ॥

বিধিনা শাস্ত্রদৃষ্টেন যো ন কুর্য্যাৎ পবিত্রকম্ ।
হরন্তি রাক্ষসাস্তস্য বর্ষপূজাদিকং ফলম্ ॥ ১৭০ ॥

অনুবাদ—যিনি শাস্ত্রোক্ত বিধি অনুসারে পবিত্রারোপণ উৎসব না করেন, তাঁহার সম্বৎসরের ফল রাক্ষসগণ অপহরণ করে ॥ ১৭০ ॥

টীকা—অকরণপ্রত্যবায়দ্বারা নিত্যতাং লিখতি—বিধিনেতি ত্রিভিঃ । আদিশব্দেন জপহোমাদি, ফলমিতি ভগবৎপূজাদেঃ, অতএব ফলরূপত্বাৎ ॥ ১৭০ ॥

যোগসারে পবিত্রোৎপত্ত্যুপাখ্যানে নাগরাজ-পবিত্রং প্রতি রুদ্রেণ বরপ্রদানম্—

যে ত্বাং ন বহু মন্যন্তে যথা সম্ভাবিতো ময়া ।
জপহোমাদিকং তেষাং ফলং ত্বামেতু নিশ্চয়াৎ ॥১৭১

অনুবাদ—যোগসার স্তোত্রে পবিত্র উৎপত্তি উপাখ্যানে নাগরাজ রূপী পবিত্রের প্রতি রুদ্র কর্ত্তৃক বরদান—হে নাগরাজ পবিত্র আমি যেমন তোমাকে উপবীতরূপে গ্রহণ করিলাম, সেই তোমাকে যাহারা বহুমানন না করিবে তাহাদের জপ, হোম, পূজাদির ফল তোমাতেই নিশ্চিতরূপে প্রবেশ করুক ॥ ১৭১ ॥

টীকা—পবিত্রোপাখ্যানং চেদম্—"নাগরাজস্য বাসুকের্ভ্রাতা শ্রীপবিত্রনামা নাগবরো ভক্ত্যা শ্রীশিবমারাধ্য সন্তুষ্টে চ তস্মিন্ বরমযাচত—'ত্বৎকণ্ঠভূষণতাং প্রাপ্নুয়াম্' ইতি । ততশ্চ পরমসন্তুষ্টেন শ্রীশিবেন তথা স্বীকৃত্যোক্তমিদম্—'এবং সর্ব্বেষামেব দেবানাং কণ্ঠভূষণতাং ব্রজ, তত্তৎ-সেবকৈঃ সর্ব্বৈরপি স্বস্বেষ্টদেবে ত্বদাকারত্বেন পবিত্রাণি নির্ম্মায়ারোপ্যন্তামন্যথা চ মহান্ দোষোঽস্তু' ইতি ।" তদেব লিখতি—যে ত্বামিতি ॥ ১৭১ ॥

বিষ্ণুরহস্যে—
ন করোতি বিধানেন পবিত্রারোপণন্তু যঃ ।
তস্য সাংবৎসরী পূজা নিষ্ফলা মুনিসত্তম ॥ ১৭২ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে—যে মানব বিধান অনুসারে পবিত্রারোপণ উৎসব না করে, হে মুনিসত্তম ! তাহার সাংবৎসরী পূজা নিষ্ফল হয় ॥ ১৭২ ॥

তস্মাদ্ভক্তিসমাযুক্তৈর্নরৈর্বিষ্ণুপরায়ণৈঃ ।
বর্ষে বর্ষে তু কর্ত্তব্যং পবিত্রারোপণং হরেঃ ॥ ১৭৩॥

অনুবাদ—অতএব বিষ্ণুভক্ত মানবগণ ভক্তিসহকারে বর্ষে বর্ষে শ্রীহরির পবিত্রারোপণ উৎসব করিবেন ॥ ১৭৩ ॥

টীকা—বর্ষে বর্ষে কর্ত্তব্যমিতি বীপ্সাবিধিদ্বারা নিত্যতোক্তা ; বসন্তে বসন্তে জ্যোতিষা যজেতেতিবৎ । তত্র চ বিষ্ণুপরায়ণৈরিতি বৈষ্ণবানামাবশ্যকতমমিতি বোধিতম্ ॥ ১৭৩ ॥

অথ পবিত্রারোপণমাহাত্ম্যম্

তত্র বৌধায়নঃ—
যাবৎ সূত্রং পবিত্রস্য তাবৎ স্বর্গে মহীয়তে ।
আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং বিপুলং তস্য বর্দ্ধতে ॥ ১৭৪ ॥

অনুবাদ—অনন্তর পবিত্রারোপণ মাহাত্ম্য, এবিষয়ে বৌধায়ন বাক্য—পবিত্রের যতগুলি সূত্র সংখ্যা তত বর্ষ পবিত্র উৎসবকারী স্বর্গে পূজিত হয়, তাহার আয়ু, আরোগ্য, ঐশ্বর্য্য বিপুলভাবে বর্দ্ধিত হয় ॥ ১৭৪॥

টীকা – মহীয়তে পূজ্যতে পবিত্রারোপকঃ ॥১৭৪॥

মহাসংহিতায়াম্—

সম্বৎসরেণ যা পূজা কৃতা বৈ মন্ত্রিণা দ্বিজ।
পবিত্রদানাৎ পূর্ণা স্যাদিত্যাহ ভগবান্ হরিঃ ॥১৭৫॥

অনুবাদ—মহাসংহিতাতে—হে দ্বিজ! মন্ত্রজপকারী সম্বৎসরে যে পূজা করিয়াছেন, পবিত্র দান করিলে তাহা পূর্ণ হইবে—ইহা ভগবান্ শ্রীহরি বলিয়াছেন ॥ ১৭৫ ॥

বিষ্ণুরহস্যে—

পবিত্রারোপণং বিষ্ণোর্ভুক্তিমুক্তিপ্রদায়কম্।
স্ত্রীপুংকীর্ত্তিপ্রদং পুণ্যং সুখসম্পদ্ধনাবহম্ ॥ ১৭৬ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে—শ্রীবিষ্ণুর পবিত্রারোপণ ভুক্তি-মুক্তি-প্রদ, স্ত্রী ও পুরুষের কীর্ত্তিপ্রদ, পবিত্র সুখ, সম্পদ ও ধনপ্রদ ॥ ১৭৬ ॥

টীকা—স্ত্রীপুংসোঃ স্ত্রীপুংসয়োর্দম্পত্যোঃ কীর্ত্তিপ্রদম্, যদ্বা, স্ত্রীণাং পুংসাঞ্চ কীর্ত্তিপ্রদমিতি, বৈষ্ণবীভিঃ স্ত্রীভিরপি বিষ্ণোঃ পবিত্রারোপণং কার্য্যমিতি অভিপ্রেতম্ ॥ ১৭৬ ॥

পুণ্যানাম্ভু তথা পুণ্যং সর্ব্বপাপহরম্ভু বৈ।
পবিত্রারোপণং তস্মাৎ পবিত্রং পরমং স্মৃতম্ ॥১৭৭

অনুবাদ—পুণ্যগণের মধ্যে পুণ্য সর্ব্বপাপহর পবিত্রারোপণ, অতএব পরম পবিত্র ॥ ১৭৭ ॥

টীকা—পুণ্যানাং মধ্যে পুণ্যং পরমশ্রেষ্ঠমিত্যর্থঃ। এবঞ্চ পবিত্রং নাম নিরুক্তম্ ॥ ১৭৭ ॥

সম্বৎসরেণ যো ভক্ত্যা সমভ্যর্চ্চ্য জনার্দ্দনম্।
যৎ ফলং সমবাপ্নোতি পবিত্রারোপণেন তৎ ॥১৭৮॥

অনুবাদ—শ্রীজনার্দ্দনকে সম্বৎসর ভক্তিসহ সম্যক্ অর্চ্চন করিয়া যে ফল পাওয়া যায়, পবিত্রারোপণে সেই ফল লাভ হয় ॥ ১৭৮ ॥

কিঞ্চ—

পাবয়ত্যেনসো নিত্যং ত্রায়তে ভববন্ধনাৎ।
পবিত্রং তেন বিখ্যাতং ব্রাহ্মং
তেজোঽভিধীয়তে ॥ ১৭৯ ॥

অনুবাদ—কিঞ্চ—পাপ সকল হইতে নিত্য পবিত্র করে এবং ভব বন্ধন হইতে পরিত্রাণ করে, এই কারণে ইহার নাম পবিত্র ব্রহ্মসূত্র। পরব্রহ্মময় তেজ ইহা সর্ব্বভাবে কীর্ত্তিত হয় ॥ ১৭৯ ॥

টীকা—বিশেষতস্তদেব নির্ব্বক্তি—পাবয়তীতি। যতস্তদ্ব্রাহ্মং পরব্রহ্মময়ং তেজ ইত্যভিতো গীয়তে ॥ ১৭৯ ॥

বিষ্ণ্বাখ্যয়া তু বিখ্যাতং তদা লোকে বিধীয়তে।
স এব সূত্ররূপেণ যজ্ঞেশঃ কর্ম্মণাং প্রভুঃ ॥ ১৮০ ॥

অনুবাদ—বিষ্ণুলোক বৈকুণ্ঠে বিষ্ণুই বনমালার ন্যায় 'পবিত্র' নামে বিখ্যাত। বিষ্ণুই সূত্ররূপে কর্ম্মসকলের প্রভু যজ্ঞেশ বা যজ্ঞসূত্র ॥ ১৮০ ॥

টীকা—এবং বনমালাদিবচ্ছ্রীভগবতঃ প্রত্যঙ্গরূপেণ তদ্ভেদতাং দর্শয়ন্ মাহাত্ম্য-বিশেষমাহ—বিষ্ণ্বাখ্যয়েতি দ্বয়েন। তত্র হেতুঃ—স এবেতি ॥১৮০

তদেব ত্রিগুণীসূত্রং ততং নারায়ণাখ্যয়া।
ত্রিদেবাত্মা ত্রিবেদাত্মা ত্র্যক্ষরঃ প্রণবঃ স্মৃতঃ ॥১৮১॥

অনুবাদ—বিষ্ণুই ত্রিগুণী সূত্র নারায়ণ নামে বিখ্যাত, অতএব ত্রিদেব ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, ত্রিবেদ—ঋক-সাম-যজুঃ, ত্রি—অক্ষর প্রণব রূপী যজ্ঞসূত্র। শ্রীবৈকুণ্ঠ লোকে ভগবানের ভূষণরূপে পবিত্র। বৈষ্ণবগণের ভক্তি বিশেষে ত্রিগুণীকৃত পবিত্রে শ্রীভগবান্ অধিষ্ঠাতা, শ্রীমহেশ্বরের পবিত্রে নাগরাজ অধিষ্ঠিত—এই পার্থক্য ॥ ১৮১ ॥

টীকা—ত্রয়াণাং গুণানাং সমাহারঃ ত্রিগুণী, তন্ম-

য়ং সূত্রম্ ; ত্রিগুণত্বে কারণমাহ—ত্রিদেবেতি। ত্রয়ো দেবা ব্রহ্মাদ্যাস্তদাত্মকঃ। এবং শ্রীবৈকুণ্ঠলোকে ভগবদ্ভূষণত্বেন নিত্যসিদ্ধমেব পবিত্রং শ্রীমহেশ্বরাপেক্ষয়া শ্রীবৈষ্ণবানাং ভক্তিবিশেষেণ ত্রিগুণীকৃত-সূত্রনির্ম্মিত-পবিত্রে শ্রীমূর্ত্তৌ স্বয়ং ভগবানিবাধিষ্ঠিয়াত্রাপি শ্রীভগবন্মূর্ত্তের্ভূষণতাং প্রয়াতীতি বোদ্ধব্যম্। অতএবাবাহনমন্ত্রে 'বিষ্ণুলোকাৎ পবিত্রাদ্য আগচ্ছ' ইতি ॥ ১৮১ ॥

তত্র বৌধায়নাদ্যুক্তঃ পবিত্রারোপণে বিধিঃ।
সম্মতো বিদুষাং কৃষ্ণার্চ্চনে যোঽত্র স লিখ্যতে ॥১৮২

অনুবাদ—এই গ্রন্থে পবিত্রারোপণ প্রসঙ্গে বৌধায়নাদি উক্ত বিধি, যাহা সম্প্রদান বিদ্বৎগণের সম্মত, শ্রীকৃষ্ণ অর্চ্চনে তাহাই লিখিত হইতেছে ॥ ১৮২ ॥

টীকা—বিদুষাং সম্মত ইতি সম্প্রদায়ভেদেন বিবিধঃ স্যাত্তত্র শাস্ত্রাভিজ্ঞসম্প্রদায়ানুমতো বিধিরত্র লিখ্যত ইত্যর্থঃ ॥ ১৮২ ॥

অথ পবিত্রারোপণবিধিঃ

সৌবর্ণৈ রাজতৈস্তাম্রৈঃ ক্ষৌমৈঃ সূত্রৈস্তু পাদ্মিকৈঃ।
কার্পাসৈর্বা পবিত্রাণীষ্যন্তে কাশৈঃ কুশৈরপি ॥১৮৩॥

অনুবাদ—অনন্তর পবিত্রারোপণ বিধি—স্বর্ণ, রৌপ্য, তাম্র, তসরসূত্র, পদ্মসূত্র বা কার্পাসসূত্র রচিত পবিত্র সকল শ্রীকৃষ্ণের অভিলষিত, অন্যত্র কাশ, কুশ রচিতও হয় ॥ ১৮৩ ॥

টীকা—সৌবর্ণাদীনাং সূত্রাণাং মধ্যে পূর্ব্বপূর্ব্বাভাবে পরৈঃ পরৈরিতি জ্ঞেয়ম্। তত্র ক্ষৌমৈঃ পট্টসূত্রৈঃ, পাদ্মিকৈঃ পদ্মসূত্রৈঃ ॥ ১৮৩ ॥

তত্র কার্পাসিকং সূত্রং ব্রাহ্মণীকর্ত্তিতং শুভম্।
আনীয় ত্রিগুণীকৃত্য পুনস্ত্রিগুণয়েৎ শুচিঃ ॥ ১৮৪ ॥

অনুবাদ—তন্মধ্যে বিশুদ্ধ পবিত্র মঙ্গলজনক ব্রাহ্মণী কর্ত্তিত কার্পাসসূত্র আনিয়া ত্রিগুণ করিয়া পুনরায় ত্রিগুণ করিবে ॥ ১৮৪ ॥

টীকা—অথ কার্পাসিকেষু কঞ্চিদ্বিশেষং দর্শয়ন্ আদৌ পবিত্রনির্ম্মাণবিধিং লিখতি—তত্রেত্যাদিনা। ব্রাহ্মণ্যা ব্রাহ্মণকুমার্য্যা সুশীলয়া বা বিধবয়া, তু শূদ্রয়া দুঃশীলয়া বা কর্ত্তিতং, শুভম্ উত্তমং লিখিতন্যায়েন কর্ত্তিতং স্বতশ্চ অনতিস্থৌল্যাদিনা। শুচিঃ স্নানাদিনা পবিত্রঃ সন্ ॥ ১৮৪ ॥

পঞ্চগব্যেন তৎ প্রোক্ষ্য প্রক্ষাল্য শুচিনাম্বুনা।
মূলেনাষ্টোত্তরশতং মন্ত্রেণাথাভিমন্ত্রয়েৎ ॥ ১৮৫ ॥

অনুবাদ—পঞ্চগব্য দ্বারা তাহা ছিটা দিয়া বিশুদ্ধ গঙ্গাদিজলে ধৌত করিয়া মূলমন্ত্র দ্বারা একশত অষ্টবার অভিমন্ত্রিত করিবে ॥ ১৮৫ ॥

টীকা—তৎ নবগুণীকৃতসূত্রং শুচিনা শুদ্ধেন জলেন প্রক্ষাল্য, অথানন্তরং মূলেন মন্ত্রেণ অষ্টোত্তরশতবারান্ অভিমন্ত্রয়েৎ ॥ ১৮৫ ॥

ত্রীণি সাষ্টশতেনাস্য তস্যার্দ্ধেনাস্য চার্দ্ধতঃ।
জানূরুনাভিদঘ্নানি পবিত্রাণ্যাচরেৎ প্রভোঃ ॥১৮৬॥

অনুবাদ—তিনটি পবিত্ররচিত করিবে—প্রথমটি ১০৮ সূত্রে শ্রীবিগ্রহের জানু পর্য্যন্ত লম্বমান, দ্বিতীয়টি—৫৪ সূত্রে শ্রীবিগ্রহের উরু পর্য্যন্ত, তৃতীয়টি—২৭ সূত্রে শ্রীবিগ্রহের নাভি পর্য্যন্ত লম্বমান হইবে ॥১৮৬॥

টীকা—তেন চ সূত্রেণ জ্যেষ্ঠ-মধ্যম-কনিষ্ঠানি ত্রীণি পবিত্রাণি ক্রমেণ শুচৌ দেশে বৈষ্ণবৈঃ সহ যজ্ঞোপবীতবৎ বধ্নীয়াদিতি লিখতি—ত্রিণীতি। অস্য নবগুণীকৃতসূত্রস্য সাষ্টশতেনাষ্টোত্তরশতেন তাবদ্গুণিতেনেত্যর্থঃ। এবমগ্রেঽপি। তস্য সাষ্টশতস্যার্দ্ধেন চতুষ্পঞ্চাশতা, অস্য তদর্দ্ধস্য চার্দ্ধতঃ সপ্তবিংশত্যেত্যর্থঃ। এবং স্থৌল্যপরিমাণং লিখিত্বা দৈর্ঘ্যপরিমাণং লিখতি—প্রভোঃ শ্রীভগবন্মূর্ত্তেঃ ক্রমেণ জান্বাদিমাত্রাণীতি, তত্রাষ্টোত্তরশতনবসূত্রীভির্জানু-পর্য্যন্তং জ্যেষ্ঠং, চতুষ্পঞ্চাশতা চোরুপর্য্যন্তং মধ্যমং, সপ্তবিংশত্যা চ নাভিপর্য্যন্তং কনিষ্ঠমিতি জ্ঞেয়ম্ ॥১৮৬

ষট্‌ত্রিংশদ্‌গ্রন্থয়স্তেষামাদ্যে কার্য্যাস্তু মধ্যমে ॥
চতুর্ব্বিংশতিরন্তে চ দ্বাদশ গ্রন্থয়ো বুধৈঃ ॥ ১৮৭ ॥

অনুবাদ—প্রথমটিতে—৩৬ গ্রন্থি, মধ্যমটিতে—২৪ গ্রন্থি, তৃতীয়টিতে—১২ গ্রন্থি, অভিজ্ঞ ব্যক্তিদ্বারা করাইবে ॥ ১৮৭ ॥

টীকা—পবিত্রাণাং মধ্যে মধ্যে চ সমভাগেন গ্রন্থীন্ বধ্নীয়াদিতি লিখতি—ষট্‌ত্রিংশদিতি। তেষাং ত্রয়াণাং মধ্যে আদ্যে জ্যেষ্ঠে, মধ্যমে চতুর্ব্বিংশতিগ্রন্থয়ঃ কার্য্যাঃ, অন্ত্যে কনিষ্ঠে ॥ ১৮৭ ॥

অঙ্গুষ্ঠপর্ব্বমাত্রন্তু কুর্য্যাদ্‌গ্রন্থিমথোত্তমে।
তদর্দ্ধং মধ্যমে কুর্য্যাত্তদর্দ্ধঞ্চ কনীয়সি॥ ১৮৮ ॥

অনুবাদ—প্রথমটিতে—অঙ্গুষ্ঠ পর্ব্ব পরিমাণ অন্তর গ্রন্থি দিবে, দ্বিতীয়টিতে—তাহার অর্দ্ধেক পরিমাণ অন্তর, তৃতীয়টিতে—তাহার অর্দ্ধেক পরিমাণ অন্তর ॥ ১৮৮ ॥

টীকা—গ্রন্থিপরিমাণং লিখতি—অঙ্গুষ্ঠেতি। তত্রাঙ্গুষ্ঠপর্ব্ব চ শ্রীভগবন্মূর্ত্তের্গ্রাহ্যম্, অন্যথা হ্রস্বশ্রীমূর্ত্তেঃ পবিত্রস্যাপি হ্রস্বত্বে যজমানাঙ্গুষ্ঠপর্ব্ব-পরিমিত-তাবদ্‌-গ্রন্থিসন্নিবেশাভাবাৎ। তদর্দ্ধমঙ্গুষ্ঠপর্ব্বার্দ্ধমিতঞ্চ মধ্যমে, তদর্দ্ধং চ অঙ্গুষ্ঠপর্ব্বপাদমিতং কনিষ্ঠে গ্রন্থিং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১৮৮ ॥

গ্রন্থীন্ কুর্ব্বীত সর্ব্বত্র সুবৃত্তান্ সুমনোহরান্।
ন বৈ বিষমসংখ্যাকান্ গ্রন্থীন্ কুর্ব্বীত কুত্রচিৎ॥১৮৯

অনুবাদ—গ্রন্থিগুলি সর্ব্বত্র সুগোল সুদৃশ্য হইবে, কোথাও বিষম বিজোড় সংখ্যা গ্রন্থি করিবে না॥১৮৯

টীকা—সর্ব্বত্র সর্ব্বেষ্বেব পবিত্রেষু, বৈ প্রসিদ্ধৌ, ত্বর্থে বা, বিষমসংখ্যাকানযুগ্মান্ কুত্রচিৎ পরিবারাদি-পবিত্রেষ্বপিন কুর্য্যাৎ ॥ ১৮৯ ॥

অষ্টোত্তরসহস্রেণ তৎসূত্রস্য পবিত্রকম্।
অষ্টোত্তরশতগ্রন্থিবনমালাখ্যমাচরেৎ ॥ ১৯০ ॥

অনুবাদ—অষ্টোত্তর সহস্র সূত্র দ্বারা রচিত পবিত্র, তাহাতে অষ্টোত্তর শত গ্রন্থি থাকিলে তাহার নাম 'বনমালা' ॥ ১৯০ ॥

টীকা—তস্য নবগুণীকৃতস্য সূত্রস্য, অষ্টোত্তরশতং গ্রন্থয়ো যস্মিন্ তৎ ॥ ১৯০ ॥

আরভ্য মুকুটং যা তু সূত্রৈর্বিরচিতা শুভা।
আপাদলম্বিনী মালা বনমালা প্রকীর্ত্তিতা ॥ ১৯১ ॥

অনুবাদ—যাহা সূত্রসমূহদ্বারা বিরচিত এবং মুকুট হইতে চরণ পর্য্যন্ত লম্বিনী পবিত্র মালাকে 'বনমালা' নামে ঘোষণা করা হয় ॥ ১৯১ ॥

টীকা—বনমালা-পবিত্রপরিমাণং লিখতি—আরভ্যেতি। মুকুটাভাবে সতি শ্রীমস্তকং গ্রাহ্যম্ ॥১৯১॥

কুর্য্যাদ্‌গন্ধপবিত্রঞ্চ সূত্রৈর্দ্বাদশভিঃ শুভৈঃ।
অরত্নিপ্রমিতং তচ্চ দ্বাদশগ্রন্থিকং কৃতী ॥ ১৯২ ॥

অনুবাদ—পবিত্র দ্বাদশ সূত্র দ্বারা রচিত, দ্বাদশ গ্রন্থিযুক্ত, অরত্নি পরিমিত (১৫ ইঞ্চি) 'গন্ধ পবিত্র' রচনা করিবে ॥ ১৯২ ॥

টীকা—তৈর্নবগুণীকৃতৈঃ সূত্রৈরধিবাসনার্থং সমর্প্যং পবিত্রং যৎ, তদ্‌গন্ধপবিত্রম্ ॥ ১৯২ ॥

পবিত্রাণি পরিবারদেবতানাং সমাচরেৎ।
সূত্রৈস্তৈরুড়ুসংখ্যাকৈঃ কলাসংখ্যার্কসংখ্যকৈঃ॥১৯৩
তেষু গ্রন্থীন্ যথাশোভং বদ্ধা বহ্নেগুরোরপি।
সপ্তবিংশতিভিঃ সূত্রৈঃ ষড়্‌বিংশতিভিরাত্মনঃ ॥১৯৪॥

অনুবাদ—শ্রীভগবানের পরিকর দেবগণের পবিত্র সমূহ ২৭ সূত্রদ্বারা, ১৬ সূত্রদ্বারা বা ১২ সূত্রদ্বারা রচনা করিবেন, তাহাতে গ্রন্থিগুলি শোভা অনুসারে সজ্জিত করিবেন। অগ্নিদেবের পবিত্র ২৭ সূত্রদ্বারা এবং শ্রীগুরুদেবের পবিত্র ২৬ সূত্রদ্বারা করিবেন ॥ ১৯৩-১৯৪ ॥

টীকা—উড়ূনি নক্ষত্রাণি, তৎসংখ্যাদিগুণিতৈঃ তৈর্নবগুণীকৃতৈঃ সূত্রৈঃ ক্রমেণ জ্যেষ্ঠ-মধ্যম-কনিষ্ঠানি ত্রীণি পবিত্রাণি সম্যগাচরেৎ। তত্র উড়ূনি সপ্তবিংশতিঃ, কলাঃ ষোড়শ, অর্কা আদিত্যা দ্বাদশ ॥১৯৩

টীকা—গুরোরগ্নেশ্চ দ্বে পবিত্রে সপ্তবিংশতিভি-

নবগুণীকৃতসূত্রৈরাত্মনো যজমানস্য পবিত্রং ষড়্বিংশ-তিভিঃ কুর্য্যাৎ ॥ ১৯৪ ॥

যথাসম্ভবমন্যেষাং পবিত্রাণি চ কারয়েৎ ।
সম্পাদয়েচ্চ সর্ব্বাণি শোভনান্যেব যত্নতঃ ॥ ১৯৫ ॥

অনুবাদ—অন্য সকলের পবিত্র যথাসম্ভব করিবেন, ঐসকলগুলি যত্নসহ সুশোভন সুদৃশ্য করিবেন ॥ ১৯৫ ॥

টীকা—অন্যেষাং বৈষ্ণবাদীনাং তত্র তত্রাশক্তাবপি লিখিতানি সর্ব্বাণ্যেব পবিত্রাণি সুন্দরাণ্যেব কুর্য্যাদিতি লিখতি—সম্পাদয়েদিতি ॥ ১৯৫ ॥

তথা চোক্তম্—
বিশোভসূত্রদানেন কর্ত্তুঃ স্যাদশুভং ফলম্ ।
পবিত্রং পরয়া ভক্ত্যা তস্মাৎ কুর্ব্বীত শোভনম্ ॥
ইতি ॥ ১৯৬ ॥

অনুবাদ—তাহাই বলা হইয়াছে—শোভাবিহীন সূত্রদান করিলে রচনাকারীর ও দাতার অশুভ ফল হইবে, অতএব পরম ভক্তিসহকারে সুশোভন পবিত্র করিবে ॥ ১৯৬ ॥

টীকা—বিশোভস্য শোভারহিতস্য সূত্রস্য পবিত্রস্য দানেন, কর্ত্তুর্যজমানস্য, শোভনং সুন্দরম্ ॥ ১৯৬ ॥

রঞ্জয়িত্বাথ কাশ্মীরাগুরুগোরোচনাদিভিঃ ।
বস্ত্রেণাচ্ছাদ্য পটলে স্থাপয়েত্তানি বৈণবে ॥ ১৯৭ ॥
ইতি পবিত্রনির্ম্মাণম্ ।

অনুবাদ—কাশ্মীর, অগুরু ও গোরোচনাদিদ্বারা রঞ্জিত করিয়া বস্ত্রদ্বারা আচ্ছাদিত করিয়া বাঁশের পেটিকাতে রাখিবে ॥ ১৯৭ ॥

ইতি পবিত্র নির্ম্মাণ ।

টীকা—অথ নির্ম্মাণানন্তরং তানি সর্ব্বাণি পবিত্রাণি কাশ্মীরাদিনা রঞ্জয়িত্বা যথাশোভং সর্ব্বত্র গ্রন্থিষু বা রঙ্গং কারয়িত্বা বৈণবপটলসম্পুটান্তঃ শুভ্রবস্ত্রেণাচ্ছাদ্য স্থাপয়েৎ । আদি-শব্দেন কর্পূরাদি, তত্রাশক্তৌ কেবল-কুঙ্কুমেনাপি, তত্রাপ্যশক্তৌ হরিদ্রাদিনাপীতি জ্ঞেয়ম্ ॥ ১৯৭ ॥

কৃত্বা কৃত্যং দশম্যাঞ্চ পবিত্রারোপণায় হি ।
কৃষ্ণং বিজ্ঞাপ্য তদ্রাত্রিং যথা
প্রাগ্লিখিতং নয়েৎ ॥ ১৯৮ ॥

অনুবাদ—পবিত্র আরোপণের জন্য দশমীদিনে যাবতীয় করণীয় শেষ করিয়া শ্রীকৃষ্ণকে প্রার্থনা করিয়া পূর্ব্বলিখিত অনুসারে রাত্রি যাপন করিবে ॥ ১৯৮ ॥

টীকা—ইদানীং পবিত্রারোপণোৎসবে দশম্যাদি-দিনত্রয়কৃত্যানি লিখন্নাদৌ দশমীকৃত্যং লিখতি—কৃত্বেতি । দশম্যাং কৃত্যঞ্চ যথা প্রাগ্লিখিতং পূর্ব্বং দশমীনিয়মে যল্লিখিতং তদনুসারেণ জ্ঞেয়ম্ । তচ্চ দশমীনিয়মেন কৃতৈকভক্তো বিহিতকাষ্ঠেন দন্তান্ শোধয়িত্বা দ্বিরাচম্য সন্ধ্যাকৃত্যং নির্বর্ত্ত্য ভগবন্তং পূজ-য়েদিতি । ততশ্চ পুষ্পাঞ্জলিং দত্ত্বা ভগবন্তং বিজ্ঞাপ্য 'তব যাগং করিষ্যেঽহংহ পবিত্রময়মচ্যুত । আমন্ত্রি-তোঽসি ভগবন্ পরিবারযুতো ময়া ॥' ইত্যাদি সং-প্রার্থ্য, তস্যা দশম্যা রাত্রিঞ্চ যথা প্রাগ্লিখিতমেব, ব্রহ্মচর্য্য-ভূশয়নাদিনিয়মেন নয়েৎ অতিবাহয়েৎ । তত্র চ কেষাঞ্চিন্মতে দশমীরাত্রিমিত্থং নীত্বা একাদশ্যাং প্রাতঃ কৃতনিত্যকৃত্যো ভগবন্তমভ্যর্চ্য পবিত্রারোপণ-সঙ্কল্পং যথাবৎ কৃত্বা পবিত্রারোপণোপকরণানি যথা-শক্তি সম্ভৃত্য গুরুং প্রণম্য সন্নিধৌ চ সতন্তস্যানুজ্ঞয়া পবিত্রাণি কুর্য্যাদিতি । তচ্চ তস্মিন্নেবৈকাদশীদিনে পবিত্রনির্ম্মাণাদ্যখিলকর্ম্মসু শক্তস্য তথৈব বোদ্ধব্যমিতি দিক্ ॥ ১৯৮ ॥

একাদশ্যাং প্রভাতে চ নিত্যকৃত্যং সমাপ্য হি ।
দেবালয়মুপস্কৃত্য মণ্ডলং রচয়েৎ শুভম্ ॥ ১৯৯ ॥

অনুবাদ—একাদশীদিনে প্রভাতে নিত্যকর্ম্ম সমা-ধান করিয়া দেবালয় মার্জ্জিত করিয়া শুভ মণ্ডল রচনা করিবে (আলপনা দিবে) ॥ ১৯৯ ॥

টীকা—একাদশীদিনকৃত্যং লিখতি—একাদশ্যা-মিত্যাদিনা নিশীত্যন্তেন । নিত্যকৃত্যং প্রাতঃস্নানাদি, উপস্কৃত্য লেপনাদিনা বিতানবন্ধনাদিনা চালঙ্কৃত্য, শুভং মঙ্গলং সর্ব্বতোভদ্রাদি ; অত্র কেষাঞ্চিন্মতেঽ-ধিকমিদম্—আদৌ দ্বারাধিষ্ঠাতৃদেবতার্চ্চনপূর্ব্বকং যাগমণ্ডপং প্রবিশ্য ষট্‌ত্রিংশদ্দর্ভদলৈর্বেণীমরত্নিসম্মি-

তাং নির্ম্মায় মূলমন্ত্রেণ তাং পঞ্চগব্যবিশুদ্ধাং বিধায় ভূতশুদ্ধিং কৃত্বা পঞ্চগব্যাক্তয়া তয়া বেণ্যা সর্ব্বতো যাগমণ্ডপাভ্যন্তরং প্রোক্ষয়েৎ। ততো গুর্ব্ব দিনমস্কার-পূর্ব্বকং স্বাগমোক্তপ্রকারেণ ন্যাসজালং কৃত্বা নৃসিংহ-বীজেন সর্ষপানভিমন্ত্র্য দিক্ষু নিক্ষিপেৎ। তাংশ্চ প্রাকারাকারেণাবস্থিতান্ বিচিন্তয়েৎ। ততশ্চ সুশীলং বেদবেদাঙ্গপারগং বৈষ্ণবমেকং হোমার্থং বিধিবদ্বৃণু-য়াৎ। স চাগমোক্তপ্রকারেণ স্বগৃহ্যোক্তবিধিনাষ্টো-ত্তরশতমষ্টাবিংশতিবারানাজ্যাহুতীর্হুত্বা সংস্রবপাত্রে আহুতশেষাজ্যং পবিত্রসংস্কারার্থং নিক্ষিপেৎ। যজ-মানস্তু যথাবিধি ন্যাসান্ কৃত্বা, নৈমিত্তিকীং মহাপূজাং কৃত্বা পশ্চাৎ পবিত্রারোপণোৎসবহেতুকাং মহাপূজাং বিধিবদারভেতেতি ॥ ১৯৯ ॥

কৃত্বা কৃষ্ণস্য নিত্যার্চ্চাং পবিত্রারোপণার্থকাম্।
পূজাং বিশেষতঃ কৃত্বা কৃষ্ণং বিজ্ঞাপয়েদিদম্ ॥২০০

অনুবাদ—শ্রীকৃষ্ণের নিত্যপূজা সমাধান করিয়া পবিত্রারোপণের জন্য বিশেষ পূজা করিয়া শ্রীকৃষ্ণকে এইরূপ নিবেদন করিবে ॥ ২০০ ॥

টীকা—নিত্যার্চ্চাং নিত্যকরণীয়পূজাং কৃত্বা পশ্চাৎ পবিত্রারোপণোৎসবহেতুকাং পুনর্বিশেষত আধিক্যেন পূজাং কৃত্বা, ইদং ক্রিয়ালোপেত্যাদি ॥ ২০০ ॥

ক্রিয়ালোপবিঘাতার্থং যত্ত্বয়া বিহিতং প্রভো।
ময়ৈতৎ ক্রিয়তে দেব তব তুষ্ট্যৈ পবিত্রকম্ ॥২০১॥

অনুবাদ—হে প্রভো! সাংবাৎসরিক পূজাফল নির্ব্বিঘ্নে প্রাপ্তির জন্য আপনি যাহা বিধান করিয়া-ছেন, হে দেব! আপনার তুষ্টির জন্য আমি এই পবিত্র আরোপণ উৎসব করিতেছি ॥ ২০১ ॥

ন মে বিঘ্নো ভবেৎ ত্বত্র কুরু নাথ দয়াং ময়ি।
সর্ব্বথা সর্ব্বদা বিষ্ণো মম ত্বং পরমা গতিঃ ॥
ইত্যাদি ॥ ২০২ ॥

অনুবাদ—হে নাথ! আমার প্রতি দয়া করুন এই কার্য্যে আমার যেন বিঘ্ন না হয়। হে বিষ্ণো! সর্ব্বপ্রকারে সর্ব্বদা আপনিই আমার পরমা গতি ॥২০২

টীকা—ক্রিয়াণাং সম্বৎসরকৃতপুণ্যানাং লোপস্য যো বিঘাতঃ পরিহারস্তদর্থং পবিত্রকং পবিত্রারোপণম্। আদি-শব্দাৎ—'উপবাসব্রতেন ত্বাং তোষয়ামি জগৎ-পতে। কামক্রোধাদয়ো হ্যেতে ন মে স্যুর্ব্রতঘাতকাঃ। অদ্য প্রভৃতি দেবেশ যাবদ্বৈশেষিকং দিনম্। তাবদ্রক্ষা ত্বয়া কার্য্যা সর্ব্বস্যাস্য নমোঽস্তু তে' ইতি গ্রাহ্যম্, তচ্চ সর্ব্বসাধারণত্বান্ন স্পষ্টং লিখিতম্ ॥২০১-২০২॥

দেবস্য সর্ব্বতো ন্যসেদ্দন্তকাষ্ঠং জলং কুশান্।
মৃত্তিকাঞ্চ হরিদ্রাঞ্চ কুঙ্কুমং রোচনানি চ ॥ ২০৩ ॥
উপানহৌ সিতচ্ছত্রং চামরং ব্যজনং তথা।
যবব্রীহ্যাদিধান্যানি যথাস্থানং পৃথক্ পৃথক্ ॥২০৪॥

অনুবাদ—শ্রীবিগ্রহের সম্মুখে দন্তকাষ্ঠ, জল, কুশ, মৃত্তিকা, হরিদ্রা, কঙ্কুম, গোরোচনা, পাদুকা, শ্বেতছত্র, চামর, ব্যজন, যব, ব্রীহি ও আদি ধান্যসমূহ যথা-স্থানে পৃথক্ পৃথক্ রাখিবে ॥ ২০৩-২০৪ ॥

টীকা—ইদানীং অধিবাসসম্ভারাসাদনং লিখতি—দেবস্যেতি দ্বাভ্যাম্। সর্ব্বতঃ পরিতঃ দন্তকাষ্ঠা-দীনি যথাস্থানং তত্তদ্যোগ্যস্থলে পৃথক্ পৃথক্ ন্যস্যে-দিত্যধ্যাদিতি দ্বয়োরন্বয়ঃ ॥ ২০৩-২০৪ ॥

কুম্ভং শুদ্ধাম্বুনাপূর্য্য সর্ব্বতোভদ্রমণ্ডলে।
দেবাগ্রতো নিধায়াস্মিন্ পবিত্রাণ্যধিবাসয়েৎ ॥২০৫॥

অনুবাদ—কুম্ভকে পবিত্র জলদ্বারা পূর্ণ করিয়া সর্ব্বতোভদ্র মণ্ডলে শ্রীবিগ্রহের অগ্রে স্থাপন করিয়া পবিত্রসমূহকে অধিবাসিত করিবে ॥ ২০৫ ॥

টীকা—অধুনাধিবাসপ্রকারং লিখতি—কুম্ভমিত্যা-দিনা অবগুণ্ঠয়েদিত্যন্তেন। অস্মিন্ কুম্ভে, তদুপরি পবিত্রাণি বৈণবপটলান্তর্নিহিতান্যেব নিধায় ন্যস্যাধি-বাসয়েৎ ॥ ২০৫ ॥

অথ পবিত্রাধিবাসনম্

ভগবৎপুরতস্থানি পটলস্থানি পূজয়ন্।
আদাবাবাহয়েন্ম‌ন্ত্রযুজা তন্মনুনা বুধঃ ॥ ২০৬ ॥

অনুবাদ—অনন্তর পবিত্র অধিবাস—শ্রীভগবানের সম্মুখে পেটিকাতে পবিত্রগুলি রাখিয়া পূজাকালে প্রথমত মূলমন্ত্রযুক্ত করিয়া অভিজ্ঞ ব্যক্তি আবাহন করিবে ॥ ২০৬ ॥

টীকা—তানি পবিত্রাণি মূলযুজা মূলমন্ত্রযুক্তেন, তস্য পবিত্রাবাহনস্য মনুনা মন্ত্রেণ ॥ ২০৬ ॥

———

অথ তন্মন্ত্রঃ

ওঁ সাম্বৎসরস্য যাগস্য পবিত্রীকরণায় ভোঃ।
বিষ্ণুলোকাৎ পবিত্রাদ্য আগচ্ছেহ
নমোঽস্তু তে ॥ ২০৭ ॥

অনুবাদ—উক্ত মন্ত্র—প্রণব সহ হে পবিত্র আমার সাম্বৎসরিক পূজার পবিত্রীকরণের জন্য আপনি অদ্য শ্রীবিষ্ণুলোক হইতে এইস্থলে আগমন করুন। আপনাকে নমস্কার ॥ ২০৭ ॥

টীকা—অদ্য আরোপণকালে, হে আদ্যেতি বা ॥ ২০৭ ॥

———

ত্বেৎবাবাহ্য যথাস্থানং ব্রহ্মাদ্যা দেবতাস্ততঃ।
তত্তন্মন্ত্রৈঃ সন্নিধাপ্যাক্ষতগন্ধাদিনার্চ্চয়েৎ ॥ ২০৮ ॥

অনুবাদ—অতপর যথাস্থানে ব্রহ্মাদি পরিকর দেবগণকে সেই সেই মন্ত্রে আহ্বান ও স্থাপন করিয়া আতপ চাউল, চন্দন, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, তাম্বূলাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ২০৮ ॥

টীকা—তেষু পবিত্রেষু দেবতাঃ পবিত্রাধিষ্ঠাত্রীঃ যথাস্থানং স্বস্বস্থানে আবাহনমুদ্রয়া তত্তন্মন্ত্রৈরাবাহ্য সন্নিধাপ্য, সন্নিধীকরণমুদ্রয়া সন্নিধীকৃত্য, চক্রমুদ্রয়া সংরক্ষ্য, ধেনুমুদ্রয়া অমৃতীকৃত্য অক্ষতাদিনা পূজয়েৎ। আদি-শব্দেন পুষ্প-ধূপ-দীপ-নৈবেদ্যতাম্বূলাদি ॥২০৮

———

অথ তত্র তত্র দেবতাঃ

ব্রহ্মবিষ্ণুমহাদেবাস্ত্রীসূত্রীদেবতাঃ স্মৃতাঃ।
প্রণবো বায়ুবহ্নী চ ব্রহ্মা নাগঃ শশী রবিঃ।
শিবশ্চ বিশ্বদেবাশ্চ নবসূত্র্যধিদেবতাঃ ॥ ২০৯ ॥

অনুবাদ—অনন্তর সেই সেই দেবতা—ব্রহ্মা, বিষ্ণু, মহাদেব ইহারা ত্রিগুণিত সূত্রের দেবতা। প্রণব, বায়ু, অগ্নি, ব্রহ্মা, নাগ, শশী, রবি, শিব, বিশ্বদেব ইহারা নবসূত্রের অধিদেবতা ॥ ২০৯ ॥

———

ক্রিয়া চ পৌরুষী বীরা চতুর্থী চাপরাজিতা।
জয়া চ বিজয়া চৈব মুক্তিদা চ সদাশিবা ॥ ২১০ ॥
মনোময়ী তু নবমী দশমী সর্ব্বতোমুখী।
গ্রন্থীনাং দেবতাস্ত্বেতাস্তত্র তত্র নিবেদয়েৎ ॥
ইতি ॥ ২১১ ॥

অনুবাদ—ক্রিয়া, পৌরুষী, বীরা, অপরাজিতা, জয়া, বিজয়া, মুক্তিদা, সদাশিবা, মনোময়ী, সর্ব্বতোমুখী—এই দশ গ্রন্থি দেবতা, সেই সেই স্থানে নিবেদন করিবেন ॥ ২১০-২১১ ॥

———

তন্মন্ত্রাঃ

ওঁ সর্ব্বাভরণচিত্রাঙ্গ সর্ব্বদেবনমস্কৃত।
লাবণ্যরূপবিশ্বাত্মন্ জ্যেষ্ঠসূত্রং সমাশ্রয় ॥ ২১২ ॥

অনুবাদ—অনন্তর সেই মন্ত্রসমূহ—প্রণবযুক্ত হে সর্ব্বাভরণ চিত্রাঙ্গ! হে সর্ব্বদেব নমস্কৃত! হে লাবণ্যরূপ বিশ্বাত্মন্! জ্যেষ্ঠ সূত্র আশ্রয় করুন ॥ ২১২ ॥

———

ওঁ সর্ব্বলক্ষ্মীকর শ্রীশ সর্ব্বজ্ঞানরসাত্মক।
নিবৃত্তরূপ বিশ্বাত্মন্ মধ্যসূত্রং সমাশ্রয় ॥ ২১৩ ॥

অনুবাদ—প্রণবসহ হে লক্ষ্মীকর শ্রীশ! হে সর্ব্বজ্ঞান রসাত্মক! হে নিবৃত্তরূপ বিশ্বাত্মন্! এই মধ্যমসূত্রকে আশ্রয় করুন ॥ ২১৩ ॥

———

ও অতিবেগমরুদ্‌যোনে পুরুষাত্মন্ দিবস্পতে।
কনীয়ো হে প্রভো দেব তেজসা সূত্রমাশ্রয় ॥
ইত্যাদি ॥ ২১৪ ॥

অনুবাদ—প্রণবসহ হে অতিবেগ মরুদ্‌যোনে! হে পুরুষাত্মন্! হে দিবস্পতে! হে প্রভো! হে দেব! তেজসহ কনিষ্ঠসূত্রকে আশ্রয় করুন ॥ ২১৪ ॥

টীকা—কনীয়ঃ কনিষ্ঠসূত্রমাশ্রয়। আদি-শব্দাৎ বনমালায়াং তদধিষ্ঠাত্র্যাঃ প্রকৃতেরাবাহনমন্ত্রাদি, 'প্রকৃতে ত্বং জগন্মূর্ত্তে সর্ব্বলাবণ্যদায়িনি। শ্রীসূত্রে নিত্যকল্যাণি সান্নিধ্যং কুরু তে নমঃ ॥' ইতি এতচ্চ কেষাঞ্চিন্মতমিতি ব্যক্তং ন লিখিতম্ ॥ ২১৪ ॥

যত্র মন্ত্রো ন বর্ত্তেত তত্তন্নাম্নৈব তত্র চ।
নমোঽন্তঃ সচতুর্থীক উহ্যঃ প্রাগ্লিখনাম্নুঃ ॥২১৫॥

অনুবাদ—যে স্থানে মন্ত্র উল্লেখ নাই সেই স্থানে উক্ত দেবতার নাম চতুর্থী বিভক্তিসহ প্রথমে প্রণব, শেষে নমঃ যুক্ত করিয়া সেই দেবতার মন্ত্র প্রয়োগ করিবে ॥ ২১৫ ॥

টীকা—নন্বন্যত্র কতমে মন্ত্রাঃ ? তত্র লিখতি—যত্রেতি। নমোঽন্তং নমঃ—শব্দান্তকং সচতুর্থীকং চতুর্থীবিভক্ত্যেকবচনসিদ্ধং তত্তন্নামৈব মনুর্মন্ত্রে উহ্যঃ। তচ্চ পূর্ব্বমেব লিখিতমস্তীতি লিখতি—প্রাগিতি। প্রয়োগশ্চায়ম্—'ওঁ প্রণবায় নমঃ' ইত্যাদি ॥ ২১৫ ॥

অথ কৃষ্ণকরাম্ভোজে পট্টসূত্রেণ নির্ম্মিতম্।
বিতস্তিমাত্রং বধ্নীয়াদ্‌ডোরকং মঙ্গলাত্মকম্ ॥২১৬॥

অনুবাদ—অনন্তর শ্রীকৃষ্ণকরকমলে পট্টসূত্র নির্ম্মিত এক বিতস্তি পরিমিত মঙ্গল ডোর বন্ধন করিবে ॥ ২১৬ ॥

অথ তত্র মন্ত্র

ওঁ সম্বৎসরকৃতার্চ্চায়াঃ সম্পূর্ণফলদোঽসি যৎ।
পবিত্রীকরণায়েতৎ কৌতুকং ধর তে নমঃ ॥
ইতি ॥ ২১৭ ॥

অনুবাদ—অনন্তর ডোর বন্ধন মন্ত্র—প্রণবযুক্ত, যেহেতু আপনি সম্বৎসরকৃত পূজার সম্পূর্ণ ফলদাতা, অতএব পবিত্রীকরণের জন্য এই কৌতুক ধারণ করুন আপনাকে নমস্কার ॥ ২১৭ ॥

ততো গন্ধপবিত্রঞ্চ গৃহীত্বা ধূপিতং বুধঃ।
ভগবন্তং নমস্কৃত্য ভক্ত্যা সম্প্রার্থয়েদিদম্ ॥ ২১৮ ॥

অনুবাদ—অনন্তর অভিজ্ঞ ব্যক্তি 'গন্ধ পবিত্র' লইয়া ধূপবাসিত করিয়া শ্রীভগবানকে প্রণাম করিয়া ভক্তিসহ এইরূপ প্রার্থনা করিবেন ॥ ২১৮ ॥

টীকা—ধূপিতং অগুর্ব্বাদিধূপযুক্তং সদ্‌গন্ধপবিত্রং হস্তাভ্যাং গৃহীত্বা ॥ ২১৮ ॥

আমন্ত্রিতোঽসি দেবেশ সার্দ্ধং দেবগণেশ্বরৈঃ।
মন্ত্রেশৈর্লোকপালৈশ্চ সহিতঃ পরিচারকৈঃ ॥ ২১৯ ॥
আগচ্ছ ভগবন্নীশ বিধিসম্পূর্ণকারক।
প্রাতস্ত্বাং পূজয়িষ্যামি সান্নিধ্যং কুরু কেশব ॥
ইতি ॥ ২২০ ॥

অনুবাদ—হে দেবেশ! দেবগণেশ্বর ব্রহ্মাদির সহিত মহেশ্বরগণসহ, লোকপালগণসহ এবং পরিচারকগণসহ আমন্ত্রিত হইয়াছেন। হে ভগবন্! হে ঈশ! হে বিধি সম্পূর্ণকারক! আগমন করুন, প্রাতঃকালে আপনাকে পূজা করিব। হে কেশব! সম্মুখে অবস্থান করুন ॥ ২১৯-২২০ ॥

ততশ্চ—

বিষ্ণুতেজোদ্ভবং রম্যং সর্ব্বপাতকনাশনম্।
সর্ব্বকামপ্রদং দেবং তবাঙ্গং ধারয়াম্যহম্ ॥ ২২১ ॥

অনুবাদ—অনন্তর—গন্ধ পবিত্রকে দুইহস্তে ধরিয়া আপনি বিষ্ণুতেজজাত পরমসুন্দর সর্ব্বপাতনাশন, সর্ব্বকামপ্রদ, হে দেব! আমি তোমার অঙ্গকে ধারণ করিতেছি ॥ ২২১ ॥

অনেন মনুনা বিদ্বান্ মূলসম্পুটিতেন হি।
দদ্যাদ্‌গন্ধপবিত্রন্তৎ শ্রীকৃষ্ণচরণাব্জয়োঃ ॥ ২২২ ॥

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি এই মন্ত্রসহ মূলমন্ত্র সম্পুটিত করিয়া ঐ গন্ধপবিত্র শ্রীকৃষ্ণচরণকমলদ্বয়ে অর্পণ করিবে ॥ ২২২ ॥

টীকা—তদ্ধূপয়িত্বা গৃহীতং গন্ধপবিত্রম্ ॥ ২২২ ॥

নীরাজ্য দেবং স্তুত্বা চ দত্ত্বা পুষ্পাঞ্জলিং ততঃ।
তৎপবিত্রাণি তৎকুম্ভমপ্যম্মমনুনাথ বা।
নৃসিংহমনুনা রক্ষেৎ কবচেনাবগুণ্ঠয়েৎ ॥ ২২৩ ॥

অনুবাদ—অনন্তর প্রভুকে আরতি করিয়া পুষ্পাঞ্জলি দিয়া পরে ঐ পবিত্রসকল ও কুম্ভকে সুদর্শন মন্ত্রে বা নৃসিংহমন্ত্র দ্বারা রক্ষা করিবে এবং কবচদ্বারা অবগুণ্ঠন করিবে ॥ ২২৩ ॥

———

গীতনৃত্যাদিনা কুর্য্যাদ্বিধিবজ্জাগরং নিশি ॥ ২২৪ ॥

অনুবাদ—শাস্ত্রপাঠ, গীতনৃত্যাদিসহ বিধিবৎ প্রহরে প্রহরে আরতি করিয়া নিশি জাগরণ করিবে ॥ ২২৪ ॥

টীকা—অস্ত্রমন্ত্রেণ নৃসিংহমন্ত্রেণ বা রক্ষেৎ। আদি-শব্দেন পুরাণপাঠাদি, বিধিবদিতি বিধিশ্চ বাচকে সত্যাদৌ পুরাণপাঠস্ততো গীতাদি, তথা প্রতিযামঞ্চ নীরাজনাদি, এতচ্চাদৌ জাগরণপ্রকরণে লিখিতমস্ত্যেব ॥ ২২৩-২২৪ ॥

———

অথ পবিত্রার্পণম্

প্রাতঃকৃত্যানি নির্ব্বর্ত্ত্য নিত্যপূজাং বিধায় চ।
বিশেষতোঽর্চ্চয়েদ্দেবং পবিত্রাণি চ পূজয়েৎ ॥২২৫॥

অনুবাদ—অনন্তর পবিত্র অর্পণ—দ্বাদশীদিনে প্রাতঃকর্ম্ম সমাপন করিয়া নিত্যপূজা সমাপনান্তে প্রভুর বিশেষ পূজা করিবে এবং পবিত্রগুলিকেও পূজা করিবে ॥ ২২৫ ॥

টীকা—দ্বাদশীদিনকৃত্যং লিখতি—প্রাতরিত্যাদিনা বৈষ্ণব ইত্যন্তেন। বিশেষত ইতি পবিত্রার্পণার্থং নিত্যপূজাঽধিকতয়েত্যর্থঃ ॥ ২২৫ ॥

———

মহাবাদিত্রঘোষেণ নামসঙ্কীর্ত্তনোৎসবৈঃ।
মূলসম্পুটিতৈনৈব পবিত্রাণ্যর্পয়েৎ ক্রমাৎ ॥ ২২৬ ॥

অনুবাদ—মহা আড়ম্বরে নৃত্য, গীত, বাদ্য, নাম-সংকীর্ত্তনসহ মহানন্দে মূলমন্ত্র সম্পুট দিয়া ক্রমে ক্রমে পবিত্রসমূহ অর্পণ করিবে ॥ ২২৬ ॥

টীকা—ক্রমাদিতি—জ্যেষ্ঠাদিক্রমেণ, যতীনাঞ্চ কনিষ্ঠাদিক্রমেণ ইতি জ্ঞেয়ম্ ॥ ২২৬ ॥

———

বক্ষ্যমাণেন মন্ত্রেণ ভক্ত্যা কৃষ্ণায় বৈষ্ণবঃ।
পূজাং কৃত্বা পরীবারদেবানাং তান্যথার্পয়েৎ ॥২২৭॥

অনুবাদ—বক্ষ্যমাণ মন্ত্রসহ ভক্তিভরে বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণের পূজা করিয়া পরে পরিকর দেবগণের পূজা করিয়া পবিত্রগুলি অর্পণ করিবে ॥ ২২৭ ॥

টীকা—অথ পরিবারদেবতানাং পূজাং কৃত্বা তানি তদর্থকৃতানি পবিত্রাণি তেভ্যোঽর্পয়েৎ ॥ ২২৭ ॥

———

অথ অর্পণমন্ত্রঃ

কৃষ্ণ কৃষ্ণ নমস্তুভ্যং গৃহাণেদং পবিত্রকম্।
পবিত্রীকরণার্থায় বর্ষপূজাফলপ্রদ ॥ ২২৮ ॥

অনুবাদ—অথ অর্পণমন্ত্র—হে কৃষ্ণ! আপনাকে নমস্কার, বার্ষিক পূজাফল পবিত্রকরণের জন্য, হে বর্ষপূজাফলপ্রদ! আপনি এই পবিত্র গ্রহণ করুন। ॥ ২২৮ ॥

———

পবিত্রকং কুরুষ্বাদ্য যন্ময়া দুষ্কৃতং কৃতম্।
শুদ্ধো ভবাম্যহং দেব ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন ॥
ইতি ॥ ২২৯ ॥

অনুবাদ—হে আদ্য! আমাকর্ত্তৃক যে দুষ্কৃত অনুষ্ঠিত হইয়াছে, তাহা পবিত্র করুন, হে দেব! হে জনার্দ্দন! আপনার প্রসাদে আমি শুদ্ধ হইব ॥২২৯

———

মহাপূজাং ততঃ কৃত্বা স্তুত্বা নত্বার্থয়েৎ প্রভুম্।
বনমালাং যথা দেব কৌস্তুভং সততং হৃদি।
তদ্বৎ পবিত্রং তন্তুঞ্চ পূজাঞ্চ হৃদয়ে বহ ॥ ২৩০ ॥

অনুবাদ—অনন্তর মহাপূজা করিয়া স্তবস্তুতি ও নমস্কার করিয়া প্রভুকে প্রার্থনা করিবে, হে দেব! যেমন বনমালাকে ও কৌস্তুভমণিকে হৃদয়ে সতত ধারণ করেন, সেইরূপ পবিত্র সূত্রকে ও পূজাকে হৃদয়ে ধারণ করুন ॥ ২৩০ ॥

টীকা—তত্তস্তদনন্তরং ভগবতো মহাপূজাং কৃত্বা প্রভুং প্রার্থয়েদিতি লিখিতং; তৎপ্রার্থনমেব লিখতি—বনমালামিতি দ্বাভ্যাম্। সততমিতি পাঠে বহসীত্যধ্যাহার্য্যম্ ॥ ২৩০ ॥

———

জানতাঽজানতা বাপি ন কৃতং যত্তবার্চ্চনম্ ।
কেন বা বিঘ্নদোষেণ পরিপূর্ণং তদস্তু মে ॥ ২৩১ ॥

অনুবাদ—জানিয়া বা না জানিয়া তোমার অর্চ্চন করি নাই অথবা কোন বিঘ্নদ্বারা পরিপূর্ণ হয় নাই, তাহা হইলে সেই আমার পূজাও যেন পরিপূর্ণ হয় ॥ ২৩১ ॥

টীকা—কেনচিদ্বিঘ্নদোষেণ যন্ন কৃতং, আদি-শব্দেন 'দেবদেব জগন্নাথ' ইত্যাদি, তচ্চ পূর্ব্বং লিখিতমেব ॥ ২৩১ ॥

———

তথাগ্নিং বিধিনাভ্যর্চ্চ্য পবিত্রং তস্য চার্পয়েৎ ।
কৃষ্ণে নিবেদয়ন্মন্ত্রহীনমিত্যাদিনা কৃতম্ ॥ ২৩২ ॥

অনুবাদ—সেইরূপ অগ্নিদেবকে যথাবিধি পূজা করিয়া তাঁহার পবিত্র তাঁহাকে অর্পণ করিবে। অনন্তর 'মন্ত্রহীনং ক্রিয়াহীনং' ইত্যাদি প্রসিদ্ধবাক্যে কৃতকর্ম্ম সকল শ্রীকৃষ্ণে অর্পণ করিবে ॥ ২৩২ ॥

টীকা—বিধিনা অগ্নিসংস্কারাদি-প্রকারেণ, স চাদাবেব লিখিতোঽস্তি। নিত্যহোমনির্বর্তনপূর্ব্বকং পবিত্রং মূলমন্ত্রেণ তস্মৈ সমর্পয়েৎ, ততশ্চ 'মন্ত্রহীনং ক্রিয়াহীনম্' ইত্যাদি-লিখিত-প্রসিদ্ধবচনেন কৃতং কর্ম্ম সর্ব্বং কৃষ্ণে নিবেদয়েৎ ॥ ২৩২ ॥

———

গুরুঞ্চ ভক্ত্যা সম্পূজ্য পবিত্রং গুরবেঽর্পয়েৎ ।
বৈষ্ণবেভ্যঃ পবিত্রাণি দত্ত্বৈকং ধারয়েৎ স্বয়ম্ ॥২৩৩

অনুবাদ—শ্রীগুরুদেবকে ভক্তিসহ পূজা করিয়া তাঁহাকে পবিত্র অর্পণ করিবে। বৈষ্ণবগণকে পৃথক্ পৃথক্ পবিত্র দান করিয়া একটি পবিত্র স্বয়ং যজমান ধারণ করিবেন ॥ ২৩৩ ॥

টীকা— একং পবিত্রং স্বয়ং যজমানো ধারয়েৎ ॥ ২৩৩ ॥

———

সম্পূজ্য বৈষ্ণবান্ বিপ্রান্ শক্ত্যা সংভোজ্য বন্ধুভিঃ ।
সমং মহাপ্রসাদান্নং সুখং ভুঞ্জীত বৈষ্ণবঃ ॥ ২৩৪ ॥

অনুবাদ—যথাশক্তি বৈষ্ণব ব্রাহ্মণগণকে পূজা করিয়া ভোজন করাইয়া বৈষ্ণব যজমান বন্ধুগণের সহিত মহাপ্রসাদান্ন স্বয়ং ভোজন করিবেন ॥ ২৩৪ ॥

টীকা—বন্ধুভিঃ সমং ভুঞ্জীত ॥ ২৩৪ ॥

———

অথ পবিত্রবিসর্জ্জনবিধিঃ

তন্ত্রে—

মাসং পক্ষমহোরাত্রং ত্রিরাত্রং ধারয়েত্তথা ।
দেবেশং সূত্রসন্দর্ভং দেশকালানুসারতঃ ।
প্রত্যহং স্নানকর্ম্মাদি সূত্রাণ্যুত্তার্য্য কারয়েৎ ॥২৩৫॥

অনুবাদ—অনন্তর পবিত্র বিসর্জ্জন বিধি—তন্ত্র-শাস্ত্রে—একমাস, একপক্ষ, ত্রিরাত্র বা এক অহোরাত্র দেশকাল অনুসারে শ্রীভগবানকে সূত্রসমূহ ধারণ করাইবে। প্রত্যহ স্নানাদিকালে প্রভুর সূত্রসমূহ উত্তারণ করাইবে ॥ ২৩৫ ॥

———

অভিষিচ্যাথ তোয়েন পুনর্দেবে নিবেদয়েৎ ॥২৩৬॥

অনুবাদ—অনন্তর জলদ্বারা প্রভুর স্নান করাইয়া পুনরায় পবিত্র নিবেদন করিবে ॥ ২৩৬ ॥

টীকা—সূত্রসন্দর্ভং পবিত্রাণীত্যর্থঃ। দেবস্য স্নানাদিকর্ম্ম, সূত্রাণি তোয়েনাভিষিচ্য তান্যেব প্রোক্ষ্য ॥ ২৩৫-২৩৬ ॥

———

তথান্তে দেবমভ্যর্চ্চ্য বিশেষাৎ পুষ্পচন্দনৈঃ ।
নৈবেদ্যং বিবিধং দত্ত্বা তৎসূত্রন্তু বিসর্জ্জয়েৎ ॥২৩৭॥

অনুবাদ—বিসর্জ্জন দিনে বিশেষভাবে ইষ্টদেবকে পুষ্পচন্দনাদি দ্বারা অর্চ্চনা করিয়া বিবিধ নৈবেদ্য অর্পণ করিয়া ঐ পবিত্র বিসর্জ্জন করিবে ॥ ২৩৭ ॥

———

তত্র পবিত্রবিসর্জ্জনমন্ত্রঃ

ওঁ সাম্বৎসরীং শুভাং পূজাং সম্পাদ্য বিধিবন্মম ।
ব্রজেদানীং পবিত্র ত্বং বিষ্ণুলোকং বিসর্জ্জিতম্ ॥২৩৮

অনুবাদ—প্রণবসহ হে পবিত্র। তুমি আমার মঙ্গলপ্রদ সাম্বৎসরী পূজাকে যথাবিধি সম্পূর্ণ ফলপ্রদ করিয়া এখন বিষ্ণুলোকে গমন কর ॥ ২৩৮ ॥

———

যাবদ্দেবে পবিত্রাণি তাবত্তিষ্ঠেৎ সমাহিতঃ।
ব্রহ্মচারী হবিষ্যাশী দেবপূজাপরায়ণঃ ॥ ২৩৯ ॥

অনুবাদ—শ্রীবিগ্রহে যতদিন পবিত্রসমূহ থাকিবে, ততদিন যজমান সংযতভাবে ব্রহ্মচারী হবিষ্যান্নভোজী ও দেবপূজা পরায়ণ থাকিবে ॥ ২৩৯ ॥

টীকা—বিসর্জ্জনমন্ত্রঃ—'ওঁ সাংবৎসরীম্' ইত্যাদি। যাবৎ পবিত্রাণি তিষ্ঠন্তীতি শেষঃ ॥ ২৩৮-২৩৯ ॥

———

অথ তৎফলম্

উক্তঞ্চ বৌধায়নেন—

এবং যঃ কুরুতে বিদ্বান্ বর্ষে বর্ষে ন সংশয়ঃ।
স যাতি পরমং স্থানং যত্র দেবো নৃকেশরী ॥
ইতি ॥ ২৪০ ॥

অনুবাদ—অনন্তর তাহার ফল—বৌধায়ন বলিয়াছেন—যে অভিজ্ঞ ব্যক্তি প্রতিবর্ষ এইরূপ উৎসব করেন, তিনি যে স্থানে শ্রীনৃসিংহদেব অধিষ্ঠিত আছেন, সেই পরমধামে নিঃসংশয়ে গমন করেন ॥ ২৪০ ॥

———

অথ তত্র মুখ্যগৌণকালনির্ণয়ঃ

মুখ্যকালস্য চৈতস্য বিঘ্নতোঽপগমে সতি।
ভাদ্রাদাবপি কর্ত্তব্যং পবিত্রারোপণং প্রভোঃ ॥২৪১॥

অনুবাদ—অনন্তর এই উৎসবে মুখ্য-গৌণ-কাল নির্ণয়—এই পবিত্রারোপণের মুখ্যকাল শ্রাবণমাসের শুক্লা দ্বাদশী বিঘ্নবশতঃ অতিক্রম হইলে পর ভাদ্রমাসেও ঐ তিথিতে প্রভুর উৎসব কর্ত্তব্য ॥ ২৪১ ॥

টীকা—এতস্য শ্রাবণশুক্লদ্বাদশী-লক্ষণস্য মুখ্যকালস্য ॥ ২৪১ ॥

———

তথা চ বিষ্ণুরহস্যে—

শ্রাবণস্য সিতে পক্ষে কর্কটস্থে দিবাকরে।
দ্বাদশ্যাং বাসুদেবায় পবিত্রারোপণং স্মৃতম্ ॥২৪২॥

অনুবাদ—ঐরূপ বিষ্ণুরহস্য প্রমাণে—সূর্য্যদেব কর্কটরাশিতে অবস্থানকালে শ্রাবণ শুক্লপক্ষে দ্বাদশীতে শ্রীকৃষ্ণে পবিত্রারোপণ করিবে ॥ ২৪২ ॥

———

সিংহস্থে বা রবৌ কার্য্যং কন্যামপি গতেঽথবা।
তস্যামেব তিথৌ সম্যক্ তুলাস্থে ন কথঞ্চন ॥২৪৩॥

অনুবাদ—রবি সিংহরাশিতে অবস্থানকালে অথবা কন্যাতে অবস্থানকালে ভাদ্রে বা আশ্বিনে ঐ শুক্লা দ্বাদশীতে পবিত্রারোপণ উৎসব করিবে। কার্ত্তিকে কোন প্রকারে নহে ॥ ২৪৩ ॥

টীকা—তস্যাং দ্বাদশ্যামেব ॥ ২৪৩ ॥

———

মন্ত্রতন্ত্রপ্রকাশে চ—

কর্কটকং গতে সূর্য্যে তথা সিংহগতেঽপি বা।
দ্বাদশ্যাং শুক্লপক্ষস্য হরের্দদ্যাৎ পবিত্রকম্ ॥২৪৪॥

অনুবাদ—মন্ত্র তন্ত্র প্রকাশেও—শ্রাবণমাসে বা সেইরূপ ভাদ্রমাসেও শুক্লপক্ষের দ্বাদশীতে শ্রীহরিকে পবিত্র দান করিবে ॥ ২৪৪ ॥

টীকা—কর্কটকঃ কর্কটরাশিস্থং গতে ॥ ২৪৪ ॥

———

অথ চেদ্বিঘ্নপাতেন মুখ্যকালো ন লভ্যতে।
কন্যাগতেঽপি কুর্ব্বীত যাবন্নোত্তিষ্ঠতে হরিঃ ॥
ইতি ॥ ২৪৫ ॥

অনুবাদ—অনন্তর যদি বিঘ্নবশত মুখ্যকাল না পাওয়া যায়, আশ্বিন মাসেও করিবে, যে পর্য্যন্ত হরির উত্থান না হয় ॥ ২৪৫ ॥

টীকা—শ্রাবণ্যাং পৌর্ণমাস্যামৃষিতর্পণঞ্চ শাখা-ভেদাদিনা বহুবিধং স্যাৎ, তচ্চ 'পিণ্ডদানং পিতৃণাঞ্চ পিতৃপক্ষে ন বৈ কৃতম্। ব্রতং ন কার্ত্তিকে মাসি শ্রাবণ্যামৃষিতর্পণম্ ॥' ইত্যাদি-বচনতোঽকরণপ্রত্য-বায়মধ্যে স্কান্দাদিবিধানাদ্যদ্যপি নিত্যতাং লভেত, তথাপি মহদ্ভির্বৈষ্ণবধর্ম্মেষ্বসংগৃহীতত্বাদ্বৈষ্ণবানামা-দরবিশেষাভাবেনাত্র বিবৃত্য ন লিখিতম্ ॥ ২৪৫ ॥

———

অথ ভাদ্রকৃত্যম্

ভাদ্রে ভগবতো জন্মদিনে কার্য্যো মহোৎসবঃ।
বিশেষেণ মহাপূজাং ব্রতপূর্ণেন বৈষ্ণবৈঃ ॥ ২৪৬ ॥

অনুবাদ—অনন্তর ভাদ্রমাসকৃত্য—ভাদ্রমাসে শ্রীভগবানের জন্মদিনে অর্থাৎ শ্রীকৃষ্ণের জন্ম কৃষ্ণাষ্টমী এবং শ্রীবামনদেবের জন্ম শ্রবণাদ্বাদশীদিনে ব্রতপূর্ণ হইলে পর বিশেষভাবে মহাপূজা বৈষ্ণবগণসহ মহোৎসব কর্ত্তব্য ॥ ২৪৬ ॥

টীকা—ভগবতো জন্মদিনং রোহিণ্যষ্টমী শ্রাবণাদ্বাদশী চ তস্মিন্ ॥ ২৪৬ ॥

———

অথ শ্রীজন্মাষ্টমীব্রতম্

সর্ব্বৈরবশ্যং কর্ত্তব্যং জন্মাষ্টমীব্রতং নরৈঃ।
নিত্যত্বাৎ পাপহারিত্বাৎ সর্ব্বার্থপ্রাপণাদপি ॥ ২৪৭ ॥

অনুবাদ—অনন্তর জন্মাষ্টমী ব্রত—জন্মাষ্টমীব্রত সকল মানবের অবশ্য কর্ত্তব্য, কারণ জন্মাষ্টমীব্রত নিত্য, পাপহারী ও সর্ব্বপ্রয়োজন প্রদ ॥ ২৪৭ ॥

———

অথ শ্রীজন্মাষ্টমীব্রতোৎপত্তিঃ

ভবিষ্যোত্তরে শ্রীযুধিষ্ঠির উবাচ—
জন্মাষ্টমীব্রতং ব্রূহি বিস্তরেণ মমাচ্যুত।
কস্মিন্‌কালে সমুৎপন্নং কিং পুণ্যং কো বিধিঃ স্মৃতঃ ? ২৪৮ ॥

অনুবাদ—অনন্তর শ্রীজন্মাষ্টমী ব্রতের উৎপত্তি ভবিষ্যোত্তরপুরাণে শ্রীযুধিষ্ঠির সংবাদে—হে অচ্যুত ! আমার নিকট জন্মাষ্টমীব্রত বিস্তার পূর্ব্বক বর্ণন করুন, এইব্রত কোন সময় উৎপন্ন হইল ? কি ফল, কি বিধি ? ২৪৮ ॥

টীকা—তত্র কিং পুণ্যং, বিধিশ্চ কঃ ॥ ২৪৮ ॥

———

শ্রীকৃষ্ণ উবাচ—
হতে কংসাসুরে দুষ্টে মথুরায়াং যুধিষ্ঠির।
দেবকী মাং পরিষ্বজ্য ক্রোড়োৎসঙ্গে রুরোদ হ ॥২৪৯

অনুবাদ—শ্রীকৃষ্ণ বলিলেন—হে যুধিষ্ঠির ! মথুরাতে দুষ্ট কংসাসুর বধ হইলে পর শ্রীদেবকী দেবী আমাকে বাৎসল্য স্নেহে কোলে করিয়া ক্রন্দন করিতে লাগিলেন ॥ ২৪৯ ॥

———

তত্রৈব রঙ্গবাটে সা মঞ্চারূঢ়া জনোৎসবে।
মল্লযুদ্ধে পুরা বৃত্তে সংস্তুতা কুকুরান্ধকৈঃ ॥ ২৫০ ॥
স্বজনৈর্বহুভিঃ স্নিগ্ধৈস্তেষাং স্ত্রীভিঃ সমাবৃতা।
বসুদেবোঽপি তত্রৈব বাৎসল্যাৎ প্ররুরোদ মে।
সমাগম্য পরিষ্বজ্য পুত্র পুত্রেত্যুবাচ হ ॥ ২৫১ ॥
স গদ্গদস্বরো দীনো বাষ্পপর্য্যাকুলেক্ষণঃ।
বলভদ্রঞ্চ মাঞ্চৈব পরিষ্বজ্যেদমব্রবীৎ ॥ ২৫২ ॥

অনুবাদ সেই রঙ্গস্থলে জনসংঘট্ট মঞ্চ রূঢ়া দেবকীদেবী মল্লযুদ্ধ শেষ হইলে পর কুকুর ও অন্ধক বংশীয় জনগণ কর্ত্তৃক সংপূজিতা এবং বহু স্নিগ্ধ আত্মীয় স্বজনগণ ও তাহাদের স্ত্রীগণ কর্ত্তৃক পরিবেষ্টিতা দেবকীদেবী এবং শ্রীবসুদেবও ঐস্থলে বাৎসল্য স্নেহে আমাকে কোলে লইয়া কাঁদিতে কাঁদিতে হে পুত্র ! হে পুত্র বলিলেন ! বসুদেব গদগদস্বরে দীনভাবে অশ্রুপূর্ণ নয়নে বলভদ্র ও আমাকে কোলে লইয়া বলিলেন ॥ ২৫০-২৫২ ॥

টীকা—মে ময়ি বাৎসল্যাৎ, মে মামিতি বা পরার্দ্ধেনান্বয়ঃ। হেতি পাঠে স্ফুটম্ ॥ ২৫১ ॥

———

অদ্য মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতম্।
যদুভাভ্যাং সুতাভ্যাং মে সমুদ্ভূতঃ সমাগমঃ ॥২৫৩॥

অনুবাদ—অদ্য আমার জন্ম সফল, জীবনও সুধন্য, যেহেতু দুই পুত্রসহ আমার মিলন হইল ॥ ২৫৩ ॥

———

এবং হর্ষেণ দম্পত্যোর্হৃষ্টং সর্ব্বং তদা নৃপ ॥
প্রণিপত্য জনাঃ সর্ব্বে মামূচুস্তে প্রহর্ষিতাঃ ॥ ২৫৪ ॥

অনুবাদ—হে মহারাজ ! এইভাবে বসুদেব দেবকীর আনন্দদর্শনে জনগণ আমাকে প্রণাম করিয়া তাহারা আনন্দে বলিতে লাগিলেন ॥ ২৫৪ ॥

———

অদ্য প্রহর্ষো হ্যস্মাকমদ্য জাতো জনার্দ্দনঃ।
অদ্য মল্লাঙ্গযুদ্ধেন দুষ্টঃ কংসো নিপাতিতঃ ॥২৫৫॥
এবং মহোৎসবং দৃষ্ট্বা সমাজে মধুসূদন।
প্রসাদঃ ক্রিয়তামস্যা লোকস্যান্যোঽপি শীঘ্রতঃ ॥২৫৬

অনুবাদ—হে জনার্দ্দন। অদ্যই আমাদের আনন্দ পরিপূর্ণরূপে উদয় হইল, অদ্য মল্লযুদ্ধ প্রসঙ্গে দুষ্ট কংস বধ হইল। হে মধুসূদন! এই ভাবে সমাজে মহানন্দ দর্শন করিয়া আপনি প্রসন্ন হইয়া জনগণের অন্য সংশয়ও সমাধান করুন ॥ ২৫৬ ॥

যস্মিন্ দিনে প্রসূয়েত দেবকী ত্বাং জনার্দ্দন।
তদ্দিনং দেহি বৈকুণ্ঠ কুর্ম্মস্তে তত্র চোৎসবম্।
সম্যগ্‌ভক্তিপ্রপন্নানাং প্রসাদং কুরু কেশব ॥ ২৫৭ ॥

অনুবাদ—হে জনার্দ্দন। যে দিনে দেবকীমাতা তোমাকে প্রসব করিয়াছিলেন, হে বৈকুণ্ঠ। ঐ দিনটি আমাদিগকে জানাইয়া দিন, তাহাতে আমরা তোমার উৎসব করিব। হে কেশব। সম্পূর্ণ ভক্তিতে শরণাগত আমাদের প্রতি প্রসন্ন হউন ॥ ২৫৭ ॥

এবমুক্তে জনৌঘেন বসুদেবোঽপি বিস্মিতঃ।
বিলোক্য বলভদ্রং তং সংপ্রহৃষ্টতনূরুহঃ ॥ ৫৮ ॥
এবমস্তিতি লোকানাং কথয়স্ব যথাতথম্ ॥ ২৫৯ ॥

অনুবাদ—জনসংঘট্ট এইরূপ বলিলে বসুদেবও বিস্মিত হইয়া বলভদ্রের দিকে দৃষ্টি দিয়া আনন্দে রোমাঞ্চিত দেহে বলিলেন—জনগণের বাসনা পূর্ণ হউক—যথারীতি বল ॥ ২৫৮-২৫৯ ॥

ততস্তাতসমাদেশান্ময়া জন্মাষ্টমীব্রতম্।
মথুরায়াং জনৌঘায় পার্থ সম্যক্ প্রকাশিতম্ ॥২৬০

অনুবাদ—হে পার্থ। পিতার আদেশে মথুরায় জনসংঘট্ট মধ্যে আমি জন্মাষ্টমী ব্রত সম্পূর্ণ প্রকাশ করিলাম ॥ ২৬০ ॥

টীকা—এবমস্তীত্যাদি-তাতসমাদেশাৎ জনৌঘায় জনসমূহং প্রতি প্রশাসিতং সমাদিষ্টম্। পাঠান্তরে পূর্ব্বং গূঢ়ং সৎ ময়াঽধুনা প্রকটিতম্ ॥২৫৯-২৬০॥

পৌরাশ্চ তজ্জন্মদিনং বর্ষে গর্ভাষ্টমে গতে।
পুনর্জ্জন্মাষ্টমীং লোকাঃ কুর্ব্বন্তু ব্রাহ্মণাদয়ঃ।
ক্ষত্রিয়া বৈশ্যজাতীয়াঃ শূদ্রা যেঽন্যেঽপি ধর্ম্মিণঃ ॥২৬১

অনুবাদ—পুরবাসীগণও ঐ আমার জন্মদিন ব্রত অষ্টম বর্ষ বয়স হইতে অশীতি বর্ষ বয়স পর্য্যন্ত সকলে করুন—ব্রাহ্মণাদি ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এবং যাহারা অন্য ধর্ম্মিগণ সকলেই ব্রত পালন করুন ॥২৬১

টীকা—কথম্? তত্রাহ—পৌরাশ্চেতি। গর্ভাদষ্টমে বর্ষে গতে সতি, অষ্টবর্ষবয় আরভ্যেত্যর্থঃ। যথোক্তমেকাদশীব্রতাধিকারিনির্ণয়ে—'অষ্টবর্ষাধিকো বালঃ' ইত্যাদি ॥ ২৬১ ॥

সিংহরাশিগতে সূর্য্যে গগনে জলদাগমে।
মাসি ভাদ্রপদেঽষ্টম্যাং কৃষ্ণপক্ষেঽর্দ্ধরাত্রকে ॥২৬২॥
শশাঙ্কে বৃষরাশিস্থে প্রাজাপত্যর্ক্ষসংযুতে।
বসুদেবেন দেবক্যামহং জাতো জনাঃ স্বয়ম্ ॥২৬৩॥

অনুবাদ—সূর্য্য সিংহরাশিস্থিত হইলে মেঘাগমে ভাদ্রমাসে কৃষ্ণপক্ষের অষ্টমীতে অর্দ্ধরাত্রে চন্দ্র বৃষরাশিতে রোহিণী নক্ষত্রযুক্ত হইলে জনগণ বসুদেব হইতে দেবকীতে আমি স্বয়ং জন্মগ্রহণ করি ॥ ২৬২-২৬৩ ॥

টীকা—হে জনাঃ। স্বয়ং স্বেচ্ছয়া সম্পূর্ণতয়া বেত্যর্থঃ। পাঠান্তরে তু দুষ্টজনসংহারার্থঃ ॥ ২৬৩ ॥

এবমেতৎ সমাখ্যাতং লোকে জন্মাষ্টমীব্রতম্।
ভগবত্যাশ্চ তত্রৈব কুরুধ্বং সুমহোৎসবম্।
মথুরায়াং ততঃ পশ্চাল্লোকে খ্যাতিং গমিষ্যতি ॥২৬৪

অনুবাদ—এইভাবে জন্মাষ্টমী ব্রত লোকে প্রসিদ্ধি লাভ করিল। দেবী ভগবতীরও ঐ দিনেই উত্তম মহোৎসব অনুষ্ঠান কর, মথুরাতে তৎপরে জগতে প্রচার হইবে ॥ ২৬৪ ॥

টীকা—ভগবত্যাঃ—শ্রীদেবক্যাঃ; অতস্তদুৎসঙ্গ এব ভগবৎপূজনবিধিঃ। যদ্বা, শ্রীদুর্গাদেব্যাঃ প্রভাতে নবমীদিনে। যথা মম তথা কার্য্যো ভগবত্যা মহোৎসবঃ ॥' ইতি বিধিকথনাত্তোক্তেঃ ॥ ২৬৪ ॥

ইত্যাকর্ণ্য যথাখ্যাতং তথা লোকৈরনুষ্ঠিতম্।
শান্তিরস্তু সুখঞ্চাস্তু লোকাঃ সন্তু নিরাময়াঃ ॥
ইতি ॥ ২৬৫ ॥

অনুবাদ—ইহা শুনিয়া যথারীতি লোকগণ জন্মাষ্টমী ব্রতানুষ্ঠান করিলেন। শান্তি হউক, সুখোদয় হউক, লোকসমূহ নিরাময় হউক ॥ ২৬৫ ॥

টীকা—এতদনুষ্ঠানেন চ সর্ব্বেষাং পরমসুখং সর্ব্বদুঃখোপরমশ্চেত্যভিপ্রায়েণ ব্রতফলমাহ—শান্তিরিতি ॥ ২৬৫ ॥

নিত্যত্বঞ্চ পরস্তস্য ভগবৎপ্রীণনাত্মতম্।
বিধিবাক্যবিশেষাচ্চাকরণে প্রত্যবায়তঃ ॥ ২৬৬ ॥

অনুবাদ—শ্রীজন্মাষ্টমী ব্রতের নিত্যত্ব স্বীকৃত হয় তিন প্রকারে—শ্রীভগবান প্রীত হন, শাস্ত্রে বিশেষ বিধি বাক্য থাকায় এবং অকরণে দোষ শ্রবণ হেতু ॥ ২৬৬ ॥

টীকা—তস্য চ নিত্যতাং ত্রিধা লিখতি—নিত্যত্বঞ্চেতি। পরং কেবলং পরমং বা, ভগবৎপ্রীতিহেতুশ্রবণেন বৈষ্ণবানামবশ্যং ভক্ত্যা প্রবৃত্তেঃ। বিধিবাক্যাবশেষশ্চাত্র—'বর্ষে বর্ষে তু কর্ত্তব্যা' ইতি। তস্মাৎ শ্রাবণস্যেতি মুখ্যচান্দ্রমাসাভিপ্রায়েণ, এবমগ্রেহপি ॥ ২৬৬ ॥

অথ শ্রীজন্মাষ্টমীব্রতনিত্যত্বম্, তত্র শ্রীভগবৎপ্রীণনং বিধিশ্চ

স্কান্দে—

প্রহলাদাদ্যৈশ্চ ভূপালৈঃ কৃতা জন্মাষ্টমী শুভা।
শ্রদ্ধয়া পরয়া বিষ্ণোঃ প্রীতয়ে কৃষ্ণবল্লভা ॥ ২৬৭ ॥

অনুবাদ—অনন্তর শ্রীজন্মাষ্টমী ব্রতের নিত্যতা, তন্মধ্যে শ্রীভগবৎপ্রীতিহেতু ও বিধি, স্কন্দপুরাণে—শ্রীকৃষ্ণবল্লভা জন্মাষ্টমীব্রত-উৎসব পরম শ্রদ্ধার সহিত প্রহলাদাদি মহারাজগণও শ্রীবিষ্ণুর প্রীতির জন্য অনুষ্ঠান করিয়াছেন ॥ ২৬৭ ॥

কিঞ্চ—

প্রাজাপত্যর্ক্ষসংযুক্তা শ্রাবণস্যাসিতাষ্টমী।
বর্ষে বর্ষে তু কর্ত্তব্যা তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ ॥২৬৮॥

অনুবাদ—আরও—রোহিণী নক্ষত্রসংযুক্তা শ্রাবণমাসের কৃষ্ণাষ্টমী ব্রতোৎসব শ্রীচক্রপাণির তুষ্টির জন্য প্রতিবর্ষে কর্ত্তব্য ॥ ২৬৮ ॥

অথাকরণপ্রত্যবায়ে প্রথমং ভোজনে প্রত্যবায়ঃ

শ্রীবিষ্ণুরহস্যে ব্রহ্মনারদ-সংবাদে—

শূদ্রান্নেন তু যৎ পাপং শবহস্তস্থভোজনে।
তৎ পাপং লভতে পুংভির্জয়ন্ত্যাং ভোজনে কৃতে ॥ ২৬৯ ॥

অনুবাদ—অনন্তর অকরণে দোষ, প্রথমতঃ ভোজনে দোষ, শ্রীবিষ্ণুরহস্যে ব্রহ্ম-নারদ-সংবাদে—শূদ্রান্ন ভোজনে যে পাপ হয় এবং মৃত ব্যক্তির হস্তস্থিত দ্রব্য ভোজনে যে পাপ হয়—শ্রীজন্মাষ্টমীতে ভোজন করিলে মানবগণের সেই পাপ লাভ হয় ॥ ২৬৯ ॥

টীকা—'বিষ্ণোঃ প্রীতয়ে' ইতি 'কৃষ্ণবল্লভা' ইতি, 'তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ' ইতি ভগবৎপ্রীণনদ্বারা, 'বর্ষে বর্ষে তু কর্ত্তব্যা' ইতি বীপ্সাবিধিবাক্যদ্বারা চ 'বসন্তে জ্যোতিষা যজেত' ইতিবদ্বীপ্সয়া নিত্যত্বম্ লিখিত্বা ইদানীমকরণপ্রত্যবায়দ্বারা নিত্যতাং লিখতি—শূদ্রান্নেনেত্যাদিনা চতুর্দ্দশেত্যন্তেন। অত্র চ প্রত্যবায়ো দ্বিধা—ভোজনেন শক্তৌ পূজাদিমহোৎসবাকরণেন চ ঈদৃগ্বিধ নিয়মএব ব্রতশব্দেনাভিধীয়তে, তত্রাদৌ পরমং নিন্দ্যং ভোজনপ্রত্যবায়ং লিখতি—শূদ্রেতি ষড়্ভিঃ। শূদ্রস্যাবৈষ্ণবস্যান্নেন, যদ্বা, অনাপদি ব্রাহ্মণস্য, তেন যৎ পাপং স্যাৎ ॥ ২৬৭-২৬৯ ॥

গৃধ্রমাংসং খরং কাকং শ্যেনং বা মুনিসত্তম।
মাংসঞ্চ দ্বিপদাং ভুক্তং ভুক্তং জন্মাষ্টমীদিনে॥২৭০

অনুবাদ—হে মুনি সত্তম। জন্মাষ্টমীদিনে ভোজন করিলে শকুন মাংস, গাধা, কাক, শ্যেনপক্ষী বা মনুষ্য মাংস ভোজন করা হয় ॥ ২৭০ ॥

টীকা—জন্মাষ্টমীদিনে যেন 'ভুক্তং, তস্য গৃধ্রমাংসাদ্যভক্ষ্যভক্ষণপাপং স্যাদিত্যর্থঃ ॥ ২৭০ ॥

জন্মাষ্টমীদিনে প্রাপ্তে যেন ভুক্তং দ্বিজোত্তম।
ত্রৈলোক্যসম্ভবং পাপং ভুক্তমেব ন সংশয়ঃ ॥২৭১॥

অনুবাদ—হে দ্বিজোত্তম! জন্মাষ্টমীদিনে যিনি ভোজন করেন, ত্রৈলোক্য জাত পাপ তিনি ভোজন করেনই, ইহাতে সংশয় নাই ॥ ২৭১ ॥

টীকা—পাপমেব ভুক্তং তদ্দিনেঽন্নস্য সর্ব্বপাপ-ময়ত্বাৎ পাপফলোপভোগস্য সদ্যঃ প্রত্যাসত্তের্বা ॥২৭১

কিঞ্চ—

জয়ন্তীবাসরে প্রাপ্তে করোত্যুদরপূরণম্।
পীড্যতে তিলমাত্রন্তু যমদূতৈঃ কলেবরম্ ॥ ২৭২ ॥

অনুবাদ—আরও—জয়ন্তী দিন উপস্থিত হইলে যে ব্যক্তি তিলমাত্রও উদর পূরণ করে তাহার শরীরকে তিল তিল করিয়া যমদূতগণ পীড়া দেয় ॥ ২৭২ ॥

টীকা—যঃ করোতি, তস্য কলেবরং তিলমাত্রং তিলশঃ পীড্যতে। তিলমাত্রমিত্যস্য পূর্ব্বেণৈবান্বয়ঃ। তিলমাত্রমল্পমপ্যুদরপূরণং যঃ করোতীত্যর্থং ॥ ২৭২॥

যো ভুঙ্‌ক্তে চ বিমূঢ়াত্মা জয়ন্তীবাসরে নৃপ।
ন তস্য নরকোত্তারো দ্বাদশীঞ্চ প্রকুর্ব্বতঃ ॥ ২৭৩ ॥

অনুবাদ—হে রাজন্! যে বিমূঢ়মতি জয়ন্তী দিনে ভোজন করে, দ্বাদশী ব্রত করিলেও তাহার নরক হইতে উদ্ধার নাই ॥ ২৭৩ ॥

টীকা—অপ্যর্থে চকারঃ, দ্বাদশীমপি প্রকুর্ব্বতঃ দ্বাদশীব্রতেনাপি জন্মাষ্টমীব্রতোল্লঙ্ঘনমহাপরাধানপ-গমাৎ ॥ ২৭৩॥

অতীতানাগতন্তেন কুলমেকোত্তরং শতম্।
পাতিতং নরকে ঘোরে ভুঞ্জতা কৃষ্ণবাসরে ॥২৭৪॥

অনুবাদ—শ্রীকৃষ্ণজয়ন্তীদিনে ভোজনকারী অতীত ও অনাগত একশত কুলকে ঘোর নরকে পাতিত করে ॥ ২৭৪ ॥

টীকা—কৃষ্ণবাসরে—শ্রীকৃষ্ণজন্মদিনে ॥ ২৭৪ ॥

অথোপবাসপূর্ব্বকপূজাবিশেষমহোৎসবাদি-ব্রতত্যাগপ্রত্যবায়ঃ

তত্রৈব—

যে ন কুর্ব্বন্তি জানন্তঃ কৃষ্ণজন্মাষ্টমীব্রতম্।
তে ভবন্তি মহাপ্রাজ্ঞ ব্যালা মহতি কাননে ॥ ২৭৫ ॥

অনুবাদ—অনন্তর উপবাস ও পূজাবিশেষ-সহ মহোৎসবাদিব্রতত্যাগ শ্রীবিষ্ণুরহস্যেই দোষ—হে মহাপ্রাজ্ঞ! শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রত জানিয়াও যে মানব-গণ না করে, তাহারা মহা অরণ্যে সর্প হয় ॥ ২৭৫ ॥

টীকা—এবং স্তুতিপ্রভাবাৎ সদ্যঃ সমুদিতেন প্রেমবিশেষেণ সাক্ষাদ্দিদৃক্ষমাণস্তত্র চৈকং নাম-সঙ্কীর্ত্তনমেব পরমসাধনং মন্যমানস্তথৈব সকাতর্য্যং প্রার্থয়তে—নম ইতি। তুভ্যমিত্যধ্যাহার্য্যমেব, তচ্চ ভয়গৌরবাদিনা প্রেমবৈকল্যেন বা সাক্ষান্ন প্রযুক্তম্। হে প্রভো, হে মদীশ্বর! প্রসীদ। প্রসাদমেবাহ—দুঃখং সাংসারিকং তদ্দর্শনজং বা, তস্য জালং পরম্পরা, তদেবাব্ধিঃ আনন্ত্যাদিনা তস্মিন্মগ্নং মাং, অতএব অতিদীনং পরমার্ত্তং, যদ্বা, তত্র সৎসহায়-সাধনাদিহীনত্বাৎ পরমাকিঞ্চনং, যদ্বা, মুমূর্ষুং জীবন্মৃতং বা, তত্র চাজ্ঞং তৎ প্রতিকারদানভিজ্ঞং, কৃপয়া দৃষ্টিনিরীক্ষণং, তস্যা বৃষ্ট্যা পরম্পরয়া, কৃপাদৃষ্টিরূপামৃতবৃষ্ট্যা বা অনুগৃহাণ, সমুদ্ধৃত্য জীবয়েত্যর্থঃ। তদেবাভিব্যঞ্জয়তি—অক্ষিদৃশ্যো মল্লোচনগোচর এধি ভব। এবং প্রার্থনাক্রমেণ প্রার্থনং কৃতং, প্রার্থস্য পরমদৌর্লভ্যেন, সহসা প্রাগেব নির্দ্দেশানর্হত্বাৎ। অন্তর্দ্দর্শনাৎ সাক্ষাদ্দর্শনমাহাত্ম্যঞ্চ শ্রীভগবৎপার্ষদৈঃ সন্যায়মুক্তং, শ্রীভাগবত-মৃতোত্তর-খণ্ডতো বিশেষতো জ্ঞেয়ম্। তত্র দেব হি দিব্যরূপেতি দিদৃক্ষায়াং হেতুঃ, দামোদরেতি ভক্তবাৎসল্য-বিশেষেণাক্ষিদর্শনযোগ্যতায়াম্; অতো নান্তো যস্মা-দিত্যনন্তেতি কৃপাদৃষ্টানুগ্রহেণ। প্রভো! হে অচিন্ত্যানন্তাদ্ভুত-মহাশক্তিযুক্তেতি ইন্দ্রিয়াগ্রাহ্য-স্যাপ্যক্ষিদৃশ্যতাসম্ভাবনায়াম্; ঈশ! হে-পরম-স্বতন্ত্রেতি অযোগ্যং প্রতি তাদৃশানুগ্রহকরণে কস্যচিদ-প্যনপেক্ষতায়াং জ্ঞেয়ম্। কিঞ্চ, বিষ্ণো! হে সর্ব্ব-ব্যাপক! যদ্বা, হে শ্রীবৃন্দাবননিকুঞ্জকুহরাদি-প্রবেশ-শীল, ইতি চাক্ষিদৃশ্যতার্থং দূরাগমনশ্রমাদিকং নাস্তীতি। অথবা হে অনন্ত, অপরিচ্ছিন্ন! বিষ্ণো সর্ব্বব্যাপিন্! তথাপি হে দামোদরেত্যেবং পরমবাৎ-সল্যবিশেষেণ তবাকৃতং কিমপি নাস্তীতি ধ্বনিতম্। অন্যৎ সমানমিত্যেষা দক্ ॥ ২০৪ ॥

কুবেরাত্মজৌ বদ্ধমূর্ত্ত্যৈব যদ্ব-
ত্ত্বয়া মোচিতৌ ভক্তিভাজৌ কৃতৌ চ।
তথা প্রেমভক্তিং স্বকাং মে প্রযচ্ছ
ন মোক্ষে গ্রহো মেঽস্তি দামোদরেহ ॥২০৫॥

অনুবাদ—আমি মাতা কর্ত্তৃক দামবন্ধনযুক্ত উলূ-খলে বদ্ধ অবস্থাতেই যমলার্জ্জুন বৃক্ষরূপী কুবের পুত্র দ্বয়কে শ্রীনারদ শাপ হইতে মুক্তিদান ও ভক্তিভাজন করিয়াছেন, সেইরূপ নিজ প্রেমভক্তি আমাকে দান কর, হে দামোদর! এই শ্রীবৃন্দাবনে আমার আর মোক্ষে আগ্রহ নাই ॥ ২০৫ ॥

টীকা—ইত্থং প্রেমবিশেষেণ পরমোৎকণ্ঠয়া সহ সাক্ষাদ্দর্শনং প্রার্থ্য তত এব সদ্যোজাতপ্রেমভক্তি-বিশেষেণ তস্য পরমদৌর্লভ্যং মন্যমানস্তত্র চ পরমো-পায়ভূতাং প্রেমভক্তিমভিজ্ঞায়, যদ্বা, সকৃদ্দর্শনে মনোঽতৃপ্তিং বিরহদুঃখোত্তরতাঞ্চাশঙ্ক্য সদা তদ্বশী-করণায় প্রেমভক্তিমেবৈকমুপায়মভিজ্ঞায়; অত্র চ পরমাপরাধিনো মম কথং সা সম্ভবেদিত্যাশঙ্ক্য শ্রীভগবদ্বাৎসল্যমহিম্না চাসম্ভাব্যমপি সর্ব্বমেব সম্ভ-বেদিতি নিশ্চিত্য মোক্ষত্যাগেন প্রেমভক্তিমেব প্রার্থয়তে—কুবেরেতি। বদ্ধয়া গোপ্যা পাশৈরুদূখলে শৃঙ্খলিতয়া মূর্ত্ত্যা শ্রীবিগ্রহেণৈবেতি তয়োর্মধ্যে স্বয়ং প্রবেশাৎ পরমসুন্দরলীলাদি-বিশিষ্টস্য ভগবতঃ সাক্ষাদ্দর্শনস্পর্শনাদিকং সূচিতম্। মোচিতৌ শ্রীনারদ-শাপাৎ সংসারাচ্চ, ন কেবলং তাবদেব, পরমভক্তিশ্চ তাভ্যাং দত্তেত্যাহ ভক্তিং ভজতঃ পরমসাধ্যত্বেনা-শ্রয়তঃ, ন কথঞ্চিদপি ত্যজত ইতি তথা তৌ। এবঞ্চ প্রেমভক্তিরেব দত্তেত্যভিপ্রেতম্। তথা চ শ্রীভগবদ্ব-চনম্ (শ্রীভাঃ ১০।১০।৪২)—সঞ্জাতো ময়ি ভাবো বামীপ্সিতঃ পরমোঽভব ইতি। অস্যার্থঃ—বাং যুবয়োরীপ্সিতোঽপেক্ষিতঃ পরমো ভাবঃ প্রেমা ময়ি সম্যগ্‌জাত এব, ন ভবঃ পুনর্জন্ম সংসারদুঃখং বা যস্মাৎ স ইতি। হে দামোদর তথা তদ্বৎ স্বকাং ত্বচ্চরণারবিন্দৈকাশ্রয়াম্ এতদ্রূপৈকবিষয়াং বা মে মহ্যং প্রকর্ষেণ যচ্ছ দেহি। ননু কিমত্রাগ্রহেণ? কুবেরাত্মজবন্মোক্ষোঽপি গৃহ্যতাম্, অন্যথা জন্ম-মরণাদি-সংসারাপত্তেঃ। তত্রাহ—নেতি। ইহ অস্যাং প্রেমভক্তাবেব মম গ্রহ আগ্রহোঽস্তি, ন চ মোক্ষে গ্রহোঽস্তি। অয়মর্থঃ—প্রেমভক্ত্যা সংসার-ধ্বংসো ভবতি চেত্তর্হি ভবতু নাম, ন স্যাচ্চেত্তর্হি মাঽস্তু নাম, তত্র মমাপেক্ষা নাস্তীতি। অত্র গূঢ়োঽয়ং ভাবঃ—চিন্তামণৌ করস্থে সর্ব্বমেব স্বয়ং সেৎস্যতি, কিন্তদেকমাত্র-তুচ্ছ-দ্রব্যগ্রহণেনেতি। যদ্বা, 'হে দামো-

দর স্বকাং প্রেমভক্তিং প্রযচ্ছ' ইত্যেবং পাশবদ্ধোদর-ভগবদ্বিষয়কপ্রেমভক্তিপ্রার্থনয়া নিত্যমুদরে পাশ-বন্ধনাগ্রহমাশঙ্ক্যাহ—মোক্ষে পাশবন্ধনাত্তব মোচনে মমাগ্রহো নাস্তি কিম্ ? কাক্বা অস্ত্যেবেত্যর্থঃ। কিন্তু ইহ অস্মিন্নেব রূপে সকাম-সাধারণানাং প্রেমভক্তিং প্রযচ্ছেতি। যদ্বা ইহ বৃন্দাবনে প্রেমভক্তিং প্রযচ্ছে-ত্যন্বয়ঃ। ততশ্চ তত্রৈব তস্যাঃ সুখবিশেষাবির্ভাব-কত্বাৎ প্রাদুর্ভাববিশেষাচ্চ, তথা তস্য সাক্ষাদ্দর্শন-বিশেষাকারত্বাচ্চ, তথা তত্রৈব তদ্বিহারিশ্রীভগবদ্দি-দৃক্ষাবিশেষাচ্চ, তত্র সদা নিবাসোঽপি প্রার্থিতঃ ইত্যাহ্যম্ ; অন্যচ্চ পূর্ব্ববদেব ॥ ২০৫ ॥

নমস্তেঽস্তু দাম্নে স্ফুরদ্দীপ্তিধাম্নে
ত্বদীয়োদরায়াথ বিশ্বস্য ধাম্নে।
নমো রাধিকায়ৈ ত্বদীয়প্রিয়ায়ৈ
নমোঽনন্তলীলায় দেবায় তুভ্যম্ ॥ ২০৬ ॥

অনুবাদ—চতুর্দ্দিকে প্রকাশিত দীপ্তির আশ্রয় বন্ধন রজ্জুকে প্রণাম থাকুক, অনন্তর নিখিল বিশ্বের আশ্রয় তোমার উদরকে প্রণাম থাকুক, তদীয় প্রেয়সীবরা শ্রীরাধিকাকে প্রণাম। অনন্ত লীলাময় তদুপরি রাসাদি ক্রীড়াশীল তোমাকে প্রণাম ॥ ২০৬॥

টীকা—এবং স্তুতিং সমাপয়ন্ স্বপ্রার্থিতসিদ্ধয়ে ভক্তিবিশেষেণ বা তদীয়াসাধারণ-পরিকরাবয়ব-পরিবারাদীনপি প্রত্যেকং পৃথক্ প্রণমতি—নমস্তেঽস্ত্বিতি। তে তব দাম্নে উদর-বন্ধনমহাপাশায় নমোঽস্তু ; কথম্ভূতায় ? স্ফুরন্ত্যা দীপ্তেস্তেজসো ধাম্নে আশ্রয়ায়, এবং তস্যাপি ব্রহ্মঘনরূপতাভিপ্রেতা। অথানন্তরং ত্বদীয়ায় উদরায় নমোঽস্তু, পাশবন্ধেন তেনৈব সৌন্দর্য্যাদের্বাৎসল্যলীলাদেশ্চ বিশেষতঃ প্রকাশনাৎ ; কথম্ভূতায় ?—বিশ্বস্য চরাচর-প্রপঞ্চ-জাতস্য ধাম্নে আধারায়, তত এব চতুর্দ্দশভুবনাত্মক কমলোৎপত্তেঃ, তত্রৈব চ মাতরং প্রতি বারদ্বয়ং বিশ্বরূপপ্রদর্শনাদিতি দিক্। এবমুদরবন্ধনেন বিশ্ব-স্যাপি বন্ধনাপত্তেঃ শ্রীযশোদয়া বিশ্বমপি বশীকৃতমিতি ধ্বনিতম্ ; তথা ঈশস্য বন্ধনাসম্ভবেঽপি বন্ধন-স্বীকারেণ ভক্তবাৎসল্য-বিশেষস্তথা বন্ধনেন প্রপঞ্চা-সঙ্কোচাবস্থিত্যাদিসমাবেশস্য তর্কাগোচরত্বাদৈশ্বর্য্য-বিশেষশ্চ ধ্বনিত ইতি দিক্। দামনমস্কারানন্তমুদর-নমস্কারেশ্চোদরোপরিদাম্নো বর্ত্তমানত্বাৎ, যথোত্তর-মুৎকর্ষবিবক্ষয়া বা ; ইদানীং তদীয় প্রিয়তমজন-কৃপয়ৈব বাঞ্ছাতীতমপি সর্ব্বমেব সুসিধ্যেদিতীশয়েন ভগবতীং শ্রীরাধাং প্রণমতি—নম ইতি। তয়া চ সর্ব্বা এব গোপিকা উপলক্ষ্যন্তে কিংবা তাসু মুখ্যত-মাত্র সেবৈকোক্তা। রাধিকেতি সর্ব্বদৈব শ্রীভগবদা-রাধনবিশেষাদন্বর্থসংজ্ঞা, অতএব ত্বদীয়প্রিয়েতি। যদ্বা, রাধিকেতি রূঢ়িসংজ্ঞা। ততশ্চারাধনাদ্যন-পেক্ষয়া সা নিত্যপ্রিয়ৈবেতি। তত্র চ তদীয়া অপি সর্ব্বে জনাঃ প্রিয়াস্তৎপ্রীত্যা যস্যাঃ, কিমুত বক্তব্যং ত্বমিতি। এবং তস্যাস্তস্মিন্ প্রেমবিশেষঃ সূচিতঃ। তস্যৈ নমঃ, যদ্বা, তৎপ্রিয়ায়ৈ ইতি ততশ্চ যস্য তং প্রিয়োঽসি, সোঽপি জগদ্বন্দ্যঃ স্যাৎ। এষা চ তবৈব প্রিয়া, অতস্তস্যৈ নমোঽস্তু। ততশ্চ তয়া সহ রাস-ক্রীড়াদিকং পরমস্তুতিত্বেনান্তে বর্ণয়িতুমিচ্ছন্ তচ্চ পরম-গোপ্যত্বেনানভিব্যঞ্জয়ন্ 'মধুরেণ সমাপয়েৎ' ইতিন্যায়েন কিঞ্চিদেব সঙ্কেতেনোদ্দিশন্ প্রণমতি—দেবায় লোকোত্তরায়েতি, লীলানামপি লোকোত্তরতা-ভিপ্রেতা। যদ্বা, শ্রীরাধিকয়া সহ নিরন্তরক্রীড়া-পরায়, অতএবানন্তলীলায় তুভ্যং নম ইতি। এবং গোকুলবিষয়িকা সর্ব্বাপি লীলোদ্দিষ্টা, তস্যৈ চ নম ইতি ভাব ইত্যেষা দিক্।

শ্রীরাধাপ্রাণনাথায় শ্রীমদ্দামোদরায় তে।
সর্ব্বং চৈতন্যদেবায় গুরবেঽর্পিতমেব মে ॥২০৬॥

অথ তত্র কৃষ্ণাষ্টমীকৃত্যম্

পাদ্মে তত্রৈব—

গোবর্দ্ধনগিরৌ রম্যে রাধাকুণ্ডং প্রিয়ং হরেঃ।
কার্ত্তিকে বহুলাষ্টম্যাং তত্র স্নাত্বা হরেঃ প্রিয়ঃ।
নরো ভক্তো ভবেদ্বিপ্রাস্তদ্ধি তস্য প্রতোষণম্ ॥২০৭॥

অনুবাদ—অনন্তর কার্ত্তিকে কৃষ্ণাষ্টমী কৃত্য, পদ্মপুরাণে ঐ প্রসঙ্গে—পরম রমণীয় হরিদাসবর্য্য শ্রীগোবর্দ্ধন গিরিতটে শ্রীহরির প্রিয় রাধাকুণ্ড বিরা-জিত আছেন। কার্ত্তিকমাসে কৃষ্ণপক্ষীয় অষ্টমী তিথির মধ্যরাত্রে ঐ রাধাকুণ্ডের প্রকাশ, সেই কুণ্ডে

স্নান করিয়া মানব শ্রীহরির প্রিয় ভক্ত হয়, হে বিপ্রগণ! রাধাকুণ্ডে স্নানই শ্রীহরির তুষ্টির প্রকৃষ্ট কারণ ॥ ২০৭ ॥

টীকা—তত্র কুণ্ডে নরঃ স্নাত্বা হরেঃ প্রিয়তমো ভবেৎ। হি যতঃ তত্র তত্র স্নানং তস্য হরেঃ প্রতোষণং, প্রকর্ষেণ তোষয়তীত্যর্থঃ ॥ ২০৭ ॥

যথা রাধা প্রিয়া বিষ্ণোস্তস্যাঃ কুণ্ডং প্রিয়ন্তথা।
সর্ব্বগোপীষু সৈবৈকা বিষ্ণোরত্যন্তবল্লভা ॥ ২০৮ ॥

অনুবাদ—শ্রীরাধিকা যেমন শ্রীকৃষ্ণ প্রিয়া, রাধাকুণ্ডও শ্রীকৃষ্ণ প্রিয় সর্ব্বগোপীগণ মধ্যে রাধিকাই শ্রীকৃষ্ণের অত্যন্ত বল্লভা ॥ ২০৮ ॥

টীকা—তত্র হেতুমাহ—যথেতি। ন চ সাধারণপ্রিয়েত্যাহ—সর্ব্বাসু গোপীষ্বপি মধ্যে ॥ ২০৮ ॥

কিঞ্চ তত্রৈব শ্রীরাধিকোপাখ্যানান্তে—

বৃন্দাবনাধিপত্যঞ্চ দত্তং তস্যাঃ প্রতুষ্যতা।
কৃষ্ণেনান্যত্র দেবী তু রাধা বৃন্দাবনে বনে ॥ ২০৯ ॥

অনুবাদ—পদ্মপুরাণে ঐ প্রসঙ্গে শ্রীরাধিকা উপাখ্যানান্তে—শ্রীবৃন্দাবনের আধিপত্য ও শ্রীরাধিকার তুষ্টির জন্য শ্রীকৃষ্ণ তাঁহাকে দান করিয়াছেন, অন্যকে অন্যত্র, শ্রীরাধা বৃন্দাবনের অধীশ্বরী ॥২০৯॥

টীকা—তস্যাঃ তস্যৈ শ্রীরাধায়ৈ। অন্যত্র বৃন্দাবনেতরস্থানে সা দেবী লক্ষ্ম্যাদিরূপা. বৃন্দাবনাখ্যে চ বনে রাধৈব স্বয়ং স্বনামাদিনৈব প্রসিদ্ধেত্যর্থঃ ॥২০৯॥

তৎকুণ্ডে কার্ত্তিকাষ্টম্যাং স্নাত্বা পূজ্যো জনার্দ্দনঃ।
সুবোধন্যাং যথা প্রীতস্তথা প্রীতস্ততো ভবেৎ ॥ ২১০ ॥

অনুবাদ—শ্রীরাধাকুণ্ডে কার্ত্তিকমাসের বহুলাষ্টমীতে স্নান করিয়া শ্রীকৃষ্ণ পূজা কর্ত্তব্য। উত্থান একাদশীতে শ্রীকৃষ্ণ যেমন প্রীত হন, সেইরূপ প্রীত হন এই অষ্টমী স্নানে ॥ ২১০ ॥

টীকা—সুবোধন্যাম্ উত্থানৈকাদশ্যাং, এতচ্চাগ্রে তৎপ্রসঙ্গে ব্যক্তং ভাবি ॥ ২১০ ॥

অথ কৃষ্ণত্রয়োদশীকৃত্যম্

পাদ্মে চ তত্রৈব—

কার্ত্তিকে কৃষ্ণপক্ষে তু ত্রয়োদশ্যাং নিশামুখে।
যমদীপং বহির্দদ্যাদপমৃত্যুর্বিনশ্যতি ॥ ২১১ ॥

অনুবাদ—অনন্তর কৃষ্ণ ত্রয়োদশী কৃত্য, পদ্মপুরাণে কার্ত্তিক প্রসঙ্গে—কার্ত্তিকমাসের কৃষ্ণপক্ষের ত্রয়োদশীতে প্রদোষে অপমৃত্যু বারণের জন্য গৃহের বাহিরে যম দীপ প্রদান করিবে ॥ ২১১ ॥

টীকা—নিশামুখে—প্রদোষে ॥ ২১১ ॥

অথ তত্র মন্ত্রঃ

মৃত্যুনা পাশদণ্ডাভ্যাং কালঃ শ্যামলয়া সহ।
ত্রয়োদশ্যাং দীপদানাৎ সূর্য্যজঃ প্রীয়তামিতি ॥ ২১২॥

অনুবাদ—অনন্তর দীপদান মন্ত্র—ত্রয়োদশীতে দীপদান প্রভাবে পাশ, দণ্ড ও শ্যামলা সহ সূর্য্যপুত্র কাল প্রীত হউন ॥ ২১২ ॥

অথ কৃষ্ণচতুর্দ্দশীকৃত্যম্

তত্রৈব—

চতুর্দ্দশ্যাং ধর্ম্মরাজ-পূজা কার্য্যা প্রযত্নতঃ।
স্নানমাবশ্যকং কার্য্যং নরৈর্নরকভীরুভিঃ ॥ ২১৩ ॥

অনুবাদ—অনন্তর কৃষ্ণচতুর্দ্দশীকৃত্য, পদ্মপুরাণেই—কার্ত্তিকে কৃষ্ণচতুর্দ্দশীতে প্রযত্ন সহকারে যমরাজ-পূজা কর্ত্তব্য, নরক ভয়ে ভীত মানবগণ কর্ত্তৃক স্নান অবশ্য কর্ত্তব্য ॥ ২১৩ ॥

অরুণোদয়তোঽন্যত্র রিক্তায়াং স্নাতি যো নরঃ।
তস্যাব্দিকভবো ধর্ম্মো নশ্যত্যেব ন সংশয়ঃ ॥ ২১৪॥

অনুবাদ—যে মানব অরুণোদয় কাল ব্যতীত অন্য সময় রিক্তা চতুর্দ্দশীতে স্নান করে, তাহার বাৎসরিকজাত ধর্ম্ম বিনাশ পায়ই ইহাতে সংশয় নাই ॥২১৪

টীকা—চতুর্দ্দশ্যাং স্নানং চারুণোদয়ে সত্যেব কার্য্যং, নিত্যত্বাদিত্যাহ—অরুণেতি ॥ ২১৪ ॥

স্কান্দে চ তত্রৈব—

কার্ত্তিকে কৃষ্ণপক্ষে তু চতুর্দ্দশ্যাং বিধূদয়ে ॥
অবশ্যমেব কর্ত্তব্যং স্নানং নরকভীরুভিঃ ॥ ২১৫ ॥

অনুবাদ—স্কন্দপুরাণেও কার্ত্তিক প্রসঙ্গে—কার্ত্তিকে কৃষ্ণপক্ষে চতুর্দশীতে চন্দ্রোদয় কালে নরকভয়ে ভীত মানবগণ কর্ত্তৃক স্নান অবশ্য কর্ত্তব্য ॥ ২১৫ ॥

কিঞ্চ পাদ্মে তত্রৈব—

ততশ্চ তর্পণং কার্য্যং ধর্ম্মরাজস্য নামভিঃ ।
জীবৎপিতা ন কুর্ব্বীত তর্পণং যমভীষ্ময়োঃ ॥ ২১৬॥

অনুবাদ—আরও পদ্মপুরাণে—অনন্তর ধর্ম্মরাজের নামসমূহ দ্বারা তর্পণ কর্ত্তব্য, জীবৎ পিতা যম ও ভীষ্ম তর্পণ করিবেন না ॥ ২১৬ ॥

টীকা—চতুর্দ্দশীকৃত্যমন্যদপি লিখতি—ততশ্চেতি; ষড়্‌ভির্নামভিঃ 'যমায় ধর্ম্মরাজায়' ইত্যাদিনোক্তৈঃ ॥ ২১৬ ॥

যজ্ঞোপবীতিনা কার্য্যং প্রাচীনাবীতিনা তথা ।
দেবত্বঞ্চ পিতৃত্বঞ্চ যমস্যাস্তি দ্বিরূপতা ॥ ২১৭ ॥

অনুবাদ—সমতর্পণ যজ্ঞোপবীতী ও প্রাচীনাবীতী উভয় ভাবেই কর্ত্তব্য, যেহেতু যমরাজের দুইটি রূপ আছে দেবরূপ ও পিতৃরূপ ॥ ২১৭ ॥

টীকা—দ্বিরূপতা—দেবরূপতা পিতৃরূপতা চ ॥২১৭॥

নক্তং যমচতুর্দ্দশ্যাং যঃ কুর্য্যাচ্ছিবসন্নিধৌ ।
ন তৎ ক্রতুশতেনাপি প্রাপ্যতে পুণ্যমীদৃশম্ ॥ ২১৮ ॥

অনুবাদ—যমচতুর্দ্দশীতে শিবালয়ে যিনি নক্ত ভোজন করিবেন, ঈদৃশ পুণ্য যজ্ঞশত দ্বারাও প্রাপ্ত হওয়া যায় না ॥ ২১৮ ॥

টীকা—নক্তং—নক্তং ভোজনব্রতম্ ॥ ২১৮ ॥

কুমারী বটুকান্ পূজ্য তথা শৈবতপোধনান্ ।
রাজসূয়ফলং তেন প্রাপ্যতে নাত্র সংশয়ঃ ॥ ২১৯ ॥

অনুবাদ—কুমারী, ব্রহ্মচারীগণকে ও শৈব তপস্বীগণকে পূজা করিয়া রাজসূয় যজ্ঞের ফল প্রাপ্ত হয় ইহাতে সংশয় নাই ॥ ২১৯ ॥

টীকা—পূজ্য—পূজয়িত্বা ॥ ২১৯ ॥

কার্ত্তিকে ভৌমবারেণ চিত্রা কৃষ্ণা চতুর্দ্দশী ।
তস্যাং ভূতেশমভ্যর্চ্চ গচ্ছেচ্ছিবপুরং নরঃ ॥ ২২০ ॥

অনুবাদ—কার্ত্তিকে মঙ্গলবারে চিত্রা কৃষ্ণা চতুর্দ্দশী, তাহাতে ভূতনাথ শিবকে পূজা করিয়া মানব শিবপুরে গমন করে ॥ ২২০ ॥

কিঞ্চ—

অমাবস্যা-চতুর্দ্দশ্যোঃ প্রদোষে দীপদানতঃ ।
যমমার্গান্ধকারেভ্যো মুচ্যতে কার্ত্তিকে নরঃ ॥ ২২১ ॥

অনুবাদ—আরও—অমাবস্যা ও চতুর্দ্দশীর প্রদোষে দীপ দান ফলে কার্ত্তিকে মানব নরক পথের অন্ধকার হইতে মুক্ত হয় ॥ ২২১ ॥

অথামাবস্যাকৃত্যম্

পাদ্মে তত্রৈব—

দিবা তত্র ন ভোক্তব্যং বিনা বালাতুরান্ জনান্ ।
প্রদোষসময়ে লক্ষ্মীং পূজয়েচ্চ যথাক্রমম্ ॥ ২২২ ॥

অনুবাদ—অনন্তর অমাবস্যা কৃত্য, পদ্মপুরাণে ঐ প্রসঙ্গে—কার্ত্তিক অমাবস্যাতে দিবা ভাগে বালক ও আতুর জন ব্যতীত অন্যে ভোজন করিবে না। প্রদোষ সময়ে লক্ষ্মীদেবীকে পূজা করিবে যথাক্রমে ॥ ২২২॥

টীকা—তত্র—অমাবাস্যায়াম্ ॥ ২২২ ॥

কিঞ্চ—

প্রদোষসময়ে বিপ্রাঃ কর্ত্তব্যা দীপমালিকাঃ ।
দীপদানাত্ততঃ পশ্চাল্লক্ষ্মীং সুপ্তাং প্রবোধয়েৎ ॥ ২২৩ ॥

অনুবাদ—আরও—হে বিপ্রগণ! প্রদোষে দীপ-

মালিকা কর্ত্তব্যা, দীপদানের পর নিদ্রিতা লক্ষ্মী-দেবীকে জাগরিত করিবে ॥ ২২৩ ॥

টীকা—হে বিপ্রাঃ ॥ ২২৩ ॥

অথ মন্ত্রঃ

ত্বং জ্যোতিঃ শ্রীরবিশ্চন্দ্রো বিদ্যুৎসৌবর্ণতারকাঃ।
সর্ব্বেষাং জ্যোতিষাং জ্যোতির্দীপজ্যোতিঃস্থিতে
নমঃ ॥ ২২৪ ॥

অনুবাদ—এবিষয়ে মন্ত্র—তুমি জ্যোতিঃ, শ্রীরবি, চন্দ্র, বিদ্যুৎ, সুবর্ণ জাত দ্রব্য, তারকা, সকল জ্যোতিষ্কগণের জ্যোতি। দীপ জ্যোতিতে স্থিত তোমাকে নমস্কার ॥ ২২৪ ॥

টীকা—বিদ্যুচ্চ সৌবর্ণঞ্চ সুবর্ণজাতং তারকাশ্চ ॥২২৪

মন্ত্রেণানেন কমলাং দীপহস্তাঃ স্ত্রিয়ো দ্বিজাঃ।
দেবীং প্রবোধয়েয়ুশ্চ ততঃ কুর্য্যুশ্চ
ভোজনম্ ॥ ২২৫ ॥

অনুবাদ—হে দ্বিজগণ! দীপহস্তে নারীবৃন্দ এই মন্ত্র পাঠ করিতে করিতে কমলাদেবীকে জাগরণ করাইয়া তৎপরে ভোজন করিবে ॥ ২২৫ ॥

প্রদোষসময়ে লক্ষ্মীং ভোজয়িত্বা ভুনক্তি যঃ।
পুমান্ সম্বৎসরং যাবল্লক্ষ্মীস্তং নৈব মুঞ্চতি ॥ ২২৬॥

অনুবাদ—যে মানব প্রদোষ সময়ে লক্ষ্মীদেবীকে ভোজন করাইয়া স্বয়ং ভোজন করে, সংবৎসর যাবৎ লক্ষ্মীদেবী তাহাকে ত্যাগ করেন না ॥ ২২৬ ॥

অথামাবস্যানির্ণয়ঃ

যথা নির্ণয়ামৃতে—

উপবাসাদিষ্বমাবাস্যা প্রতিপদ্যুতা গ্রাহ্যা ॥ ২২৭ ॥

অনুবাদ—অনন্তর অমাবস্যা নির্ণয়—নির্ণয়ামৃতে—উপবাসাদি কার্য্যে প্রতিপদ্ যুক্তা অমাবস্যা গ্রহণ করা উচিত ॥ ২২৭ ॥

তদুক্তম্—

অমাবাস্যা তৃতীয়া চ তা উপাস্যাঃ পরান্বিতাঃ ॥
ইতি ॥ ২২৮ ॥

অনুবাদ—তাহাই বলা হইয়াছে—অমাবস্যা ও তৃতীয়া পর তিথিসহ মিলিত হইলেই উপবাস করিবে ॥ ২২৮ ॥

অথ চতুর্দ্দশীবিদ্ধা-নিষেধঃ

নিগমে—

ভূতবিদ্ধা ত্বমাবাস্যা নিষ্ফলং স্যাত্রয়স্ত্রিদম্ ॥
ইতি ॥ ২২৯ ॥

অনুবাদ—অনন্তর চতুর্দ্দশী বিদ্ধা নিষেধ, নিগমে—চতুর্দ্দশী বিদ্ধা অমাবস্যা নিষ্ফল হয়, ইহা ত্রিসত্য ॥ ২২৯ ॥

ক্বচিৎ স্কান্দেঽপি—

ভূতবিদ্ধা ত্বমাবাস্যা ন গ্রাহ্যা মুনিপুঙ্গবৈঃ ॥
ইতি ॥ ২৩০ ॥

অনুবাদ—স্কন্দপুরাণেও—চতুর্দ্দশী বিদ্ধা অমাবস্যা মুনিশ্রেষ্ঠগণের গ্রাহ্য নহে ॥ ২৩০ ॥

অথ শুক্লপ্রতিপৎ

স্কান্দে—

প্রাতর্গোবর্দ্ধনং পূজ্য দ্যূতঞ্চৈব সমাচরেৎ।
ভূষণীয়াস্তথা গাবঃ পূজ্যাশ্চ দোহবাহনাঃ ॥ ২৩১॥

অনুবাদ—অনন্তর শুক্ল-প্রতিপৎ, স্কন্দপুরাণে—কার্ত্তিক শুক্লা-প্রতিপদে প্রাতঃকালে গোবর্দ্ধন-পূজা কর্ত্তব্য, দ্যূতক্রীড়া করিবে, গাভীগণকে ভূষিত করিবে, গাভী ও দোহনপাত্র বাহনাদিরও পূজা করিবে ॥২৩১

টীকা—দোহো দোহনপাত্রাদি, বাহনঞ্চ শকটাদি, তৎসহিতা ইত্যর্থঃ। যদ্বা, ন বিদ্যতে দোহো দোহনং বাহনং চ যাসাং তাঃ, তস্মিন্ দিনে গাবো ন দোহ্যাঃ, বৃষাশ্চ ন বাহ্যা ইত্যর্থঃ। পাঠান্তরেঽপি তথৈবার্থঃ ॥ ২৩১ ॥

শ্রীকৃষ্ণদাসবর্য্যোঽয়ং শ্রীগোবর্দ্ধন-ভূধরঃ।
শুক্লপ্রতিপদি প্রাতঃ কার্ত্তিকেঽর্চ্চ্যোঽত্র বৈষ্ণবৈঃ ॥ ২৩২ ॥

অনুবাদ—এই গোবর্দ্ধন পর্ব্বত শ্রীকৃষ্ণদাসগণ মধ্যে শ্রেষ্ঠ। কার্ত্তিকমাসে শুক্লা-প্রতিপদে প্রাতঃকালে বৈষ্ণববৃন্দ কর্ত্তৃক গিরিরাজ অর্চ্চনীয় ॥ ২৩২ ॥

টীকা—শ্রীগোবর্দ্ধনপূজা চ শুক্লপ্রতিপৎপ্রভাতে বৈষ্ণবৈরবশ্যং কার্য্যেতি লিখতি—শ্রীকৃষ্ণেতি। 'হন্তায়মদ্রিরবলা হরিদাসবর্য্যঃ' (শ্রীভাঃ ১০।২১।১৮) ইত্যাদ্যুক্তেঃ ॥ ২৩২ ॥

———

প্রাতর্গোবর্দ্ধনং পূজ্য রাত্রৌ জাগরণং চরেৎ ॥
ইতি কুচিৎ পাঠঃ ॥ ২৩৩ ॥

অনুবাদ—প্রাতঃকালে গোবর্দ্ধন পূজা কর্ত্তব্য এবং রাত্রিতে জাগরণ করিবে। এইরূপ পাঠ কোথাও দৃষ্ট হয় ॥ ২৩৩ ॥

তস্মাত্তদিদং কর্ম্ম গোবর্দ্ধনপ্রাধান্যেন গোপ্রাধান্যেন চ খ্যাতমপ্যেবং জ্ঞেয়ম্।

অতএব এই পূজানুষ্ঠান গোবর্দ্ধন প্রাধান্য শ্রীমথুরামণ্ডলে ও গোপ্রাধান্য শ্রীবৃন্দাবনে প্রসিদ্ধ হইলেও এইরূপ অন্যত্র জানিবে।

———

অথ তত্র দিননির্ণয়ঃ

যদাহ দেবলঃ—

প্রতিপদ্দর্শসংযোগে ক্রীড়নন্তু গবাং মতম্।
পরবিদ্ধাস্তু যঃ কুর্য্যাৎ পুত্রদারধনক্ষয়ঃ ॥ ২৩৪ ॥

অনুবাদ—অনন্তর গোবর্দ্ধন পূজার দিন নির্ণয়, দেবল মুনি বলিয়াছেন—প্রতিপদ সংযুক্ত অমাবস্যাতে গোক্রীড়া স্বীকৃত। যে মানব দ্বিতীয়া বিদ্ধা প্রতিপদে করেন, তাহার পুত্র পরিবার ও ধনক্ষয় হয় ॥ ২৩৪ ॥

———

নির্ণয়ামৃতধৃতং পুরাণান্তরবচনম্—

যা কুহূঃ প্রতিপন্মিশ্রা তত্র গাঃ পূজয়েন্নৃপ।
পূজামাত্রেণ বর্দ্ধন্তে প্রজা গাবো মহীপতিঃ ॥ ২৩৫॥

অনুবাদ—নির্ণয়ামৃত ধৃত অন্য পুরাণবচন—হে রাজন্! যে অমাবস্যা প্রতিপদ যুক্তা ঐ দিনে গো-পূজন করিবে। ঐ দিন পূজা দ্বারাই প্রজা, গাভী ও রাজ্যসম্পদ বৃদ্ধি লাভ করে ॥ ২৩৫ ॥

———

ততঃ 'প্রাতর্গোবর্দ্ধনং পূজ্য' ইতি পূর্ব্বাহ্ন তাৎপর্য্যকম্, দ্বিতীয়াসময়ে তু সর্ব্বথা নিষিদ্ধম্ ॥ ২৩৬ ॥

অনুবাদ—অতএব 'প্রাতঃকালে গোবর্দ্ধন পূজনীয়' অর্থাৎ পূর্ব্বাহ্ণ কৃত্য বুঝাইতেছে। দ্বিতীয়া সময়ে কিন্তু সর্ব্বপ্রকারে নিষিদ্ধ ॥ ২৩৬ ॥

———

তদ্‌যথা—

নন্দায়া দর্শনে রক্ষা বলিদানং দশাসু চ।
ভদ্রায়াং গোকুলক্রীড়া দেশনাশায় জায়তে ॥ ২৩৭ ॥

অনুবাদ—তাহা এই—প্রতিপদে রক্ষাবন্ধন, দশমীতে বলিদান, দ্বিতীয়াতে গো-ক্রীড়া—এই সকল কার্য্য দেশনাশের নিমিত্ত হয় ॥ ২৩৭ ॥

———

পুরাণসমুচ্চয়ে তু সম্ভাবিতচন্দ্রোদয়-দ্বিতীয়াসংযোগ এব নিষিধ্যতে—

গবাং ক্রীড়া দিনে যত্র রাত্রৌ দৃশ্যেত চন্দ্রমাঃ।
সোমো রাজা পশূন্ হন্তি সুরভীপূজকাংস্তথা ॥২৩৮॥

অনুবাদ—পুরাণসমুচ্চয়ে কিন্তু যে প্রতিপদে চন্দ্রোদয় সম্ভাবনা থাকে ঐরূপ দ্বিতীয়া সংযোগই নিষিধ হইয়াছে—যে দিনে গো-ক্রীড়া ঐ রাত্রিতে যদি চন্দ্রমা উদয় দৃষ্ট হয়, তাহা হইলে সোমরাজ পশুগণকে হত্যা করে এবং গো-পূজকগণকেও হত্যা করেন ॥ ২৩৮ ॥

———

অথ তদুদয়সম্ভাবনঞ্চ

নির্ণয়ামৃতে নির্ণীতম্—

প্রতিপদ্যাপরাহ্নি কত্রিমুহূর্ত্তব্যাপিন্যাং
দ্বিতীয়ায়াং চন্দ্রদর্শনং সম্ভাব্যতে ॥ ২৩৯ ॥

অনুবাদ—অনন্তর চন্দ্রোদয় সম্ভাবন, নির্ণয়ামৃতে

নির্ণীত আছে—প্রতিপদ দিনে অপরাহ্নে ত্রিমুহূর্ত্ত ব্যাপিনী দ্বিতীয়াতে চন্দ্র দর্শন সম্ভাবনা ॥ ২৩৯ ॥

তদুক্তমগ্ন্যাধানবিষয়ে বৃদ্ধশাতাতপেন—

দ্বিতীয়া ত্রিমুহূর্ত্তা চেৎ প্রতিপদ্যাপরাহ্নিকী।
অগ্ন্যাধানঞ্চতুর্দ্দশ্যাং পরতঃ সোমদর্শনাৎ ॥
ইতি ॥ ২৪০ ॥

অনুবাদ—তাহাই বলিয়াছেন বৃদ্ধ শাতাতপ অগ্নি আধান বিষয়ে—প্রতিপদে অপরাহ্ন কালে দ্বিতীয়া ৬ দণ্ড ব্যাপিয়া থাকিলে পরে রাত্রিতে চন্দ্র দর্শন হেতু চতুর্দ্দশীতে অগ্ন্যাধান করিতে হয় ॥ ২৪০ ॥

অথ অপরাহ্ননির্ণয়ঃ

অপরাহ্নশ্চ পঞ্চধা বিভক্তস্যাহ্নশ্চতুর্থো ভাগঃ।
ততশ্চ যত্র প্রতিপদি ষণ্মুহূর্ত্তব্যাপিনী দ্বিতীয়া,
তত্র চন্দ্রদর্শনসম্ভাবনম্ ॥ ইতি ॥ ২৪১ ॥

অনুবাদ—অনন্তর অপরাহ্ন নির্ণয়—দিবসকে ৫ ভাগে বিভক্ত করিয়া ৪র্থ ভাগকে অপরাহ্ন বলে। অতএব যে প্রতিপদ দিবসে অপরাহ্ন ছয় মুহূর্ত্ত ব্যাপিনী দ্বিতীয়া, সেই দিন চন্দ্রদর্শন সম্ভাবনা ॥ ২৪১

অন্যদা তু পূর্ব্বৈব প্রতিপত্তত্র গৃহীতা ॥ ২৪২ ॥

অনুবাদ—অন্যদিন কিন্তু পূর্ব্ব প্রতিপদ সে স্থলে গৃহীত হয় ॥ ২৪২ ॥

তথৈব পুরাণসমুচ্চয়ে—

বর্দ্ধমানতিথৌ নন্দা যদা সার্দ্ধত্রিযামিকা।
দ্বিতীয়াবৃদ্ধিগামিত্বাদুত্তরা তত্র চোচ্যতে ॥ ২৪৩ ॥

অনুবাদ—সেইরূপই পুরাণ সমুচ্চয়ে—বৃদ্ধিগামী তিথিতে প্রতিপদ যখন সার্দ্ধ তিন প্রহর থাকিলে এবং দ্বিতীয়া বৃদ্ধিগামিনী হইলে প্রতিপদই গ্রহণ করা কর্ত্তব্য ॥ ২৪৩ ॥

কিঞ্চ—

যদা পূর্ণ-প্রতিপৎ পরত্র নিষ্ক্রামতি
তদাপ্যন্তরৈব কার্য্যা ॥ ২৪৪ ॥

অনুবাদ—আরও—যখন ৬০ দণ্ড পূর্ণ প্রতিপদ পরদিনে বৃদ্ধি হয়, সেস্থলেও পূর্ব্বদিনেই অন্নকূট শ্রীগোবর্দ্ধন পূজা ও গো-পূজা কর্ত্তব্য ॥ ২৪৪ ॥

যথোক্তং ভবিষ্যোত্তরে—

যথা দ্বাদশভির্মাসৈর্মাসো বৃদ্ধো মলিম্লুচঃ।
তথৈবাহোরাত্রবৃদ্ধা তিথিঃ প্রোক্তা মলিম্লুচা ॥২৪৫॥
যথা মলিম্লুচঃ পূর্ব্বমাসো দৈবস্তথাপরঃ।
ত্যাজ্যা তিথিস্তথা পূর্ব্বা গ্রাহ্য চৈব তথোত্তরা ॥
ইতি ॥ ২৪৬ ॥

অনুবাদ—ভবিষ্যোত্তরপুরাণে উক্ত হইয়াছে—যেমন দ্বাদশ মাস সহ প্রতিবর্ষে ১১ দিন বৃদ্ধি প্রাপ্ত হইয়া ২য় বর্ষ ৮ মাস পরে একটি মলমাস বা অধিকমাস হয়, সেইরূপ তিথি অহোরাত্র হইয়া পরদিন বৃদ্ধি প্রাপ্ত হইলে উহাকে মলতিথি বলা হয়। যেমন মলমাসের পূর্ব্বমাস দৈব এবং পরমাস ত্যাজ্য, সেইরূপ তিথি পূর্ব্ব দিন গ্রহণীয় পরদিন ত্যাজ্য শ্রীএকাদশী ব্যতীত ॥ ২৪৫-২৪৬ ॥

নির্ণয়ামৃতমতম্—

কিন্তু ব্যঞ্জুলীন্যায়েন পূর্ব্বৈব মন্তুং শক্যতে।
তদ্বদত্রাপি দেবলাদি-বচনপ্রামাণ্যমস্তীতি ॥ ২৪৭ ॥

অনুবাদ—নির্ণয়ামৃত মতে—কিন্তু ব্যঞ্জুলীন্যায় বলে অর্থাৎ ব্যঞ্জুলী দ্বাদশীতে যেমন তিথির পূর্ব্বাংশ ও পরাংশ বাদ দিয়া মধ্যে অহোরাত্র ব্রতে গ্রহণীয়, সেইরূপ এই স্থলেও প্রতিপদের পূর্ব্বাংশ ও পরাংশ বর্জ্জনপূর্ব্বক মধ্যে অহোরাত্র গ্রহণীয়। সিদ্ধান্তে দেবলাদি ঋষির বচন প্রামাণ্য আছে ॥ ২৪৭ ॥

অথ গোবর্দ্ধনপূজাবিধিঃ

পাদ্মে তত্রৈব—

মথুরায়াস্তথান্যত্র কৃত্বা গোবর্দ্ধনং গিরিম্।
গোময়েন মহাস্থূলং তত্র পূজ্যো গিরির্যথা ॥ ২৪৮ ॥

অনুবাদ—অনন্তর শ্রীগোবর্দ্ধন পূজাবিধি, পদ্মপুরাণে ঐ প্রসঙ্গে—মথুরামণ্ডলে এবং অন্যত্রও গোবর্দ্ধনগিরি রচনা করিয়া তাহাতে পূজা কর্ত্তব্য, গোবর্দ্ধন গিরিতে যেমন পূজা হয় ॥ ২৪৮ ॥

টীকা—মথুরায়াঃ অন্যত্র মথুরামণ্ডলব্যতিরিক্ত-দেশে, যথা যথাবৎ ॥ ২৪৮ ॥

মথুরায়াং তথা সাক্ষাৎ কৃত্বা চৈব প্রদক্ষিণম্ ।
বৈষ্ণবং ধাম সংপ্রাপ্য মোদতে হরিসন্নিধৌ ॥ ২৪৯ ॥

অনুবাদ—মথুরামণ্ডলে সেইরূপ সাক্ষাৎ গিরি-পূজা এবং প্রদক্ষিণ করিয়া শ্রীবিষ্ণুধাম প্রাপ্ত হইয়া শ্রীহরির নিকট সুখে বাস করে ॥ ২৪৯ ॥

টীকা—সাক্ষাৎ পূজয়িত্বেতি শেষঃ ॥ ২৪৯ ॥

অথ পূজামন্ত্রঃ

গোবর্দ্ধন ধরাধার গোকুল-ত্রাণকারক ।
বিষ্ণুবাহুকৃতোচ্ছ্রায় গবাং কোটি-প্রদো ভব ॥
ইতি ॥ ২৫০ ॥

অনুবাদ—অনন্তর পূজামন্ত্র—হে গোবর্দ্ধন ! তুমি পৃথিবীর ধারক, গোকুলের পরিত্রাণকারী শ্রীকৃষ্ণ ভুজ চালিত হইয়া ছত্রাকারে উত্থাপিত কোটি গাভী প্রদ হও ॥ ২৫০ ॥

অথ গোপূজামন্ত্রঃ

স্কান্দে তত্রৈব—

লক্ষ্মীর্যা লোকপালানাং ধেনুরূপেণ সংস্থিতা ।
ঘৃতং বহতি যজ্ঞার্থে যমপাশং ব্যপোহতু ॥ ২৫১ ॥

অনুবাদ—অথ গোপূজামন্ত্র, স্কন্দপুরাণে ঐ প্রসঙ্গে—যে লক্ষ্মীদেবী ইন্দ্রাদি লোকপালগণের ধেনুরূপে অবস্থিতা এবং যজ্ঞের জন্য ঘৃত দান করিতেছেন, সেই তিনি যমপাশকে মোচন করুন ॥ ২৫১ ॥

অগ্রতঃ সন্তু মে গাবো গাবো মে সন্তু পৃষ্ঠতঃ ।
গাবো মে পার্শ্বতঃ সন্তু গবাং মধ্যে বসাম্যহম্ ॥
ইতি ॥ ২৫২ ॥

অনুবাদ—আমার অগ্রে গাভীগণ থাকুন, গাভীগণ আমার পশ্চাতে থাকুন, গাভীগণ আমার উভয় পার্শ্বে থাকুন, গাভীগণ মধ্যে আমি বাস করিব ॥ ২৫২ ॥

অথ গোক্রীড়া

তত্রৈব—

ক্রোধাপয়েদ্ধাবয়েচ্চ গোমহিষ্যাদিকং ততঃ ।
বৃষান্ কর্ষাপয়েদ্গোপৈরুক্তিপ্রত্যুক্তিবাদনাৎ ॥২৫৩॥

অনুবাদ—অনন্তর গো-ক্রীড়া, ঐ পুরাণে—অনন্তর গো-মহিষাদিকে ক্রোধান্বিত করিয়া ধাবিত করিবে, বৃষগণকে গোপগণের প্রত্যুক্তি ও বাদ্যবাদন দ্বারা যুদ্ধ করাইবে ॥ ২৫৩ ॥

টীকা—ক্রোধাপয়েদিত্যার্ষং, ক্রোধং কারয়েদিত্যর্থঃ। গোপৈঃ কৃত্বা কর্ষাপয়েৎ আকর্ষয়েৎ ॥২৫৩

পাদ্মে চ তত্রৈব—

মহিষ্যাদেস্তথা ভূষা ক্রীড়নং রাবণস্তথা ॥ ২৫৪ ॥

অনুবাদ—পদ্মপুরাণেও ঐ প্রসঙ্গে—মহিষ আদির ঐরূপ-ভূষণাদি দ্বারা ভূষিত করিয়া ক্রীড়া ও গর্জ্জন করাইবে ॥ ২৫৪ ॥

টীকা—ক্রীড়নম্—আকর্ষাদিক্রীড়াং কারয়েদিত্যর্থঃ। রাবণং রবং কারয়েদিত্যর্থঃ ॥ ২৫৪ ॥

অথ তন্মাহাত্ম্যম্

তত্রৈব—

এবং গোবর্দ্ধনো গাশ্চ পূজনীয়া বিধানতঃ ।
গোবর্দ্ধনমখো রম্যঃ কৃষ্ণসন্তোষকারকঃ ॥ ২৫৫ ॥

অনুবাদ—অনন্তর উহার মাহাত্ম্য, পদ্মপুরাণেই—শাস্ত্রবিধিমত গোবর্দ্ধন ও গাভীগণের পূজা কর্ত্তব্য। মনোরম গোবর্দ্ধন যজ্ঞ শ্রীকৃষ্ণের সন্তোষ কারক ॥ ২৫৫ ॥

টীকা—গা গাবঃ ॥ ২৫৫ ॥

অথ শ্রীবলিদৈত্যরাজপূজা

লিখিত্বা শ্রীবলিং পট্টে বিন্ধ্যাবল্যান্বিতং মুদা।
প্রদোষে তৎপ্রতিপদো ভগবদ্ভক্তমর্চ্চয়েৎ ॥ ২৫৬ ॥

অনুবাদ—অনন্তর শ্রীবলিদৈত্যরাজ-পূজা—আনন্দ সহকারে বিন্ধ্যাবলীসহ শ্রীবলিমহারাজকে চিত্রপটে লিখিয়া ঐ প্রতিপদ দিনের প্রদোষে ভগবদ্ভক্তকে অর্চ্চন করিবে ॥ ২৫৬ ॥

টীকা—তস্যা গোবর্দ্ধনাদ্রিপূজাসম্বন্ধিন্যাঃ শুক্লায়াঃ প্রতিপত্তিথেঃ প্রদোষে, যতো ভগবতো ভক্তম্ ॥২৫৬॥

টীকা—আসিতম্—আসীনম্ ॥ ২৫৭ ॥

তথা চ স্কান্দে—
বলিমালিখ্য দৈত্যেন্দ্রং বর্ণকৈঃ পঞ্চরঙ্গকৈঃ।
সর্ব্বাভরণসম্পূর্ণং বিন্ধ্যাবল্যা সহাসিতম্ ॥ ২৫৭ ॥

অনুবাদ—ঐরূপ স্কন্দপুরাণেও—পঞ্চরঙ্গে দৈত্যরাজ বলিকে চিত্রপটে লিখিয়া তৎসঙ্গে উপবিষ্টা সর্ব্বালঙ্কারে ভূষিতা বিন্ধ্যাবলীকেও লিখিবে ॥ ২৫৭॥

কুষ্মাণ্ড-ময়-জম্ভোরু-মুরদানবসংবৃতম্।
সম্পূর্ণহৃষ্টবদনং কিরীটোৎকটকুণ্ডলম্।
দ্বিভুজং দৈত্যরাজানং কারয়িত্বার্চ্চয়েন্নৃপ ॥ ২৫৮ ॥

অনুবাদ—হে রাজন্! বলিরাজের পরিকর কুষ্মাণ্ড, ময়দানব, জম্ভোরুমুর দানব প্রভৃতিকেও লিখিবে। সম্পূর্ণ প্রফুল্লমুখ মুকুট উত্তম কুণ্ডল শোভিত দ্বিভুজ দৈত্যরাজকে চিত্রিত করিয়া পূজা করিবে ॥ ২৫৮ ॥

টীকা—নৃপ ইত্যনেন এতচ্চ রাজকৃত্যমিতি বোধিতম্। স্বয়মিতি পাঠে চ সর্ব্বো জনঃ স্বয়মেব, ন ত্বন্যহস্তেনার্চ্চয়েদিত্যর্থঃ ॥ ২৫৮ ॥

অথ তৎপূজাপ্রকরণম্

পাদ্মে তত্রৈব—
যথার্পিতং দেহমনেন বিষ্ণবে
ভীতেন মিথ্যাবচসো মহাত্মনা।
দৈত্যেন তেনাথ কঠোরচেষ্টয়া
বদ্ধো বলির্বামনমূর্ত্তিনা বত ॥ ২৫৯ ॥

অনুবাদ—অথ বলিরাজ পূজা প্রকরণ, পদ্মপুরাণে ঐ প্রসঙ্গে—মহাত্মা দৈত্যরাজ বলি মিথ্যাবাক্যের ভয়ে ভীত হইয়া ইনি শ্রীবামনদেবকে যে ভাবে দেহ পর্য্যন্ত অর্পণ করিয়াছেন। শ্রীবামনদেবও কঠোর ভাব প্রকাশ করিয়া বলিকে বন্ধন করিয়াছেন ॥ ২৫৯ ॥

বধ্বানীতোঽথ পাতালং বিমনাঃ খিন্নমানসঃ।
নাভ্যসূয়দ্ধরিং দৈত্যস্ত্যক্তাহংমমতে সুধীঃ।
তদোবাচ হরিঃ প্রীতস্তস্মৈ দৈত্যায় ভাগকৃৎ ॥ ২৬০

অনুবাদ—অনন্তর বন্ধন করিয়া পাতালে আনিবার কালে সুধী দৈত্যরাজ বিমনা ও খেদযুক্তচিত্ত হইয়াও শ্রীহরিকে দোষ প্রদান করেন নাই, কারণ দেহে ও দেহিক বস্তুতে অহং মমতা ভাবশূন্য ছিলেন। তখন শ্রীহরি তাহার প্রতি প্রীত হইয়া বলিয়াছিলেন দৈত্যরাজ বলি যজ্ঞভাগ প্রাপ্ত হইবেন ॥ ২৬০ ॥

অশ্রোত্রিয়ে দত্তমমন্ত্রকং হুতং
জপ্তং তথা ব্যগ্রধিয়া জনেন যৎ।
তথোর্জ্জশুক্লপ্রতিপদ্দিনে ন তু
ত্বামর্চ্চয়েত্তৎসুকৃতং তবাস্তু ॥ ২৬১ ॥

অনুবাদ—আরও বলিয়াছিলেন—যে সকল ব্যক্তি অবেদজ্ঞকে দান করে, মন্ত্রহীন হোম করে, ব্যগ্রচিত্তে জপ করে, আর কার্ত্তিক শুক্লা প্রতিপদ্দিনে তোমাকে অর্চ্চন করে না তাহাদের সুকৃতপুণ্য তোমার প্রাপ্য হউক ॥ ২৬১ ॥

টীকা—যস্ত্বাং নার্চ্চয়েত্তস্য যাবৎ সুকৃতং, তৎ সর্ব্বং তবাস্তু ॥ ২৬১ ॥

ইতি তস্মৈ বরো দত্তো হরিণা দিতিজায় চ।
ততোঽবশ্যং প্রপূজ্যোঽসৌ বলিরাজদিনে মুদা।
কৃষ্ণসান্নিধ্যতশ্চাপি পূজনীয়ঃ প্রযত্নতঃ ॥ ২৬২ ॥

অনুবাদ—এইভাবে শ্রীহরি দৈত্যরাজ বলিকে বর প্রদান করায় ঐ দিনে অবশ্য বলিরাজ সানন্দে পূজনীয়, আর শ্রীকৃষ্ণ বলরামের সান্নিধ্য লাভ করায়ও যত্নসহ বলিরাজ পূজনীয় ॥ ২৬২ ॥

টীকা—এবং শ্রীভগবদাজ্ঞয়াবশ্যং পূজ্য এব, কৃষ্ণসমীপবর্তিত্বাচ্চাবশ্যং ভক্ত্যা পূজ্য ইত্যাহ—কৃষ্ণেতি ॥ ২৬২ ॥

অথ বলিপূজাবিধিঃ

স্কান্দে তত্রৈব—

গৃহস্য মধ্যে শালায়াং বিশালায়াং ততোঽর্চ্চয়েৎ ।
ভ্রাতৃমাতৃজনৈঃ সার্দ্ধং সন্তুষ্টো বন্ধুভিস্তথা ॥ ২৬৩ ॥
কমলৈঃ কুমুদৈঃ পুষ্পৈঃ কহ্লারৈ রক্তকোৎপলৈঃ ।
গন্ধপুষ্পাদিনৈবেদ্যৈরক্ষতৈগু ড়পূপকৈঃ ॥ ২৬৪ ॥

অনুবাদ—অনন্তর বলিরাজ পূজাবিধি, স্কন্দপুরাণে ঐ প্রসঙ্গে—গৃহমধ্যে বিস্তৃত স্থানে ভ্রাতৃগণ, মাতৃগণ ও বন্ধু-বান্ধবগণ সহ মিলিত হইয়া পদ্ম, কুমুদ, কহ্লার, রক্তপদ্ম সহ, গন্ধপুষ্পাদি নৈবেদ্যসমূহ দ্বারা, অক্ষত ও গুড়পিষ্টকাদি দ্বারা সন্তুষ্ট চিত্তে বলি মহারাজের অর্চ্চন করিবে ॥ ২৬৩-২৬৪ ॥

টীকা—শালায়াং আয়তনবিশেষে, যদ্বা, শালায়াং গৃহে, তত্র গৃহমধ্য এবেত্যর্থঃ। সন্তুষ্টঃ—হর্ষযুক্তঃ সন্ ॥ ২৬৩ ॥

টীকা—কহ্লারৈঃ—সৌগন্ধিকৈঃ ॥ ২৬৪ ॥

অথ তত্র পূজামন্ত্রঃ

বলিরাজং নমস্তুভ্যং বিরোচনসুত প্রভো ।
ভবিষ্যেন্দ্র সুরারাতে পূজেয়ং প্রতিগৃহ্যতাম্ ॥ ২৬৫ ॥

অনুবাদ—অনন্তর ঐ পূজামন্ত্র—হে বলি মহারাজ! আপনাকে নমস্কার, হে বিরোচন পুত্র! হে প্রভো! হে ভবিষ্যমন্বন্তরে দেবরাজ! হে দেবশত্রু! এই পূজা গ্রহণ করুন ॥ ২৬৫ ॥

দীপোৎসবৈর্জনিতসর্ব্বজন-প্রমোদৈঃ
কুর্ব্বন্তি যে সুমতয়ো বলিরাজপূজাম্ ।
দানোপভোগসুখবৃদ্ধিশতাকুলানাং
নূনং প্রয়াতি সকলং প্রমুদৈব বর্ষম্ ॥ ২৬৬ ॥

অনুবাদ—যে সকল সুবুদ্ধিমান ব্যক্তি দীপাবলি উৎসবে জাত সর্ব্বজন মিলিত আনন্দের সহিত বলি-মহারাজের পূজা করেন, বহুজন মিলিত দান উপভোগ সুখসমৃদ্ধি নিশ্চয়ই তাহাদের পূর্ণানন্দে সারা বৎসর অতিবাহিত হয় ॥ ২৬৬ ॥

অথ যমদ্বিতীয়াকৃত্যম্

স্কান্দে পাদ্মে চ—

ঊর্জ্জে শুক্লদ্বিতীয়ায়াং মধ্যাহ্নে যমমর্চ্চয়েৎ ।
স্নানং কৃত্বা ভানুজায়াং যমলোকং ন পশ্যতি ॥২৬৭॥

অনুবাদ—অনন্তর যম দ্বিতীয়াকৃত্য, স্কন্দপুরাণে ও পদ্মপুরাণে—কার্ত্তিকে শুক্লপক্ষে দ্বিতীয়া তিথিতে মধ্যাহ্নে যমরাজের পূজা করিবে এবং যমুনাতে স্নান করিলে যমলোক দর্শন হয় না ॥ ২৬৭ ॥

টীকা—ভানুজায়াং—শ্রীযমুনায়াম্ ॥ ২৬৭ ॥

কিঞ্চ—

তস্যাং নিজগৃহে বিপ্র ন ভোক্তব্যং ততো বুধৈঃ ।
স্নেহেন ভগিনীহস্তাদ্ভোক্তব্যং পুষ্টিবর্দ্ধনম্ ॥ ২৬৮ ॥

অনুবাদ—আরও—হে বিপ্র! বুদ্ধিমান্ ব্যক্তি ঐ দিন নিজ গৃহে ভোজন করিবে না, স্নেহযুক্ত হইয়া পুষ্টি বর্দ্ধন নিমিত্ত ভগিনী হস্ত হইতে ভোজন কর্ত্তব্য ॥ ২৬৮ ॥

টীকা—তচ্চ পুষ্টিং বর্দ্ধয়তীত্যর্থঃ ॥ ২৬৮ ॥

দানানি চ প্রদেয়ানি ভগিনীভ্যো বিধানতঃ ।
সর্ব্বা ভগিন্যঃ সম্পূজ্যা অভাবে প্রতিপন্নজাঃ ॥২৬৯॥

অনুবাদ—শাস্ত্রবিধানানুসারে ভগিনীগণকে নানা-বস্ত্র দান করিবে, ভগিনীগণকে পূজা করিবে, সম্মান করিবে। নিজ ভগ্নি অভাবে বৈমাত্রেয় ভগিণীগণকে পূজা করিবে ॥ ২৬৯ ॥

টীকা—প্রতিপন্নজাঃ—বৈমাত্রেয়াঃ ॥ ২৬৯ ॥

কিঞ্চ—

যস্যাং তিথৌ যমুনয়া যমরাজদেবঃ
সম্ভোজিতস্তুতিশয়স্বসৃসৌহৃদেন।
তস্যাং স্বসুঃ করতলাদিহ যো ভুনক্তি
প্রাপ্নোতি বিত্তসুভগং ধনমুত্তমং সঃ ॥ ২৭০ ॥

অনুবাদ—আরও—যে তিথিতে যমুনা কর্ত্তৃক যমরাজদেব অতিশয় ভগিনী স্নেহহেতু পূর্ণ ভোজন প্রাপ্ত হইয়াছিলেন, সেই তিথিতে ভগিনীহস্ত হইতে যে মানব ইহলোকে ভোজন করেন, তিনি বিত্ত, সৌভাগ্য ও উত্তম ধন প্রাপ্ত হন ॥ ২৭০ ॥

টীকা—বিত্তসুভগং শোভনৈশ্বর্য্যম্, উত্তমং ধনং ধর্ম্মলক্ষণম্; 'ধর্ম্ম ইষ্টং ধনং পুংসাম্' (১৯।৩৯) ইত্যেকাদশস্কন্ধোক্তেঃ ॥ ২৭০ ॥

অথ শুক্লাষ্টমীকৃত্যম্

পাদ্মে তত্রৈব, কূর্ম্মপুরাণে চ—

শুক্লাষ্টমী কার্ত্তিকে তু স্মৃতা গোপাষ্টমী বুধৈঃ।
তদ্দিনে বাসুদেবোঽভূদ্গোপঃ পূর্ব্বন্তু বৎসপঃ ॥২৭১

অনুবাদ—অনন্তর শুক্লাষ্টমী কৃত্য, পদ্মপুরাণে ঐ প্রসঙ্গে এবং কূর্ম্মপুরাণেও—পণ্ডিতগণ কর্ত্তৃক কার্ত্তিকমাসে শুক্লাষ্টমী গোপাষ্টমী নামে প্রতিবর্ষ স্মরণীয় হয়। ঐ দিনে শ্রীকৃষ্ণ শ্রীবৃন্দাবনে গোপালন আরম্ভ করিয়া গোপ হইয়াছিলেন। তৎপূর্ব্বে বৎস পালক ছিলেন ॥ ২৭১ ॥

টীকা—যতঃ পূর্ব্বং বৎসপঃ সন্ তদ্দিনমারভ্য গোপোঽভূৎ ॥ ২৭১ ॥

তত্র কুর্য্যাদ্গবাং পূজাং গোগ্রাসং গো-প্রদক্ষিণম্।
গবানুগমনং কার্য্যং সর্ব্বান্ কামানভীপ্সতা ॥ ২৭২॥

অনুবাদ—সর্ব্ববিধ মনোবাসনা লাভেচ্ছুর পক্ষে ঐ তিথিতে গাভীগণের পূজা, গোগ্রাস দান, গোপ্রদক্ষিণ এবং গোগণের পশ্চাৎগমন কর্ত্তব্য ॥ ২৭২ ॥

টীকা—গবামনুগমনম্ ॥ ২৭২ ॥

অথ প্রবোধনীকৃত্যম্

শয়ন্যামিব কৃত্বাস্যাং ক্ষীরাম্ভোধিমহোৎসবম্।
প্রবোধ্য কৃষ্ণং সম্পূজ্য বিধিনারোহয়েদ্রথম্ ॥ ২৭৩॥

অনুবাদ—অনন্তর প্রবোধনীকৃত্য—কার্ত্তিক শুক্লা একাদশীতে অর্থাৎ উত্থান একাদশীতে শয়ন একাদশীর ন্যায় ক্ষীরাব্ধি মহোৎসব করিয়া শ্রীকৃষ্ণের শয়ন বিগ্রহকে জাগাইয়া পূজা করিয়া যথাবিধি রথে আরোহণ করাইবে ॥ ২৭৩ ॥

টীকা—অস্যাং—প্রবোধন্যাম্ ॥ ২৭৩ ॥

অথ প্রবোধনীকৃত্য-নিত্যতা

স্কান্দে তত্রৈব—

জন্মপ্রভৃতি যৎ পুণ্যং নরেণোপার্জ্জিতং ভুবি।
বৃথা ভবতি তৎ সর্ব্বং ন কৃত্বা বোধবাসরম্ ॥২৭৪॥

অনুবাদ—অনন্তর প্রবোধনীকৃত্য নিত্যতা, স্কন্দপুরাণে ঐ প্রসঙ্গে—এই জগতে যে মানব জন্ম হইতে যে সকল পুণ্য উপার্জ্জন করিয়াছেন, সে সকলই নিষ্ফল হয়, যদি শ্রীভগবানের জাগরণ দিনে উৎসব পালন না করেন ॥ ২৭৪ ॥

টীকা—বোধবাসরং প্রবোধন্যুক্তকৃত্যমিত্যর্থঃ, এবং রথযাত্রাদেনিত্যত্বমায়াতম্ ॥ ২৭৪ ॥

অথ প্রবোধনীমাহাত্ম্যম্

তত্রৈব—

প্রবোধন্যাশ্চ মাহাত্ম্যং পাপঘ্নং পুণ্যবর্দ্ধনম্।
মুক্তিদং কৃতবুদ্ধীনাং শৃণু ত্বং মুনিসত্তম ॥ ২৭৫ ॥

অনুবাদ—অনন্তর প্রবোধনী মাহাত্ম্য স্কন্দপুরাণেই—হে মুনি সত্তম! আপনি প্রবোধিনীর মাহাত্ম্য শ্রবণ করুন—পাপহারী, পুণ্যবর্দ্ধন এবং শ্রদ্ধালু মানবগণের মুক্তিপ্রদ ॥ ২৭৫ ॥

তাবদ্গর্জ্জতি বিপ্রেন্দ্র গঙ্গা ভাগীরথী ক্ষিতৌ।
যাবন্নায়াতি পাপঘ্নী কার্ত্তিকে হরিবোধনী ॥ ২৭৬ ॥

অনুবাদ—হে বিপ্রবর! এই ধরাতলে ভাগী-

রথী গঙ্গা সেই পর্য্যন্ত প্রশংসিত হন, যে পর্য্যন্ত কার্ত্তিকে পাপহারিণী তিথি আগমন না করেন ॥২৭৬

তাবদ্‌গর্জ্জন্তি তীর্থানি আসমুদ্রসরাংসি চ।
যাবৎ প্রবোধনী বিষ্ণোস্তিথির্নায়াতি কার্ত্তিকে ॥ ২৭৭ ॥

অনুবাদ—সেই পর্য্যন্ত তীর্থসমূহ এবং সমুদ্র হইতে আরম্ভ করিয়া পুণ্যজলা সরোবর সমূহ প্রশংসিত হয়, যে পর্য্যন্ত কার্ত্তিকে শ্রীবিষ্ণুর জাগরণী তিথি আগমন না করেন ॥ ২৭৭ ॥

বাজপেয়সহস্রাণি অশ্বমেধশতানি চ।
একেনৈবোপবাসেন প্রবোধন্যা লভেন্নরঃ ॥ ২৭৮ ॥

অনুবাদ—মানব একটিমাত্র প্রবোধনী একাদশীর উপবাস দ্বারা সহস্র বাজপেয় যজ্ঞ ও শত অশ্বমেধ যজ্ঞের ফল প্রাপ্ত হয় ॥ ২৭৮ ॥

দুর্ল্লভং চৈব দুষ্প্রাপং ত্রৈলোক্যে সচরাচরে।
তদপি প্রার্থিতং বিপ্র দদাতি হরিবোধনী ॥ ২৭৯ ॥

অনুবাদ—হে বিপ্র! ত্রিলোকে চরাচর প্রাণিগণের দুর্ল্লভ ও দুষ্প্রাপ্য বস্তুও শ্রীহরিবোধনী প্রার্থিত হইয়া প্রদান করেন ॥ ২৭৯ ॥

টীকা—দুর্ল্লভং দুঃখেন প্রাপ্যং, দুষ্প্রাপঞ্চ; অপ্রাপ্যং যৎ তদপি প্রার্থিতং সৎ ॥ ২৭৯ ॥

ঐশ্বর্য্যং সন্ততিং পূজাং রাজ্যঞ্চ সুখসম্পদঃ।
দদাত্যুপোষিতা বিপ্র হেলয়া হরিবোধনী ॥ ২৮০ ॥

অনুবাদ—হে বিপ্র! শ্রীহরিবোধনী উপোষিতা হইয়া অনায়াসে ঐশ্বর্য্য, সন্তান, পূজা, সুখ, সম্পদ দান করেন ॥ ২৮০ ॥

টীকা—সন্ততিং—পুত্রাদীন্ ॥ ২৮০ ॥

মেরুমন্দরতুল্যানি পাপান্যত্যুর্জ্জিতান্যপি।
একেনৈবোপবাসেন দহতে হরিবোধনী ॥ ২৮১ ॥

অনুবাদ—একটি মাত্র শ্রীহরিবোধনী উপবাস দ্বারা মেরু-মন্দর পর্ব্বত তুল্য বৃহৎপাপসমূহও দগ্ধ করেন ॥ ২৮১ ॥

টীকা—দহতে দহতি ॥ ২৮১ ॥

পৃথিব্যাং যানি দানানি দত্ত্বা যৎ ফলমাপ্নুতে।
একেনৈবোপবাসেন দদাতি হরিবোধনী ॥ ২৮২ ॥

অনুবাদ—একটি মাত্র শ্রীহরিবোধনী উপবাস দ্বারা মানব পৃথিবীতে যতপ্রকার দান আছে, তাহার দানের ফল ভোগ করে ॥ ২৮২ ॥

কিঞ্চ—

জাতঃ স এব সুকৃতী কুলং তেনৈব পাবিতম্।
কার্ত্তিকে মুনিশার্দূল কৃতা যেন প্রবোধনী ॥ ২৮৩ ॥

অনুবাদ—আরও—হে মুনিবর! যিনি কার্ত্তিকে প্রবোধনী ব্রত করেন তিনিই সুকৃতী জন্মা এবং তাহা দ্বারাই কুল পবিত্র করেন ॥ ২৮৩ ॥

যানি কানি চ তীর্থানি ত্রৈলোক্যে সম্ভবন্তি চ।
তানি তস্য গৃহে সম্যগ্ যঃ করোতি প্রবোধনীম্ ॥ ২৮৪ ॥

অনুবাদ—ত্রিলোকে যে সকল তীর্থ আছে, যিনি প্রবোধনী ব্রত করেন তাহার গৃহে তীর্থ সকল সম্পূর্ণ থাকেন ॥ ২৮৪ ॥

সর্ব্বকৃত্যং পরিত্যজ্য তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ।
উপোষ্যৈকাদশী সম্যক্ কার্ত্তিকে হরিবোধনী ॥ ২৮৫

অনুবাদ—অন্য কৃত্যসমূহ পরিত্যাগ করিয়া শ্রীচক্রপাণির তুষ্টির জন্য কার্ত্তিকে শ্রীহরিবোধনী একাদশী ব্রত করিবে ॥ ২৮৫ ॥

কিন্তস্য বহুভিঃ কৃত্যৈঃ পরলোকপ্রদৈর্ম্মুনে।
সকৃচ্ছোপোষিতা যেন কার্ত্তিকে হরিবোধনী ॥২৮৬॥

অনুবাদ—হে মুনে। পরলোকে পুণ্যপ্রদ বহু কৃত্য করিয়া কি প্রয়োজন, যিনি কার্ত্তিকে শ্রীহরিবোধনী একবার উপবাস করিয়াছেন ॥ ২৮৬ ॥

টীকা—পরলোকপ্রদৈরিতি তেষাং সংসারদুঃখাবহত্বমুক্তম্ ॥ ২৮৬ ॥

স জ্ঞানী স হি যোগী চ স তপস্বী জিতেন্দ্রিয়ঃ।
স্বর্গমোক্ষৌ চ তস্যাস্তামুপাস্তে হরিবোধনীম্ ॥২৮৭॥

অনুবাদ—যিনি শ্রীহরিবোধনী উপবাস করেন, তিনি জ্ঞানী, তিনিই যোগী, তিনি তপস্বী, তিনি জিতেন্দ্রিয়, তাঁহার জন্য স্বর্গ ও মোক্ষ উভয়ই প্রাপ্য আছে ॥ ২৮৭ ॥

টীকা—আস্তাম্—আসাতাং ভবত ইত্যর্থঃ ॥২৮৭

বিষ্ণোঃ প্রিয়তরা হ্যেষা ধর্ম্মসারস্য দায়িনী।
ইমাং সকৃদুপোষ্যৈব মুক্তিভাগী ভবেন্নরঃ ॥ ২৮৮ ॥

অনুবাদ—এই শ্রীহরিবোধনী শ্রীবিষ্ণুর প্রিয়তরা, ধর্ম্মসার প্রদায়িনী, ইহাকে একবার উপবাস করিয়াই মানব মুক্তিভাগী হয় ॥ ২৮৮ ॥

প্রবোধনীমুপোষ্যৈব ন গর্ভে বিশতে নরঃ।
সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য তস্মাৎ কুর্ব্বীত নারদ ॥২৮৯

অনুবাদ—হে নারদ! প্রবোধনী উপবাস করিয়াই মানব, আর মাতৃগর্ভে প্রবেশ করে না, অতএব সর্ব্ববিধ ধর্ম্ম পরিত্যাগ করিয়া প্রবোধিনী উপবাস কর্ত্তব্য ॥ ২৮৯ ॥

স্নানং দানং তপো হোমঃ সমুদ্দিশ্য জনার্দ্দনম্।
নরৈর্যৎ ক্রিয়তে বিপ্র প্রবোধন্যাং তদক্ষয়ম্ ॥২৯০॥

অনুবাদ—এই প্রবোধনীতে মানবগণ স্নান, দান, তপঃ, হোম যাহা কিছু শ্রীজনার্দ্দনের উদ্দেশ্যে করেন, হে বিপ্র! তাহা সকলই অক্ষয় ফল প্রদ হয় ॥ ২৯০ ॥

টীকা—প্রবোধনীত্যাদি-শব্দেন সামান্যেন তত্র সর্ব্বেষামেব কৃত্যানাং মাহাত্ম্যমুক্তেদানীং বিশেষতত্ত্বানি নির্দ্দিশন্নাহ—স্নানমিতি ॥ ২৮৯-২৯০ ॥

মহাব্রতমিদং পুত্র মহাপাপৌঘনাশনম্।
প্রবোধবাসরং বিষ্ণোর্বিধিবৎ সমুপোষয়েৎ ॥২৯১॥

অনুবাদ—হে পুত্র! ইহা মহাব্রত, মহাপাপসমূহ নাশন, শ্রীবিষ্ণুর প্রবোধ হরিবাসর যথাবিধি সম্পূর্ণ উপবাস করাইবে ॥ ২৯১ ॥

ব্রতেনানেন দেবেশং পরিতোষ্য জনার্দ্দনম্।
বিরাজয়ন্ দিশো দীপ্ত্যা প্রয়াতি ভুবনং হরেঃ ॥২৯২

অনুবাদ—দেবদেব শ্রীজনার্দ্দনকে এই ব্রতদ্বারা পরিতুষ্ট করিয়া দশদিক উজ্জ্বল করিয়া ইহলোকে বিরাজ করেন এবং শেষে শ্রীহরিধামে গমন করেন ॥ ২৯২ ॥

পাদ্মে চ তত্রৈব—

দুগ্ধাব্ধিভোগিশয়নে ভগবাননন্তো
যস্মিন্ দিনে স্বপিতি চাথ বিবুধ্যতে চ।
তস্মিন্নননন্যমনসামুপবাসভাজাং
কামং দদাত্যভিমতাং গরুড়াঙ্কশায়ী ॥২৯৩॥

অনুবাদ—পদ্মপুরাণেও ঐ প্রসঙ্গে—ক্ষীরাব্ধিতে শেষ নাগ শয্যায় ভগবান্ শ্রীঅনন্ত যে দিনে শয়ন ও জাগরণ করেন, গরুড়পৃষ্ঠশায়ী শ্রীভগবান্ সেই দিনে একচিত্তে উপবাসকারীগণের বাঞ্ছিত ফল দান করেন ॥ ২৯৩ ॥

টীকা—দুগ্ধাব্ধৌ যদ্ভোগিশয়নং শেষপর্য্যঙ্কস্তস্মিন্, এতচ্চ তদ্দিনে ক্ষীরাব্ধিকল্পনাভিপ্রায়েণ সাক্ষাদ্বা, তদানীং তত্রৈব শয়নাদিতি ॥ ২৯৩ ॥

বারাহে চ—

উপবাসাসমর্থানাং সদৈব পৃথুলোচনে।
একা সা দ্বাদশী পুণ্যা সমুপোষ্যা প্রবোধনী ॥২৯৪॥

অনুবাদ—বরাহপুরাণেও—হে স্থূললোচন ভূদেবি!

উপবাস সমূহে অসমর্থ ব্যক্তিগণের পক্ষে একটি মাত্র পুণ্য প্রদা প্রবোধনী দ্বাদশী সম্পূর্ণ কর্ত্তব্যা ॥ ২৯৪ ॥

তস্যামারাধ্য বিশ্বেশং জগতামীশ্বরেশ্বরম্ ।
প্রাপ্নোতি সকলং তদ্ধি দ্বাদশদ্বাদশীব্রতম্ ॥ ২৯৫ ॥

অনুবাদ—ঐ তিথিতে বিশ্বেশ্বর জগদীশ্বরগণের ও ঈশ্বর শ্রীকৃষ্ণকে আরাধনা করিয়া দ্বাদশীব্রতের ফল সকল প্রাপ্ত হয় ॥ ২৯৫ ॥

উত্তরাঙ্গারকযুতা যদি সা ভবতি প্রিয়ে ।
তদা সা মহতী পুণ্যা কোটি-কোটি-গুণোত্তরা ॥২৯৬

অনুবাদ—হে প্রিয়ে ! উত্থান একাদশীতে উত্তর ভাদ্রপদ নক্ষত্র ও মঙ্গলবার যুক্ত হইলে, তখন তাহা মহাপুণ্য প্রদা ও কোটি কোটি গুণে শ্রেষ্ঠা হয় ॥২৯৬॥

টীকা—উত্তরা উত্তরভাদ্রপদনক্ষত্রম্, অঙ্গারকো ভৌমবারঃ, তাভ্যাং যুক্তা সা প্রবোধনী যদি ভবেৎ ॥ ২৯৬ ॥

শয়নে বোধনে চৈব কোটিদানেন সুন্দরি ।
উপোষ্যৈব বিধানেন যান্তি মল্লয়তাং নরাঃ ॥ ২৯৭ ॥

অনুবাদ—হে সুন্দরি ভূদেবি ! মানবগণ শ্রীভগবানের শয়ন, উত্থান ও পার্শ্বপরিবর্ত্তনে শাস্ত্রবিধি অনুসারে উপবাস দ্বারাই আমার সান্নিধ্য লাভ করে ॥ ২৯৭ ॥

একাদশী সোমযুতা কার্ত্তিকে মাসি ভাবিনি ।
উত্তরাভাদ্রসংযোগে অনন্তা সা প্রকীর্ত্তিতা ॥ ২৯৮ ॥

অনুবাদ—হে ভাবিনি ! কার্ত্তিকমাসে একাদশী সোমবার ও উত্তর ভাদ্রপদ নক্ষত্র সংযুক্তা হইলে উহা 'অনন্তা' নামে পরিকীর্ত্তিতা হয় ॥ ২৯৮ ॥

টীকা—সোমবারযুতাপি পরমমহাপুণ্যেত্যাহ—একাদশীতি ॥ ২৯৮ ॥

তস্যাং যৎ ক্রিয়তে ভদ্রে সর্ব্বমানন্ত্যমশ্নুতে ।
অনন্তপুণ্যফলদা তেনানন্তা স্মৃতা ফলে ॥ ২৯৯ ॥

অনুবাদ—হে ভদ্রে ! ঐ একাদশীতে যাহা কিছু করা হয়, সেই সকলই অনন্ত পুণ্য ফলপ্রদ হয়, এই কারণে 'অনন্তা' নামে প্রসিদ্ধা ॥ ২৯৯ ॥

তত্রৈব শ্রীযমনারদ-সংবাদে—

অন্যচ্চ তে প্রবক্ষ্যামি গুহ্যাদ্‌গুহ্যতরং মুনে ।
কার্ত্তিকেঽমলপক্ষে তু সাক্ষাদেকাদশী স্মৃতা ।
ভক্তিপ্রদা হরেঃ সা তু নাম্না খ্যাতা প্রবোধনী ॥৩০০

অনুবাদ—বরাহপুরাণে শ্রীযম-নারদ-সংবাদে—হে নারদ ! তোমার নিকট অন্য একটি গোপনীয় হইতেও গোপনীয় বিষয় বলিব, কার্ত্তিকে শুক্লপক্ষে কিন্তু সাক্ষাৎ 'একাদশী' নামে প্রসিদ্ধা, শ্রীহরি ভক্তি-প্রদা, তাহার আর একটি নাম—'প্রবোধনী' ॥৩০০॥

টীকা—সাক্ষাদ্ধরের্ভক্তিপ্রদা ॥ ৩০০ ॥

যা সা বিষ্ণোঃ পরা মূর্ত্তিরব্যক্তানেকরূপিণী ।
সা ক্ষিপ্তা মানুষে লোকে দ্বাদশী মুনিপুঙ্গব ॥ ৩০১ ॥

অনুবাদ—হে মুনিশ্রেষ্ঠ ! শ্রীবিষ্ণুর যে 'পরা' অর্থাৎ স্বরূপ শক্তির মূর্ত্তি তাহা প্রাকৃত নয়নের অগোচরা হইয়াও অনেক রূপধারিণী, ঐ স্বরূপ-শক্তিকে একাদশী ও দ্বাদশী নাম দিয়া শ্রীভগবান্ মনুষ্যলোকে ভক্তি প্রদানের জন্য প্রেরণ করিয়াছেন ॥ ৩০১ ॥

টীকা—তৎসেবয়া চ সাক্ষাদ্ধরিসেবৈব সম্পদ্যতে ইত্যাশয়েনাহ,—যা সেতি, দ্বাদশীরূপেণ ক্ষিপ্তা ন্যস্তা ॥ ৩০১ ॥

অথ শ্রীমথুরায়াং বিশেষতো মাহাত্ম্যম্

পাদ্মে তত্রৈব—

তাবদ্‌গর্জ্জন্তি তীর্থানি বাজিমেধাদয়ো মখাঃ ।
মথুরায়াং প্রিয়া বিষ্ণোর্যাবন্নায়াতি বোধনী ॥ ৩০২॥

অনুবাদ—অনন্তর শ্রীমথুরামণ্ডলে প্রবোধনীর বিশেষ মাহাত্ম্য, পদ্মপুরাণে ঐ প্রসঙ্গে—তীর্থসমূহের মহিমা এবং অশ্বমেধাদি যজ্ঞ সমূহের মহিমা সেই-

কাল পর্য্যন্তই প্রশংসনীয়, যে কাল পর্য্যন্ত মথুরাতে শ্রীবিষ্ণুপ্রিয়া প্রবোধিনী একাদশী আগমন না করেন ॥ ৩০২ ॥

সংসারদাবতপ্তানাং কামসৌখ্যে পিপাসিনাম্।
শ্রীকৃষ্ণপাদপদ্মস্য সান্নিধ্যং শীতলং গৃহম্ ॥ ৩০৩ ॥
ভবপান্থজনানাং বৈ প্রাপিকেয়ং প্রবোধনী।
কথং ন সেব্যতে মূঢ় মথুরায়াং কিমন্যতঃ ? ৩০৪॥

অনুবাদ—সংসার দাবানলের ত্রিতাপ জ্বালায় উত্তপ্ত এবং ইন্দ্রিয় সুখে পিপাসিত ব্যক্তিগণের পক্ষে শ্রীকৃষ্ণ পাদপদ্মের সান্নিধ্যলাভ রূপ শীতল ত্রিতাপহর গৃহই প্রয়োজন। সংসার মরুভূমির পথে ভ্রমণকারী জনগণের পক্ষে নিশ্চয়ই শ্রীকৃষ্ণচরণ কমলের সান্নিধ্য প্রাপিকা এই প্রবোধনী। অতএব হে মূঢ় মন! অন্যতীর্থে কি প্রয়োজন ? শ্রীকৃষ্ণ গৃহ মথুরামণ্ডলে প্রবোধনী একাদশীর সেবা কেন করিতেছ না, প্রবোধনী সেবা দ্বারাই সাক্ষাৎ শ্রীকৃষ্ণ সেবাই সম্পাদিত হয় ॥ ৩০৩-৩০৪ ॥

টীকা—শ্রীকৃষ্ণপাদপদ্মসান্নিধ্যরূপং শীতলং ত্রিতাপহরং গৃহম্ ॥ ৩০৩ ॥

টীকা—ভবপান্থজনানাং সংসারমার্গভ্রমণপরিশ্রান্তজনান্ প্রতি প্রাপিকা প্রাপয়েদিত্যর্থঃ ; অন্যতঃ তীর্থান্তরেণ কর্ম্মান্তরেণ চ কিং প্রয়োজনম্ ? শ্রীমথুরায়াং তৎসেবনে সত্যসতি চ ইত্যর্থঃ ॥ ৩০৪ ॥

অথ বিশেষতঃ প্রবোধন্যাং শ্রীভগবৎপূজাদিমাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব প্রবোধনীমাহাত্ম্যে—

যেঽর্চ্চয়ন্তি নরাস্তস্যাং ভক্ত্যা দেবন্তু মাধবম্।
সমুপোষ্য প্রমুচ্যন্তে পাপৈস্তে সমুপার্জ্জিতৈঃ ॥ ৩০৫॥

অনুবাদ—অনন্তর বিশেষত প্রবোধনীতে শ্রীভগবৎ পূজাদি মাহাত্ম্য, স্কন্দপুরাণে প্রবোধনী মাহাত্ম্যে —প্রবোধনী একাদশীতে ভক্তিপূর্ব্বক যে সকল মানব শ্রীমাধবদেবকে অর্চ্চন করেন এবং উপবাস করেন, তাহারা আজন্ম সঞ্চিত পাপরাশি হইতে প্রকৃষ্ট মুক্ত হন ॥ ৩০৫ ॥

টীকা—তত্র চ বিশেষতো ভগবতঃ পূজাং কীর্ত্তনঞ্চ কুর্য্যাদিত্যুপদিশন্নাদৌ পূজামাহাত্ম্যমাহ—যে ইতি ত্রিভিঃ ॥ ৩০৫ ॥

বাল্যে যচ্চার্জ্জিতং বৎস যৌবনে বার্দ্ধকে চ যৎ।
সপ্তজন্মকৃতং পাপং স্বল্পং বা যদি বা বহু ॥ ৩০৬ ॥
শুষ্কার্দ্রং মুনিশার্দ্দূল সুগুহ্যমপি নারদ।
তৎ ক্ষালয়তি গোবিন্দস্তিথৌ তস্যাং সুপূজিতঃ ॥৩০৭

অনুবাদ—হে বৎস! বাল্য বয়সে, যৌবনে, বার্দ্ধক্যে যে সকল পাপ সঞ্চিত, সপ্তজন্মকৃত পাপ, স্বল্প বা বহু, শুষ্ক—বহুকালকৃত, আর্দ্র—সম্প্রতিকৃত, হে মুনিবর নারদ! অতি গোপনীয় পাপও, সেই সকল শ্রীগোবিন্দ ঐ সুবোধনী তিথিতে উত্তমভাবে পূজিত হইয়া ক্ষালন করিয়া দেন ॥ ৩০৬-৩০৭ ॥

টীকা—শুষ্কং—চিরকৃতম্, আর্দ্রঞ্চ—সাম্প্রতিকম্ ॥ ৩০৭ ॥

কিঞ্চ—

প্রবোধবাসরে বিষ্ণোঃ কুরুতে চ হরেঃ কথাম্।
সপ্তদ্বীপাবনীদানে যৎ ফলং তদ্ভবেন্মুনে ॥ ৩০৮ ॥

অনুবাদ—আরও—হে মুনে শ্রীনারদ! যিনি শ্রীবিষ্ণুর প্রবোধিনী শ্রীহরিবাসরে শ্রীহরি কথা শ্রবণ কীর্ত্তন করেন, সপ্তদ্বীপা বসুন্ধরা দানের ফল তিনি প্রাপ্ত হন ॥ ৩০৮ ॥

টীকা—কীর্ত্তনমাহাত্ম্যমাহ—প্রবোধেতি। কথমিত্যুপলক্ষণং সর্ব্বকীর্ত্তনপ্রকারস্য ॥ ৩০৮ ॥

বারাহে চ—

কৌমুদস্য তু মাসস্য যা সিতা দ্বাদশী ভবেৎ।
অর্চ্চয়েদ্‌যস্তু মাং তত্র তস্য পুণ্যফলং শৃণু ॥ ৩০৯ ॥
যাবল্লোকা হি বর্ত্তন্তে যাবত্ত্বঞ্চৈব মাধবি।
মদ্ভক্তো জায়তে তাবদন্যভক্তো ন জায়তে ॥ ৩১০॥

অনুবাদ—বরাহপুরাণে—কার্ত্তিকমাসের যে শুক্লা দ্বাদশী হয়, তাহাতে আমাকে যিনি অর্চ্চন করেন, তাহার পুণ্য ফল শ্রবণ কর—হে, মাধবী! এই

ব্রহ্মাণ্ডে যে কাল পর্য্যন্ত এই সমস্ত লোক থাকিবে এবং যে কাল পর্য্যন্ত পৃথিবী তুমিও থাকিবে, সেই কাল পর্য্যন্ত ঐ অর্চ্চনকারী আমার একান্তভক্ত হইয়া জন্মিবে, সেই কাল পর্য্যন্ত অন্য ভক্ত হইবে না ॥৩১০

টীকা—অন্যস্য ভক্তো ন জায়তে, স স্যাদিতি একান্তিতাং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৩১০ ॥

———

অথ প্রবোধকালনির্ণয়ঃ

ভবিষ্যে—

আ-ভা-কা-সিতপক্ষেষু মৈত্রশ্রবণরেবতী।
আদিমধ্যাবসানেষু প্রস্বাপাবর্ত্তনাদিকম্ ॥ ৩১১ ॥

অনুবাদ—অনন্তর প্রবোধকাল নির্ণয়, ভবিষ্যপুরাণে—আষাঢ়, ভাদ্র ও কাত্তিক—এই মাস ত্রয়ের শুক্লপক্ষের দ্বাদশীতে অনুরাধা, শ্রবণা ও রেবতী নক্ষত্রের ক্রমে আদ্য মধ্য ও শেষপাদে ক্রমে শ্রীহরির শয়ন, পার্শ্ব পরিবর্ত্তন ও উত্থান হয় ॥ ৩১১ ॥

টীকা—আ-ভা-কেতি সঙ্কেতেন আষাঢ়-ভাদ্র-কাত্তিকমাসাস্তেষাং সিতপক্ষেষু শুক্লাদ্বাদশীষু অনুরাধা-শ্রবণা-রেবতীনক্ষত্রাণামাদ্যমধ্যান্তপাদেষু শয়ন-পার্শ্ব-পরিবর্ত্তনোত্থানানি ক্রমেণ ভবন্তীত্যর্থঃ ॥ ৩১১ ॥

———

পাদ্মে—

পৌষ্ণশেষো যদানাহ্নি মৈত্রাদ্যমপি নো নিশি।
দ্বাদশ্যামপি তৎ কুর্য্যাদুত্থানং শয়নং হরে ॥ ৩১২ ॥

অনুবাদ—পদ্মপুরাণে—ঐ ঐ যোগের অভাবেও দ্বাদশী মধ্যেই উত্থানাদি করিবে—রেবতীনক্ষত্রের শেষপাদ যদি দিন মধ্যে না পাওয়া যায় এবং অনুরাধা নক্ষত্রের আদ্যপাদ রাত্রিতে না পাওয়া যায়, তখন কেবল দ্বাদশীতেও শ্রীহরির উত্থান ও শয়ন করাইবে ॥ ৩১২ ॥

টীকা—তত্তদ্যোগাভাবে চ দ্বাদশ্যামেবোত্থানাদিকং কুর্য্যাদিতি লিখতি—পৌষ্ণেতি, পৌষ্ণং রেবতী, তস্য শেষোঽন্ত্যপাদো যদি দিনমধ্যে ন স্যাৎ, মৈত্রাদ্যমপি অনুরাধাদ্যপাদো নিশি ন স্যাৎ, তদা কেবলায়ামপি দ্বাদশ্যাং হরেরুত্থানাদিকং কুর্য্যাৎ ॥ ৩১২ ॥

———

নিশি স্বাপো দিবোত্থানং সন্ধ্যায়াং পরিবর্ত্তনম্।
অন্যত্র পাদযোগেঽপি দ্বাদশ্যামেব কারয়েৎ ॥ ৩১৩॥

অনুবাদ—রাত্রিতে শ্রীহরির শয়ন, দিবাভাগে উত্থান এবং সন্ধ্যাকালে পার্শ্বপরিবর্ত্তন, অন্যত্র ইহাদের পাদযোগ থাকিলেও দ্বাদশী মধ্যেই করাইবে ॥৩১৩॥

টীকা—পাদযোগে ততোঽন্যত্রাপি পাদযোগাভাবেঽপি দ্বাদশ্যামেব কারয়েৎ ॥ ৩১৩ ॥

———

বারাহে চ—

অপাদনিয়মস্তত্র স্বাপো বা পরিবর্ত্তনে।
পাদযোগো যদা ন স্যাদৃক্ষেণাপি তদা ভবেৎ ॥৩১৪॥

অনুবাদ—বরাহপুরাণেও—শয়ন বা পরিবর্ত্তনে পাদযোগ নিয়ম স্থির থাকে না। পাদযোগ যখন থাকে না, তখন নক্ষত্র যোগ থাকিলেই শয়নাদি করাইবে, এই পর্য্যন্ত সাধারণ বিধি ॥ ৩১৪ ॥

টীকা—অপাদনিয়মঃ পাদযোগনিয়মো নাস্তীত্যর্থঃ ॥ ৩১৪ ॥

———

কিঞ্চ স্কান্দে—

রেবত্যন্তো যদা রাত্রৌ দ্বাদশ্যা চ সমন্বিতঃ।
তদা বিবুধ্যতে বিষ্ণুর্দিনান্তে প্রাপ্য রেবতীম্ ॥ ৩১৫॥

অনুবাদ—আরও স্কন্দপুরাণে—বিশেষ বিধি দ্বাদশী সংযুক্ত হইয়া রেবতীর অন্ত্যপাদ যখন রাত্রিতে থাকিবে, তখন শ্রীবিষ্ণু দিনান্তে অপরাহ্নে রেবতী থাকিতে জাগরণ করিবেন ॥ ৩১৫ ॥

টীকা—এবং সামান্যেন শয়নাদিকালত্রিকং নির্ণীয়েদানীং বিশেষতঃ প্রবোধনকালং লিখতি—রেবতীতি দ্বাভ্যাম্। দ্বাদশ্যা সমন্বিতঃ সহিতো রেবত্যন্তপাদো যদা রাত্রৌ ভবেৎ, তদা দিনান্তে অপরাহ্নে। তথা চোক্তম্—রেবত্যন্তো যদা রাত্রৌ গতঃ পাদান্তরেঽপি চ। অপরাহ্নে তদা বিষ্ণুর্যোগনিদ্রাং বিমুঞ্চ ইতি ॥ ৩১৫ ॥

———

রেবত্যাদিরথান্তো বা দ্বাদশ্যা চ বিনা ভবেৎ।
উভয়োরপ্যভাবে তু সন্ধ্যায়াঞ্চ মহোৎসবঃ ॥ ৩১৬ ॥

অনুবাদ—রেবতী নক্ষত্রের আদি পাদ বা অন্ত্য পাদ দ্বাদশীযুক্ত না হয়, এইভাবে উভয়ের অভাবে অর্থাৎ দ্বাদশীর সহিত কিছু মাত্রও রেবতীর যোগ না থাকে, তখন সন্ধ্যাকালেই প্রবোধন (উত্থান) মহোৎসব হইবে ॥ ৩১৬ ॥

টীকা—তদভাবে চ সন্ধ্যায়াং প্রবোধয়েদিত্যাহ—রেবত্যাদেরিতি। রেবত্যা আদি আদ্যপাদঃ, অন্তো বা অন্ত্যপাদঃ দ্বাদশ্যা বিনা ভবেৎ; এবমুভয়োরপ্যভাবে সতি যদি দ্বাদশ্যাং কথঞ্চিদ্রেবত্যা যোগো ন স্যাদিত্যর্থঃ, তদা সন্ধ্যায়ামেব প্রবোধনমহোৎসবঃ স্যাৎ। তচ্চোক্তমন্যত্রাপি—'রেবত্যন্তো যদা রাত্রৌ দ্বাদশ্যা চ বিনা ভবেৎ। উভয়োরপ্যভাবে স্যাৎ সন্ধ্যায়ান্তু মহোৎসবঃ' ॥ ইতি ॥ ৩১৬ ॥

বারাহে চ—

দ্বাদশ্যাং সন্ধিসময়ে নক্ষত্রাণামসম্ভবে।
আ-ভা-কা-সিতপক্ষে তু শয়নাবর্ত্তনাদিকম্ ॥ ৩১৭॥

অনুবাদ—বরাহপুরাণেও—আষাঢ় ভাদ্র ও কার্ত্তিকের শুক্লপক্ষে যে দ্বাদশী, তাহাতে ঐ ঐ নক্ষত্রের সর্ব্বথা অভাবে সন্ধাকালে শয়ন পার্শ্বপরিবর্ত্তনাদি করাইবে ॥ ৩১৭ ॥

টীকা—এতদেববরাহপুরাণবচনেন সম্বাদয়তি—দ্বাদশ্যামিতি। আষাঢ়-ভাদ্র-কার্ত্তিকানাং সিতপক্ষেষু যা দ্বাদশী, তস্যাং নক্ষত্রাণাং মৈত্রাদিনামসম্ভবে সর্ব্বথা অভাবে সতি সন্ধিসময়ে সন্ধ্যায়াং শয়নাদিকং স্যাৎ। এতদুক্তং ভবতি—ভগবচ্ছয়নাদৌ আষাঢ়াদীনাং শুক্লদ্বাদশী-ক্রমেণানুরাধাদীনামাদ্য-মধ্যান্ত্য-পাদযুক্তা রাত্রি সন্ধ্যাদিনা যুক্তা চ সতী পরমপ্রশস্তা। যদা চ তত্র তত্র পাদযোগো ন লভ্যেত, তদা দ্বাদশী-নক্ষত্রযোগো আদরণীয়ঃ। পাদযোগে চ তত্রায়ং বিধি-বিশেষঃ। দিবা রেবতীদ্বাদশ্যোর্যোগে তত্র চ রাত্রিগামিনি নক্ষত্রশেষ সতি দিনান্তে প্রবোধনং দিবোত্থানমিত্যাদ্যুক্তেঃ। যদা চ রেবতীদ্বাদশ্যোর্যোগো ন স্যাত্তদা সন্ধ্যায়ামেব প্রবোধনং, সন্ধ্যায়ান্তু মহোৎসব ইত্যাদ্যুক্তেঃ ॥ ৩১৭ ॥

অতএব পুষ্করপুরাণে—

যস্য যস্য তু দেবস্য যন্নক্ষত্রং তিথিশ্চ যা।
তস্য দেবস্য তস্মিংশ্চ শয়নাবর্ত্তনাদিকম্ ॥ ৩১৮ ॥

অনুবাদ—অতএব পুষ্করপুরাণে—যে যে দেবের যে নক্ষত্র ও যে তিথি নির্দ্দিষ্ট আছে। সেই দেবের সেই নক্ষত্র ও সেই তিথিতে শয়ন ও পার্শ্বপরিবর্ত্তনাদি অর্থাৎ শ্রীবিষ্ণুর দ্বাদশী তিথিতেই শয়নাদি উৎসব কর্ত্তব্য। একাদশীতে উপবাস থাকিয়া দ্বাদশীতেই উত্থান উৎসব ॥ ৩১৮ ॥

টীকা—এবং দ্বাদশ্যামেব প্রবোধনং নির্ণীতং, তত্র চ—'কার্ত্তিকে শুক্লপক্ষস্য একাদশ্যাং সমাহিতঃ। মন্ত্রেণ চৈব রাজেন্দ্র দেবমুত্থাপয়েদ্দ্বিজঃ।' ইত্যাদি-ভির্ভবিষ্যোত্তরাদিবচনৈঃ সহ বিরোধমাসঙ্ক্য পরিহরতি—যস্যেতি। অতো বিষ্ণুতিথৌ দ্বাদশ্যামেব উত্থানং ভবেদিত্যর্থঃ। ইত্থম্ 'ইয়ন্তু দ্বাদশী দেব'ইতি, 'প্রাপ্তা তবেয়ং দ্বাদশী কৌমুদ্যাখ্যে'তি মন্ত্রলিঙ্গানুগৃহীতত্বাৎ শিষ্টাচারদর্শনাচ্চ সর্ব্বদা দ্বাদশ্যামেব প্রবোধনং সিদ্ধম্। যচ্চ ভবিষ্যোত্তরাদৌ একাদশ্যামুত্থাপয়েৎ' ইত্যাদ্যুক্তং, তচ্চ একাদশীদ্বাদশ্যোরভেদাপেক্ষয়া উপবাসাদ্যভিপ্রায়েণ চেতি জ্ঞেয়ম্। যদি বৈকাদশী-দিন এবোপবাসঃ স্যাত্তর্হি তস্মিন্ প্রবাসাদিনা সমাহিতত্বং প্রবোধনঞ্চ দ্বাদশ্যামেবেতি বোদ্ধব্যম্। অতএবোক্তম্ 'একাদশ্যাং সমাহিতং' ইত্যেষা দিক্ ॥৩১৮

অথ ভগবৎপ্রবোধনবিধিঃ

শয়ন্যামিব নিষ্পাদ্য মহাপূজাং জলাশয়ে।
কৃষ্ণং নীত্বাথ সঙ্কল্পং কৃত্বা তঞ্চ প্রবোধয়েৎ ॥৩১৯॥

অনুবাদ—অনন্তর শ্রীভগবৎ প্রবোধন বিধি—শয়নী মহোৎসবের ন্যায় মহাপূজা সম্পাদন করিয়া শ্রীকৃষ্ণকে জলাশয়ে লইয়া গিয়া অনন্তর সঙ্কল্প করিয়া তাঁহাকে জাগরিত করিবে ॥ ৩১৯ ॥

টীকা—শয়ন্যামিবেতি—তত্র লিখিতপ্রকারানুসারেণাত্রাপি পূজাদিকং কার্য্যমিত্যর্থঃ; 'জলাশয়ে নীত্বা' ইত্যাদিকং বিশেষলিখনায় অনুস্মরণমাত্রম্ ॥ ৩১৯ ॥

অথ তত্র মন্ত্রাঃ

ব্রহ্মেন্দ্ররুদ্রাগ্নি-কুবেরসূর্য্য-
সোমাদিভির্বন্দিতপাদপদ্ম ।
বুধ্যস্ব দেবেশ জগন্নিবাস
মন্ত্রপ্রভাবেণ সুখেন দেব ।। ৩২০ ।।

অনুবাদ—অনন্তর প্রবোধন মন্ত্রসমূহ—হে দেবেশ! ব্রহ্মা, ইন্দ্র, রুদ্র, অগ্নি, কুবের, সূর্য্য, চন্দ্রাদি দেবগণ কর্ত্তৃক আপনার শ্রীচরণকমল বন্দিত হইতেছে। হে জগন্নিবাস! হে দেব! আপনি মন্ত্র প্রভাবে সুখে জাগরিত হউন্ ।। ৩২০ ।।

———

ইয়ন্তু দ্বাদশী দেব প্রবোধার্থং বিনির্ম্মিতা ।
ত্বয়ৈব সর্ব্বলোকানাং হিতার্থং শেষশায়িনা ।। ৩২১ ।।

অনুবাদ—হে দেব! আপনি এই দ্বাদশী নিজ জাগরণের জন্য এবং সর্ব্বলোকের হিতের জন্য শেষ শায়ী নির্ম্মাণ করিয়াছেন ।। ৩২১ ।।

———

উত্তিষ্ঠোত্তিষ্ঠ গোবিন্দ ত্যজ নিদ্রাং
জগৎপতে ।। ৩২২ ।।

অনুবাদ—হে গোবিন্দ! আপনি উত্থিত হউন, উত্থিত হউন, হে জগৎপতে নিদ্রা ত্যাগ করুন ।।৩২২

———

ত্বয়ি সুপ্তে জগন্নাথে জগৎ সুপ্তং ভবেদিদম্ ।
উত্থিতে চেষ্টতে সর্ব্বমুত্তিষ্ঠোত্তিষ্ঠ মাধব ।।
ইতি ।। ৩২৩ ।।

অনুবাদ—আপনি জগন্নাথ, আপনি নিদ্রিত থাকিলে এই জগৎ নিদ্রিত থাকিবে এবং আপনি উত্থিত হইলে সকলেই সচেষ্ট হয়, হে মাধব উত্থিত হউন, উত্থিত হউন ।। ৩২৩ ।।

———

বারাহে চ—

ব্রহ্মেন্দ্ররুদ্রৈরবিতর্ক্যভাবো
ভবানৃষিবন্দিতবন্দিতাঙ্ঘ্রিঃ ।
প্রাপ্তা তবেয়ং দ্বাদশী কৌমুদাখ্যা
জাগৃষ্ব জাগৃষ্ব চ লোকনাথ ।। ৩২৪ ।।

অনুবাদ—বরাহপুরাণেও—ব্রহ্মা, ইন্দ্র, রুদ্র প্রভৃতি কর্ত্তৃক অচিন্ত্য স্বরূপ আপনি ঋষিগণের বন্দিত একান্তি ভক্তগণ কর্ত্তৃক বন্দিত শ্রীচরণ। আপনার প্রীতিকরী এই 'কৌমুদা' নাম্নী দ্বাদশী সমাগতা, হে লোকনাথ আপনি জাগরিত হউন, জাগরিত হউন ।। ৩২৪ ।।

টীকা—বন্দনীয়েতি পাঠে ব্রহ্মাদিভির্বন্দিতা একান্তভক্তাস্তৈর্বন্দনীয়েতি। ঋষির্মন্ত্রদ্রষ্টা ।।৩২৪।।

———

মেঘা গতা নির্ম্মলপূর্ণচন্দ্রঃ
শারদ্যপুষ্পাণি চ লোকনাথ ।
অহং দদানীতি চ ভক্তিহেতো-
র্জাগৃষ্ব জাগৃষ্ব চ লোকনাথ ।। ৩২৫ ।।

অনুবাদ—হে লোকনাথ! মেঘগণ অপসারিত হইয়াছে, নির্ম্মল পূর্ণচন্দ্র উদিত হইয়াছে, শরৎ-কালীন পুষ্পসমূহ প্রস্ফুটিত হইয়াছে। ভক্তি-লাভার্থে আমি শারদীয় পুষ্পসমূহ দান করিতেছি, হে লোকনাথ জাগরিত হউন ।। ৩২৫ ।।

———

শ্রুতিশ্চ—
ইদং বিষ্ণুর্বিচক্রমে, ত্রেধা নিদধে পদং, সমূঢ়মস্য পাংশুলে ।। ইত্যাদি ।। ৩২৬ ।।

অনুবাদ—অতঃপর ঋগ্বেদীয় বিষ্ণুসূক্ত পঠনীয়—ইদং বিষ্ণুবিচক্রমে ইত্যাদি ।। ৩২৬ ।।

———

ততস্তস্মাৎ সমুত্থাপ্য কৃষ্ণং ঘণ্টাদিনিস্বনৈঃ ।
তীরে সুখং নিবেশ্যাথ প্রার্থয়েত্তদনুগ্রহম্ ।। ৩২৭ ।।

অনুবাদ—অনন্তর ঘণ্টাদি বাদ্যসহ শ্রীকৃষ্ণকে শয্যা হইতে উঠাইয়া নদীতীরে সুখে উপবেশন করা-ইয়া তাঁহার অনুগ্রহ প্রার্থনা করিবে ।। ৩২৭ ।।

———

অথ তত্র প্রার্থনামন্ত্রঃ

তথা হি তৃতীয়স্কন্ধে শ্রীব্রহ্মস্তৌে (৯।২৫)—
সোঽসাবদভ্রকরুণো ভগবান্ বিবৃদ্ধ
প্রেমস্মিতেন নয়নাম্বুরুহং বিজৃম্ভন্ ।

উত্থায় বিশ্ববিজয়ায় চ নো বিষাদম্,
মাধ্ব্যা গিরাপনয়তাৎ পুরুষঃ পুরাণঃ ॥
ইতি ॥ ৩২৮ ॥

অনুবাদ—অনন্তর প্রার্থনামন্ত্র, শ্রীমদ্ভাগবত তৃতীয় স্কন্ধে শ্রীব্রহ্মস্তুতিতে (৩।৯।২৫)- তিনি এই মহাদয়ালু, অতএব উচ্ছলিত প্রীতিতে মৃদুহাস্য যুক্ত বিস্ফারিত নয়নকমল শ্রীভগবান্ নিজভক্তি প্রচার দ্বারা বিশ্ব বিজয়ী, বিশ্ববশীকারী, জগদানন্দ প্রকাশ নিমিত্ত আপনি পুরাণ পুরুষ মধুবর্ষী বাক্যদ্বারা ভক্ত আমাদের বিষাদ বিদূরিত করুন ॥ ৩২৮ ॥

টীকা—অদভ্রকরুণঃ মহাদয়ালুঃ অতঃ বিরূঢ়-প্রেম্না যৎ স্মিতং তেন, বিজৃম্ভন্ বিজৃম্ভয়ন্ উন্মীলয়ন্, বিশ্বস্য বিজয়ায় উদ্ভবায়, যদ্বা, নিজভক্তিপ্রচারণেন বিশ্ববশীকরণায়, যদ্বা, জগন্মহোৎসবায় ; চ-শব্দাদ্বিশেষতোঽনুগ্রহায় চেতি। নোঽস্মাকং ভক্তানাং বিষাদং প্রলয়াৎ চিরবাগমৃতপানাভাবতো বা শোক-দুঃখং মাধব্যা মধুরয়া গিরা অপনয়তাৎ। শ্লোকশ্চায়ং শিষ্টাচারানুসারেণাত্র লিখিতঃ, কিন্ত্বন্যেঽপি যথেষ্টং পঠনীয়াঃ ॥ ৩২৮ ॥

ততঃ পুষ্পাঞ্জলিং দত্ত্বা সংস্থাপ্য বিধিবৎ প্রভুম্।
নীরাজ্য ন্যাসপূর্ব্বঞ্চ বস্ত্রাদীনি সমর্পয়েৎ ॥ ৩২৯ ॥

অনুবাদ—অনন্তর পুষ্পাঞ্জলি দান করিয়া প্রভুকে যথাবিধি স্থাপন পূর্ব্বক আরতি করিয়া অঙ্গ ন্যাসাদির পর নববস্ত্রাদি সমর্পণ করিবেন ॥ ৩২৯ ॥

তথা চ ব্রাহ্ম্যে—

একাদশ্যান্তু শুক্লায়াং কার্ত্তিকে মাসি কেশবম্।
প্রসুপ্তং বোধয়েদ্রাত্রৌ শ্রদ্ধাভক্তিসমন্বিতঃ ॥ ৩৩০ ॥

অনুবাদ—ঐ রূপই ব্রহ্মপুরাণে—কার্ত্তিকমাসে শুক্লা দ্বাদশীতে অপরাহ্নে শ্রদ্ধা-ভক্তি যুক্ত হইয়া প্রসুপ্ত শ্রীকেশবদেবকে জাগরিত করিবে ॥ ৩৩০ ॥

টীকা—একাদশ্যামিতি পূর্ব্বং লিখিতাভিপ্রায়মেব। রাত্রাবিতি পাঠে চ দিনান্তাদ্যভিপ্রায়েণ রাত্রি-শব্দঃ। শ্রদ্ধা বিশ্বাসঃ, ভক্তিঃ প্রীতিস্তাভ্যাং সমন্বিতঃ ॥৩৩০॥

নৃত্যৈর্গীতৈস্তথা বাদ্যৈর্ঋগ্‌যজুঃসামমঙ্গলৈঃ।
বীণাপণবশব্দৈশ্চ পুরাণশ্রবণেন চ ॥ ৩৩১ ॥
বাসুদেবকথাভিশ্চ স্তোত্রৈরন্যৈশ্চ বৈষ্ণবৈঃ।
সুভাষিতৈরিন্দ্রজালৈর্ভূমিশোভাভিরেব চ ॥ ৩৩২ ॥
পুষ্পৈর্ধূপৈশ্চ নৈবেদ্যৈর্দীপবৃক্ষৈঃ সুশোভনৈঃ।
হোমৈর্ভক্ষ্যৈরপূপৈশ্চ ফলৈঃ শাকৈশ্চ পায়সৈঃ ॥ ৩৩৩ ॥
ইক্ষোর্বিকারৈর্মধুনা দ্রাক্ষা-ক্ষৌদ্রৈঃ সদাড়িমৈঃ।
কুচেরকস্য মঞ্জর্য্যা মালত্যা নবনেন চ।
হৃদ্যাভ্যাং শ্বেতরক্তাভ্যাং চন্দনাভ্যাঞ্চ সর্ব্বদা ॥৩৩৩
কুঙ্কুমালক্তকাভ্যাঞ্চ রক্তসূত্রৈঃ সকুঙ্কুমৈঃ।
তথা নানাবিধৈঃ পুষ্পৈর্দ্রব্যৈর্বীরক্রয়াহৃতৈঃ ॥ ৩৩৫

অনুবাদ—নৃত্য, গীত, বাদ্য, সুমঙ্গল বেদধ্বনি, বীণাদি শব্দসহ পুরাণপাঠ শ্রবণ, শ্রীকৃষ্ণ কথা কীর্ত্তন, শ্রবণ, বিষ্ণু মহিমাযুক্ত বিভিন্ন স্তোত্র পাঠ, সুভাষিত শ্লোকাবলি কীর্ত্তন, ইন্দ্রজাল প্রদর্শন, ভূমিতল শোভা, গন্ধ, পুষ্প, ধূপ, দীপগাছা সমূহ দ্বারা সুশোভিত, বিবিধ নৈবেদ্য প্রদান, হোম, বিবিধ ভক্ষ্য সামগ্রী, পিষ্টক, পায়স, ফল, শাকাদি ব্যঞ্জন, ইক্ষুরসের বিবিধ মিষ্টান্ন, মধুনা, দ্রাক্ষা, দাড়িম্ব, কৃষ্ণতুলসীমঞ্জরী, মালতীপুষ্প, নবনপুষ্প, মনোরমশ্বেতরক্ত চন্দন দ্বারা ও সর্ব্বদা কুঙ্কুম, আলতা, কুঙ্কুম দ্বারা রঞ্জিত সূত্র সেইরূপ উচ্চমূল্যে ক্রীত ও আহৃত নানাবিধ পুষ্প ও দ্রব্যসমূহ দ্বারা শ্রীকৃষ্ণের জাগরণ মহোৎসব করিবে ॥ ৩৩১-৩৩৫ ॥

টীকা—ঋগাদি—মঙ্গলশব্দৈঃ ॥ ৩৩১ ॥

টীকা—ভূমিশোভাভিঃ—স্বস্তিকরচনাদিভিঃ ॥৩৩২

টীকা—কুচেরকঃ কৃষ্ণতুলসী, পর্ণাস ইতি কেচিৎ। নবনং পুষ্পবিশেষঃ ॥ ৩৩৪ ॥

টীকা—বীরক্রয়ো নাম বিক্রেতুরুপন্যস্তমূল্য-প্রদানেন ক্রয়স্তেনাহৃতৈঃ ॥ ৩৩৫ ॥

এবমেব প্রায়ঃ পাদ্মে চ তথা স্কান্দে চ—

বহুপুষ্পৈর্বহুফলৈঃ কর্পূরাগুরুকুঙ্কুমৈঃ।
হরেঃ পূজা বিধাতব্যা কার্ত্তিকে বোধবাসরে
ইতিঃ ॥ ৩৩৬ ॥

অনুবাদ—প্রায় এইরূপই পদ্মপুরাণে ও স্কন্দ-

পুরাণে—বহুপুষ্প দ্বারা, বহুফল দ্বারা, কর্পূর অগুরু কুঙ্কুম দ্বারা কার্ত্তিকে উত্থান দিনে শ্রীহরির পূজা বিধান করিবে ॥ ৩৩৬ ॥

টীকা—ইত্থং ব্রহ্মপুরাণাদ্যুক্তপ্রকারেণ, স্বস্য ব্রতানি চাতুর্ম্মাস্যাদি-বিহিতানি ॥ ৩৩৬ ॥

ইত্থং কৃত্বা মহাপূজাং মহানীরাজনং তথা।
স্বব্রতান্যর্পয়েৎ কৃষ্ণে সপুষ্পাক্ষতবারিণা ॥ ৩৩৭ ॥

অনুবাদ—এই ভাবে মহাপূজা ও মহানীরাজন করিয়া নিজ চাতুর্ম্মাস্যাদি ব্রতসমূহ পুষ্প, আতপচাউল ও জলসহ শ্রীকৃষ্ণচরণে অর্পণ করিবেন ॥ ৩৩৭ ॥

বেদস্তুত্যাদিনা স্তুত্বা স্বস্ত্যস্তিত্যাদিনা প্রভুম্।
সংপ্রার্থ্য গীতবাদ্যাদিঘোষৈরারোহয়েদ্রথম্ ॥ ৩৩৮॥

অনুবাদ—শ্রীমদ্ভাগবতোক্ত (১০।৮৭ অ) বেদ স্তুতিদ্বারা এবং প্রহলাদকৃত 'স্বস্তি অস্ত' ইত্যাদি স্তব-দ্বারা প্রভুকে প্রার্থনা জানাইয়া গীতবাদ্যাদি ধ্বনিসহ প্রভুকে রথে আরোহণ করাইবেন ॥ ৩৩৮ ॥

টীকা—'স্বস্ত্যস্তু বিশ্বস্য মনঃ প্রসীদতাম্' ইত্যাদিনা প্রভুং সংপ্রার্থ্য ॥ ৩৩৮ ॥

তথা চ ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসংবাদে—

মহাতূর্য্যরবৈ রাত্রৌ ভ্রাময়েৎ স্যন্দনে স্থিতম্।
উত্থিতং দেবদেবেশং নগরে পার্থিবঃ স্বয়ম্।
দীপোদ্দ্যোতকরে মার্গে নৃত্যগীতসমাকুলে ॥ ৩৩৯ ॥

অনুবাদ—ঐরূপ ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণ যুধিষ্ঠির সংবাদে—মহা মহা তুরী ভেরী বাদ্য সহ রাত্রিতে রথারূঢ় প্রভুকে নগর ভ্রমণ করাইবে। রাজা স্বয়ং জাগরিত দেবদেবেশ্বর প্রভুকে নগরের পথে পথে উচ্চ দীপ হস্তে নৃত্য, গীত, বাদ্যসহ রথে ভ্রমণ করাইবেন ॥ ৩৩৯ ॥

অথ রথযাত্রামাহাত্ম্যম্

ভবিষ্যোত্তরে তত্রৈব—

যং যং দামোদরঃ পশ্যেদুত্থিতো ধরণীধরঃ।
তং তং প্রদেশং রাজেন্দ্র সর্ব্বং স্বর্গায় কল্পয়েৎ ॥৩৪০

অনুবাদ—অনন্তর রথযাত্রা মাহাত্ম্য, ভবিষ্যোত্তরে ঐ প্রসঙ্গে—হে রাজেন্দ্র! ধরণীধর দামোদর উত্থান দ্বাদশীতে জাগরণ করিয়া যে যে বস্তুকে ও প্রদেশকে দর্শন করিবেন, সেই সেই প্রদেশসমূহ স্বর্গতুল্য পরিগণিত হয় ॥ ৩৪০ ॥

কিঞ্চ—

যাবৎ পদানি কৃষ্ণস্য রথস্যাকর্ষণং নরঃ ॥
করোতি ক্রতুভিস্তানি তুল্যানি নরনায়ক ॥ ৩৪১ ॥

অনুবাদ—আরও—হে নরনায়ক! মানব শ্রীকৃষ্ণের রথ আকর্ষণ করিয়া যত পদ গমন করে, ঐ সকল পদক্ষেপ স্থান যজ্ঞভূমি তুল্য হয় ॥ ৩৪১ ॥

রথস্থং যে নিরীক্ষন্তে কৌতুকেনাপি কেশবম্।
দেবতানাং গণাঃ সর্ব্বে ভবন্তি শ্বপচাদয়ঃ ॥ ৩৪২ ॥

অনুবাদ—যাহারা কৌতুকবশতঃ ও কেশবদেবকে রথস্থিত দর্শন করে, তাহারা চণ্ডালাদি হইলেও সকলে দেবতাদেরগণে পরিগণিত হয় ॥ ৩৪২ ॥

টীকা—তে শ্বপচাদয়োঽপি দেবগণা ভবন্তি ॥৩৪২॥

স্ত্রিয়োঽপি মুক্তিমায়ান্তি রথযাত্রাপরায়ণাঃ।
পিতৃ-মাতৃ-ভর্তৃকুলং নয়ন্তি হরিমন্দিরম্ ॥ ৩৪৩ ॥

অনুবাদ—নারীগণও রথযাত্রায় যোগদান করিলে মুক্তিলাভ করিয়া পিতৃকুল, মাতৃকুল ও স্বামীরকুলকে শ্রীহরিধামে লইয়া যায় ॥ ৩৪৩ ॥

কুর্ব্বন্তি নর্ত্তকীরূপং রথাগ্রে কৌতুকান্বিতম্।
অপ্সরোভিঃ সহ ক্রীড়াং কুর্ব্বন্তীন্দ্রাশ্চতুর্দ্দশ ॥৩৪৪॥

অনুবাদ—কৌতুকবশতঃ রথাগ্রে যাহারা নর্ত্তকী-রূপ ধারণ করে, তাহারা স্বর্গে অপ্সরাগণ সহ কল্প-কাল ক্রীড়া করে ॥ ৩৪৪ ॥

টীকা—নর্ত্তক্যা ইব রূপং বেশং কুর্ব্বন্তি ॥৩৪৪॥

যে রথাগ্রে প্রকুর্ব্বন্তি গীতবাদ্যাদি মানবাঃ।
দেবলোকাৎ পরিভ্রষ্টা জায়ন্তে মণ্ডলেশ্বরাঃ ॥৩৪৫॥

অনুবাদ—যে সকলমানব রথাগ্রে গীত, বাদ্যাদি করে, দেবলোক ভোগান্তে পৃথিবীতে মণ্ডলেশ্বর হয় ॥ ৩৪৫ ॥

টীকা—দেবলোকাৎ পরিভ্রষ্টা ইতি—প্রাক্ দেবলোকে যথেষ্টং ভোগান্ ভুক্ত্বা ততঃ পরিভ্রষ্টাঃ সন্তঃ ইত্যর্থঃ ॥ ৩৪৫ ॥

মৌল্যেন স্যন্দনস্যাগ্রে গায়মানাশ্চ গায়কাঃ।
বাদকৈঃ সহ রাজেন্দ্র প্রয়ান্তি হরিমন্দিরম্ ॥ ৩৪৬॥

অনুবাদ—হে রাজেন্দ্র! বেতন গ্রহণ করিয়া রথাগ্রে গায়মান গায়কগণ বাদকগণ সহ, শ্রীহরিধামে গমন করে ॥ ৩৪৬ ॥

টীকা—মৌল্যেন বেতনেনাপি গৃহীতেন ॥৩৪৬॥

রথোৎসবে মুকুন্দস্য যেষাং হর্ষোঽপি জায়তে।
তেষাং ন নারকী পীড়া যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ৩৪৭ ॥

অনুবাদ—শ্রীমুকুন্দের রথোৎসবে যাহাদের অনুমোদন বা উৎসাহ জনিত আনন্দও হয়, তাহাদের কল্পকাল নরক যন্ত্রণা হয় না ॥ ৩৪৭ ॥

টীকা—অস্তু তাবদ্রথযাত্রা-নিষ্পাদনং, তত্রোৎসাহাদিনাপি মহাফলং স্যাদিত্যাহ—রথেতি ত্রিভিঃ। হর্ষোঽনুমোদনমুৎসাহে বা ॥ ৩৪৭ ॥

রথোৎসবস্য মাহাত্ম্যং কলৌ বিতনুতে হি যঃ।
পুণ্যবুদ্ধ্যা বিশেষেণ লোভেনাপ্যথবা নরঃ ॥ ৩৪৮ ॥
সপ্তদ্বীপসমুদ্রান্তা রত্নধান্য-সমন্বিতা।
সশৈলবনপুষ্পাঢ্যা তেন দত্তা মহী ভবেৎ ॥ ৩৪৯ ॥

অনুবাদ—রথযাত্রা উৎসবের মহিমা যিনি কলিযুগে বিস্তার করেন, পুণ্যবুদ্ধি জ্ঞানে, অথবা বিশেষ কোন লোভ বশতঃ ঐ মানব সপ্তদ্বীপ সমন্বিতা সমুদ্রান্ত রত্ন, ধান্য সমন্বিতা, পর্ব্বত সহ বনপুষ্প যুক্তা পৃথিবী দানের ফল প্রাপ্ত হন ॥ ৩৪৮-৩৪৯ ॥

অন্যত্র চ—

বোধনী জাগরাধারা কার্ত্তিকে শুক্লপক্ষতঃ।
রথস্থো যত্র ভগবাংস্তুষ্টো যচ্ছতি বাঞ্ছিতম্ ॥৩৫০

অনুবাদ—অন্যত্রও—কার্ত্তিকে শুক্লপক্ষে বোধনী দ্বাদশী জাগরণ সহ উৎসবে রথস্থিত ভগবান্ তুষ্ট হইয়া বাঞ্ছিত ফল দান করেন ॥ ৩৫০ ॥

টীকা—যত্র—যস্যাং বোধন্যাম্ ॥ ৩৫০ ॥

ভজন্তে যে রথারূঢ়ং দেবং সর্ব্বেশ্বরেশ্বরম্।
তেষাং যাত্রাকৃতাং নৃণাং কামানিষ্টান্ প্রযচ্ছতি ॥ ৩৫১ ॥

অনুবাদ – যে সকল মানব রথস্থিত সর্ব্বেশ্বরেশ্বর ভগবানকে সেবা করে, সেই সকল মানবের যাত্রার উদ্দেশ্যে কৃত কাম্য ফলসমূহ ভগবান প্রদান করেন ॥ ৩৫১ ॥

শ্রীকৃষ্ণরথশোভাং যে প্রকুর্ব্বন্তি প্রহর্ষিতাঃ।
তেষাং মনোরথাবাপ্তিং যচ্ছতে পুরুষোত্তমঃ ॥৩৫২॥

অনুবাদ—যে সকল মানব উৎসাহ যুক্ত হইয়া শ্রীকৃষ্ণের রথের শোভা বৃদ্ধি করে পুরুষোত্তম শ্রীকৃষ্ণ তাহাদের মনের অভিলষিত বস্তু দান করে ॥ ৩৫২ ॥

টীকা—মনোরথাবাপ্তিং—বাঞ্ছিতফলম্ ॥৩৫২॥

শ্রীকৃষ্ণরথসংশোভাং যঃ করোতি স্বশক্তিতঃ।
বাঞ্ছিতং তস্য যচ্ছন্তি নিত্যং সূর্য্যাদয়ো গ্রহাঃ ॥ ৩৫৩ ॥

অনুবাদ—যে মানব নিজ সামর্থ্য অনুসারে শ্রীকৃষ্ণ-রথের সম্পূর্ণ শোভা বৃদ্ধি করে, সূর্য্যাদি-গ্রহগণ নিত্য তাহার বাঞ্ছিত পূরণ করেন ॥ ৩৫৩ ॥

কৃষ্ণস্য রথশোভাং যঃ পতাকাদি-সমন্বিতাম্।
করোতি বরনারীণাং ভোক্তা মন্বন্তরাণি ষট্ ॥৩৫৪

অনুবাদ—যিনি পতাকাদিযুক্ত করিয়া শ্রীকৃষ্ণের রথশোভা বৃদ্ধি করেন, তিনি ছয় মন্বন্তর যাবৎ উত্তমা নারীদিগের ভোক্তা হন ॥ ৩৫৪ ॥

কৃষ্ণস্য রথশোভাং যে প্রকুর্ব্বন্তি প্রহর্ষিতাঃ।
পদে পদে তথা পুত্র তেষাং পুণ্যং প্রয়াগজম্ ॥৩৫৫॥

অনুবাদ—যে সকল মানব উৎসাহযুক্ত হইয়া শ্রীকৃষ্ণের রথ শোভা বৃদ্ধি করেন, হে পুত্র! পদে পদে তাহাদের প্রয়াগ তীর্থ ভ্রমণ জাত পুণ্য হয় ॥ ৩৫৫ ॥

রথযাত্রাস্থিতে কৃষ্ণে জয়েতি প্রবদন্তি যে।
জয়েতি চ পুনর্যে বৈ শৃণু পুণ্যং বদাম্যহম্ ॥ ৩৫৬॥

অনুবাদ—শ্রীকৃষ্ণের রথারোহণকালে যাঁহারা জয় জয় শব্দ উচ্চারণ পুনঃ পুনঃ করেন, তাঁহাদের পুণ্য বলিতেছি শ্রবণ কর ॥ ৩৫৬ ॥

গঙ্গাদ্বারে প্রয়াগে চ গঙ্গা-সাগরসঙ্গমে।
বারাণস্যাদি-তীর্থেষু দেবানাঞ্চৈব দর্শনে ॥ ৩৫৭ ॥
যৎ ফলং কবিভিঃ প্রোক্তং কার্ৎস্ন্যেন চ নরেশ্বর।
জয়-শব্দে কৃতে বিষ্ণৌ রথস্থে তৎ ফলং স্মৃতম্ ॥ ৩৫৮ ॥

অনুবাদ—গঙ্গাদ্বারে অর্থাৎ হরিদ্বারে, প্রয়াগে, গঙ্গা-সাগর সঙ্গমে, বারাণসী আদি তীর্থে স্নান ও দেবগণের দর্শনে যে ফল শাস্ত্রকারগণ পরিপূর্ণরূপে বলিয়াছেন, হে মহারাজ! শ্রীবিষ্ণুর রথে অবস্থান কালে 'জয়'-শব্দ উচ্চারণ করিলে সেই ফল জানিবেন ॥ ৩৫৭-৩৫৮ ॥

রথস্থিতো নরৈর্যৈস্তু পূজিতো ধরণীধরঃ।
যথালাভোপপন্নৈশ্চ পুষ্পৈর্ভক্ত্যা সমর্চিতঃ।
দদাতি বাঞ্ছিতান্ কামানন্তে চ পরমং পদম্ ॥৩৫৯

অনুবাদ—রথস্থিত ধরণীধর শ্রীবিষ্ণুকে যে সকল মানব পূজা করেন এবং অনায়াস লভ্য পুষ্পসমূহ দ্বারা ভক্তিভাবে পূজা করেন, শ্রীবিষ্ণু তাঁহাদের বাঞ্ছিত বস্তুসমূহ প্রদান করেন এবং অন্তে পরম-ধাম প্রদান করেন ॥ ৩৫৯ ॥

মঙ্গলং যে প্রকুর্ব্বন্তি ধূপদীপাংস্তথা স্তবম্।
নৈবেদ্যং বস্ত্রপূজাঞ্চ ভক্ত্যা নীরাজনং হরেঃ ॥৩৬০॥
রথারূঢ়স্য কৃষ্ণস্য সংপ্রাপ্তে হরিবাসরে।
ফলং ন তস্য জানামি যদি জানাতি কেশবঃ ॥৩৬১

অনুবাদ—যাহারা জয় জয় ধ্বনি উচ্চারণ দ্বারা মঙ্গলাচরণ করেন, ধূপ, দীপ আদি দান, স্তবপাঠ, নৈবেদ্য, বস্ত্র বিশেষ অর্পণ দ্বারা পূজা, ভক্তিসহ শ্রীহরির আরতি করেন, হরিবাসর দ্বাদশীতে রথারূঢ় শ্রীকৃষ্ণের, তাহার ফল আমি জানি না, শ্রীকেশব জানিতে পারেন ॥ ৩৬০-৩৬১ ॥

টীকা—মঙ্গলং জয়তীত্যাদিকরূপং, বস্ত্র-বিশেষার্পণেন পূজাম্ ॥ ৩৬০ ॥

টীকা—যদীতি সংশয়শ্চানন্ত্যাভিপ্রায়েণ ॥৩৬১॥

ব্রহ্মস্বহারী গোঘ্নশ্চ ভ্রূণহা ব্রহ্মনিন্দকঃ।
মহাপাতকযুক্তোঽপি ব্রহ্মহা গুরুতল্পগঃ ॥ ৩৬২ ॥
মদ্যপঃ সর্ব্বপাপোঽপি কলিকালেন মোহিতঃ।
রথাগ্রতঃ পদৈকেন মুচ্যতে সর্ব্বপাতকৈঃ ॥ ৩৬৩ ॥

অনুবাদ—ব্রাহ্মণের সম্পদ অপহারী, গোহত্যা-কারী, ভ্রূণহা, ব্রহ্মনিন্দক, মহাপাতকযুক্ত, ব্রহ্মহত্যা-কারী, গুরুদারগামী, মদ্যপায়ী, কলিকালমুগ্ধ, সর্ব্ব-বিধ পাপযুক্ত ব্যক্তিও রথের সম্মুখে পদমাত্র গমন করিলে সর্ব্ববিধ পাপ হইতে মুক্ত হয় ॥৩৬২-৩৬৩॥

টীকা—সর্ব্বাণি পাপানি যস্মিন্ সোঽপি ॥৩৬৩॥

কিঞ্চান্যত্র—

রথারূঢ়ে মহাবিষ্ণৌ যে কুর্ব্বন্তি জয়স্বনম্।
পূজাঞ্চাখিলপাপেভ্যো মুক্তা যান্তি হরেঃ পদম্ ॥ ৩৬৪ ॥

অনুবাদ—আরও অন্যত্র—মহাবিষ্ণু রথারোহণ করিলে যাহারা জয় জয় ধ্বনি ও পূজা করেন, তাহারা সর্ব্ববিধ পাপ হইতে মুক্ত হইয়া শ্রীহরির ধামে গমন করেন ॥ ৩৬৪ ॥

টীকা—পূজাঞ্চ কুর্ব্বন্তি ॥ ৩৬৪ ॥

কিঞ্চ—

রথস্যাকর্ষণং পূর্ব্বং কুরুতে দৈত্যনায়কঃ।
ততঃ সুরা সিদ্ধসংঘা যক্ষগন্ধর্ব্বমানবাঃ॥ ইতি॥
॥ ৩৬৫॥

অনুবাদ—আরও—পুরাকালে দৈত্যরাজ প্রহলাদ রথ আকর্ষণ করেন। তৎপরে দেবগণ, গন্ধর্ব্বগণ মানবগণ রথ আকর্ষণ করেন॥ ৩৬৫॥

টীকা—ন চায়ং রথো মনুষ্যমাত্রশক্ত্যা চলতি, কিন্তু ভগবদ্ভক্তানাং মহতামেবেত্যাশয়েনাহ—রথস্যেতি। দৈত্যনায়কঃ—শ্রীপ্রহলাদঃ॥ ৩৬৫॥

———

ইত্থঞ্চ রথযাত্রায়া বিধির্ব্যক্তঃ স্বতোঽভবৎ।
তথাপি কশ্চিত্তত্রান্যো বিশেষোঽপি
বিতন্যতে॥ ৩৬৬॥

অনুবাদ—এইভাবে রথযাত্রার বিধি স্বাভাবিক ভাবে প্রকাশিত হইল তথাপি তন্মধ্যে অন্য কোন কোন বিশেষ বিধিও আছে তাহা বিস্তার করা হইতেছে॥ ৩৬৬॥

টীকা—ইত্থং—মাহাত্ম্যলিখনদ্বারেত্যর্থঃ। স্বত এব ব্যক্তঃ প্রকটোঽভবৎ, অতস্তদ্বিস্তারণেনালমিত্যর্থঃ। বিশেষ আশীর্বাক্যকীর্ত্তনাদিঃ॥ ৩৬৬॥

———

অথ রথযাত্রাবিধিঃ

শ্রীকৃষ্ণে তু রথারূঢ়ে জয়-জয়-ধ্বনিম্।
নিষ্পাদ্য চ মহাপূজামাশীর্বাক্যানি কীর্ত্তয়েৎ॥৩৬৭॥

অনুবাদ—অনন্তর রথযাত্রা বিধি—শ্রীকৃষ্ণ রথে আরোহণ করিলে জয় জয় ধ্বনি করিয়া মহাপূজা সম্পাদনের পর আশীর্বাক্যসমূহ কীর্ত্তন করিবেন॥ ৩৬৭॥

টীকা—বিশেষমেব লিখন্ তৎ পূর্ব্বকৃত্যমনুস্মারয়তি—শ্রীকৃষ্ণে ত্বিতি॥ ৩৬৭॥

———

তথা চ বিষ্ণুধর্ম্মে—

বক্ত্রং নীলোৎপলরুচি-লসৎ-কুণ্ডলাভ্যাং প্রমৃষ্টং
চন্দ্রাকারং রচিততিলকং চন্দনেনাক্ষতৈশ্চ।
গত্যা লীলাং জনসুখকরীং প্রেক্ষণেনামৃতৌঘং
পদ্মাবাসাং সততমুরসা ধারয়ন্ পাতু বিষ্ণুঃ॥৩৬৮॥

অনুবাদ—ঐরূপই বিষ্ণুধর্ম্মে উক্ত হইয়াছে—যাঁহার বদনমণ্ডল নীলপদ্মের ন্যায় শ্যামল এবং দোদুল্যমান কুণ্ডলদ্বয়ের আভাসে উজ্জ্বল, চন্দন ও অক্ষত সমূহের দ্বারা রচিত চন্দ্রাকার তিলক, রথযাত্রা গমনভঙ্গী জনসুখকরী, দর্শন দ্বারা অমৃত বর্ষণকারী, সর্ব্বদা বক্ষে লক্ষ্মীদেবীর নিবাস, এই প্রকার শ্রীবিষ্ণু জগৎবাসীকে রক্ষা বা পালন করুন॥ ৩৬৮॥

টীকা—চন্দ্রাকারং পূর্ণেন্দুমণ্ডলসদৃশাকৃতি বক্ত্রং ধারয়ন্ প্রকটয়ন্; বক্ত্রমেব বিশিনষ্টি নীলেত্যাদি-প্রথমার্দ্ধেন। নীলোৎপলস্যেব রুচিঃ শ্যামকান্তির্যস্মিন্, লসদ্ভ্যাং গণ্ডয়োঃ ক্রীড়দ্ভ্যাং শোভমানাভ্যাং বা কুণ্ডলাভ্যাং প্রমৃষ্টং পরমোজ্জ্বলম্; লসদিত্যস্য পূর্ব্বেণৈব বা সম্বন্ধঃ। চন্দনেনাক্ষতৈশ্চ রচিতং ভালে নির্ম্মিতং তিলকং যস্মিন্। পুনর্বিষ্ণুং বিশিনষ্টি—গত্যা রথযাত্রয়া জনসুখকরীং সর্ব্বলোকানন্দবহাং লীলাং কৌতুকবিশেষং ধারয়ন্; কিঞ্চ, প্রেক্ষণেন কৃপাবলোকেন অমৃতৌঘং সুধাপূরং ধারয়ন্; কিঞ্চ, উরসা পদ্মবাসাং লক্ষ্মীং ধারয়ন্ সততং পাতু জগদিতি শেষঃ; ব ইত্যুত্তরশ্লোকস্থস্য বা সম্বন্ধঃ॥৩৬৮॥

———

যুক্তঃ শৈব্যাদি-বাহৈর্মধুরতররণৎ-কিঙ্কিণীজালমালৈ
রত্নৌঘৈর্মৌক্তিকানামবিরতমণিভিঃ সংভৃতৈশ্চৈব
হারৈঃ।
হৈমৈঃ কুম্ভৈঃ পতাকাশিবতররুচিভির্ভূষিতং
কেতুমুখ্যৈশ্ছত্রৈর্ব্রহ্মেশবন্দ্যো দুরিতহরহরেঃ পাতু জৈত্রো
রথো বঃ॥৩৬৯॥

অনুবাদ—শ্রীহরির রথখানি শৈব্য, সুগ্রীব, মেঘপুষ্প ও বলাহক নামক অশ্বচতুষ্টয় যোজিত, মধুরতর শব্দায়মান কিঙ্কিণী জাল মণ্ডিত, রত্নমালা, মুক্তামালা ও মণিমালাসমূহ দ্বারা গ্রথিত হারসমূহ দ্বারা সমলঙ্কৃত, স্বর্ণকুম্ভ সমূহ দ্বারা এবং উত্তম দীপ্তিশালী পতাকা শ্রেণী ও ছত্র দ্বারা ভূষিত, ব্রহ্মামহেশাদি বন্দিত, পাপনাশন শ্রীহরির জয়শীল রথ তোমাদিগকে পালন করুন॥ ৩৬৯॥

টীকা—শৈব্যঃ আদি-শব্দেন সুগ্রীবমেঘপুষ্পবলাহকাঃ, তত্তৎসংজ্ঞৈর্বাহৈরশ্বৈ-শ্চতুর্ভির্যুক্তঃ, এবম-

স্যাপি রথস্য ভগবদারূঢ়ত্বাত্তন্নিত্যরথসাদৃশ্যমভিপ্রেতম্। কথম্ভূতৈর্ব্বাহৈঃ ? মধুরতরং যথা স্যাত্তথা রণন্তীনাং শব্দায়মানানাং, যদ্বা, মধুরাণাঞ্চ পরমসুন্দরীণাং রণন্তীনাঞ্চ কিঙ্কিণীনাং জালস্য মালা যেষু তৈঃ। পুনঃ কথম্ভূতৈঃ ? অবিরতা নিরন্তরা মণয়ো যেষু তৈর্মৌক্তিকানাং হারৈঃ রত্নৌঘৈশ্চান্যৈঃ সম্ভৃতৈঃ পরিপূর্ণৈঃ ; যদ্বা, রথস্যৈব বিশেষণম্। ততশ্চ মণয়ো মৌক্তিকগুণকানি যথা জপমালাদিমণয়ঃ ; মৌক্তিকানামবিরতৈর্মণিভিঃ রত্নৌঘৈশ্চ সম্ভৃতৈর্গ্রথিতৈর্হারৈর্ভূষিতঃ ইত্যন্বয়ঃ। পতাকানাং শিবতরাভিঃ পরমোত্তমাভিঃ রুচিভির্দীপ্তিভিঃ ছত্রৈশ্চ ভূষিতাঃ, দুরিতহরস্য হরেঃ জৈত্রঃ জয়শীলঃ ॥৩৬৯॥

মোদন্তাং সুজনা হ্যনিন্দিতধিয়ঃ ত্রস্তাখিলোপদ্রবাঃ
স্বস্থাঃ সুস্থিরবুদ্ধয়ঃ প্রতিহতামিত্রা রমন্তাং সুখম্।
রে দৈত্যা গিরিগহ্বরাণি গহনান্যাশু ব্রজধ্বং ভয়াদ্
দৈত্যারির্ভগবানয়ং যদুপতির্যানং সমারোহতি ॥৩৭০

অনুবাদ—প্রশংসিতবুদ্ধি সজ্জনগণ আনন্দিত হউন, উপদ্রব সকল নিবারিত হইল, ধীরবুদ্ধি মানবগণ স্বস্তিলাভ করিল, দমিতশত্রু জনগণ সুখে ক্রীড়া করুন, রে দৈত্যগণ গিরিগুহাসমূহে বা গহনবনে শীঘ্র ভয়ে পলায়ন কর, দৈত্যনিসূদন ভগবান্ এই যদুপতি শ্রীকৃষ্ণ রথে আরোহণ করিতেছেন ॥ ৩৭০ ॥

পলায়ধ্বং পলায়ধ্বং রে রে দিতিজদানবাঃ।
সংরক্ষণায় লোকানাং রথারূঢ়ো নৃকেশরী ॥
ইতি ॥ ৩৭১ ॥

অনুবাদ—অরে অরে দিতিপুত্র দানবগণ পলায়ন কর, লোকসমূহের সম্যক্ পালন জন্য নরহরি শ্রীকৃষ্ণ রথে আরোহণ করিয়াছেন ॥ ৩৭১ ॥

ততো বিচিত্রগদ্যানি পঠিত্বাথ মহাপ্রভোঃ।
মহাপ্রসাদমালাঞ্চ স্বীকুর্য্যাৎ পরয়া মুদা ॥ ৩৭২ ॥

অনুবাদ—অনন্তর বিচিত্র গদ্যছন্দে রচিত বিরুদ কাব্যসমূহ পাঠ করিয়া পরমানন্দে মহাপ্রভুর মহাপ্রসাদ ও প্রসাদী মালা ধারণ করিবেন ॥ ৩৭২ ॥

অথ তন্মাহাত্ম্যম্

ভক্ত্যা গৃহ্ণাতি যো মালাং বৈষ্ণবীং মঙ্গলাশ্রয়াম্।
ন তেষাং দুর্ল্লভং কিঞ্চিদিহ লোকে পরত্র চ ॥৩৭৩॥

অনুবাদ—অনন্তর প্রসাদী মালা চন্দনাদির মাহাত্ম্য—শ্রীবিষ্ণুর প্রসাদী অখিল মঙ্গলাধার মালা যিনি ভক্তিসহ গ্রহণ করেন, ইহ পরলোকে তাহাদের দুর্ল্লভ বস্তু কিছুই থাকে না ॥ ৩৭৩ ॥

তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন সর্ব্বকামসমৃদ্ধয়ে।
মালামেতাং প্রগৃহ্ণীয়াৎ সৌখ্যমোক্ষপ্রদায়িনীম্ ॥
ইতি ॥ ৩৭৪ ॥

অনুবাদ—অতএব উদ্যমের সহিত সর্ব্ববিধ বাসনা সিদ্ধির জন্য সুখ ও মোক্ষপ্রদায়িনী প্রভুর প্রসাদী এই মালা যত্নসহ গ্রহণ করিবে ॥ ৩৭৪ ॥

সঞ্চিন্ত্যাকৃষ্যমাণঞ্চ শ্রীপ্রহ্লাদাদিভী রথম্।
আকর্ষয়েদ্রাজপুর্য্যাং ভ্রাময়েদ্বৈষ্ণবৈঃ সমম্ ॥৩৭৫॥

অনুবাদ—শ্রীপ্রহ্লাদাদি মহাজনগণ রথ আকর্ষণ করিতেছেন—এইরূপ ভাবনা লইয়া বৈষ্ণববৃন্দ সহ রাজপুরীতে রথ আকর্ষণ ও ভ্রমণ করাইবেন ॥ ৩৭৫ ॥

টীকা—রথঞ্চ তং শ্রীপ্রহ্লাদাদিভিরাকৃষ্যমাণং সঞ্চিন্ত্য পরিভাব্য স্বয়ং ভ্রাময়েৎ। প্রেরয়ন্নিতি পাঠে পশ্চাচ্চালয়ন্ ॥ ৩৭৫ ॥

তথা চ ভবিষ্যোত্তরে তত্রৈব—
নৃত্যমানৈর্ভাগবতৈর্গীতবাদিত্রনিস্বনৈঃ।
ভ্রাময়েৎ স্যন্দনং বিষ্ণোঃ পুরমধ্যে সমন্ততঃ ॥৩৭৬॥

অনুবাদ—ঐরূপই ভবিষ্যোত্তরে ঐ প্রসঙ্গে—গীত, বাদ্যধ্বনি সহ নৃত্যরত ভাগবতগণ সহ শ্রীবিষ্ণুর রথ পুর মধ্যে চতুর্দ্দিকে ভ্রমণ করাইবে ॥ ৩৭৬ ॥

টীকা—নৃত্যমানৈর্নৃত্যদ্ভির্ভাগবতৈর্ভগবদ্ভক্তৈঃ সহ ॥ ৩৭৬ ॥

———

কিঞ্চ—

প্রবোধবাসরে প্রাপ্তে কার্ত্তিকে পাণ্ডুনন্দন।
দেবালয়েষু সর্ব্বেষু পুরমধ্যে সমন্ততঃ।
ভ্রাম্যয়েত্তুর্য্যনির্ঘোষৈ রথস্থং ধরণীধরম্ ॥ ৩৭৭ ॥

অনুবাদ—আরও—হে পাণ্ডুনন্দন! কার্ত্তিকে উত্থান দ্বাদশীতে সকল দেবালয়ে পুরমধ্যে চতুর্দ্দিকে তুরীভেরী বাদ্যসহ শ্রীভগবানের রথ ভ্রমণ করাইবে ॥ ৩৭৭ ॥

———

রথাগমে মুকুন্দস্য পুরশোভাস্তু কারয়েৎ।
সর্ব্বতো রমণীয়ন্ত পতাকৈরুপশোভিতম্ ॥৩৭৮॥
তোরণৈর্বহুভির্যুক্তং রম্ভাস্তম্ভৈঃ সুশোভিতম্।
স্থানে স্থানে মহীপাল কর্ত্তব্যং পুণ্যসংযুতম্।
বিচিত্ররথশোভা চ কর্ত্তব্যা ভাবিতৈর্নরৈঃ ॥
ইতি ॥ ৩৭৯ ॥

অনুবাদ—শ্রীমুকুন্দের রথ আসিবেন জানিয়া পুরীর শোভা বৃদ্ধি করিবে, মনোরম পতাকাসমূহ দ্বারা উত্তম শোভা বিশিষ্ট, বহু তোরণ দ্বারযুক্ত, রম্ভাবৃক্ষ কদলীস্তম্ভ সমূহ দ্বারা সুশোভিত, হে মহীপাল! স্থানে স্থানে মঙ্গলতম বিচিত্র রথশোভাও সুচিন্তিত মানবগণ দ্বারা কর্ত্তব্যা ॥ ৩৭৮-৩৭৯ ॥

টীকা—রথস্যাগমে যত্র যত্র রথো যাতি তত্র তত্রৈবেত্যর্থঃ। এবং পুরোশোভাকর্ম্মণস্তাৎকালিকত্ব-মুক্তং, পূর্ব্বমপি সর্ব্বমহাযাত্রাসাধারণ্যাৎ কার্য্যমেবেতি জ্ঞেয়ম্। পুরোশোভামেব বিবৃত্যাহ—সর্ব্বত ইতি সার্দ্ধেন। রমণীয়ং পুরমিতি শেষঃ ॥ ৩৭৮ ॥

টীকা—পুণ্যসংযুতঃ—মঙ্গলতমম্। ভাবিতৈঃ—ভাবযুক্তৈঃ সদ্ভির্বিচিত্রা রথশোভা চ স্থানে স্থানে কর্ত্তব্যা ॥ ৩৭৯ ॥

———

রথেন গচ্ছন্ ভগবাননুগম্যোঽখিলৈর্জনৈঃ।
স্বস্বগেহাগ্রতশ্চার্চ্চ্যোঽন্যথা দোষো মহান্ ভবেৎ
॥ ৩৮০ ॥

অনুবাদ—সমগ্র মানবকুলের পক্ষে রথারূঢ় শ্রীভগবানের অনুগমন কর্ত্তব্য এবং নিজ নিজ গৃহের অগ্রে অর্চ্চনা কর্ত্তব্য, তাহা না করিলে মহাদোষ হইবে ॥ ৩৮০ ॥

টীকা—অখিলৈরাত্মারামাদিভিরপি স্বস্বগেহাগ্রতঃ নিজনিজালয়াগ্রতঃ প্রাপ্তঃ সন্ অর্চ্চ্যঃ পূজ্যঃ। অন্যথা —অনুগমনার্চ্চনে ন কৃতে সতীত্যর্থঃ ॥ ৩৮০ ॥

———

অথ রথানুগমনাদিনিত্যতা

তত্রৈব—

রথেন সহ গচ্ছন্তি পার্শ্বতঃ পৃষ্ঠতোঽগ্রতঃ।
বিষ্ণুনৈব সমাঃ সর্ব্বে ভবন্তি শ্বপচাদয়ঃ ॥ ৩৮১ ॥

অনুবাদ—অনন্তর রথানুগমনাদি নিত্যতা, ঐ বিষ্ণুধর্ম্মে—যাঁহারা শ্রীভগবানের রথের সহিত গমন করেন, অথবা পার্শ্বে, পশ্চাতে বা অগ্রে গমন করেন, তাহারা চণ্ডালাদি হইলেও সকলে বিষ্ণুসহ বা মহা-বিপ্র সম হয় ॥ ৩৮১ ॥

টীকা—অকরণে প্রত্যবায়দ্বারা নিত্যত্বং লিখিত্ব-মাদৌ করণেন পরমগুণং লিখতি—রথেনেতি। মহাবিপ্রেতি পাঠে মহাবিপ্রাঃ জ্ঞাননিষ্ঠা মুনয়স্তৈঃ সমাস্তুল্যাঃ। যদ্যপি মহাব্রাহ্মণ-শব্দেন চাণ্ডালোঽ-ভিধীয়তে, তথাপি বিপ্রশব্দ প্রয়োগাত্তৎপরিহারো জ্ঞেয়ঃ ॥ ৩৮১ ॥

———

রথস্থং যে ন গচ্ছন্তি ভ্রমমাণং জনার্দ্দনম্।
বিপ্রাধ্যয়নসম্পন্না ভবন্তি শ্বপচাধমাঃ ॥ ৩৮২ ॥

অনুবাদ—রথারোহণে ভ্রমমাণ জনার্দ্দনের যাহারা অনুগমন না করেন শাস্ত্রাধ্যয়নযুক্ত বিপ্র হইলেও শ্বপচাধম ॥ ৩৮২ ॥

টীকা—অধ্যয়নসম্পন্নাঃ অধীতশাস্ত্রা অপি বিপ্রাঃ। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥ ৩৮২ ॥

———

কিঞ্চ—

যেষাং গৃহাগ্রতো যাতি রথস্থো মধুসূদনঃ।
পূজা তৈস্তৈঃ প্রকর্ত্তব্যা বিত্তশাঠ্যবিবর্জ্জিতৈঃ ॥ ৩৮৩

অনুবাদ—আরও—রথস্থিত শ্রীমধুসূদন যাহাদের গৃহের অগ্রে যান, বিত্তশাঠ্য বর্জ্জিত হইয়া তাহাদের পক্ষে শ্রীভগবানের পূজা কর্ত্তব্য ॥ ৩৮৩ ॥

টীকা—পশ্যন্তীতি পাঠে দর্শনস্যাপি নিত্যত্বং জ্ঞেয়ম্। ততশ্চানুগমনস্য নিত্যত্বং নানুব্রজতীতি শ্লোকাদবগন্তব্যম্ ॥ ৩৮৩ ॥

অনর্চ্চিতো যদা যাতি গৃহাদ্যস্য মহীধরঃ।
পিতরস্তস্য বিমুখা বর্ষাণাং দশ পঞ্চ চ ॥ ৩৮৪ ॥

অনুবাদ—যাহার গৃহের সম্মুখ হইতে মহীধর ভগবান্ অর্চ্চনা না পাইয়া যান, তাহার পিতৃগণ পঞ্চদশ বর্ষ বিমুখ থাকেন ॥ ৩৮৪ ॥

যঃ পুনঃ কুরুতে পূজাং গৃহায়াতে তু মাধবে।
বসতে শ্বেতদ্বীপে তু যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥ ৩৮৫ ॥

অনুবাদ—আর যিনি শ্রীমাধব গৃহে আসিলে পূজা করেন, তিনি কল্পকাল শ্বেতদ্বীপে ভগবদ্ধামে বাস করেন ॥ ৩৮৫ ॥

টীকা—স চ কেবলমকরণপ্রত্যবায়পরিহারার্থমেব পূজা কার্য্যা, কিন্তু তয়া মহাফলঞ্চ স্যাদিত্যাহ—য ইতি ॥ ৩৮৫ ॥

অন্যত্র চ—

নানুব্রজতি যো মোহাদ্ব্রজন্তং পরমেশ্বরম্।
জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাপি স ভবেদ্ব্রহ্মরাক্ষসঃ ॥ ৩৮৬ ॥

অনুবাদ—অন্যত্রও—যিনি মোহবশতঃ পরমেশ্বরের গমনকালে অনুগমন না করেন, জ্ঞানরূপ অগ্নিদ্বারা তিনি সর্ব্বকর্ম্ম দগ্ধ করিলেও অপরাধ ফলে ব্রহ্মরাক্ষস হন ॥ ৩৮৬ ॥

টীকা—জ্ঞানাগ্নিনা দগ্ধানি কর্ম্মাণি যস্য জীবন্মুক্তস্য সোঽপি ভগবদ্বিষয়কমহাপরাধবলেন পরমদুষ্কর্ম্মোৎপত্তেস্তদ্ভোগার্থং দুর্জ্জন্ম লভত ইত্যর্থঃ ॥ ৩৮৬ ॥

অথ স্বমন্দিরং নীত্বা পূর্ব্ববৎ পূজয়েৎ প্রভুম্।
রাত্রৌ জাগরণং কুর্য্যাদ্বিধিবদ্বৈষ্ণবৈঃ সমম্ ॥ ৩৮৭॥

অনুবাদ—অনন্তর প্রভুকে নিজ মন্দিরে লইয়া গিয়া পূর্ব্ববৎ পূজা করিবেন এবং রাত্রিতে বৈষ্ণববৃন্দসহ যথাবিধি জাগরণ করিবেন ॥ ৩৮৭ ॥

টীকা—পূর্ব্ববদিতি শয়ন্যাদৌ যথালিখিতং তদ্বদিত্যর্থঃ। বিধিবদ্যথাবিধীত্যর্থঃ। রথযাত্রারাত্রৌ জাগরণমুন্মীলনীত্বাদিনা দ্বাদশ্যামুপবাসবৎ। অন্যথা পূর্ব্বস্মিন্নুপবাসদিনে জাগরণং পারণাদিনে উত্থানানন্তরং রথযাত্রেতি জ্ঞেয়ম্ ॥ ৩৮৭ ॥

অথ প্রবোধনীজাগরণমাহাত্ম্যম্

স্কান্দে তত্রৈব—

পূর্ব্বজন্মসহস্রেষু পাপং যৎ সমুপার্জ্জিতম্।
জাগরণে প্রবোধন্যাং দহ্যতে তুলরাশিবৎ ॥ ৩৮৮ ॥

অনুবাদ—অনন্তর প্রবোধিনী জাগরণ মাহাত্ম্য, স্কন্দপুরাণে ঐ প্রসঙ্গে—পূর্ব্ব পূর্ব্ব সহস্র জন্মার্জ্জিত যে সকল পাপ, তাহা প্রবোধিনীতে জাগরণ ফলে তুলারাশির ন্যায় দগ্ধ হয় ॥ ৩৮৮ ॥

টীকা—তত্র জাগরণতঃ প্রথমং পাপক্ষয়মাহ—পূর্ব্বেতি ত্রিভিঃ ॥ ৩৮৮ ॥

কৃত্বাপি পাতকং ঘোরং ব্রহ্মহত্যাদিকং নরঃ।
কৃত্বা জাগরণং বিষ্ণোর্ধূতপাপো ভবেন্মুনে ॥ ৩৮৯ ॥

অনুবাদ—হে মুনে! মানব ব্রহ্মহত্যাদি ঘোর পাপ করিয়াও প্রবোধনীতে বিষ্ণু জাগরণ করিয়া পাপমুক্ত হয় ॥ ৩৮৯ ॥

কর্ম্মণা মনসা বাচা পাপং যৎ সমুপার্জ্জিতম্।
ক্ষালয়েত্তচ্চ গোবিন্দঃ প্রবোধন্যান্তু জাগরে ॥ ৩৯০ ॥

অনুবাদ—মানব কায় মনোবাক্যে যে সকল পাপ সঞ্চিত করিয়াছে, তৎ সমুদয় গোবিন্দের প্রবোধিনীতে জাগরণ করিলে প্রক্ষালিত হয় ॥ ৩৯০ ॥

দুষ্প্রাপং যৎ ফলং বিপ্রৈরশ্বমেধাদিভির্মখৈঃ।
প্রাপ্যতে তৎ সুখেনৈব প্রবোধন্যাস্তু জাগরে ॥ ৩৯১ ॥

অনুবাদ—বিপ্রগণ কর্ত্তৃক অশ্বমেধাদি যজ্ঞসমূহ দ্বারা যাহা দুষ্প্রাপ্য, সেই ফল অনায়াসে প্রবোধনীতে জাগরণে পাওয়া যায় ॥ ৩৯১ ॥

টীকা—যজ্ঞ তীর্থদানাদিভ্যোঽপ্যাধিক্যমাহ—দুষ্প্রাপমিতি ত্রিভিঃ ॥ ৩৯১ ॥

———

আপ্লুত্য সর্ব্বতীর্থানি দত্ত্বা চ কাঞ্চনং মহীম্ ।
ন তৎ ফলমবাপ্নোতি যৎ কৃত্বা জাগরং হরেঃ ॥৩৯২

অনুবাদ—শ্রীহরির প্রবোধিনী জাগরণে যে ফল পাওয়া যায়, সে ফল সর্ব্বতীর্থে স্নান, স্বর্ণদান, ভূমিদান করিয়াও পাওয়া যায় না ॥ ৩৯২ ॥

———

চন্দ্রসূর্য্যোপরাগে তু যৎ ফলং পরীকীর্ত্তিতম্ ।
তৎ সহস্রগুণং পুণ্যং প্রবোধন্যান্তু জাগরে ॥ ৩৯৩ ॥

অনুবাদ—চন্দ্র, সূর্য্য গ্রহণে যে ফল কীর্ত্তিত আছে, তাহার সহস্রগুণ পুণ্য প্রবোধিনীতে জাগরণে প্রাপ্ত হওয়া যায় ॥ ৩৯৩ ॥

———

স্নানং দানং তপো হোমঃ স্বাধ্যায়শ্চার্চ্চনং হরেঃ ।
তৎ সর্ব্বং কোটিগুণিতং প্রবোধন্যান্তু জাগরে ॥৩৯৪

অনুবাদ—স্নান, দান, তপস্যা, হোম, নিত্য বেদপাঠ, শ্রীহরির অর্চ্চন ফলসমূহ কোটি গুণিত হয়, প্রবোধনীতে জাগরণে ॥ ৩৯৪ ॥

টীকা—কিঞ্চ স্নানমিতি ॥ ৩৯৪ ॥

———

সমতীতং ভবিষ্যঞ্চ বর্ত্তমানং কুলাযুতম্ ।
বিষ্ণুলোকং নয়ত্যাশু জাগরণে প্রবোধনী ॥ ৩৯৫ ॥

অনুবাদ—প্রবোধনীতে জাগরণে অতীত, ভবিষ্য ও বর্ত্তমান দশসহস্র কুলকে বিষ্ণুলোকে শীঘ্র লইয়া যায় ॥ ৩৯৫ ॥

টীকা—সর্ব্বকুলসমেতস্য শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকত্বঞ্চাহ—সমতীতমিতি ত্রিভিঃ ॥ ৩৯৫ ॥

———

চলন্তি পিতরো হৃষ্টা বিষ্ণুলোকমলঙ্কৃতাঃ ।
বিমুক্তা নারকৈর্দুঃখৈঃ কর্ত্তুঃ কৃষ্ণপ্রজাগরম্ ॥৩৯৬॥

অনুবাদ—প্রবোধনীতে শ্রীকৃষ্ণ প্রজাগরণকারীর পিতৃগণ নরক দুঃখ মুক্ত হইয়া হৃষ্ট চিত্তে অলঙ্কৃত হইয়া বিষ্ণুলোকে গমন করেন ॥ ৩৯৬ ॥

টীকা—কৃষ্ণস্য জাগরণং কর্ত্তুঃ, যঃ করোতি তস্য যে পিতরস্তে ইত্যর্থঃ ॥ ৩৯৬ ॥

———

ভার্য্যাপক্ষে তু যে জাতা মাতৃতঃ পিতৃতস্তথা ।
তারয়েন্মাত্র সন্দেহঃ প্রবোধন্যান্তু জাগরঃ ॥ ৩৯৭ ॥

অনুবাদ—ভার্য্যা পক্ষে মাতৃকুলে বা পিতৃকুলে যাহারা জন্মগ্রহণ করিয়াছেন, প্রবোধনীতে জাগরণ তাহাদের উদ্ধার করেন ইহাতে সন্দেহ নাই ॥ ৩৯৭॥

———

কিঞ্চ—
ফলৈর্নানাবিধৈর্দ্রব্যৈঃ প্রবোধন্যান্তু জাগরে ।
শঙ্খে তোয়ং সমাদায় অর্ঘ্যং দদ্যাজ্জনার্দ্দনে ॥৩৯৮॥

অনুবাদ—আরও—প্রবোধনীতে জাগরণে নানাবিধ ফল ও দ্রব্যসহ শঙ্খে জল লইয়া শ্রীজনার্দ্দনে অর্ঘ্যদান করিবেন ॥ ৩৯৮ ॥

টীকা—জাগরে অর্ঘ্যদানমাহাত্ম্যং লিখতি—ফলৈরিতি দ্বাভ্যাম্ ॥ ৩৯৮ ॥

———

যৎ ফলং সর্ব্বদানেষু সর্ব্বতীর্থেষু যৎ ফলম্ ।
তৎ সর্ব্বং কোটিগুণিতং দত্ত্বার্ঘ্যং বোধবাসরে ॥৩৯৯

অনুবাদ—সর্ব্ববিধ দানে ও সর্ব্বতীর্থে স্নানে যে ফল সেই সকলই কোটিগুণ হয় জাগরণ দিনে অর্ঘ্যদান করিলে ॥ ৩৯৯ ॥

———

পাদ্মে চ তত্রৈব—
অন্যত্রাপি প্রিয়া বিষ্ণোর্জাগরে স্যাৎ প্রবোধনী ।
কিং পুনর্মথুরায়াং সা ততো বৈ জন্মসদ্মনি ॥ ৪০০॥

অনুবাদ—পদ্মপুরাণেও ঐ প্রসঙ্গে—অন্য যে কোন স্থানে ও প্রবোধনীতে জাগরণ শ্রীবিষ্ণুর প্রিয়, আর মথুরাতে শ্রীকৃষ্ণ জন্মস্থানে যে তদপেক্ষা অধিক প্রিয় তাহা আর কি বলিব ॥ ৪০০ ॥

টীকা—অন্যত্র—মথুরাব্যতিরিক্তস্থানেঽপি ॥৪০০॥

———

একৈবৈকাদশী কৃষ্ণজন্মগেহে কৃতা নরৈঃ।
ততোঽধিকং ন কর্ত্তব্যং লোকে কিঞ্চ
ন বিদ্যতে ॥ ৪০১ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণ জন্ম গৃহে একটি একাদশীর উপবাস মানবগণ করিলে, তাহার অধিক করার প্রয়োজন হয় না এই জগতে ॥ ৪০১ ॥

———

রাত্রৌ জাগরণং তত্র প্রীত্যা কুর্ব্বন্তি যে নরাঃ।
সংসারমোহস্বপ্নান্তে সদা জাগ্রতি জাগ্রতি ॥ ৪০২ ॥

অনুবাদ—মথুরাতে রাত্রি জাগরণ প্রীতিসহকারে যে সকল মানব করে, সংসার মোহ অজ্ঞান রূপ স্বপ্নের অন্তে অর্থাৎ নাশে মানব সর্ব্বদা জাগরিত থাকিতে পারে ॥ ৪০২ ॥

টীকা—সংসারে যো মোহং অজ্ঞানং, স এব স্বপ্নস্তস্য অন্তে নাশে নিমিত্তে। সদা জাগ্রতি সংসার-মোহস্তস্য কদাচিদপি ন তিষ্ঠেদিত্যর্থঃ। বীপ্সা নিশ্চয়ার্থা ॥ ৪০২ ॥

———

কিঞ্চ তত্রৈব শ্রীরাধিকোপাখ্যানান্তে—
প্রবোধনীজাগরপুণ্যবৈভবাৎ
প্রসন্ন ঈশো বিধিবাক্যসত্যকৃৎ।
চকার রাসোৎসবনর্ত্তনং সহ
বৃন্দাবনেঽন্যাভিরপীহ রাধয়া ॥ ৪০৩ ॥

অনুবাদ—আরও পদ্মপুরাণে শ্রীরাধিকোপাখ্যা-নান্তে—কার্ত্তিকে প্রবোধনী জাগরণ পুণ্যফলে প্রসন্ন ব্রহ্মবাক্য সত্যকারী পরমেশ্বর শ্রীকৃষ্ণ বৃন্দাবনে অন্যান্য গোপী ও শ্রীরাধিকাসহ শ্রীরাসোৎসব নৃত্য করিয়াছিলেন ॥ ৪০৩ ॥

টীকা—বিধিবাক্যম্—'সর্ব্বাসু গোপীষু মধ্যে অহং শ্রীকৃষ্ণস্য পরমপ্রেয়সী ভবামি' ইতি স্বর্গে চন্দ্রকান্তিনামাপ্সরসঃ প্রার্থনয়া তথাস্তু' ইতি ব্রহ্মা যদাহ, তৎ সত্যং করোতীতি সঃ। এতচ্চ পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে সবিস্তরং বর্ত্তত এব। তত্র যদ্যপি ভগবতী শ্রীরাধা স্বতএব তস্য নিত্যপরমপ্রেয়সী, তথাপি বিধিবাক্যসত্যতার্থং কৃতমিত্যন্যজনের্ষা-পরিহারার্থমুক্তমিতি দিক্। রাধয়া সহ, অন্যাভিরপি গোপীভিঃ সহ ॥ ৪০৩ ॥

———

সা নৃত্যমানাদ্ভুতগোপরূপিণা
কৃষ্ণেন জন্মান্তরবাঞ্ছিতেন।
রাধা মহাপ্রেমজবাকুলেন্দ্রিয়া
নিন্যেঽন্যলোকং কথয়া কৃতার্থতাম্ ॥৪০৪

অনুবাদ—জন্মান্তর বাঞ্ছিত অপ্রাকৃত গোপরূপ-ধারী শ্রীকৃষ্ণের সহিত নৃত্যরতা সেই মহাপ্রেমবেগে আকুলেন্দ্রিয়া শ্রীরাধিকা নিজ চরিত কথা দ্বারা অন্য লোককে কৃতার্থ অর্থাৎ শ্রীহরির প্রিয়জন করিয়া-ছিলেন ॥ ৪০৪ ॥

টীকা—অন্যলোকং পরমপি জনং সর্ব্বং কথয়া নিজচরিত্রাদিবার্ত্তয়া কৃতার্থতাং শ্রীকৃষ্ণপ্রিয়তমতাং নিন্যে। তত্র হেতুঃ—মহান্ প্রেম্ণো জবঃ বেগস্তেনা-কুলানীন্দ্রিয়াণি যস্যাঃ সাঃ। অতস্তদ্বার্ত্তাশ্রবণমাত্রে-ণৈব স্বতঃ প্রেমভরোৎপত্তেরিত্যর্থঃ ॥ ৪০৪ ॥

———

তস্মাৎ প্রবোধনীং কৃত্বা রাত্রৌ কৃত্বা চ জাগরম্।
সুপ্তোত্থিতং হরিং দৃষ্ট্বা কা ভীঃ সংসারজা
দ্বিজাঃ ? ৪০৫

অনুবাদ—অতএব প্রবোধনী দ্বাদশী পালন করিয়া এবং রাত্রিতে জাগরণ করিয়া সুপ্তোত্থিত শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া, হে দ্বিজগণ সংসার জাত ভয় কোথায় ? ৪০৫ ॥

———

মথুরায়াস্তু কিং বাচ্যং জাগরে হরিসন্নিধৌ।
কার্ত্তিকে বোধনীং প্রাপ্য ততঃ শ্রেয়ঃ
পরং ন হি ॥ ৪০৬ ॥

অনুবাদ—মথুরায় শ্রীহরি সন্নিধানে জাগরণের মহিমা আর কি বলিব, কার্ত্তিকে প্রবোধনী প্রাপ্ত হইলে তাহা হইতে পরম মঙ্গল নাই ॥ ৪০৬ ॥

———

মথুরায়াং প্রবোধন্যাং কৃতজাগরণস্য হি।
ক্ষণার্দ্ধাদন্যতো বৈশ্যোঽমোচয়দ্ব্রহ্মরাক্ষসম্ ॥৪০৭॥

অনুবাদ—মথুরাতে প্রবোধনীতে জাগরণকারী সুধন নামক বৈশ্যই জাগরণের ক্ষণার্দ্ধ ফল দান দ্বারা ব্রহ্মরাক্ষসকে মুক্ত করিয়াছিলেন ॥ ৪০৭ ॥

টীকা—ব্রহ্মরাক্ষসঞ্চ বৈশ্যোঽমোচয়দিত্যত্রেতিহাসো মথুরামাহাত্ম্যে ব্যক্তং বর্ত্তত এব। যথা—'সুধননামা বণিক্ জাগরণার্থমক্রূরতীর্থং গচ্ছন্ পথি ব্রহ্মরাক্ষসেন গৃহীতঃ, পুনরাগমনার্থং শপথে কৃতে সতি পরিত্যক্তো জাগরণং কৃত্বা পুনরায়াতস্তং দৃষ্টা রাক্ষসেন সকাকু প্রার্থিতো জাগরণ-কৃত-নৃত্য-লেশমাত্রদানেন তং মোচয়ামাস' ইতি ॥ ৪০৭ ॥

জাগরস্য চ মাহাত্ম্যং গীতবাদিত্রকীর্ত্তনম্।
হরেঃ প্রীতিকরং রাত্রৌ বক্তুং মে নৈব শক্যতে ॥ ৪০৮ ॥

অনুবাদ—জাগরণের মাহাত্ম্য এবং গীত, নৃত্য, বাদ্যসহ কীর্ত্তন রাত্রিতে শ্রীহরির প্রীতিকর, অতএব মহিমা বলিবার শক্তি আমার নাই ॥ ৪০৮ ॥

টীকা—মাহাত্ম্যং বক্তুং নৈব শক্যতে, যত্রঃ রাত্রৌ গানাদিকং প্রত্যেকং হরে প্রীতিকরমিতি ॥ ৪০৮ ॥

যস্তু গায়তি কৃষ্ণাগ্রে কৌমুদীং দ্বাদশীং ক্ষণম্।
সর্ব্বলোকান্ পরিত্যজ্য বিষ্ণুলোকং স গচ্ছতি ॥ ৪০৯ ॥

অনুবাদ—যে ব্যক্তি শ্রীকৃষ্ণের অগ্রে প্রবোধনী দ্বাদশী একক্ষণ গান করে, সে এই সকল লোক পরিত্যাগ করিয়া বিষ্ণুলোকে গমন করে ॥ ৪০৯ ॥

টীকা—কৌমুদীং প্রবোধনীমিত্যর্থঃ ॥ ৪০৯ ॥

অতএবোক্তং তত্রৈব—
রাজ্যমন্যত্র সংত্যজ্য স্ফীতং নিহতকণ্টকম্।
কার্ত্তিকে মথুরায়াং বৈ কৌমুদ্যাং জাগরঞ্চরেৎ ॥ ৪১০ ॥

অনুবাদ—অতএব ঐ প্রসঙ্গে বলা হইয়াছে—অন্যত্র সুবিশাল নিষ্কণ্টক রাজ্য পরিত্যাগ করিয়া কার্ত্তিকে মথুরাতে প্রবোধনীতে জাগরণ করিবে ॥৪১০

অথ পারণাদিনকৃত্যম্

পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে—
পারণং কার্ত্তিকে শুক্লে দ্বাদশ্যান্তু ততশ্চরেৎ।
কৃষ্ণস্যাগ্রে নিবেদ্যাথ ব্রতং কৃচ্ছাগ্র্যমুত্তমম্।
বিষ্ণুলোকমবাপ্নোতি ভক্ত্যাভ্যর্চ্চ্য জনার্দ্দনম্ ॥৪১১॥

অনুবাদ—অনন্তর পারণাদিনকৃত্য—কার্ত্তিকে শুক্লদ্বাদশীতে পারণ করিবে, শ্রীকৃষ্ণের অগ্রে কষ্টসাধ্য উত্তম ব্রত নিবেদন পূর্ব্বক ভক্তিভরে শ্রীজনার্দ্দনকে অর্চ্চন করিয়া বিষ্ণুলোক প্রাপ্ত হয় ॥ ৪১১ ॥

মহাভারতে—
চতুর্দ্ধা গৃহ্য বৈ চীর্ণং চাতুর্ম্মাস্যব্রতং নরঃ।
কার্ত্তিকে শুক্লপক্ষে তু দ্বাদশ্যাং তৎ সমাপয়েৎ ॥৪১২

অনুবাদ—মহাভারতে—মানব চতুর্ব্বিধ চাতুর্ম্মাস্য ব্রত গ্রহণ করিয়া কার্ত্তিকে শুক্লপক্ষে দ্বাদশীতে তাহা সমাপন করিবে ॥ ৪১২ ॥

প্রাতর্নিত্যক্রিয়াং কৃত্বা শক্ত্যা সংভোজ্য ভূসুরান্।
গৃহ্নন্ কৃতব্রতাচ্ছিদ্রং প্রদদ্যাৎ দক্ষিণাদিকম্ ॥৪১৩

অনুবাদ—প্রাতঃকালে স্নান পূজাদি নিত্যকর্ম্ম সমাপন করিয়া যথাশক্তি ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া ব্রতমধ্যে ত্রুটি বারণ ও দক্ষিণাদি প্রদান করিবে ॥ ৪১৩ ॥

টীকা—কৃতানাং চতুর্ম্মাসেষু বিশেষতঃ কার্ত্তিকে চ বিহিতানাং ব্রতানামচ্ছেদ্রমচ্ছিদ্রতাং গৃহ্নন্ ॥৪১৩॥

দানং যথাব্রতং তেভ্যো দত্ত্বা পারণমাচরেৎ।
প্রবর্ত্তয়েচ্চ সন্ত্যক্তং চাতুর্ম্মাস্যব্রতেষু যৎ ॥ ৪১৪ ॥

অনুবাদ—ব্রত অনুসারে ব্রাহ্মণগণকে দান দিয়া পরে পারণ করিবে। এবং চাতুর্ম্মাস্য ব্রতে যাহা যাহা বর্জ্জন ছিল, তৎ সমুদয় পুনঃ প্রবর্ত্তন করিবে ॥ ৪১৪ ॥

টীকা—যথাব্রতমিতি যদ্ব্রতে যদ্দানমুক্তং তদনুসারেণেত্যর্থঃ। তচ্চাগ্রে বিশেষতো ব্যক্তং ভাবি।

চাতুর্ম্মাস্য-ব্রতেষু যৎ সন্ত্যক্তং, তৎ প্রবর্ত্তয়েৎ ভক্ষণাদিকং কুর্য্যাৎ ॥ ৪১৩ ॥

ভবিষ্যোত্তরে তত্রৈব—

প্রভাতে বিমলে স্নাত্বা ভোজয়েদন্নবিস্তরৈঃ ।
ঘৃত-ক্ষীর দধি-ক্ষৌদ্র-কাসার-গুড়-মোদকৈঃ ।
অর্চ্চয়েচ্চন্দনৈশ্চূর্ণৈঃ পুষ্পগন্ধৈর্দ্বিজোত্তমান্ ॥ ৪১৫ ॥

অনুবাদ—ভবিষ্যোত্তরে ঐ প্রসঙ্গে—প্রভাতে পবিত্র জলে স্নান করিয়া ব্রাহ্মণগণকে ভূরি ভোজন করাইবে —ঘৃত, ক্ষীর, দধি, মধু, কাসার (পুষ্পান্ন), গুড়, লাড্ডু প্রভৃতি দ্বারা এবং চন্দন, আবির, গন্ধ, পুষ্পাদি দ্বারা উত্তম ব্রাহ্মণগণকে অর্চ্চনা করিবে ॥ ৪১৫ ॥

টীকা—বিমলে জল ইতি শেষঃ, যদ্বা, প্রভাত ইত্যস্যৈব বিশেষণং—বিমল ইতি। কাসারো মধুরতর-পক্বান্ন-বিশেষঃ, চূর্ণৈঃ পটবাসৈঃ বুক্কাবন্দনেত্যাদি-প্রসিদ্ধৈঃ ॥ ৪১৫ ॥

আচান্তেভ্যস্ততো দদ্যাত্ত্যক্তং যৎ কিঞ্চিদেব হি ।
সুবাচা সুমনোঽভীষ্ট-পত্র-পুষ্প-ফলাদিকম্ ॥ ৪১৬॥

অনুবাদ—আচমনের পর যাহা কিছু ব্রতে বর্জ্জন ছিল তাহা দান করিবে, মধুর বাক্যে পবিত্রমনে অভিলষিত পত্র, পুষ্প, ফলাদি দান করিবে ॥ ৪১৬ ॥

টীকা—ত্যক্তং চাতুর্ম্মাস্যাদিনিয়মে বর্জ্জিতং, সুবাচা বিনয়পূর্ব্বকমধুরোক্ত্যা দদ্যাৎ ॥ ৪১৬ ॥

চতুরো বার্ষিকান্ মাসান্ নিয়মং যস্য যৎ কৃতম্ ।
কথয়িত্বা দ্বিজেভ্যস্তদ্দদ্যাদ্ভক্ত্যা সুদক্ষিণাম্ ॥ ৪১৭ ॥

অনুবাদ—বর্ষমধ্যে চারিমাস যাহার যে নিয়ম ছিল, তাহা ব্রাহ্মণগণকে বলিয়া ভক্তিপূর্ব্বক তাহা উত্তম দক্ষিণারূপে দান করিবে ॥ ৪১৭ ॥

এবমেব পাদ্মে তত্রৈব কিঞ্চাধিকম্—

চাতুর্ম্মাস্যব্রতে বিপ্রাঃ পশ্চাদচ্ছিদ্রবাচনম্ ॥
ইতি ॥ ৪১৮ ॥

অনুবাদ—এইরূপই পদ্মপুরাণে ঐ প্রসঙ্গে আরও অধিক—হে বিপ্রগণ! চাতুর্ম্মাস্য ব্রতের শেষে অচ্ছিদ্র বাচন অর্থাৎ ত্রুটি মার্জ্জন অচ্ছিদ্রমস্তু—এইরূপ ব্রাহ্মণগণকে বলাইবে ॥ ৪১৮ ॥

টীকা—হে বিপ্রাঃ। পশ্চাদ্বিপ্রভোজনদক্ষিণাদানানন্তরং চাতুর্ম্মাস্যব্রতেঽচ্ছিদ্রবাচনম্ 'অচ্ছিদ্রমস্তু' ইতি ব্রাহ্মণান্ বাচয়েদিত্যর্থঃ ॥ ৪১৮ ॥

অথ ব্রতেষু দানানি

কৃচ্ছ্রযুগ্মে তু গোযুগ্মং দদ্যাদ্বিপ্রাংশ্চ ভোজয়েৎ ।
ত্রিরাত্রে মণিকং ছত্রমজাং চোপানহৌ তথা ॥ ৪১৯ ॥

অনুবাদ—অনন্তর ব্রতশেষে দানসমূহ—দুইটি কৃচ্ছ্রব্রতে দুইটি গো-দান ও বিপ্রগণকে ভোজন দান, ত্রিরাত্র ব্রতে বৃহৎ জলভাণ্ড, ছত্র, ছাগী এবং পাদুকা জোড়া ॥ ৪১৯ ॥

টীকা—মণিকং—বৃহজ্জলভাণ্ডবিশেষম্ অজামেমেকাং ছাগীম্ ॥ ৪১৯ ॥

একান্তরোপবাসে চ দদ্যাদ্গাং সমলঙ্কৃতাম্ ।
বিভবে চ হলান্যষ্টৌ বলবর্দ্দযুতানি তু ॥ ৪২০ ॥

অনুবাদ—এক দিন পর পর উপবাসে অলঙ্কৃতা গাভীদান, সামর্থ্য থাকিলে আটটি লাঙ্গল যোড়ৃটি বলদ সহ ॥ ৪২০ ॥

ভোজয়েদেকভক্তে তু বিপ্রান্নক্তে তু ষড়্রসান্ ।
বস্ত্রে চাযাচিতে দদ্যাৎ বৃষং সস্বর্ণচন্দনম্ ॥ ৪২১ ॥

অনুবাদ—এক ভক্ত ব্রতে বিপ্র ভোজন নক্তব্রতে ষড়্রস ভোজন দান, অযাচিত ব্রতে বস্ত্রদ্বয়, বৃষ, স্বর্ণ সহ চন্দন দান ॥ ৪২১ ॥

টীকা—নক্তে নক্তব্রতে, ষড়্রসান্ মধুরাদীন্, বস্ত্রে বস্ত্রযুগ্মঞ্চ দদ্যাৎ। অথ অযাচিতব্রতে তু স্বর্ণেন চন্দনেন চ সহিতং বৃষমনড়্বাহং দদ্যাৎ ॥ ৪২১ ॥

শালীন্ দদ্যাৎ ফলাহারে গাঞ্চ দদ্যাৎ পয়োব্রতে ।
শাকাহারে তু বিতরেদ্ঘৃতং রাজতভাজনৈঃ ॥ ৪২২॥

অনুবাদ—ফলাহারে শালী ধান্য দান, পয়োব্রতে গো-দান, শাকাহারে রৌপ্য পাত্রে ঘৃত দান ॥ ৪২২ ॥

তৈলে ত্যক্তে ঘৃতং দদ্যাৎ ঘৃতে তু বিতরেৎ পয়ঃ।
বর্জ্জিতে দধি তু স্বর্ণং ক্ষীরে চ রজতং বুধঃ ॥৪২৩

অনুবাদ—তৈলত্যাগে ঘৃত দান, ঘৃতত্যাগে দুগ্ধ দান, দধিত্যাগে স্বর্ণ দান, দুগ্ধত্যাগে রৌপ্য দান ॥ ৪২৩ ॥

টীকা—ঘৃতে চ ত্যক্তে বর্জ্জিত ইতি তচ্চাগ্রে পঞ্চমশ্লোকং যাবৎ সপ্তম্যন্তেষ্বনুবর্ত্তনীয়ম্। তথা বিতরেদিতি যথাস্থানমগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ম্ ॥ ৪২৩ ॥

অপূপে স্বর্ণগোধূমবস্ত্রাণি ব্রীহিষু প্রিয়ান্।
শালীন্ স্বর্ণং চ ধান্যে তু শালীন্ বা
ধান্যমেব চ ॥ ৪২৪ ॥

অনুবাদ—পিষ্টক ত্যাগে স্বর্ণ, গম, বস্ত্র দান, ব্রীহিত্যাগে অভীষ্ট উত্তম শালী ধান্য ও স্বর্ণ দান, ধান্য ত্যাগে শালী ধান্য দান ॥ ৪২৪ ॥

টীকা—প্রিয়ান্—অভীষ্টান্ উত্তমানিত্যর্থঃ ॥৪২৪

লবণে লাবণীং ধেনুং স্বর্ণং চাভ্যঞ্জনে তথ।
তৈলপূর্ণং ঘটং কিঞ্চ সাজ্যপায়সভোজনম্ ॥ ৪২৫ ॥

অনুবাদ—লবণ বর্জ্জনে লবণ ধেনু ও স্বর্ণ দান, তৈলমর্দ্দন ত্যাগে তৈলপূর্ণ ঘট ও ঘৃত, পায়স ভোজন দান ॥ ৪২৫ ॥

টীকা—লাবণীং লবণনির্ম্মিতাং ধেনুং, তদ্বিশেষশ্চ তিলধেন্বাদিপ্রসঙ্গে ভবিষ্যোত্তরাদ্যুক্তো জ্ঞেয়ঃ। অথ অভ্যঞ্জনে তৈলেন শিরোঽভ্যঙ্গে তৈলপূর্ণঘটং সাজ্য-পায়সভোজনঞ্চ বিতরেৎ। কিঞ্চেতি সমুচ্চয়ে ॥ ৪২৫

পাদাভ্যঙ্গে তু সম্পূজ্য বিপ্রান্ সংবাহ্য তৎপদৌ।
দক্ষিণামথ তাম্বূলৈর্বিতরেদম্বরদ্বয়ম্ ॥ ৪২৬ ॥

অনুবাদ—পদে তৈল মর্দ্দন বর্জ্জনে বিপ্র সম্মান সহ তাঁর পদ-সম্বাহন, দক্ষিণা তাম্বূলসহ বস্ত্রদ্বয় দান ॥ ৪২৬ ॥

টীকা—অম্বরদ্বয়ং—বস্ত্রযুগ্মম্ ॥ ৪২৬ ॥

পুষ্পে চ পুষ্পং সৌবর্ণমুপানহমুপানহি।
খট্টায়াং শয়নং কাংস্যে সঘৃতং কাংস্যভাজনম্
॥ ৪২৭ ॥

অনুবাদ—পুষ্প বর্জ্জনে সুবর্ণপুষ্প, পাদুকা বর্জ্জনে পাদুকা দান, খট্টায় শয়ন বর্জ্জনে খট্টা (শয্যা) দান, কাংস্য পাত্র বর্জ্জনে সঘৃত কাংস্য পাত্র দান ॥ ৪২৭ ॥

টীকা—শয়নম্ ॥ ৪২৭ ॥

ত্যক্তে মধুনি সংদদ্যাৎ পায়সং সসিতাঘৃতম্।
মৌনী চ ঘণ্টাং সতিলাং দদ্যাৎ কনকসংযুতাম্
॥ ৪২৮ ॥

অনুবাদ—মধু ত্যাগে মিছরি ঘৃতসহ পায়স দান, মৌনব্রতে তিল সহ ঘণ্টা, স্বর্ণ সহ দান ॥ ৪২৮ ॥

টীকা—সিতয়া শর্করয়া ঘৃতেন চ সহিতং পায়সং দদ্যাদিত্যগ্রেঽপ্যনুবর্ত্ততে ॥ ৪২৮ ॥

ভূমিভোজী কাংস্যপাত্রং গাঞ্চ দীপস্য দানতঃ।
সঘৃতং তাম্রপাত্রঞ্চাদর্শং কেশাদিরক্ষণে ॥ ৪২৯ ॥

অনুবাদ—ভূমিভোজী কাংস্যপাত্র ও গাভী দান, দীপ দানে সঘৃত তাম্রপাত্র দান, কেশশ্মশ্রু আদি-রক্ষণে আদর্শ (আয়না) দান ॥ ৪২৯ ॥

টীকা—দীপস্য দানে ঘৃতসহিতং তাম্রপাত্রং আদি-শব্দেন নখশ্মশ্র্বাদি ॥ ৪২৯ ॥

দদ্যাৎ সুবর্ণপ্রতিমাং দম্পত্যোর্ব্রহ্মচর্য্যতঃ।
সর্ব্বাভাবে চ সন্তোষ্যাচ্ছিদ্রাং বিপ্রাংস্তু
বাচয়েৎ ॥ ৪৩০ ॥

অনুবাদ—দম্পতী ব্রহ্মচর্য্য পালন করিলে সুবর্ণ প্রতিমা দান, পূর্ব্বোক্ত দান দ্রব্য সমূহের অভাবে

বিপ্রগণকে দক্ষিণা দ্বারা সন্তুষ্ট করিয়া 'অচ্ছিদ্রমস্তু' বলাইয়া লইবে ॥ ৪৩০ ॥

টীকা—ব্রহ্মচর্য্যে—গ্রাম্যধর্ম্মত্যাগে ; ননু তত্তদলাভে কিং কার্য্যম্ ? তত্র লিখতি—সর্ব্বেষাং লিখিতানাং গোযুগ্মাদিদ্রব্যাণামভাবে সতি বিপ্রান্ সংস্তুত্য দক্ষিণাদিনা প্রীণয়িত্বা অচ্ছেদ্যম্ অচ্ছিদ্রমস্ত্বিতি বাচয়েৎ ; 'ব্রতং সম্পূর্ণমস্তু'-ইতি তদ্বচনং গৃহ্ণীয়াত্তেনৈব সম্পূর্ণং সর্ব্বং স্যাদিত্যর্থঃ ॥ ৪৩০ ॥

তথা চ স্কান্দে—

সর্ব্বেষামপ্যভাবে তু যথোপকরণং বিনা ।
বিপ্রবাক্যং স্মৃতং সম্যক্ ব্রতস্য পরিপূর্ত্তয়ে ॥৪৩১॥

অনুবাদ—ঐরূপই স্কন্দপুরাণে—দান দ্রব্য সকলের অভাবে যথাযথ উপকরণ ব্যতীত সম্পূর্ণ ব্রতের পরিপূর্ত্তির জন্য বিপ্রবাক্য 'অচ্ছিদ্রমস্তু' ইহা স্মরণ কর্ত্তব্য ॥ ৪৩১ ॥

টীকা—যথোপকরণং যত্র ব্রতে যদ্বিহিতং দানদ্রব্যং, তদ্বিনা চ ॥ ৪৩১ ॥

বৃথা বিপ্রবচো যস্তু গৃহ্ণাতি মনুজোঽবুধঃ ।
অদত্ত্বা দক্ষিণাং পাপো যাত্যসৌ নরকং ধ্রুবম্ ।
ব্রতবৈফল্যমাসাদ্য কুষ্ঠী অন্ধশ্চ জায়তে ॥ ৪৩২ ॥

অনুবাদ—যে অজ্ঞ মানব বিপ্রকে দক্ষিণা না দিয়া বৃথা বিপ্রবাক্য গ্রহণ করে, ঐ পাপী নিশ্চয়ই নরক গমন করে এবং ব্রত বিফলহেতু কুষ্ঠী ও অন্ধ হইয়া জন্ম গ্রহণ করে ॥ ৪৩২ ॥

টীকা—বৃথেত্যেব বিবৃণোতি—অদত্ত্বা দক্ষিণামিতি । অতএবাবুধঃ পাপশ্চ নরকভোগানন্তরং কুষ্ঠী অন্ধশ্চ সন্ দুর্য্যোনিষু জায়তে । শ্রাবণাদৌ শাকাদিবর্জ্জনব্রতে চ সর্ব্বপাপক্ষয়াৎ, তথা ব্রহ্ম-বিষ্ণু-শিবানাং প্রত্যেকং সমুচ্চয়েন চ শ্রাবণাদৌ শাকাদিষু সংক্রমণাত্তান্যবশ্যবর্জ্জ্যান্যেবেতি শাকাদিবর্জ্জনব্রতদানং বিশেষতো নোদ্দিষ্টং, কিন্তু সর্ব্বব্রতসাধারণত্বাদ্ব্রাহ্মণভোজনং ন তদ্ব্রতসমাপ্তৌ তত্তদ্দ্রব্যদানপ্রধানকং কর্ত্তব্যমিত্যূহ্যং, ত্যক্তং যৎ কিঞ্চিদেব হি ইত্যুক্তেঃ । কিঞ্চ, পূর্ব্বং শয়নীপ্রকরণে লিখিতং ব্রতমত্রলিখিতানুসারেণ পরমপি তত্রোহ্যমিতি দিক্ ॥ ৪৩২ ॥

—৫৬

অথ সামান্যতঃ তন্মাহাত্ম্যম্

ভবিষ্যোত্তরে তত্রৈব বিশেষঃ—

এবং য আচরেৎ পার্থ শোভনং ধর্ম্মমাপ্নুয়াৎ ।
অবসানে তু রাজেন্দ্র বাসুদেবপুরং ব্রজেৎ ॥ ৪৩৩ ॥

অনুবাদ—অনন্তর সামান্যভাবে ব্রত মাহাত্ম্য, ভবিষ্যোত্তরে ঐ প্রসঙ্গে বিশেষ—হে পার্থ ! যে মানব এই প্রকার সুশোভন ভগবৎধর্ম্ম আচরণ করে, হে রাজেন্দ্র ! সেই মানব অবশেষে শ্রীকৃষ্ণের ধামে গমন করে ॥ ৪৩৩ ॥

টীকা—শোভনং ধর্ম্মং তৎফলং চিরং ব্রহ্মলোকাদি ভোগমিত্যর্থঃ । যদ্বা, ভগবদ্ধর্ম্মং প্রেমভক্তিলক্ষণম্ ॥ ৪৩৩ ॥

অথ ভীষ্মপঞ্চকাদি

আরভ্যৈকাদশীং পঞ্চ দিনানি ব্রতমাচরেৎ ।
ভগবৎপ্রীতয়ে ভীষ্মপঞ্চকং যদি শক্নুয়াৎ ॥ ৪৩৪ ॥

অনুবাদ—অনন্তর ভীষ্মপঞ্চকাদি—কার্ত্তিক শুক্লপক্ষের একাদশী হইতে আরম্ভ করিয়া পঞ্চদিবস শ্রীভগবৎ প্রীতির জন্য যদি সমর্থ হয় 'ভীষ্ম পঞ্চক' ব্রত আচরণ করিবেন ॥ ৪৩৪ ॥

টীকা—ইদানীং সংক্ষেপেণ পৌর্ণমাসীকৃত্যং লিখন্ পরমপ্যলিখিতং কার্ত্তিককৃত্যং সংগৃহ্ণাতি—আরভ্যেতি ত্রিভিঃ । যদি শক্নুয়াদিতি কাম্যত্বমভিপ্রেতম্ । যদ্যপি ভগবৎপ্রীণনত্বাদ্বিত্যমেব সুসিধ্যতি, তথাপ্যকরণপ্রত্যবায়াভাবাৎ সর্ব্বেষামশক্যত্বাচ্চ তথা লিখিতমিতিদিক্ এবমগ্রেঽপ্যূহ্যম্ ॥ ৪৩৪ ॥

তথা ধাত্রীব্রতং পৌর্ণমাস্যাং কুর্ব্বীত কার্ত্তিকে ।
তথা নবম্যাং শুক্লায়ামক্ষয়ং নবমীব্রতম্ ॥ ৪৩৫ ॥

অনুবাদ—সেইরূপ 'ধাত্রীব্রত' কার্ত্তিক পূর্ণিমাতে

করিবে। সেইরূপ শুক্লা নবমীতে 'অক্ষয় নবমী ব্রত' ॥ ৪৩৫ ॥

টীকা—তথাদ্বয়ং সমুচ্চয়ে ॥ ৪৩৫ ॥

পৈতামহাদি-কৃচ্ছ্রাণি মাসোপোষণমেব চ।
সমর্থঃ কার্ত্তিকে কুর্য্যাৎ জ্ঞাত্বা পাদ্মাদিতো বিধিম্ ॥ ৪৩৬ ॥

অনুবাদ—পৈতামহ কৃচ্ছ্রব্রত পদ্মপুরাণোক্ত, আদিশব্দে বৈষ্ণব ব্রত, মাহেন্দ্র ব্রত ইত্যাদি ও মাস-উপবাস ব্রত, সমর্থ হইলে পদ্মপুরাণাদি হইতে বিধি জানিয়া করিবে। প্রয়োজনাভাবে এস্থলে বিস্তার করা হইল না ॥ ৪৩৬ ॥

টীকা—পৈতামহং নাম কৃচ্ছ্রং চোক্তং পাদ্মে—'অপঃ ক্ষীরং দধি ঘৃতং সপ্তম্যাদি চতুর্দ্দিনম্। কার্ত্তিকস্য সিতে পীত্বা একাদশ্যামুপোষিতঃ। কৃচ্ছ্রং পৈতামহং কুর্ব্বন্ দিনং সম্পূজয়েদ্ধরিম্।' ইতি। আদি শব্দেন বৈষ্ণবমাহেন্দ্রাদীনি, সমর্থশ্চেত্তর্হি কুর্য্যাৎ। ননু ভীষ্মপঞ্চকাদীনাং ব্রতানামেষাং বিধিঃ সমর্থৈরপেক্ষ্যঃ, কুতো জ্ঞাতব্যঃ ? তত্রাহ—জ্ঞাত্বেতি। পদ্মপুরাণস্য ব্রতখণ্ডং কার্ত্তিকমাহাত্ম্যং চ, আদিশব্দাৎ স্কন্দপুরাণবিষ্ণুরহস্যাদি, ততো বিধিং জ্ঞাত্বা। তত্র চাবশ্যকত্বাভাবেনাসৌ বিস্তার্য্য ন লিখতি ইতি জ্ঞেয়ম্ ॥ ৪৩৬ ॥

অথাধিমাসকৃত্যম্

ভবিষ্যোত্তরে—
অধিমাসে তু সম্প্রাপ্তে স্মৃত্বা গোপীপ্রিয়ং হরিম্।
সুবর্ণং চাজ্যসংযুক্তং ত্রয়স্ত্রিংশদপূপকম্ ॥ ৪৩৭॥
দদ্যাচ্চ বেদবিদুষে শ্রোত্রিয়ায় কুটুম্বিনে।
নশ্যত্যকরণে শীঘ্রং পুণ্যং দ্বাদশমাসজম্ ॥ ৪৩৮ ॥

ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীদামোদরপ্রিয়ো নাম ষোড়শো বিলাসঃ।

অনুবাদ—অনন্তর অধিমাস কৃত্য, ভবিষ্যোত্তরে—অধিমাস (অধিক মাস, পুরুষোত্তম মাস ব্রত) উপস্থিত হইলে গোপীজনবল্লভ শ্রীকৃষ্ণকে স্মরণ করিয়া সুবর্ণ, ঘৃতসহ তেত্রিশটি (৩৩) পিষ্টক বেদবিৎ শাস্ত্রজ্ঞ গৃহস্থ ব্রাহ্মণকে দান কর্ত্তব্য। তাহা না করিলে শীঘ্র দ্বাদশ মাস সঞ্চিত পুণ্য ক্ষয় হয় ॥ ৪৩৭-৪৩৮ ॥

ইতি শ্রীগোপাল ভট্ট বিলিখিত শ্রীভগবদ্ভক্তি-বিলাসে শ্রীদামোদর প্রিয়-নামক ষোড়শ বিলাস সমাপ্ত ॥ ১৬ ॥

টীকা—অধিমাসো নাম মলমাসস্তস্মিন্ ॥৪৩৭॥

টীকা—তত্র সুবর্ণাদিদানস্য নিত্যত্বমাহ—নশ্যতীতি। এতদপি শক্তবিষয়কমেব, সর্ব্বেষামপি কর্ম্মণাং স্বতএব সমর্থবিষয়কত্বাদিত্যেষা দিক্ ॥৪৩৮

॥ ইতি ষোড়শো বিলাসঃ ॥

সপ্তদশ-বিলাসঃ

নমো ভগবতে বাসুদেবায়
কস্মাচ্চিদাশ্রয়াদ্‌যস্য প্রোদ্যদ্ভক্তিবিলাসতঃ।
দীনোঽপি রঞ্জয়েদ্বিশ্বং তং শ্রীচৈতন্যমাশ্রয়ে ॥ ১ ॥

অনুবাদ—নমো ভগবতে বাসুদেবায়—যে শ্রীকৃষ্ণ-চৈতন্যদেবের কোন কারণে কিঞ্চিৎ আশ্রয়লাভ করিলে প্রকৃষ্ট উদয়প্রাপ্ত ভক্তিদেবীর বিলাস দ্বারা সর্ব্বশক্তিহীন দীনজন ও বিশ্বরঞ্জন করিতে সমর্থ হয়, আমি সেই শ্রীচৈতন্যদেবকে আশ্রয় করিতেছি ॥ ১ ॥

টীকা—নমো ভগবতে বাসুদেবায়। ইদানীং পুরশ্চরণং লিখিষ্যন্ তত্র সর্ব্বশক্তিবিহীনস্যাপ্যাত্মনো ভগবতি ভক্তিপ্রযত্নাভাসেনাপি জগদ্রঞ্জকতামপি সম্ভাব্য তং শরণং যাতি—কস্যাচ্চিদিতি। যস্য শ্রীচৈতন্যস্য কস্মাচ্চিদপ্যাশ্রয়াৎ প্রপত্তের্যঃ প্রক-

র্ষেণ উদ্যন্ উদয়ং প্রাপ্নুবন্ ভক্তৈর্বিলাসন্তেন দীনঃ সর্ব্বশক্তিরহিতোঽপি জনো বিশ্বং জগদপি রঞ্জয়েৎ, তম্ আশ্রয়ে, শরণত্বেন প্রপদ্যে ॥ ১ ॥

প্রত্যহং প্রতিপক্ষঞ্চ প্রতিমাসমপি ক্রমাৎ।
বিলিখ্য কৃত্যমধুনা কাদাচিৎকং বিলিখ্যতে ॥ ২ ॥

অনুবাদ—ইতঃপূর্ব্বে প্রত্যহ কৃত্য, প্রতি পক্ষকৃত্য ও প্রতিমাস কৃত্য ক্রমে লিখিয়া অধুনা কদাচিৎ করণীয় পুরশ্চরণাদি লিখিত হইতেছে ॥ ২ ॥

টীকা—এবমভীষ্টসুসিদ্ধয়ে পরমগুরুং ভগবন্তমাশ্রিত্য ইদানীং বিলাসচতুষ্কেণ লেখ্যং প্রতিজানীতে প্রত্যহমিতি। —প্রত্যহং যৎ কৃত্যং, প্রতিপক্ষঞ্চ যৎ কৃত্যং, প্রতিমাসমপি যৎ কৃত্যং, তৎ ক্রমাৎ যথাক্রমং বিলিখ্যাধুনা কাদাচিৎকং করণীয়ং কৃত্যং কর্ম্ম লিখ্যতে ॥ ২ ॥

অথ পুরশ্চরণম্

শ্রীগুরোর্মন্ত্রমাসাদ্য পুরশ্চরণকর্ম্মণি।
দীক্ষাং কৃত্বা পুনস্তেনানুজ্ঞাতঃ প্রারভেৎ তৎ ॥ ৩ ॥

অনুবাদ—অনন্তর পুরশ্চরণ—শ্রীগুরুদেবের নিকট হইতে দীক্ষামন্ত্র লাভ করিয়া পুনরায় তাঁহার আদেশলাভে মন্ত্রপুরশ্চরণ কার্য্য আরম্ভ করিবে ॥ ৩॥

টীকা—শ্রীগুরোঃ সকাশাৎ পুরশ্চরণকর্ম্মণি নিমিত্তে পুনর্দীক্ষাং কৃত্বা তেন শ্রীগুরুণানুজ্ঞাতঃ সন্ তৎ পুরশ্চরণকর্ম্ম প্রকর্ষেণারভেত। তথা চ ক্রমদীপিকায়াম্—'চৈত্রে কৃত্বৈতন্মাসি কর্ম্মাচ্ছুপক্ষে, পুণ্যর্ক্ষে ভূয়ো দেশিকাৎ প্রাপ্য দীক্ষাম্। স্তেনানুজ্ঞাতঃ পূর্ব্বসেবাং দ্বিতীয়ে, মাসি দ্বাদশ্যামারভেতামলায়াম্' ইতি ॥ ৩॥

অথ পুরশ্চরণাবশ্যকতা

আগমে—

বিনা যেন ন সিদ্ধঃ স্যান্মন্ত্রো বর্ষশতৈরপি।
কৃতেন যেন লভতে সাধকো বাঞ্ছিতং ফলম্ ॥ ৪॥

অনুবাদ—অনন্তর পুরশ্চরণের আবশ্যকতা, আগমে—যে অনুষ্ঠান ব্যতীত মন্ত্র শতবর্ষেও সিদ্ধ না হয় এবং যে অনুষ্ঠান কৃত হইলে সাধক বাঞ্ছিত ফল লাভ করে ॥ ৪ ॥

টীকা—যেন—পুরশ্চরণে ॥ ৪ ॥

পুরশ্চরণসম্পন্নো মন্ত্রো হি ফলদায়কঃ।
অতঃ পুরস্ক্রিয়াং কুর্য্যান্মন্ত্রবিৎ সিদ্ধিকাঙ্ক্ষয়া ॥ ৫ ॥

অনুবাদ—পুরশ্চরণ সম্পন্ন হইলে মন্ত্র নিশ্চয়ই ফলপ্রদ হয়, অতএব মন্ত্রবিৎ সিদ্ধিলাভের ইচ্ছায় পুরশ্চরণ করিবেন ॥ ৫ ॥

কিং হোমৈঃ কিং জপৈশ্চৈব কিং মন্ত্রায়াসবিস্তরৈঃ ?
রহস্যানাং হি মন্ত্রাণাং যদি ন স্যাৎ পুরস্ক্রিয়া ॥৬॥

অনুবাদ—পুরশ্চরণ সম্পন্ন না হইলে হোম, জপ, মন্ত্র বিষয়ক বহু শ্রম এ সকলে কি প্রয়োজন ? মন্ত্র সকলের রহস্যই অজ্ঞাত থাকে ॥ ৬ ॥

টীকা—মন্ত্রেষু আয়াসবিস্তরৈরন্যৈরপি বহুলশ্রমৈঃ কিম্ ॥ ৬ ॥

পুরস্ক্রিয়া হি মন্ত্রাণাং প্রধানং বীর্য্যমুচ্যতে।
বীর্য্যহীনো যথা দেহী সর্ব্বকর্ম্মসু ন ক্ষমঃ।
পুরশ্চরণহীনো হি তথা মন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ ॥ ৭ ॥

অনুবাদ—যেমন দেহধারী বীর্য্যহীন হইলে সকল কর্ম্মে অক্ষম হয়, সেইরূপ পুরশ্চরণ হীন মন্ত্রও অভিলষিত দানে অসমর্থ হয় ॥ ৭ ॥

টীকা—বীর্য্যং শক্তিঃ, বীজমিতি পাঠে কারণং মূলমিত্যর্থঃ ॥ ৭ ॥

অথ পুরশ্চরণমাহাত্ম্যম্

অগস্ত্যসংহিতায়াম্—

সংসারে দুঃখভূয়িষ্ঠে য ইচ্ছেৎ সুখমাত্মনঃ।
পঞ্চাঙ্গোপাসনেনৈব রামং ভজতু ভক্তিতঃ ॥ ৮ ॥

অনুবাদ—অনন্তর পুরশ্চরণ মাহাত্ম্য, অগস্ত্য সংহিতায়—দুঃখ বহুল সংসারে যে মানব নিজ সুখ

ইচ্ছা করেন, পঞ্চাঙ্গ উপাসনা দ্বারাই ভক্তিহেতু রাম-চন্দ্রকে ভজন করুন ॥ ৮ ॥

পঞ্চাঙ্গোপাসনং ভক্তৈঃ পুরশ্চরণমুচ্যতে ।
এতদ্ধি বিদুষাং শ্রেষ্ঠ সংসারচ্ছেদকারণম্ ॥ ৯ ॥

অনুবাদ—ভক্তগণ পঞ্চাঙ্গ উপাসনাকে পুরশ্চরণ বলেন। হে বিদ্বৎবর! ইহাই সংসার খণ্ডনের কারণ ॥ ৯ ॥

টীকা—বিদুষাং শ্রেষ্ঠ হে সুতীক্ষ্ণ ॥ ৯ ॥

নানেন সদৃশো ধর্ম্মো নানেন সদৃশস্তপঃ ।
নানেন সাধনং কিঞ্চিদিষ্টার্থস্য তপোধন ॥ ১০ ॥

অনুবাদ—হে তপোধন! অভিলষিতবস্তু লাভে পুরশ্চরণ সদৃশ ধর্ম্ম নাই, ইহার সদৃশ তপস্যা নাই, ইহার তুল্য সাধন কিছু নাই ॥ ১০ ॥

টীকা—অনেন পুরশ্চরণেন ॥ ১০ ॥

পূজা ত্রৈকালিকী নিত্যং জপস্তর্পণমেব চ ।
হোমো ব্রাহ্মণভুক্তিশ্চ পুরশ্চরণমুচ্যতে ॥ ১১ ॥

অনুবাদ—নিত্য ত্রিকাল পূজা, জপ, তর্পণ, হোম, ব্রাহ্মণ ভোজন—এই পঞ্চাঙ্গকে পুরশ্চরণ বলা হয় ॥১১

টীকা—পঞ্চাঙ্গোপসনমেব বিশিষ্যাহ—পূজেতি ॥১১

গুরোর্লব্ধস্য মন্ত্রস্য প্রসাদেন যথাবিধি ।
পঞ্চাঙ্গোপাসনং সিদ্ধ্যৈ পুরশ্চৈতদ্বিধীয়তে ॥ ১২ ॥

অনুবাদ—শ্রীগুরুদেবের নিকট হইতে প্রাপ্ত মন্ত্রের প্রসন্নতার জন্য যথাবিধি পঞ্চাঙ্গ উপাসনা সিদ্ধির নিমিত্ত প্রথমত যে বিধান তাহাই পুরশ্চরণ ॥ ১২ ॥

টীকা—পঞ্চাঙ্গোপাসনস্যাস্য পুরশ্চরণমিতি নাম নির্ব্বক্তি—গুরোরিতি। গুরোঃ প্রসাদেন লব্ধস্য মন্ত্রস্য, এতৎ পঞ্চাঙ্গোপাসনং পুরঃ প্রথমং বিধীয়ত ইতি পুরশ্চরণমুচ্যত ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। প্রসন্নেনেতি পাঠে প্রসন্নচিত্তেন সতা বিধীয়তে। যদ্বা, ভাবে ক্তপ্রত্যয়ঃ, অর্থঃ পূর্ব্ববদেব ॥ ১২ ॥

নিষ্কামাণামনেনৈব সাক্ষাৎকারো ভবিষ্যতি ।
অর্থসিদ্ধিঃ সকামানাং সর্ব্বাং বৈ
ভক্তিমালভেৎ ॥ ১৩ ॥

অনুবাদ—নিষ্কাম ভক্ত সাধকগণের ইহাতেই শ্রীভগবৎ সাক্ষাৎকার হইবে। সকাম সাধকের অর্থ সিদ্ধি এবং সর্ব্ববিধ ভক্তিলাভ হইয়া থাকে ॥ ১৩ ॥

পঞ্চাঙ্গমেতৎ কুর্ব্বীত যঃ পুরশ্চরণং বুধঃ ।
স বৈ বিজয়তে লোকে বিদ্যৈশ্বর্য্যসুতাদিভিঃ ॥ ১৪ ॥

অনুবাদ—যিনি অভিজ্ঞ তিনি পঞ্চাঙ্গ এই পুরশ্চরণ করিবেন, তিনিই ইহলোকে বিদ্যা, ঐশ্বর্য্য ও পুত্রাদির সহিত বিরাজ করেন ॥ ১৪ ॥

টীকা—বিদ্যাদিভির্লোকে বিজয়তে পরমোৎকৃষ্টো ভবতি ॥ ১৪ ॥

ক্রমদীপিকায়াঞ্চ—

য ইমং ভজতে বিধিং নরো
ভবিতাসৌ দয়িতঃ শরীরিণাম্ ।
অচিরাৎ কমলৈকমন্দিরং
পরমং তে সমুপৈতি তন্মহঃ ॥ ইতি ॥১৫॥

অনুবাদ—ক্রমদীপিকাতেও উক্ত হইয়াছে—যে মানব এই পঞ্চাঙ্গ পুরশ্চরণ বিধি আচরণ করেন, তিনি প্রাণিমাত্রের প্রিয় হন এবং তিনি অচিরে বিদ্যা ও সর্ব্ব সম্পত্তির এক মুখ্য পাত্র হন, আর অন্তিমে পরমজ্যোতি প্রাপ্ত হন ॥ ১৫ ॥

টীকা—বিধিং বিধানং পুরশ্চরণলক্ষণম্, অচিরাৎ শীঘ্রং কমলায়াঃ সর্ব্বসম্পত্তেরেকং মুখ্যং মন্দিরঞ্চ ভাজনং ভবতি। 'অপি বাক্‌কমলৈকমন্দিরম্' ইতি পাঠান্তরে বাচঃ সরস্বত্যাঃ কমলায়াশ্চৈকমন্দিরমপি ভবতি ॥ ১৫ ॥

গোপালোপাসনাগ্রন্থসার-শ্রীক্রমদীপিকাম্ ।
প্রায়োঽনুসৃত্য লিখ্যেত পৌরশ্চরণিকো
বিধিঃ ॥ ১৬ ॥

অনুবাদ—শ্রীগোপাল উপাসনা গ্রন্থসার 'শ্রীক্রম-

দীপিকা' কেশবাচার্য্য বিরচিত নিবন্ধ অধিকভাবে অনুসরণে এই পুরশ্চরণ বিধি লিখিত হইতেছে ॥১৬॥

টীকা—তত্র চ বহুবিধেষু পুরশ্চরণবিধিষু মধ্যে ক্রমদীপিকোক্তানুসারেণ পুরশ্চরণবিধিলিখনং প্রতিজানীতে—গোপালেতি। গোপালোপাসনায়া গ্রন্থেষু মধ্যে সারং শ্রেষ্ঠভূতা যা শ্রীমতী ক্রমদীপিকা তামনুসৃত্য তত্রোক্তানুসারেণেত্যর্থঃ। প্রায়ো বাহুল্যেনেতি তত্তদ্বিশেষযজ্ঞানাদার্থমন্যাকরগ্রন্থোক্তমপি কিঞ্চিদনুসৃত্য লেখ্যমিত্যর্থঃ ॥ ১৬ ॥

———

অথ তত্র স্থাননিয়মঃ

গিরিশৃঙ্গং সরিত্তীরং বিল্বমূলং জলান্তরম্।
গোষ্ঠং বিষ্ণ্বালয়োঽশ্বত্থতলং বাথাম্বুধেস্তটম্ ॥ ১৭ ॥

অনুবাদ—অনন্তর পুরশ্চরণ স্থান নির্ণয়—নদীতীরে, বিল্বমূলে, জলমধ্যে, গোষ্ঠে, বিষ্ণুমন্দিরে, অশ্বত্থ মূলে অথবা সমুদ্রতটে ॥ ১৭ ॥

টীকা—জলস্য অন্তরং মধ্যম্ ॥ ১৭ ॥

———

ক্বচিচ্চ—

পুণ্যক্ষেত্রং নদীতীরং গুহা পর্ব্বতমস্তকম্।
পুণ্যপ্রদেশঃ সিন্ধূনাং সঙ্গমঃ পাবনং বনম্ ॥ ১৮ ॥

অনুবাদ—কোথাও—পুণ্যক্ষেত্রে, নদীতীরে, পর্ব্বতগুহাতে, পর্ব্বতমস্তকে, পুণ্যপ্রদেশে, নদী ও সমুদ্র সঙ্গমে, পবিত্র বনে ॥ ১৮ ॥

———

উদ্যানানি বিবিক্তানি বিল্বমূলং তটং গিরেঃ।
তুলসীকাননং গোষ্ঠং বৃষশূন্যঃ শিবালয়ঃ ॥ ১৯ ॥

অনুবাদ—নির্জ্জন ফল, পুষ্প উদ্যানে, বিল্বমূলে, গিরিতটে, তুলসীকাননে, গোষ্ঠে, বৃষশূন্য শিবালয়ে ॥ ১৯ ॥

———

অশ্বত্থামলকীমূলং গোশালা জলমধ্যতঃ।
দেবতায়তনং কূলঃ সমুদ্রস্য নিজং গৃহম্ ॥ ২০ ॥

অনুবাদ—অশ্বত্থ ও আমলকী মূলে, গোশালাতে, জলমধ্যে, দেবমন্দিরে, সমুদ্রকূলে, নিজ গৃহে ॥ ২০ ॥

টীকা—অশ্বত্থস্য আমলক্যাশ্চ মূলম্ ॥ ২০ ॥

———

গুরূণাং সন্নিধানঞ্চ চিত্তৈকাগ্র্যস্থলং তথা।
প্রেতভূম্যাদিকঞ্চৈব তত্তৎকল্পপ্রকাশিতম্।
এষামন্যতমস্থানমাশ্রিত্য জপমাচরেৎ ॥ ২১ ॥

অনুবাদ—শ্রীগুরু সন্নিধানে, চিত্তের একাগ্রতা সম্পাদন স্থলে, প্রেত ভূমিতেও, বিবিধ শাস্ত্র প্রকাশিত মন্ত্রসাধন স্থানে। ইহাদের যে কোন স্থানে আশ্রয় করিয়া জপ আচরণ কর্ত্তব্য ॥ ২১ ॥

টীকা—তস্য তস্য মন্ত্রসাধনস্য কল্পেন কল্পাখ্যেন শাস্ত্রেণ প্রকাশিতং, এষাং মধ্যে অন্যতমমেকম্ ॥২১॥

———

অন্যত্র চ—

সমুদ্রগায়াঃ সরিতঃ সঙ্গমঃ পাপনাশনঃ।
পশ্চিমাভিমুখং লিঙ্গং পুরাণোক্তং স্বয়ম্ভুবম্ ॥ ২২ ॥

অনুবাদ—অন্যত্রও—সমুদ্রগামী নদী সঙ্গম, পাপনাশন, পশ্চিমাভিলিঙ্গ, পুরাণোক্ত স্বায়ম্ভুবস্থল ॥ ২২ ॥

———

সর্ব্বোৎকৃষ্টং মহাবিষ্ণোঃ স্থানং চান্যন্মনোরমম্।
গৃহং বা শুচি সংস্কার স্বভাবত্যাং প্রসিদ্ধিকৃৎ ॥২৩॥

অনুবাদ—সর্ব্বোৎকৃষ্ট মহাবিষ্ণুর স্থান, অন্য মনোরম পবিত্র গৃহ, সংস্কার দ্বারা শুদ্ধ স্থান বা স্বভাবতঃ প্রকৃষ্ট সিদ্ধিপ্রদ স্থান ॥ ২৩ ॥

টীকা—শুচি পবিত্রং গৃহং বা সংস্কারেণ স্থানাদিশোধনেন, স্বভাবেন চ নিজ সৌশীল্যেন প্রকৃষ্টাং করোতীতি তথা; এতচ্চ সর্ব্বেষামেব বিশেষণম্ ॥ ২৩ ॥

———

অথ স্থানবিশেষে ফলবিশেষঃ

উক্তঞ্চ শ্রীযাজ্ঞবল্ক্যেন—

গৃহে হ্যেকগুণং জপ্যং নদ্যাস্তু দ্বিগুণং স্মৃতম্।
গবাং গোষ্ঠে দশগুণং অগ্ন্যাগারে দশাধিকম্ ॥ ২৪ ॥

অনুবাদ—অনন্তর স্থান বিশেষে ফল বিশেষ, শ্রীযাজ্ঞবল্ক্য বলিয়াছেন—গৃহে একগুণ জপের ফল, নদীতে দ্বিগুণ, গোগণের গোষ্ঠে দশগুণ, অগ্নিগৃহে বিশগুণ ॥ ২৪ ॥

টীকা—জপ্যং জপঃ, জপফলং বা ॥ ২৪ ॥

সিদ্ধক্ষেত্রেষু তীর্থেষু দেবতানাঞ্চ সন্নিধৌ।
সহস্রং শতকোটীনামনন্তং বিষ্ণুসন্নিধৌ ॥ ২৫ ॥

অনুবাদ—সিদ্ধক্ষেত্রসমূহে, তীর্থস্থানে, শ্রীরুদ্রাদি দেবতাগণের নিকটে সহস্রশত কোটিগুণ, বিষ্ণুর নিকটে অনন্তগুণ ॥ ২৫ ॥

টীকা—দেবতানাং—শ্রীরুদ্রাদীনাম্ ॥ ২৫ ॥

অথ তত্র ভূমিপরিগ্রহঃ

শুভে দিনে চ সঙ্কল্প্য স্ববিহারাদি হেতবে।
ক্রোশমেকমুভৌ বা তৌ স্বক্ষেত্রং পরিকল্পয়েৎ ॥২৬॥

অনুবাদ—অনন্তর সেইস্থলে ভূমি গ্রহণ—শুভ-দিনে সঙ্কল্প করিয়া নিজ ভ্রমণ পদ সঞ্চারণাদির জন্য এক বা দুই ক্রোশ নিজক্ষেত্র পরিকল্পনা করিবে ॥২৬

টীকা—আদি-শব্দেন আহারাদি-চেষ্টা, তৌ ক্রোশৌ ব্যাপ্য ॥ ২৬ ॥

ক্ষীরিবৃক্ষভবানষ্ট কীলকান্ দ্বাদশাঙ্গুলান্।
দশকৃত্বোঽস্ত্রমন্ত্রেণ প্রত্যেকমভিমন্ত্রয়েৎ ॥ ২৭ ॥

অনুবাদ—ক্ষীরি বৃক্ষের অষ্টকীলক দ্বাদশাঙ্গুল পরিমিত দশবার অস্ত্রমন্ত্র দ্বারা প্রতেকটিতে মন্ত্রপূত করিবে ॥ ২৭ ॥

ততোঽভ্যর্চ্চ্যাষ্ট দিক্পালান্ ক্ষেত্রপালঞ্চ মধ্যতঃ।
বলিং দত্ত্বা চ নিখনেৎ কীলকানষ্টদিক্ষু তান্ ॥২৮॥

অনুবাদ—অনন্তর অষ্টদিক্পালকে ও মধ্যে ক্ষেত্রপালকে পূজা উপহার দিয়া অষ্টদিকে অষ্টকিল স্থাপন করিবে ॥ ২৮ ॥

তথা চাগমে—

গ্রামে ক্রোশমিতং স্থানং নদ্যাদৌ স্বেচ্ছয়া মিতম্।
নগরাদাবথ ক্রোশং ক্রোশযুগ্মমথাপি বা।
আহারাদিবিহারার্থং তাবতীং ভূমিমাক্রমেৎ ॥ ২৯ ॥

অনুবাদ—ঐরূপ আগমে—গ্রামে একক্রোশ পরি-মিত স্থান, নদীতীরে স্বেচ্ছামত স্থান, নগরাদিতে এক বা দুই ক্রোশ পরিমিত স্থান। আহার বিহারাদির জন্য ঐ পরিমিত ভূমি চিহ্নিত করিবে ॥ ২৯ ॥

ক্ষীরিবৃক্ষোদ্ভবান্ কীলানস্ত্রমন্ত্রাভিমন্ত্রিতান্।
নিখনেদ্দশদিগ্‌ভাগে তেষ্বস্ত্রঞ্চ প্রপূজয়েৎ ॥ ৩০ ॥

অনুবাদ—ক্ষীরিকাষ্ঠ নির্ম্মিত কীল সমূহ অস্ত্র মন্ত্র দ্বারা পূত করিয়া দশদিকে প্রোথিত করিবে এবং তাহাতে অস্ত্রকেও পূজা করিবে ॥ ৩০ ॥

ক্ষেত্রে চ কীলিতে মন্ত্রী ন বিঘ্নৈঃ পরিভূয়তে।
ক্ষেত্রপালাদিকং তত্র পূজয়েদ্বিধিবত্ততঃ ॥ ৩১ ॥
দিক্পতিভ্যো বলিং দত্ত্বা ততঃ ক্ষেত্রং সমাশ্রয়েৎ।
ক্ষেত্রমধ্যং সমাশ্রিত্য কূর্ম্মচক্রং বিচিন্তয়েৎ ॥ ৩২ ॥

অনুবাদ—ক্ষেত্রে কীল প্রোথিত করিলে মন্ত্রজপ-কারী বিঘ্নসমূহ দ্বারা পরাভূত হয় না। অনন্তর সেই স্থলে ক্ষেত্রপালাদির বিধিবৎ পূজা করিবে। দিক্পতিগণকে পূজোপহার দিয়া অনন্তর ক্ষেত্রে আশ্রয় করিবে। ক্ষেত্রমধ্যে আশ্রয় করিয়া কূর্ম্মচক্র বিশেষ ভাবে চিন্তা করিবে ॥ ৩১-৩২ ॥

কিঞ্চ—

কূর্ম্মচক্রেণ সংশোধ্য দীপস্থানে কুটীং শ্রয়েৎ।
চতুরস্র-চতুর্হস্তাং হস্তোন্নতসুবেদিকাম্ ॥ ৩৩ ॥

অনুবাদ—আরও—কূর্ম্মচক্র দ্বারা ক্ষেত্র শোধন করিয়া দীপস্থানে কুটির নির্ম্মাণ করিবে, উহা দৈর্ঘ্য-প্রস্থে চারিহাত, একহাত উচ্চ সুন্দর বেদির স্বরূপ হইবে ॥ ৩৩ ॥

টীকা—কুটীং বিশিনষ্টি—চতুরস্রেতি সাধেন ॥ ৩৩

চন্দ্রাতপপতাকাভ্যাং তোরণৈরপ্যলঙ্কৃতাম্ ।
বিবিক্তামভিলিপ্তাঞ্চ প্রাকারেণাভিবেষ্টিতাম্ ॥
ইতি ॥ ৩৪ ॥

অনুবাদ—উপরে চন্দ্রাতপ, চতুর্দ্দিকে পতাকা, চতুর্দ্দিকে তোরণ দ্বার সমূহদ্বারা অলঙ্কৃত, নির্জ্জন গোময়াদি দ্বারা চতুর্দ্দিকে লিপ্ত, প্রাচীর দ্বারা চতুর্দ্দিক বেষ্টিত হইবে ॥ ৩৪ ॥

———

অথ কূর্ম্মচক্রম্

তদুক্তম্—

বর্ত্তুলং নবকোষ্ঠং তৎ কৃত্বা কূর্ম্মাকৃতিং লিখেৎ ।
কূর্ম্মস্যাঙ্গানি চাষ্টৌ স্যুর্মুখং হস্তৌ চ পার্শ্বকৌ ।
পাদৌ পুচ্ছমিতি প্রোক্তং প্রশস্তং মুখমেব তু ॥ ৩৫ ॥

অনুবাদ—অনন্তর কূর্ম্মচক্র আসন, তাহা কথিত হইয়াছে, যথা—গোলাকৃতি, নয়টি প্রকোষ্ঠে বিভক্ত করিয়া কূর্ম্মাকৃতি লিখিবে। কূর্ম্মের অঙ্গ আটটি হইবে—মুখ, দুইহস্ত, পার্শ্বদ্বয়, চরণদ্বয় ও পুচ্ছ বলা হইয়াছে,তন্মধ্যে মুখ স্থানই মন্ত্রজপে প্রশস্ত ॥ ৩৫ ॥

টীকা—যথা কূর্ম্মস্যাঙ্গানি, তথাত্রাষ্টকোষ্ঠানীত্যেবং কূর্ম্মাকৃতিত্বে হেতুমাহ—কূর্ম্মস্যেতি ॥ ৩৫ ॥

———

স্বরদ্বন্দ্বং ক্রমাদ্দিক্ষু পূর্ব্বাদিষ্বষ্টসু ন্যসেৎ ।
তথা কাদীন্ সপ্তবর্গান্ ন্যসেচ্ছিবদিশং বিনা ॥ ৩৬॥
গ্রাম-নামাদ্যবর্ণস্তু যস্যাং দিশি চ তিষ্ঠতি ।
তত্র কূর্ম্মমুখং জ্ঞেয়মন্যাঙ্গানীতরত্র চ ॥ ৩৭ ॥

অনুবাদ—পূর্ব্বাদি অষ্টদিকে অ আ, ই ঈ, উ ঊ, ইত্যাদি ক্রমে দুই দুইটি স্বরবর্ণ বসাইবে। পরে ক বর্গ আদি সপ্তবর্গ ঈশান কোন ব্যতীত এবং শেষে ক্ষ অং অঃ অষ্টম প্রকোষ্ঠে করিবে ঈশান বসিবে ঈশান কোণে। গ্রামের নামের আদ্য বর্ণ যে দিকে থাকিবে, সেখানেই কূর্ম্মের মুখ জানিবে, অন্য অঙ্গসমূহ অন্যত্র ॥ ৩৬-৩৭ ॥

টীকা—স্বরাণাম্ অকারাদীনাং ষোড়শানাং দ্বন্দ্বম্, অ-আ-ইত্যাবম্ অষ্টযুগলং পূর্ব্বাদিষু অষ্টসু দিক্ষু তত্রত্যকোষ্ঠেষু ন্যসেৎ। কাদরঃ পঞ্চবর্গাঃ, যাদয়োঽষ্টস্থা একো বর্গঃ। শাদয় উষ্মানশ্চৈকো বর্গঃ। এবং সপ্ত বর্গান্ সপ্তদিক্ষু ন্যসেৎ। শিবদিশং বিনেতি—ঐশান্যাং ন কিঞ্চিন্ন্যসেদিত্যর্থঃ ॥ ৩৬ ॥

টীকা—গ্রাম-শব্দেন কৃত্যজপক্ষেত্রং, তস্য যন্নাম মথুরাদি, তস্যাদ্যো বর্ণঃ মকারাদিরিত্যর্থঃ। তথা চ সারদাতিলকে—'চতুরস্রাং ভুবং ভিত্ত্বা কোষ্ঠানাং নবকং লিখেৎ। পূর্ব্বকোষ্ঠাদি বিলিখেৎ সপ্তবর্গাননুক্রমাৎ। লক্ষমীশে মধ্যকোষ্ঠে স্বরযুগ্মং ক্রমাল্লিখেৎ। দিক্ষু পূর্ব্বাদিতো যত্র ক্ষেত্রাখ্যাদ্যাক্ষরং স্থিতম্ মুখং তত্তস্য জানীয়াৎ ইতি ॥ ৩৭ ॥

———

ক্বচিচ্চ—

স্বরযুগ্মং ক্রমেণৈব ঐন্দ্রাদ্যষ্টসু দিক্ষু চ ।
কাদীন্ বর্গান্ ক্ষমৈশান্যান্তথা মধ্যস্থলাধিপম্ ॥৩৮॥
তন্নামাদ্যাক্ষরং যত্র কূর্ম্মাস্যং তচ্চ দীপকম্ ।
তৎপার্শ্ব কোষ্ঠৌ হস্তৌ দ্বাবধোধঃ
কুক্ষিপাদকৌ ॥ ৩৯ ॥
শেষকোষ্ঠং ভবেৎ পুচ্ছং মুখে সিদ্ধিরনুত্তমা ।
করস্থানে মহাক্লেশঃ কুক্ষৌ দুঃখমবাপ্নুয়াৎ ॥ ৪০ ॥

অনুবাদ—কোথাও—দুই দুই স্বরক্রমে পূর্ব্বাদি অষ্টদিকে এবং ক বর্গাদি ক্রমে সপ্তবর্গ সপ্তকোষ্ঠে, আর ঈশান কোণে ক্ষ, মধ্যস্থলে অধিপতি। সাধকের নামের আদ্য অক্ষর যেখানে আছে, তাহাই কূর্ম্মের মুখ, তাহাই মন্ত্র দীপক। মুখের পার্শ্ব কোষ্ঠদ্বয়, হস্তদ্বয়, তাহার নীচে দুই পার্শ্ব, তাহার নীচে দুই কোষ্ঠ পদদ্বয়, শেষ কোষ্ঠ পুচ্ছ হইবে, মুখে আসন করিয়া বসিলে উত্তম সিদ্ধি লাভ, কর স্থানে মহাক্লেশ, কুক্ষিদ্বয়ে দুঃখ প্রাপ্তি ॥ ৩৮-৪০ ॥

টীকা—কেষাঞ্চিন্মতে ক্ষেত্রাধিপস্য নামাদ্যাক্ষরমিতি মতান্তরং দর্শয়ন্ হস্তাদিবিভাগং তত্তৎফলাদিকঞ্চ লিখতি—স্বরযুগ্মমিতি পঞ্চভিঃ। কাদীংশ্চ বর্গান্ ক্রমেণৈবেন্দ্রাদ্যষ্টদিক্ষু লিখেৎ। ক্ষকারঞ্চ ঐশান্যাঃ দিশি। স্থলাধিপঞ্চাধিষ্ঠাতারং মধ্যে কোষ্ঠে লিখেৎ ॥ ৩৮ ॥

টীকা—তস্য স্থলাধিপস্য যন্নাম, তদাদ্যাক্ষরং যৎ স্যাত্তৎ কূর্ম্মস্যাস্যং, তচ্চ দীপকং দীপস্থানমিত্যর্থঃ। তথা চোক্তং—'যুগ্মং স্বরাণাং ক্রমতো বিলিখ্য

কাদীংশ্চ বর্গান্ ক্রমতঃ ক্ষমীশে। স্থানাধিপস্যাক্ষর-মস্তি যত্র, তং দীপদেশং মুনয়ো বদন্তি' ইতি ॥ ৩৯ ॥

পাদে হানিস্তথা পুচ্ছে পীড়া স্যাদ্বন্ধনানি চ।
দীপস্থানে জপঃ কার্য্যঃ সর্ব্বকার্য্যমভীপ্সুভিঃ ॥ ৪১ ॥

অনুবাদ—পদে ক্ষতি, পুচ্ছে পীড়া ও বন্ধনাদি। দীপ স্থানে মুখে বসিয়া জপ কর্ত্তব্য সর্ব্বকার্য্যে সিদ্ধি-লাভের ইচ্ছায় ॥ ৪১ ॥

কূর্ম্মচক্রমবিজ্ঞায় যঃ কুর্য্যাজ্জপসংজ্ঞকম্।
তস্য জপ্যফলং নাস্তি সর্ব্বানর্থায় কল্পতে ॥ ৪২ ॥

অনুবাদ—যে মানব কূর্ম্মচক্র না জানিয়া জপ করিবে, তাহার জপফল নাই, সকলই নিষ্ফল হয় ॥৪২

অথ ভক্ষ্যনিয়মঃ

তন্ত্রে—

শাকং মূলং ফলং বাপি গব্যং ক্ষীরঞ্চ বা দধি।
সাধুভ্যো ভৈক্ষমন্নং বা শক্তবঃ পায়সং হি বা ॥৪৩॥

অনুবাদ—অথ ভক্ষ্য নিয়ম, তন্ত্রে—শাক, মূল, ফল অথবা গব্য দুগ্ধ বা দধি, সাধুগণের-গৃহ হইতে ভিক্ষা লব্ধ অন্ন বা যব, ছাতু বা পায়স ॥ ৪৩ ॥

টীকা—শক্তবো যবনির্ম্মিতো জ্ঞেয়াঃ। তথা চ সারদাতিলকে—'ভৈক্ষ্যং হবিষ্যং শাকানি বিহিতানি ফলং পয়ঃ। মূলং শক্তুর্যবোৎপন্নো ভক্ষ্যাণ্যেতানি মন্ত্রিণাম্' ইতি ॥ ৪৩ ॥

বৈদিকাচারযুক্তানাং শুচীনাং শ্রীমতাং সতাম্।
সৎকুলস্থানজাতানাং ভিক্ষাশীলোঽগ্রজন্মনাম্ ॥ ৪৪॥

অনুবাদ—বৈদিক আচারযুক্ত পবিত্র সম্পত্তিমান্ সাধুদের, সৎকুলস্থান জাত ব্রাহ্মণ গৃহে ভিক্ষাশীল ॥ ৪৪ ॥

ভুঞ্জানো বা হবিষ্যান্নং শাকং যাবকমেব বা।
পয়ো মূলং ফলং বাপি যদ্যদ্যত্রোপপদ্যতে ॥ ৪৫ ॥

অনুবাদ—হবিষ্যান্ন ভোগী, শাক, যাবক, দুগ্ধ, মূল, ফল, অথবা যে যে দ্রব্য যে স্থানে অনায়াসে লভ্য হয়, তাহাই ভক্ষণশীল ॥ ৪৫ ॥

টীকা—উক্তানাং মধ্যে যদ্যদ্দ্রব্যমনায়াসেন যত্রো-পপদ্যতে, তদেব বা ভুঞ্জানঃ ॥ ৪৫ ॥

নারদপঞ্চরাত্রে—

মৃদু কোষ্ণং সুপক্কঞ্চ কুর্য্যাদ্বৈ লঘুভোজনম্।
নেন্দ্রিয়াণাং যথা বৃদ্ধিস্তথা ভুঞ্জীত সাধকঃ ॥ ৪৬ ॥

অনুবাদ—নারদ পঞ্চরাত্রে—মৃদু ঈষদুষ্ণ সুপক্ক লঘু ভোজন করিবে। যাহাতে ইন্দ্রিয়গণের উত্তেজনা না হয় সাধক সেইরূপ ভোজন করিবে ॥ ৪৬ ॥

কিঞ্চ—

ব্রহ্মপত্রে চ ভুঞ্জীত মধ্যপত্রবিবর্জ্জিতে।
দক্ষং ব্রহ্মোত্তরং বিষ্ণুর্মধ্যপত্রং মহেশ্বরঃ ॥ ৪৭ ॥

অনুবাদ—আরও—পলাশপত্রের মধ্যপত্র বর্জ্জন পূর্ব্বক তাহাতে ভোজন করিবে, দক্ষিণে ব্রহ্মা, বামে বিষ্ণু, মধ্য পত্রে মহেশ্বর ॥ ৪৭ ॥

টীকা—ব্রহ্ম পলাশবৃক্ষস্তস্য পত্রে, পত্রেষ্বিতি পাঠে মধ্যপত্রং বিবর্জ্জয়েদিতি পাঠঃ। দক্ষ দক্ষিণপত্রম্। উত্তরং বামপত্রম্ ॥ ৪৭ ॥

অথাবশ্যবর্জ্জ্যানি

সংহিতাসু—

মধু মাংসং তথা ক্ষারলবণং তৈলমেব চ।
ছিন্নং পর্য্যুষিতঞ্চৈব নিঃস্নেহং কীটদূষিতম্ ॥ ৪৮ ॥
কাঞ্জিকং গৃঞ্জনং বিল্বং কলঞ্জং লশুনং বিসম্।
মসূরং কোদ্রবং মাষং মণ্ডুকং চণকাদিকম্।
তাম্বূলং কাংস্যপাত্রঞ্চ দিবাভোজনমেব চ ॥ ৪৯ ॥

অনুবাদ—অনন্তর অবশ্য বর্জ্জনীয়—সংহিতা সমূহে মধু, মাংস, ক্ষারলবণ, তৈল, সিদ্ধ, চাউল, বাসি, স্নেহহীন, কীট দুষ্ট, কাঞ্জি, গাঁজর, বেল, কলঞ্জ, লশুন, পদ্মনাল, মসূর, কোদো, মাষ, মাণ্ডিয়া, চণক, তাম্বূল, কাংস্য পাত্র দিবা, ভোজন ॥ ৪৮-৪৯ ॥

টীকা—নিঃস্নেহং—রুক্ষম্ ॥ ৪৮ ॥

টীকা—বিষমিতি মূর্দ্ধন্যান্তপাঠে ঔষধাদিপ্রযুক্ত-মপি। আদি-শব্দেন রাজমাষাদি ॥ ৪৯ ॥

কিঞ্চ—

অসৎসঙ্গং পরান্নঞ্চ বর্জ্জয়েদন্যপূজনম্।
বিনা কর্ম্মোচিতং নিত্যমথ নৈমিত্তিকঞ্চরেৎ ॥ ৫০ ॥

অনুবাদ—আরও—অসৎসঙ্গ, পরান্ন ও অন্য দেব পূজন বর্জ্জন করিবে, নিজ বর্ণাশ্রম যোগ্য, নিত্য নৈমিত্তিক যে কর্ম্ম, তদ্ব্যতীত অন্য কাম্য কর্ম্ম বর্জ্জন করিবে ॥ ৫০ ॥

টীকা—উচিতং নিজবর্ণাশ্রমযোগ্যং নিত্যং নৈমি-ত্তিকঞ্চ যৎ কর্ম্ম, তদ্বিনাহন্যৎ কাম্যং বর্জ্জয়েদিত্যর্থঃ ॥ ৫০ ॥

স্ত্রী-শূদ্র-পতিত-ব্রাত্য-নাস্তিকোচ্ছিষ্টভাষণম্।
অসত্যভাষণং জৈহ্ম্যভাষণঞ্চ পরিত্যজেৎ ॥ ৫১ ॥

অনুবাদ—নারী, শূদ্র, পতিত, ব্রাত্য, সংস্কারশূন্য নাস্তিক ও উচ্ছিষ্ট ব্যক্তির সহিত ভাষণ, মিথ্যা-ভাষণ, কুটিলভাষণ পরিত্যাগ করিবে ॥ ৫১ ॥

সত্যেনাপি ন ভাষেত জপহোমার্চ্চনাদিষু।
বর্জ্জয়েদ্গীতবাদ্যাদিশ্রবণং নৃত্যদর্শনম্ ॥ ৫২ ॥

অনুবাদ—জপ, হোম ও অর্চ্চনকালে সত্য বাক্যও বলিবে না, গীত, বাদ্যাদি শ্রবণ ও নৃত্য দর্শন বর্জ্জন করিবে ॥ ৫২ ॥

অভ্যঙ্গং গন্ধলেপঞ্চ পুষ্পধারণমেব চ।
মৈথুনং তৎকথালাপং তদ্গোষ্ঠীং পরিবর্জ্জয়েৎ ॥৫৩

অনুবাদ—তৈল মর্দ্দন, গন্ধলেপন, পুষ্প ধারণ বর্জ্জন করিবে, মৈথুন, গ্রাম্য কথা, আলাপ এবং ঐ গোষ্ঠী পরিবর্জ্জন করিবে ॥ ৫৩ ॥

অস্নাতাংশ্চ দ্বিজান্ শূদ্রান্ স্ত্রিয়ো নৈব স্পৃশেত্তথা।
ত্যজেদুষ্ণোদকস্নানমনিবেদিতভোজনম্ ॥ ৫৪ ॥

অনুবাদ—অস্নাত দ্বিজ, শূদ্র, স্ত্রীলোকগণকে স্পর্শ করিবে না, গরমজলে স্নান, অপ্রসাদাদি ভোজন নিষেধ ॥ ৫৪ ॥

কিঞ্চ—

বিহায় বহ্নিং ন হি বস্তু কিঞ্চিদ্-
গ্রাহ্যং পরেভ্যঃ সতি সম্ভবে চ।
অসম্ভবে তীর্থবহির্বিশুদ্ধাৎ
পর্ব্বাতিরিক্তে প্রতিগৃহ্য জপ্যাৎ ॥ ৫৫ ॥

অনুবাদ—আরও—সম্ভব হইলে অগ্নি ব্যতীত অন্য কোন বস্তু পরের নিকট হইতে গ্রহণ করিবে না, অভাব স্থলে তীর্থের বাহিরে পর্ব্ব ব্যতীত অন্য কালে পবিত্র ব্যক্তির নিকট হইতে কিছু গ্রহণ করিয়া জপ করিবে ॥ ৫৫ ॥

তত্রাসমর্থোহনুদিনং বিশুদ্ধাদ্
যাচেত যাবদ্দিনমাত্রভক্ষ্যম্।
গৃহ্ণাতি রাগাদধিকং ন সিদ্ধিঃ
প্রজায়তে কল্পশতৈরমুষ্য ॥ ৫৬ ॥

অনুবাদ—অসমর্থ পক্ষে প্রতিদিন পবিত্র ব্যক্তির নিকট হইতে মাত্র একদিনের ভক্ষ্য ভিক্ষা লইবে। অনুরাগবশতঃ অধিক গ্রহণ করিলে উহার শতকল্পেও মন্ত্র সিদ্ধি হইবে না ॥ ৫৬ ॥

অথ কৃত্যানি

বৈশম্পায়নসংহিতায়াম্—

স্নানং ত্রিসবনং প্রোক্তমশক্তৌ দ্বিঃ সকৃত্তথা।
অস্নাতস্য ফলং নাস্তি ন বা তর্পয়তঃ পিতৄন্ ॥ ৫৭ ॥

অনুবাদ—অথ কৃত্যসমূহ, বৈশম্পায়ন সংহিতায় —ত্রিসন্ধ্যা স্নান কর্ত্তব্য, অসমর্থ পক্ষে দুই বা এক-বার স্নান, অস্নাত ব্যক্তির ফল নাই, পিতৃ-পুরুষগণের তর্পণ না করিলে নিষ্ফল ॥ ৫৭ ॥

শয়ীত দর্ভশয্যায়াং শুচিঃ প্রযতমানসঃ।
তদ্বাসঃ ক্ষালয়েন্নিত্যমন্যথা বিভ্রমাবহেৎ ॥ ৫৮ ॥

অনুবাদ—কুশ শয্যায় শয়ন করিবে, পবিত্র সংযত চিত্ত, শয্যাবস্ত্র নিত্য ধৌত করিবে, তাহা না হইলে বিঘ্ন উপস্থিত হইবে ॥ ৫৮ ॥

টীকা—তদ্বাসঃ শয়নবাসঃ, যদ্বা, যেন বাসসা জপ্তং তৎ ॥ ৫৮ ॥

কিঞ্চান্যত্র—

মন্ত্র সাধয়মানস্তু ত্রিসন্ধ্যং দেবমর্চ্চয়েৎ ।
দ্বিসন্ধ্যমেকসন্ধ্যং বা ন মন্ত্রং কেবলং জপেৎ ॥ ৫৯॥

অনুবাদ—আরও অন্যত্র—মন্ত্র-সাধক ত্রিসন্ধ্যা ইষ্টদেবের অর্চ্চন করিবে, অথবা দ্বিসন্ধ্যা বা এক-সন্ধ্যা, পূজা ব্যতীত কেবল মন্ত্রজপ করিবে না ॥৫৯॥

একগ্রামস্থিতো নিত্যং গত্বা বন্দেত স্বং গুরুম্ ।
নিত্যং নৈমিত্তিকং কুর্য্যাৎ সঙ্গমং সাধুভিঃ সদা ॥৬০

অনুবাদ—শ্রীগুরুদেব একগ্রামে অবস্থান করিলে নিত্য শ্রীগুরুদেবের নিকট গিয়া চরণ বন্দনা করিবে, সর্ব্বদা সাধুগণের সঙ্গে নিত্য নৈমিত্তিক কার্য্য করিবে ॥ ৬০ ॥

স্নায়াচ্চ পঞ্চগব্যেন কেবলামলকেন বা ।
শ্রুতিস্মৃতিপুরাণোক্তমন্ত্রৈঃ স্নায়াদনন্তরম্ ॥ ৬১ ॥

অনুবাদ—প্রথমে পঞ্চগব্য দ্বারা স্নান বা আমলকী ফল বাটা দ্বারা স্নান করিবে, পরে শ্রুতিস্মৃতি পুরাণোক্ত মন্ত্রদ্বারা স্নান করিবে ॥ ৬১ ॥

কিঞ্চ—

গ্রাসদানাদিনা কুর্ব্বন্ গবাং শুশ্রূষণং সদা ।
ভূতানুকম্পী প্রজপেৎ শুভ্রপদ্মাক্ষমালয়া ॥ ৬২ ॥

অনুবাদ--আরও—গোগ্রাস দানাদি দ্বারা সর্ব্বদা গোগণের শুশ্রূষা করিবে, প্রাণিগণের প্রতি দয়ালু হইয়া শ্বেত পদ্মবীজ মালায় জপ করিবে ॥ ৬২ ॥

পঞ্চবিংশতিবারাংশ্চ প্রজপ্তেন স্বমন্ত্রতঃ ।
শিরোঽম্ভসাভিষিঞ্চেত্ত্রিঃ স্নানকালে নিজং বুধঃ ॥ ৬৩

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি নিজ স্নানকালে ইষ্টমন্ত্র পঁচিশবার জপ করিয়া তিনবার মস্তকে জল সেচন করিয়া স্নান করিবে ॥ ৬৩ ॥

টীকা—পঞ্চবিংশতিবারান্ স্বমন্ত্রতো নিজমন্ত্রেণ জপ্তমভিমন্ত্রিতং যদম্ভো জলং, তেন নিজশিরো বারত্রয়মভিষিঞ্চেৎ ॥ ৬৩ ॥

তথৈবাচমনং কুর্য্যাদ্ভোজনাবসরেঽপি চ ।
অন্নঞ্চ সপ্তকৃত্বস্তন্মন্ত্রজপ্তং হি ভক্ষয়েৎ ॥ ৬৪ ॥

অনুবাদ—ঐরূপই আচমন করিবে, ভোজনকালেও অন্নকে সাতবার ইষ্টমন্ত্রে অভিনন্দিত করিয়া ভক্ষণ করিবে ॥ ৬৪ ॥

টীকা—তথৈবেতি—পঞ্চবিংশতিবার-স্বমন্ত্রজপ্তেন জলেন স্নানকালে ভোজনকালে চাচমনং কুর্য্যাদিত্যর্থঃ। তেন স্বকীয়েন মন্ত্রেণ জপ্তম্। তথা চ ক্রমদীপিকায়াম্—কুর্ব্বন্নাত্মীয়ং কর্ম্ম বর্ণাশ্রমস্থং, মন্ত্রং জপ্তাদ্ভিঃ স্নানকালেঽভিষিঞ্চেৎ। আচামপাথস্তত্ত্বসংখ্যং প্রজপ্তং ভুঞ্জানশ্চান্নং সপ্তজপ্তাম্বর্চ্চ্যমিতি ॥ ৬৪ ॥

কিঞ্চ—

যস্য দেবে চ মন্ত্রে চ গুরৌ ত্রিষ্বপি নিশ্চলা ।
ন ব্যবচ্ছিদ্যতে বুদ্ধিস্তস্য সিদ্ধিরদূরতঃ ॥ ৬৫ ॥

অনুবাদ—আরও—যে সাধকের ইষ্টদেবে, মন্ত্রে ও শ্রীগুরুদেবে তিনেতেই নিশ্চলা বুদ্ধি ছিন্ন হয় না, তাহার সিদ্ধি নিকটে ॥ ৬৫ ॥

টীকা—ন ব্যবচ্ছিদ্যতে, ন ভিদ্যতে ॥ ৬৫ ॥

মন্ত্রাত্মা দেবতা জ্ঞেয়া দেবতা গুরুরূপিণী ।
তেষাং ভেদো ন কর্ত্তব্যো যদীচ্ছেদিষ্টমাত্মনঃ ॥ ৬৬

অনুবাদ—মন্ত্রস্বরূপ ইষ্টদেবকে জানিবে, ইষ্টদেব শ্রীগুরুরূপধারী, তাহাদের ভেদ বুদ্ধি কর্ত্তব্য

নহে, যদি সাধক নিজ মঙ্গলকামী হন ॥ ৬৬ ॥

টীকা—মন্ত্রাত্মা—মন্ত্রাত্মিকা ॥ ৬৬ ॥

অথাসননিয়মঃ

সর্ব্বসিদ্ধ্যৈ ব্যাঘ্রচর্ম্ম জ্ঞানসিদ্ধ্যৈ মৃগাজিনম্ ।
বস্ত্রাসনং রোগহরং বেত্রজং শ্রীবিবর্দ্ধনম্ ।
কৌশেয়ং পৌষ্টিকং প্রোক্তং কম্বলং দুঃখমোচনম্ ॥ ৬৭ ॥

অনুবাদ—অনন্তর আসন নিয়ম—সর্ব্বসিদ্ধির জন্য ব্যাঘ্রচর্ম্মাসন, জ্ঞানসিদ্ধির জন্য মৃগচর্ম্ম, বস্ত্রের আসন রোগহারী, বেত্রাসন সম্পদ বৃদ্ধি কর, তসর আসন পুষ্টিকর এবং কম্বল আসন দুঃখমোচন উক্ত আছে ॥ ৬৭ ॥

অভিচারে কৃষ্ণবস্ত্রং রক্তং বশ্যাদিকর্ম্মণি ।
শান্তিকে ধবলং প্রোক্তং বিচিত্রং সর্ব্বকর্ম্মসু ॥ ৬৮ ॥

অনুবাদ—কৃষ্ণবর্ণ বস্ত্র শত্রু নিগ্রহে, রক্তবর্ণ বস্ত্র বশীকরণে, শান্তিকার্য্যে শ্বেতবস্ত্র, বিচিত্র বর্ণ বস্ত্র সর্ব্বকর্ম্মে উপযুক্ত ॥ ৬৮ ॥

টীকা—কর্ম্মবিশেষে বস্ত্রাদীনাং বর্ণবিশেষং লিখতি—অভিচার ইতি । চিত্রকং বিবিধবর্ণম্ ॥ ৬৮ ॥

কিঞ্চ—

কুশাজিনাম্বরেণাঢ্যং চতুরস্রঃ সমন্ততঃ ।
একহস্তং দ্বিহস্তং বা চতুরঙ্গুলমুচ্ছ্রিতম্ ॥ ৬৯ ॥

অনুবাদ—আরও—কুশ, মৃগচর্ম্ম বস্ত্রাবৃত চতুর্দিকে সমান এক হস্ত বা দুই হস্ত, চারি অঙ্গুলি উচ্চ হইবে ॥ ৬৯ ॥

অথ জপমালা তন্নিত্যতা চ

বারাহে—

যস্তু ভাগবতো ভূত্বা ন গৃহ্ণাতি গণিত্রিকাম্ ।
আসুরী তস্য দীক্ষা তু ন সা ধর্ম্মায় বিদ্যতে ॥ ৭০ ॥

অনুবাদ—অনন্তর জপমালা ও তাহার নিত্যতা, বরাহপুরাণে—যিনি ভগবদ্ভক্ত হইয়া জপমালা গ্রহণ না করেন, তাহারা দীক্ষা আসুরী, ঐ দীক্ষা ধর্ম্মের নিমিত্ত হয় না ॥ ৭০ ॥

টীকা—গণ্যতেঽনয়েতি গণিত্রিকা জপমালা, তাম্ ॥ ৭০ ॥

গণিত্রিকাং গৃহীত্বা যো মন্ত্রং চিন্তয়তে বুধঃ ।
জন্মান্তরসহস্রাণি চিন্তিতোঽহঞ্চ তেন বৈ ।
মাঙ্গল্যা কুশলা সিদ্ধা সর্ব্বসংসারমোক্ষণী ॥ ৭১ ॥

অনুবাদ—জপমালিকা গ্রহণ করিয়া সুবুদ্ধিমান যিনি মন্ত্র স্মরণ করেন, তাহা কর্ত্তৃক আমিও সহস্র-জন্ম চিন্তিত হই । তদীয়া সেই জপমালা মঙ্গলময়ী কুশলা সিদ্ধিদাত্রী সর্ব্ববিধ সংসারপাশমোচনী ॥ ৭১॥

টীকা—তেনাহং চিন্তিতো ভবামি । সিদ্ধা সিদ্ধকরীত্যর্থঃ ॥ ৭১ ॥

অথ মালামণিনির্ণয়স্তৎপরিমাণাদি চ

তত্রৈব—

পরিমাণন্তু বক্ষ্যামি শৃণু তত্ত্বেন মাধবি ।
উত্তমা মধ্যমা চৈব কন্যসী তু গণিত্রিকা ॥ ৭২ ॥

অনুবাদ—অনন্তর মালামণি নির্ণয় ও তৎপরিমাণাদি, বরাহপুরাণে—হে মাধবি ! জপমালার পরিমাণ বলিতেছি তত্ত্বতঃ শ্রবণ কর, জপমালা ত্রিবিধা—উত্তমা মধ্যমা কনিষ্ঠা ॥ ৭২ ॥

টীকা—মাধবি হে ধরণি, কন্যসী কনীয়সী ॥৭২

অষ্টোত্তরশতৈঃ পূর্ব্বা পঞ্চাশদ্ভিস্তু মধ্যমা ।
কন্যসী পঞ্চবিংশত্যা পরিমাণং বিধীয়তে ॥ ৭৩ ॥

অনুবাদ—উত্তমা অষ্টোত্তর শতমণি বিশিষ্টা, মধ্যমা পঞ্চাশমণি, কনিষ্ঠা পঁচিশ মণি বিশিষ্টা পরিমাণ বিহিত আছে ॥ ৭৩ ॥

টীকা—অষ্টোত্তরশতৈর্মণিভিঃ পূর্ব্বা উত্তমা ॥৭৩

রুদ্রাক্ষৈশ্চোত্তমাং তাঞ্চ পুত্রজীবৈশ্চ মধ্যমাম্ ।
কুশৈঃ কনীয়সীং বিদ্যাদেতত্তে কথিতং ময়া ॥ ৭৪॥

অনুবাদ—রুদ্রাক্ষ জপমালা উত্তমা, পুত্রজীবমালা, মধ্যমা, কুশ নির্ম্মিতা মালা কনিষ্ঠা জানিবে—ইহা আমি বলিলাম ॥ ৭৪ ॥

টীকা—তত্রাপি মণিভেদেন ত্রিবিধত্বমাহ—রুদ্রাক্ষৈরিতি। পুত্রজীবৈরিতি সানুনাসিকঞ্চ কৃচিৎ ॥৭৪॥

———

শ্রীনারদপঞ্চরাত্রে—

অষ্টোত্তরশতং পূর্ণং তদর্দ্ধং পাদমেব বা।
কুর্য্যাত্তত্র বিধানোক্তং বিধিনা সর্ব্বকর্ম্মসু ॥ ৭৫ ॥

অনুবাদ—শ্রীনারদপঞ্চরাত্রে—অষ্টোত্তর শত মালা পূর্ণ, তাহার অর্দ্ধেক বা চতুর্থাংশ সর্ব্বকর্ম্মে বিধিকর্ত্তৃক বিহিত আছে ॥ ৭৫ ॥

———

হারীতস্মৃতৌ—

শঙ্খ-রূপ্যময়ী মালা কাঞ্চনী নীরজোৎপলৈঃ।
পদ্মাক্ষৈশ্চাপি রুদ্রাক্ষৈর্বিদ্রুমৈর্মণিমৌক্তিকৈঃ ॥ ৭৬॥
নির্ম্মিতেন্দ্রাক্ষকৈর্মালা তথৈবাঙ্গুলিপর্ব্বভিঃ।
পুত্রজীবময়ী মালা সা শস্তা জপকর্ম্মণি ॥ ৭৭ ॥

অনুবাদ—হারীতস্মৃতিতে—শঙ্খ, রৌপ্য, স্বর্ণ, পদ্মবীজ, পদ্মাক্ষ, রুদ্রাক্ষ, বিদ্রুম মণি, মুক্তাদি নির্ম্মিত এবং ইন্দ্রাক্ষক মালা, অঙ্গুলি পর্ব্ব, পুত্রজীবময়ী মালা জপকর্ম্মে প্রশস্তা ॥ ৭৬-৭৭ ॥

টীকা—নীরজানি পদ্মানি, উৎপলানি চ কুমুদানি, তৈঃ। তথা চোক্তম্—'রুদ্রাক্ষ-শঙ্খপদ্মাক্ষ-পুত্রজীবক-মৌক্তিকৈঃ। স্ফটিকৈর্ম্মণিরত্নৈশ্চ সৌবর্ণৈর্বিদ্রুমৈস্তথা। কুশৈঃ পদ্মৈর্দ্দশ ন্যূর্গৃহস্থস্যাক্ষমালিকা ॥' ইতি ॥ ৭৬ ॥

———

গৌতমীয়ে—

অথামলকসম্ভূতৈস্তুলসীকাষ্ঠনির্ম্মিতৈঃ ॥ ইতি ॥ ৭৮॥

অনুবাদ—গৌতমীয়তন্ত্রে—আমলকী মালা ও তুলসীকাষ্ঠ নির্ম্মিত মালা ॥ ৭৮ ॥

———

আগমে চ—

আদিক্ষান্তার্ণযোগত্বাদক্ষমালেতি কীর্ত্তিতা।
তদ্বর্ণসংখ্যৈর্ম্মণিভির্জপমালাং প্রকল্পয়েৎ ॥ ৭৯ ॥

অনুবাদ—আগমেও—অ-হইতে আরম্ভ করিয়া 'ক্ষ' বর্ণ পর্য্যন্ত বর্ণ মাতৃকার বর্ণগুলিকে যোগ করিয়া অক্ষমালা নামে কীর্ত্তিতা, সেই বর্ণসংখ্যা পরিমিত মণি সমূহ দ্বারা জপমালা নির্ম্মাণ করিবে ॥ ৭৯ ॥

টীকা—আদি-ক্ষান্তানাং অকারাদি-ক্ষকারাবসানানাম্ অর্ণানাং মাতৃকাবর্ণানাং যোগত্বাৎ নিয়োজনীয়ত্বাৎ গণনীয়ত্বাদ্বা। তদ্বর্ণসংখ্যৈঃ পঞ্চাশদ্ভিরিত্যর্থঃ, ক্ষকারস্য মেরুত্বেন কল্পনীয়ত্বাৎ ॥ ৭৯ ॥

———

কিঞ্চ—

অনুলোমবিলোমার্ণৈর্মাতৃকায়াঃ সবিন্দুকৈঃ।
ক্ষমেরুকৈঃ কাষ্টবর্গৈর্মালা স্যাদ্যোগিনাং শুভা ॥৮০

অনুবাদ—আরও—মাতৃকার বর্ণসমূহের সহিত অনুস্বার যুক্ত করিয়া অং আং ইত্যাদি অনুলোমক্রমে বর্ণমালা শেষ করিয়া ক্ষ কে সুমেরু কল্পনা করিয়া হং সং ষং শং ইত্যাদি বিলোমক্রমে অষ্ট বর্গের মালা যোগিগণের শুভদা ॥ ৮০ ॥

টীকা—মুখ্যতমামক্ষমালামাহ—অনুলোমেতি ॥৮০

———

অথ মালানাং মণিবিশেষেণ বৈশিষ্ট্যম্

আগ্নেয়ে—

হিরণ্যশঙ্খমণিভির্জপ্যং শতগুণং ভবেৎ।
সহস্রগুণমিন্দ্রাক্ষৈঃ পদ্মাক্ষৈরযুতং ভবেৎ ॥ ৮১ ॥

অনুবাদ—অনন্তর মালাসমূহের মণিবিশেষ দ্বারা ফল বৈশিষ্ট্য, অগ্নিপুরাণে—স্বর্ণ ও শঙ্খ, মণি সমূহ দ্বারা জপের ফল শতগুণ হয়, ইন্দ্রাক্ষ দ্বারা সহস্রগুণ, পদ্মাক্ষ দ্বারা অযুত গুণ হয় ॥ ৮১ ॥

টীকা—হিরণ্যশঙ্খয়োর্ম্মণিভির্জপ্যং জপ ইত্যর্থঃ ॥ ৮১ ॥

———

নিযুতং চাপি রুদ্রাক্ষৈর্ভদ্রাক্ষৈশ্চ ন সংশয়ঃ।
পুত্রজীবকজপ্যস্য পরিসংখ্যা ন বিদ্যতে ॥ ৮২ ॥

অনুবাদ—নিযুতগুণ রুদ্রাক্ষ দ্বারা ও ভদ্রাক্ষ দ্বারা ইহাতে সংশয় নাই, পুত্র জীবময়ী মালা দ্বারা জপ-ফলের পরিসংখ্যা নাই ॥ ৮২ ॥

টীকা—ভদ্রাক্ষৈরিতি রুদ্রাক্ষবিশেষণং ফলবিশেষৈর্বা ॥ ৮২ ॥

শিবপুরাণে—

অঙ্গুল্যা পরিসংখ্যানমেবমেবমুদাহৃতম্ ।
রেখয়াষ্টগুণং বিদ্যাৎ পুত্রজীবৈর্দশাধিকম্ ॥ ৮৩ ॥

অনুবাদ—শিবপুরাণে—অঙ্গুলিদ্বারা পরিসংখ্যার ক্রম এরূপ বলা আছে। রেখাদ্বারা, অঙ্গুলিপর্ব্ব দ্বারা অষ্টগুণ জানিবে, পুত্রজীব দ্বারা অষ্টাদশগুণ ॥ ৮৩ ॥

টীকা—রেখয়া রেখান্তরিতাঙ্গুলিপর্ব্বণেত্যর্থঃ। ভূমিলিখিতাঙ্কেন বা অঙ্গুলীভির্জপস্য সংখ্যানং গণনম্ ॥ ৮৩ ॥

শতং স্যাচ্ছঙ্খমণিভিঃ প্রবালৈশ্চ সহস্রকম্ ।
স্ফাটিকৈর্দশসাহস্রং মৌক্তিকৈর্লক্ষমুচ্যতে ॥ ৮৪ ॥

অনুবাদ—শঙ্খমণি দ্বারা শতগুণ, প্রবাল দ্বারা সহস্রগুণ, স্ফটিক মালা দ্বারা দশ সহস্র, মুক্তামালা দ্বারা লক্ষগুণ ॥ ৮৪ ॥

পদ্মাক্ষৈর্দশলক্ষন্তু রাজতৈঃ কোটিরুচ্যতে ।
সৌবর্ণৈঃ সা দশগুণা সর্ব্বৈর্দশগুণা স্মৃতা ॥ ৮৫ ॥

অনুবাদ—পদ্মাক্ষ দ্বারা দশলক্ষ, রৌপ্য দ্বারা কোটিগুণ, সুবর্ণ মণি দ্বারা মালা দশকোটিগুণ, সর্ব্বমিশ্রিত মালা দ্বারা দশকোটিগুণ ॥ ৮৫ ॥

টীকা—সা কোটির্দশগুণা দশকোটয় ইত্যর্থঃ। সর্ব্বৈঃ পুত্রজীবাদিভিঃ সৌবর্ণান্তৈর্দশগুণা দশকোটিগুণিতা। যদ্বা, সৌবর্ণেভ্যো দশগুণেতি দশকোটিগুণেতি জ্ঞেয়ম্। এবং মতভেদশ্চ মন্ত্রভেদেন কামফলাদিভেদেন বা। এবমন্যত্রাপ্যূহ্যমিতি পূর্ব্বং লিখিতমেব ॥ ৮৫ ॥

কুশগ্রন্থ্যা চ রুদ্রাক্ষৈরনন্তগুণিতং ফলম্ ।
শ্বেতপদ্মাক্ষমালাভিরপি স্যাদমিতং ফলম্ ।
মাতৃকং বর্ণসম্ভূতমালায়ান্তু তদেব হি ॥ ৮৬ ॥

অনুবাদ—কুশ, গ্রন্থি ও রুদ্রাক্ষ দ্বারা মালা অনন্তগুণ ফল, শ্বেত পদ্মাক্ষ মালা দ্বারাও অপরিমিত ফল, বর্ণমালাতেও সেইরূপ ফল ॥ ৮৬ ॥

অথ মালানির্ম্মাণবিধিঃ

শিবাগমে—

মুখে মুখং প্রকর্ত্তব্যং মুখং মূলে বিবর্জয়েৎ ।
ধাত্রীফলপ্রমাণেন শ্রেষ্ঠমেতদুদাহৃতম্ ॥ ৮৭ ॥

অনুবাদ—অনন্তর মালা নির্ম্মাণ বিধি, শিবাগমে—মুখে মুখ রাখিয়া মালা গাথিবার নিয়ম, মূলে মুখ রাখিবে না, ধাত্রীফল প্রমাণ মালা শ্রেষ্ঠ ॥ ৮৭ ॥

টীকা—এতন্মালায়া অক্ষম্ ॥ ৮৭ ॥

বদরাগুপ্রমাণেন গদ্যতে মধ্যমাধমে ।
নব ত্রিতন্তুনা চৈতদ্গ্রন্থনীয়মসংস্পৃশৎ ।
ঊর্দ্ধবক্ত্রঞ্চ মেরবাখ্যং কর্ত্তব্যং তন্ন লঙ্ঘয়েৎ ॥ ৮৮ ॥

অনুবাদ—বদরফলের প্রমাণ মালা, মধ্যম এবং বীজের প্রমাণ মালা অধম, নয়টি সূত্র ত্রিগুণ করিয়া এই মালা গাঁথিবে একের সঙ্গে অন্যের স্পর্শ না হয়। ঊর্দ্ধমুখ মালাটি সুমেরু নামক কর্ত্তব্য, তাহা লঙ্ঘন করিবে না ॥ ৮৮ ॥

টীকা—বদরস্যাগুং বীজং তৎপ্রমাণেন চেত্যর্থঃ। ক্রমান্মধ্যমমধমঞ্চোদাহৃতম্। পাঠান্তরে বদরফলস্য তদণ্ডস্য চ প্রমাণেন ক্রমান্মধ্যমাধমে গণিতে। নবেন নূতনেন ত্রিতন্তুনা ত্রিগুণীকৃতসূত্রেণেত্যর্থঃ; যদ্বা, নবেতি নবসংখ্যাপ্রাপ্তেন তন্তুত্রয়েণ, প্রথমং ত্রিগুণীকৃত্য পশ্চাচ্চ ত্রিগুণীকৃত্য নবগুণীকৃতেন সূত্রেণেত্যর্থঃ। ত্রিগুণং ত্রিগুণীকৃতেত্যগ্রে লেখ্যত্বাৎ। অসংস্পৃশৎ অন্যোন্যং স্পর্শমপ্রাপ্নুবৎ সৎ, এতৎ অক্ষং গ্রন্থনীয়ং প্রত্যেকমধ্যে ব্রহ্মগ্রন্থিবিরচনীয় ইত্যর্থঃ ॥ ৮৮ ॥

শ্রীনারদপঞ্চরাত্রে চ—

অক্ষাস্থিমাত্রৈর্মণিভির্জ্যেষ্ঠং কুর্য্যাত্তু বর্ত্তুলম্ ।
ধাত্রীফলানাং গর্ভেণ প্রমাণং মধ্যমং স্মৃতম্ ।
বদরাস্থিপ্রমাণেন কন্যসং সমুদাহৃতম্ ॥ ৮৯ ॥

অনুবাদ—শ্রীনারদ পঞ্চরাত্রেও—রুদ্রাক্ষ বীজ প্রমাণ মালামণি গোলাকার করিবে উহা শ্রেষ্ঠ, ধাত্রী ফলের বীজ, সদৃশ মালা মধ্যম, বদরফলের বীজ, প্রমাণ মালা কনিষ্ঠ উদাহৃত হইয়াছে ।। ৮৯ ।।

টীকা—অক্ষং রুদ্রাক্ষং বিভীতকং বা তদস্থি-প্রমাণৈঃ, কন্যসং কনিষ্ঠম্ ।। ৮৯ ।।

কিঞ্চ—

গ্রন্থিবন্ধাবধৌ তত্র মণিসংখ্যাধিকং দ্বিজাঃ ।
মেরুং প্রকল্পয়েন্মধ্যে একেন গুণকেন তু ।। ৯০ ।।

অনুবাদ—আরও—হে দ্বিজগণ। গ্রন্থি বন্ধনের শেষে মণি সংখ্যার অধিক আর একটি মণিকে মধ্যে মেরু নাম দিবে ।। ৯০ ।।

টীকা—গ্রন্থিবন্ধস্যাবধৌ অন্তে ।। ৯০ ।।

শিবাগমে তত্রৈব রুদ্রাক্ষানুদ্দিশ্য—

একবক্ত্রৈস্ত্রিবক্ত্রৈশ্চ চতুর্বক্ত্রৈশ্চ পঞ্চভিঃ ।
ষড়্‌বক্ত্রৈর্বাথ কর্ত্তব্যং মিথো মিশ্রাংস্তু বর্জ্জয়েৎ ।।৯১

অনুবাদ—শিবাগমে ঐ প্রসঙ্গে রুদ্রাক্ষকে উদ্দেশ্য করিয়া বলা আছে—একমুখ, ত্রিমুখ, চতুর্ম্মুখ, পঞ্চ-মুখ ও ষড়মুখ রুদ্রাক্ষ দ্বারা ভিন্ন ভিন্ন মালা করিবে, একসঙ্গে মিশান মালা করিবে না ।। ৯১ ।।

কিঞ্চান্যত্র—

কৃতনিত্যক্রিয়ঃ শুদ্ধ উক্তেষ্বক্ষেষু মন্ত্রবিৎ ।
যথাকামং যথালাভমক্ষাণ্যানীয় যত্নতঃ ।। ৯২ ।।
অন্যোঽন্যসমরূপাণি নাতিস্থূলকৃশানি চ ।
কীটাদিভিরদুষ্টানি অজীর্ণানি নবানি চ ।। ৯৩ ।।
গব্যেস্তু পঞ্চভিস্তানি প্রক্ষাল্য তু পৃথক্ পৃথক্ ।
ততো দ্বিজেন্দ্র-পুণ্যস্ত্রী-নির্ম্মিতং গ্রন্থিবর্জ্জিতম্ ।। ৯৪।।
ত্রিগুণং ত্রিগুণীকৃত্য সূত্রং প্রক্ষাল্য পূর্ব্ববৎ ।
শুক্লং রক্তং তথা কৃষ্ণং শান্তিবশ্যাভিচারিকে ।।৯৫।।
সূত্রং সংস্থাপয়েদ্বিদ্বান্ পট্টসূত্রমথাপি বা ।
অশ্বত্থপত্রৈর্নবকৈঃ পদ্মাকারেণ কল্পিতৈঃ ।
সূত্রং মণীংশ্চ গন্ধাম্ভিঃ ক্ষালিতাংস্তত্র
নিক্ষিপেৎ ।। ৯৬ ।।

অনুবাদ—আরও অন্যত্র—নিত্যকর্ম্ম শেষে মন্ত্র-বিৎ পবিত্র হইয়া উক্ত মণিসমূহের মধ্যে অনায়াস-লভ্য মণিসমূহ আনিয়া যত্নপূর্ব্বক পরস্পর সমানরূপ অতিস্থূল সঙ্গে অতি ক্ষুদ্র না হয়, কীটদষ্ট নহে, পুরাতন নহে, নূতন মণিগুলি পঞ্চগব্য দ্বারা পৃথক্ পৃথক্ প্রক্ষালন করিয়া অনন্তর দ্বিজশ্রেষ্ঠ পুণ্যবতী স্ত্রী নির্ম্মিত গ্রন্থি বর্জ্জিত ত্রিগুণ সূত্রকে ত্রিগুণ করিয়া পূর্ব্ববৎ পঞ্চগব্য দ্বারা প্রক্ষালন করিয়া, শান্তি কর্ম্মে শুক্ল সূত্র, বশীকরণে রক্তসূত্র, শত্রু জয়ে কৃষ্ণবর্ণ সূত্র অভিজ্ঞ ব্যক্তি স্থাপন করিবে। অথবা পট্টসূত্র, নয়টি অশ্বত্থ পত্র দ্বারা পদ্মাকারে রচিত, তন্মধ্যে সূত্র ও মণি চন্দন জলে ধৌত করিয়া রাখিবে ।। ৯২-৯৬ ।।

টীকা—নবকৈর্নূতনৈরশ্বত্থপত্রৈঃ সহিতম্, গন্ধাম্ভি-রশ্বত্থস্য পত্রাণ্যপি ক্ষালয়েদিত্যর্থঃ। তত্র পদ্মাকার-কল্পিতাশ্বত্থপত্রেষু ।। ৯৬ ।।

তারং শক্তিং মাতৃকাঞ্চ সূত্রে চৈব মণিষ্বথ ।
বিন্যস্য পূজয়েদাদৌ জুহুয়াচ্চৈব শক্তিতঃ ।। ৯৭ ।।

অনুবাদ—প্রণব, শক্তিবীজ ও বর্ণমালা মন্ত্র সূত্রে ও মণিসমূহে বিন্যাস করিয়া প্রথমে পূজা করিবে, সমর্থ হইলে পরে হোম করিবে ।। ৯৭ ।।

টীকা—তারং—প্রণবং, শক্তি—মায়াবীজম্ ।।৯৭

হোমকর্ম্মণ্যশক্তশ্চেদ্ দ্বিগুণং জপমাচরেৎ ।
মণিমেকৈকমাদায় সূত্রে চ যোজয়েৎ সুধীঃ ।। ৯৮ ।।

অনুবাদ—হোমকার্য্যে অশক্ত হইলে দ্বিগুণ জপ করিবে, সুধীব্যক্তি অনন্তর এক একটি মণি লইয়া সূত্রে যোজনা করিবে ।। ৯৮ ।।

মুখে মুখন্তু সংযোজ্য পুচ্ছে পুচ্ছন্তু যোজয়েৎ ।
গোপুচ্ছসদৃশী কার্য্যা যদ্বা সর্পাকৃতিঃ শুভা ।। ৯৯ ।।

অনুবাদ—মুখে মুখে যোজনা করিয়া পুচ্ছে পুচ্ছ যোজনা করিবে, গোপুচ্ছা কৃতি বা সর্পাকৃতি মালা শুভপ্রদা ।। ৯৯ ।।

তৎসজাতীয়মেকাক্ষং মেরুত্বেনাগ্রতো ন্যসেৎ।
একৈকমণিমধ্যে তু ব্রহ্মগ্রন্থিং প্রকল্পয়েৎ।
জপমালাং বিধায়েত্থং তৎসংস্কারান্
সমাচরেৎ ॥ ১০০ ॥

অনুবাদ—ঐ সমজাতীয় একটি অক্ষ মেরুরূপে সম্মুখে রাখিবে। এক একটি মণি মধ্যে ব্রহ্ম গ্রন্থি সূত্রে রচনা করিবে। এইভাবে জপমালা নির্ম্মাণ করিয়া তাহার সংস্কার করিবে ॥ ১০০ ॥

———

অথ মালাসংস্কারঃ

শিবাগমে—

ক্ষালয়েৎ সদ্যোজাতেন বামদেবেন ঘর্ষয়েৎ।
ধূপয়েদপ্যঘোরেণ লেপয়েৎ পুরুষেণ তু ॥ ১০১ ॥

অনুবাদ—অনন্তর মালা সংস্কার, শিবাগমে—ঋক্‌বেদীয় "সদ্যোজাত" মন্ত্র ও পঞ্চগব্য দ্বারা প্রক্ষালন, 'বামদেব' মন্ত্রে চন্দন দ্বারা ঘর্ষণ, 'অঘোর' মন্ত্রদ্বারা ধূপদান, পুরুষসূক্ত মন্ত্রদ্বারা চন্দন লেপন করিবে ॥ ১০১ ॥

টীকা—ক্ষালয়েৎ পঞ্চগব্যেনোত্তমজলেন চ প্রক্ষালয়েৎ। তদুক্তম্—'ক্ষালয়েৎ পঞ্চগব্যেন সদ্যোজাতেন সজ্জলৈঃ ইতি। সদ্যোজাতাদিকং প্রায়ো মন্ত্রাদ্যবর্ণৈর্মন্ত্রনাম—'ওঁ সদ্যোজাতং প্রপদ্যামি সদ্যোজাতায় বৈ নমঃ। ভবে ভবে নাতিভবে ভজস্ব মাং ভবোদ্ভবায় নমঃ।' ঘর্ষয়েচ্চন্দনাদিভিঃ। তথা চোক্তম্—'চন্দনাগুরুগন্ধাদ্যৈর্বামদেবেন ঘর্ষয়েৎ। ওঁ বামদেবায় নমো জ্যেষ্ঠায় নমঃ শ্রেষ্ঠায় নমো রুদ্রায় নমঃ কালায় নমঃ কলবিকরণায় নমো বলবিকরণায় নমো বলায় নমো বলপ্রমথনায় নমঃ সর্ব্বভূতদমনায় নমো মনোন্মনায় নমঃ। ওঁ অঘোরেভ্যোথ ঘোরেভ্যো ঘোরঘোরতরেভ্যঃ সর্ব্বতঃ সর্ব্ব সর্ব্বেভ্যো নমস্তে অস্তু রুদ্ররূপেভ্যঃ শিবেভ্যঃ। লেপয়েচ্চন্দনাদিনা—'ওঁ তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ' ॥ ১০১ ॥

———

মন্ত্রয়েৎ পঞ্চমেনৈব প্রত্যেকন্তু শতং শতম্।
মেরুঞ্চ পঞ্চমেনৈব তথাঘোরেণ মন্ত্রয়েৎ ॥ ১০২ ॥

অনুবাদ—ওঁ ঈশান ইত্যাদি পঞ্চম মন্ত্র দ্বারা প্রত্যেক মণিকে শত শতবার অভিমন্ত্রিত করিবে। সুমেরুকে পঞ্চমমন্ত্র ও 'অঘোর' মন্ত্রদ্বারা অভিমন্ত্রিত করিবে ॥ ১০২ ॥

টীকা—পঞ্চমশ্চায়ম্—'ওঁ ঈশানঃ সর্ব্ববিদ্যানামীশ্বরঃ, সর্ব্বভূতানাং ব্রহ্মাধিপতির্ব্রহ্মণোঽধিপতি ব্র্হ্মা শিবো মে অস্তু সদাশিবোম্' ইতি। ননু মন্ত্রেণ দ্রব্যাভিমন্ত্রণস্য সংখ্যাদিনিয়মঃ সর্ব্বত্র শ্রূয়তে, তদত্র কথং মন্ত্রয়েদিত্যপেক্ষায়ামাহ—প্রত্যেকম্ একৈকং মণিং শতং শতং বারান্মন্ত্রয়েদিতি। কেচিচ্চ ক্ষালনাদিকমপি তত্তন্মন্ত্রেণ প্রত্যেকং মণিং শতং বারান্ কুর্য্যাদিত্যাহুঃ। কেচিত্তু সদ্যোজাতাদিমন্ত্রাণামেকৈকং মন্ত্রং ক্ষালনাদিকর্ম্মণি বারশতং পঠেদিতি ব্যাচক্ষতে। অত্র চ যথাসম্প্রদায়ং ব্যবর্ত্তব্যমিতি দিক্ ॥ ১০২ ॥

———

মুদ্রাষ্টকং দর্শয়িত্বা প্রত্যেকং পূজয়েৎ ক্রমাৎ।
গ্রথিতং পঞ্চভিঃ পূজ্য পূর্ব্ববচ্চ যথাশিরঃ ॥ ১০৩ ॥

অনুবাদ—আবাহনাদি অষ্টবিধ মুদ্রা প্রদর্শন করিয়া ক্রমে প্রত্যেক মণিকে পূজা করিবে। পূর্ব্ববৎ শির আদিক্রমে পঞ্চমন্ত্র দ্বারা ॥ ১০৩ ॥

টীকা—মুদ্রাষ্টকম্ আবাহনাদিকম্, সংস্কৃত্যেবং বুধো মালাং তৎপ্রাণান্ স্থাপয়েত্ততঃ' ইত্যুক্তেঃ। পূজ্য পূজয়িত্বা, যথাশিরঃ মস্তকক্রমেণ গ্রথিতম্। মালা চ প্রথমং স্বগুরুহস্তাদেব গ্রাহ্য, 'গুরুং সংপূজ্য তদ্ধস্তাদ্‌গৃহ্ণীয়াৎ সর্ব্বসিদ্ধয়ে' ইতি তন্ত্রোক্তেঃ ॥ ১০৩ ॥

———

অথ মালাভেদেনাধিকারিভেদঃ

নারদপঞ্চরাত্রে—

কুশপত্রৈর্জপেদ্বিপ্রঃ সুবর্ণমণিভির্নৃপঃ।
পুত্রজীবফলৈর্বৈশ্যঃ পদ্মাক্ষৈঃ সর্ব্ব এব চ ॥ ১০৪ ॥

অনুবাদ—অনন্তর মালাভেদ দ্বারা অধিকারীভেদ, নারদ-পঞ্চরাত্রে—কুশপত্র মালা দ্বারা বিপ্র জপ করিবেন, রাজা সুবর্ণ মণিমালা দ্বারা জপ করিবেন, পুত্রজীবফলমালা দ্বারা বৈশ্য এবং পদ্মবীজ মালা দ্বারা সকলেই জপ করিবেন ॥ ১০৪ ॥

মোক্ষার্থী পঞ্চবিংশত্যা ধনার্থী ত্রিংশতা জপেৎ।
পুষ্ট্যর্থী সপ্তবিংশত্যা ন পঞ্চদশভিঃ ক্বচিৎ ॥ ১০৫॥

অনুবাদ—মোক্ষার্থী পঞ্চবিংশতি সংখ্যা মালায় জপ করিবেন, পুষ্টার্থী সপ্তবিংশতি মালায় জপ করিবেন, পঞ্চদশ মালায় কেহ জপ করিবে না ॥১০৫

জপস্য গণনাঞ্চাহঃ পদ্মাক্ষৈর্ভক্তিবর্দ্ধনৈঃ।
অথাঙ্গুলীভিরেবাপি জপমন্বহমাচরেৎ ॥ ১০৬ ॥

অনুবাদ—জপের গণনাও বলিতেছেন—পদ্মবীজ মালাদ্বারা ভক্তি বৃদ্ধি হয়, আর অঙ্গুলী পর্ব্বসমূহ দ্বারাও প্রত্যহ জপ করিবেন ॥ ১০৬ ॥

টীকা—ভক্তিবর্দ্ধনৈরিতি ভগবদ্ভক্ত্যর্থী পদ্মাক্ষৈর্জপেদিত্যর্থঃ ॥ ১০৬ ॥

কিঞ্চান্যত্র—

রুদ্রাক্ষমালিকা সূত্রে জপেন স্বমনোরথান্।
পদ্মাক্ষৈবিহিতা মালা শত্রূণাং নাশিনী মতা ॥ ১০৭ ॥

অনুবাদ—আরও অন্যত্র—রুদ্রাক্ষমালিকাসূত্রে জপদ্বারা নিজ মনোরথপূর্ণ হয়। পদ্মবীজ রচিত মালা শত্রুনাশিনী বলিয়া স্বীকৃত ॥ ১০৭ ॥

কুশগ্রন্থিময়ী মালা সর্ব্বপাপবিনাশিনী।
পুত্রজীবফলৈঃ ক্লিপ্তা কুরুতে পুত্রসম্পদঃ ॥ ১০৮ ॥

অনুবাদ—কুশগ্রন্থিময়ী মালা সর্ব্ববিধ পাপনাশিনী, পুত্রজীব ফলদ্বারা কৃত মালা পুত্র সম্পদ বৃদ্ধি করে ॥ ১০৮ ॥

টীকা—ক্লিপ্তা রচিতা ॥ ১০৮ ॥

নিম্মিতা রূপ্যমণিভির্জপমালেপ্সিতপ্রদা।
হিরন্ময়ৈর্বিরচিতা মালা কামান্ প্রযচ্ছতি ॥ ১০৯ ॥

অনুবাদ—রূপ্যমণি নিম্মিতা মালাদ্বারা জপ করিলে মনোবাঞ্ছা পূর্ণ হয়, স্বর্ণময়ী মালা কাম্যবস্তু প্রদান করে ॥ ১০৯ ॥

প্রবালৈর্বিহিতা মালা প্রযচ্ছেৎ পুষ্কলং ধনম্।
সৌভাগ্যং স্ফাটিকী মালা মৌক্তিকৈর্বিহিতা শ্রিয়ম্ ॥ ১১০ ॥
নিম্মিতা শঙ্খমণিভিঃ কুরুতে কীর্ত্তিমক্ষয়াম্।
সর্ব্বৈরেতৈর্বিরচিতা মালা স্যান্মুক্তয়ে নৃণাম্ ॥১১১॥

অনুবাদ—প্রবাল রচিত মালা প্রচুর ধনপ্রদা, স্ফটিকমালা সৌভাগ্য দান করে, মুক্তা রচিত মালা শ্রীপ্রদা, শঙ্খমণি রচিতা মালা অক্ষয়কীর্ত্তি দান করে, এই সকল মিলিত মালা মানবগণের মুক্তির নিমিত্ত হয় ॥ ১১০-১১১ ॥

কিঞ্চ—

তুলসীকাষ্ঠঘটিতৈর্মণিভির্জমালিকা।
সর্ব্বকর্ম্মণি সর্ব্বেষামীপ্সিতার্থফলপ্রদা ॥ ১১২ ॥

অনুবাদ—আরও—তুলসীকাষ্ঠ রচিত মণিমালা সর্ব্বকর্ম্মে সকলের বাঞ্ছিত ফল প্রদান করেন ॥১১২

গৌতমীয়ে—

পুণ্ডরীকভবা মালা গোপালমনুসিদ্ধিদা।
আমলক্যা ভবা মালা সর্ব্বসিদ্ধিপ্রদা মতা।
তুলসীসম্ভবা যা তু সা মোক্ষং তনুতেঽচিরাৎ ॥১১৩

অনুবাদ—গৌতমীয়তন্ত্রে—পদ্মবীজ রচিত মালা গোপালমন্ত্রে সিদ্ধি প্রদান করে, আমলকী মালা সর্ব্বসিদ্ধি প্রদা, তুলসীমালা অচিরে মোক্ষ বিস্তার করে ॥ ১১৩ ॥

অথ জপাঙ্গুল্যাদিনির্ণয়ঃ

শিবাগমে—

অনামা-মধ্যমাক্রম্য জপং কুর্য্যাত্তু মানসম্।
মধ্যমা-মধ্যমাক্রম্য জপং কুর্য্যাদুপাংশুকম্।
তর্জ্জনীং তু সমাক্রম্য জপং নৈব তু কারয়েৎ ॥১১৪

অনুবাদ—অনন্তর জপে অঙ্গুলি নিয়ম, শিবাগমে—অনামিকার মধ্যম পর্ব্ব ধরিয়া মানস জপ করিবে, মধ্যমার মধ্যম পর্ব্ব ধরিয়া উপাংশু জপ করিবে, তর্জ্জনী ধরিয়া জপ করিবে না ॥ ১১৪ ॥

একৈকমণিমঙ্গুষ্ঠেনাকর্ষন্ প্রজপেন্মনুম্ ।
মেরৌ তু লঙ্ঘিতে দেবি ন মন্ত্রফলভাগ্
ভবেৎ ॥ ১১৫ ॥

অনুবাদ—এক একটি মণি অঙ্গুষ্ঠ অঙ্গুলি দ্বারা আকর্ষণ করিয়া মন্ত্র জপ করিবে, হে দেবি! মেরু লঙ্ঘন করিলে মন্ত্র ফলপ্রদ হয় না ॥ ১১৫ ॥

অন্যত্র চ—
তত্রাঙ্গুলি-জপং কুর্ব্বন্ সাঙ্গুষ্ঠাঙ্গুলিভির্জপেৎ ।
অঙ্গুষ্ঠেন বিনা কর্ম্ম কৃতং তদফলং ভবেৎ ॥ ১১৬ ॥

অনুবাদ—অন্যত্রও—অঙ্গুলি জপকালে অঙ্গুষ্ঠাঙ্গুলির সহিত জপ করিবে। অঙ্গুষ্ঠ অঙ্গুলি ব্যতীত কর্ম্ম করিলে তাহা নিষ্ফল হয় ॥ ১১৬ ॥

টীকা—সাঙ্গুষ্ঠাভিরঙ্গুলীভিঃ অত হেতুরঙ্গুষ্ঠেনেতি ॥ ১১৬ ॥

কনিষ্ঠানামিকা মধ্যা চতুর্থী তর্জ্জনী মতা ।
তিস্রোঽঙ্গুল্যস্ত্রিপর্ব্বাং স্যুর্মধ্যমা চৈকপর্ব্বিকা ॥১১৭॥

অনুবাদ—কনিষ্ঠা, অনামিকা মধ্যা ও তর্জ্জনী—এই চারিটি অঙ্গুলি, তিন অঙ্গুলির প্রত্যেকের তিনপর্ব্ব =৯ পর্ব্ব এবং মধ্যমার একপর্ব্ব=দশপর্ব্ব ॥ ১১৭ ॥

টীকা—তিস্রঃ—কনিষ্ঠানামিকা-তর্জ্জন্যঃ ॥ ১১৭॥

পর্ব্বদ্বয়ং মধ্যমায়া জপকালে বিবর্জ্জয়েৎ ।
এবং মেরুং বিজানীয়াদ্ব্রহ্মণা দূষিতং স্বয়ম্ ॥১১৮

অনুবাদ—জপকালে মধ্যমার দুই পর্ব্ব বর্জ্জন করিবে, ঐ দুই পর্ব্বমেরু, সুতরাং ব্রহ্মা স্বয়ং জপকালে ঐ পর্ব্বদ্বয়কে দোষ বলিয়া বর্জ্জন করিয়াছেন ॥ ১১৮ ॥

টীকা—এবং মধ্যমাপর্ব্বদ্বয়ম্ ॥ ১১৮ ॥

আরভ্যানামিকামধ্যাৎ প্রদক্ষিণমনুক্রমাৎ ।
তর্জ্জনীমূলপর্য্যন্তং ক্রমাদ্দশসু পর্ব্বসু ॥ ১১৯ ॥

অনুবাদ—অনামিকার মধ্য পর্ব্ব হইতে আরম্ভ করিয়া পরপর প্রদক্ষিণ গতিতে তর্জ্জনী মূল পর্য্যন্ত ক্রমে দশটি পর্ব্বে জপ করিবে ॥ ১১৯ ॥

টীকা—দশসু পর্ব্বসু গণয়েদিতি শেষঃ ॥ ১১৯ ॥

ক্বচিচ্চ—
আরভ্যানামিকামূলাৎ প্রাদক্ষিণ্যেন বৈ ক্রমাৎ ।
মধ্যমামূল পর্য্যন্তং জপেদ্দশসু পর্ব্বসু ॥ ১২০ ॥

অনুবাদ—কোথাও—অনামিকা মূল পর্ব্ব হইতে আরম্ভ করিয়া প্রদক্ষিণ ক্রমে মধ্যমা মূল পর্ব্ব পর্য্যন্ত দশটিপর্ব্বে জপ করিবে—এইরূপ উক্তি আছে ॥১২০

গৌতমীয়ে—
আরভ্যানামিকামূলাৎ পরিবর্ত্তেত বৈ ক্রমাৎ ।
তর্জ্জনী-মধ্যপর্য্যন্তং জপেদষ্টসু পর্ব্বসু ॥ ১২১ ॥

অনুবাদ—গৌতমীয়তন্ত্রে—পুন অনামিকার মূলপর্ব্ব হইতে আরম্ভ করিয়া পরিবর্ত্তন ক্রমে তর্জ্জনীর মধ্য পর্ব্ব পর্য্যন্ত আটটি পর্ব্বে জপ করিবে। সুতরাং (১০০+৮=১০৮) অষ্টোত্তর শত সংখ্যা জপ সিদ্ধ হইবে ॥ ১২১ ॥

অঙ্গুলীর্ন বিযুঞ্জীত কিঞ্চিৎ সঙ্কোচয়েত্তলম্ ।
অঙ্গুলীনাং বিয়োগে তু ছিদ্রেষু স্রবতে জপঃ ॥ ১২২॥

অনুবাদ—অঙ্গুলীগুলি বিযুক্ত হইবে না, তলদেশ কিঞ্চিৎ সঙ্কোচ করিয়া জপ করিবে, অঙ্গুলিগুলির বিচ্ছেদ হইলে ঐ ছিদ্রদ্বারা জপের ফল বাহির হইয়া যাইবে ॥ ১২২ ॥

টীকা—আরভ্যানামিকা মধ্যাদিত্যত্র মতান্তরমারভ্যানামিকামূলাদিতি ॥ ১২২ ॥

কিঞ্চ—

অথ মালায়া নিয়মান্তরম্

তর্জ্জন্যা ন স্পৃশেৎ সূত্রং কম্পয়েন্ন বিধুনয়েৎ ।
অঙ্গুষ্ঠপর্ব্বমধ্যস্থং পরিবর্ত্তং সমাচরেৎ ॥ ১২৩ ॥

অনুবাদ—অনন্তর মালার অন্য নিয়ম—আধা-

রীতে (ঝোলা মধ্যে) মালা জপকালে তর্জ্জনী অঙ্গুলি মালাকে স্পর্শ করিবে না, মালা কম্পিত বা ঝাকি দিবে না, অঙ্গুষ্ঠ অঙ্গুলি পর্ব্ব মধ্যে রাখিয়া পরিবর্ত্তন করিবে ॥ ১২৩ ॥

টীকা—সূত্রমিতি মালামিত্যর্থঃ। ন কম্পয়েৎ, নো বিধুনয়েচ্চ ন প্রক্ষিপেৎ ॥ ১২৩ ॥

কিঞ্চ—

ন স্পৃশেৎ বামহস্তেন করভ্রষ্টাং ন কারয়েৎ ॥১২৪

অনুবাদ—আরও—জপকালে বামহস্ত দ্বারা স্পর্শ করিবে না এবং করভ্রষ্ট করিবে না ॥ ১২৪ ॥

অশুচির্ন স্পৃশেদেনাং করভ্রষ্টাং ন কারয়েৎ।
অঙ্গুষ্ঠস্থামক্ষমালাং চালয়েন্মধ্যমাগ্রতঃ ॥ ১২৫ ॥

অনুবাদ—আরও—এই মালাকে যেন অশুচি স্পর্শ না করে, করভ্রষ্ট করিবে না, অঙ্গুষ্ঠস্থিত অক্ষমালাকে মধ্যমার অগ্রভাগ দ্বারা চালনা করিবে ॥ ১২৫ ॥

তর্জ্জন্যা ন স্পৃশেৎ সোঽয়ং মুক্তিদো গণনক্রমাৎ।
ভুক্তৌ মুক্তৌ তথাকৃষ্টৌ মধ্যমায়াং
জপেৎ সুধীঃ ॥ ১২৬ ॥

অনুবাদ—তর্জ্জনীদ্বারা মালা স্পর্শ করিবে না, এইভাবে গণনাক্রমে জপ মুক্তিপ্রদ হয়, সুধীব্যক্তি ভুক্তি, মুক্তি ও বশীকরণে মালা মধ্যমাঙ্গুলির মধ্য পর্ব্বে রাখিয়া জপ করিবেন ॥ ১২৬ ॥

অঙ্গুষ্ঠানামিকাভ্যান্তু জপেদুত্তমকর্ম্মণি।
তর্জ্জন্যঙ্গুষ্ঠসংযোগাদ্বিদ্বেষোচ্চাটনে জপেৎ।
কনিষ্ঠাঙ্গুষ্ঠ-সংযোজাজ্জপেন্মারণকর্ম্মণি ॥ ১২৭ ॥

অনুবাদ—অঙ্গুষ্ঠ ও অনামিকা অঙ্গুলি দ্বারা জপ শান্তি স্বস্ত্যয়নাদি উত্তম কর্ম্মে করিবেন। তর্জ্জনী ও অঙ্গুষ্ঠ সংযোগে জপ বিদ্বেষ ও উচ্চাটন কর্ম্মে করিবে। কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ সংযোগে জপ শত্রুমারণ কর্ম্মে করিবে ॥ ১২৭ ॥

টীকা—উত্তমকর্ম্মণি শান্তি-স্বস্ত্যয়নাদৌ, বিদ্বেষে উচ্চাটনে চ ॥ ১২৭ ॥

ক্বচিচ্চ—

অঙ্গুষ্ঠং মোক্ষদং বিদ্যাত্তর্জ্জনীং শত্রুনাশিনীম্।
মধ্যমা ধনসিদ্ধ্যৈ স্যাচ্ছান্তিকর্ম্মণ্যনামিকা।
কনিষ্ঠাকর্ষণে জ্ঞেয়া জপকর্ম্মণি সিদ্ধিদা ॥ ১২৮ ॥

অনুবাদ—কোথাও—অঙ্গুষ্ঠ অঙ্গুলি মোক্ষপ্রদ জানিবে, তর্জ্জনী শত্রুনাশিনী, মধ্যমা ধনসিদ্ধি নিমিত্ত হয়, শান্তিকর্ম্মে অনামিকা, কনিষ্ঠা, আকর্ষণে ও জপ কর্ম্মে সিদ্ধিপ্রদা জানিবে ॥ ১২৮ ॥

টীকা—তত্রৈব মতান্তরং লিখতি—অঙ্গুষ্ঠমিতি। আকর্ষণে আকৃষ্টিকর্ম্মণি ॥ ১২৮ ॥

অথ জপে গুণাঃ

মন্ত্রার্ণবে—

মনঃ সংহরণং শৌচং মৌনং মন্ত্রার্থচিন্তনম্।
অব্যগ্রত্বমনির্ব্বেদো জপসম্পত্তিহেতবঃ ॥ ১২৯ ॥

অনুবাদ—অনন্তর জপে গুণসমূহ, মন্ত্রার্ণবে—মনঃসংযম, শৌচ, মৌন, মন্ত্রের অর্থ চিন্তন, অচঞ্চল, জপে আগ্রহ—এই গুণগুলি জপ ফল প্রাপ্তির সাধন ॥ ১২৯ ॥

টীকা—মনসঃ সংহরণং বিষয়েভ্যঃ প্রত্যাহারঃ ॥ ১২৯ ॥

অন্যত্র চ—

জপান্যকালে মালান্তু পূজয়িত্বা সুগোপয়েৎ।
গুরুং প্রকাশয়েদ্বিদ্বান্ মন্ত্রং নৈব প্রকাশয়েৎ ॥১৩০॥

অনুবাদ—অন্যত্রও—জপ ব্যতীত অন্য সময় মালাকে পূজা করিয়া সুগোপনে রাখিবে, বিদ্বান্ ব্যক্তি শ্রীগুরুদেবকে প্রকাশ করিবে, কিন্তু মন্ত্রকে কখনও প্রকাশ করিবে না ॥ ১৩০ ॥

টীকা—জপাদন্যস্মিন্ কালে, গুরুমপি প্রকাশয়েৎ ॥ ১৩০ ॥

অক্ষমালাঞ্চ মুদ্রাঞ্চ গুরোরপি ন দর্শয়েৎ।
ভূত-রাক্ষসঃ-বেতালাঃ সিদ্ধ-গন্ধর্ব্ব-চারণাঃ।
হরন্তি প্রকটং যস্মাত্তস্মাদ্‌গুপ্তং জপেৎ
সুধীঃ ॥ ১৩১ ॥

অনুবাদ—অক্ষমালা ও মুদ্রা শ্রীগুরুদেবকেও দেখাইবে না, যেহেতু ভূত, রাক্ষস, বেতাল, সিদ্ধ গন্ধর্ব্ব চারণ ইহারা প্রত্যক্ষভাবে জপ ফল হরণ করে, অতএব সুধী ব্যক্তি গোপনে জপ করিবেন ॥ ১৩১ ॥

টীকা—গুরোর্গুরুং প্রত্যপি ॥ ১৩১ ॥

অথ জপে দোষাঃ

নারদপঞ্চরাত্রে—
অপবিত্রকরো নগ্নঃ শিরসি প্রাবৃতোঽপি বা।
প্রলপন্ বা জপেদ্‌যাবত্তাবন্নিষ্ফলমুচ্যতে ॥ ১৩২ ॥

অনুবাদ—অনন্তর জপে দোষসমূহ,—শ্রীনারদপঞ্চরাত্রে—অপবিত্র হস্তে জপ, নগ্ন, আবৃত মস্তক, কথা বলিতে বলিতে জপ যে পর্য্যন্ত করিবে, সেই পর্য্যন্ত জপ নিষ্ফল হয় ॥ ১৩২ ॥

টীকা—অপবিত্রঃ কুশহীনঃ করো যস্য সঃ ॥১৩২

কিঞ্চ—
বদন্ন গচ্ছন্ন স্বপন্নান্যৎ কিমপি সংস্মরন্।
ন ক্ষুজ্জৃম্ভণ-হিক্কাদি-বিকলীকৃত-মানসঃ।
মন্ত্রসিদ্ধিমবাপ্নোতি তস্মাদ্‌যত্নপরো ভবেৎ ॥ ১৩৩ ॥

অনুবাদ—আরও—কথা বলিতে বলিতে, গমনকালে, শয়ন অবস্থায়, অন্য কিছু স্মরণকালে, হাঁচি, হাইতোলা, হিক্কাদি দ্বারা, বিকল মনে জপ দ্বারা মন্ত্রসিদ্ধি হয় না, অতএব সাধক দোষত্যাগে যত্নপর হইবে ॥ ১৩৩ ॥

কিঞ্চ—
স্ত্রী-শূদ্রাভ্যাং ন ভাষেত রাত্রৌ
জপপরো ন চ ॥ ১৩৪ ॥

অনুবাদ—আরও—স্ত্রীলোক এবং শূদ্রের সহিত ভাষণ করিবে না, রাত্রিতে জপ করিবে না ॥ ১৩৪ ॥

ব্যাসস্মৃতৌ—
অঙ্গুল্যগ্রেষু যজ্জপ্তং যজ্জপ্তং মেরুলঙ্ঘনে।
অসংখ্যাতঞ্চ যজ্জপ্তং তৎ সর্ব্বং নিষ্ফলং ভবেৎ
॥ ১৩৫ ॥

অনুবাদ—ব্যাসস্মৃতিতে—অঙ্গুলির অগ্রভাগে যে জপ এবং মেরুলঙ্ঘনে যে জপ, সংখ্যারহিত যে জপ করা হয়, সেই সকল নিষ্ফল হয় ॥ ১৩৫ ॥

বৈশম্পায়নসংহিতায়াম্—
নৈকবাসা জপেন্মন্ত্রং বহুবস্ত্রাকুলো ন চ।
উপর্যধো বহির্বস্ত্রে পুরশ্চরণকৃৎ ত্যজেৎ ॥ ১৩৬ ॥

অনুবাদ—বৈশম্পায়ন সংহিতাতে—একবস্ত্র পরিধান করিয়া মন্ত্রজপ করিবে না, বহুবস্ত্রে আকুল হইবে না, পরিধেয় ও উত্তরীয় ব্যতীত বস্ত্রদ্বয় পুরশ্চরণকারী ত্যাগ করিবে ॥ ১৩৬ ॥

টীকা—উপরি অধশ্চ যে বহির্বস্ত্রে পরিধানোত্তরীয়ব্যতিরিক্তং বস্ত্রদ্বয়ং তে ত্যজেৎ ॥ ১৩৬ ॥

অতএব মন্ত্রার্ণবে—
উষ্ণীষী কঞ্চুকী নগ্নো মুক্তকেশো গলাবৃতঃ।
অপবিত্রকরোঽশুদ্ধঃ প্রলপন্ন জপেৎ ক্বচিৎ ॥ ১৩৭ ॥

অনুবাদ—অতএব মন্ত্রার্ণবে—মস্তকে পাগড়ী, গায়ে জামা, নগ্ন, মুক্তকেশ, গলাবৃত, অপবিত্র কর, অশুদ্ধ, প্রলাপ করিতে করিতে কখনও জপ করিবে না ॥ ১৩৭ ॥

টীকা—গলে আবৃতঃ বস্ত্রাদি প্রাবৃতঃ, অশুদ্ধঃ শৌচাদিরহিতঃ ॥ ১৩৭ ॥

অপ্রাবৃতকরো ভূত্বা শিরসি প্রাবৃতোঽপি চ।
চিন্তাব্যাকুলচিত্তো বা ক্রুদ্ধো ভ্রান্তঃ
ক্ষুধান্বিতঃ ॥ ১৩৮ ॥

অনাশনঃ শয়ানো বা গচ্ছন্নুত্থিত এব বা।
রথ্যায়ামশিবে স্থানে ন জপেত্তিমিরান্তরে ॥ ১৩৯ ॥

অনুবাদ—হস্ত আবৃত না করিয়া, মস্তক আবৃত করিয়া, চিন্তাব্যাকুল চিত্ত বা ক্রুদ্ধ, ভ্রান্ত, ক্ষুধাযুক্ত, অভোজন, শয়ন অবস্থায়, গমনকালে, দাঁড়াইয়া বা পথে অমঙ্গল স্থানে শ্মশানাদিতে অন্ধকার মধ্যে জপ করিবে না ॥ ১৩৮-১৩৯ ॥

টীকা—অশিবে অমঙ্গলে স্থানে শ্মশানাদৌ ; যচ্চ প্রেতভূম্যাদিকমিতি স্থাননিয়মে লিখিতং, তচ্চ তামসানাং দুষ্কামবিশেষাপেক্ষয়া। তিমিরস্য অন্ধকারস্য অন্তরে মধ্যে ॥ ১৩৯ ॥

উপানদ্গূঢ়পাদো বা যানশয্যাগতস্তথা।
প্রসার্য্য ন জপেৎ পাদাবুৎকটাসন এব বা ॥ ১৪০ ॥

অনুবাদ—পাদুকা আবৃত পদে বা যান আরোহণে, শয্যাগত, সেইরূপ পাদ প্রসারণ করিয়া অথবা উৎকট আসনে বসিয়া জপ করিবে না ॥ ১৪০ ॥

টীকা—যানগতঃ শয্যাগতো বা ॥ ১৪০ ॥

যাজ্ঞবল্ক্য-সংহিতায়াম্—

ন চংক্রমন্ন চ হসন্ন পার্শ্বমবলোকয়ন্।
নাপাশ্রিতো ন জল্পংশ্চ ন প্রাবৃতশিরাস্তথা ॥ ১৪১ ॥
ন পদা পদমাক্রম্য ন চৈব হি তথা করৌ।
ন চাসমাহিতমনা ন চ সংশয়ানো জপেৎ ॥ ১৪২ ॥

অনুবাদ—যাজ্ঞবল্ক্য সংহিতাতে—ভ্রমণ করিতে করিতে, হাসিতে হাসিতে, পার্শ্বে দৃষ্টি রাখিয়া, নিরাশ্রয়ে, কথা বলিতে বলিতে, আবৃত মস্তকে, পদদ্বারা পদ আক্রমণ করিয়া, হস্তদ্বারা হস্ত আক্রমণ করিয়া, অসংযত মনে, সংশয় চিত্তে জপ করিবে না ॥ ১৪১-১৪২ ॥

টীকা—চংক্রমন্ ইতস্ততো ভ্রমন্, অপাশ্রিতঃ কিঞ্চিদবষ্টম্ভবান্ সন্ ॥ ১৪১ ॥

টীকা—ন চ করৌ আক্রম্য, সংশয়ানঃ সংশয়ং কুর্ব্বন্ ॥ ১৪২ ॥

ধ্যায়েত মনসা মন্ত্রং জিহ্বোষ্ঠৌ ন তু চালয়েৎ।
ন কম্পয়েচ্ছিরো গ্রীবাং দন্তান্নৈব প্রকাশয়েৎ ॥ ১৪৩ ॥

অনুবাদ—মনে মনে মন্ত্রকে ধ্যান করিবে, জিহ্বা এবং ওষ্ঠদ্বয় চালিত করিবে না, মস্তক ও গ্রীবা কম্পিত করিবে না, দন্তসমূহ প্রকাশ করিবে না ॥১৪৩

টীকা—গ্রীবাঞ্চ ন কম্পয়েৎ ॥ ১৪৩ ॥

যক্ষ-রাক্ষস-ভূতানি সিদ্ধবিদ্যাধরা গণাঃ।
হরন্তি প্রসভং যস্মাত্তস্মাদ্গুপ্তং সমাচরেৎ ॥ ১৪৪ ॥

অনুবাদ—যক্ষ, রাক্ষস, ভূতসমূহ, সিদ্ধ-বিদ্যাধরগণ যেহেতু বলপূর্ব্বক জপ ফল হরণ করে, সেই হেতু গোপনে জপ করিবে ॥ ১৪৪ ॥

টীকা—এবং সর্ব্বথা জপং নৈব প্রকাশয়েদিত্যভিপ্রেতং, তত্র হেতুমাহ—যক্ষেতি ॥ ১৪৪ ॥

স্ত্রী-শূদ্র-পতিতাংশ্চৈব রাসভঞ্চ রজস্বলাম্।
জপকালে ন ভাষেত ব্রতহোমাদিকেষু চ ॥ ১৪৫ ॥

অনুবাদ—জপ, ব্রত, হোমাদিকালে স্ত্রী, শূদ্র, পতিত গর্দ্দভ ও রজঃস্বলার সহিত ভাষণ করিবে না ॥১৪৫॥

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে চ—

ন চ্ছায়ামাক্রমেদ্বিদ্বান্ বিভীতক-করঞ্জয়োঃ।
ন দদ্যাৎ কস্যচিৎ কিঞ্চিন্ন গৃহ্ণীয়াজ্জপান্তরে ॥১৪৬

অনুবাদ—ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রেও—বিদ্বান্ ব্যক্তি জপমধ্যে বহেড়া ও করঞ্জ বৃক্ষের ছায়া পাড়াইবে না, কাহাকেও কিছু দান করিবে না, কাহারও কিছু লইবে না ॥ ১৪৬ ॥

অথ দোষপ্রায়শ্চিত্তানি

তত্রৈব—

তূষ্ণীমাসীত সংজল্পংশ্চাণ্ডালপতিতাদিকান্।
দৃষ্ট্বা তান্ বার্য্যুপস্পৃশ্যাভাষ্য-স্নাত্বা পুনর্জ্জপেৎ।
আচম্য প্রযতো নিত্যং জপেদশুচিদর্শনে ॥ ১৪৭ ॥

অনুবাদ—অনন্তর দোষ প্রায়শ্চিত্ত সমূহ, ত্রৈলোক্য সম্মোহন তন্ত্রে—মৌন থাকিবে, পরস্পর আলাপরত চণ্ডাল পতিতাদিকে দেখিলে আচমন করিবে, সম্ভাষণ হইলে স্নান করিয়া পুনরায় জপ করিবে, অপবিত্র মলমূত্রাদি দর্শনে আচমন করিয়া সংযত চিত্তে নিত্য জপ করিবে ॥ ১৪৭ ॥

টীকা—আভাষ্য সম্ভাষ্য, অশুচীনাং মলমূত্রাদীনাং দর্শনে সতি ॥ ১৪৭ ॥

কিঞ্চ—

যদি বা যমলোপঃ স্যাজ্জপাদিষু কথঞ্চন ।
ব্যাহরেদ্বৈষ্ণবং মন্ত্রং স্মরেদ্বা বিষ্ণুমব্যয়ম্ ॥ ১৪৮ ॥

অনুবাদ—আরও—যদি বা জপ বিষয়ক নিয়ম কোন প্রকারে ভঙ্গ হয়, তাহা হইলে অন্য বিষ্ণু নামাত্মক মন্ত্র কীর্ত্তন অথবা অব্যয় বিষ্ণুকে স্মরণ করিবে ॥ ১৪৮ ॥

টীকা—যমঃ জপবিষয়কনিয়মস্তস্য লোপো ভঙ্গঃ বাগ্‌যমেতি পাঠে মৌনলোপঃ, মন্ত্রং নামাত্মকং বিষ্ণু-মন্ত্রান্তরং বা ॥ ১৪৮ ॥

মন্ত্রার্ণবে—

পতিতানামন্ত্যজানাং দর্শনে ভাষণে শ্রুতে ।
ক্ষুতেঽধোবায়ুগমনে জৃম্ভণে জপমুৎসৃজেৎ ॥ ১৪৯ ॥
প্রাপ্তাবাচম্য চৈতেষাং প্রাণায়ামং ষড়ঙ্গকম্ ।
কৃত্বা সম্যগ্ জপেচ্ছেষং যদ্বা সূর্য্যাদিদর্শনম্ ॥১৫০॥

অনুবাদ—মন্ত্রার্ণবে—পতিত ও অন্ত্যজদিগের দর্শনে, ভাষণে বা ভাষণ শ্রবণে, হাঁচিতে, অধোবায়ু নিঃসরণে, হাই তুলিলে জপ বন্ধ রাখিবে এবং আচমন করিয়া প্রাণায়াম ষড়ঙ্গন্যাস করিয়া অথবা সূর্য্য দর্শন করিয়া পবিত্র হইয়া অবশিষ্ট জপ সমাপণ করিবে ॥ ১৪৯-১৫০ ॥

টীকা—ভাষণে সম্ভাষণে, শ্রুতে চ শ্রবণে সতি, যদ্বা, ভাষণে চ বচনে শ্রুতে সতি। অশুভ ইতি পাঠে দর্শনাদীন্মং সর্ব্বেষামেব বিশেষণম্, উৎসৃজে-দিত্যত্র হেতুত্বেন ॥ ১৪৯ ॥

টীকা—এতেষাং পতিতান্ত্যজদর্শনাদীনাং প্রাপ্তৌ সত্যাং, প্রাণায়ামং ষড়ঙ্গন্যাসঞ্চ কৃত্বা ॥ ১৫০ ॥

মার্জ্জারং কুক্কুটং ক্রৌঞ্চং শ্বানং শূদ্রং খরং কপিম্ ।
দৃষ্ট্বাচম্যাচরেৎ কর্ম্ম স্পৃষ্ট্বা স্নানং বিধীয়তে ॥১৫১

অনুবাদ—বিড়াল, মোরগ, বক, কুকুর, শূদ্র, গর্দ্দভ, বানর—ইহাদিগকে দেখিলে আচমন করিয়া জপকর্ম্ম করিবে, স্পর্শ করিলে স্নান কর্ত্তব্য ॥ ১৫১ ॥

টীকা—কর্ম্ম জপলক্ষণম্ ॥ ১৫১ ॥

নারদপঞ্চরাত্রে চ—

সকৃদুচ্চারিতে শব্দে প্রণবং সমুদীরয়েৎ ।
প্রোক্তে চাচম্য বাণ্যাপি প্রাণায়ামং সকৃচ্চরেৎ ॥ ১৫২ ॥

অনুবাদ—নারদ-পঞ্চরাত্রেও—একবার অন্য শব্দ উচ্চারণ করিলে প্রণব কীর্ত্তন করিবে। কথা বলিলে আচমন করিয়া একবার প্রাণায়াম করিবে ॥ ১৫২ ॥

বহুপ্রলাপে চাচম্য ন্যস্যাঙ্গানি ততো জপেৎ ।
ক্ষুতেঽপ্যেবং তথাস্পৃশ্যস্থানানাং স্পর্শনে ভবেৎ ॥ ১৫৩ ॥

অনুবাদ—বহু প্রলাপ করিলে আচমন ও অঙ্গ-ন্যাস করিয়া জপ করিবে, হাঁচিতেও ঐরূপ, আর অস্পৃশ্য স্থানসমূহের স্পর্শনেও ঐরূপ করিয়া জপ করিবে ॥ ১৫৩ ॥

কিঞ্চান্যত্র—

জীর্ণে সূত্রে পুনঃ সূত্রং গ্রথয়িত্বা শতং জপেৎ ।
প্রমাদাৎ পতিতে হস্তাচ্ছতমষ্টোত্তরং জপেৎ ।
তাবন্নিষিদ্ধসংস্পর্শে ক্ষালয়িত্বা যথোদিতম্ ॥ ১৫৪ ॥

অনুবাদ—আরও অন্যত্র—সূত্র জীর্ণ হইলে পুন-রায় নূতন সূত্রে গাঁথিয়া শতবার জপ করিবে, হস্ত হইতে অন্যমনস্কহেতু মালা পতিত হইলে একশত আটবার জপ করিবে, নিষিদ্ধ বস্তুমাত্রস্পর্শে মালাকে প্রক্ষালন করিয়া পূর্ব্বে যাহা উক্ত হইয়াছে, তাহা করিয়া জপ করিবে ॥ ১৫৪ ॥

টীকা—তাবদষ্টোত্তরশতং যথোদিতমিতি পূর্ব্ব-লিখিতমন্ত্র-পঞ্চগব্যাদিনা প্রক্ষাল্যেত্যর্থঃ ॥ ১৫৪ ॥

অথ জপভেদাঃ তল্লক্ষণাদি চ

নারসিংহে—

ত্রিবিধো জপযজ্ঞঃ স্যাৎ তস্য ভেদান্নিবোধত।
বাচিকশ্চ উপাংশুশ্চ মানসশ্চ ত্রিধা মতঃ।
ত্রয়াণাং জপযজ্ঞানাং শ্রেয়ান্ স্যাদুত্তরোত্তরঃ ॥১৫৫॥

অনুবাদ—অনন্তর জপভেদ ও তাহার লক্ষণসমূহ, নৃসিংহপুরাণে—জপযজ্ঞ ত্রিবিধ হয়, তাহার ভেদসমূহ জান—বাচিক জপ, উপাংশু জপ ও মানস জপ ত্রিবিধ স্বীকৃত, ত্রিবিধ জপ যজ্ঞমধ্যে পর পর শ্রেষ্ঠ ॥ ১৫৫ ॥

যদুচ্চনীচস্বরিতৈঃ স্পষ্টশব্দবদক্ষরৈঃ।
মন্ত্রমুচ্চারয়েদ্ব্যক্তং জপযজ্ঞঃ স বাচিকঃ ॥ ১৫৬ ॥

অনুবাদ—যাহা উচ্চ নীচ ও স্বরিত স্বরযোগে স্পষ্ট শব্দযুক্ত অক্ষর সমূহের সহিত স্পষ্টভাবে মন্ত্রকে উচ্চারণ করা হইলে ঐ জপযজ্ঞ বাচিক ॥১৫৬

টীকা—উচ্চনীচস্বরিতৈঃ উচ্চেন নীচেন স্বরিতেন বা উদাত্তানুদাত্তস্বরিতসংজ্ঞৈঃ স্বরৈরিত্যর্থঃ। স্বরেণ যুক্তৈঃ স্পষ্টশব্দবদ্ভিরক্ষরৈঃ, অতএব ব্যক্তং মন্ত্রমুচ্চারয়েদ্‌যৎ ॥ ১৫৬ ॥

শনৈরুচ্চারয়েন্মন্ত্রমীষদোষ্ঠৌ প্রচালয়েৎ।
কিঞ্চিচ্ছব্দং স্বয়ং বিদ্যাদুপাংশুঃ স জপঃ স্মৃতঃ ॥ ১৫৭ ॥

অনুবাদ—ধীরে ধীরে মন্ত্র উচ্চারণ করিয়া ঈষৎভাবে ওষ্ঠদ্বয় চালনা করিয়া কিঞ্চিৎশব্দ স্বয়ং শ্রবণ করা যায়, তাহাই উপাংশু জপ জানিবে ॥ ১৫৭ ॥

টীকা—স্বয়মেব বিদ্যাৎ জানীয়াৎ শৃণুয়াদিত্যর্থঃ ॥ ১৫৭ ॥

ধিয়া যদক্ষরশ্রেণ্যা বর্ণাদ্বর্ণং পদাৎ পদম্।
শব্দার্থচিন্তনাভ্যাসঃ স উক্তো মানসো জপঃ ॥১৫৮॥

অনুবাদ—বুদ্ধিদ্বারা যাহার অক্ষরশ্রেণী বর্ণ হইতে অন্যবর্ণ, পদ হইতে অন্যপদ এবং শব্দের অর্থ চিন্তন অভ্যাস তাহাই মানস জপ নামে উক্ত ॥ ১৫৮ ॥

টীকা—বর্ণাদেকস্মাৎ ক্রমেণান্যবর্ণং ব্যাপ্য, এবং পদাৎ পদং ব্যাপ্য, ইত্থং শব্দস্য অর্থস্য চ যচ্চিন্তনমনুসন্ধানং, তস্য অভ্যাসঃ পুনঃপুনরাবৃত্তিঃ ॥ ১৫৮ ॥

তত্র চ যাজ্ঞবল্ক্যঃ—

উপাংশুজপযুক্তস্য তস্মাচ্ছতগুণো ভবেৎ।
সহস্রো মানসঃ প্রোক্তো যস্মাদ্ধ্যানসমো হি সঃ ॥১৫৯

অনুবাদ—উক্ত বিষয়ে যাজ্ঞবল্ক্য—বাচিক জপ যজ্ঞ হইতে উপাংশু জপ শতগুণ অধিক ফল হয়, এবং মানসজপ সহস্রগুণ ফলপ্রদ যেহেতু উহা ধ্যান সম ॥ ১৫৯ ॥

টীকা—উপাংশুজপযুক্তস্য জপঃ শতগুণঃ স্যাদ্বাচিকাজ্জপাচ্ছতগুণো ভবেদিত্যর্থঃ ॥ ১৫৯ ॥

মন্ত্রার্ণবে—

পশুভাবে স্থিতা মন্ত্রাঃ কেবলং বর্ণরূপিণঃ।
সৌষুম্ণাধ্বন্যুচ্চরিতাঃ প্রভুত্বং প্রাপ্নুবন্তি হি ॥১৬০॥

অনুবাদ—মন্ত্রার্ণবে—মন্ত্রসমূহ কেবল বর্ণরূপী পশুভাবে স্থিত, সামর্থ্যহীন, সুষুম্না-নামক নাড়ীপথে উচ্চারিত হইয়া মন্ত্রসমূহ সামর্থ্য প্রকাশ করে ॥১৬০॥

টীকা—সৌষুম্নেন সুষুম্নাখ্য-নাড়ীসম্বন্ধিনি অধ্বনি ছিদ্রমার্গে উচ্চারিতাঃ সন্তঃ, প্রভুত্বং সামর্থ্যম্ ॥১৬০॥

ন দোষো মানসে জপ্যে সর্ব্বদেশেঽপি সর্ব্বদা।
জপনিষ্ঠো দ্বিজশ্রেষ্ঠাঃ সর্ব্বযজ্ঞফলং লভেৎ ॥১৬১॥

অনুবাদ—মানসজপে দেশ কালের বাধা নাই, সর্ব্বদেশে ও সর্ব্বকালে মানসজপে দোষ নাই, হে দ্বিজশ্রেষ্ঠগণ! মানস জপনিষ্ঠ সর্ব্বযজ্ঞ ফল লাভ করেন ॥ ১৬১ ॥

টীকা—অতএব মানসো জপঃ পরমোত্তম ইত্যাহ—ন দোষ ইতি। দ্বিজশ্রেষ্ঠা ইতি তত্রত্যবিপ্রাণাং সম্বোধনম্। দ্বিজশ্রেষ্ঠ ইত্যেকবচনান্তপাঠোঽপি কৃচিৎ ॥ ১৬১ ॥

অশুচির্ব্বা শুচির্বাপি গচ্ছংস্তিষ্ঠন্ স্বপন্নপি।
মন্ত্রৈকশরণো বিদ্বান্ মনসৈব সদাভ্যসেৎ ॥১৬২॥

অনুবাদ—একমাত্র মন্ত্রাশ্রিত বিদ্বান ব্যক্তি অশুচি বা শুচি অবস্থায় গমনকালে, অবস্থান কালে, শয়ন-কালে ও মনে মনেই সর্ব্বদা অভ্যাস করিবেন ।।১৬২

টীকা—মন্ত্রৈকশরণ ইত্যনেন পুরশ্চরণাদিপরস্তু যথোক্তদেশকালাদাবেবাভ্যসেদিত্যভিপ্রেতম্ ।। ১৬২ ।।

কিঞ্চান্যত্র—

মানসঃ সিদ্ধিকামৈস্তু পুষ্টিকামৈরুপাংশুকঃ ।
বাচিকো মারণোচ্চাটে প্রশস্তো জপ ঈরিতঃ ।।১৬৩

অনুবাদ—আরও অন্যত্র—সিদ্ধিকামীগণ মানস জপ, পুষ্টিকামীগণ উপাংশু জপ, শত্রুমারণ ও উচ্চাটনে বাচিক জপ প্রশস্ত বলিয়া কীর্ত্তিত ।। ১৬৩ ।।

অথ জপমাহাত্ম্যম্

যাজ্ঞবল্ক্যসংহিতায়াম্—

পাকযজ্ঞাশ্চ চত্বারো বিধিযজ্ঞসমন্বিতাঃ
সর্ব্বে তে জপযজ্ঞস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ।।১৬৪

অনুবাদ—অনন্তর জপ মাহাত্ম্য, যাজ্ঞবল্ক্য সংহিতাতে—জ্যোতিষ্টোমাদি বিধিযজ্ঞ সমন্বিত চতুর্ব্বিধ পাকযজ্ঞ, ঐ সকল জপযজ্ঞের ষোড়শ ভাগের একভাগেরও সমান নহে ।। ১৬৪ ।।

টীকা—পাকযজ্ঞা ব্রহ্মযজ্ঞব্যতিরিক্তা দেবযজ্ঞাদয়ঃ, বিধিযজ্ঞাঃ জ্যোতিষ্টোমাদয় ।। ১৬৪ ।।

পদ্মনাভীয়ে—

যাবন্তঃ কর্ম্মযজ্ঞাশ্চ প্রদীপ্তানি তপাংসি চ ।
সর্ব্বে তে জপযজ্ঞস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ।।১৬৫

অনুবাদ—পদ্মনাভীয়ে—যে সকল কর্ম্ম যজ্ঞ এবং প্রদীপ্ত তপস্যা সমূহ, ঐ সকল জপযজ্ঞের ষোড়শ-ভাগের এক ভাগের সমান নহে ।। ১৬৫ ।।

জপেন দেবতা নিত্যং স্তূয়মানা প্রসীদতি ।
প্রসন্না বিপুলান্ ভোগান্ দদ্যান্মুক্তিঞ্চ শাশ্বতীম্ ।।১৬৬

অনুবাদ—জপদ্বারা দেবতা নিত্য আরাধিত হইয়া প্রসন্ন হন, প্রসন্ন হইয়া বিপুল ভোগ ও শ্রীবৈকুণ্ঠ লোকপ্রাপ্তিরূপ শাশ্বতী মুক্তি দান করেন ।। ১৬৬ ।।

টীকা—শাশ্বতীং মুক্তিং, শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্তি-লক্ষণম্ ।। ১৬৬ ।।

তত্র জপপ্রকারবিশেষেণ ফলবিশেষাঃ

ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে শ্রীমহাদেবোমাসংবাদে—

অথেদানীং প্রবক্ষ্যামি মন্ত্রজপ্যবিধিং প্রিয়ে ।
কেবলং জপমাত্রেণ যস্য সিধ্যন্তি সিদ্ধয়ঃ ।।১৬৭।।

অনুবাদ—তন্মধ্যে জপ প্রকার বিশেষে ফল বিশেষ, ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে শ্রীমহাদেব-উমা-সংবাদে—অনন্তর এখন হে প্রিয়ে মন্ত্রজপবিধি বলিব, যাহার কেবল জপমাত্রই সিদ্ধিসমূহ ফলপ্রদহয় ।। ১৬৭ ।।

টীকা—কেবলং পূজাদিকং বিনাপীত্যর্থ ।। ১৬৭।।

শ্রীবীজপুটিতং মন্ত্রং যদি জপ্যেত মন্ত্রবিৎ ।
কমলা তদ্বশে তিষ্ঠেদ্‌যথা কৃষ্ণে রমেত সা ।।১৬৮।।

অনুবাদ—মন্ত্রবিৎ সাধক শ্রী-বীজপুটিত মন্ত্র যদি জপ করে, কমলা সর্ব্বসম্পত্তি সহ তাহার প্রতিপ্রসন্ন হইয়া থাকেন যেমন শ্রীকৃষ্ণে লক্ষ্মীদেবী অনুরক্তা ।। ১৬৮ ।।

টীকা—কমলা—সর্ব্বসম্পত্তিরিত্যর্থঃ ।। ১৬৮ ।।

কামেন পুটিতং মন্ত্রং প্রজপেদ্‌যদি ভামিনি ।
মোহয়ত্যেব সকলং জগদেব ন সংশয়ঃ ।। ১৬৯ ।।

অনুবাদ—হে ভামিনি ! কামবীজ সহ পুটিত মন্ত্রকে যদি কেহ জপ করে, তাহা হইলে সে সমগ্র জগৎকে মোহিত করে, ইহাতে সংশয় নাই ।। ১৬৯ ।।

টীকা—কামেন—তদ্বীজেন ।। ১৬৯ ।।

মায়াবীজেন পুটিতং যদি জপ্যেন্মহামনুম্ ।
অষ্টৈশ্বর্য্যাণি সন্তুষ্য তস্য পাদে গতানি বৈ ।।১৭০।।

অনুবাদ—মায়াবীজ দ্বারা পুটিত মহামন্ত্রকে যদি

কেহ জপ করে, অষ্টবিধ ঐশ্বর্য্য মিলিত হইয়া তাহার অনুগত হয় ॥ ১৭০ ॥

বাগ্‌ভবেনাপি পুটিতং যদি জপেৎ সমাহিতঃ।
বেদবেদাঙ্গপারজ্ঞঃ সর্ব্বজ্ঞো ভবতি ধ্রুবম্ ॥ ১৭১ ॥

অনুবাদ—বাগ্‌বীজ (ঐং) দ্বারা পুটিত মন্ত্র সমাহিত চিত্তে জপ করিলে নিশ্চয়ই বেদবেদাঙ্গ পারদর্শী ও সর্ব্বজ্ঞ হয় ॥ ১৭১ ॥

টীকা—বাগ্‌ভবেন—সরস্বতীবীজেন ॥ ১৭১ ॥

ধ্রুবেণ পুটিতং মন্ত্রং যদি জপেন্মহেশ্বরি।
বীজং কূটঞ্চ বিচ্ছিদ্য মুক্তিভাগী ভবেন্নরঃ ॥১৭২॥

অনুবাদ—হে মহেশ্বরি! প্রণব দ্বারা পুটিত মন্ত্র যদি জপ করে, মানব বীজ ও কূট রূপ অবিদ্যা গ্রন্থি ভেদ করিয়া মুক্তি ভাগী হয় ॥ ১৭২ ॥

টীকা—ধ্রুবেণ প্রণবেন, বীজরূপং কূটরূপঞ্চ কর্ম্ম বিচ্ছিদ্র্য নিরস্য ॥ ১৭২ ॥

ইদানীং শৃণু দেবি ত্বং কেবলস্য মনোর্বিধিম্।
দশকৃত্বো জপেন্মন্ত্রমাপৎ-কল্পেন মুচ্যতে ॥ ১৭৩ ॥

অনুবাদ—হে দেবি এক্ষণে তুমি কেবল মন্ত্রের বিধি শ্রবণ কর, মন্ত্রকে দশবার জপ করিলে আপৎ-কল্পে মুক্ত হয় ॥ ১৭৩ ॥

টীকা—আপৎকল্পেন—সর্ব্বোপদ্রবেণ ॥ ১৭৩ ॥

বিংশত্যা জপমাত্রেণ রক্ষয়েন্মন্ত্র এব হি।
শতজপ্তেন মন্ত্রেণ দিনপাপৈঃ প্রমুচ্যতে ॥ ১৭৪ ॥

অনুবাদ—বিশবার কেবল জপ করিলে মন্ত্রই রক্ষা করেন, শতবার জপ করিলে দিনকৃত পাপসমূহ হইতে মুক্ত হয় ॥ ১৭৪ ॥

টীকা—বিংশত্যা বিংশতিবারানিত্যর্থঃ। মন্ত্র এব রক্ষয়েদিতি দ্বারপালযামিকাদি ব্যতিরেকেণাপি তস্য সর্ব্বত্র দুষ্টাদিভ্যো রক্ষা স্যাদিত্যর্থঃ ॥ ১৭৪ ॥

সহস্রজপ্তেন তথা মুচ্যতে মহতৈনসা।
অযুতস্য জপেনৈব মহাপাতকনাশনম্ ॥ ১৭৫ ॥

অনুবাদ—সহস্রবার মন্ত্র জপ করিলে মহা পাপ হইতে মুক্ত হয়, অযুতবার জপ দ্বারাই মহাপাতক নাশ হয় ॥ ১৭৫ ॥

অথ লক্ষজপান্মন্ত্রী দেববন্মোদতে দিবি।
কোটিজপ্তেন মন্ত্রেণ মুক্তিভাগী ভবেন্নরঃ ॥ ১৭৬ ॥

অনুবাদ—অনন্তর মন্ত্র সাধক লক্ষবার জপ দ্বারা স্বর্গে দেববৎ আনন্দিত হয়, কোটি জপ দ্বারা মানব মন্ত্রের সহিত মুক্তিভাগী হয় ॥ ১৭৬ ॥

অহর্নিশং জপেদ্‌যস্তু মন্ত্রী নিয়তমানসঃ।
স পশ্যতি ন সন্দেহো গোপবেশধরং হরিম্ ॥১৭৭॥

অনুবাদ—যে মন্ত্রসাধক সংযতচিত্তে দিবারাত্র মন্ত্রজপ করেন, তিনি গোপবেশধারী শ্রীহরিকে দর্শন করেন, ইহাতে সন্দেহ নাই ॥ ১৭৭ ॥

অথবা যানি মন্ত্রস্য পদানি কথিতানি তে।
তেষামন্যতমং জপ্যাদ্‌যত্র বৈ রোচতে মনঃ ॥১৭৮॥

অনুবাদ—অথবা মন্ত্রের যে সকল পদ কথিত আছে, তাহাদের মধ্যে যে কোন পদ রুচি অনুসারে জপ করা যায় ॥ ১৭৮ ॥

টীকা—তেষাং মধ্যে যত্র যস্মিন্ পদে মনো রোচতে, তদন্যতমমেকং পদং জপেৎ ॥ ১৭৮ ॥

বীজং জপ্ত্বা বিশালাক্ষি ভৌমৈশ্বর্য্যেণ যুজ্যতে।
দ্বিতীয়েন সুখাস্বাদং কুরুতে মন্ত্রিসত্তমঃ ॥ ১৭৯ ॥

অনুবাদ—হে বিশালাক্ষি! বীজ জপ করিলে পার্থিব ঐশ্বর্য্য লাভ হয়, দ্বিতীয় পদ জপ দ্বারা মন্ত্রি-সত্তম সাধক স্বর্গ সুখ অস্বাদন করে ॥ ১৭৯ ॥

টীকা—সুখাস্বাদং—স্বর্গভোগম্ ॥ ১৭৯ ॥

জ্ঞানবান্ স্যাৎ তৃতীয়েন তুরীয়েণ জগদ্গুরুঃ।
ভবেৎ পঞ্চমজপ্যেন মুক্তিভাগী ন সংশয়ঃ ॥১৮০॥

অনুবাদ—তৃতীয় পদ জপ দ্বারা জ্ঞানবান্ হয়, চতুর্থপদ জপ দ্বারা জগদ্গুরু হয়। পঞ্চম পদ জপ-দ্বারা মুক্তিভাগী হয়, ইহাতে সংশয় নাই ॥ ১৮০ ॥

টীকা—তুরীয়েণ—চতুর্থেন, জগদ্গুরুঃ—সর্ব্ব-শাস্ত্রার্থতত্ত্বোপদেষ্টা ॥ ১৮০ ॥

অজ্ঞানী চ জপেদ্বাপি নিজরুচ্যানুসারতঃ।
প্রথমং জ্ঞানসিদ্ধিন্তু দ্বিতীয়ং ত্বণিমাদিকম্ ॥১৮১॥

অনুবাদ—অজ্ঞানীও নিজরুচি অনুসারে জপ করিতে পারে। প্রথম পদজপ দ্বারা জ্ঞানসিদ্ধি দান করে। দ্বিতীয় পদজপ করিলে অণিমাদি সিদ্ধিলাভ হয় ॥ ১৮১ ॥

টীকা—প্রথমং জ্ঞানসিদ্ধিং প্রযচ্ছতীত্যুত্তরেণান্বয়ঃ। এবমগ্রেঽপি ॥ ১৮১ ॥

তৃতীয়ং সর্ব্বসৌখ্যঞ্চ চতুর্থ্যং দেবতাত্মতাম্।
পঞ্চমং বৈষ্ণবং লোকং ষষ্ঠং মুক্তিং প্রযচ্ছতি ॥১৮২

অনুবাদ—তৃতীয় পদ জপে সর্ব্ববিধ সুখ, চতুর্থ পদ জপদ্বারা দেবতাত্মতা—শ্রীকৃষ্ণসারূপ্য তদেক চিত্ততা দান করে। পঞ্চম পদ বৈষ্ণবলোক দান করে। ষষ্ঠপদ মুক্তি দান করে ॥ ১৮২ ॥

টীকা—দেবতাত্মতাং শ্রীকৃষ্ণসারূপ্যং তদেকচিত্ত-তাং বা ॥ ১৮২ ॥

অথ জপবিধিঃ

গুরুং সম্পূজ্য বিপ্রাংশ্চ সন্তর্প্যান্নরসাদিভিঃ।
আরভেত জপং কালে মঙ্গলেঽনুজ্ঞয়া গুরোঃ ॥১৮৩

অনুবাদ—অথ জপবিধি—শ্রীগুরুদেবকে সর্ব্ব-ভাবে পূজা করিয়া বিপ্রগণকে অন্নরসাদিদ্বারা তৃপ্ত করিয়া শ্রীগুরুদেবের আদেশ লইয়া শুভসময়ে জপ আরম্ভ করিবে ॥ ১৮৩ ॥

টীকা—পুরশ্চরণকর্ম্মারম্ভে প্রথমং শ্রীগুরুপূজা ব্রাহ্মণভোজনাদিকঞ্চ লিখতি—গুরুমিতি। মঙ্গলে শুভে কালে গুরোরনুজ্ঞয়া জপমারভেৎ। তথা চোক্তম্—'বিপ্রান্ সন্তর্পয়েদন্নভোজনাচ্ছাদনাদিভিঃ। বহুভি-র্বস্ত্রভূষাভিঃ সম্পূজ্য গুরুমাত্মনঃ। আরভেত জপং পশ্চাত্তদনুজ্ঞা-পুরঃসরম্' ইতি ॥ ১৮৩ ॥

প্রাতঃস্নানাদিকং কৃত্বা দত্ত্বা চার্ঘ্যং বিবস্বতে।
আচম্য জপসঙ্কল্পং বিদধীত যথাবিধি ॥ ১৮৪ ॥

অনুবাদ—প্রাতঃস্নানাদি করিয়া সূর্য্যার্ঘ্য দান করিয়া আচমন পূর্ব্বক যথাবিধি জপ সঙ্কল্প করিবে ॥ ১৮৪ ॥

টীকা—তত্র নিত্যকৃত্যং লিখতি—প্রাতরিতি পঞ্চভিঃ। যথাবিধীত্যস্য পূর্ব্বেণাপি সর্ব্বেণ সম্বন্ধঃ। তত্র সঙ্কল্পবিধিশ্চায়ম্—'আদ্যাষ্টাদশাক্ষরসংমোহন-মন্ত্রস্য সিদ্ধিকাম ইয়ৎসংখ্য-জপ-তদ্দশাংশাত্মক-দ্রব্যার্ক-হোম-তদ্দশাংশা-ত্মক-তর্পণ-তদ্দশাংশাভিষেক-তদ্দশাংশব্রাহ্মণভোজনাত্মকপুরশ্চরণং করিষ্যে ইতি ॥ ১৮৪ ॥

বিধায় বিধিনা পূর্ব্বং লিখিতেনার্চ্চনং প্রভোঃ।
আত্মার্পণান্তং শক্ত্যাথ জপং পূজাঙ্গমাচরেৎ ॥১৮৫॥

অনুবাদ—পূর্ব্বলিখিত বিধি অনুসারে ইষ্টদেবের অর্চ্চনা করিয়া আত্মসমর্পণ পর্য্যন্ত, অনন্তর যথাশক্তি পূজাঙ্গজপ করিবে ॥ ১৮৫ ॥

টীকা—পূর্ব্বং নিত্যকৃত্যলিখনে লিখিতেন বিধিনা প্রভোঃ শ্রীকৃষ্ণদেবস্যার্চ্চনম্ আত্মার্পণান্তং বিধায় পূজায়া অঙ্গভূতং জপমাচরেৎ স্বমন্ত্রং জপেৎ, শক্ত্যা যথাশক্তীত্যর্থঃ; ততশ্চ শক্তৌ সত্যামষ্টোত্তরসহস্র-মন্যথাষ্টোত্তরশতম্; তথা শক্তৌ সপ্তাবরণসহিতস্য অন্যথাবরণসহিতস্য কেবলস্য ধ্যানমাত্রেণ বেত্ত্যা-দিকমূহ্যম্। এতচ্চাগ্রে স্পষ্টং ভাবি ॥ ১৮৫ ॥

সমর্প্য তঞ্চ দত্ত্বার্ঘ্যং কৃত্বা পুষ্পাঞ্জলিং পুনঃ।
স্তুত্বা কৃষ্ণং প্রণম্যাথ প্রাশ্নীয়াচ্চরণামৃতম্ ॥ ১৮৬ ॥

অনুবাদ—ঐ জপ সমর্পণ করিয়া অর্ঘ্য দানান্তে

পুনঃ পুষ্পাঞ্জলি শ্রীকৃষ্ণকে দিয়া স্তব ও প্রণাম করিয়া অনন্তর শ্রীচরণামৃত পান করিবে ॥ ১৮৬ ॥

টীকা—তঞ্চ—জপম্ ॥ ১৮৬ ॥

ক্ষমস্বেতি বদন্ প্রার্থ্য চেদুদ্বাস্যং হৃদম্বুজে।
উদ্বাস্য বিধিবন্মানসোপচারৈর্যজেৎ পুনঃ ॥ ১৮৭ ॥

অনুবাদ—ক্ষমস্ব—এই বলিয়া প্রার্থনা করিয়া হৃদয়পদ্মে স্থাপন পূর্ব্বক যথাবিধি মানস উপচার সমূহদ্বারা পুনরায় পূজা করিবে ॥ ১৮৭ ॥

টীকা—উদ্বাস্যং উদ্বাসনযোগ্যং চেদ্ যদি স্যাত্তদা ক্ষমস্বেতি বদন্, প্রার্থ্য 'স্বস্থানমলঙ্কুরু' ইত্যভ্যর্থ্য হৃদম্বুজে উদ্বাস্যম্ ; বিধিবদিত্যস্য পূর্ব্বেণ পরেণাপি সম্বন্ধঃ। তত্রোদ্বাসনবিধিশ্চায়ম্—উদ্বাসনমুদ্রয়োদ্বাস্য দক্ষিণনাসাপুটকর্ণ্ঠমার্গেণ হৃৎকমলে নিধায়াঙ্কুশমুদ্রয়া নিরোধয়েদিত্যাদিকমানসোপচারপূজাবিধিশ্চ পূর্ব্বং সংক্ষেপেণ লিখিত এবাস্তি। স চ যথাশক্তি স্বরুচ্যনুসারেণৈব সর্ব্বত্র জ্ঞেয়ঃ। পুনরিতি—পুরশ্চরণার্থং পুনঃ পূজনং জ্ঞেয়ম্। শক্তৌ সত্যাং কিঞ্চিদ্বহিঃ পূজনমপি কেচিদিচ্ছন্তি ॥ ১৮৭ ॥

কৃষ্ণে সমর্প্য চাত্মানমৃষ্যাদিন্যাসপূর্ব্বকম্।
নিজং মন্ত্রং জপেদ্ভক্ত্যা সম্প্রদায়ানুসারতঃ ॥১৮৮॥

অনুবাদ—শ্রীকৃষ্ণে আত্মসমর্পণ করিয়া ঋষ্যাদি ন্যাসপূর্ব্বক নিজমন্ত্র ভক্তিসহ সম্প্রদায়ানুসারে জপ করিবে ॥ ১৮৮ ॥

টীকা—কৃষ্ণে চাত্মানং সমর্প্যেতি দানবিশেষো দর্শিতঃ। সম্প্রদায়ানুসারত ইতি—জপসংখ্যানিয়মাদিভেদেন বহুবিধঃ পুরশ্চরণবিধিঃ স্যাত্তত্র যথাস্বগুরুসম্প্রদায়মেব মন্ত্রং জপেদিত্যর্থঃ ॥ ১৮৮ ॥

অগ্নিপুরাণে—

দর্ভহস্তস্তথাসীনো দর্ভেষূদকপাণিনা।
প্রাঙ্মুখোদ্বর্ত্তয়েন্মালাং সহস্রং শতমেব বা ॥১৮৯॥

অনুবাদ—অগ্নিপুরাণে—কুশহস্তে যথারীতি কুশাসনে উপবেশন করিয়া পূর্ব্বমুখে জলহস্তে মালাকে সহস্র বার বা শতবার পরিবর্ত্তন করিবে ॥ ১৮৯ ॥

টীকা—দর্ভেষু আসীনঃ প্রাঙ্মুখঃ সন্, উদকযুক্তপাণিনা মালামুদ্বর্ত্তয়েৎ পরিবর্ত্তয়েৎ। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। সহস্রং বারান্, অশক্তৌ চ শতং বা, এতচ্চ পূজাঙ্গনিত্যজপাভিপ্রায়েণোক্তম্। দর্ভহস্তত্বাদিকঞ্চ সমানমেবেত্যত্র লিখিতম্ ॥ ১৮৯ ॥

মন্ত্রদেব-প্রকাশিন্যাম্—

সূর্য্যস্যাগ্রে গুরোরিন্দোর্দীপস্য চ জলস্য চ।
বিপ্রাণাঞ্চ গবাঞ্চৈব সন্নিধৌ সম্মুখে জপেৎ ॥১৯০॥

অনুবাদ—মন্ত্রদেব প্রকাশিনীতে—সূর্য্যদেবের অগ্রে, শ্রীগুরুদেবের অগ্রে, চন্দ্রের, দীপের, জলের, বিপ্রগণের, গাভীগণের নিকটে ও সম্মুখে রাখিয়া জপ করিবে ॥ ১৯০ ॥

নারদপঞ্চরাত্রে চ—

শনৈঃ শনৈঃ সুবিস্পষ্টং ন দ্রুতং ন বিলম্বিতম্।
ন ন্যূনং নাধিকং বাপি জপং কুর্য্যাদ্দিনে দিনে ॥১৯১

অনুবাদ—শ্রীনারদপঞ্চরাত্রেও—ধীরে ধীরে সুস্পষ্ট ভাবে, দ্রুত নহে বা বিলম্বিত নহে, কম সংখ্যা নহে, অধিক সংখ্যা নহে, প্রতিদিন জপ করিবে ॥ ১৯১ ॥

কিঞ্চ—

সম্পূজ্যাথ জপং কুর্য্যাদ্ যাবদ্বৈ প্রহরদ্বয়ম্।
তদূর্দ্ধে পূর্ব্ববৎ স্নাত্বা বিশেষেণ বিধানবিৎ ॥ ১৯২ ॥
ন্যাসাবসানমখিলং সর্ব্বং কুর্য্যাৎ পুরোদিতম্।
পূজাগ্নিহোমপর্য্যন্তং ততশ্চ জপমাচরেৎ ॥ ১৯৩ ॥

অনুবাদ—আরও—ইষ্টদেবের পূজা করিয়া পরে স্নান করিয়া দ্বিপ্রহর পর্য্যন্ত জপ করিবে, তাহার পর পূর্ব্ববৎ বিশেষ বিধানে স্নান করিয়া ন্যাস পর্য্যন্ত পূর্ব্বোক্ত সর্ব্ব কার্য্য করিবে, পূজা অগ্নিতে হোম পর্য্যন্ত, তৎপরে জপ করিবে ॥ ১৯২-১৯৩ ॥

টীকা—অথ—স্নানানন্তরম্ ॥ ১৯২ ॥

যাবদ্দিনাবসানন্তু ভূয়ঃ স্নায়াত্ততো দ্বিজ।
উপাস্য বিধিবৎ সন্ধ্যাং দেবেশং পূজয়েৎ পুনঃ ॥১৯৪

অনুবাদ—হে দ্বিজ ! দিন অবসান পর্য্যন্ত জপ করিয়া পুনরায় স্নান করিবে, যথাবিধি সন্ধ্যা উপাসনা করিয়া ইষ্টদেবকে পুনরায় পূজা করিবে ॥ ১৯৪ ॥

—————

বিসর্জ্য ভোজনং কুর্য্যাৎ সততং তারকোদয়ে ।
ভুক্ত্বা শয়ীত শয়নে মৃৎস্নিগ্ধে বাথ ভূতলে ॥১৯৫॥

অনুবাদ—মালাজপ বিসর্জ্জন করিয়া সর্ব্বদা তারকা উদিত হইলে ভোজন করিবে। ভোজনান্তে শয্যায় শয়ন করিবে, স্নিগ্ধ মাটিতে বা ভূতলে ॥১৯৫॥

টীকা—বিসর্জ্য দেবম্ ॥ ১৯৫ ॥

—————

অর্দ্ধরাত্রে সমুত্থায় পাদশৌচং চরেদ্দ্বিজ ।
আচম্য দেবং সংস্মৃত্য শীঘ্রং সম্পূজ্য পূর্ব্ববৎ ।
জপং কুর্য্যাদ্যথাশক্তি অর্পয়েচ্চ তথেশ্বরে ॥ ১৯৬ ॥

অনুবাদ—হে দ্বিজ ! অর্দ্ধরাত্রে উঠিয়া পাদ প্রক্ষালন পূর্ব্বক আচমন করিয়া ইষ্টদেবের স্মরণ করিয়া পূর্ব্ববৎ শীঘ্র পূজা করিয়া, যথাশক্তি জপ করিবে, এবং ঈশ্বরে জপ সমর্পণ করিবে ॥ ১৯৬ ॥

টীকা—প্রাতঃকালমারভ্য মধ্যাহ্নপর্য্যন্তং জপং কুর্য্যাদিত্যত্রোক্তং, নারদপঞ্চরাত্রে চ শ্রীভগবতোক্তম্—মধ্যাহ্নাৎ পরতো ন হি ইত্যাদি ভেদো মন্ত্রভেদেন শক্ত্যাদিভেদেন বা দ্রষ্টব্যঃ ॥ ১৯৬ ॥

—————

অন্যত্র চ—

নৈরন্তর্যবিধিঃ প্রোক্তস্তদ্দিনং নাতিলঙ্ঘয়েৎ ।
দিবসাতিক্রমাত্তেষাং সিদ্ধিরোধঃ প্রজায়তে ॥১৯৭।

অনুবাদ—অন্যত্রও—নিরন্তর এই বিধি বলা হইল প্রতিদিন কৃত্য, মধ্যে দিন লঙ্ঘন (ফাঁক) দিবে না, মধ্যে দিন অতিক্রম করিলে সিদ্ধিতে বাধা উপস্থিত হইবে ॥ ১৯৭ ॥

—————

কিঞ্চ—

অনন্যমানসঃ প্রাতঃকালান্মধ্যন্দিনাবধি ॥
ইতি ॥ ১৯৮ ॥

অনুবাদ—আরও—অন্যচিন্তা না করিয়া প্রাতঃকাল হইতে মধ্যাহ্ন পর্য্যন্ত জপ করিবে ॥ ১৯৮ ॥

—————

অতঃ কুর্য্যাজ্জপং নিত্যং শক্ত্যা নিয়তসংখ্যয়া ।
সংখ্যাপূর্ত্তৌ চ কুর্ব্বীত প্রাণায়ামং পুনঃ কৃতী ॥১৯৯

অনুবাদ—অতএব যথাশক্তি নিত্য নির্দ্ধারিত সংখ্যায় জপ করিবে। সাধক সংখ্যা পূর্ণ হইলে পুনরায় প্রাণায়াম করিবে ॥ ১৯৯ ॥

টীকা—শক্ত্যা যথাশক্তি, যা নিয়তা নিত্য-নিয়মিতা জপসংখ্যা, তয়ৈব নিত্যং জপং কুর্য্যাৎ, 'ন ন্যূনং নাধিকং বাপি জপং কুর্য্যাদ্দিনে দিনে' ইত্যাদুক্তেঃ। সংখ্যায়া স্তস্যাঃ পূর্ত্তৌ চ সমাপ্তৌ সত্যাম্ ॥ ১৯৯ ॥

—————

অথ হোমনিয়মঃ

নারদপঞ্চরাত্রে—

জপস্য তু দশাংশেন হোমঃ কার্য্যো দিনে দিনে ।
অথবা লক্ষপর্য্যন্তং হোমঃ কার্য্যো বিপশ্চিতা ॥
ইতি ॥ ২০০ ॥

অনুবাদ—অথ হোম নিয়ম, নারদপঞ্চরাত্রে—জপের দশাংশ হোম প্রতিদিন করণীয়, অথবা, লক্ষ-পর্য্যন্ত হোম করণীয় অভিজ্ঞ ব্যক্তি কর্ত্তৃক ॥ ২০০ ॥

টীকা—লক্ষসংখ্যায়াং পূর্ণায়ামেকৈকলক্ষজপে সম্পূর্ণে সতি, এতচ্চ ফলবিশেষার্থ-লক্ষচতুষ্টয়াদি-জপাভিপ্রায়েণ ॥ ২০০ ॥

—————

হোমে চ কুণ্ডনির্ম্মাণাদিকস্য লিখিতো বিধিঃ ।
পূর্ব্বং দীক্ষাবিধাবত্র বিশেষং কোঽপি লিখ্যতে ॥২০১

অনুবাদ—হোমে কুণ্ড নির্ম্মাণাদির বিধি পূর্ব্বে দীক্ষাবিধি প্রসঙ্গে লিখিত আছে, এস্থলে বিশেষ কোন কোন বিধি লিখিত হইতেছে ॥ ২০১ ॥

টীকা—পূর্ব্বং দীক্ষাবিধৌ লিখিতঃ ; অত্র চ পুরশ্চরণবিধৌ কোঽপি বিশেষো লিখ্যতে ॥ ২০১ ॥

—————

কুর্য্যাদ্রক্তাম্বুজৈর্হোমং গুড়াজ্যমধুসংপ্লুতৈঃ ।
তদলাভে পায়সেন সিতাসর্পির্যুতেন হি ॥ ২০২ ॥

অনুবাদ—রক্তপদ্ম সমূহদ্বারা হোম করিবে, গুড়, ঘৃত, মধুতে ডুবাইয়া, তাহার অভাবে পায়স দ্বারা শর্করা, ঘৃত যুক্ত করিয়া ॥ ২০২ ॥

টীকা—তদেব লিখতি—কুর্য্যাদিতি ; তদলাভে রক্তাম্বুজাদ্যপ্রাপ্তৌ সত্যাম্ ॥ ২০২ ॥

হোমাশক্তৌ জপং হোমসংখ্যায়াস্তু চতুর্গুণম্ ।
ষড়্‌গুণং চাষ্টগুণিতং ক্রমাৎ কুর্য্যাদ্দ্বিজাস্ত্রয়ঃ ॥২০৩

অনুবাদ—হোম করিতে অশক্ত হইলে হোম-সংখ্যার ব্রাহ্মণ চতুর্গুণ, ক্ষত্রিয় ষড়্‌গুণ, বৈশ্য অষ্ট-গুণ জপ করিবেন ॥ ২০৩ ॥

টীকা—মুখ্যকল্পাশক্তৌ গৌণকল্পং লিখতি—হোমাশক্তাবিতি । ত্রয়ো দ্বিজা-বিপ্র-ক্ষত্রিয়-বৈশ্যাঃ । ক্রমাৎ হোমসংখ্যায়াঃ—হোমস্য যাবতী সংখ্যা লিখিতা জপদশমাংশরূপা, তস্যাশ্চতুর্গুণং জপং বিপ্রঃ, ষড়্‌গুণং ক্ষত্রিয়ং, অষ্টগুণং বৈশ্যঃ কুর্য্যাদিত্যর্থঃ । তথা চোক্তম্—'হোমাশক্তৌ জপং কুর্য্যাৎ হোমসংখ্যা চতুর্গুণম্ । ষড়্‌গুণঞ্চাষ্টগুণিতং যথাসংখ্যং দ্বিজা-ত্রয় ॥' ইতি ॥ ২০৩ ॥

কেচিচ্চাহুঃ—

হোমকর্ম্মণ্যশক্তানাং বিপ্রাণাং দ্বিগুণো জপঃ ।
ইতরেষান্তু বর্ণানাং ত্রিগুণাদিবিধীয়তে ॥ ২০৪ ॥

অনুবাদ—কেহ কেহ বলেন—হোমকর্ম্মে অশক্ত গণের মধ্যে বিপ্রগণের দ্বিগুণ জপ, ক্ষত্রিয়ের তিনগুণ জপ, বৈশ্যের চতুর্গুণ জপবিধি ॥ ২০৪ ॥

টীকা—ইতরেষাং ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্রাণাং ত্রিগুণাদিঃ; ক্ষত্রিয়স্য ত্রিগুণঃ, বৈশ্যস্য চতুর্গুণঃ, শূদ্রস্য পঞ্চগুণ ইত্যর্থঃ ॥ ২০৪ ॥

অথ জপসংখ্যানিয়মঃ

সহোমশ্চ ত্রিবর্ণানাং তুল্য এব জপঃ স্মৃতঃ ।
জপো যো হোমরহিতস্তেষাং তদ্‌যোষিতাং হি সঃ ॥ ২০৫ ॥

অনুবাদ—অথ জপসংখ্যা নিয়ম, হোম সহিত ত্রিবর্ণের সমান জপ বিধি । হোমে অক্ষম ত্রিবর্ণ ব্যক্তিগণের ও তাহাদের স্ত্রীগণের জপ তত তত গুণ কর্ত্তব্য অর্থাৎ ব্রাহ্মণ স্ত্রীর চতুর্গুণ, ক্ষত্রিয়স্ত্রীর ষড়্‌-গুণ, এবং বৈশ্য স্ত্রীর অষ্টগুণ করার বিধি ॥ ২০৫ ॥

অনুবাদ—রেখা সকলের ব্যতিক্রম ঘটিলে উত্তম আচার্য্য পাতাল-নরসিংহ মন্ত্র দ্বারা সহস্র হোম করিবেন। মন্ত্ররাজ তৃপ্ত হইলে তখন ঐ শিলা মানবগণের শুভপ্রদা হয় ॥ ৪০৯ ॥

বিপরীতে তু বিমলে বিন্দুকে হীরকে তথা।
ইমমেব বিধিং কুর্য্যাদন্যস্মিন্নপি গর্হিতে ॥ ৪১০ ॥

অনুবাদ—সেইরূপ বিমল হীরকে বিপরীত বিন্দু হইলে পূর্ব্বোক্ত বিধি অনুসারে হোম করিবে, অন্য কোন নিন্দনীয় হইলেও এই বিধি ॥ ৪১০ ॥

যুবা মধ্যা ভবেদ্গ্রাহ্যা বালা বৃদ্ধা চ গর্হিতা ॥৪১১॥

অনুবাদ—যুবা ও মধ্যা শিলা গ্রহণীয়া, বালা ও বৃদ্ধা শিলা নিন্দনীয়া ॥ ৪১১ ॥

সুগন্ধা নিবিড়া স্নিগ্ধা তথা গম্ভীরনিস্বনা।
শীতলা যা চ তেজাঢ্যা যুবেতি প্রোচ্যতে
শিলা ॥ ৪১২ ॥

অনুবাদ—যে শিলা সুগন্ধা, নিবিড় স্নিগ্ধা ও গম্ভীর শব্দ যুক্তা, শীতলা ও তেজযুক্তা, তাহাই যুবা বলিয়া কথিতা ॥ ৪১২ ॥

তদ্রূপা প্রোচ্যতে মধ্যা কিন্তু সা কঠিনা ভবেৎ।
অতিমৃদ্বী ভবেদ্বালা বৃদ্ধাতিকঠিনা মতা ॥ ৪১৩ ॥

অনুবাদ—মধ্যা শিলা ঐরূপই কিন্তু তাহা পূর্ব্বাপেক্ষা কঠিনা হইবে, অতিশয় মৃদুশিলা বালা হইবে, অতিশয় কঠিনা বৃদ্ধা ॥ ৪১৩ ॥

টঙ্কাঘাতা মতা বালা বৃদ্ধা লোকক্ষয়ঙ্করী।
স্ত্রীপুংনপুংসকঞ্চৈব লক্ষণেনৈব লক্ষয়েৎ ॥ ৪১৪ ॥

অনুবাদ—বালা শিলা অতি মৃদুহেতু টঙ্কের আঘাতে অধিক ক্ষত হয়, বৃদ্ধা শিলা লোকক্ষয়-কারিণী। স্ত্রী, পুরুষ ও নপুংসক শিলা লক্ষণভেদে চিহ্নিত করিবে ॥ ৪১৪ ॥

উৎপাট্যমানে দৃশ্যেত তিন্দুকালাতবৎ জ্বলন্।
স্ফুলিঙ্গঃ শ্রূয়তে নাদঃ কাংস্যঘণ্টানিনাদবৎ।
মূলে মধ্যে তথাগ্রে চ পুংলিঙ্গেতি তু সা স্মৃতা ॥৪১৫

অনুবাদ—শিলা উৎপাটন কালে তিন্দুক অর্থাৎ গাব ফলের অলাতচক্রবৎ জ্বলিতে থাকে, অগ্নি-স্ফুলিঙ্গ বাহির হয় এবং কাঁসার ঘণ্টাধ্বনির ন্যায় শব্দ শুনা যায়, মূলে, মধ্যে ও অগ্রে একই রূপ লক্ষণ, ঐ শিলা পুংলিঙ্গ ॥ ৪১৫ ॥

তদেব লক্ষণং যদ্বন্মন্দমন্দং প্রতীয়তে
স্ত্রীলিঙ্গেতি তদা সা চ ভিন্নকাংস্যধ্বনিস্তু যা ॥৪১৬॥

অনুবাদ—ঐরূপ লক্ষণ যখন মন্দমন্দ প্রতীত হয় কিন্তু ধ্বনি যাহার ভাঙ্গা কাসার ধ্বনির ন্যায়, তখনই তাহা স্ত্রীলিঙ্গ শিলা ॥ ৪১৬ ॥

নপুংসকেতি সা জ্ঞেয়া ন যত্রৈতদ্দ্বয়ং ভবেৎ ॥ ৪১৭॥

অনুবাদ—ঐ দ্বিবিধ লক্ষণই যাহাতে নাই তাহাই নপুংসক শিলা জানিবে ॥ ৪১৭ ॥

পুংলিঙ্গৈঃ প্রতিমা কার্য্যা স্ত্রীলিঙ্গৈঃ পাদপীঠিকা।
পিণ্ডিকার্থং তু সা গ্রাহ্যা দৃষ্টা যা
মণ্ডলক্ষণা ॥ ৪১৮ ॥

অনুবাদ—পুংলিঙ্গ শিলাদ্বারা প্রতিমা কর্ত্তব্যা, স্ত্রীলিঙ্গ শিলা দ্বারা পাদপীঠিকা নির্ম্মাণ করিবে, নপুংসক শিলা পিণ্ডিকা নির্ম্মাণ নিমিত্ত গ্রহণ কর্ত্তব্যা ॥ ৪১৮ ॥

লিঙ্গানাং তু বিপর্য্যাসে পূর্ব্বোক্তং হোমমাচরেৎ।
ছেদনে ভেদনে বাপি শিলাগর্ভঃ সমীক্ষ্যতে ॥ ৪১৯ ॥

অনুবাদ—লিঙ্গ বিপরীত ঘটিলে পূর্ব্বোক্ত পাতাল নরসিংহ হোম অনুষ্ঠান করিবে। ছেদন বা ভেদন কালে শিলা সগর্ভা ও নিগর্ভা পরিলক্ষিত হয় ॥৪১৯॥

দৃশ্যতে মণ্ডলং যস্যাং সগর্ভাং তাং বিনির্দ্দিশেৎ।
মণ্ডুকো মণ্ডলে তস্যা লোহিতে নাত্র সংশয়ঃ ॥ ৪২০ ॥

অনুবাদ—যে শিলাতে গোলাকার চিহ্ন দৃষ্ট হয়, তাহাকে সগর্ভা শিলা বলিয়া নির্দ্দেশ করিবে। শিলার মণ্ডল লালবর্ণ হইলে ভেক জন্মে ইহাতে সন্দেহ নাই ॥ ৪২০ ॥

হরিদ্রাভে ভবেদ্‌গোধা কৃষ্ণসর্পস্তথা সিতে।
নিস্ত্রিংশসদৃশে তোয়ং গৃহগোধা তু কর্কশে ॥ ৪২১ ॥

অনুবাদ—মণ্ডল হরিদ্রাভবর্ণ হইলে গোসাপ জন্মে, শ্বেতবর্ণ হইলে কৃষ্ণসর্প, খড়্গবর্ণ হইলে জল, কর্কশে টিকটিকী ॥ ৪২১ ॥

আখুর্হরিদ্রাবর্ণে স্যাদরুণে সরটস্তথা।
পিঙ্গবর্ণে তু পাষাণঃ পদ্মাভে সিকতা ভবেৎ ॥ ৪২২॥
বৃশ্চিকঃ স্যাদ্বিচিত্রে তু পীতনীলে পতঙ্গকঃ।
পারাবতাভে খদ্যোতং মণ্ডলে তু বিনির্দ্দিশেৎ ॥৪২৩॥

অনুবাদ—হরিদ্রা বর্ণে ইঁদুর, অরুণ বর্ণে কৃকলাস, পিঙ্গল বর্ণে পাষাণ, পদ্মবর্ণে বালি, বিচিত্র বর্ণে বৃশ্চিক, পীত ও নীলবর্ণে পতঙ্গ, পারাবত বর্ণে জোনাকী পোকা জন্মে এইরূপ নির্দ্দেশ করিবে ॥৪২২-৪২৩ ॥

অকল্পনা তু মণ্ডুকে দৌর্ভাগ্যং গোধয়া ভবেৎ।
সর্পে বিষেণ মরণমতিবৃষ্টিস্তথা জলে ॥ ৪২৪ ॥
ধনহানিস্তু গোধায়ামাখুনানিষ্টমুদ্ভবেৎ।
অল্পায়ুষ্টং তু সরটে পাষাণে বিদ্যুতা বধঃ ॥ ৪২৫ ॥
বালুকায়ামনাবৃষ্টিঃ কলহো বৃশ্চিকে ভবেৎ।
রাষ্ট্রোচ্ছিত্তিস্তু শলভে খদ্যোতে গাত্রসংক্ষয়ঃ ॥ ৪২৬॥

অনুবাদ—ভেকে অকল্পনা, গোসাপে দুর্ভাগ্য সূচিত হয়, সর্পে বিষদ্বারা মরণ, জলে অতিবৃষ্টি, টিকটিকীতে ধনহানি, ইঁদুরে অনিষ্ট, কৃকলাসে অল্পায়ু, পাষাণে বিদ্যুৎপাতে বধ, বালুকাতে অনাবৃষ্টি, বৃশ্চিকে কলহ, পতঙ্গে রাজ্য নাশ, জোনাকীতে গাত্রক্ষয় ॥ ৪২৪-৪২৬ ॥

তস্মাৎ পরীক্ষ্য যত্নেন শিলাং গৃহ্ণীত দেশিকঃ।
॥ ৪২৭ ॥

অনুবাদ—অতএব আচার্য্য যত্নপূর্ব্বক শিলা পরীক্ষা করিয়া গ্রহণ করিবেন ॥ ৪২৭ ॥

সগর্ভয়া তু শিলয়া রূপকঃ ক্রিয়তে যদি।
তদ্দেশে ম্রিয়তে রাজা যজমানোঽথ দেশিকঃ।
শিলায়ামপি বৃক্ষেষু যত্নাদ্‌গর্ভং সমীক্ষয়েৎ ॥ ৪২৮॥

অনুবাদ—পূর্ব্বোক্ত সগর্ভা শিলা দ্বারা যদি প্রতিমা নির্ম্মিত হয়, তাহা হইলে ঐ দেশে রাজা, যজমান ও আচার্য্য বিনাশ প্রাপ্ত হয়। শিলাতে ও বৃক্ষসমূহে যত্নপূর্ব্বক গর্ভ দর্শন করিয়া সম্পূর্ণ পরীক্ষা পূর্ব্বক গ্রহণীয় ॥ ৪২৮ ॥

অথ শিল্পীকৃত্যম্

মাৎস্যে—

বিবিক্তে সংবৃতে স্থানে স্থপতিঃ সংযতেন্দ্রিয়ঃ।
পূর্ব্ববৎ কালদেশজ্ঞঃ শাস্ত্রজ্ঞঃ শুক্লভূষণঃ ॥ ৪২৯ ॥
প্রযতো নিয়তাহারো দেবতাধ্যানতৎপরঃ।
যজমানানুকূল্যেন বিদ্বান্ কর্ম্ম সমাচরেৎ ॥ ৪৩০ ॥

অনুবাদ—অনন্তর শিল্পিকৃত্য, মৎস্যপুরাণে—নির্জ্জনে আবৃত স্থানে শিল্পি সংযত চিত্ত হইয়া পূর্ব্ব-

বৎ কাল ও দেশজ্ঞ, শাস্ত্রজ্ঞ, শুক্ল ভূষণ, সংযত, নিয়-মিত আহার, দেবতা ধ্যান পরায়ণ, যজমানের হিতার্থে শিল্পী কুশল প্রতিমা-নির্ম্মাণ-কার্য্য আরম্ভ করিবেন ॥ ৪২৯-৪৩০ ॥

ধৃত্বা পূর্ব্বমুখং দ্রব্যমথবা চোত্তরামুখম্।
দধিদূর্ব্বাক্ষতৈঃ পূজ্য তদারম্ভে বলিং হরেৎ ॥ ৪৩১॥

অনুবাদ—আরম্ভ সময়ে শিলা বা কাষ্ঠ পূর্ব্ব মুখে বা উত্তর মুখে ধরিয়া দধি, দূর্ব্বা ও আতপ চাউল দ্বারা পূজা করিয়া উপহার অর্পণ করিবেন ॥ ৪৩১ ॥

পূর্ব্ববৎ ব্রহ্মঘোষাদ্যৈঃ স্থাপয়েদ্দ্রব্যমাচরেৎ ॥৪৩২

অনুবাদ—পূর্ব্ববৎ বেদধ্বনি প্রভৃতি সহ শিলা স্থাপন ও কার্য্যারম্ভ করিবেন ॥ ৪৩২ ॥

শুক্লৈর্গন্ধৈশ্চ পুষ্পৈশ্চ দ্রব্যং সম্পূজ্য ভক্তিতঃ।
স্বস্তিবাচনকং কৃত্বা প্রতিমাং সংবিভাজয়েৎ ॥৪৩৩॥

অনুবাদ—শ্বেতচন্দন ও শ্বেতপুষ্প দ্বারা শিলাকে ভক্তিভাবে পূজা করিয়া স্বস্তিবাচন পূর্ব্বক প্রতিমার অঙ্গ বিভাজন করিবে ॥ ৪৩৩ ॥

অথ পিণ্ডিকালক্ষণম্

হয়শীর্ষপঞ্চরাত্রে—

অতঃপরং প্রবক্ষ্যামি পিণ্ডিকালক্ষণং তব ॥ ৪৩৪ ॥

অনুবাদ—অনন্তর পিণ্ডিকালক্ষণ, হয়শীর্ষ পঞ্চ-রাত্রে—অতঃপর তোমার নিকট পিণ্ডিকালক্ষণ বলিব ॥ ৪৩৪ ॥

উচ্ছ্রায়ং প্রতিমার্দ্ধঞ্চ দৈর্ঘ্যেণ প্রতিমা সমা।
চতুঃষষ্টিং পুটান্ কৃত্বা পিণ্ডিকাং তত্র
কল্পয়েৎ ॥ ৪৩৫ ॥

অনুবাদ—উচ্চতা প্রতিমার অর্দ্ধ এবং দীর্ঘতায় প্রতিমার সমান। চতুঃষষ্টি পুট করিয়া সেস্থানে পিণ্ডিকা কল্পনা করিবে ॥ ৪৩৫ ॥

ত্যক্ত্বা পঙ্‌ক্তিদ্বয়ং চাধস্তদূর্দ্ধং যত্তু কোষ্ঠকম্।
সমস্তমুভয়োঃ পার্শ্বে অন্তস্থং পরিমার্জ্জয়েৎ ॥৪৩৬॥

অনুবাদ—নিম্নে দুই পঙ্‌ক্তি ত্যাগ করিয়া তাহার উপর যে কোষ্ঠ, উভয় পার্শ্বে দুই পঙ্‌ক্তি ত্যাগ করিয়া মধ্যে যে অংশ তাহা পরিমার্জ্জিত করিবে ॥ ৪৩৬ ॥

ঊর্দ্ধপঙ্‌ক্তিদ্বয়ং কৃত্বা অধস্তাদ্বর্ণকোষ্ঠকম্।
অন্তঃস্থং মার্জ্জয়েদ্‌যত্নাৎ পার্শ্বয়োরুভয়োঃ সমম্।
তয়োর্মধ্যগতৌ তত্র চতুষ্কৌ মার্জ্জয়েত্ততঃ ॥ ৪৩৭ ॥

অনুবাদ—ঊর্দ্ধে পঙ্‌ক্তিদ্বয় করিয়া নিম্নভাগে বর্ণ কোষ্ঠকে বর্জ্জনপূর্ব্বক মধ্যস্থিত কোষ্ঠকে যত্নপূর্ব্বক মার্জ্জন করিবে, উভয় পার্শ্বের সমান। উভয়ের মধ্যগত চতুষ্কদ্বয় মার্জ্জন করিবে ॥ ৪৩৭ ॥

চতুর্দ্ধা ভাজয়িত্বা তু ঊর্দ্ধপঙ্‌ক্তিদ্বয়ং বুধঃ।
মেখলা ভাগমাত্রং স্যাৎ খাতং তস্যার্দ্ধমানতঃ ॥৪৩৮
ভাগং ভাগং পরিত্যজ্য পার্শ্বয়োরুভয়োঃ সমম্।
দত্ত্বা চৈকং পদং বাহ্যে প্রমাণং কারয়েদ্বুধঃ ॥ ৪৩৯

অনুবাদ—অনন্তর ঊর্দ্ধ পঙ্‌ক্তিদ্বয়কে চতুর্দ্ধা বিভাগ করিয়া অভিজ্ঞ ব্যক্তি একভাগ মেখলা ও তাহার অর্দ্ধ পরিমাণে খাত করাইবেন। উভয় পার্শ্বে এক এক ভাগ পরিত্যাগ করিয়া বাহিরে একপদ দিয়া অভিজ্ঞ ব্যক্তি প্রমাণ করাইবেন ॥ ৪৩৮-৪৩৯॥

ত্রিভাগেন চ ভাগঃ স্যাদগ্রে স্যাত্তোয়দিগ্‌গতঃ।
নানাপ্রকারভেদেন ভদ্রেয়ং পিণ্ডিকা শুভা ॥ ৪৪০ ॥

অনুবাদ—ঊর্দ্ধ পঙ্‌ক্তিদ্বয়কে তিন ভাগেও ভাগ করা যায়, প্রথমতঃ পশ্চিমদিকের ভাগ করিতে হয়। শুভপ্রদা এই পিণ্ডিকা নানাপ্রকারভেদে নানা শুভ প্রদান করে ॥ ৪৪০ ॥

কিঞ্চতত্রৈবাগ্রে—

দৈর্ঘ্যেণ প্রতিমা তুল্যা তদর্দ্ধেন তু বিস্তৃতা।
উচ্ছ্রিতায়ামতোঽর্দ্ধেন সুবিস্তারার্দ্ধভাগতঃ ॥ ৪৪১॥

অনুবাদ—আরও ঐ গ্রন্থেই সামনে—পিণ্ডিকা-লক্ষণ যথা—পিণ্ডিকার দৈর্ঘ্য প্রতিমা পরিমিত, বিস্তারে তাহার অর্দ্ধেক উচ্চতা ইহার অর্দ্ধেক অর্থাৎ সুবিস্তারের অর্দ্ধভাগ ॥ ৪৪১ ॥

ত্রিভাগেন তু বাহুল্যং তত্রিভাগেন মেখলা।
খাতং চ তৎপ্রমাণং তু কিঞ্চিদুত্তরতোন্নতম্ ॥ ৪৪২॥

অনুবাদ—বিস্তারের ত্রিভাগ করিলে উচ্চতার আধিক্য হয়, উচ্চতার ত্রিভাগ দ্বারা মেখলা এবং খাত মেখলার পরিমাণ, উত্তরে কিঞ্চিৎ উন্নত ॥ ৪৪২ ॥

বিস্তারস্য চতুর্থেন প্রমাণস্য বিনির্ণয়ঃ।
সমং মূলস্য বিস্তারমগ্রে কুর্য্যাত্তদর্দ্ধতঃ ॥ ৪৪৩ ॥

অনুবাদ—বিস্তারের চতুর্থাংশে পরিমাণ নির্ণয় কর্ত্তব্য, মূলের বিস্তার সমান, অগ্রে তাহার অর্দ্ধেক বিস্তার ॥ ৪৪৩ ॥

বিস্তারস্য তৃতীয়েন তোয়মার্গন্তু কারয়েৎ।
পিণ্ডিকার্দ্ধেন বা তুল্যং দৈর্ঘ্যং কুশস্য কীর্ত্তিতম্ ॥৪৪৪

অনুবাদ—বিস্তারের তৃতীয় ভাগ জল নির্গম পথ করাইবে, অথবা পিণ্ডিকার অর্দ্ধেকের তুল্য কুশের দৈর্ঘ্য কীর্ত্তিত হইয়াছে ॥ ৪৪৪ ॥

কুশবাহুল্যদৈর্ঘ্যেণ জ্ঞাত্বা সূত্রং প্রকল্পয়েৎ।
উচ্ছ্রায়ং পূর্ব্ববৎ কুর্য্যাদ্ভাগশেষেণ সংখ্যয়া ॥৪৪৫॥

অনুবাদ—কুশের দীর্ঘতার বাহুল্য জানিয়া সূত্র কল্পনা করিবে। উচ্চতা পূর্ব্ববৎ ভাগশেষের সংখ্যা দ্বারা করিবে ॥ ৪৪৫ ॥

অধস্তস্য দ্বিভাগন্তু কণ্ঠং কুর্য্যাত্রিভাগকম্।
শেষা হ্যেকৈকশঃ কার্য্যাঃ প্রতিষ্ঠা নির্গতাস্তথা ॥৪৪৬

অনুবাদ—নিম্নদেশ তাহার দ্বিভাগ, কণ্ঠ ত্রিভাগ করিবে। অবশেষ ভাগগুলিকে এক এক করিয়া নির্গতা কর্ত্তব্যা ॥ ৪৪৬ ॥

ষণ্টিকা-পিণ্ডিকা চেয়ং সামান্যপ্রতিমাসু চ।
প্রাসাদদ্বারমানেন প্রতিমাদ্রব্যমুচ্যতে ॥ ৪৪৭ ॥

অনুবাদ—সাধারণ প্রতিমাতেও ইহা ষণ্টিকা পিণ্ডিকা নামে প্রসিদ্ধা, প্রাসাদের দ্বারের পরিমাণ অনুসারে প্রতিমার শিলা বা দারুর পরিমাণ নির্ণয় হয় ॥ ৪৪৭ ॥

গজবালকসংযুক্তা প্রভা স্যাৎ প্রতিমাসু চ।
পিণ্ডিকাসু যথাশোভং কর্ত্তব্যা সততং হরেঃ ॥৪৪৮

অনুবাদ—প্রতিমার প্রভা গজবালক সংযুক্তা করিতে হইবে। শ্রীহরির প্রতিমায় যেরূপ পিণ্ডিকার শোভা সম্পাদন করা হয়, তদ্রূপ প্রভা করা উচিত ॥৪৪৮

মাৎস্যে—

পিণ্ডিকালক্ষণং বক্ষ্যে যথাবদনুপূর্ব্বশঃ।
পীঠোচ্ছ্রায়ং যথাবচ্চ ভাগান্ ষোড়শ কারয়েৎ ॥৪৪৯

অনুবাদ—মৎস্যপুরাণে—পিণ্ডিকা লক্ষণ বলিব, যথাযথ অনুক্রমে-পীঠের উচ্চতা যেমন থাকিবে তাহাকে ষোড়শভাগে বিভক্ত করাইবে ॥ ৪৪৯ ॥

ভূমাবেকঃ প্রতিষ্ঠঃ স্যাচ্চতুর্ভির্জগতী মতা।
বৃত্তো ভাগস্তথৈকঃ স্যাদ্বৃত্তপট্টস্তু ভাগতঃ ॥ ৪৫০ ॥

অনুবাদ—ভূমিতে একভাগ পোতা থাকিবে চারি-ভাগ জগতী, বৃত্ত সেইরূপ একভাগ হইবে, বৃত্তপট্ট একভাগ ॥ ৪৫০ ॥

ভাগৈস্ত্রিভিস্তথা কণ্ঠঃ কণ্ঠপট্টস্ত্রিভাগতঃ।
ভাগাভ্যামূর্দ্ধপট্টস্তু শেষভাগেন পট্টিকা ॥ ৪৫১ ॥

অনুবাদ—তিনভাগ দ্বারা কণ্ঠ, কণ্ঠপট্ট তিনভাগ, দুইভাগ দ্বারা উর্দ্ধপট্ট, শেষভাগ দ্বারা পট্টিকা ॥৪৫১॥

প্রবিষ্টং ভাগমেকৈকং জগতী যাবদেব তু।
নির্গমস্তু পুনস্তস্মাদ্যাবদ্বৈ শেষপট্টিকাঃ ॥ ৪৫২॥

অনুবাদ—জগতী পর্য্যন্ত এক এক ভাগ প্রবিষ্ট থাকিবে, অতঃপর তাহা হইতে নির্গম শেষ পট্টিকা পর্য্যন্ত ॥ ৪৫২ ॥

———

বারিনির্গমনার্থন্তু তত্র কার্য্যঃ প্রণালকঃ।
পীঠিকানান্তু সর্ব্বাসামেতৎ সামান্যলক্ষণম্ ॥৪৫৩॥

অনুবাদ—জল নির্গমন পথ তন্মধ্যে প্রণালী কর্ত্তব্য। ইহাই সর্ব্ববিধ পীঠিকার সামান্য লক্ষণ ॥ ৪৫৩ ॥

———

বিশেষাদ্দেবতাভেদাৎ শৃণুধ্বং দ্বিজসত্তমাঃ।
স্থণ্ডিলা বাথ বাপী চ যক্ষী বেদী চ মণ্ডলা ॥৪৫৪॥
পূর্ণচন্দ্রা চ বজ্রা চ পদ্মা চার্দ্ধশশীস্তথা।
ত্রিকোণা দশমী তাসাং সংস্থানঞ্চ নিবোধত ॥৪৫৫॥

অনুবাদ—বিশেষ বিশেষ দেবতাভেদে পীঠিকার-ভেদ, হে দ্বিজ সত্তমগণ শ্রবণ করুন। স্থণ্ডিলা বা বাপী ও যক্ষী, বেদী ও মণ্ডলা, পূর্ণচন্দ্রা, বজ্রা, পদ্মা, অর্দ্ধচন্দ্রা ও ত্রিকোণা—এই দশবিধা। তাহাদের সংস্থানও অবগত হউন ॥ ৪৫৪-৪৫৫ ॥

———

স্থণ্ডিলা চতুরস্রা তু বর্জ্জিতা মেখলাদিভিঃ।
বাপী দ্বিমেখলা জ্ঞেয়া যক্ষী চৈব ত্রিমেখলা ॥৪৫৬॥
চতুরস্রায়তা বেদী ন তাং লিঙ্গেষু যোজয়েৎ।
মণ্ডলা বর্ত্তুলা যা তু মেখলা ত্রিগুণা প্রিয়া ॥৪৫৭॥
রক্তা দ্বিমেখলা মধ্যে পূর্ণচন্দ্রা প্রকীর্ত্তিতা।
মেখলাত্রয়সংযুক্তা ষড়স্রা বজ্রিকা ভবেৎ ॥৪৫৮॥
ষোড়শাস্রা ভবেৎ পদ্মা কিঞ্চিৎ হ্রস্বা চ মূলতঃ।
তথৈব ধনুরাকারা সার্দ্ধচন্দ্রা প্রশস্যতে ॥ ৪৫৯ ॥
ত্রিশূলসদৃশী তদ্বৎ ত্রিকোণা উর্দ্ধতো মতা।
প্রাগুদক্প্রবণা তদ্বৎ প্রশস্তা লক্ষণান্বিতা ॥৪৬০॥

অনুবাদ—স্থণ্ডিলা চতুষ্কোণা মেখলাদি বর্জ্জিতা। বাপী দ্বিমেখলা জানিবে। যক্ষী ত্রিমেখলা। বেদী চতুষ্কোণা বিস্তৃতা, তাহাতে কোন মূর্ত্তি যোজনা করিবেনা। মণ্ডলা গোলাকৃতি, যাহা ত্রিগুণা মেখলা। পূর্ণচন্দ্রা মধ্যে, বাহিরে রক্তবর্ণের দ্বিমেখলা কীর্ত্তিতা। বজ্রিকা ষট্‌কোণাকৃতি মেখলাত্রয় যুক্তা হইবে। পদ্মা ষোড়শদল পদ্ম সদৃশা, মূলের দিকে কিঞ্চিৎ ছোট। সেইরূপ ধনুকের ন্যায় অর্দ্ধচন্দ্রা প্রশস্ত। ত্রিকোণা ত্রিশূল সদৃশী উর্দ্ধদিকে স্বীকৃতা। এই সকল পীঠিকা পূর্ব্ববৎ উত্তর দিকে কিঞ্চিৎ নত হইলে সুলক্ষণযুক্ত ও প্রশস্ত হয় ॥ ৪৫৬-৪৬০ ॥

———

পরিবেষাস্ত্রিভাগেন নির্দ্দেশং তত্র কারয়েৎ।
বিস্তারং তৎপ্রমাণং তু মূলে চাগ্রে তথোর্দ্ধতঃ ॥৪৬১

অনুবাদ—পরিবেষ অর্থাৎ পরিধিকে সেস্থানে ত্রিভাগে নির্দ্দেশ করাইবে এবং মূলে, অগ্রে ও উর্দ্ধে সেই অনুসারে বিস্তার করিবে ॥ ৪৬১ ।

———

জলমার্গস্তু কর্ত্তব্যস্ত্রিভাগেন সুশোভনঃ।
লিঙ্গস্যার্দ্ধত্রিভাগেন স্থৌল্যেন সমধিষ্ঠিতঃ ॥৪৬২॥

অনুবাদ—জল নির্গমন পথ ত্রিভাগ দ্বারা সুশোভন কর্ত্তব্য। শিবমন্দিরে লিঙ্গের অর্দ্ধ ত্রিভাগ দ্বারা স্থূলতা সম্যক্ অধিষ্ঠিত থাকিবে ॥ ৪৬২ ॥

———

মেখলা তু ত্রিভাগেন খাতং বৈ তৎপ্রমাণতঃ।
অথবা পাদহীনং তু শোভনং কারয়েৎ সদা ॥৪৬৩॥

অনুবাদ—মেখলা ত্রিভাগ দ্বারা খাত ঐ পরিমাণে হইবে। অথবা—একচতুর্থাংশ হীন সর্ব্বদা শোভাযুক্ত করাইবে ॥ ৪৬৩ ॥

———

উত্তরস্থং প্রমাণন্তু প্রমাণাদধিকং ভবেৎ ॥ ৪৬৪ ॥

অনুবাদ—উত্তরদিক্‌স্থিত প্রণালীর পরিমাণ অন্যদিকের অপেক্ষা অধিক হইবে ॥ ৪৬৪ ॥

———

স্থণ্ডিলায়ামথারোগ্যং বাপ্যা ধানঞ্চ পুষ্কলম্।
গোপ্রদা তু ভবেদ্যক্ষী বেদী সম্পৎপ্রদা ভবেৎ।
মণ্ডলায়াং ভবেৎ কীর্ত্তির্বরদা পূর্ণচন্দ্রিকা ॥৪৬৫॥

আয়ুঃপ্রদা ভবেদ্বজ্রী পদ্মা সৌভাগ্যদায়িনী।
পুত্রদা ত্বর্দ্ধচন্দ্রা স্যাত্ত্রিকোণা শত্রুনাশিনী ॥ ৪৬৬ ॥

অনুবাদ—অনন্তর বিশেষ বিশেষ পীঠিকার ফল বলা হইতেছে—স্থণ্ডিলার ফল আরোগ্য ও বাপী প্রচুর ধনধান্য-প্রদা। যক্ষী গো সম্পৎ প্রদা, বেদী সম্পৎ প্রদা হয়, মণ্ডলা কীর্ত্তিপ্রদা, পূর্ণচন্দ্রিকা বরদা, বজ্রী আয়ুঃপ্রদা, পদ্মা সৌভাগ্যদায়িনী, অর্দ্ধচন্দ্রা পুত্রদা, ত্রিকোণা শত্রুনাশিনী ॥ ৪৬৫-৪৬৬ ॥

———

দেবস্য যজনার্থং তু পিণ্ডিকা দশ কীর্ত্তিতাঃ।
শৈলে শৈলময়ীং পিণ্ডীং পার্থিবে পার্থিবীং তথা ॥৪৬৭
দারুজে দারুজাং কুর্য্যান্মিশ্রে মিশ্রাং তথৈব চ।
নান্যযোনিস্তু কার্য্যা বৈ সদা শুভফলেপ্সুভিঃ ॥৪৬৮

অনুবাদ—শ্রীহরির যজনের জন্য দশবিধা পিণ্ডিকা কীর্ত্তিত হইল। শৈলী প্রতিমাতে শৈলময়ী পিণ্ডী, মৃন্ময়ী প্রতিমাতে মৃন্ময়ী পিণ্ডি, সেইরূপ দারুময়ী প্রতিমাতে দারুময়ী, মিশ্র প্রতিমাতে মিশ্রাপিণ্ডি কর্ত্তব্যা, সর্ব্বদা শুভফলাকাঙ্ক্ষী বিসদৃশ পিণ্ডি করিবেন না ॥ ৪৬৭-৪৬৮ ॥

———

অর্চ্চায়াম-সমং দৈর্ঘ্যং লিঙ্গায়াম-সমং তথা।
যস্য দেবস্য যা পত্নী তাং পীঠে পরিকল্পয়েৎ।
এবমেব সমাখ্যাতং সমাসাৎ পীঠলক্ষণম্ ॥৪৬৯॥

অনুবাদ—পিণ্ডিকা শ্রীবিষ্ণু বিগ্রহের ও শিব লিঙ্গের সমান দীর্ঘ, যে দেবের যিনি পত্নী তাহাকে ঐ পীঠে কল্পনা করিবেন, এই প্রকার সংক্ষেপে পীঠলক্ষণ বর্ণিত হইল ॥ ৪৬৯ ॥

———

কিঞ্চ—

দ্বারোচ্ছ্রায়স্য যন্মানমষ্টধা তত্তু কারয়েৎ।
ভাগদ্বয়েন প্রতিমাং ত্রিভাগীকৃত্য তৎ পুনঃ।
পিণ্ডিকা ভাগতঃ কার্য্যা নাতিনীচা ন চোচ্ছ্রিতা ॥ ৪৭০ ॥

অনুবাদ—আরও—দ্বারের উচ্চতা যে পরিমাণ তাহাকে অষ্টভাগে ভাগ করিয়া দুই ভাগে প্রতিমা, তাহাকে পুনরায় তিনভাগ করিয়া একভাগে পিণ্ডিকা কর্ত্তব্যা, অতিনীচ নহে এবং অতি উচ্চ নহে ॥ ৪৭০ ॥

———

শ্রীনারদপঞ্চরাত্রে চ—

বিম্বমানাদ্‌যথা পীঠং কুর্য্যাদ্দেবস্য তচ্ছৃণু।
চতুরস্রঞ্চ তদ্বিধি চতুরস্রায়তং তু বা ॥ ৪৭১ ॥

অনুবাদ—শ্রীনারদ পঞ্চরাত্রেও—দেব প্রতিমার মান অনুসারে যেমন দেব পীঠ করিবে তাহা শ্রবণ কর, তাহা চতুষ্কোণ বা চতুষ্কোণ আয়ত করার বিধি ॥ ৪৭১ ॥

———

বিম্বোচ্ছ্রায়-সমং পীঠং পরিতশ্চৈব বিস্তৃতম্।
তদর্দ্ধেনোন্নতং কুর্য্যাদেতৎ সামান্যলক্ষণম্ ॥৪৭২॥

অনুবাদ—প্রতিমার উচ্চতার সমান পীঠ চতুর্দ্দিকে বিস্তৃত, তাহার অর্দ্ধেক উন্নত কর্ত্তব্য, ইহাই সাধারণ লক্ষণ ॥ ৪৭২ ॥

———

চতুরস্রস্য পীঠস্য কথিতং তু মহামুনে।
চতুরস্রায়তস্যাথ প্রমাণমবধারয় ॥ ৪৭৩ ॥

অনুবাদ—হে মহামুনে! চতুরস্র পীঠের কথা বলা হইল, চতুরস্রায়ত পীঠের লক্ষণ অনন্তর অবধারণ কর ॥ ৪৭৩ ॥

———

বিম্বাদ্ধীনন্তু বিস্তীর্ণং তৎ প্রমাণেন চোন্নতম্।
সমং দেবস্য দৈর্ঘ্যং বা চতুরস্রায়তং তু তৎ ॥৪৭৪॥

অনুবাদ—প্রতিমা হইতে কম বিস্তীর্ণ এবং প্রতিমা পরিমাণে উন্নত অথবা দেবের সমান দীর্ঘ, তাহাই চতুরস্রায়ত পীঠ ॥ ৪৭৪ ॥

———

কার্য্যং তুঙ্গালয়স্থানাং দেবতানাং মহামুনে।
চলানাং বেশ্মসংস্থানাৎ বিম্বানাং পীঠমন্যথা ॥৪৭৫

অনুবাদ—হে মহামুনে! উচ্চমন্দিরস্থিত দেব-

গণের চলমূর্ত্তির এবং গৃহস্থিত মূর্ত্তি সমূহের পীঠ অন্য প্রকার কর্ত্তব্য ॥ ৪৭৫ ॥

কুর্য্যাদ্বিম্বসমং দৈর্ঘ্যং স্বেন মানেন বা পুনঃ।
আপাদজানুপর্য্যন্তং বিস্তারেণোচ্ছ্রয়েণ চ ॥ ৪৭৬ ॥

অনুবাদ—প্রতিমা সমান দীর্ঘ অথবা নিজ প্রমাণে দীর্ঘ করিবে, পাদ হইতে জানু পর্য্যন্ত বিস্তার ও উচ্চতা করিবে ॥ ৪৭৬ ॥

উর্ব্বর্দ্ধেনাথবা কুর্য্যাৎ সবিস্তারং দ্বিজোন্নতিম্।
বক্ষোঽন্তরে বা বিম্বস্য তস্যার্দ্ধেন চ বিস্তৃতম্ ॥৪৭৭

অনুবাদ—হে দ্বিজ! অথবা উরুর অর্দ্ধ পর্য্যন্ত বিস্তার ও উন্নত করিবে, প্রতিমার বক্ষোমধ্য বা তাহার অর্দ্ধেক বিস্তৃত করিবে ॥ ৪৭৭ ॥

তচ্চতুর্ভাগহীনং তু ত্রিভাগং চার্দ্ধমেব বা।
অঙ্গ ত্বং বিদ্ধি তৎ পীঠং চলবিম্বস্য সর্ব্বদা ॥৪৭৮॥

অনুবাদ—হে অঙ্গ! তাহার চতুর্থাংশ কম, ত্রিভাগ বা অর্দ্ধভাগ চল-প্রতিমার পীঠ তুমি সর্ব্বদা জান ॥ ৪৭৮ ॥

ধাতুদ্রব্যস্য চাভাবাৎ স্থিরাণামেবমেব চ।
কৃত্বা তু তদধঃ কুর্য্যাদুপপীঠং প্রমাণতঃ ॥ ৪৭৯॥

অনুবাদ—ধাতু দ্রব্যের অভাবে এবং স্থির অর্থাৎ অচল মূর্ত্তি সমূহেরই পীঠ এইরূপ করিয়া তাহার নীচে উপপীঠ পরিমাণ মত করিবে ॥ ৪৭৯ ॥

ত্রিভাগেনাথ পীঠস্য প্রমাণং মধ্যতো ভবেৎ।
তন্মানেন ততো দৈর্ঘ্যং স্বমানাদগ্রতঃ পুনঃ ॥৪৮০॥
ত্র্যংশমানেন বিস্তীর্ণং তস্যাপি ত্র্যংশমন্তরা।
নিখনেদগ্রতো মূলাৎ তৎ কুর্য্যান্মকরাননম্ ইত্যাদি ॥ ৪৮১॥

ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাবো নাম অষ্টাদশো বিলাসঃ।

অনুবাদ—পীঠের ত্রিভাগের সমান পরিমাণ মধ্যভাগে উপপীঠ হইবে, ঐ পরিমাণ দ্বারা তাহা হইতে দীর্ঘ নিজমানে অগ্রভাগে পুনঃ ত্রি-অংশ পরিমাণে বিস্তীর্ণ, তাহারও ত্রিভাগ অন্তরে অগ্রভাগে খনন করিবে মূল হইতে, তাহা মকর মুখের ন্যায় করিবে॥ ইত্যাদি ॥ ৪৮০-৪৮১ ॥

ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিত শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীমূর্ত্তিপ্রাদুর্ভাব নামক অষ্টাদশ বিলাস ॥ ১৮ ॥

একোনবিংশ-বিলাসঃ

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ

শ্রীচৈতন্যং প্রবিষ্টোঽস্মি শরণং সুষ্ঠু যেন হি।
আবিষ্টো যাতি দুষ্টোঽপি প্রতিষ্ঠাং সদভিষ্টুতাম্ ॥১

অনুবাদ—শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ—শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যদেবের সম্পূর্ণ আশ্রয় গ্রহণ করিয়াছি। যিনি আবিষ্ট হইলে দুষ্টব্যক্তিও সাধুগণের সর্ব্বভাবে স্তবযোগ্য প্রতিষ্ঠা প্রাপ্ত হন ॥ ১ ॥

শ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ।

টীকা—জীয়াৎ চৈতন্যদেবোঽসৌ যৎপাদাব্জরসং স্পৃশন্। নিত্যং চিত্রং ফলত্যেব মনোরথমহাদ্রুমঃ। শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাবিধিং লিখন্ তৎসুসিদ্ধয়ে পরমগুরুরূপং ভগবন্তং শরণং যাতি—শ্রীচৈতন্যমিতি। হি যস্মাদ্ যেন শ্রীচৈতন্যেন আবিষ্টঃ হৃদাক্রান্তঃ সন্ দুষ্টোঽপি জনঃ সদ্ভিরভিষ্টুতাং প্রতিষ্ঠাং যাতি। অতোঽহত্য-

যোগ্যোঽপি হৃদি তৎ-প্রেরণয়া লিখন্নহং সম্যগেতল্লিখিতুমর্হামীতি ভাবঃ ॥ ১ ॥

অথ শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠা

প্রতিষ্ঠয়ৈব ভগবদাবির্ভাবো বিশেষতঃ।
প্রতিমাসু ততস্তাসাং প্রতিষ্ঠাং বিধিনাচরেৎ ॥ ২ ॥

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠা—প্রতিমা সমূহে প্রতিষ্ঠা দ্বারাই বিশেষতঃ শ্রীভগবদ্ আবির্ভাব হয়, সেইহেতু প্রতিমা সমূহের প্রতিষ্ঠা শাস্ত্রবিধিসহ অনুষ্ঠান করিবে ॥ ২ ॥

টীকা—যদ্যপি শ্রীমূর্ত্ত্যাবির্ভাবেনৈব সর্ব্বলোকেষু সাক্ষাদাকারাদিস্ফূর্ত্ত্যা ভগবদাবির্ভাবো বৃত্ত এব, তথাপি বিধিনা প্রতিষ্ঠয়ৈব প্রতিমাসু বিশেষতো ভগবত আবির্ভাবঃ স্যাৎ। ততস্তস্মাদ্ধেতোস্তাসাং প্রতিমানাং শস্ত্রোক্তপ্রকারেণ প্রতিষ্ঠামাচরেদিত্যর্থঃ ॥ ২ ॥

তথা চোক্তমেকাদশস্কন্ধে শ্রীভগবতা (২৭।১৩)—
প্রতিষ্ঠা জীবমন্দিরম্ ॥ ইতি ॥ ৩ ॥

অনুবাদ—সেইরূপ শ্রীমদ্ভাগবত একাদশ স্কন্ধে শ্রীভগবান্ কর্ত্তৃক উক্ত হইয়াছে—প্রতিষ্ঠা হইলে পর জীব ও জগৎকে চেতনাদান করেন, এইহেতু পরমাত্মার এক নাম জীব, তিনি প্রতিষ্ঠিত হইলে জীবের ও প্রতিমার চৈতন্য সম্পাদিত হইবে। সুতরাং জীব যেমন পরমাত্মার মন্দিরে অধিষ্ঠান, সেইরূপ প্রতিমা (শ্রীকৃষ্ণ) আমার অধিষ্ঠান ॥ ৩ ॥

টীকা—এতদেব শ্রীভগবদুক্ত্যা প্রমাণয়তি—প্রতিষ্ঠেতি। প্রতিষ্ঠায়া যদ্বা, প্রতিষ্ঠা ভবতি চেত্তর্হি জীবয়তি জগচ্চেতয়তীতি জীবঃ পরমাত্মাহং তস্য মন্দিরমধিষ্ঠানং ভবতি। এবং প্রতিষ্ঠায়া নিত্যত্বমভিপ্রেতম্ ॥ ৩ ॥

অথ প্রতিষ্ঠালক্ষণম্

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে—
পরমাত্মা হরের্দেবস্তচ্ছক্তিঃ শ্রীরিহোদিতা।
শ্রীর্দেবী প্রকৃতিঃ প্রোক্তা কেশবঃ পুরুষঃ স্মৃতঃ ॥৪॥

অনুবাদ—অনন্তর প্রতিষ্ঠা লক্ষণ, শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রে—পরমাত্মা শ্রীহরিই আরাধ্যদেব, তাঁহার শক্তি শ্রীলক্ষ্মীদেবী প্রসিদ্ধা, শাস্ত্রে শ্রীলক্ষ্মীদেবীকে 'প্রকৃতি' বলা হইয়াছে, আর শ্রীকেশবদেব 'পুরুষ' বলিয়া স্মরণ করা হয় ॥ ৪ ॥

ন বিষ্ণুনা বিনা দেবী ন হরিঃ পদ্মজাং বিনা।
অর্চ্চামূর্ত্তিঃ স্মৃতঃ কৃষ্ণঃ পিণ্ডিকা কমলালয়া।
তয়োর্যো বিধিনা যোগঃ সা প্রতিষ্ঠা প্রকীর্ত্তিতা ॥৫॥

অনুবাদ—বিষ্ণু ব্যতীত লক্ষ্মীদেবী অধিষ্ঠান করেন না, আর লক্ষ্মীদেবী ব্যতীত শ্রীহরি অধিষ্ঠান করেন না। অর্চ্চামূর্ত্তিকে শ্রীকৃষ্ণ জানিবে, পিণ্ডিকাকে লক্ষ্মী জানিবে, এই উভয়ের যে বিধিপূর্ব্বক যোগ, তাহা প্রতিষ্ঠা রূপে কীর্ত্তিতা ॥ ৫ ॥

টীকা—পিণ্ডিকোপরি শ্রীমূর্ত্তেঃ প্রকর্ষেণ স্থিতেঃ প্রতিষ্ঠেতি নিরুক্ত্যা তল্লক্ষণমাহ—পরমাত্মেতি সার্দ্ধদ্বয়েন। অর্থবিশেষস্তু শ্রীবৈষ্ণবানাং হৃদয়গম্য এবেতি কিন্তদ্বিস্তারণশ্রমেণ ? কেবলমত্রোপযুক্তমেব লেখ্যম্ ॥ ৪-৫ ॥

অথ মূর্ত্তিপ্রতিষ্ঠামাহাত্ম্যম্

মাৎস্যে ঋষয় উচুঃ—
ক্রিয়াযোগঃ কথং সিধ্যেদ্‌গৃহস্থাদিষু সর্ব্বদা।
জ্ঞানযোগসহস্রাদ্ধি কর্ম্মযোগো বিশিষ্যতে ॥ ৬ ॥

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠা মাহাত্ম্য, মৎস্যপুরাণে ঋষিগণ বলিয়াছেন—গৃহস্থাদি আশ্রমে ক্রিয়াযোগ কিরূপে সিদ্ধ হইবে। সর্ব্বদা সহস্র জ্ঞানযোগ হইতে কর্ম্মযোগ অধিক বৈশিষ্ট্য ধারণ করে।৬

শ্রীসূত উবাচ—
ক্রিয়াযোগং প্রবক্ষ্যামি দেবতার্চ্চানুকীর্ত্তনম্।
ভুক্তিমুক্তিপ্রদং যস্মান্নান্যলোকেষু বিদ্যতে ॥ ৭ ॥

অনুবাদ—শ্রীসূত বলিলেন—ক্রিয়াযোগ বলিব, দেবতার অর্চ্চন বিগ্রহের অনুকীর্ত্তন। যাহা হইতে ভুক্তি-মুক্তি-প্রদ ইহলোকে অন্য কিছুই নাই ॥ ৭ ॥

টীকা—দেবতানাং, যদ্বা, দেবতায়াঃ পরমপূজ্যস্য ভগবতোঽর্চ্চা পূজা প্রতিমা বা অনুকীর্ত্তনং চ, দ্বন্দ্বৈক্যম্, তদ্রূপং ক্রিয়াযোগং প্রবক্ষ্যামি। তত্র হেতুঃ—যস্মাদ্দেবতার্চানুকীর্ত্তনাদন্যৎ কিঞ্চিদ্ভুক্তিমুক্তিপ্রদং নাস্তি ॥ ৭ ॥

প্রতিষ্ঠায়াঃ সুরাণাঞ্চ দেবতার্চ্চানুকীর্ত্তনাৎ।
দেবযজ্ঞোৎসবাচ্চাপি বন্ধনেন বিমুচ্যতে ॥ ৮ ॥

অনুবাদ—দেবগণের প্রতিষ্ঠা, দেববিগ্রহের অনুকীর্ত্তন ও দেবযজ্ঞোৎসব দ্বারা কর্ম্মবন্ধন হইতে মানব মুক্ত হয় ॥ ৮ ॥

টীকা—সুরাণামিতি বহুত্বং শ্রীশিবাদ্যপেক্ষয়া ভগবতঃ পরমগৌরবাপেক্ষয়া বা। প্রতিষ্ঠেত্যাদি-প্রথমান্তপাঠে সৈব দেবার্চ্চানুকীর্ত্তনং, সৈব দেবযজ্ঞোৎসবশ্চ যেন দেবতার্চ্চানুকীর্ত্তনেন দেবযজ্ঞোৎসবেন চ কর্ম্মবন্ধাজ্জনো মুক্তো ভবতি ॥ ৮ ॥

বিষ্ণুধর্ম্মে—
স্থাপিতাং প্রতিমাং বিষ্ণোঃ সম্যক্ সম্পূজ্য মানবঃ।
যং যং প্রার্থয়তে কামং তং তং প্রাপ্নোত্যনুত্তমম্ ॥৯॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে—মানব শ্রীবিষ্ণুর প্রতিষ্ঠিত প্রতিমাকে সাদরে পূজা করিয়া যাহা যাহা প্রার্থনা করে, সেই সেই উত্তম ফল প্রাপ্ত হয় ॥ ৯ ॥

যথোক্তবিধিনা দেবং প্রতিষ্ঠাপ্য জনার্দ্দনম্।
অক্ষয়ং লোকমাপ্নোতি বিষ্ণোরমিততেজসঃ ॥১০॥

অনুবাদ—শাস্ত্রোক্ত বিধি অনুসারে জনার্দ্দনদেবকে প্রতিষ্ঠা করিয়া অপরিমিত শক্তি শ্রীবিষ্ণুর অক্ষয়-লোক বৈকুণ্ঠধাম প্রাপ্ত হয় ॥ ১০ ॥

স্কান্দে—
যাবদ্দিনানি লোকেঽস্মিন্ স্থাপয়েৎ প্রতিমাং হরেঃ।
তাবদ্যুগসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ॥ ১১ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—শ্রীহরির প্রতিমাকে ইহলোকে যত দিন স্থাপন করে, তত সহস্রযুগ বিষ্ণুধামে বিরাজিত থাকে ॥ ১১ ॥

অক্ষয়ো ভবতে তাবদ্যাবদাহূতসংপ্লবম্।
যেনার্চ্চা স্থাপিতা বিষ্ণোঃ সপ্তলোকস্য নায়ক ॥১২॥

অনুবাদ—হে সপ্তলোক নায়ক শ্রীনারদ। যে মানব কর্ত্তৃক শ্রীবিষ্ণুর অর্চ্চামূর্ত্তি স্থাপিত হয়, তাহার কীর্ত্তি এক কল্পকাল যাবৎ অক্ষয় হয় ॥ ১২ ॥

প্রতিষ্ঠা শঙ্করাদীনাং দেবানাং ব্রহ্মনন্দন।
কৃতা তেন ন সন্দেহঃ সত্যোক্তং তব নারদ ॥১৩॥

অনুবাদ—হে ব্রহ্মনন্দন নারদ। তোমার নিকট সত্য বলিলাম, শ্রীভগবদ্ বিগ্রহ প্রতিষ্ঠা দ্বারা শঙ্করাদি পরিকর দেবগণেরও প্রতিষ্ঠা ঐ ব্যক্তি দ্বারা কৃত হইল, ইহাতে সন্দেহ নাই ॥ ১৩ ॥

টীকা—বৈষ্ণবানাং বিষ্ণুপরিবারাণাং শঙ্করাদীনাং, হে সপ্তলোকস্য নায়ক, নারদ। নারদেতি বা পাঠঃ, ততশ্চ সপ্তলোকস্য বিশেষতঃ শঙ্করাদীনাং চ প্রতিষ্ঠা তেন কৃতেত্যন্বয়ঃ ॥ ১২-১৩ ॥

পিতৃণামর্ঘ্যমাদীনাং বাসবাদিদিবৌকসাম্।
কৃতা তেন মহাপ্রতিঃ স্থাপয়িত্বা জনার্দ্দনম্ ॥ ১৪ ॥

অনুবাদ—শ্রীজনার্দ্দনমূর্ত্তি স্থাপন ফলে অর্য্যমাদি (যমাদি), পিতৃগণের ও ইন্দ্রাদি স্বর্গবাসিগণের মহাপ্রীতি তৎ-কর্ত্তৃক সাধিত হইল ॥ ১৪ ॥

যঃ স্থাপয়তি দেবর্ষে দেবং মধুনিসূদনম্।
তস্য সম্ভাষণাদেব পাপং যাতি দশাব্দিকম্ ॥১৫॥

অনুবাদ—হে দেবর্ষে! মধুসূদনদেবকে যে মানব স্থাপন করে, তাহার সম্ভাষণ ফলে দশ বৎসরের সঞ্চিত পাপ পলায়ন করে ॥ ১৫ ॥

যে নিরীক্ষন্তি নন্দন্তি প্রতিষ্ঠাং কেশবস্য হি।
তে বসন্তি হরের্লোকে যুগানামেকবিংশতিম্ ॥১৬॥

অনুবাদ—শ্রীকেশবদেবের প্রতিষ্ঠা যাহারা দর্শন করে ও আনন্দিত হয়, তাহারা শ্রীহরিধামে একবিংশতি চতুর্যুগ বাস করে ॥ ১৬ ॥

প্রয়াগে যৎ ফলং প্রোক্তং মাঘমাসে তু স্নানতঃ।
গয়ায়াং পিণ্ডদানেন পিতৃপক্ষে চ নারদ ॥ ১৭ ॥
কার্ত্তিকে পুষ্করে প্রোক্তং কুরুক্ষেত্রে রবিগ্রহে।
দ্বারকায়াং চ বৈশাখে প্রভাসে চ শশিগ্রহে ॥ ১৮ ॥
সিদ্ধেশ্বরে শিবরাত্রৌ ক্ষেত্রে চৈব তু হাটকে।
শুক্লতীর্থে তু রেবায়াং গঙ্গাসাগরসঙ্গমে ॥ ১৯ ॥
অশ্বমেধাদিভির্যজ্ঞৈর্ব্রতৈর্দ্বাদশিসংজ্ঞকৈঃ।
কপিলাকোটিভির্দত্তৈর্হেমভারশতৈরপি ॥ ২০ ॥
চান্দ্রায়ণৈশ্চ পারাকৈঃ কৃতৈর্যৎফলমাপ্নুয়াৎ।
প্রতিষ্ঠাপ্য হরেরর্চ্চা পুণ্যমাপ্নোতি নারদ ॥ ২১ ॥

অনুবাদ—মাঘমাসে প্রয়াগে ত্রিবেণী সঙ্গমে স্নানের যে ফল উক্ত হইয়াছে, হে নারদ! পিতৃপক্ষে গয়ায় পিণ্ডদানে যে ফল, কার্ত্তিকমাসে পুষ্করক্ষেত্রে স্নানের, সূর্য্যগ্রহণে কুরুক্ষেত্রে স্নানের দ্বারকায় বৈশাখে ও প্রভাসে চন্দ্রগ্রহণে স্নানের যে ফল, শিবরাত্রিতে সিদ্ধেশ্বরে ও হাটক ক্ষেত্রে, শুক্লতীর্থে, রেবানদীতে ও গঙ্গাসাগর সঙ্গমে স্নানের যে ফল, অশ্বমেধাদি যজ্ঞদ্বারা, দ্বাদশী নামক ব্রতসমূহ দ্বারা, কোটি কপিলা গাভী দান দ্বারা, শতভার সুবর্ণদান দ্বারা, চান্দ্রায়ণ ব্রতসমূহ দ্বারা এবং পারাক ব্রতসমূহ করার দ্বারা যে ফল পাওয়া যায়, হে নারদ! শ্রীহরির অর্চ্চাবিগ্রহ প্রতিষ্ঠা ফলে সেই সকল পুণ্য পাওয়া যায় ॥ ১৭-২১ ॥

তস্মাৎ কলিযুগে ঘোরে বিশেষেণ নরোত্তমৈঃ।
স্থাপনীয়া হরেরর্চ্চা পিতৃণাং মুক্তিমিচ্ছতা ॥২২॥

অনুবাদ—সেইহেতু ঘোর কলিযুগে বিশেষতঃ পিতৃগণের মুক্তিকামী শ্রেষ্ঠ মানবগণ কর্ত্তৃক শ্রীহরির অর্চ্চাবিগ্রহ স্থাপন কর্ত্তব্য ॥ ২২ ॥

অন্যকৃতে চ প্রাসাদে প্রতিমাং স্থাপয়েত্তু যঃ।
কুলাযুতশতৈর্যুক্তো বসতে বিষ্ণুবেশ্মনি ॥ ২৩॥

অনুবাদ—যিনি অন্যকৃত প্রাসাদে প্রতিমা স্থাপন করে, তিনি শতঅযুত কুল সহ শ্রীবিষ্ণু গৃহে বাস করে ॥ ২৩ ॥

স ধন্যঃ স কুলীনশ্চ পিতৄণাং ভবতে সুতঃ ॥
কারয়িত্বা হরেধিষ্ণ্যং যঃ স্থাপয়তি কেশবম্ ॥২৪॥

অনুবাদ—সেই মানব ধন্য, সেই কুলীন, সেই পিতার যথার্থ সন্তান, যে মানব শ্রীহরি বিগ্রহ নির্ম্মাণ করাইয়া কেশবদেবকে স্থাপন করে ॥ ২৪ ॥

হরস্য বিষ্ণোর্ভানোর্বা প্রাসাদে চাপি নারদ।
স্থাপয়িত্বা হরেরর্চ্চা মুখ্যং পুণ্যমবাপ্নুয়াৎ ॥ ২৫ ॥

অনুবাদ—হে নারদ! শিবপ্রাসাদে, বিষ্ণুপ্রাসাদে বা সূর্য্যমন্দিরে শ্রীহরির অর্চ্চাবিগ্রহ স্থাপন করিলে মুখ্যপুণ্য প্রাপ্ত হইবে ॥ ২৫ ॥

টীকা—মুখ্যমিতি—প্রাসাদং স্বয়ং নির্ম্মায় তত্র হরেরর্চ্চাস্থাপনেন যৎ পুণ্যং তদিত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে প্রতিষ্ঠাবিধ্যন্তে—
যো বিষ্ণুং স্থাপয়েদেবং সর্ব্বদেবনমস্কৃতম্।
স্থাপিতং তেন সর্ব্বং স্যাজ্জগৎ স্থাবরজঙ্গমম্ ॥২৬॥
অতীতান্ দশ পূর্ব্বাংশ্চ তথৈবানাগতান্ দশ।
আত্মানং সপরীবারং বিষ্ণুলোকং নয়েন্নরঃ ॥২৭॥

অনুবাদ—শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রে প্রতিষ্ঠা বিধির অন্তে—সর্ব্বদেব প্রণম্য শ্রীবিষ্ণুদেবকে যে মানব স্থাপন করে, তৎকর্ত্তৃক সমগ্র স্থাবর জঙ্গম জগৎ স্থাপিত হয় এবং অতীত পূর্ব্ব দশপুরুষ, সেইরূপ অনাগত ভবিষ্যৎ দশ পুরুষকে, আর সপরিবার নিজকে সেই মানব বিষ্ণুলোকে লইয়া যায় ॥২৬-২৭॥

কোটিজন্মগতং পাপং স্বল্পকং যদি বা গুরু।
তৎ সর্ব্বং ভস্মসাৎ কুর্য্যাৎ সংস্থাপ্য মধুঘাতিনম্ ॥ ২৮ ॥

অনুবাদ—কোটিজন্মগত পাপ তাহা অতি অল্প

বা গুরুই হউক শ্রীমধুসূদনকে স্থাপন ফলে সকলই ভস্মসাৎ করিবে ॥ ২৮ ॥

তথৈব ভবিষ্যে—

এবং যঃ কুরুতে রাজন্ প্রতিষ্ঠাং দেবচক্রিণঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সর্ব্বভূষণভূষিতঃ ॥ ২৯ ॥
বিমানেন বিচিত্রেণ ত্রিসপ্তকুলজৈঃ সহ।
পূজাং সম্প্রাপ্য মহতীমিন্দ্রলোকাদিষু ক্রমাৎ।
সবান্ধবং সুখং প্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে ॥৩০॥

অনুবাদ—সেইরূপ ভবিষ্যপুরাণে—হে রাজন্! এইভাবে যে মানব চক্রধারী শ্রীহরির প্রতিষ্ঠা করে, সর্ব্বপাপ বিশেষরূপে মুক্ত হইয়া সর্ব্ববিধ ভূষণে ভূষিত হইয়া বিচিত্র বিমানে ত্রিসপ্ত কুলজাতগণ সহ ইন্দ্রলোকাদিতে ক্রমে মহতী পূজা প্রাপ্ত হইয়া সবান্ধবে বিষ্ণুলোকে বৈকুণ্ঠে বিরাজ করে ॥ ২৯-৩০ ॥

নারসিংহে—

প্রতিষ্ঠাং নরসিংহস্য যঃ করোতি যথাবিধি।
নিষ্কামো নরশার্দ্দূল দেহবন্ধাৎ প্রমুচ্যতে ॥ ৩১ ॥

অনুবাদ—নৃসিংহপুরাণে—যে মানব নিষ্কামভাবে শাস্ত্রবিধিমত শ্রীনরসিংহদেবের প্রতিষ্ঠা করে, হে রাজন্! সেই ব্যক্তি দেহবন্ধন হইতে মুক্ত হয় ॥৩১॥

সকামো নরসিংহস্য পুরং প্রাপ্য চ মোদতে।
মন্বন্তরাণ্যনেকানি লব্ধসৌখ্যো বিমুচ্যতে ॥ ৩২ ॥

অনুবাদ—সকাম ব্যক্তি শ্রীনরসিংহদেবের ধাম প্রাপ্ত হইয়া আনন্দ লাভ করে, বহু মন্বন্তর সুখ লাভ করিয়া বিমুক্ত হয় ॥ ৩২ ॥

নরসিংহং প্রতিষ্ঠাপ্য যঃ পূজামাচরেন্নরঃ।
তস্য কামাঃ প্রসিধ্যন্তি পুত্রপৌত্রাদয়ো ভুবি ॥৩৩॥

অনুবাদ—যে মানব শ্রীনরসিংহদেবকে প্রতিষ্ঠা করিয়া পূজা করিতে থাকে, তাহার এই জগতে পুত্র পৌত্রাদি কাম্যফলসমূহ সিদ্ধ হয় ॥ ৩৩ ॥

বিধিবৎ স্থাপয়েদ্‌যস্তু কারয়িত্বা জনার্দ্দনম্।
ন জাতু নির্গমস্তস্য বিষ্ণুলোকাৎ কথঞ্চন ॥৩৪॥

অনুবাদ—যে মানব শাস্ত্রবিধি অনুসারে জনার্দ্দন বিগ্রহ নির্ম্মাণ করাইয়া স্থাপন করে, তাহার কোনরূপে বিষ্ণুলোক হইতে পতন হয় না ॥ ৩৪ ॥

গৌতমীয়ে—

গোষ্ঠে বা শৈলশৃঙ্গে বা পুণ্যারণ্যে নদীতটে।
প্রাসাদে স্থাপয়েৎ কৃষ্ণং তীর্থকোটিফলং লভেৎ ॥৩৫

অনুবাদ—গৌতমীয়তন্ত্রে—গোষ্ঠে বা পর্ব্বত-শিখরে অথবা পুণ্যবনে, নদীতটে, প্রাসাদে, শ্রীকৃষ্ণ বিগ্রহ স্থাপন করিলে কোটি তীর্থের ফল লাভ করেন ॥ ৩৫ ॥

কোটিকোটি-মহাস্নানাৎ কোটিতীর্থপরিভ্রমাৎ।
তৎ ফলং লভতে ভক্ত্যা সংপ্রতিষ্ঠাপ্য কেশবম্ ॥৩৬

অনুবাদ—কোটি কোটি মহাস্নানের যে ফল, কোটি তীর্থ পরিভ্রমণের যে ফল লাভ করে, ভক্তিসহ শ্রীকেশবকে উত্তমরূপে প্রতিষ্ঠা করিয়া সেই ফল প্রাপ্ত হওয়া যায় ॥ ৩৬ ॥

সদা মন্ত্রকোটিজপাৎ যৎ ফলং পুরুষো লভেৎ।
তৎ ফলং সমবাপ্নোতি সংস্থাপ্য পুরুষোত্তমম্ ॥৩৭॥

অনুবাদ—মানব সর্ব্বদা কোটি সংখ্যা মন্ত্র জপে যে ফল লাভ করে, পুরুষোত্তম শ্রীকৃষ্ণকে সংস্থাপন করিয়া সেই ফল সম্যক্ প্রাপ্ত হয় ॥ ৩৭ ॥

কোটিযজ্ঞেন যৎ পুণ্যং পুণ্যারণ্যনিষেবনাৎ।
তৎ ফলং লভতে মর্ত্ত্যস্তদ্বৎ সংস্থাপ্য কেশবম্ ॥৩৮

অনুবাদ—কোটি যজ্ঞদ্বারা যে পুণ্য, পুণ্যারণ্যে বাসদ্বারা যে পুণ্য, যথাবিধি শ্রীকেশবকে সংস্থাপন করিয়া মানব সেই ফল লাভ করে ॥ ৩৮ ॥

যাবজ্জন্ম হরের্নামগ্রহণে যৎ ফলং লভেৎ।
তৎ ফলং সমবাপ্নোতি সংস্থাপ্য পুরুষোত্তমম্ ॥৩৯॥

অনুবাদ—আজীবন শ্রীহরির নাম গ্রহণে যে ফল লাভ হয়, পুরুষোত্তম শ্রীকৃষ্ণকে সংস্থাপন করিয়া সেই ফল সম্পূর্ণ প্রাপ্ত হয় ॥ ৩৯ ॥

অথ প্রতিষ্ঠাকালঃ

মাৎস্যে—

চৈত্রে বা ফাল্গুনে বাপি জ্যৈষ্ঠে বা মাধবে তথা।
মাঘে বা সর্ব্বদেবানাং প্রতিষ্ঠা শুভদা ভবেৎ ॥৪০॥

অনুবাদ—অথ প্রতিষ্ঠা কাল, মৎস্যপুরাণে—চৈত্র, ফাল্গুন, জ্যৈষ্ঠ, বৈশাখ বা মাঘে দেবগণের প্রতিষ্ঠা মঙ্গলপ্রদা হইবে ॥ ৪০ ॥

প্রাপ্য পক্ষং শুভং শুক্লমতীতে চোত্তরায়ণে।
পঞ্চমী চ দ্বিতীয়া চ তৃতীয়া সপ্তমী তথা ॥ ৪১ ॥
দশমী পৌর্ণমাসী চ তথা শ্রেষ্ঠা ত্রয়োদশী।
আসু প্রতিষ্ঠা বিধিবৎ কৃতা বহুফলা ভবেৎ ॥৪২॥

অনুবাদ—শুভ শুক্লপক্ষ প্রাপ্ত হইলে এবং উত্তরায়ণ সংক্রান্তি অতীত হইলে (দক্ষিণায়নে প্রতিষ্ঠা নিষেধ হেতু) দ্বিতীয়া, তৃতীয়া পঞ্চমী সপ্তমী এবং দশমী, ত্রয়োদশী ও পূর্ণিমা এই সকল তিথিতে শাস্ত্রবিধিবৎ শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করিলে বহু শুভ ফল প্রাপ্ত হইবে ॥ ৪১-৪২ ॥

টীকা—অতীতে চোত্তরায়ণ ইতি মকরসংক্রান্তৌ ব্যতীতায়ামিত্যর্থঃ। দক্ষিণায়নে প্রতিষ্ঠানিষেধাৎ ॥ ৪১ ॥

আষাঢ়ে দ্বে তথা মূলমুত্তরাত্রয়মেব চ।
জ্যেষ্ঠাশ্রবণরোহিণ্যঃ পূর্ব্বভাদ্রপদা তথা ॥ ৪৩ ॥
হস্তাশ্বিনী রেবতী চ পুষ্যা মৃগশিরস্তথা।
অনুরাধা তথা স্বাতী প্রতিষ্ঠাদিষু শস্যতে ॥ ৪৪ ॥

অনুবাদ—পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়া, সেইরূপ মূলা, উত্তরফল্গুনী, উত্তরভাদ্রপদ, জ্যেষ্ঠা, শ্রবণা, রোহিণী, পূর্ব্বভাদ্রপদ এবং হস্তা, অশ্বিনী, রেবতী, পুষ্যা, মৃগশিরা, সেইরূপ অনুরাধা ও স্বাতী নক্ষত্র প্রতিষ্ঠাদি কার্য্যে প্রশস্তা ॥ ৪৩-৪৪ ॥

বুধো বৃহস্পতিঃ শুক্রস্ত্রয় এতে শুভাবহাঃ।
এভির্নিরীক্ষিতং লগ্নং নক্ষত্রঞ্চ প্রশস্যতে ॥ ৪৫ ॥

অনুবাদ—বুধ, বৃহস্পতি ও শুক্র এই তিনবার শুভপ্রদা। এই সকল সহ পরীক্ষিত লগ্ন ও নক্ষত্র প্রতিষ্ঠাকার্য্যে প্রশস্ত ॥ ৪৫ ॥

গ্রহতারাবলং লব্ধা গ্রহপূজাং বিধায় চ।
নিমিত্তং শকুনং লব্ধা বর্জ্জয়িত্বাদ্ভুতাদিকম্ ॥৪৬॥
শুভে যোগে শুভে স্থানে ক্রূরগ্রহবিবর্জ্জিতে।
লগ্নে ঋক্ষে চ কুর্ব্বীত প্রতিষ্ঠাদিকমুক্তবৎ ॥ ৪৭ ॥

অনুবাদ—গ্রহতারাবল প্রাপ্ত হইয়া গ্রহপূজা করিয়া শুভনিমিত্ত প্রাপ্ত হইয়া অদ্ভুতাদিক্ষণ বর্জ্জন করিয়া শুভযোগে শুভস্থানে ক্রূরগ্রহ বর্জ্জিত লগ্নে ও নক্ষত্রে শাস্ত্রোক্ত প্রতিষ্ঠাদি করিবে ॥ ৪৬-৪৭ ॥

টীকা—অদ্ভুতং ভূকম্পাদি, আদি-শব্দেন গ্রহণাদি ॥ ৪৬ ॥

অয়নে বিষুবে তদ্বৎ ষড়শীতিমুখে তথা।
এতেষু স্থাপনং কার্য্যং বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥৪৮॥

অনুবাদ—উত্তরায়ণে বিষুব-সংক্রান্তি ও ষড়শীতি-সংক্রান্তি, এই সকলকালে শাস্ত্রবিধি দৃষ্টে কর্ম্মদ্বারা শ্রীবিগ্রহস্থাপন কর্ত্তব্য ॥ ৪৮ ॥

প্রাজাপত্যে তু শয়নং শ্বেতে তূত্থাপনং তথা।
মুহূর্ত্তে স্থাপনং কুর্য্যাত্তথা ব্রাহ্মে বিচক্ষণঃ ॥৪৯॥

অনুবাদ—বিচক্ষণ ব্যক্তি প্রাজাপত্য রোহিণী নক্ষত্রে শয়ন, রেবতী নক্ষত্রে শ্বেতে উত্থাপন, সেইরূপ ব্রাহ্মমুহূর্ত্তে স্থাপন করিবে ॥ ৪৯ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে চ—

উত্তরাশাশ্রিতে ভানৌ শুক্লপক্ষে সুরেশ্বর।
কৃষ্ণপক্ষান্তিম-ত্র্যংশাদৃতে সুরগণাচ্চিত।
শুক্লস্যাদ্যং পরিত্যজ্য প্রতিষ্ঠাং কারয়েদ্বুধঃ ॥৫০॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রেও—হে সুরগণাচ্চিত! সূর্য্য উত্তরায়ণে অবস্থানকালে, হে সুরেশ্বর! শুক্লপক্ষে, কৃষ্ণপক্ষে, ত্রয়োদশী, চতুর্দ্দশী, অমাবস্যা, আদৃত এবং শুক্লপক্ষের প্রতিপদ বর্জ্জন করিয়া অভিজ্ঞ ব্যক্তি প্রতিষ্ঠা করাইবে ॥ ৫০ ॥

টীকা—ভানৌ উত্তরাশাং দিশং আশ্রিতে, উত্তরায়ণে সতীত্যর্থঃ। কৃষ্ণপক্ষেঽপি শুভযোগবাহুল্যে কারয়েৎ, কিন্তু তত্র ত্রয়োদশী-চতুর্দ্দশ্যমাবস্যা বর্জ্জয়েদিত্যাহ—কৃষ্ণেতি ॥ ৫০ ॥

———

মাঘে মাসি ফাল্গুনে বা চৈত্রবৈশাখয়োরপি ॥৫১॥
জ্যৈষ্ঠে মাস্যথবাষাঢ়ে সুযোগকরণান্বিতে।
প্রতিপচ্চ দ্বিতীয়া চ তৃতীয়া পঞ্চমী তথা ॥৫২॥
সপ্তমী দশমী চৈব দ্বাদশী চ ত্রয়োদশী।
অষ্টমী পৌর্ণমাসী চ প্রতিষ্ঠায়াং সুশোভনাঃ ॥৫৩॥

অনুবাদ—মাঘমাসে, ফাল্গুনে, চৈত্রে, বৈশাখে, জ্যৈষ্ঠে, আষাঢ়ে উত্তম যোগ ও করণযুক্ত, প্রতিপদ, দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী, সপ্তমী, অষ্টমী দশমী, দ্বাদশী, ত্রয়োদশী ও পূর্ণিমা প্রতিষ্ঠা কর্ম্মে সুশোভনা ॥ ৫১-৫৩ ॥

———

গুরুঃ সোমো শুক্রঃ প্রতিষ্ঠায়াং শুভাবহাঃ।
মেষো বৃষোঽথ মিথুনঃ কর্কটো বৃশ্চিকস্তথা ॥৫৪॥
সিংহঃ কন্যা চ সততং বিজ্ঞেয়াঃ শান্তিকারকাঃ।
উত্তরাসু তথা মূলে রৌদ্রে পুষ্যেঽথ শস্যতে ॥৫৫॥
বৈষ্ণবে চানুরাধে চ রেবত্যাং রোহিণীষু চ।
অশ্বিন্যামথ চিত্রায়াং ভরণ্যাং চ পুনর্বসৌ।
প্রতিষ্ঠাং কারয়েদ্বিদ্বান্ নক্ষত্রে মৃগশীর্ষকে ॥ ৫৬ ॥

অনুবাদ—গুরুবার, সোমবার ও শুক্রবার প্রতিষ্ঠা-কর্ম্মে শুভপ্রদা। মেষ, বৃষ, মিথুন, কর্কট, বৃশ্চিক, সিংহ ও কন্যা লগ্ন সর্ব্বদা শান্তিকারক জানিবে। উত্তরাষাঢ়া, উত্তরফল্গুনী, উত্তরভাদ্রপদ, মূলা, আর্দ্রা, পুষ্যানক্ষত্র প্রশস্তা। শ্রবণা, অনুরাধা, রেবতী, রোহিণী, অশ্বিনী, চিত্রা, ভরণী, পুনর্বসু ও মৃগশিরা নক্ষত্রে বিদ্বান্ ব্যক্তি প্রতিষ্ঠা করাইবেন ॥ ৫৪-৫৬ ॥

———

অয়নে বিষুবে চৈব ষড়শীতিমুখে তথা ॥ ৫৭ ॥
মিত্রং পরমমিত্রঞ্চ সম্পৎক্ষেমঞ্চ সাধকম্।
তারাপঞ্চকমেতচ্চ প্রতিষ্ঠায়াং প্রশস্যতে ॥৫৮॥

অনুবাদ—উত্তরায়ণে, বিষুব ও ষড়শীতি সংক্রান্তিতে, নবতারা মধ্যে মিত্র, পরমমিত্র, সম্পৎ, ক্ষেম ও সাধক—এই তারা পঞ্চক প্রতিষ্ঠা কার্য্যে প্রশস্ত ॥ ৫৭-৫৮ ॥

———

গরং বিষ্টিঞ্চ কিন্তুঘ্নং শাকুনঞ্চ চতুষ্পদম্।
বর্জ্জয়েৎ সুপ্রযত্নেন প্রতিষ্ঠায়াং সুরেশ্বর ॥ ৫৯ ॥

অনুবাদ—হে সুরেশ্বর! গর, বিষ্টি, কিন্তুঘ্ন, শাকুন, চতুষ্পদ—এই সকল করণ সুযত্নে প্রতিষ্ঠা কার্য্যে বর্জ্জন করিবেন ॥ ৫৯ ॥

———

বিষ্কুম্ভমতিগণ্ডঞ্চ শূলং পরিঘমেব চ।
গণ্ডং ব্যাঘাতকং চৈব বিধৃতিং বজ্রমেব চ ॥৬০॥
ব্যতীপাতং হর্ষণঞ্চ যোগানেতান্ বিবর্জ্জয়েৎ।
ন শস্তং গ্রহণে নিত্যং তথা বৈ দক্ষিণায়নে ॥৬১॥

অনুবাদ—বিষ্কুম্ভ, অতিগণ্ড, শূল, পরিঘ, গণ্ড ব্যাঘাত, বৈধৃতি, বজ্র, ব্যতীপাত ও হর্ষণযোগ বিশেষ ভাবে বর্জ্জনীয়, গ্রহণ কালে সেইরূপ দক্ষিণায়নে প্রতিষ্ঠা নিত্য বর্জ্জনীয় ॥ ৬০-৬১ ॥

———

লগ্নে তু সুস্থিরে কার্য্যং স্থিরাংশে সুরসত্তম।
কর্ত্তুশ্চোপচয়োপেতে মুহূর্ত্তে শোভনে দ্বিজ ॥৬২॥

অনুবাদ—হে সুরসত্তম! সুস্থির লগ্নে স্থিরাংশে প্রতিষ্ঠা করণীয়, হে দ্বিজ! কর্ত্তার উন্নতি যুক্ত শুভ মুহূর্ত্তে প্রতিষ্ঠা করণীয় ॥ ৬২ ॥

———

মৈত্রে বৈরাজ-সাবিত্রে শ্বেতে বা বাসবে শিবে।
অভিজিদ্রোহিণীনাঞ্চ মুহূর্ত্তে পদ্মসম্ভবে ॥ ৬৩ ॥
গান্ধর্ব্বে বা স্থাপয়ীত হরিং সুরগণার্চ্চিতম্।
আদিত্যস্য বলং লব্ধা লগ্নং শুভনিরীক্ষিতম্ ॥৬৪॥
চন্দ্রতারাবলং প্রাপ্য স্থাপয়েৎ পুরুষোত্তমম্।
সুগ্রহে চ সুনক্ষত্রে কুর্য্যাত্তত্রাধিবাসনম্ ॥ ৬৫ ॥

অনুবাদ—মৈত্র, বৈরাজ, সাবিত্র, শ্বেত, বাসব, শিব, অভিজিৎ ও রোহিণী মুহূর্ত্তে, ব্রাহ্মে বা গান্ধর্ব্ব মুহূর্ত্তে দেবগণার্চ্চিত শ্রীহরিকে স্থাপন করিবে। সূর্য্য-বল প্রাপ্ত হইয়া শুভলগ্ন দেখিয়া, চন্দ্রবল ও তারা-বল প্রাপ্ত হইয়া পুরুষোত্তম কৃষ্ণকে স্থাপন করিবে। শুভগ্রহে ও শুভনক্ষত্রে অধিবাস করিবে ॥ ৬৩-৬৫ ॥

———

ভবিষ্যে—
হরৌ সুপ্তে ন কর্ত্তব্যং দেবার্চ্চাস্থাপনং বুধৈঃ।
কর্ত্তব্যং তু বিবুদ্ধে তু হংসে চাপ্যুত্তরং গতে ॥৬৬॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—অভিজ্ঞগণ কর্ত্তৃক দেব বিগ্রহ স্থাপন শ্রীহরির শয়ন কালে কর্ত্তব্য নহে। শ্রীহরিজাগরণকালে এবং সূর্য্যের উত্তরায়ণে প্রতিষ্ঠা কর্ত্তব্য ॥ ৬৬ ॥

———

সর্ব্বকামসমৃদ্ধ্যর্থং স্থাপয়েদুত্তরায়ণে।
বর্জ্জয়েৎ সর্ব্বযত্নেন মন্ত্রবিদ্দক্ষিণায়নম্ ॥ ৬৭ ॥

অনুবাদ—সর্ব্ববিধ বাসনা লাভার্থে উত্তরায়ণে মূর্ত্তি স্থাপন করিবে, সর্ব্বপ্রযত্নে মন্ত্রবিৎ প্রতিষ্ঠাকার্য্যে দক্ষিণায়ন বর্জ্জন করিবেন ॥ ৬৭ ॥

———

দেবীপুরাণে—
সিংহসংস্থং গুরুং শুক্রং সর্ব্বারম্ভেষু বর্জ্জয়েৎ।
প্রারব্ধং ন চ সিধ্যেত মহাভয়করং ভবেৎ ॥৬৮॥
পুত্রভ্রাতৃকলত্রাণি হন্যাচ্ছীঘ্রং ন সংশয়ঃ।
কারকো ব্রজতে নাশং সন্তানং ক্ষীয়তেঽচিরাৎ ॥৬৯

অনুবাদ—দেবীপুরাণে—সর্ব্বকর্ম্মের আরম্ভে সিংহরাশি স্থিত গুরু ও শুক্র ঐকাল বর্জ্জন করিবে। প্রারব্ধ কার্য্য সিদ্ধ হয় না, মহাভয়ঙ্কর হয়। পুত্র, ভ্রাতা, ভার্য্যা এ সকলকে শীঘ্র বধ করিবে, ইহাতে সংশয় নাই। কর্ত্তা বিনাশ পায়, অচিরে সন্তান ক্ষয় যায় ॥ ৬৮-৬৯ ॥

———

দেবারামতড়াগেষু প্রপোদ্যানগৃহেষু চ।
সিংহস্থং মকরস্থং চ গুরুং যত্নেন বর্জ্জয়েৎ ॥৭০॥

অনুবাদ—দেববিগ্রহ, উদ্যান, পুষ্করিণী, প্রপা (জলছত্র), উদ্যান, গৃহ ইত্যাদি প্রতিষ্ঠারম্ভে সিংহ রাশি ও মকর রাশিগত বৃহস্পতি যত্নপূর্ব্বক বর্জ্জন করিবে ॥ ৭০ ॥

———

অথ প্রতিষ্ঠাস্থানম্

তত্রৈব—
সিদ্ধক্ষেত্রং সরঃ পুণ্যবনং রম্যং নদীতটম্।
প্রাসাদো নির্ম্মিতঃ শক্ত্যা মনোরমগৃহাদি চ ॥৭১॥

অনুবাদ—অনন্তর প্রতিষ্ঠা স্থান, দেবীপুরাণে—সিদ্ধক্ষেত্র, সরোবর, পুণ্যবন, রমণীয় নদীতট, সামর্থ্য অনুসারে নির্ম্মিত প্রাসাদ, মনোরম গৃহাদিও ॥ ৭১ ॥

———

হয়শীর্ষপঞ্চরাত্রে—
অথ দিঙ্নিয়মোপেতং দেবতাস্থাপনং শুভম্।
পুরো দিশি যথা দেবাঃ স্থাপ্যাঃ শৃণু তথা মম ॥৭২

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—অনন্তর দিক্ নির্ণয় পূর্ব্বক দেবতা স্থাপন মঙ্গলপ্রদ হয়। প্রথমত যে দিকে যে দেব স্থাপনীয় তাহা আমার নিকট শ্রবণ কর ॥ ৭২ ॥

———

নগরগ্রামমধ্যে তু ব্রহ্মণঃ স্থানমুত্তমম্।
আখণ্ডলস্য সূর্য্যস্য পূর্ব্বেণায়তনং শুভম্ ॥ ৭৩ ॥
স্বগিদ্গতং কৃশানোস্তু মাতৃণাঞ্চৈব দক্ষিণে।
ভূতানামালয়স্তস্মিন্ ধর্ম্মরাজালয়ঃ শুভঃ ॥ ৭৪ ॥

অনুবাদ—নগর বা গ্রাম মধ্যে ব্রহ্মার স্থান উত্তম, ইন্দ্র ও সূর্য্যের পূর্ব্বদিকে শুভ, অগ্নিকোণে অগ্নির

স্থান, মাতৃগণের দক্ষিণে, ভূতাবাস ও ধর্ম্মরাজের গৃহ দক্ষিণে শুভ ॥ ৭৩-৭৪ ॥

চণ্ডিকায়াঃ পিতৃণাঞ্চ দৈত্যানাং নৈঋর্তে ভবেৎ।
প্রচেতসঃ সমুদ্রস্য সিন্ধূনাং পশ্চিমে ভবেৎ ॥৭৫॥

অনুবাদ—চণ্ডিকা ও পিতৃগণের স্থানও দক্ষিণে, দৈত্যগণের নৈঋর্তকোণে, বরুণদেবের স্থান, সমুদ্রের স্থান পশ্চিমে হইবে ॥ ৭৫ ॥

ফণিনাং চৈব বায়ব্যাং বায়োঃ স্থানন্তু তচ্ছুভম্।
যক্ষাধিপস্য স্কন্দস্য উদীচ্যাং স্থানমুচ্যতে ॥ ৭৬ ॥

অনুবাদ—সর্পগণের ও বায়ুদেবের স্থান বায়ুকোণে, তাহা মঙ্গলপ্রদ। যক্ষপতি কুবের ও কার্ত্তিকের স্থান উত্তরে ॥ ৭৬ ॥

বিষ্ণোঃ স্থানং তু সর্ব্বত্র কালভেদেন ভিদ্যতে।
নগরাভিমুখাঃ সর্ব্বে স্থাপিতাঃ শুভদা নৃণাম্ ॥৭৭॥

অনুবাদ—শ্রীবিষ্ণুর স্থান সর্ব্বত্র কিন্তু কালভেদে ভিন্ন হয়। নগরের অভিমুখে সকল দেবমন্দির স্থাপিত হইলে মানবগণের শুভপ্রদ ॥ ৭৭ ॥

অজ্ঞানাদ্বা প্রমাদাদ্বা কৃতা যদি পরাঙ্মুখাঃ।
তদা শাস্ত্রাদিভিবিদ্বানুপায়মিমমাচরেৎ ॥ ৭৮ ॥

অনুবাদ—অজ্ঞান বা প্রমাদবশতঃ যদি বিপরীত মুখে কৃত হয় তখন বিদ্বান্ ব্যক্তি শাস্ত্রাদি সহ এই উপায় অবলম্বন করিবেন ॥ ৭৮ ॥

তদ্বর্ণভূষণোপেতং তদস্ত্রায়ুধলক্ষণম্।
পুরস্যাভিমুখং ভিত্তৌ তং দেবং তত্র সংলিখেৎ ॥৭৯

অনুবাদ—সেই বর্ণ ও বস্ত্রালঙ্কারাদিযুক্ত এবং সেইরূপ অস্ত্রাদিযুক্ত মূর্ত্তি ঐ নগরের অভিমুখে ভিত্তিতে সেই দেবকে ঐ স্থানে লিখিয়া রাখিবেন ॥ ৭৯ ॥

কিঞ্চ—
দিগ্বিশেষেণ মে স্থানং শৃণু মে সুরসত্তম।
গ্রামমধ্যেঽথবারণ্যে নদীনাং সঙ্গমে তথা ॥ ৮০ ॥
নগরস্য সমন্তাচ্চ সর্ব্বত্রাহং প্রতিষ্ঠিতঃ।
ভুক্তিমুক্তিপ্রদং পুংসাং বিশেষং শৃণু চাপরম্ ॥৮১॥

অনুবাদ—আরও—হে সুরসত্তম! দিক্ বিশেষে আমার স্থান আমার নিকট শ্রবণ কর। গ্রাম মধ্যে, অথবা অরণ্যে, নদীসঙ্গমে, নগরের চতুর্দ্দিকে সর্ব্বত্র আমি প্রতিষ্ঠিত হইলে মানবগণের ভুক্তি-মুক্তি-প্রদ হই, আরও অন্য বিশেষ শ্রবণ কর ॥ ৮০-৮১ ॥

ঐন্দ্র্যাং প্রশস্তং বিজ্ঞেয়মাগ্নেয্যাং পরিবর্জ্জিতম্।
যাম্যাং প্রশান্তয়ে শস্তং নৈঋর্ত্যাং ভয়দং ভবেৎ ॥৮২

অনুবাদ—শ্রীবিষ্ণুমন্দির পূর্ব্বদিকে প্রশস্ত জানিবে, অগ্নিকোণ বর্জ্জন করিবে, দক্ষিণে শান্তির জন্য প্রশস্ত, নৈঋর্তে ভয়প্রদ হয় ॥ ৮২ ॥

টীকা—কালভেদেন ভিদ্যত ইতি যদুক্তং, তদেব দর্শয়তি—ঐন্দ্র্যামিত্যাদিনা সার্দ্ধদ্বয়েন ॥ ৮২ ॥

দ্রব্যাদীনাং প্রসিদ্ধ্যর্থং বারুণ্যাং রাজ্যসিদ্ধয়ে।
বায়ব্যাং বর্জ্জয়েদ্‌যত্নাৎ কৌবের্য্যাং পুষ্টিবর্দ্ধনম্।
ঐশান্যাং যজনং শ্রেষ্ঠং সর্ব্বসম্পৎকরং নৃণাম্ ॥৮৩

অনুবাদ—পশ্চিমে দ্রব্যাদির প্রসিদ্ধির জন্য এবং রাজ্য সিদ্ধির নিমিত্ত। বায়ুকোণে যত্নপূর্ব্বক বর্জ্জন করিবে, উত্তরে পুষ্টি বর্দ্ধন, ঈশানকোণে যজন শ্রেষ্ঠ মানবগণের সর্ব্বসম্পদ বৃদ্ধি কর ॥ ৮৩ ॥

অথ প্রতিষ্ঠাধিকারী

দেবীপুরাণে—
বর্ণাশ্রমবিভাগেন দেবাঃ স্থাপ্যা হি নান্যথা ॥৮৪॥

অনুবাদ—অনন্তর প্রতিষ্ঠা অধিকারী, দেবীপুরাণে—বর্ণাশ্রম বিভাগ দ্বারা দেবগণের স্থাপন কর্ত্তব্য অন্যথা নহে ॥ ৮৪ ॥

টীকা—বর্ণাশ্রমবিভাগেনৈব দেবাঃ স্থাপ্যাঃ, কেন-

চিহ্নর্ণেন কেনাচিদাশ্রমাদিনা চ কশ্চিদ্দেবঃ স্থাপ্যঃ, ন চ সর্ব্বৈরেব সর্ব্ব ইত্যর্থঃ। শ্রীবিষ্ণুস্তু সর্ব্বৈরেব স্থাপ্য ইত্যাহ চাতুর্বর্ণ্যৈরিতি ॥ ৮৪ ॥

কিঞ্চ—

চাতুর্বর্ণ্যৈস্তথা বিষ্ণুঃ প্রতিষ্ঠাপ্যঃ সুখার্থিভিঃ ॥৮৫॥

অনুবাদ—আরও—বর্ণচতুষ্টয়ের মানবগণ কর্ত্তৃক সুখাভিলাষী হইয়া বিষ্ণুমূর্ত্তি স্থাপনীয়া ॥ ৮৫ ॥

অথ স্থাপকাদিলক্ষণং মূর্ত্তিপাণাঞ্চলক্ষণম্

তত্রৈব—

পঞ্চরাত্রার্থকুশলো মন্ত্রতন্ত্রাবধারকঃ।
স্থাপনে সর্ব্বদা শস্তো ব্রহ্মচারী চ শান্তিযুক্ ॥৮৬ ॥

অনুবাদ—অনন্তর স্থাপকাদি লক্ষণ ও মূর্ত্তিরক্ষক লক্ষণ, ঐ গ্রন্থে—পঞ্চরাত্রার্থ বিষয়ে নিপুণ, মন্ত্র-তন্ত্রজ্ঞ, শান্তিযুক্ত ব্রহ্মচারীই স্থাপনকার্য্যে সর্ব্বদা প্রশস্ত ॥৮৬

টীকা—তন্ত্রম্ অনুষ্ঠানপ্রকারঃ ॥ ৮৬ ॥

অন্যথা কলহোদ্বেগং কুর্য্যান্নিত্যং মহাভয়ম্।
যজমানে নৃপে রাষ্ট্রে স্থাপকে চ নিরাগমে ॥ ৮৭॥

অনুবাদ—ইহার অন্যথা হইলে কলহ, উদ্বেগ, নিত্য মহাভয় যজমানে, রাজায়, রাজ্যে ও স্থাপকে উপস্থিত হয় ॥ ৮৭ ॥

টীকা—স্থাপকে প্রতিষ্ঠাচার্য্যে, নিরাগমে শাস্ত্রানভিজ্ঞে সতি, এতচ্চ অন্যথেত্যস্য বিবরণম্। যদ্বা, যজমানাদিষু তাদৃশে স্থাপকে চ কলহাদিমহাভয়ং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৮৭ ॥

কিঞ্চ মাৎস্যে—

অতঃপরং প্রবক্ষ্যামি মূর্ত্তিপানাং তু লক্ষণম্।
স্থাপকস্য সমাসেন লক্ষণঃ শৃণুত দ্বিজাঃ ॥ ৮৮ ॥

অনুবাদ—আরও মৎস্যপুরাণে—হে দ্বিজগণ অতঃপর মূর্ত্তি রক্ষকগণের ও স্থাপকের লক্ষণ বলিব সংক্ষেপে শ্রবণ কর ॥ ৮৮ ॥

সর্ব্বাবয়বসম্পূর্ণো বেদমন্ত্রবিশারদঃ।
পুরাণবেত্তা তত্ত্বজ্ঞো দম্ভলোভবিবর্জ্জিতঃ ॥ ৮৯ ॥
কৃষ্ণসারবরে দেশে হ্য উৎপন্নঃ শুভাকৃতিঃ।
শৌচাচারপরো নিত্যং পাষণ্ডকুলনিস্পৃহঃ ॥৯০॥
সমঃ শত্রৌ চ মিত্রে চ ব্রহ্মোপেন্দ্রহরপ্রিয়ঃ।
উহাপোহার্থতত্ত্বজ্ঞো বাস্তুশাস্ত্রস্য পারগঃ।
আচার্য্যস্তু ভবেন্নিত্যং সর্ব্বদোষবিবর্জ্জিতঃ ॥৯১॥

অনুবাদ—যিনি সর্ব্ব অবয়ব সম্পূর্ণ, বেদমন্ত্র-বিশারদ, পুরাণশাস্ত্রবিদ তত্ত্বজ্ঞ, দম্ভ ও লোভ বর্জ্জিত হইবেন এবং কৃষ্ণসার মৃগ সম্পন্ন দেশে যাহার জন্ম, শুভ আকৃতি, নিত্য শৌচাচার পরায়ণ, পাষণ্ড সঙ্গ নিস্পৃহ, শত্রু মিত্রে সমভাব, ব্রহ্মা-বিষ্ণু-হর প্রিয়ভক্ত, শাস্ত্রার্থসংযোগ বিয়োগে নিপুণ, বাস্তুশাস্ত্রজ্ঞ আচার্য্য নিত্য সর্ব্বদোষ বিবর্জ্জিত হইবেন ॥ ৮৯-৯১ ॥

টীকা—কৃষ্ণসারো হরিণস্তেন বরে শ্রেষ্ঠে ; চারেতি পাঠে কৃষ্ণঃ কৃষ্ণসারস্তস্য চারশ্চরণং তেন বরে ॥৯০

মূর্ত্তিপাস্তদ্বিধাশ্চৈব কুলীনা ঋজবস্তথা।
দ্বাত্রিংশৎ ষোড়শাথাপি অষ্টৌ বা শ্রুতিপারগাঃ।
জ্যেষ্ঠ-মধ্য-কনিষ্ঠাস্তু মূর্ত্তিপাঃ পরিকীর্ত্তিতাঃ ॥৯২॥

অনুবাদ—মূর্ত্তি রক্ষকগণও সেইরূপই কুলীন সরলমতি, বত্রিশ, ষোড়শ অথবা অষ্টবিধ শ্রুতি পারগ জ্যেষ্ঠ, মধ্য ও কনিষ্ঠ বলিয়া পরিকীর্ত্তিত ॥৯২

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে চ—

কর্ত্তুমিচ্ছতি যঃ পুণ্যং মম মূর্ত্তিপ্রতিষ্ঠয়া।
অন্বেষণীয়স্তার্য্যস্তেন লক্ষণসংযুতঃ ॥ ৯৩ ॥

অনুবাদ—শ্রীহয়শীর্ষ পঞ্চরাত্রেও—আমার শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠা দ্বারা যে মানব পুণ্য অর্জ্জন করিতে ইচ্ছুক, তৎকর্ত্তৃক লক্ষণ যুক্ত আচার্য্য অন্বেষণ কর্ত্তব্য ॥ ৯৩ ॥

সংশুদ্ধব্রহ্মযোনিস্তু প্রলয়োৎপত্তিসংস্থিতিম্।
যো বেত্তি কুলজো ধীমানাচার্য্যস্তং হি সোঽর্হতি ॥৯৪

অনুবাদ—সংশুদ্ধ ব্রহ্মকুলজাত, বিশ্বের উৎ-

পত্তি স্থিতি প্রলয়জ্ঞ সৎকুলজ বুদ্ধিমান্ ব্যক্তিই আচার্য্যপদের যোগ্য ॥ ৯৪ ॥

টীকা—কুলজঃ পিতৃমাতৃকুলদ্বয়স্য প্রলয়ং মরণম্, উৎপত্তিং জন্ম, সংস্থিতিঞ্চ জীবনং যো বেত্তি ; অন্যথা কুলচারাজ্ঞানাদিদোষপ্রসক্তেঃ ॥ ৯৪ ॥

সম্মতঃ সর্ব্ববর্ণানাং পঞ্চরাত্রবিশারদঃ ।
ক্রোধলোভবিনির্ম্মুক্তো মাৎসর্য্যদোষবর্জ্জিতঃ ॥৯৫॥

অনুবাদ—সর্ব্ববর্ণের মাননীয় পঞ্চরাত্র শাস্ত্র বিশারদ, ক্রোধ, লোভহীন, মাৎসর্য্য দোষ বর্জ্জিত ॥৯৫

ক্ষয়াপস্মাররহিতঃ কুষ্ঠরোগবিবর্জ্জিতঃ ।
অন্যূনানতিরিক্তাঙ্গো যুবা লক্ষণলক্ষিতঃ ॥ ৯৬ ॥

অনুবাদ—ক্ষয়রোগ ও মৃগীরোগ রহিত কুষ্ঠরোগ বিবর্জ্জিত। অধিক বা কম অঙ্গ দোষ বর্জ্জিত যুবা এই সকল লক্ষণ যুক্ত ॥ ৯৬ ॥

অনন্যদেবতাভক্তঃ শূদ্রান্নপরিবর্জ্জিতঃ ।
ব্রাহ্মণানামলাভে তু ক্ষত্রিয়ো বৈশ্যশূদ্রয়োঃ ॥৯৭॥

অনুবাদ—একান্ত দেবভক্ত শূদ্রান্ন ভক্ষণ বর্জ্জিত, ব্রাহ্মণ মধ্যে না পাওয়া গেলে 'ক্ষত্রিয়', বৈশ্য, শূদ্র মধ্যে আচার্য্য হইবেন ॥ ৯৭ ॥

ক্ষত্রিয়াণামলাভে তু বৈশ্যঃ শূদ্রস্য কল্পিতঃ ।
কদাচিদপি শূদ্রস্তু নৈবাচার্য্যত্বমর্হতি ॥ ৯৮ ॥

অনুবাদ—ক্ষত্রিয় মধ্যে অলাভে 'বৈশ্য' শূদ্রের আচার্য্য হইবেন। অদীক্ষিত কখনও আচার্য্য পদের যোগ্য নহে ॥ ৯৮ ॥

টীকা—ককারাষ্টকঞ্চ কুণ্ঠী, কুনখী, কুণ্ডঃ, কাকস্বরঃ, ক্লীবঃ, কাতরঃ, ক্রোধনঃ, কুৎসিত ইতি স্বয়মেবাভিব্যঞ্জয়িতব্যম্ ॥ ৯৮ ॥

গৃহস্থং ব্রহ্মচর্য্যস্থং ককারাষ্টকবর্জ্জিতম্ ।
গুরুং কুর্ব্বীত সততমুপবাসব্রতে রতম্ ।
ঋজুস্বভাবং মধুরস্মিতপূর্ব্বাভিভাষিণম্ ॥ ৯৯ ॥

অনুবাদ—'ক'কার অষ্টক বর্জ্জিত গৃহস্থিত হইলেও ব্রহ্মচর্য্য পালনকারীকে এবং সর্ব্বদা উপবাস ব্রত পালনকারীকে সরল স্বভাবযুক্ত ও মধুর হাস্য যুক্ত ভাষণরত ব্যক্তিকে শ্রীগুরুপদে বরণ করিবেন ॥ ৯৯ ॥

কিঞ্চ—

সর্ব্বত্র ব্যতিরিক্তস্তু আত্মানং বেত্তি যো দ্বিজঃ ।
সর্ব্বলক্ষণহীনোঽপি স গুরুর্নাত্র সংশয়ঃ ॥১০০॥

অনুবাদ—আরও— যে দ্বিজ নিজকে সর্ব্বত্র নিরপেক্ষ জানেন, তিনি সর্ব্বলক্ষণ হীন হইলেও 'শ্রীগুরু'-পদবাচ্য ইহাতে সংশয় নাই ॥ ১০০ ॥

টীকা—অধুনা স্থাপকস্য লক্ষণবিশেষমাহ—সর্ব্বত্রেতি চতুর্ভিঃ। ব্যতিরিক্তং দেহাদিভিন্নং, সর্বৈরুক্তৈর্লক্ষণৈর্হীনোঽপি ॥ ১০০ ॥

অপি পাপসমাচারঃ সর্ব্বলক্ষণবর্জ্জিতঃ ।
দেশিকঃ স তু বিজ্ঞেয়ঃ সংসারার্ণবতারকঃ ॥১০১॥

অনুবাদ—সর্ব্বলক্ষণ বর্জ্জিত পাপাচারযুক্ত হইলেও তিনিই আচার্য্য জানিবে, তিনি সংসার-সমুদ্র তারণ কর্ত্তা ॥ ১০১ ॥

পঞ্চরাত্রপ্রবুদ্ধস্তু সিদ্ধান্তার্থস্য তত্ত্ববিৎ ।
সর্ব্বলক্ষণহীনোঽপি আচার্য্যঃ স বিশিষ্যতে ॥১০২॥

অনুবাদ—পঞ্চরাত্র শাস্ত্রজ্ঞ, সিদ্ধান্ত অর্থের তত্ত্ববিৎ, সর্ব্বলক্ষণ বিহীন হইলেও তিনি বিশিষ্ট আচার্য্য ॥ ১০২ ॥

টীকা—পঞ্চরাত্রে শাস্ত্রে প্রবুদ্ধঃ অভিজ্ঞঃ ॥ ১০২॥

যস্য বিষ্ণৌ পরা ভক্তির্যথা বিষ্ণৌ তথা গুরৌ ।
স এব স্থাপকো জ্ঞেয়ঃ সত্যমেতদ্বদামি তে ॥১০৩॥

অনুবাদ—যাহার শ্রীবিষ্ণুতে পরাভক্তি, যেমন শ্রীবিষ্ণুতে তেমনই শ্রীগুরুতে, তিনিই বিগ্রহ প্রতিষ্ঠাপক। তোমাকে ইহা আমি সত্য বলিতেছি ॥১০৩॥

কিঞ্চ—

যেন তন্ত্রেণ প্রারব্ধা প্রতিষ্ঠা গুরুণা ভবেৎ।
তত্তন্ত্রপারগাঃ শস্তাঃ মূর্ত্তিপাশ্ছিন্নসংশয়াঃ ॥ ১০৪ ॥

অনুবাদ—আরও—শ্রীগুরুদেব কর্ত্তৃক যে তন্ত্র-দ্বারা প্রতিষ্ঠা কার্য্য আরব্ধ হইয়াছে, সেই তন্ত্রে পারগ মূর্ত্তিরক্ষকগণই নিঃসংশয়ে প্রশস্ত হইবেন ॥ ১০৪ ॥

ষড়ঙ্গবিদুষঃ সর্ব্বে মন্ত্রব্রাহ্মণপারগাঃ।
এবম্বিধৈর্বৈষ্ণবৈস্তু প্রতিষ্ঠামারভেদ্গুরুঃ ॥ ১০৫ ॥

অনুবাদ—ষড়ঙ্গসহ বেদবিদ্বান্ সকলে বেদের মন্ত্রভাগ ও ব্রাহ্মণ ভাগে পারঙ্গত শ্রীগুরুদেব ঐরূপ বৈষ্ণববৃন্দ দ্বারা প্রতিষ্ঠা কার্য্য আরম্ভ করিবেন ॥১০৫

টীকা—মূর্ত্তিপানাং লক্ষণমাহ—যেনেতি দ্বাভ্যাম্। ষড়ঙ্গেষু বিদুষঃ বিদ্বাংসঃ, ব্রাহ্মণং বেদভাগবিশেষঃ ॥ ১০৪-১০৫ ॥

অথ স্থাপকত্বে বর্জ্জনীয়াঃ

তত্রৈব—

শৈবঃ সৌরো নৈষ্ঠিকশ্চ নগ্নঃ সঙ্করজোঽশুচিঃ।
বৃদ্ধঃ কুৎসিতমূর্ত্তির্যো মহাপাতকচিহ্নিতঃ ॥১০৬॥
কুষ্ঠী চ কুনখী শ্বিত্রী নিষ্ঠীবী ঘর্ঘরস্বরঃ।
অর্ব্বুদী গাণ্ডবী ব্যঙ্গী গর্ব্বিতো বধিরস্তথা ॥১০৭॥
তন্ত্রবিদ্বেষিকশ্চৈব পরদ্রোহরতস্তথা।
কুণ্ডঃ কাকস্বরঃ ক্লীবঃ কাতরঃ ক্রোধনস্তথা ॥১০৮
পুনর্ভূশ্চ স্বয়ম্ভূশ্চ গোলকো নাস্তিকস্তথা।
জড়োঽতিগৌরঃ খল্বাটো হীনাঙ্গঃ স্থূল এব চ ॥১০৯
অতিকৃষ্ণোঽঘৃণঃ পাপী কৃশো হ্রস্বোঽলসস্তথা।
ব্যাপন্নোঽসংস্কৃতশ্চৈব উদ্বিগ্নো দীন এব চ ॥১১০॥
ব্রতোপবাসহীনশ্চ বৃষলীপতিরেব চ।
পণ্যারম্ভোপজীবী চ পণ্যস্ত্রী-পারদারিকঃ ॥ ১১১ ॥
আচার্য্যপুত্রকাদীনাং বিদ্বেষ্টা পরসেবকঃ।
ভোজকঃ সেবকশ্চৈব ব্যসনী পিশুনী গদী ॥১১২॥
অতিরোগী ভিষক্ চৈব সাহসী সময়চ্যুতঃ।
দ্বিজাতিগুরুদেবানাং নিন্দকঃ পাপকস্তথা ॥১১৩॥
পিঙ্গাক্ষো ধূম্রবর্ণাক্ষো বিড়ালাক্ষস্তথৈব চ।
মৎসরী গণ্ডমালী চ বকবৃত্তিরতস্তথা ॥ ১১৪ ॥
উপায়দেশহীনশ্চ কর্কশঃ কুৎসিতব্রতঃ।
নির্দ্দয়শ্চৈব নিঃসত্ত্বো নৈপুণ্যপরিবর্জ্জিতঃ।
প্রতিষ্ঠাতন্ত্রকিঞ্চিজ্জ্ঞোঽবেদবেদাঙ্গপারগঃ ॥ ১১৫ ॥
বর্জ্জনীয় প্রযত্নেন সর্ব্বজ্ঞমপি নাস্তিকম্ ॥১১৬॥

অনুবাদ—অনন্তর স্থাপকত্বে বর্জ্জনীয় সমূহ, পূর্ব্বোক্ত শাস্ত্রেই—শৈব, সৌর, নৈষ্ঠিক ব্রহ্মচারী, নগ্ন, সঙ্করজাত, অশুচি, বৃদ্ধ, কুৎসিৎ মূর্ত্তি, যিনি মহা-পাতক চিহ্নিত, কুষ্ঠী, কুনখী, শ্বেতকুষ্ঠী, থুথু ফেলা স্বভাব, ঘর্ঘরস্বর, অর্ব্বুদরোগী, গণ্ডরোগী, বিকলাঙ্গ, গর্ব্বিত, বধির, তন্ত্রশাস্ত্র বিদ্বেষী, পরদ্রোহরত, কুণ্ড, কাকস্বর, ক্লীব, কাতর, ক্রোধী, পুনর্ভূ, স্বয়ম্ভূ, গোলোক নাস্তিক, জড়, অতিগৌর, টাকরোগী, হীনাঙ্গ, স্থূল, অতি কৃষ্ণবর্ণ, অদয়ালু, পাপী, কৃশ, বেটে, অলস, বিপন্ন, সংস্কারহীন, উদ্বিগ্ন, দরিদ্র, ব্রত উপবাস হীন, বেশ্যাপতি, নাট্যকার, বেশ্যাসঙ্গী, আচার্য্য পুত্রাদির বিদ্বেষী, পরসেবারত, দেবান্নভোজী, অন্নার্থে দেবসেবী পানাদি আসক্ত, খল, সদারোগী, অতিরোগী, ভিষক্ (বৈদ্য), সাহসী, নিয়মরহিত, গুরু-ব্রাহ্মণ-দেব-নিন্দক পাপিষ্ঠ, পিঙ্গলাক্ষ, ধূম্রাক্ষ, বিড়ালাক্ষ, পরশ্রীকাতর, গণ্ডমালারোগী, ভণ্ডতপস্বী, বৃত্তি ও স্বদেশচ্যুত, কঠিন হৃদয়, কুব্রতী, নির্দ্দয়, বলহীন, নিপুণতা হীন, প্রতিষ্ঠাশাস্ত্রে অল্পজ্ঞ, বেদবেদাঙ্গ অনভিজ্ঞ ইহাদিগকে স্থাপকত্বে বর্জ্জন করিবে, সর্ব্বজ্ঞ হইলেও নাস্তিক পাষণ্ডিকে যত্নসহকারে বর্জ্জন করিবে ॥১০৬-১১৬॥

টীকা—উক্তলক্ষণাচার্য্যালাভে তদন্যবরণেঽপি শৈবাদয়োঽবশ্যং বর্জ্জ্যা ইত্যাহ—শৈব ইত্যাদিনা দেশিক ইত্যন্তেন ॥ ১০৬ ॥

টীকা—শ্বিত্রং শ্বেতকুষ্ঠং তদ্বান্, নিষ্ঠীবী নিষ্ঠী-বনশীলঃ, অর্বুদং মাংসগ্রন্থিরূপো রোগবিশেষস্তদ্বান্, গাণ্ডবশ্চ গলরোগবিশেষঃ, তদ্বান্ ॥ ১০৭ ॥

টীকা—অমৃতে ভর্ত্তরি জারজঃ কুণ্ডঃ ॥ ১০৮ ॥

টীকা—পুনর্ভূঃ দ্বিরূঢ়া স্ত্রীঃ, অত্র তৎসুতো জ্ঞেয়ঃ; স্বয়ম্ভূঃ কানীনং, মৃতে ভর্ত্তরি জারজো গোলকঃ খল্বাটঃ কেশরহিত মস্তকমধ্যঃ ॥ ১০৯ ॥

টীকা—ব্যাপন্ন আপদ্গ্রস্তঃ ॥ ১১০ ॥

টীকা—ভোজকঃ দেবান্নভোজী, সেবকঃ অন্ন-মাত্রার্থদেবসেবাপরঃ, গদী সদা রোগযুক্তঃ ॥ ১১২ ॥

টীকা—তত্রাপ্যতিরোগী ॥ ১১৩ ॥

টীকা—উপায়ো নিজ বৃত্তিঃস্বদেশশ্চ তাভ্যাং হীনঃ, প্রতিষ্ঠাতন্ত্রস্য কিঞ্চিদেব, ন চ সামগ্র্যং জানাতীতি তথা, ন বেদবেদাঙ্গানাং পারগস্তেষামপি কিঞ্চিদেব জানাতীত্যর্থঃ ॥ ১১৫ ॥

টীকা—নাস্তিকং পাষণ্ডিনং ॥ ১১৬ ॥

পরবাক্যপ্রমাণজ্ঞো ব্রাহ্মণো বেদপারগঃ ।
রঞ্জিতঃ পশুশাস্ত্রেণ নাচর্য্যেত স দেশিকঃ ॥ ১১৭ ॥

অনুবাদ—পরবাক্য (বিরোধিবাক্য) প্রমাণজ্ঞ এবং বেদজ্ঞ বা অবেদজ্ঞ ব্রাহ্মণ হইয়া পাষণ্ড শাস্ত্রে অনুরাগী সেই ব্যক্তি আচার্য্যের কার্য্য করিবেন না ॥ ১১৭ ॥

টীকা—পরেষাং বাক্যস্য প্রমাণানি প্রামাণ্যাপাদকানি বচনাদীনি জানাতীতি তথা। তাদৃশোঽপি বেদপারগোঽপি অধীতবেদচতুষ্টয়োঽপি পশুশাস্ত্রেণ পাষণ্ডশাস্ত্রেণ রঞ্জিতো যঃ, স আচার্য্যো ন ক্রিয়েত; যদ্বা, পরবাক্যমেব নাত্মবাক্যমজ্ঞতয়া প্রমাণং জানাতীতি তথা সঃ, যতঃ অবেদপারগঃ বেদার্থানভিজ্ঞঃ অনধীত বেদো বা অতঃ পশুশাস্ত্রেণ রঞ্জিতঃ। অন্যৎ সমানম্ ॥ ১১৭ ॥

যদ্যোতৈর্বর্জ্জিতৈর্বিষ্ণোঃ স্থাপনং ক্রিয়তে কৃচিৎ ।
অসাধকং ভুক্তিমুক্ত্যোর্নিষ্ফলং তন্ন সংশয়ঃ ॥১১৮

অনুবাদ—যদিও সকল দোষ বর্জ্জিত কিন্তু ভুক্তি মুক্তির সাধন বর্জ্জিত ঐ ব্যক্তি বিষ্ণু-স্থাপকের কার্য্য করিলে নিষ্ফল, ইহাতে সংশয় নাই॥ ১১৮ ॥

অথ প্রতিষ্ঠাবিধ্যভিজ্ঞস্য প্রতিষ্ঠানাচরণে দোষঃ

তত্রৈব—

নাভিষেকং তু যঃ কুর্য্যাৎ প্রতিষ্ঠালোভমোহিতঃ ।
স যাতি নরকং ঘোরং সহশিষ্যৈর্ন সংশয়ঃ ॥১১৯॥

অনুবাদ—অনন্তর প্রতিষ্ঠাবিধি, অভিজ্ঞব্যক্তি প্রতিষ্ঠা না করিলে দোষ ঐ শাস্ত্রেই—প্রতিষ্ঠা কর্ম্মে অধিক প্রাপ্তি বিষয়ে যে লোভ, তাহাতে মোহিত হইয়া যিনি প্রধান কার্য্য অভিষেক না করেন, তিনি শিষ্যসহ ঘোর নরক গমন করেন, ইহাতে সংশয় নাই ॥ ১১৯ ॥

টীকা—প্রতিষ্ঠা স্বয়ং পৌরোহিত্যাদিবিদ্ যথা ইত্যাদিরূপা লোকে খ্যাতিস্তস্যাং লোভঃ, যদ্বা, প্রতিষ্ঠাকর্ম্মণি অধিকপ্রাপ্তৌ যো লোভস্তেন মোহিতঃ সন্। অভিষেকপ্রধানাং প্রতিষ্ঠাং যো ন কুর্য্যাৎ ॥ ১১৯ ॥

ইদানীমচলায়াস্তু শ্রীমূর্ত্তেঃ প্রাগ্বিলিখ্যতে ।
প্রতিষ্ঠাবিধিরাকৃষ্য শাস্ত্রতঃ সাধুসম্মতঃ ॥ ১২০ ॥

অনুবাদ—এক্ষণে অচলা শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠাবিধি সাধুসম্মত শাস্ত্র হইতে চয়নপূর্ব্বক প্রথমে লিখিত হইতেছে ॥ ১২০ ॥

টীকা—প্রতিষ্ঠা চ শ্রীমূর্ত্তেশ্চলাচলত্বভেদেন দ্বিবিধা। তত্রেদানীমচলায়াঃ প্রতিষ্ঠা বিধিবিস্তারেণ লিখ্যতে—প্রাগিতি। অচলা-প্রতিষ্ঠায়া মুখ্যত্বাৎ তস্যা বিধিজ্ঞানেন চলায়া অপি প্রায়ঃ প্রতিষ্ঠাবিধি-বিজ্ঞানাচ্চ। শাস্ত্রতঃ পুরাণাগমাদিভ্য আকৃষ্য তত্তদ্বচনানি ক্রমেণৈকত্র সংগৃহ্য সাধূনাং সম্মত ইতি সাম্প্রদায়িক-তত্তৎ-পদ্ধতিকার-শিষ্টগণসম্মত্যৈব লিখ্যত ইত্যর্থঃ ॥১২০॥

অথ স্থিরমূর্ত্তিপ্রতিষ্ঠারম্ভঃ

সুস্নাতঃ শুক্লবস্ত্রঃ সন্ কৃতকৃত্যঃ শুভক্ষণে ।
তিথ্যৃক্ষদৈবতে বিঘ্নেশ্বরং মাতৃশ্চ পূজয়েৎ ॥১২১॥

অনুবাদ—অনন্তর স্থিরমূর্ত্তি প্রতিষ্ঠা আরম্ভ—পবিত্রজলে স্নান করিয়া শুক্ল বস্ত্র পরিধান পূর্ব্বক নিত্যকৃত্য সমাধান করিয়া শুভক্ষণে বিঘ্ননাশন গণেশ ও ষোড়শমাতৃকাকে পূজা করিবে ॥ ১২১ ॥

টীকা—কৃতানি নিত্যকর্ম্মাণি যেন সঃ, তিথিম্ ঋক্ষঞ্চ নক্ষত্রঞ্চ তয়োর্দেবতে। পূজনঞ্চ প্রণবাদিনমোঽন্তৈশ্চতুর্থ্যন্তৈর্নামমন্ত্রৈরক্ষতগন্ধপুষ্পাদিদ্রব্যৈশ্চ। প্রয়োগঃ—'ওঁ গৌর্য্যৈ নমঃ' ইত্যাদি ॥ ১২১ ॥

অথ ষোড়শ মাতরঃ

গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া।
দেবসেনা স্বধা স্বাহা মাতরো লোকমাতরঃ।
ধৃতিঃ পুষ্টিশ্চ তুষ্টিশ্চ শান্তিঃ স্বকুলদেবতা॥ ইতি ॥ ১২২ ॥

অনুবাদ—অনন্তর ষোড়শ মাতৃগণ—গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, ধৃতি, পুষ্টি, তুষ্টি, শান্তি, আত্মদেবতা, কুল-দেবতা ইঁহারা ষোড়শ লোক মাতৃকা ॥ ১২২ ॥

———

অথাচার্য্যাদিবরণম্

বৃদ্ধিশ্রাদ্ধং ততঃ কৃত্বা বিধিবদ্বৃণুয়াদ্ বুধঃ ।
আচার্য্যং মধুপর্কাদিদানেনাথ সমর্চ্চয়েৎ ॥ ১২৩ ॥

অনুবাদ—অনন্তর আচার্য্যাদি বরণ—প্রতিষ্ঠার অঙ্গ বৃদ্ধি শ্রাদ্ধ করিয়া অভিজ্ঞ ব্যক্তি যথাবিধি আচার্য্যকে যথাশক্তি বস্ত্র অলঙ্কারাদি দ্বারা বরণ পূর্ব্বক মধুপর্ক বা পাদ্য, অর্ঘ্যাদি অর্পণ দ্বারা পূজা করিবে ॥ ১২৩ ॥

টীকা—বৃদ্ধিশ্রাদ্ধং নান্দীশ্রাদ্ধং, তচ্চ প্রতিষ্ঠাঙ্গম্ । বিধিবদিতি অমুকগোত্রঃ অমুকসামাহম্ অমুকগোত্রম-মুকনামানং ত্বাং ভগবদ্ভক্তিকামো ভগবন্মুর্ত্তিপ্রতিষ্ঠার্থ-মাচার্য্যত্বেন বৃণে, স চ বৃতোঽস্মীতি প্রব্রূয়াদিতি । এবমাদিবিধিযুক্তং যৎ স্যাৎ । আদি-শব্দাৎ যথাশক্তি বস্ত্রালঙ্কারাদি । অথ বরণানন্তরং মধুপর্কাদিদানেনৈব, কিংবা পাদ্যার্ঘ্যাচমনীয়াদিভিঃ সম্যগর্চ্চয়েৎ ॥ ১২৩ ॥

———

এবং ব্রহ্মচতুষ্কঞ্চ তথা হোতৃচতুষ্টয়ম্ ।
দ্বারজাপি-চতুষ্কঞ্চ পঞ্চমং গর্ভজাপিনম্ ॥ ১২৪ ॥
তথা মূর্ত্তিধরং চৈকং পুরাণস্তুতিপাঠকম্ ।
সর্ব্বান্ সংপূজ্য পুণ্যাহং স্বস্ত্যাদ্যৈস্তৈস্ত বাচয়েৎ ॥১২৫

অনুবাদ—এইরূপে ব্রহ্মচারিজন ও হোতা চারিজন, দ্বারে জপকারী চারজন মণ্ডপ মধ্যে জপকারী একজন, সেইরূপ মূর্ত্তিধারী ও একজন পুরাণ স্তুতি-পাঠক—এই সকলকে পূজা করিয়া পুণ্যাহবাচন ও স্বস্তিবাচন ইহাদের দ্বারা করাইবেন ॥ ১২৪-১২৫ ॥

টীকা—এবং লিখিতপ্রকারেণ ব্রহ্মাদীংশ্চ বৃণুয়াৎ । এতৈরাচার্য্যাদিভিস্ত পুণ্যাহং স্বস্ত্যাদিকঞ্চ বাচয়েৎ ॥ ১২৪ ॥

———

অথ মণ্ডপাদিনির্ম্মাণম্

মিতং ষোড়শভির্হস্তৈঃ কিংবা দ্বাদশভিশ্চ তৈঃ ।
দশভির্বা প্রকুর্ব্বীত মণ্ডপং সমলঙ্কৃতম্ ॥ ১২৬ ॥
সপ্তধান্যাঙ্কুরোপেতং নদীমৃদ্বালুকাচিতম্ ।
তোরণাদিযুতং দিব্যং শঙ্খভের্য্যাদিনাদিতম্ ॥১২৭॥

অনুবাদ—অনন্তর মণ্ডপাদি নির্ম্মাণ—ষোড়শহস্ত পরিমিত বা দ্বাদশহস্ত বা দশহস্ত পরিমিত সমলঙ্কৃত মণ্ডপ করিবে, উহাতে সপ্তধান্যাঙ্কুর, নদীর মৃত্তিকা ও বালুকা ছড়াইয়া দিবে, পুষ্পমাল্য নবপল্লবাদিযুক্ত তোরণ দ্বার সজ্জিত করিবে, দিব্য শঙ্খ, ঢক্কাদি বাদ্য-ধ্বনি ঘোষিত হইবে ॥ ১২৬-১২৭ ॥

টীকা—কিংবেত্যাদিবিকল্পশ্চ শক্ত্যনুসারেণ প্রাসাদ-প্রদেশানুসারেণ বা । তচ্চ শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রবচনতো ব্যক্তং ভাবি । যদ্যপি 'দশাষ্টহস্তং হীনং তু মধ্যং দ্বাদশষোড়শম্ । বিংশহস্তং চতুর্ব্বিংশমুত্তমস্যোদিতং দ্বিজ ॥' ইতি হয়শীর্ষপঞ্চরাত্রোক্তং, তথাপি ভবিষ্য-পুরাণাদ্যনুসারেণ শিষ্টাচারতঃ সাধুপদ্ধতিকারবর্গ-সম্মত্যা লিখিতম্—'মিতং ষোড়শভিঃ' ইত্যাদি । এবমন্যত্রাপ্যগ্রে বোদ্ধব্যম্ । সম্যগলঙ্কৃতং পুষ্পদাম-বিতানপল্লবাদিভির্ভূষিতং, তদ্বিশেষশ্চ ভবিষ্যপুরাণাদি-বচনতোঽগ্রে ব্যক্তো ভাবী ॥ ১২৬ ॥

———

তথা চ ভবিষ্যে—

প্রাসাদান্নাতিদূরে তু কুর্য্যান্মণ্ডপমগ্রতঃ ।
দশদ্বাদশহস্তং বা পরিক্ষিপ্তং সমন্ততঃ ॥ ১২৮ ॥
চতুর্ভিস্তোরণৈর্যুক্তং পুষ্পদামাভিশোভিতম্ ।
প্লক্ষোড়ুম্বরমশ্বত্থং বটং পূর্ব্বাদিতঃ ক্রমাৎ ॥১২৯॥
হস্তং প্রবেশয়েদ্ভূমৌ দৃশ্যং হস্তচতুষ্টয়ম্ ।
সুপলিপ্তং সুসংমৃষ্টং চতুর্দ্বারেণ সংযুতম্ ॥১৩০॥
স্থণ্ডিলস্যোপরি ক্ষিপ্তং সমন্তাদুপশোভিতম্ ।
নদীতীরমৃদা যুক্তং বালুকায়াঞ্চ কারিতম্ ॥১৩১॥

অনুবাদ—ঐরূপ ভবিষ্যপুরাণেও—প্রাসাদের সন্নিকটে অগ্রভাগে দশ বা দ্বাদশ হাত পরিমিত চতুষ্কোণ মণ্ডপ নির্ম্মাণ করিবে। চতুর্দ্দিকে তোরণ দ্বার যুক্ত পুষ্পমালাদি শোভিত, পূর্ব্বাদি দিকে ক্রমে পাকুড়, যজ্ঞ ডুমুর, অশ্বত্থ, বট শাখা দ্বারা শোভিত করিবে, মধ্যে চতুর্হস্ত পরিমিত সুদৃশ্য, সুলিপ্ত, সুমার্জ্জিত চতু-

টীকা—উপায়ো নিজ বৃত্তিঃস্বদেশশ্চ তাভ্যাং হীনঃ, প্রতিষ্ঠাতন্ত্রস্য কিঞ্চিদেব, ন চ সামগ্র্যং জানাতীতি তথা, ন বেদবেদাঙ্গানাং পারগস্তেষামপি কিঞ্চিদেব জানাতীত্যর্থঃ ॥ ১১৫ ॥

টীকা—নাস্তিকং পাষণ্ডিনং ॥ ১১৬ ॥

পরবাক্যপ্রমাণজ্ঞো ব্রাহ্মণো বেদপারগঃ।
রঞ্জিতঃ পশুশাস্ত্রেণ নাচর্য্যেত স দেশিকঃ ॥ ১১৭ ॥

অনুবাদ—পরবাক্য (বিরোধিবাক্য) প্রমাণজ্ঞ এবং বেদজ্ঞ বা অবেদজ্ঞ ব্রাহ্মণ হইয়া পাষণ্ড শাস্ত্রে অনুরাগী সেই ব্যক্তি আচার্য্যের কার্য্য করিবেন না ॥ ১১৭ ॥

টীকা—পরেষাং বাক্যস্য প্রমাণানি প্রামাণ্যাপাদকানি বচনাদীনি জানাতীতি তথা। তাদৃশোঽপি বেদপারগোঽপি অধীতবেদচতুষ্টয়োঽপি পশুশাস্ত্রেণ পাষণ্ডশাস্ত্রেণ রঞ্জিতো যঃ, স আচার্য্যো ন ক্রিয়েত; যদ্বা, পরবাক্যমেব নাত্মবাক্যমজ্ঞতয়া প্রমাণং জানাতীতি তথা সঃ, যতঃ অবেদপারগঃ বেদার্থানভিজ্ঞঃ অনধীত বেদো বা অতঃ পশুশাস্ত্রেণ রঞ্জিতঃ। অন্যৎ সমানম্ ॥ ১১৭ ॥

যদ্যোতৈর্বর্জ্জিতৈর্বিষ্ণোঃ স্থাপনং ক্রিয়তে ক্বচিৎ।
অসাধকং ভুক্তিমুক্ত্যোর্নিষ্ফলং তন্ন সংশয়ঃ ॥১১৮

অনুবাদ—যদিও সকল দোষ বর্জ্জিত কিন্তু ভুক্তি মুক্তির সাধন বর্জ্জিত ঐ ব্যক্তি বিষ্ণু-স্থাপকের কার্য্য করিলে নিষ্ফল, ইহাতে সংশয় নাই ॥ ১১৮ ॥

অথ প্রতিষ্ঠাবিধ্যভিজ্ঞস্য প্রতিষ্ঠানাচরণে দোষঃ

তত্রৈব—

নাভিষেকং তু যঃ কুর্য্যাৎ প্রতিষ্ঠালোভমোহিতঃ।
স যাতি নরকং ঘোরং সহশিষ্যৈর্ন সংশয়ঃ ॥১১৯॥

অনুবাদ—অনন্তর প্রতিষ্ঠাবিধি, অভিজ্ঞব্যক্তি প্রতিষ্ঠা না করিলে দোষ ঐ শাস্ত্রেই—প্রতিষ্ঠা কর্ম্মে অধিক প্রাপ্তি বিষয়ে যে লোভ, তাহাতে মোহিত হইয়া যিনি প্রধান কার্য্য অভিষেক না করেন, তিনি শিষ্যসহ ঘোর নরক গমন করেন, ইহাতে সংশয় নাই ॥ ১১৯ ॥

টীকা—প্রতিষ্ঠা স্বয়ং পৌরোহিত্যাদিবিদ্ যথা ইত্যাদিরূপা লোকে খ্যাতিস্তস্যাং লোভঃ, যদ্বা, প্রতিষ্ঠাকর্ম্মণি অধিকপ্রাপ্তৌ যো লোভস্তেন মোহিতঃ সন্। অভিষেকপ্রধানাং প্রতিষ্ঠাং যো ন কুর্য্যাৎ ॥ ১১৯ ॥

ইদানীমচলায়াস্তু শ্রীমূর্ত্তেঃ প্রাগ্বিলিখ্যতে।
প্রতিষ্ঠাবিধিরাকৃষ্য শাস্ত্রতঃ সাধুসম্মতঃ ॥ ১২০ ॥

অনুবাদ—এক্ষণে অচলা শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠাবিধি সাধুসম্মত শাস্ত্র হইতে চয়নপূর্ব্বক প্রথমে লিখিত হইতেছে ॥ ১২০ ॥

টীকা—প্রতিষ্ঠা চ শ্রীমূর্ত্তেশ্চলাচলত্বভেদেন দ্বিবিধা। তত্রেদানীমচলায়াঃ প্রতিষ্ঠা বিধিবিস্তারেণ লিখ্যতে—প্রাগিতি। অচলা-প্রতিষ্ঠায়া মুখ্যত্বাৎ তস্যা বিধিজ্ঞানেন চলায়া অপি প্রায়ঃ প্রতিষ্ঠাবিধি-বিজ্ঞানাচ্চ। শাস্ত্রতঃ পুরাণাগমাদিভ্য আকৃষ্য তত্তদ্বচনানি ক্রমেণৈকত্র সংগৃহ্য সাধূনাং সম্মত ইতি সাম্প্রদায়িক-তত্তৎ-পদ্ধতিকার-শিষ্টগণসম্মত্যৈব লিখ্যত ইত্যর্থঃ ॥১২০॥

অথ স্থিরমূর্ত্তিপ্রতিষ্ঠারম্ভঃ

সুস্নাতঃ শুক্লবস্ত্রঃ সন্ কৃতকৃত্যঃ শুভক্ষণে।
তিথ্যৃক্ষদৈবতে বিঘ্নেশ্বরং মাতৃশ্চ পূজয়েৎ ॥১২১॥

অনুবাদ—অনন্তর স্থিরমূর্ত্তি প্রতিষ্ঠা আরম্ভ—পবিত্রজলে স্নান করিয়া শুক্ল বস্ত্র পরিধান পূর্ব্বক নিত্যকৃত্য সমাধান করিয়া শুভক্ষণে বিঘ্ননাশন গণেশ ও ষোড়শমাতৃকাকে পূজা করিবে ॥ ১২১ ॥

টীকা—কৃতানি নিত্যকর্ম্মাণি যেন সঃ, তিথিম্ ঋক্ষঞ্চ নক্ষত্রঞ্চ তয়োর্দেবতে। পূজনঞ্চ প্রণবাদিনমোঽন্তৈশ্চতুর্থ্যন্তৈর্নামমন্ত্রৈরক্ষতগন্ধপুষ্পাদিদ্রব্যৈশ্চ। প্রয়োগঃ—'ওঁ গৌর্য্যৈ নমঃ' ইত্যাদি ॥ ১২১ ॥

অথ ষোড়শ মাতরঃ

গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া।
দেবসেনা স্বধা স্বাহা মাতরো লোকমাতরঃ।
ধৃতিঃ পুষ্টিস্তুষ্টিশ্চ শান্তিঃ স্বকুলদেবতা ॥ ইতি ॥ ১২২ ॥

অনুবাদ—অনন্তর ষোড়শ মাতৃগণ—গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, ধৃতি, পুষ্টি, তুষ্টি, শান্তি, আত্মদেবতা, কুল-দেবতা ইহারা ষোড়শ লোক মাতৃকা ॥ ১২২ ॥

অথাচার্য্যাদিবরণম্

বৃদ্ধিশ্রাদ্ধং ততঃ কৃত্বা বিধিবদ্‌বৃণুয়াদ্‌ধঃ ।
আচার্য্যং মধুপর্কাদিদানেনাথ সমর্চ্চয়েৎ ॥ ১২৩ ॥

অনুবাদ—অনন্তর আচার্য্যাদি বরণ—প্রতিষ্ঠার অঙ্গ বৃদ্ধি শ্রাদ্ধ করিয়া অভিজ্ঞ ব্যক্তি যথাবিধি আচার্য্যকে যথাশক্তি বস্ত্র অলঙ্কারাদি দ্বারা বরণ পূর্ব্বক মধুপর্ক বা পাদ্য, অর্ঘ্যাদি অর্পণ দ্বারা পূজা করিবে ॥ ১২৩ ॥

টীকা—বৃদ্ধিশ্রাদ্ধং নান্দীশ্রাদ্ধং, তচ্চ প্রতিষ্ঠাঙ্গম্। বিধিবদিতি অমুকগোত্রঃ অমুকসামাহম্ অমুকগোত্রম-মুকনামানং ত্বাং ভগবদ্ভক্তিকামো ভগবন্মুর্ত্তিপ্রতিষ্ঠার্থ-মাচার্য্যত্বেন বৃণে, স চ বৃতোঽস্মীতি প্রব্রুয়াদিতি। এবমাদিবিধিযুক্তং যৎ স্যাৎ। আদি-শব্দাৎ যথাশক্তি বস্ত্রালঙ্কারাদি। অথ বরণানন্তরং মধুপর্কাদিদানে-নৈব, কিংবা পাদ্যার্ঘ্যাচমনীয়াদিভিঃ সম্যগর্চ্চয়েৎ ॥ ১২৩ ॥

এবং ব্রহ্মচতুষ্কঞ্চ তথা হোতৃচতুষ্টয়ম্ ।
দ্বারজাপি-চতুষ্কঞ্চ পঞ্চমং গর্ভজাপিনম্ ॥ ১২৪ ॥
তথা মূর্ত্তিধরং চৈকং পুরাণস্তুতিপাঠকম্ ।
সর্ব্বান্ সংপূজ্য পুণ্যাহং স্বস্ত্যাদ্যৌতৈস্তু বাচয়েৎ ॥১২৫

অনুবাদ—এইরূপে ব্রহ্মচারিজন ও হোতা চারিজন, দ্বারে জপকারী চারজন মণ্ডপ মধ্যে জপকারী একজন, সেইরূপ মূর্ত্তিধারী ও একজন পুরাণ স্তুতি-পাঠক—এই সকলকে পূজা করিয়া পুণ্যাহবাচন ও স্বস্তিবাচন ইহাদের দ্বারা করাইবেন ॥ ১২৪-১২৫ ॥

টীকা—এবং লিখিতপ্রকারেণ ব্রহ্মাদীংশ্চ বৃণুয়াৎ। এতৈরাচার্য্যাদিভিস্তু পুণ্যাহং স্বস্ত্যাদিকঞ্চ বাচয়েৎ ॥ ১২৪ ॥

অথ মণ্ডপাদিনির্ম্মাণম্

মিতং ষোড়শভির্হস্তৈঃ কিংবা দ্বাদশভিশ্চ তৈঃ ।
দশভির্বা প্রকুর্ব্বীত মণ্ডপং সমলঙ্কৃতম্ ॥ ১২৬ ॥
সপ্তধান্যাঙ্কুরোপেতং নদীমৃদ্বালুকাচিতম্ ।
তোরণাদিযুতং দিব্যং শঙ্খভের্য্যাদিনাদিতম্ ॥১২৭॥

অনুবাদ—অনন্তর মণ্ডপাদি নির্ম্মাণ—ষোড়শহস্ত পরিমিত বা দ্বাদশহস্ত বা দশহস্ত পরিমিত সমলঙ্কৃত মণ্ডপ করিবে, উহাতে সপ্তধান্যাঙ্কুর, নদীর মৃত্তিকা ও বালুকা ছড়াইয়া দিবে, পুষ্পমাল্য নবপল্লবাদিযুক্ত তোরণ দ্বার সজ্জিত করিবে, দিব্য শঙ্খ, ঢক্কাদি বাদ্য-ধ্বনি ঘোষিত হইবে ॥ ১২৬-১২৭ ॥

টীকা—কিংবেত্যাদিবিকল্পশ্চ শক্ত্যনুসারেণ প্রাসাদ-প্রদেশানুসারেণ বা। তচ্চ শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রবচনতো ব্যক্তং ভাবি। যদ্যপি 'দশাষ্টহস্তং হীনং তু মধ্যং দ্বাদশষোড়শম্। বিংশহস্তং চতুর্ব্বিংশমুত্তমস্যোদিতং দ্বিজ ॥' ইতি হয়শীর্ষপঞ্চরাত্রোক্তং, তথাপি ভবিষ্য-পুরাণাদ্যনুসারেণ শিষ্টাচারতঃ সাধুপদ্ধতিকারবর্গ-সম্মত্যা লিখিতম্—'মিতং ষোড়শভিঃ' ইত্যাদি। এবমন্যত্রাপ্যগ্রে বোদ্ধব্যম্। সম্যগলঙ্কৃতং পুষ্পদাম-বিতানপল্লবাদিভির্ভূষিতং, তদ্বিশেষশ্চ ভবিষ্যপুরাণাদি-বচনতোঽগ্রে ব্যক্তো ভাবী ॥ ১২৬ ॥

তথা চ ভবিষ্যে—

প্রাসাদান্নাতিদূরে তু কুর্য্যান্মণ্ডপমগ্রতঃ ।
দশদ্বাদশহস্তং বা পরিক্ষিপ্তং সমন্ততঃ ॥ ১২৮ ॥
চতুর্ভিস্তোরণৈর্যুক্তং পুষ্পদামাভিশোভিতম্ ।
প্লক্ষোড়ুম্বরমশ্বত্থং বটং পূর্ব্বাদিতঃ ক্রমাৎ ॥১২৯॥
হস্তং প্রবেশয়েদ্ভূমৌ দৃশ্যং হস্তচতুষ্টয়ম্ ।
সুপলিপ্তং সুসংমৃষ্টং চতুর্দ্বারেণ সংযুতম্ ॥১৩০॥
স্থণ্ডিলস্যোপরি ক্ষিপ্তং সমন্তাদুপশোভিতম্ ।
নদীতীরমৃদা যুক্তং বালুকায়াঞ্চ কারিতম্ ॥১৩১॥

অনুবাদ—ঐরূপ ভবিষ্যপুরাণেও—প্রাসাদের সন্নিকটে অগ্রভাগে দশ বা দ্বাদশ হাত পরিমিত চতুষ্কোণ মণ্ডপ নির্ম্মাণ করিবে। চতুর্দ্দিকে তোরণ দ্বার যুক্ত পুষ্পমালাদি শোভিত, পূর্ব্বাদি দিকে ক্রমে পাকুড়, যজ্ঞ ডুমুর, অশ্বত্থ, বট শাখা দ্বারা শোভিত করিবে, মধ্যে চতুর্হস্ত পরিমিত সুদৃশ্য, সুলিপ্ত, সুমার্জ্জিত চতু-

দ্বার যুক্ত স্থণ্ডিল চতুর্দ্দিকে উপশোভাযুক্ত নদী তীর-স্থিত মৃত্তিকা ও বালুকা যুক্ত হইবে ॥ ১২৮-১৩১ ॥

টীকা—স্বলিখিতার্থং প্রমাণয়ন্ ভবিষ্যপুরাণাদি-বচনানি সংগৃহ্ণাতি—প্রাসাদাদিত্যাদি। এবমগ্রেঽপি সর্ব্বত্র জ্ঞেয়ম্। অগ্রতঃ পূর্ব্বদিশি আদৌ বা সমন্ততঃ সর্ব্বতঃ পরিক্ষিপ্তম্ ॥ ১২৮ ॥

টীকা—চতুস্তোরণান্যোবাহ—প্লক্ষেতি ; প্লক্ষাদিকং তদ্ভূমিমধ্যে হস্তমাত্রং প্রবেশয়েৎ। উপরি চ হস্তচতুষ্টয়ং দৃশ্যং কুর্য্যাদিত্যর্থঃ। পুনঃ প্রস্তুতং মণ্ডপমেব বিশিনষ্টি—সুপলিপ্তমিতি সার্দ্ধেন। সুপলিপ্ত ইত্যাদি-সপ্তম্যন্তপাঠে চ স্থণ্ডিলস্যোপরি ইত্যস্য বিশেষণানি সপ্তম্যন্তানি ॥ ১২৯-১৩০ ॥

টীকা—ক্ষিপ্তং ন্যস্তং বিনির্ম্মিতমিত্যর্থঃ। স্থণ্ডিলেষু পরিক্ষিপ্ত ইতি বা পাঠঃ। ততশ্চ স্থণ্ডিলে কারিতমিত্যর্থঃ ॥ ১৩১ ॥

মাৎস্যে—

প্রাসাদস্যোত্তরে বাপি পূর্ব্বে বা মণ্ডপো ভবেৎ ॥১৩২

অনুবাদ—মৎস্যপুরাণে—প্রাসাদের উত্তরে বা পূর্ব্বে মণ্ডপ নির্ম্মিত হইবে ॥ ১৩২ ॥

হস্তান্ ষোড়শ কুর্ব্বীত দশ দ্বাদশ বা পুনঃ।
মধ্যে বেদিকয়া যুক্তঃ পরিক্ষিপ্তঃ সমন্ততঃ॥১৩৩॥

অনুবাদ—ষোড়শ, দ্বাদশ বা দশ হস্ত পরিমিত মণ্ডপ করিবে, তাহার মধ্যে চতুর্দ্দিকে সম বেদিকা যুক্ত করিবে ॥ ১৩৩ ॥

সপ্ত পঞ্চ চতুর্বাপি করান্ কুর্ব্বীত বেদিকাম্।
চতুর্ভিস্তোরণৈর্যুক্তো মণ্ডপঃ স্যাচ্চতুর্ম্মুখঃ ॥১৩৪॥

অনুবাদ—বেদিকা সাত, পাঁচ বা চারিহস্ত পরি-মিত করিবে, চারিটি তোরণ দ্বারযুক্ত চতুর্ম্মুখ মণ্ডপ হইবে ॥ ১৩৪ ॥

টীকা—চতুর্ম্মুখশ্চতুর্দ্বারঃ ॥ ১৩৪ ॥

প্লক্ষং দ্বারং ভবেৎ পূর্ব্বং যাম্যমৌড়ুম্বরং ভবেৎ।
পশ্চাদশ্বত্থঘটিতং নৈয়গ্রোধং তথোত্তরম্ ॥ ১৩৫ ॥

অনুবাদ—পূর্ব্বদিকে পাকুড় দ্বার, দক্ষিণে উড়ুম্বর, পশ্চিমে অশ্বত্থ, সেইরূপ উত্তরে বট দ্বার হইবে ॥১৩৫

ভূমৌ হস্তপ্রবিষ্টানি চতুর্হস্তানি চোচ্ছ্রয়ে।
শোভনং ভূতলং তত্র লিপ্তঞ্চ গোময়াম্ভসা।
বস্ত্রৈর্নানাবিধৈস্তদ্বৎ পুষ্পপল্লবশোভিতম্ ॥ ১৩৬ ॥

অনুবাদ—ভূমি মধ্যে একহস্ত প্রবিষ্ট, চারিহস্ত উচ্চ, শোভন ভূতল গোময় জল দ্বারা লিপ্ত, নানাবর্ণ বস্ত্রদ্বারা ও পুষ্পপল্লব দ্বারা শোভিত ॥ ১৩৬ ॥

শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রে চ—

প্রাসাদং বেষ্টয়িত্বা তু কুর্য্যাদ্গুপ্ততরং বুধঃ।
কৃত্বা গুপ্তং ততঃ পশ্চাদ্যাগমণ্ডপমারভেৎ ॥১৩৭॥

অনুবাদ—শ্রীহয়শীর্ষপঞ্চরাত্রেও—প্রাসাদকে বেষ্টন করিয়া অভিজ্ঞ ব্যক্তি অতি গোপনীয় করিবে, তৎ-পশ্চাৎ যাগমণ্ডপ আরম্ভ করিবে ॥ ১৩৭ ॥

গর্ভসূত্রং তু নিঃসার্য্য প্রাসাদস্যাগ্রতো গুরুঃ।
কৃত্বা ভূমিং তু নিঃশল্যাং মণ্ডপং সূত্রয়েত্ততঃ ॥১৩৮

অনুবাদ—শ্রীগুরুদেব প্রাসাদের সম্মুখ ভাগে গর্ভসূত্র নিঃসারণ পূর্ব্বক ভূমিকে শল্যহীন (অস্থিহীন) করিয়া মণ্ডপকে সূত্রদ্বারা পরিমিত করিবে ॥১৩৮॥

হীনস্তু মণ্ডপঃ কার্য্যো হীনে ত্বায়তনে সদা।
উত্তমে তূত্তমঃ কার্য্যো মধ্যমে মধ্যমস্তথা ॥১৩৯॥

অনুবাদ—অল্প আয়তনে কনিষ্ঠ মণ্ডপ করিবে, উত্তম আয়তনে উত্তম, মধ্যম আয়তনে মধ্যম মণ্ডপ করিবে ॥ ১৩৯ ॥

দশাষ্টহস্তং হীনং তু মধ্যং দ্বাদশ-ষোড়শম্।
বিংশহস্তং চতুর্বিংশমুত্তমস্যোত্তমং দ্বিজ ॥১৪০॥

অনুবাদ—হে দ্বিজ। দশ বা অষ্টহস্ত কনিষ্ঠ

মণ্ডপ, দ্বাদশ বা ষোড়শ হস্ত মধ্যম, বিংশ বা চতুর্বিংশ হস্ত উত্তম মণ্ডপ ॥ ১৪০ ॥

চতুর্হস্তাদিমানানাং প্রাসাদানাং যথাক্রমম্ ।
মণ্ডপানষ্টহস্তাদীন্ কল্পয়েদ্বেদবৃদ্ধিতঃ ॥ ১৪১ ॥

অনুবাদ—চতুর্হস্তাদিমান প্রাসাদ সমূহের যথাক্রমে মণ্ডপ সমূহকে অষ্টহস্ত কল্পনা করিবে চারি চারি হস্ত বৃদ্ধিক্রমে ॥ ১৪১ ॥

টীকা—বেদবৃদ্ধিতঃ চতুর্হস্তবৃদ্ধিক্রমেণ, অষ্টহস্তে প্রাসাদে দ্বাদশহস্তমণ্ডপং, দ্বাদশহস্তে চ ষোড়শহস্তমিত্যেবং কল্পয়েদিত্যর্থঃ ॥ ১৪১ ॥

সমবৃত্তং চতুর্দ্বারং চতুস্তোরণভূষিতম্ ।
বিচিত্রস্তম্ভবিন্যাসং রচনাচরিতং শুভম্ ।
ধূপনির্গমনোপেতং মণ্ডপং কারয়েদ্বুধঃ ॥১৪২॥

অনুবাদ—সম পরিমিত চতুর্দ্বারে চারি তোরণ ভূষিত, বিচিত্র স্তম্ভ বিন্যাস মনোরম রচনা নির্ম্মিত যন্ত্রের ধূপ নির্গমন পথযুক্ত মণ্ডপ অভিজ্ঞ ব্যক্তি দ্বারা করাইবেন ॥ ১৪২ ॥

কিঞ্চ তত্রৈব—
মণ্ডপং মণ্ডয়েদার্দ্রশাখাভিস্তু সমন্ততঃ।
বিমলেন বিতানেন পতাকাভিশ্চ ভূষয়েৎ ॥ ১৪৩ ॥

অনুবাদ—আরও ঐ গ্রন্থে—মণ্ডপকে নবপল্লব যুক্ত শাখাসমূহ দ্বারা চতুর্দ্দিক শোভিত করিবে। নির্ম্মল চাঁদোয়া ও পতাকাসমূহ দ্বারা ভূষিত করিবে ॥ ১৪৩ ॥

দর্পণৈশ্চামরৈর্ঘণ্টৈঃ স্তম্ভান্ বস্ত্রৈর্বিভূষয়েৎ ।
কলসৈর্ঘণ্টিকাভিশ্চ সাধারৈর্গণ্ডুকৈস্তথা ॥ ১৪৪ ॥
মণ্ডপং ভূষয়িত্বৈবং জাহ্নবীবালুকাং শুভাম্ ।
বাহ্যদেশেষু বিকিরেৎ পঞ্চগব্যেন প্রোক্ষয়েৎ ॥১৪৫॥

অনুবাদ—দর্পণ, চামর, ঘণ্টা, স্তম্ভ, বস্ত্রসমূহ দ্বারা ভূষিত করিবে। কলস, ঘণ্টিকা, আধার সহিত গণ্ডুক সমূহ দ্বারা মণ্ডপকে ভূষিত করিয়া পবিত্র গঙ্গা বালুকা বহির্দ্দেশে ছড়াইয়া পঞ্চগব্য দ্বারা প্রোক্ষণ করিবে ॥ ১৪৪-১৪৫ ॥

টীকা—ঘণ্টৈঃ বৃহদ্‌ঘণ্টাভিঃ, ঘণ্টিকাভিঃ ক্ষুদ্রঘণ্টাভিঃ ॥ ১৪৪ ॥

কিঞ্চ—
অশ্বত্থোড়ুম্বরৌ চৈব ন্যগ্রোধঃ প্লক্ষ এব চ ।
তোরণার্থেষু কথিতাঃ পূর্ব্বাদিষু যথাক্রমম্ ॥১৪৬॥

অনুবাদ—আরও—অশ্বত্থ, উড়ুম্বর বট, পাকুড় শাখা পূর্ব্বাদিক্রমে তোরণদ্বার সজ্জিত করিবে ॥১৪৬

একহস্তং খনেদ্ভূমৌ চতুর্হস্তং তথোচ্ছ্রয়ে ।
দ্বিহস্তান্তরমন্যোঽন্যং তোরণং সংপ্রকল্পয়েৎ ॥১৪৭॥

অনুবাদ—ভূমিতে একহস্ত খনন করিয়া চারিহস্ত উচ্চ করিয়া দুই হস্ত পর পর ভিন্ন ভিন্ন তোরণ দ্বার নির্ম্মাণ করিবে ॥ ১৪৭ ॥

তির্য্যক্ ফলকমানং স্যাৎ স্তম্ভানামর্দ্ধমানতঃ ।
শৈলাঃ পৃথিবীমন্ত্রেণ স্থাপ্যাঃ পূজ্যাস্তু তোরণাঃ ॥১৪৮

অনুবাদ—স্তম্ভ সমূহের অর্দ্ধ পরিমাণে টেরা টেরা ফলক বসাইবে। পৃথিবী মন্ত্রদ্বারা পর্ব্বতসমূহ স্থাপন ও তোরণ সমূহকে পূজন করিবে ॥ ১৪৮ ॥

শুক্লবস্ত্রযুগচ্ছন্নান্ দর্ভকিঞ্জল্কসংযুতান্ ।
পুষ্পমালাপরিক্ষিপ্তান্ তোরণান্ পরিকল্পয়েৎ ॥১৪৯॥

অনুবাদ—শুক্ল বস্ত্রদ্বয় দ্বারা আচ্ছাদিত, কুশ কিঞ্জল্ক সংযুক্ত পুষ্পমালা মধ্যে মধ্যে সজ্জিত তোরণ সমূহকে নির্ম্মাণ করিবে ॥ ১৪৯ ॥

বৃত্তং বা চতুরস্রং বা দ্বিষট্কাঙ্গুলং তু বা ।
ষট্চতুর্বাঙ্গুলং কার্য্যং তোরণং নিম্নগং ভবেৎ ॥১৫০

অনুবাদ—গোলাকার বা চতুষ্কোণ বা দ্বাদশ

কাষ্ঠা অঙ্গুল বা চব্বিশ অঙ্গুল তোরণ নিশ্ছিদ্র হইবে ॥ ১৫০ ॥

টীকা—দ্বিষট্ দ্বাদশ, কাষ্ঠা দশ বা, বেষ্টনে অঙ্গুলানি যস্য তৎ। ষট্ চত্বারি বা অঙ্গুলানি যস্য তৎ। বা-শব্দব্যবধানেনাপি সমাসাদিকমার্ষম্। বিকল্পশ্চ পূর্ব্বোক্তমণ্ডপমানাপেক্ষয়া ॥ ১৫০ ॥

তোরণস্তম্ভমূলেষু কলসান্ মঙ্গলাঙ্কুরান্।
প্রদদ্যাদুপরিষ্টাত্তু কুর্য্যাচ্চক্রং সুদর্শনম্।
কলসং বর্দ্ধমানং বা বসুভাগেন কল্পয়েৎ ॥১৫১॥

অনুবাদ—তোরণের স্তম্ভমূলে কলস সমূহ মঙ্গল সপ্তধান্যাঙ্কুর দ্বারা শোভিত করিবে, উপরে সুদর্শন চক্র স্থাপন করিবে। কলস বড় বা ছোট অষ্টভাগে আটটি বসাইবে ॥ ১৫১ ॥

টীকা—উপরিষ্টাৎ তোরণোপরি, তত্তৎ প্রসঙ্গাদ্ বর্দ্ধমানং স্বল্পঘটং, বসুভাগেন তোরণস্যাষ্টমাংশেন ॥ ১৫১ ॥

কিঞ্চ—

নবেন চিত্রবর্ণেন বিতানং কারয়েচ্ছুভম্।
অথবা শুক্লবর্ণেন মধ্যে জলজভূষিতম্ ॥ ১৫২ ॥

অনুবাদ—আরও—নতুন বিচিত্রবর্ণের বস্ত্র দ্বারা পবিত্র চাঁদোয়া করাইবে। অথবা শ্বেতবর্ণ বস্ত্রমধ্যে পদ্ম ভূষিত চাঁদোয়া ॥ ১৫২ ॥

টীকা—বিমলেন বিতানেন ইত্যুক্তং তদেব বিশিনষ্টি—নবেনেতি সার্দ্ধদ্বাভ্যাং, বস্ত্রেণেতি শেষঃ ॥১৫২

উত্তমাধমমধ্যাং তু প্রমাণং চাস্য কীর্ত্যতে।
মণ্ডপস্য প্রমাণন্তু জ্যেষ্ঠং তস্য বিতানকম্।
মধ্যমং বেদিকামাত্রং কনিষ্ঠং মণ্ডলস্য তু ॥১৫৩॥

অনুবাদ—উত্তম, মধ্যম, কনিষ্ঠ পরিমাণ ইহার কীর্ত্তিত হয়। মণ্ডপের পরিমাণ জ্যেষ্ঠ চন্দ্রাতপ, মধ্যম কেবল বেদীর উপর, কনিষ্ঠ মণ্ডল পরিমিত ॥ ১৫৩ ॥

অথ অত্র বেদ্যাদিনির্ম্মাণম্

তন্মণ্ডপস্য মধ্যে তু বেদীং হস্তোচ্ছ্রিতাং সমাম্।
পঞ্চহস্তমিতাং দিব্যাং চতুরস্রাং প্রকল্পয়েৎ ॥১৫৪॥

অনুবাদ—অনন্তর এস্থলে বেদী আদি নির্ম্মাণ—সেই মণ্ডপের মধ্যে বেদী একহস্ত উচ্চ সম চতুষ্কোণ পঞ্চহস্ত পরিমিত দিব্য সুন্দর রচনা করিবেন ॥১৫৪॥

টীকা—সমাং—পার্শ্বাদাবেকরূপাম্ ॥ ১৫৪ ॥

ঐশান্যাং হস্তমাত্রাঞ্চ গ্রহবেদীং সমাচরেৎ।
তথা কুণ্ডচতুষ্কঞ্চ বেদ্যাঃ প্রাচ্যাদি-দিক্ষু হি ॥১৫৫॥

অনুবাদ—ঈশাণ কোণে একহস্ত পরিমিত গ্রহ-বেদী রচনা করিবেন, সেইরূপ বেদীর পূর্ব্বাদি চারিদিকে চারিটি কুণ্ড রচনা করিবে ॥ ১৫৫ ॥

তচ্চ হস্তমিতং যোনিবক্ত্রাঢ্যং সত্রিমেখলম্।
চতুরস্রার্দ্ধশীতাংশুবর্ত্তুলাব্জাকৃতি ক্রমাৎ ॥ ১৫৬ ॥

অনুবাদ—উক্ত হোম কুণ্ডগুলি একহস্ত পরিমিত, যোনি মুখযুক্ত, ত্রিমেঘলা বেষ্টিত। পূর্ব্বদিক হইতে চতুষ্কোণ, অর্দ্ধচন্দ্র, গোলাকার ও পদ্মাকৃতি হইবে ॥ ১৫৬ ॥

টীকা—ক্রমাদিতি প্রাচ্যাং, চতুরস্রং, দক্ষিণস্যামর্দ্ধচন্দ্রাকারং, পশ্চিমায়াং বর্ত্তুলম্, উদীচ্যাঞ্চ পদ্মাকারমিত্যর্থঃ ॥ ১৫৬ ॥

দীক্ষাবিধৌ পুরালেখি কুণ্ডলক্ষণমত্র তু।
চতুর্দ্দিক্ষু ত্যজেদ্বেদীমঙ্গুলানি ত্রয়োদশ ॥ ১৫৭ ॥

অনুবাদ—পূর্ব্বে দীক্ষাবিধি প্রসঙ্গে কুণ্ড লক্ষণ লিখিত হইয়াছে, এখানে কিন্তু চতুর্দ্দিকে ত্রয়োদশ অঙ্গুল বেদীত্যাগ করিবে ॥ ১৫৭ ॥

টীকা—অত্র প্রতিষ্ঠাবিধৌ তু চতুর্দিক্ষু ত্রয়োদশাঙ্গুলানি বেদীং পরিত্যজেৎ, তাবৎ প্রদেশং বেদ্যাঃ পরিতস্ত্যক্ত্বা কুণ্ডানি কুর্য্যাদিত্যর্থঃ। তথা চ মাৎস্যে—'বেদীভিত্তিং পরিত্যজ্য ত্রয়োদশভিরঙ্গুলৈঃ' ইতি ॥ ১৫৭ ॥

আচার্য্যকুণ্ডং কুর্য্যাচ্চ গ্রহবেদ্যাস্তু দক্ষিণে।
হস্তমাত্রাবটং তচ্চ চতুরস্রং সুলক্ষণম্ ॥ ১৫৮ ॥

অনুবাদ—আচার্য্য কুণ্ডকে গ্রহবেদীর দক্ষিণে করিবে। একহাত গর্ত্ত তাহাও চতুষ্কোণ সুলক্ষণ যুক্ত ॥ ১৫৮ ॥

তথা চ তত্রৈব—
ত্রিভাগেনার্দ্ধভাগেন কুর্য্যাদ্বেদীং সুশোভনাম্।
হস্তমাত্রোচ্ছ্রিতা কার্য্যা মধ্যে সম্যগ্ব্যবস্থিতা ॥১৫৯

অনুবাদ—সেইরূপ ঐ গ্রন্থেই—মণ্ডপের ত্রিভাগ বা অর্দ্ধভাগ দ্বারা সুশোভনা বেদী করিবে, তাহা এক-হাত উচ্চ এবং মণ্ডপের মধ্যস্থলে হইবে ॥ ১৫৯ ॥

টীকা—ত্রিভাগেন মণ্ডপস্য তৃতীয়াংশেন, অর্দ্ধ-ভাগেন বা পরিমিতাম্ ॥ ১৫৯ ॥

কিঞ্চ—
চতুষ্কোণং ভবেৎ কুণ্ডং পূর্ব্বস্যাং দিশি সর্ব্বদা।
অর্দ্ধচন্দ্রং ভবেদ্যাম্যাং বারুণ্যাং বর্ত্তুলং ভবেৎ।
পদ্মাভমুত্তরে ভাগে কুণ্ডং স্যাৎ দ্বিজসত্তম ॥
ইতি ॥ ১৬০ ॥

অনুবাদ—আরও—পূর্ব্বদিকে সর্ব্বদা চতুষ্কোণ কুণ্ড হইবে। দক্ষিণে অর্দ্ধচন্দ্রাকৃতি কুণ্ড, পশ্চিমে গোলাকার কুণ্ড হইবে। উত্তরদিকে হে দ্বিজোত্তম! পদ্মাকার কুণ্ড হইবে ॥ ১৬০ ॥

অথ কুম্ভস্থাপনম্

যজমানঃ সপত্নীকঃ পুত্রপৌত্রসমন্বিতঃ।
ঋত্বিগ্ভিঃ সহিতঃ পশ্চাদ্দ্বারেণ প্রবিশেত্ততঃ ॥ ১৬১॥

অনুবাদ—অনন্তর কুম্ভ স্থাপন—যজমান সপত্নী পুত্র পৌত্র সমন্বিত হইয়া ঋত্বিগ্‌গণের সহিত পশ্চিম দ্বার দিয়া মণ্ডপে প্রবেশ করিবেন ॥ ১৬১ ॥

ন্যসেত্তস্য চতুর্দ্বার্ষু দ্বৌ দ্বৌ কুম্ভৌ যবোপরি।
জলপূর্ণৌ স্বর্ণগর্ভৌ পল্লবাদিযুতৌ শুভৌ ॥ ১৬২ ॥

অনুবাদ—মণ্ডপের চারিদ্বারে দুইটি দুইটি করিয়া কুম্ভ যবের উপর জলপূর্ণ স্বর্ণগর্ভ পঞ্চপল্লবাদিযুক্ত করিয়া মঙ্গলার্থে স্থাপন করিবেন ॥ ১৬২ ॥

টীকা—ন্যসেদ্যজমানো গুরুর্বা। তস্য—মণ্ড-পস্য ॥ ১৬২ ॥

তথা চ মাৎস্যে—
কৃত্বৈবং মণ্ডপং পূর্ণং চতুর্দ্বারেষু বিন্যসেৎ।
অব্রণান্ কলসানষ্টৌ জলকাঞ্চনগর্ভিতান্ ॥১৬৩॥

অনুবাদ—সেইরূপ মৎস্যপুরাণে—এইরূপ মণ্ডপ নির্ম্মাণ পূর্ব্বক চতুর্দ্বারে ছিদ্রহীন জলপূর্ণ স্বর্ণগর্ভ অষ্টকলস বিন্যাস করিবে ॥ ১৬৩ ॥

চূতপল্লবসংচ্ছন্নান্ সিতবস্ত্রযুগান্বিতান্।
স্রক্চন্দনফলোপেতান্ চন্দনোদকপূরিতান্ ॥ ১৬৪ ॥

অনুবাদ—আম্রপল্লব আচ্ছাদিত শ্বেতবস্ত্রদ্বয়যুক্ত পুষ্পমালা চন্দন ফলযুক্ত চন্দনজলপূর্ণ ঘটসমূহ স্থাপন করিবেন ॥ ১৬৪ ॥

ভবিষ্যে—
অকালান্ কলসানষ্টৌ চতুর্দ্বারেষু স্থাপয়েৎ।
অন্তঃকাঞ্চনসংযুক্তান্ ফলপুষ্পৈরলঙ্কৃতান্ ॥ ১৬৫ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—কাল দাগ রহিত অষ্ট কলস চতুর্দ্বারে স্থাপন করিবে, কলস মধ্যে স্বর্ণযুক্ত ফলপুষ্প সমূহদ্বারা অলঙ্কৃত হইবে ॥ ১৬৫ ॥

টীকা—অকালান্—কৃষ্ণবর্ণেতরান্ ॥ ১৬৫ ॥

অহতৈর্যুগলৈর্বস্ত্রৈর্গ্রীবায়াং তু নিবেশিতৈঃ।
চন্দনাগুরুতোয়েন পূরয়িত্বা যথাক্রমম্ ॥ ১৬৬ ॥

অনুবাদ—অষ্ট কলসের কণ্ঠদেশে নূতন বস্ত্রদ্বয় নিবেশ করিয়া চন্দন অগুরু জলদ্বারা পূরণ করিয়া যথাক্রমে স্থাপন করিবে ॥ ১৬৬ ।

টীকা—অহতৈর্নবৈঃ ॥ ১৬৬ ॥

কিঞ্চ হয়শীর্ষপঞ্চরাত্রে—

শাতকুম্ভময়ান্ কুর্য্যাদ্রাজতান্ শুক্রজানথ।
জলাঢ়কপ্রপূরাংশ্চ লোহজান্ কারয়েদ্দৃঢ়ান্ ॥১৬৭॥
মৃন্ময়ান্ কলসান্ বাপি পক্ববিল্বোপমান্ শুভান্।
অষ্টত্রিংশাধিকশতপলপূর্ণাংস্তু মৃন্ময়ান্ ॥ ১৬৮ ॥
আরক্তান্ স্ফোটরহিতান্ কালমণ্ডলবর্জ্জিতান্।
আহৃত্য কলসান্ বস্ত্রপূতভোয়েন পূরয়েৎ।
সহিরণ্যান্ বস্ত্রযুগ্মবদ্ধকণ্ঠান্নিবেশয়েৎ ॥ ১৬৯ ॥

অনুবাদ—আরও হয়শীর্ষ পঞ্চরাত্রে—স্বর্ণময়, রৌপ্যময়, তাম্রময়, লৌহময়, দৃঢ়, মৃন্ময়, পক্ব বিল্বফল সদৃশবর্ণ, মঙ্গল ঘটসমূহ, এক আঢ়ক জলপূর্ণ, অষ্ট-ত্রিংশ অধিক শতপল জলপূর্ণ মৃন্ময় ঈষৎ রক্তবর্ণ ছিদ্ররহিত, কালদাগ বর্জ্জিত কলস সমূহ সংগ্রহ করিয়া বস্ত্রপূত জলদ্বারা পূরণ করিবে এবং স্বর্ণগর্ভ, বস্ত্রদ্বয় বদ্ধকণ্ঠ কলস সমূহকে সন্নিবেশ করিবে ॥ ১৬৭-১৬৯ ॥

টীকা—অথেতি বিকল্পে। শুক্রজান্, তাম্রময়ান্, স্ফোটরহিতান্, নিশ্চিদ্রান্, কালেন শ্যামেন মণ্ডলেন বিন্দুনা আবর্ত্তেন বা বর্জ্জিতান্ ॥ ১৬৭-১৬৯ ॥

অথ স্নানমণ্ডপাদিনির্ম্মাণম্

কুর্য্যাদুত্তরতস্তস্মাদধিবাসনমণ্ডপাৎ।
চতুর্হস্তং চতুর্দ্বারকোণং স্নপনমণ্ডপম্ ॥ ১৭০ ॥

অনুবাদ—অনন্তর স্নানমণ্ডপাদি নির্ম্মাণ—পূর্ব্বোক্ত অধিবাসন মণ্ডপের উত্তরদিকে চতুর্হস্ত চতুর্দ্বার চতু-ষ্কোণ স্নানমণ্ডপ নির্ম্মাণ করিবে ॥ ১৭০ ॥

টীকা—চত্বারি দ্বারাণি কোণাশ্চ যস্য তম্ ॥১৭০॥

তত্রেষ্টকাভিঃ পক্কাভিঃ দ্বিত্রিহস্তাঞ্চ বেদিকাম্।
বিদধ্যাদ্ভূতলং বাথ সকলং বালুকাময়ম্ ॥১৭১॥

অনুবাদ—ঐ মণ্ডপে পক্ব ইষ্টক সমূহদ্বারা দুই বা তিনহস্ত বেদিকা করিবে অথবা সম্পূর্ণ ভূতল বালুকাময় করিবে ॥ ১৭১ ॥

টীকা—অথবা স্নানমণ্ডপস্য ভূতলং সকলমেব বালুকাময়ং বিদধ্যাৎ। যদ্যপি ভবিষ্য-মৎস্যপুরা-ণয়োর্ধ্বজপতকাধিরোহণানন্তরমেব স্নানমণ্ডপনির্ম্মাণ-মেব লিখিতং, তথাপি হয়শীর্ষপঞ্চরাত্রোক্তানুসারেণ নির্ম্মাণপ্রসঙ্গেঽস্মিন্ লিখিতম্ ॥ ১৭১ ॥

তথা চ ভবিষ্যে—

এবং সুশোভনং কৃত্বা মণ্ডপং তু সুতোরণম্।
তস্যৈবোত্তরপার্শ্বে চ কর্ত্তব্যঃ স্নানমণ্ডপঃ।
সুশোভনং তু কর্ত্তব্যং স্থণ্ডিলং বালুকাময়ম্ ॥১৭২॥

অনুবাদ—এইরূপ ভবিষ্যপুরাণে—পূর্ব্বোক্ত সু-শোভন সুতোরণযুক্ত মণ্ডপ করিয়া তাহারই উত্তর পার্শ্বে স্নানমণ্ডপ কর্ত্তব্য, ভূতল সুশোভন বালুকাময় কর্ত্তব্য ॥ ১৭২ ॥

মাৎস্যে—

এবং সতোরণং কৃত্বা অধিবাসনমণ্ডপম্।
তস্যাপ্যুত্তরতঃ কুর্য্যাৎ স্নানমণ্ডপমুত্তমম্।
তদর্দ্ধেন ত্রিভাগেন চতুর্ভাগেন বা পুনঃ ॥ ১৭৩ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—তোরণদ্বার সহ অধি-বাসনমণ্ডপ করিয়া তাহারও উত্তর পার্শ্বে উত্তম স্নান-মণ্ডপ করিবে, পূর্ব্বোক্ত অধিবাসন মণ্ডপের অর্দ্ধেক ত্রিভাগ বা চতুর্ভাগ পরিমিত ॥ ১৭৩ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—

স্নানার্থং কলসার্থঞ্চ স্নানদ্রব্যার্থমেব চ।
জলনির্গমনোপেতমর্দ্ধেন স্নানমণ্ডপম্ ॥ ১৭৪ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—স্নানের জন্য কলস-সজ্জিত রাখার জন্য এবং স্নানদ্রব্য সজ্জিত রাখার জন্য জল নির্গমন পথযুক্ত অর্দ্ধ পরিমিত স্নানমণ্ডপ করিবে ॥ ১৭৪ ॥

টীকা—তস্য অধিবাস মণ্ডপস্য অর্দ্ধেন তৃতীয়েন ভাগেন বা চতুর্থেন বা পরিমিতম্। স্নানার্থমেকং, স্নানকলসার্থং চৈকং স্নানদ্রব্যার্থং চৈকমেবং মণ্ডপত্রয়ং কুর্য্যাৎ, তদেব বিবিচ্যাহ—জলেতি সার্দ্ধেন ॥ ১৭৪ ॥

ঐশান্যাং কলসার্থঞ্চ তস্মাদ্দক্ষিণগোচরে।
পূর্ব্বস্যাং মণ্ডপং কুর্য্যাদ্‌যাগদ্রব্যার্থমায়তম্ ইতি ॥ ১৭৫ ॥

অনুবাদ—উহার ঈশান কোণে কলস স্থাপন জন্য, তাহার দক্ষিণে পূর্ব্বদিকে যাগদ্রব্য রক্ষার জন্য বিস্তৃত স্থান রাখিবে ॥ ১৭৫ ॥

টীকা—স্নানদ্রব্যমেব যাগদ্রব্যং, স্নানস্যৈবাত্র, প্রাধান্যাৎ ॥ ১৭৫ ॥

অথ ধ্বজপতাকাস্থাপনম্

অথ বাদ্যাদিভির্দিব্যৈর্বিচিত্রৈর্মঙ্গলস্বনৈঃ।
কৃত্বা মহোৎসবং ন্যাস্যেৎ পতাকা
বিধিবদ্গুরুঃ ॥ ১৭৬ ॥

অনুবাদ—অনন্তর ধ্বজ পতাকা স্থাপন—অনন্তর উত্তম বাদ্যাদিসহ বিচিত্র মঙ্গলময় ধ্বনি সহ মহা-আনন্দ উৎসব করিয়া শ্রীগুরুদেব বিধিবৎ পতাকা স্থাপন করিবেন ॥ ১৭৬ ॥

অথ তদ্বিশেষঃ

ভবিষ্যে—

পূর্ব্বেণেন্দ্রায়ুধাকারামাগ্নেয্যামগ্নিসন্নিভাম্।
কৃষ্ণাঞ্চৈব তু যাম্যায়াং নৈর্ঋত্যাং তু
তথৈব চ ॥ ১৭৭ ॥
ইন্দ্রগোপনিভাকারাং বারুণ্যাং চৈব দাপয়েৎ।
শিরীষপুষ্পপ্রতিমাং বায়ব্যাং বিনিবেশয়েৎ।
কৌবের্য্যাং পীতবর্ণাং তু ঐশান্যাং পাণ্ডুরা
ভবেৎ ॥ ১৭৮ ॥

অনুবাদ—অনন্তর তাহার বিশেষ বিধি, ভবিষ্য-পুরাণে—পূর্ব্বাদিক্রমে অষ্টদিকে—পূর্ব্বদিকে ইন্দ্রধনুর ন্যায়, অগ্নিকোণে অগ্নিবর্ণ, দক্ষিণে কৃষ্ণবর্ণ, নৈর্ঋতে সেইরূপ। পশ্চিমে রক্তবর্ণ, বায়ুকোণে শিরীষ পুষ্পসদৃশ, উত্তরে পীতবর্ণ, ঈশানে পাণ্ডুর বর্ণ পতাকা হইবে ॥ ১৭৭-১৭৮ ॥

মাৎস্যে—

ধ্বজাদিরোপণং কার্য্যং মণ্ডপস্য সমন্ততঃ।
ধ্বজাংশ্চ লোকপালানাং সর্ব্বদিক্ষু নিবেশয়েৎ।
পতাকা জলদাকারা মধ্যে স্যান্মণ্ডপস্য তু ॥ ১৭৯ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—মণ্ডপের সর্ব্বদিকে ধ্বজাদি রোপণ কর্ত্তব্য। লোকপালগণের ধ্বজা সর্ব্বদিকে সন্নিবেশ করিবে। মণ্ডপের মধ্যে পতাকা মেঘবর্ণ হইবে ॥ ১৭৯ ॥

টীকা—মৎস্যপুরাণে ধ্বজপতাকয়োরভেদাভিপ্রায়েণ ধ্বজাভিরোপণমিত্যাদ্যুক্ত্বা পশ্চাৎ পতাকা জলদাকারেত্যুক্তম্। তত্তদ্বিশেষশ্চ হয়শীর্ষপঞ্চরাত্রতো ব্যক্তো ভাবী ॥ ১৭৯ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—

পঞ্চহস্তপ্রমাণং তু ধ্বজং কুর্য্যাদ্বিচক্ষণঃ।
বৈপুল্যং চাস্য কুর্ব্বীত ষোড়শাঙ্গুলসংমিতম্।
সপ্তহস্তোচ্ছ্রিতং চাস্য দণ্ডং কুর্য্যাৎ সুরোত্তম ॥১৮০

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—হে সুরোত্তম! বিচক্ষণ ব্যক্তি পঞ্চহস্ত পরিমাণ ধ্বজা করিবে। ইহার প্রশস্ত ষোড়শ অঙ্গুল পরিমিত দণ্ড সপ্তহস্ত উচ্চ করিবে ॥ ১৮০ ॥

সপ্তহস্তাস্ততো দীর্ঘা বিস্তৃতা দ্বাদশাঙ্গুলাঃ।
দ্বিপঞ্চহস্তদণ্ডেষু পতাকাস্তু নিবেশয়েৎ ॥ ১৮১ ॥

অনুবাদ—সপ্তহস্ত দীর্ঘ, বিস্তৃত দ্বাদশ অঙ্গুল। দশহস্ত দণ্ডে পতাকা সন্নিবেশ করিবে ॥ ১৮১ ॥

টীকা—দ্বিপঞ্চ দশ, যদ্বা, দ্বৌ পঞ্চ চেত্যেবং সপ্ত তাবদ্ধস্তপ্রমাণদণ্ডেষু, এবং পতাকায়া ধ্বজদণ্ডসাম্যমুক্তং স্যাৎ ॥ ১৮১ ॥

বাহ্যদেশে মণ্ডপস্য তোরণাভ্যন্তরে তথা।
অষ্টৌ ধ্বজাঃ স্থাপনীয়াঃ পূর্ব্বাদিক্রমযোগতঃ ॥১৮২

অনুবাদ—মণ্ডপের বাহিরে ও তোরণদ্বারের অভ্যন্তরে পূর্ব্বাদিক্রমে অষ্ট ধ্বজা স্থাপন কর্ত্তব্য ॥ ১৮২ ॥

অরুণোঽগ্নিনিভশ্চৈব কৃষ্ণঃ শুক্লোঽথ পীতকঃ।
রক্তবর্ণস্তথা শ্বেতঃ সর্ব্ববর্ণস্তথৈব চ ॥ ১৮৩ ॥

অনুবাদ—অরুণ বর্ণ, অগ্নিবর্ণ, কৃষ্ণ, শুক্ল, পীত, রক্ত, শ্বেত এবং সর্ব্ববর্ণ যুক্ত পতাকা নিবেশ কর্ত্তব্য ॥ ১৮৩ ॥

অথ ধ্বজাদ্যর্পণং লোকপালপূজাবিধিশ্চ

হয়শীর্ষপঞ্চরাত্রে—

কুমুদঃ কুমুদাখশ্চ্য পুণ্ডরীকোঽথ বামনঃ ।
শঙ্কুকর্ণঃ সর্ব্বনেত্রঃ সুমুখঃ সুপ্রতিষ্ঠিতঃ ।
ইত্যেতে বিষ্ণুলোকস্য দিক্‌পালগণনায়কাঃ ॥১৮৪॥

অনুবাদ—অনন্তর ধ্বজাদি অর্পণ ও লোকপাল পূজাবিধি, হয়শীর্ষ পঞ্চরাত্রে—কুমুদ, কুমুদাখ্য, পুণ্ডরীক, বামন, শঙ্কুকর্ণ, সর্ব্বনেত্র, সুমুখ সুপ্রতিষ্ঠিত—ইহারা বিষ্ণুলোকে দিকপালগণ নায়ক ॥ ১৮৪ ॥

টীকা—'ন্যসেৎ পতাকা বিধিবদ্‌গুরুঃ' ইতি লিখিতম্ ; তদেবাভিব্যঞ্জয়তি—কুমুদ ইত্যাদিনা ॥ ১৮৪ ॥

কোটিসংখ্যগণৈর্যুক্তা পূজনীয়া যথাদিশি ॥ ১৮৫ ॥

অনুবাদ—ইহাদের গণে কোটি সংখ্যা দিকপাল আছেন, ঐ ঐ দিকে ইহাদের পূজা কর্ত্তব্য ॥ ১৮৫ ॥

টীকা—যথা দিশীতি পূর্ব্বাদ্যষ্টদিক্ষু ক্রমেণ কুমুদাদয়োঽষ্ট পূজনীয়া ইত্যর্থঃ ॥ ১৮৫ ॥

মাৎস্যে—

গন্ধপুষ্পাদিকং কুর্য্যাৎ স্বৈঃ স্বৈর্মন্ত্রৈরনুক্রমাৎ ।
বলিঞ্চ লোকপালেভ্যঃ স্বস্বমন্ত্রৈর্নিবেদয়েৎ ।
ঊর্দ্ধে তু ব্রহ্মণে দেয়স্ত্বধস্তাচ্ছেষবাসুকেঃ ॥ ১৮৬ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—দিকপালগণের নিজ নিজ মন্ত্রে ক্রমানুসারে গন্ধ-পুষ্পাদি দ্বারা পূজা ও উপহার নিজ নিজ মন্ত্রে নিবেদন করিবে। ঊর্দ্ধে ব্রহ্মাকে, নিম্নে শেষ দেব ও বাসুকিকে পূজা দিবে ॥ ১৮৬ ॥

টীকা—বাসুকেরনন্তস্য, শেষবাসুকেরিতি পাঠেঽপি অর্থস্ত স এব ॥ ১৮৬ ॥

সংহিতায়াস্তু যে মন্ত্রাস্তদ্দৈবত্যাঃ শ্রুতৌ স্মৃতাঃ ।
তৈঃ পূজা লোকপালানাং কর্ত্তব্যা হি সমন্ততঃ ॥১৮৭

অনুবাদ—সংহিতাতে যে সকল মন্ত্র উল্লিখিত আছে, শ্রুতিতেও ঐ দেবতার উদ্দেশ্যে স্মৃত হইয়াছে, ঐ সকল মন্ত্রদ্বারাই লোকপালগণের পূজা সর্ব্বদিকে কর্ত্তব্য ॥ ১৮৭ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—

ওঁ আয়াহীন্দ্র মহারাজাধিরাজ বজ্রহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, পূর্ব্বদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ ত্রাতারমিন্দ্রমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৮৮ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—ওঁ আয়াহি ইন্দ্র ইত্যাদি মন্ত্রে ইন্দ্রকে আবাহন পূর্ব্বক ওঁ ত্রাতারমিন্দ্রং এইমন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধ-পুষ্পাদিদ্বারা অর্চ্চন করিবে ॥ ১৮৮ ॥

ওঁ আয়াহি চিত্রভানো মহারাজাধিরাজ শক্তিহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, আগ্নেয়ীং দিশং রক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ অগ্নির্মূর্দ্ধা দিব ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৮৯ ॥

অনুবাদ—ওঁ আয়াহি চিত্রভানো—এইমন্ত্রে অগ্নিকে আবাহন করিয়া ওঁ অগ্নি মূর্দ্ধা দিব এইমন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধ পুষ্পাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৮৯ ॥

ওঁ আয়াহি যম মহারাজাধিরাজ দণ্ডহস্ত স্ববলবাহনাবৃত রক্তান্তায়তলোচন ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, দক্ষিণদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ বৈবস্বতং সংযমনমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৯০ ॥

অনুবাদ—ওঁ আয়াহি যম ইত্যাদি মন্ত্রে যমরাজকে আবাহন করিয়া ওঁ বৈবস্বতং ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৯০ ॥

ওঁ আয়াহি নৈর্ঋত মহারাজাধিরাজ স্ববলবাহনাবৃত খড়্গহস্ত মহাবল ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ,

নৈর্ঋতীং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ এষ তে নৈর্ঋতে ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চয়েৎ ॥১৯১॥

অনুবাদ—ওঁ আয়াহি নৈর্ঋত এইমন্ত্রে আবাহন করিয়া ওঁ এষতে, নৈর্ঋতে ইত্যাদি মন্ত্রে অর্ঘ্য দিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৯১ ॥

ওঁ আয়াহি বরুণ মহারাজাধিরাজ পাশহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, পশ্চিমদ্বারমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ উরু হি রাজা বরুণশ্চকারেত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৯২ ॥

অনুবাদ—ওঁ আয়াহি বরুণ—এই মন্ত্রে আবাহন করিয়া ওঁ উরু হি রাজা ইত্যাদি মন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৯২ ॥

ওঁ আয়াহি পবন মহারাজাধিরাজ ধ্বজহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, বায়বীং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ বাত আ বাতু ভেষজমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৯৩ ॥

অনুবাদ—ওঁ আয়াহি পবন—ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া ওঁ বাত ইত্যাদি মন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৯৩ ॥

ওঁ আয়াহি সোম মহারাজাধিরাজ শঙ্খহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, উত্তরদ্বারমভিরক্ষেত্যাবাহ্য, ওঁ সোমং রাজানমিত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৯৪ ॥

অনুবাদ—ওঁ আয়াহি সোম—ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া ওঁ সোমং রাজানং এইমন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধাদি দ্বারা পূজা করিবে ॥ ১৯৪ ॥

ওঁ আয়াহীশান মহারাজাধিরাজ শূলহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, ঐশানীং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ ঈশানায় নমস্যেত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৯৫ ॥

অনুবাদ—ওঁ আয়াহি ঈশান ইত্যাদি মন্ত্রে আবাহন পূর্ব্বক ওঁ ঈশানায় নমঃ এইমন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৯৫ ॥

ওঁ আয়াহি চতুর্ম্মুখ সর্ব্বলোকাধিপতে স্রুক্‌স্রুবহস্ত স্ববলবাহনাবৃত ইহাগচ্ছাগচ্ছ, তিষ্ঠ তিষ্ঠ, ঊর্দ্ধাং দিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ হিরণ্যগর্ভঃ সমবর্ত্ততাগ্র ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥১৯৬॥

অনুবাদ—ওঁ আয়াহি চতুর্ম্মুখ ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া ওঁ হিরণ্য গর্ভঃ ইত্যাদি মন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধাদি দ্বারা পূজা করিবে ॥ ১৯৬ ॥

ওঁ আয়াহি অনন্ত মহারাজাধিরাজ স্ববলবাহনাবৃত লাঙ্গলহস্ত ইহাগচ্ছাগচ্ছ তিষ্ঠ তিষ্ঠ, অধোদিশমভিরক্ষ রক্ষেত্যাবাহ্য, ওঁ নমোঽস্তু সর্পেভ্য ইত্যনেনার্ঘ্যং দত্ত্বা গন্ধাদিভিরর্চ্চয়েৎ ॥ ১৯৭ ॥

অনুবাদ—ওঁ আয়াহি অনন্ত ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া ওঁ নমোঽস্তু ইত্যাদি মন্ত্রে অর্ঘ্যদান করিয়া গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ১৯৭ ॥

অথ প্রতিষ্ঠাকর্ম্মারম্ভঃ

দ্রব্যাণি সর্ব্বাণ্যাহৃত্য কৃত্বা কৃষ্ণার্চ্চনাদিকম্।
বেদ্যামালিখ্য চক্রাদি শয্যাদি রচয়েত্ততঃ ॥ ১৯৮ ॥

অনুবাদ—অনন্তর প্রতিষ্ঠাকর্ম্ম আরম্ভ—সর্ব্ববিধ দ্রব্য আহরণ পূর্ব্বক শ্রীকৃষ্ণের অর্চ্চনাদি করিয়া বেদীতে চক্রাদি লিখিয়া তৎপরে শয্যাদি রচনা করিবে ॥ ১৯৮ ॥

টীকা—দ্রব্যাণি পূজোপকরণাদীনি, বেদ্যাম্ অধিবাসনমণ্ডপান্তর্নির্ম্মিতায়াম্। আদি-শব্দের্গৃহীতমগ্রে ব্যক্তং ভবিষ্যতি ॥ ১৯৮ ॥

তথা চ তত্রৈব—

পাষণ্ডান্ নাস্তিকান্ সর্ব্বান্ দেবব্রাহ্মণদূষকান্।
দীক্ষাবহিষ্ক তান্ সর্ব্বান্ হেতুবাদরতাংস্তথা।
নিবার্য্য প্রারভেৎ কর্ম্ম বৈষ্ণবৈর্দীক্ষিতৈঃ সহ ॥১৯৯॥

অনুবাদ—ঐরূপ ঐ গ্রন্থেই—পাষণ্ড, নাস্তিক, দেবাব্রহ্মণনিন্দুক, দীক্ষাহীন হেতুবাদরত তার্কিকগণকে নিবারণ পূর্ব্বক দীক্ষিত বৈষ্ণবগণ সহ প্রতিষ্ঠা-কর্ম্ম আরম্ভ করিবেন ॥ ১৯৯ ॥

আহৃত্য সর্ব্বদ্রব্যাণি স্রুক্‌স্রুবং বিষ্টরাণি চ।
যজ্ঞপাত্রাণি সর্ব্বাণি জ্ঞাপ্য যত্নেন দেশিকঃ ॥ ২০০ ॥
শ্বেতবস্ত্রপরীধানঃ সোষ্ণীষশ্চন্দনোক্ষিতঃ।
অঙ্গুলীয়কহস্তশ্চ সর্ব্বালঙ্কারভূষিতঃ ॥ ২০১ ॥
আত্মানং বিষ্ণুবৎ পূজ্য গন্ধপুষ্পাদিভির্গুরুঃ।
ধ্যাত্বা দেবং বিষ্ণুরূপং মন্ত্রাত্মকমথো শুচিঃ ॥২০২॥
হরিং প্রণম্য বিজ্ঞাপ্য মূর্ত্তিপানপি পূজয়েৎ।
সিতৈঃ পুষ্পৈর্বস্ত্রযুগ্মৈরঙ্গুলীয়ৈরথাঙ্গদৈঃ ॥ ২০৩ ॥

অনুবাদ—সর্ব্বদ্রব্য আহরণ পূর্ব্বক স্রুক্‌স্রুব বিষ্টরসমূহ ও যজ্ঞপাত্রসমূহ জানাইয়া যত্নপূর্ব্বক আচার্য্য শ্বেতবস্ত্র পরিধান করিয়া মস্তকে পাগড়ী, চন্দন ছিটাইয়া অঙ্গুরী হস্তে, সর্ব্ব অলঙ্কারে ভূষিত হইয়া আত্মাকে বিষ্ণুবৎ গন্ধ-পুষ্পাদি দ্বারা পূজা করিয়া শ্রীগুরুদেব মন্ত্রাত্মক বিষ্ণুরূপদেবকে ধ্যান করিয়া অনন্তর শুচি হইয়া শ্রীহরিকে প্রণাম ও বিজ্ঞাপন করিয়া শ্বেতপুষ্প, বস্ত্রদ্বয়, অঙ্গুরী ও অঙ্গদাদি দ্বারা অলঙ্কৃত মূর্ত্তিপগণকেও পূজা করিবেন ॥ ২০০-২০৩॥

নিপুণৈঃ শিল্পিভিঃ সার্দ্ধং ততঃ কর্ম্ম সমাচারেৎ।
পঞ্চগব্যেন সংস্কৃত্য শোধ্য কুম্ভান্ বিচক্ষণঃ।
স্থাপয়েন্মূর্ত্তিপান্ পশ্চাৎ কুম্ভে কুম্ভে তু দেশিকঃ ॥২০৪

অনুবাদ—তৎপরে নিপুণ শিল্পিবৃন্দের সহিত প্রতিষ্ঠা কর্ম্মে প্রবৃত্ত হইবেন, বিচক্ষণ আচার্য্য পঞ্চগব্য দ্বারা কুম্ভসমূহকে সংস্কার ও শোধন করিয়া পরে প্রতি কুম্ভে মূর্ত্তিপগণকে স্থাপন করিবেন ॥ ২০৪ ॥

কিঞ্চ—

ব্রীহীনাহৃত্য দেবেশং বাসুদেবেন চার্চ্চয়েৎ।
ক্ষিপেচ্চ নারসিংহেন পাতালমুষলেন তু ॥ ২০৫ ॥
সিদ্ধার্থকান্ ক্ষিপেজ্জ্যায়ন্ সিংহমন্ত্রেণ মন্ত্রয়েৎ।
রক্ষোঘ্নান্ পঞ্চগব্যেন প্রোক্ষয়েদ্ভূমিমাদরাৎ ॥২০৬॥

অনুবাদ—আরও—ব্রীহি আহরণ করিয়া ইষ্টদেবকে দ্বাদশাক্ষর বাসুদেব মন্ত্রের দ্বারা অর্চ্চন করিবে। নারসিংহ মন্ত্রে অশুভ ক্ষেপণ, পাতাল-মুষল মন্ত্রে শ্বেতসরিষা ক্ষেপণ, ধ্যানযোগে নৃসিংহ মন্ত্রদ্বারা রক্ষোঘ্নগণকে মন্ত্রণ, পঞ্চগব্য দ্বারা সাদরে ভূমিতলকে প্রোক্ষণ করিবেন ॥ ২০৫-২০৬ ॥

টীকা—বাসুদেবেনেত্যাদয়ো মন্ত্রাঃ ॥ ২০৫-২০৬॥

ততস্তাম্রময়ং কুম্ভং মৃন্ময়ং বা নবং দৃঢ়ম্।
জলপূর্ণং স্থাপয়িত্বা সরঙ্গকরকাযুতম্।
ঐশান্যামর্চ্চয়েত্তস্মিন্ সাঙ্গং গন্ধাদিনা হরিম্ ॥২০৭॥

অনুবাদ—অনন্তর তাম্রময় কুম্ভ অথবা নূতন দৃঢ় মৃন্ময় কুম্ভে সরঙ্গ করকাযুক্ত জলপূর্ণ করিয়া ঈশান কোণে ঐ কুম্ভে অঙ্গদেবগণ সহ শ্রীহরিকে গন্ধাদি দ্বারা অর্চ্চন করিবে ॥ ২০৭ ॥

অস্ত্রমন্ত্রেণ করকাং শতবারাংস্তমর্চয়েৎ।
তদ্ধারাচ্ছিন্নয়া সিঞ্চেন্মণ্ডপং তং প্রদক্ষিণম্ ॥২০৮॥

অনুবাদ—সুদর্শনশাস্ত্র মন্ত্রদ্বারা শতবার করকাকে অর্চ্চন করিয়া ঐ কুম্ভের অছিন্ন জলধারা দ্বারা প্রদক্ষিণ ক্রমে অধিবাসার্থ নির্ম্মিত মণ্ডপকে সিঞ্চন করিবে ॥ ২০৮ ॥

টীকা—তম্ অধিবাসার্থনির্ম্মিতং মণ্ডপম্ ॥২০৮॥

কুম্ভং তং পৃষ্ঠতো নীত্বা কুম্ভমন্ত্রেণ দেশিকঃ।
ব্রীহীন্ সংস্কৃত্য সর্ব্বাংস্তু কুম্ভং তত্রোপরি ন্যসেৎ ॥ ২০৯ ॥

অনুবাদ—ঐ কুম্ভকে পশ্চাদ্ভাগে লইয়া আচার্য্য কুম্ভমন্ত্রে ব্রীহিসমূহকে সংস্কার করিয়া তাহার উপর স্থাপন করিবে ॥ ২০৯ ॥

পুনঃ সম্পূজয়েদ্বিষ্ণুং কলসেষু সমাহিতঃ।
বস্ত্রযুগ্মেন কলসমেকেন করকাং বুধঃ।
ছাদয়িত্বা ততো গৃহ্য করণীং মণ্ডলীং নয়েৎ ॥২১০॥

অনুবাদ—পুনরায় ধ্যানযোগে অভিজ্ঞ ব্যক্তি কলস সমূহে শ্রীবিষ্ণুর অর্চ্চন করিবে, বস্ত্রদ্বয় দ্বারা কলসকে, একটি বস্ত্রদ্বারা করকাকে আচ্ছাদন করিয়া লইয়া কার্য্যস্থান মণ্ডলীতে যাইবেন ॥ ২১০ ॥

চতুরস্রং চতুর্দ্দ্বারং চক্রাব্জং ষোড়শারকম্ ।
পঞ্চবর্ণেন চূর্ণেন দ্বাদশারমথাপি বা ॥ ২১১ ॥
বেদ্যামেবং লিখিত্বা চ মণ্ডপে পূর্ব্বদক্ষিণে ।
চতুর্হস্তং চতুষ্কোণং মধ্যে পঙ্কজভূষিতম্ ।
চতুর্দ্বারং তু চূর্ণেন স্বস্তিকং মণ্ডলং লিখেৎ ॥২১২॥

অনুবাদ—সমচতুষ্কোণ চতুর্দ্দ্বার মধ্যে ষোড়শ-দলপদ্ম বাহিরে ষোড়শার চক্র অথবা দ্বাদশার চক্র পঞ্চবর্ণ চূর্ণ দ্বারা বেদীমধ্যে লিখিয়া মণ্ডপে পূর্ব্ব দক্ষিণে চতুর্হস্ত চতুষ্কোণ মধ্যে পদ্ম চিহ্নিত, চতুর্দ্বারে চূর্ণদ্বারা স্বস্তিক মণ্ডল লিখিবে ॥ ২১১-২১২ ॥

টীকা—চক্রাব্জসংজ্ঞং মণ্ডপম্, তচ্চ ষোড়শারং দ্বাদশারং বা চক্রমষ্টদলপদ্মগর্ভং তদ্বহিশ্চতুরস্রঞ্চতু-র্দ্বারং লিখেদিতি জ্ঞেয়ম্ ॥ ২১১ ॥

তস্যোর্দ্ধে ন্যস্য পর্য্যঙ্কং কুশান্ সংস্তারয়েত্ততঃ ।
যোগে যোগেতি মন্ত্রেণ গন্ধতোয়েন প্রোক্ষয়েৎ ॥২১৩

অনুবাদ—তাহার উপর পালঙ্ক রাখিয়া কুশসমূহ বিছাইয়া দিবে। অনন্তর 'যোগে যোগে' এই মন্ত্র-দ্বারা চন্দন জল দ্বারা ছিটা দিবে ॥ ২১৩ ॥

তূলিকাং বিন্যসেত্তত্র দিব্যপট্টাংশুকান্বিতাম্ ।
উপাধানদ্বয়ং কৃত্বা পার্শ্বে গেণ্ডুকমেব চ ।
কপোলধারণং কৃত্বা কুর্য্যাদূর্দ্ধ্বং বিতানকম্ ॥২১৪॥

অনুবাদ—পালঙ্কের উপর উত্তম পাটের তোষক পাতিয়া বালিশ দুইটি দিয়া পার্শ্বে খেলার বল ও গণ্ড-দেশ ধারণ বালিশ দিয়া উপরে চাঁদোয়া দিবে ॥২১৪॥

পুষ্পমালাপরিক্ষিপ্তং মুক্তাহারোপশোভিতম্ ।
কুর্য্যাৎ পুষ্পগৃহং হৃদ্যং মলয়াগুরুধূপিতম্ ॥২১৫॥

অনুবাদ—মধ্যে মধ্যে পুষ্পমালা, মুক্তাহার দ্বারা পরিশোভিত মনোরম পুষ্প গৃহ করিয়া মলয়চন্দন, অগুরু, ধূপ দ্বারা বাসিত করিবে ॥ ২১৫ ॥

বিদ্যাধিপাংশ্চ সংপূজ্যাঃ শক্ত্যা দিক্ষু বিদিক্ষু চ ।
বিষ্ণুর্মধুনিহা চৈব তথৈব চ ত্রিবিক্রমঃ ॥
বামনশ্চাপি দিক্ষেতে পূর্ব্বাদ্যাসু ব্যবস্থিতাঃ ॥২১৬॥

অনুবাদ—সমর্থ হইলে চতুর্দ্দিকে ও চতুষ্কোণে বিদ্যাধর ও বিদ্যাধরীগণকে পূজা করিবে। বিষ্ণু, মধু-সূদন, ত্রিবিক্রম, বামনদেবকে ক্রমে পূর্ব্বাদি দিকে স্থাপন করিবে ॥ ২১৬ ॥

শ্রীধরঃ শ্রীহৃষীকেশঃ পদ্মনাভস্তথৈব চ ।
দামোদরশ্চ সম্পূজ্য আগ্নেয়াদিব্যবস্থিতাঃ ॥ ২১৭ ॥

অনুবাদ—শ্রীধর, শ্রীহৃষীকেশ, পদ্মনাভ, দামোদর—ক্রমে অগ্নিকোণাদি চতুষ্কোণে স্থাপন ও পূজন করিবেন ॥ ২১৭ ॥

এবমর্চ্য ততঃ পশ্চাদৈশান্যাং স্নানমণ্ডপে ।
চতুঃস্তম্ভযুতে রম্যে তন্মধ্যে বেদিকা শুভা ॥২১৮॥
চতুরস্রা চতুর্দ্দিক্ষু জলনির্গমনান্বিতা ।
ক্ষীরিবৃক্ষোদ্ভবং পীঠং মধ্যে তত্র নিবেশয়েৎ ॥২১৯॥

অনুবাদ—এইভাবে অর্চ্চন করিয়া তৎপরে ঈশান কোণে স্নানমণ্ডপে চতুস্তম্ভ যুক্ত মনোরম সমচতুষ্কোণ চতুর্দ্দিকে জল নির্গম পথ যুক্ত বেদিকা মধ্যে পবিত্র ক্ষীরিবৃক্ষ কাষ্ঠনির্ম্মিত পীঠ তার মধ্যে সন্নিবেশ করিবে ॥ ২১৯ ॥

টীকা—তস্য স্নানমণ্ডপস্য মধ্যে বা বেদিকাস্তি, তত্র তস্যাং পীঠং নিবেশয়েৎ ॥ ২১৮-২১৯ ॥

অথ কলসাধিবাসনম্

তত্রৈব—
স্নানদ্রব্যাণি সর্ব্বাণি সমানীয় বিচক্ষণঃ ।
নিক্ষিপ্য স্নানকুম্ভেষু কুম্ভাংস্তানধিবাসয়েৎ ॥২২০॥

অনুবাদ—অনন্তর কলসাধিবাসন, উক্ত গ্রন্থেই—বিচক্ষণ ব্যক্তি স্নানদ্রব্য সকল আনয়ন করিয়া স্নান-কুম্ভে নিক্ষেপ করিয়া ঐ কুম্ভগুলিকে অধিবাসিত করিবেন ॥ ২২০ ॥

টীকা—কলসাধিবাসনাদিকং মৎস্যাণ্ডবিষ্যানুক্ত-মপি ভগবতা শ্রীহয়শীর্ষেণোক্তত্বাদুপযুক্ততয়া তত্র লিখ্যতে—স্নানেত্যাদিনা। 'শান্তকুম্ভময়ান্' ইত্যাদিনা কুম্ভলক্ষণং চোক্তমেবাস্তি সিদ্ধদ্রব্যাণি চাগ্রে স্বয়মেব বক্তব্যানি বটোড়ুম্বরে ন্যসেদিত্যাদিনা ॥ ২২০ ॥

———

রত্নানি চ চতুর্দ্দিক্ষু সিদ্ধদ্রব্যান্বিতাঃ শুভাঃ।
কলসাঃ স্থাপনীয়াস্তু অভিষেকার্থমাদরাৎ ॥২২১॥

অনুবাদ—চতুর্দ্দিকে রত্নগর্ভ সিদ্ধদ্রব্য যুক্ত মঙ্গল-কলসসমূহ অভিষেকের জন্য সাদরে স্থাপন কর্ত্তব্য ॥ ২২১ ॥

———

বটোড়ুম্বর কাশ্বত্থ-চম্পকাশোক-শ্রীদ্রুমান্।
পলাশার্জ্জুনপ্লক্ষাংশ্চ কদম্ববকুলাম্রজান্।
পল্লবাংস্তু সমানীয় পূর্ব্বকুম্ভে বিনিক্ষিপেৎ ॥২২২॥

অনুবাদ—পূর্ব্বকুম্ভে—বট, উড়ুম্বর, অশ্বত্থ, চম্পক, অশোক, বিল্ব, পলাশ, অর্জ্জুন, পাকুড়, কদম্ব, বকুল ও আম্রজাত পল্লবসমূহ আনিয়া নিক্ষেপ করিবে ॥ ২২২ ॥

———

পদ্মকং রোচনাং দূর্ব্বাং দর্ভপিঞ্জলমেব চ।
জাতিপুষ্পং কুন্দপুষ্পং চন্দনং রক্তচন্দনম্।
তমালং তগরঞ্চৈব বঞ্জুলং দক্ষিণে ন্যসেৎ ॥২২৩॥

অনুবাদ—দক্ষিণ কুম্ভে—পদ্মক, রোচনা দুর্ব্বা, কুশগুচ্ছ, জাতিপুষ্প, কুন্দপুষ্প, চন্দন, রক্তচন্দন, তমাল, তগর ও বেত শাখা বিন্যাস করিবে ॥২২৩॥

———

সুবর্ণং রজতং চৈব কূলদ্বয়মৃদং তথা।
নদ্যাঃ সমুদ্রগামিন্যা বিশেষাজ্জাহ্নবীজলম্।
গোময়ঞ্চ যবান্ শালীন্ তিলাংশ্চৈব পরে ন্যসেৎ ॥২২৪

অনুবাদ—পশ্চিমকুম্ভে—সুবর্ণ, রৌপ্য, নদীর উভয়কুলের মৃত্তিকা, সমুদ্রগামিনী গঙ্গাজল, গোময়, যব, শালীধান্য তিল নিক্ষেপ করিবে ॥ ২২৪ ॥

টীকা—পরে পশ্চিমকুম্ভে ॥ ২২৪ ॥

———

বিষ্ণুপর্ণাং শ্যামলতাং ভৃঙ্গরাজং শতাবরীম্।
গুড়ূচীং সহদেবীঞ্চ বিন্যসেচ্চ মহৌষধীঃ ॥২২৫॥

অনুবাদ—উত্তর কুম্ভে—অপরাজিতা, শ্যামালতা, ভৃঙ্গরাজ, শতমূল, গুলঞ্চ, সহদেবী ও মহৌষধ বিন্যাস করিবে ॥ ২২৫ ॥

টীকা—বিষ্ণুপর্ণ্যাদ্যাশ্চোত্তরে ন্যসেদিতি জ্ঞেয়ম্ ॥ ২২৫ ॥

———

ফলান্যুদকযুক্তানি আগ্নেয়্যাং বিন্যসেদ্ঘটে।
পঞ্চগব্যন্তু নৈঋর্ত্যাং কুম্ভে কৃত্বাভিমন্ত্রিতম্ ॥২২৬॥

অনুবাদ—অগ্নিকোণে—জলযুক্ত ফল, ডাব, আম্র-রস ঘটে ইত্যাদি দিবে। নৈঋর্ত কোণে—মন্ত্রপূত পঞ্চগব্য ঘটে দিবে ॥ ২২৬ ॥

টীকা—ফলানি বদরাদীণি আম্ররসাদীনি বা ॥২২৬

———

বটাশ্বত্থপলাশানাং বিল্বস্যোড়ুম্বরস্য চ।
কষায়োদকসংযুক্তং বায়ব্যাং কলসং ন্যসেৎ ॥২২৭

অনুবাদ—বায়ুকোণে—বট, অশ্বত্থ, পলাশ, বিল্ব, উড়ুম্বর বাকছালের কষায় জল কলসে দিবে ॥২২৭॥

———

কুমারীমমৃতাঞ্চৈব শতমূলীং শতাবরীম্।
সহদেবীং বচাং সিংহীং বলাং ব্রাহ্মীং সুলক্ষণাম্।
ঐশান্যামপরে কুম্ভে মঙ্গলাখ্যে নিবেশয়েৎ ॥২২৮॥

অনুবাদ—ঈশান কোণে—মঙ্গল কলসে ঘৃতকুমারী, গুলঞ্চ, শতমূলী, শতাবরী, সহদেবী, বচ, বাসক, বলা ও সুলক্ষণা ব্রাহ্মী দিবে ॥ ২২৮ ॥

———

বল্মীকমৃত্তিকাং সপ্তস্থানোত্থামপরে ন্যসেৎ।
জাহ্নবীবালুকাতোয়ং বিন্যসেদপরে ঘটে ॥২২৯॥

বরাহ-বৃষনাগেন্দ্র-বিষাণোদ্ধৃতমৃত্তিকাম্ ।
কুলদ্বয়মৃদং নদ্যাং বিন্যসেদপরে ঘটে ॥ ২৩০ ॥
মৃত্তিকাং পদ্মমূলস্য কুশস্যাপ্যপরে ঘটে ।
তীর্থপর্ব্বতমৃত্তিস্তু যুক্তমপ্যপরে ঘটে ॥ ২৩১ ॥
নাগকেশরপুষ্পঞ্চ কাশ্মীরমপরে ঘটে ।
চন্দনাগুরুকর্পূরৈঃ পূরিতং চাপরং ন্যসেৎ ॥২৩২॥

অনুবাদ—অন্য নবঘটে (১) সপ্তস্থানে জাত বল্মীকমৃত্তিকা বিন্যাস করিবে। (২) জাহ্নবী-বালুকা যুক্ত জল, (৩) বরাহ বৃষ, নাগেন্দ্র কর্ত্তৃক শৃঙ্গোত্তলিত মৃত্তিকা, নদীকূলদ্বয়ের মৃত্তিকা (৪) পদ্মমূল মৃত্তিকা, কুশমূল মৃত্তিকা। (৫) তীর্থ মৃত্তিকা, পর্ব্বত মৃত্তিকা। (৬) নাগকেশর পুষ্প, কুঙ্কুম অন্য ঘটে। (৭) চন্দন, অগুরু ও কর্পূর অন্য ঘটে ॥ ২২৯-২৩২ ॥

———

বৈদূর্য্যং বিদ্রুমং মুক্তাং স্ফাটিকং বজ্রমেব চ ।
এতান্যেকত্র নিক্ষিপ্ত্য স্থাপয়েদ্দেবসত্তম ॥ ২৩৩ ॥

অনুবাদ—(৮) হে দেবসত্তম ! বৈদুর্য্যমণি, বিদ্রুম, মুক্তা, স্ফাটিক ও হীরক—এই সকল একঘটে, স্থাপন করিবেন ॥ ২৩৩ ॥

টীকা—একত্র একস্মিন্ ঘটে ॥ ২৩৩ ॥

———

নদীনদতড়াগানাং সলিলৈরপরং ন্যসেৎ ।
একাশীতিপদে চান্যান্ মণ্ডপে কলসান্ন্যসেৎ ॥২৩৪

অনুবাদ—(৯) নদীজল, নদজল, পদ্ম পুষ্করিণী জল অন্য ঘটে দিবে। মণ্ডলমধ্যে একাশীতি পদে অন্য কলসগুলি স্থাপন করিবে ॥ ২৩৪ ॥

———

পূরিতান্ গন্ধতোয়েন ধান্যাস্তাংস্তাংস্তু মন্ত্রয়েৎ ।
শ্রীসূক্তেন সমস্তেন সর্ব্বানেব সকৃৎ সকৃৎ ॥২৩৫॥

অনুবাদ—ধান্যের উপর স্থাপিত অন্য ১০৮ ঘট চন্দন, গঙ্গোদকে পূর্ণ করিয়া শ্রীসূক্ত দ্বারা মিলিতভাবে এক একবার মন্ত্রিত করিবে ॥ ২৩৫ ॥

———

অর্ঘার্ঘ্যদ্রব্যাদিস্থাপনম্

তত্রৈব—

কলসানধিবাস্যৈবমর্ঘ্যাদীন্ বিনিবেশয়েৎ ॥ ২৩৬ ॥

অনুবাদ—অনন্তর অর্ঘ্য দ্রব্যাদি স্থাপন, উক্ত গ্রন্থেই—পূর্ব্বোক্ত যথাবিধি কলসসমূহ বিন্যাসের পর অর্ঘ্যাদি পাত্র যথাস্থানে বিন্যাস করিবেন ॥ ২৩৬ ॥

———

যবং সিদ্ধার্থকং গন্ধং কুশাগ্রং চাক্ষতঃ তথা ।
তিলান্ ফলং তথা পুষ্পমর্ঘ্যার্থং পূর্ব্বতোন্যসেৎ ॥২৩৭

অনুবাদ—অর্ঘ্যপাত্রে—যব, শ্বেতসরিষা, চন্দন-ঘষা, কুশাগ্র, আতপতণ্ডুল, তিল, ফল ও পুষ্প অর্ঘ্য-দানের জন্য পূর্ব্বভাগে বিন্যাস করিবে ॥ ২৩৭ ॥

———

পদ্মং শ্যামলতাং দূর্ব্বাং বিষ্ণুপর্ণীং তথা কুশান্ ।
পাদ্যার্থং দক্ষিণে ভাগে স্থাপয়েদ্দেশিকোত্তমঃ ॥২৩৮

অনুবাদ—পাদ্য পাত্রে—পদ্ম, শ্যামলতা, দূর্ব্বা, অপরাজিতা, কুশ এই সকল দ্রব্য উত্তম আচার্য্য দক্ষিণভাগে স্থাপন করিবেন ॥ ২৩৮ ॥

———

স্থাপয়েৎ পশ্চিমে ভাগে মধুপর্কং সুসংবৃতম্ ।
কক্কোলকং লবঙ্গঞ্চ তথা জাতীফলং শুভম্ ।
উত্তরে স্থাপয়েদ্ভাগে দ্রব্যমাচমনায় তু ॥ ২৩৯ ॥

অনুবাদ—মধুপর্ক পাত্র পশ্চিমভাগে উত্তমরূপে আবৃত করিয়া রাখিবেন। আচমন পাত্রে—কক্কোল, লবঙ্গ, পবিত্র জায়ফল, আচমন দ্রব্য উত্তরভাগে স্থাপন করিবেন ॥ ২৩৯ ॥

———

আগ্নেয্যাং স্থাপয়েৎ পাত্রং পূর্ণং দূর্ব্বাক্ষতৈর্বুধঃ ।
নীরাজনার্থং দেবেশ দেবদেবস্য সর্ব্বদা ॥ ২৪০ ॥

অনুবাদ—নীরাজন পাত্র—হে দেবেশ ! দেব-দেবের নীরাজনের জন্য সর্ব্বদা দূর্ব্বা ও অক্ষত দ্বারা পূর্ণপাত্র অভিজ্ঞ ব্যক্তি অগ্নিকোণে স্থাপন করিবেন ॥ ২৪০ ॥

———

নৈর্ঋত্যামুদকং গন্ধযুক্তং স্নানায় বিন্যসেৎ।
উদ্বর্ত্তনায় বায়ব্যাং গন্ধপিষ্টং নিবেশয়েৎ ॥২৪১॥

অনুবাদ—নৈর্ঋত কোণে গন্ধ চন্দনযুক্ত জল স্নানের জন্য স্থাপন করিবেন। উদ্বর্ত্তনের জন্য গন্ধ-বাটা বায়ু কোণে স্থাপন করিবেন ॥ ২৪১ ॥

ন্যসেদামলকং পাত্রে মুরামাংসীযুতং শুভম্।
সহদেবীং সদাভদ্রাং কুশাগ্রাং রজনীং তথা ॥২৪২॥

অনুবাদ—আবাটা—একটি পাত্রে আমলকী, মুরা, মাংসী, জটামাংসী, সহদেবী, সদাভদ্রা, কুশাগ্র ও হরিদ্রা রাখিবেন ॥ ২৪২ ॥

ঐশান্যাং বিন্যসেৎ পাত্রে শিরীষং সূর্য্যবর্ণিনীম্।
নির্ম্মঞ্ছনায় দেবস্য স্থাপকঃ সুসমাহিতঃ ॥২৪৩॥

অনুবাদ—ঈশান কোণে—শ্রীবিগ্রহের নিমঞ্ছনের জন্য একপাত্রে সূর্য্যবর্ণী, শিরীষ পুষ্প ঈশান কোণে স্থাপক সাবধানে বিন্যাস করিবেন ॥ ২৪৩ ॥

অষ্টৌ দিক্ষু ন্যসেদ্বিদ্বান্ লৌহযষ্টিপ্রদীপকান্ ॥২৪৪

অনুবাদ—বিদ্বান্ ব্যক্তি অষ্টদিকে সদাঁড় প্রদীপ সমূহ বিন্যাস করিবেন ॥ ২৪৪ ॥

শঙ্খং চক্রঞ্চ শ্রীবৎসং কৌস্তুভং পঙ্কজাদিকম্।
হেমাদিপাত্রে কৃত্বাথ গোময়েনাথ বা পুনঃ ॥২৪৫॥

অনুবাদ—শঙ্খ, চক্র, শ্রীবৎস, কৌস্তুভ, পদ্ম আদিকে স্বর্ণপাত্রে বা অন্য পাত্রে গোময়লিপ্ত স্থানে রাখিবে ॥ ২৪৫ ॥

নীরাজনায় দেবস্য তথা বৈ পুষ্পজাতয়ঃ।
স্থাপনীয়াস্তথা চান্যে মাঙ্গল্যাঃ স্নানচোদিতাঃ ॥২৪৬॥

অনুবাদ—শ্রীবিগ্রহের নীরাজনের জন্য পুষ্পসমূহ এবং স্নান-প্রসঙ্গে অন্যান্য মঙ্গলদ্রব্যসমূহ যথাস্থানে স্থাপন করিবে ॥ ২৪৬ ॥

অথ শ্রীমূর্ত্তেঃ স্নানমণ্ডপে প্রবেশনম্

শিল্পিশালাং ততো গত্বা গীতবাদ্যাদিনিস্বনৈঃ।
আনয়েদ্ভগবন্মূর্ত্তিং সহ পিণ্ডিকয়া ততঃ ॥ ২৪৭ ॥

অনুবাদ—অনন্তর শ্রীবিগ্রহের স্নান মণ্ডপে প্রবেশ—অনন্তর গীতবাদ্যাদি ধ্বনিসহ শিল্পিশালায় গিয়া পিণ্ডিকার সহিত ভগবানের শ্রীমূর্ত্তিকে আনয়ন করিবে ॥ ২৪৭ ॥

টীকা—ততঃ শিল্পিশালাতঃ শ্রীমূর্ত্তি পিণ্ডকাসহিতা-মানয়েৎ ॥ ২৪৭ ॥

অথ বিংশতিকুম্ভাদ্ভিঃ স্নানমণ্ডপতো বহিঃ।
স্নাপয়িত্বা পরীক্ষেত শ্রীমূর্ত্তিং তাং বিচক্ষণঃ ॥২৪৮॥

অনুবাদ—অনন্তর স্নানমণ্ডপের বাহিরে বিংশ কুম্ভজল দ্বারা স্নান করাইয়া ঐ শ্রীমূর্ত্তিকে বিচক্ষণ ব্যক্তি পরীক্ষা করিবেন ॥ ২৪৮ ॥

টীকা—বিংশতিকুম্ভজলেন স্নানমণ্ডপাদ্বহিঃ স্নাপয়ি-ত্বেতি কেষাঞ্চিৎ সতাং মতং লিখিতম্ ॥ ২৪৮ ॥

অথবা শিল্পিশালায়াং স্নাপয়িত্বা যথাবিধি।
প্রবেশয়েৎ পিণ্ডিকায়াং তাং বিপ্রৈঃ স্নানমণ্ডপম্ ॥২৪৯

অনুবাদ—অথবা শিল্পিশালাতেই যথাবিধি স্নান করাইয়া ঐ মূর্ত্তিকে পিণ্ডিকা সহ ব্রাহ্মণগণ দ্বারা স্নান মণ্ডপে প্রবেশ করাইবেন ॥ ২৪৯ ॥

টীকা—শ্রীহয়শীর্ষভগবন্মতং—লিখতি অথবেতি। তচ্চাগ্রে তদ্বচনতো ব্যক্তং ভাবি, বিপ্রৈঃ কৃত্বা তাং ভগ-বন্মূর্ত্তিং পিণ্ডিকাসহিতাং স্নানমণ্ডপং প্রবেশয়েৎ ॥২৪৯॥

তথা চ ভবিষ্যে—

আচার্য্যো মূর্ত্তিপৈশ্চৈব ঋত্বিগ্ভিঃ সহ সংযুতৈঃ।
বিষ্ণুব্রতধরৈঃ শান্তৈঃ বিষ্ণুশাস্ত্রানুরঞ্জিতৈঃ ॥২৫০॥
অলোলুপৈরহীনাঙ্গৈরার্য্যদেশসমুদ্ভবৈঃ।
বিষ্ণুভক্তিপরৈর্ধীরৈর্বিপ্রৈর্ভাগবতৈঃ সহ ॥ ২৫১ ॥
দ্বাত্রিংশদ্ভিঃ ষোড়শভিঃ অষ্টাভির্বা ক্রমেণ তু।
আনয়িত্বা তু দেবেশং স্থাপয়েৎ স্নানমণ্ডপে ॥২৫২॥

অনুবাদ—ঐরূপ ভবিষ্যপুরাণে—আচার্য্য মূর্ত্তি-রক্ষকগণ সহ, ঋত্বিকগণ সহ মিলিত হইয়া বিষ্ণুব্রত-ধর, শান্ত, বিষ্ণুশাস্ত্রে অনুরক্ত, নির্লোভী, অহীনাঙ্গ, আর্য্য দেশজাত বিষ্ণুভক্তি পরায়ণ, ধীর, বেদজ্ঞ ভক্ত-বৃন্দসহ ক্রমে বত্রিশ, ষোড়শ, অষ্টজন বলবান ব্যক্তি সহ শ্রীবিষ্ণুকে স্নানমণ্ডপে আনাইয়া স্থাপন করিবেন ॥ ২৫১-২৫২ ॥

টীকা —অষ্টাভিস্তিত্যত্র তু-শব্দো বার্থে। ততশ্চ বিকল্পো মুখ্যকল্পাশক্তাবল্পসংখ্যব্রাহ্মণবরণানুসারেণ শ্রীমূর্ত্ত্যনুসারেণ বা জ্ঞেয়ঃ। ক্রমেণানীয়, ন তু হঠা-দেকদৈব বেগেনেত্যর্থঃ ॥ ২৫২ ॥

———

হয়শীর্ষপঞ্চরাত্রে—

অত্র সংজ্বালয়েদ্বহ্নিং বৈষ্ণবং বিধিনা গুরুঃ।
ঐশান্যাং গুরুকুণ্ডে তু প্রাঙ্মুখোদঙ্মুখোঽপি বা ॥২৫৩

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—অভিজ্ঞ শ্রীগুরুদেব ঈশান কোণে গুরুকুণ্ডে পূর্ব্ব বা উত্তর মুখে বসিয়া বিধিবৎ বৈষ্ণবাগ্নি প্রজ্বালিত করিবেন ॥ ২৫৩ ॥

টীকা—বৈষ্ণবং মণ্ডপং মধ্যে শয্যায়াং শ্রীবিষ্ণু-সংজ্ঞ্যোঃ সঙ্গমাদ্রেতোরূপোঽগ্নিরুদ্ভূত ইতি ভাবনয়া জনিতো যস্তং, এতদ্বিশেষশ্চ দীক্ষাবিধৌ পূর্ব্বং লিখি-তোঽস্তি। প্রাঙ্মুখো উদঙ্মুখো বা, বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥ ২৫৩ ॥

———

তত্রৈব হোময়েদ্বিষ্ণুং গায়ত্র্যা ঘৃতমাদরাৎ।
অষ্টোত্তরশতং হুত্বা সম্পাতবিধিনা সুধীঃ ॥২৫৪॥

অনুবাদ—ঐ কুণ্ডে শ্রীবিষ্ণুর উদ্দেশ্যে গায়ত্রীমন্ত্রে সাম্পাতবিধি অনুসারে সাদরে অষ্টোত্তরশত ঘৃত আহুতি দিবেন ॥ ২৫৪ ॥

———

সম্পাতাজ্যেন কলসান্ প্রোক্ষ্য দেশিকসত্তমঃ।
লিপ্তায়াং কারুশালায়ামুপতিষ্ঠেত সংযতঃ ॥২৫৫॥

অনুবাদ—আচার্য্য সত্তম ঘৃত সম্পাত দ্বারা কলস সকল প্রোক্ষণ করিয়া গোময়দ্বারা লিপ্ত শিল্পিশালাতে সংযত হইয়া অবস্থান করিবেন ॥ ২৫৫ ॥

টীকা—কারুঃ—শিল্পী ॥ ২৫৫ ॥

———

ব্রাহ্মণৈর্বৈষ্ণবৈঃ সার্দ্ধং মূর্ত্তিপৈঃ শিল্পিভিঃ সহ।
মহতা ব্রাহ্মঘোষেণ সহায়ৈর্বলবত্তরৈঃ ॥ ২৫৬ ॥
কাহলশঙ্খশব্দৈশ্চ ভেরীমুরজনিস্বনৈঃ।
বীণাবেণুস্বনৈর্হৃদ্যাদিব্যযন্ত্রস্বনৈস্তথা।
আচার্য্যঃ প্রাঙ্মুখো ভূত্বা কুর্য্যাৎ কৌতুকবন্ধনম্ ॥২৫৭

অনুবাদ—ব্রাহ্মণ, বৈষ্ণবগণের সহিত মূর্ত্তিরক্ষক ও শিল্পিগণ সহ এবং অতিশয় বলবান্ সহায়কারী-গণকে লইয়া মহাবেদধ্বনি সহ কাহল, শঙ্খ, ভেরী, মুরজ, বীণা, বেণুধ্বনি এবং হৃদয়গ্রাহী উত্তম যন্ত্রধ্বনি সহ আচার্য্য পূর্ব্বমুখ হইয়া কৌতুক মঙ্গলরক্ষা সূত্র বন্ধন করিবেন ॥ ২৫৬-২৫৭ ॥

টীকা—কৌতুকং—মঙ্গলসূত্রম্ ॥ ২৫৭ ॥

———

বৈষ্ণবে সিপিবিষ্টেতি গৌরসিদ্ধার্থকেন তু।
ঊর্ণাময়েন সূত্রেণ নিম্বদূর্ব্বান্বিতেন চ।
দুকূলবস্ত্রৈর্বদ্ধা তু দক্ষিণে বধীয়াৎ করে ॥ ২৫৮ ॥
দেশিকস্যাপি কর্ত্তব্যং করে কৌতুকবন্ধনম্ ॥২৫৯॥

অনুবাদ—'বৈষ্ণবে সিপিবিষ্ট' এইমন্ত্রে শ্বেত-সর্ষপ, নিম্ব, দূর্ব্বাযুক্ত পট্টবস্ত্রে ঊর্ণাময় সূত্রে বাঁধিয়া দক্ষিণ হস্তে বাঁধিবেন। আচার্য্যের হস্তেও কৌতুক বন্ধন কর্ত্তব্য ॥ ২৫৮-২৫৯ ॥

———

ততো বিকল্প্য দেবাস্ত্রং তণ্ডুলৈঃ পঞ্চরঙ্গকৈঃ।
তন্মধ্যে প্রতিমাং স্থাপ্য স্নাপ্য চৈব যথাবিধি ॥২৬০॥
বস্ত্রযুগ্মেন সংছাদ্য পূজ্য গন্ধাদিনা তু তাম্।
চামরৈস্তালবৃন্তৈশ্চ বীজয়েন্মঙ্গলান্বিতাম্ ॥ ২৬১ ॥
এরকায়াং নিবেশ্যাথ প্রতিমাং সংস্তবেত্ততঃ ॥২৬২॥

অনুবাদ—অনন্তর তণ্ডুল ও পঞ্চরঙ্গের গুঁড়ি দ্বারা সুদর্শনাস্ত্র রচনা করিয়া তাহার উপর প্রতিমাকে স্থাপন পূর্ব্বক যথাবিধি স্নান করাইয়া বস্ত্রদ্বয় দ্বারা আচ্ছাদন পূর্ব্বক গন্ধ পুষ্পাদি দ্বারা প্রতিমাকে পূজা করিয়া পবিত্র মঙ্গলযুক্ত চামর ও তালবৃন্তের পাখা দ্বারা ব্যজন করিবে এবং এরকা (হোগলা) তৃণের শয্যার উপর প্রতিমাকে রাখিয়া স্তব করিবেন ॥২৬০-২৬২ ॥

টীকা—দেবাস্ত্রং চক্রং, বিকল্প্য বিরচয্য ॥ ২৬০ ॥

টীকা—মঙ্গলানি দধিদূর্ব্বাদীনি তৈরন্বিতাং, তানি নিবেদ্যেত্যর্থঃ। তথা চ মাৎস্যে—'মঙ্গলানি নিবেদ্যানি' ইত্যাদি তচ্চাগ্রে মাঙ্গল্যে লেখম্। মঙ্গলান্বিতমিতি ক্লীবৈকবচনান্তপাঠোঽপি, ততশ্চ ক্রিয়াবিশেষণম্, অর্থশ্চ স এব ॥ ২৬১ ॥

টীকা—এরকা তৃণবিশেষঃ, তন্ময়াস্তরণে শ্রীমূর্ত্তিং স্থাপয়িত্বা সম্যক্ স্তবেৎ স্তবীত ॥ ২৬২ ॥

অথ তত্র স্তবঃ

নমস্তেঽর্চ্চে সুরেশানি প্রণীতে বিশ্বকর্ম্মণা।
প্রভাবিতাশেষজগদ্ধাত্রি তুভ্যং নমো নমঃ ॥ ২৬৩ ॥

অনুবাদ—অনন্তর প্রতিমা স্তব—হে অর্চ্চে! হে সুরেশানি! বিশ্বকর্ম্মা কর্ত্তৃক নির্ম্মিতে! আপনাকে প্রণাম। অখিল জগৎকে প্রভাবিত করিয়াছেন, হে জগদ্ধাত্রি! আপনাকে পুনঃ পুনঃ প্রণাম ॥ ২৬৩ ॥

ত্বয়ি সম্পূজয়ামীশং নারায়ণমনাময়ম্।
রহিতা শিল্পিদোষৈস্তমৃদ্ধিযুক্তা সদা ভব।
এবং বিজ্ঞাপ্য প্রতিমাং নয়েত্তাং স্নানমণ্ডপম্ ॥ ইতি ॥ ২৬৪ ॥

অনুবাদ—নির্ম্মল পরমেশ্বর নারায়ণকে আপনাতেই পূজা করিতেছি। শিল্পিদোষ রহিত হইয়া আপনি সর্ব্বদা ঋদ্ধিযুক্তা হউন। এইরূপ প্রার্থনা করিয়া ঐ প্রতিমাকে স্নানমণ্ডপে লইয়া যাইবেন ॥২৬৪

টীকা—স্তুতিমেবাহ—নমস্ত ইতি দ্বাভ্যাম্। প্রকর্ষেণ ভাবিতস্য স্বয়মেবোৎপাদিতস্য অশেষজগতো ধাত্রি ধারণ-পোষণকর্ত্রি। যদ্বা, প্রভাবিতং প্রভাবযুক্তং কৃতমশেষং যয়া সা চাসৌ জগদ্ধাত্রী চ, তৎসম্বোধনম্ ॥ ২৬৩-২৬৪ ॥

অথ শিল্পিপরিতোষণম্

ততঃ সপরিবারাংশ্চ শ্রীমূর্ত্ত্যাবির্বিধাপ্লিনঃ।
শিল্পিনোঽভ্যর্চ্চ্য বিবিধৈর্দ্রব্যৈর্বাক্যৈশ্চ তোষয়েৎ ॥২৬৫

অনুবাদ—অনন্তর শিল্পি তোষণ—অতঃপর সপরিবারে শ্রীমূর্ত্তি আবির্ভাবকারী শিল্পিগণকে বিবিধ দ্রব্য ও মধুর বাক্যে সন্তুষ্ট করিবেন ॥ ২৬৫ ॥

টীকা—বাক্যৈশ্চ পশ্চাৎ বিবিধৈঃ ক্ষমধ্বমিত্যাদিরূপৈঃ ॥ ২৬৫ ॥

তথা চ ভবিষ্যে—
ততো বিষ্ণুং সমানীয় সুধৌতং সুপরীক্ষিতম্।
শিল্পিনঃ পূজয়েৎ পশ্চাদ্ বস্ত্রালঙ্করণাদিভিঃ।
অন্যে চ পূজনীয়াশ্চ যে চাত্র পরিচারকাঃ ॥২৬৬॥

অনুবাদ—সেইরূপই ভবিষ্যপুরাণে—অনন্তর সুধৌত সুপরীক্ষিত বিষ্ণুকে স্নানমণ্ডপে আনিয়া পরে বস্ত্র, অলঙ্কারাদি দ্বারা শিল্পিগণকে সম্মান করিবেন। অন্য যাহারা পরিচারক এখানে ছিলেন তাহাদিগকেও পূজা সম্মান করিবেন ॥ ২৬৬ ॥

মাৎস্যে—
আনীয় লিঙ্গমর্চ্চাং বা শিল্পিনঃ পূজয়েদ্বুধঃ।
বস্ত্রাভরণরত্নৈশ্চ যে চ তৎপরিচারকাঃ।
ক্ষমধ্বমিতি তান্ ব্রূয়াদ্যজমানো হ্যতঃপরম্ ॥২৬৭॥

অনুবাদ—মৎস্যপুরাণে—স্নানমণ্ডপে লিঙ্গ বা অর্চ্চামূর্ত্তিকে আনিয়া অভিজ্ঞ ব্যক্তি শিল্পিগণকে এবং যাহারা তাহাদের পরিচারক ছিল, তাহাদিগকে বস্ত্র, অলঙ্কার, রত্নাদিদ্বারা পূজা করিবেন। অতঃপর যজমান তাহাদের প্রত্যেককে 'ক্ষমা কর' এইরূপ বলিবে ॥ ২৬৭ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে—
পূজয়িত্বা তু প্রতিমাং শিল্পিনং তোষয়েত্ততঃ।
গন্ধপুষ্পাদিভির্বিপ্রং তোষয়েৎ কটকাদিভিঃ ॥২৬৮॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—প্রতিমাকে পূজা করিয়া শিল্পিকে সন্তুষ্ট করিবে। গন্ধপুষ্পাদি ও অলঙ্কারাদি দ্বারা বেদজ্ঞ ব্রাহ্মণকে তুষ্ট করিবেন ॥ ২৬৮ ॥

টীকা—পূজয়িত্বেতি শিল্পিশালায়াং পূজানন্তরমেব শিল্পিতোষণমভিপ্রেতম্ ॥ ২৬৮ ॥

সর্ব্বেঽথ কর্ম্মিণস্তস্যান্তস্মিন্ কালে পৃথক্ পৃথক্ ।
ক্ষমাপয়ীত তান্ সর্ব্বান্ প্রিয়প্রশ্নেন সর্ব্বথা ॥ ইতি ॥
॥ ২৬৯ ॥

অনুবাদ—অনন্তর ঐ কালে যাহারা কর্ম্মে নিযুক্ত ছিল, তাহাদের সকলকে পৃথক্ পৃথক্ মধুর বাক্যে প্রিয় প্রশ্ন দ্বারা সর্ব্বপ্রকারে ক্ষমা প্রার্থনা করিবেন ॥ ২৬৯ ॥

———

অথ স্নপনম্

কুশাদ্যাস্তরণে ন্যস্য পীঠে বা স্নাপয়েত্ততঃ ।
দিব্যবাদ্যাদিনা পঞ্চকাষায়সলিলাদিভিঃ ॥ ২৭০ ॥

অনুবাদ—অনন্তর প্রতিমার স্নপন—কুশাদির বিছানায় রাখিয়া বা পীড়িতে বসাইয়া দিব্য বাদ্যাদি-সহ পঞ্চকষায় জল দ্বারা স্নান করাইবে ॥ ২৭০ ॥

টীকা—কুশৈঃ, আদি-শব্দাৎ কোমলবংশদলাদি-ভির্যদাস্তরণং শয্যাবিশেষস্তস্মিন্ ন্যস্য শ্রীমূর্ত্তিম্ । এতচ্চ 'প্রাগগ্রৈর্দর্ভবংশৈস্ত রাজন্ দিব্যজলৈঃ শুভৈঃ' ইত্যাদিনাধিবাসনমণ্ডপান্তর্যৎ শয্যাবিরচনং ভবিষ্যো-ক্তং, তদনুসারেণ কেষাঞ্চিচ্ছিষ্টানাং সম্মতং লিখি-তম্ । ভদ্রপীঠে বেতি চ হয়শীর্ষোক্তানুসারেণ । অত্র চ যথাস্বসম্প্রদায়মেব ব্যবহর্ত্তব্যম্, এবমন্যত্রাপ্যুহ্যম্ । দিব্যেন বাদ্যেন, আদি-শব্দাদ্গীতেন নৃত্যেন বেদঘোষ-নামসংকীর্ত্তনাদিনা চ । পঞ্চকষায়াশ্চ বটাশ্বত্থপলাশ-বিল্বোড়ুম্বরাস্তৈঃ সংস্কৃতজলেন । আদি-শব্দাৎ পঞ্চ-গব্যাদি । এতচ্চাগ্রে ব্যক্তমেব ভাবি ॥ ২৭০ ॥

———

তথা চ ভবিষ্যে—

স্নপনং দু ততঃ কার্য্যং দিব্যমঙ্গলনাদিতম্ ।
যথানুরূপৈর্বিবিধৈর্বাদিত্রনিনদৈঃ শুভৈঃ ।
কাষায়ৈঃ পঞ্চগব্যৈশ্চ তীর্থবল্মীকমৃজ্জলৈঃ ॥২৭১॥

অনুবাদ—ঐ রূপই ভবিষ্যপুরাণে—অনন্তর দিব্য মঙ্গলধ্বনি সহ, যথাযথ মঙ্গল বিবিধ গীত, বাদ্য, নৃত্য, মঙ্গলধ্বনি সহ, পঞ্চ কষায় জল, পঞ্চগব্য, তীর্থবারি, বল্মীক মৃত্তিকা, জল দ্বারা, স্নান করাইতে হইবে ॥ ২৭১ ॥

টীকা—কাষায়ৈ পঞ্চকষায়জলৈঃ, পঞ্চগব্যৈস্তীর্থ-জলৈর্বল্মীকমৃজ্জলৈশ্চেত্যেবং চতুর্ভিঃ ॥ ২৭১ ॥

———

অথ তত্র মন্ত্রাঃ

সমুদ্রজ্যেষ্ঠাঃ সলিলস্য মধ্যাদ্-
যা আপো দিব্যা উত বা স্রবন্তি
যাসাং রাজা বরুণো যাতি মধ্যে
যাসু রাজা বরুণো যাসু সোমঃ ॥ ইতি ॥২৭২॥

অনুবাদ—অনন্তর স্নানমন্ত্র সমূহ—'সমুদ্র জ্যেষ্ঠা' ইত্যাদি মন্ত্র চতুষ্টয় দ্বারা ক্রমে স্নান করান হয়—সমুদ্র গর্ভ হইতে যে সলিলের উৎপত্তি, যে দিব্য জল সর্ব্বদা প্রবাহিত হইতেছে, বরুণদেব যাহাদের রাজা, যে সলিল মধ্যে বরুণদেব ও সোমদেব অধিষ্ঠিত আছেন সেই সলিল দ্বারা স্নান করাইতেছি ॥ ইতি ॥ ॥ ২৭২ ॥

টীকা—সমুদ্রজ্যেষ্ঠা ইত্যাদিচতুর্মন্ত্রৈঃ ক্রমেণ স্নপন-মিতি জ্ঞেয়ম্ ॥ ২৭২ ॥

———

মাৎস্যে—

ততো লিঙ্গমথার্চ্চাং বা নীত্বা স্নপনমণ্ডপম্ ।
গীতমঙ্গলশব্দেন স্নপনং তত্র কারয়েৎ ॥ ২৭৩ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—অনন্তর লিঙ্গ বা অর্চ্চা মূর্ত্তিকে স্নানমণ্ডপে লইয়া গীত ও মঙ্গলধ্বনি সহ স্নান করাইবেন ॥ ২৭৩ ॥

———

পঞ্চগব্যৈঃ কষায়েণ মৃত্তির্ভস্মোদকেন চ ।
শৌচং তত্র প্রকুর্ব্বীত বেদমন্ত্রচতুষ্টয়াৎ ॥ ২৭৪ ॥

অনুবাদ—পঞ্চগব্য দ্বারা, কষায় জল দ্বারা, তীর্থ মৃত্তিকা জল দ্বারা, ভস্মজল দ্বারাও বেদমন্ত্র চতুষ্টয় সহ মণ্ডপে স্নান করাইবে ॥ ২৭৪ ॥

টীকা—পঞ্চগব্যৈঃ পঞ্চকষায়ৈশ্চ তীর্থাদিমৃদ্ভিঃ ভস্মোদকেন চেত্যেবং চতুর্ভিঃ । সমুদ্রজ্যেষ্ঠা ইত্যাদি-বেদমন্ত্রচতুষ্টয়াৎ ক্রমেণ স্নপনং কারয়েৎ ॥ ২৭৪ ॥

———

হয়শীর্ষপঞ্চরাত্রে—

ধ্রিয়মাণ-বিতানেন ব্রহ্মঘোষেণ তাং বুধঃ।
তত্র পীঠে সমারোপ্য ভদ্রং কর্ণেতি কীর্ত্তয়ন্।
স্নাপয়েচ্ছুদ্ধতোয়েন শুদ্ধবত্যা তু দেশিকঃ ॥ ২৭৫ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—উপরে চাঁদোয়া ধরিয়া বেদধ্বনি সহ অভিজ্ঞ ব্যক্তি ঐ প্রতিমাকে স্নান মণ্ডপে আরোপণ করিয়া 'ভদ্রং কর্ণেতি' বেদধ্বনি কীর্ত্তন করিতে করিতে আচার্য্য 'শুদ্ধবতী' মন্ত্রে শুদ্ধ জল দ্বারা স্নান করাইবেন ॥ ২৭৫ ॥

টীকা—শুদ্ধবত্যা মন্ত্রেণ ॥ ২৭৫ ॥

———

স্নাপিতা গন্ধতোয়েন শিল্পিদোষৈর্বিমুচ্যতে।
মন্ত্রৈর্গন্ধাদিনাভ্যর্চ্চ্য চ্ছাদয়েচ্ছুদ্ধবাসসা ॥ ২৭৬ ॥

অনুবাদ—পবিত্র সুবাসিত জল দ্বারা স্নান করাইলে শিল্পিদোষসমূহ হইতে মুক্ত হয়, মন্ত্রপূত চন্দনাদি দ্বারা অর্চ্চন করিয়া শুদ্ধ বস্ত্রদ্বারা আচ্ছাদন করিবে ॥ ২৭৬ ॥

———

অথ নেত্রোন্মীলনম্

ততশ্চোন্মীলয়েন্নেত্রে তন্মন্ত্রেণ বিচক্ষণঃ।
তয়োশ্চ জ্যোতিরুৎকীর্য শুভাং দৃষ্টিং প্রকল্পয়েৎ ॥ ২৭৭ ॥

অনুবাদ—অনন্তর নেত্র উন্মীলন—অনন্তর বিচক্ষণ ব্যক্তি নেত্র উন্মীলন মন্ত্র দ্বারা নেত্রদ্বয়কে উন্মীলিত করিবেন অর্থাৎ নেত্রদ্বয়ের জ্যোতি উৎকীর্ণ করিয়া শুভদৃষ্টি সম্পাদন করিবেন ॥ ২৭৭ ॥

টীকা—উৎকীর্য উজ্জ্বাল্য দৃষ্টিভেদান্ জ্ঞাত্বা দৃষ্টিং শুভাং প্রকল্পয়েদিত্যর্থঃ ॥ ২৭৭ ॥

———

তথা চ মাৎস্যে—

দেবঃ প্রস্তরণে কৃত্বা নেত্রে জ্যোতিঃ প্রকল্পয়েৎ ॥২৭৮

অনুবাদ—ঐরূপই মৎস্যপুরাণে—শ্রীবিগ্রহকে প্রস্তরণে করিয়া নয়নদ্বয়ের জ্যোতি প্রস্ফুটিত করিবে ॥ ২৭৮ ॥

———

হয়শীর্ষপঞ্চরাত্রে চ—

যজমানস্ততো ভক্ত্যা দেশিকং পরিতোষয়েৎ।
কাংস্যদোহাং বস্ত্রকণ্ঠাং তাম্রপৃষ্ঠাং পয়স্বিনীম্ ॥২৭৯
রৌপ্যাঙ্ঘ্রিং স্বর্ণশৃঙ্গীং তাং সুশীলাং তরুণীং শুভাম্।
প্রণম্য বিধিনা ধেনুং দদ্যাদ্বাগভিঃ ক্ষমাপয়েৎ ॥২৮০

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রেও—যজমান ভক্তিপূর্ব্বক আচার্য্যকে পরিতুষ্ট করিবেন। গোদহনের কাংস্য পাত্র, গাভীর কণ্ঠে বস্ত্র, পৃষ্ঠে তাম্রময়, দুগ্ধবতী, রৌপ্যবদ্ধ পদচতুষ্টয়, স্বর্ণবদ্ধ শৃঙ্গদ্বয়, এমন সুশীলা তরুণী মঙ্গলা সবৎসা গাভীকে যথাবিধি প্রণাম করিয়া আচার্য্যকে দান করতঃ মধুরবাক্যে ক্ষমা প্রার্থনা করিবেন ॥ ২৮০ ॥

———

অবধার্য্য জগচ্ছান্তিং নেত্রে চোন্মীলয়েদ্বুধঃ।
চিত্রং দেবেতি মন্ত্রেণ জ্যোতির্দেবস্য চোৎকিরেৎ ॥২৮১

অনুবাদ—অভিজ্ঞ ব্যক্তি জগতের শান্তি নির্দ্ধারণ করিয়া প্রতিমার নয়নদ্বয়ের সোম্যজ্যোতি 'চিত্রং দেবেতি' মন্ত্রদ্বারা প্রস্ফুটিত করিবেন ॥ ২৮১ ॥

———

অগ্নির্জ্যোতীতিমন্ত্রেণ জ্ঞাত্বা দৃষ্টিং প্রকল্পয়েৎ।
দৃষ্টিভেদাংস্তু সকলান্ বর্ণয়িষ্যে তবোপরি ॥২৮২॥

অনুবাদ—'অগ্নির্জ্যোতি' এইমন্ত্র দ্বারা দৃষ্টিভেদ জানিয়া সৌম্য দৃষ্টি সম্পাদন করিবেন, তোমার নিকট সর্ব্ববিধ দৃষ্টিভেদ বর্ণনা করিব ॥ ২৮২ ॥

———

তথা চ তত্রৈব লেপ্যার্চাস্থাপন প্রসঙ্গে—

চিত্রং দেবেতি-মন্ত্রেণ সৌম্যাং দৃষ্টিং তু কারয়েৎ ॥ ২৮৩ ॥

অনুবাদ—সেইরূপ উক্ত গ্রন্থে মৃন্ময়ী মূর্ত্তি স্থাপন প্রসঙ্গে—'চিত্রং দেবেতি' মন্ত্রদ্বারা সৌম্য দৃষ্টি সম্পাদন করাইবে ॥ ২৮৩ ॥

———

দৃষ্টয়ো বহুধা নাট্যশাস্ত্রেষু পরিকীর্ত্তিতাঃ।
কিং ত্বত্রোদ্দেশতো বক্ষ্যে দৃষ্টীনাং লক্ষণং দ্বিজ ॥২৮৪

অনুবাদ—হে দ্বিজ! নাট্যশাস্ত্রসমূহে বহুবিধ

দৃষ্টি উল্লিখিত আছে। কিন্তু এস্থলে দৃষ্টি সমূহের লক্ষণ উল্লেখ মাত্র করিব ॥ ২৮৪ ॥

হসিতা ঘূর্ণিতা ক্ষিপ্তা তথান্তর্বেদনাতুরা।
বিদ্বিষ্টা লজ্জিতা ক্রূরা প্রসন্না মদনাতুরা ॥ ২৮৫ ॥
লজ্জিতা কম্পিতা তৃপ্তা দীনান্তর্নিহিতা তথা।
বিশালান্তরবিক্ষিপ্তা ঊর্ধ্বক্ষিপ্তা সুবর্ণিতা ॥ ২৮৬ ॥
পার্শ্বাবলোকনী চাধঃক্ষিপ্তা নাসাগ্রগোচরা।
সমাবলোকিনী ক্রান্তা যোগদৃষ্টিস্তথা শুভা। ২৮৭॥
বীভৎসা করুণালোকা ঈষৎক্ষিপ্তা চ কেকরা।
বিভ্রান্তা লুলিতা চান্তঃকোপহর্ষসমন্বিতা।
এবং জ্ঞাত্বা দৃষ্টিভেদান্ প্রতিমাসু প্রয়োজয়েৎ ॥ইতি ॥ ২৮৮ ॥

অনুবাদ—হসিতা, ঘূর্ণিতা, ক্ষিপ্তা, অন্তর্বেদনাতুরা, বিদ্বিষ্টা, লজ্জিতা, ক্রূরা, প্রসন্না, মদনাতুরা, লজ্জিতা, কম্পিতা, তৃপ্তা, দীনা, অন্তর্নিহিতা, বিশালা, অন্তর বিক্ষিপ্তা, উর্দ্ধক্ষিপ্তা, সুবর্ণি, পার্শ্বাবলোকিনী, অধঃ-ক্ষিপ্তা, নাসাগ্রগোচরা, সমাবলোকিনী, ক্রান্তা, যোগ-দৃষ্টি, শুভা, বীভৎসা, করুণালোকা, ঈষৎ ক্ষিপ্তা, কেকরা, বিভ্রান্তা, লুলিতা, অন্তঃকোপ, হর্ষ সমন্বিতা —এইরূপ দৃষ্টিভেদ সমূহ জানিয়া প্রতিমা সমূহে যোজনা করিবে ॥ ২৮৫-২৮৮ ॥

টীকা—হসিত-ঘূর্ণিতাদীনামবলোকনভেদেনেষদ-ন্তরভেদঃ কল্পয়িতব্যঃ ॥ ২৮৫ ॥

অথ নেত্রাভ্যঞ্জনম্

তত্রৈব—

ততঃ শুক্লানি পুষ্পাণি ঘৃতসিদ্ধার্থকং তথা।
দূর্ব্বাং কুশাগ্রং দেবস্য দদ্যাচ্ছিরসি দেশিকঃ।
পঠন্ রক্ষোহণং সর্ব্বমন্ত্রমাথর্ব্বণং তথা ॥ ২৮৯ ॥
রৌপ্যং ভাজনমাদায় মধুরত্রয়সংযুতম্।
মধুবাতেতি মন্ত্রেণ মন্ত্রয়িত্বাষ্টধা পুনঃ ॥ ২৯০ ॥
শলাকয়া সুবর্ণস্য নেত্রে চাভ্যঞ্জয়েদ্ গুরুঃ।
হিরণ্যগর্ভমন্ত্রেণ ইমং মে ইতি কীর্ত্তয়েৎ ॥ ২৯১ ॥

অনুবাদ—অনন্তর নেত্রাভ্যঞ্জন, উক্ত শাস্ত্রে—তৎ-পরে শ্বেতপুষ্প সমূহ, ঘৃত, শ্বেতসর্ষপ, দূর্ব্বা, কুশাগ্র আচার্য্য প্রতিমার মস্তকে দিবেন এবং রাক্ষস নিবারণ মন্ত্রসমূহ ও আথর্ব্বণ মন্ত্রসমূহ পাঠ পূর্ব্বক ঘৃত, মধু, শর্করাযুক্ত রৌপ্য পাত্রে মধুবাতেতি মন্ত্রদ্বারা আটবার অভিমন্ত্রিত করিয়া সুবর্ণ শলাকাদ্বারা শ্রীগুরুদেব নয়নদ্বয়ে অঞ্জন দিবেন এবং 'হিরণ্য-গর্ভ' মন্ত্রপাঠ করিয়া 'ইমং মে' ইহা কীর্ত্তন করিবেন ॥ ২৮৯-২৯১ ॥

অথার্ঘ্যার্পণাদি

সমর্প্য চার্ঘ্যং দেবায় যা দিব্যা আপ ইত্যতঃ।
ইন্দ্রাদিভ্যো বলিং দদ্যাৎ সিদ্ধার্থঘৃতপায়সৈঃ ॥২৯২॥

অনুবাদ—অনন্তর অর্ঘ্য অর্পণাদি—'যা দিব্যা আপ' এইমন্ত্রে ইষ্টদেবকে অর্ঘ্য সমর্পণ করিয়া সিদ্ধার্থ ঘৃত, পায়স ইন্দ্রাদি দেববৃন্দকে উপহার দিবেন ॥ ২৯২ ॥

তত্র অর্ঘ্যদ্রব্যাণি

মাৎস্যে—

দধ্যক্ষতকুশাগ্রাণি ক্ষীরং দূর্ব্বাং তথা মধু।
যবাঃ সিদ্ধার্থকাস্তদ্বদষ্টাঙ্গোঽর্ঘ্যং ফলৈঃ সহঃ ॥ ইতি ॥ ২৯৩ ॥

অনুবাদ—উক্ত অর্ঘ্য দ্রব্যসমূহ, মৎস্যপুরাণে—দধি, অক্ষত, কুশাগ্র, ক্ষীর, দূর্ব্বা, মধু, যব, সিদ্ধার্থ ফল সহ ঐ অষ্টদ্রব্য অষ্টাঙ্গ অর্ঘ্য নামে প্রসিদ্ধ ॥ ২৯৩ ॥

টীকা—অক্ষতাশ্চাত্র খণ্ডতণ্ডুলাঃ, ভবিষ্যোক্তার্ঘ্য-দ্রব্যাণি চ পূর্ব্বং নিত্যপূজায়ামর্ঘ্যপ্রসঙ্গে লিখিতানি সন্তি। ভবিষ্য-হয়শীর্ষোক্তার্ঘ্যদ্রব্যভেদশ্চ ফলাদিভেদং কল্পয়িত্বা সোঢ়ব্যঃ, এবমন্যত্রাপি ॥ ২৯৩ ॥

অথ মাঙ্গল্যাচরণামঙ্গলনিবারণঞ্চ

দেবং পুষ্পৈরলঙ্কৃত্য ধূপয়িত্বা প্রণম্য চ।
পরিধাপ্য চ বস্ত্রে দ্বে ব্রাহ্মণান্ স্বস্তি বাচয়েৎ ॥ ২৯৪

অনুবাদ—অনন্তর মঙ্গলাচরণ ও অমঙ্গল নিবারণ

—শ্রীবিগ্রহকে পুষ্পসমূহ দ্বারা অলঙ্কৃত করিয়া ধূপ-দান ও প্রণাম করিয়া বস্ত্রদ্বয় পরিধান করাইয়া ব্রাহ্মণগণকে স্বস্তিবাচন করিতে আদেশ দিবেন ॥২৯৪

ততো্যোঽথ দক্ষিণাং দত্ত্বা হোমাচার্য্যায় গামপি ।
আবাহ্য মন্ত্রয়েদ্দেবং নমো ভগবতে ইতি ॥ ২৯৫ ॥

অনুবাদ—ব্রাহ্মণগণকে দক্ষিণা দিয়া হোমাচার্য্যকে গাভীদান করিয়া ইষ্টদেবকে আবাহন পূর্ব্বক মন্ত্র উচ্চারণ করিবেন—'নমো ভগবতে' ইতি ॥ ২৯৫ ॥

বিলিখন্ কাঞ্চনেনাথ শ্রীমূর্ত্তিং মঙ্গলানি তু ।
কারয়েদ্ গীতবাদ্যাদীন্যমাঙ্গল্যঞ্চ বারয়েৎ ॥ ২৯৬॥

অনুবাদ—উক্ত মন্ত্র পাঠকালে শ্রীমূর্ত্তিকে স্বর্ণ-খড়িকা দ্বারা অঞ্জন পরাইবে, গীত বাদ্যাদি দ্বারা মঙ্গলাচরণ করাইবে এবং অমঙ্গল নিবারণ করিবে ॥ ২৯৬ ॥

তথা চ ভবিষ্যে—

অর্ঘ্যং দত্ত্বা নমস্কৃত্য অর্চ্চয়িত্বা যথাক্রমম্ ।
দত্ত্বা সগুগ্গুলুং ধূপং দেবদেবস্য ধীমতঃ ।
প্রচ্ছাদ্য বস্ত্রযুগ্মেন ততঃ কার্য্যং তু লক্ষণম্ ॥ ২৯৭॥

অনুবাদ—ঐরূপ ভবিষ্যপুরাণে উক্ত হইয়াছে—অর্ঘ্যদান, প্রণাম ও অর্চ্চন যথাক্রমে সম্পাদন করিয়া ভগবৎপ্রিয় গুগ্গুল সহ ধূপদান করিয়া বস্ত্রদ্বয় দ্বারা সম্মুখভাগ আচ্ছাদন পূর্ব্বক নয়নদ্বয়ে অঞ্জন ও শ্রীবৎস চিহ্নাদি অঙ্কন করিবেন ॥ ২৯৭ ॥

টীকা—লক্ষণং কাঞ্চনেন লিখনাদি, তচ্চ শ্রীবৎস-লক্ষণাদি ॥ ২৯৭ ॥

মাৎস্যে—

সর্ব্বতস্তু বলিং দত্ত্বা সিদ্ধার্থঘৃতপায়সম্ ।
শুক্লপুষ্পৈরলঙ্কৃতং ঘৃতগুগ্গুলুধূপিতম্ ।
বিপ্রেণ বাচনং কুর্য্যাৎ দত্ত্বা শক্ত্যা চ দক্ষিণাম্ ॥২৯৮
গামেকাং কনকং তদ্বৎ স্থাপকায় নিবেদয়েৎ ।
লক্ষণং কারয়েদ্ভক্ত্যা মন্ত্রেণানেন বৈ দ্বিজঃ ॥ ২৯৯॥

অনুবাদ—মৎস্যপুরাণে—চতুর্দ্দিকে পরিকর দেব-গণকে উপহার সিদ্ধার্থ, ঘৃত-পায়স দান করিয়া শুক্ল পুষ্পদ্বারা শ্রীমূর্ত্তিকে অলঙ্কৃত ও ঘৃত, গুগ্গুল ধূপদান পূর্ব্বক ব্রাহ্মণগণ দ্বারা স্বস্তিবাচন করাইয়া তাহা-দিগকে যথাশক্তি দক্ষিণাদানান্তে স্থাপক আচার্য্যকে একটি স্বর্ণ ভূষিত গোদান করিবে। ব্রাহ্মণ ভক্তিসহ মন্ত্রপাঠ করিতে করিতে অঞ্জন দানাদি ও শ্রীবৎস চিহ্নাদি ভগবৎ লক্ষণ প্রকাশ করিবেন ॥ ২৯৯ ॥

তত্র মন্ত্রঃ

ওঁ নমো ভগবতে তুভ্যং শিবায় হরয়ে নমঃ ।
হিরণ্যরেতসে বিষ্ণো বিষ্ণুরূপায় তে নমঃ ॥ ৩০০॥

অনুবাদ—অঞ্জন দান মন্ত্র—হে বিষ্ণো ! ভগবান্ তোমাকে প্রণাম, মঙ্গলময় শ্রীহরি তোমাকে প্রণাম, হিরণ্যরেতা বিষ্ণুরূপ তোমাকে প্রণাম ॥ ৩০০ ॥

মন্ত্রোঽয়ং সর্ব্বদেবানাং নেত্রজ্যোতিঃস্বপি স্মৃতঃ ।
এবমামন্ত্র দেবেশং কাঞ্চনেন বিলেখয়েৎ ॥ ৩০১ ॥

অনুবাদ—এইমন্ত্র দেবগণের নেত্রজ্যোতি প্রকাশেও প্রযোজ্য। এইমন্ত্র পাঠ করিয়া শ্রীভগবান্‌কে স্বর্ণ খড়িকা দ্বারা অঞ্জনাদি পরাইবে ॥ ৩০১ ॥

মঙ্গলানি নিবেদ্যানি ব্রহ্মঘোষঞ্চ গীতকম্ ।
ঋদ্ধ্যর্থং কারয়েদ্বিদ্বানমাঙ্গল্যনিবারণম্ ॥ ৩০২ ॥

অনুবাদ—বিদ্বান্ ব্যক্তি মঙ্গল স্তবপাঠ, বেদধ্বনি ও গীত করাইবে মঙ্গল বৃদ্ধি ও অমঙ্গল নিবারণের জন্য ॥ ৩০২ ॥

অথ পুনর্বিশেষতঃ স্নপনম্

হস্তমাত্রমিতে ভদ্রপীঠে ক্ষীরিতরূদ্ভবে ।
বিন্যস্য স্নাপয়েদ্দেবং পঞ্চগব্যাদিভিস্ততঃ ॥ ৩০৩ ॥

অনুবাদ—অনন্তর পুনরায় বিশেষ স্নপন—উড়ু-ম্বর প্রভৃতি ক্ষীরি বৃক্ষের কাষ্ঠ নির্ম্মিত হস্ত পরিমিত

ভদ্রপীড়িতে স্থাপন করিয়া শ্রীভগবান্‌কে পঞ্চগব্যাদি বিশেষ স্নান করাইবে ॥ ৩০৩ ॥

টীকা—ক্ষীরিতরবঃ ক্ষীরযুক্তবৃক্ষা উড়ুম্বরাদয়স্ত-দুস্তবে ॥ ৩০৩ ॥

মাৎস্যে—

গজাশ্বরথ্যাবল্মীকবরাহোৎখাতমণ্ডলাৎ ।
অগ্ন্যাগারাত্তথা তীর্থাদ্ হ্রদাদ্গোমণ্ডলাদপি ।
কুম্ভেষু মৃত্তিকাং দদ্যাদুদ্ধৃতাসীতি মন্ত্রবিৎ ॥ ৩০৪ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—হস্তিশালার মৃত্তিকা, অশ্ব-শালার মৃত্তিকা, চৌরাস্তা মৃত্তিকা, উইচিপি, বরাহোৎ-খাত মৃত্তিকা, হোমগৃহ মৃত্তিকা, তীর্থ-হ্রদ-গোশালাদির মৃত্তিকা পূর্ণ কুম্ভে রাখিয়া মন্ত্রবিৎ 'উদ্ধৃতাসি' মন্ত্রপাঠ সহ স্নান করাইবেন ॥ ৩০৪ ॥

শন্নো দেবীত্যপাং মন্ত্র আপো হিষ্ঠেতি যা ঋচঃ ।
সাবিত্র্যাদায় গোমূত্রং গন্ধদ্বারেতি গোময়ম্ ॥ ৩০৫ ॥
আপ্যায়স্বেতি চ ক্ষীরং দধিক্রাব্ণেতি বৈ দধি ।
তেজোঽসীতি ঘৃতং তদ্বদ্দেবস্য ত্বেতি চোদকম্ ।
কুশমিশ্রং জপেদ্বিদ্বান্ পঞ্চগব্যং ভবেত্ততঃ ॥ ৩০৬ ॥

অনুবাদ—তৎপরে 'শন্নো দেবী' মন্ত্রে ও 'আপো হিষ্ঠা' এই ঋক্‌বেদীয় মন্ত্রে শুদ্ধ জল দ্বারা, সাবিত্রী উচ্চারণ পূর্ব্বক গোমূত্রদ্বারা, 'গন্ধদ্বারা' মন্ত্রে গোময়-জল দ্বারা, 'আপ্যায়স্ব' মন্ত্রে দুগ্ধদ্বারা, দধিক্রাব্ণেতি মন্ত্রে দধিদ্বারা, তেজোঽসীতি মন্ত্রে ঘৃতদ্বারা, দেবস্যত্বা মন্ত্রে কুশজল দ্বারা ইহাদের মিশ্রণে পঞ্চগব্য হয় ॥ ৩০৫-৩০৬ ॥

টীকা—মন্ত্রবিদিত্যুক্তম্ ; তন্মন্ত্রানেবাভিব্যঞ্জয়তি—শন্ন ইতি । অপাং মন্ত্রো যঃ, যাশ্চ আপো হিষ্ঠে-ত্যৃচঃ, ত এব স্নানে মন্ত্রা ইত্যর্থঃ । অত্র পঞ্চগব্য-পঞ্চকষায়েণেত্যাদি-পূর্ব্বলিখিত-মাৎসাবচনাৎ পঞ্চ-গব্যাদিভিশ্চতুর্ভিঃ সমুদ্রজ্যেষ্ঠা ইত্যাদি মন্ত্রচতুষ্টয়েন যথাক্রমং পূর্ব্ববদাদৌ স্নপনমিতি কেষাঞ্চিৎ সতাং মতম্ । অন্যানপি দর্শয়তি—সাবিত্র্যাদিনা ॥ ৩০৪-৩০৫ ॥

টীকা—কুশমিশ্রমুদকং চ দেবস্য ত্বেতি জপেদভি-মন্ত্রয়েৎ ॥ ৩০৬ ॥

স্নাপ্যাথ পঞ্চগব্যেন দধ্না শুদ্ধেন বৈ ততঃ ।
দধিক্রাব্ণেতি মন্ত্রেণ কর্ত্তব্যমভিমন্ত্রণম্ ॥ ৩০৭ ॥

অনুবাদ—পঞ্চগব্য স্নানের পর পঞ্চামৃতে স্নান—কেবল দধিদ্বারা দধিক্রাব্ণেতি মন্ত্রে দধি অভিমন্ত্রিত করিবে ॥ ৩০৭ ॥

টীকা—অথ জপানন্তরং, পঞ্চগব্যেন স্নাপয়িত্বা পঞ্চামৃতস্নপনমাহ—দধ্নেত্যাদি ॥ ৩০৭ ॥

আপ্যায়স্বেতি পয়সা তেজোঽসীতি ঘৃতেন চ ।
মধুবাতেতি মধুনা ততঃ পুষ্পোদকেন চ ।
'সরস্বত্যৈ ভৈষজ্যেন' কার্য্যং তস্যাভিমন্ত্রণম্ ॥৩০৮॥

অনুবাদ—'আপ্যায়স্ব' মন্ত্রে দুগ্ধদ্বারা, 'তেজোসীতি' মন্ত্রে ঘৃতদ্বারা, 'মধুবাতেতি' মন্ত্রে মধুদ্বারা, 'অপাংরস' মন্ত্রে শর্করা দ্বারা, 'সরস্বত্যৈ ভৈষজ্যেন' মন্ত্রে পুষ্পজল দ্বারা শ্রীভগবানের অভিষেক কর্ত্তব্য ॥ ৩০৮ ॥

টীকা—অত্র চ শর্করাস্থানে পুষ্পোদকং জ্ঞেয়ম্ । তত্র সরস্বত্যৈ ভৈষজ্যেনেতি মন্ত্রঃ । এবং সর্ব্বত্রোহ্যম্ ॥ ৩০৮ ॥

হিরণ্যাক্ষেতি মন্ত্রেণ স্নাপয়েদ্রত্নবারিণা ।
কুশাম্ভসা ততঃ স্নানং দেবস্য ত্বেতি কারয়েৎ ॥৩০৯

অনুবাদ—হিরণ্যাক্ষ মন্ত্রে রত্নজল দ্বারা স্নান করাইবে, দেবস্যত্বা মন্ত্রে কুশ জল দ্বারা ভগবানের অভিষেক করাইবে ॥ ৩০৯ ॥

ফলোদকেন চ স্নানমগ্ন আয়াহি কারয়েৎ ।
ততস্তু গন্ধতোয়েন সাবিত্র্যা চাভিমন্ত্রয়েৎ ॥৩১০॥

অনুবাদ—অগ্ন আয়াহি মন্ত্রে ফল ও জল দ্বারা, সাবিত্রী মন্ত্রে চন্দন সুবাসিত জল দ্বারা অভিষেক করিবে ॥ ৩১০ ॥

তত্তো ঘটসহস্রেণ সহস্রার্দ্ধেন বা পুনঃ।
তস্যাপ্যর্দ্ধেন বা কুর্য্যাদথবাষ্টশতেন বা ॥ ৩১১ ॥
চতুঃষষ্ট্যা তদর্দ্ধেন তদর্দ্ধেনাথবা পুনঃ।
চতুর্ভিরথবা কুর্য্যাদ্‌ঘটানামপি বিত্তবান্ ॥ ৩১২ ॥

অনুবাদ—অনন্তর সহস্র ঘট জল দ্বারা বা তদর্দ্ধ ঘট জল দ্বারা বা তাহারও অর্দ্ধেক ঘট জল দ্বারা, অথবা অষ্টোত্তর শত ঘট জল দ্বারা, অথবা চৌষট্টি ঘট জল দ্বারা অথবা তদর্দ্ধ অথবা তদর্দ্ধ ঘট জল দ্বারা অভিষেক করিবে ॥ ৩১১-৩১২ ॥

টীকা— অষ্টশতেন — অষ্টোত্তরশতেনেত্যর্থঃ। ক্রমেণ সংখ্যানুক্তেঃ ॥ ৩১১ ॥

সৌবর্ণৈ রাজতৈর্বাপি তাম্রৈর্বা রৈতিকোদ্ভবৈঃ।
কাংস্যৈর্বা পার্থিবৈর্বাপি স্নপনং শক্তিতো ভবেৎ ॥৩১৩

অনুবাদ—বিত্তবান্ ব্যক্তি সুবর্ণ কলস জল দ্বারা অথবা রৌপ্য কলস অথবা তাম্র ঘট অথবা পিত্তল ঘট অথবা কাংস্য ঘট অথবা শক্তি অনুসারে মৃন্ময় ঘট জল দ্বারা অভিষেক করিবে ॥ ৩১৩ ॥

টীকা—রৈতিকং—পিত্তলম্ ॥ ৩১৩ ॥

সহদেবী বচা ব্যাঘ্রী বলা চাতিবলা তথা।
শঙ্খপুষ্পী তথা সিংহী অষ্টমী চ সুবর্চলা।
মহৌষধ্যষ্টকং হ্যেতন্মহাস্নানেষু যোজয়েৎ ॥৩১৪॥

অনুবাদ—সহদেবী, বচা, ব্যাঘ্রী, বলা, অতিবলা, শঙ্খ, পুষ্পী, সিংহী ও সুবর্চলা—এই অষ্ট মহৌষধী মহাস্নানে যোজনা করিবেন ॥ ৩১৪ ॥

টীকা—সহদেব্যাদ্যোষধ্যষ্টকং যবাদিব্রীহ্যষ্টকং চ তথা কুম্ভেষু মৃত্তিকাদিকং দদ্যাদিতি পূর্ব্বোক্তগজস্থানাদিমৃত্তিকাষ্টকঞ্চোক্তেষু কুম্ভেষু নিক্ষিপ্য সর্ব্বত্র স্নানে নিয়োজয়েদিত্যর্থঃ। তত্র ব্যাঘ্রী ক্ষুদ্রবার্ত্তাকুঃ, সিংহী কণ্টকারিকা, শাটয়ঃ শালয়ঃ, প্রিয়ঙ্গবঃ কঙ্গবঃ, ব্রীহয়ঃ যষ্টিকাঃ ॥ ৩১৪ ॥

যবগোধূমনীবারতিলশ্যামাকশাটয়ঃ।
প্রিয়ঙ্গবো ব্রীহয়শ্চ স্নানেষু পরিকল্পয়েৎ ॥৩১৫॥

অনুবাদ—যব, গম, উড়ীধান্য, তিল, শ্যামা, শাটি-ধান্য, প্রিয়ঙ্গু, ব্রীহি—এই অষ্টবিধ বীজ মহাস্নানে যোজনা করিবে ॥ ৩১৫ ॥

ভবিষ্যে—

পঞ্চগব্যং দধি ক্ষীরং তথা মধু ঘৃতং নৃপ।
রত্নবারি কুশাম্ভশ্চ ফলগন্ধাদিকং তথা ॥ ৩১৬ ॥
উপস্নানৈঃ কষায়ৈশ্চ দিব্যৌষধিভিরেব চ।
বল্মীকাৎ পর্ব্বতাগ্রাচ্চ সরস্তীর্থাদ্ধ্রদাদ্‌গজাৎ।
অগ্ন্যাগারাত্তু গৃহ্নীয়াদষ্টমীঞ্চ চতুষ্পথাৎ ॥৩১৭॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—হে রাজন্! পঞ্চগব্য, দধি, ক্ষীর, মধু, ঘৃত, রত্নজল, কুশজল, ফলজল, চন্দনজল, উপস্নানে পঞ্চকষায়, দিব্যৌষধি, বল্মীক হইতে, পর্ব্বতাগ্র হইতে, সরোবর তীর্থ হইতে, হ্রদ হইতে, গজস্থান হইতে, যজ্ঞশালা হইতে এবং চৌরাস্তা এই অষ্টস্থান হইতে মৃত্তিকা গ্রহণ করিবেন ॥ ৩১৬-৩১৭ ॥

টীকা—পঞ্চগব্যাদিকং কষায়াদিভিঃ সহ গৃহ্নীয়াদিত্যুত্তরেণান্বয়ঃ। উপস্নানৈঃ স্নানোপযুক্তৈরিত্যর্থঃ, অষ্টমীং মৃত্তিকামিতি শেষঃ ॥ ৩১৬-৩১৭ ॥

উদ্ধৃতাসীতি মন্ত্রেণ মর্দ্দয়েত্তু সমালভেৎ।
উপমানিকেতি প্রথমং মন্ত্রেণানেন লেপয়েৎ ॥৩১৮॥

অনুবাদ—উদ্ধৃতাসি মন্ত্রে মৃত্তিকা সকলকে মর্দ্দন ও মিলন করিয়া উপমানিক মন্ত্রে প্রথমে শ্রীমূর্ত্তির গাত্রে লেপন কর্ত্তব্য ॥ ৩১৮ ॥

টীকা—লেপয়েন্মৃদৈব ॥ ৩১৮ ॥

স্নানমন্ত্রাংস্ততশ্চান্যান্ বক্ষ্যামি তে মহীপতে।
গায়ত্র্যা চৈব গোমূত্রং গন্ধদ্বারেতি গোময়ম্ ॥ ৩১৯ ॥
আপ্যায়স্বেতি চ ক্ষীরং দধিক্রাব্ণেতি বৈ দধি।
তেজোঽসি শুক্রমিত্যাজ্যং দেবস্যত্বা
কুশোদকম্ ॥ ৩২০ ॥

অনুবাদ—হে রাজন্! অন্য স্নানমন্ত্রসমূহ তোমাকে বলিব—গায়ত্রী মন্ত্রে গোমূত্র দ্বারা স্নান, গন্ধ

দ্বারা মন্ত্রে গোময়, আপ্যায়স্ব মন্ত্রে দুগ্ধ, দধিক্রাবেতি মন্ত্রে দধি, তেজোঽসি শুক্রম্ মন্ত্রে ঘৃত, দেবস্যত্বা মন্ত্রে কুশজল ॥ ৩১৯-৩২০ ॥

এভিস্তু পঞ্চভির্মন্ত্রৈঃ প্রথমং স্নাপয়েদ্ধরিম্।
দ্বিতীয়ে দধিক্রাবেতি দধ্না চ স্নানমাচরেৎ ॥ ৩২১ ॥
আপ্যায়স্বেতি মন্ত্রেণ ক্ষীরেণ স্নাপয়েদ্বুধঃ।
তেজোঽসীতি ততঃ পশ্চাদ্ঘৃতেন
স্নানমাচরেৎ ॥ ৩২২ ॥

অনুবাদ—এই পঞ্চমন্ত্র দ্বারা প্রথমে পঞ্চগব্যে শ্রীহরিকে স্নান করাইবে। দ্বিতীয়বারে পঞ্চামৃত স্নান—দধিক্রাবেতি মন্ত্রে দধিদ্বারা, আপ্যায়স্ব মন্ত্রে দুগ্ধদ্বারা স্নান করাইবে। তেজোঽসি মন্ত্রে ঘৃতদ্বারা স্নান করাইবে ॥ ৩২২ ॥

তদন্তে মধুনা স্নানং মধুবাতা ঋতায়তে।
রত্নবারি ততঃ পশ্চাদ্ধিরণ্যাক্ষেতি মন্ত্রয়েৎ ॥ ৩২৩ ॥

অনুবাদ—এপাংরস মন্ত্রে শর্করা দ্বারা, শেষে মধুবাতা ঋতায়তে মন্ত্রে মধু দ্বারা স্নান, তৎপরে হিরণ্যাক্ষেতি মন্ত্রে রত্নজল দ্বারা ॥ ৩২৩ ॥

কুশাম্ভসা ততঃ স্নানং দেবস্য ত্বেতি মন্ত্রয়েৎ।
ফলোদকৈস্ততঃ স্নানং অগ্ন আয়াহি বীতয়ে ॥৩২৪॥
দদ্যাত্তু গন্ধতোয়ানি সাবিত্র্যা ত্বভিমন্ত্রয়েৎ।
কারয়েচ্চ মহাস্নানং ততঃ স্নানাদনন্তরম্ ॥ ৩২৫॥

অনুবাদ—দেবস্যত্বা মন্ত্রে কুশজল দ্বারা, অগ্ন আয়াহি বীতয়ে মন্ত্রে ফল, জল দ্বারা স্নান, সাবিত্রী মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া চন্দন সুবাসিত জল দিবে, এই স্নানের পর মহাস্নান করাইবে ॥ ৩২৪-৩২৫ ॥

কলসানাং সহস্রেণ কুর্য্যাৎ পঞ্চশতেন বা।
অথবা তস্য সার্দ্ধেন তথা চাষ্টশতেন বা ॥ ৩২৬ ॥
চতুঃষষ্ট্যা তদর্দ্ধেন ষোড়শৈরষ্টভিস্তথা।
যথালাভং যথাকালং যথাবিত্তমমায়িনঃ ॥ ৩২৭ ॥
অকালমূলৈঃ কলসৈঃ সুপক্বৈঃ সুদৃঢ়ৈর্নবৈঃ।
রাজতৈস্তাম্রসৌবর্ণৈঃ কাংস্যরৈত্তিকপার্থিবৈঃ ॥৩২৮॥

অনুবাদ—সহস্র কলস দ্বারা বা পঞ্চশত কলস দ্বারা, অথবা তাহার অর্দ্ধ অথবা একশত অষ্ট কলস, অথবা চতুঃষষ্টি, তদর্দ্ধ বত্রিশ, তদর্দ্ধ ষোড়শ বা অষ্ট কলস দ্বারা নিজ বৈভব অনুসারে যথাকালে কালদাগ রহিত স্থাপক সুদৃঢ় নূতন সুবর্ণ, রৌপ্য, তাম্র, কাংস্য, পিত্তল বা মৃন্ময় কলস গঙ্গাজলে পূর্ণ কলস সমূহের দ্বারা অভিষেক করাইবে ॥ ৩২৬-৩২৮ ॥

বলা চাতিবলা চৈব শঙ্খপুষ্পী সুবর্চলা।
সহদেবী চ সিংহী চ বচা ব্যাঘ্রী তথৈব চ।
ওষধীনাং গণেনৈবং স্নাপয়েদ্দেবমচ্যুতম্ ॥
ইতি ॥ ৩২৯ ॥

অনুবাদ—বলা, অতিবলা, শঙ্খ, পুষ্পী, সুবর্চলা, সহদেবী, সিংহী, বচা, ব্যাঘ্রী—ইহারা ওষধিগণ বা সর্ব্বৌষধি দ্বারা শ্রীঅচ্যুতদেবকে স্নান করাইবে ॥৩২৯

অথ বিশেষান্তরম্

তত্রৈব—

ফলোদস্নপনাৎ পশ্চাচ্চূর্ণৈরুদ্বর্ত্ত্য শোভনৈঃ।
স্নাপয়িত্বা কদুষ্ণাভিঃ স্নাপয়েৎ শীতবারিণা ॥৩৩০
চন্দনাদ্যৈর্বিলিপ্যাথ শুক্লমাল্যাম্বরাদিনা।
ভূষয়িত্বোপবীতং চ দন্তকাষ্ঠং তথার্পয়েৎ ॥ ৩৩১ ॥

অনুবাদ—অনন্তর স্নানে বিশেষ প্রভেদ, ভবিষ্য-পুরাণেই—ফল, জল দ্বারা স্নপনের পর দন্তকাষ্ঠ অর্পণ ও সুগন্ধি দ্রব্যযুক্ত যবচূর্ণ দ্বারা শ্রীমূর্ত্তির গাত্র মর্দ্দন করিয়া ঈষৎ উষ্ণ জল দ্বারা স্নান করাইয়া, পরে শীতল জলে স্নান করাইয়া চন্দনাদি লেপন-পূর্ব্বকও শুক্ল পুষ্পমাল্য ও বস্ত্র অলঙ্কারাদি ভূষিত করিয়া উপবীতও প্রদান করিবে ॥ ৩৩০-৩৩১ ॥

টীকা—শোভনৈঃ যবাদিসম্ভবৈঃ সুগন্ধিদ্রব্যযুতৈঃ ॥ ৩৩০ ॥

টীকা—চন্দনেন, আদ্য-শব্দাৎ কুঙ্কুমাদিভিশ্চ মিশ্রিতৈর্বিলিপ্য যজ্ঞোপবীতঞ্চ শুক্লমেবার্পয়েৎ, তথেতি সমুচ্চয়ে ॥ ৩৩১ ॥

ততশ্চ কারয়েৎ স্নানং সুগন্ধিসলিলাদিনা।
ইত্যেবমত্র বিজ্ঞেয়ো বিশেষঃ শিষ্টসম্মতঃ ॥ ৩৩২ ॥

অনুবাদ—অতঃপর সুগন্ধি জলাদি দ্বারা স্নান করাইবে। এইরূপই এস্থলে শিষ্ট সম্মত বিশেষ জানিবে ॥ ৩৩২ ॥

টীকা—ততঃ দন্তকাষ্ঠার্পণাদনন্তরং তু 'দদ্যাত্তু গন্ধতোয়ানি' ইত্যাদিনা ফলোদকস্নানানন্তরং যৎ সুগন্ধি-সলিলাদিনা স্নানমুক্তং তৎ কারয়েদিত্যর্থঃ। সুগন্ধি-সলিলঞ্চ-তগর-মুক্তক-হ্রীবেরাগুরু-তুরুষ্ক-চন্দন-কর্পূর-কুঙ্কুম-মৃগমদৈঃ পরমসুগন্ধিদ্রব্যৈঃ সংস্কৃতং জলম্ ॥ ৩৩২ ॥

তথ চ হয়শীর্ষপঞ্চরাত্রে—

ঘৃতেনাভ্যঞ্জয়েৎ পশ্চাৎ পঠন্ ঘৃতবতীং বুধঃ।
মসূরচূর্ণেনোদ্বর্ত্তেদতো দেবেতি কীর্ত্তয়ন্ ॥ ৩৩৩ ॥

অনুবাদ—ঐরূপ হয়শীর্ষপঞ্চরাত্রে—অভিজ্ঞ ব্যক্তি শ্রীমূর্ত্তির গাত্র ঘৃতদ্বারা 'ঘৃতবতী' মন্ত্র পাঠ করিতে করিতে মর্দ্দন করিবে, মসূর চূর্ণ দ্বারা উদ্বর্ত্তন করিবে 'অতো দেবেতি' মন্ত্র কীর্ত্তন করিতে করিতে ॥৩৩৩॥

টীকা—পশ্চাৎ নেত্রাভ্যঞ্জনাদনন্তরং, 'শলাকয়া সুবর্ণস্য ইত্যাদিশ্লোকস্য ঘৃতেনেত্যাদিপাঠাৎ ॥ ৩৩৩॥

ক্ষালয়েদুষ্ণতোয়েন সপ্ততেঽগ্নেতি দেশিকঃ।
চন্দনেনানুলিপ্যেত দ্রুপদাদিব ইত্যৃচা ॥ ৩৩৪ ॥

অনুবাদ—আচার্য্য উষ্ণজল দ্বারা উদ্বর্ত্তন প্রক্ষালন করিবেন—সপ্ততেঽগ্নেতি মন্ত্রে, দ্রুপদাদ্ ইব এই ঋক্‌মন্ত্রে চন্দনদ্বারা অনুলেপন করিবেন ॥ ৩৩৪ ॥

নাদেয়ৈঃ স্নাপয়েত্তোয়ৈরাপো হিষ্ঠেতি দেশিকঃ।
স্নাপয়েদ্রত্নতোয়েন পাবমানীভিরেব চ ॥ ৩৩৫ ॥

অনুবাদ—আচার্য্য 'আপো হিষ্ঠা' এই মন্ত্রে নদী জল দ্বারা স্নান করাইবেন, রত্নজল দ্বারা স্নান করাই-বেন—পাবমানী মন্ত্রে ॥ ৩৩৫ ॥

সমুদ্রং গচ্ছ মন্ত্রেণ স্নাপয়েচ্চন্দনোদকৈঃ।
নাগকেশরতোয়েন শ্রীশ্চ তেত্যভিষেচয়েৎ ॥ ৩৩৬ ॥

অনুবাদ—চন্দনজলে স্নান করাইবেন সমুদ্রং গচ্ছ মন্ত্রে, নাগকেশর জলদ্বারা অভিষেক করিবেন শ্রীশ্চতে মন্ত্রে ॥ ৩৩৬ ॥

গায়ত্র্যা পদ্মতোয়েন পঞ্চমৃত্তিকয়া ততঃ।
হিরণ্যবর্ণাঃ শুচয়ঃ ইতি মন্ত্রেণ সেচয়েৎ ॥ ৩৩৭ ॥

অনুবাদ—পদ্মজলদ্বারা গায়ত্রী মন্ত্রে, পঞ্চমৃত্তিকা জলদ্বারা অভিষেক করিবেন হিরণ্য বর্ণা শুচয় ইত্যাদি মন্ত্রে ॥ ৩৩৭ ॥

টীকা—পদ্মতোয়েন পদ্মমূলমৃজ্জলেন, এবমন্যত্রাপি পূর্ব্বোক্তানুসারেণোহ্যম্। পঞ্চমৃত্তিকাঃ তীর্থাদি-স্থানপঞ্চকমৃদঃ, তাভিশ্চ হিরণ্যেত্যাদিমন্ত্রেণাভিষে-চয়েৎ। মৃত্তিকয়েত্যেকবচনান্তমার্ষম্ ॥ ৩৩৭ ॥

ইমং মেতি চ মন্ত্রেণ স্নাপয়েৎ সিকতাজলৈঃ।
বল্মীকতোয়েন হরিং তদ্বিষ্ণোরিতি স্নাপয়েৎ ॥৩৩৮

অনুবাদ—নদীবালুকাজলে স্নান করাইবেন ইমংমেতি মন্ত্রে, বল্মীক জলদ্বারা শ্রীহরিকে স্নান করাইবেন তদ্বিষ্ণোঃ এইমন্ত্রে ॥ ৩৩৮ ॥

যা ওষধীতি মন্ত্রেণ স্নানমোষধিমঙ্গলম্।
যজ্ঞযজ্ঞেতি মন্ত্রেণ দদ্যাৎ কাষায়জং জলম্ ॥৩৩৯॥

অনুবাদ—মঙ্গল ওষধি জলদ্বারা স্নান করাইবেন 'যা ওষধীতি মন্ত্রে, পঞ্চকষায় জলে স্নান যজ্ঞযজ্ঞেতি মন্ত্রে ॥ ৩৩৯ ॥

টীকা—ওষধিভির্মঙ্গলং যৎ যৎ স্নানম্ ॥৩৩৯॥

পয়ঃ পৃথিব্যা মন্ত্রেণ পঞ্চগব্যেন স্নাপয়েৎ।
যাঃ ফলিনীরিতি হরিং ফলতোয়েন সেচয়েৎ ॥৩৪০

অনুবাদ—পঞ্চগব্যে স্নান পয়ঃ পৃথিব্যা মন্ত্রে, ফল, জল দ্বারা শ্রীহরির অভিষেক যাঃ ফলিনী মন্ত্রে ॥ ৩৪০ ॥

বিশ্বতশ্চক্ষুরিত্যুক্ত্বোত্তরকুম্ভেন সেচয়েৎ।
মূর্দ্ধানং দিব মন্ত্রেণ কুর্য্যাদুদ্বর্ত্তনং হরে ॥ ৩৪১ ॥

অনুবাদ—উত্তরপার্শ্বস্থিত কুম্ভজলে অভিষেক 'বিশ্বতশ্চক্ষুঃ' এইমন্ত্রে, শ্রীহরির উদ্বর্ত্তন করিবে মূর্দ্ধানং দিব মন্ত্রে ॥ ৩৪১ ॥

ধাত্রীফলং মুরামাংসীযুতং শিরসি স্নাপয়েৎ।
মানস্তোকেতি মন্ত্রেণ ততো গন্ধোদকৈঃ
পুনঃ ॥ ৩৪২ ॥
গন্ধদ্বারেতি মন্ত্রেণ ততঃ স্নপনমাচরেৎ।
একাশীতিপদন্যস্তৈর্ঘটৈর্মলয়ভূষিতৈঃ।
ইদমাপেতি মন্ত্রেণ সর্ব্বৈরেবাভিষেচয়েৎ ॥
ইতি ॥ ৩৪৩ ॥

অনুবাদ--ধাত্রীফল বাটা, জটামাংসী বাটা মস্তকে দিয়া স্নান মানস্তোকেতি মন্ত্রে, তৎপরে সুগন্ধিজলে পুনঃ স্নান গন্ধদ্বারা মন্ত্রে, তৎপরে একাশীতি পদে স্থাপিত ঘটে মলয়চন্দন বাসিত জলে ইদমাপেতি মন্ত্রে সকলে মিলিতভাবে অভিষেক করিবেন ॥৩৪২-৩৪৩

অথবা পঞ্চকাষায়জলাদিস্নপনং সকৃৎ।
কার্য্যমন্যচ্চ সকলং তথা লিখিতমেব তৎ ॥ ৩৪৪॥

অনুবাদ—অথবা পঞ্চকষায় জলাদি দ্বারা একবার স্নপন কর্ত্তব্য, অন্যান্য সকল উল্লিখিত এই গ্রন্থানুসারে ॥ ৩৪৪ ॥

টীকা—পূর্ব্বং শিল্পিপরিতোষণানন্তরং কুশাদ্যাস্তরণে ন্যস্যেত্যাদিনা স্নপনং লিখিতং, পুনশ্চাধুনা বিশেষতঃ স্নপনমেতল্লিখিতমিত্যেবং বারদ্বয়ং স্নপনং কেষাঞ্চিৎ সতাং পদ্ধতিকারাণাং সম্মত্যালেখি। তত্র মাৎস্যে—'ততো লিঙ্গমথার্চ্চাং বা ইত্যাদিনা স্নপনমেকমেবোক্ত্বা তদনন্তরমেব গন্ধবস্ত্রার্পণং, ততশ্চোত্থাপনাদিকমুক্তম্। 'অথাতঃ সংপ্রবক্ষ্যামি দেবস্নপনমুত্তমম্' ইত্যাদিনা চান্তে কেবলস্নপনবিধিবিবেচ্য বিস্তরণে দর্শিতঃ। ভবিষ্যে চ—'আনয়িত্বা তু দেবেশম্' ইত্যাদিনা, 'তথান্তে চ যথা কুর্য্যাত্তচ্চ সংক্ষেপতঃ শৃণু' ইত্যাদিনা চ প্রায়স্তথৈবোক্তম্; এবমেকমেব স্নপনং গম্যতে, তথা ভগবতা শ্রীহয়শীর্ষাপি শিল্পিশালায়াং শুদ্ধতোয়মাত্রস্নপনমুক্ত্বা নেত্রাভ্যঞ্জনাদনন্তরং 'ঘৃতোনাভ্যঞ্জয়েৎ পশ্চাৎ' ইত্যাদিনা স্নপনমেবমেব বিবৃত্যোক্তমিত্যেবমাদিকং প্রক্রিয়াগৌরবঞ্চ বিচার্য্য পূর্ব্বলিখিতং কেষাঞ্চিৎ পদ্ধতিকারাণাং পক্ষং নিরস্যন্নিব পক্ষান্তরং লিখতি—অথবেতি। পঞ্চকষায়পঞ্চগব্যাদিভিঃ স্নপনং যৎ, তৎ সকৃৎ একবারমেব কার্য্যং, ন তু পূর্ব্বস্নপনাভাবেন তদনন্তরলিখিতকৃত্যমপি ন বার্ষম্, অপি তু তৎ সর্ব্বং কর্ত্তব্যমেবেতি লিখতি—অন্যচ্চেতি। তৎ পূর্ব্বলিখিতং শ্রীনেত্রোন্মীলনাদিকম্ ॥৩৪৪

অথ স্নপনমাহাত্ম্যম্

তত্রৈব—

এষ সাধারণঃ প্রোক্তঃ স্নপনস্য বিধির্ময়া।
য এবং বিধিবৎ কুর্য্যাৎ তস্য পুণ্যফলং শৃণু ॥৩৪৫

অনুবাদ—অনন্তর স্নপন মাহাত্ম্য, উক্ত গ্রন্থে—এই সাধারণ ভাবে অভিষেক বিধি আমি বলিলাম। যে মানব এইরূপ শাস্ত্রবিধি অনুসারে শ্রীভগবৎ অভিষেক করিবে, তাহার পুণ্যফল শ্রবণ কর ॥ ৩৪৫ ॥

যাবন্তি জলবিন্দূনি মম গাত্রে নিবেশয়েৎ।
তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ॥ ৩৪৬ ॥

অনুবাদ—যে পরিমিত জলবিন্দুসমূহ আমার শরীরে নিবিষ্ট হয়, তত সহস্র বৎসর ঐ ব্যক্তি স্বর্গলোকে বিরাজ করে ॥ ৩৪৬ ॥

টীকা—স্বর্গলোকে মহীয়তে ইতি বৈকুণ্ঠলোকং গচ্ছন্ পথি ইন্দ্রাদিভির্ভক্ত্যা বিশ্রময্য চিরমভ্যর্চ্চ্যতে ইত্যর্থঃ ॥ ৩৪৬ ॥

অথ শ্রীমূর্ত্ত্যুত্থাপনম্

ততশ্চ বিধিবদ্বিদ্বান্ সম্পূজ্য বাহনাদিভিঃ।
ঔত্থাপনিকমন্ত্রেণ দেবমুত্থাপয়েচ্ছনৈঃ ॥ ৩৪৭ ॥

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তি উত্থাপন—বিদ্বান্ ব্যক্তি অনন্তর বিধিবৎ বাহনাদি সহ প্রভুকে পূজা করিয়া ঔত্থাপনিক মন্ত্রপাঠ দ্বারা ধীরে ধীরে প্রভুকে উত্থাপন করিবেন ॥ ৩৪৭ ॥

টীকা—ঔত্থাপনিকেন উত্থাপন সম্বন্ধিনা মন্ত্রেণ, এবমগ্রেহপি ॥ ৩৪৭ ॥

মাৎস্যে—

এবং স্নাপ্য ততো দেবং পূজ্য গন্ধানুলেপনৈঃ।
প্রচ্ছাদ্য বস্ত্রযুগ্মেন অভিবস্ত্রেত্যুদাহরন্।
উত্থাপয়েত্ততো দেবমুত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে ॥ ৩৪৮ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—এইভাবে শ্রীবিগ্রহকে স্নান করাইয়া তৎপরে সুগন্ধ অনুলেপনাদি পূজা করিয়া বস্ত্রদ্বয় দ্বারা আচ্ছাদনপূর্ব্বক অভিবস্ত্র ইত্যাদি মন্ত্র উচ্চারণ পূর্ব্বক 'উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে' এইমন্ত্রে উত্থাপিত করিবেন ॥ ৩৪৮ ॥

ভবিষ্যে হয়শীর্ষে চ—

আবাহয়েত্ততো বিষ্ণুং শুক্লস্ফটিকসন্নিভম্।
এহ্যেহি ভগবন্ বিষ্ণো লোকানুগ্রহকারক।
যজ্ঞভাগং গৃহাণেমং বাসুদেব নমো নমঃ ॥ ৩৪৯ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে ও হয়শীর্ষ পঞ্চরাত্রে—তৎপরে বিষ্ণুকে আবাহন করিবেন, শুক্ল স্ফটিক সদৃশ। হে ভগবন্ বিষ্ণো! আসুন আসুন, হে লোকানুগ্রহকারক। এই যজ্ঞভাগ গ্রহণ করুন, হে বাসুদেব! আপনাকে পুনঃ পুনঃ প্রণাম ॥ ৩৪৯ ॥

অনেনাবাহ্য দেবেশং কুর্য্যাৎ কৌতুকমোচনম্।
মুঞ্চামিত্বেতি মন্ত্রেণ দেশিকস্যাপি মোচয়েৎ ॥৩৫০॥

অনুবাদ—এইমন্ত্রে দেবেশ্বরকে আবাহনপূর্ব্বক 'মুঞ্চামিত্বা' এইমন্ত্রে কৌতক বন্ধন মোচন করিবেন এবং আচার্য্যের রক্ষা মোচন করিবেন ॥ ৩৫০ ॥

টীকা—স্নপনানন্তরমুত্থাপনপূর্ব্বকৃত্যমাহ—আবাহ্যেত্যাদিনা উচ্চরেদিত্যন্তেন। সর্ব্বং স্পষ্টার্থমেব ॥ ৩৫০ ॥

হিরণ্ময়েতি মন্ত্রেণ অর্ঘ্যং দেবায় দাপয়েৎ।
অতো দেবেতি-সূক্তেন পাদ্যং কৃষ্ণায় মন্ত্রিতম্।
মধুবাতেতি মন্ত্রেণ মধুপর্কং নিবেদয়েৎ ॥ ৩৫১ ॥

অনুবাদ—হিরন্ময় এইমন্ত্রে শ্রীবিগ্রহকে অর্ঘ্যদান, অতো দেব এইমন্ত্রে শ্রীকৃষ্ণকে পাদ্য দান, মধুবাতা এইমন্ত্রে মধুপর্ক নিবেদন করিবেন ॥ ৩৫১ ॥

ময়ি গৃহ্ণামীতি মন্ত্রেণ দদ্যাদাচমনং বুধঃ।
অক্ষন্নমীমদন্তেতি কিরেদ্দূর্ব্বাক্ষতং বুধঃ ॥ ৩৫২॥

অনুবাদ—ময়ি গৃহ্ণামীতি মন্ত্রে আচমন দান, অক্ষন্নমীমদন্তেতি মন্ত্রে দূর্ব্বা ও অক্ষত অভিজ্ঞ ব্যক্তি বিকিরন্ করিবেন ॥ ৩৫২ ॥

নির্মঞ্ছনং ততঃ কুর্য্যাৎ কাণ্ডেতি দেশিকঃ।
গন্ধং গন্ধবতীত্যেবমুন্নয়ামীতি মাল্যকম্ ॥ ৩৫৩ ॥

অনুবাদ—আচার্য্য কাণ্ডাৎ কাণ্ডেতি মন্ত্রে নির্মঞ্জন আবৃতি করিবেন। গন্ধবতী মন্ত্রে গন্ধচন্দন, উন্নয়ামিতি মন্ত্রে মাল্য দান ॥ ৩৫৩ ॥

ইদং বিষ্ণুরিতি-মন্ত্রেণ দদ্যাদ্যজ্ঞোপবীতকম্।
বৃহস্পতেতি-মন্ত্রেণ বস্ত্রযুগ্মং প্রদাপয়েৎ ॥ ৩৫৪ ॥

অনুবাদ—ইদং বিষ্ণু এইমন্ত্রে যজ্ঞোপবীত দান করিবেন, বৃহস্পতেতি মন্ত্রে বস্ত্রদ্বয় প্রদান করিবেন ॥ ৩৫৪ ॥

বেদাহমেকং পুরুষমুত্তরীয়ং নিবেদয়েৎ।
সকলীকরণং কুর্য্যাৎ পঠন্ ব্রতমহাব্রতম্ ॥ ৩৫৫ ॥

অনুবাদ—বেদাহমেকং পুরুষং উত্তরীয় নিবেদন, ব্রত মহাব্রতং মন্ত্রে সকলীকরণ করিবেন ॥ ৩৫৫ ॥

ওষধয়ঃ সংবদন্তে সপুষ্পকরণং ততঃ।
ধূরসীতি পঠন্ ভক্ত্যা ধূপং দদ্যাৎ
সগুগ্গুলম্ ॥ ৩৫৬ ॥

অনুবাদ—ওষধয়ঃ সংবদন্তে মন্ত্রে পুষ্পদান, অনন্তর ধূরসীতি মন্ত্রে ভক্তিসহ গুগ্গুল সহ ধূপ দান করিবেন ॥ ৩৫৬ ॥

বিভ্রাড়িতি চ সূক্তেন অঞ্জনং তু প্রদাপয়েৎ।
যুঞ্জন্তীতি চ মন্ত্রেণ রোচনাতিলকং তথা ॥ ৩৫৭ ॥
দদ্যাৎ পুষ্পাণি মাল্যানি দীর্ঘায়ুষ্টেতি মন্ত্রবিৎ।
ইন্দ্রচ্ছত্রেতি মন্ত্রেণ শ্বেতং ছত্রং প্রদাপয়েৎ ॥ ৩৫৮ ॥

অনুবাদ—বিভ্রাড়িতি মন্ত্রে অঞ্জন প্রদান, যুঞ্জন্তীতি মন্ত্রে গো-রোচনা তিলক, মন্ত্রবিৎ দীর্ঘায়ুষ্টেতি মন্ত্রে পুষ্পমাল্য দান, ইন্দ্রচ্ছত্রেতি মন্ত্রে শ্বেতছত্র প্রদান ॥ ৩৫৭-৩৫৮ ॥

আদর্শং তু বিরাজেন বিকর্ণেন তু চামরম্।
রথান্তরেণাভরণং ব্যজনং বায়ুদৈবতৈঃ ॥ ৩৫৯ ॥
মুঞ্চামি ত্বেতি সূক্তেন পুষ্পমালার্চ্চনং ততঃ।
ততঃ স্তুবীত গোবিন্দং মন্ত্রৈর্বেদাদিভির্বিভুম্ ॥৩৬০॥

অনুবাদ—বিরাজেন মন্ত্রে আয়না, বিকর্ণেন মন্ত্রে চামর, রথান্তরেণ মন্ত্রে অলঙ্কার, বায়ুদৈবতৈ মন্ত্রে ব্যজন, মুঞ্চামি ত্বেতি সূক্তে পুষ্প মাল্যার্চ্চন, অনন্তর বেদাদি মন্ত্র সমূহদ্বারা বিভু শ্রীগোবিন্দকে স্তব করিবে ॥ ৩৫৯-৩৬০ ॥

তথা পুরুষসূক্তেন বৃহৎসাম্না সুরোত্তম।
শশিকর্ণীতি নবভিঃ সূক্তৈঃ সুরগণার্চিতম্ ॥ ৩৬১ ॥

অনুবাদ—হে সুরোত্তম! পুরুষসূক্তে ও বৃহৎ সাম দ্বারা, শশী কর্ণীতি নয়টি সূক্ত দ্বারা দেবগণার্চ্চিত গোবিন্দকে স্তব করিবে ॥ ৩৬১ ॥

শান্তাতীয়েন চ স্তুয়াদ্‌গুহ্যোপনিষদৈস্তথা।
সর্ব্বমেতৎ সমং কুর্য্যাৎ পিণ্ডিকায়ামপি দ্বিজ ॥৩৬২

অনুবাদ—শান্তাতীয় এবং গুহ্য উপনিষদ দ্বারা স্তব করিবেন। হে দ্বিজ! এই সকল অনুষ্ঠান পিণ্ডিকাতেও সমভাবে করিবেন ॥ ৩৬২ ॥

টীকা—পিণ্ডিকায়ামপীতি চ যথা ভগবন্মূর্ত্তে স্নপনাবাহনাদিকং কুর্য্যাত্তথা পিণ্ডিকায়া অপি স্নপনাবাহনাদিকং কুর্য্যাদিত্যর্থঃ। এতচ্চাগ্রে পিণ্ডিকাশোধনে লেখ্যমেব, উত্থাপনং চ উত্তিষ্ঠেতি সমুত্থাপ্যেত্যগ্রে লেখ্যবাক্যাদুদ্দিষ্টমেব। তচ্চৈকপাদমাত্রত্বাদত্র ন লিখিতম্ ॥ ৩৬২ ॥

দেবস্যোত্থানসময়ে সৌপর্ণং সর্ব্বমুচ্চরেৎ ॥ ৩৬৩ ॥

অনুবাদ—শ্রীবিগ্রহের উত্থান সময়ে গরুড়ের নাম সকল উচ্চারণ করিবে ॥ ৩৬৩ ॥

অথ অধিবাসমণ্ডপে প্রবেশঃ

মহতানেকবাদ্যেন পতাকাদিবিভূষিতম্।
যানমারোহয়েদ্দেবমারোহণিক-মন্ত্রতঃ ॥ ৩৬৪ ॥

অনুবাদ—অনন্তর অধিবাস মণ্ডপে প্রবেশ—মহানন্দে বহুবিধ বাদ্যসহ পতাকাদি বিভূষিত যানে আরোহণিক মন্ত্র পাঠ সহ শ্রীবিগ্রহকে আরোহণ করাইবেন ॥ ৩৬৪ ॥

আনীয় তোরণাভ্যাসমধিবাসনমণ্ডপম্।
প্রাবেশনিকমন্ত্রেণ সুখং দেবং প্রবেশয়েৎ ॥ ৩৬৫ ॥

অনুবাদ—অধিবাস মণ্ডপের তোরণদ্বারের নিকটে আনিয়া প্রবেশনমন্ত্র পাঠসহ শ্রীবিগ্রহকে সুখে প্রবেশ করাইবেন ॥ ৩৬৫ ॥

টীকা—পশ্চিমদ্বারেণ দেবং প্রবেশয়েদিতি সতাং মতম্, পিণ্ডিকামপি শ্রীমূর্ত্ত্যাসহ রথমারোপ্যাধিবাসনমণ্ডপং প্রবেশয়েদিতি, 'তথাবিধে পরে স্থানে' ইত্যাদিশ্রীহয়শীর্ষোক্তেঃ। অগ্রে পিণ্ডিকাশোধনে লেখ্যানুসারেণ দ্রষ্টব্যম্। তথা তত্রৈবৈকস্মিন্ মণ্ডপান্তঃপ্রদেশে নিবেশ্য তস্যা অধিবাসাদিকং চ বোদ্ধব্যম্ ॥ ৩৬৫ ॥

তথা চ তত্রৈব—
উত্তিষ্ঠেতি সমুত্থাপ্য কুর্য্যাদ্‌ব্রহ্মরথে শুভে।
শাকুনেন তু সূক্তেন মণ্ডপে সন্নিধাপয়েৎ ॥ ৩৬৬ ॥

অনুবাদ—ঐরূপ পূর্ব্বোক্ত গ্রন্থে—উত্তিষ্ঠ এইমন্ত্রে সম্পূর্ণ উঠাইয়া মঙ্গল ব্রহ্মরথে লইয়া শাকুন সূক্ত পাঠ করিতে করিতে মণ্ডপে স্থাপন করিবেন ॥ ৩৬৬ ॥

টীকা—ব্রহ্মরথে ব্রাহ্মণবাহ্য-শিবিকাদিযানে ॥৩৬৬

ভবিষ্যে—

রথে তিষ্ঠেতি মন্ত্রেণ রথমারোহয়েৎ প্রভুম্।
শঙ্খদুন্দুভিনির্ঘোষৈঃ পতাকাভিরলঙ্কৃতম্ ॥ ৩৬৭ ॥
আরোপ্য সুদৃশে যানে আনয়েত্তোরণান্তিকম্।
প্রবেশয়েত্ততো দেবং স্থাপকঃ সংশিতব্রতঃ ॥ ৩৬৮ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে—রথে তিষ্ঠ এইমন্ত্রে প্রভুকে রথে আরোহণ করাইবেন, শঙ্খ, দুন্দুভিধ্বনি সহ পতাকাদি দ্বারা অলঙ্কৃত সুদৃশ্য যানে আরোহণ করাইয়া তোরণের নিকট আনয়ন করিবে, অনন্তর ব্রতাশ্রিত স্থাপক শ্রীবিগ্রহকে মণ্ডপে প্রবেশ করাইবে ॥ ৩৬৭-৩৬৮ ॥

মাৎস্যে—

রথে ব্রহ্মরথে বাপি ধৃতং শিল্পিগণেন চ।
আরোপ্য চালয়েদ্বিদ্বানাকৃষ্টেন প্রবেশয়েৎ ॥ ৩৬৯ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—রথে বা ব্রাহ্মণ বাহিত-যানে শিল্পিগণ ধরিয়া আরোহণ করাইয়া রথ চালনা করিবেন, অভিজ্ঞব্যক্তি আকৃষ্ট মন্ত্রে আকর্ষণ পূর্ব্বক অধিবাসন মণ্ডপে পশ্চিম দ্বারদিয়া প্রবেশ করাইবেন ॥ ৩৬৯ ॥

শ্রীমূর্ত্তিস্থাপনপ্রকারঃ

পাদ্মে—

কৃত্বা প্রাগ্লিখিতৈর্দর্ভৈঃ প্রাগগ্রৈর্বংশপল্লবৈঃ।
পুষ্পৈর্বাস্তরণঃ কৃত্বা বস্ত্রেণাচ্ছাদয়েৎ গুরুঃ ॥ ৩৭০॥

অনুবাদ—শ্রীমূর্ত্তি স্থাপন প্রকার, পদ্মপুরাণে—পূর্ব্বলিখিত কুশ সমূহকে পূর্ব্বদিকে অগ্রভাগ রাখিয়া বা বংশপত্র দ্বারা বা পুষ্পদ্বারা আস্তরণ পাতিয়া শ্রীগুরুদেব বস্ত্রদ্বারা আচ্ছাদন দিবেন ॥ ৩৭০ ॥

প্রাঙ্মুখং স্থাপয়িত্বাস্মিন্ দেবং কুর্য্যাৎ প্রদক্ষিণম্।
নিদ্রাকুম্ভং শিরোদেশে ন্যসেদ্দত্ত্বোপধানকং ॥ ৩৭১ ॥

অনুবাদ—অধিবাস মণ্ডপে শ্রীবিগ্রহকে পূর্ব্বমুখে স্থাপন করিয়া প্রদক্ষিণ করিবেন, নিদ্রাকুম্ভ শিরোদেশে বিন্যাস করিবেন এবং মস্তকে বালিশ দিবেন ॥৩৭১॥

টীকা—অস্মিন্ বস্ত্রাচ্ছাদিতাস্তরণে ॥ ৩৭১ ॥

মধ্বাজ্যাক্তাংশ্চ সিদ্ধার্থান্ দত্ত্বা গাত্রাণি সংস্পৃশন্।
গন্ধপুষ্পৈঃ সমভ্যর্চ্চ্য দদ্যাৎ প্রতিসরং সিতম্ ॥৩৭২

অনুবাদ—মধু, ঘৃতযুক্ত, শ্বেতসর্ষপ দিয়া বিগ্রহের গাত্র স্পর্শ করিবে। গন্ধপুষ্প দ্বারা সম্পূর্ণ অর্চ্চন, শ্বেতবর্ণের প্রতিসর সূত্র দেবহস্তে প্রদান করিবে ॥ ৩৭২ ॥

টীকা—গাত্রাণি সংস্পৃশন্ দেবস্য দক্ষিণপার্শ্বে উপবিষ্টঃ অগ্রে লেখ্যেন ওঁ আপ্যায়স্বেত্যাদিমন্ত্রদ্বয়েন দেবস্যাঙ্গান্যালভমানঃ সন্ দেবহস্তে প্রতিসরং সূত্র-বিশেষং দদ্যাৎ ॥ ৩৭২ ॥

দেবং চাচ্ছাদ্য সদ্বস্ত্রৈশ্ছত্রাদীনি নিধায় চ।
প্রজ্বাল্য চতুরো দীপান্ ন্যস্যেৎ কুম্ভাংশ্চ পাদয়োঃ ॥ ৩৭৩ ॥

অনুবাদ—উত্তম বস্ত্রসমূহ দ্বারা শ্রীবিগ্রহকে আচ্ছাদন পূর্ব্বক ছত্রাদি স্থাপন করিয়া চারিটি দীপ প্রজ্বালিত করিয়া শ্রীচরণ সন্নিধানে চারিটি কুম্ভ পঞ্চ-গব্য ও তীর্থজল পূর্ণ করিয়া স্থাপন করিবেন ॥৩৭৩॥

টীকা—আদি-শব্দাৎ চামরব্যজনাদীনি, তানি চাগ্রে ব্যক্তানি ভবিষ্যন্তি শিষ্টাচারতঃ সায়ং দ্বারেষু চ চতুরো দীপান্ প্রদীপঞ্চ, পঞ্চগব্যতীর্থোদকপূর্ণকুম্ভাংশ্চ চতুরঃ পাদয়োঃ দেবপাদান্তিকে ন্যস্যেৎ ধারয়েৎ ॥ ৩৭৩ ॥

ক্ষীরাদিকং নিবেদ্যাথ ভক্ষ্যপেয়াদিভিঃ শুভৈঃ।
মণ্ডপং তৎ প্রপূর্য্যাথ সর্ব্বতো বিতরেদ্বলিম্ ॥৩৭৪॥

অনুবাদ—পবিত্র ভক্ষ্যপেয়াদি সহ দুগ্ধ, ঘৃত, মধু নৈবেদ্য অর্পণ করিয়া ঐ মণ্ডপ আবৃত করিয়া চতু-র্দ্দিকে পরিকর দেবগণকে উপহার বিতরণ করিবেন ॥ ৩৭৪ ॥

টীকা—তথা ক্ষীরমাদিশব্দেন ঘৃতং মধু চ, 'ওঁ অভিত্বাশূর নোনুমঃ' ইতিমন্ত্রেণ দেবপাদনিকটস্থানে নিবেদ্য, তৎ অধিবাসমণ্ডপং, বলিঞ্চ সর্ব্বতো ভুবি দদ্যাৎ। সন্ধ্যায়াং মধ্যরাত্রে উষসি চ দশদিক্ষু শক্রাদিভ্যঃ 'ভগবান্ প্রীয়তাম্' ইত্যভিধায় মাতৃবিঘ্নগণেভ্যশ্চ প্রত্যেকং পুষ্পাক্ষতমিশ্রবলিং দদ্যাদিতি শিষ্টাচারতো জ্ঞেয়ম্ ॥ ৩৭৪ ॥

হয়শীর্ষে—

পুষ্পোপশোভিতে স্থানে চন্দ্রাতপবিভূষিতে।
মুক্তাহারৈর্লম্বমানে দীপমালোপশোভিতে ॥ ৩৭৫ ॥
ভক্ষ্যভোজ্যৈরনেকৈশ্চ সান্দ্রপল্লবশোভিতে।
দিব্যপর্য্যঙ্কন্যস্তায়াং তুলিকায়াং সুরোত্তম।
অতো দেবেতি মন্ত্রেণ শয্যায়াং স্থাপয়েদ্ধরিম্ ॥৩৭৬॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—পুষ্পশোভিত মণ্ডপে ঊর্দ্ধে চন্দ্রাতপ বিভূষিত, চতুর্দ্দিকে মুক্তাহার লম্বিত ও দীপমালা উপশোভিত, বহুবিধ ভক্ষ্য-ভোজ্যপূর্ণ, ঘন-পল্লবশোভিত অধিবাসমণ্ডপে উত্তম পর্য্যঙ্কে স্থাপিত তুলিকাতে, হে সুরোত্তম! অতো দেবেতি মন্ত্রে শয্যাতে শ্রীহরিকে স্থাপন করিবেন ॥ ৩৭৫-৩৭৬ ॥

টীকা—মণ্ডপে সন্নিধাপয়েদিত্যুক্তং, তদনন্তর-কৃত্যমাহ—পুষ্পোপশোভিত ইত্যাদিনা স্থানে ইতি মণ্ডপান্তরবেদিকায়ামিতি বোদ্ধব্যম্ ॥ ৩৭৫ ॥

তথাবিধে পরে স্থানে পিণ্ডিকাং সন্নিবেশয়েৎ।
শ্রায়ন্তীয়েন সূক্তেন শ্রীসূক্তেন নিবেশয়েৎ ॥ ৩৭৭ ॥

অনুবাদ—সেইরূপ অন্যস্থানে পিণ্ডিকাকে সন্নিবিষ্ট করিবে—শ্রায়ন্তীয় সূক্ত ও শ্রীসূক্ত পাঠ সহ ॥ ৩৭৭ ॥

টীকা—পিণ্ডিকাং সন্নিবেশয়েদিত্যুক্তং তচ্চ কেন মন্ত্রেণেত্যাহ—শ্রায়ন্তীয়েনেতি ॥ ৩৭৭ ॥

নিদ্রাখ্যং কলসং রত্নগর্ভবস্ত্রযুগান্বিতম্।
খণ্ডকাদ্যৈরনেকৈশ্চ পূরয়েচ্চ সমন্ততঃ ॥ ৩৭৮ ॥

অনুবাদ—রত্নগর্ভ বস্ত্রদ্বয়াবৃত নিদ্রাখ্য কলস চরণ সন্নিধানে স্থাপন করিবে, বহুবিধ খণ্ডকাদি ভক্ষ্য ভোজ্য দ্বারা পরিপূর্ণ করিবে ॥ ৩৭৮ ॥

ভবিষ্যে—

প্রাগগ্রৈর্দর্ভবংশৈশ্চ রাজন্ দিব্যাদলৈঃ শুভৈঃ।
পুষ্পৈশ্চ রচয়েচ্ছয্যাং কোমলৈর্দিব্যপল্লবৈঃ ॥ ৩৭৯ ॥
উপরিষ্টাচ্চ শয্যায়া দেয়ং প্রস্তরণং শুভম্।
দুকূলং পট্টসংছন্নকার্পাসং চাপ্যসম্ভবে ॥ ৩৮০ ॥

অনুবাদ—ভবিষ্যপুরাণে, হে রাজন্! পূর্ব্বদিকে অগ্রভাগ রাখিয়া কুশ, বংশপত্র, উত্তম, পবিত্র, কোমল-পুষ্প, পত্র ও দিব্য পল্লব দ্বারা রচিত শয্যার উপরে পবিত্র আস্তরণ পট্টবস্ত্র আচ্ছাদিত কার্পাস তুলিকাও দিবে ॥ ৩৭৯-৩৮০ ॥

টীকা—দর্ভৈর্বংশৈশ্চ ॥ ৩৭৯ ॥

টীকা—প্রস্তরণমাচ্ছাদনম্ ॥ ৩৮০ ॥

প্রদক্ষিণং ততঃ কুর্য্যাৎ স্থাপকঃ প্রযতঃ শুচিঃ ॥৩৮১

অনুবাদ—অনন্তর পবিত্র ও সংযত হইয়া স্থাপক প্রদক্ষিণ করিবেন ॥ ৩৮১ ॥

প্রাঙ্মুখন্তু ততঃ কৃত্বা ভদ্রপীঠে সুসংস্থিতে।
পূরয়িত্বাম্ভসা স্বপ্নকলসং চাপ্যলঙ্কৃতম্ ॥ ৩৮২ ॥
সপুষ্পং সাক্ষাতং কৃত্বা শিরোদেশে তু দাপয়েৎ।
শিরো দেবীতি মন্ত্রেণ মাতরঃ শুদ্ধয়ন্তু চ ॥ ৩৮৩ ॥

অনুবাদ—তৎপরে উত্তমরূপে স্থাপিত ভদ্রপীঠে পূর্ব্বমুখ করিয়া অলঙ্কৃত জলপূর্ণ স্বপ্ন কলস, পুষ্প ও অক্ষত যুক্ত করিয়া শিরোদেশে স্থাপন করিবে—শিরো দেবী মন্ত্রে ও মাতরঃ শুদ্ধয়ন্তু মন্ত্রে ॥ ৩৮২-৩৮৩ ॥

টীকা—পূরয়িত্বা মণ্ডপম্ ॥ ৩৮২ ॥

টীকা—ভদ্রপীঠোপরি দেবস্য শিরোদেশে নিদ্রা-কুম্ভং দাপয়েৎ, তত্র মন্ত্রদ্বয়ং শিরোদেবীত্যাদি ॥৩৮৩॥

ততঃ শিরোন্নতে ভূম্ন উপধানসমন্বিতে।
শয়নে কারয়েদ্দেবং বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥ ৩৮৪ ॥

অনুবাদ—তৎপরে মস্তক উন্নত রাখার জন্য পুনরায় শ্রীহরিকে বালিশ দিবে, শাস্ত্রবিধি দৃষ্ট কর্ম্ম-দ্বারা শ্রীবিগ্রহকে শয়নে স্থাপন করাইবে ॥ ৩৮৪ ॥

টীকা—শির উন্নতং যস্মাত্তস্মিন্ সন্নিরার্ষঃ, তৎপ্রকারমেবাহ—উপাধানেন শুভং যথা স্যাত্ত-থান্বিতে ॥ ৩৮৪ ॥

মধুনা সপিষাভ্যজ্য দদ্যাৎ সিদ্ধার্থকান্ শুভান্ ।
স্থিত্বা চ দক্ষিণে পার্শ্বে মন্ত্রং চ সমুদাহরেৎ ॥৩৮৫॥
আপ্যায়স্বেতি মন্ত্রেণ যাতে রুদ্রে শিবেতি চ ।
সর্ব্বাঙ্গঞ্চ সমালভ্য দদ্যাৎ পুষ্পং নরাধিপ ।
শ্বেতান্ প্রতিসরান্ দদ্যান্মন্ত্রেণৈব নরাধিপ ॥ ৩৮৬ ॥
বৃহস্পতয়ে ত্বা মহ্যং মন্ত্রেণ পরিবেষ্টয়েৎ ।
দুকূল-পট্টকার্পাসৈস্তথা বল্কজরোমজৈঃ ।
চিত্রপট্টৈর্বিচিত্রৈশ্চ ছাদয়েত সমন্ততঃ ॥ ৩৮৭ ॥

অনুবাদ—পবিত্র শ্বেতসর্ষপ, মধু ও ঘৃত দ্বারা মাখাইয়া দিবে, শয্যার দক্ষিণ পার্শ্বে থাকিয়া মন্ত্র উচ্চারণ করিবে—আপ্যায়স্ব মন্ত্রে এবং যাতে রুদ্রে শিবেতি মন্ত্রে। হে নরপতি ! সর্ব্বাঙ্গ মূর্ত্তির গাত্র স্পর্শ করিয়া পুষ্প দিবে। শ্বেতসূত্র বিশেষ দ্বারা হস্তে পরিসর দিবে, হে মহারাজ ! বৃহস্পতয়েত্বা মহ্যং মন্ত্রপাঠ করিয়া পরিবেষ্টন করিবে। পট্ট বা কার্পাস বস্ত্রদ্বারা, সেইরূপ বল্কল বা রোমজাত বিচিত্র চিত্র বস্ত্রসমূহ দ্বারা চতুর্দ্দিক আচ্ছাদন করিবে ॥ ৩৮৫-৩৮৭ ॥

টীকা—শুভান্ গৌরবর্ণান্ সিদ্ধার্থানেব মধু-সপিভ্যামভ্যজ্য অভ্যুক্ষ্য ॥ ৩৮৫ ॥

টীকা—সর্ব্বাঙ্গং দেবস্য গাত্রাণি, সম্যক্ আলভ্য স্পৃষ্ট্বা ॥ ৩৮৬ ॥

টীকা—বৃহস্পতয়ে ইতি মন্ত্রেণ দুকুলপট্টাদি-ভির্দেবমাচ্ছাদয়েৎ ॥ ৩৮৭ ॥

চামরং ব্যজনং ছত্রং বিতানঞ্চ সুশোভনম্ ।
দর্পণং পার্শ্বতঃ স্থাপ্য রত্নান্যোষধয়স্তথা ।
গৃহোপকরণৈশ্চান্যৈঃ সমন্তাৎ পরিবারয়েৎ ॥৩৮৮॥

অনুবাদ—চামর, ব্যজন, ছত্র, সুশোভন চন্দ্রাতপ, দর্পণ পার্শ্বে স্থাপন কর্ত্তব্য। রত্নসমূহ, জ্যোতির্ম্ময় ওষধিসমূহ এবং অন্যান্য গৃহ উপকরণসমূহ চতুর্দ্দিকে পরিবেষ্টিত রাখিবে ॥ ৩৮৮ ॥

টীকা—দেবস্য পার্শ্বতশ্ছত্রাদিকং স্থাপনীয়ম্ ॥ ৩৮৮ ॥

ভক্ষ্যভোজ্যান্নপানৈশ্চ ষড়্বিধৈশ্চ বিশেষতঃ ।
সমন্তাৎ কারয়েত্তত্র মণ্ডপঞ্চ সুশোভনম্ ॥ ৩৮৯ ॥

অনুবাদ—ষড়্বিধ ভক্ষ্য, ভোজ্য, অন্ন, পানীয় দ্বারা বিশেষভাবে সর্ব্বত্র সজ্জিত করিবে এবং মণ্ডপও সুশোভিত করাইবে ॥ ৩৮৯ ॥

প্রকীর্ণশ্চাপ্রকীর্ণশ্চ দাতব্যো দেবসন্নিধৌ ।
ত্র্যম্বকং যজামহেতি সর্ব্বমেতদ্ধি কারয়েৎ ॥৩৯০॥

অনুবাদ—শ্রীবিগ্রহের নিকটে ক্ষুদ্র, বৃহৎ, প্রকাশ্য অপ্রকাশ্য সর্ব্ববিধ গৃহ সামগ্রী প্রদান কর্ত্তব্য, 'ত্র্যম্বকং যজামহে' মন্ত্রে এই সকলই করাইবে। ৩৯০ ॥

টীকা—প্রকীর্য্য যো বলির্দীয়তে স প্রকীর্ণ ওদ-নাদিঃ, তদিতরশ্চাপ্রকীর্ণঃ, ॥ ৩৯০ ॥

মাৎস্যে—

ততঃ প্রাস্তীর্য্য শয্যায়াং স্থাপয়েচ্ছনকৈর্ভুবি ।
কুশেষ্বাস্তীর্য্য পুষ্পাণি স্থাপয়েৎ প্রাঙ্মুখং ততঃ ॥৩৯১

অনুবাদ—মৎস্যপুরাণে—অনন্তর শয্যার উপরে তুলিকা পাতিয়া ধীরে ধীরে প্রভুকে স্থাপন করিবে, ভূতলে কুশ পাতিয়া তাহার উপর পুষ্প বিছাইয়া পূর্ব্বমুখে প্রভুকে স্থাপন করিবে ॥ ৩৯১ ॥

টীকা—বলিং সর্ব্বতো ভুবি শনকৈর্দ্দদ্যাৎ ॥৩৯১

ততস্তু নিদ্রাকলসং বস্ত্রকাঞ্চনসংযুতম্ ।
শিরোভাগে তু দেবস্য জপন্নেব নিধাপয়েৎ ।
আপো দেবীতি মন্ত্রেণ আপোহস্মান্মা-
তরোহপি চ ॥ ৩৯২ ॥

অনুবাদ—তৎপরে নিদ্রাকলস, বস্ত্রাচ্ছাদিত স্বর্ণ-

গর্ভ শিরোভাগে 'দেবস্যত্বা' মন্ত্রজপ করিতে করিতে স্থাপন করিবে। আপো দেবী মন্ত্রেও আপোহস্মান্মা-তরো এই মন্ত্রে ॥ ৩৯২ ॥

ততো দুকূলপট্টেশ্চাচ্ছাদ্য নেত্রোপধানকম্।
দদ্যাচ্ছিরসি দেবস্য কৌশেয়ং বা বিচক্ষণঃ ॥৩৯৩॥

অনুবাদ—তৎপরে পট্টবস্ত্র দ্বারা প্রভুর নয়ন আচ্ছাদন করিয়া মস্তকে বালিশ দিবে, অথবা বিচক্ষণ ব্যক্তি তসর বস্ত্র দিবে ॥ ৩৯৩ ॥

মধুনা সর্পিষাভ্যজ্য দেবং সিদ্ধার্থকৈস্ততঃ।
আপ্যায়স্বেতি মন্ত্রেণ যাতরুদ্রে শিবেতি চ ॥ ৩৯৪ ॥

অনুবাদ—মধু, ঘৃত মাখাইয়া শ্বেতসর্ষপ প্রভুকে দিবে। তৎপরে আপ্যায়স্ব মন্ত্রে এবং যাতরুদ্রে শিবেতি মন্ত্রে ॥ ৩৯৪ ॥

উপবিশ্যার্চ্চয়েদ্দেবং গন্ধপুষ্পৈঃ সমন্ততঃ।
সিতং প্রতিসরং দদ্যাদ্ বার্হস্পত্যেতি মন্ত্রতঃ ॥৩৯৫॥

অনুবাদ—পার্শ্বে বসিয়া গন্ধ, পুষ্পদ্বারা প্রভুকে অর্চ্চনা করিবে। বার্হস্পত্য মন্ত্রে প্রভুর হস্তে শ্বেত-সূত্র প্রতিসর বন্ধন করিবে ॥ ৩৯৫ ॥

দুকূলপট্টৈঃ কার্পাসৈর্নানাচিত্রৈরথাপি বা।
আচ্ছাদ্য দেবং সর্ব্বত্র ছত্রং চামরদর্পণম্।
পার্শ্বে তু স্থাপয়েত্তত্র বিতানং পুষ্পসংযুতম্ ॥ ৩৯৬ ॥

অনুবাদ—কার্পাস বা পট্টবস্ত্র দ্বারা অথবা নানা চিত্র বস্ত্রদ্বারা প্রভুকে সর্ব্বাঙ্গে আচ্ছাদন করিয়া পার্শ্বে ছত্র চামর দর্পণ স্থাপন করিবে, উপরে পদ্মপুষ্পযুক্ত চন্দ্রাতপ দিবে ॥ ৩৯৬ ॥

রত্নান্যোষধয়স্তদ্বদ্‌গৃহোপকরণানি চ।
ভাজনানি বিচিত্রাণি শয়নান্যাসনানি চ।
অভি ত্বা শূরমন্ত্রেণ যথাবিভবতো ন্যসেৎ ॥ ৩৯৭ ॥

অনুবাদ—উজ্জ্বল দিব্যরত্ন ওষধি, সেইরূপ গৃহোপ-করণ সমূহ, বিচিত্র পাত্র, বিচিত্র শয্যা, আসন সমূহ 'অভিত্বা শূর' মন্ত্রে বৈভব অনুসারে স্থাপন করিবে ॥ ৩৯৭ ॥

ক্ষীরং ক্ষৌদ্রং ঘৃতং তদ্বদ্ভক্ষ্যং ভোজ্যঞ্চ পায়সম্।
ষড়্‌বিধৈশ্চ রসৈস্তদ্বৎ সমন্তাৎ পরিপূরয়েৎ ॥৩৯৮॥

অনুবাদ—দুগ্ধ, মধু, ঘৃত সেইরূপ ভোজ্য, পায়স, ষড়রসদ্বারা চতুর্দ্দিক পরিপূর্ণ করিবে ॥ ৩৯৮ ॥

বলিং দদ্যাৎ প্রযত্নেন মন্ত্রেণানেন ভূরিশঃ।
ত্র্যম্বকং যজামহ ইতি সর্ব্বতঃ শনৈর্ভুবি ॥ ৩৯৯ ॥

অনুবাদ—ভূতলে চতুর্দ্দিকে ধীরে ধীরে পরিকর দেবগণকে যত্নসহ প্রচুর উপহার প্রদান করিবে 'ত্র্যম্বকং যজামহে' এইমন্ত্রে ॥ ৩৯৯ ॥

অথ শ্রীমূর্ত্ত্যাধিবাসনম্

ভূতশুদ্ধিং ততঃ কৃত্বা ন্যাসজাতং বিধায় চ।
ধ্যাত্বা তত্ত্বং পরং কুর্য্যাৎ সজীবকরণং বুধঃ ॥৪০০॥

অনুবাদ—অনন্তর শ্রীমূর্ত্তি অধিবাসন—অভিজ্ঞ ব্যক্তি ভূতশুদ্ধি বিধানের পর ন্যাসসমূহ করিয়া পর-তত্ত্বকে ধ্যান করিয়া শ্রীমূর্ত্তির প্রাণ প্রতিষ্ঠা করিবেন ॥ ৪০০ ॥

পূজয়েচ্চ ততো দেবং সাঙ্গং সপরিবারকম্।
তত্তদ্বিশেষো বিজ্ঞেয়োঽশ্বশিরঃপঞ্চরাত্রতঃ ॥ ৪০১ ॥

অনুবাদ—তৎপরে সাঙ্গ সপরিবার ইষ্টদেবকে পূজা করিবেন। সেই সেই বিশেষ বিধি হয়শীর্ষ-পঞ্চরাত্র হইতে জানা কর্ত্তব্য ॥ ৪০১ ॥

টীকা—তস্য তস্য ভূতশুদ্ধিকরণাদেবিশেষশ্চ অশ্বশিরসঃ শ্রীহয়শীর্ষস্য পঞ্চরাত্রতো বিস্তরেণ জ্ঞেয়ঃ। তত্রৈকত্রৈব ব্যক্তত্বাদত্র চ গ্রন্থবিস্তরভয়ান্ন লিখ্যত ইতি ভাবঃ। যদ্যপি মাৎস্য-ভবিষ্যয়োর্ভূতশুদ্ধ্যাদিকমেত-

দত্র বিশিষ্য নোক্তমস্তি, তথাপি ভগবদ্ধয়শীর্ষোক্তি-প্রামাণ্যেনাত্র লিখিতম্ ॥ ৪০১ ॥

অথ ব্রাহ্মণস্থাপনম্

আচার্য্যঃ স্থাপয়েদ্বিদ্বান্ মূর্ত্তিপাংস্তত্র মণ্ডপে।
চতুরো ব্রাহ্মণো হোতৄনৃত্বিজো জাপিনস্তথা ॥ ৪০২ ॥
রক্ষকাংশ্চ চতুর্দ্বার্ষু চতুরঃ স্থাপয়েদ্বুধঃ।
একং পুরুষসূক্তস্য জাপকং মণ্ডপান্তরে ॥ ৪০৩ ॥
আচার্য্যেণ সমাদিষ্টাঃ স্বস্বস্থানে স্থিতাশ্চ তে।
স্বস্বপ্রয়োজনং কুর্য্যু শিষ্টাচারানুসারতঃ ॥ ৪০৪ ॥

অনুবাদ—অনন্তর ব্রাহ্মণ স্থাপন—বিদ্বান্ আচার্য্য ঐ মণ্ডপে মূর্ত্তিপগণকে স্থাপন করিবেন, চারিজন হোতা ঋত্বিক ও জপকারী, চতুর্দ্বারে চারিজন রক্ষক স্থাপন করিবেন এবং মণ্ডপ মধ্যে একজন পুরুষসূক্ত জাপক। আচার্য্য কর্ত্তৃক সম্যক আদিষ্ট হইয়া নিজ নিজ স্থানে তাঁহারা থাকিয়া শিষ্টাচার অনুসারে নিজ নিজ প্রয়োজনীয় কার্য্য করিবেন ॥ ৪০২-৪০৪॥

টীকা—এবং শ্রীহয়শীর্ষানুক্তমপি ব্রাহ্মণস্থাপনাদি মাৎস্যভবিষ্যোক্তি-প্রামাণ্যেন শিষ্টাচারাদৃতত্বাদগ্রে লেখ্যম্, এবমন্যত্রাপ্যূহ্যম্। তথেতি হোত্রাদীংশ্চতুর এবেত্যর্থঃ ॥ ৪০২ ॥

টীকা—পুরুষসূক্তজাপকং চৈকং মণ্ডপাভ্যন্তরে স্থাপয়েৎ ॥ ৪০৩ ॥

টীকা—শিষ্টাচারানুসারত ইতি জপহোমাদৌ মৎস্যপুরাণাদিবচনৈর্মন্ত্রাদিভেদতো বিরোধে নিজ-সৎসম্প্রদায়ব্যবহারোঽনুসর্ত্তব্য ইত্যর্থঃ। এবং সর্ব্বত্রৈব জ্ঞেয়ম্ ॥ ৪০৪ ॥

মাৎস্যে—

মূর্ত্তিপান্ স্থাপয়েত্তত্র সর্ব্বদিক্ষু বিচক্ষণঃ।
চতুরো দ্বারপালাংশ্চ দ্বারেষু বিনিবেশয়েৎ ॥ ৪০৫ ॥

অনুবাদ—মৎস্যপুরাণে—বিচক্ষণ ব্যক্তি মূর্ত্তিপগণকে সর্ব্বদিকে স্থাপন করিবেন, চারিজন দ্বারপালকে চতুর্দ্বারে বিনিয়োগ করিবেন ॥ ৪০৫ ॥

টীকা—সর্ব্বাসু অষ্টসু দিক্ষু, তথা চ ভবিষ্যে—'মূর্ত্তিপান্ স্থাপয়েৎ পশ্চাদ্দিশাসু বিদিশাসু চ' ইতি। সমানার্থত্বাত্তদেতদর্দ্ধপদ্যং ন সংগৃহীতম্। এবমন্যত্রাপি জ্ঞেয়ম্ ॥ ৪০৫ ॥

অথ দ্বারেষু জপনিয়মঃ

মাৎস্যে—

শ্রীসূক্তং পাবমানং তু সোমসূক্তং সুমঙ্গলম্।
তথা চ শান্তিকাধ্যায়মিন্দ্রসূক্তং তথৈব চ।
রক্ষোঘ্নং চ তথা সূক্তং পূর্ব্বতো বহ্বৃচো জপেৎ ॥ ৪০৬ ॥

অনুবাদ—অনন্তর দ্বারসমূহে জপ নিয়ম, মৎস্য-পুরাণে—শ্রীসূক্ত, পাবমানী সূক্ত, সোমসূক্ত, সুমঙ্গল, 'কনিক্রদজনুষাম্' ইত্যাদি শান্তিকাধ্যায়—'শক্রো, ইন্দ্রাগ্নী, ইন্দ্রসূক্ত—যো জাত এব ইত্যাদি, রক্ষোঘ্ন-সূক্ত 'কৃনু অপাজঃ'। পূর্ব্বদিক হইতে ক্রমে বহ্বৃচ জপ করিবেন ॥ ৪০৬ ॥

টীকা—শ্রীসূক্তাদিকং পূর্ব্বতঃ পূর্ব্বদ্বারি বহ্বৃচো জপেদিতি সার্দ্ধেনান্বয়ঃ। তত্র শ্রীসূক্তং—'হিরণ্য-বর্ণাং হরিণীম্' ইত্যাদি, পাবমানং 'আদিষ্টযামা-দিষ্টয়া' ইত্যাদি, সোমসূক্তং—'ত্বং সোমমহ' ইত্যাদি, সুমঙ্গলং—'কনিক্রদজনুষাম্' ইত্যাদি, শান্তিকাধ্যায়ং—'শক্রো, ইন্দ্রাগ্নী' ইত্যাদি, ইন্দ্রসূক্তং—'যো জাত এব' ইত্যাদি, রক্ষোঘ্নসূক্তং চ—'কৃ নু অপাজঃ' ইত্যাদি ॥ ৪০৬ ॥

রুদ্রান্ পুরুষসূক্তঞ্চ শ্লোকাধ্যায়ং সসুক্রিয়ম্।
তথৈব মণ্ডলাধ্যায়মধ্বর্য্যুর্দক্ষিণে জপেৎ ॥ ৪০৭ ॥

অনুবাদ—অধ্বর্য্যু দক্ষিণে জপ করিবেন—রুদ্রা-ধ্যায়, পুরুষসূক্ত, শ্লোকাধ্যায়, 'দেবসবিতঃ' সসুক্রিয় —ঋতং বাচং প্রপদ্যে, মণ্ডলাধ্যায় আদিত্যো বা এষ এতন্মণ্ডলম্ ॥ ৪০৭ ॥

টীকা—রুদ্রান্ 'নমস্তে রুদ্র' ইত্যাদি, পুরুষসূক্তং—'সহস্রশীর্ষা' ইত্যাদি, শ্লোকাধ্যায়ং 'দেবসবিতঃ' ইত্যাদি, সসুক্রিয়ং—'ঋতং বাচং প্রপদ্যে' ইত্যাদি, মণ্ডলাধ্যায়ঞ্চ—'আদিত্যো বা এষ এতন্মণ্ডলম্' ইত্যাদি তৈত্তিরীয়কে প্রসিদ্ধম্ ॥ ৪০৭ ॥

**বামদেব্যং বৃহৎসাম জ্যেষ্ঠংসাম রথন্তরম্ ।
তথা পুরুষসূক্তঞ্চ রুদ্রসূক্তং সশান্তিকম্ ।
ভারুণ্ডানি চ সামানি ছন্দোগঃ পশ্চিমে জপেৎ ॥৪০৮**

অনুবাদ—ছন্দোগ পশ্চিমে জপ করিবেন—বামদেব্য, বৃহৎসাম—ত্বাম্ ইদ্ধি হবামহে, জ্যেষ্ঠসাম মূর্দ্ধানং দিবো অরতিম্, রথন্তরম্—অভিত্বা শূরনোনুম, পুরুষসূক্ত, রুদ্রসূক্তং 'সংহিতা আরো রাজত'। শান্তিকাধ্যায় সহিত, ভারুণ্ড সাম ॥ ৪০৮ ॥

টীকা—বামদেব্যং কয়া নশ্চিত্রমিত্যস্যামৃচি গীতং সাম, বৃহৎসামে 'ত্বামিদ্ধি হবামহে' ইত্যস্যাং গীতম্, জ্যেষ্ঠসাম 'মূর্দ্ধানং দিবো অরতিম্' ইত্যস্যাং গীতম্, রথন্তরং 'অভিত্বা শূরনোনুম' ইত্যস্যাং গীতম্, রুদ্রসূক্তং—সংহিতা আরোরাজতত্ত্বোবর্গ আজ্যদোহানি দেবব্রতানি চ' ইত্যেতৎ। সশান্তিকং শান্তিকাধ্যায়সহিতম্। ভারুণ্ডানি সামানি চ 'ইলং স্তোমঃ' ইত্যাদীনি ॥ ৪০৮ ॥

———

**অথর্ব্বাঙ্গিরসং তদ্বন্নীলরুদ্রং তথৈব চ ।
তথাপরাজিতাং দেবীং মধুসূক্তং সরৌদ্রকম্ ।
তথৈব শান্তিকাধ্যায়মধ্বর্য্যুশ্চোত্তরে জপেৎ ॥৪০৯॥**

অনুবাদ—অধ্বর্য্যু উত্তরে জপ করিবেন—অথর্ব্বাঙ্গিরস, নীলরুদ্র,—জলত্যাদি, অপরাজিতা দেবী—পরিবর্ত্তমান ইত্যাদি, মধুসূক্ত—মধুবাতা ঋতায়তে ইত্যাদি, রুদ্রসূক্ত—ভবাসর্ব্বে মৃড় ইত্যাদি এবং শান্তিকাধ্যায় ॥ ৪০৯ ॥

টীকা—আথর্ব্বণং সূক্তং—দোষাগায়েত্যাদি, আঙ্গিরসং সূক্তম্—অঙ্গিরসো জন্মানীত্যাদি, নীলরুদ্রং—জলেত্যাদি, অপরাজিতাং দেবীং—পরিবর্ত্তমানেত্যাদি, মধুসূক্তং—মধুবাতা ঋতায়ত ইত্যাদি, রুদ্রসূক্তং—ভবা সর্ব্বে মৃড় —তমানিয়াতমিত্যাদি ॥ ৪০৯ ॥

———

ভবিষ্যে—

**শ্রীসূক্তং পাবমানঞ্চ তাম্যং দাম্যঞ্চ বাজিনম্ ।
বৃষাকপিঞ্চ মৈত্রঞ্চ বহ্বৃচঃ পশ্চিমে জপেৎ ॥৪১০॥**

অনুবাদ—ভবিষ্যপুরাণে—শ্রীসূক্ত, পাবমান, তাম্য, দাম্য, বাজিন, বৃষাকপি, মৈত্র, বহ্বৃচ পশ্চিমে জপ করিবেন ॥ ৪১০ ॥

টীকা—তাম্যসূক্তং—নাসদাসীদীতি সপ্তর্চম্। দাম্যসূক্তং—সোমা রুদ্রা ইতি চতুর্থ্চং, বাজিসূক্তং—চতুস্ত্রিংশদ্বাজিন ইতি, বৃষাকপিং—বিহিসোতোরসৃক্ষতেত্যাদি, মৈত্রসূক্তং—মিত্রোজনান্ পায়য়তীতি নবর্চম্ ॥ ৪১০ ॥

———

**দেবব্রতঃ পুরুষগতিং জ্যেষ্ঠসাম রথন্তরম্ ।
ভারুণ্ডানি চ সামানি বামদেব্যং তথৈব চ ।
উত্তরাং দিশমাস্থায় ছন্দোগস্তজ্জপেৎ সদা ॥ ৪১১ ॥**

অনুবাদ—দেবব্রত, পুরুষগতি, জ্যেষ্ঠসাম, রথন্তর, ভারুণ্ডসাম, বামদেব্য—উত্তর দিকে ছন্দোগ জপ করিবেন ॥ ৪১১ ॥

টীকা—দেবব্রতম্—অধিকপতায়ীত্যাদি পুরুষগতিং—পুরুষসূক্তম্ ॥ ৪১১ ॥

———

**রুদ্রান্ পুরুষসূক্তং চ শ্লোকাধ্যায়ং সসূক্রিয়ম্ ।
ব্রাহ্মণং মৈত্রমৈন্দ্রঞ্চ অধ্বর্য্যুঃ পূর্ব্বতো জপেৎ ॥৪১২॥**

অনুবাদ—রুদ্র সূক্ত, পুরুষ সূক্ত, শ্লোকাধ্যায়, সসূক্রিয় ব্রাহ্মণ, মৈত্র, ঐন্দ্র—অধ্বর্য্যু পূর্ব্বদিকে জপ করিবেন ॥ ৪১২ ॥

টীকা—ব্রহ্মসূক্তং—আব্রহ্মন্নিতি, মৈত্রসূক্তং—মিত্রস্য চর্ষণীঘৃত ইতি, ইন্দ্রক্তম্ আশুঃ শিশান ইত্যাদি ॥ ৪১২ ॥

———

**অথর্ব্বাঙ্গিরসঞ্চৈব শিবসূক্তং তথৈব চ ।
নীলরুদ্রঞ্চ বৈ মন্ত্রমথর্ব্বা দক্ষিণে জপেৎ ॥ ৪১৩ ॥**

অনুবাদ—অথর্ব্বাঙ্গিরস, শিবসূক্ত, নীলরুদ্র—অথর্ব্বা দক্ষিণে জপ করিবেন ॥ ৪১৩ ॥

টীকা—অথর্ব্বাঙ্গিরসম্ আথর্ব্বাণসূক্তং আঙ্গিরসসূক্তঞ্চ ॥ ৪১৩ ॥

———

**বিষ্ণুকল্পং পরিষদং পঞ্চরাত্রানুগামিনম্ ।
স্তোত্রমন্ত্রবিদশ্চাথ পঠেয়ুর্দক্ষিণে সদা ॥ ৪১৪ ॥**

অনুবাদ—বিষ্ণুকল্প পরিষদ পঞ্চরাত্রানুগামি বৈষ্ণবস্তোত্রও মন্ত্রবিদগণ দক্ষিণে সর্ব্বদা পাঠ করিবেন ॥ ৪১৪ ॥

টীকা—পঞ্চরাত্রানুগবৈষ্ণবস্তোত্রং মন্ত্রং চ বিদন্তীতি তে তথা ॥ ৪১৪ ॥

মধ্যে পুরুষসূক্তঞ্চ প্রজপেদ্ গর্ভজাপকঃ।
জপেয়ুঃ শান্তিকাধ্যায়ং দ্বার্ষু তে জাপকাঃ পুনঃ ॥৪১৫

অনুবাদ—গর্ভজাপক মণ্ডপমধ্যে পুরুষ সূক্ত জপ করিবেন। চতুর্দ্বারে জাপকগণ শান্তিকাধ্যায় জপ করিবেন ॥ ৪১৫ ॥

টীকা—মধ্যে প্রসাদাভ্যন্তরে মণ্ডপমধ্যে বা। পুনরিতি অথাচার্য্যেণ তু পুনশ্চ জপতেত্যাদিষ্টাশ্চত্বারস্তে দ্বারজাপকাশ্চতুর্দ্বারেষু পুনঃ শান্তিকাধ্যায়ং জপেয়ুরিত্যর্থঃ ॥ ৪১৫ ॥

অথ হোমঃ

ব্রহ্মাদীংস্তত্র চাচার্য্যো যথাস্থানং নিবেশ্য তান্।
হোমং কুর্য্যান্নিজে কুণ্ডে তে চ কুর্য্যুর্যথাবিধি ॥৪১৬॥

অনুবাদ—অথ হোম—আচার্য্য হোমকার্য্যে ব্রহ্মাদি ঋত্বিককে যথাস্থানে নিযুক্ত করিয়া তিনি নিজ কুণ্ডে হোম করিবেন এবং তাহারাও যথাবিধি হোম করিবেন ॥ ৪১৬ ॥

টীকা—তত্র মণ্ডপাভ্যন্তরে, ব্রহ্মাদীন্ চতুরো ব্রহ্মণো হোতৄংশ্চ, যথাস্থানং স্বস্বকুণ্ডে যথোচিতং নিবেশ্য উপবেশ্য। আচার্য্যশ্চ দেবশিরঃস্থানবর্ত্তিনিজকুণ্ডসমীপস্থঃ, তত্র হোমং যথাবিধি কুর্য্যাৎ। তে চ ব্রহ্মাদয়ো যথাবিধি হোমং কুর্য্যুঃ। বিধিশ্চায়ম্—সর্ব্ব এব স্বস্ব-গৃহ্যবিধিনাগ্নিস্থাপন-ব্রহ্মোপবেশনাদি-কুশণ্ডিকাং কৃত্বা স্রুক্-স্রুব-পূর্ণপাত্র-প্রণীতাজ্যস্থালী-সমিদাজ্যতিলযবকুশবর্হিবিধ্যাদিকং চ কুণ্ডেষু কল্পয়েয়ুঃ। ততঃ স্থাপকো গ্রহবেদ্যাং গ্রহযজ্ঞোক্তবিধিনা তত্তন্মন্ত্রেণ সূর্য্যাদিদ্বাত্রিংশদ্দেবতাঃ সংস্থাপ্য যথাবিহিতং পুষ্পনৈবেদ্যাদিভিঃ সম্পূজ্যনিজকুণ্ডেহগ্নিস্থাপনাদিকুশণ্ডিকাং কৃত্বা আঘারাবাজ্যভাগাদিকং হুত্বা পলাশোড়ুম্বরাশ্বত্থাপামার্গশমীসমিধাং প্রত্যেকং প্রথমং মহাব্যাহৃতিভিরাহুতিচতুষ্টয়ম্। ততঃ শন্ন ইন্দ্রাগ্নী ভবতামবোভিরিত্যাদিভিঃ শান্তিকৈস্ত্রিভিরাহুতিত্রয়ম্। ততঃ ওঁ পুষ্টির্নবত্বা ওঁ ময়স্কানৌ অমীবহা ইতি, ওঁ ত্র্যম্বকং যজামহ ইত্যেতৈস্ত্রিভিঃ পৌষ্টিকৈরাহুতিত্রয়ম্। এবমাবৃত্তিক্রমেণৈকৈকং সহস্রং হুত্বা যথাক্রমং দেবস্য পাদয়োর্নাভৌ মধ্যে বক্ষসি শিরসি চ স্পৃশেৎ। তথা হোতারোহপি স্বস্ব-গৃহ্যোক্তবিধিনা আঘারাব্যজ্যভাগাদিকং চ হুত্বা নবগ্রহসমিধামষ্টোত্তরশতমষ্টাবিংশতিমষ্টৌ বা গ্রহেভ্যো হুত্বা অথ ইন্দ্রাদিলোকপালেভ্যো হুত্বা তথা বসুধাদ্যষ্টমূর্ত্তিভ্যো মূর্ত্ত্যধিদেবেভ্যশ্চ সর্ব্বাদিভ্যস্তত্তদ্বৈদিকমন্ত্রৈর্হোমং কুর্য্যুরিত্যাদি। এষ চাগ্রে ভবিষ্যাদিবচনতো ব্যক্তো ভাবী ॥ ৪১৬ ॥

অথ তদ্বিশেষঃ

ভবিষ্যে—
শিরঃস্থানে তু কৃষ্ণস্য আচার্য্যো হোমমাচরেৎ।
শান্তিকৈঃ পৌষ্টিকৈশ্চাপি মন্ত্রৈর্ব্যাহৃতিভিস্তথা ॥৪১৭

অনুবাদ—অনন্তর হোমে বিশেষ, ভবিষ্যপুরাণে—আচার্য্য শ্রীকৃষ্ণের শিরোভাগে হোম করিবেন। শান্তি মন্ত্রে ও পুষ্টিমন্ত্রে তিন তিনবার আহুতি দিয়া মহাব্যাহৃতি মন্ত্রে চারিবার হোম করিবেন ॥ ৪১৭ ॥

পলাশোড়ুম্বরাশ্বত্থমপামার্গং শমীং তথা।
সহস্রমেকং হুত্বা চ বিষ্ণুপাদৌ স্পৃশেত্ততঃ ॥৪১৮॥
দ্বিতীয়ং তু ততো হুত্বা সমিদ্ভিস্তাবদেব তু।
মধ্যে তু সংস্পৃশেদেবং মূর্দ্ধ্নি চৈবং ক্রমেণ তু ॥৪১৯

অনুবাদ—পলাশ, যজ্ঞ ডুমুর, অশ্বত্থ, অপামার্গ, শমী—এক এক কাষ্ঠে সহস্র একবার হোম করিয়া ক্রমে শ্রীবিষ্ণুর চরণদ্বয়ে, নাভি, মধ্যদেশে, বক্ষে ও মস্তকে হস্ত স্পর্শ করিবেন ॥ ৪১৮-৪১৯ ॥

হোময়েয়ুস্ততঃ সর্ব্বে মূর্ত্তিপাঃ স্বদিগাশ্রিতাঃ।
অনন্তাদি-শিবান্তাশ্চ অষ্টৌ যে চক্রবর্ত্তিনঃ।
তেষাং মন্ত্রৈশ্চ হোতব্যা জপ্তব্যাশ্চ যথাক্রমম্ ॥৪২০॥

অনুবাদ—অনন্তর মূর্ত্তিপাগণ নিজ দিক্‌ভাগে থাকিয়া হোম করিবেন, অনন্তকে আদি করিয়া শ্রীশিব পর্য্যন্ত আটজন যে চক্রবর্ত্তিগণ তাহাদের মন্ত্রে হোম ও মন্ত্রজপ যথাক্রমে করিবেন ॥ ৪২০ ॥

টীকা—অনন্ত আদির্যেষাং শিবশ্চান্তে যেষাং তে চামী চ তে, অনন্তঃ সূক্ষ্মোঽপরাজিত একনেত্র এক-মূর্ত্তিস্ত্রিমূর্ত্তি শ্রীকণ্ঠঃ শিবশ্চেতি তে স্বস্বমন্ত্রৈর্নামভির্বা হোতব্যাঃ, তেষাং মন্ত্রাশ্চ জপ্তব্যাঃ ॥ ৪২০ ॥

———

মাৎস্যে—

শিরঃস্থানে তু দেবস্য স্থাপকো সোমমাচরেৎ।
শান্তিকৈঃ পৌষ্টিকৈস্তদ্বন্মন্ত্রৈর্ব্যাহৃতিপূর্ব্বকৈঃ ॥৪২১॥

অনুবাদ—মৎস্যপুরাণে—বিগ্রহের মস্তকের দিকে স্থাপক হোম করিবেন। পূর্ব্বে ব্যাহৃতি সহ শান্তি মন্ত্রে ও পুষ্টি মন্ত্রে হোম করিবেন ॥ ৪২১ ॥

———

পলাশোডুম্বরাশ্বত্থমপামার্গং শমীং তথা।
হুত্বা সহস্রমেকৈকং দেবং পাদে তু সংস্পৃশেৎ ॥৪২২

অনুবাদ—পলাশ, যজ্ঞডুমুর, অশ্বত্থ, অপমার্গ, শমী—ইহাদের এক এক কাষ্ঠে এক সহস্র হোম করিয়া বিগ্রহের চরণ স্পর্শ করিবেন ॥ ৪২২ ॥

———

ততো হোমসহস্রেণ হুত্বা হুত্বা ততস্ততঃ।
নাভিং মধ্যং তথা বক্ষঃ শিরশ্চাপ্যালভেৎ পুনঃ ॥৪২৩

অনুবাদ—তৎপরে এক এক সহস্র করিয়া বিগ্রহের নাভিদেশ, মধ্যভাগ, বক্ষঃস্থল, ও মস্তক স্পর্শ করিবেন ॥ ৪২৩ ॥

———

কিঞ্চ—

মূর্ত্তিপা লোকপালেভ্যো মূর্ত্তিভ্যঃ ক্রমশস্ততঃ।
তথা মূর্ত্ত্যধিদেবেভ্যো হোমং কুর্য্যুঃ সমন্ততঃ ॥৪২৪

অনুবাদ—আরও—মূর্ত্তিপা লোকপালগণের মূর্ত্তিতে ক্রমে তৎপরে ঐরূপ মূর্ত্তির অধিদেবগণকে চতুর্দ্দিকে হোম করিবেন ॥ ৪২৪ ॥

———

অথ মূর্ত্তিসংজ্ঞকদেবাঃ

বসুধা বসুরেতাশ্চ যজমানো দিবাকরঃ।
জলং বায়ুস্তথা সোম আকাশং চাষ্টমং মতম্।
দেবস্য মূর্ত্তয়ো হ্যষ্টাবেতাঃ কুণ্ডেষু সংস্মরেৎ ॥৪২৫

অনুবাদ—অনন্তর মূর্ত্তিসংজ্ঞক দেবগণ—বসুধা, বসুরেতা, যজমান, দিবাকর, জল, বায়ু, সোম, আকাশ—এই আটজন দেবের মূর্ত্তি, হোমকালে কুণ্ডে ইহাদের স্মরণ কর্ত্তব্য ॥ ৪২৫ ॥

———

তত্র মূর্ত্তীনামধিপাঃ

এতাসামধিপান্ বক্ষ্যে যৈর্বিপ্রা মূর্ত্তিপা মতাঃ।
পৃথিবীং পাতি সর্ব্বস্তু পশুপশ্চাগ্নিমেব তু।
যজমানং তথৈবোগ্রো রুদ্রশ্চাদিত্যমেব চ ॥৪২৬॥
ভবো জলং সদা পাতি বায়ুমীশান এব চ।
মহাদেবস্তথা চন্দ্রং ভীমশ্চাকাশমেব চ ॥ ৪২৭ ॥

অনুবাদ—অনন্তর মূর্ত্তিগণের অধিপতি—ইহাদের অধিপতি নাম বলিব, যেহেতু ব্রাহ্মণগণ ইহাদিগকে মূর্ত্তিপা বলেন। পৃথিবীকে 'সর্ব্ব' পালন করেন, পশুপ অগ্নিকে, যজমানকে উগ্র, আদিত্যকে রুদ্র, ভব জলকে সর্ব্বদা পালন করেন, বায়ুকে ঈশান, মহাদেব চন্দ্রকে, ভীম আকাশকে ॥ ৪২৬-৪২৭ ॥

———

সর্ব্বদেবপ্রতিষ্ঠাসু মূর্ত্তিপা হ্যেত এব তু।
এতেভ্যো বৈদিকৈর্মন্ত্রৈর্যথাস্বং হোমমাচরেৎ ॥৪২৮

অনুবাদ—সর্ব্বদেব প্রতিষ্ঠাকার্য্যে মূর্ত্তিপা ইহারা। ইহাদের উদ্দেশ্যে নিজ নিজ বৈদিকমন্ত্রে হোম করিবেন ॥ ৪২৮ ॥

অনুবাদ—খণ্ডিতা, স্ফুটিতা, জীর্ণা, অগ্নিদগ্ধা, ভগ্না প্রতিমা নিজলক্ষণ যুক্তা হইলেও যত্নপূর্ব্বক বর্জ্জন করিবেন ॥ ১০৩৪ ॥

টীকা—তথা 'খণ্ডিতাদিকাপি হেয়ৈব' ইত্যাহ—খণ্ডিতামিতি ॥ ১০৩৪ ॥

বিধিবৎ পাটিতামর্চ্চাং দারুজাং শৈলজাদিকাম্ ।
নিক্ষিপেদ্দারুজামগ্নৌ তথান্যামপ্সু নিক্ষিপেৎ ॥১০৩৫

অনুবাদ—দারুময়ী ও শৈলী প্রভৃতি দোষযুক্তা প্রতিমাকে যথাবিধি উত্থাপিত করিয়া দারুময়ীকে অগ্নিতে নিক্ষেপ করিবেন এবং অন্য প্রতিমাকে জলে বিসর্জ্জন দিবেন ॥ ১০৩৫ ॥

টীকা—বর্জ্জনপ্রকারমেবাহ—বিধিবদিতি। পাটিতাম্ উৎপাটিতাং সতীম্। তদ্বিধিঃ শ্রীহয়শীর্ষ-দেবোক্ত লিখিত এব ॥ ১০৩৫ ॥

যদ্রূপা যৎপ্রমাণা চ যস্মিন্নর্চ্চা সমুদ্ধৃতা ।
তদ্রূপাং তৎ প্রমাণাং চ তস্মিন্নর্চ্চাং নিবেশয়েৎ ॥ ১০৩৬ ॥

অনুবাদ—যে রূপ যে পরিমাণ প্রতিমা যে স্থান হইতে উদ্ধার করা হইবে সেইরূপ সেই পরিমাণ প্রতিমা সেই স্থানে স্থাপন করিবে ॥ ১০৩৬ ॥

টীকা—স্থাপনপ্রকারঞ্চাহ—যদ্রূপেতি ॥ ১০৩৬ ॥

প্রতিমা যস্য দেবস্য স্ব-শাস্ত্রে সম্প্রকীর্ত্তিতা ।
তস্য দেবস্য তৈর্মন্ত্রৈরর্চ্চাং সংস্থাপয়েদ্বুধঃ ॥১০৩৭

অনুবাদ—যে দেবের প্রতিমা তাঁহার নিজ শাস্ত্রে

কীর্ত্তিত হইয়াছে ; অভিজ্ঞ ব্যক্তি সেই দেবের সেই মন্ত্র সমূহ দ্বারা প্রতিমা স্থাপন কর্ত্তব্য ॥ ১০৩৭ ॥

একাহপূজাবিহতৌ কুর্য্যাদ্দ্বিগুণমর্চ্চনম্ ।
ত্রিরাত্রে তু মহাপূজাং সংপ্রোক্ষণমতঃপরম্ ॥১০৩৮

অনুবাদ—একদিন পূজা বন্ধ থাকিলে দ্বিগুণ অর্চ্চন কর্ত্তব্য, ত্রিরাত্র পূজা বন্ধ থাকিলে মহাপূজা কর্ত্তব্য, ইহার অধিক বন্ধ থাকিলে মহাভিষেক ও মহাপূজা কর্ত্তব্য ॥ ১০৩৮ ॥

টীকা—সংপ্রোক্ষণং—মহাস্নানম্ ॥ ১০৩৮ ॥

মাসাদূর্দ্ধমনেকাহং পূজা যদি বিহন্যতে ।
প্রতিষ্ঠৈবেষ্যতে কৈশ্চিৎ কৈশ্চিৎ সংপ্রোক্ষণক্রমঃ
॥ ১০৩৯ ॥

অনুবাদ—একমাসের উর্দ্ধ বহুদিন পূজা যদি বন্ধ থাকে, কেহ বলেন পুনঃ প্রতিষ্ঠা প্রয়োজন, কেহ বলেন—মহাভিষেক কর্ত্তব্য ॥ ১০৩৯ ॥

টীকা—যাগহীনায়াং কৃত্যমাহ—মাসাদিতি । এবং পশুস্পৃষ্টান্যমন্ত্রাচিতান্ত্যজাদি-স্পর্শদূষিতাসু মহাস্নানমেব জ্ঞেয়ম্ ॥ ১০৩৯ ॥

কিঞ্চ—

সংপ্রোক্ষণন্তু দেবস্য দেবমুদ্বাস্য পূর্ব্ববৎ ।
অষ্টপঞ্চক্রমেণৈব স্নাপয়িত্বা মৃদম্ভসা ॥ ১০৪০ ॥

অনুবাদ—আরও—শ্রীহরিকে উদ্বাসন করাইয়া পূর্ব্ববৎ মহাভিষেক কর্ত্তব্য । প্রথমে অষ্টঘট পরে পঞ্চঘট জল দ্বারা ॥ ১০৪০ ॥

টীকা—সংপ্রোক্ষণপ্রকারমেবাহ—সংপ্রোক্ষণমিতি চতুর্ভিঃ । অষ্টপথক্রমেণেতি আদৌ বল্মীকাদ্যষ্টস্থানমৃত্তিকা-জলেন, ততস্তীর্থাদিপঞ্চস্থানমৃত্তিকাজলেন পঞ্চকষায়াদিজলেন বা ইত্যর্থঃ ॥ ১০৪০ ॥

গবাং রসৈশ্চ সংস্নাপ্য দর্ভতোয়ৈর্বিশোধ্য চ ।
প্রোক্ষয়েৎ প্রোক্ষণীতোয়ৈর্মূলেনাষ্টোত্তরং শতম্
॥ ১০৪১ ॥

অনুবাদ—প্রথমে পঞ্চগব্য স্নানান্তে কুশজল দ্বারা বিশোধন পূর্ব্বক মহাস্নানীয় জলদ্বারা মূলমন্ত্রে অষ্টোত্তর শত ঘট জলদ্বারা স্নান করাইবে ॥ ১০৪১॥

সপুষ্পং সকুশং পাণিং ন্যস্য দেবস্য মস্তকে ।
পঞ্চবারং জপেন্মূলমষ্টোত্তরশতোত্তরম্ ॥ ১০৪২ ॥

অনুবাদ—পুষ্প ও কুশ সহ শ্রীহরির মস্তকে রাখিয়া অষ্টোত্তরশত মূলমন্ত্র পঞ্চবার জপ কর্ত্তব্য ॥ ১০৪২ ॥

টীকা—পঞ্চ অবরা যত্র, অষ্টোত্তরশতমুত্তরাণি যত্র । পঞ্চবারতোঽষ্টোত্তরশতবার-পর্য্যন্ত-জপে যথাশক্তি মূলমন্ত্রং জপেদিত্যর্থঃ ॥ ১০৪২ ॥

ততো মূলেন মূর্দ্ধাদি পীঠান্তং সংস্পৃশেদপি ।
পূজাঞ্চ মহতীং কুর্য্যাদ্দেবমাবাহ্য পূর্ব্ববৎ ॥১০৪৩॥

অনুবাদ—অনন্তর মূলমন্ত্র পাঠসহ মস্তক হইতে পীঠ পর্য্যন্ত স্পর্শ করিবে, পূর্ব্বৎ শ্রীহরিকে আবাহণ করিয়া ষোড়শ উপচারে মহাপূজাও কর্ত্তব্য ॥ ১০৪৩ ॥

টীকা—মূর্দ্ধাদি দেবস্য শ্রীমস্তকমারভ্য. পূর্ব্বদিতি প্রথমং প্রতিষ্ঠায়াং যথা কৃতাস্তি, তথৈব কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১০৪৩ ॥

দেবীপুরাণে—

দেবার্চ্চা নৈব সঞ্চাল্যা মৃন্ময্যপি ভয়াবহা ।
হৈমাদির্দোষদা বৎস পূর্ব্বামুদ্ধৃত্য স্থাপিতা ॥১০৪৪॥

অনুবাদ—দেবীপুরাণে—মৃন্ময়ী দেব প্রতিমাও সঞ্চালন কর্ত্তব্য নহে, যেহেতু ভয়াবহা, হে বৎস ! পূর্ব্ব স্থাপিতা মৃন্ময়ী প্রতিমাকে উঠাইয়া তৎপরিবর্ত্তে হেমময়ী প্রতিমা সেই স্থানে স্থাপিত হইলেও অশুভকরী ॥ ১০৪৪ ॥

টীকা—পূর্ব্বাং পূর্ব্বস্থাপিতাং মৃন্ময়ীম্ উদ্ধৃত্য তৎপরিবর্ত্তেন হৈমাদিঃ হেমাদি নির্ম্মিতা তৎস্থানে স্থাপিতাপি দোষদা অশুভকরী ॥ ১০৪৪ ॥

মহাদুর্ভিক্ষজননী মরকারিষ্টদা ভবেৎ।
কর্ত্তুর্গোত্রস্য ভয়দা রিপুবংশবিবৰ্দ্ধিনী ॥ ১০৪৫ ॥

অনুবাদ—যথা—মহা দুর্ভিক্ষ জননী, মরকাদি অরিষ্টপ্রদা হয় এবং কর্ত্তার বংশে ভয়প্রদা আর শত্রুবংশ বর্দ্ধনকারিণী হইবে ॥ ১০৪৫ ॥

টীকা—দোষমেবাহ—মহেতি ॥ ১০৪৫ ॥

অথ পুনঃ সংস্কারমাহাত্ম্যম্

তত্রৈব—

শীর্ণো দেবোঽথ প্রাসাদো যৈঃ পুনঃ সংস্কৃতো দ্বিজ।
অশোচ্যাস্তে মহাত্মানো ধূতপাপা মহাধিয়ঃ ॥১০৪৬॥

অনুবাদ—অনন্তর পুনঃ সংস্কার মাহাত্ম্য, ঐ দেবীপুরাণেই—জীর্ণ দেবমূর্ত্তি বা প্রাসাদ, হে দ্বিজ! যাহারা পুনঃ সংস্কার করে, তাহারা শোক বর্জ্জিত মহাত্মা মুক্তপাপ এবং মহাবুদ্ধিমান্ ॥ ১০৪৬ ॥

টীকা—দেবঃ তৎপ্রতিমেত্যর্থঃ। অথ-শব্দো বিকল্পে, প্রাসাদো বা। মহাত্মানো নিরভিমানাঃ, মহাধিয়শ্চ পরমবিবেকিনঃ স্বকীর্ত্ত্যনপেক্ষণেন পর-কীর্ত্তিসংরক্ষণেন চ পুণ্যবিশেষসিদ্ধেঃ ॥ ১০৪৬ ॥

হয়শীর্ষে—

যো জীর্ণং বিধিনা দেবং সংস্কুর্য্যান্মানবো ভুবি।
ফলং দশগুণং তস্য মূলান্মান্ত্যত্র সংশয়ঃ ॥ ১০৪৭ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—যে মানব পৃথিবীতে জীর্ণ শ্রীহরিমূর্ত্তিকে সংস্কার করে, তাহার নূতন বিগ্রহ স্থাপন অপেক্ষা দশগুণ অধিক ফল হয় এ বিষয়ে সংশয় নাই ॥ ১০৪৭ ॥

টীকা—মূলাৎ—প্রথমস্থাপকাৎ ॥ ১০৪৭ ॥

মূলাদ্দশগুণং পুণ্যং কূপাদেঃ পরিকীর্ত্তিতম্।
প্রতিমাদৌ শতগুণং জীর্ণসংস্করণাদ্ভবেৎ ॥ ১০৪৮ ॥

ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিতে শ্রীভগবদ্ভক্তিবিলাসে প্রাতিষ্ঠিকো নামৈকোনবিংশো বিলাসঃ ॥

অনুবাদ—জীর্ণ কূপাদির সংস্কারে নূতন হইতে দশগুণ পুণ্য অধিক কীর্ত্তিত হয়, প্রতিমাদিতে জীর্ণ সংস্কারে নূতন হইতে শতগুণ পুণ্য অধিক হয় ॥ ১০৪৮ ॥

ইতি শ্রীগোপালভট্ট-বিলিখিত শ্রীভগবদ্ভক্তিবিলাসে প্রতিষ্ঠিক নামক উনবিংশ বিলাস সমাপ্ত ॥ ১৯ ॥

ইত্যূনবিংশো বিলাসঃ।

বিংশ-বিলাসঃ

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ

কথঞ্চন স্মৃতে যস্মিন্ দুষ্করং সুকরং ভবেৎ।
বিস্মৃতে বিপরীতং স্যাৎ শ্রীচৈতন্যং নমামি তম্॥১॥

শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ

অনুবাদ—অন্বয় ও ব্যতিরেক ভাবে শ্রীকৃষ্ণ-চৈতন্যদেবের স্মরণ প্রভাব দেখাইতেছেন—যে কোন প্রকারে যিনি স্মৃত হইলে দুঃসাধ্য কার্য্য সুসাধ্য হয়, আর যিনি বিস্মৃত হইলে সুসাধ্য কার্য্য দুঃসাধ্য হয় সেই শ্রীকৃষ্ণচৈতন্যদেবকে প্রণাম করিতেছি ॥ ১ ॥

টীকা—শ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ। সিধ্যেৎ প্রাসাদিকো ভক্তিবিলাসো যৎপ্রসাদতঃ। স মে প্রসন্নবদনঃ শ্রীচৈতন্যঃ প্রসীদতু ॥ শ্রীভগবতো মন্দির-নির্ম্মাণবিধিং লিখিষ্যন্ তল্লিখনে চাত্মনাঽশক্যোঽপি তস্য স্মরণপ্রভাবেণ শক্তিং সংভাবয়ন্ তং প্রণমতি কথঞ্চনেতি। যেন কেনাপি প্রকারেণ স্মৃতোঽপি, দুষ্করং কর্ত্তুমশক্যমপি, বিপরীতং সুকরমপি দুষ্করং স্যাৎ। এবমন্বয়ব্যতিরেকাভ্যাং স্মরণপ্রভাবো দর্শিতঃ ॥ ১ ॥

শ্রীমূর্ত্তেঃ স্থাপনার্থৈকং বেশ্মাবশ্যমপেক্ষ্যতে ।
অতো মন্দিরনির্ম্মাণবিধিরত্র বিলিখ্যতে ॥ ২ ॥

অনুবাদ—পূর্ব্বোক্ত শ্রীবিগ্রহ স্থাপনের জন্য একটি মন্দির অবশ্য প্রয়োজনীয়। অতএব নির্ম্মাণ বিধি এই বিংশ বিলাসে বিশেষ ভাবে লিখিত হইতেছে ॥ ২

টীকা—ননু বৈষ্ণবানামাবশ্যককর্ম্মলিখনমেব প্রাক্ প্রতিজ্ঞাতং তৎ কিং প্রাসাদলিখনেন ? তত্র লিখতি—শ্রীমূর্ত্তেরিতি। পূজার্থমবশ্যং শ্রীভগবন্মূর্ত্তির-পেক্ষ্যতে, তদর্থং চাবশ্যং গৃহমেকং তদুযোগ্যম-পেক্ষ্যতে, অতস্তন্নির্ম্মাণপ্রকারলিখনমপ্যুপযুক্তমেবেতি ভাবঃ ॥ ২ ॥

অথ শ্রীভগবন্মন্দিরনির্ম্মাণম্

ভবেদ্বহুবিধং তচ্চ বেশ্ম তত্র স্বশক্তিতঃ ।
শাস্ত্রানুসারতঃ কুর্য্যাদেকং বাসোচিতং প্রভোঃ ॥৩॥

অনুবাদ—অনন্তর শ্রীভগবন্মন্দির নির্ম্মাণ—শ্রীভগবন্মন্দির বহুবিধ হইতে পারে, তন্মধ্যে নিজ সামর্থ্য অনুসারে শাস্ত্রবিধি অনুসরণে শ্রীমন্মহাপ্রভুর বাসযোগ্য একটি মন্দির নির্ম্মাণ কর্ত্তব্য ॥ ৩ ॥

টীকা—প্রাসাদমণ্ডপাদিভেদেন বহুবিধং, তচ্চ ন শাস্ত্রোক্তব্যতিক্রমেণ কার্য্যমিতি লিখতি—শাস্ত্রেতি মতঃ প্রভোর্জগদীশ্বরস্য বাসোচিতম্ ॥ ৩ ॥

অথ মন্দিরনির্ম্মাণমাহাত্ম্যম্

বামনপুরাণে—
যঃ কারয়েন্মন্দিরং মাধবস্য
পুণ্যান্ লোকান্ স জয়েচ্ছাশ্বতান্ বৈ ।
দত্ত্বারামান্ পুষ্পফলাভিপন্নান্
ভোগান্ ভুঙ্ক্তে কামতঃ স্বর্গসংস্থঃ ॥ ৪ ॥

অনুবাদ—অনন্তর মন্দির নির্ম্মাণ মাহাত্ম্য, বামন-পুরাণে—শ্রীমাধবদেবের মন্দির যিনি নির্ম্মাণ করান, তিনি নিত্য বৈকুণ্ঠধামে পবিত্র লোকসমূহ জয় করেন ইহা নিশ্চিত, পুষ্প, ফল শোভিত উপবন দান করিয়া নিত্য স্বর্গ বৈকুণ্ঠে থাকিয়া ইচ্ছামত ভোগসমূহ ভোগ করেন ॥ ৪ ॥

টীকা—শাশ্বতান্ লোকানিতি বহুত্বং শ্রীবৈকুণ্ঠ-লোকস্য গৌরবাভিপ্রায়েণ, তত্রত্য বহুলপ্রদেশবিশেষা-পেক্ষয়া বা জ্ঞেয়ম্, অন্যেষাং সর্ব্বেষামশাশ্বতত্বাৎ ॥৪॥

পিতামহস্য পুরতঃ কুলান্যষ্টৌ চ যানি তু ।
তারয়েদাত্মনা সার্দ্ধং বিষ্ণোর্মন্দিরকারকঃ ॥ ৫ ॥

অনুবাদ—শ্রীবিষ্ণুমন্দির নির্ম্মাণকারী নিজের সহিত পিতামহের ঊর্দ্ধতন অষ্টকুলকেও অশেষ সংসার-দুঃখ হইতে পার করিয়া বৈকুণ্ঠধামে লইয়া যায় ॥ ৫ ॥

টীকা—ন চ স এবৈকঃ, কিন্তু নিজপূর্ব্বজৈরপ্য-ন্বিত ইত্যাহ—পিতেতি। তারয়েৎ দুষ্কর্ম্মভিঃ সং-সারাব্ধৌ নরকেষু বা পতিতানপি শ্রীবৈকুণ্ঠলোক-প্রাপণেনাশেষদুঃখপারং নয়েদিত্যর্থঃ ॥ ৫ ॥

কিঞ্চ পিতৃগাথায়াম্—
অপি ন স্বকুলে কশ্চিদ্বিষ্ণুভক্তো ভবিষ্যতি
হরিমন্দিরকর্ত্তা যো ভবিষ্যতি শুচিব্রতঃ ॥ ৬ ॥

অনুবাদ—আরও—পিতৃগাথাতে—আমাদের কুলে কি কোন বিষ্ণুভক্ত জন্মগ্রহণ করিবে ? যে ব্যক্তি পবিত্র ব্রত ধারণ পূর্ব্বক শ্রীহরিমন্দির নির্ম্মাণ কর্ত্তা হইবে ॥ ৬ ॥

টীকা—অতএব পিতৃভির্গীয়তে—অপীতি ॥ ৬ ॥

অগ্নিপুরাণে—
যে ধ্যায়ন্তি সদা বুদ্ধ্যা করিষ্যামো হরের্গৃহম্ ।
তেষাং বিলীয়তে পাপং পূর্ব্বজন্মশতোদ্ভবম্ ॥ ৭ ॥

অনুবাদ—অগ্নিপুরাণে—যাহারা বুদ্ধিদ্বারা সর্ব্বদা ধ্যান করে—আমরা শ্রীহরির গৃহ নির্ম্মাণ করিব, তাহাদের পূর্ব্ব শত জন্মের সঞ্চিত পাপ বিলীন হয় ॥৭॥

টীকা—করিষ্যাম ইতি বুদ্ধ্যা ধ্যায়ন্তি, দৃঢ়েচ্ছাং কুর্ব্বন্তি ; যদ্বা, বুদ্ধ্যা ভাবনয়া করিষ্যাম ইতি সদা চিন্তয়ন্ত্যেব, ন তু তাদৃশমপি কদাপি কর্ত্তুং শক্নুবন্তি, তেষামপি ॥ ৭ ॥

কিঞ্চ—

সমতীতং ভবিষ্যঞ্চ কুলানামযুতং নরঃ।
বিষ্ণুলোকং নয়ত্যাশু কারয়িত্বা হরের্গৃহম্ ॥ ৮ ॥

অনুবাদ—আরও—মানব শ্রীহরির মন্দির নির্ম্মাণ করাইয়া অতীত ও ভবিষ্যৎ দশ সহস্র কুলকে শীঘ্র বিষ্ণুধামে লইয়া যান ॥ ৮ ॥

কিঞ্চ—

লক্ষেণাথ সহস্রেণ শতেনার্দ্ধেন বা হরেঃ।
তুল্যং ফলং সমাখ্যাতমিহেশ্বরদরিদ্রয়োঃ ॥ ৯ ॥

অনুবাদ—আরও—সমর্থ ব্যক্তি বহু অর্থ লক্ষ বা সহস্র মুদ্রা ব্যয়ে শ্রীহরির মন্দির নির্ম্মাণ করুন, আর দরিদ্র ব্যক্তি শত বা তদর্দ্ধ মুদ্রা ব্যয়ে শ্রীহরির মন্দির নির্ম্মাণ করুন, উভয়েই শ্রীহরির নিকট তুল্য ফল প্রাপ্ত হন, তাঁহার নিকট ধনী ও দরিদ্র সমান ॥ ৯ ॥

টীকা—লক্ষেণেতি—সমর্থো বহুবিত্তব্যয়েন হরেগৃহং করোতু, দরিদ্রো বা অল্পব্যয়েন করোতু, দ্বয়োরপি হরেঃ সকাশাৎ ফলং সমানমেব কথিতমভিক্তেঃ শ্রদ্ধাদিসাম্যাৎ পরমফলবৈকুণ্ঠপ্রাপণাদ্বা ইতি দিক্ ॥৯

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে—

কৃত্বা বাসগৃহং তস্য দেবস্য পরমেষ্ঠিনঃ।
রাজসূয়াশ্বমেধানাং ফলেন সহ যুজ্যতে ॥ ১০ ॥

অনুবাদ—বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয় কাণ্ডে—পরমেষ্ঠী শ্রীহরির মন্দির নির্ম্মাণ করিয়া রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞসমূহের ফল পাওয়া যায় ॥ ১০ ॥

সুরবেশ্মনি যাবন্তো দ্বিজেন্দ্রাঃ পরমাণবঃ।
তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ॥ ১১ ॥

অনুবাদ—হে দ্বিজেন্দ্রগণ! শ্রীহরিমন্দিরে যত সংখ্যক পরমাণু থাকে তত সহস্রবর্ষ বৈকুণ্ঠলোকে মন্দিরনির্ম্মাণকারক বিরাজ করে ॥ ১১ ॥

টীকা—হে দ্বিজেন্দ্রাঃ ॥ ১১ ॥

প্রাসাদে মৃন্ময়ে পুণ্যং ময়ৈতৎ কথিতং দ্বিজাঃ।
তস্মাদ্দারুময়ে পুণ্যং কৃতে শতগুণং ভবেৎ ॥ ১২ ॥

অনুবাদ—হে দ্বিজগণ! মৃন্ময় শ্রীহরিমন্দির নির্ম্মাণের পুণ্য আমি বলিলাম দারুময়মন্দির করিলে তাহা হইতে শতগুণ পুণ্য হয় ॥ ১২ ॥

ততো দশগুণং পুণ্যং তথা শৈলময়ে ভবেৎ।
ততো দশগুণং লৌহে তাম্রে শতগুণং ততঃ ॥ ১৩ ॥

অনুবাদ—শৈলময় মন্দির করিলে তাহা হইতে দশগুণ অধিক পুণ্য হয়, লৌহময় মন্দিরে তাহা হইতে দশগুণ, তাম্রময়ে তাহা হইতে শতগুণ অধিক ফল হয় ॥ ১৩ ॥

সহস্রগুণিতং রৌপ্যে তস্মাৎ ফলমুপাশ্নুতে।
ততঃ শতসহস্রং বৈ সৌবর্ণে দ্বিজসত্তমাঃ।
অনন্তফলমাপ্নোতি রত্নচিত্রে মনোহরে ॥ ১৪ ॥

অনুবাদ—রৌপ্যময় মন্দিরে পূর্ব্বাপেক্ষা সহস্র গুণ অধিক ফল ভোগ করে, সুবর্ণময় মন্দিরে হে দ্বিজ সত্তমগণ! পূর্ব্বাপেক্ষা শত সহস্র গুণ অধিক ফল, মনোহর রত্ন চিত্রিত মন্দির নির্ম্মাণে অনন্ত ফল হয় ॥ ১৪ ॥

টীকা—রত্নৈঃ চিত্রে খচিতে ॥ ১৪ ॥

স্কান্দে—

আরম্ভে কৃষ্ণধিষ্ণ্যস্য সপ্তজন্মনি যৎ কৃতম্।
পাপং বিলয়মাপ্নোতি নরকাদুদ্ধরেৎ পিতৃন্ ॥ ১৫ ॥

অনুবাদ—স্কন্দপুরাণে—শ্রীকৃষ্ণমন্দির নির্ম্মাণ আরম্ভে পূর্ব্ব সপ্ত জন্ম যে সকল পাপ হইয়াছে, তাহা বিনাশ পায়, আর নরক হইতে পিতৃ-পুরুষগণকে উদ্ধার করে ॥ ১৫ ॥

প্রাসাদপাদে কৃষ্ণস্য যাবত্তিষ্ঠন্তি রেণুকাঃ।
তাবদ্বর্ষসহস্রাণি বসতে বিষ্ণুসদ্মনি ॥ ১৬ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণমন্দিরের পাদদেশে যত সং-

ষ্যক রেণু থাকে, তত সহস্রবর্ষ শ্রীবিষ্ণুগৃহে বাস করে ॥ ১৬ ॥

প্রাসাদে কৃষ্ণদেবস্য চিত্রকর্ম্ম করোতি যঃ ।
বসতে বিষ্ণুলোকে তু যাবত্তিষ্ঠন্তি সাগরাঃ ॥ ১৭ ॥

অনুবাদ—শ্রীকৃষ্ণদেবের মন্দিরে যিনি চিত্রকর্ম্ম করেন, যতকাল সাগরসমূহ অবস্থান করে, ততকাল বিষ্ণুলোকে বাস করে ॥ ১৭ ॥

টীকা—কৃষ্ণস্য প্রাসাদস্তস্য পাদে মূলে প্রদেশে বা যাবৎ যাবত্যো রেণুকাস্তিষ্ঠন্তি ॥ ১৭ ॥

নারসিংহে—
যঃ কুর্য্যাচ্ছোভনং বেশ্ম নরসিংহস্য ভক্তিমান্ ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥ ১৮ ॥

অনুবাদ—নৃসিংহপুরাণে—যে ভক্তিমান্ মানবী নরসিংহদেবের মনোরম মন্দির নির্ম্মাণ করে, সে সর্ব্বপাপ বিমুক্ত হইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হয় ॥ ১৮ ॥

টীকা—ভক্তিমত্ত্বেনৈব শোভনবেশ্মকরণাত্তক্তিমানিত্যুক্তং, ন চাধিকারিবিশেষণত্বেনেতি দিক্ ॥১৮॥

হয়শীর্ষে—
দেবাগারং করোমীতি মনসা যস্তু চিন্তয়েৎ ।
তস্য কায়গতং পাপং তদহ্না বিপ্র নশ্যতি ।
কৃতে তু কিং পুনস্তস্য প্রাসাদে বিধিনৈব তু ॥ ১৯ ॥

অনুবাদ—হয়শীর্ষপঞ্চরাত্রে—যে মানব দেব-মন্দির করিব মনে চিন্তা করে, হে বিপ্র ! তাহার শরীরস্থ পাপ ঐ দিন বিনাশ পায়, বিধিপূর্ব্বক প্রাসাদ নির্ম্মাণ করিলে তাহার কি পুণ্য তাহা কি বলিব ॥১৯

টীকা—মনসা চিন্তয়েৎ, কেবলমিচ্ছামাত্রং করোতীত্যর্থঃ ॥ ১৯ ॥

অষ্টেষ্টকাসমাযুক্তং যঃ কুর্য্যাদ্বৈষ্ণবং গৃহম্ ।
ন তস্য ফলসম্পত্তির্বক্তুং শক্যেত কেনচিৎ ।
অনেনৈবানুমেয়ং তু ফলং প্রাসাদবিস্তরাৎ ॥ ২০ ॥

অনুবাদ—অষ্ট ইষ্টকাযুক্ত বিষ্ণু গৃহ যে মানব নির্ম্মাণ করে, তাহার ফল সম্পদ বর্ণন করিতে কেহ সমর্থ নহে, অতএব বিশাল প্রাসাদ নির্ম্মাণের যে ফল তাহা ইহা দ্বারা অনুমান কর্ত্তব্য ॥ ২০ ॥

মরণঞ্চ ব্রজেন্মর্ত্ত্যো যঃ কৃত্বা প্রথমেষ্টকাম্ ।
স সমাপ্তস্য যজ্ঞস্য ফলমাপ্নোত্যসংশয়ম্ ॥ ২১ ॥

অনুবাদ—যে মানব মন্দিরের প্রথম ইষ্টক পত্তন করিয়া মৃত্যু প্রাপ্ত হয়, তিনি নিঃসংশয়ে যজ্ঞ সমাপ্তির ফল প্রাপ্ত হন ॥ ২১ ॥

টীকা—প্রথমেষ্টকা-ন্যাসার্থং প্রতিষ্ঠিতলিঙ্গাদ্যষ্টেষ্টকামধ্যে প্রথমামাদ্যাং কৃত্বা বিন্যস্যাপি, যদ্বা, প্রাসাদার্থং নির্ম্মীয়মাণাসংখ্যেষ্টকামধ্যে প্রাগেকমাত্রেষ্টকাং নির্ম্মায় ; সমাপ্তস্য সম্পূর্ণদক্ষিণাদিকস্য ॥২১॥

বিষ্ণুরহস্যে—
বাল্যে সংক্রীড়মানা যে পাংশুভির্ভবনং হরেঃ ।
বাসুদেবস্য কুর্ব্বন্তি তেঽপি তল্লোকগামিনঃ ॥ ২২ ॥

অনুবাদ—বিষ্ণুরহস্যে—বাল্যকালে ক্রীড়াবশে যাহারা ধূলিদ্বারা বাসুদেব শ্রীহরির মন্দির করে, তাহারাও শ্রীকৃষ্ণলোকে গমনকারী হয় ॥ ২২ ॥

টীকা—বাসুদেবস্য—শ্রীবসুদেবনন্দনস্য হরেঃ ॥ ২২ ॥

আদিপুরাণে—
লেপনাচ্ছাদনং চৈব যঃ করোতি পুনর্নবম্ ।
দেবস্যায়তনং কৃত্বা ন ভবেৎ কীটজং ভয়ম্ ॥ ২৩ ॥

অনুবাদ—আদিপুরাণে—যিনি প্রাচীন মন্দিরের পুনরায় চূর্ণাদি দ্বারা লেপন ও আচ্ছাদন করেন, সর্পাদি কীটজ ভয় তাহার হয় না ॥ ২৩ ॥

টীকা—লেপনং সুধাদিলেপম্, আচ্ছাদনঞ্চ চূর্ণাদিভির্নিশ্ছিদ্রতাপাদনম্ কুত্র ? ইত্যপেক্ষয়াহ—দেবস্যায়তনং প্রতি কৃত্বেতি । যদ্বা, এতদ্দৃষ্টান্তত্বেনোহ্যম্ । কীটাঃ সর্পাদয়ঃ ক্ষুদ্রলাকা বা তজ্জম্ ॥২৩

অথ মন্দিরনির্ম্মাণকালঃ

মাৎস্যে—

চৈত্রে ব্যাধিমবাপ্নোতি যো গৃহং কারয়েন্নরঃ।
বৈশাখে ধনরত্নানি জ্যৈষ্ঠে মৃত্যুং তথৈব চ ॥ ২৪ ॥
আষাঢ়ে ভৃত্যরত্নানি পশুবর্গমবাপ্নুয়াৎ।
শ্রাবণে মিত্রলাভং তু হানিং ভাদ্রপদে তথা ॥ ২৫ ॥
পত্নীনাশং চাশ্বযুজে কার্ত্তিকে ধনধান্যকম্।
মার্গশীর্ষে তথা ভক্তং পৌষে তস্করজং ভয়ম্ ॥ ২৬ ॥
লাভং তু বহুশো বিদ্যাদীনাং মাঘে বিনির্দ্দিশেৎ।
কাঞ্চনং ফাল্গুনে পুত্রানিতি কালবলং স্মৃতম্ ॥২৭॥

অনুবাদ—অনন্তর মন্দির নির্ম্মাণ কাল, মৎস্য-পুরাণে—যে মানব চৈত্রে গৃহ নির্ম্মাণ করায় সে ব্যাধি প্রাপ্ত হয়, বৈশাখে ধনরত্ন লাভ হয়, জ্যৈষ্ঠে মৃত্যু, আষাঢ়ে ভৃত্য ও রত্নপ্রাপ্তি এবং পশুবর্গ প্রাপ্তি, শ্রাবণে মিত্রলাভ, ভাদ্রে হানি, আশ্বিনে পত্নীনাশ, কার্ত্তিকে ধনধান্য, অগ্রহায়ণে অন্ন লাভ, পৌষে চৌর্য্যভয়, মাঘে বিদ্যাদি বহু লাভ এবং ফাল্গুনে স্বর্ণ ও বহু পুত্রলাভ, দেবগৃহ নির্ম্মাণে কালবল এইরূপ জানিবে ॥ ২৪-২৭ ॥

———

অশ্বিনী রোহিণী মূলমুত্তরাত্রয়মৈন্দবম্।
স্বাতী হস্তোঽনুরাধা চ গৃহারম্ভে প্রশস্যতে ॥ ২৮ ॥

অনুবাদ—গৃহারম্ভে নক্ষত্র ফল—অশ্বিনী, রোহিণী, মূলা, উত্তরাত্রয়—উত্তরাষাঢ়া, উত্তর ভাদ্রপাদ, উত্তর ফল্গুনী, মৃগশিরা, স্বাতী, হস্তা ও অনুরাধা এই সকল নক্ষত্র প্রশংসনীয় ॥ ২৮ ॥

টীকা—ঐন্দবং—মৃগশীর্ষম্ ॥ ২৮ ॥

———

আদিত্যভৌমবর্জ্জঞ্চ সর্ব্বে বারাঃ শুভাবহাঃ।
বজ্র-ব্যাঘাত-শূলানি ব্যতিপাতাতিগণ্ডকে।
বিষ্কুম্ভ-গণ্ড-পরিঘান্ বর্জ্জ্য যোগেষু কারয়েৎ ॥২৯॥

অনুবাদ—গৃহারম্ভে রবি, মঙ্গল ভিন্নসমস্ত বারসমূহ শুভপ্রদ, যোগ মধ্যে বজ্র, ব্যাঘাত, শূল, ব্যতিপাত, অতিগণ্ড, বিষ্কুম্ভ, গণ্ড ও পরিঘ যোগ ব্যতীত অন্য যোগে দেব গৃহারম্ভ কর্ত্তব্য ॥ ২৯ ॥

টীকা—বর্জ্জ্য—বর্জ্জয়িত্বা ॥ ২৯ ॥

———

শ্বেতে মৈত্রে চ মাহেন্দ্রে গান্ধর্ব্বাভিজিদ্রৌহিণে।
তথা বৈরাজসাবিত্রে মুহূর্ত্তে গৃহমারভেৎ ॥ ৩০ ॥

অনুবাদ—শ্বেত, মৈত্র, মাহেন্দ্র, গান্ধর্ব্ব অভিজিৎ রোহিণী, বৈরাজ ও সাবিত্র মুহূর্ত্তে দেব গৃহারম্ভ কর্ত্তব্য ॥ ৩০ ॥

টীকা—শ্বেতাদিসংজ্ঞকানাং নবমুহূর্ত্তানামেকতমে ॥ ৩০ ॥

———

চন্দ্রাদিত্যবলং লব্ধা লগ্নং শুভনিরীক্ষিতম্।
স্তম্ভোচ্ছ্রয়াদি কর্ত্তব্যমন্যত্র পরিবর্জ্জয়েৎ ॥ ৩১ ॥

অনুবাদ—চন্দ্র ও রবি বল প্রাপ্ত হইয়া শুভগ্রহ-দৃষ্ট প্রাপ্ত হইলে স্তম্ভের উচ্চতাদি নিরূপণ কর্ত্তব্য, অন্য সময়ে দেবগৃহ নির্ম্মাণ পরিবর্জ্জনীয় ॥ ৩১ ॥

টীকা—অন্যত্র উক্তেতরকালে পরিবর্জ্জয়েৎ, ন প্রারভেদিত্যর্থঃ ॥ ৩১ ॥

———

হয়শীর্ষে—

বাস্তুকর্ম্ম ন চারভ্যং বর্ষাকালে বিজানতা।
কৃষ্ণপক্ষে ত্রিভাগান্তে শুক্লস্যাদৌ দ্বিতীয়কে।
চতুর্থী নবমী বর্জ্জ্যা তিথিশ্চাপি চতুর্দ্দশী ॥ ৩২ ॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—অভিজ্ঞব্যক্তি বর্ষা-কালে বাস্তুকর্ম্ম আরম্ভ করিবেন না। কৃষ্ণপক্ষে একাদশী হইতে অমাবস্যা এবং শুক্লপক্ষে আদিভাগে ও দ্বিতীয় ভাগে দেবগৃহ আরম্ভ করিবেন না, কৃষ্ণ-পক্ষে চতুর্থী ও নবমী, শুক্লপক্ষে চতুর্দশী রিক্তা হেতু বর্জ্জনীয়া ॥ ৩২ ॥

টীকা—ত্রয়াণাং ভাগানামন্তে সতি একাদশ্যাদিষু নারভ্যম্, তথা শুক্লপক্ষস্য আদিভাগে দ্বিতীয়ভাগে চ ন চারভ্যম্। তত্রাপি কৃষ্ণপক্ষস্য প্রথমভাগে চতুর্থী, তথা দ্বিতীয়ে নবমী, শুক্লস্য চান্তে চতুর্দ্দশী রিক্তাত্বেন বর্জ্জনীয়া ॥ ৩২ ॥

———

ভৌমস্য তু দিনং বর্জ্জ্যং করণং বিষ্টিসংজ্ঞিতম্।
ক্ষিত্যন্তরীক্ষদিব্যোত্থৈৎরুৎপাতৈর্ভয়পীড়িতম্।
উপসৃষ্টং গ্রহৈর্ভঞ্চ ব্যতীপাতহতং তথা ॥ ৩৩ ॥

অনুবাদ—মঙ্গলবার, বিষ্টিকরণ বর্জ্জনীয়, ভূকম্পাদি, উল্কাপাতাদি, সূর্য্য গ্রহণাদি, ভয় পীড়িত দিন বর্জ্জনীয়, বন্ধুবিয়োগাদি পীড়িত দিন, শনিগ্রহ দ্বারা নক্ষত্র পীড়িত দিন, ব্যতীপাত হত দিন পরিত্যাজ্য ॥ ৩৩ ॥

টীকা—ক্ষিত্যুত্থ উৎপাতঃ ভূকম্পাদি, অন্তরীক্ষোত্থ উল্কাপাতাদিঃ, দিব্যশ্চ সূর্য্যগ্রহণাদিঃ, তৈর্ভয়রূপৈঃ পীড়িতং বাধিতং দিনং বর্জ্জ্যম্। যদ্বা, তৈরুৎপাতৈর্লক্ষিতম্। অন্যৈর্ভয়ৈশ্চ বন্ধুবিয়োগাদিভিঃ পীড়িতং দিনং বর্জ্জ্যম্। উপসৃষ্টং পীড়িতম্। গ্রহৈঃ শনৈশ্চরাদিভিঃ ॥ ৩৩ ॥

চন্দ্রতারানুকূলে চ কার্য্যং কর্ম্ম বিজানতা।
ধ্রুবাণি চাত্র শস্তানি নৈর্ঋতং শক্রদৈবতম্।
পুষ্যং পৌষ্ণঞ্চ সাবিত্র্যং বায়ব্যং বৈষ্ণবং তথা ॥৩৪॥

অনুবাদ—অভিজ্ঞব্যক্তি চন্দ্র, তারা অনুকূলে দেবগৃহারম্ভ করিবেন, স্থির নক্ষত্র, প্রশস্ত মূলা, জ্যেষ্ঠা, পুষ্যা, রেবতী, হস্তা, স্বাতী ও শ্রবণা প্রশস্তা ॥ ৩৪ ॥

টীকা—ধ্রুবাণি স্থিরাণি, নৈর্ঋতং মূলম্, শক্রদৈবতং জ্যেষ্ঠা, পুষ্যা পৌষ্ণং রেবতী, সাবিত্র্যং হস্তঃ বায়ব্যং স্বাতী, বৈষ্ণবং শ্রবণম্ ॥ ৩৪ ॥

স্থিরাংশে চ স্থিরে কর্ত্তুশ্চোপচয়াত্মকে।
কেন্দ্রে সৌম্যগ্রহো যস্য ত্রিকোণে তু সুরোত্তমঃ।
পাপাশ্চোপচয়স্থানে তদা কার্য্যং সমারম্ভেৎ ॥ ইতি ॥ ৩৫ ॥

অনুবাদ—কর্ত্তার উপচয় স্থানে, স্থিরাংশে, স্থিরলগ্নে, কেন্দ্রে (১, ৪, ৭, ১০) সৌম্য গ্রহ অবস্থান কালে, ত্রিকোণে বৃহস্পতি এবং উপচয় স্থানে—তৃতীয় ষষ্ঠ, দশম ও একাদশে পাপগ্রহ থাকে, তৎকালে দেব গৃহারম্ভ কার্য্য আরম্ভ করিবেন ॥ ৩৫ ॥

টীকা—কেন্দ্রং লগ্নং ততশ্চতুর্থং সপ্তমং দশমং চেত্যেবং স্থানচতুষ্কং, তস্মিন্ ত্রিকোণে লগ্নে নবপঞ্চমে, উপচয়স্থানং তৃতীয়ং ষষ্ঠং দশমমেকাদশঞ্চ, তস্মিন্ ॥ ৩৫ ॥

প্রাসাদরচনাস্থানং প্রতিষ্ঠাস্থাননির্ণয়াৎ।
ব্যক্তমেবাভবৎ কশ্চিৎ বিশেষোঽন্যোঽত্র লিখ্যতে ॥ ৩৬ ॥

অনুবাদ—প্রাসাদ রচনা স্থান পূর্ব্বে শ্রীমূর্ত্তি প্রতিষ্ঠা স্থান নির্ণয় প্রসঙ্গে ব্যক্ত হইয়া গিয়াছে, অন্য কিছু বিশেষ এস্থলে লিখিত হইতেছে ॥ ৩৬ ॥

টীকা—শ্রীমূর্ত্তিপ্রতিষ্ঠাস্থানং 'সিদ্ধক্ষেত্রং সরঃ পুণ্যম্' ইত্যাদিবচনেন, তথা 'নগরগ্রামমধ্যে' তু ইত্যাদিহয়শীর্ষপঞ্চরাত্রবচনৈশ্চ যো নির্ণয়ঃ পূর্ব্বং লিখিতোঽস্তি, তস্মাদেব প্রাসাদরচনায়াঃ স্থানমপি ব্যক্তমেবাভবৎ, নির্ণীতমভূদেবেত্যর্থঃ। প্রাসাদান্তরে শ্রীমূর্ত্তিস্থাপনাদত্র প্রাসাদ-রচনা-স্থাননির্ণয়ে কশ্চিদন্যোঽপি বিশেষো লিখ্যতে ॥ ৩৬ ॥

অথ প্রাসাদরচনা স্থানম্

হয়শীর্ষে—

পূর্ব্বং দেবকুলং পীড্য প্রাসাদং স্বল্পকং তথা।
সমং বাপ্যধিকং বাপি ন কর্ত্তব্যং বিজানতা ॥৩৭॥

অনুবাদ—অনন্তর প্রাসাদ রচনা স্থান, হয়শীর্ষ পঞ্চরাত্রে—অভিজ্ঞ ব্যক্তি প্রাচীন দেবমন্দিরের সীমা আক্রমণ করিয়া নূতন প্রাসাদ অল্প, সম বা বৃহৎ রচনা করিবেন না ॥ ৩৭ ॥

টীকা—পূর্ব্বং প্রাচীনং, দেবকুলং প্রাসাদমেব। পীড্য পীড়য়িত্বা তৎসীমামাক্রম্যেত্যর্থঃ ॥ ৩৭ ॥

উভয়োর্দ্বিগুণাং সীমাং ত্যক্ত্বা চোচ্ছ্রায়সম্মিতাম্।
প্রাসাদং কারয়েদন্যং নোভয়ং পীড়য়েদ্বুধঃ ॥৩৮॥

অনুবাদ—উভয় মন্দিরের মধ্যে দ্বিগুণ সীমা ত্যাগ করিয়া উচ্চতাও সমান রাখিয়া অন্য নূতন প্রাসাদ করাইবেন, উভয় সীমা অতিক্রম করা অভিজ্ঞ ব্যক্তির কর্ত্তব্য নহে ॥ ৩৮ ॥

অথ স্থানশোধনানি

দেবীপুরাণে—

দেবো বিষ্ণুস্তথা রুদ্রো ব্রহ্মাদ্যাঃ সুরসত্তমাঃ।
প্রতিষ্ঠাপ্যাঃ শুভে স্থানে অন্যথা তে ভয়াবহা ॥৩৯॥

অনুবাদ—অনন্তর স্থানশোধন, দেবীপুরাণে—দেবদেব শ্রীবিষ্ণু, মহাদেব, রুদ্র, ব্রহ্মাদি দেবশ্রেষ্ঠগণ ইঁহাদিগকে শুভ পবিত্রস্থানে স্থাপন কর্ত্তব্য। তাহা না হইলে তাহারা ভয়প্রদ হন ॥ ৩৯ ॥

গর্ত্তাদিলক্ষণা ধাত্রী গন্ধাস্বাদেন যা ভবেৎ।
বর্ণেন চ সুরশ্রেষ্ঠ সা মহী সর্ব্বকামদা ॥ ৪০ ॥

অনুবাদ—হে সুরশ্রেষ্ঠ। যে ভূমি গর্ত্তাদি লক্ষণ-যুক্তা, গন্ধে ও আস্বাদে বর্ণে উৎকৃষ্টা, সেই ভূমি মন্দির নির্ম্মাণে সর্ব্বকাম্য ফলপ্রদা ॥ ৪০ ॥

টীকা—সুগন্ধাদিলক্ষিতা চ যা ভবেৎ ॥ ৪০ ॥

মাৎস্যে—

পূর্ব্বং ভূমিং পরীক্ষেত পশ্চাদ্বাস্তুং প্রকল্পয়েৎ।
শ্বেতা রক্তা তথা পীতা কৃষ্ণা চৈবানুপূর্ব্বশঃ।
বিপ্রাদেঃ শস্যতে ভূমিরতঃ কার্য্যং পরীক্ষণম্ ॥৪১॥

অনুবাদ—মৎস্যপুরাণে—প্রথমতঃ ভূমি পরীক্ষা কর্ত্তব্য, পরে বাস্তু নির্ণয়। শ্বেত ভূমি বিপ্রগণের প্রশস্ত, রক্ত ভূমি ক্ষত্রিয়গণের, পীতভূমি বৈশ্যগণের ও কৃষ্ণভূমি শূদ্রগণের পক্ষে প্রশস্ত, অতএব পরীক্ষা কর্ত্তব্য ॥ ৪১ ॥

টীকা—বিপ্র-ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্রাণাং ক্রমেণ শ্বেতাদিভূমিঃ প্রশস্তা ভবতি ॥ ৪১ ॥

বিপ্রাণাং মধুরাস্বাদা কষায়া ক্ষত্রিয়স্য চ।
কষায়কটুতা তদ্বদ্বৈশ্যশূদ্রেষু শস্যতে ॥ ৪২ ॥

অনুবাদ—বিপ্রগণের মধুরাস্বাদ, ক্ষত্রিয়ের কষায় এবং কষায় যুক্ত কটু আস্বাদ ভূমি বৈশ্য ও শূদ্রগণের পক্ষে প্রশস্ত ॥ ৪২ ॥

অরত্নিমাত্রে বৈ গর্ত্তে স্বনুলিপ্তে চ সর্ব্বতঃ।
ঘৃতমামশরাবস্থং কৃত্বা বর্ত্তিচতুষ্টয়ম্।
জ্বালয়েদ্ভূপরীক্ষার্থং পূর্ণং তৎ সর্ব্বদিঙ্মুখম্ ॥৪৩॥
দীপ্তাং পূর্ব্বাদি গৃহ্নীয়াদ্বর্ণানামনুপূর্ব্বশঃ।
বাস্তুঃ সামূহিকো নাম দীপ্যতে সর্ব্বতস্তু যঃ।
শুভদঃ সর্ব্ববর্ণানাং প্রাসাদেষু গৃহেষু চ ॥ ৪৪ ॥

অনুবাদ—অরত্নি পরিমিত গর্ত্তের চতুর্দ্দিক গোময় দ্বারা লিপ্ত করিয়া কাঁচা মাটির শরাবে ঘৃত রাখিয়া চারিদিকে চারিটি বাতি জ্বালাইবে ভূমি পরীক্ষার জন্য পূর্ণভাবে সকলদিক আলোকিত করিয়া জ্বলিতে থাকিলে পূর্ব্বদিক হইতে ব্রাহ্মণাদিবর্ণের ক্রমে সুফল প্রদ। যে স্থলে সর্ব্বদিক আলোকিত হইবে তাহা সামূহিক বাস্তু সর্ব্ববর্ণের মন্দির বা গৃহ শুভদ ॥ ৪৩-৪৪ ॥

টীকা—আমরশরাবস্থং ঘৃতং কৃত্বা তত্র চ বর্ত্তি-চতুষ্টয়ং কৃত্বা তচ্চ বর্ত্তিচতুষ্টয়ং সর্ব্বদিঙ্মুখং চতুর্দিগভিমুখং পূর্ণং কৃত্বা ভূপরীক্ষার্থং প্রজ্বালয়েৎ। পূর্ণমিতি ঘৃতবিশেষণং বা ॥ ৪৩ ॥

টীকা—তত্র চ প্রাদক্ষিণ্যেন সম্যগ্দীপ্তিবিশেষেণ দীপ্তাং বর্ত্তিং লক্ষ্যীকৃত্য পূর্ব্বাদি-দিশামারভ্য ক্রমেণ বিপ্রাদীনাং শুভং জানীয়াদিত্যর্থঃ। তত্র যদি বর্ত্তি-দ্বয়মধিকং দীপ্যতে, তদা দ্বয়োরেব শুভং, তত্র চ পূর্ব্ব দক্ষিণয়োশ্চেত্তর্হি বিপ্রক্ষত্রিয়য়োঃ, পূর্ব্বোত্তরয়োশ্চেত্তর্হি বিপ্রশূদ্রয়োরিত্যেবমূহ্যম্। যত্র চ বর্ত্তিচতুষ্টয়ং সর্ব্বমেবাধিকং দীপ্যতে, তত্র সর্ব্বেষামেব শুভমিত্যাহ—বাস্তুরিতি ॥ ৪৪ ॥

অরত্নিমাত্রকং গর্ত্তং পরীক্ষ্যং খাতপূরণে।
অধিকে শ্রিয়মাপ্নোতি ন্যূনে হানিং সমে সমম্ ॥৪৫॥

অনুবাদ—অরত্নি পরিমিত গর্ত্ত করিয়া পরে ঐ মৃত্তিকা গর্ত্ত পূরণে মৃত্তিকা অধিক হইলে শুভ, কম হইলে অশুভ ও সমান হইলে সম ফল ॥ ৪৫ ॥

টীকা—কথং পরীক্ষ্যম্? তদাহ—খাতস্য তদ্-গর্ত্তস্য তন্মৃত্তিকাদিনা পূরণে সতি যদি তন্মৃত্তিকাদি-কমধিকমুদ্ধৃতং স্যাত্তর্হি শুভং স্যাদিত্যর্থঃ। তথা চোক্তং হয়শীর্ষদেবেন—'সংপূর্য্যমাণে খাতে তু তথাধিকমৃদং শুভাম্' ইতি। এবমগ্রেঽপ্যূহ্যম্ ॥ ৪৫ ॥

কালকৃষ্টেঽথবা দেশে সর্ব্ববীজানি রোপয়েৎ।
ত্রিপঞ্চসপ্তরাত্রেণ যত্র রোহন্তি তান্যপি।
জ্যেষ্ঠোত্তমকনিষ্ঠা ভূর্বর্জ্জনীয়েতরা সদা ॥ ৪৬ ॥

অনুবাদ—হল দ্বারা কর্ষিত ক্ষেত্রে সর্ব্ববিধ বীজ

রোপণ করিবে, তিন, পাঁচ ও সাত রাত্রিতে বীজ অঙ্কুরিত হইলে ক্রমে জ্যেষ্ঠ ভূমি, মধ্যম ভূমি ও কনিষ্ঠ ভূমি জানিবে, তন্মধ্যে কনিষ্ঠ ভূমি ও অন্য বর্জ্জনীয় ॥ ৪৬ ॥

টীকা—ত্রিরাত্রেণ যস্যাং বীজানি রোহন্তি, সা জ্যেষ্ঠা, পঞ্চরাত্রেণ যস্যাং সা মধ্যা, সপ্তরাত্রেণ চ যস্যাং সা কনিষ্ঠা ভূর্জ্ঞেয়াঃ ইত্যর্থঃ। তত্র চ অন্তিকাং কনিষ্ঠাং চ বর্জ্জয়েৎ। পাঠান্তরেঽপি সা এবার্থঃ ॥৪৬

———

হয়শীর্ষে—

সুরভীণাং রতির্যত্র সবৎসানাং বৃষৈঃ সহ।
সুন্দরীণাং রতির্যত্র পুরুষৈঃ সহ সত্তম ॥ ৪৭ ॥
রাজ্ঞাং পূর্ব্বং গৃহং যস্যামগ্নীনাং যজ্বনাং তথা।
কাশ্মীরচন্দনামোদা কর্পূরাগুরুগন্ধিনী ॥ ৪৮ ॥
কমলোৎপলগন্ধা চ জাতিচম্পকগন্ধিনী।
পাটলামল্লিকাগন্ধা নাগকেশরগন্ধিনী ॥ ৪৯ ॥
দধিক্ষীরাজ্যগন্ধা চ মদিরাসবগন্ধিনী।
সুগন্ধিব্রীহিগন্ধা চ শুভদ্রব্যস্বনা চ যা।
সর্ব্বেষাং বর্ণিনাং ভূমিঃ সর্ব্বসাধারণী মতা ॥৫০॥

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—হে সত্তম! যে ভূমিতে সবৎস সুরভিগণের বৃষগণ সহ কেলি, যে স্থানে সুন্দরীগণের পুরুষগণ সহ রতি, যে ভূমির পূর্ব্বদিকে রাজগৃহ, যজ্ঞশালা, যাজ্ঞিকগণের গৃহ, কাশ্মীর, চন্দন, কর্পূর, অগুরু গন্ধ যে ভূমির কমল, উৎপল, জাতি, চম্পক, পাটলা, মল্লিকা, নাগকেশর, দধি, ক্ষীর, ঘৃত, গন্ধা ভূমি, মদিরা, আসব, গন্ধিনী, সুগন্ধি, ব্রীহি, গন্ধা ও শুভ দ্রব্যের শব্দ যে ভূমিতে তাহা সর্ব্ববর্ণার সর্ব্বসাধারণী ভূমি বলিয়া স্বীকৃতা ॥ ৪৭-৫০ ॥

———

দুর্গন্ধা দুঃস্বনা যা চ নানাবর্ণা চ দুর্ভগা।
বৃত্তার্দ্ধচন্দ্রসদৃশী বিস্তারাদ্দ্বিগুণায়তা ॥ ৫১ ॥
বিবর্ণা বর্ণহীনা চ বক্রা সূচিমুখী তথা।
দ্বিবর্ণা সূর্পসদৃশী গোমুখী চ ত্রিকোণিকা ॥ ৫২ ॥
ষড়স্রা শূলসদৃশী দন্তিপৃষ্ঠোপমা চ যা।
সরীসৃপসমা যা চ দিঙ্মূঢ়া শকটাকৃতিঃ।
এবম্প্রকারা যা ভূমির্বর্জ্জ্যা যত্নেন দেশিকৈঃ ॥৫৩॥

অনুবাদ—দুর্গন্ধা, দুঃশব্দ শঙ্কুলা, নানা বর্ণা ও দুর্ভগা, গোলাকৃতি, অর্দ্ধচন্দ্র সদৃশী, বিস্তারের দ্বিগুণ দীর্ঘা। বিবর্ণা, বর্ণহীনা, বক্রা, সূচীমুখা, দ্বিবর্ণা, সূর্পসদৃশী, গোমুখী ও ত্রিকোণা, ষট্‌কোণা শূল সদৃশী, সর্পবৎ, দিক্ নির্ণয় অযোগ্যা, শকটাকৃতি—এই প্রকার যে ভূমি তাহা আচার্য্যগণ কর্ত্তৃক যত্নপূর্ব্বক বর্জ্জনীয় ॥ ৫১-৫৩ ॥

টীকা—বিবর্ণা দুর্বর্ণা ॥ ৫২ ॥

———

কিঞ্চ—

প্রাসাদস্য বিশেষেণ প্রোক্তা ভূমিশ্চতুর্ব্বিধা।
সুপদ্মা ভদ্রিকা পূর্ণা ধূম্রা বেগিন্যথাপি সা ॥ ৫৪ ॥

অনুবাদ—আরও—প্রাসাদের ভূমি বিশেষতঃ চতুর্ব্বিধা কথিত হইয়াছে—সুপদ্মা, ভদ্রিকা, পূর্ণা, ধূম্রা বা বেগিনী ॥ ৫৪ ॥

———

তিলকৈর্নারিকেলৈশ্চ বহিঃকাশৈশ্চ শোভিতা।
পদ্মেন্দীবরসংযুক্তা সা সুপদ্মেতি বিশ্রুতা ॥ ৫৫ ॥

অনুবাদ—যে ভূমি তিল, নারিকেল, কুশ ও কাশ সমূহদ্বারা শোভিতা, পদ্ম, নীলপদ্ম সংযুক্তা, তাহাই 'সুপদ্মা' নামে বিখ্যাতা ॥ ৫৫ ॥

———

নদীসমুদ্রায়তনতীর্থপর্য্যন্তশোভিতা।
পুষ্পবৃক্ষসমাকীর্ণা ক্ষীরবৃক্ষোপশোভিতা ॥ ৫৬ ॥

অনুবাদ—নদী, সমুদ্রায়তন তীর্থ পর্য্যন্ত শোভিতা পুষ্পবৃক্ষ সমাকীর্ণা, ক্ষীরযুক্ত বৃক্ষ শোভিতা ॥ ৫৬ ॥

———

বনোদ্যান-লতাগুল্মফুল্ল-স্তম্বসমাবৃতা।
যজ্ঞীয়-বৃক্ষসুক্ষেত্রযুক্তা ভদ্রেতি কীর্ত্তিতা ॥ ৫৭ ॥

অনুবাদ—বন, উদ্যান, লতা, গুল্ম, ফুল্লস্তম্ব-সমাবৃতা, যজ্ঞীয় বৃক্ষ, সুক্ষেত্রযুক্তা ভূমি 'ভদ্রা' নামে কীর্ত্তিতা ॥ ৫৭ ॥

———

বকুলাশোকবহুলা তথা প্লক্ষাম্রলোহিতৈঃ।
মাধবীবেষ্টিতা যা চ মুদ্গনিষ্পাবকোদ্রবৈঃ ॥৫৮॥
শূকধান্যৈশ্চ পুন্নাগৈর্গিরিপার্শ্বগতা চ যা।
তোয়ঞ্চ স্বল্পকং যস্যাং সা পূর্ণা পরিকীর্ত্তিতা ॥৫৯॥

অনুবাদ—বকুল, অশোক, পাকুড়, লোহিত বৃক্ষে শোভিত, মাধবী বেষ্টিতা, মুগ, নিষ্পাব, কোদ্রব, শূক, ধান্য, পুন্নাগ বৃক্ষশোভিতা, পর্ব্বত, পার্শ্বগতা এবং যাহাতে অল্পজলযুক্তা ঐ ভূমি 'পূর্ণা' নামে পরিকীর্ত্তিতা ॥ ৫৮-৫৯ ॥

———

বিল্বার্ক-স্নুহি-পীলূনাং বনৈর্যা পরিতো বৃতা।
সশর্করা চ কঠিনা যুক্তা কণ্টকিভিদ্রুমৈঃ ॥৬০॥
গৃধ্রগোমায়ুকাকানাং শ্যেনানাং যা কুলাকুলৈঃ।
ধূম্রেতি কীর্ত্তিতা সা তু তাং যত্নাৎ পরিবর্জ্জয়েৎ ॥৬১

অনুবাদ—ধূম্রা ভূমি—বিল্ব, আকন্দ, স্নুহি, পীলু বৃক্ষের বনদ্বারা পরিবেষ্টিতা কঙ্কর ও কঠিন ভূমি কাঁটাবৃক্ষযুক্তা, শকুন, শৃগাল, কাক ও শ্যেনপক্ষী সমাকুলা এইরূপ ভূমি 'ধূম্রা' নামে কীর্ত্তিতা, ঐ ভূমিকে যত্নপূর্ব্বক পরিবর্জ্জন করিবেন ॥ ৬০-৬১ ॥

টীকা—প্লক্ষাদিভিবিশিষ্টা। এবমগ্রেঽপি জ্ঞেয়ম্ স্নুহিঃ—শিজুঃ ॥ ৫৮-৬০ ॥

———

ততো ভূমিং পরীক্ষেত পূর্ব্বোদকপ্রবণাং শুভাম্।
অসঙ্কটাং তথাচ্ছন্নামল্পতোয়াং পরিপ্লুতাম্ ॥৬২॥
সম্পূর্য্যমাণে খাতে তু তথাধিকমৃদং লভেৎ।
কুসুম্ভসদৃশং বর্ণং যস্যাং ন ম্লানিমৃচ্ছতি ॥৬৩॥
ন নির্ব্বাতি তথা দীপস্তোয়ং শীঘ্রং ন জীর্য্যতে।
শ্বেতারুণা পীতকৃষ্ণা বিপ্রাদীনাং প্রশস্যতে ॥ ৬৪ ॥

অনুবাদ—অনন্তর ভূমি পরীক্ষা করিবে, পূর্ব্ব ও উত্তর দিকে নিম্ন ভূমি শুভপ্রদা, অদুর্গম ও তৃণাদি দ্বারা আচ্ছন্ন, অল্পজলমগ্না, গর্ত্ত করিলে পূরণকালে অধিক মৃত্তিকা থাকে, কুসুম্ভ সদৃশ বর্ণ, যাহা অম্লান যাহাতে দীপ নির্বাপিত হয় না, যে ভূমির জল শীঘ্র শুষ্ক হয় না, যে ভূমির বর্ণ শ্বেত, অরুণ, পীত, কৃষ্ণ ইহা ক্রমে ব্রাহ্মণাদি বর্ণে প্রশস্ত ॥ ৬৪ ॥

———

আজ্যাসৃগ্গন্ধা মদ্যানাং তুল্যগন্ধা তু যা ভবেৎ।
মধুরা চ কষায়া চ অম্লা চ কটুকা চ যা ॥৬৫॥
কুশৈঃ শরৈস্তথা কাশৈর্দূর্ব্বাভির্যা চ সংবৃতা।
তস্যাং পুণ্যেঽথ নক্ষত্রে কুর্য্যাদ্ভূমিপরিগ্রহম্ ॥৬৬॥

অনুবাদ—ঘৃত, রক্ত গন্ধা, মদ্যতুল্য গন্ধা যে ভূমি, মধুর, কষায়, অম্ল ও কটুরস স্বাদযুক্তা ভূমি, কুশ, শর, কাশ, দূর্ব্বা দ্বারা আচ্ছন্ন যে ভূমি তাহাতে পুণ্য নক্ষত্রে ভূমি পরিগ্রহ কর্ত্তব্য ॥ ৬৫-৬৬ ॥

টীকা—আজ্যাদিভিস্তুল্যো গন্ধো যস্যাঃ সা। তত্র আজ্যং ঘৃতম্। অসৃক্ রক্তং, গন্ধঃ—অগুর্বাদিসাধিতসুগন্ধিরসবিশেষঃ ॥ ৬৫ ॥

———

অথ ভূমিপরিগ্রহঃ

তত্রৈব—

প্রাকারসীমাপর্য্যন্তং ততো ভূতবলিং হরেৎ।
মাষং হরিদ্রাচূর্ণঞ্চ সলাজা দধিশক্তবঃ ॥ ৬৭ ॥

অনুবাদ—অনন্তর ভূমি পরিগ্রহ, উক্ত শাস্ত্রেই—তৎপরে প্রাচীর সীমা পর্য্যন্ত প্রাণীগণের উদ্দেশে মাষ, হরিদ্রাচূর্ণ, খই সহ দধি ও ছাতু মিশ্রিত করিয়া উপহার বিকীর্ণ করিবেন ॥ ৬৭ ॥

———

এভির্ভূতবলিং দত্ত্বা সূত্রমষ্টাক্ষরেণ তু।
পাতয়িত্বা ততঃ শঙ্কূনষ্টদিক্ষু নিবেশয়েৎ ॥ ৬৮ ॥

অনুবাদ—পূর্ব্বোক্ত দ্রব্য দ্বারা ভূতবলি প্রদান করিয়া অষ্টাক্ষর মন্ত্রে সূত্রপাত করিয়া অষ্টদিকে ভূমিতে আটটি শঙ্কু (গোঁজ) স্থাপন করিবেন ॥ ৬৮॥

———

রাক্ষসাশ্চাপি ভূতাশ্চ যেঽস্মিংস্তিষ্ঠন্তি ভূতলে।
তে সর্ব্বে ব্যপগচ্ছন্তু স্থানং কুর্য্যামহং হরেঃ।
ইত্যনুজ্ঞাপ্য ভূতাদীন্ তাং ভূমিং পরিশোধয়েৎ॥৬৯

অনুবাদ—এই ভূখণ্ডে যে সকল ভূত ও রাক্ষসগণ অবস্থান করিতেছে, তাহারা সকলে অন্যত্র যাউক আমি এস্থলে শ্রীহরির মন্দির করিব। ভূতগণকে এইরূপ জানাইয়া ঐ ভূমিকে শোধন করিবেন॥ ৬৯॥

———

আদিত্যাদিগ্রহাণাঞ্চ লোকপালৈঃ সমন্বিতী।
আজ্যেনেষ্টবিধানেন ততো বৈ হোমমাচরেৎ ॥৭০॥

অনুবাদ—অনন্তর কৃতী আদিত্যাদি গ্রহগণের লোকপালগণ সহ ঘৃতদ্বারা ইষ্টিযাগ বিধান অনুসারে হোম করিবেন ॥ ৭০ ॥

টীকা—লোকপালৈরিন্দ্রাদিভিঃ সমং সমন্বিতানামাদিত্যাদিগ্রহাণাং হোমং কুর্য্যাৎ ॥ ৭০ ॥

চরুহোমং ততঃ কুর্য্যান্মূলমন্ত্রেণ দেশিকঃ।
দদ্যাৎ পূর্ণাহুতিং পশ্চাদ্বৌষড়ন্তেন দেশিকঃ ॥৭১॥

অনুবাদ—তৎপরে আচার্য্য মূলমন্ত্রে চরুহোম করিবেন, পরে বৌষট্ অন্তদ্বারা পূর্ণাহুতি দিবেন ॥৭১॥

বৃষভৌ কপিলৌ গৃহ্য সবর্ণৌ বা বিচক্ষণঃ।
যোজনার্থং হলঞ্চৈব গৃহ্ণীয়াদসনোদ্ভবম্ ॥ ৭২ ॥

অনুবাদ—বিচক্ষণ ব্যক্তি কপিল বর্ণ বা সমান বর্ণ বৃষভদ্বয় লইয়া ক্ষেত্রকর্ষণার্থ আসন বৃক্ষজাত হল গ্রহণ করিবেন ॥ ৭২ ॥

টীকা—গৃহ্য গৃহীত্বা, অসনশ্চারবৃক্ষঃ, তদ্ভবম্। হলস্যেতি পাঠে হলমিতি শেষঃ ॥ ৭২ ॥

প্রাঙ্মুখং যোজ্য মন্ত্রজ্ঞো বস্ত্রালঙ্কারভূষিতঃ।
আসনীং যষ্টিমাদায় দ্বাদশাক্ষরবিদ্যয়া।
সম্মর্দ্দেন সমীকৃত্য শুভবীজানি বাপয়েৎ ॥ ৭৩ ॥

অনুবাদ—মন্ত্রজ্ঞ ব্যক্তি বস্ত্র ও অলঙ্কার ভূষিত হইয়া পূর্ব্বমুখে হল যোজন পূর্ব্বক আসন কাষ্ঠের যষ্টি লইয়া দ্বাদশাক্ষর মন্ত্রে সম্মর্দ্দন দ্বারা ভূমিকে সমান করিয়া পবিত্র বীজ বপন করিবেন ॥ ৭৩ ॥

টীকা—যোজ্য যোজয়িত্বা সমীকৃত্য তদ্ভূতলম্ ॥ ৭৩ ॥

সম্প্রাপ্তে শুভকালে তু গোভিস্তৎ খাদয়েদ্বুধঃ।
পুনস্তৎ কর্ষয়িত্বা তু সমীকৃত্য গৃহং গুরুঃ ॥ ৭৪ ॥

অনুবাদ—অভিজ্ঞব্যক্তি শুভ সময় উপস্থিত হইলে ঐ শস্যগুলিকে গোগণ দ্বারা ভোজন করাইবেন, পুনরায় ঐ ভূমি কর্ষণ করাইয়া সমান করিয়া শ্রীগুরুদেব গৃহ নির্ম্মাণ করাইবেন ॥ ৭৪ ॥

টীকা—তৎ তত্র জাতং শস্যাদি, তং প্রদেশং, তদিতি বা পাঠঃ, গৃহং প্রারভেদিতি শেষঃ ॥ ৭৪ ॥

মাৎস্যে চ—

হীনাধিকাঙ্গতাং বাস্তোঃ সর্ব্বতঃ পরিবর্জ্জয়েৎ।
নগরগ্রামদেশেষু সর্ব্বত্রৈব বিবর্জ্জয়েৎ ॥ ৭৫ ॥

অনুবাদ—মৎস্যপুরাণেও—নগরে বা গ্রাম দেশে সর্ব্বত্রই বাস্তুকে সমচতুষ্কোণ করিতে হয়, তজ্জন্য বাস্তুর হীনাঙ্গ বা অধিকাঙ্গ বর্জ্জন করিতে হয় ॥৭৫॥

টীকা—ভূমিপরিগ্রহে চ কিঞ্চিদ্বিশেষমন্যং লিখতি—হীনেতি। সর্ব্বতঃ সমন্তাৎ ভূতলং সমং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৭৫ ॥

অথ দিক্‌সাধনম্

হয়শীর্ষে—

বাহ্যবাস্তুং সমং কৃত্বা চতুরস্রং সমন্ততঃ।
ভূমিং তোয়সমাং কৃত্বা দর্পণোদরসন্নিভাম্।
দ্বাদশাঙ্গুলমানেন চাষ্টৌ বারাংস্তু ভ্রাময়েৎ ॥৭৬॥

অনুবাদ—অনন্তর দিক সাধন, হয়শীর্ষ পঞ্চরাত্রে—বাস্তুর বহির্দেশ সমতল করিয়া মধ্য ভূমিকে সমচতুষ্কোণ করতঃ জলযন্ত্র দ্বারা দর্পণের মধ্যভাগ সদৃশ সমতল করিয়া দ্বাদশাঙ্গুল পরিমিত শঙ্কু আটবার ভ্রমণ করাইবে ॥ ৭৬ ॥

মধ্যে সুনিশ্চলং শঙ্কুং স্থাপ্য ছায়াং নিরীক্ষয়েৎ।
প্রবেশে নিষ্ক্রমে তস্যাং শঙ্কুচ্ছায়াং নিরূপয়েৎ ॥৭৭॥

অনুবাদ—বাস্তুর মধ্যদেশে সুনিশ্চল শঙ্কু স্থাপন পূর্ব্বক ছায়া নিরীক্ষণ করিবে, সূর্য্যের উদয় অস্তে শঙ্কুচ্ছায়া চিহ্নিত করিবে ॥ ৭৭ ॥

টীকা—স্থাপ্য স্থাপয়িত্বা, তস্যাং ভূমৌ, ছায়ায়াঃ প্রবেশে নিষ্ক্রমে চ নির্গমে ॥ ৭৭ ॥

শঙ্কুচ্ছায়াগ্রচিহ্নাভ্যাং প্রাক্‌প্রতীচ্যৌ প্রসাধয়েৎ।
প্রাক্‌প্রতীচীং গতে সূর্য্যে উদগ্‌যাম্যৌ প্রসাধয়েৎ ॥৭৮

অনুবাদ—শঙ্কুর ছায়ার অগ্রভাগের চিহ্নদ্বারা পূর্ব্ব, পশ্চিম দিক নির্ণয় করিবে। পূর্ব্বদিক্ হইতে পশ্চিমে সূর্য্য গতিদ্বারা উত্তর, দক্ষিণ দিক নির্ণয় করিবে ॥ ৭৮ ॥

বৈষুবে বিমলে ব্যোম্নি শঙ্কুনা সাধয়েদ্দিশম্।
শরদ্বসন্তয়োরেবমাদিত্যাৎ সাধয়েদ্দিশম্ ॥ ৭৯ ॥

অনুবাদ—বিষুবকালে নির্ম্মল আকাশে শঙ্কুদ্বারা দিক্ সাধন করিবে। শরৎকালে ও বসন্তকালেই সূর্য্য হইতে দিক্ সাধন করিবে ॥ ৭৯ ॥

টীকা—ন চ শঙ্কুনা সদা দিক্‌সাধনং স্যাদিত্যাহ —বৈষুবে ইতি। শঙ্কুলক্ষণং চোক্তং শ্রীহয়শীর্ষ-দেবেন—'প্রশস্তং দারুমাদায় সারবৎ খদিরাদিকম্। চতুরস্রং তু তদ্দারু কারয়িত্বা তু শিল্পিনা॥ বৃত্তং ভূমিসমং কুর্য্যান্নির্ব্রণং সুষমং তথা। দ্বাদশাঙ্গুল-মায়ামমগ্রে চাঙ্গুলমুচ্যতে॥ মূলে ষড়ঙ্গুলঞ্চাস্য পরি-ণাহঃ স্বমানতঃ। হ্রস্বাৎ হ্রস্বতরং কার্য্যমগ্রেঽস্য যবমাত্রকম্। ভূমিচ্ছেদসমং কুর্য্যান্মূলমগ্রং সুসম্মি-তম্॥' ইতি। শরদ্বসন্তয়োরিতি—প্রায়স্তদানীং প্রাচীদিঙ্মধ্য এবাদিত্যোদয়াৎ ॥ ৭৯ ॥

প্রাচীং বা পুষ্পবেধেন চিত্রাস্বাত্যন্তরেণ বা।
উদীচীং ধ্রুববেধেন মধ্যযোগেন চোন্নয়েৎ ॥ ৮০ ॥

অনুবাদ—অথবা পুষ্পবেধ দ্বারা চিত্রা নক্ষত্র ও স্বাতী নক্ষত্রের মধ্যভাগ ধরিয়া পূর্ব্বদিক এবং ধ্রুব-বেধ দ্বারা মধ্যযোগে উত্তর দিক নির্ণয় করিবে॥৮০॥

চতুরস্রাং শিলাং গৃহ্য ইষ্টকাং বা সুশোভনাম্।
চতুর্দ্দিক্ষু নিবেশ্যাথ সূত্রচিহ্নং তু কারয়েৎ ॥ ৮১ ॥

অনুবাদ—সমচতুষ্কোণ শিলা বা সুশোভনা ইষ্টকা লইয়া চতুর্দ্দিকে স্থাপন পূর্ব্বক সূত্র চিহ্ন করাইবে ॥ ৮১ ॥

—৮৩

টীকা—মধ্যযোগেন সাধিতপ্রাচীপ্রতীচীমধ্যপ্রদেশ-দ্বারেণৈবেত্যর্থঃ। গৃহ্য গৃহীত্বা ॥ ৮০-৮১ ॥

এবং কৃত্বা সূত্রচিহ্নং ব্রাহ্মণাংস্তত্র ভোজয়েৎ।
বৈষ্ণবান্ পায়সেনাগ্র্যান্ দ্বাদশৈব সমাহিতঃ ॥৮২॥

অনুবাদ—এইরূপে সূত্রচিহ্ন করিয়া ঐ বাস্তুতে ব্রাহ্মণগণকে ভোজন করাইবে এবং শ্রেষ্ঠ দ্বাদশ বৈষ্ণবকে স্থিরচিত্তে পায়স ভোজন করাইবে ॥ ৮২ ॥

অথ শল্যোদ্ধরণম্

মাৎস্যে—
গৃহারম্ভেঽতিকণ্ডূতিঃ স্বাম্যঙ্গে যত্র জায়তে।
শল্যন্ত্বপনয়েত্তত্র প্রাসাদে ভবনে তথা।
সশল্যং ভয়দং যস্মাদশল্যং ভয়নাশনম্ ॥ ৮৩ ॥

অনুবাদ—অনন্তর শল্য উদ্ধরণ, মৎস্যপুরাণে—গৃহারম্ভে গৃহকর্ত্তার অঙ্গে অতিশয় কণ্ডুয়ন উপস্থিত হইলে সেস্থলে প্রাসাদে ও ভবনে শল্য উদ্ধার করিয়া নিক্ষেপ করিবে, যেহেতু শল্য থাকিলে ভয়প্রদ হয় সেইহেতু শল্যহীন অবস্থাই ভয়নাশন জানিবেন ॥ ৮৩ ॥

টীকা—স্বামী গৃহকর্ত্তা, তস্যাঙ্গে গাত্রে, যত্র যস্মিন্ স্থানে ॥ ৮৩ ॥

হয়শীর্ষে—
আদিশেদাত্মনঃ শল্যং গৃহিণোঽঙ্গবিকারতঃ।
শকুনো দৃশ্যতে বাপি যস্য বা শ্রূয়তে ধ্বনিঃ।
কীর্ত্ত্যতে যস্য বৈ নাম শল্যং তস্য বিনির্দ্দিশেৎ॥৮৪

অনুবাদ—হয়শীর্ষ পঞ্চরাত্রে—গৃহকর্ত্তার কণ্ডুতি আদি অঙ্গবিকার হইতে বাস্তুতে শল্য আছে জানা যায় অথবা শকুন দৃষ্ট হয়, অথবা তার ধ্বনি শ্রুত হয়, যাহার নাম বলে তাহার অস্থিরূপ শল্য বাস্তুতে আছে ইহা বিশেষ ভাবে নির্দ্দেশ করিবে ॥ ৮৪ ॥

টীকা—অঙ্গবিকারঃ কণ্ডুয়নাদিঃ, তস্মাৎ। কীদৃশং তচ্ছল্যম্? ইত্যত্রাহ—শকুন ইতি। তস্য শকুনস্যাস্থ্যাদিরূপং শল্যম্ ॥ ৮৪ ॥

অথ বাস্তুমণ্ডলম্

মাৎস্যে—

পঞ্চগব্যৌষধিজলৈঃ পরীক্ষিত্বাবসেচয়েৎ।
একাশীতিপদং কুর্য্যাদ্রেখাভিঃ কনকেন তু ॥ ৮৫॥

অনুবাদ—অনন্তর বাস্তুমণ্ডল, মৎস্যপুরাণে—বাস্তু পরীক্ষার পর পঞ্চগব্য ও সর্বৌষধি জলদ্বারা বাস্তুকে সেচন করিয়া স্বর্ণদণ্ড দ্বারা রেখা টানিয়া একাশী পদ বাস্তু অঙ্কন—করিবে ॥ ৮৫ ॥

টীকা—পরীক্ষিত্বা 'পূর্ব্বং ভূমিং পরীক্ষেত' ইত্যাদিনোক্তপ্রকারং ভূমিপরীক্ষণং কৃত্বা। ততঃ পঞ্চগব্যোরোষধিজলৈশ্চ ভূমিমবসেচয়েৎ প্রোক্ষেত। অত্র চায়ংগ্রন্থানুসারেণ শিষ্টসম্মতো বিশেষো জ্ঞেয়ঃ। প্রথমং যজমানো মাতৃকার্চ্চনপূর্ব্বকং বৃদ্ধিশ্রাদ্ধমাভ্যুদয়িকং বিধায় প্রাঙ্মুখমাসীন্ উদঙ্মুখাংস্ত্রীন্ ব্রাহ্মণানুপবেশ্য চন্দনপুষ্পাক্ষততাম্বুলবাসোহিরণ্যৈরভ্যর্চ্চ্য। 'ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু'তি প্রথমং ব্রাহ্মণবাচনম্। 'ওঁ ঋধ্যতাম্' ইতি বাচনং ত্রিঃ কুর্য্যাৎ। ততো ভগবৎপ্রীতয়েঽহমুকবাস্তুকর্ম্মাহং করিষ্যে, তত্র ত্বমাচার্য্যো ভব' ইতি আচার্য্যং বৃণুয়াৎ। 'ভবামিত্যাচার্য্যেণাভিহিতে তচ্ছাখোক্তবিধিনা তমর্চ্চয়েৎ। তত আচার্য্যো গায়ত্র্যা গোমূত্রং, 'গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং ত্বামিহোপহ্বয়ে শ্রিয়ম্' ইতি মন্ত্রেণ গোময়ম্। 'ওঁ আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ' ইত্যাদি মন্ত্রেণ দুগ্ধম্। 'দধিক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনা সুরভিনো মুখাকরৎ প্রাণ আয়ুংসি তারিষৎ ॥' ইত্যাদিমন্ত্রেণ দধি। 'তেজোঽসি, শুক্রমস্যমৃতমসি' ধাম নামাসি, প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি ইতি মন্ত্রেণ ঘৃতম্। 'ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং, পূষ্ণো হস্তাভ্যাং, সরস্বত্যৈ বাচো যন্তুর্যন্ত্রেণাগ্নেঃ সাম্রাজ্যেনাভিষিঞ্চামি' ইতি মন্ত্রেণোদকম্। এবং পৃথক্ পৃথক্ অভিমন্ত্র্য সর্ব্বমেকীকৃত্য তেন পঞ্চগব্যেনোদকেন চ তাং ভূমিং প্রোক্ষেতেতি। তন্মধ্যে চ কনকেনেতি স্বর্ণশলাকয়েতি জ্ঞেয়ম্। তদভাবে রজতফল-পুষ্প-ধান্যানামন্যতমেনাপি রেখাঃ কৃত্বা তাভিরেকাশীতিপদং নাম বাস্তুমণ্ডলং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৮৫ ॥

পশ্চাল্লেপেন চালিপ্য সূত্রেণালোড্য সর্ব্বতঃ।
দশ পূর্ব্বায়তা রেখা দশ চৈবোত্তরায়তাঃ।
সর্ব্ববাস্তুবিভাগেষু বিজ্ঞেয়া নবকা নব ॥ ৮৬ ॥

অনুবাদ—পরে গোময়াদি দ্বারা ভূমিলেপন করিয়া সর্ব্বত্র সূত্রদ্বারা আলোড়ন পূর্ব্বক পশ্চিম হইতে পূর্ব্ব পর্য্যন্ত দশ রেখা এবং দক্ষিণ হইতে উত্তর পর্য্যন্ত দশ রেখা সমচতুষ্কোণ মধ্যে টানিয়া নবগুণিত নব=৮১ একাশীতি পদ সর্ব্ববাস্তু বিভাগে এই রীতি জানিবে ॥ ৮৬ ॥

টীকা—তৎপ্রকারমেবাভিব্যঞ্জয়তি—পশ্চাদিতি দ্বাভ্যাম্। নবকা নবেতি একাশীতিরিত্যর্থঃ। অত্র চায়ং বিশেষঃ—'শান্তা যশোবতী কান্তা বিশালা প্রাণবাহিনী। সতী সুমনা নন্দা সুভদ্রা সুরথা' ইতিসংজ্ঞিকা দশ প্রাক্পশ্চিমায়তা দক্ষিণোপক্রমা উদগপবর্গা রেখাঃ কৃত্বা তদুপরি হিরণ্যা সুব্রতা লক্ষ্মীবিভূতিবিমলা প্রিয়া জয়া কলা বিশোকা চ ঈড়েতিসংজ্ঞিকা দশ দক্ষিণোত্তরায়তাঃ পশ্চিমোপক্রমাঃ পূর্ব্বাপবর্গা রেখাঃ কুর্য্যাৎ। ততঃ শুক্লরঙ্গসূত্রডোরেণ তাঃ সম্যঙ্ নির্ম্মায় নবভির্নবকৈরেকাশীতিপদানীতি মণ্ডলং কুর্য্যাদিতি ॥ ৮৬ ॥

একাশীতিপদং কৃত্বা বাস্তুবিৎ সর্ব্ববাস্তুষু।
পদস্থান্ পূজয়েৎ দেবান্ ত্রিংশৎ পঞ্চদশৈব চ ॥৮৭॥
দ্বাত্রিংশদ্বাহ্যতঃ পূজ্যাঃ পূজ্যাশ্চান্তস্ত্রয়োদশ।
নামতস্তান্ প্রবক্ষ্যামি স্থানানি চ নিবোধ মে ॥৮৮॥

অনুবাদ—বাস্তুবিৎ ব্যক্তি সর্ব্ববিধ বাস্তুতে একাশীতি পদ করিয়া পদস্থ দেবগণকে পূজন করিবেন। ত্রিংশৎ ও পঞ্চদশ বাহিরে বত্রিশ দেব পূজনীয়, মধ্যে ত্রয়োদশ পূজনীয়। নাম উল্লেখ পূর্ব্বক দেবগণকে ও তাহাদের স্থান বলিব আমার নিকট অবধারণ কর ॥ ৮৭-৮৮ ॥

টীকা—ত্রিংশৎ পঞ্চদশ চেতি পঞ্চচত্বারিংশতমিত্যর্থঃ ॥ ৮৭ ॥

টীকা—তত্রৈব বিশেষমাহ—দ্বাত্রিংশদিতি। বাহ্যতঃ মণ্ডলস্য চতুর্দিক্ষু বাহ্যপংক্তিদ্বয়ে, অন্তশ্চ তদভ্যন্তরে ॥ ৮৮ ॥

ঈশকোণাদিষু সুরান্ পূজয়েচ্চ বিধানতঃ।
শিখী চৈবাথ পর্জ্জন্যো জয়ন্তঃ কুলিশায়ুধঃ ॥৮৯॥
সূর্য্যঃ সত্যো ভৃশশ্চৈব আকাশো বায়ুরেব চ।
পূষা চ বিতথশ্চৈব গৃহক্ষতযমাবুভৌ ॥ ৯০ ॥
গন্ধর্ব্বো ভৃঙ্গরাজশ্চ মৃগঃ পিতৃগণস্তথা।
দৌবারিকোঽথ সুগ্রীবঃ পুষ্পদন্তো জলাধিপঃ ॥৯১॥
অসুরঃ শোষপাপৌ চ রোগোঽহির্ম্মুখ্য এব চ।
ভল্লাটঃ সোমসর্পৌ চ অদিতিশ্চ দিতিস্তথা।
বহির্দ্বাত্রিংশদেতে তু তদন্তশ্চ সুরান্ শৃণু ॥ ৯২ ॥

অনুবাদ—বিধান অনুসারে ঈশান কোণ হইতে দেবগণকে পূজন করিবে—শিখী, পর্জ্জন্য, জয়ন্ত, ইন্দ্র, সূর্য্য, সত্য, ভৃশ, আকাশ, বায়ু, পূষা, বিতথ গৃহক্ষত, যম, গন্ধর্ব্ব, ভৃঙ্গরাজ, মৃগ, পিতৃগণ, দৌবারিক, সুগ্রীব, পুষ্পদন্ত, জলাধিপ (বরুণ)। অসুর, শোষ, পাপ, রোগ, অহি, মুখ্য, ভল্লাট, সোম, সর্প, অদিতি ও দিতি—ইহারা বাহিরে বত্রিশ, মধ্যস্থিত ত্রয়োদশ দেবের নাম শ্রবণ কর ॥ ৮৯-৯২ ॥

টীকা—ঈশকোণাদিষু পঞ্চ, ঈশানকোনমারভ্য বক্ষ্যমাণবিধিনা শিখ্যাদিপঞ্চচত্বারিংদ্দেবান্ পূজয়েৎ। তানেব যথাস্থানং বিভজ্য দর্শয়ন্ আদৌ ক্রমেণ দ্বাত্রিংশদ্দেবানাহ শিখীতি সার্দ্ধত্রয়েণ ॥ ৮৯ ॥

টীকা—এতে শিখিপ্রভৃতয়ো দ্বাত্রিংশদ্দেবা বহির্মণ্ডলবাহ্যপংক্তিদ্বয়স্য দ্বিপঞ্চাশৎপদেষু পূজ্যা ইত্যর্থঃ। তত্র চ বক্ষ্যমাণবচনাদেকপদা দ্বাদশা, দ্বিপদাশ্চ বিংশতির্জ্ঞেয়াঃ। এতচ্চাগ্রে ব্যক্তং ভাবি ॥ ৯২ ॥

ঈশানাদিচতুষ্কোণসংস্থিতান্ পূজয়েদ্বুধঃ।
আপশ্চৈবাথ সাবিত্রো জয়ো রুদ্রস্তথৈব চ ॥ ৯৩ ॥

অনুবাদ—ঈশানাদি চতুষ্কোণ স্থিত দেবগণকে অভিজ্ঞ ব্যক্তি পূজন করিবেন—আপ, সাবিত্র, জয়, রুদ্র ॥ ৯৩ ॥

টীকা—ঈশানাদিচতুষ্কোণসংস্থিতানিতি বহিষ্কোণচতুষ্টয়স্যাধশ্চাৎ যদ্দ্বিতীয় পঙ্ক্তেঃ কোণচতুষ্টয়ং তত্র ঈশানাদিক্রমেণ স্থিতান্ আপাদীন্ চতুরো দেবান্ পূজয়েদিত্যর্থঃ ॥ ৯৩ ॥

মধ্যে নবপদো ব্রহ্মা তস্যাষ্টৌ চ সমীপগাঃ।
সর্ব্বানেকোত্তরান্ বিদ্যাৎ পূর্ব্বাদীন্ নামতঃ শৃণু ॥৯৪

অনুবাদ—মধ্যে নবমপদে ব্রহ্মা, তাহার সমীপে অষ্টদেব, একের পর এক, পূর্ব্বদিক হইতে নাম শ্রবণ কর ॥ ৯৪ ॥

টীকা—নবানি পদানি যস্য স নবপদস্থিতো ব্রহ্মা পূজ্য ইত্যর্থঃ। তস্য ব্রহ্মণঃ সমীপগাঃ পার্শ্বাষ্টদিক্ষু চাষ্টৌ পূজ্যা ইত্যর্থঃ। আদৌ সামান্যতস্তেষাং সংস্থাপনমাহ—একো ব্রহ্মা উত্তরঃ মধ্যবর্ত্তী যেষাং তথাভূতান্ সর্ব্বান্ অষ্টাবপি জানীয়াৎ। পাঠান্তরে একঃ সর্ব্ব এব অন্তরা মধ্যে আবিষ্টঃ প্রবিষ্টো যেষামিতি তথৈবার্থঃ। পূর্ব্বাদীনিতি—পূর্ব্বাদিক্রমেণ স্থিতানিত্যর্থঃ ॥ ৯৪ ॥

অর্য্যমা সবিতা চৈব বিবস্বান্ বিবুধাধিপঃ।
মিত্রোঽথ রাজযক্ষা চ তথা পৃথ্বীধরঃ ক্রমাৎ।
অষ্টমশ্চাপবৎসশ্চ পরিতো ব্রহ্মণঃ স্মৃতাঃ ॥৯৫॥

অনুবাদ—অর্য্যমা, সবিতা, বিবস্বান্, বিবুধাধিপ, মিত্র, রাজযক্ষা, পৃথ্বীধর ও আপবৎস—ইহারা ব্রহ্মার চতুর্দ্দিকে জানিবে ॥ ৯৫ ॥

আপশ্চৈবাপবৎসশ্চ পর্জ্জন্যোঽগ্নির্দিতিস্তথা।
পদিকানাং চ বর্গোঽয়মেবং কোণেষ্বশেষতঃ ॥৯৬

অনুবাদ—আপ ও আপবৎস, পর্জ্জন্য, অগ্নি,—ইহারা একপদী বর্গ, এইরূপ কোণ সমূহেও সর্ব্বত্র ॥ ৯৬ ॥

টীকা—তানেবাহ—আপশ্চেতি সার্দ্ধদ্বয়েন। আপদয়ঃ পঞ্চ ॥ ৯৬ ॥

তন্মধ্যে তু বহির্বিংশদ্বিপদাস্তে তু সর্ব্বতঃ ॥ ৯৭ ॥

অনুবাদ—তাহার মধ্যে বাহিরে বিশজন দ্বিপদাস্তে সর্ব্বত্রই ॥ ৯৭ ॥

অর্য্যমা চ বিবস্বাংশ্চ মিত্রঃ পৃথ্বীধরস্তথা।
ব্রহ্মণঃ পরিতো দিক্ষু ত্রিপদাস্তে তু সর্ব্বতঃ ॥৯৮॥

অনুবাদ—অর্য্যমা, বিবস্বান্, মিত্র, পৃথ্বীধর—ইহারা ব্রহ্মার চতুর্দ্দিকে ত্রিপদান্তে সকলে ॥ ৯৮ ॥

টীকা—পদিকানাং পদানাং পদবতাং বা মধ্যে। এক এবায়ং জ্ঞেয়ঃ। পার্শ্ববর্ত্তিত্বেন পরস্পরমেকত্র মিলিতত্বাদেকপদত্বাচ্চেতি দিক্। এবমনেনোক্ত-প্রকারেণ কোণেষু অন্যস্মিন্ কোনত্রয়েঽপি পূর্ব্ববদ-ন্যোঽন্যমিলিতৈরেব পদৈঃ পঞ্চপঞ্চভিরেকৈকো বর্গো জ্ঞেয় ইত্যর্থঃ। তত্র চ মণ্ডলস্যেশানকোণে শিখী, তস্য বামে দিতিঃ, দক্ষিণে পর্জ্জন্যঃ অধশ্চাপঃ, তদ-শ্চাপবৎস ইতি পঞ্চভিরেকো বর্গঃ। আগ্নেয়ে চ বায়ুঃ, তস্য বামে আকাশঃ, দক্ষিণে পূষা অধঃ সাবিত্র্যঃ, তদধশ্চ সবিতেতি পঞ্চভিরন্যঃ। নৈর্ঋতে পিতৃগণঃ, তস্য বামে মৃগঃ, দক্ষিণে দৌবারিকঃ, অধো জয়ঃ, তদধস্তাচ্চ বিবুধাধিপ ইতি পঞ্চভির-পরঃ। বায়ব্যে চ রোগঃ, তস্য বামে পাপঃ, দক্ষিণে অহিঃ, অধো রুদ্রস্তদধস্তাচ্চ রাজযক্ষ্মেতি পঞ্চভিঃ পরঃ। অশেষত ইত্যনেন চান্যত্রাপি সর্ব্বত্র বক্ষ্যমাণ-প্রকারেণ বর্গ উহ্যঃ। তথা হি—মণ্ডলস্য পূর্ব্বস্মিন্ ভাগে জয়ন্তাদিভির্দ্বিপদৈঃ পঞ্চভিরেকঃ, দক্ষিণে তথৈব বিতথাদিভিরেকঃ, পশ্চিমে তথৈব সুগ্রীবাদিভিরেকং, উত্তরে চ তথৈব মুখ্যাদিভিরেকঃ, মধ্যেঽপি ব্রহ্মণা তচ্চতুর্দ্দিক্স্থিতৈশ্চার্য্যমাদিভিশ্চতুর্ভিরেবং পঞ্চভিরে-কৈক ইত্যেবং নব বর্গাঃ, তৈশ্চ পঞ্চচত্বারিংশদ্দেবতা ভবন্তীতি। ইত্থমেবাগ্রে বক্ষ্যমাণবাস্তুপুরুষ্য মস্তকা-দ্যঙ্গেষু ক্রমেণ শিখাদিদেবতা পূজাবিধিরপি সঙ্গচ্ছত ইতি দিক্। তেষাং কোণস্থিতানাং মধ্যে বহিশ্চাপ-বৎসাদ্যধিষ্ঠিতপদপংক্তিতো বাহ্যপংক্তিদ্বয়ে একস্যাং দিশি দ্বিপদাঃ পঞ্চৈত্যেব সর্ব্বতঃ চতুর্দিক্ষু বিংশতি-দ্বিপদা জ্ঞেয়া ইত্যর্থঃ। তত্র চ পূর্ব্বস্যাং দিশি পর্জ্জন্যদক্ষিণতো বহিরেকপদে তদধশ্চান্তরেকপদে, এবং পদদ্বয়ে ক্রমেণ জয়ন্তাদয়ঃ পঞ্চ, দক্ষিণস্যাং তথৈব বিতথাদয়ঃ পঞ্চ, পশ্চিমায়াং তথৈব সুগ্রীবা-দয়ঃ পঞ্চ, উত্তরস্যাং তথৈব মুখ্যাদয়ঃ পঞ্চৈত্যেবং জ্ঞেয়ম্। চত্বারশ্চাত্র পদা ইত্যাহ—অর্য্যমেতি। এবং সর্ব্বে একপদা বিংশতিঃ, দ্বিপদাশ্চ বিংশতিঃ, ত্রি-পদাশ্চত্বারঃ, নবপদশ্চৈকো ব্রহ্মা, তত্র চ বহিরেকপদা দ্বাদশ, দ্বিপদাশ্চ বিংশতিরেব, বহিষ্কোণচতুষ্টয়াদধঃ-কোণচতুষ্টয়ে চত্বার একপদাঃ, ব্রহ্মণঃ পূর্ব্বাদিদিক্ষু ত্রিপদাশ্চত্বারঃ। তস্যৈব চতুষ্কোণেষু চত্বারশ্চৈকপদা এবেত্যেবমেকাশীতিপদেষু পঞ্চচত্বারিংশদ্দেবতাঃ পূজ্যা ইতি বারাহ্যাদি-সম্মত্যা শিষ্টাচারতো জ্ঞেয়ম্ ॥ ৯৭-৯৮ ॥

বংশানিদানীং বক্ষ্যামি রজ্জূরপি পৃথক্ পৃথক্।
বায়ুং যাবৎ তথা রোগাৎ পিতৃভ্যঃ শিখিনং তথা ॥৯৯

অনুবাদ—এক্ষণে বংশ সমূহ ও রজ্জু পৃথক্ বলিব, রোগপদ হইতে বায়ুপদ পর্য্যন্ত একটি বংশ। সেইরূপ পিতৃপদ হইতে শিখীপদ পর্য্যন্ত একটি বংশ ॥ ৯৯ ॥

টীকা—প্রসঙ্গাদ্বাস্তুমণ্ডলে বংশানাহ—বংশানীতি দ্বাভ্যাম্। ঋজুনিতি পাঠে বংশানাং বিশেষণম্। রোগপদাদ্বায়ুপদং যাবদেকো বংশ। এবমন্যোঽপ্যগ্রে জ্ঞেয়াঃ ॥ ৯৯ ॥

মুখ্যাদ্ভৃশং তথা শোষাদ্বিতথং যাবদেব তু।
সুগ্রীবাদদিতিং যাবদ্ভৃঙ্গাৎ পর্জ্জন্যমেব চ ॥ ১০০ ॥

অনুবাদ—মুখ্য হইতে ভৃশ পর্য্যন্ত, সেইরূপ শোষ হইতে বিতথ পর্য্যন্ত, সুগ্রীব হইতে অদিতি পর্য্যন্ত, ভৃঙ্গ হইতে পর্জ্জন্য পর্য্যন্ত ॥ ১০০ ॥

এতে বংশাঃ সমাখ্যাতাঃ ক্বচিদৃজব এব তু ॥ ১০১ ॥

অনুবাদ—ইহারা ছয় বংশ নামে বিখ্যাত, কোথাও সরল (ঋজু) ও বলা হয় ॥ ১০১ ॥

টীকা—এতে—ষড়্‌বংশাঃ ॥ ১০১ ॥

এতেষাং যস্তু সম্পাতঃ পদমধ্যং সমং তথা।
মর্ম্ম চৈতৎ সমাখ্যাতং ত্রিশূলং কোণগঞ্চ যৎ ॥ ১০২
স্তম্ভন্যাসেষু বর্জ্জ্যানি তুলা বেধেষু সর্ব্বদা।
কীলোৎসৃষ্টোপঘাতাদি বর্জ্জয়েদ্যত্নতো নরঃ।
সর্ব্বত্র বাস্তুনির্দ্দিষ্টঃ পিতৃবংশোত্তরায়তঃ ॥ ১০৩ ॥

অনুবাদ—ইহাদের মধ্যে যে সম্পাত অর্থাৎ দুই এর একত্র সংযোগ তাহা পদমধ্য ও সম, মর্ম্ম—

ত্রিশূলবৎ কোনগত, স্তম্ভন্যাসে এই সকল পরিত্যাজ্য এবং বেধে তুলাও পরিত্যাজ্য কীলোৎসৃষ্ট উপঘাতাদি যত্নসহ পরিত্যাগ করা মানবের কর্ত্তব্য। শিখীপদ হইতে আরম্ভ করিয়া বংশের শেষ পর্য্যন্ত আয়ত বাস্তু পুরুষ নির্দ্দিষ্ট ॥ ১০২-১০৩ ॥

টীকা—বংশকথনপ্রয়োজনমাহ — এবেষামিতি দ্বাভ্যাম্। তত্র সম্পাতঃ—দ্বাভ্যামেকত্র সংশ্লেষঃ ॥ ১০২ ॥

টীকা—বাস্তুপুরুষস্যাঙ্গেষু তত্তদ্দেবতাপূজাং বিভজ্য বক্ষ্যন্ আদৌ তস্য দেহেয়ত্তামাহ—সর্ব্বত্রেত্যর্দ্ধেন। শিখিনমারভ্য শিখিনং যাবদ্‌যো বংশস্তস্যোত্তরমন্তং যাবদয়তো বাস্তুপুরুষ ইত্যর্থঃ ॥ ১০৩ ॥

মূর্দ্ধন্যগ্নিং সমাবিষ্টো মুখে চাপঃ সমাস্থিতঃ।
পৃথ্বীধরোঽর্য্যমা চৈব স্তনয়োস্তাবধিষ্ঠিতৌ ॥ ১০৪ ॥
বক্ষঃস্থলে চাপবৎসঃ পূজনীয়ঃ সদা বুধৈঃ।
নেত্রয়োর্দিতিপর্জন্যৌ শ্রোত্রেঽদিতি-জয়ন্তকৌ ॥১০৫॥

অনুবাদ—অধো মুখে পতিত বাস্তু পুরুষের মস্তকে অধিষ্ঠিত অগ্নি পূজনীয়, মুখে আপ, স্তনদ্বয়ে পৃথ্বীধর, ও অর্য্যমা, বক্ষস্থলে আপবৎস সর্ব্বদা পূজনীয়, নেত্রদ্বয়ে দিতি ও পর্জ্জন্য, কর্ণদ্বয়ে অদিতি ও জয়ন্ত ॥ ১০৪-১০৫ ॥

টীকা—অধোমুখপতিতস্য বাস্তুপুরুষস্য মূর্দ্ধনি সমাবিষ্টঃ অধিষ্ঠিতোঽগ্নিঃ পূজনীয় ইত্যর্থঃ। এবমগ্রেঽপি জ্ঞেয়ম্ ॥ ১০৪ ॥

টীকা—শ্রোত্রে শ্রোত্রয়োঃ, অদিতি-জয়ন্তৌ ॥১০৫॥

সর্পেন্দ্রাবংশসংস্থৌ তু পূজনীয়ৌ প্রযত্নতঃ।
সূর্য্যসোমাদয়স্তদ্বদ্বাহ্বোঃ পঞ্চ চ পঞ্চ চ ॥ ১০৬ ॥

অনুবাদ—সর্প অদিতির উত্তরে দ্বিপদ, ইন্দ্র জয়ন্তের দক্ষিণে দ্বিপদ, এই দুইজন স্কন্ধস্থিত পূজনীয়, সূর্য্যাদি পঞ্চ দক্ষিণ বাহুতে, সোমাদি পঞ্চদেব বাম বাহুতে পূজ্য ॥ ১০৬ ॥

টীকা—সর্পঃ—অদিতেরুত্তরতো নিরন্তরস্থিতো দ্বিপদঃ, ইন্দ্রশ্চ কুলিশাধিপো জয়ন্তস্য দক্ষিণতো নিরন্তরস্থিতো দ্বিপদঃ, তৌ স্কন্ধস্থিতৌ পূজ্যৌ, সূর্য্যাদয়ঃ পঞ্চ দক্ষিণে বাহৌ, আদি-শব্দেন সূর্য্যস্য দক্ষিণে নিকটবর্ত্তিনঃ সত্যভৃশাকাশবায়বশ্চত্বারঃ, তথা সোমাদয়শ্চ পঞ্চ বামবাহৌ পূজ্যা ইত্যর্থঃ। অত্রাদিশব্দেন সোমস্যোত্তরে নিকটবর্ত্তিনো ভল্লাটমুখ্যা হি রোগাশ্চত্বার ॥ ১০৬ ॥

রুদ্রশ্চ রাজযক্ষ্মা চ বামহস্তং সমাশ্রিতৌ।
সাবিত্রঃ সবিতা তদ্বদ্ধস্তং দক্ষিণমাশ্রিতৌ ॥ ১০৭ ॥

অনুবাদ—রুদ্র ও রাজযক্ষ্মা বামহস্তে, সাবিত্র ও সবিতা দক্ষিণ হস্তে ॥ ১০৭ ॥

বিবস্বানথ মিত্রশ্চ জঠরে সংব্যবস্থিতৌ।
পূষা চ পাপযক্ষ্মা চ হস্তয়োর্মণিবন্ধনে ॥ ১০৮ ॥

অনুবাদ—বিবস্বান্ ও মিত্র জঠরে অবস্থিত, দক্ষিণ মণিবন্ধে পূষা ও পাপযক্ষ্মা বামে ॥ ১০৮ ॥

টীকা—হস্তয়োরিতি দ্বিত্বেন মণিবন্ধস্যাপি দ্বিত্বং জ্ঞেয়ম্। মণিবন্ধয়োরিতি বা পাঠঃ। তত্র দক্ষিণে মণিবন্ধে পূষা, বামে চ পাপযক্ষ্মা পাপ এব ; অতএব বলিদানেঽপ্যগ্রেবক্তব্যং, গোধা বৈ পাপযক্ষ্মণঃ ইতি। রাজযক্ষ্মেতি পাঠশ্চিন্ত্যঃ। রুদ্রস্যাধঃকোণস্থিতস্য রাজযক্ষ্মণো রুদ্রেণ সহ বামহস্তে চ পূর্ব্বং স্থিত্যুক্তেঃ ॥ ১০৮ ॥

তথৈবাসুরশোষৌ চ বামং পার্শ্বং সমাশ্রিতৌ।
পার্শ্বে তু দক্ষিণে তদ্বদ্বিতথঃ সগৃহক্ষতঃ ॥ ১০৯ ॥

অনুবাদ—সেইরূপ বামপার্শ্বে অসুর ও শোষ, দক্ষিণ পার্শ্বে বিতথ ও গৃহক্ষত ॥ ১০৯ ॥

ঊর্ব্বোর্যমমাম্বুপৌ জ্ঞেয়ৌ জান্বোর্গন্ধর্ব্বপুষ্পকৌ।
জঙ্ঘয়োর্ভৃঙ্গসুগ্রীবৌ স্ফিকস্থৌ দৌবারিকো
মৃগঃ ॥ ১১০ ॥

অনুবাদ—ঊরুদ্বয়ে যম ও বরুণ, জানুদ্বয়ে গন্ধর্ব্ব ও পুষ্পক, জঙ্ঘাদ্বয়ে ভৃঙ্গরাজ ও সুগ্রীব, কটীদ্বয়ে দৌবারিক ও মৃগ ॥ ১১০ ॥

টীকা—অম্বুপো বরুণঃ, পুষ্পকঃ পুষ্পদন্তঃ, ভৃঙ্গো ভৃঙ্গরাজঃ, স্ফিক্ কটী ॥ ১১০ ॥

জয়ঃ শক্রস্তথা মেঢ্রে পাদয়োঃ পিতরস্তথা ।
মধ্যে নবপদো ব্রহ্মা হৃদয়ে তু স পূজ্যতে ॥ ১১১ ॥

অনুবাদ—জয় ও ইন্দ্র মেঢ্রে, পাদদ্বয়ে পিতৃগণ, মধ্যে হৃদয়ে নবপদ ব্রহ্মা পূজিত হন, বাস্তু পুরুষের সর্ব্বাঙ্গে ৪৫ দেব ॥ ১১ ॥

টীকা—শক্রো বিবুধাধিপঃ জয়ন্তস্যাধঃকোণবর্ত্তী। মেঢ্রে মেঢ্রয়োঃ, এবং মূর্দ্ধমুখবক্ষঃসু ত্রিষ্বঙ্গেষু প্রত্যেকমেক ইতি ত্রয়ঃ। স্তনাদিদশযুগলেষু চ প্রতি-যুগলং দ্বাবিতি বিংশতিঃ। বাহ্বোঃ পঞ্চ চ পঞ্চ চেত্যুক্তেস্তয়োর্দশ। হস্তয়োঃ পার্শ্বয়োশ্চ প্রত্যেকং দ্বয়োক্তেরষ্টৌ জঠরে চৈকস্মিন্ দ্বৌ, পাদয়োঃ পিত-রস্তথেত্যুক্তেস্তয়ো পিতৃগণ এক এব। হৃদয়ে চ মর্ম্মণি ব্রহ্মৈক এবেতি সর্ব্বেষ্বঙ্গেষু পঞ্চচত্বারিংশ-দ্দেববিভাগো জ্ঞেয়ঃ ॥ ১১১ ॥

চতুঃষষ্টিপদো বাস্তুঃ প্রাসাদে ব্রহ্মণঃ স্মৃতঃ ।
ব্রহ্মা চতুষ্পদস্তদ্বৎ কোণেষ্বেকপদাস্তথা ॥ ১১২ ॥

অনুবাদ—কেবলমাত্র ব্রহ্মার প্রাসাদে চতুঃষষ্টি-পদ বাস্তু, অন্যত্র একাশীতি পদ, এস্থলে ব্রহ্মা চতুষ্পদ সেইরূপ কোণ সমূহে একপদ ॥ ১১২ ॥

টীকা—চতুঃষষ্টিপদমণ্ডলমাহ—চতুরিতি দ্বা-ভ্যাম্। ব্রহ্মণঃ প্রাসাদে, নান্যস্য। শ্রীহয়শীর্ষমতে চ সর্ব্বত্রৈবেত্যগ্রে ব্যক্তং ভাবি। তদ্বৎ একাশীতি-পদবন্মধ্যে ব্রহ্মা, স চাত্র চতুষ্পদ ইত্যর্থঃ। ততো ব্রহ্মণং কোণেষু যেষু চতুর্ষু পূর্ব্বমেকপদাঃ স্থিতাঃ, তেষু চাত্র কোণেষু রেখাং দত্ত্বাষ্টাবর্দ্ধপদাঃ স্থিতাঃ কার্য্যা ইত্যর্থঃ ॥ ১১২ ॥

বহিষ্কোণেষু চাষ্টৌ তু সার্দ্ধাশ্চোভয়তঃ স্মৃতাঃ
বিংশতির্দ্বিপদাস্তেষাং চতুঃষষ্টিপদে স্মৃতাঃ ॥১১৩॥

অনুবাদ—বাহিরের কোণ সমূহে অষ্ট, উভয় পার্শ্বে সার্দ্ধ পদ হইবে। তাহাদের মধ্যে চতুঃষষ্টি-পদে বিংশতিটি দ্বিপদ ॥ ১১৩ ॥

